বাংলা বানান বিচিন্তা

অধ্যাপক পি. আচার্য

বাংলা
বানান বিচিন্তা

[বাংলা বানানের গবেষণামূলক
ও বিশ্লেষণাত্মক অভিধান]

দ্বিতীয় খণ্ড

অধ্যাপক পি. আচার্য

পরিবর্ধিত ও পরিমার্জিত নতুন সংস্করণ

বিকাশ গ্রন্থ ভবন
৭৯/১বি, মহাত্মা গান্ধী রোড
কলকাতা-৭০০ ০০৯

Bangla Banan Bichinta
by
Prof. P. Acharya

137 503

প্রথম প্রকাশ : বইমেলা, জানুয়ারী ১৯৪৪

প্রকাশ করেছেন :
ব্রতী আচার্য
৭৯/১বি, মহাত্মা গান্ধী রোড
কলকাতা - ৭০০ ০০৯

বর্ণযোজনা :
রেজ ডট কম
৪৪/১এ বেনিয়াটোলা লেন
কলকাতা - ৭০০ ০০৯

ছেপেছেন :
স্বপন কুমার দে
দে'জ অফসেট
১৩, বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট
কলকাতা - ৭০০ ০৭৩

প্রচ্ছদ :
সুনীল শীল

ভূমিকা

কোন বাধাই আজ বাধা নয়, কোন কাঁটাও আজ নয় বক্রমুখী। যাত্রা-শুরুর মুহূর্তে মনে হয়েছিল, আমি যেন দায়বদ্ধ—নীরেনদা [নীরেন্দ্রনাথ চক্রবর্তী], রমাপদদা [রমাপদ চৌধুরী], বিমলদা [বিমল কর], সুনীল [সুনীল গঙ্গোপাধ্যায়]—যাবৎ সারস্বত সমাজের কাছে আমি যেন অলিখিতভাবে দায়বদ্ধ। আজ আমি মুক্ত সারস্বত-সমাজ, পাঠক-সমাজ—সমগ্র বাঙালী-সমাজের কাছে আমি দায়মুক্ত।

ভেবেছিলাম, কাজটা কঠিন হলেও তেমন কঠিন হবে না, এই ভাঙা খেয়ানৌকায়ও পাড়ি দিয়ে পার হওয়া যাবে ঈশ্বরী পাটনীর গাঙ্গিনীর ধারাস্রোতটুকু। কিন্তু 'বাংলা বানান বিচিন্তা'র 'প্রথম খণ্ড' প্রকাশের পর দেখা গেল, এ তো গাঙ্গিনী নয়, বঙ্গোপসাগর—ভারত মহাসাগর: দিনের পর দিন, মাসের পর মাস, এমন-কি, বছরের পর বছর মাথার ওপর দিয়ে ভেসে চলে গেছে, কূলের দেখা পাই নি। মনে হয়েছে, ওপারের 'সবুজ ঘাসের দেশ' দেখে যেতে হয়তো পারবো না।

কাজটা কঠিন নয়, বিশালতার কারণে দুর্বহ, অত্যন্ত কষ্টকর, শ্রম-ধৈর্য-ও-সময়-সাপেক্ষ—বিশেষত যখন চোখের আলো কমে আসছে, যখন শরীরের জঙ্গমতায় ধরেছে টোবাটান অন্তপারের দিকে, এবং হাতের কাছে শব্দের পর শব্দের পাহাড় জমে উঠছে নগাধিরাজ হিমালয়ের মাথা ছাড়িয়ে। শুধু ব্যাপ্তি বিশালতায় নয়, গভীরতার দুরবগাহতায় কাজটা, কেবল মনে হয়েছে, অত্যন্ত কষ্টসাধ্য...

তবু হারি নি। শরীর এবং পার্শ্বপরিবেশের অসহযোগিতা সত্ত্বেও আমি হারি নি। কোন বাধাই আজ বাধা নয়, পথের কোন কাঁটাও নয় বক্রমুখী। 'দ্বিতীয় খণ্ড' প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গে 'বাংলা বানান বিচিন্তা' তার পরিকল্পিত সম্পূর্ণতা পেল। বাংলা বানানের 'মাৎস্যন্যায়ে' এবং ভুল বানানের নৈরাজ্যে যতি পড়বে একটা, ছাত্র-শিক্ষক-অধ্যাপক-অভিভাবক থেকে অনাগত কালের লেখক-কুল পর্যন্ত একটা স্বস্তির নিশ্বাস ফেলবেন, আত্মবিশ্বাস পাবেন নিজের হাতের কলমের ওপর।

কথাটা বোধহয় এত ঘটা করে না বললেও হতো।

শুধু নিজের কষ্ট-শ্রম-দুঃখের কথাই হয়ে গেল 'সাত কাহন'। বলা হয়নি সুখের কথা—আনন্দের কথা। 'বাংলা বানান বিচিন্তা' লিখতে বসে আনন্দ পেয়েছি অপরিসীম—সেই আনন্দ, বলাবাহুল্য, বিস্ময়ের আনন্দ। কে জানতো, 'যা দিয়ে তা ভোজন করা হয়', তা 'ভুজ'; 'যা দিয়ে বহন করা হয়', তা 'বাহু'; 'যা গ্রহণ করে', তা 'গৃহ'; 'যার মধ্যে গর্ভ সংহত হয়', সে 'স্ত্রী'; 'যে অতি শীঘ্র খায়', সে 'শ্বশুর'; 'যা মাথায় শুয়ে থাকে', তা 'কেশ'; 'মাথাকে যা রক্ষা করে', তা 'কপাল', 'যা বিস্তৃত হয়', তা 'বন'; আর, দুঃখের, লজ্জার, গ্লানির কথাই যদি বলতে বলেন, তবে বলি: 'যাকে বধ করা হয়', সে 'বধূ'। থাক। শব্দ ভাঙতে গিয়ে এমনি অনেক অনাবিষ্কৃত অর্থ আবিষ্কার করে বিস্ময়ে স্তম্ভিত হয়ে গেছি, পেয়েছি জানার বিস্ময়ের আনন্দ। অনেকে জেনে বিস্মিত হবেন, 'সবিতা' ['প্রসবিতা'],

'শমিতা'—এগুলি পুংলিঙ্গবাচক শব্দ ; 'যিনি জন্মবীজ বপন করেন', তিনি 'বাপ' ['বপ্র'], 'থেরাপি' [therapy] শব্দটি ভারতবর্ষের 'থেরা' ['স্থবির'] শব্দ থেকে উৎপন্ন হয়ে য়ুরোপে গিয়ে 'থেরাপি' রূপে আবার ফিরে এসেছে ভারতবর্ষে। শব্দের জন্মসূত্রের সন্ধানে যাত্রা করে জানা গেছে 'হাসনুহানা' হলো 'জাপানেব পদ্মফুল' ; 'সায়া' [মেয়েদের অন্তর্বাস], 'ফিতা', বাড়ির পাশের 'খানা' পোর্তুগীজ শব্দ ; 'চিনি' ['চি-নি'], 'লিচু' ['লি-চি'], 'সাম্পান'['সাং-পাং'] চীনা শব্দ ; আর সংস্কৃত 'বনলক্ষ্মী' ?—সে তো 'কলাগাছ' ['বনলক্ষ্মীর কম্পিত কায় শঙ্কিত অন্তর'—রবীন্দ্রনাথ]। 'রসনা' হলো 'জিহ্বা', অন্য অর্থে ; 'মেয়েদের কটিভূষণ', 'গোট' ['ললিতনৃত্যে বাজুক স্বর্ণরসনা'—রবীন্দ্রনাথ]। এমনি অজস্র।

শব্দের মধ্যে এত সৌন্দর্য, এত মায়া, অর্থের এত রূপৈশ্বর্য প্রচ্ছন্ন আছে, সে যে একটা নতুন জগৎ—আমাদের কাছে ছিল অজ্ঞাতপূর্ব। আমি এই যাত্রায় প্রতি পদক্ষেপেই বিস্মিত হয়েছি, অভিভূত হয়েছি। তার কিছু অংশভাগ পাঠকদের হাতে তুলে দিয়ে যাচ্ছি। আর, ই ঈ, উ ঊ, খ ক্ষ, ন ণ, শ ষ স, ঙ ঙ্গ— এদের সম্পর্কে আত্মবিশ্বাসহীন সংশয়পূর্ণ দোদুল্যমানতা যে অর্থহীন, সবই যে কয়েকটি মামুলি নিয়মের দ্বারা স্থিরনির্দিষ্ট, 'বাংলা বানান বিচিন্তা' [বিশেষত, এর 'প্রস্তাবনা' অংশটুকু] পাঠ করলেই শ্বাসপ্রশ্বাসের মতো সহজ হয়ে যাবে।

বোঝা নামালুম। শান্তি। শেষ করতে পারবো, বুকভরা আকুতি ছিল—ভরসা ছিল না। শেষ পর্যন্ত পৌঁছতে পাবলুম। শেষ শব্দ 'হ্লাদী'-তে পৌঁছে আমিও 'আহ্লাদিত'। দায়মুক্ত, ভারমুক্ত আমি। পেছন ফিরে একবার যখন শেষবারেব মতো তাকাই, তখন আমার মনে হয়, বাংলা বর্ণমালার প্রতিটি বর্ণ যেন তাদের দু'বাহু বাড়িয়ে জলভবা চোখে আমার মুখের দিকে চেয়ে আছে, তাদের অব্যক্ত কান্নার শব্দ আমি যেন শুনতে পাচ্ছি। মনে মনে বলি : 'পেয়েছি ছুটি, বিদায় দেহো ভাই ...'

প্রত্যাশা : ভুল বানান আর যেন চোখে না পড়ে।

নমস্কারান্তে।

বিনত

বিকাশ গ্রন্থ ভবন

গ্রন্থকার

কলকাতা : ৭০০০০৯

A Sanskrit-English Dictionary : Sir Monier Monier-Williams
A Tri-Lingual Dictionary : Mukhopadhyay and Bhattacharya
বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান : ড : মুহম্মদ শহীদুল্লাহ্ সম্পাদিত [বাংলা একাডেমী]
পৌরাণিক অভিধান : সুধীর চন্দ্র সরকার সংকলিত
বিবিধার্থ অভিধান : সুধীর চন্দ্র সরকার সংকলিত
রামায়ণ : কৃত্তিবাস বিরচিত : হরেকৃষ্ণ মুখোপাধ্যায়, সাহিত্যরত্ন সম্পাদিত
মহাভারত : কালীপ্রসন্ন সিংহ অনূদিত [ছয় খণ্ড]
শ্রীমদ্ভগবদ্গীতা : জগদীশ চন্দ্র ঘোষ অনূদিত
বেদ : হরফ প্রকাশনী [পাঁচ খণ্ড]
উপনিষদ্ : অখণ্ড সংস্করণ : হরফ প্রকাশনী
বাংলা লৌকিক অভিধান : ড : কামিনীকুমার রায়
The Origin and Development of the Bengali Language : Suniti Kumar Chatterjee.
বাংলা ভাষাতত্ত্বের ভূমিকা : ড : সুনীতি কুমার চট্টোপাধ্যায়
ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ : ড : সুনীতি কুমার চট্টোপাধ্যায়
ভাষার ইতিবৃত্ত : ড : সুকুমার সেন
অমরকোষ বা অমরার্থ চন্দ্রিকা : অধ্যাপক শ্রীমদ্গুরুনাথ বিদ্যানিধি ভট্টাচার্য সম্পাদিত।
সংস্কৃত সাহিত্য-সম্ভার : নবপত্র প্রকাশন
চণ্ডীমঙ্গল : কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তী : ড : সুকুমার সেন সম্পাদিত
বাঙ্গালা শব্দকোষ : যোগেশ চন্দ্র রায় বিদ্যানিধি
শব্দতত্ত্ব : রবীন্দ্রনাথ ঠাকুর
দ্বিজেন্দ্র-গ্রন্থাবলী
শরৎ-সহিত্যসম্ভার
নজরুল রচনাসম্ভার
বিষাদ-সিন্ধু : মীর মোশার্‌রফ হোসেন
রবীন্দ্র-রচনাবলী : বিশ্বভারতী
বঙ্কিম-গ্রন্থাবলী
দীনবন্ধু মিত্রের গ্রন্থাবলী
গিরিশ-গ্রন্থাবলী
বঙ্গীয় শব্দকোষ : হরিচরণ বন্দ্যোপাধ্যায়
বাঙ্গালা ভাষার অভিধান : জ্ঞানেন্দ্র মোহন দাস
চলন্তিকা : রাজশেখর বসু
সংসদ বাঙলা অভিধান
সংসদ সমার্থ শব্দকোষ : অশোক মুখোপাধ্যায়
বাংলা বানান : মণীন্দ্র কুমার ঘোষ
বানানের অভিধান : অরুণ সেন
ব্যবহারিক শব্দকোষ : কাজী আবদুল ওদুদ ও অনিল চন্দ্র ঘোষ
ব্যাকরণ কৌমুদী : দুর্গাচরণ সাংখ্যবেদান্ততীর্থ

সংকেতের অর্থ

অধিকরণতৎ : অধিকরণ তৎ
অপাদানতৎ : অপাদান তৎ
অব্য : অব্যয়
অব্যয়ীভাব : অব্যয়ীভাব
অর্ধ-তৎ : অর্ধ-তৎসম
অস. ক্রি : অসমাপিকা ক্রিয়া
অসমীয়া : অসমীয়া
আ. : আরবী
ইং. : ইংরেজী
উপপদতৎ : উপপদ তৎপুরুষ
উর্দু : উর্দু
ও : ওড়িয়া
ওলন্দাজ : ওলন্দাজ
করণতৎ : করণ তৎপুরুষ
কর্মতৎ : কর্ম তৎপুরুষ
কর্মধা : কর্মধারয়
ক্রি-বিণ : ক্রিয়াবিশেষণ
ক্লীব : ক্লীবলিঙ্গ
গুজরাটী : গুজরাটী
গ্রীক : গ্রীক
চী : চীনা
জাপানী : জাপানী
তৎসম : তৎসম
তদ্ভব : তদ্ভব
তামিল : তামিল
তুর্কী : তুর্কী
দেশী : দেশী
দ্রাবিড় : দ্রাবিড়
দ্বন্দ্ব : দ্বন্দ্ব সমাস
দ্বিগু : দ্বিগু সমাস
নিত্যসমাস : নিত্যসমাস
নিপাতনে : নিপাতনে
নিমিত্ততৎ : নিমিত্ত তৎপুরুষ
পালি : পালি
পুং : পুংলিঙ্গ
পো : পোর্তুগীজ
প্রা : প্রাকৃত
প্রা. বাংলা : প্রাচীন বাংলা
ফ. : ফরাসী
ফা. : ফারসী
বর্তমান : বর্তমান কাল
বহুব্রী : বহুব্রীহি সমাস
বাং : বাংলা
বি. : বিশেষ্য
বিণ : বিশেষণ
বিদেশী : বিদেশী
মধ্যপ-কর্মধা : মধ্যপদলোপী কর্মধারয়
মরাঠী : মরাঠী
মালয়েশীয় : মালয়েশীয়
মিশ্র : মিশ্রশব্দ
মুণ্ডারি : মুণ্ডারি
সর্ব : সর্বনাম
সাঁওতালী : সাঁওতালী
স্ত্রী : স্ত্রীলিঙ্গ
স্পেনীয় : স্পেনীয়
হি. : হিন্দী

বাংলা
বানান বিচিন্তা
দ্বিতীয় খণ্ড

প

পইঠা : সিঁড়ির ধাপ। বি। তদ্ভব। প্রা. পইট্‌ঠা <সং. প্রতিষ্ঠা। 'পইঠা'র 'পৈঠা' বানানও চলে। চলিত বাংলায় : 'পইঠে' বা 'পৈঠে'।

পইছা : মেয়েদেব হাতেব কব্জির গয়না। বি। বিদেশী। হি. পৌঁছি। হি. পৌঁছা : কব্জি। 'পইছা'র 'পঁইছি', 'পৈঁছি' বানানও চলে।

পইপই : বারবার। অব্য। তদ্ভব। সং. পুনঃপুনঃ। 'পইপই'-র পরিবর্তে 'পয়পয়'-ও লেখা হয়।

পকেটকাটা : যে পকেট কাটে। বি। মিশ্র [বিদেশী+তদ্ভব]। ইং. পকেট [pocket] + তদ্ভব. কাটা [কাট্‌ (সং. কৃৎ) + বাং. আ]। পকেট কাটে যে= উপপদতৎ। ৩।৩

পকেটস্থ : আত্মসাৎ। বিণ। মিশ্র [বিদেশী + তৎসম]। < ইং. পকেট [pocket] + সং স্থ [স্থা+অ]। ৬।১ পকেটে থাকে যা= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : স্‌ + থ= স্থ।

পকেটমার : যে পকেট মারে। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। < ইং. পকেট [pocket] + তদ্ভব. মার [সং. মৃ + ণিচ্‌ + অ]। ৬।১ পকেট মারে যে= উপপদতৎ। ৩।৩

পক্ব : পাকা। বিণ। তৎসম। পচ্‌ + ত [ক্ত]। ৬।১ বি.দ্র. : পক্ব= প্‌+অ+ক্‌+ব্‌+অ। লক্ষণীয় : 'ক্ব'। 'ক্ক' নয়। 'পক্ক'— অশুদ্ধ।

পক্বান্ন : পাকানো [রান্না-করা] খাবাব। বি। তৎসম। পক্ব [পচ্‌ + ত] + অন্ন [অদ্‌+ত]। ৬।১ [সন্ধি] অ+অ= আ। ২।১।ক পক্ব যে অন্ন= কর্মধা। ৩।২। বি. দ্র. : 'পক্বান্ন' শুদ্ধ। 'পক্কান্ন' অশুদ্ধ।

পক্ষ : তরফ। পাখিব ডানা, চন্দ্রের হ্রাসকাল বা বৃদ্ধিকাল। বি। তৎসম। পক্ষ্‌ + অ। ৬।১ বি.দ্র. : প্‌ + অ + ক্‌ + ষ্‌ + অ। স্মরণীয় : ক্‌ + ষ= ক্ষ।

পক্ষগ্রহণ : দুই বিবদমান পক্ষের একটিতে যোগদান। বি। তৎসম। পক্ষ [পক্ষ্‌ + অ] + গ্রহণ [গ্রহ্‌ + অন]। ৬।১ পক্ষকে গ্রহণ = কর্মতৎ। ৩।৩ বি.দ্র. : পক্ষ= প্‌+ অ+ ক্‌ +ষ্‌ +অ। গ্রহণ= গ্‌+র্‌+অ + হ্‌+অ+ণ্‌+অ। 'র্‌' ও 'ন্‌'-এর মধ্যে 'অ' [স্বরবর্ণ] ও 'হ্‌' থাকায় 'ন্‌' 'ণ্‌' হয়েছে। ৪।১।গ

পক্ষপাত : এক পক্ষের প্রতি অনুরাগ। বি। তৎসম। পক্ষ [পক্ষ্‌+অ] + পাত [পত্‌+অ]। ৬।১ পক্ষে [তরফ= side] পাত [পতন]= অধিকরণতৎ। ৩।৩ বি.দ্র. : ক্‌+ষ= ক্ষ।

পক্ষপাতিত্ব: এক পক্ষের প্রতি অনুরাগ। বি। তৎসম। পক্ষ [পক্ষ্ + অ] + পাতিত্ব [পত্+ইন্+ত্ব]। ৬।১ পক্ষে পাতিত্ব= অধিকরণতৎ। ৩।৩ বি.দ্র. : পক্ষ ['পক্ষ' দ্রষ্টব্য] + পাতিত্ব ['ইন্'-প্রত্যয়ান্ত শব্দ 'ঈ'-কারান্ত হয়। তার সঙ্গে ভাব-অর্থে 'ত্ব' যুক্ত হলে পূর্ববর্তী 'ঈ'-কার 'ই'-কার হয়ে যায়।] পক্ষ + পাতিন্ [ইন্] + ত্ব= পক্ষপাতিত্ব।

পক্ষপাতী: এক পক্ষের প্রতি অনুরক্ত। বিণ। তৎসম। পক্ষ ['পক্ষ' দ্রষ্টব্য] + পাতী [পত্ +ইন্ (ঈ)]। ৬।১ পক্ষে পতিত হয় যে= উপপদতৎ। ৩।৩ বি. দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]- প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পক্ষপুট: ডানার ভেতরের স্থান। বি। তৎসম। পক্ষ ['পক্ষ' দ্রষ্টব্য] + পুট [পুট্ + অ]। ৬।১ পক্ষের অভ্যন্তরস্থ পুট [স্থান বা আধার]= মধ্যপ- কর্মধা। ৩।২ বি.দ্র. : ক্+ষ= ক্ষ, প্+উ= পু।

পক্ষসমর্থন: কোন এক পক্ষের মত অনুমোদন। বি। তৎসম। পক্ষ [পক্ষ্ + অ] + সমর্থন [সম্ + অর্থ্ + অন]। ৬।১ পক্ষকে সমর্থন= কর্মতৎ। ৩।৩ বি.দ্র. : সমর্থন= স্ + অ+ ম্ +অ +র্ + থ্ + অ + ন্+ অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে থ্ [ত-বর্গ] থাকায় 'ন্' 'ণ্' হয়নি। ৪।১।গ।

পক্ষাঘাত: যে রোগে এক পার্শ্বের অঙ্গ অবশ হয়। বি। তৎসম। পক্ষ [পক্ষ্ + অ] + আঘাত [আ + হন্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [ক্ষা]। ২।১।খ পক্ষে [পাশে] আঘাত [ব্যাধিজনিত ব্যথা বা অবশতা]= অধিকরণতৎ। ৩।৩

পক্ষান্তরে: অপর দিকে। ক্রি-বিণ। তৎসম। পক্ষ [পক্ষ্ + অ] + অন্তর [অন্ত + রা + অ] + এ [অধিকরণ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ক্ষা]। ২।১।ক অন্য পক্ষ= নিত্য সমাস + এ।

পক্ষিণী: বিহঙ্গী: বি। তৎসম। পক্ষ + ইন্ +ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ পক্ষ [ডানা] আছে যার [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পক্ষিণী= প্+অ+ক্+ষ্+ই+ণ্+ঈ। 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'ই' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ ইন্-প্রত্যয়+ ঈ [স্ত্রী]। আগে 'ই', পরে 'ঈ'।

পক্ষিতত্ত্ব: পক্ষী-বিষয়ক বিজ্ঞান। বি। তৎসম। পক্ষী [পক্ষ + ইন্ (ঈ)] + তত্ত্ব [তৎ+ত্ব]। ৬।২ পক্ষী বিষয়ক তত্ত্ব= মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র. : পক্ষী 'ইন্'-প্রত্যয়ান্ত শব্দ। 'তত্ত্ব'যোগে সমাসবদ্ধ হওয়ায় 'ইন্' [ঈ]- প্রত্যয়ের 'ঈ'-কার 'ই'-কার হয়েছে। তত্ত্ব= তৎ+ত্ব= ত্+ত্+ব= ত্ত্ব।

পক্ষিশালা: চিড়িয়াখানা। বি। তৎসম। পক্ষী [পক্ষ+ ইন্ (ঈ)] + শালা [শল্+ অ+ আ]। ৬।২, ৬।১ পক্ষীর শালা [আলয়]= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পক্ষী 'ইন্'-প্রত্যয়ান্ত শব্দ। 'শালা'-যোগে সমাসবদ্ধ হওয়ায় 'পক্ষী'র 'ইন্' প্রত্যয়ের 'ঈ'-কাব 'ই'-কার হয়েছে।

পক্ষিরাজ: গরুড়, রূপকথাব ডানাওয়ালা ঘোড়া। বি। তৎসম। পক্ষী [পক্ষ + ইন্ (ঈ)] +রাজ ['রাজন্' প্রথমা একবচন]। ৬।২ পক্ষীদের রাজা= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: 'পক্ষী' 'ইন্'-প্রত্যয়ান্ত শব্দ। 'রাজ' শব্দ-যোগে সমাসবদ্ধ হওয়ায় 'পক্ষী'র 'ঈ'-কার 'ই'-কার হয়েছে। ৩।৩ সমস্ত পদে 'রাজা' বা 'রাজন্' 'রাজ' হয়ে গেছে।

পক্ষী: পাখি। বি। তৎসম। পক্ষ + ইন্ [ঈ]। ৬।২ বি.দ্র. : ক্+ষ= ক্ষ। 'পক্ষী' শব্দটি 'ইন্' [ঈ]- প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত। কিন্তু 'পক্ষী' থেকে উদ্ভূত তদ্ভব শব্দ 'পাখি' 'ই'-কার।

পক্ষোদগম: পালক গজানো। বি। তৎসম। পক্ষ [পক্ষ্+অ] + উদ্গম [উৎ + গম্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [ক্ষো]। ২।৫।ক ৎ+গ= দগ বা দ্গ। ২।১৫ পক্ষের উদ্গম= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পক্ষোদ্গম=

প্+অ+ক্+ষ্+ ও +দ্+গ্+অ+ম্+অ।

পক্ষ্ম : চোখের পাতার লোম, পাখির পালক। বি। তৎসম। পক্ষ্ + মন্। বি.দ্র. : ক্+ষ্= ক্ষ্+ ম= ক্ষ্ম। কাজেই, পক্ষ্ম= প্+অ+ক্ +ষ্ +ম্ +অ। 'ক্ষ'-এর নীচে 'ম' না দিলে বানানের ভুল হবে।

পগার : জমির সীমা-নির্দেশক নালাযুক্ত প্রাচীর বা উঁচু বাঁধ। বি। তদ্ভব। <সং. প্রাকার। দুর্গের প্রাকার হলো নালাসমেত প্রাচীর ; কেবল নালা বা কেবল প্রাচীর নয়। শত্রুর আক্রমণ নিবারণের জন্য এই ব্যবস্থা। সেই 'প্রাকার' [সং] থেকে তদ্ভব 'পগার' শব্দটি এসেছে। প্রাকার= প্ + র্ + আ +ক্ + আ + র্ +অ > প্+ অ+ গ্+ আ + র্+ অ= পগার।

পঙ্ক : পাঁক। বি। তৎসম। পন্চ্ [বিস্তৃত হওয়া] + অ। [চ্= ক্] ৬।১ 'ক্'-এর সংযোগে পূর্বস্থিত 'ন্' 'ঙ্' হয়ে যায়। ফলে, বানান দাঁড়ায় : প্ + অ + ঙ্ + ক্+ অ= পঙ্ক। তা থেকে জাত তদ্ভব শব্দ 'পাঁক'। ['পাঁক' দ্রষ্টব্য]।

পঙ্কজ : পাঁকে যা জন্মায়, পদ্ম। বি। তৎসম। পঙ্ক ['পঙ্ক' দ্রষ্টব্য] + জন্ [জন্ম হওয়া] + অ ৬।১ পঙ্কে জন্মে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পাঁকে 'পদ্ম' ছাড়া অন্য অনেক কিছুই জন্মায়। কিন্তু 'পঙ্কজ' বলতে কেবল 'পদ্ম'কেই বোঝায়। পঙ্কজ= প্ +অ+ঙ্ +ক্+অ+জ্ +অ।

পঙ্কিল : কর্দমপূর্ণ। বিণ। তৎসম। পঙ্ক ['পঙ্ক' দ্রষ্টব্য] + ইল। ৬।২ বি.দ্র. : পঙ্কিল= প্+অ+ ঙ্+ক্+ই+ল্+অ।

পঙ্কোদ্ধার : পাঁক তুলে পুষ্করিণীর সংস্কার। বি। তৎসম। পঙ্ক ['পঙ্ক' দ্রষ্টব্য] + উদ্ধার [উৎ + হার (হৃ+অ)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [কো]। ২।৫।ক ৎ+হা= দ্+ধা= দ্ধা। ২।২১ পঙ্কের উদ্ধার [মুক্ত করা]= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পঙ্কোদ্ধার= প্ + অ + ঙ্ + ক্ +ও + দ্ + ধ্ + আ+ র্ +অ।

পঙ্ক্তি : সারি। বি। তৎসম। পন্চ্ [বিস্তৃত হওয়া] + তি [চ্= ক্]। 'ক্'-এর সংযোগে পূর্বস্থিত 'ন্' 'ঙ্' হয়ে যায়। ৬।১ কাজেই, বানানটি দাঁড়ায় : পঙ্ক্+ তি= পঙ্ক্তি। 'পংক্তি' লেখা ভুল।

পঙ্ক্তিভোজন : একসঙ্গে বসে ভোজন। বি। তৎসম। পঙ্ক্তি ['পঙ্ক্তি' দ্রষ্টব্য] + ভোজন [ভুজ্ (খাওয়া) + অন। ৬।১ পঙ্ক্তিতে ভোজন= অধিকরণতৎ। ৩।৩

পঙ্খ : চুনের কারুকার্যযুক্ত প্রলেপ। বি। অর্ধ-তৎসম। সং. পঙ্ক ['পঙ্ক' দ্রষ্টব্য] > পঙ্খ [আকস্মিক উচ্চারণ-বিকৃতি-জনিত]। বি.দ্র. : পঙ্খ= প্ + অ+ ঙ্ + খ্ + অ।

পঙ্খি : পাখি। বি। অর্ধ-তৎসম। <সং. পক্ষী [বাংলা উচ্চারণ= পক্‌খি।] অর্ধ-তৎসম-জনিত উচ্চারণ- বিকৃতির কারণে ক্= ঙ্ হওয়ায় বানান দাঁড়ায় : পঙ্খি= পঙ্খি। বি.দ্র. : 'পঙ্খিরাজ', ময়ূরপঙ্খি।

পঙ্গপাল : শস্যনাশকারী পতঙ্গদল। বি। তদ্ভব। পঙ্গ [সং. পতঙ্গ] + পাল [পা + ণিচ্ বা পালি + অ= দল]। ৬।১ পঙ্গের [বা পতঙ্গের] পাল= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পঙ্গ= প্+ অ+ঙ্+গ্+অ।

পঙ্গু : চলচ্ছক্তিহীন। বিণ। তৎসম। পণ্ [+গ্ (আগম)]+ উ। যার পা বিকল। বি.দ্র. : পঙ্গু= প্+অ+ঙ্+গ্+উ। 'গ্'-যোগে 'ণ্' 'ঙ্' হয়ে গেছে।

পচনশীল : যা সহজে পচে যায়। বিণ। তৎসম। পচন [পচ্+অন] + শীল [শীল্+ অ]। ৬।১ পচনশীল [অভ্যাস] যার= বহুব্রী। ৩।৫ বি.দ্র. : শীল= শ্+ঈ+ল্+অ।

পচানি : পচা বা গলিত জিনিসের রস। বি। তদ্ভব। পচা [সং. পচ্+ বাং. আ] + বাং. আনি। ৬।৩ তদ্ভব বিশেষ্য পদ বলে 'ই'-কারান্ত।

পচাল : কুৎসিত কথা। বি। তদ্ভব। পচা [সং. পচ্+ বাং. আ] + বাং. আল। ৬।৩ যে কথা পচা

জিনিসের মতো বিকৃত, অবাঞ্ছিত ও অকথ্য।

পচালপাড়া : ক্রমাগত কুকথা বলা। ক্রি। তদ্ভব। পচাল ['পচাল' দ্রষ্টব্য] + পাড়া [সং. পাতি+ বাং. আ]। পচাল [কুকথা] পাড়া [শুরু করে চালিয়ে যাওয়া]।

পচ্য : রান্নার যোগ্য। বিণ। তৎসম। পচ্ [পাক করা]+ য। বি.দ্র. : পচ্য= প্+অ+চ্+য্+অ।

পছন্দ : মনঃপূত। বিণ। বিদেশী। <ফা. পসন্দ্। বি.দ্র. : ন্দ= ন্+দ।

পজ্ঝড় : পাজির পা-ঝাড়া, হদ্দপাজি। বি। অর্ধ-তৎসম। পজ্ঝ [<সং. পজ্জ= পদ্ + জ (পা থেকে জাত)]+ বাং. ড়। বি.দ্র. : জ্ঝ= জ্+ ঝ।

পঞ্চ : ৫ সংখ্যা। বিণ। তৎসম। পন্চ্ + অন্= পঞ্চন্। প্রথমা বহুবচন। ৬।১ বি.দ্র. : ঞ্চ= ঞ্+চ।

পঞ্চক : পাঁচের সমষ্টি। বি। তৎসম। পন্চ্ + অক। ৬।১ পাঁচ পর্যন্ত বিস্তৃত, অথচ সংহত। বি.দ্র. : ঞ্চ= ঞ্+চ।

পঞ্চত্বপ্রাপ্তি : মৃত্যু। বি। তৎসম। পঞ্চ [ক্ষিতি, অপ (জল), তেজ, মরুৎ (বায়ু) ও ব্যোম (শূন্য)— এই পঞ্চভূত] + ত্ব + প্রাপ্তি [প্র+আপ্+তি]। ৬।১ পঞ্চত্বকে প্রাপ্তি= কর্মতৎ। ৩।৩ বি.দ্র. : ঞ্চ= ঞ্+চ, ত্ব= ত্+ব, প্রাপ্তি= প্ + র্+আ+প্ +ত্ +ই।

পঞ্চদশ : ১৫ সংখ্যা। বিণ। তৎসম। পঞ্চ ['পঞ্চ' দ্রষ্টব্য] + দশ। পঞ্চ অধিক দশ= মধ্যপ-কর্মধা। ৩।২ তদ্ভব রূপ : পনেরো।

পঞ্চদশী : পঞ্চদশস্থানীয়া, পনেরো বৎসর বয়স্কা কন্যা, পূর্ণিমা। বিণ, বি। তৎসম। পঞ্চদশ ['পঞ্চদশ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]।

পঞ্চবট : অশ্বত্থ বিল্ব বট ধাত্রী ও অশোক—বটতুল্য এই পঞ্চ বৃক্ষ বা তার সমাহার। বি। তৎসম। পাঁচটি বটের সমাহার= দ্বিগু। ৩।৬

পঞ্চবটী : পঞ্চবটের উপবন বা সাধনস্থান, রামায়ণের দণ্ডকারণ্যস্থ পঞ্চবটী বন। বিণ। তৎসম। অশ্বত্থ, বিল্ব, বট, ধাত্রী ও অশোক— বটতুল্য এই পঞ্চবৃক্ষের সমাহার= দ্বিগু। ৩।৬ পঞ্চ+ বট+ ঈ [স্ত্রী]। ৭।১।গ

পঞ্চবাণ : কামদেব বা মদন। বি। তৎসম। পঞ্চ ['পঞ্চ' দ্রষ্টব্য] + বাণ [বন্ (বন্ বন্ শব্দ করে গমন করা) + অ]। ৬।১ পঞ্চ বাণ যার= বহুব্রী। ৩।৫ নীলপদ্ম, অশোক, আম্রমুকুল, নবমল্লিকা ও রক্তপদ্ম। কামদেবের এই পঞ্চবাণ বা কুসুমশর।

পঞ্চবিংশতি : ২৫ সংখ্যা। বিণ। তৎসম। পঞ্চ ['পঞ্চ' দ্রষ্টব্য] + বিংশতি, পঞ্চ অধিক বিংশতি= মধ্যপ-কর্মধা। ৩।২ তদ্ভব রূপ : পঁচিশ। বি. দ্র. : ঞ্চ= ঞ্ + চ।

পঞ্চম : ৫ সংখ্যার পূরক, স্বরসপ্তকের পঞ্চম স্বর— 'পা'। বিণ। তৎসম। পঞ্চ ['পঞ্চ' দ্রষ্টব্য] + ম। নাভি থেকে উত্থিত এই স্বর নাভি, বক্ষ, হৃদয়, কণ্ঠ ও মস্তক—এই পঞ্চস্থানে বিচরণ করে। মতান্তরে, শরীরের পঞ্চবায়ুর সমবায়ে এই স্বর উচ্চারিত হয়। তাই 'পঞ্চম' নামকরণ।

পঞ্চশর : কামদেব বা মদন। বি। তৎসম। পঞ্চ ['পঞ্চ' দ্রষ্টব্য] + শর [শৃ (হিংসা করা)] + অ। ৬।১ পঞ্চ শর যার= বহুব্রী। ৩।৫ বি.দ্র. : কামদেবের সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন ও স্তম্ভন— এই পাঁচটি শর বা বাণ।

পঞ্চানন : শিব। বি। তৎসম। পঞ্চ + আনন [আ+ অন্ (পানাহার করে বাঁচা) + অন]। ৬।১ [সন্ধি] অ+আ= আ [ঞ্চা]। ২।১।খ পঞ্চ আনন [যার দ্বারা পানাহার করে বাঁচা যায়] যাঁর= বহুব্রী। ৩।৫

পঞ্চানন্দ : শিশুর অপকারক অপদেবতা। বি। তৎসম। পঞ্চ + আনন্দ [আ + নন্দ্ + অ]। ৬।১ [সন্ধি] অ+আ= আ [ঞ্চা]। ২।১।খ বি.দ্র. : পঞ্চানন্দ : ভোগানন্দ, ভজনানন্দ, যোগানন্দ, জ্ঞানানন্দ ও প্রেমানন্দ। কিন্তু বাংলায় শিশুর অকল্যাণকারী দেবতা : পঞ্চানন ঠাকুর >পেঁচো

[পেঁচোয় পাওয়া]। পাঁচ প্রকার মদের মিশ্রণজাত পানীয়কেও 'পঞ্চানন্দ' বলা হয়।

পঞ্চান্ন: ৫৫ সংখ্যা। বিণ। তদ্ভব। <সং. পঞ্চপঞ্চাশৎ >প্রা. পংচারন্ন >বাং. তদ্ভব. পঞ্চান্ন। বি.দ্র.: পঞ্চান্ন= প্+অ+ ঞ্ + চ্+ আ+ ন্ +ন্ + অ।

পঞ্চামৃত: দধি, দুগ্ধ, ঘৃত, মধু, শর্করা— এই পঞ্চ দ্রব্য। বি। তৎসম। পঞ্চ + অমৃত [ন + মৃত (মৃ+ ত)]। ৬।১ [সন্ধি] অ+আ= আ [ঞ্চা]। ২।১।ক পঞ্চ অমৃতের [দধি, দুগ্ধ, ঘৃত, মধু ও চিনি] সমাহার= দ্বিগু। ৩।৬ বি. দ্র.: পঞ্চামৃত= প্+ অ+ ঞ্+চ্+আ+ম্+ঋ+ ত্+অ।

পঞ্চায়তি: পঞ্চায়েতের কাজ বা বিচার। বি। বিদেশী। <হি. পংচায়ত <সং. পঞ্চায়তন [পঞ্চ দেবমূর্তির একত্র অবস্থান]। আধুনিক অর্থ: গ্রামের নির্বাচিত পাঁচজনের বৈঠক বা সভা। বি.দ্র.: পঞ্চায়তি= প্ + অ + ঞ্ + চ্ + আ + য্ + অ + ত্ + ই।

পঞ্চায়েত: গ্রামের বিচার-সভা। বি। বিদেশী। পঞ্চ+ আয়েত [আয়ত]।<হি. পংচায়ত। [সন্ধি] অ+আ= আ [ঞ্চা]। ২।১।খ 'পঞ্চায়তি' দ্রষ্টব্য। বি.দ্র.: পঞ্চায়েত= প্+অ+ঞ্+চ্+আ + য্+ এ +ত্ +অ।

পঞ্চেন্দ্রিয়: চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্— এই পাঁচটি ইন্দ্রিয়। বি। তৎসম। পঞ্চ+ ইন্দ্রিয় [ইন্দ্র + ঈয় (<ইয়)]। ৬।২ [সন্ধি] অ + ই= এ [ঞ্চে]। ২।৪।ক পঞ্চ ইন্দ্রিয়ের সমাহার= দ্বিগু। ৩।৬ বি.দ্র.: পঞ্চেন্দ্রিয়= প্+অ+ঞ্+চ্+এ +ন্ + দ্ + র্ + ই + য্ +অ।

পঞ্চোপচার: গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য— পুজোর এই পাঁচ প্রকার উপচার। বি। তৎসম। পঞ্চ+ উপচার [উপ + চর্ +অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [ঞ্চো]। ২।৫।ক পঞ্চ উপচারের সমাহার= দ্বিগু। ৩।৬ বি.দ্র.: পঞ্চোপচার= প্+ ঞ্+চ্ + ও+ প্+ অ+ চ্+ আ + র্+ অ।

পঞ্জড়ি: পাশা খেলার দান বিশেষ। বি। বিদেশী। পঞ্চ + জুড়ি <মরাঠী. পংজডী। বি.দ্র.: পঞ্জড়ি= প্+অ+ ঞ্+ জ্+ অ + ড়্ + ই।

পঞ্জর: পাঁজর। বি। তৎসম। পঞ্জ্ [বাধা দেওয়া বা রোধ করা] + অর। ৬।১ যা বাইরের আঘাতকে বাধা দিয়ে বা রোধ করে শরীরের অভ্যন্তরকে রক্ষা করে। বি.দ্র.: পঞ্জর = প্+ অ+ ঞ্+ জ্ + অ+ র্ + অ।

পঞ্জা, পাঞ্জা: করতল ও পাঁচটি আঙুল। দস্তখত বা সীলমোহরের বদলে করতলের ছাপ, পায়ের বা জুতোর সম্মুখভাগের চওড়া অংশ। পাঁচ-ফোঁটার তাস। বি। বিদেশী। <ফা. পঞ্জহ্। বি.দ্র.: পঞ্জা [পাঞ্জা]= প্+অ [আ] +ঞ্+জ্+আ।

পঞ্জি: পাঁজি। বি। তৎসম। পঞ্চ + ই। ৬।২ পঞ্চ= বহু। তিথি নক্ষত্র ইত্যাদি কাল-জ্ঞাপক গ্রন্থ। ভিন্ন অর্থ: তুলোর পাঁইজ। বি.দ্র.: পঞ্জি= প্ + অ+ ঞ্ + জ্+ই।

পঞ্জিকা: পাঁজি। বি। তৎসম। পঞ্চ+ ইক [<অক] + আ [স্ত্রী]। ৬।২ পঞ্চ= বহু। তিথি নক্ষত্র ইত্যাদি কাল-জ্ঞাপক গ্রন্থ। বি.দ্র.: পঞ্জিকা= প্+অ+ঞ্+জ্+ই+ক্+আ।

পঞ্জী: পাঁজি। বি। তৎসম। পঞ্চ + ঈ [<ইন্] অথবা, পঞ্চ + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ পঞ্চ= বহু। তিথি নক্ষত্র ইত্যাদি কাল-জ্ঞাপক গ্রন্থ। ভিন্ন অর্থ: তুলোর পাঁইজ। বি.দ্র.: পঞ্জী= প্+অ+ঞ্+জ্+ঈ।

পঞ্জুড়ি: পাশা খেলার দান বিশেষ। বি। মরাঠী বিদেশী। <পংজডী। বাংলায়: পঞ্চ+জুড়ি। বি.দ্র.: পঞ্জুড়ি= প্+অ+ঞ্+জ্+উ+ড়্+ই।

পট: চিত্র-অঙ্কনের বস্ত্র খণ্ড, বস্ত্রখণ্ডে অঙ্কিত ছবি। বি। তৎসম। পট্+অ। ৬।১ ব্যবহার: পটচিত্র, পটমণ্ডপ, দৃশ্যপট, পটভূমি, পটভূমিকা, পটে-আঁকা, আকাশপট ইত্যাদি।

পটকা: শব্দকারী আতসবাজি, মাছের পেটের ভেতরকার বায়ুপূর্ণ থলি। বি। দেশী। ধ্বন্যাত্মক

শব্দ।

পটকানো : আছাড় দেওয়া। ক্রি। বিদেশী। <হি. পটকানা।

পটকানি : আছাড়। বি। বিদেশী। <হি. পটকানা।

পটভূমিকা : পশ্চাৎ-ভূমি। বি। তৎসম। পট [পট্ + অ] + ভূমিকা [ভূমি + ক+ আ [স্ত্রী]। ৬।১, ৬।২, ৭।১।ক পটের [ছবির] ভূমি [background] + ক + আ [স্ত্রী] = সম্বন্ধতৎ।·৩।৩ বি.দ্র.: ভূমিকা= ভ্ + উ + ম্ + ই + ক্ + আ।

পটল : সমূহ, চোখের পাতা। বি। তৎসম। পট্ + অল। ৬।১ ব্যবহার : জলধর-পটল [সমূহ], পটল [চোখের পাতা]- তোলা [মৃত্যুজনিত চোখ ওলটানো]। 'সব্জি' অর্থে 'পটল' বানান অশুদ্ধ, 'সব্জি' অর্থে শুদ্ধ রূপ : পটোল। কাজেই, পটোল-তোলা ['মৃত্যু' অর্থে] ভুল।

পটহ : ঢাক, কানের ভেতরকার পর্দা। বি। তৎসম। পট + হ [হা (পাওয়া) + অ]। ৬।১ পট= আবরণ, হ= প্রাপ্তি। যা শব্দ পায়।

পটি : কাপড়ের ফালি। বি। তদ্ভব। <সং. পট্টিকা। বি.দ্র.: পটি= প্+অ+ট্+ই।

পটিকা : কাপড়ের ফালি। বি। তদ্ভব। <সং পট্টকা। বি.দ্র.: প্+অ+ট্+ই+ক্+আ।

পটী : কাপড়ের ফালি। বি। তদ্ভব। <সং. পট্টিকা। বি.দ্র.: প্+অ+ট্+ঈ।

পটু : দক্ষ। বিণ। তৎসম। সং. পট্+ উ। দুইয়ের মধ্যে অধিকতর পটু= পটীয়ান্ [পটু+ঈয়স্]: স্ত্রীলিঙ্গে— 'পটীয়সী'। দুটোই ঈ-কার। বি.দ্র.: পটু= প্+অ+ট্+উ।

পটুতা : দক্ষতা। বি। তৎসম। পটু+ তা। অনুরূপ ভাবে : পটু+ ত্ব= পটুত্ব।

পটুয়া : পট-চিত্রকর। বি। তদ্ভব। পট [<সং. পট্ট >প্রা. পাট >বাং. পট + বাং. উয়া]।

পটোল : পিত্তনাশক লতাফল সব্জি বা তরকারি বিশেষ। বি। তৎসম। পট্+ ওল। ['পটল' নয়]। পটোল গাছের লতা ও পাতা= পলতা। বি.দ্র.: পটোল= প্+অ+ট্+ও+ল্+অ।

পটোলচেরা : চেরা পটোলের মতো বড় ও সুগঠিত চোখ। বিণ। তদ্ভব। পটোল [দুই প্রান্ত ক্রমশ সরু, মধ্য ভাগ কিঞ্চিৎ স্ফীত—দীর্ঘ ও আয়তাকার সব্জি। পটোল ['পটোল' দ্রষ্টব্য] + চেরা [সং. চীর্ণ+ আ]। ৬।১, ৬।২ চেরা এমন পটোল। [পরনিপাত]= টানা-টানা আয়ত চোখের আকার-বিশিষ্ট। কর্মধা। ৩।২।

পঠদ্দশা : ছাত্রাবস্থা। বি। তৎসম। পঠৎ [পঠ্ (পড়া) + শতৃ] + দশা (দন্‌শ্ + অ + আ)। ৬।১ ৎ + দ= দ্ + দ= দ্দ। ২।১৫ পঠৎ [পড়ছে] যে দশা= কর্মধা। ৩।২ বি.দ্র.: পঠদ্দশা= প্ + অ + ঠ্+ অ + দ্ + দ্ + অ + শ্ + আ।

পঠন-পাঠন : অধ্যয়ন ও অধ্যাপনা। বি। তৎসম। পঠন [পঠ্ (পড়া)+ অন] + পাঠন [পঠ্ +ণিচ্ (পড়ানো) + অন]। ৬।১ পঠন ও পাঠন= দ্বন্দ্ব। ৬।৪ বি.দ্র.: 'পঠনে' 'ন', 'পাঠনে'ও 'ন'।

পঠনীয় : পাঠ্য। বিণ। তৎসম। পঠ্+অনীয়। ৬।১ বি.দ্র.: 'পঠনীয়' 'অনীয়'-প্রত্যয়-যুক্ত। তাই শব্দের শেষে 'নীয়'। পঠনীয়= প্ + অ + ঠ্ + অ + ন্ + ঈ + য্ + অ।

পঠিত : যা পড়া হয়েছে। বি। তৎসম। পঠ্ + ত। ৬।১ বি.দ্র.: পঠিত= প্ + অ + ঠ্ + ই + ত্ + অ।

পঠিতব্য : যা পাঠ করতে হবে। বিণ। তৎসম। পঠ্ + তব্য। ৬।১ শব্দটি 'তব্য'-প্রত্যয়যুক্ত, তাই শব্দান্তে 'তব্য' রয়েছে। বি.দ্র.: পঠিতব্য= প্ + অ + ঠ্ + ই + ত্ + অ + ব্ + য্ + অ।

পড়তা : পণ্যদ্রব্য উৎপাদনের মোট খরচা। বি। তদ্ভব। পড়্ [<সং. পত্] + বাং. তা। ৬।১ বি.দ্র.: নিষ্পন্ন তদ্ভব শব্দটিতে 'ড়'-এর হসন্ত-চিহ্নের প্রয়োজন নেই।

পড়তি : পড়ন্ত, মূল্যহ্রাস। বিণ, বি। তদ্ভব। পড়্

[<সং. পত্] + বাং. তি। ৬।১ বি.দ্র. : নিষ্পন্ন তদ্ভব শব্দটিতে 'ড্'-এর হসন্ত-চিহ্নের কোন প্রয়োজন নেই।

পড়ন্ত : যা শেষ হয়ে আসছে। বিণ। তদ্ভব। পড় [<সং. পত্] + বাং. অন্ত। ৬।১ বি.দ্র.: 'ড্'-এর সঙ্গে 'অন্ত'-এর 'অ' যুক্ত হওয়ায় হসন্ত-চিহ্নের অবলুপ্তি ঘটেছে।

পড়শী : প্রতিবেশী। বি। তদ্ভব। পড়শী [পড়োশী] <সং. প্রতিবেশী >প্রা. পডিএশী বা পড়েশী, পড়শী। স্ত্রীলিঙ্গে : পড়োশিনী।

পড়াশুনা : লেখাপড়া। বি। তদ্ভব। পড়া [< সং. পঠ্ > বাং. পড্ + বাং. আ] + শুনা [<সং. শ্রু >বাং. শুন্ + বাং. আ] ৬।১ বি.দ্র.: পড়াশুনা >পড়াশোনা।

পড়ুয়া, পড়ো : ছাত্র। বি। তদ্ভব। পড্ [<সং. পঠ্] + বাং. উয়া > ও। ৬।১ বি.দ্র. : পড়ুয়া= প্ + অ + ড্ + উ + য্ + আ। পড়ো= প্ + অ + ড্ + ও।

পড়েন : বস্ত্রের আড়ের দিকের সুতো। বি। তদ্ভব। পড়েন <সং. প্রতিবয়ন >পড়িয়ান >পড়েন। বি.দ্র. : প্ + অ + ড্ + এ + ন্ + অ।

পড়ো : অকর্ষিত, যেখানে মানুষের বসবাস নেই। বিণ। তদ্ভব। পড্ [<সং. পত্] + বাং. ও। অকর্ষিত বা বাসরহিত অবস্থায় যে স্থান পড়ে থাকে।

পণ : বাজি, বিবাহে বরপক্ষকে অথবা কন্যাপক্ষকে দেয় অর্থ। বি। তৎসম। পণ্ + অ। ৬।১ বি.দ্র. প্ + অ + ণ্ + অ। 'পণ' শব্দের 'ণ' মৌলিক 'ণ'। ৪।১।ছ

পণপ্রথা : বিবাহে নগদ টাকা নেবার প্রথা। বি। তৎসম। পণ ['পণ' দ্রষ্টব্য] + প্রথা [প্রথ্ + অ + আ] ৬।১ পণের প্রথা= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পণপ্রথা= প্ + অ + ণ্ + অ + প্ + র্ + থ্ + থ্ + আ।

পণবদ্ধ : প্রতিজ্ঞায় আবদ্ধ। বিণ। তৎসম। পণ ['পণ' দ্রষ্টব্য] + বদ্ধ [বন্ধ্ + ত]। ৬।১ পণের দ্বারা বদ্ধ= করণতৎ। ৩।৩ বি.দ্র. : পণবদ্ধ= প্ + অ + ণ্ + অ + ব্ + অ + দ্ + ধ্ + অ। দ্ + ধ্ + অ= দ্ধ।

পণ্ড : ব্যর্থ, ভণ্ডুল। বিণ। তৎসম। পণ্ + ড। ৬।১ বি.দ্র. : ণ্ + ড= ণ্ড। স্মরণীয় : তৎসম শব্দে ন্ + ড= 'ন্ড' ভুল।

পণ্ডশ্রম : নিষ্ফল শ্রম। বি। তৎসম। পণ্ড [পণ্ + ড] + শ্রম [শ্রম্ + অ]। ৬।১ পণ্ড [নিষ্ফল] যে শ্রম = কর্মধা। ৩।২ বি.দ্র. : পণ্ডশ্রম= প্ + অ + ণ্ + ড্ + অ + শ্ + র্ + অ + ম্ + অ।

পণ্ডিত : জ্ঞানী, টোলের ও পাঠশালার শিক্ষক। বি। তৎসম। পণ্ডা [উৎকর্ষপ্রাপ্ত বা মার্জিত জ্ঞান যার] + ইত [ইতচ্—'জাত' অর্থে]। বি.দ্র. : পণ্ডিত = প্ + অ + ণ্+ড্+ই+ত্+অ।

পণ্ডিতবর : শ্রেষ্ঠ পণ্ডিত। বিণ। তৎসম। পণ্ডিত ['পণ্ডিত' দ্রষ্টব্য] + বর [বৃ(বরণ করা) + অ]। ৬।১ পণ্ডিতদের মধ্যে বর [শ্রেষ্ঠ] = অধিকরণ-তৎ। ৩।৩ তুলনীয় : কবিবর, মুনিবর, ঋষিবর, বীরবর ইত্যাদি।

পণ্ডিতম্মন্য : [পণ্ডিত না হয়েও] যে নিজেকে পণ্ডিত মনে করে। বিণ। তৎসম। পণ্ডিতম্ [পণ্ডা + ইতম্ + মন্য [মন্ (মনে করা) + অ(খচ্)]। ৬।১[সন্ধি] ম্ + ম = ম্ম। নিজেকে পণ্ডিতম্ মনে করে যে = উপপদতৎ। ৩।৩ বি.দ্র: পণ্ডিতম্মন্য = প্ + অ + ণ্ + ড্ + ই + ত্ + অ + ম্ + ম্ + অ + ন্ + য্ + অ। ম্ + ম্ + অ= ম্ম। 'ম্ম'-র বদলে শুধু 'ম' লিখলে ভুল হবে।

পণ্ডিতম্মানী : যে নিজেকে পণ্ডিত মনে করে। বিণ। তৎসম। পণ্ডিত [পণ্ডা + ইত] + মানী [মন্(মনে করা) + ইন্ [ঈ]। ৬।১ নিজেকে পণ্ডিত মনে করে যে = উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ] প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পণ্ডিতমূর্খ : যে পণ্ডিত হয়ে মূর্খের মতো আচরণ করে। বিণ। তৎসম। পণ্ডিত [পণ্ডা + ইত] + মূর্খ [মুহ্ + খ]। ৬।২, ৬।১ যে পণ্ডিত সে-ই মূর্খ = কর্মধা। ৩।২ বি.দ্র. : পণ্ডিতমূর্খ = প্ + অ + ণ্ + ড্ + ই + ত্ + অ + ম্ + উ + র্ + খ্ + অ। 'মূর্খ'-র ম্ + উ= মূ।

পণ্ডিতাভিমানী : যার পাণ্ডিত্যের অভিমান আছে। বিণ। তৎসম। পণ্ডিত [পণ্ডা + ইত] + অভিমানী [অভি + মান (অহঙ্কার) + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + অ=আ [তা]। ২।১।ক পণ্ডিতের অভিমান [অহঙ্কার]= সম্বন্ধ তৎ। ৩।৩ পণ্ডিতের অভিমান আছে যার= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

পণ্ডিতি : পণ্ডিতের কাজ। বি। তদ্ভব। পণ্ডিত [পণ্ডা + ইত] + ই [জীবিকা অর্থে বিশেষ্য]। ৬।২ বি.দ্র. : 'জীবিকা' অর্থে বিশেষ্য পদে ই-কার হয়েছে।

পণ্ডিতী : পণ্ডিতের তুল্য। বিণ। তদ্ভব। পণ্ডিত [পণ্ডা + ইত] + ঈ [তুল্য অর্থে বিশেষণ]। ৬।২ বি.দ্র. : 'তুল্য' অর্থে বিশেষণ পদে 'ঈ'-কার হয়েছে। আগে 'ই', পরে 'ঈ'।

পণ্য : ক্রয়-বিক্রয়ের বস্তু। বি। তৎসম। পণ্ [বেচাকেনা করা] + য [যৎ]। ৬।১ বি.দ্র. : 'পণ'-এর মতো 'পণ্য'-এরও 'ণ' মৌলিক 'ণ'। ৪।১।ছ।

পণ্যবীথি : দোকান, হাটবাজার। বি। তৎসম। পণ্য ['পণ্য' দ্রষ্টব্য] + বীথি [বিথ্ + ই= বীথি (সারি)]। ৬।১ পণ্যের বীথি [সারি]= সম্বন্ধ তৎ। ৩।৩ বি.দ্র. : বীথি = আগে 'ঈ', পরে 'ই'।

পণ্যবীথিকা : দোকান, হাটবাজার। বি। তৎসম। পণ্য ['পণ্য' দ্রষ্টব্য] + বীথিকা [বিথ্ + ইক + আ(স্ত্রী)= বীথিকা]। পণ্যের বীথিকা [সারি, পঙ্‌ক্তি] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : বীথিকা = আগে 'ঈ', পরে 'ই'।

পণ্যশালা : দোকান। বি। তৎসম। পণ্য ['পণ্য' দ্রষ্টব্য] + শালা [শল্ + অ + আ(স্ত্রী)]। ৬।১ পণ্যের শালা [আলয়] = সম্বন্ধতৎ। ৩।৩

পতঙ্গ : পক্ষযুক্ত ষট্‌পদ কীট। বি। তৎসম। পত [পক্ষ, ডানা] + গম্ + অ। ৬।১ 'পত'-এ গমন করে যে = উপপদতৎ। ৩।৩ বিকল্পে= 'পতঙ্গ'। বি.দ্র. : পতঙ্গ = প্ + অ + ত্ + অ + ঙ্ + গ্ + অ। ঙ্ + গ্ + অ = ঙ্গ।

পতত্র : পাখির ডানা। বি। তৎসম। পত্ [পতিত হওয়া] + অত্র। অথবা, পতৎ + ত্রৈ + অ। ৬।১ পতৎ [পতনোন্মুখ] অবস্থা থেকে যা ত্রাণ করে [ডানা] = উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পতত্র= প্ + অ + ত্ + অ + ত্ + র্ + অ। 'র্'-যোগে 'ত্র'-র দ্বিত্ব বর্জিত।

পতাকা : নিশান। বি। তৎসম। পত্ [গমন করা] + অক + আ [স্ত্রী]। ৬।১ পত্ পত্ শব্দ থেকে জাত ধ্বন্যাত্মক শব্দ।

পতাকী : পতাকাধারী। বি। তৎসম। পতাকা ['পতাকা' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।২ পতাকা আছে যার = উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত। স্ত্রীলিঙ্গে পতাকা + ইন্ + ঈ= পতাকিনী।

পতি : স্বামী। বি। তৎসম। পা [রক্ষা করা] + অতি। ৬।১ স্ত্রীকে পালন করে যে। বি.দ্র. : প্ + অ + ত্ + ই।

পতিকুল : স্বামীর বংশ। বি। তৎসম। পতি ['পতি' দ্রষ্টব্য] + কুল [কুল্ + অ]। ৬।১ পতির কুল [বংশ] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : কুল = বংশ, কূল= নদী বা সমুদ্রের তট।

পতিঘাতিনী : পতিকে হত্যাকারিণী। বিণ। তৎসম। পতি ['পতি' দ্রষ্টব্য] + ঘাতিনী [ঘাত (হন্ + অ) + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ পতিকে হত্যা করেছে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : ঘাতিনী = আগে 'ই', পরে 'ঈ'।

পতিঘ্ন : পতিহন্তা, প্রভুহন্তা। বিণ। তৎসম। পতি ['পতি' দ্রষ্টব্য] + ঘ্ন [হন্‌ + অ]। ৬।১ বি.দ্র. : হন্‌ [হত্যা করা] = ঘ্ন। পতিঘ্ন= প্‌ + অ + ত্‌ + ই + ঘ্‌ + ন্‌ + অ।

পতিত : যে বা যা পড়ে গেছে। বিণ। তৎসম। পত্‌ [পতিত হওয়া বা পড়ে যাওয়া] + ত। ৬।১ বি.দ্র. : 'পত্‌' ধাতুর সঙ্গে 'ত' যুক্ত হবার আগে 'ই'-র আগমন ঘটেছে। তাই 'পতিত' = প্‌ + অ + ত্‌ + ই + ত্‌ + অ।

পতিতা : কুচরিত্রা, ভ্রষ্টা। বিণ। তৎসম। পত্‌ [পতিত হওয়া বা পড়ে যাওয়া] + ত + আ[স্ত্রী]। ৬।১, ৭।১।ক বি.দ্র. : 'পত্‌' ধাতুর সঙ্গে 'ত' যুক্ত হবার আগে 'ই'-ব আগম ঘটেছে। তাই 'পতিতা'।

পতিদেবতা : দেবতার তুল্য পূজনীয় স্বামী। বি। তৎসম। পতি ['পতি' দ্রষ্টব্য] + দেবতা [দেব (দিব্‌ + অ) + তা[স্বার্থে]। ৬।১, ৬।২ পতি দেবতার মতো = উপমিত-কর্মধা। ৩।২

পতিব্রতা : পতিপরায়ণা। বিণ। তৎসম। পতি ['পতি' দ্রষ্টব্য] + ব্রতা [বৃ + অত + আ(স্ত্রী)]। ৬।১ পতিই ব্রত যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বি.দ্র. : পতিব্রতা= প্‌ + অ + ত্‌ + ই + ব্‌ + র্‌ + অ + ত্‌ + আ।

পত্তন : আরম্ভ, নগর, বন্দর। বি। তৎসম। পত [যাওয়া বা গতি লাভ করা] + তন। যেখানে লোকে পণ্য ক্রয়-বিক্রয়ের জন্য যায়। বি.দ্র. পত্তন = প্‌ + অ + ত্‌ + ত্‌ + অ + ন্‌ + অ।

পত্তনি : নির্দিষ্ট খাজনায় ও মেয়াদে বন্দোবস্ত-করা তালুক। বি। তদ্ভব। <সং. পত্তন + বাং. ই। ৬।২ বি.দ্র. : পত্তনি= প্‌ + অ + ত্‌ + ত্‌ + অ + ন্‌ + ই।

পত্তনিদার : পত্তনির তালুকের অধিকারী। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। তদ্ভব. পত্তনি ['পত্তনি' দ্রষ্টব্য] + ফা. দার। ৬।৪

পত্তর : কাগজ। বি। অর্ধতৎসম। <সং. পত্র। আকস্মিক উচ্চারণ-বিকৃতির জন্য অর্ধতৎসম। বি.দ্র. : পত্তর = প্‌ + অ + ত্‌ + ত্‌ + অ + র্‌ + অ।

পত্নী : স্ত্রী। বি। তৎসম। পতি + ঈ [স্ত্রী]। ৭।১।ঘ 'ঈ'-এই স্ত্রী-প্রত্যয় যুক্ত হবার আগে 'পতি' শব্দের পর 'ন'-এর আগম ঘটেছে। তাই 'পত্নী' = প্‌ + অ + ত্‌ + ন্‌ + ঈ।

পত্নীবৎসল : পত্নীতে অত্যধিক অনুরক্ত। বিণ। তৎসম। পত্নী ['পত্নী' দ্রষ্টব্য] + বৎসল [বদ্‌ [স্নেহ-সম্ভাষণ করা) + স + ল বা লা + অ]। ৬।১, ৬।২ পত্নী বৎসা [স্নেহের বা অনুরাগের পাত্রী] যার = বহুব্রী। ৩।৫ বি.দ্র. : 'পত্নী-বৎসল'= প্‌ + অ + ত্‌ + ন্‌ + ঈ + ব্‌ + অ + ত্‌ + স্‌ + অ + ল্‌ + অ।

পত্র : পাতা, পুস্তকের পৃষ্ঠা, চিঠি। বি। তৎসম। পত্‌ [যাওয়া বা গতি লাভ করা] + ত্র। ৬।১ বি.দ্র. : পত্র = প্‌ + অ + ত্‌ + র্‌ + অ।

পত্রনবিশ, পত্রনবীশ : অফিসাদিতে পত্র-রচনার ভারপ্রাপ্ত ব্যক্তি। বি। মিশ্র। সং. পত্র [পত্‌ + ত্র] + ফা. নবিশ বা নবীশ [ইং. novice]। বি.দ্র. : পত্রনবিশ [নবীশ] : প্‌ + অ + ত্‌ + র্‌ + অ + ন্‌ + অ + ব্‌ + ই [ঈ] + শ্‌ + অ।

পত্রপাঠ : পত্র পড়বামাত্র। বি। ক্রি-বিণ। পত্র [পত্‌ + ত্র] + পাঠ [পঠ্‌ + অ]। ৬।১ পত্রের পাঠ= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পত্রপাঠ = প্‌ + অ + ত্‌ + র্‌ + অ + প্‌ + আ + ঠ্‌ + অ।

পত্রপুট : পাতার ঠোঙা। বি। তৎসম। পত্র [পত্‌ + ত্র] + পুট[পুট্‌ + অ]। ৬।১ পত্র-নির্মিত পুট (ঠোঙা) = মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র. : পত্রপুট= প্‌ + অ + ত্‌ + র্‌ + অ + প্‌ + উ + ট্‌ + অ।

পত্রপুষ্প : পত্র পুষ্প যার, রক্তভুলসী। বি। তৎসম। পত্র [পত্‌ + ত্র] + পুষ্প [পুষ্প্‌ + অ]। ৬।১

পত্রই পুষ্প যার = বহুব্রী। ৩।৫ বি.দ্র. : পত্র-পুষ্প = প্ + অ + ত্ + র্ + অ + প্ + উ + ষ্ + প্ + অ।'উ'-র পর 'ষ্' হয়েছে।

পত্রবাহক : যে পত্র পৌঁছে দেয়। বি, বিণ। তৎসম। পত্র [পত্ + ত্র] + বাহক [বহ্ + অক]। ৬।১ পত্রের বাহক = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পত্রবাহক= প্ + অ + ত্ + র্ + অ + ব + আ + হ্ + অ +ক্ + অ।

পত্রসূচী, পত্রসূচি : সূচিপত্র, সূচীপত্র। বি। তৎসম। পত্র [পত্ + ত্র] + সূচি, সূচী [সূচ্(আরম্ভ করা) + ই(বিকল্পে ঈ)]। ৬।১ পত্রের সূচি বা সূচী [ক্রম]= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পত্রসূচি, পত্রসূচী= প্ + অ + ত্ + র্ + অ + স্ + ঊ + চ্ + ই [ঈ]। স্ + ঊ=সূ।

পত্রিকা : সংবাদপত্র। বি। তৎসম। পত্র [পত্ + ত্র] + ইক + আ [স্ত্রী]। ৬।২, ৭।১।ক বি.দ্র. : পত্রিকা = প্ + অ + ত্ + র্ + ই + ক্ + আ।

পত্রোদ্গম : নতুন পাতা গজানো। বি। তৎসম। পত্র [পত্ + ত্র] + উদ্গম [উৎ + গম্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ =ও [ত্রো] ২।৫।ক ৎ + গ= দ্ + গ = দ্গ। ২।১৫ পত্রের উদ্গম [উদ্ভব] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পত্রোদ্গম = প্ + অ + ত্ + র্ + ও + দ্ + গ্ + অ + ম্ + অ।

পথ : রাস্তা। বি। তৎসম। পথ্ [গমন করা] + অ। যা দিয়ে গমন করা হয়। বি.দ্র. : পথ = প্ + অ + থ্ + অ।

পথকর : রাস্তা তৈরি ও মেরামত বাবদ দেয় কর। বি। তৎসম। পথ [পথ্ + অ] + কর [কৃ + অ]। ৬।১ পথের নিমিত্ত কর = নিমিত্ততৎ। ৩।৩ বি.দ্র. : পথকর = প্ + অ + থ্ + অ + ক্ + অ + র্ + অ।

পথখরচ : পাথেয়। বি। মিশ্র। সং. পথ [পথ্ + অ] + ফা. খরচ্‌হ্। ৬।১ পথের প্রয়োজনীয় খরচ= মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র. : প্ + অ + থ্ + অ + খ্ + অ + র্ + অ + চ্ + অ।

পথচলতি : পথিক। বিণ। তদ্ভব। পথ [পথ্ + অ] + চলতি [চল্ + বাং. তি]। ৬।১ পথে চলেছে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পথ-চলতি = প্ + অ + থ্ + অ + চ্ + অ + ল্ + ত্ + ই। শব্দমধ্যের 'ল' হসন্তবর্জিত।

পথচারী : পথিক। বি। তৎসম। পথ [পথ্ + অ] + চারী [চর্ + ইন্ (ঈ)। ৬।১ পথে চরে [চলে] যে = উপপদতৎ। ৩।৩। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পথপ্রান্ত : পথের ধার, পথের শেষ। বি। তৎসম। পথ [পথ্ + অ] + প্রান্ত [প্র + অন্ত (অম্ + ত)]। ৬।১ [সন্ধি] অ + অ=আ [প্রা]। ২।১।ক পথেব প্রান্ত [শেষ] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : প্রান্ত = প + র্ + আ + ন্ + ত্ + অ।

পথভোলা : যে পথ ভুলে গেছে। বিণ। তদ্ভব। পথ [পথ্ + অ] + ভোলা [<সং. ভুল্ + বাং. আ]। ৬।১ পথ ভুলেছে যে = উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পথভোলা = প্ + অ + থ্ + অ + ভ্ + ও + ল্ + আ।

পথভ্রষ্ট : বিপথগামী। বিণ। তৎসম। পথ [পথ্ + অ] + ভ্রষ্ট [ভ্রন্শ্ + ত] ৬।১ পথ থেকে ভ্রষ্ট = অপাদানতৎ। ৩।৩ বি.দ্র. : পথভ্রষ্ট = প্ + অ + থ্ + অ + ভ্ + র্ + অ + ষ্ + ট্ + অ। 'র্'-এর পর 'ষ' হয়েছে এবং ষ্ + ট্ = 'ষ্ট' হয়েছে। ২।২৪

পথভ্রান্ত : যে পথ ভুলে গেছে। বিণ। তৎসম। পথ [পথ্ + অ] + ভ্রান্ত [ভ্রম্ + ত]। ৬।১ পথে ভ্রান্ত = অধিকরণতৎ। ৩।৩ বি.দ্র. : পথভ্রান্ত = প্ + অ + থ্ + অ + ভ্ + র্ + আ + ন্ + ত্ + অ।

পথরোধ : যেতে না দেওয়া। বি। তৎসম। পথ [পথ্ + অ] + রোধ [রুধ্ + অ]। ৬।১ পথকে

রোধ = কর্মতৎ। ৩া৩

পথহারা : পথভ্রান্ত। বিণ। তদ্ভব। পথ [পথ্ + অ + হারা [তদ্ভব. হার (<সং. হৃ) + আ]। ৬া১ পথ হারিয়েছে যে = উপপদতৎ। ৩া৩ বি.দ্র. : প্ + অ + থ্ + অ + হ্ + আ + র্ + আ।

পথিক : পথচারী। বি। তৎসম। পথিন্ + ক। ৬া২ ['ন্' লুপ্ত হয়েছে এবং 'ক' যুক্ত হয়েছে]। পথে গমন করে যে = উপপদতৎ। ৩া৩ বি.দ্র. : পথিক = প্ + অ + থ্ + ই + ক্ + অ।

পথিকবধূ : প্রোষিতভর্তৃকা। বি। তৎসম। পথিক ['পথিক' দ্রষ্টব্য] + বধূ [বহ্ + ঊ বা বন্ধ্ + ঊ[ন্-লোপ]। ৬া১ যাকে বহন করা হয় [বধূ] বা যাকে বন্ধন করা হয় [বধূ] = উপপদতৎ। ৩া৩ পথে যায় যে = উপপদতৎ। ৩া৩ পথিকের [দূরযাত্রীর] বধূ = সম্বন্ধতৎ। ৩া৩ বি.দ্র. : পথিকবধূ= প্ + অ + থ্ + ই + ক্ + অ + ব্ + অ + ধ্ + ঊ।

পথিকবনিতা : প্রোষিতভর্তৃকা। বি। তৎসম। পথিক ['পথিক' দ্রষ্টব্য] + বনিতা [বন্(প্রার্থনা করা] + ইত + আ(স্ত্রী)]। যাকে প্রার্থনা করা যায় = উপপদতৎ। ৩া৩ পথিকের [দূরযাত্রীর] বনিতা [পত্নী] = সম্বন্ধতৎ। ৩া৩ বি.দ্র. : 'বনিতা' অবশ্যই 'ন'।

পথিকশালা : পান্থশালা। বি। তৎসম। পথিক ['পথিক' দ্রষ্টব্য] + শালা [শল্ + অ + আ]। ৬া১ পথিকদের নিমিত্ত শালা = নিমিত্ততৎ। ৩া৩

পথিকৃৎ : পথ-প্রস্তুতকারক। বি। তৎসম। পথিন্ + কৃৎ [কৃ + ক্বিপ্]। ৬া১ পথ [নির্মাণ] করে যে = উপপদতৎ। ৩া৩ বি.দ্র. : পথিকৃৎ = প্ + অ + থ্ + ই + ক্ + ঋ + ত্।

পথিমধ্যে : রাস্তায়। বি। তৎসম। পথিন্ + মধ্য [মধ্য + অ]। ৬া১ পথের মধ্য = সম্বন্ধতৎ। ৩া৩ + এ [অধিকরণ]।

পথেঘাটে : যেখানে সেখানে। ক্রি-বিণ। তৎসম। পথে [(পথ্ + অ) + এ(অধিকরণ)] + ঘাটে [(<সং. ঘট্ট) + এ(অধিকরণ)]। ৬া৪ পথে ও ঘাটে = অলুক্ দ্বন্দ্ব। ৩া৪

পথ্য : রোগীর উপযুক্ত খাদ্য। বিণ। তৎসম। পথিন্ + য [যৎ]। ৬া১ বি.দ্র. : পথ্য =প্ + অ + থ্ + য্ + অ।

পদ : অধিকার, পা। বি। তৎসম। পদ্ [গমন করা] + অ। ৬া১ বি. দ্র. : প্ + অ + দ্ + অ।

পদক : পুরস্কারের চিহ্নস্বরূপ ধাতুফলক। বি। তৎসম। পদ [পদ্ + অ] + ক। ৬া১, ৬া২ বি.দ্র. : পদক = প্ + অ + দ্ + অ + ক্ + অ।

পদকর্তা : বৈষ্ণব কবিতার রচয়িতা। বি। তৎসম। পদ [পদ্ + অ] + কর্তা [কৃ + তৃচ্(তা)। ৬া১ পদের কর্তা [যিনি করেন]= সম্বন্ধতৎ। ৩া৩ বা পদ রচনা করেন যিনি = উপপদতৎ। ৩া৩

পদকার : বৈষ্ণব কবিতার রচয়িতা। বি। তৎসম। পদ [পদ + অ] + কার [কৃ + অ। ৬া১ পদ [রচনা] করেন যিনি [পদকার] = উপপদতৎ। ৩া৩

পদক্ষেপ : পা-ফেলা। বি। তৎসম। পদ [পদ্ + অ] + ক্ষেপ [ক্ষিপ্ (ফেলা) + অ]। ৬া১ পদের ক্ষেপ = সম্বন্ধতৎ। ৩া৩ বি.দ্র. : পদক্ষেপ = প্ + অ + দ্ + অ + ক্ + ষ্ + এ + প্ + অ।

পদচারণ : পায়চারি। বি। তৎসম। পদ [পদ্ + অ] + চারণ [চর্ + ণিচ্ + অন]। ৬া১ পদের চারণ= সম্বন্ধতৎ। ৩া৩ বি.দ্র. : চারণ = চ্ + আ + র্ + অ + ণ + অ। 'র্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪া১া৭

পদচিহ্ন : পায়ের ছাপ। বি। তৎসম। পদ [পদ্ + অ] + চিহ্ন [চিহ্ন্ + অ]। ৬া১ পদের চিহ্ন = সম্বন্ধতৎ। ৩া৩ বি.দ্র. : পদচিহ্ন = প্ +

অ + দ্ + অ + চ্ + ই + হ্ + ন্ + অ।

পদচ্যুত : বরখাস্ত। বিণ। তৎসম। পদ [পদ্ + অ] + চ্যুত [চ্যু + ত]। ৬।১ পদ থেকে চ্যুত [ভ্রষ্ট] = অপাদানতৎ। ৩।৩ বি.দ্র. : পদচ্যুত= প্ + অ + দ্ + অ + চ্ + য্ + উ + ত্ + অ।

পদচ্ছায়া : পদাশ্রয়। বি। তৎসম। পদ [পদ্ + অ] + ছায়া [ছো + য(যৎ) + আ]। ৬।১ [সন্ধি] অ + ছা=অচ্ছা। ২।১৪ পদের ছায়া= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পদচ্ছায়া= প্ + অ + দ্ + অ + চ্ + ছ্ + আ + য়্ + আ।

পদছায়া : পদাশ্রয়।বি। তৎসম। পদ[পদ্ + অ] + ছায়া[ছো + য(যৎ) + আ]। ৬।১ [অ + ছ] সন্ধি হয় নি। সন্ধি না হলে 'পদ' এবং 'ছায়া'র মধ্যে একটি 'হাইফেন' দেওয়া উচিত।] পদের ছায়া = সম্বন্ধতৎ। ৩।৩

পদত্যাগ : চাকরি-ত্যাগ। বি। তৎসম। পদ [পদ্ + অ] + ত্যাগ [ত্যজ্ + অ]। ৬।১ পদকে ত্যাগ = কর্মতৎ। ৩।৩ বি.দ্র. : পদত্যাগ= প্ + অ + দ্ + অ + ত্ + য্ + আ + গ্ + অ।

পদদলিত : পায়ের তলায় পিষ্ট। বিণ। তৎসম। পদ [পদ্ + অ] + দলিত [দল্ + ত]। ৬।১ পদের দ্বারা দলিত = করণতৎ। ৩।৩ বি.দ্র. : পদদলিত= প্ + অ + দ্ + অ + দ্ + অ + ল্ + ই + ত্ + অ।

পদধ্বনি : হাঁটার সময় পায়ের আওয়াজ। বি। তৎসম। পদ [পদ্ + অ] + ধ্বনি [ধ্বন্ (শব্দ করা) + ই]। পদের ধ্বনি = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পদধ্বনি = প্ + অ + দ্ + অ + ধ্ + ব্ + অ + ন্ + ই। ধ্ + ব্ + অ=ধ্ব।

পদপ্রার্থী : চাকরি [illegible] বা অধিকার [illegible] বিণ। তৎসম। পদ [পদ্ + অ] + প্রার্থী [প্র + অর্থ্ + ইন্(ঈ)]। ৬।১ পদের প্রার্থী = সম্বন্ধ-তৎ। ৩।৩ বি.দ্র. : পদপ্রার্থী = প্ + অ + দ্ + অ + প্ + র্ + আ + র্ + থ্ + ঈ। প্ + র্ + আ=প্রা, র্ + থ্ + ঈ=র্থী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পদবি, পদবী : বংশ-পরিচায়ক, উপাধি। বি। তৎসম। পদ্ + অবি, পদ্ + অবি + ঈ। কাজেই, পদবি= [প্ + অ + দ্ + অ + ব্ + ই] বা, পদবী= [প্ + অ + দ্ + অ + ব্ + ঈ]— উভয় বানানই শুদ্ধ।

পদব্রজ : পায়ে হেঁটে যাওয়া। বি। তৎসম। পদ [পদ্ + অ] + ব্রজ [ব্রজ্ + অ]। ৬।১ পদের দ্বারা ব্রজ [ভ্রমণ] = করণতৎ। ৩।৩ বি.দ্র. : পদব্রজ= প্ + অ + দ্ + অ + ব্ + র্ + অ + জ্ + অ। ব্ + র্ + অ=ব্র।

পদরজঃ : পদধূলি। বি। তৎসম। পদ[পদ্ + অ] + রজঃ [রন্জ্ (রাঙানো) + অস্]। ৬।১ পদের রজঃ [ধূলি] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পদরজঃ= প্ + অ + দ্ + অ + র্ + অ + জ + ঃ। 'অস্' প্রত্যয়ের 'স্' লোপে বিসর্গ হয়েছে।

পদরেণু : পদধূলি। বি। তৎসম। পদ [পদ্ + অ] + রেণু [রী (ক্ষরিত হওয়া] + নু]। ৬।১ পদের রেণু = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পদরেণু = প্ + অ + দ্ + অ + র্ + এ + ণ্ + উ। 'র্' ও 'ন্' এর মধ্যে 'এ' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পদলেহন : পা চাটা। বি। তৎসম। পদ [পদ্ + অ] + লেহন[লিহ্ + অন]। ৬।১ পদকে লেহন= কর্মতৎ। ৩।৩ বি.দ্র. : পদলেহন = প্ + অ + দ্ + অ + ল্ + এ + হ্ + অ + ন্ + অ।

পদসেবা : পা টেপা। বি। তৎসম। পদ [পদ্ + অ] + সেবা [সেব্ + অ + আ]। ৬।১ পদের সেবা = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পদসেবা = প্ + অ + দ্ +অ+স্+এ+ব্+আ।

পদস্খলন : পা পিছলে যাওয়া, নৈতিক অধঃপতন। বি। তৎসম। পদ [পদ্ + অ] + স্খলন [স্খল্(পিছলে যাওয়া) + অন]। ৬।১ পদের স্খলন = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পদস্খলন = প্ + অ + দ্ + অ + স্ + খ্ + অ + ল্ + অ + ন্ + অ।

পদস্থ : পদে প্রতিষ্ঠিত। বিণ। তৎসম। পদ [পদ্ + অ] + স্থ [স্থা + অ]। ৬।১ পদে থাকে যে = উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পদস্থ = প্ + অ + দ্ + অ + স্ + থ্ + অ।

পদাঘাত : লাথি। বি। তৎসম। পদ [পদ্ + অ] + আঘাত [আ + হন্ + অ] ৬।১ [সন্ধি] অ + আ=আ[দা]। ২।১।খ পদের দ্বারা আঘাত = করণতৎ। ৩।৩ বি.দ্র. : পদাঘাত= প্ + অ + দ্ + আ + ঘ্ + আ + ত্ + অ।

পদাঙ্ক : পায়ের চিহ্ন। বি। তৎসম। পদ [পদ্ + অ] + অঙ্ক [অঙ্ক্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ=আ [দা]। ২।১।ক পদের অঙ্ক [চিহ্ন] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পদাঙ্ক = প্ + অ + দ্ + আ + ঙ্ + ক্ + অ।

পদাতি, পদাতিক : যে সৈন্য পায়ে হেঁটে যুদ্ধ করে। বি। তৎসম। পদ [পদ্ + অ] + অৎ [গমন করা] + ই, ইক। ৬।১ [সন্ধি] অ + অ=আ [দা]। ২।১।ক পদের দ্বারা অতি বা অতিক [গমনশীল] = করণতৎ। ৩।৩ বি.দ্র. : পদাতি, পদাতিক = প্ + অ + দ্ + আ + ত্ + ই, ক্ + অ।

পদানত : সম্পূর্ণভাবে অধীন। বিণ। তৎসম। পদ [পদ্ + অ] + আনত [আ + নম্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [দা]। ২।১।খ পদে আনত = অধিকরণতৎ। ৩।৩ বি.দ্র. : পদানত = প্ + অ + দ্ + আ + ন্ + অ + ত্ + অ।

পদাবলী : বৈষ্ণব গীতি-কবিতাসমূহ। বি। তৎসম। পদ [পদ্ + অ] + আবলী [আ + বল্ + ই + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ [সন্ধি] অ + আ=আ [দা]। ২।১।খ পদের [বৈষ্ণব কবিতার] আবলী [সমূহ] = সম্বন্ধতৎ। ৩।৩। বি.দ্র. : পদাবলী = প্ + অ + দ্ + আ + ব্ + অ + ল্ + ঈ।

পদাম্বুজ : পাদপদ্ম। বি। তৎসম। পদ [পদ্ + অ] + অম্বুজ [অম্বু + জন্ (জন্ম হওয়া) + অ]। ৬।১ [সন্ধি] অ + অ=আ [দা]। ২।১।ক অম্বুতে জন্মে যা [পদ্ম] = উপপদতৎ। ৩।৩ পদ-রূপ অম্বুজ = রূপক-কর্মধা। ৩।২ বি.দ্র. : পদাম্বুজ= প্ + অ + দ্ + আ + ম্ + ব্ + উ + জ্ + অ।

পদার্থ : দ্রব্য। বি। তৎসম। পদ [পদ্ + অ]। অর্থ [অর্থ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ=আ [দা]। ২।১।ক পদের অর্থ [প্রতিপাদ্য] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পদার্থ = প্ + অ + দ্ + আ + র্ + থ্ + অ।

পদার্থবিজ্ঞান : জড় পদার্থের সাধারণ ধর্ম-বিষয়ক বিদ্যা। বি। তৎসম। পদ[পদ্ + অ] + অর্থ [অর্থ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ=আ [দা]। ২।১।ক বিজ্ঞান [বি + জ্ঞা (জানা) + অন]। ৬।১পদার্থ-বিষয়ক বিজ্ঞান = মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র. : পদার্থ = প্ + অ + দ্ + আ + র্ + থ্ + অ। বিজ্ঞান = ব্ + ই + জ্ + ঞ্ + আ + ন্ + অ।

পদার্থবিদ্যা : জড় পদার্থের সাধারণ ধর্ম-বিষয়ক বিদ্যা। বি। তৎসম। পদ [পদ্ + অ] + অর্থ [অর্থ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ=আ [দা] ২।১।ক বিদ্যা [বিদ্ (জানা) + য(যৎ) + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক পদার্থ-বিষয়ক বিদ্যা = মধ্যপ-কর্মধা। ৩।২

পদার্পণ : আগমন, পদ-স্থাপন। বি। তৎসম। পদ [পদ্ + অ] + অর্পণ [অর্পি (দান করা) + অন]। ৬।১ [সন্ধি] অ + অ=আ [দা]। ২।১।ক পদের অর্পণ= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র : পদার্পণ

= প্ + অ + দ্ + অ + র্ + প্ + অ + ণ্ + অ। 'র্' ও 'ন' এর মধ্যে 'প্' ও 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

পদাশ্রয়: অনুগ্রহপূর্ণ আশ্রয়। বি। তৎসম। পদ [পদ্ + অ] + আশ্রয় [আ + শ্রি + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [দা]। ২।১।ক পদের আশ্রয় = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পদাশ্রয় = প্ + অ + দ্ + আ + শ্ + র্ + অ + য়্ + অ।

পদাশ্রিত: দয়াশ্রিত। বিণ। তৎসম। পদ [পদ্ + অ] + আশ্রিত [আ + শ্রি + ত]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [দা]। ২।১।খ পদে আশ্রিত [অধিকরণতৎ] ৩।৩ বি.দ্র.: পদাশ্রিত= প্ + অ + দ্ + আ+শ্+র্+ই+ত্+অ।

পদাহত: পদাঘাত-প্রাপ্ত। বিণ। তৎসম। পদ [পদ্ + অ] + আহত [আ + হন্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ=আ [দা]। ২।১।ক পদের দ্বারা আহত = করণতৎ। ৩।৩ বি.দ্র.: পদাহত = প্ + অ + দ্ + আ + হ্ + অ + ত্ + অ।

পদিনা, পুদিনা: চাটনিতে ব্যবহার্য তীব্র ঘ্রাণযুক্ত শাক। বি। বিদেশী। <ফা. পোদীনা।

পদে পদে: প্রতি পদক্ষেপে। ক্রি-বিণ। তৎসম। পদে পদে [পদ্ + অ] + এ] + পদে[পদ(পদ্ + অ) + এ(অধিকরণ)]

পদোন্নতি: চাকরীতে উন্নতি। বি। তৎসম। পদ [পদ্ + অ] + উন্নতি [উৎ + নম্ + তি]। ৬।১ [সন্ধি] অ + উ=ও [দো]। ২।৫।ক পদের উন্নতি = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পদোন্নতি = প্ + অ + দ্ + ও + ন্ + ন্ + অ + ত্ + ই।

পদ্ধতি: প্রণালী। বি। তৎসম। পদ [পদ্ + অ] + হতি [হন্ + তি]। ৬।১ [সন্ধি] দ্ + হ = দ্ + ধ=দ্ধ। ২।২১ পদের দ্বারা হতি [আঘাত] = করণতৎ। ৩।৩ পায়ের আঘাতে তৈরী পথ। বি.দ্র.: পদ্ধতি = প্ + অ + দ্ + ধ্ + অ + ত্ + ই।

পদ্ম: কমল। বি। তৎসম। পদ্ + ম [মন্]। ৬।১ যাতে লক্ষ্মী গমন করেন বা পা রাখেন।

পদ্মগন্ধ: পদ্মের মতো গন্ধযুক্ত। বিণ। তৎসম। পদ্ম ['পদ্ম' দ্রষ্টব্য] + গন্ধ [গন্ধ্ + অ]। ৬।১ পদ্মের মতো গন্ধ যার= বহুব্রী। ৩।৫ বি.দ্র.: পদ্মগন্ধ= প্ + অ + দ্ + ম্ + অ + গ্ + অ + ন্ + ধ্ + অ।

পদ্মনাভ: বিষ্ণু। বি। তৎসম। পদ্ম ['পদ্ম' দ্রষ্টব্য] + নাভ, নাভি [নহ্ (বন্ধন করা) + ই] ৬।১ পদ্ম নাভিতে যার [বিষ্ণু]= বহুব্রী। ৩।৫ [আবার, বিষ্ণুর নাভিপদ্মে ব্রহ্মার জন্ম বলে ব্রহ্মার আর এক নাম পদ্মনাভ। বি.দ্র.: পদ্মনাভ= প্ + অ + দ্ + ম্ + অ + ন্ + আ + ভ্ + অ।

পদ্মপলাশলোচন: পদ্মের পাপড়ির মতো যার চোখ [বিষ্ণু]। বি। তৎসম। পদ্ম ['পদ্ম' দ্রষ্টব্য] + পলাশ [পল + অশ্ + অ] + লোচন [লোচ্ + অন]। ৬।১ পদ্মের পলাশ [পাপড়ি]= সম্বন্ধতৎ। ৩।৩ পদ্মের পাপড়ির মতো লোচন বা চোখ যার [বিষ্ণু]= বহুব্রী। ৩।৫ বি.দ্র.: পদ্মপলাশলোচন= প্ + অ + দ্ + ম্ + অ + প্ + অ + ল + আ + শ্ + অ + ল্ + ও + চ্ + অ + ন্ + অ।

পদ্মা: লক্ষ্মী, সরস্বতী, মনসাদেবী। বি। তৎসম। পদ্ম [পদ্ + ম] + অ + আ। ৬।১ পদ্মে গমন করেন যিনি [লক্ষ্মী], পদ্মে বাস করেন যিনি [সরস্বতী], পদ্মে [পদ্মপত্রে জন্ম যাঁর [মনসা]। বি.দ্র.: পদ্মা= প্ + অ + দ্ + ম্ + আ।

পদ্মালয়া: লক্ষ্মী। বি। তৎসম। পদ্ম ['পদ্ম' দ্রষ্টব্য] + আলয়া [আ + লী (যুক্ত করা) + অ + আ[স্ত্রী]। ৬।১, ৭।১।ক [সন্ধি] অ + আ[দ্মা]। ২।১।খ পদ্ম আলয় [বসতি] যাঁর= বহুব্রী। বি.দ্র.: পদ্মালয়া=প + অ + দ্ + ম্ + আ + ল্ + অ + য্ + আ।

পদ্মাসনা : লক্ষ্মী, সরস্বতী। বি। তৎসম। পদ্ম ['পদ্ম' দ্রষ্টব্য] + আসনা [আস্ + অন + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [সন্ধি] অ + আ= আ [দ্মা]। ২।১।খ পদ্ম আসন যাঁর [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বি.দ্র. : পদ্মাসনা= প্ + অ + দ্ + ম্ + আ + স্ + অ + ন্ + আ।

পদ্মিনী : পদ্মপূর্ণ জলাশয়। বি। তৎসম। পদ্ম ['পদ্ম' দ্রষ্টব্য] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ পদ্ম বহুলভাবে আছে যাতে। বি.দ্র. : পদ্মিনী= প্ + অ +দ্ + ম্ + ই + ন্ + ঈ। আগে 'ই', পরে 'ঈ'।

পদ্য : ছন্দোবদ্ধ রচনা। বি। তৎসম। পদ্ + য [যৎ]। ৬।১ য [যুক্ত অর্থে]= ছন্দযুক্ত রচনা, যুগল [যুগ্ম] পঙ্‌ক্তির রচনা। পদ্ [গমন করা অর্থে]= ভাব-সরস্বতী যাতে গমন করেন।

পনস : কাঁঠাল গাছ বা ফল। বি। তৎসম। পন্ + অস। ৬।১

পনির, পনীর : লবণাক্ত জমাট ছানা। বি। বিদেশী। <ফা. পনীর্।

পন্থা : উপায়, পথ। বি। তৎসম। 'পথিন্' শব্দের প্রথমা একবচনের রূপ : পন্থাঃ। বাংলায় : [বিসর্গ] লুপ্ত হয়ে ব্যবহৃত হয়। বি.দ্র. : পন্থা= প্ + অ + ন্ + থ্ + আ।

পন্থী : সম্প্রদায়ভুক্ত। বিণ। তৎসম। পন্থা + ইন্ [ঈ]। ৬।২ পন্থা [অনুসরণ করার মতো] আছে যার। বি.দ্র. : পন্থী= প্ + অ + ন্ + থ্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পন্নগ : সাপ। বি। তৎসম। পদ্ [পা] + ন গ [গম্+অ]। ৬।১ [সন্ধি] দ্ + ন= ন্+ন= ন্ন। ২।২৫ পদে [পায়ে] গমন করতে পারে না যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পন্নগ= প্ + অ + ন্ + ন্ + অ + গ্ + অ।

পবন : যা পবিত্র করে, বাতাস। বি। তৎসম। পূ [পবিত্র বা নির্মল করা] + অন। ৬।১ [সন্ধি] উ + অ= ব। ২।৮। বি.দ্র. : পবন= প্ + অ + ব + অ + ন্ + অ।

পবনকুমার : ভীম, হনুমান। বি। তৎসম। পবন ['পবন' দ্রষ্টব্য] + কুমার [কুমারি (ক্রীড়া করা) + অ। ৬।১ পবনের কুমার [পুত্র]= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পবনকুমার= প্ + অ + ব্+ অ + ন্ + অ + ক্ + উ + ম্ + আ + র্ + অ।

পবনগতি : বায়ুগতি। বি। তৎসম। পবন ['পবন' দ্রষ্টব্য] + গতি [গম্ + তি]। ৬।১ পবনের মতো গতি যার= বহুব্রী। ৩।৫ বি.দ্র. : পবনগতি= প্ + অ + ব্ + অ + ন্ + অ + গ্ + অ + ত্ + ই।

পবননন্দন : ভীম, হনুমান। বি। তৎসম। পবন [পূ (পবিত্র করা বা নির্মল করা) + অন] + নন্দন [নন্দ্ (আনন্দিত হওয়া) + ণিচ্ + অন] ৬।১ [সন্ধি] উ + অ= ব। ২।৮ পবনের নন্দন= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : প্ + অ + ব্ + অ + ন্ + অ + ন্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ।

পবিত্র : পরিশুদ্ধ। বিণ। তৎসম। পূ [পবিত্র করা বা নির্মল করা] + ইত্র। ৬।১ [সন্ধি] উ + ই= বি। ২।৮।ঘ বি.দ্র. : পবিত্র= প্ + অ + ব্ + ই + ত্ + র্ + অ।

পয় : সৌভাগ্য। বি। তদ্ভব। < সং. পদ। বি.দ্র. : এই সংস্কৃত 'পদ' শব্দ থেকে হিন্দী 'পও' শব্দটির উদ্ভব। তা থেকে পাশার 'পওবারা' শব্দটি এসেছে। বাংলায় তা পোয়া বারো [পরম সৌভাগ্য] রূপে খুবই পরিচিত।

পয়ঃ, পয় : জল, দুগ্ধ। বি। তৎসম। পা [পান করা]+ অস্ [স্-লোপে :[বিসর্গ]। ৬।১ বাংলায় : [বিসর্গ]বর্জিত হয়েছে। যা পান করা যায়। যেমন : জল, দুগ্ধ [পয়স্বিনী নদী, পয়স্বিনী গবী]। বাংলায় 'পয়নালা' [নর্দমা]

পয়ঃ প্রণালী : নর্দমা। বি। তৎসম। পয়ঃ ['পয়ঃ'

দ্রষ্টব্য] + প্রণালী [প্র + নল্ + অ + ঈ (স্ত্রী)]। ৬।১ ঃ [বিসর্গ] + প= সন্ধি হয় না। পয়ের [জলের] প্রণালী [নির্গমনের পথ] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পয়ঃপ্রণালী= প্ + অ + য় + অ + ঃ + প্ + র্ + অ + ণ্ + আ + ল্ + ঈ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে [প্রণালী]। ৪।১।গ

পয়গম্বর : ঈশ্বরের বাণীবাহক। বিণ। বিদেশী। <ফা. পয়্গম্বর্।

পয়দল : পদব্রজে গমনকারী, পদাতিক। বিণ। বিদেশী। <হি. পৈদল <সং. পদতল।

পয়দা : সৃষ্টি। বি। বিদেশী। <ফা. পয়দা।

পয়নালা : নর্দমা। বি। তদ্ভব। <সং. পয়োনালী [পয়ঃ + নালী]। শব্দটির তৎসম রূপ ছিল 'পয়োনালী'। তার তদ্ভব রূপ হলো 'পয়নালা'।

পয়নালী : নর্দমা। বি। তদ্ভব। <সং. পয়োনালী [পয়ঃ + নালী [নল্ + অ + ঈ (স্ত্রী)]। তৎসম : পয়োনালী > তদ্ভব= পয়নালী। বি. দ্র.: পয়নালী= প্ + অ + য়্+অ+ন্+আ+ল্+ঈ।

পয়মন্ত : সৌভাগ্যবান, সৌভাগ্যবতী। বিণ। তদ্ভব। পয় [<সং. পদ= সৌভাগ্য] + মন্ত [<সং. মৎ= সম্পন্ন, যুক্ত]। বি.দ্র. : পয়মন্ত= প্ + অ + য়্ + অ + ম্ + অ + ন্ + ত্ + অ।

পয়মাল : বিনষ্ট, জলে ডুবে বিনষ্ট দ্রব্য। বি। বিদেশী। <ফা. পায়্মাল্। মতান্তরে, পয়মাল মিশ্র শব্দ তদ্ভব. পয় [সং. পয়ঃ= জল] + বিদেশী. [<আ. মাল = পণ্যদ্রব্য]। জাহাজ বা নৌকাডুবির পর যে সব পণ্যদ্রব্য সিক্ত ও বিনষ্ট অবস্থায় পাওয়া যায়, সেগুলিকে 'পয়মাল' বলা হয়।

পয়লা : প্রথম। বিণ। বিদেশী। <হি= পহিলা <সং. প্রথম।

পয়রা : জলের মতো তরল বা পাতলা। বিণ। তদ্ভব পয় [<সং. পয়স্] + রা [<বাং. ড়া]। যেমন : 'পয়রা' গুড়।

পয়লা : মাসের প্রথম তারিখ। বিণ। বিদেশী। <হি. পহিলা।

পয়সাওয়ালা : ধনবান্। বিণ। মিশ্র। তদ্ভব. পয় [<পাই <সং. পাদ= চতুর্থাংশ (আনার) পূর্বে প্রচলিত] + বাং. সা + হি. ওয়ালা।

পয়সাকড়ি : টাকা-পয়সা। বি। তদ্ভব। পয় [<পাই <সং. পার্দ= চতুর্থাংশ (আনার) + বাং. সা + কড়ি <সং. কপর্দিকা]।

পয়স্ত : নদীগ্রস্ত জমির স্থানে পুনরায় জেগে-ওঠা চর। বি। বিদেশী। <ফা. পয়বস্ত্ >পয়স্ত্ + বাং. ই।

পয়স্বিনী : জলপূর্ণা, দুগ্ধবতী গাভী [শুদ্ধ রূপ : গবী]। বিণ। তৎসম। পয়স্ [জল বা দুগ্ধ] + বিন্ ['আছে' অর্থে] + ঈ [স্ত্রী]। ৬।২ ৭।১।চ বি.দ্র. : পয়স্বিনী= প্ + অ + য়্ + অ + স্ + ব্ + ই + ন্ + ঈ।

পয়া : সৌভাগ্যবান, সৌভাগ্যবতী। বিণ। তদ্ভব। পয় [<সং. পদ= সৌভাগ্য] + আ, আ [স্ত্রী] পয় বা সৌভাগ্য আছে যার [পুরুষ বা স্ত্রী]।

পয়ার : ১৪ অক্ষরের বাংলা ছন্দ। বি। তদ্ভব। পয় [<সং. পদ] + আর ['আছে' অর্থে : মতান্তরে, চার [চর্ + অ= চার)]। চৌদ্দ অক্ষরের পয়ার ছন্দে যে পদ বা চরণ আছে, তাতে কবিতার ভাব বিচরণ করে।

পয়োধর : স্তন। বি। তৎসম। পয়ঃ [পয়স্= দুগ্ধ]+ ধর [ধৃ + অ]। ৬।১ [সন্ধি] অঃ+ ধ= ওধ [য়োধ]। ২।৩৯ পয়ঃ [দুগ্ধ] ধারণ করে যা [স্তন]= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পয়োধর = প্+অ+য়্+ও+ধ্+অ+ র্+অ।

পয়োধারা : জলধারা। বিণ। তৎসম। পয়ঃ [পয়স্ = দুগ্ধ] + ধারা [ধৃ + ণিচ্ + অ + আ (স্ত্রী)]। ৬।১ [সন্ধি] অঃ + ধা= ওধা [য়োধা]। ২।৩৯ পয়ের [দুগ্ধের] ধারা= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পয়োধারা= প্ + অ + য়্ + ও + ধ্ + আ + র্ + আ।

পয়োনালী : নর্দমা। বি। তৎসম। পয়ঃ [পয়স্= জল] + নালী [নল্ + অ + ঈ (স্ত্রী)]। ৬।১ [সন্ধি] অঃ + না= ওনা [য়োনা]। ২।৩৯ পয়ের [জলের] নালী= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পয়োনালী= প্ + অ + য় + ও + ন্ + আ+ ল্ + ঈ।

পয়োমুক্ : মেঘ। বি। তৎসম। পয়ঃ [পয়স্= জল] + মুক্ [মুচ্ + ক্বিপ্]। [চ্= ক্]। ৬।১ [সন্ধি] অঃ + মু= ওমু [য়োমু]। ২।৩৯ পয়ঃ [জল] মোচন করে যে [মেঘ] = উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পয়োমুক্ = প্ + অ + য্ + ও + ম্ + উ + ক্।

পয়োরাশি : সমুদ্র। বি। তৎসম। পয়ঃ [পয়স্ = জল] + রাশি [অশ্ (ব্যাপ্ত করা) + ই— 'র্'-এর আগম]। ৬।১ [সন্ধি] অঃ + রা= ওরা [য়োরা]। ২।৩৯ পয়ের [জলের] রাশি [সমূহ]= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পয়োরাশি= প্ + অ + য় + ও + র্ + আ + শ্ +ই।

পর : অন্য, নিষ্ঠ, পরম। বিণ। তৎসম। পৃ [পূর্ণ করা] + অ। ৬।১

পরকলা : আয়না, কাচ। বি। বিদেশী। <ফা. পর্কালা।

পরকাল : ভবিষ্যৎ। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + কাল [কল্ (গমন করা) + ণিচ্ + অ]। ৬।১ পরবর্তী কাল= মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র. : পরকাল= প্ + অ + র্ + অ + ক্ + আ + ল্ + অ।

পরকীয়, পরকীয়া : অন্যের, যে পরস্ত্রী প্রেমের নায়িকা। বিণ। তৎসম। পর + [ক] + ঈয় + আ [স্ত্রী]। ৬।২ 'ক'-এর আগম। বি.দ্র. : পরকীয়, পরকীয়া= প্ + অ + র্ + অ + ক্ + ঈ + য্ + অ + আ।

পরখ : পরীক্ষা। বি। তদ্ভব। <সং. পরীক্ষা [পরি (সব দিক) + ঈক্ষা (দেখা)]। বি.দ্র. : পরখ= প্ + অ + র্ + অ + খ্ + অ।

পরগনা : অনেকগুলি মৌজার সমষ্টি। বি। বিদেশী। <ফা. পর্গনা। বি.দ্র. : বিদেশী শব্দ 'পরগনা'-য় সংস্কৃত ণত্ব-বিধানের প্রয়োগ অবিধেয়।

পরগাছা : অন্য গাছকে আশ্রয় করে যে গাছ জন্মে ও বাঁচে, পরাশ্রিত ব্যক্তি। বি। তদ্ভব। পর [অন্য] + গাছ [<সং. (অ) গচ্ছ] + বাং. আ। ৬।৩ পর [অন্য] গাছের আশ্রিত গাছ + আ ['ক্ষুদ্র' অর্থে]। বি.দ্র. : পরগাছা= প্ + অ + র্ + অ + গ্ + আ + ছ্ + আ।

পরচর্চা : পরের নিন্দা-মন্দ আলোচনা। বি। তৎসম। পর [অন্য] + চর্চা [চর্চ্ (আলোচনা করা] + অ + আ। ৬।১ পরের বিষয়ে চর্চা [নিন্দা-মন্দ আলোচনা= মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র. : পরচর্চা= প্ + অ + র্ + অ +চ্ + অ + র্ +চ্ + আ।

পরচা : জমির পরিমাণ খাজনা ইত্যাদি বিষয়ক পরিচয়-পত্র। বি। বিদেশী। <হি. পরচা <সং. পরিচয়।

পরচাল : চালের সঙ্গে যুক্ত ছোট চাল। বি। তৎসম। পর [পৃ + অ = অন্য] + চাল [চল্ + অ= গৃহের আচ্ছাদন]। ৬।১ পর [অন্য] চাল [গৃহাচ্ছাদন] = কর্মধা। ৩।২

পরচালা : চালের সঙ্গে যুক্ত ছোট চাল। বাং. আ। বি। তদ্ভব। পর [অন্য= অতিরিক্ত] + চাল [ঘরের চাল] + 'পরচাল' দ্রষ্টব্য।

পরচুল, পরচুলা : কৃত্রিম চুলদাড়ি ইত্যাদি। বি। তদ্ভব। পর [অন্য] + তদ্ভব. চুল + বাং. আ। ৬।৩

পরচ্ছিদ্র : পরের দোষত্রুটি। বি। তৎসম। পর [পৃ + অ= অন্য] + ছিদ্র (ছিদ্ + র]। ৬।১ [সন্ধি] অ + ছি= অচ্ছি ['চ্'-র আগম]। ২।১৪ পরের ছিদ্র [দোষত্রুটি]= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পরচ্ছিদ্র= প্ + অ + র্ + অ + চ্ + ছ্ + ই + দ্ + র্ + অ।

পরচ্ছিদ্রান্বেষণ : পরের দোষত্রুটি খোঁজা। বি। তৎসম। পরচ্ছিদ্র ['পরচ্ছিদ্র' দ্রষ্টব্য] + অন্বেষণ

[অনু + এষণ (ইষ্ + অন), ই= এ]। ৬।১ [সন্ধি] অ+অ= আ [দ্রা]। ২।১।ক, উ+এ= বে [ম্বে]। ২।৮।চ পরচ্ছিদ্রের অন্বেষণ= সম্বন্ধতৎ। ৩।৩ বি. দ্র.: পরচ্ছিদ্রান্বেষণ= প্ + অ + র্ + অ+ চ্ +ছ্ +ই + দ্ +র্ +আ + ন্ + ব্ + এ + ষ্ + অ + ণ্ + অ। 'এ'-র পর 'ষ্' হয়েছে, 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরচ্ছিদ্রান্বেষী: নিন্দুক। বিণ। তৎসম। পরচ্ছিদ্র ['পরচ্ছিদ্র' দ্রষ্টব্য] + অন্বেষী [অনু + এষী (ইষ্ + ইন্ = ঈ)]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [দ্রা]। ২।১।ক, উ+ এ= বে [ম্বে]। ২।৮।চ পরচ্ছিদ্র অন্বেষণ করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পরচ্ছিদ্রান্বেষী= প্ + অ + র্ + অ + চ্ + ছ্ + ই + দ্ + র্ + আ + ন্ + ব্ + এ + ষ্ + ঈ। 'এ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পরজাতি: ভিন্নজাতি। বি। তৎসম। পর [পৃ + অ] + জাতি [জন্ (জন্মদান করা) + তি]। ৬।১ পর [ভিন্ন, অন্য] জাতি= কর্মধা। ৩।২

পরজারি: হলপ করে মিথ্যা সাক্ষ্য দেওয়া। বি। বিদেশী। <ইং. perjury.

পরজীবী: যে পরের সাহায্যে বাঁচে। বিণ। তৎসম। পর [পৃ + অ] + জীবী [জীব্ + ইন্ (ঈ)] ৬।৫ পরের সাহায্যে জীবিত থাকে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পরজীবী= প্ + অ + র্ + অ + জ্ +ঈ + ব্ +ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পরটা, পরাটা, পরোটা: ঘিয়ে-ভাজা ভাঁজযুক্ত মোটা রুটি। বি। তদ্ভব। <সং. পুরোডাশ। মতান্তরে, <হি. পরাঠা।

পরণকথা: প্রাচীন রূপকথা বা লোককাহিনী। বি। তদ্ভব। পরণ [পুরাণ (<সং. পুরাতন] + কথা [কথ্ + অ + আ]। মতান্তরে, পরণ [<সং. পরিধান] + কথা। পূর্বে বাংলাদেশে নক্শী কাঁথার মতো পরনের শাড়ীতে নানা রঙের সুতো দিয়ে বিভিন্ন রূপকথা বা লোককাহিনী চিত্রিত করার প্রথা প্রচলিত ছিল। সেই কাহিনীগুলিই 'পরণ-কথা'। পুরাণের কথাও তাতে থাকতো কিন্তু শব্দটি 'পুরাণকথা' নয়, 'পরণকথা'। জীবনানন্দ দাশ তাঁর 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থে শব্দটিকে স্মরণীয়তা দান করেছেন। কিন্তু এই তদ্ভব শব্দটিতে সংস্কৃত 'ণত্ব-বিধান' প্রয়োগ অনুচিত। শুদ্ধ বানান= 'পরনকথা'।

পরত: ভাঁজ। বি। তদ্ভব। <সং. পত্র= প্ + অ + ত্ + র্ + অ >প্ + অ + র্ + অ + ত্ [বর্ণ-বিপর্যয়]। মতান্তরে, <আ. ফর্দ্।

পরতন্ত্র: পরের ইচ্ছা দ্বারা চালিত। বি। তৎসম। পর [পৃ + অ] + তন্ত্র [তন্ত্র্ + অ]। ৬।১ পরের দ্বারা চালিত তন্ত্র= করণতৎ। ৩।৩ অর্থাৎ, পরাধীন।

পরত্র: পরলোক। ক্রি-বিণ। তৎসম। পর [পৃ + অ= অন্য] + ত্র [কালে]— অধিকরণ। অর্থাৎ, পরকালে।

পরদানশীন: অন্তঃপুরবাসিনী। বিণ। বিদেশী। <ফা. পরদানশীন্।

পরদার: পরস্ত্রী। বি। তৎসম। পর [পৃ + অ] + দার [দৃ + অ]। ৬।১ পরের [অন্যের] দার [স্ত্রী]= সম্বন্ধতৎ। ৩।৩

পরদারিক: পরস্ত্রীতে গমনকারী। বি। তৎসম। পরদার ['পরদার' দ্রষ্টব্য] + ষ্ণিক [ইক]। ৬।২ বি.দ্র.: পরদারিক= প্ + অ + র্ + অ + দ্ + আ + র্ + ই + ক্ + অ। শব্দটি 'ইক'-প্রত্যয়ান্ত, তাই 'দারিক' 'ই'-কার।

পরদেশ: বিদেশ। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য= অন্য] + দেশ= দিশ্ + অ। ৬।১ পরের [অন্যের] দেশ= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরদেশ= প্ + অ + র্ + অ + দ্ + এ + শ্ + অ।

পরদেশিয়া : ভিন্‌দেশী। বি। তদ্ভব। পরদেশ ['পরদেশ' দ্রষ্টব্য] + বাং. ইয়া। ৩।৩ পরের দেশিয়া [দেশের লোক] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পরদেশিয়া= প্ + অ + র্ + অ + দ্ + এ + শ্ +ই + য্ + আ।

পরদেশিনী : ভিন্‌দেশিনী। বিণ। তৎসম। পরদেশ ['পরদেশ' দ্রষ্টব্য] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।চ পরের দেশিনী [দেশের স্ত্রীলোক] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পরদেশিনী= প্ + অ +র্ + অ + দ্ + এ + শ্ + ই + ন্ + ঈ। শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

পরদেশী : ভিনদেশী। বিণ। তৎসম। পরদেশ ['পরদেশ' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।২ পরের [অন্যের] দেশী= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পরদেশী : প্ + অ + র্ + অ + দ্ + এ + শ্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]– প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পরদ্বেষ : অপরের প্রতি দ্বেষ। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + দ্বেষ [দ্বিষ্ (শত্রুতা করা) + অ]। ৬।১ পরের প্রতি দ্বেষ [শত্রুতা] = কর্মতৎ। ৩।৩ বি.দ্র. : পরদ্বেষ= প্ + অ + র্ + অ + দ্ + ব্ + এ + ষ্ + অ। 'এ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

পরদ্বেষী : যে পরের অহিত চিন্তা করে। বিণ। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + দ্বেষী [দ্বিষ্ +ইন (ঈ)]। ৬।১ পরের প্রতি দ্বেষ করে যে= উপপদতৎ। বি.দ্র. : পরদ্বেষী= প্ + অ + র্ + অ + দ্ + ব্ + এ + ষ্ + ঈ। 'এ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত; তাই 'ঈ'-কারান্ত।

পরধন : পরের ধন-সম্পত্তি। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + ধন [ধন্ + অ]। ৬।১ পরের ধন= সম্বন্ধতৎ। ৩।৩

পরধর্ম : অপরের ধর্ম। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + ধর্ম [ধৃ + ম]। ৬।১ পরের ধর্ম= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পরধর্ম= প্ + অ + র্ + অ + ধ্ + অ + র্ + ম্ + অ। র্ + ম্ + অ= র্ম।

পরধর্মদ্বেষী : যে অপরের ধর্মমত অশ্রদ্ধা করে। বিণ। তৎসম। পরধর্ম ['পরধর্ম' দ্রষ্টব্য] + দ্বেষী [দ্বিষ্ +ইন্ (ঈ)]। ৬।১ পরধর্মকে দ্বেষ [শত্রুতা] করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পরধর্মদ্বেষী= প্ + অ + র্ + অ + ধ্ + অ + র্ + ম্ + অ + দ্ + ব্ + এ + ষ্ +ঈ। 'এ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পরন : পরিধান। বি। তদ্ভব। <সং. পরিধান। অথবা, পর্ [তদ্ভব. পরা] + অন। ৬।১ বি.দ্র. : পরন= প্ + অ + র্ + অ + ন্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকা সত্ত্বেও তদ্ভব শব্দ বলে 'ন' 'ন'-ই থেকেছে।

পরনারী : অন্যের স্ত্রী। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + নারী [নর বা নৃ+ ঈ (স্ত্রী)]। পরের নারী= সম্বন্ধতৎ। ৩।৩ 'নারী' 'ঈ' [স্ত্রী]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পরনিন্দা : অপরের নিন্দা। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + নিন্দা [নিন্দ্ (নিন্দা করা)+ অ + আ। ৬।১ পরের নিন্দা= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পরনিন্দা= প্ + অ + র্ + অ + ন্ + ই + ন্ + দ্ + আ।

পরন্তপ : শত্রুপীড়ক। বির। তৎসম। পরম 'পর' দ্রষ্টব্য [কর্মকারকের একবচনে হয় 'পরম্'] + তপ [তপ্ + ণিচ্ (তাপিত করা বা ক্লেশ দেওয়া) + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ত= ন্ +ত= ন্ত। ২।২৮ পর বা শত্রুকে তাপিত করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পরন্তপ : প্ + অ + র্ + অ + ন্ + ত্ + অ + প্ + অ।

পরন্তু : অধিকন্তু। অব্য। তৎসম। পরম্ + তু। [সন্ধি] ম্ + তু= ন্ + তু= ন্তু। ২।২৮ পরম্ = অধিকম্। বি.দ্র. : পরন্তু= প্ + অ +র্ +

অ + ন্ + ত্ + উ।

পরপতি : উপপতি। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + পতি [পা (রক্ষা করা) + অতি]। ৬।১ পরের [পরনারীর] পতি= সম্বন্ধতৎ। ৩।৩

পরপর : আগুপিছু। ক্রি-বিণ। তদ্ভব। অর্থাৎ, পরে + পরে= একের পরে আর- এক।

পরপীড়ক : যে অন্যের ওপরে উৎপীড়ন করে। বিণ। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + পীড়ক [পীড়্ (পীড়া দেওয়া) + অক। ৬।১ পরকে পীড়া দেয় যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পরপীড়ক= প্+ অ + র্ + অ + প্ + ঈ + ড়্ + অ + ক্ + অ। প্ + ঈ= পী।

পরপীড়ন : অন্যের ওপরে অত্যাচার। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + পীড়ন [পীড়্ (পীড়া দেওয়া) + অন। ৬।১ পরকে পীড়ন= কর্মতৎ। ৩।৩ বি.দ্র. : পরপীড়ন= প্ + অ + র্ + অ + প্ + ঈ + ড়্ + অ + ন্ + অ। প্ + ঈ= পী।

পরপুরুষ : পতি ভিন্ন অন্য পুরুষ। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + পুরুষ [পৃ + উষ]। ৬।১ পৃ= পুর্ [যে অন্যের অভাব পূরণ করে]। পর যে পুরুষ [নারীর কাছে পতি ভিন্ন] = কর্মধা। ৩।২ বি.দ্র. : পুরুষ= প্ + উ + র্ + উ + ষ্ + অ। 'উ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

পরপুষ্ট : কোকিল, অন্যের দ্বারা পালিত। বিণ। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + পুষ্ট [পুষ্ + ত]। ৬।১ পরের দ্বারা পুষ্ট= করণতৎ। বি.দ্র: পরপুষ্ট= প্ + অ + র্ + অ + প্ + উ + ষ্ + ট্ + অ। 'উ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক 'ষ্'-এর সঙ্গে সন্ধির ফলে 'ত্' 'ট্' হয়েছে। ২।২৪

পরপুষ্টা : গণিকা। বিণ। তৎসম। পরপুষ্ট ['পরপুষ্ট' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক পরের দ্বারা পুষ্টা [প্রতিপালিতা] = করণতৎ। ৩।৩ বি.দ্র. : 'উ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক 'ষ্'-এর সঙ্গে সন্ধির ফলে 'ত্' 'ট্' হয়েছে। ২।২৪

পরপূর্বা : অন্যপূর্বা। বিণ। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + পূর্বা [পূর্ব্ (পূরণ করা) + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক পর [অন্য পুরুষ] পূর্ব [ভর্তা] যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বি.দ্র. : পরপূর্বা= প্ + অ + র্ + অ + প্ + উ + র্ + ব্ + আ। প্ + উ= পু, র্ + ব্ + আ= র্বা।

পরব : পর্ব। বি। তদ্ভব। মূল শব্দ : পর্বন= পর্ব= প্ + অ + র্ +ব্ + অ= প্ + অ + র্ + [অ] + ব্ + অ। 'অ'-যোগে স্বরভক্তি।

পরবর্তিনী : পরস্থিতা। বিণ। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + বর্তিনী [বৃৎ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ। পরে অবস্থান করে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পরবর্তিনী= প্ + অ + র্ + অ + ব্ + অ + র্ + ত্ + ই + ন্ + ঈ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ত' থাকায় 'ন্' 'ন'-ই থেকেছে। শব্দটি 'ইন্'-প্রত্যয়ান্ত বলে 'ইন্'-এর সঙ্গে 'ঈ' যুক্ত হয়ে স্ত্রীলিঙ্গে রূপান্তরিত হয়েছে। ফলে, আগে 'ই', পরে 'ঈ'।

পরবর্তী : পরস্থিত। বিণ। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + বর্তী [বৃৎ + ইন্ (ঈ)]। ৬।১ পরে অবস্থান করে যে= উপপদতৎ। ৩।৩ শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত। বি.দ্র. : পরবর্তী= প্ + অ + র্ + অ + ব্ + অ + র্ + ত্ + ঈ।

পরবশ : পরাধীন। বিণ। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + বশ (বশ + অ]। ৬।১ পরের বশ= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পরবশ= প্ + অ + র্ + অ + ব্ + অ + শ্ + অ।

পরবাস : প্রবাস, পরের গৃহ। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + বাস [বস্ + অ]। ৬।১ পরের বাস [গৃহ বা ভূমি] = সম্বন্ধতৎ। ৩।৩ বি. দ্র. : পরবাস= প্ + অ + র্ + অ + ব্ + আ + স্ + অ।

পরবাসী : প্রবাসী। বিণ। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + বাসী [বস্ + ইন্ (ঈ)]। ৬।১ পর [দেশে] বাস করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: প্ + অ + র্ + অ + ব্ + আ + স্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পরবী : পরবের জন্য সংগৃহীত অর্থ বা প্রদত্ত পারিতোষিক। বি। তদ্ভব। মূল শব্দ = পর্বন্ = পর্ব= প্ + অ + র্ + ব্ + অ= প্ + অ + র্ + [অ] + ব্ + অ।= পরব [স্বরভক্তি] + ঈ। তাই শব্দটি শেষ পর্যন্ত 'ঈ'-কারান্ত।

পরব্রহ্ম : পরমেশ্বর। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + ব্রহ্ম [ব্রহ্মণ্]। বি. দ্র.: পর ব্রহ্ম= প্ + অ + র্ + অ + ব্ + র্ + অ + হ্ + ম্ + অ। স্মরণীয়: ব + র্ + অ= ব্র, হ্ + ম্ + অ= হ্ম। কিন্তু স্মরণীয়: 'ক্ষ'= ক্ + ষ্ + অ। এখানে তা হবে না।

পরভৃৎ : যে অন্যাকে পোষণ করে, কাক। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + ভৃৎ [ভৃ [ভরণ বা পালন করা] + ক্বিপ্। ৬।১ পরকে [কোকিলাশাবককে] ভরণ করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পরভৃৎ= প্ + অ + র্ + অ + ভ্ + ঋ + ৎ।

পরভৃত : পরের দ্বারা পালিত, কোকিল। বিণ। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + ভৃত [ভৃ (ভরণ বা পালন করা] + ত [কর্মধা]। ৬।১ পরের দ্বারা যে ভৃত [পালিত]= করণতৎ। ৩।৩ বি.দ্র.: পরভৃত= প্ + অ + র্ + অ + ভ্ + ঋ + ত্ + অ।

পরভৃতা : পরের দ্বারা পালিতা, কোকিলা। বিণ। তৎসম। পর [পর 'দ্রষ্টব্য'] + ভৃতা [ভৃ (পালন করা) + ত + আ (স্ত্রী]। ৬।১, ৭।১।ক পরের দ্বারা ভৃতা যে= করণতৎ। ৩।৩ বি.দ্র.: পরভৃতা= প্ + অ + র্+অ+ভ্+ঋ+ত্+আ।

পরম : সর্বশ্রেষ্ঠ। বিণ। তৎসম। পর [পৃ (পূর্ণ করা) + অ] + ম।

পরমত : পরের চিন্তাধারা। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + মত [মন্ + ত]। ৬।১ পরের মত = সম্বন্ধতৎ। ৩।৩

পরমহংস : মহাযোগী। বি। তৎসম। পরম ['পরম' দ্রষ্টব্য] + হংস [হন্ + 'স'-আগম) + অ। অথবা, হন্ + স। মতান্তরে, 'অহং সঃ' ('অ' লুপ্ত)। 'আমিই তিনি' মনে করে যিনি সংসারাসক্তিকে বধ করেন, তিনিই 'হংস' [আত্মা তথা পরমাত্মা]। পরম হংস [আত্মা] = কর্মধা। ৩।৩

পরমা : সর্বশ্রেষ্ঠা। বিণ। তৎসম। পরম ['পরম'] দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক

পরমাণু : অণুর ক্ষুদ্র অংশ। বি। তৎসম। পরম ['পরম' দ্রষ্টব্য] + অণু [অণ্ (শব্দ করা) + উ (স্বল্প মাত্র)। ৬।১ [সন্ধি] অ + অ =আ [মা]। ২।১।ক পরম অণু = কর্মধা। ৩।২ বি.দ্র.: পরমাণু =প্ + অ + র্ + অ + ম + আ + ণ্ + উ। 'অণু'-র 'ণ' মৌলিক 'ণ'। ৪।১।ছ

পরমাত্মা : পরমব্রহ্ম। বি। তৎসম। পরম ['পরম' দ্রষ্টব্য] + আত্মা [আত্মন্]। [সন্ধি] অ + আ = আ [মা]। ২।১।খ পরম [শ্রেষ্ঠ] আত্মা = কর্মধা। ৩।২ বি.দ্র.: পরমাত্মা = প্ + অ + র্ + অ + ম্ + আ + ত্ + ম্ + আ। ত্ + ম্ + আ = ত্মা।

পরমাত্মীয় : ঘনিষ্ঠ আপনজন। বি,বিণ। তৎসম। পরম ['পরম' দ্রষ্টব্য] + আত্মীয় [আত্মন্ + ঈয়]। ৬।২ [সন্ধি] অ + আ = আ [মা]। ২।১।খ পরম যে আত্মীয় = কর্মধা। ৩।২ বি.দ্র.: পরমাত্মীয় = প্ + অ + র্ + অ + ম্ + আ + ত্ + ম্ + ঈ + য্ + অ। ত্ + ম্ + ঈ = ত্মী।

পরমাদর : অত্যন্ত প্রীতিপূর্ণ আপ্যায়ন। বি। তৎসম। পরম ['পরম' দ্রষ্টব্য] + আদর [আ + দৃ+অ]। ৬।১ [সন্ধি] অ+আ= আ [মা]। ২।১।খ পরম আদর = কর্মধা। ৩।২ বি.দ্র.: পরমাদর = প্ + অ + র্ + অ+ম্+আ+দ্+অ+র্+অ।

পরমানন্দ : অতীব আনন্দ। বি। তৎসম। পরম [‘পরম’ দ্রষ্টব্য] + আনন্দ [আ + নন্দ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [মা]। ২।১।খ পরম আনন্দ = কর্মধা। ৩।২ বি.দ্র.: পরমানন্দ =প্ + অ+ র্ + অ + ম্ + আ + ন্ + অ + ন্ + দ্ + অ। ন্ + দ্ + অ = ন্দ।

পরমান্ন : পায়স। বি। তৎসম। পরম [‘পরম’ দ্রষ্টব্য] + অন্ন [অদ্ (খাওয়া) + ত]। ৬।১ [সন্ধি] অ+ অ = আ [মা]। ২।১।খ পরম যে অন্ন = কর্মধা। ৩।২ বি.দ্র.: পরমান্ন = প্ + অ + র্ + অ + ম্ + আ + ন্ + ন্ + অ। ন্ + ন্ + অ = ন্ন।

পরমায়ু : আয়ু। বি। তৎসম। পরম [‘পরম’ দ্রষ্টব্য] + আয়ু [ই (গমন করা বা চলা) + উ(স্)]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [মা]। ২।১।খ পরম যে আয়ু = কর্মধা। ৩।২ বি.দ্র.: পরমায়ু = প্ + অ + র্ + অ + ম্ + আ + য্ + উ।

পরমুখাপেক্ষী : পরের অনুগ্রহের ওপর নির্ভরশীল। বিণ। তৎসম। পর [‘পর’ দ্রষ্টব্য] + মুখ + অপেক্ষী [অপ + ঈক্ষ্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [খা]। ২।১।ক অ + ঈ = এ [পে]। ২।৪।খ পরের মুখ = সম্বন্ধতৎ। ৩।৩ পরমুখে অপেক্ষা করে যে = উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পরমুখাপেক্ষী = প্ + অ + র্ + অ + ম্ + উ + খ্ + আ + প + এ + ক্ + ষ্ + ঈ। শব্দটি ‘ইন্’ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ‘ঈ’-কারান্ত।

পরমুখাপেক্ষিণী [স্ত্রী] : পরের অনুগ্রহের ওপর নির্ভরশীল । বিণ। তৎসম। পরমুখাপেক্ষিন্ [‘পরমুখাপেক্ষী’ দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।চ বি.দ্র.: পরমুখাপেক্ষিণী প্ + অ + র্ + অ + ম্ + উ + খ্ + আ + প + এ + ক্ + ষ্ + ই + ণ্ + ঈ। ‘ষ্’ ও ‘ন্’-এর মধ্যে ‘ই’ থাকায় ‘ন্’ ‘ণ্’ হয়েছে। ৪।১।গ

পরমেশ : পরমেশ্বর। বি। তৎসম। পরম [‘পরম’ দ্রষ্টব্য] + ঈশ [ঈশ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + ঈ = এ [মে] ২।৪।খ পরম ঈশ = কর্মধা। ৩।২ বি.দ্র.: পরমেশ = প্ + অ + র্ + অ + ম্ + এ + শ্ + অ।

পরমেশ্বর : জগদীশ্বর। বি। তৎসম। পরম [‘পরম’ দ্রষ্টব্য] + ঈশ্বর [ঈশ (ঈশ্ + অ) + বর]। ৬।১, ৬।২ [সন্ধি] অ + ঈ = এ [মে]। ২।৪।খ পরম ঈশ্বর = কর্মধা। ৩।২ বি.দ্র.: পরমেশ্বর = প্ + অ + র্ + অ + ম্ + এ + শ্ + ব্ + অ + র্ + অ।

পরমেশ্বরী : দুর্গা। বি। তৎসম। পরমেশ্বর [‘পরমেশ্বর’ দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বি.দ্র.: পরমেশ্বরী = প্ + অ + র্ + অ + ম্ + এ + শ্ + ব্ + অ + র্ + ঈ।

পরম্পরা : ধারাবাহিকতা। বি। তৎসম। পর + [‘ম্’— আগম] + পর [পৃ + অ] + আ। ৬।১ [সন্ধি] ম্ + প = ম্প। পরম্ পর = কর্মতৎ। ৩।৩ বি.দ্র.: পরম্পরা = প্ + অ + র্ + অ + ম্ + প্ + অ + র্ + আ। ম্ + প্+ অ = ম্প।

পরলোক : মৃত্যুর পরের অবস্থান স্থান। বি। তৎসম। পর [‘পর’] দ্রষ্টব্য] + লোক [লোক্ + অ]। ৬।১ পর [অন্য বা পরবর্তী] যে লোক = কর্মধা। ৩।২ বি.দ্র.: পরলোক = প্ + অ + র্ + অ + ল্ + ও + ক্ + অ।

পরশ : স্পর্শ। বি। তদ্ভব। < সং. স্পর্শ = স্ + প্ + অ + র্ + শ্ + অ — [স্-লোপ] প্ + অ + র্ [+ অ] + শ্ + অ = পরশ [স্বরভক্তি]।

পরশ-পাথর : যে পাথরের স্পর্শে লোহা সোনা হয়ে যায়। বি। তদ্ভব।< সং. স্পর্শ-প্রস্তর। পরশ [‘পরশ’ দ্রষ্টব্য] + পাথর [< প্রা. পত্থর< সং. প্রস্তর]। পরশের নিমিত্ত যে পাথর = মধ্যপ-কর্মধা। ৩।২

পরশমণি : যে পাথরের স্পর্শে লোহা সোনা হয়ে যায়। বি। তদ্ভব। < সং. স্পর্শমণি। পরশ ['পরশ' দ্রষ্টব্য] + সং. মণি। পরশের নিমিত্ত যে মণি = মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র.: পরশমণি = প্ + অ + র্ + অ + শ্ + অ + ম্ + অ + ণ্ + ই। 'মণি'-র 'ণ' মৌলিক 'ণ'। ৪।১।ছ

পরশু : কুঠার, আগামী কালের পরের দিন, গতকালের আগের দিন। ক্রি-বিণ। তদ্ভব। < সং. পরশ্বঃ [পরশ্ব]। বি.দ্র.: ব = উ + অ। তদ্ভবে অন্ত্য 'অ' লুপ্ত হওয়ায় শুধু 'উ' 'শ্' -এর সঙ্গে যুক্ত হয়ে 'শু' হয়েছে।

পরশ্রী : অন্যের উন্নতি। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + শ্রী [শ্রি (সেবা করা) + ক্বিপ্]। ৬।১ শ্রি = শ্রী [যাকে সবাই সেবা করে] পরের শ্রী [সমৃদ্ধি বা উন্নতি] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরশ্রী = প্ + অ + র্ + অ + শ্ + র্ + ঈ।

পরশ্রীকাতর : অন্যের উন্নতিতে ঈর্ষান্বিত। বিণ। তৎসম। পরশ্রী ['পরশ্রী' দ্রষ্টব্য] + কাতর [কু ('কা'— আদেশ) + তৃ + অ]। ৬।১ পরশ্রীর নিমিত্ত কাতর = মধ্যপ-তৎ। ৩।২ বি.দ্র.: পরশ্রীকাতর= প্ + অ + র্ + অ + শ্ + র্ + ঈ + ক্ + আ + ত্ + অ + র্ + অ।

পরশ্রীকাতরতা : অন্যের উন্নতিতে ঈর্ষা। বি। তৎসম। পরশ্রীকাতর ['পরশ্রীকাতর' দ্রষ্টব্য] + তা। ৬।২ পরশ্রীর নিমিত্ত কাতরতা = মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র.: পরশ্রীকাতরতা = প্ + অ + র্ + অ + শ্ + র্ + ঈ + ক্ + আ + ত্ + অ + র্ + অ + ত্ +আ।

পরসঙ্গ : অন্যের সাহচর্য। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + সঙ্গ [সম্ + গম্ + অ]। ৬।১ পরের সঙ্গ = সম্বন্ধতৎ। ৩।২ বি.দ্র.: পরসঙ্গ = প্ + অ +র্ + অ + স্ + অ + ঙ্ + গ্ + অ। ২।২৮

পরস্ত্রী : অন্যের স্ত্রী। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + স্ত্রী [স্ত্যৈ (=স্ত) + র + ঈ (স্ত্রী)]। ৬।১ পরের স্ত্রী = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরস্ত্রী = প্ + অ + র্ + অ + স্ + ত্ + র্ + ঈ।

পরস্পর : একের প্রতি অন্য। বিণ। সর্ব। পরঃ + পর [পৃ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + প = অস্প। ২।৩৭ মতান্তরে, পর + [স্ -আগম] + পর = পরস্পর। একের প্রতি অন্য = অন্যোন্য।

পরস্মৈপদ : পরের খরচে। বি। তৎসম। পরস্মৈ ['পর' শব্দের সম্প্রদান একবচন] + পদ [পদ্ + অ]। ৬।১ পরস্মৈ পদ = অলুকতৎ। ৩।৩ বি.দ্র.: পরস্মৈপদ = প্ + অ + র্ + অ + স্ + ম্ + ঐ + প্ + অ + দ্ + অ।

পরস্ব : পরধন। বি। তৎসম। পব ['পর' দ্রষ্টব্য] + স্ব [সু ('উ'-র লোপ) + ব]। পরের স্ব [ধন] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরস্ব = প্ + অ + র্ + অ + স্ + ব্ + অ। স্ + ব্ + অ = স্ব।

পরস্বাপহারী : যে পরের ধন অপহরণ করে। বিণ। তৎসম। পরস্ব ['পরস্ব' দ্রষ্টব্য] + অপহারী [অপ + হৃ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [স্বা]। ২।১।ক পরের স্ব = সম্বন্ধতৎ। ৩।৩ পরস্ব অপহরণ করে যে = উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পরস্বাপহারী = প্ + অ + র্ + অ + স্ + ব্ + আ + প্ + অ + হ্ + আ + র্ + ঈ। শব্দটি ইন্ [ঈ] -প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পরহিতৈষণা : অপরের কল্যাণ কামনা। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + হিত [হি + ত] + এষণা [ইষ্ + অন + আ]। ৬।১ [সন্ধি] অ + এ = ঐ [তৈ]। ২।১১।ক পরের হিত = সম্বন্ধতৎ। পরের হিতকে এষণা [কামনা] = কর্মতৎ। ৩।৩ বি.দ্র.: পরহিতৈষণা প্ + অ +

র্ + অ + হ্ + ই + ত্ + ঐ + ষ্ + অ + ণ্ + আ। 'ঐ'-র-পর 'ষ' হয়েছে। ৪।২।ক 'ষ্' ও 'ন্' -এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরহিতৈষিতা : অপরের কল্যাণ কামনা। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + হিত + এষিতা [ইষ্ + ইত (< ইন্) + আ। ৬।১ [সন্ধি] অ + এ = ঐ [তৈ]। ২।১।ক পরের হিতৈষিতা = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরহিতৈষিতা = প্ + অ + র্ + অ + হ্ + ই + ত্ + ঐ + ষ্ + ই + ত্ + আ। 'ঐ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

পরহিতৈষী : অপরের হিতকামী। বিণ। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + হিতৈষী [হিত (হি + ত) + এষী (ইষ্ + ইন্ = ঈ)]। ৬।১ [সন্ধি] অ + এ = ঐ [তৈ]। ২।১১।ক পরের হিত = সম্বন্ধতৎ। ৩।৩ পরহিত ইচ্ছা করে যে = উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পরহিতৈষী = প্ + অ + র্ + অ + হ্ + ই + ত্ + ঐ + ষ্ + ঈ। 'ঐ'-পর পর 'ষ' হয়েছে। ৪।২।ক শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'- কারান্ত।

পরা : শ্রেষ্ঠা। বিণ। তৎসম। [পৃ (পূর্ণ করা) + অ + আ (স্ত্রী)। ৬।১ পরিপূর্ণা পরমা প্রকৃতি।

পরাকাষ্ঠা : চরম উৎকর্ষ। বি। তৎসম। পরা [পৃ (পূর্ণ করা) + অ + আ] + কাষ্ঠা [কাষ্ঠ + আ]। ৬।১, ৬।২ পরা [চরম] + কাষ্ঠা [সীমা] = কর্মধা। ৩।২ বি.দ্র.: পরাকাষ্ঠা = প্ + অ + র্ + আ + ক্ + আ + ষ্ + ঠ্ + আ।

পরাক্রম : শক্তি। বি। তৎসম। পরা [পৃ + অ + আ = সর্বতোভাবে] + ক্রম [ক্রম্ (অগ্রগমন করা) + অ] । ৬।১ যার দ্বারা সর্বতোভাবে অগ্রগমন করা যায় [পরাক্রম]। বি.দ্র.: পরাক্রম = প্ + অ + র্ + আ + ক্ + র্ + অ + ম্ + অ। ক্ + র্ + অ = ক্র।

পরাক্রমশালী : শক্তিশালী। বিণ। তৎসম। পরাক্রম ['পরাক্রম' দ্রষ্টব্য] + শালী [শাল্ ('আছে') + ইন্ (ঈ)]। ৬।১ পরাক্রম আছে যার। বি.দ্র.: পরাক্রমশালী = প্ + অ + র্ + আ + ক্ + র্ + অ + ম্ + অ + শ্ + আ + ল্ + ঈ।

পরাক্রান্ত : শক্তিশালী। বিণ। তৎসম। পরা [পৃ + অ + আ] + ক্রান্ত [ক্রম্ + ত]। ৬।১ বি.দ্র.: পরাক্রান্ত = প্ + অ + র্ + আ + ক্ + র্ + আ + ন্ + ত্ + অ। ক্ + র্ + আ = ক্রা, ন্ + ত্ + অ = ন্ত।

পরাগ : ফুলের রেণু। বি। তৎসম। পরা [পৃ + অ + আ] + গ [গম্ + অ]। ৬।১ সম্যগ্ ভাবে [বাতাসে] যা গমন করে। বি.দ্র.: পরাগ = প্ + অ + র্ + আ + গ্ + অ।

পরাগকেশর : পুষ্পের মধ্যস্থিত রেণু-বিশিষ্ট সূক্ষ্ম সূত্র। বি। তৎসম। পরাগ ['পরাগ' দ্রষ্টব্য] + কেশর [কেশ + র]।৬।২ পরাগবাহী [ফুলের] কেশর = মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র.: পরাগকেশর = প্ + অ + র্ + আ + গ্ + অ + ক্ + এ + শ্ + অ + র্ +অ।

পরাকোষ : পরাগকেশরের পরাগ-লিপ্ত মুণ্ড। বি। তৎসম। পরাগ ['পরাগ' দ্রষ্টব্য] + কোষ [কুষ্ + অ]। ৬।১ পরাগের কোষ [ভাণ্ডার বা স্থলী] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরাগকোষ = প্ + অ + র্ + আ + গ্ + অ + ক্ + ও + ষ্ + অ । 'ও' -র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

পরাগযোগ : ফুলের গর্ভকেশরে পরাগের সংযোগ। বি। তৎসম। পরাগ ['পরাগ' দ্রষ্টব্য] + যোগ [যুজ্ (সংযোগ করা) + অ। ৬।১ পরাগের যোগ = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরাগযোগ = প্ + অ + র্ + আ + গ্ + অ + য্ + ও + গ্ + অ।

পরাগত : প্রত্যাগত। বিণ। তৎসম। পরা [পশ্চাৎ] + আগত [আ + গম্ + ত]। ৬।১ [সন্ধি] আ + আ = আ [রা]। ২।১।ঘ পরা আগত = অব্যয়ীভাব। ৩।১ বি.দ্র.: পরাগত = প্ +

অ + র্ + আ + গ্ + অ + ত্ + অ।

পরাঙ্মুখ : বিমুখ। বিশ। তৎসম। পরাক্ [বিপরীত দিক] + মুখ। [সন্ধি] ক্ + মু = ঙ্ + মু = ঙ্মু। ২।২৫ পরাক্ বা বিপরীত দিকে মুখ যার = বহুব্রীহি। ৩।৫ বি.দ্র.: পরাঙ্মুখ = প্ + অ + র্ + আ + ঙ্ + ম্ + উ + খ্ + অ। ঙ্ + ম্ + উ = ঙ্মু।

পরাজয় : পরাভব। বি। তৎসম। পরা [ব্যতিক্রম] + জয় [জি + অ]। ৬।১ জয়ের পরা [ব্যতিক্রম] = সম্বন্ধতৎ ৩।৩ [পরনিপাত]। বি.দ্র.: পবাজয় = প্ + অ + র্ + আ + জ্ + অ + য় + অ।

পরাজিত : বিজিত। বিশ। তৎসম। পরা [ব্যতিক্রম] + জিত [জি + ত]। ৬।১ জিতের পরা [ব্যতিক্রম] = সম্বন্ধতৎ [পবনিপাত]। ৩।৩ বি.দ্র. : পরাজিত : প্ + অ + ব্ + আ + জ্ + ই + ত্ + অ।

পরাৎপর : শ্রেষ্ঠ থেকেও শ্রেষ্ঠ, পরমেশ্বব। বি। তৎসম। পরাৎ [অপাদানের একবচন] + পব [পৃ + অ]। ৬।১ পরের [পরমের] থেকেও পব [পরম] = অপাদানতৎ। ৩।৩ [সন্ধি] ৎ + প [সন্ধি] হয় না। বি.দ্র.: পরাৎপর = প্ + অ + র্ + আ + ৎ + প্ + অ + র্ + অ।

পরাৎপরা : পরমেশ্বরী। বি। তৎসম। পরাৎপব ['পবাৎপর' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।২।ক পরমাহ থেকেও পরমা = অপাদানতৎ। ৩।৩ বি.দ্র.: পরাৎপরা = প্ + অ + র্ + আ + ৎ + প্ + অ + র্ + আ।

পরাধিকার : অন্যের অধিকার। বি। তৎসম। পর [পৃ + অ] + অধিকার [অধি + কৃ + অ] ৬।১ [সন্ধি] অ + অ = আ [রা]। ২।১।ক পরের অধিকার = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরাধিকার = প্ + অ + র্ + আ + ধ্ + ই + ক্ + আ + র্ + অ।

পরাধীন : অন্যের অধীন। বিশ। তৎসম। পর [অন্য] + অধীন [অধি + ইন]। [সন্ধি] অ + অ = আ [রা]। ২।১।ক, ই + ই = ঈ [ধী]। ২।২।ক পরের অধীন = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরাধীন= প্ + অ + র্ + আ + ধ্ + ঈ + ন্ + অ।

পরাধীনতা : স্বাধীনতাহীনতা। বি। তৎসম। পবাধীন ['পরাধীন' দ্রষ্টব্য] + তা। ৬।২ [সন্ধি] অ + অ = আ [রা]। ২।১।ক, ই + ই = ঈ [ধী] ২।২।ক পরের অধীনতা = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরাধীনতা = প্ + অ + ব্ + আ + ধ্ + ঈ + ন্ + অ + ত্ + আ।

পরান্ন : অন্যের দেওয়া অন্ন। বি। তৎসম। পব [অন্য] + অন্ন [অদ্ (খাওয়া) + ত]। ৬।১ [সন্ধি] = অ + অ = আ [রা]। ২।১।ক পরের অন্ন [ভাত] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরান্ন = প্ + অ + র্ + আ + ন্ + ন্ + অ। ন্ + ন্ + অ= ন্ন।

পরান্নজীবী : পরেব অন্নে যে জীবন নির্বাহ করে। বিণ। তৎসম। পরান্ন ['পরান্ন' দ্রষ্টব্য] + জীবী [জীব্ + ইন্ (ঈ)]। ৬।১ পরান্নে জীবিত থাকে যে = উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পরান্নজীবী = প্ + অ + ব্ + আ + ন্ + ন্ + অ + জ্ + ঈ + ব্ + ঈ। জীব্ [ধাতু] = জ্ + ঈ + ব্। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত। কাজেই, জ্ + ঈ + ব্ + ঈ = জীবী।

পরান্নভোজী : পরের অন্নে যে জীবন নির্বাহ করে। বিণ। তৎসম। পরান্ন ['পরান্ন' দ্রষ্টব্য] + ভোজী [ভুজ্ + ইন্ (ঈ)]। ৬।১ বি.দ্র.: পরান্নভোজী = প্ + অ + র্ + আ + ন্ + ন্ + অ + ভ্ + ও + জ্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' -কারান্ত।

পরাভব : পরাজয়। বি। তৎসম। পরা (নিন্দিত) + ভব [ভূ + অ]। ৬।১ যুদ্ধে নিন্দাজনক ফল। বি. দ্র.: পরাভব = প্ + অ + র্ + আ + ভ্ + অ + ব্ + অ।

পরাভূত : পরাজিত। বিণ। তৎসম। পরা

[নিন্দাজনক বা ন্যক্কারজনক] + ভূত [ভূ + ত]। যুদ্ধে নিন্দাজনক ফলপ্রাপ্ত। বি.দ্র.: পরাভূত = প্ + অ + র্ + আ + ভ্ + ঊ + ত্ + অ। ভূত = ভ্ + ঊ + ত্ + অ।

পরামর্শ : মন্ত্রণা। বি। তৎসম। পরা [বিশেষভাবে] + মর্শ [মৃশ্ (বিবেচনা করা) + অ]। ৬।১ পরা বা গভীর বিবেচনা = কর্মধা। ৩।২ বি.দ্র.: পরামর্শ = প্ + অ + র্ + আ + ম্ + অ + র্ + শ্ + অ। মর্শ = ম্ + অ + র্ + শ্ + অ।

পরামর্শসভা : মন্ত্রণাসভা। বি। তৎসম। পরামর্শ ['পরামর্শ' দ্রষ্টব্য] + সভা। [সহ + ভা (দীপ্তি পাওয়া) + অ + আ] । ৬।১ ভা [দীপ্তির সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ পরামর্শের নিমিত্ত সভা = মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র.: পরামর্শসভা = প্ + অ + র্ + আ + ম্ + অ + র্ + শ্ + অ + স্ + অ + ভ্ + আ।

পরামাণিক : নাপিত। বি। তদ্ভব। < সং.প্রামাণিক = প্ + র্ + আ + ম্ + আ + ণ্ + ই + ক্ + অ = প্ + [অ] র্ + আ + ম্ + আ + ণ্ + ই + ক্ + অ। বি.দ্র.: তদ্ভব 'পরামাণিক' শব্দে সংস্কৃত ণত্ব-বিধান অনুসারে 'ণ' হওয়া অযৌক্তিক।

পরায়ত্ত : অন্যের অধিকারভুক্ত। বিণ। তৎসম। পর [অন্য] + আয়ত্ত [আ + যত্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [রা]। ২।১।খ, ত্ + ত্ + অ = ত্ত। পরের আয়ত্ত = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরায়ত্ত = প্ + অ + র্ + আ + য্ + অ + ত্ + ত্ + অ।

পরায়ণ : একান্ত আসক্ত। বিণ। তৎসম। পর [প্রধান] + অয়ন [ই (গমন করা) + অন]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [রা]। ২।১।ক পর [প্রধান] অয়ন [গমন বা আসক্তি] যার = বহুব্রী। ৩।৫ বি.দ্র.: পরায়ণ = প্ + অ + র্ + আ + য্ + অ + ণ্ + অ। 'র্' ও 'ন্'- এর মধ্যে 'য়' ও স্বরবর্ণ আ, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

পরার্থ : অপরের কল্যাণ। বি। তৎসম। পর [অন্য] + অর্থ [অর্থ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [রা]। ২।১।ক পরের অর্থ [নিমিত্ত] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরার্থ = প্ + অ + র্ + আ + র্ + থ্ + অ । র্ + থ্ + অ = র্থ।

পরার্থপরতা : পরের কল্যাণ-কামনা। বি। তৎসম। পরার্থ ['পরার্থ' দ্রষ্টব্য] + পর [পৃ + অ] + তা। ৬।১, ৬।২ পরার্থের পরতা [প্রাধান্য বা কামনা] = সম্বন্ধতৎ। ৩।৩

পরার্ধ : শেষার্ধ। বি। তৎসম। পর + অর্ধ [অর্ধ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [রা]। ২।১।ক পরের অর্ধ = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরার্ধ = প্ + অ + র্ + আ + র্ + ধ্ + অ।

পরাশ্রয় : অপরের আশ্রয়। বি। তৎসম। পর ['পর' দ্রষ্টব্য] + আশ্রয় [আ +শ্রি + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [রা]। ২।১।খ পরের আশ্রয় = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: শ্ + র্ + অ = শ্র।

পরাস্ত : পরাজিত। বিণ।তৎসম। পরা ['পরা' দ্রষ্টব্য] + অস্ত [অস্ + ত] ৬।১ [সন্ধি] আ + অ = আ [রা]। ২।১।গ পরা [নিন্দিত] অস্ত [নিক্ষেপ] যার = বহুব্রী। ৩।৫ বি.দ্র: 'আ' -র পর 'স' হয়েছে। স্ + ত্ + অ = স্ত।

পরাহত : পরাজিত। বিণ। তৎসম। পরা + হত [হন্ + ত]। ৬।১ পরা [নিন্দিত ভাবে] হত [আঘাত-প্রাপ্ত বা জিত] = কর্মতৎ।৩।৩

পরাহ্ন : বিকাল। বি। তৎসম। পর + অহ্ন [অহন্]। [সন্ধি] অ + অ = আ [রা]। ২।১।ক পর যে. অহন্ ['অহ্ন' আদেশ] = ৩।২।ক পরাহ্ন = প্ + অ + র্ + আ + হ্ + ণ্ + অ। 'র্' ও 'ন্' -এর মধ্যে 'আ' ও 'হ্' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরিকর : অনুচর, কটিবন্ধ, সহচর। বি। তৎসম।

পবি [সম্যক্] + কব [কৃ + অ]। ৬।১ পবি অর্থাৎ সমস্ত কর্ম কবে যে = উপপদতৎ। ৩।৩

পরিকল্পনা : যোজনা। বি। তৎসম। পবি [সম্যক্] + কল্পনা [কৃপ্ + অন + আ (স্ত্রী)]। ৬।১ বি.দ্র.: পবিকল্পনা = প্ + অ + ব্ + ই + ক্ + অ + ল্ + প্ + অ + ন্ + আ

পরিকীর্ণ : ইতস্ততঃ চাবদিকে ছড়ানো। বিণ। তৎসম। পবি [সম্যক] + কীর্ণ [কৃ (বিক্ষিপ্ত কবা) + ত। ৬।১ পবি [ইতস্ততঃ] কীর্ণ [ছড়ানো]= কর্মতৎ। ৩।৩ বি.দ্র.: কীর্ণ= ক্ + ঈ + ব্ + ণ্ + অ। 'ব্'-যোগে 'ন' 'ণ' হয়েছে। ৪।১।খ

পরিক্ষিপ্ত : নিক্ষিপ্ত। বিণ। তৎসম। পবি [সম্যক্] + ক্ষিপ্ত [ক্ষিপ্ + ত] । ৬।১ পবি [চাবদিকে] ক্ষিপ্ত [নিক্ষিপ্ত] = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্ + অ + ব্ + ই + ক্ + ষ্ + ই + প্ + ত্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + ই= ক্ষি, প্ + ত্ + অ= প্ত।

পরিগণিত : স্বীকৃত। বিণ। তৎসম। পবি [সম্যক্] + গণিত [গণ্ + ত]। ৬।১ বিশেষভাবে গণিত। বি.দ্র.: 'গণিত'-এব 'ণ' মৌলিক ণ।

পরিগৃহীত : স্বীকৃত। বিণ। তৎসম। পবি [সম্যক্] + গৃহীত [গ্রহ্ + ত]। ৬।১ পবি অর্থাৎ সম্পূর্ণ গৃহীত = কর্মধা। ৩।২ বি.দ্র.: গৃহীত [গ্ - ঋ + হ্ + ঈ + ত। স্মবণীয় : 'হ' -এব 'ঈ' কাব হয়েছে, 'ই' নয়।

পরিগ্রহ : গ্রহণ। বি। তৎসম। পবি [সম্যক্] + গ্রহ [গ্রহ্ + অ]। ৬।১ পবি [সম্পূর্ণ] গ্রহ [গ্রহণ] = কর্মধা। বি.দ্র.: গ্ +ব্ + অ = গ্র।

পরিচয় : জানাশোনা। বি। তৎসম। পবি + চয় [চি + অ]। ৬।১

পরিচয়-পত্র : অভিজ্ঞান-পত্র। বি। তৎসম। পবিচয় ['পবিচয়' দ্রষ্টব্য] + পত্র [পত্ + ত্র]। ৬।১ 'পবিচয়সূচক' পত্র মধ্যপ-কর্মধা। ৩।২

পরিচর : অনুচব। বি। তৎসম। পবি [পশ্চাৎ বা সর্বতোভাবে] + চব [চব্ + অ]। ৬।১ পবি [পশ্চাৎ] চবে [চলে বা গমন কবে] যে = উপপদতৎ। ৩।৩

পরিচর্যা : সেবা। বি। তৎসম। পবি + চব্ [সেবা কবা] + য [যৎ] + আ। ৬।১ পবিচয়েব বৃত্তি। বি.দ্র. : পবিচর্যা = প্ + অ + ব্ + ই + চ্ + অ + ব্ + য্ + আ। 'বেফ্' থাকায় 'য' -এব দ্বিত্ব বর্জিত।৮।১১

পরিচলন : বিদ্যুৎ বা তাপেব সঞ্চলন। বি। তৎসম। পবি + চলন [চল্ + অন] ৬।১

পরিচায়ক : পবিচয়প্রদানকাবী। বিণ। তৎসম। পবি + চি + অক। ৬াক যে বা যা পবিচয় কবিয়ে দেয় = উপপদতৎ। ৩।৩

পরিচারক : ভৃত্য। বি। তৎসম। পবি + চব্ + অক। ৬।১ পবি [পশ্চাৎ] চবে [গমন কবে] যে = উপপদতৎ। ৩।৩

পরিচারিকা : দাসী। বি। তৎসম। পবি + চাবিকা [চব্ + ণিচ্ + ইক [< অক) + আ]। ৬।১,[স্ত্রী] ৭।১।খ পবিচবণ [সেবা] কবে যে = উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পবিচাবিকা = প্ + অ + ব্ + ই + চ্ + আ + ব্ + ই + ক্ + আ।

পরিচালক : চালক। বি। তৎসম। পবি + চালক [চল্ + ণিচ্ + অক]। ৬।১ পবিচালনা কবে যে = উপপদতৎ। ৩।৩

পরিচালিকা : চালিকা। বি। তৎসম। পবিচালনা [চল্ + ণিচ্ + ইক (< অক) + আ (স্ত্রী)] ৬।১ পবিচালন কবে যে [স্ত্রী] – উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পবিচালিকা = প্ + অ + ব্ + ই + চ্ + আ + ল্ + ই + ক্ + আ।

পরিচিত : চেনা। বিণ। তৎসম। পবি + চিত [চি + ত]। ৬।১ যাব পবিচয় জানা আছে।

পরিচিতি : পবিচয়, পবিচয়জ্ঞাপক বচনা। বি। তৎসম। পবি + চিতি [চি + তি]। ৬।১ পবিচয় জ্ঞাপিত হয় যাব দ্বাবা। যেমন : লেখক-পবিচিতি, কবি-পবিচিতি।

পরিচ্ছদ : পোশাক। বি। তৎসম। পবি + ছদ [ছদ্ + অ]। ৬।১ [সন্ধি] ই + ছ = ইচ্ছ। ২।১৪

সুন্দরভাবে যা আচ্ছাদিত করে। বি.দ্র.: পরিচ্ছদ = প্ + অ + র্ + ই + চ্ + ছ্ + অ + দ্ + অ। চ্ + ছ্ + অ = চ্ছ।

পরিচ্ছন্ন : পরিষ্কৃত। বিণ। তৎসম। পরি + ছন্ন [ছদ্ + ত]। ৬।১ [সন্ধি] ই + ছ = ইচ্ছ। ২।১৪ যার বহিরাবরণ পারিপাট্যময়। বি.দ্র.: পরিচ্ছন্ন = প্ + অ + র্ + ই + চ্ + ছ্ + অ + ন্ + ন্ + অ।

পরিচ্ছিন্ন : বিচ্ছিন্ন। বিণ। তৎসম। পরি + ছিন্ন [ছিদ্ + ত]। ৬।১ [সন্ধি] ই + ছি = ইচ্ছি। ২।১৪ সম্পূর্ণরূপে ছিন্ন। বি.দ্র.: প্ + অ + র্ + ই + চ্ + ছ্ + ই + ন্ + ন্ + অ।

পরিচ্ছেদ : অধ্যায়। বি। তৎসম। পরি + ছেদ [ছিদ্ + অ]। ৬।১ [সন্ধি] ই + ছে = ইচ্ছে। ২।১৪ সম্পূর্ণের অংশ-বিভাগ। বি.দ্র.: পরিচ্ছেদ = প্ + অ + র্ + ই + চ্ + ছ্ + এ + দ্ + অ।

পরিজন : আপনজন। বি। তৎসম। পরি + জন [জন্ + অ]। ৬।১ পরিবারের লোক।

পরিজ্ঞাত : ভালোভাবে জানা। বিণ। তৎসম। পরি + জ্ঞাত [জ্ঞা (জানা) + ত]। ৬।১ প্রকৃষ্টভাবে জ্ঞাত।বি.দ্র. : পরিজ্ঞাত = প্ + অ + র্ + ই + জ্ + ঞ্ + আ + ত্ + অ।

পরিণত : পরিপক্ব। বিণ। তৎসম। পরি + নত [নম্ + ত]। ৬।১ পূর্ণতাব কারণে নত। বি.দ্র.: পবিণত = প্ + অ + র্ + ই + ণ্ + অ + ত্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ই' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরিণয় : বিবাহ। বিণ। তৎসম। পরি + নয় [নী + অ]। ৬।১ প্রকৃষ্টভাবে আনা। বি.দ্র.: পরিণয় = প্ + অ + র্ + ই + ণ + অ + য্ + অ। 'র' ও 'ন্'-এর মধ্যে 'ই' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরিণাম : পরিণতি। বি। তৎসম। পরি + নাম [নম্ + অ]। ৬।১ ফলভাবে নত হওয়া, ফল-পরিণাম। বি.দ্র. : পরিণাম = প্ + অ + র্ + ই + ণ + আ + ম্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ই' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরিণামদর্শিতা : দূরদর্শিতা। বি। তৎসম। পরিণাম ['পরিণাম' দ্রষ্টব্য] + দর্শিতা [দৃশ্ + ইত্ (< ইন্) + আ]। ৬।১ পরিণাম দেখতে পাওয়া। বি.দ্র.: পরিণামদর্শিতা = প্ + অ + র্ + ই + ণ্ + আ + ম্ + অ + দ্ + অ + র্ + শ্ + ই+ত্+আ। র্+শ্+ই=র্শি।

পরিণামদর্শিনী : দূরদর্শিনী। বিণ। তৎসম। পরিণাম ['পরিণাম' দ্রষ্টব্য] + দর্শিনী [দৃশ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১ পরিণাম দেখতে পান যিনি [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পরিণামদর্শিনী = প্ + অ + র্ + ই + ণ্ + আ + ম্ + অ + দ্ + অ + র্ + শ্ + ই + ন্ + ঈ।

পরিণামদর্শী : ভবিষ্যৎ বিবেচনা করে যে কাজ করে। বিণ। তৎসম। পরিণাম ['পরিণাম' দ্রষ্টব্য] + দর্শী [দৃশ্ + ইন্ (ঈ)]। ৬।১ পরিণাম দেখেন যিনি = উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: 'পরিণামদর্শী = প্ + অ + র্ + ই + ণ্ + আ + ম্ + অ + দ্ + অ + র্ + শ্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পরিণীত : বিবাহিত। বিণ। তৎসম। পরি + নীত [নী + ত]। ৬।১ প্রকৃষ্টভাবে আনীত। বি.দ্র.: পরিণীত = প্ + অ + র্ + ই + ণ্ + ঈ + ত্ + অ। 'র্' ও 'ন্'-এব মধ্যে 'ই' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরিণীতা : বিবাহিতা। বিণ। তৎসম। পরি + নীতা [নী + ত + আ (স্ত্রী)]। ৬।১ প্রকৃষ্টরূপে আনীতা। বি.দ্র. : পরিণীতা = প্ + অ + র্ + ই +ণ্ + ঈ + ত্ + আ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ই' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরিতপ্ত : সন্তপ্ত। বিণ। তৎসম। পরি + তপ্ত [তপ্ + ত]। ৬।১ পরিতাপযুক্ত। বি.দ্র. : পরিতপ্ত= প্ + অ + র্ + ই + ত্ + অ + প্ + ত্ + অ।

পরিতাপ : মনস্তাপ। বি। তৎসম। পরি + তাপ [তপ্ + অ]। ৬।১ বি.দ্র. : পরিতাপ= প্ + অ + র্ + ই + ত্ + আ + প্ + অ।

পরিতুষ্ট : সন্তুষ্ট। বিণ। তৎসম। পরি + তুষ্ট [তুষ্ + ত্]। ৬।১ বি.দ্র. : পরিতুষ্ট= প্ + অ + র্ + ই + ত্ + উ + ষ্ + ট্ + অ। 'উ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক 'ষ'-এর সঙ্গে সন্ধির ফলে 'ত্' 'ট্' হয়েছে। তুষ্ + ত= তুষ্ট। ২।২৪

পরিতৃপ্ত : সন্তুষ্ট। বিণ। তৎসম। পরি + তৃপ্ত [তৃপ্ + ত। ৬।১ বি.দ্র. : পরিতৃপ্ত= প্ + অ + র্ + ই + ত্ + ঋ + প্ + ত্ + অ। ত্ + ঋ= তৃ, প্ + ত্ + অ= প্ত।

পরিতৃপ্তি : সন্তোষ। বি। তৎসম। পরি + তৃপ্তি [তৃপ্ + তি]। ৬।১ বি.দ্র. : পরিতৃপ্তি= প্ + অ + র্ + ই + ত্ + ঋ + প্ + ত্ + ই। ত্ + ঋ= তৃ, প্ + ত্ + ই= প্তি।

পরিতোষ : সন্তোষ। বি। তৎসম। পরি + তোষ [তুষ্ + অ]। ৬।১ বি.দ্র. : পরিতোষ = প্ + অ + র্ + ই + ত্ + ও + ষ্ + অ। 'ও'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

পরিত্যক্ত : বর্জিত। বিণ। তৎসম। পরি + ত্যক্ত [ত্যজ্ + ত]। ৬।১ বি.দ্র. : পরিত্যক্ত= প্ + অ + র্ + ই + ত্ + য্ + অ + ক্ + ত্ + অ। ত্ + য্ + অ= ত্য, ক্ + ত্ + অ= ক্ত।

পরিত্যাগ : বর্জন। বি। তৎসম। পরি + ত্যাগ [ত্যজ্ + অ]। ৬।১ বি.দ্র. : প্ + অ + র্ + ই + ত্ + য্ + আ + গ্ + অ। ত্ + য্ + আ= ত্যা।

পরিত্যাজ্য : বর্জনীয়। বিণ। তৎসম। পরি + ত্যাজ্য [ত্যজ্ + য (যৎ)]। ৬।১ বি.দ্র. : পরিত্যাজ্য= প্ + অ + র্ + ই + ত্ + য্ + আ + জ্ + য্ + অ। ত্ + য্ + আ= ত্যা, জ্ + য্ + অ= জ্য।

পরিত্রাণ : উদ্ধার। বি। তৎসম। পরি + ত্রাণ [ত্রৈ (ত্রাণ বা উদ্ধার) + অন]। ৬।১ বি.দ্র. : পরিত্রাণ= প্ + অ + র্ + ই + ত্ + র্ + আ + ণ্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'আ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরিত্রাতা : উদ্ধারকর্তা। বি। তৎসম। পরি + ত্রাতা [ত্রৈ (ত্রাণ বা উদ্ধার করা) + তৃচ্ (তা)]। ৬।১ বি.দ্র. : প্ + অ + র্ + ই + ত্ + র্ + আ + ত্ + আ। ত্ + র্ + আ= ত্রা।

পরিদর্শক : পরিদর্শনের ভারপ্রাপ্ত ব্যক্তি। বি। তৎসম। পরি + দর্শক [দৃশ্ + অক]। ৬।১ বি.দ্র. : পরিদর্শক= প্ + অ + র্ + ই + দ্ + অ + র্ + শ্ + অ + ক্ + অ। র্ + শ্ + অ= র্শ।

পরিদৃশ্যমান : যা দেখা যাচ্ছে। বি। তৎসম। পরি + দৃশ্যমান [দৃশ্ + মান (শানচ্)]। ৬।১ বি.দ্র. : পরিদৃশ্যমান= প্ + অ + র্ + ই + দ্ + ঋ + শ্ + য্ + অ + ম্ + আ + ন্ + অ।

পরিধি : বেড়। বি। তৎসম। পরি + ধি [ধা + ই]। ৬।১ চারদিকের বেষ্টন-রেখা। বি.দ্র. : পরিধি= প্ + অ + র্ + ই + ধ্ + ই।

পরিধেয় : পরিধানের যোগ্য। বিণ। তৎসম। পরি + ধেয় [ধা + য (যৎ)]। ৬।১ যা পরিধান করা যায়। বি.দ্র. : পরিধেয় : প্ + অ + র্ + ই + ধ্ +এ + য্ + অ।

পরিনির্বাণ : বুদ্ধের দেহত্যাগ ও বুদ্ধত্ব প্রাপ্তি। বি। তৎসম। পরি + নির্বাণ [নিঃ + বান (বা + ত)]। ৬।১ [সন্ধি] নিঃ + বা = নির্বা। ২।৩৮ নেই বাত [প্রবাহ বা চাঞ্চল্য] যাতে বা যে অবস্থায়= নঞ্‌-বহুব্রী। ৩।৫ বি.দ্র. : নির্বাণ= ন্ + ই + র্ + ব্ + আ + ণ্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ব্' [প-বর্গ] ও 'আ' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরিপক্ব : সুপক্ব। বিণ। তৎসম। পরি + পক্ব [পচ্ + ত]। ৬।১ সম্পূর্ণ পক্ব। বি.দ্র. : পরিপক্ব=

প্ + অ + র্ + ই + প্ + অ + ক্ + ব্ + অ।

পরিপন্থী : প্রতিকূল। বিণ। তৎসম। পরি [বিরুদ্ধ] + পন্থী [পন্থ্ (গমন করা)+ ইন্ (ঈ()]। ৬।১ পরি [বিরুদ্ধ] পন্থায় গমন করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পরিপন্থী= প্ + অ + র্ + ই + প্ + অ + ন্ + থ্ + ঈ। ন্ + থ্ + ঈ= ন্থী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পরিপাক : হজম। বি। তৎসম। পরি + পাক [পচ্ + অ]। ৬।১ বি.দ্র. : পরিপাক= প্ + অ + র্ + ই + প্ + আ + ক্ + অ।

পরিপাটি : সুবিন্যস্ত। বিণ। তৎসম। পরিপাটি [পট্ + ণিচ্ (সাজানো) + ই]। ৬।১ সুন্দরভাবে সাজানো। বি.দ্র. : পরিপাটি= প্ + অ + র্ + ই + প্ + আ + ট্ +ই।

পরিপার্শ্ব : পরিবেশ। বি। তৎসম। পরি + পার্শ্ব [স্পৃশ্ (স্পর্শ করা) + ব] 'স্' লোপ। ৬।১ বি.দ্র. : পরিপার্শ্ব= প্ + অ + র্ + ই + প্ + আ + র্ + শ্ + ব্ + অ। র্ + শ্ + ব্ + অ= র্শ্ব।

পরিপুষ্ট : সুপুষ্ট। বিণ। তৎসম। পরি + পুষ্ট [পুষ্ (পোষণ করা) + ত]। ৬।১ বি.দ্র. : পরিপুষ্ট= প্ + অ + র্ + ই + প্ + উ + ষ্ + ট্ + অ। 'উ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক 'ষ'-এর সঙ্গে সন্ধির ফলে 'ত্' 'ট্' হয়েছে। ষ্ + ত্= ষ্ট। ২।২৪

পরিপূরক : যা অপূর্ণতাকে পূর্ণ করে। বিণ। তৎসম। পরি + পূরক [পূর্ (পূর্ণ করা)] + অক]। ৬।১ বি.দ্র. : পরিপূরক= প্ + অ + র্ + ই + প্ + ঊ + র্ + অ + ক্ + অ। প্ + ঊ= পূ।

পরিপূরণ : তৃপ্তি সাধন। বি। তৎসম। পরি + পূরণ [পূর্ + অন]। ৬।১ বি.দ্র. : পরিপূরণ= প্ + অ + র্ + ই + প্ + ঊ + র্ + অ + ণ্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরিপূর্ণ : সম্পূর্ণ। বিণ। তৎসম। পরি + পূর্ণ [পূর্ (পূর্ণ করা) + ত] ৬।১ বি.দ্র. : প্ + অ + র্ + ই + প্ + ঊ + র্ + ণ্ + অ। 'র্'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ

পরিপূর্ণতা : সম্পূর্ণতা। বি। তৎসম। পরিপূর্ণ ['পরিপূর্ণ' দ্রষ্টব্য] + তা [বিশেষ্যবাচক তদ্ধিত প্রত্যয়]। বি.দ্র. : পরিপূর্ণতা= প্ + অ + র্ + ই + প্ + ঊ + র্ + ণ্ + অ + ত্ + আ। প্ + ঊ= পূ, র্ + ণ্ + অ= র্ণ।

পরিপ্রেক্ষিত : পটভূমিকা। বি। তৎসম। পরি + প্রেক্ষিত [প্র + ঈক্ষ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + ঈ= এ [প্রে]। ২।৪।ক পরি [চারদিকের] প্রেক্ষিত [দৃশ্যমান বিষয় বা ঘটনাবলি] বি.দ্র. : পরিপ্রেক্ষিত= প্ + অ + র্ + ই + প্ + র্ + এ + ক্ + ষ্ + ই + ত্ + অ।

পরিবর্ত : বদলী। বিণ। তৎসম। পরি + বর্ত [বৃৎ (বিদ্যমান থাকা) + অ। ৬।১ পরি [বদলে] বর্ত [বিদ্যমান থাকা]। বি.দ্র. : পরিবর্ত= প্ + অ + র্ + ই + ব্ + অ + র্ + ত্ + অ।

পরিবর্তন : বদল। বি। তৎসম। পরি + বর্তন [বৃৎ (বিদ্যমান থাকা) + অন]। ৬।১ বি.দ্র. : পরিবর্তন= প্ + অ + র্ + ই + ব্ + অ + র্ + ত্ + অ + ন্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ত্' থাকায় 'ন্' 'ন্'-ই থেকেছে।

পরিবর্তনশীল : যা পরিবর্তিত হয়। বিণ। তৎসম। পরিবর্তন ['পরিবর্তন' দ্রষ্টব্য] + শীল [শীল্ + অ]। ৬।১ পরিবর্তন শীল [স্বভাব] যার= বহুব্রী। ৩।৫

পরিবর্তমান : যা পরিবর্তিত হয়। বিণ। তৎসম। পরি + বর্তমান [বৃৎ + মান (শানচ্)]। ৬।১ বি.দ্র. : পরিবর্তমান= প্ + অ + র্ + ই + ব্ + অ + র্ + ত্ + অ + ম্ + আ +

ন্ + অ।

পরিবর্ধক : যা বৃদ্ধি করে। বিণ। তৎসম। পরি + বর্ধক [বৃধ্ + অক]। ৬।১ বি.দ্র. : পরিবর্ধক= প্ + অ + র্ + ই + ব্ + অ + র্ + ধ্ + অ + ক্ + অ।

পরিবর্ধন : সম্যক বর্ধন। বি। তৎসম। পরি+বর্ধন [বৃধ্ + অন]। ৬।১ বি.দ্র. : পরিবর্ধন= প্ + অ + র্ + ই + ব্ + অ + র্ + ধ্ + অ + ন্ + অ। 'র' ও 'ন্' এর মধ্যে 'ধ্' থাকায় 'ন্' 'ন্'-ই থেকেছে। ৪।১।গ।

পরিবর্ধিত : সম্যগ্রূপে বর্ধিত। বিণ। তৎসম। পরি + বর্ধিত [বৃধ্ + ণিচ্ + ত]। ৬।১ বি.দ্র. : পরিবর্ধিত= প্ + অ + র্ + ই + ব্ + অ + র্ + ধ্ + ই + ত্ + অ।

পরিবহণ : যানবাহন-যোগে বহন। বি। তৎসম। পরি + বহন [বহ্ (বহন করা) + অন]। ৬।১ বি.দ্র. : পরিবহণ= প্ + অ + র্ + ই + ব্ + অ + হ্ + অ + ণ্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ই', 'র', 'অ', 'হ্', 'অ'-এই অনুকূল বর্ণগুলি থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

পরিবার : পরিজন, স্ত্রী। বি। তৎসম। পরি + বার [বৃ (বরণ করা বা আবৃত বা বেষ্টন করা) + অ]। ৬।১ বি.দ্র. : পরিবার= প্ + অ + র্ + ই + ব্ + আ + র্ + অ। সম্পর্কের বেষ্টনের মধ্যে যারা বৃত।

পরিবৃত : বেষ্টিত। বিণ। তৎসম। পরি + বৃত [বৃ (বরণ করা বা আবৃত বা বেষ্টন করা) + ত]। বি.দ্র. : পরিবৃত= প্ + অ + র্ + ই + ব + ঋ + ত্ + অ। সম্পর্কের বেষ্টনের দ্বারা বৃত।

পরিবেশ : পরিপার্শ্ব। বি। তৎসম। পরি + বেশ [বিশ্ (বেষ্টন করা) + অ]। ৬।১ বি.দ্র. : পরিবেশ= প্ + অ + র্ + ই + ব্ + এ + শ্ + অ। চারদিকের বেষ্টিত স্থানের অবস্থা বা পরিমণ্ডল।

পরিবেশক : পরিবেশনকারী। বি। তৎসম। পরি + বেশক [বিশ্ (বণ্টন করা) + অক। ৬।১ বি.দ্র. : পরিবেশক= প্ + অ + র্ + ই + ব্ + এ + শ্ + অ + ক্ + অ।

পরিবেশন, পরিবেষণ : ভোজনকালে অন্নব্যঞ্জনাদি বিতরণ। বি। তৎসম। পরি + বেশন, বেষণ [বিশ্ (বণ্টন করা) বা বিষ্ (বিতরণ করা) + অন]। বি.দ্র. : পরিবেশন= প্ + অ + র্ + ই + ব্ + এ + শ্ + অ + ন্ + অ। অথবা, পরিবেষণ= প্ + অ + র্ + ই + ব্ + এ + ষ্ + অ + ণ্ + অ। 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরিবেষ্টন : ঘেরাও। বি। তৎসম। পরি + বেষ্টন= পরি + বেষ্ট্ + অন। ৬।১ বি.দ্র. : পরিবেষ্টন= প্ + অ + র্ + ই + ব্ + এ + ষ্ + ট্ + অ + ন্ + অ। 'এ'-র পর 'ষ্' হয়েছে এবং 'ষ্' যোগে 'ট্' হয়েছে।

পরিবেষ্টিত : চারদিকে ঘেরা। বিণ। তৎসম। পরি + বেষ্টিত [বেষ্ট্ + ত্]। ৬।১ বি.দ্র. : পরিবেষ্টিত= প + অ + র্ + ই + ব্ + এ + ষ্ + ট্ + ই + ত্ + অ।

পরিব্রাজক : ভ্রমণকারী, সন্ন্যাসী। বি। তৎসম। পরি + ব্রাজক [ব্রজ্ + অক]। ৬।১ বি.দ্র. : পরিব্রাজক= প্ + অ + র্ + ই + ব্ + র্ + আ + জ্ + অ + ক্ + অ। ব্ + র্ + আ= ব্রা।

পরিব্রাজিকা : ভ্রমণশীলা, সন্ন্যাসিনী। বি। তৎসম। পরি + ব্রাজিকা [ব্রজ্ + ইক (<অক) + আ (স্ত্রী)]। ৬।১ বি.দ্র. : পরিব্রাজিকা= প্ + অ + র্ + ই + ব্ + র্ + আ + জ্ + ই + ক্ + আ। ব্ + র্ + আ= ব্রা।

পরিভাষা : বিশেষ অর্থ-জ্ঞাপক শব্দ। বি। তৎসম। পরি + ভাষা [ভাষ্ + অ + আ]। ৬।১ বি.দ্র. : পরিভাষা= প্ + অ + র্ + ই + ভ্ + আ + ষ্ + আ। 'ভাষা'-র 'ষ্' মৌলিক 'ষ'। ৪।২।ছ

পরিভ্রমণ : পর্যটন। বি। তৎসম। পরি + ভ্রমণ [ভ্রম্ (বেড়ানো) + অন]। ৬।১ বি. দ্র.: পরিভ্রমণ= প্ + অ + র্ + ই + ভ্ + র্ + অ + ম্ + অ + ণ্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ', 'ম্', 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরিমল : ফুলের সৌরভ ও চন্দন ইত্যাদির মর্দন-জাত গন্ধ, সৌরভ। বি। তৎসম। পরি + মল [মল্ (ধারণ করা) + অ]। ৬।১ বি.দ্র.: সং. পরিমর্দ >প্রা. পরিমদ্দ >পরিমড্ড >পরিমল্ল >পরিমল।

পরিমাণ : ওজন, মাপ। বি। তৎসম। পরি + মান [মা (মাপা) + অন]। ৬।১ বি.দ্র.: পরিমাণ= প্ + অ + র্ + ই + ম্ + আ + ণ্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ই', 'ম্' ও 'আ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরিমাপ : পরিমাণ। বি। তৎসম। পরি + মাপ [মা (মাপা) + ণিচ্ + অ]। ৬।১ বি.দ্র.: পরিমাপ= প্ + অ + র্ + ই + ম্ + আ + প্ + অ।

পরিমিত : নির্দিষ্ট পরিমাণ মতো। বিণ। তৎসম। পরি + মিত [মা (মাপা) + ত]। ৬।১ বি.দ্র.: পরিমিত= প্ + অ + র্ + ই + ম্ + ই + ত্ + অ।

পরিমিতি : পরিমাণ। বি। তৎসম। পরি + মিতি [মা (মাপা) + তি]। ৬।১ বি.দ্র.: পরিমিতি= প্ + অ + র্ + ই + ম্ + ই + ত্ + ই।

পরিমেয় : পরিমাণযোগ্য। বিণ। তৎসম। পরি + মেয় [মা (মাপা) + য (যৎ)]। ৬।১ বি.দ্র.: পরিমেয়= প্ + অ + র্ + ই + ম্ +এ + য়্ + অ।

পরিযাণ : যানবাহনের যাতায়াত। বি। তৎসম। পরি + যান [যা (যাওয়া) + অন]। ৬।১ বি.দ্র.: পরিযান= প্ + অ + র্ + ই + য্ + আ + ণ্ + অ। 'র্' ও 'ন'-এর মধ্যে 'ই', 'য্', ও 'আ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরিশিষ্ট : পরিশেষে যুক্ত। বিণ। তৎসম। পরি + শিষ্ট [শিষ্ (শেষ করা বা পৃথক্ করা) + ত]। ৬।১ বি.দ্র.: পরিশিষ্ট= প্ + অ + র্ + ই + শ্ + ই + ষ্ + ট্ + অ। 'ই'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক ষ্ + ত = ষ্ + ট= ষ্ট হয়েছে [সন্ধি]। ২।২৪

পরিশীলন : অনুশীলন। বি। তৎসম। পরি + শীলন [শীল্ (অভ্যাস করা) + অন]। ৬।১ বি.দ্র.: পরিশীলন= প্ + অ + র্ + ই + শ্ + ঈ + ল্ + অ + ন্ + অ।

পরিশীলিত : মার্জিত। বিণ। তৎসম। পরি + শীলিত [শীল (অভ্যাস করা) + ত]। ৬।১ বি.দ্র.: পরিশীলিত= প্ + অ + র্ + ই + শ্ + ঈ + ল্ + ই + ত্ + অ। 'শীল্' ধাতু শ্ + ঈ। লিত= ল্ + ই + ত্ + অ। আগে 'ঈ', পরে 'ই'।

পরিশুদ্ধ : পবিত্রীকৃত। বিণ। তৎসম। পরি + শুদ্ধ [শুধ্ (শোধন করা) + ত]। ৬।১ বি.দ্র.: পরিশুদ্ধ = প্ + অ + র্ + ই +শ্+উ+দ্+ধ্+অ। দ্+ধ+অ=দ্ধ।

পরিশুদ্ধি : সম্পূর্ণরূপে শোধন। বি। তৎসম। পরি + শুদ্ধি [শুধ্ (শোধন করা) + তি]। ৬।১ বি.দ্র.: পরিশুদ্ধি= প্ + অ + র্ + ই + শ্ + উ+দ্+ধ্+ই। দ্+ধ্+ই=দ্ধি।

পরিশেষ : উপসংহার। বি। তৎসম। পরি + শেষ [শিষ্ (শেষ করা বা পৃথক্ করা) + অ]। ৬।১ বি.দ্র.: পরিশেষ= প্ + অ + র্ + ই + শ্ + এ + ষ্ + অ। 'এ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

পরিশোধ : ঋণশোধ। বি। তৎসম। পরি + শোধ [শুধ্ (দেনা শোধ করা) + অ]। ৬।১ বি.দ্র.: পরিশোধ= প্ + অ + র্ + ই + শ্ + ও + ধ্ + অ।

পরিশ্রম : মেহনত। বি। তৎসম। পরি + শ্রম [শ্রম্ (খাটা) + অ]। ৬।১ বি.দ্র. : পরিশ্রম= প্ + অ + র্ + ই + শ্ + র্ + অ + ম্ + অ।

পরিশ্রমী : শ্রমপটু। বিণ। তৎসম। পরি + শ্রমী [শ্রম্ (খাটা) + ইন্ (ঈ)]। ৬।১ বি.দ্র.: পরিশ্রমী= প্ + অ + র্ + ই + শ্ + র্ + অ + ম্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পরিশ্রান্ত : পরিশ্রমের ফলে ক্লান্ত। বিণ। তৎসম। পরি + শ্রান্ত [শ্রম্ + ত]। ৬।১ বি.দ্র.: পরিশ্রান্ত= প্ + অ + র্ + ই + শ্ + র্ + আ + ন্ + ত্ + অ। শ্ + র্ +আ= শ্রা, ন্ + ত্ + অ= ন্ত।

পরিষদ্ : [সংসদ (council)]। বি। তৎসম। পরি + সদ্ [সদ্ + ক্বিপ্]। বি.দ্র.: পরিষদ্= প্ + অ + র্ + ই + ষ্ + অ + দ্। 'ই'-র পর 'স্' 'ষ্' হয়েছে। ৪।২।ক

পরিষেবক : যে রোগীর সেবা করে। বিণ। তৎসম। পরি + সেবক [সেব্ (সেবা করা) + অক]। ৬।১ বি.দ্র.: পরিষেবক= প্ + অ + র্ + ই + ষ্ + এ + ব্ + অ + ক্ + অ। 'ই'-র পর 'স্' 'ষ হয়েছে।

পরিষেবা : শুশ্রূষা। বি। তৎসম। পরি + সেবা [সেব্ (সেবা করা) + অ + আ]। ৬।১ বি.দ্র.: পরিষেবা= প্ + অ + র্ + ই + ষ্ + এ + ব্ + আ। 'ই'-র পর 'স্' 'ষ্' হয়েছে। ৪।২।ক

পরিষেবিকা [স্ত্রী] : যে রোগীর সেবা করে। বিণ। তৎসম। পরি + সেবিকা [সেব্ + ইক [<অক] + আ]। ৬।১, ৭।১।খ বি.দ্র.: পরিষেবিকা= প্ + অ + র্ + ই + ষ্ + এ +ব্ + ই + ক্ + আ। 'ই' র পর 'স্' 'ষ্' হয়েছে। ৪।২।ক

পরিষ্কার : পরিচ্ছন্নতা। বি। তৎসম। পরি + কার [কৃ + অ]। ৬।১ [সন্ধি] পরি [+স্ -আগম] + কার। ২।২৯ বি.দ্র.: পরিষ্কার= প্ + অ + র্ + ই + ষ্ + ক্ + আ + র্ + অ। 'ই'-র পর 'স্' 'ষ্' হয়েছে। ৪।২।ক

পরিষ্কৃত : পরিচ্ছন্ন। বিণ। তৎসম। পরি + কৃত [কৃ + ত]। ৬।১ [সন্ধি] পরি [+ষ্ - আগম] + কৃত। ২।২৯ বি.দ্র.: পরিষ্কৃত= প্ + অ + র্ + ই + ষ্ + ক্ + ঋ + ত্ + অ। 'ই'-র পব 'স্' 'ষ্' হয়েছে। ৪।২।ক

পরিসংখ্যান : রাশিবিজ্ঞান। বি। তৎসম। পরি + সংখ্যান [সম্ + খ্যা + অন]। ৬।১ বিশেষ বিজ্ঞানসম্মত উপায়ে নির্ধারিত সংখ্যা= statistics বি.দ্র.: পরিসংখ্যান= প্ + অ + র্ + ই + স্ + অ + ং + খ্ + য্ + আ + ন্ + অ। খ্ + য্ + আ= খ্যা।

পরিসমাপ্তি : শেষ। বি। তৎসম। পরি + সমাপ্তি [সম্ + আপ্ + তি]। ৬।১ বি.দ্র.: পরিসমাপ্তি= প্ + অ + র্ + ই + স্ + অ + ম্ + আ + প্ + ত্ + ই। প্ + ত্ + ই= প্তি।

পরিসম্পদ : সম্পত্তি। বি। তৎসম। পরি + সম্পদ্ [সম্ + পদ্ + ক্বিপ্]। ৬।১ বি.দ্র.: পরিসম্পদ= প্ + অ + র্ + ই + স্ + অ + ম্ + প্ + অ + দ্ [ত্]। ম্ + প্ + অ= ম্প।

পরিসর : বিস্তার। বি। তৎসম। পরি + সর [সৃ (গমন করা) + অ]। ৬।১ বি.দ্র.: পরিসর= প্ + অ + র্ + ই + স্ + অ + র্ + অ।

পরিসীমা : চতুঃসীমা। বি। তৎসম। পরি + সীমা [সীমন্ (সি+ইমন্) + আ]। ৬।২ পরি= চারদিকের, সীমা= সীমানা। বি.দ্র.: পরিসীমা= প্ + অ + র্ + ই + স্ + ঈ + ম্ + আ।

পরিস্থিতি : পারিপার্শ্বিক অবস্থা। বি। তৎসম। পরি + স্থিতি [স্থা (অবস্থান করা) + তি]। ৬।১ পরি= চারদিকের, স্থিতি= অবস্থান। পরিস্থিতি= প্ + অ + র্ + ই + স্ + থ্ + ই + ত্ + ই। স্ + থ্ + ই= স্থি।

পরিস্ফুট : সুস্পষ্টভাবে প্রকাশিত। বিণ। তৎসম। পরি + স্ফুট [স্ফুট্ (বিকশিত হওয়া) + অ]। ৬।১ পরি= সম্পূর্ণরূপে, স্ফুট= বিকশিত। বি.দ্র.: পরিস্ফুট= প্ + অ + র্ + ই + স্ + ফ্ + উ + ট্ + অ। স্ + ফ্ + উ= স্ফু।

পরিস্রুত : পরিশোধিত রূপে ক্ষরণ। বিণ। তৎসম। পরি + স্রুত [স্রু (ক্ষরিত হওয়া বা চুঁইয়ে পড়া) + ত]। ৬।১ বি.দ্র.: পরিস্রুত= প্ + অ + র্ + ই + স্ + র্ + উ + ত্ + অ। স্ + র্ + উ= স্রু।

পরিহার : পরিত্যাগ। বি। তৎসম। পরি + হার [হৃ + অ]। ৬।১ বি.দ্র.: পরিহার [পরি + হৃ (ত্যাগ করা) + অ] বানান: প্ + অ + র্ + ই + হ্ + আ + র্ + অ।

পরিহার্য : পরিহারের যোগ্য। বিণ। তৎসম। পরি + হার্য [হৃ + য (যৎ)]। ৬।১ পরি + হৃ (পরিহার করা)। বি.দ্র.: পরিহার্য= প্ + অ + র্ + ই + হ্ + আ + র্ + য্ + অ। র্ + য্ + অ= র্য।

পরিহাস : কৌতুক, তামাসা। বি। তৎসম। পরি + হাস [হস্ (হাসা) + অ। ৬।১ বি.দ্র.: পরিহাস= প্ + অ + র্ + ই + হ্ + আ + স্ + অ।

পরিহিত : যা পরিধান করা হয়েছে। বিণ। তৎসম। পরি + হিত [ধা (ধারণ করা) + ত]। ৬।১ বি.দ্র.: পরিহিত [পরি + ধা (পরিধান করা) + ত]। প্ + অ + র্ + ই + হ্ + ই + ত্ + অ।

পরিহৃত : পরিত্যক্ত। বিণ। তৎসম। পরি + হৃত [হৃ + ত]। ৬।১ বি.দ্র.: পরিহৃত [পরি + হৃ (পরিহার করা)]। বানান: প্ + অ + র্ + ই + হ্ + ঋ + ত্ + অ। হ্ + ঋ= হৃ।

পরী : ডানাযুক্ত পরমা সুন্দরী কল্পিত নারী। বি। বিদেশী। <ফা. পরী।

পরীক্ষক : পরীক্ষাকারী। বি। তৎসম। পরি + ঈক্ষক [ঈক্ষ্ + অক]। ৬।১ [সন্ধি] ই + ঈ = ঈ [রী]। ২।২।খ বি.দ্র.: পরীক্ষক [পরি + ঈক্ষ্ (পরীক্ষা করা (to examine) + অক]।) প্ + অ + র্ + ঈ + ক্ + ষ্ + অ + ক্ + অ। র্ + ঈ= রী, ক্ + ষ্ + অ= ক্ষ।

পরীক্ষণ : পরীক্ষা। বি। তৎসম। পরি + ঈক্ষণ [ঈক্ষ্ (দেখা) + অন]। ৬।১ [সন্ধি] ই + ঈ= ঈ [রী]। ২।২।খ পরি + ঈক্ষ্ [পরীক্ষা করা] + অন। বি.দ্র.: পরীক্ষণ= প্ + অ + র্ + ঈ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ' হয়েছে। ৪।১।গ

পরীক্ষণীয় : পরীক্ষার যোগ্য। বিণ। তৎসম। পরি + ঈক্ষণীয়। [ঈক্ষ্ (দেখা) + অনীয়]। ৬।১ [সন্ধি] ই + ঈ= ঈ [রী]। ২।২।খ পরি + ঈক্ষ্ [পরীক্ষা করা] + অনীয়। বি.দ্র.: পরীক্ষণীয়= প্ + অ + র্ + ঈ + ক্ + ষ্ + অ + ণ্ + ঈ + য্ + অ। 'ষ্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পরীক্ষা : গুণাগুণ ও যোগ্যতা বিচার। বি। তৎসম। পরি + ঈক্ষা [ঈক্ষ্ (দেখা) + অ + আ]। ৬।১ [সন্ধি] ই + ঈ= ঈ [রী]। ২।২।খ বি.দ্র.: পরীক্ষা= প্ + অ + র্ + ঈ + ক্ + ষ্ + আ। ক্ + ষ্ + আ= ক্ষা।

পরীক্ষাগার : যেখানে কোন বিষয়ে পরীক্ষা গৃহীত হয়, বৈজ্ঞানিক গবেষণাগার। বি। তৎসম। পরি + ঈক্ষা [ঈক্ষ্ + অ + আ] + আগার [অগার + অ]। ৬।১ [সন্ধি] ই + ঈ = ঈ [রী]। ২।২।খ আ + আ= আ (ক্ষা) ২।১।ঘ পরীক্ষার নিমিত্ত আগার= নিমিত্ততৎ। ৩।৩ বি.দ্র.: পরীক্ষাগার= প্ + অ + র্ + ঈ + ক্ + ষ্ + আ + গ্ + আ + র্ + অ।

পরীক্ষাধীন : যা পরীক্ষা করে দেখা হচ্ছে। বিণ। তৎসম। পরীক্ষা ['পরীক্ষা' দ্রষ্টব্য] + অধীন [অধি + ইন্]। [সন্ধি] আ + অ= আ [ক্ষা]। ২।১।গ ই + ই= ঈ [ধী]। ২।২।ক পরীক্ষার

অধীন= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরীক্ষাধীন= প্ + অ + র্ + ঈ + ক্ + ষ্ + আ + ধ্ + ঈ + ন্ + অ।

পরীক্ষার্থী : যে পরীক্ষা দিতে ইচ্ছুক। বিণ। তৎসম। পরীক্ষা ['পরীক্ষা' দ্রষ্টব্য] + অর্থী [অর্থ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] আ + অ= আ [ক্ষা]। ২।১।গ বি.দ্র.: পরীক্ষার্থী= প্ + অ + র্ + ঈ + ক্ + ষ্ + আ + র্ + থ্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পরীক্ষার্থিনী : পরীক্ষা দিতে ইচ্ছুক [স্ত্রী]। পরীক্ষা ['পরীক্ষা' দ্রষ্টব্য] + অর্থিনী [অর্থ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ [সন্ধি] আ + অ= আ [ক্ষা]। ২।১।গ বি.দ্র.: পরীক্ষার্থিনী= প + অ + র্ + ঈ + ক্ + ষ্ + আ + র্ + থ্ + ই + ন্ + ঈ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'থ্' ['ত'-বর্গ] থাকায় 'ন' 'ণ' হয় নি। ৪।১।গ

পরীক্ষিত : পরীক্ষার সাহায্যে যাব ভালমন্দ যোগ্যতা-অযোগ্যতার বিচার করা হয়েছে। বি। তৎসম। পরি + ঈক্ষিত [ঈক্ষ্ (দেখা) + ত]। ৬।১ [সন্ধি] ই + ঈ= ঈ [রী]। ২।২।খ বি.দ্র.: পরীক্ষিত= প্ + অ + র্ ঈ + ক্ + ষ্ + ই + ত্ + অ। আগে 'ঈ', পরে 'ই'।

পরীক্ষোত্তীর্ণ : পরীক্ষায় কৃতকার্য। বিণ। তৎসম। পরীক্ষা ['পরীক্ষা' দ্রষ্টব্য] + উত্তীর্ণ [উৎ + তীর্ণ (তৃ + ত)]। ৬।১ [সন্ধি] আ + উ= ও [ক্ষো]। ২।৫।গ পরীক্ষায় উত্তীর্ণ= অধিকরণ তৎ। ৩।৩ বি.দ্র.: পরীক্ষোত্তীর্ণ = প্ + অ + র্ + ঈ + ক্ + ষ্ + ও + ত্ + ত + ঈ + র্ + ণ্ + অ। 'র্'-এর অব্যবহিত পরেই 'ণ্' হয়েছে। ৪।১।খ

পরুষ : কর্কশ। বিণ। তৎসম। পৃ [পূর্ণ করা] উষ। ৬।১ [সন্ধি] ঋ + উ= রু [রু]। ২।৯।ঙ বি.দ্র.: পরুষ= প্ + অ + র্ + উ + ষ্ + অ। র্ + উ= রু। 'উ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

পরুষভাষী : কটুভাষী। বিণ। তৎসম। পরুষ ['পরুষ' দ্রষ্টব্য] + ভাষী [ভাষ্ + ইন্ (ঈ)]। ৬।১ পরুষ ভাষণ করে [কথা বলে] যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পরুষভাষী= প্ + অ + র্ + উ + ষ্ + অ + ভ্ + আ + ষ্ + ঈ। 'ভাষ্' [কথা বলা] ধাতুর 'ষ' মৌলিক 'ষ্'। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পরোক্ষ : অপ্রত্যক্ষ। বিণ। তৎসম। পরঃ + অক্ষ [অক্ষি = অক্ষ্ + ই]। ৬।১ [সন্ধি] অঃ + অ= ও [রো]। ২।৩৯ অক্ষির পর [বিপরীত]= অব্যয়ীভাব। ৩।১ বি.দ্র.: পরোক্ষ= প্ + অ + র্ + ও + ক্ + ষ্ + অ। ক্ + ষ্ + অ= ক্ষ।

পরোপকার : অন্যের উপকার। বি। তৎসম। পর [পৃ + অ] + উপকার [উপ + কৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [রো] পরের উপকার= সম্বন্ধ তৎ। ৩।৩ বি.দ্র.: পরোপকার= প্ + অ + র্ + ও + প্ + অ + ক্ + আ + র্ + অ।

পরোপকারী : যে অন্যের উপকার করে। বিণ। তৎসম। পর [পৃ + অ] + উপকারী [উপ + কৃ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [রো]। ২।৫।ক পরের উপকার করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পরোপকারিতা : অন্যের হিতসাধন। বি। তৎসম। পর + উপকারিতা [উপ + কৃ + ইত (< ইন) + আ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [রো]। ২।৫।ক পরের উপকারিতা= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পরোপকারিতা= প্ + অ + র্ +ও + প্ + অ + ক্ + আ + র্ + ই + ত্ + আ।

পরোপজীবী : পরান্নভোজী। বিণ। তৎসম। পর + উপজীবী [উপ + জীব্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [রো]। ২।৫।ক পরের সাহায্যে

উপজীবিত থাকে যে= উপপদতৎ। বি.দ্র.: পরোপজীবী= প্ + অ + র্ + ও + প্ + অ + জ্ + ঈ + ব্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পরোয়া: তোয়াক্কা। বি। বিদেশী। <ফা. পর্ওয়া।

পরোপজীবিনী: পরান্নপালিতা। পর + উপজীবিনী [উপ + জীব্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১ বি.দ্র.: পরোপজীবিনী= প্ + অ + র্ + ও + প্ + অ + জ্ + ঈ + ব্ + ই + ন্ + ঈ। 'জীব্' ধাতু= জ্ + ঈ। শব্দটি ইন্ + ঈ [স্ত্রী]= 'ইনী'- প্রত্যয়ান্ত। কাজেই, জীবিনী= জ্ + ঈ + ব্ + ই + ন্ + ঈ।

পরোয়ানা: আদালতের হুকুমনামা। বি। বিদেশী। <ফা. পরওয়ানা।

পর্জন্য: শব্দকারী বর্ষণশীল মেঘ। বি। তৎসম। পৃষ্ [জলবর্ষণ করা] + অন্য [নিপাতনে]। ৬।১ বি.দ্র.: পর্জন্য = প্ + অ + র্ + জ্ + অ + ন্ + য্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'জ্' [চ্-বর্গ] থাকায় 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

পর্ণ: পাতা, ফুলের পাপড়ি। বি। তৎসম। পর্ণ্ [সবুজ হওয়া] + অ। ৬।১ বি.দ্র.: পর্ণ= প্ + অ + র্ + ণ্ + অ। 'র্'-এর অব্যবহিত পরেই 'ণ্' হয়েছে। ৪।১।খ

পর্ণকুটির: পাতার কুঁড়েঘর। বি। তৎসম। পর্ণ ['পর্ণ' দ্রষ্টব্য] + কুটির [কুটি + রা + অ]। ৬।১ পর্ণ নির্মিত কুটির = মধ্যপ-কর্মধা। বি.দ্র.: পর্ণ-কুটির = প্ + অ + র্ + ণ্ + অ + ক্ + উ + ট্ + ই + র্ + অ।

পর্ণমোচী: পত্রমোচনকারী। বিণ। তৎসম। পর্ণ ['পর্ণ' দ্রষ্টব্য] + মোচী [মুচ্ (মুক্তি দান করা) + ইন্ (ঈ)]। ৬।১ পর্ণ [পাতা] মোচন করে [করায়] যে = উপপদতৎ। ৩।৩ বি.দ্র,: পর্ণমোচী = প্ + অ + র্ + ণ্ + অ + ম্ + ও + চ্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পর্ব: পরব, বাঁশ বেত প্রভৃতির দুই গাঁটের মধ্যবর্তী অংশ, গ্রন্থের অধ্যায়। বি। তৎসম। পৃ [পূর্ণ করা] + বন্। ৬।১ বি.দ্র.: পর্ব= প্ + অ + র্ + ব্ + অ। র্ + ব্ + অ=র্ব। রেফ্ থাকায় 'ব্'-এর দ্বিত্ব বর্জিত। ৮।১১ [সংস্কৃতে 'পর্বন্' [পৃ + বন্] শব্দের প্রথমা একবচনে 'পর্ব'।]

পর্বত: পাহাড়। বি। তৎসম। পৃ [পূর্ণ করা] + অত। ৬।১ যা পৃথিবীর বহু স্থান পূর্ণ করে আছে।. বি.দ্র.: পর্বত= প্ + অ + র্ + ব্ + অ + ত্ + অ।

পর্বত-কন্দর: গিরিগুহা। বি। তৎসম। পর্বত ['পর্বত' দ্রষ্টব্য] + কন্দর [কম্ (জল) + দৃ(বিদীর্ণ করা) + অ। ৬।১ [সন্ধি] ম্ + দ= ন্ + দ= ন্দ। ২।২৮ পর্বতের কন্দর [গুহা] = সম্বন্ধ-তৎ। ৩।৩ বি.দ্র.: পর্বত-কন্দর = প্ + অ + র্ + ব্ + অ + ত্ + অ + ক্ + অ + ন্ + দ্ + অ + র্ + অ।

পর্বদিন: উৎসবের দিন। বি। তৎসম। পর্ব ['পর্ব' দ্রষ্টব্য] + দিন [দো (অন্ধকারকে বিদীর্ণ করা) + ইন]। পর্বের [পরবের] দিন = সম্বন্ধ-তৎ। ৩।৩

পর্বতপ্রমাণ: পর্বতাকার। বিণ। তৎসম। পর্বত [পর্বত দ্রষ্টব্য] + প্রমাণ [প্র + মা + অন]। ৬।৩ পর্বতের প্রমাণ [বাং. পরিমাণ] = সম্বন্ধ-তৎ। ৩।৩ বি.দ্র.: প্রমাণ: প্ + র্ + অ + ম্ + আ + ণ্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ', 'ম্' ও 'আ' থাকায় 'ন্' 'ণ' হয়েছে। ৪।১।গ

পর্যঙ্ক: পালঙ্ক। বি। তৎসম। পরি + অঙ্ক [অন্চ্ (গমন করা]+ অ]। ৬।১ শোওয়ার জন্য যেখানে যাওয়া হয়। [সন্ধি] ই + অ=য [র্য]। ২।৭।ক বি.দ্র.: পর্যঙ্ক = প্ + অ + র্ + য্ + অ + ঙ্ + ক্ + অ।

পর্যটক: ভ্রমণকারী। বি, বিণ। তৎসম। পরি + অটক [অট্ + অক]। ৬।১ [সন্ধি] ই + অ= য [র্য]। ২।৭।ক বি.দ্র.: পর্যটক = প্ + অ

+ র্ + য্ + অ + ট্ + অ + ক্ + অ। কিন্তু স্মরণীয়: 'পর্যটক' অশুদ্ধ; শুদ্ধ রূপ: পর্যাটক।

পর্যটন: পরিভ্রমণ। বি। তৎসম। পরি + অটন [অট্ + অন]। ৬।১ [সন্ধি] ই + অ = য[র্য]। বি.দ্র.: পর্যটন = প্ + অ + র্ + য্ + অ + ট্ + অ + ন্ + অ।

পর্যন্ত: অবধি। অব্য। তৎসম। পরি + অন্ত [অম্ + ত]। ৬।১ [সন্ধি] ই + অ = য [র্য]। ২।৭।ক

পর্যবসান: সমাপ্তি। বি। তৎসম। পরি [সম্পূর্ণ] + অবসান [অব + সো + অন] ৬।১ অবসান = শেষ। [সন্ধি] ই + অ = য [র্য]। ২।৭।ক [পর্যাবসান' অশুদ্ধ]। সম্পূর্ণ অবসান = পর্যবসান। বি.দ্র.: পর্যবসান = প্ + অ + র্ + য্ + অ + ব্ + অ + স্ + আ + ন্ + অ।

পর্যবসিত: পরিণত। বিণ। তৎসম। পরি + অবসিত [অব + সো + ত]। ৬।১ [সন্ধি] ই + অ=য[র্য]। ২।৭।ক বি.দ্র.: পর্যবসিত: প্ + অ + র্ + য্ + অ + ব্ + অ + স্ + ই + ত্ + অ।

পর্যবেক্ষক: পরিদর্শক। বি। বিণ। তৎসম। পরি + অবেক্ষক [অব + ঈক্ষক (ঈক্ষ্ + অক)]। ৬।১ [সন্ধি] ই + অ=য [র্য]। ২।৭।ক অ + ঈ = এ [বে]। ২।৪।খ বি.দ্র.: পর্যবেক্ষক = প্ + অ + র্ + য্ + অ + ব্ + এ + ক্ + ষ্ + অ + ক্ + অ। ক্ + ষ্ + অ=ক্ষ।

পর্যবেক্ষণ: পরিদর্শন। বি। তৎসম। পরি + অবেক্ষণ [অব + ঈক্ষণ (ঈক্ষ্ + অন)]। ৬।১ [সন্ধি] ই + অ = য [র্য]। ২।৭।ক অ + ঈ=এ [বে] ২।৪।খ বি.দ্র.: পর্যবেক্ষণ = প্ + অ + র + য্ + অ + ব্ + এ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পর্যবেক্ষণিকা: মানমন্দির। বি। তৎসম। পর্যবেক্ষণ ['পর্যবেক্ষণ' দ্রষ্টব্য] + ['ই'-আগম] ক + আ [স্ত্রী]। বি.দ্র.: পর্যবেক্ষণিকা = প্ + অ + র্ + য্ + অ + ব্ + এ + ক্ + ষ্ + অ + ণ্ + ই + ক্ + আ।

পর্যাপ্ত: যথেষ্ট। বিণ। তৎসম। পরি + আপ্ত [আপ্ + ত]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [র্যা]। ২।৭।খ বি.দ্র.: পর্যাপ্ত = প্ + অ + র্ + য্ + আ + প্ + ত্ + অ।

পর্যাপ্তি: প্রাচুর্য। বি। তৎসম। পরি + আপ্তি [আপ্ + তি]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [র্যা] ২।৭।খ বি.দ্র.: পর্যাপ্তি = প্ + অ + র্ + য্ + আ + প্ + ত্ + ই।

পর্যায়: অনুক্রম। বি। তৎসম। পরি + আয় [ই(গমন করা) + অ]। ৬।১ [সন্ধি] ই + আ = যা [র্যা]। ২।৭।খ বি.দ্র.: পর্যায় = প্ + অ + র্ + য্ + আ + য় + অ।

পর্যায়ক্রমে: পালাক্রমে। ক্রি-বিণ। তৎসম। পর্যায় ['পর্যায়' দ্রষ্টব্য] + ক্রমে [ক্রম= ক্রম্ + অ + এ (অধিকরণ)]। বি.দ্র.: ক্রমে= ক্ + র্ + অ + ম্ + এ। ক্ + র্ + অ=ক্র।

পর্যালোচনা: সম্যক্ আলোচনা। বি। তৎসম। পরি + আলোচনা [আ + লোচ্ + অন + আ]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [র্যা]। ২।৭।খ বি.দ্র.: পর্যালোচনা: প্ + অ + র্ + য্ + আ + ল্ + ও + চ্ + অ + ন্ + আ।

পর্যালোচিত: সম্যগ্‌ভাবে আলোচিত। বিণ। তৎসম। পরি + আলোচিত [আ + লোচ্ + ত]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [র্যা]। ২।৭।খ বি.দ্র.: পর্যালোচিত = প্ + অ + র্ + য্ + আ + ল্ + ও + চ্ + ই + ত্ + অ।

পর্যুদস্ত: সম্পূর্ণ পরাজিত। বিণ। তৎসম। পরি + উৎ + অস্ত [অস্ + ত]। ৬।১ [সন্ধি] ই + উ = যু [র্যু]। ২।৭।গ ৎ + অ=দ্ + অ=দ। ২।৩১ বি.দ্র.: পর্যুদস্ত = প্ + অ + র্ + য্ + উ + দ্ + অ + স্ + ত্ + অ।

পল : মাংস, বি। তৎসম। পল্ + অ। ৬।১

পল : শিরাযুক্ত পার্শ্বদেশ। বি। বিদেশী। <ফা. পহ্লু।

পলক : চোখের পাতা। বি। বিদেশী। <ফা. পলক্।

পলকশূন্য : অপলক, নির্নিমেষ। বিণ। মিশ্র [বিদেশী + তৎসম। ফা. পলক + সং. শূন্য [সু=শু + উন= শূন + য(যৎ)]। ৬।১ পলকের দ্বারা শূন্য = করণতৎ। ৩।৩ বি.দ্র, : শূন্য = শ্ + উ + ন্ + য্ + অ।

পলকহীন : অপলক, নির্নিমেষ। বিণ। মিশ্র[বিদেশী + তৎসম]। ফা. পলক + সং.হীন [হা + ত]। ৬।১ পলকের দ্বারা হীন = করণতৎ। ৩।৩ বি.দ্র. : হীন = হ্ + ঈ + ন্ + অ।

পলকা : ঠুনকো। বিণ। দেশী।

পলটন : সৈন্যদল। বি। বিদেশী। ইং. battalion. [বর্ণ-বিপর্যয়]।

পলতা : পটোল-পাতা। বি। অর্ধ-তৎসম। পটোল + লতা [দ্রুত উচ্চারণে] > প ['টোল' লুপ্ত] + লতা।

পলল : নদী প্রভৃতির পলি। বি। তৎসম। পল্ + অল। ৬।১

পলস্তারা : বালি ও সিমেন্টের প্রলেপ। বি। বিদেশী। <ইং. Plaster. বি.দ্র. : পলস্তারা = প্ + অ + ল্ + অ + স্ + ত্ + আ + র্ + আ।

পলা : প্রবাল, তেল তোলবার জন্য খাড়া হাতলওয়ালা বাটি। বি। তদ্ভব। <প্রা. পআল <সং. প্রবাল।

পলা : তেল তোলার খাড়া হাতলযুক্ত বাটি। বি। তদ্ভব। <সং. পল + বাং. আ।

পলাণ্ডু : পেঁয়াজ। বি। তৎসম। পল্ + আণ্ডু। ৬।১ বি.দ্র. : পলাণ্ডু = প্ + অ + ল্ + আ + ণ্ + ড্ + উ। 'ড্'-এর অব্যবহিত আগে 'ণ' হয়েছে। ৪।১।ক বি.দ্র.: পলাণ্ডু = প্ + অ + ল্ + আ + ণ্ + ড্ + উ।

পলাতক : ফেরারী। বিণ। তদ্ভব। <সং. পলায়িতক [পরা + অয্ + ত + ক]। ৬।১ বি.দ্র. : পলাতক = প্ + অ + ল্ + আ + ত্ + অ + ক্ + অ।

পলাতকা : পলায়িতা [যে স্ত্রীলোক পালিয়ে গেছে]। বিণ। তদ্ভব। পলাতক ['পলাতক' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বি.দ্র. : পলাতকা = প্ + অ + ল্ + আ + ত্ + অ + ক্ + আ।

পলান্ন : পোলাও। বি। তৎসম। পল [মাংস] + অন্ন [অদ্ (খাওয়া) + ত]। ৬।১ [সন্ধি] অ + অ = আ। ২।১।ক পল মিশ্রিত অন্ন = মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র. : পলান্ন = প্ + অ + ল্ + আ + ন্ + ন্ + অ।

পলায়ন : পালানো। বি। তৎসম। পরা [রা=লা] + অয্ [গমন করা] + অন। ৬।১ বি.দ্র. : পলায়ন = প্ + অ + ল্ + আ + য্ + অ + ন্ + অ।

পলায়মান : পলায়নপর। বিণ। তৎসম। পরা [রা=লা] + অয্ [গমন করা] + মান [শানচ্]। ৬।১ বি.দ্র. : পলায়মান = প্ + অ + ল্ + আ + য্ + অ + ম্ + আ + ন্ + অ।

পলায়িত : যে পলায়ন করেছে। বিণ। তৎসম। পরা [রা=লা] + অয্ [গমন করা] + ত। ৬।১ বি.দ্র. : পলায়িত = প্ + অ + ল্ + আ + য্ + ই + ত্ + অ।

পলায়নী-মনোবৃত্তি = নির্বিরোধী মনোভাব। বি। তৎসম। পলায়নী [পলায়ন ('পলায়ন' দ্রষ্টব্য) + ঈ [স্ত্রী] + মনোবৃত্তি [মনঃ + বৃত্তি (বৃৎ + তি)]। ৬।১ [সন্ধি] অঃ + বৃ=ওবৃ [নোবৃ]। ২।৩৯ পলায়নী এমন মনোবৃত্তি = কর্মধা। ৩।২ পলায়নী-মনোবৃত্তি = প্ + অ + ল্ + আ + য্ + অ + ন্ + ঈ + ম্ + অ + ন্ + ও + ব্ + ঋ + ত্ + ত্ + ই।

পলাশ : কিংশুক বৃক্ষ ও পুষ্প। বি। তৎসম। পল [পত্র] + অশ [ব্যাপ্ত বা বিস্তৃত]। [সন্ধি] অ

+ অ=আ [লা] ২।১।ক পত্র বিস্তৃত যার = বহুব্রী। ৩।৫ বি.দ্র.: পলাশ = প্ + অ + ল্ + আ + শ্ + অ।

পলাশ: মাংসভুক্। বি। তৎসম। পল [মাংস] + আশ [অশ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [লা]। ২।১।খ পল [মাংস] আশ [খাদ্য] যার= বহুব্রী। ৩।৫ বানান: প্ + অ + ল্ + আ + শ্ + অ।

পলি: নদীর স্রোতে আনীত মাটি। বি। তদ্ভব। <সং. পলল + বাং. ই। বি.দ্র.: পলি = প্ + অ + ল্ + ই।

পলিত: বার্ধক্যহেতু শুক্ল [শাদা]। বিণ। তৎসম। পল্ [গমন করা] + ত। ৬।১ বয়সের পথে চলিত এবং শুক্লতা-প্রাপ্ত।

পলিতা: সলিতা। বি। বিদেশী। <ফা. পলীতাহ্। বাংলায়: পলিতা >পলতে [চলিত]।

পলিমাটি: নদীর স্রোতে আনীত মাটি। বি। তদ্ভব। পলি ['পলি' দ্রষ্টব্য] + মাটি। <সং. পলল মৃত্তিকা >প্রা. মট্টিআ >বাং. মাটি।

পলিসি: কৌশল। বি। বিদেশী। ইং. policy. বাংলায়: 'পলিসি'।

পলিসিবাজ: মৎলববাজ। বিণ। বিদেশী। ইং. policy [পলিসি] + হি. বাজ।

পলু, পোলু: তুঁতপোকা। বি। দেশী। বি.দ্র.: পলু = প্ + অ + ল্ + উ।

পলুই, পলো, পোলো: বাঁশের শলা দিয়ে তৈরী মাছ ধরার যন্ত্র। বি। তদ্ভব। <সং. পলব [পল [আমিষ (মাছ)] + বা [পাওয়া] + অ। ৬।১ যাতে মাছ ধরা যায়। সং. পলব >পল + উই, + ও [পলুই, পলো, পোলো]।

পলুটি গাই: প্রথম প্রসূতা গাভী। বি। তদ্ভব। <সং. পলিক্লী = প্রসূতী। বাংলায়: পলিতী, পলিটি বা পলুটি।

পল্লব: গাছের নতুন পাতা, ফেঁকড়ি, চোখের পাতা। বি। তৎসম। পল্লব = পত্ [পতিত হওয়া] + লব [লূ (ছেদন করা) + অ]। ৬।১ অর্থাৎ, অল্পতা [পত্রের অল্পতা]। [সন্ধি] ত্ + ল = ল্ল। ২।২০ বি.দ্র.: পল্লব = প্ + অ + ল্ + ল্ + অ + ব্ + অ। [পল্লব= বিশাল বৃক্ষের ক্ষুদ্র পত্র মাত্র।]

পল্লবগ্রাহিতা: গভীরভাবে না জেনে অনেক বিষয়ে ভাসা-ভাসা জ্ঞানার্জনের স্বভাব। বি। তৎসম। পল্লব ['পল্লব' দ্রষ্টব্য। পল্লব (পত্রের স্বল্পতা, এখানে জ্ঞানের অগভীরতা)] + গ্রাহিতা [গ্রহ্ (গ্রহণ করা) + ইত [<ইন্] + আ]। ৬।১ পল্লবের [স্বল্প বা অগভীর জ্ঞানের] গ্রাহিতা [গ্রহণের স্বভাব]= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পল্লবগ্রাহিতা = প্ + অ + ল্ + ল্ + অ + ব্ + অ + গ্ + র্ + আ + হ্ + ই + ত্ + আ।

পল্লবগ্রাহী: গভীরভাবে না জেনে যে বহু বিষয়ে ভাসা-ভাসা জ্ঞান অর্জন করে। বিণ। তৎসম। পল্লব ['পল্লব' দ্রষ্টব্য। পল্লব (পত্রের স্বল্পতা, এখানে অগভীব জ্ঞান)] + গ্রাহী [গ্রহ্ (গ্রহণ করা) + ইন্ (ঈ)]। ৬।১ পল্লব [বিভিন্ন বিষয়ের অগভীর জ্ঞান] গ্রহণ করে যে = উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পল্লবগ্রাহী = প্ + অ + ল্ + ল্ + অ + ব্ + অ + গ্ + র্ + আ + হ্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পল্লবিত: পল্লবযুক্ত, বিস্তারিত। বিণ। তৎসম। পল্লব ['পল্লব' দ্রষ্টব্য] + ইত [ইতচ্]। ৬।২ শাখায় ও পল্লবে [পত্রে] সমৃদ্ধ। বি.দ্র.: পল্লবিত = প্ + অ + ল্ + ল্ + অ + ব্ + ই + ত্ + অ।

পল্লি, পল্লী: ক্ষুদ্রগ্রাম। বি। তৎসম। পল্ল্ [গমন করা, বসতি স্থাপন করা] + ই, ইন্ [ঈ]। ৬।১ অর্থাৎ, পল্ল্ + ই = পল্লি, পল্ল্ + ইন্ [ঈ] = পল্লী। যেখানে মানুষ গমনাগমন করে ও বসতি স্থাপন করে। বি.দ্র.: পল্লি = প্ + অ + ল্ + ল্ + ই। পল্লী = প্ + অ + ল্ + ল্ + ঈ।

পল্লিগীতি, পল্লীগীতি : অজ্ঞাতনামা পল্লী-কবির রচিত গীত। বি। তৎসম। পল্লি, পল্লী ['পল্লি' বা 'পল্লী' দ্রষ্টব্য] + গীতি [গৈ (গান করা) + তি]। ৬।১ পল্লীর গীতি = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পল্লিগীতি, পল্লীগীতি= প্ + অ + ল্ + ল্ + [ই] ঈ + গ্ + ঈ + ত্ + ই। আগে 'ঈ', পরে 'ই'।

পল্লিগ্রাম, পল্লীগ্রাম : ক্ষুদ্রগ্রাম। বি। তৎসম। পল্লি, পল্লী ['পল্লি, পল্লী' দ্রষ্টব্য] + গ্রাম [গ্রাম্ + অ]। ৬।১ পল্লি বা পল্লীর গ্রাম [সমষ্টি] = সম্বন্ধ-তৎ। ৩।৩ বি.দ্র.: পল্লি [পল্লী] গ্রাম = প্ + অ + ল্ + ল্ + [ই] ঈ + গ্ + র্ + আ + ম্ + অ।

পল্লিবাসিনী, পল্লীবাসিনী : গ্রামবাসিনী। বি। তৎসম। পল্লি, পল্লী ['পল্লি', 'পল্লী', দ্রষ্টব্য] + বাসিনী [বস্ (বাস করা) + ইন্ + ঈ(স্ত্রী)]। ৬।১, ৭।১।চ পল্লিতে [পল্লীতে] বাস করে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পল্লি [ল্লী] বাসিনী = প্ + অ + ল্ + ল্ + ই [ঈ] + ব্ + আ + স্ + ই + ন্ + ঈ।

পল্লিবাসী, পল্লীবাসী : গ্রামবাসী। বি। তৎসম। পল্লি, পল্লী ['পল্লি', 'পল্লী' দ্রষ্টব্য] + বাসী [বস্ (বাস করা) ইন্ (ঈ)]। ৬।১ পল্লিতে [পল্লীতে] বাস করে যে = উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পল্লি [ল্লী] বাসী = প্ + অ + ল্ + ল্ + [ই] ঈ + ব্ + আ + স্ + ঈ।

পশমী : পশমনির্মিত। বিণ। বিদেশী। <ফা. পশ্মীন্। পশম [পশুর লোম] দ্বারা নির্মিত। বি. দ্র.: পশমী = প্ + অ + শ্ + অ + ম্ + ঈ। পশমিনা [পশুলোম-নির্মিত] = প্ + অ + শ্ + অ + ম্ + ই + ন্ + আ।

পশরা, পসরা : পণ্যসম্ভার, বিক্রেয় দ্রব্যের ঝুড়ি। বি। তদ্ভব। <সং. প্রসর [প্র + সৃ (যাওয়া, বিস্তৃত হওয়া) + অ] পণ্যের ঝুড়িতে বা বিশেষ আধারে বিক্রয়ার্থে সাজিয়ে মেলে-ধরা পণ্য-সম্ভার। বি.দ্র. : পশরা, পসরা = প্ + অ + শ্ [স্] + অ + র্ + আ।

পশলা : এক ঝোঁক বৃষ্টি, এক ক্ষেপ। বি। তদ্ভব। <সং. প্রবর্ষণ [প্র + বৃষ্ + অন]। মতান্তরে, বিদেশী [মরাঠী. পহাল]। বাংলায় : 'পশলা'।

পশারী, পসারি, পসারী : ছোট দোকানদার। বি। বিদেশী। <হি. পসারী <সং. পণ্যসম্ভার + ঈ।

পশু : লেজবিশিষ্ট, লোমশ, চতুষ্পদ প্রাণী। বি। তৎসম। দৃশ্ (দেখা) [=পশ্ (আদেশ) + উ]। ৬।১ [বি.দ্র.: 'পশু' শব্দটি 'দৃশ্' (দেখা) ধাতু থেকে জাত। 'দৃশ্' ধাতুর স্থানে 'পশ্' আদেশ হয়। তার সঙ্গে স্বভাবার্থে 'উ' প্রত্যয় যুক্ত হয়েছে। শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ হলো: যে সব কিছু 'অবিশেষে' দেখে।] বানান: পশু = প্ + অ + শ্ + উ।

পশুধর্ম : অবৈধ মৈথুন ইত্যাদি পশুসুলভ বৃত্তি। বি। তৎসম। পশু ['পশু' দ্রষ্টব্য] + ধর্ম [ধৃ (ধারণ করা) + ম]। ৬।১ পশুর ধর্ম = সম্বন্ধ-তৎ। ৩।৩ বি.দ্র.: পশুধর্ম = প্ + অ + শ্ + উ + ধ্ + অ + র্ + ম্ + অ।

পশুপতি : মহাদেব। বি। তৎসম। পশু ['পশু' দ্রষ্টব্য] + পতি [পা (রক্ষা করা) + অতি]। ৬।১ পশুদের পতি = সম্বন্ধতৎ। ৩।৩ [মহেঞ্জোদরোর কাল থেকে আধুনিক যুগ পর্যন্ত শিব বা পুরুষ পশুপতি রূপে ভারতবর্ষে পূজিত।] বি দ্র.: পশুপতি = প্ + অ + শ্ + উ + প্ + অ + ত্ + ই।

পশুপাল : যে পশুকে পালন করে। বি। তৎসম। পশু ['পশু' দ্রষ্টব্য] + পাল [পা + ণিচ্ (পালন করা) + অ]। ৬।১ পশুকে পালন করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পশুপাল = প্ + অ + শ্ + উ + প্ + আ + ল্ + অ।

পশুপালক : যে পশুকে পালন করে। বি। তৎসম। পশু ['পশু' দ্রষ্টব্য] + পালন [পা + ণিচ্(পালন করা) + অক]। ৬।১ পশুকে পালন করে যে

= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পশুপালক : প্ + অ + শ্ + উ + প্ + আ + ল্ + অ + ক্ + অ।

পশুপাশ : পশুর বন্ধন-রজ্জু। বি। তৎসম। পশু ['পশু' দ্রষ্টব্য] + পাশ [পশ্ (বন্ধন করা) + অ]। ৬।১ পশুর পাশ = সম্বন্ধতৎ। ৩।৩ যা দিয়ে পশুকে বন্ধন করা হয়। বি.দ্র. : পশুপাশ = প্+অ+শ্+উ+প্+আ+শ্+অ।

পশুভাব : পশ্বাচার। বি। তৎসম। পশু ['পশু' দ্রষ্টব্য] + ভাব [ভূ (হওয়া) + অ। ৬।১ পশুর ভাব [আচার-আচরণ] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পশুভাব = প্ + অ + শ্ + উ + ভ্ + আ + ব্ + অ।

পশুরজ্জু : পশুর বন্ধন-রজ্জু। বি। তৎসম। পশু ['পশু' দ্রষ্টবা] + রজ্জু [সৃজ্ + উ ('স্' লুপ্ত হয়ে 'জ্' এর দ্বিত্ব হয়েছে)।] পশুর রজ্জু [বন্ধনের দড়ি] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পশুরজ্জু= প্ + অ + শ্ + উ + র্ + অ + জ্ + জ্ + উ। যার দ্বারা পশুকে বাঁধা হয়।

পশুরাজ : সিংহ। বি। তৎসম। পশু ['পশু' দ্রষ্টব্য] + রাজ [রাজ্ (দীপ্তি পাওয়া) + ক্বিপ্]। ৬।১ পশুদের রাজা = সম্বন্ধতৎ ['আ' লুপ্ত]। ৩।৩ বি.দ্র. : পশুরাজ = প্ + অ + শ্ + উ + র্ + আ + জ্ + অ।

পশুশালা : চিড়িয়াখানা। বি। তৎসম। পশু ['পশু' দ্রষ্টব্য] + শালা [শল্ (গমন করা) + অ + আ]। ৬।১ পশুদের শালা [বিশেষ রক্ষণাবেক্ষণের স্থান = Zoo] = সম্বন্ধ তৎ। ৩।৩ বি.দ্র. : পশুশালা = প্ + অ + শ্ + উ + শ্ + আ + ল্ + আ।

পশুরি, পশুরী, পসুরি, পসুরী : পাঁচ সের ওজন। বি। তদ্ভব। <সং. পঞ্চ + বাং. সেরি [সেরী]। প [<সং. পঞ্চ] + সুরি, সুরী [<বাং. সেরি, সেরী]। বাংলা উচ্চারণে 'স' = 'শ', তাই পশুরি' বা 'পশুরী'— উভয় বানানই প্রচলিত।

পশ্চাৎ : পরে, পেছনে, পরবর্তীকালে। অব্য, ক্রি-বিণ, তৎসম। অপর ['পশ্চ'- আদেশ] + আৎ। ৬।২ বানান : প্ + অ + শ্ + চ্ + আ + ৎ।

পশ্চাত্তাপ : অনুতাপ। বি। তৎসম। পশ্চাৎ ['পশ্চাৎ' দ্রষ্টব্য] + তাপ [তপ্ (উত্তপ্ত করা) + অ]। ৬।১ [সন্ধি] ৎ + তা = ত্ + তা = ত্তা। পশ্চাৎ অনুভূত তাপ = মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র. : পশ্চাত্তাপ = প্ + অ + শ্ + চ্ + আ + ত্ + ত্ + আ + প্ + অ।

পশ্চাৎপদ : পিছ-পা। বিণ। তৎসম। পশ্চাৎ ['পশ্চাৎ' দ্রষ্টব্য] + পদ [পদ্ (গমন করা) + অ]। ৬।১ [সন্ধি] ৎ + প = ৎপ। ২।২৬ পশ্চাৎদিকে গমন করে যে = উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পশ্চাৎপদ = প্ + অ + শ্ + চ্ + আ + ত্ + প্ + অ + দ্ + অ।

পশ্চাদ্‌গামী : অনুগামী, অনুবর্তী। বিণ। তৎসম। পশ্চাৎ ['পশ্চাৎ' দ্রষ্টব্য] + গামী [গম্ (যাওয়া) + ইন্ [ঈ]। ৬।১ [সন্ধি] ৎ + গা = দ্গা। ২।৩।১ পশ্চাৎ [দিকে] গমন করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পশ্চাদ্‌গামী = প্ + অ + শ্ + চ্ + আ + দ্ + গ্ + আ + ম্ + ঈ।

পশ্চাদ্‌ভাগ : পেছনেব দিক। বি। তৎসম। পশ্চাৎ ['পশ্চাৎ' দ্রষ্টব্য] + ভাগ [ভজ্ (ভাগ করা) + অ] । ৬।১ [সন্ধি] ৎ + ভা = দ্ভা। ২।৩১ পশ্চাতের ভাগ = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পশ্চাদ্‌ভাগ= প্ + অ + শ্ + চ্ + আ + দ্ + ভ্ + আ + গ্ + অ।

পশ্চাদ্ভূমি : পটভূমি, যে স্থান থেকে বন্দরে মাল আসে। বি। তৎসম। পশ্চাৎ ['পশ্চাৎ' দ্রষ্টব্য] + ভূমি [ভূ (উৎপন্ন হওয়া) + মি]। ৬।১ ভূমি = যেখানে উৎপন্ন হয়]। [সন্ধি] ৎ + ভূ = দ্ভূ [দ্ভূ]। ২।৩১ পশ্চাতের ভূমি = সম্বন্ধতৎ। ৩।৩ পশ্চাদ্ভূমি = hinterland. বি.দ্র. :

পশ্চাদ্ভূমি= প্ + অ + শ্ + চ্ + আ + দ্ + ভ্ + ঊ + ম্ + ই।

পশ্বধম : পশুর চেয়ে অধম। বিণ। তৎসম। পশু ['পশু' দ্রষ্টব্য] + অধম [অধঃ + ম, মতান্তরে, অধঃ + তম— বিসর্গ লোপ]। [সন্ধি] উ + অ = ব। ২।৮।ক পশুর থেকে অধম = অপাদান তৎ। ৩।৩ শব্দটিতে সন্ধির [উ + অ = ব] ক্ষেত্রটি বিশেষভাবে লক্ষণীয়। বি.দ্র. : পশ্বধম = প্+অ+শ্+ব্+অ+ধ্+অ+ম্+অ।

পশ্বাচার : পশুর মতো আচরণ। বি। তৎসম। পশু ['পশু' দ্রষ্টব্য] + আচার [আ + চর্ + অ]। ৬।১ [সন্ধি] উ + আ= বা। ২।৮।খ পশুর ন্যায় আচার= মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র. : পশ্বাচার = প্ + অ+শ্+ব্+আ+চ্+আ+র্+অ।

পশ্চার্ধ : নিম্নার্ধ। বিণ। তৎসম। পশ্চ [অপর, অর্থাৎ, নিম্ন] + অর্ধ [অর্ধ্ (অর্ধভাগ করা) + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [শ্চা]। ২।১।ক পশ্চ [অপর = নিম্ন] যে অর্ধ = কর্মধা। ৩।২ বি.দ্র. : পশ্চার্ধ = প্ + অ + শ্ + চ্ + আ + র্ + ধ্ + অ।

পসন্দ : পছন্দ। বি। বিদেশী। <ফা. পসন্দ।

পসরা : বিক্রেয় দ্রব্যের ঝুড়ি, পণ্যসম্ভার। বি। তদ্ভব। ['পশরা' দ্রষ্টব্য]।

পসলা : এক ঝোঁক বৃষ্টি। বি। বিদেশী। ['পশলা' দ্রষ্টব্য]।

পসার : খ্যাতি-প্রতিপত্তি। বি। তদ্ভব। <সং. প্রসার [প্র + সৃ + অ]। ৬।১ বি.দ্র. : পসার = প্ + অ + স্ + আ + র্ + অ।

পসারিনী : যে স্ত্রীলোক পণ্য-সজ্জিত বিক্রয়াধার থেকে পণ্য বিক্রী করে। বি। বিদেশী। ['পশারী, পসারী' দ্রষ্টব্য] 'পসারী' শব্দটিকে বাংলায় 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত ধরা হয়েছে। তার সঙ্গে 'ঈ' [স্ত্রী] প্রত্যয় যুক্ত হয়েছে। কাজেই, পসারিনী = প্ + অ + স্ + আ + র্ + ই + ন্ + ঈ। বিদেশী শব্দ 'পসারিনী'-তে 'ণ' হওয়া অযৌক্তিক।

পস্তান, পস্তানো : দোষ বা ভুলের জন্যে অনুশোচনা। বি। তদ্ভব। <সং. পশ্চাত্তাপ। পস্তা [<পশ্চাত্তাপ] + আন [আনো]। ৬।৩ বি.দ্র. : পস্তান [পস্তানো]= প্ + অ + স্ + ত্ + আ + ন্ + অ [ও]।

পহেলা : মাসের প্রথম তারিখ। বিণ। বিদেশী। [<হি. পহিলা <সং. প্রথম]।

পহ্লব : প্রাচীন পারসিক জাতি। বি। বিদেশী। <ফা. পেহ্লবী।

পহ্লবীভাষা : পারস্যের [ইরানের] প্রাচীন ভাষা। বি। বিদেশী। <ফা. পেহ্লবী।

পা : পদ, পদক্ষেপ, পায়া। বি। তদ্ভব। <সং. পাদ [পদ্ (গমন করা) + অ]। ৬।১

পাইক : পদাতি, পেয়াদা, লাঠিয়াল। বি। তদ্ভব। <সং. পদাতিক।

পাইকার : একসঙ্গে অনেক পণ্য কিনে খুচরো বিক্রয়কারী। বি। বিদেশী। <ফা. পাইকার্।

পাইকারি : একসঙ্গে অনেক দ্রব্য কিনে খুচরো বিক্রী। বি। বিদেশী। <ফা. পাইকার্ + বাং. ই। যেমন : পণ্যের পাইকারি করা।

পাইকারী : থোক বিক্রয়-সংক্রান্ত। বিণ। বিদেশী। <ফা. পাইকার্ + বাং. ঈ। যেমন : পাইকারী দর।

পাইখানা : মলত্যাগ, মলত্যাগের ঘর। বি। বিদেশী। <ফা. পায়্খানা।

পাউরুটি, পাঁউরুটি : খামির-যুক্ত আটা বা ময়দার তৈরী ফোলা রুটি। বি। বিদেশী। পো. pao + হি. রোটি।

পাওনা : প্রাপ্য। বি। তদ্ভব। পাওন [<পাপণ [প্র + আপ্ (পাওয়া) + অন] + বাং. আ।

পাওনাগণ্ডা : প্রাপ্য অর্থাদি, ন্যায্য প্রাপ্য। বি। তদ্ভব। পাওনা ['পাওনা' দ্রষ্টব্য] + গণ্ডা [< সং. গণ্ডক]। লক্ষণীয়, 'গণ্ডা' 'পাওনা'র অনুচর শব্দ। বি.দ্র. : পাওনাগণ্ডা= প্ + আ + ও + ন্ + আ + গ্ + অ + ণ্ + ড্ + আ।

পাওনাদার : মহাজন। বি। মিশ্র। তদ্ভব. পাওনা + ফা. দার।

পাংশুবর্ণ : ছাইরঙের। বি। তৎসম। পাংশু [পন্‌শ্ (বিনাশ করা) + উ] + বর্ণ [বর্ণ (রং করা) + অ]। ৬।১ পাংশু যে বর্ণ= কর্মধা। ৩।২

পাংশুল : ধুলোর মতো রঙের। বিণ। তৎসম। পাংশু [পন্‌শ্ (বিনাশ করা) + উ] + ল। ৬।২

পাঁইজোড়, পাঁইজোর : নূপুরের মতো পায়ের অলঙ্কার। বি। বিদেশী <হি. পাঁয় [<সং. পাদ] + জোড় [<ফা. জেবর্]। বি.দ্র. : পাঁইজোড় [পাঁইজোর]= প্ + ँ আ + ই + জ্ + ও + ড়্ [র্] + অ।

পাঁক : কাদা। বি। তদ্ভব। <সং. পঙ্ক।

পাঁকই : জলে-কাদায় আঙুলের সন্ধিতে সৃষ্ট ক্ষত। বি। তদ্ভব। পাঁক [<সং. পঙ্ক] + বাং. ই।

পাঁকুই : জলে-কাদায় আঙুলের সন্ধিতে সৃষ্ট ক্ষত। বি। তদ্ভব। পাঁক [<সং. পঙ্ক] + বাং. উয়া [জাত অর্থে] + বাং. ই।

পাঁকাল : যে মাছ পাঁকের মধ্যে থাকে। বি। তদ্ভব। পাঁক [<সং. পঙ্ক] + বাং. আল।

পাঁচ : ৫ সংখ্যা। বি, নি। তদ্ভব। <সং. পঞ্চন্ >প্রা. পংচ >বাং. পাঁচ।

পাঁচই, পাঁচুই : মাসের পঞ্চম দিন। বিণ। তদ্ভব। পাঁচ ['পাঁচ' দ্রষ্টব্য] + বাং. ই, উই। ৬।২

পাঁচমিশালি : নানা বস্তুর সংমিশ্রণ। বি। তদ্ভব। পাঁচ ['পাঁচ' দ্রষ্টব্য] + মিশালি [(মিশ্ <প্রা. মিস্‌স <সং. মিশ্র) + বাং. আলি]। ৬।৩

পাঁচড়া : খোস। বি। তদ্ভব। <সং.পিচ্চট। বাংলায় 'পাঁচড়া'= প্ + আঁ + চ্ + অ + ড় + আ।

পাঁচনবাড়ি, পাঁচনি [পাচনবাড়ি, পাচনি] : বি। মিশ্র [তদ্ভব + দেশী]। পাঁচন [<সং. প্রাজন] + দেশী. বাড়ি + ই (পাঁচনি বা পাচনি)।

পাঁচন : পাঁচরকমের গাছগাছড়ার ক্বাথ। বি। তৎসম। <সং. পাঁচন।

পাঁচালি, পাঁচালী : পয়ার ত্রিপদী প্রভৃতি ছন্দের গীত। বি। তদ্ভব। <সং. <পাঞ্চালী, মতান্তরে, পঞ্চালিকা। প্রচীন পয়ার ত্রিপদী ছন্দই 'পাঁচালি ছন্দ'। পাঁচালির গানের ছিল পাঁচটি অঙ্গ বা আড়ি [লড়াই] > আলি বা আলী। [সন্ধি] পাঁচ + আলি [আলী]। পাঁচটি অঙ্গ : ১. গান, ২. নাচ, ৩. বাদ্য, ৪. গানের লড়াই ও ৫. ছড়া কাটা।

পাঁচিল : প্রাচীর। বি। তদ্ভব। <সং. প্রাচীর। বি.দ্র. : পাঁচিল= পঁ + অ + চ্ + ই + ল + অ।

পাঁজ : নলের মতো পেঁজা তুলো। বি। তদ্ভব। <সং. পঞ্জি।

পাঁজর : বুকের হাড়। বি। তদ্ভব। <সং. পঞ্জর। বি.দ্র. : পাঁজর= পঁ + আ + জ্ + অ + র্ + অ।

পাঁঠা : ছাগল। বি। বিদেশী। <হি. পট্‌ঠা।

পাঁজা : পোড়াবার জন্যে ইটের স্তূপ, ইট পোড়ানোর ভাটি। বি। বিদেশী। <ফা. পজারা। বাংলায় : পাঁজা= পঁ + আ + জ্ + আ।

পাঁজাকোলা : কাঁধ ও উরুর নীচে দু'বাহু রেখে উত্তোলন। বিণ। মিশ্র। পাঁজা [<ফা. পঞ্জহ্] + তদ্ভব. কোলা [কোল (<সং. ক্রোড়) + বাং. আ]। ৬।৩

পাঁজারী : যে পাঁজা পুড়িয়ে ইট প্রস্তুত করে। বি। বিদেশী। <ফা. পজারা + বাং. ঈ। ৬।৩

পাঁজি : পঞ্জিকা। বি। তদ্ভব। পাঁজি <প্রা. পংজি <সং. পঞ্জি বা পঞ্জী।

পাঁজিপুথি : পঞ্জিকা ও ধর্মশাস্ত্র। বি। তদ্ভব। পাঁজি ['পাঁজি' দ্রষ্টব্য] + পুথি [<প্রা. পুথিঅ <সং. পুস্তিকা। পাঁজি ও পুথি= দ্বন্দ্ব। ৩।৪

পাঁড়মাতাল : পাকা মাতাল। বিণ। তদ্ভব। পাঁড় [<সং.পণ্ড বা পিণ্ড] + মাতাল [মাত (<সং. মত্ত) + বাং. আল]। ৬।৩ পাঁড় [পাকা] যে মাতাল = কর্মধা। ৩।২

পাঁতি : পঙ্‌ক্তি, সারি। বি। তদ্ভব। পাঁতি <প্রা. পংতি <সং. পঙ্‌ক্তি। [বি.দ্র. : 'পংক্তি' লেখা অনুচিত। লিখতে হবে : 'পঙ্‌ক্তি'।

পাঁপড় : ক্ষার-মিশ্রিত বাটা ডালের রৌদ্রশুষ্ক পাতলা রুটি। বি। তদ্ভব। পাঁপড় <প্রা. পপ্পড <সং. পর্পট।

পাঁঠী : ছাগলী। বি। বিদেশী। পাঁঠা [<হি. পট্‌ঠা] + ঈ [স্ত্রী]।

পাঁদাড় : বাড়ির পেছনের দিকের নোংরা ফেলার জায়গা। বি। দেশী। বি.দ্র. : পাঁদাড়= পঁ + আ + দ্ + আ + ড্ + অ।

পাঁয়জোর : নূপুরের মতো পায়ের অলঙ্কার। বি। বিদেশী। পাঁয়জোড় [<‘পাঁই জোড়’ বা ‘পাঁই জোর’ দ্রষ্টব্য] < হি. পাঁয় [<সং. পাদ] + জোড় [<ফা. জেবর্]।

পাঁয়তারা : কুস্তির আগে মল্লদের পদস্থাপন ভঙ্গি। বি। বিদেশী। হি. পায়তারা <সং. পদান্তর।

পাঁশ : ছাই। বি। তদ্ভব। <সং. পাংশু।

পাঁশকুড় : ছাই ফেলবার কুণ্ড বা স্থান, পাঁদাড়। বি। তদ্ভব। <সং. পাংশুকুণ্ড। পাঁশ [<সং. পাংশু] + কুড় [<সং. কুণ্ড]। পাঁশের কুড় [কুঁড়]= সম্বন্ধতৎ। ৩।৩

পাঁশুটে : ছাই-এর মতো যার রং। বিণ। তদ্ভব। পাঁশুট [<সং. পাংশুতা] + বাং. এ <ইয়া। ৬।২

পাকচক্র : ঘটনাচক্র। বি। মিশ্র। পাক [দেশী] + সং. চক্র [কৃ + অ (কষ্)— নিপাতনে]। ৬।১ পাকের [দৈব ঘটনার] চক্র [এখানে জাল, ফাঁদ বা প্যাঁচ] = সম্বন্ধতৎ। ৩।৩, মতান্তরে একার্থক শব্দ। ‘চক্র’ ‘পাক’ শব্দের সহচর শব্দ।

পাকড়াও : গ্রেপ্তার, সবলে বা সনির্বন্ধভাবে ধরা। বি। বিদেশী। পাকড়াও <হি. পকড় [<সং. প্রকর্ষ] + হি. আও।

পাকপাত্র : রন্ধন-পাত্র। বি। তৎসম। পাক [পচ্ + অ] + পাত্র [পা + ত্র]। ৬।১ পাকের নিমিত্ত পাত্র= মধ্যপ-কর্মধা। ৩।২

পাকসাট : ডানার ঝাপটা। বি। মিশ্র। পাক [পাখ <সং. পক্ষ] + শাট, সাট [<তদ্ভব. ছাট]। পাখার শাট, সাট [আঘাত] = সম্বন্ধতৎ। ৩।৩

পাকদণ্ডী : পাহাড়ের সর্পিল পায়ে-চলা পথ। বি। মিশ্র। দেশী. পাক [পাকানো] + দণ্ডী [দণ্ড + ইন্ (ঈ)]। ৬।১ পাক-খাওয়া দণ্ডের মতো খাড়াই যে রাস্তা। বি.দ্র. : পাকদণ্ডী= প্ + আ + ক্ + অ + দ্ + অ + ণ্ + ড্ + ঈ।

পাকভাণ্ড : রন্ধন করবার পাত্র। বি। তৎসম। পাক [পচ্ +অ] + ভাণ্ড [ভণ্ড + অ]। ৬।১ পাকের নিমিত্ত ভাণ্ড [পাত্র] = মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র. : পাকদণ্ডী= প্ + আ + ক্ + অ + ভ + আ +ণ্ + ড্ + অ।

পাকমোড়া : দু'হাত কিংবা দু'ডানাকে পাক দিয়ে জড়িয়ে বাঁধা। বি। মিশ্র। তদ্ভব. পাক [পাখ <পক্ষ] + মোড়া [হি. মোড় + বাং. আ]। ৬।৩ পাখাকে মোড়া= কর্মতৎ। ৩।২

পাকযন্ত্র : পাকস্থলী। বি। তৎসম। পাক [পচ্ + অ] + যন্ত্র [যন্ত্র্ + অ]। ৬।১ পাকের নিমিত্ত যন্ত্র= মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র. : পাকযন্ত্র= প্ + আ + ক্ + অ + য্ + অ + ন্ + ত্ + র্ + অ।

পাকশালা : রন্ধনশালা। বি। তৎসম। পাক [পচ্ (পাক করা) + অ] + শালা [শল্ (গমন করা) + অ + আ]। ৬।১ পাকের নিমিত্ত শালা [গৃহ]= মধ্যপ-কর্মধা। ৩।২

পাকস্পর্শ : বৌভাত। বি। তৎসম। পাক [পচ্ + অ] + স্পর্শ [স্পৃশ্ (স্পর্শ করা, ছোঁওয়া) + অ]। ৬।১ পাক স্পর্শ [বউয়ের] করা হয় যে অনুষ্ঠানে= বহুব্রী। ৩।৫ বি.দ্র. : পাকস্পর্শ= প + আ + ক্ + অ + স্ + প্ + অ + র্ + শ্ + অ।

পাকস্থলী : পাকযন্ত্র। বি। তৎসম। পাক [পচ্ + অ] + স্থলী [স্থল্ + অ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ পাকের নিমিত্ত স্থলী= মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র. : পাকস্থলী= প্ + আ + ক্ + অ +

স্ + থ্ + অ + ল্ + ঈ।

পাকাখাতা : স্থায়ী খতিয়ান। বি। মিশ্র। তদ্ভব. পাকা [<সং. পক্ব] + হি. [খাতা] পাকা যে খাতা= কর্মধা। ৩।২

পাকা- গাঁথনী : চুন সুরকি বা সিমেন্ট দিয়ে গাঁথা। বিণ। তদ্ভব। পাকা [<সং. পক্ব] + গাঁথনী [গাঁথন (<সং. গ্রন্থন) + বাং. ঈ]। ৬।৩ পাকা গাঁথনী যার= বহুব্রী। ৩।৫ বি.দ্র.: পাকা-গাঁথনী= পঁ + অ + ক্ + আ + গঁ + আ + থ্ + অ + ন্ + ঈ।

পাকাঘাট : ইট-পাথর দিয়ে তৈরী ঘাট। বি। তদ্ভব। পাকা [<সং. পক্ব] + ঘাট [<সং. ঘট্ট]। পাকা যে ঘাট= কর্মধা। ৩।২ বি.দ্র.: প্ + আ + ক্ + আ + ঘ্ + আ + ট্ + অ।

পাকাদেখা : পাত্র ও পাত্রীকে শেষবার দেখে বিবাহ স্থির করে আশীর্বাদ। বি। তদ্ভব। পাকা [<সং. পক্ব] + দেখা [দেখ্ <সং. দৃশ্)+ বাং. আ]। পাকা যে দেখা= কর্মধা। ৩।২ পাকা দেখা= প্ + আ + ক্ + আ + দ্ + এ + খ্ + আ।

পাকাবাড়ি : ইট, চুন, সুরকি, বালি সিমেন্ট দিয়ে তৈরী বাড়ি। বি। তদ্ভব। পাকা [<সং. পক্ব] + বাড়ি [<সং. বাটি]। পাকা যে বাড়ি= কর্মধা। ৩।২ পাকাবাড়ি= প্ + আ + ক্ + আ + ব্ + আ + ড়্ + ই।

পাকামি, পাকামো : অল্প বয়সে বুড়োর মতন কথা ও আচরণ, জেঠামি। বি। তদ্ভব। পাকা [<সং. পক্ব] + বাং. মি, মো। ৬।৩

পাকাপোক্ত : ঝানু, বহুদর্শী। বিণ। মিশ্র। পাকা [তদ্ভব. পাকা <সং. পক্ব] + পোক্ত [বিদেশী. পোক্ত <ফা. পখ্‌তহ্]। 'পোক্ত'—এই বিদেশী শব্দটি 'পাকা'—এই তদ্ভব শব্দের সহচর শব্দরূপে ব্যবহৃত। পাকাপোক্ত= প্ + আ + ক্ + আ + প্+ ও + ক্ + ত্ + অ।

পাকাটে : রোগা ও শ্রীহীন। বিণ। তদ্ভব।

পাকাপাকি : উভয়পক্ষের কর্তব্যের চূড়ান্ত নির্ধারণ। বি। তদ্ভব। পাকা ['পাক' (<সং. পক্ব) + বাং. আ] + পাকি [পাক (<সং. পক্ব) + বাং. ই]।

পাকে-চক্রে : কৌশলে। ক্রি-বিণ। মিশ্র। পাকে [দেশী. পাক + বাং. এ (অধিকরণ)] + [সং. চক্র + বাং. এ (অধিকরণ)]। 'পাকচক্র' দ্রষ্টব্য। বি.দ্র.: পাকে-চক্রে= প্ + আ + ক্ + এ + চ্ + অ + ক্ + র্ + এ।

পাক্কা : পাকা। বিণ। অর্ধ-তৎসম। <সং পক্ব। পাক্কা= প্ + আ + ক্ + ক্ + আ।

পাক্ষিক : এক পক্ষে একবার অনুষ্ঠিত। বিণ। তৎসম। পক্ষ + ইক [ষ্ণিক]। ৬।২ বি.দ্র.: পাক্ষিক= প্ + আ + ক্ + ষ্ + ই + ক্ + অ।

পাখনা : পাখা। বি। তদ্ভব। পাখ [প্রা. পক্‌খ <সং. পক্ষ] + বাং. না। ৬।৩ বি.দ্র.: পাখনা= প্ + আ + খ্ + অ + ন্ + আ।

পাখা : ডানা, যার দ্বারা বাতাস করে। বি। তদ্ভব। পাখ [<প্রা. পক্‌খ <সং. পক্ষ] + বাং. আ। বি.দ্র.: পাখা= প্ + আ + খ্ + আ।

পাখি : খড়খড়ির কাঠের পাতলা ফলক। বি। তদ্ভব। পাখি [<প্রা. পক্‌খি <সং. পক্ষী (পক্ষ + ইন্= ঈ)]। কাজেই, পক্ষী তৎসম, কিন্তু পাখি তদ্ভব। 'পাখি' কোনমতেই 'ঈ' হবে না।

পাখোয়াজ : মৃদঙ্গ। বি। বিদেশী। <ফা. পখওয়াজ্। বাংলায় পাখোয়াজ= প্ + আ + খ্ + ও + য়্ + আ + জ্ শব্দান্তের 'জ' হসন্তবর্জিত।

পাগড়ি : উষ্ণীষ। বি। বিদেশী। <হি. পাগড়ি <প্রা. পগ্‌গহ <সং. প্রগ্রহ।

পাগড়িওয়ালা : পাগড়ি-পরিহিত। বিণ। বিদেশী। হি. পাগড়ি ['পাগড়ি' দ্রষ্টব্য] + হি. ওয়ালা। কাজেই, পাগড়িওয়ালা= প্ + আ + গ্ + অ + ড়্ + ই + ও + য়্ + আ + ল্ + আ।

পাগল : উন্মাদ। বি. বিণ। তৎসম। <অর্বাচীন সং. পাগল।

পাগলা : পাগল [আদরে]। বিণ। তদ্ভব। <অর্বাচীন সং. পাগল + বাং. আ। বি.দ্র. : পাগলা= প্ + আ + গ্ + ল্ + আ। ['গ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।]

পাগলাটে : পাগলের মতো। বিণ। তদ্ভব। পাগলা ['পাগলা' দ্রষ্টব্য] + বাং. টে <টিয়া।

পাগলামি : পাগলের ভাব বা আচরণ (আদরে)। বি। তদ্ভব। পাগলা ['পাগলা' দ্রষ্টব্য] + বাং. মি। বি.দ্র. : পাগলামি= প্ + আ + গ্ + ল্ + আ + ম্ + ই। [গ্-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।]

পাগলিনী : পাগলী [স্ত্রী]। বিণ। তৎসম। শব্দটি অশুদ্ধ, কিন্তু বহুল ব্যবহার। শব্দান্তের ইনী [= ইন্ + ঈ] যোগ অযৌক্তিক। 'ইন্'— 'আছে' অর্থে ব্যবহৃত হয়। পাগল + ইন্ [আছে]— হয় না। বি.দ্র. : পাগলিনী= প্ + আ + গ্ + অ + ল্ + ই + ন্ + ঈ।

পাগলী : পাগলিনী। বিণ। তদ্ভব। পাগল + ঈ [স্ত্রী]। বি.দ্র. : পাগলী= প্ + আ + গ্ + ল্ + ঈ। 'গ্'-এর হসন্ত-চিহ্নের ব্যবহার নিষ্প্রয়োজন।

পাচক : রাঁধুনে, হজমী। বি, বিণ। তদ্ভব। পচ্ [রন্ধন করা] + অক। ৬।১ পাচক= প্ + আ + চ্ + অ + ক্ + অ।

পাচার : গোপনে স্থানান্তরিত করণ। বি। বিদেশী। <হি. পছাড়্।

পাচিকা : রাঁধুনী। বি। তৎসম। [পচ্ + ইক [<অক) + আ (স্ত্রী)]। ৬।১ ৭।১।খ বি.দ্র. : পাচিকা= প্ + আ + চ্ + ই + ক্ + আ।

পাচ্য : পরিপাকযোগ্য। বিণ। তৎসম। পচ্ [হজম বা পরিপাক হওয়া] + য [যৎ]। ৬।১ বি.দ্র. : পাচ্য= প্ + আ + চ্ + য্ + অ।

পাছ : পশ্চাদ্ভাগ। বি। তদ্ভব। বাং. পাছ <প্রা. পচ্ছা <সং. পশ্চাৎ।

পাছড়া : উত্তরীয়। বি। তদ্ভব। বাং. পাছড় [<প্রা. পচ্ছদ <সং. প্রচ্ছদ] + বাং. আ। ৬।৩

পাছা : পেছনের দিক, নিতম্ব, মলদ্বার। বি। তদ্ভব। বাং. পাছা (<পচ্ছা <সং. পশ্চাৎ) + বাং. আ। ৬।৩

পাছাড় : আছাড়, চিৎপাত করা। বি। বিদেশী। <হি. পছাড়্।

পাছু : পিছনে। ক্রি-বিণ। তদ্ভব। পাছ [<প্রা. পচ্ছা <সং. পশ্চাৎ] + বাং. উ।

পাছুড়ি : উত্তরীয়। বি। তদ্ভব। পাছড় [<প্রা. পচ্ছদ <সং. প্রচ্ছদ] + বাং. উড়ি।

পাছে : পরে যদি ঘটে [আশঙ্কা], পিছনে। অব্য, ক্রি-বিণ। তদ্ভব। পাছ [প্রা. পচ্ছা <সং. পশ্চাৎ] + এ [অধিকরণ]।

পাজামা : পায়জামা। বি। বিদেশী। <ফা. পা-জামা।

পাজি : বদ। বিণ। বিদেশী। <ফা. পাজী।

পাঞ্চালী : দ্রৌপদী। বি। তৎসম। পঞ্চাল + অ [ষ্ণ— 'অপত্য' অর্থে]+ ঈ [স্ত্রী]। ৬।২ ৭।১।গ। বি.দ্র. : পাঞ্চালী= প্ + আ + ঞ্ + চ্ + আ + ল্ + ঈ।

পাট : কোঠা, অস্তাচল, ভাঁজ, সিংহাসন। বি। তদ্ভব। <প্রা. পট্‌ট <সং. পট্ট।

পাটক : কুয়ো তৈরির জন্যে পোড়ানো মাটির চক্রাকার বেষ্টনী পাত। বি। তৎসম। সং. পাটি + অক। ৬।১ বি.দ্র. : পাটক= প্ + আ + ট্ + অ + ক্ + অ।

পাটকিলে : ইটের রং বিশিষ্ট। বিণ। দেশী। পাটকেল [দেশী] + বাং. এ [<ইয়া]। ৬।২ বি.দ্র. : পাটকিলে= প্ + আ + ট্ + ক্ + ই + ল্ + এ। ['ট্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।]

পাটকেল : ইটের টুকরো। বি। দেশী। বি.দ্র. : পাটকেল= প্ + আ + ট্ + ক্ + এ + ল্ + অ। [ট্-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।]

পাটনী : খেয়াঘাটের মাঝি। বি। তদ্ভব। পাটন [<প্রা. পট্টন <সং. পত্তন] + বাং. ঈ। ৬।৩

[পত্তনের সন্নিহিত নদী বা সমুদ্রে নৌ-চালনা করতো যারা, তারা 'পত্তনী' > 'পাটনী' নামে পরিচিত ছিল। যেমন: 'ঈশ্বরী পাটনী'।] বি.দ্র.: পাটনী= প্ + আ + ট্ + অ + ন্ + ঈ।

পাট-ভাঙা : কাপড়ের ভাঁজ খোলা। বিণ। তদ্ভব। পাট [<সং. পট্ট] + ভাঙা [ভাঙ্ (<সং. ভন্‌জ্ ধাতু) + বাং. আ। ৬।৩

পাটরানী : প্রধানা মহিষী। বি। তদ্ভব। পাট [<সং. পট্ট (সিংহাসন)] + রানী [<সং. রাজ্ঞী (রাজ + নী)]। পাটে উপবিষ্টা রানী= মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র.: পাটরানী= প্ + আ + ট্ + র্ + আ + ন্ + ঈ। [ট্-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। রানী= র্ + আ + ন্ + ঈ]

পাটল : পাটকিলে, গোলাপী। বিণ। তৎসম। <সং. পাটল। বি.দ্র.: পাটল= প্ + আ + ট্ + অ + ল্ + অ।

পাটলি, পাটলী : পারুল ফুল, গোলাপ ফুল। বি। তৎসম। <সং. পাটলি, পাটলী। বি.দ্র.: পাটলি, পাটলী= প্ + আ + ট্ + অ + ল্ + ই [ঈ]।

পাটাতন : কাঠের মেঝে। বি। তদ্ভব। সং. পট্টক >পাটা + পাতন ['পা'—লুপ্ত] তন। বি.দ্র.: পাটাতন= প্ + আ + ট্ + আ + ত্ + অ + ন্ + অ।

পাটাবুকী : বেপরোয়া। বিণ। তদ্ভব। পাটা [< সং. পট্টক] + বুক + ঈ [স্ত্রী]। ৭।২।গ পাটার মতো [প্রশস্ত বা সাহসী] বুক যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বি.দ্র.: পাটাবুকী: প্ + আ + ট্ + আ + ব্ + উ + ক্ + ঈ।

পাটালি : পাটায় ঢালা শুষ্ক গুড়ের তক্তি। বি। তদ্ভব। পাটা [< সং. পট্টক] + আলি। বি.দ্র.: পাটালি= প্ + আ + ট্ + আ + ল্ + ই।

পাটি : জোড়ায় একটি। বি। তদ্ভব। পাটি <পাতি <সং. পঙ্‌ক্তি।

পাটি : মাদুর (leaf-mat]। বি। দেশী। মতান্তরে, মুণ্ডারি।

পাটিগণিত, পাটীগণিত : অঙ্ক-বিষয়ক গণিত। বি। তদ্ভব। পাটি, পাটী [<প্রা. পাতি <সং. পঙ্‌ক্তি], মতান্তরে, পাটি [পট্ + ই(ইন্)], পাটী [পাটি + বিকল্পে ঈ (স্ত্রী)] + গণিত [গণ্ (গণনা করা বা হিসাব করা) + ত]। ৬।১ কিন্তু 'গণিত'-এর পূর্বে বিকল্পে 'ঈ' [স্ত্রী]-কারান্ত 'পাটী' শব্দের প্রয়োগ কি যৌক্তিক? পাটি-যুক্ত গণিত= মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র.: পাটিগণিত= প্ + আ + ট্ + ই + গ্ + অ + ণ্ + ই + ত্ + অ। 'গণিত'-এর 'গণ্' ধাতুর 'ণ্' মৌলিক।

পাটেশ্বরী : পাটরানী। বি। তদ্ভব। পাট [<সং পট্] + ঈশ্বরী [ঈশ্ + বর + ঈ (স্ত্রী)। ৬।১, ৭।১।গ পাটে [সিংহাসনে] উপবিষ্টা ঈশ্বরী [রানী]= মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র.: পাটেশ্বরী= প্ + আ + ট্ + এ + শ্ + ব্ + অ + র্ + ঈ। শ্ + ব্ + অ= শ্ব।

পাটোয়ারী : অতিহিসাবী। বিণ। বিদেশী। <হি. পাটোয়ারী। বিশেষণ পদ বলে 'ঈ' [বিশেষণ]-প্রত্যয় যুক্ত হয়েছে। কিন্তু হিসাবরক্ষক কর্মচারী [বিশেষ্য] বোঝালে 'ই' [বিশেষ্য]-প্রত্যয় যুক্ত হবে। কাজেই, পাটোয়ারি [পাটোয়ারী]= প্ + আ + ট্ + ও + য্ + আ + র্ + ই [ঈ]।

পাট্টা : জমি ভোগ করবার অধিকার-পত্র। বি। তদ্ভব <প্রা. পট্টঅ <সং. পট্টক।

পাট্টাদার : জমির পাট্টা-প্রাপ্ত। বি। মিশ্র। তদ্ভব পাট্টা + [বিদেশী] ফা. দার।

পঠন : অধ্যয়ন, আবৃত্তি। বি। তৎসম। পঠ্ [পড়া (to read)] + অন। ৬।১

পাঠ : অধ্যয়ন, আবৃত্তি। বি। তৎসম। পঠ্ [পড়া- (to read)] + অ। ৬।১

পাঠক : পাঠকারী, পড়ুয়া। বি। তৎসম। পঠ্ [পড়া- (to read)] + অক। ৬।১ যে পাঠ করে বা পড়ে।

পাঠন: অধ্যাপনা। বি। তৎসম। পঠ্ + ণিচ্ [পড়ানো (to teach)] + অন। ৬।১

পাঠনা: অধ্যাপনা। বি। তৎসম। পাঠন [পঠ্ + ণিচ্ (পড়ানো— to teach) + অন] + আ। ৬।১

পাঠশালা: বিদ্যালয়। বি। তৎসম। পাঠ [পঠ্ + অ] + শালা [শল্ + অ + আ= আলয়]। ৬।১ পাঠের নিমিত্ত শালা [আলয়]= মধ্যপ-কর্মধা। ৩।৩

পাঠান্তর: লেখার বিষয়ের অন্য রূপ বি। তৎসম। পাঠ ['পাঠ' দ্রষ্টব্য] + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ[ঠা]। ২।১।ক অন্য পাঠ= নিত্য সমাস। বি.দ্র.: পাঠান্তর= প্ + আ+ঠ্+আ+ন্+ত্+অ+র্+অ।

পাঠাভ্যাস: পড়া মুখস্থকরণ। বি। তৎসম। পাঠ ['পাঠ' দ্রষ্টব্য] + অভ্যাস [অভি + আস (অস্ + অ)। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ঠা]। ২।১।ক ই + আ= যা [ভ্যা]। ২।৭।খ পাঠের অভ্যাস= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পাঠাভ্যাস= প্ + আ + ঠ্ + আ + ভ্ + য্ + আ + স্ + অ।

পাঠার্থী: ছাত্র। বিণ। তৎসম। পাঠ ['পাঠ' দ্রষ্টব্য] + অর্থী [অর্থ + ইন্ (ঈ)] ৬।১ [সন্ধি] অ + অ= আ [ঠা]। ২।১।ক পাঠ ইচ্ছা [কামনা] করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পাঠার্থী= প্ + আ + ঠ্ + আ + র্ + থ্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পাঠিকা: পাঠকারিণী [বি, বিণ। তৎসম। পঠ্ + ইক [<অক] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ বি.দ্র.: পাঠিকা= প্ + আ + ঠ্ + ই + ক্ + আ।

পাঠিনী: পাঠকারিণী। বিণ। তৎসম। পঠ্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বি.দ্র.: পাঠিনী= প্ + আ + ঠ্ + ই + ন্ + ঈ। ইন্-প্রত্যয় + ঈ [স্ত্রী]-প্রত্যয় যুক্ত হওয়ায় আগে 'ই', পরে 'ঈ' হয়।

পাঠী: পাঠকারী। বিণ। তৎসম। পঠ্ [পাঠ করা বা পড়া— (to read)] + ইন্ [ঈ]। ৬।১ [যেমন: 'ত্রিপাঠী'] বি.দ্র.: পাঠী= প্ + আ + ঠ্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পাঠ্য: পঠনীয়, পাঠযোগ্য। বিণ। তৎসম। পঠ্ + য [যৎ]। ৬।১ বি.দ্র.: পাঠ্য= প্ + আ + ঠ্ + য্ + অ।

পাঠ্যক্রম: পাঠ্য বিষয়ের আনুক্রমিক সূচী। বি। তৎসম। পাঠ্য [পাঠ্য দ্রষ্টব্য] + ক্রম [ক্রম্ + অ]। ৬।১ পাঠ্যের ক্রম= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পাঠ্যক্রম= প্ + আ + ঠ্ + য্ + অ + ক্ + র্ + অ + ম্ + অ।

পাঠ্যসূচি, পাঠ্যসূচী: পাঠ্য বিষয়ের আনুক্রমিক তালিকা। বি। তৎসম। পাঠ্য ['পাঠ্য' দ্রষ্টব্য] + সূচি, সূচী [সূচ্ (সূচনা করা) + ই, বিকল্পে ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ পাঠ্যের [পাঠ্য বিষয়ের] সূচি বা সূচী [আনুপূর্বিক তালিকা]= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পাঠ্যসূচি, পাঠ্যসূচী= প্ + আ + ঠ্ + য্ + অ + স্ + ঊ + চ্ + ই [ঈ]।

পাঠ্যাবস্থা: পঠদ্দশা, ছাত্রাবস্থা। বি। তৎসম। পাঠ্য ['পাঠ্য' দ্রষ্টব্য] + অবস্থা [অব + স্থা + অ + আ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ঠ্যা]। ২।১।ক পাঠ্যকালীন অবস্থা= মধ্যপ কর্মধা। ৩।২ বি.দ্র.: পাঠ্যাবস্থা= প্ + আ + ঠ্ + য্ + আ + ব্ + অ + স্ + থ্ + আ।

পাড়: কাপড়ের ধার। বি। তদ্ভব। পাড় <প্রা. পট্ট <সং. পট্ট [পট্টী]।

পাড়: খুঁটির সঙ্গে যুক্ত চালের লম্বা কাঠ। বি। তদ্ভব। পাড় <প্রা. পাড় <সং. পাট।

পাড়: ঢেঁকিতে পায়ের চাপ। বি। তদ্ভব। পাড় <প্রা. পাড্ <সং. পাদ।

পাড়: নদী পুকুর ইত্যাদির কিনারায় উঁচু বাঁধ। বি। তদ্ভব। পাড় <পার <প্রা. পাআর <সং. প্রাকার।

পাড়া : পাতিত করা। ক্রি। তদ্ভব। পাড় [<সং. পত্ (পড়া) + ণিচ্] + বা. আ। ৬।১

পাড়া : পল্লী, গ্রামের অংশ। বি। তদ্ভব। পাড়া <পাটা <পট্টি <সং. পল্লী [পল্ল্ (গমনাগমন ও বসতি স্থাপন করা) + ই, ঈ [স্ত্রী]। যেখানে যাওয়া-আসা ও বসতি স্থাপন করা যায়।

পাড়াকুঁদুলী : যে নারী পাড়ার সকলের সঙ্গে ঝগড়া করে বেড়ায়। বিণ। তদ্ভব। পাড়া ['পাড়া' : 'পল্লী' দ্রষ্টব্য] + কুঁদুলী [<সং. কন্দল] + ঈ [স্ত্রী]। ৭।১।গ পাড়ায় কোঁদল করে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ কুঁদুলী <কন্দলী ['ন্'-এর লোপ এবং পূর্ববর্ণের নাসিক্যীভবন]।

পাড়াগাঁ : পল্লীগ্রাম। বি। তদ্ভব। পাড়া ['পাড়া' : 'পল্লী' দ্রষ্টব্য] + গাঁ [<সং. গ্রাম]। চন্দ্রবিন্দুর অবস্থান লক্ষণীয়।

পাড়াগেঁয়ে : পাড়াগাঁয়ে জাত। বিণ। তদ্ভব। পাড়া ['পাড়া' : 'পল্লী' দ্রষ্টব্য] + গেঁয়ে [<গাঁইয়া (গাঁ + ইয়া)]। চন্দ্রবিন্দুর অবস্থান লক্ষণীয়।

পাড়াপড়শী : পাড়ার প্রতিবেশী। বি। তদ্ভব। পাড়া ['পাড়া' : 'পল্লী' দ্রষ্টব্য] + পড়শী [<পড়িবেশী <সং. প্রতিবেশী]।

পাড়ানি, পাড়ানী : যে পাড়ায় [ঘুম]। বিণ। তদ্ভব। পাড় [<সং. পত্ + ণিচ্] + আনি, বা আনী [স্ত্রী]। ৬।১

পাড়ানো : অন্যের দ্বারা পাতিত করা। ক্রি। তদ্ভব। পাড় [<সং. পত্ + ণিচ্] + আনো। ৬।১

পাড়ি : এক পার থেকে অন্য পারে উত্তরণ, জলপথ পার হবার জন্যে জলযানে যাত্রা। বি। তদ্ভব। পাড়ি <পারি <সং. পার [পার্ + অ]।

পাণি : হস্ত। বি। তৎসম। পণ্ [ব্যবহার করা] + ই। ৬।১ বি.দ্র. : 'পাণি' শব্দের 'ণ্' মৌলিক 'ণ'।

পাণিগ্রহ : বিবাহ। বি। তৎসম। পাণি ['পাণি' দ্রষ্টব্য] + গ্রহ [গ্রহ্ (গ্রহণ করা) + অ। ৬।১ পাণিকে গ্রহণ করা হয় যাতে [যে অনুষ্ঠানে] = বহুব্রী। ৩।৫ বি.দ্র. : 'পাণি'র 'ণ' মৌলিক 'ণ'।

পাণিগ্রহণ ; বিবাহ। বি। তৎসম। পাণিগ্রহণ [পাণি ('পাণি' দ্রষ্টব্য) + গ্রহণ [গ্রহ্ (গ্রহণ করা) + অন]। ৬।১ পাণি গ্রহণ করা হয় যাতে [বিবাহ]= বহুব্রী। ৩।৫ পাণিগ্রহণ= প্ + আ + ণ্ + ই + গ্ + র্ + অ + হ্ + অ + ণ্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ', 'হ্' ও 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পাণিপীড়ন : বিবাহ। বি। তৎসম। পাণি ['পাণি' দ্রষ্টব্য] + পীড়ন [পীড্ + অন]। ৬।১ পাণি পীড়ন করা হয় যে অনুষ্ঠানে= বহুব্রী। ৩।৫ বি.দ্র. : পাণিপীড়ন= প্ + আ + ণ্ + ই + প্ + ঈ + ড্ + অ + ন্ + অ।

পাণ্ডব : পাণ্ডুপুত্র। বি। তৎসম। পাণ্ডু + অ [ষ্ণ— 'অপত্য' অর্থে]। বি.দ্র. : পাণ্ডব= প্ + আ + ণ্ + ড্ + অ + ব্ + অ। 'ড্'-এর অব্যবহিত আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

পাণ্ডবেয় : পাণ্ডুপুত্র। বি। তৎসম। পাণ্ডু + এর [ঢ়েয়— 'অপত্য' অর্থে]। বি.দ্র. : পাণ্ডবেয়= প্ + আ + ণ্ + ড্ + অ + ব্ + এ + য্ + অ। 'ড্'-এর অব্যবহিত আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

পাণ্ডববর্জিত : যে দেশে পাণ্ডবগণ যাননি। বিণ। তৎসম। পাণ্ডব [পাণ্ডু + অ (ষ্ণ-'অপত্য' অর্থে)] + বর্জিত [বর্জ্ (পরিত্যাগ করা) + ত]। ৬।১ পাণ্ডবদের দ্বারা বর্জিত= করণতৎ। ৩।৩ বি.দ্র. : পাণ্ডববর্জিত= প্ + আ + ণ্ + ড্ + অ + ব্ + অ + ব্ + অ + র্ + জ্ + ই + ত্ + অ। 'ড্'-এর অব্যবহিত আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

পাণ্ডা : দলের নেতা, তীর্থস্থানের পূজারী। বি। তদ্ভব। [<সং. পণ্ডা] বি.দ্র. : পাণ্ডা= প্ + আ + ণ্ + ড্ + আ। 'ড্'-এর অব্যবহিত আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

পাণ্ডিত্য : বিদ্যাবত্তা। বি। তৎসম। পণ্ডিত [পণ্ডা [জ্ঞান] + ইত ['আছে' অর্থে] + য [ষ্ণ্য— 'ভাব' অর্থে]। ৬।১ বি.দ্র. : পাণ্ডিত্য= প্ +

আ + ণ্ + ড্ + ই + ত্ + য্ + অ। 'ড্'-এর অব্যবহিত আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

পাণ্ডু : ফ্যাকাসে, যুধিষ্ঠিরাদির পিতা, ন্যাবা রোগ। বি। তৎসম। পণ্ড্ [গমন করা] + উ। বি.দ্র. : পাণ্ডু= প্ + আ + ণ্ + ড্ + উ। 'ড্'-এর অব্যবহিত আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

পাণ্ডুর : ফ্যাকাসে। বিণ। তৎসম। পাণ্ডু (পণ্ড্ + উ) + র। ৬।১ পাণ্ডু বর্ণ যার। বি.দ্র. : পাণ্ডুর= প্ + আ + ণ্ + ড্ + উ + র্ + অ। 'ড্'-এর অব্যবহিত আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

পাণ্ডুলিপি : প্রথম লেখা খসড়া। বি। তৎসম। পাণ্ডু [(পণ্ড্ + উ)= হাতে-লেখা] + লিপি [(লিপ্ + ই)= লেখন]। ৬।১ পাণ্ডু [হাতে-লেখা] যে লিপি [লেখন]= কর্মধা। ৩।২ বি.দ্র. : পাণ্ডুলিপি= প্ + আ + ণ্ + ড্ + উ + ল্ + ই + প্ + ই। 'ড্'-এর অব্যবহিত আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

পাণ্ডুলেখ, পাণ্ডুলেখ্য : প্রথম লেখা খসড়া। বি। তৎসম। পাণ্ডু [(পণ্ড্ + উ)= হাতে-লেখা] + লেখ, লেখ্য [লিখ্ + অ, লিখ্+য (যৎ)]। ৬।১ পাণ্ডু [হাতে-লেখা] যে লেখ বা লেখ্য [লেখন]= কর্মধা। ৩।২ বি.দ্র. : পাণ্ডুলেখ, লেখ্য= প্ + আ + ণ্ + ড্ + উ + ল্ + এ + খ্ [য্] + অ। 'ড্'-এর অব্যবহিত আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

পাত : পাতা, পতন, ক্ষয়, নিক্ষেপ। বি। তৎসম। পত্ [পতিত হওয়া] + অ। ৬।১

পাতক : পাপ। বি। তৎসম। পত্ + ণিচ্ [পতিত করানো] + অক। ৬।১ যা পতিত করায়। বি.দ্র. : পাতক= প্ + আ + ত্ + অ + ক্ + অ।

পাতকিনী : পাপিনী। বিণ। তৎসম। পাতক [পত্ + ণিচ্ (পতিত করানো) + অক + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ পাতক [পাপ] করেছে যে [স্ত্রী]। বি.দ্র. : পাতকিনী= প্ + আ + ত্ + অ + ক্ + ই + ন্ + ঈ। শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে ঈ।

পাতকী : পাপী। বিণ। তৎসম। পাতক [পত্ + ণিচ্ (পতিত করানো) + অক] + ইন্ [ঈ]। ৬।১ পাতক [পাপ] আছে যার। বি.দ্র. : পাতকী= প্ + আ + ত্ + অ + ক্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পাতকুয়া : ছোট কুয়া। বি। তদ্ভব। পাত [<পাতি (বাং. উপসর্গ)— 'ক্ষুদ্র' অর্থে] + কুয়া [<সং. কূপ]। পাতি [ক্ষুদ্র] যে কুয়া= কর্মধা। ৩।২ বি.দ্র. : পাতকুয়া= প্ + আ + ত্ + অ + ক্ + উ + য্ + আ।

পাতচাটা : অতিরিক্ত তোষামুদে। বি। মিশ্র। তদ্ভব. পাত [<সং. পত্র] + চাটা [<হি. চাটনা]। পাত চাটে যে= উপপদ তৎ। ৩।৩ বি.দ্র. : পাতচাটা= প্ + আ + ত্ + অ + চ্ + আ + ট্ + আ।

পাতড়া : এঁটো পাতা। বি। তদ্ভব। পাত [<সং. পত্র] + বাং. ড়া।

পাততাড়ি : লেখবার জন্য তালপাতার গোছা। বি। তদ্ভব। পাত [<সং. পত্র] + তাড়ি [<সং. তালী= তালগাছ]। তাড়ির [তালগাছের] পাত [পাতা]= পাততাড়ি [পূর্বনিপাত]= সম্বন্ধতৎ। ৩।৩

পাতনা : গোরু-মহিষের জাবছানি খাবার বৃহৎ পাত্র। বি। দেশী। বি.দ্র. : পাতনা= প্ + আ + ত্ + ন্ + আ। 'ত্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পাতলা : রোগা, সূক্ষ্ম। বিণ। তদ্ভব। পাত [<সং. পত্র] + লা। ৬।৩ বি.দ্র. : পাতলা= প্ + আ + ত্ + ল্ + আ। 'ত্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পাতা : পাত, পদতল, নেত্রপল্লব। বি। তদ্ভব। [<প্রা. পত্ত <সং. পত্র]।

পাতানো : কৃত্রিম সম্বন্ধ স্থাপন করা। ক্রি। তদ্ভব। পাত্ [পত্ + ণিচ্ (সম্বন্ধ স্থাপন করা) + বাং. আনো। ৬।১

পাতাল : ভূগর্ভ। বি। তৎসম। পত্‌ [পতিত হওয়া] + আল [অধিকরণে]। ৬।১ বি.দ্র. : পাতাল= প্‌ + আ + ত্‌ + আ + ল্‌ + অ।

পাতি, পাঁতি : পঙ্‌ক্তি, সারি, ক্ষুদ্র, নিকৃষ্ট। বি। তদ্ভব। <সং. পঙ্‌ক্তি। বি.দ্র. : পাতি= প্‌ + আ + ত্‌ + ই, পাঁতি= পঁ + আ + ত্‌ + ই। 'ঙ্‌'-লোপে পূর্ববর্ণের নাসিক্যীভবন

পাতিত : নীচে নিক্ষিপ্ত। বিণ। তৎসম। পত্‌ + ণিচ্‌ [পতিত করা বা নীচে ফেলা] + ত। ৬।১ বি.দ্র. : পাতিত= প্‌ + আ + ত্‌ + ই + ত্‌ + অ।

পাতিত্য : পতিতের ভাব। বি। তৎসম। পতিত [পত্‌ (পতিত হওয়া) + ত] + য [ষ্ণ্য— 'ভাব' অর্থে]। ৬।১ পতিতের ভাব বা অবস্থা। বি.দ্র. : পাতিত্য = প্‌ + আ + ত্‌ + ই + ত্‌ + য্‌ + অ।

পাতিব্রত্য : পতিপরায়ণতা। বি। তৎসম। পতিব্রতা [পতি (পা + অতি) + ব্রতা (বৃ + অত) (স্ত্রী)]= পতিই ব্রত যার [স্ত্রী] য [(ষ্ণ)]। ৬।২ পতিব্রতার গুণ। বি.দ্র. : পাতিব্রত্য= প্‌ + আ + ত্‌ + ই + ব্‌ + র্‌ + অ + ত্‌ + য্‌ + অ। ব্‌ + র্‌ + অ= ব্র, ত্‌ + য + অ= ত্য

পাতী : যা পড়ে, পতনশীল। বিণ। তৎসম। পত্‌ [পতিত হওয়া] + ইন্‌ [ঈ]। ৬।১ যে বা যা পতিত হয়। বি.দ্র. : পাতী= প্‌ + আ + ত্‌ + ঈ। শব্দটি 'ইন্‌' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পাত্তা : ঠিকানা। বি। বিদেশী। <হি. পতা। বাংলায় পাত্তা= প্‌ + আ + ত্‌ + ত্‌ + আ।

পাত্র : আধার। বি। তৎসম। পা [রক্ষা করা] + ত্র। ৬।১ যা কিছু ধারণ করে [রক্ষা করে]। বি.দ্র. : পাত্র= প্‌ + আ + ত্‌ + র্‌ + অ। ত্‌ + র্‌ + অ= ত্র।

পাত্রস্থ : বরের সঙ্গে বিবাহ-দান। বিণ। তৎসম। পাত্র [পা + ত্র] + স্থ [স্থা + অ] ৬।১ পাত্রে বা পাত্রের সঙ্গে থাকে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পাত্রস্থ= প্‌ + আ + ত্‌ + র্‌ + অ + স্‌ + থ্‌ + অ। ত্‌ + র্‌ + অ= ত্র, স্‌ + থ্‌ + অ= স্থ।

পাথর : প্রস্তর। বি। তদ্ভব। <প্রা. পত্থর <সং. প্রস্তর। বি.দ্র. : পাথর= প্‌ + আ + থ্‌ + অ + র্‌ + অ।

পাথরি : মূত্রাশয় বা পিত্তাশয়ের রোগ। বি। তদ্ভব। পাথর [<প্রা. পত্থর <সং. প্রস্তর] + ই। ৬।২ বি.দ্র. : পাথরি= প্‌ + আ + থ্‌ + অ + র্‌ + ই।

পাথার : সমুদ্র, দুস্তর জলরাশি। বি। তৎসম। পাথঃ [পাথস্‌= পা (রক্ষা করা) + থ্‌ (আগম) + অস্‌= জল] + < র [ধর—'ধ' লুপ্ত]। বি.দ্র. : পাথার= প্‌ + আ + থ্‌ + আ + র্‌ + অ।

পাথুরি : মূত্রাশয় বা পিত্তাশয়ের রোগ। বি। তদ্ভব। ['পাথরি' দ্রষ্টব্য] বি.দ্র. : পাথুরি= প্‌ + আ + থ্‌ + উ + র্‌ + ই।

পাথেয় : পথখরচ। বি। তৎসম। পথিন্‌ + এয়। ৬।২ বি.দ্র. : পাথেয়= প্‌ + আ + থ্‌ + এ + য়্‌ + অ।

পাদ : পা। বি। তৎসম। পদ্‌ [গমন করা] + অ। ৬।১ যা দিয়ে গমন করা হয়।

পাদচার : পায়চারি। বি। তৎসম। পাদ [পদ্‌ (গমন করা) + অ] + চার [চর্‌ (চলা বা বিচরণ করা) + অ]। ৬।১ পাদের দ্বারা চার [বিচরণ]= করণতৎ। ৩।৩ বি.দ্র. : পাদচার= প্‌ + আ + দ্‌ + আ + চ্‌ + আ + র্‌ + অ।

পাদচারণ : পায়চারি। বি। তৎসম। পাদ [পদ্‌ (গমন করা) + অ] + চারণ [চর্‌ (চলা বা বিচরণ করা) + ণিচ্‌ + অন। ৬।১ পাদের [পায়ের] চারণ [চালন]= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পাদচারণ= প্‌ + আ + দ্‌ + অ + চ্‌ + আ + র্‌ + অ + ণ + অ। 'র্‌' ও 'ন্‌'-এর মধ্যে

'অ' থাকায় 'ন্' 'ণ' হয়েছে ৪।১।গ

পাদচারী : যে পায়ে হেঁটে চলে। বি, বিণ। তৎসম। পাদ ['পাদ' দ্রষ্টব্য] + চারী [চর্ + ইন্ (ঈ)]। ৬।১ পাদ [পা] চারণ করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পাদচারী= প্ + আ + দ্ + অ + চ্ + আ +র্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পাদটীকা : পুস্তকের পৃষ্ঠার নিম্নদেশে লিখিত টীকা। বি। তৎসম। পাদ ['পাদ' দ্রষ্টব্য] + টীকা [টীক্ (ব্যাখ্যা করা) + অ + আ]। ৬।১ পাদে [নিম্নে] প্রদত্ত টীকা= মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র.: পাদটীকা= প্ + আ + দ্ + অ + ট্ + ঈ + ক্ + আ। টিকা= ফোঁটা বা তিলক, টীকা= ব্যাখ্যা বা ভাষ্য।

পাদপ : বৃক্ষ। বি। তৎসম। পাদ + প [পা (পান করা) + অ]। ৬।১ পা [শিকড়] দিয়ে পান করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পাদপ= প্ + আ + দ্ + অ + প্ + অ।

পাদপীঠ : পা রাখবার পিঁড়ি। বি। তৎসম। পাদ ['পাদ' দ্রষ্টব্য] + পীঠ [বসার বা রাখার আসন (পীঠিকা= পিঁড়ি বা বেদী)। পাদ রক্ষণের নিমিত্ত পীঠ [আসন]= মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র.: পাদপীঠ= প্+আ+দ্+অ+প্+ঈ+ঠ্+অ।

পাদপূরণ : অবশিষ্ট চরণ লিখে শ্লোক সম্পূর্ণ করণ। বি। তৎসম। পাদ ['পাদ' দ্রষ্টব্য] + পূরণ [পূর্ (পূর্ণ করা) + অন। ৬।১ পাদের পূরণ= সম্বন্ধ-তৎ। ৩।৩ বি.দ্র. : পাদপূরণ= প্ + আ + দ্ + অ + প্ + ঊ + র্ + অ + ণ + অ। 'র্' ও 'ন্' এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ' হয়েছে। ৪।১।গ

পাদমূল : চরণের নিম্নদেশ। বি। তৎসম। পদ ['পাদ' দ্রষ্টব্য] + মূল [মূল্ + অ]। ৬।১ পাদের মূল [নিম্নদেশ]= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: পাদমূল= প্ + আ + দ্ + অ + ম্ + ঊ + ল্ + অ। ম্ + ঊ= মূ।

পাদলেহন : হীনভাবে খোশামোদ। বি। তৎসম। পাদ ['পাদ' দ্রষ্টব্য] + লেহন [লিহ্ + অন]। ৬।১ পাদকে লেহন [চাটা]= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : লেহন= ল্ + এ + হ্ + অ + ন্ + অ।

পাদরী : খ্রীস্টীয় যাজক। বি। বিদেশী। <পো. padre.

পাদান, পাদানি : যাতে পা দিয়ে গাড়িতে উঠতে হয়। বি। বিদেশী। <ফা. পাদান, পাদান + বাং. ই।

পাদুকা : খড়ম, জুতা। বি। তৎসম। পদ্ [গমন করা] + ণিচ্ + উক + আ। ৬।১ যা গমন করায়। বি.দ্র.: পাদুকা= প্ + আ + দ্ + উ + ক্ + আ।

পাদোদক : পূজ্য ব্যক্তির চরণস্পৃষ্ট জল। বি। তৎসম। পাদ [পদ্ + অ] + উদক [উন্দ্ + অক]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [দো]। ২।৫।ক পাদ ধৌত বা স্পৃষ্ট জল= মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র. : পাদোদক= প্ + আ + দ্ + ও + দ্ + অ + ক্ + অ।

পানাসক্ত : মদ্যপ। বিণ। তৎসম। পান [পা (পান করা) + অন] + আসক্ত [আ + সন্জ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [না]। ২।১।খ পানে [মদ্যপানে] আসক্ত= অধিকরণতৎ। ৩।৩ বি.দ্র. : পানাসক্ত= প্ + আ + ন্ + আ + স্ + অ + ক্ + ত্ + অ।

পানাসক্তি : মদ্যপানে আসক্তি। বি। তৎসম। পান [পা (পান করা) + অন] + আসক্তি [আ + সন্জ্ + তি]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [না]। ২।১।খ পানে আসক্তি= অধিকরণতৎ। ৩।৩ বি.দ্র. : পানাসক্তি= প্ + আ + ন্ + আ + স্ + অ + ক্ + ত্ + ই।

পাদ্য : পা ধোওয়ার জল। বি। তৎসম। পাদ + য [যৎ]। ৬।১ বি.দ্র.: পাদ্য= প্ + আ + দ্ + য্ + অ।

পান : ধাতুর সঙ্গে মিশ্রিত খাদ। বি। দেশী। বি.দ্র. : পান= প্ + আ + ন্ + অ।

পানকৌড়ি : জলে ডুবে মাছ ধরতে পটু পাখি। বি। তদ্ভব। পান [<সং পানীয়= জল] + কৌডি [কুক্কুটিকা]। পানকৌড়ি= প্ + আ + ন্ + ক্ + ঔ + ড় + ই। শব্দ-মধ্যের 'ন' হসন্তবর্জিত।

পানদোষ : মদ্য-পানের অভ্যাস। বি। তৎসম। পান [পা (পান করা) + অন] + দোষ [দুষ্ + অ]। ৬।১ পানজনিত দোষ= মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র. : পানদোষ= প্ + আ + ন্ + অ + দ্ + ও + ষ্ + অ।

পানপাত্র : পান কববাব পাত্র। বি। তৎসম। পান [পা (পান করা) + অন] + পাত্র [পা (রক্ষা করা) + ত্র]। ৬।১ পানের নিমিত্ত পাত্র= মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র. : পানপাত্র= প্ + আ + ন্ + অ + প্ + আ + ত্ + র্ + অ।

পানমরা : গয়না গলিয়ে খাদ হিসেবে যে অংশ বাদ দেওয়া হয়। বি। দেশী। পান [দেশী] + মরা [মর্ (হ্রাস পাওয়া) + আ]। ৬।১ পানের নিমিত্ত মরা [হ্রাস]= মধ্যপ-কর্মধা। ৩।২

পানীয় : পানের যোগ্য। বিণ। তৎসম। পা [পান করা] + অনীয়। ৬।১ বি.দ্র. : পানীয়= প্ + আ + ন্ + ঈ + য়্ + অ। 'অনীয়'-প্রত্যয় যোগের কারণে অন্তিম 'নীয়' [ন্ + ঈ + য়্ + অ]।

পাব : পর্ব। বি। তদ্ভব। <প্রা. পব্ব <সং. পর্ব।

পাবড়া : পাব বা গাঁটযুক্ত বাঁশের টুকরো। বি। তদ্ভব। পাব [<প্রা. পব্ব <সং. পর্ব] + বাং. ড়া।

পানতুয়া : কড়াভাজা ও রসে-ভিজানো মিষ্টান্ন। বি। বিদেশী। হি. পানি + ফা. তবা [তওয়া]।

পানসি : ছই-ঢাকা সরু দ্রুতগামী নৌকা। বি। বিদেশী। <ইং pinnace. বাংলা বানান : প্ + আ + ন্ + স্ + ই। শব্দ-মধ্যের 'ন' হসন্তবর্জিত।

পান্থ : পথিক। বি। তৎসম। পথিন্ [পন্থ] + অ। বি.দ্র. : পান্থ= প্ + আ + ন্ + থ্ + অ।

পান্না : মরকত মণি। বি। বিদেশী। <হি. পন্না। বাংলায় : পান্না= প্ + আ + ন্ + ন্ + আ।

পাপড়ি : ফুলের দল। বি। তদ্ভব। পাপ [<পোব <সং. পর্ব] + বাং. ড়ি।

পাপঘ্ন : পাপ-দূরকারী। বিণ। তৎসম। পাপ + ঘ্ন [হন্ + অ]। ৬।১ পাপ হনন করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পাপঘ্ন = প্ + আ + প্ + অ + ঘ্ + ন্ + অ।

পাপবুদ্ধি : কলুষিত বুদ্ধি গ্রস্ত। বিণ। তৎসম। পাপ + বুদ্ধি [বুধ্ + তি]। ৬।১ পাপপূর্ণ বুদ্ধি যার= বহুব্রী। ৩।৫ বি.দ্র. : পাপবুদ্ধি = প্ + আ + প্ + অ + ব্ + উ + দ্ + ধ্ + ই। দ্ + ধ্ + ই= দ্ধি।

পাপভাগী : পাপের অংশীদার। বিণ। তৎসম। পাপ + ভাগী [ভাগ + ইন্ (ঈ)]। ৬।২ পাপের ভাগ আছে যার= বহুব্রী। ৩।৫ বি.দ্র. : পাপভাগী= প্ + আ + প্ + অ + ভ্ + আ + গ্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পাপমতি : যার মনে পাপ। বিণ। তৎসম। পাপ + মতি [মন্ + তি]। ৬।১ পাপপূর্ণ মতি যার= বহুব্রী। ৩।৫ বি.দ্র. : পাপমতি= প্ + আ + প্ + অ + ম্ + অ + ত্ + ই।

পাপাচার : পাপকর্ম। বি, বিণ। তৎসম। পাপ + আচার [আ + চর্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ[পা]। ২।১।খ পাপের আচার [আচরণ]= সম্বন্ধতৎ। ৩।৩ পাপপূর্ণ আচরণ যার= বহুব্রী। ৩।৫ বি.দ্র. : পাপাচার= প্ + আ + প্ + আ + চ্ + আ + র্ + অ।

পাপাচারী : অধার্মিক, অধর্মাচারী। বিণ। তৎসম। পাপ + আচারী [আ + চর্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + আ= আ। ২।১।ক পাপপূর্ণ আচরণ করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পাপাচারী= প্ + আ + প্ + আ + চ্ + আ + র্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পাপাত্মা : অতিশয় পাপী। বিণ। তৎসম। পাপ + আত্মা [আত্মন্]। [সন্ধি] অ + আ= আ [পা]। ২।১।ক পাপপূর্ণ আত্মা যার= বহুব্রী। ৩।৫ বি.দ্র. : পাপাত্মা= প্ + আ + প্ + আ + ত্ + ম্ + আ। ত্ + ম্ + আ= ত্মা।

পাপিনী : পাপকর্মকারিণী। বিণ। তৎসম। পাপ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।চ শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত। তাই আগে 'ই', পরে 'ঈ'।

পাপিয়া : কোকিল-জাতীয় গায়কপাখি। বি। বিদেশী। <হি. পপীহা। বাংলায় : পাপিয়া= প্ + আ + প্ + ই + য় + আ।

পাপিষ্ঠ : অত্যন্ত পাপী। বিণ। তৎসম। পাপ + ইষ্ঠ [অতিশায়ন]। বি.দ্র. : পাপিষ্ঠ= প্ + আ + প্ + ই + ষ্ + ঠ্ + অ।

পাপিষ্ঠা : অতিশয় পাপিনী। পাপিষ্ঠ ['পাপিষ্ঠ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। বি.দ্র. : পাপিষ্ঠা= প্ + আ + প্ + ই + ষ্ + ঠ্ + আ।

পাপী : পাপকর্মকারী। বিণ। তৎসম। পাপ + ইন্ [ঈ]। ৬।২ বি.দ্র. : পাপী= প্ + আ + প্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পাপীয়সী : অতিশয় পাপকর্ম-কারিণী। বিণ। তৎসম। পাপ + ঈয়স্ + ঈ [স্ত্রী]। বি.দ্র. : পাপীয়সী= প্ + আ + প্ + ঈ + য় + অ + স্ + ঈ। শব্দটি ঈয়স্ + ঈ= 'ঈয়সী'-প্রত্যয়ান্ত। তাই প্ + ঈ=পী এবং স্ + ঈ= সী।

পাপোশ : পা বা জুতোর তলার ধুলো ঝাড়বার মেঝেয় পাতা আস্তরণ। বি। বিদেশী। <ফা. পা-পোশ্।

পাবনি : পবনপুত্র হনুমান। বি। তৎসম। পবন + ই [ষ্ণি]। ৬।১ বি.দ্র. : পাবনি= প্ + আ + ব্ + অ + ন্ + ই।

পামর : অতিশয় পাপী। পাপ্মন্ + রা + অ। বি.দ্র. : পামর= প্ + আ + ম্ + অ + র্ + অ।

পাম্প : হাওয়া জল ইত্যাদি বের করবার ও তোলবার যন্ত্র। বি। বিদেশী। <ইং. pump. বাংলায় : পাম্প= প্ + আ + ম্ + প্। শব্দান্তের 'প্' হসন্তবর্জিত।

পায়চারি : পায়ে হেঁটে বিচরণ। বি। তদ্ভব। <সং. পাদচারণা। পায়চারি= প্ + আ + য়্ + চ্ + আ + র্ + ই। শব্দমধ্যের 'য়' হসন্তবর্জিত।

পায়জামা : পা-ঢাকা ইজের। বি। বিদেশী। <ফা. পা-জামা।

পায়দল : পায়ে হেঁটে। ক্রি-বিণ। বিদেশী। <হি. পৈদল <সং. পদতল।

পায়খানা : মলত্যাগ, মলত্যাগের ঘর। বি। বিদেশী। <ফা. পয়্খানা, পইখানা। বি.দ্র. : পায়খানা= প্ + আ + য়্ + খ্ + আ + ন্ + আ। শব্দমধ্যের 'য়্' হসন্তবর্জিত।

পায়রা : কবুতর। বি। তদ্ভব। পায়রা <প্রা. পাবাবয় <সং. পারাবত। [বর্ণ-বিপর্যয়]। বি.দ্র. : পায়রা= প্ + আ + য়্ + র্ + আ। 'য়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পায়স, পায়েস : দুধে-সিদ্ধ মিষ্টান্ন, পরমান্ন। বি। তৎসম। পয়স্ [দুগ্ধ] + অ। ৬।২ বি.দ্র. : পায়স [পায়েস]= প্ + আ + য়্ + অ[এ] + স্ + অ।

পায়া : চৌকির পা। বি। বিদেশী। <ফা. পায়হ্।

পায়াভারি : উচ্চপদের গুমর। বি। মিশ্র। বিদেশী <ফা. পায়া + তদ্ভব. ভারি। বাংলায় : পায়াভারি= প্ + আ + য়্ + আ + ভ্ + আ + র্ + ই।

পায়ী : পানকারী। বিণ। তৎসম। পা [পান করা] + ইন্ [ঈ]। ৬।১ পান করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : পায়ী= প্ + আ + য়্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পায়ু : দেহ থেকে নিঃসরণ দ্বারা যা প্রাণীদের রক্ষা করে। বি। তৎসম। পা + উ ['য়' আগমের ফলে য়-শ্রুতি। বি.দ্র. : পায়ু= প্ + আ + য়্ + উ।

পার : উদ্ধার, নদী বা সমুদ্র ইত্যাদির তীর। বি।

তৎসম। পার্ + অ। ৬।১ বি.দ্র.: পার= প্ + আ + র্ + অ।

পারক: পূরক, সমর্থ। বিণ। তৎসম। পৃ [পূরণ করা] + অক। ৬।১ বি.দ্র.: পারক= প্ + আ + র্ + অ + ক্ + অ।

পারগ: যে অপর তীরে যেতে পারে। বিণ। তৎসম। পার [পার্ + অ] + গ [গম্ + অ]। ৬।১ পারে গমন করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পারগ= প্ + আ + র্ + অ + গ্ + অ।

পারঙ্গম: পারগামী। বিণ। তৎসম। পারম্ ['পার' শব্দের দ্বিতীয়া একবচন] + গম [গম্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + গ = ঙ্ + গ= ঙ্গ। ২।২৮ পারে গমন করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পারঙ্গম= প্ + আ + র্ + অ + ঙ্ + গ্ + অ + ম্ + অ।

পারণ [পারণা]: উপবাসের পর প্রথম ভোজন। বি। তৎসম। পৃ [পূরণ করা] + ণিচ্ + অন + [আ]। ৬।১ শূন্য উদর পূরণ করা। বি.দ্র.: পারণ [পারণা]= প্ + আ + র্ + অ + ণ্ + অ [আ]। 'র্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

পারতন্ত্র্য: পরবশতা। বি। তৎসম। পরতন্ত্র [পরবশ বা পরাধীন] + য [ষ্ণ্য]। ৬।২ বি.দ্র.: পারতন্ত্র্য= প্ + আ + র্ + অ + ত্ + অ + ন্ + ত্ + র্ + য্ + অ। ন্ + ত্ + র্ + য্ + অ= ন্ত্র্য।

পারতপক্ষে, পারগপক্ষে: সম্ভবপর হলে। ক্রি-বিণ। তদ্ভব। পারত [পারগ] <পারক [পৃ + অক] + পক্ষ [পক্ষ্ + অ] + এ [অধিকরণ]। ৬।১ বি.দ্র.: পারত [পারগ] পক্ষে= প্ + আ + র্ + অ + ত্[গ্] + অ + প্ + অ + ক্ + ষ্ + এ।

পারত্রিক: পরলোকের পক্ষে হিতকর। বিণ। তৎসম। পরত্র [পর (পৃ + অ) + ত্র] + ইক [ষ্ণিক] ৬।১, ৬।২ পর + ত্র [স্থান= লোক]। বি.দ্র.: পারত্রিক= প্ + আ + র্ + অ + ত্ + র্ + ই + ক্ + অ।

পারদ: পারা। বি। তৎসম। পার [পার্ + অ] + দ [দা + অ]। ৬।১ পার [পূর্ণতা] দান করে যা [পারদ= পারা]= উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: পারদ= প্ + আ + র্ + অ + দ্ + অ।

পারদর্শিতা: দক্ষতা। বি। তৎসম। পার ['পার' দ্রষ্টব্য] + দর্শিতা [দৃশ্ + ইত (<ইন) + আ]। ৮।১২।ঙ

পারদর্শী: দক্ষ। বিণ। তৎসম। পার ['পার' দ্রষ্টব্য] + দর্শী [দৃশ্ + ইন্ (ঈ)]। ৬।১ পারদর্শী= প্ + আ + র্ + অ + দ্ + অ + র্ + শ্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পারদারিক [পরদারিক]: পরস্ত্রীগামী। বিণ। তৎসম। পরদার [পর= পৃ + অ, দার= দৃ + অ] + ইক [ষ্ণিক]। ৬।১, ৬।২ পরের দার [স্ত্রী]= সম্বন্ধতৎ। ৩।৩ পরদারে গমন করে যে= উপপদতৎ। ৩।৩ পারদারিক= প্ + আ + র্ + অ + দ্ + আ + র্ + ই + ক্ + অ।

পারবশ্য: পরাধীনতা। বি। তৎসম। পরবশ [পর= পৃ + অ, বশ= বশ্ + অ] + য [ষ্ণ্য]। ৬।১, ৬।২ পরের বশ= সম্বন্ধতৎ। ৩।৩ পারবশ্য= প্ + আ + র্ + অ + ব্ + অ + শ্ + য্ + অ।

পারমাণবিক: পরমাণু-বিষয়ক। বিণ। তৎসম। পরমাণু [পরম (পর + মা + অ) + অণু] + ইক [ষ্ণিক]। ৬।১, ৬।২ বি.দ্র.: পারমাণবিক= প্ + আ + র্ + অ + ম্ + আ + ণ্ + অ + ব্ + ই + ক্ + অ। 'অণু'-র 'ণ' মৌলিক 'ণ'। পারমাণবিক'-এর 'ণ'-ও মৌলিক 'ণ'।

পারমার্থিক: লৌকিক। বিণ। তৎসম। পরমার্থ [পরম (পর + মা + অ) + অর্থ (অর্থ্ +

অ)] ইক [ষ্ণিক]। ৬।১, ৬।২ বি.দ্র.: পারমার্থিক= প্ + আ + র্ + অ + ম্ + আ + র্ + থ্ + ই + ক্ + অ।

পারম্পরীণ : পরম্পরাগত। বিণ। তৎসম। পরম্পরা [পরম্ + পরা] + ঈন। ৬।২ বি.দ্র.: পারম্পরীণ= প্ + আ + র্ + অ + ম্ + প্ + অ + র্ + ঈ + ণ্ + অ। 'র্' ও 'ন'-এর মধ্যে 'ঈ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পারম্পর্য : পরম্পরা। বি। তৎসম। পরম্পরা [পরম্ + পরা] + য [ষ্ণ]। ৬।২ বি.দ্র.: পারম্পর্য= প্ + আ + র্ + অ + ম্ + প্ + অ + র্ + য্ + অ।

পারলৌকিক : পরলোকের জন্য হিতকর। বিণ। তৎসম। পরলোক [পর (পৃ + অ) + লোক (লোক্ + অ)] + ইক [ষ্ণিক]। ৬।১, ৬।২ বি.দ্র.: পারলৌকিক= প্ + আ + র্ + অ + ল্ + ঔ + ক্ + ই + ক্ + অ।

পারশ, পারস : পরিবেশন। বি। বিদেশী। <হি. পরস্।

পারসী : অগ্নিপূজক পারস্যদেশাগত সম্প্রদায়। বি। তৎসম। পারস্য + ঈ ['ভব'-অর্থে]। ৬।২ বি.দ্র.: পারসী= প্ + আ + র্ + অ + স্ + ঈ।

পারানি : খেয়া-পারের মাশুল। বি। তদ্ভব। পার [পার্ + অ] + বাং. আনি। ৬।৩ বি.দ্র.: পারানি= প্ + আ + র্ + আ + ন্ + ই। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'আ' [স্বরবর্ণ] থাকা সত্ত্বেও তদ্ভব শব্দ বলে 'ন' 'ণ' হয়নি।

পারাপার : নদীর উভয় তীর। বি। তৎসম। পার [পার্ + অ] + অপার [ন + পার্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ[রা]। ২।১।ক পার [ওপার] ও অপার [এপার]= দ্বন্দ্ব। ৩।৪ বি.দ্র.: পারাপার= প্ + আ + র্ + আ + প্ + আ + র্ + অ।

পারাবত : পায়রা। বি। তৎসম। পার [পার্ + অ] + আ + পত্ (পতিত হওয়া) + অ (প= ব)। ৬।১ [সন্ধি] অ + আ [রা]। ২।১।খ পার [বেগে] আপত [(আবত)= পতনশীল]। বি.দ্র.: পারাবত= প্ + আ + র্ + আ + ব্ + অ + ত্ + অ।

পারাবার : সমুদ্র। বি। তৎসম। পার [পার্ + অ] + অপার [অবার= ন + পার্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [রা]। ২।১।ক পার [অন্যপার] ও অপার [এপার] আছে যার= বহুব্রী। ৩।৫ বি.দ্র.: পারাবার= প্ + আ + র্ + আ + ব্ + আ + র্ + অ।

পারাশর : বেদব্যাস। বি। তৎসম। পরাশর + অ [ষ্ণ]। ৬।২ পরাশরের পুত্র [অপত্য]= পারাশর। বি.দ্র.: পারাশর = প্ + আ + র্ + আ + শ্ + অ + র্ + অ।

পারিজাত : সমুদ্র-মন্থনে উত্থিত স্বর্গীয় পুষ্পতরু। বি। তৎসম। পার + ইন্= পারিন্ [পার আছে যার= সমুদ্র] + জাত [জন্ + ত]। ৬।২, ৬।১ পারি বা সমুদ্র থেকে জাত [উত্থিত] = অপাদান তৎ। ৩।৩ বি.দ্র.: পারিজাত= প্ + আ + র্ + ই + জ্ + আ + ত্ + অ।

পারিতোষিক : পুরস্কার। বি। তৎসম। পরিতোষ [পরি + তুষ্ + অ] + ইক [ষ্ণিক]। ৬।১, ৬।২ পরিতুষ্ট হয়ে যা দেওয়া হয়। বি.দ্র.: পারিতোষিক= প্ + আ + র্ + ই + ত্ + ও + ষ্ + ই + ক্ + অ। 'ও'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

পারিপাট্য : সুশৃঙ্খলভাবে সজ্জিত। বি। তৎসম। পরিপাটি + য [ষ্ণ্য]। ৬।২ পরিপাটির ভাব= পারিপাট্য। বি.দ্র.: পারিপাট্য= প্ + আ + র্ + ই + প্ + আ + ট্ + য্ + অ।

পারিপার্শ্বিক : চতুর্দিকের। বিণ। তৎসম। পরিপার্শ্ব + ইক [ষ্ণিক]। ৬।২ পরিপার্শ্ব-বিষয়ক= পারিপার্শ্বিক। বি.দ্র.: পারিপার্শ্বিক= প্ + আ

+ র্ + ই + প্ + আ + র্ + শ্ + ব্ + ই + ক্ + অ।

পারিভাষিক : পরিভাষা-সম্বন্ধীয়। বিণ। তৎসম। পরিভাষা [পরি + ভাষা] + ইক [ষ্ণিক]। ৬।২ বি.দ্র. : পারিভাষিক= প্ + আ + র্ + ই + ভ্ + আ + ষ্ + ই + ক্ + অ। 'ভাষা'র 'ষ' মৌলিক 'ষ'।

পারিশ্রমিক : মজুরি। বি। তৎসম। পরিশ্রম [পরি + শ্রম্ + অ] + ইক [ষ্ণিক]। ৬।৩ পরিশ্রমের বিনিময়ে যা দেওয়া হয়। বি.দ্র. : পারিশ্রমিক= প্ + আ + র্ + ই + শ্ + র্ + অ + ম্ + ই + ক্ + অ।

পারিষদ : সভাসদ। বি। তৎসম। পরিষদ [পরি + সদ্ + অ] + অ[ষ্ণ]। ৬।১ পরিষদের সদস্য= পারিষদ। বি.দ্র. : পারিষদ= প্ + আ + র্ + ই + ষ + অ + দ্ + অ। 'ই'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

পারুষ্য : কর্কশতা। বি। তৎসম। পরুষ [পৃ + উষ] + য[ষ্ণ্য] ৬।১, ৬।২ পরুষের ভাব= পারুষ্য। বি.দ্র. : পারুষ্য= প্ + আ + র্ + উ + ষ্ + য্ + অ। 'উ'-র পর 'ষ্' হয়েছে। তাছাড়া 'পরুষ'-এর 'ষ্' মৌলিক 'ষ্'।

পার্থ : পৃথার [কুন্তীর] পুত্র। বি। তৎসম। পৃথা [কুন্তী] + অ[ষ্ণ]। ৬।২ পৃথার পুত্র= পার্থ [সেই অর্থে কর্ণ এবং পঞ্চ পাণ্ডব 'পার্থ']। বি.দ্র. : পার্থ= প্ + আ + র্ + থ্ + অ।

পার্থক্য : তফাৎ। বি। তৎসম। পৃথক্ + য [ষ্ণ্য]। ৬।২ পৃথকের বৈশিষ্ট্য= পার্থক্য। বি.দ্র. : পার্থক্য= প্ + আ + র্ + থ্ + অ + ক্ + য্ + অ।

পার্থসারথি : শ্রীকৃষ্ণ। বি। তৎসম। পার্থ [পৃথা + অ] + সারথি [সৃ + ণিচ্ + অথি]। ৬।১ পার্থের সারথি= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : পার্থসারথি= প্ + আ + র্ + থ্ + অ + স্ + আ + র্ + অ + থ্ + ই।

পার্থিব : পৃথিবীজাত। বিণ। তৎসম। পৃথিবী + অ [ষ্ণ]। ৬।১ বি.দ্র. : পার্থিব = প্ + আ + র্ + থ্ + ই + ব্ + অ।

পার্বণ : উৎসব। বি। তৎসম। পর্বন্ + অ। ৬।২ বি.দ্র. : পার্বণ= প্ + আ + র্ + ব্ + অ + ন্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ণ্' [প-বর্গ] এবং 'অ' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পার্বণী : পর্ব উপলক্ষে দেয় পারিতোষিক। বি। তৎসম। পার্বণ [পর্বন্ + অ] + ঈ [স্ত্রী]। ৬।২, ।।১।গ বি.দ্র. : পার্বণী= প্ + আ + র্ + ব্ + অ + ণ্ + ঈ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ব্' ও 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ 'ঈ'-কার স্ত্রীলিঙ্গ-জনিত।

পার্বত : পাহাড়। বিণ। তৎসম। পর্বত [পর্ব্ (পূরণ করা) + অত] + অ [ষ্ণ]। ৬।১, ৬।২ পর্বত থেকে জাত= পার্বত ['জাত' অর্থে]। বি.দ্র. : পার্বত: প্ + আ +র্ + ব্ + অ + ত্ + অ।

পার্বতী : গৌরী, দুর্গা। বি। তৎসম। পর্বত [পর্ব্ (পূরণ করা) + অত] + অ[ষ্ণ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৬।২, ৭।১।গ পর্বত থেকে জাত= পার্বত + ঈ [স্ত্রী] = পর্বত-দুহিতা [গৌরী]। বি.দ্র. : পার্বতী= প্ + আ + র্ + ব্ + অ + ত্ + ঈ।

পার্বত্য : পর্বতজাত, পর্বতবাসী। বিণ। তৎসম। পর্বত ['পর্বত' দ্রষ্টব্য] + য[ষ্ণ্য]। ৬।১ পর্বত থেকে জাত= পার্বত্য। বি.দ্র. : পার্বত্য= প্ + আ + র্ + ব্ + অ + ত্ + য্ + অ।

পার্যমানে : পারতপক্ষে, সম্ভবপর হলে। ক্রি-বিণ। অর্ধ-তৎসম। পৃ + শানচ্ [ভুল সংস্কৃত] + এ [অধিকরণ]। বি.দ্র. : পার্যমানে= প্ + আ + র্ + য্ + অ + ম্ + আ + ন্ + এ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'য', 'অ', 'ম', 'আ' থাকায় 'ণ্' হওয়া উচিত ছিল। কিন্তু শব্দটি ভুল সংস্কৃত

হওয়ায় সংস্কৃত 'ণত্ব-বিধান'-এর সূত্র অবান্তর হয়ে গেছে।

পার্শ্ব : ধার। বি। তৎসম। স্পৃশ্ [স্পর্শ করা] + ব। ৬।১ স্পর্শ করার মতো দূরত্বে যার অবস্থান। বি.দ্র. : পার্শ্ব : প্ + আ + র্ + শ্ + ব্ + অ। 'স' লুপ্ত।

পার্শ্ববর্তী : পার্শ্বস্থিত। বিণ। তৎসম। পার্শ্ব ['পার্শ্ব' দ্রষ্টব্য] + বর্তী [বৃৎ + ইন্ [ঈ]]। ৬।১ পার্শ্বে বর্তমান আছে যে। বি.দ্র. : পার্শ্ববর্তী= প্ + আ + র্ + শ্ + ব্ + অ + ব্ + অ + র্ + ত্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পার্ষদ : পারিষদ। বি। তৎসম। পর্ষদ্ + অ [ষ্ণ]। ৬।২ পর্ষদে বিদ্যমান আছে যে। বি.দ্র. : পার্ষদ= প্ + আ + র্ + ষ্ + অ + দ্ + অ। 'র্'-এর পর 'ষ্' হয়েছে। ৪।২।খ

পাল : চাঁদোয়া, বাতাসের সাহায্যে চালাবার জন্য নৌকার মাস্তুলে বাঁধা কাপড়। বি। দেশী। তদ্ভব [মতান্তরে]। পাল <পাড় <সং. পাট। বি.দ্র. : পাল= প্ + আ + ল্ + অ।

পাল : রক্ষক, দল। বি। তৎসম। পা [রক্ষা করা] + ণিচ্ + অ। ৬।১ বি.দ্র. : পাল= প্ + আ + ল্ + অ।

পালই, পালুই : কাটা ধানের স্তূপ। বি। তদ্ভব। পাল [<পল্ল (পল্লব)] + বাং. ই, উই। স্মরণীয় : 'ডালপালা'-র 'পালা' শব্দটিও এই 'পল্লব' শব্দ থেকে আগত। বি.দ্র. : পালই, পালুই= প্ + আ + ল্ + অ [উ] + ই।

পালক : পালনকারী। বি, বিণ। তৎসম। পা + ণিচ্ [পালন করা] + অক। ৬।১ যিনি পালন করেন। বি.দ্র. : পালক= প্ + আ + ল্ + অ + ক্ + অ।

পালক : পাখনা, ডানার অংশ। বি। তদ্ভব।

পালকপুত্র : পোষ্যপুত্র। বি। তৎসম। পালক [পা + ণিচ্ + অক] + পুত্র [পুৎ + ত্র]। ৬।১ স্মরণীয় : 'পালিত' অর্থেও 'পালক' শব্দটি ব্যবহৃত হতে দেখা যায়। যেমন : পুত্রবৎ পালক-পুত্র। বি.দ্র. : পালকপুত্র= প্ + আ + ল্ + অ + ক্ + অ + প্ + উ + ত্ + র্ + অ।

পালকি : শিবিকা। বি। তদ্ভব। [মতান্তরে] মুণ্ডারি। পালকি <প্রা. পল্লকিআ <সং. পল্যঙ্কিকা। বাংলায় : পালকি= প্ + আ + ল্ + ক্ + ই। 'ল্'-এর হসন্ত-চিহ্নের ব্যবহার নিষ্প্রয়োজন।

পালঙ্ক : কারুকার্যময়, খাট। বি। তদ্ভব। <প্রা. পল্লংক <সং. পল্যঙ্ক, পর্যঙ্ক। বি.দ্র. : পালঙ্ক= প্ + আ + ল্ + অ + ঙ্ + ক্ + অ।

পাল্টা : বিপরীত। বিণ। বিদেশী। <হি. পলটা <প্রা. পল্লট্ট <সং. পর্যস্ত [সমগোত্রীয় শব্দ : বিপর্যস্ত]। বি.দ্র. : বাংলায় : পালটা= প্ + আ + ল্ + ট্ + আ। 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পালন : প্রতিপালন। বি। তৎসম। পা + ণিচ্ [পালন বা রক্ষা করা] + অন। ৬।১ অথবা, পা + ণিচ্= পালি + অন। ৬।১ বি.দ্র. : পালন= প্ + আ + ল্ + অ + ন্ + অ।

পালনীয় : পোষণীয়। বিণ। তৎসম। পা + ণিচ্ [পালি= পালন বা রক্ষা করা] + অনীয়। ৬।১ যাকে পালন করা উচিত বা যে বা যা পালনের যোগ্য। বি.দ্র. : পালনীয়= প্ + আ + ল্ + অ + ন্ + ঈ + য় + অ।

পালপার্বণ : উৎসবসমূহ। বি। মিশ্র। পাল [<পালা <প্রা. পল্লাঅ <সং. পর্যায় [বাংলার উৎসবগুলি পর্যায়ক্রমে আসে] + পার্বণ [পর্বন্ + অ]। ৬।২ পালা ও পার্বণ= দ্বন্দ্ব। ৩।৪ বি.দ্র. : পালপার্বণ= প্ + আ + ল্ + অ + প্ + আ + র্ + ব্ + অ + ণ্ + অ।

পালয়িতা : প্রতিপালক। বিণ। তৎসম। পা + ণিচ্ [=পালি] + তৃচ্ [তা]। ৬।১ যিনি পালন করেন। বি.দ্র. : পালয়িতা= প্ + আ + ল্ + অ + য়্ + ই + ত্ + আ।

পালয়িত্রী : প্রতিপালিকা। বিণ। তৎসম। পা + ণিচ্ [=পালি] + তৃ[তৃচ্] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।ছ যে নারী পালন করেন। বি.দ্র.: পালয়িত্রী= প্ + আ + ল্ + অ + য্ + ই + ত্ + র্ + ঈ। ত্ + র্ + ঈ= ত্রী।

পাললিক : পলিমাটি-জাত। বিণ। তৎসম। পলল [পল্ + অল] + ইক [ষ্ণিক]। ৬।১, ৬।২ পলল থেকে জাত। বি.দ্র. : পাললিক = প্ + আ + ল্ + অ + ল্ + ই + ক্ + অ।

পালা : পল্লব। বি। তদ্ভব। <পল্ল <প্রা. পল্লঅ <সং. পল্লব। যেমন : ডালপালা। বি.দ্র. : পালা= প্ + আ + ল্ + আ।

পালা : খড়ের গাদা। বি। দেশী। বানান : পালা= প্ + আ + ল্ + আ।

পালা : বার, সময়। বি। তদ্ভব। <প্রা. পল্লায় <সং. পর্যায়। মতান্তরে, <সং. পালি। বাংলা বানান : পালা= প্ + আ + ল্ + আ।

পালান : গোরুর স্তন। বি। দেশী। বি.দ্র. : পালান= প্ + আ + ল্ + আ + ন্। শব্দান্তের 'ন্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পালান : ভারবাহী পশুর পিঠের গদি। বি। তদ্ভব। <প্রা. পল্লাণ <সং. পল্যয়ন। মতান্তরে, বিদেশী [ফা.] পালান্। বি.দ্র. : পালান= প্ + আ + ল্ + আ + ন্। বি.দ্র. : 'ন' হসন্তবর্জিত।।

পালি : শস্যাদির পরিমাণ। বি। দেশী। তৎসম [মতান্তরে] <সং. পাল্ + ই।

পালিত : প্রতিপালিত। বিণ। তৎসম। পা + ণিচ্ [=পালি] + ত। ৬।১ যাকে পালন করা হয়েছে। বি.দ্র. পালিত= প্ + আ + ল্ + ই + ত্ + অ।

পালিতা : প্রতিপালিতা। বিণ। তৎসম। পা + ণিচ্ [=পালি] + ত + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক যে স্ত্রী-জাতীয়াকে পালন করা হয়েছে। বি.দ্র. : পালিতা= প্ + আ + ল্ + ই + ত্ + আ।

পালো : শটি পানিফল প্রভৃতির শ্বেতসার। বি। দেশী। মতান্তরে, তদ্ভব। <সং. পলল। শটি পানিফল ইত্যাদি বেটে জলে ভিজিয়ে রাখলে পাত্রের তলায় পলি বা পঙ্কের মতো পদার্থ থিতিয়ে বসে। তাকেই 'পালো' বলা হয়। বানান : পালো= প্ + আ + ল্ + ও।

পালোয়ান : কুস্তিগীর। বি। বিদেশী। <ফা. পহ্লওয়ান্। বাংলায় : পালোয়ান= প্ + আ + ল্ + ও + য্ + আ + ন্ + অ।

পাল্লা : প্রতিযোগিতা, দরজা-জানলার কপাটের খণ্ড, ওজনের যন্ত্রের দুদিক, কবল, যাত্রা। বি। বিদেশী। <হি. পাল্লা। বাংলায় : পাল্লা= প্ + আ + ল্ + ল্ + আ।

পাশ : পার্শ্ব, ধার। বি। তদ্ভব। সং. পার্শ্ব। বি.দ্র. : পাশ= প্ + আ + শ্ + অ।

পাশ : বরুণদেবের অস্ত্র, বন্ধন, ফাঁস, ফাঁদ। বি। তৎসম। পশ্ [বন্ধন করা] + অ। ৬।১ যা দিয়ে বন্ধন করা হয়। বি.দ্র. : পাশ= প্ + আ + শ্ + অ।

পাশব : পশুবৎ। বিণ। তৎসম। পশু + অ [ষ্ণ—ভাব অর্থে]। ৬।১ পশুর ভাব বা পশুর আচরণ। বি.দ্র. : পাশব= প্ + আ + শ্ + অ + ব্ + অ।

পাশবিক : পশুবৎ। বিণ। তৎসম। [অশুদ্ধ] পাশব + ইক। ৬।১ অশুদ্ধ প্রয়োগ= পাশবিক অত্যাচার। শুদ্ধ প্রয়োগ= পাশব অত্যাচার।

পাশা : অক্ষক্রীড়া, কানের গহনা। বি। তদ্ভব। সং. পাশক [পশ্ + অক]। বি.দ্র. : পাশা= প্ + আ + শ্ + আ।

পাশাপাশি : পরস্পরের পার্শ্ববর্তী। বিণ। তদ্ভব। পাশ [সং. পাশ] + আ— আগম + পাশ [সং. পাশ] + বাং. ই। ৬।৩ পরস্পর পরস্পরের পাশে অবস্থিত। বি.দ্র. : পাশাপাশি= প্ + আ + শ্ + আ + প্ + আ + শ্ + ই।

পাশুপত : শিব কর্তৃক ব্যবহৃত অস্ত্র, শিবের উপাসক। বি। তৎসম। পশুপতি [পশুদের

পতি= শিব, 'পশুপতি' দ্রষ্টব্য] অ [ষ্ণ—'উপাসনা' অর্থে]। ৬।২ শিবের উপাসক বা শিবের ব্যবহৃত অস্ত্র। বি.দ্র. : পাশুপত= প + আ + শ্ + উ + প্ + অ + ত্ + অ।

পাশ্চাত্য : পশ্চিম গোলার্ধের দেশ। বিণ। তৎসম। পশ্চাৎ + য [ষ্ণ্য]। ৬।২ পশ্চাতের বা পশ্চিম পৃথিবীর দেশ। বি.দ্র. : পাশ্চাত্য= প্ + আ + শ্ + চ্ + আ + ত্ + য্ + অ।

পাষণ্ড : নাস্তিক, ধর্মদ্বেষী। বিণ। পালি। অশোকের শিলালিপিতে শব্দটি প্রথম ব্যবহৃত হয়। অর্থ : বৌদ্ধধর্মে অবিশ্বাসী। পরে, বৌদ্ধ হিন্দু বৈষ্ণব নির্বিশেষে শব্দটি পাপী, নিষ্ঠুর, বিধর্মী অর্থে—সবাই বহুলভাবে ব্যবহার করেন। বি.দ্র. : পাষণ্ড= প্ + আ + ষ্ + অ + ণ্ + ড্ + অ। 'পাষণ্ড'-এর 'ষ্' মৌলিক 'ষ্'। 'ড'-এর অব্যবহিত পূর্বে 'ণ' হয়েছে।

পাষণ্ডী : নাস্তিক, ধর্মদ্বেষী। বিণ। পালি। ভুল। 'পাষণ্ড' শব্দটিই বিশেষণ। তার সঙ্গে সং. 'ইন্' [ঈ]-প্রত্যয় যোগে আবার বিশেষণে পরিবর্তন অযৌক্তিক। তবে অর্বাচীন সংস্কৃতে ও প্রাচীন বাংলায় বহুল ব্যবহার দেখা যায়। 'পাষণ্ড' দ্রষ্টব্য।

পাষাণ : পাথর, তুলাদণ্ডের ওজনের ফের। বি। তৎসম। পিশ্ [পেষণ বা পিষ্ট করা] + অন। ৬।১ যার দ্বারা পেষণ বা পিষ্ট করা হয়। বি.দ্র. : পাষাণ= প্ + আ + ষ্ + আ + ণ্ + অ। 'পাষাণ'-এর 'ষ্' মৌলিক 'ষ্'। ৪।২।ছ ষ্ ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পাহাড় : ক্ষুদ্র পর্বত। বি। তদ্ভব। পাহাড় < প্রা. পাহাণ < সং. পাষাণ। ণ [প্রা.] > [বাং.] ড়। বি.দ্র. : পাহাড়= প্ + আ + হ্ + আ + ড়্ + অ।

পাহাড়তলি : পাহাড়ের পাদদেশস্থ সমতলভূমি, উপত্যকা। বি। তদ্ভব। পাহাড় ['পাহাড়' দ্রষ্টব্য] + তলি [< সং. স্থলী]। পাহাড়ের তলদেশের স্থান। বি.দ্র. : পাহাড়তলি= প্ + আ + হ্ + আ + ড়্ + অ + ত্ + অ + ল + ই।

পাহাড়িয়া : পর্বতময়। বিণ। তদ্ভব। পাহাড় ['পাহাড়' দ্রষ্টব্য] + বাং. ইয়া। ৬।২ পাহাড়ের মধ্যবর্তী বা পাহাড়ে উৎপন্ন। বি.দ্র. : পাহাড়িয়া= প্ + আ + হ্ + আ + ড়্ + ই + য়্ + আ।

পাহাড়ে : পর্বতময়। বিণ। তদ্ভব। পাহাড় ['পাহাড়' দ্রষ্টব্য] + বাং. এ < ইয়া। ৬।২ পাহাড়ে স্থিত বা পাহাড়ে উৎপন্ন। বি.দ্র. : পাহাড়ে= প্ + আ + হ্ + আ + ড়্ + এ।

পাহাড়ী : পাহাড়িয়া। বিণ। তদ্ভব। পাহাড় ['পাহাড়' দ্রষ্টব্য] + বাং. ঈ। ৬।২ পাহাড়ে জাত বা উৎপন্ন বা পাহাড়ে বাসকারী। বি.দ্র. : পাহাড়ী= প্ + আ + হ্ + আ + ড় + ঈ।

পাহারা : প্রহরীর কার্য। বি। বিদেশী। হি. পহরা < সং. প্রহরী। প্রহরীর কাজ। বাংলায় : < পাহারা। বানান : প্ + আ + হ্ + আ + র্ + আ।

পাহারাওয়ালা : চৌকিদার। বি। বিদেশী। পাহারা ['পাহারা' দ্রষ্টব্য] + হি. ওয়ালা। বি.দ্র. : [বাংলায়] : পাহারাওয়ালা= প্ + আ + হ্ + আ + র্ + আ + ও + য়্ + আ + ল্ + আ।

পিউড়ি : গোরোচনা। বি। তদ্ভব। <বাং. পিঅলি <প্রা. পিঅলী <সং. পিঙ্গলী। বাং. ড়ি <প্রা. লি। বি.দ্র. : পিউড়ি= প্ + ই + উ + ড়্ + ই।

পিউপিউ : পাপিয়ার ডাক। অব্য। দেশী। [ধ্বন্যাত্মক শব্দ]।

পিওন, পিয়ন : ডাক-হরকরা, পত্রবাহক। বি। বিদেশী। <ইং. peon.

পিঁচুটি : চোখের ক্লেদ। বি। তদ্ভব। <সং. পিচ্চট। পিঁচুটি [পিঁচট + ই] <সং. পিচ্চট। বি.দ্র. : পিঁচুটি= পঁ + ই + চ্ + উ + ট্ + ই।

পিঁজরা, পিঁজরে : খাঁচা। বি। বিদেশী। হি. পিজরা <সং. পিঞ্জর [খাঁচা]। বাংলা বানান : পিঁজরা,

পিঁজরে [প্ঁ + ই + জ্ + র্ + আ [এ]। 'জ্'-এর হসন্ত- চিহ্ন নিষ্প্রয়োজন।

পিঁজরাপোল : বৃদ্ধ ও অকর্মণ্য গবাদি। পশু রাখবার স্থান। বি। বিদেশী। হি. পিঁজরা ['পিঁজরা' দ্রষ্টব্য] হি. পোল। বাংলা বানান : পিঁজরাপোল= প্ঁ + ই + জ্ + র্ + আ + প্ + ও + ল্ + অ। 'জ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিঁজা, পেঁজা : ধুনে বা টেনে (তুলো) পৃথক্‌করণ। বিণ, ক্রি। তদ্ভব। <সং. পিঞ্জ্ + বাং. আ। বাংলা বানান : পিঁজা, পেঁজা= প্ঁ + ই [এ] + জ্ + আ।

পিঁড়া : ঘরের দাওয়া, পিঁড়ি। বি। তদ্ভব। <প্রা. পিংডি <সং. পিণ্ডি। বি.দ্র. : পিঁড়া= প্ঁ + ই + ড়্ + আ।

পিঁড়ি, পিঁড়ে : ক্ষুদ্র ও নিচু কাঠের আসন। বি। তদ্ভব। <প্রা. পিংড়ি <সং. পিণ্ডি। বি.দ্র. : পিঁড়ি [পিঁড়ে]= প্ঁ + ই + ড়্ + ই [এ]।

পিঁপড়া, পিঁপড়ে : পিপীলিকা। বি। তদ্ভব। <প্রা. পিপ্‌পডা [পিপীলিআ] <সং. পিপীলিব। বাংলা বানান : পিঁপড়া, পিঁপড়ে= প্ঁ + ই + প্ + ড়্ + আ [এ]।

পিক : কোকিল। বি। তৎসম। পি + কৈ [শব্দ করা] + অ। ৬।১ বি.দ্র. : পিক= প্ + ই + ক্ + অ।

পিক : চিবানো পানের রস। বি। দেশী। ধ্বন্যাত্মক শব্দ। মুখে শব্দ করে ছেপ [পানের রস] ফেলা।

পিকদান, পিকদানি : পিক ফেলার পাত্র। বি। মিশ্র। দেশী. পিক + বিদেশী [<ফা. দান, দানি। বাংলায় বানান : পিকদান= প্ + ই + ক্ + অ + দ্ + আ + ন্ + অ [ই]।

পিকনিক : চড়ুইভাতি। বি। বিদেশী। <ইং. picnic.

পিঙ্গল : হলুদ আভাযুক্ত ঈষৎ নীল বর্ণ। বি। তৎসম। পিঙ্গ [পিঙ্গ + অ] + ল ৬।২ বি.দ্র. পিঙ্গল= প্ + ই + ঙ্ + গ্ + অ + ল্ + অ।

পিট্টান : চম্পট। বি। তদ্ভব। <প্রা. পট্‌ঠাণ <সং. প্রস্থান। বানান : পিট্টান= প্ + ই + ট্ + ট্ + আ + ন্ + অ।

পিঙ্গলা : তন্ত্রোক্ত নাড়ী বিশেষ। বি। তৎসম। তন্ত্রে তিন প্রকার নাড়ীর উল্লেখ আছে: ইড়া [বামদিকে], পিঙ্গলা [ডানদিকে] ও সুষুম্না [মধ্যবর্তী]। কাজেই, পিঙ্গলা শরীরের ডান দিকের নাড়ীর নাম [তন্ত্রমতে]। বানান : পিঙ্গলা= প্ + ই + ঙ্ + গ্ + অ + ল্ + আ।

পিচ : আলকাতরা-জাত কৃষ্ণবর্ণ পদার্থ। বি। বিদেশী। <ইং. pitch.

পিচ : চিবানো পানের রস। বি। দেশী। ধ্বন্যাত্মক শব্দ। 'পিক' ['পিচ' অর্থে] দ্রষ্টব্য।

পিচকারি : তীব্রবেগে জল ছোটাবার যন্ত্র। বি। বিদেশী। হি. পিচ্‌কারী। বাংলায় বানান : পিচকারি= প্ + ই + চ্ + ক্ + আ + র্ + ই। 'চ্'-এর হসন্ত- চিহ্ন নিষ্প্রয়োজন। [ইং. প্রতিশব্দ : syringe.]

পিচবোর্ড : শক্ত ও পুরু কাগজের বোর্ড। বি। বিদেশী। <পিস্‌বোর্ড <পেস্টবোর্ড [paste-board]। বাংলা বানান : পিচবোর্ড= প্ + ই + চ্ + ব্ + ও + র্ + ড্। 'চ্' ও 'ড্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিচাশ : বর্ণবিপর্যয়ের ফলে পিশাচ-এর বিকৃত রূপ। বি। অর্ধ-তৎসম। <সং. পিশাচ। বি.দ্র. : পিশাচ= প্ + ই + শ্ + আ + চ্ + অ। [বাংলায়] প্ + ই + চ্ + আ + শ্ + অ= পিচাশ।

পিছল, পিছলা : হড়হড়ে, হড়কে যাবার মতো। বিণ। তদ্ভব। পিছল [<প্রা. পিচ্ছল <সং. পিচ্ছিল (পিচ্ছা + ইল)] + বাং. আ। বি.দ্র. : পিচ্ছল [পিছলা]= প্ + ই + ছ্ + অ + ল্ + আ। 'ছ্' ও 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিছান, পিছানো : পেছনে সরে আসা। ক্রি। তদ্ভব। পিছ [<সং. পশ্চাৎ] + বাং. আন, আনো।

৬।৩ বি.দ্র. : পিছান [পিছানো]= প্ + ই + ছ্ + আ + ন্ + অ [ও]।

পিছু : পিছন, পেছন। অব্য, ক্রি-বিণ। তদ্ভব। পিছ্ [<সং. পশ্চাৎ] + বাং. উ। বানান : পিছু= প্ + ই + ছ্ + উ।

পিজবোর্ড : শক্ত ও পুরু কাগজের বোর্ড। বি। বিদেশী। পিজবোর্ড <পিসবোর্ড <ইং. পেস্টবোর্ড [paste board]। বাংলা বানান : পিজবোর্ড= প্ + ই + জ্ + ব্ + ও + র্ + ড্। 'জ্' ও 'ড্'- এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিঞ্জর : খাঁচা। বি। তৎসম। পিঞ্জ্ [বাস করা] + অর [অধিকরণ]। ৬।১ যার মধ্যে বন্দী পশুপাখিকে বাস করতে হয়। বানান : পিঞ্জর= প্ + ই + ঞ্ + জ্ + অ + র্ + অ।

পিটপিটে : অতিরিক্ত শুচিবাইগ্রস্ত। বিণ। দেশী। পিট্‌পিট [ধ্বন্যাত্মক শব্দ] + বাং. এ< ইয়া।

পিটা, পেটা : আঘাত করা। ক্রি। তদ্ভব। <সং. পিট্ [প্রহার করা] + বাং. আ> পেটা।

পিটানি : প্রহার। বি। তদ্ভব। <সং. পিট্ [প্রহার করা] + বাং. আনি।

পিটনা : ছাদ বা মেঝে পিটোবার কাঠের মুগুর। বি। তদ্ভব। পিট্ [প্রহার করা] + বাং. না। বানান : পিটনা= প্ + ই + ট্ + ন্ + আ। 'ট্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিটাই, পেটাই : প্রহার। বি। তদ্ভব। পিট্ [<সং. পিট্ [প্রহার করা) + বাং. আই> পেটাই। বানান= পিটাই [পেটাই] = প্ + ই [এ] + ট্ + আ +ই।

পিটালি : জল-মেশানো চালবাটা। বি। তদ্ভব। <প্রা. পিট্‌ঠউলী <সং. পিষ্টতণ্ডুল। বানান : পিটালি= প্ + ই + ট্ + আ + ল্ + ই।

পিটিশন : দরখাস্ত : বি। বিদেশী। ইং. petition. বাংলা বানান : পিটিশন= প্ + ই + ট্ + ই + শ্ + অ + ন্। শব্দান্তের 'ন্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিটুনি : প্রহার। বি। তদ্ভব। <সং. পিট্ [প্রহার করা] + বাং. উনি। ৬।৩ বি.দ্র. : পিটুনি= প্ + ই + ট্ + উ + ন্ + ই।

পিটুলি : জল-মেশানো চালবাটা। বি। তদ্ভব। <প্রা. পিট্‌ঠউলী <সং. পিষ্ট তণ্ডুল। বানান : পিটুলি= প্ + ই + ট্ + উ + ল্ + ই।

পিঠ : বুক ও পেটের পেছনের দিক। বি। তদ্ভব। <সং. পৃষ্ঠ। বানান : পিঠ= প্ + ই + ঠ্ + অ।

পিঠমোড়া : পিঠের দিকে দু'হাত বাঁধা। বি। তদ্ভব। পিঠ ['পিঠ' দ্রষ্টব্য] + মোড়া [<প্রা. মোডিঅ <সং. মোটিত]। দুহাত পিঠের দিকে মুড়ে বাঁধা। বানান : পিঠমোড়া= প্ + ই + ঠ্ + ম্ + ও + ড্ + আ। ঠ্-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিঠা : পিষ্টক। বি। তদ্ভব। <প্রাচীন বাং. পীঠা, পিট্‌ঠা <প্রা. পিট্‌ঠঅ <সং. পিষ্টক। বানান : পিঠা= প্ + ই + ঠ্ + আ।

পিঠাপিঠি : পর-পর জাত। বিণ। তদ্ভব। পিঠ [<সং. পৃষ্ঠ] + আ— আগম + পিঠ [<সং. পৃষ্ঠ] + বাং. ই। একের পিঠে অন্যে জাত। বানান : পিঠাপিঠি= প্ + ই + ঠ্ + আ + প্ + ই + ঠ্ + ই।

পিঠে : পিষ্টক। বি। তদ্ভব। <বাং. পিঠা <প্রাচীন বাং. পীঠা, পিট্‌ঠা <প্রা. পিট্‌ঠঅ <সং. পিষ্টক। বানান : পিঠে = প + ই + ঠ্ + এ।

পিঠোপিঠি : পর পর জাত। বিণ। তদ্ভব। পিঠ [<সং. পৃষ্ঠ] + ও + পিঠ [<সং. পৃষ্ঠ] + বাং. ই। একজনের পিঠে [অব্যবহিত পরেই] অন্যজনে জাত। বানান : পিঠোপিঠি= প্ + ই + ঠ্ + ও + প্ + ই + ঠ্ + ই।

পিণ্ড : ডেলা। বি। তৎসম। পিণ্ড্ [ডেলা পাকানো] + অ। ৬।১ বানান : পিণ্ড= প্ + ই + ণ্ + ড্ + অ। 'ড্'-এর অব্যবহিত আগেই 'ণ্' হয়েছে। ৪।১।ক

পিণ্ডি : ডেলা। বি। তদ্ভব। পিণ্ড [<সং. পিণ্ড

(ডেলা পাকানো) + অ] + বাং. ই। ৬।১ বানান: পিণ্ডি= প্ + ই + ণ্ + ড্ + ই। 'ড্'-এর অব্যবহিত আগে 'ণ্' হয়েছে।

পিণ্ডলোপ: বংশলোপ, যার পিণ্ডদানের অধিকারী কেউ নেই। বি। তৎসম। পিণ্ড ['পিণ্ড' দ্রষ্টব্য] + লোপ [লুপ্ (নিশ্চিহ্ন হওয়া + অ]। ৬।১ পিণ্ডের লোপ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পিণ্ডলোপ= প্ + ই + ণ্ + ড্ + অ + ল্ + ও + প্ + অ।

পিতল, পেতল: তামা ও দস্তা মিশ্রিত উপধাতু। বি। তদ্ভব। পিত, পেত [<সং. পিত্ত] + বাং. ল। ৬।৩ বাংলা বানান: পিতল [পেতল]= প্ + ই [এ] + ত্ + অ + ল্ + অ।

পিতা: বাবা। বি। তৎসম। পা [রক্ষা বা পালন করা] + তৃচ্= পিতৃ + প্রথমা একবচন [তৃ= তা]= পিতা।

পিতামহ: ঠাকুরদাদা। বি। তৎসম। পিতা ['পিতা' দ্রষ্টব্য] + মহ [ডামহ্]। ৬।২ পিতার পিতা। বানান: প্ + ই + ত্ + আ + ম্ + অ + হ্ + অ।

পিতামহী: ঠাকুরমা। বি। তৎসম। পিতামহ ['পিতামহ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: পিতামহী= প্ + ই + ত্ + আ + ম্ + অ + হ্ + ঈ।

পিতৃকল্প: পিতার তুল্য। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + কল্প [ক্ৢপ্ + অ]। ৬।১ পিতার মতো। বানান: পিতৃকল্প= প্ + ই + ত্ + ঋ + ক্ + অ + ল্ + প্ + অ।

পিতৃকার্য: মৃত পিতা বা পূর্বপুরুষদের শ্রাদ্ধ বা তর্পণ। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + কার্য [কৃ + য (ণ্যৎ)]। ৬।১ পিতার কার্য [পিতা বা পূর্বপুরুষগণের শ্রাদ্ধাদি কার্য]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পিতৃকার্য= প্ + ই + ত্ + ঋ + ক্ + আ + র্ + য্ + অ।

পিতৃকুল: বাপের বংশ। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + কুল [কুল্ + অ]। ৬।১ পিতার কুল [বংশ= কু + উ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পিতৃকুল= প্ + ই + ত্ + ঋ + ক্ + উ + ল্ + অ।

পিতৃকৃত্য: মৃত পিতা বা পূর্বপুরুষদের শ্রাদ্ধ বা তর্পণ। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + কৃত্য [কৃ + য (ক্যপ্)]। ৬।১ পিতৃগণের প্রতি কৃত্য [করণীয় শ্রাদ্ধ-তর্পণাদি]= কর্মতৎ। ৩।৩ বানান: পিতৃকৃত্য= প্ + ই + ত্ + ঋ + ক্ + ঋ + ত্ + য্ + অ।

পিতৃক্রিয়া: মৃত পিতা বা পূর্বপুরুষদের শ্রাদ্ধ বা তর্পণ। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + ক্রিয়া [কৃ + অ + আ]। ৬।১ পিতৃগণের প্রতি ক্রিয়া [শ্রাদ্ধ-তর্পণাদি]= কর্মতৎ। ৩।৩ বানান: পিতৃক্রিয়া= প্ + ই + ত্ + ঋ + ক্ + র্ + ই + য্ + আ।

পিতৃগৃহ: বাপের বাড়ি। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + গৃহ [গ্রহ্ + অ]। ৬।১ পিতার গৃহ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পিতৃগৃহ= প্ + ই + ত্ + ঋ + গ্ + ঋ + হ্ + অ।

পিতৃতর্পণ: পিতৃপুরুষের আত্মার তৃপ্তি-সাধনের উদ্দেশ্যে জলদান। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] তর্পণ [তৃপ্ + অন]। ৬।১ পিতার [পিতৃগণের (আত্মার)] তর্পণ [তৃপ্তি-সাধন]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পিতৃতর্পণ= প্ + ই + ত্ + ঋ + ত্ + অ + র্ + প্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'প্' ও 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পিতৃতুল্য: পিতৃস্থানীয়। বিণ। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + তুল্য [তুল্ + য (যৎ)]। ৬।১ পিতার তুল্য [সমান] = সম্বন্ধতৎ। ৩।৩ পিতার মতো শ্রদ্ধেয়। বানান: পিতৃতুল্য= প্ + ই + ত্ + ঋ + ত্ + উ + ল্ + য্ + অ।

পিতৃদায়: মৃত পিতার শ্রাদ্ধকর্মের গুরু দায়িত্ব। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + দায় [দা +

(য)+অ]। ৬।১ পিতার [আত্মার] প্রতি দায়= কর্মতৎ। ৩।৩ বানান: পিতৃদায়= প্ + ই + ত্ + ঋ + দ্ + আ + য্ + অ।

পিতৃপুরুষ: পিতা পিতামহ প্রভৃতি পূর্বপুরুষগণ। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + পুরুষ [পৃ + উষ]। ৬।১ পিতৃসম্বন্ধীয় পুরুষ= কর্মধা। ৩।২ বানান: পিতৃপুরুষ= প্ + ই + ত্ + ঋ + প্ + উ + র্ + উ + ষ্ + অ। বি.দ্র.: 'র'-এর পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

পিতৃবৎ: পিতৃস্থানীয়। বিণ। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + বৎ [তুল্য]। বানান: পিতৃবৎ= প্ + ই + ত্ + ঋ + ব্ + অ + ৎ।

পিতৃবিয়োগ: পিতার মৃত্যু। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + বিয়োগ [বি + যুজ্ + অ]। ৬।১ পিতার বিয়োগ= সম্বন্ধতৎ। ৩।৩ পিতাব মৃত্যু। বানান: পিতৃবিয়োগ= প্ + ই + ত্ + ঋ + ব্ + ই + য্ + ও + গ্ + অ।

পিতৃব্য: পিতার ভ্রাতা। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + ব্য [ব্যৎ= ভ্রাতা]। ৬।১ পিতার ভ্রাতা। বানান: পিতৃব্য= প্ + ই + ত্ + ঋ + ব্ + য্ + অ।

পিতৃভক্তি: পিতার প্রতি শ্রদ্ধা। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + ভক্তি [ভজ্ (ভজনা করা) + তি]। ৬।১ পিতার প্রতি ভক্তি= কর্মতৎ। ৩।৩ বানান: পিতৃভক্তি= প্ + ই + ত্ + ঋ + ভ্ + অ + ক্ + ত্ + ই।

পিতৃভূমি: পিতৃপুরুষগণের স্বদেশ। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + ভূ [হওয়া বা জন্মানো] + মি [অধিকরণ]। ৬।১ ভূমি= যেখানে জন্ম হয়েছে। পিতার ভূমি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পিতৃভূমি= প্ + ই + ত্ + ঋ + ভ্ + ঊ + ম্ + ই।

পিতৃলোক: মৃত পূর্বপুরুষগণের বাসস্থান। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + লোক [লোক্ + অ]। ৬।১ পিতার [পিতৃগণের] লোক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পিতৃলোক= প্ + ই + ত্ + ঋ + ল্ + ও + ক্ + অ।

পিতৃশোক: পিতৃবিয়োগজনিত শোক। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + শোক [শুচ্ + অ]। ৬।১ পিতৃবিয়োগ-জনিত শোক= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: পিতৃশোক= প্ + ই + ত্ + ঋ + শ্ + ও + ক্ + অ।

পিতৃশ্রাদ্ধ: মৃত পিতার শ্রাদ্ধানুষ্ঠান। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + শ্রাদ্ধ [শ্রদ্ধা (শ্রৎ + ধা + অ + আ) + অ]। ৬।১, ৬।২ পিতার শ্রাদ্ধ= সম্বন্ধতৎ। ৩।৩ মৃত পিতার আত্মার প্রতি শ্রদ্ধার সঙ্গে করণীয় দান- তর্পণাদি। বানান: পিতৃশ্রাদ্ধ= প্ + ই + ত্ + ঋ + শ্ + র্ + আ + দ্ + ধ্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + অ= দ্ধ।

পিতৃস্বসা: পিসী। বি। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + স্বসা [স্বসৃ= সু + অস্ + ঋ]। ৬।১ পিতার স্বসা [ভগিনী]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পিতৃস্বসা= প্ + ই + ত্ + ঋ + স্ + ব্ + অ + স্ + আ। বি.দ্র.: 'ঋ'-র পর 'স্' 'ষ্' হয়েছে। ৪।২।ক

পিতুঃষসা: পিসী। বি। তৎসম। পিতৃ। পিতুঃ [ষষ্ঠী একবচন= পিতার] স্বসা [স্বসৃ= সু + অস্ + ঋ= ভগিনী]। ৬।১ পিতুঃ [পিতার] স্বসা [ভগিনী]= অলুক্ [সম্বন্ধ] তৎ। ৩।৩ বানান: পিতুঃস্বসা= প্ + ই + ত্ + উ + ঃ + স্ + ব্ + অ + স্ + আ। বি.দ্র.: 'উঃ'-র পর 'স্' 'ষ্' হয়েছে। ৪।২।ক

পিতুঃস্বসা: পিসী। বি। তৎসম। পিতুঃ [সম্বন্ধ বা ষষ্ঠী একবচন] + স্বসা [স্বসৃ= সু + অস্ + অ + আ]। ৬।১ পিতুঃ [পিতার স্বসা [ভগিনী] = অলুক [সম্বন্ধ] তৎ। ৩।৩ বানান: পিতুঃস্বসা= প্ + ই + ত্ + উ + ঃ + স্ + ব্ + অ + স্ + আ। বি.দ্র.: 'উঃ'-র পর 'স্' 'স্'-ই থেকেছে।

পিতৃসেবা: পিতার সেবা। বি। তৎসম। পিতৃ [পা

+ তৃচ্] + সেবা [সেব্ + অ + আ]। ৬।১ পিতার সেবা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পিতৃসেবা= প্ + ই + ত্ + ঋ + স্ + এ + ব্ + আ। বি.দ্র.: 'পিতৃ' ও 'সেবা' দুটি ভিন্ন শব্দ হওয়ায় 'ঋ'-র পর 'স্' 'ষ্' হয় নি। শব্দ দুটি সমাসবদ্ধ হওয়া সত্ত্বেও হয়নি। এটি ব্যতিক্রম।

পিতৃহন্তা : পিতাকে বধকারী। বিণ। তৎসম। পিতৃ [পা + তৃচ্] + হন্তা [হন্ + তৃচ্ (তা)]। ৬।১ পিতার হন্তা [হন্তারক]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পিতৃহন্তা= প্ + ই + ত্ + ঋ + হ্ + অ + ন্ + ত্ + আ।

পিত্ত : যকৃৎ থেকে নিঃসৃত তিক্ত রস। বি। তৎসম। অপি + দা + ত [অপি + দত্ত— 'অ' ও 'দ' লুপ্ত]। ৬।১ বানান: পিত্ত= প্ + ই + ত্ + ত্ + অ।

পিত্তকোষ : পিত্তস্থলী। বি। তৎসম। পিত্ত ['পিত্ত' দ্রষ্টব্য] + কোষ [কুষ্ + অ]। ৬।১ পিত্তের কোষ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পিত্তকোষ= প্ + ই + ত্ + ত্ + অ + ক্ + ও + ষ্ + অ। বি.দ্র.: 'ও'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

পিত্তরক্ষা : ক্ষুধার সময় অতি সামান্য খাদ্য-গ্রহণ। বি। তৎসম। পিত্ত ['পিত্ত' দ্রষ্টব্য] + রক্ষা [রক্ষ্ + অ + আ]। ৬।১ পিত্তের রক্ষা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পিত্তরক্ষা= প্ + ই + ত্ + ত্ + অ + র্ + অ + ক্ + ষ্ + আ। ক্ + ষ্ + আ= ক্ষা।

পিত্তল : পিতল। বি। তৎসম। পিত্ত ['পিত্ত' দ্রষ্টব্য] + ল। ৬।২ বানান: পিত্তল= প্ + ই + ত্ + ত্ + অ + ল্ + অ।

পিত্তাশয় : পিত্তস্থলী। বি। তৎসম। পিত্ত ['পিত্ত' দ্রষ্টব্য] + আশয় [আ + শয় (শী + অ)]।। ৬।১ [সন্ধি] অ + আ= আ (ত্তা)। ২।১।খ পিত্তের আশয় [আধার] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পিত্তাশয়= প্ + ই + ত্ + ত্ + আ + শ্ + অ + য্ + অ।

পিত্যেশ : প্রত্যাশার বিকৃত রূপ। বি। অর্ধ-তৎসম। <সং. প্রত্যাশা > পিত্যেশ। বানান: প্ + ই + ত্ + য্ + এ + শ্ + অ।

পিত্রালয় : বাপের বাড়ি। বি। তৎসম। পিতৃ ['পিতৃ' দ্রষ্টব্য] + আলয় [আ + লয় [লী + অ)]। ৬।১ [সন্ধি] ঋ + আ= রা [ত্রা]। ২।৯।খ পিতার আলয় [গৃহ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পিত্রালয়= প্ + ই + ত্ + র্ + আ + ল্ + য্ + অ।

পিত্তি : পিত্ত। বি। অর্ধ-তৎসম। পিত্ত ['পিত্ত' দ্রষ্টব্য] + ই।

পিদিম : প্রদীপ। বি। অর্ধ-তৎসম। পিদিম <পিদ্দিম <প্রদীপ।

পিধান : তলোয়ারের কাপ। বি। তৎসম। অপি + ধা [ধারণ করা] + অন। ৬।১ 'অপি'-র 'অ' লুপ্ত। বানান: পিধান= প্ + ই + ধ্ + আ + ন্ + অ।

পিন : কাগজ আটকাবার ক্ষুদ্র পেরেক। বি। বিদেশী। <ইং. pin.

পিনদ্ধ : গ্রথিত। বি। তৎসম। অপি + নহ্ [বন্ধন করা বা বাঁধা] + ত। ৬।১— 'অপি'-র 'অ' লুপ্ত। বানান: পিনদ্ধ: প্ + ই + ন্ + অ + দ্ + ধ্ + অ। দ্ + ধ্ + অ= দ্ধ।

পিনাক : শিবের ধনুক। বি। তৎসম। পা [রক্ষা কবা]= পিন্ + আক। ৬।১ যার দ্বারা সৃষ্টি রক্ষিত হয়। বানান: পিনাক= প্ + ই + ন্ + আ + ক্ + অ। বি.দ্র.: 'পিনাক'-এর ব্যুৎপত্তিতে 'পা'-ধাতুর 'পিন্' আদেশ হয়েছে।

পিপা, পিপে : ঢাকের আকারের কাঠের পাত্র। বি। বিদেশী। <পো. pipa.

পিপাসা : তৃষ্ণা। বি। তৎসম। পা [পান করা] + সন্ [ইচ্ছার্থে] + অ + আ। ৬।১ পান করবার ইচ্ছা। বানান: পিপাসা: প্ + ই + প্ + আ + স্ + আ। 'আ'-কারের পর যথাবিধি 'স্' হয়েছে।

পিপাসিত : পিপাসাযুক্ত। বিণ। তৎসম। পিপাসা [পান (ইচ্ছার্থে 'সন্')+ অ + আ] + ইত [ইতচ্]। ৬।১ বানান: পিপাসিত= প্ + ই + প্ + আ + স্ + ই + ত্ + অ।

পিপাসিতা [স্ত্রী]: পিপাসাযুক্তা। বিণ। তৎসম। পিপাসা [পা (পান করা) + সন্ (ইচ্ছার্থে) + অ + আ] + ইত [ইতচ্] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: পিপাসিতা= প্ + ই + প্ + আ + স্ + ই + ত্ + আ।

পিপাসিনী [স্ত্রী]: পিপাসাযুক্তা। বিণ। তৎসম। পা [পান করা] + সন্ [ইচ্ছার্থে] + ইন্ ['আছে' অর্থে] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ পান করবার ইচ্ছা আছে যার [স্ত্রী]। বানান: পিপাসিনী= প্ + ই + প্ + আ + স্ + ই + ন্ + ঈ। শব্দান্তে ইন্ + ঈ = 'ইনী' প্রত্যয়- যোগের কারণে 'সিনী' হয়েছে।

পিপাসী : পিপাসাযুক্ত। বিণ। তৎসম। পা [পান করা] + সন্ [ইচ্ছার্থে] + ইন্ [ঈ]। ৬।১ যার পান করবার ইচ্ছা আছে। বানান: পিপাসী= প্ + ই + প্ + আ + স্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

পিপাসু : পান করতে ইচ্ছুক। বিণ। তৎসম। পা [পান করা] + সন্ [ইচ্ছার্থে] + উ। যে পান করতে ইচ্ছুক। বানান: পিপাসু = প্ + ই + প্ + আ + স্ + উ।

পিয়ারী : রাধিকা। বি। বিদেশী। <হি. পিয়ারী [<সং. প্রিয়া + রী]। কৃষ্ণপ্রিয়া রাধা= পিয়ারী। বাংলা বানান: প্ + ই + য্ + আ + র্ + ঈ।

পিপীলিকা : পিঁপড়া। বি। তৎসম। [অ] পি+ পীড্ [= পীল্] + ইক [< অক] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ ['অপি' উপসর্গের 'অ' লুপ্ত। স্ত্রীলিঙ্গের কারণে 'অক' স্থানে 'ইক' হয়েছে। পীড্= পীল। স্মরণীয়: শব্দটি 'ই'-কার দিয়ে শুরু। বানান: পিপীলিকা= প্ + ই + প্ + ঈ + ল্ + ই + ক্ + আ। অর্থাৎ, ই, ঈ, ই—এই ক্রমে বানান= প্ + ই + প্ + ঈ + ল্ + ই + কা।

পিয়াজ, পিঁয়াজ : পেঁয়াজ। বি। বিদেশী। <ফা. পিয়াজ। বাংলা বানান= প্ + ই + য্ + আ + জ্ + অ। ৬।১

পিয়াদা, পেয়াদা : পাইক। বি। বিদেশী। <ফা. পিয়াদহ্। বাং. বানান: পিয়াদা, পেয়াদা= প্ + ই [এ] + য্ + আ + দ্ + আ।

পিয়ানো : হারমোনিয়ম-জাতীয় বৃহদাকার বাদ্যযন্ত্র (Piano)। বি। বিদেশী। <ইং. piono. বাংলা বানান: পিয়ানো= প্ + ই + য্ + আ + ন্ + ও।

পিয়ারা : পেয়ারার গ্রাম্যরূপ। বি। বিদেশী। <পো. পেরা [pera]। বাংলা বানান: পেয়ারা= প্ + ই [এ] + য্ + আ + র্ + আ।

পিয়াল : পিয়াশাল। বী। বি। বিদেশী। <হি. <পিয়াসাল <প্রা. পীঅ [য়] সাল <সং. পীতসাল। বাংলা বানান: পিয়াল= প্ + ই + য্ + আ + ল্ + অ।

পিয়ালা, পেয়ালা : পানপাত্র। বি। বিদেশী। <ফা. প্যালহ্। বাংলা বানান: পিয়ালা [পেয়ালা]= প্ + ই [এ]+ য্ + আ + ল্ + আ।

পিয়াস, পিয়াসা : পিপাসা। বি। বিদেশী। <হি. পিয়াস <প্রা. পিপাসা <সং. পিপাসা। বাং. বানান পিয়াসা= প্ + ই + য্ + আ + স্ + আ।

পিয়াসী, পিয়াসু : পিপাসাযুক্ত। বিণ। বিদেশী। হি. পিয়াস <প্রা. পিপাস <সং. পিপাসু। বাংলা [হি. পিয়াস + ইন্ [ঈ]। বানান: পিয়াসী, পিয়াসু= প্ + ই + য্ + আ + স্ + ঈ [উ]।

পিরামিড : মিশরের ফ্যারাওদের শিলা-গঠিত ত্রিকোণাকার অত্যুচ্চ সমাধিস্তূপ। বি। বিদেশী। <ইং. Pyramid. বাংলা বানান: পিরামিড= প্ + ই + র্ + আ + ম্ + ই + ড্। অন্তিম 'ড্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিরালি, পিরালী, পিরিলি : মুসলমান অন্নগ্রহণ দোষ-যুক্ত ব্রাহ্মণ বা কায়স্থ। বি। বিদেশী। <ফা. পীর + আ. আলি [আলী]। বাংলা বানান: পিরালি, পিরালী, পিরিলি= প্ + ই + র্ + আ [ই] + ল্ + ই [ঈ]।

পিরিচ : রেকাবি। বি। বিদেশী। <পো. pires. বাংলা বানান: পিরিচ= প্ + ই + র্ + ই + চ্। অন্তিম 'চ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিরিত : প্রেম, প্রীতি। বি। অর্ধ-তৎসম। <সং. প্রীতি [প্রী (ভালোবাসা)+ তি]। বানান: পিরিত= প্ + ই + র্ + ই + ত্ + অ। অর্ধ-তৎসম-জনিত উচ্চারণ-বিকৃতির কারণে স্বরভক্তি ও স্বরলুপ্তি ঘটেছে।

পিরীত, পিরীতি : প্রেম, প্রীতি। বি। অর্ধ-তৎসম। <সং. প্রীতি [প্রী (ভালোবাসা) + তি। বানান: পিরীত [পিরীত]= প্ + ই + র্ + ঈ + ত্ [+ই]। অর্ধ-তৎসম- জনিত উচ্চারণ-বিকৃতির কারণে স্বরভক্তি ও স্বরলুপ্তি ঘটেছে। প্রাচীন বাংলায় এবং বর্তমান গ্রাম্য উচ্চারণে শব্দটির বহুল ব্যবহার লক্ষ্য করা যায়।

পিল : বড়ি। বি। বিদেশী। <ইং. pill. বাংলা বানান : পিল= প্ + ই + ল্। শব্দান্তের 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিল : হাতি। বি। বিদেশী। <ফা. পীল্হ্। বাংলা বানান : পিল= প্ + ই + ল্। শব্দান্তের 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিলখানা : হস্তিশালা। বি। বিদেশী। <ফা. পীল্হ্ + হি. খানা [আলয়]। বাংলা বানান : পিলখানা= প্ + ই + ল্ + খ্ + আ + ন্ + আ। 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিলপা, পিলপে : থাম, জমির সীমানাজ্ঞাপক স্তম্ভ। বি। মিশ্র। পিল [<বিদেশী. ফা. পীল্হ্] + তদ্ভব. পা [<সং. পদ], পে [গ্রাম্য উচ্চারণ]। বাংলা বানান: পিলপা [পে]= প্ + ই + ল্ + প্ + আ [এ]। 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিলসুজ : দীপাধার। বি। বিদেশী। পিল [<আ. ফতীলহ্] + সুজ [<ফা. সোজ্]। বাংলা বানান: পিলসুজ= প্ + ই + ল্ + স্ + উ + জ্। 'ল্' ও 'জ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিলা : প্লীহা। বি। তদ্ভব। <সং. প্লীহা [প্লীহ্ (বৃদ্ধি পাওয়া) + অন্ [প্রথমা একবচন]। বাংলা বানান: পিলা= প্ + ই + ল্ + আ।

পিলে : বি। অনুকার শব্দ। 'ছেলে'-র সহচর শব্দ। ছেলেপিলে। বানান: পিলে= প্ + ই + ল্ + এ।

পিলে : প্লীহা। বি। তদ্ভব। <সং. প্লীহা [প্লিহা] = প্লীহ্ (বৃদ্ধি পাওয়া) + অন্ [প্রথমা একবচন]। বাংলা বানান: পিলে [<পিলা]= প্ + ই + ল্ + এ।

পিশাচ : মাংসাশী প্রেত, নীচ নিষ্ঠুর বা লোভাতুর মানুষ। বি। তৎসম। পিশিত [পিশ্ + ইত]= কাঁচা মাংস + আশ [অশ্ + অ]। ৬।১ পিশিত [কাঁচা মাংস] আশ [ভক্ষণ] যার। পিশ [<পিশিত] + আচ [<আশ]= উচ্চারণ-বিকৃতি। বানান: পিশাচ= প্ + ই + শ্ + আ + চ্ + অ।

পিশাচী [স্ত্রী] : মাংসাশী প্রেতিনী। বি। তৎসম। পিশাচ ['পিশাচ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: পিশাচী= প্ + ই + শ্ + আ + চ্ + ঈ।

পিশিত : কাঁচা মাংস। বি। তৎসম। পিশ্ + ইত। ৬।১ বানান: পিশিত= প্ + ই + শ্ + ই + ত্ + অ।

পিশুন : খল, কুৎসা রটনাকারী। বিণ। তৎসম। পিশ্ + উন। ৬।১ বানান: পিশুন= প্ + ই + শ্ + উ + ন্ + অ। শ্ + উ= শু।

পিষ্ট : চূর্ণিত। বিণ। তৎসম। পিষ্ [চূর্ণ করা বা পেষাই করা] + ত। ৬।১ [সন্ধি] ষ্ + ত= ষ্ট। ২।২৪ যা পেষাই করা বা চূর্ণ করা হয়েছে।

বানান: পিষ্ট= প্ + ই + ষ্ + ট্ + অ। বি.দ্র. : ষ্-র সঙ্গে সন্ধির ফলে 'ত্' 'ট্' হয়েছে। সং. 'ট্' এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ঙ

পিষ্টক: পিঠা। বি। তৎসম। পিষ্ [চূর্ণ করা বা পেষাই করা] + ত + ক [স্বার্থে]। ৬।১ [সন্ধি] ষ্ + ত= ষ্ট। ২।২৪ চালের বাটা বা চালের চূর্ণ দিয়ে তৈরী মিষ্টান্ন। বানান: পিষ্টক= প্ + ই + ষ্ + ট্ + অ + ক্ + অ।

পিসি, পিসী: পিতার ভগিনী। বি। তদ্ভব। পিতৃস্বসৃ [পিতার ভগিনী]। পি [পিতৃ] সি বা সী [স্বসৃ]= ভগিনী। বানান: পিসি [পিসী]= প্ + ই + স্ + ই [ঈ]। বি.দ্র. : পিসি বা পিসী— উভয় বানানই শুদ্ধ এবং প্রচলিত।

পিসতুত: পিসি বা পিসশাশুড়ীর সন্তান। বি। তদ্ভব। পিস [<সং. পিতৃস্বসৃ] + তুত [<সং. তাত] বানান: পিসতুত= প্ + ই + স্ + ত্ + উ + ত্ + অ। 'স্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিসশাশুড়ী: স্বামীর বা পত্নীর পিসি। বি। তদ্ভব। পিস [<সং. পিতৃস্বসৃ] + শাশুড়ী [<সং. শ্বশ্রূ]। পিসি শাশুড়ীর তুল্যা। বানান: পিসশাশুড়ী= প্ + ই + স্ + শ্ + আ + শ্ + উ + ড্ + ঈ। 'স্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিসশ্বশুর: স্বামীর বা পত্নীর পিসির স্বামী। বি। তদ্ভব। পিস [<সং. পিতৃস্বসৃ] + শ্বশুর [শু (শীঘ্র) + অশ্ (খাওয়া) + উর। ৬।১ [সন্ধি] শু [=শ্ + উ] + অ= শ্ + ব= শ্ব। ২।৮।ক [শ্বশুর—যিনি শীঘ্র খান] (পিসা শ্বশুরের তুল্য)। বানান: পিসশ্বশুর= প্ + ই + স্ + শ্ + ব + শ্ + উ + র্ + অ। 'স্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পিসা, পিসে: পিসির স্বামী। বি। তদ্ভব। পিস [< পিতৃস্বসৃ] + আ, এ [পুংলিঙ্গ]। বানান: পিসা [পিসে]= প্ + ই + স্ + আ [এ]।

পিস্তল: ক্ষুদ্র আগ্নেয়াস্ত্র। বি। বিদেশী। <পো. pistal. বাংলা বানান: পিস্তল= প্ + ই + স্ + ত্ + অ + ল্। শব্দান্তের 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পীঠ: বসবার স্থান, সুদর্শন-চক্রে ছিন্নবিচ্ছিন্ন সতীর দেহাংশ পতনের স্থান। বি। তৎসম। <সং. পীঠ। বানান: পীঠ= প্ + ঈ + ঠ্ + অ।

পিহিত: খাপে-ঢাকা। বিণ। তৎসম। অপি + ধা [ধারণ করা] + ত। ৬।১ 'অ' লুপ্ত। পিধানে রক্ষিত। বানান: পিহিত= প্ + ই + হ্ + ই + ত্ + অ।

পীড়ক: পীড়নকারী। বিণ। তৎসম। পীড়্ [পীড়ন করা বা ক্লেশ দেওয়া] + অক। ৬।১ যে পীড়া [ক্লেশ বা যাতনা] দান করে। বানান: পীড়ক= প্ + ঈ + ড়্ + অ + ক্ + অ। বি.দ্র. : প্ + ঈ= পী।

পীড়ন: অত্যাচার। বি। তৎসম। পীড়্ [পীড়ন করা বা ক্লেশ দান করা] + অন। বানান: পীড়ন= প্ + ঈ + ড়্ + অ + ন্ + অ। বি.দ্র. : প্ + ঈ= পী।

পীড়া: কষ্ট। বি। তৎসম। পীড়্ [কষ্ট বা ক্লেশ দেওয়া] + অ + আ। ৬।১ যা কষ্ট বা যন্ত্রণা দেয়। বানান: পীড়া= প্ + ঈ + ড়্ + আ।

পীড়াপীড়ি: বারবার সনির্বন্ধ অনুরোধ। বি। তদ্ভব। পীড়া ['পীড়া' দ্রষ্টব্য + পীড়ি [পীড়্ (কষ্ট বা যন্ত্রণা দেওয়া) + ই]। ৬।১ বার বার বিশেষভাবে অনুরোধ করা। বানান: পীড়াপীড়ি= প্ + ঈ + ড়্ + আ + প্ + ঈ + ড়্ + ই।

পীড়িত: ব্যাধিগ্রস্ত। বিণ। তদ্ভব। পীড়্ [কষ্ট বা যন্ত্রণা পাওয়া] + ত। ৬।১ পীড়ার দ্বারা আক্রান্ত। বানান: পীড়িত= প্ + ঈ + ড়্ + ই + ত্ + অ। বি.দ্র. : প্ + ঈ= পী, ড়্ + ই= ড়ি।

পীড্যমান: যে পীড়িত হচ্ছে। বিণ। তদ্ভব। পীড়্ [কষ্ট পাওয়া বা যন্ত্রণা ভোগ করা] শানচ্ [মান] যে পীড়া ভোগ করছে। বানান: পীড্যমান= প্

+ ঈ + ড় + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: প্ + ঈ= পী, ড় + য্ + অ= ড্য।

পীত : হলদে। বিণ। তৎসম। <সং. পিত্ত। বানান : পীত= প্ + ঈ + ত্ + অ। বি.দ্র.: প্ + ঈ= পী।

পীত : যা পান করা হয়েছে। বিণ। তৎসম। পা [পান করা] + ত। ৬।১ বানান : পীত= প্ + ঈ + ত্ + অ।

পীতধড়া : হরিদ্রাবর্ণের বস্ত্র। বি। তদ্ভব। পীত ['পীত' (হলদে) দ্রষ্টব্য] + ধড়া [<সং. ধটিকা (ধট্ + ইক + আ)]। ৬।১ পীত [হলুদ রঙের] যে ধড়া [বস্ত্র]= কর্মধা। ৩।২ বানান : পীতধড়া= প্ + ঈ + ত্ + অ + ধ্ + অ + ড়্ + আ। বি.দ্র.: প্ + ঈ= পী।

পীতবাস : শ্রীকৃষ্ণ। বি। তৎসম। পীত ['পীত' হলদে দ্রষ্টব্য] + বাস [বস্ (আচ্ছাদিত করা) + অ]। ৬।১ পীত [হলুদ রঙের] বাস [বসন] যার [শ্রীকৃষ্ণ] = বহুব্রী। ৩।৫ বানান : পীতবাস= প্ + ঈ + ত্ + অ + ব্ + আ + স্ + অ। বি.দ্র.: প্ + ঈ= পী।

পীতাম্বর : শ্রীকৃষ্ণ। বি। তৎসম। পীত ['পীত' (হলদে) দ্রষ্টব্য] + অম্বর [অম্ব + রা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [তা] ২।১।ক পীত [হলুদ রঙের] অম্বর [বসন] যার [শ্রীকৃষ্ণ] = বহুব্রী। ৩।৫ বানান: পীতাম্বর= প্ + ঈ + ত্ + আ + ম্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র.: প্ + ঈ= পী।

পীন : স্থূল। বিণ। তৎসম। প্যায় [বৃদ্ধি পাওয়া] + ত। ৬।১ যা বৃদ্ধি পেয়েছে। বানান : পীন= প্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: প্ + ঈ= পী।

পীনোন্নত : স্থূল ও উঁচু। বিণ। তৎসম। পীন ['পীন' দ্রষ্টব্য] + উন্নত [উৎ + নত (নম্ + ত)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [নো]। ২।৫।ক পীন [স্থূল] ও উন্নত [উঁচু]= দ্বন্দ্ব। ৩।৪ বানান: পীনোন্নত= প্ + ঈ + ন্ + ও + ন্ + ন্ + অ + ত্ + অ। বি.দ্র.: প্ + ঈ= পী, ন্ + ন্ + অ= ন্ন।

পীবর : স্থূল। বিণ। তৎসম। প্যায় [বৃদ্ধি পাওয়া]+ বব। ৬।১ যা [বর= শ্রেষ্ঠ বা পরিপূর্ণ] পরিপূর্ণরূপে বৃদ্ধি প্রাপ্ত হয়েছে। বানান : পীবব= প্ + ঈ + ব্ + অ + র্ + অ। বি.দ্র.: প্ + ঈ= পী।

পীযূষ : অমৃত। বি। তৎসম। পীয্ [তৃপ্ত হওয়া বা তৃপ্তি পাওয়া] + ঊষ। ৬।১ যা পানে তৃপ্তি পাওয়া যায়। বানান: পীযূষ= প্ + ঈ + য্ + ঊ + ষ্ + অ। বি.দ্র.: প্ + ঈ= পী, য্ + ঊ= যূ। 'ঊ'-র পব 'ষ্' হয়েছে। ৪।২।ক

পীর : মুসলমান সাধু। বি। বিদেশী < ফা. পীর্।

পুংকেশর : ফুলের যে অংশে পরাগ জন্মে। বি। তৎসম। পুং [পুম্‌স্] + কেশর [কেশ (কে + শী + অ + র]। ৬।১ পুং [পুরুষধর্মী] যে কেশব= কর্মধা। ৩।২ বানান: পুংকেশর= প্ + উ + ং + ক্ + এ + শ্ + অ + র্ + অ।

পুংগব : বৃষ। বি। তৎসম। পুং [পুম্‌স্] + গব [গো + অ]। ৬।২ পুরুষ গোরু= বৃষ, ষণ্ড। পুরুষ যে গব= কর্মধা। ৩।২ বানান: পুংগব= প্ + উ+ ং + গ্ + অ + ব্ + অ।

পুঙ্গব : বৃষ। বি। তৎসম। ['পুংগব' দ্রষ্টব্য] [সন্ধি] পুং + গব। ং+গ= ঙ্+গ= ঙ্গ [পুঙ্গব]। ২।২৮ বানান: পুঙ্গব= প্ + উ + ঙ্ + গ্ + অ + ব্ + অ। বি.দ্র.: ঙ্ + গ= ঙ্গ।

পুংশ্চলী : কুলটা। বিণ। তৎসম। পুং [পুম্‌স্] + চলী [চল্ + ঈ(স্ত্রী)] ৬।১ [সন্ধি] ং+চ= ং + ['শ্'-আগম] + চ= ংশ্চ। পুম্‌স্ [পুরুষ (-এর নিকট চলী [গমন করে যে (স্ত্রী)]= উপপদতৎ। ৩।৩ বানান: পুংশ্চলী= প্ + উ + ং + শ্ + চ্ + অ + ল্ + ঈ। বি.দ্র.: শ্ + চ্ + অ= শ্চ। ল + ঈ= লী।

পুকুর : পুষ্করিণী। বি। তদ্ভব। <প্রা. পুক্খর <সং.

পুষ্করিণী। বানান: পুকুর= প্ + উ + ক্ + উ + র্ + অ।

পুকুর-চুরি : বিশাল আকারের জুয়াচুরি। বি। তদ্ভব।

পুঙ্খানুপুঙ্খ : তন্ন তন্ন। বিণ। তৎসম। পুঙ্খ [পুম্‌স্ + খন্ (গমন করা) + অ = বাণমূল] + অনুপুঙ্খ [অনু + পুম্‌স্ + খল্ (গমন করা) + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ঙ্খা]। ২।১।ক পুঙ্খের অনু [পশ্চাৎ]= অব্যয়ীভাব। ৩।১ পুঙ্খ ও অনুপুঙ্খ= দ্বন্দ্ব। ৩।৪ বানান: পুঙ্খানুপুঙ্খ= প্ + উ + ঙ্ + খ্ + আ + ন্ + উ + প্ + উ + ঙ্ + খ্ + অ।

পুচকে, পুঁচকে : ছোট্ট। বিণ। তদ্ভব। পুচ [<সং. পুচ্ছ] + ক [যন্ত্র অর্থে] + বাং. এ <ইয়া। পুচকে, পুঁচকে <ফুচকে। বানান: পুচকে= প্ + উ + চ্ + ক্ + এ। বি.দ্র.: চ্-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পুচ্ছ : লেজ। বি। তৎসম। পুচ্ছ্ + অ। ৬।১ মতান্তরে, পুচ্ছ <পুশ্চ <পশ্চ [পশ্চাৎ]। বানান: পুচ্ছ= প্ + উ + চ্ + ছ্ + অ।

পুঁজ : ঘা বা ফোড়া থেকে নির্গত ক্লেদ। বি। তদ্ভব। পুঁজ [পুজ] <সং. পূয। বানান: পুঁজ= পঁ + উ + জ্ + অ। সংস্কৃতের অনুসরণে বাংলা 'পূঁজ' লেখা অনুচিত। লিখতে হবে: 'পুঁজ'।

পুঁজি : মূলধন। বি। তদ্ভব। পুঁজ [<সং. পুঞ্জ] + বাং. ই। বানান: পুঁজি= পঁ + উ + জ্ + ই। বাংলায় 'পূঁজি' বা 'পুঁজী' লেখা অনুচিত।

পুঁজিপাটা : সঞ্চিত ধনসম্পত্তি। বি। তদ্ভব। পুঁজি ['পুঁজি' দ্রষ্টব্য] + পাটা [<সং. পট্টক]। পুঁজি ও পাটা= দ্বন্দ্ব। ৩।৪ স্মরণীয়: 'পাটা' পুঁজির সহচর শব্দ। বানান: পুঁজিপাটা= পঁ + উ + জ্ + ই + প্ + আ + ট্ + আ।

পুঞ্জ : রাশি। বি। তৎসম। পুম্‌স্ + জি + অ। ৬।১ [পুং + জ= পুঞ্জ] যা উচ্চতায় পুরুষকেও জয় করে। বানান: পুঞ্জ= প্ + উ + ঞ্ + জ্ + অ।

পুঞ্জিত : রাশীভূত। বিণ। তৎসম। পুঞ্জ ['পুঞ্জ' দ্রষ্টব্য] + ইত [ইতচ্]। ৬।২ বানান: পুঞ্জিত= প্ + উ + ঞ্ + জ্ + ই + ত্ + অ।

পুঞ্জীকৃত : রাশীকৃত। বিণ। তৎসম। পুঞ্জ ['পুঞ্জ' দ্রষ্টব্য] + ঈ [অভূততদ্ভাবে] + কৃত [কৃ + ত]। ৬।২, ৬।১ বানান: পুঞ্জীভূত= প্ + উ + ঞ্ + জ্ + ঈ + ক্ + ঋ + ত্ + অ = কৃত। বি.দ্র.: ঞ্ + জ্ + ঈ= ঞ্জী।

পুঞ্জীভূত : রাশীভূত। বিণ। তৎসম। পুঞ্জ ['পুঞ্জ' দ্রষ্টব্য] + ঈ [অভূততদ্ভাবে + ভূত [ভূ + ত]। ৬।২, ৬।১ বানান: পুঞ্জীভূত = প্ + উ + ঞ্ + জ্ + ঈ + ভ্ + ঊ + ত্ + অ। বি.দ্র.: ঞ্ + জ্ + ঈ= ঞ্জী, ভ্ + ঊ + ত্ + অ= ভূত।

পুট : অঞ্জলি, কোষ, ঠোঙা, পাত্র। বি। তৎসম। পুট্ [সংলগ্ন হওয়া বা আবৃত করা] + অ। ৬।১ বানান: পুট= প্ + উ + ট্ + অ।

পুটক : ঠোঙা। বি। তৎসম। পুট ['পুট' দ্রষ্টব্য] + ক [স্বার্থে]। বা পুট্ [আবৃত করা] + অক। ৬।১ বানান: পুটক= প্ + উ + ট্ + অ + ক্ + অ।

পুটিকা : কৌটো। বি। তৎসম। পুট্ [আবৃত করা] + ইক [<অক] + আ। ৬।১ বানান: পুটিকা= প্ + উ + ট্ + ই + ক্ + আ।

পুটপাক : ঔষধের পাকপাত্র। বি। তৎসম। পুট ['পুট' দ্রষ্টব্য] + পাক [পচ্ (পাক করা বা রান্না করা) + অ]। ৬।১ পাকের নিমিত্ত পুট [পাত্র]= মধ্যপ-কর্মধা। [পরনিপাত]। বানান: পুটপাক= প্ + উ + ট্ + অ + প্ + আ + ক + অ।

পুঁটলি : ছোট পোঁটলা। বি। তদ্ভব। <সং. পোট্টলী। বাংলা বানান: পুঁটলি= পঁ + উ + ট্ + ল্ + ই। 'ট্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পুটিং : খড়ির গুঁড়ো তিসির তেল ইত্যাদি দিয়ে তৈরী পলস্তারা। বি। বিদেশী। <ইং. putty. বাংলা বানান: পুটিং= প্+উ+ট্+ই+ং।

পুঁটুলি : ছোট পোঁটলা। বি। তদ্ভব। পুঁটুলি। <সং. পোট্টলী। বাংলা বানান: পুঁটুলি= পঁ + উ + ট্ + উ + ল্ + ই।

পুডিং : ডিম ছানা ইত্যাদি দিয়ে তৈরী খাবার। বি। বিদেশী। <ইং. pudding. বাংলা বানান: পুডিং= প্ + উ + ড্ + ই + ং।

পুণ্ডরীক : শ্বেতপদ্ম। বি। তৎসম। পুণ্ড [ভূষিত করা, অলংকৃত করা] + ঈক ['র'-এর আগম]। ৬।১ যা জলকে ভূষিত [অলংকৃত] করে। বানান: পুণ্ডরীক= প্ + উ + ণ্ + ড্ + অ + র্ + ঈ + ক্ + অ।

পুণ্ডরীকাক্ষ : বিষ্ণু। বি। তৎসম। পুণ্ডরীক ['পুণ্ডরীক' দ্রষ্টব্য] + অক্ষ [অক্ষি= অক্ষ্ + ই]। [সন্ধি] অ + অ= আ [কা]। ২।১।ক পুণ্ডরীকের [শ্বেত পদ্মের] মতো অক্ষি যার= [বিষ্ণু] = বহুব্রী। ৩।৫ বানান: পুণ্ডরীকাক্ষ= প্ + উ + ণ্ + ড্ + অ + র্ + ঈ + ক্ + আ + ক্ + ষ্ + অ।

পুণ্ড্র : আখ। বি। তৎসম। পুণ্ড্র [মর্দন করা] + র। যা মাড়াই করা হয়= আখ। গৌড় দেশে ইক্ষু উৎপন্ন হতো বলে তার আর-এক নাম= পুণ্ড্র। বানান: পুণ্ড্র= প্ + উ + ণ্ + ড্ + ব্ + অ।

পুণ্য : সৎকর্ম। বি। বিণ। তৎসম। পুণ্ [সৎকর্ম করা] + য [যৎ]। ৬।১ বানান: পুণ্য= প্ + উ + ণ্ + য্ + অ। প্ + উ= পু। 'পুণ্য'-র 'ণ্' মৌলিক 'ণ্'। ৪।১।ছ

পুণ্যকর্মা : যে সৎকর্ম করে। বিণ। তৎসম। পুণ্য ['পুণ্য' দ্রষ্টব্য] + কর্মা [কৃ + মন্]। ৬।১ পুণ্য [পবিত্র] কর্ম যাঁর= বহুব্রী। ৩।৫ বানান: পুণ্যকর্মা= প্ + উ + ণ্ + য্ + অ + ক্ + অ + র্ + ম্ + আ। 'পুণ্য'-র 'ণ' মৌলিক 'ণ'।

পুণ্যকীর্তি : যিনি পুণ্যকর্মের দ্বারা কীর্তিস্থাপন করেছেন। বিণ। তৎসম। পুণ্য ['পুণ্য' দ্রষ্টব্য] + কীর্তি [কৃত্ (কীর্তন করা) + তি] ৬।১ পুণ্য [পবিত্র] কীর্তি [যশঃ] যার = বহুব্রী। ৩।৫ বানান: পুণ্যকীর্তি= প্ + উ + ণ্ + য্ + অ + ক্ + ঈ + র্ + ত্ + ই। 'ণ' মৌলিক 'ণ'। আগে 'ঈ', পরে 'ই'।

পুণ্যতোয়া : পবিত্র জলপূর্ণ। বিণ। তৎসম। পুণ্য ['পুণ্য' দ্রষ্টব্য] + তোয় [তোয়্ + অ] + আ [স্ত্রী]। ৬।১ পুণ্য [পবিত্র] তোয় [জল] যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: পুণ্যতোয়া= প্+উ+ণ্+য্+অ+ত্+ও+য়্+আ।

পুণ্যদর্শন : যাঁর দর্শনে পুণ্যলাভ হয়। বিণ। তৎসম। পুণ্য ['পুণ্য' দ্রষ্টব্য] + দর্শন [দৃশ্ + অন]। ৬।১ পুণ্য [পবিত্র] দর্শন [দেখা বা সাক্ষাৎ] যার= বহুব্রী। ৩।৫ বানান: পুণ্যদর্শন= প্ + উ + ণ্ + য্ + অ + দ্ + অ + র্ + শ্ + অ + ন্ + অ। প্ + উ= পু। 'পুণ্য' শব্দের 'ণ' মৌলিক 'ণ্'।

পুণ্যবতী : যে নারী পুণ্য সঞ্চয় করেছে। বিণ। তৎসম। পুণ্য ['পুণ্য' দ্রষ্টব্য] + বতী [বতুপ্ + ঈ (স্ত্রী)]। ৬।২, ৭।১।ঝ পুণ্য আছে যে নারীর। বানান: পুণ্যবতী= প্ + উ + ণ্ + য্ + অ + ব্ + অ + ত্ + ঈ।

পুণ্যবল : পুণ্যকর্ম-জনিত শক্তি। বি। তৎসম। পুণ্য ['পুণ্য' দ্রষ্টব্য] + বল [বল্ + অ]। ৬।১ পুণ্যের [পুণ্যকর্মের] বল [শক্তি] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পুণ্যবল= প্ + উ + ণ্ + য্ + অ + ব্ + অ + ল্ + অ।

পুণ্যবান : ধার্মিক। বিণ। তৎসম। পুণ্য ['পুণ্য' দ্রষ্টব্য] + বান [বতুপ্]। ৬।২ পুণ্য [পুণ্যকর্মের দৃষ্টান্ত] আছে যার। বানান: পুণ্যবান= প্ + উ + ণ্ + য্ + অ + ব্ + আ + ন্ + অ।

পুণ্যভূমি : যে ভূমি পবিত্র। বি। তৎসম। পুণ্য ['পুণ্য' দ্রষ্টব্য] + ভূমি [ভূ (হওয়া বা জন্মানো) + মি (অধিকরণ)]। পুণ্য [পবিত্র] যে ভূমি= কর্মধা।

৩।২ বানান : পুণ্যভূমি= প্ + উ + ণ্ + য্ + অ + ভ্ + ঊ + ম্ + ই।

পুণ্যাত্মা : ধার্মিক। বিণ। তৎসম। পুণ্য ['পুণ্য' দ্রষ্টব্য] + আত্মা [<আত্মন্]। পুণ্য [পবিত্র] আত্মা যার= বহুব্রী। ৩।৫ বানান : পুণ্যাত্মা= প্ + উ + ণ্ + য্ + আ + ত্ + ম্ + আ। 'ণ্' মৌলিক 'ণ'। ত্ + ম্ + আ= ত্মা।

পুণ্যাহ : যে দিবস পুণ্যকর্মের পক্ষে প্রশস্ত। বি। তৎসম। পুণ্য ['পুণ্য দ্রষ্টব্য] + অহ [<অহন্]। পুণ্য [পবিত্র] যে অহ= কর্মধা। ৩।২ বানান : প্ + উ + ণ্ + য্ + আ + হ্ + অ। প্ + উ= পু। 'পুণ্য'-র 'ণ্' মৌলিক 'ণ'।

পুণ্যশীল, পুণ্যশীলা [স্ত্রী] : পুণ্যকর্মের অনুষ্ঠান, পুণ্যশীলা [স্ত্রী] : পুণ্যকর্মের অনুষ্ঠান যার স্বভাব। বিণ। তৎসম। পুণ্য ['পুণ্য' দ্রষ্টব্য] + শীল [শীল্ + অ]। ৬।১ পুণ্য [পবিত্র] শীল [স্বভাব] যার= বহুব্রী [পুণ্যশীল + আ (স্ত্রী)= পুণ্যশীলা। বানান : পুণ্যশীল [পুণ্যশীলা]= প্ + উ + ণ্ + য্ + অ + শ্ + ঈ + ল্ + অ [আ]।

পুত : পুত্র। বি। তদ্ভব। <সং. পুত্র। যেমন : রাজপুত।

পুতলি : পুত্তলি। বি। তদ্ভব। <সং. পুত্তলি <সং. পুত্রিকা। বানান : পুতলি= প্ + উ + ত্ + অ + ল্ + ই।

পুতি [পুঁতি] : মুক্তার আকারে তৈরী কাচের গুটি। বি। বিদেশী। [<হি. পোতী <সং. প্রোত]। বাংলা বানান= পুতি [পুঁতি]= প্ + উ [উঁ] + ত্ + ই।

পুতুপুতু : পুত্রবৎ অতি যত্ন ও সাবধানতা। অব্যয়। দেশী। পুত [পুতু] + পুত [পুতু]। অনুকরণে দ্বিত্ব। [পুতু <পুত <সং. পুত্র] বানান : পুতু পুতু= প্ + উ + ত্ + উ।

পুতুল : মানুষ এবং জীবজন্তুর মূর্তি। বি। তদ্ভব। <সং. পুত্তল [পুত্ত [<সং. পুত্র) + লা + অ]। ৬।১ বানান : পুতুল= প্ + উ + ত্ + উ + ল্ + অ।

পুত্তলি, পুত্তলী, পুত্তলিকা : মানুষ এবং জীবজন্তুর মূর্তি। বি। তৎসম। <সং. পুত্তল [পুত্ত (<সং. পুত্র) + লা + অ] + ই, ঈ, ইক + আ= ইকা। ৬।১ বানান : পুত্তলি, পুত্তলী, পুত্তলিকা= পু + উ + ত্ + ত্ + অ + ল্ [ই, ঈ, ইকা= ই + ক্ + আ]।

পুত্র : ছেলে। বি। তৎসম। পুৎ ['পুৎ' নামে নরক] + ত্র [ত্রৈ (ত্রাণ করা) + অ]। ৬।১ 'পুৎ' নামক নরক থেকে যে ত্রাণ করে। বানান : পুত্র= প্ + উ + ত্ + র্ + অ।

পুত্রকাম : যে পুত্রকামনা করে। বিণ। তৎসম। পুত্র ['পুত্র' দ্রষ্টব্য] + কাম [কম্ (কামনা করা) + ণিচ্ + অ]। পুত্র কামনা করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : পুত্রকাম= প্ + উ + ত্ + র্ + অ + ক্ + আ + ম্ + অ।

পুত্রকামা [স্ত্রী] : যে পুত্রকামনা করে। বিণ। তৎসম। পুত্রকাম ['পুত্রকাম' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক পুত্র কামনা করে যে [স্ত্রী]= উপপদতৎ। বানান : পুত্রকামা= প্ + উ + ত্ + র্ + অ + ক্ + আ + ম্ + আ।

পুত্রবধূ : পুত্রের পত্নী। বি। তৎসম। পুত্র ['পুত্র' দ্রষ্টব্য] বধূ [বহ্(হ্=ধ্) + ঊ] বা [বন্ধ ('ন্'-এর লোপ) + ঊ]। ৬।১ পুত্রের বধূ [স্ত্রী]= সম্বন্ধ তৎ। ৩।৩ বানান : পুত্রবধূ= প্ + উ + ত্ + র্ + অ + ব্ + অ + ধ্ + ঊ। বি.দ্র. : বধূ [ধ্ + ঊ]।

পুত্রিকা ; কন্যা। বি। তৎসম। পুত্র ['পুত্র' দ্রষ্টব্য] + ইক [<অক] + আ [স্ত্রী]। ৬।২, ৭।১।খ বানান : পুত্রিকা= প্ + উ + ত্ + র্ + ই + ক্ + আ। বি.দ্র. : ত্ + র্ + ই= ত্রি।

পুত্রী : কন্যা। বি। তৎসম। পুত্র ['পুত্র' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : পুত্রী = প্ + উ + ত্ + র্ + ঈ। যেমন : ভ্রাতুষ্পুত্রী= ভ্রাতুঃ + পুত্রী।

পুঁথি, পুথি : হাতে-লেখা পুস্তক। বি। তদ্ভব। <প্রা. পুত্থিআ <সং. পুস্তিকা। বানান: পুঁথি ['পুথি' বর্তমানে অপ্রচলিত]= পঁ্ + উ + থ্ + ই।

পুঁথিগত : যা কেবল পুঁথিতেই নিবদ্ধ। বিণ। তদ্ভব। পুঁথি ['পুঁথি' দ্রষ্টব্য] + গত [গম্ + ত]। ৬।১ পুঁথিতে গত= অধিকরণতৎ। ৩।৩ বানান: পুঁথিগত= পঁ্ + উ + থ্ + ই + গ্ + অ + ত্ + অ।

পুনঃ : আবার। অব্য, ক্রি-বিণ। তৎসম। পুন [ঃ= র্]। বানান: পুনঃ = প্ + উ + ন্ + অ + ঃ। বি.দ্র.: 'পুনঃ' শব্দের [বিসর্গ] র্-জাত বিসর্গ। তাই 'পুনঃ' শব্দের সঙ্গে কোন শব্দের সন্ধি হলে এই বিসর্গ 'র্'-তে রূপান্তরিত হয়।

পুনঃপুনঃ : বারবার। অব্যয়, ক্রি-বিণ। তৎসম। পুনঃ ['পুনঃ' দ্রষ্টব্য] + পুনঃ। ঃ + প= ঃপ। সন্ধি হয় না। ২।৩৯

পুনরধিকার : হারানো বস্তু পুনরায় দখল। বি। তৎসম। পুনঃ + অধিকার [অধি + কৃ + অ]। ৬।১ [সন্ধি] ঃ + অ= র [র]। ২।৩৮ পুনরায় অধিকার। বানান: পুনরধিকার= প্ + উ + ন্ + অ + র্ + অ + ধ্ + ই + ক্ + আ + র্ + অ।

পুনরপি : আবারও। অব্য, ক্রি-বিণ। তৎসম। পুনঃ + অপি [অপি=ও]। [সন্ধি] ঃ + অ= র্ + অ= র[র]। ২।৩৮ বানান: পুনরপি= প্ + উ + ন্ + অ + র্ + অ + প্ + ই।

পুনরাগমন : প্রত্যাগমন। বি। তৎসম। পুনঃ + আগমন [আ + গম্ + অন]। ৬।১ [সন্ধি] ঃ+ আ। = র্ + আ= রা[রা]। ২।৩৮ বানান পুনরাগমন= প্ + উ + ন্ + অ + র্ + আ + গ্ + অ + ম্ + অ + ন্ + অ।

পুনরাবৃত্তি : পুনরায় সঙ্ঘটন। বি। তৎসম। পুনঃ + আবৃত্তি [আ + বৃত্ + তি]। ৬।১ [সন্ধি] : + আ= র্ + আ= রা[রা] ২।৩৮ বানান: পুনরাবৃত্তি= প্ + উ + ন্ + অ + র্ + আ + ব্ + ঋ + ত্ + ত্ + ই।

পুনরায় : আবার। অব্য, ক্রি-বিণ। পুনঃ + আয় [আ + ই (গমন করা) + অ]। ৬।১ [সন্ধি] : + আ= র্ + আ= রা[রা]। ২।৩৮ বানান: পুনরায়= প্ + উ + ন্ + অ + র্ + আ + য্ + অ।

পুনরুক্ত : পুনরায় উক্ত। বিণ। তৎসম। পুনঃ + উক্ত [ব্রূ বা বচ্ + ত]। ৬।১ [সন্ধি] : + উ= র্ + উ= রু[রু]। ২।৩৮ বানান: পুনরুক্ত= প্ + উ + ন্ + অ + র্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র.: র্ + উ= রু, ক্ + ত্ + অ= ক্ত।

পুনরুক্তি : পুনর্ভাষণ। বি। তৎসম। পুনঃ + উক্তি [ব্রূ বা বচ্ + তি]। ৬।১ [সন্ধি] : + উ= র্ + উ= রু [রু]। ২।৩৮ বানান: পুনরুক্তি= প্ + উ + ন্ + অ + র্ + উ + ক্ + ত্ + ই। বি.দ্র.: র্ + উ= রু, ক্ +ত্ + ই ক্তি।

পুনরুজ্জীবিত : যে পুনরায় জীবন বা চেতনা লাভ করেছে। বিণ। তৎসম। পুনঃ + উজ্জীবিত [উৎ + জীবিত (জীব্ + ত)]। ৬।১ [সন্ধি] : + উ= র্ + উ= রু[রু]। ২।৩৮, ৎ + জ= জ্ + জ= জ্জ [জ্জী]। ২।১৭ বানান: পুনরুজ্জীবিত= প্ + উ + ন্ + অ + র্ + উ + জ্ + জ্ + ঈ + ব্ + ই + ত্ + অ। বি.দ্র.: র্ + উ= রু, জ্ + জ্ + ঈ= জ্জী।

পুনরুৎপত্তি : মৃত্যুর পর পুনরায় উৎপত্তি বা জন্ম। বি। তৎসম। পুনঃ + উৎপত্তি [উৎ + পদ্ + তি]। ৬।১ [সন্ধি] : + উ= র্ + উ= রু[রু]। ২।৩৮ পুনরায় উৎপত্তি বানান: পুনরুৎপত্তি= প্ + উ + ন্ + অ + র্ + উ + ত্ + প্ + অ + ত্ + ত্ + ই। বি.দ্র.: র্ + উ= রু, ত্ + ত্ + ই= ত্তি।

পুনরুৎপন্ন : মৃত্যুর পরে পুনরায় উৎপন্ন বা জাত।

বিণ। তৎসম। পুনঃ + উৎপন্ন [উৎ + পদ্ + ত]। ৬।১ [সন্ধি] ঃ+ উ= র্ + উ= রু[রু]। ২।৩৮ পুনরায় উৎপন্ন বা জাত। বানান: পুনরুৎপন্ন= প্ + উ + ন্ + অ + র্ + উ + ত্ + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র.: র্ + উ= রু, ন্ + ন্ + অ= ন্ন।

পুনরুত্থান: পুনরায় উত্থান। বি। তৎসম। পুনঃ + উত্থান [উৎ + স্থান (স্থা + অন)]। ৬।১ [সন্ধি] ঃ+ উ= র্ + উ= রু [রু]। ২।৩৮, [উ] ৎ + স্থা= [উ]ৎ + থা= [উ]ত্থা [রু]ত্থা। ২।২৭ পুনরায় উত্থান। বানান: পুনরুত্থান= প্ + উ + ন্ + অ + র্ + উ + ত্ + থ্ + আ + ন্ + অ। বি.দ্র.: র্ + উ= রু, ত্ + থ্ + আ= ত্থা।

পুনরুদ্ভব: মৃত্যুর পর পুনরায় উৎপত্তি বা জন্ম। বি। তৎসম। পুনঃ + উদ্ভব [উৎ + ভব (ভূ + অ)]। ৬।১ [সন্ধি] ঃ + উ= র্ + উ= রু[রু], ৎ + ভ= দ্ + ভ= দ্ভ [দ্ভ]। ২।৩১ পুনরায় উদ্ভব [উৎপত্তি] বা জন্ম। বানান: পুনরুদ্ভব= প্ + উ + ন্ + অ + র্ + উ + দ্ + ভ্ + অ + ব্ + অ। বি.দ্র: র্ + উ= রু, দ্ + ভ্ + অ= দ্ভ।

পুনরুদ্ভূত: মৃত্যুর পরে পুনরায় উৎপন্ন বা জাত। বিণ। তৎসম। পুনঃ + উদ্ভূত [উৎ + ভূত (ভূ + ত)]। ৬।১ [সন্ধি] ঃ+ উ= র্ + উ= রু [রু], ৎ + ভূ= দ্ + ভূ= দ্ভূ। ২।৩১ পুনরায় উদ্ভূত বা জাত বা উৎপন্ন। বানান: পুনরুদ্ভূত= প্ + উ + ন্ + অ + র্ + উ + দ্ + ভ্ + ঊ + ত্ + অ। বি.দ্র.: র্ + উ= রু, দ্ + ভ্ + ঊ= দ্ভূ।

পুনর্জন্ম: মৃত্যুর পর পুনরায় উৎপত্তি বা জন্ম। বি। তৎসম। পুনঃ + জন্ম [জন্ + মন্]। ৬।১ [সন্ধি] ঃ + জ= র্ + জ= র্জ [র্জ]। ২।৩৮ ন্ + ম= ন্ম। পুনরায় জন্ম। বানান: পুনর্জন্ম= প্ + উ + ন্ + অ + র্ + জ্ + অ + ন্ + ম্ + অ। বি.দ্র.: র্ + জ= র্জ, ন্ + ম= ন্ম।

পুনর্জাগরণ: পুনরায় জাগরণ। বি। তৎসম। পুনঃ + জাগরণ [জাগৃ + অন]। ৬।১ [সন্ধি] ঃ + জা = র্ + জা= র্জা [র্জা]। ২।৩৮ বানান: পুনর্জাগরণ= প্ + উ + ন্ + অ + র্ + জ্ + আ + গ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ।

পুনর্জাত: মৃত্যুর পরে পুনরায় উৎপন্ন বা জাত। বিণ। তৎসম। পুনঃ + জাত [জন্ + ত]। ৬।১ [সন্ধি] ঃ + জা= র্ + জা= র্জা [র্জা]। ২।৩৮ বানান: পুনর্জাত= প্ + উ + ন্ + অ + র্ + জ্ + আ + ত্ + অ। বি.দ্র.: র্ + জা= র্জা।

পুনর্জীবন: নতুন জীবন। বি। তৎসম। পুনঃ + জীবন [জীব্ (বাঁচা) + অন]। ৬।১ [সন্ধি] ঃ + জী= র্ + জী= র্জী[র্জী]। ২।৩৮ পুনরায় জীবন বা বেঁচে-ওঠা। বানান: পুনর্জীবন= প্ + উ + ন্ + অ + র্ + জ্ + ঈ + ব্ + অ + ন্ + অ। বি.দ্র.: র্ + জ্ + ঈ= র্জী।

পুনর্বসতি: এক বাসস্থান ত্যাগ করে অন্য স্থানে নতুন বসতি। বি। তৎসম। পুনঃ + বসতি [বস্(বাস করা) + অতি] ৬।১ [সন্ধি] : + ব= র্ + ব= র্ব[র্ব]। ২।৩৮ পুনরায় বাসগৃহ নির্মাণ। বানান: পুনর্বসতি= প্ + উ + ন্ + অ + র্ + ব্ + অ + স্ + অ + ত্ + ই। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব।

পুনর্বার: আবার। ক্রি-বিণ। তৎসম। পুনঃ + বার [বৃ + অ]। ৬।১ [সন্ধি] ঃ + বা = র্ + বা= র্বা। ২।৩৮ বানান: পুনর্বার= প্ + উ + ন্ + অ + র্ + ব্ + আ + র্ + অ। বি.দ্র.: র্ + ব্ + আ= র্বা।

পুনর্বাসন: স্থায়ী বাসস্থান ত্যাগকারীকে অন্যত্র

উপনিবেশিত করণ। বি। তৎসম। পুনঃ + বাসন [বস্(বাস করা) + ণিচ্ + অন]। ৬।১ [সন্ধি] : + বা= র্ + বা= র্বা। বানান: পুনর্বাসন= প্ + উ + ন্ + অ + র্ + ব্ + আ + স্ + অ + ন্ + অ। বি.দ্র.: র্ + ব্ + আ= র্বা।

পুনর্ভব: পুনর্বার জাত। বিণ। তৎসম। পুনঃ + ভব [ভূ + অ]। ৬।১ [সন্ধি] : + ভ= র্ + ভ= র্ভ[র্ভ]। ২।৩৮ পুনরায় জাত। বানান: পুনর্ভব= প্ + উ + ন্ + অ + র্ + ভ্ + অ + ব্ + অ। বি.দ্র.: র্ + ভ্ + অ= র্ভ।

পুনর্ভূ: দ্বিতীয়বার বিবাহিতা নারী। বিণ। তৎসম। পুনঃ + ভূ [ভূ + ক্বিপ্]। ৬।১ [সন্ধি] : + ভূ= র্ + ভূ= র্ভূ [র্ভূ]। ২।৩৮ বানান: পুনর্ভূ= প্ + উ + ন্ + অ + র্ + ভ্ + ঊ। বি.দ্র.: র্ + ভ্ + ঊ= র্ভূ।

পুনর্যাত্রা: উল্টোরথ। বি। তৎসম। পুনঃ + যাত্রা [যা (গমন কবা) + ত্র + আ]। ৬।১ [সন্ধি] : + যা= র্ + যা= র্যা। পুনরায় গমন বা প্রত্যাবর্তন। বানান: পুনর্যাত্রা= প + উ + ন্ + অ + র্ + য্ + আ + ত্ + র্ + আ। বি.দ্র.: র্ + যা= র্যা।

পুনশ্চ: আবারও। অব্য, ক্রি-বিণ। তৎসম। পুনঃ + চ [ও]। [সন্ধি] : + চ= শ্ + চ= শ্চ। ২।৩৪ আবারও। বানান: পুনশ্চ= প্ + উ + ন্ + অ + শ্ + চ্ + অ। বি.দ্র.: শ্ + চ্ + অ= শ্চ।

পুন্নামনরক: 'পুং' নামক নরক। বি। তৎসম। পুং + নাম [<নামন্] + নরক [নৃ (ক্লেশ ভোগ করানো) + অক]। ৬।১ [সন্ধি] ং + না= ন্ + না= ন্না। ২।২৫ পুং নাম যার = বহুব্রী। ৩।৫ পুং নামযুক্ত নরক= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: পুন্নামনরক= প্ + উ + ন্ + ন্ + আ + ম্ + অ + ন্ + অ + র্ + অ + ক্ + অ।

পুব: পূর্ব দিক। বি, বিণ। তদ্ভব। <পুব্ব <প্রা. পুব্ব <সং. পূর্ব। [বি.দ্র.: প্রাকৃত অবস্থা থেকেই 'ঊ'-কার 'উ'-কারে রূপান্তরিত।] বানান: পুব: প্ + উ + ব্ + অ।

পুবালি: পুবদিক থেকে আগত বা প্রবাহিত। বিণ। তদ্ভব। পুব ['পুব' দ্রষ্টব্য] + বাং. আলি। ৬।৩ [সন্ধি] অ + আ= আ[বা]। ২।১।খ [যেমন: পুবালি হাওয়া]। বানান: পুবালি= প্ + উ + ব্ + আ + ল্ + ই।

পুবে: পূর্ব দিকের। বিণ। তদ্ভব। পুব ['পুব' দ্রষ্টব্য] + বাং. এ <ইয়া। [যেমন: পুবে হাওয়া] বানান: পুবে= প্ + উ + ব্ + এ।

পুর: নিকেতন, নগর। বি। তৎসম। পৃ [পূর্ণ করা] + অ[অধিকরণ]। যা নানা দ্রব্যে পূর্ণ করা হয়। বানান: পুর= প্ + উ + র্ + অ।

পুরতঃ: সম্মুখে। অব্য। তৎসম। পুর + তস্ [তঃ—অধিকরণ অর্থে]। বানান: পুরতঃ= প্ + উ + র্ + অ + ত + ঃ।

পুরদ্বার: নগরদ্বার। বি। তৎসম। পুর ['পুর' দ্রষ্টব্য] + দ্বার [দ্বৃ (রোধ করা) + ণিচ্ + অ]। ৬।১ পুরের [নগরের] দ্বার=সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পুরদ্বার= প্ + উ + র্ + অ + দ্ + ব্ + আ + র্ + অ। বি.দ্র.: দ্ + ব্ + আ= দ্বা।

পুরনারী: অন্তঃপুরবাসিনী নারী। বি। তৎসম। পুর ['পুর' দ্রষ্টব্য] + নর + ঈ[স্ত্রী] বা নৃ + ঈ [স্ত্রী]। ৭।১।গ পুরের [গৃহের] নারী= সম্বন্ধ তৎ। ৩।৩ বানান: পুরনারী= প্ + উ + র্ + অ + ন্ + আ + র্ + ঈ।

পুরন্ত: পরিপুষ্ট। বিণ। তদ্ভব। পুর্ [পূর্ণ করা] + বাং. অন্ত। যেমন: পুরন্ত যৌবন। বানান: পুরন্ত= প্ + উ + র্ + অ + ন্ + ত্ + অ।

পুরন্দর: ইন্দ্র। বি। তৎসম। পুরম্ ['পুর' দ্রষ্টব্য]

+ দর [দৃ (বিদীর্ণ করা) + অ]। ৬।১ [সন্ধি] ম্ + দ= ন্ + দ= ন্দ [ন্দ]। ২।২৮ [অসুর]-পুরকে বিদীর্ণ করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: পুরন্দর= প্ + উ + র্ + অ + ন্ + দ্ + অ + র্ + অ।

পুরন্ধ্রী: গৃহ ও পতিপুত্রবতী স্ত্রী। বি। তৎসম। পুরম্ ['পুর' দ্রষ্টব্য] + ধ্রী [ধৃ (ধারণ করা) + অ + ঈ (স্ত্রী)। ৬।১, ৭।১।গ [সন্ধি] ম্ + ধ্রী= ন্ + ধ্রী= ন্ধ্রী। ২।২৮ পুবকে [গৃহস্থালির সমস্ত-কিছুকে] ধারণ করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৫ বানান: পুরন্ধ্রী= প্ + উ + ব্ + অ + ন্ + ধ্ + র্ + ঈ।

পুরবাসিনী: গৃহবাসিনী। বিণ। তৎসম। পুর ['পুর' দ্রষ্টব্য] + বাসিনী [বস্ (বাস করা) + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ পুরে বাস করে যে [স্ত্রী]= উপপদ তৎ। ৩।৫ বানান: পুরবাসিনী= প্ + উ + ব্ + অ + ব্ + আ + স্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ= ইনী প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

পুরবাসী: গৃহবাসী। বিণ। তৎসম। পুর ['পুর' দ্রষ্টব্য] + বাসী [বস্(বাস করা) + ইন্(ঈ)]। ৬।১ পুবে বাস করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: পুরবাসী= প্ + উ + র্ + অ + ব্ + আ + স্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পুররক্ষী: নগবপাল। বি। তৎসম। পুর ['পুব' দ্রষ্টব্য] + বক্ষী [রক্ষ্ (বক্ষা কবা) + ইন্ [ঈ]। ৬।১ পুব [নগর] রক্ষা করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: পুররক্ষী= প্ + উ + র্ + অ + ব্ + অ + ক্ + ষ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পুরশ্চরণ: অভীষ্টলাভের উদ্দেশ্যে পূজা। বি। তৎসম। পুরঃ [সু] [বিশেষভাবে] + চর্[আচরণ করা] + অন। ৬।১ [সন্ধি] ঃ + চ= শ্ + চ= শ্চ। ২।৩৪ পুরঃ [আগে] চরণ। [আচরণ] বানান: পুরশ্চরণ= প্ + উ + র্ + অ + শ্ + চ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

পুরঃসর: অগ্রে গমনপূর্বক। ক্রি-বিণ। পুরঃ [অগ্রে বা আগে] + সর [সৃ(গমন করা) + অ]। ৬।১[সন্ধি] ঃ + স= ঃস। [সন্ধি হয় না]। ২।৩৯ বানান: পুরঃসর: প্ + উ + র্ + অ + ঃ + স্ + অ + র্ + অ। বি.দ্র.: 'পূর্বক' বা 'সহকারে' অর্থে শব্দটি ব্যবহৃত হয়।

পুরস্কার: পারিতোষিক, বকশিশ। বি। তৎসম। পুরঃ + কার [কৃ + অ]। ৬।১ [সন্ধি] ঃ + ক= স্ [বিসর্গের আগে 'অ' থাকায় বিসর্গের স্থানে 'স্' হয়েছে] + ক= স্ক। ২।৩৭ পুরঃ [প্রধান] + কার[করণ]= প্রাধান্য দান। বানান: পুরস্কার= প্ + উ + র্ + অ + স্ + ক্ + আ + র্ + অ। বি.দ্র.: স্ + ক্ + আ= স্কা।

পুরস্কৃত: পুরস্কার-প্রাপ্ত। বিণ। তৎসম। পুরঃ + কৃত [কৃ + ত]। [সন্ধি] ঃ + কৃ= স্ [বিসর্গের আগে 'অ' থাকায় বিসর্গের স্থানে 'স্' হয়েছে।] + কৃ= স্কৃ। পুরঃ [প্রাধান্য] কৃত [দান করা হয়েছে]। বানান: পুরস্কৃত= প্ + উ + র্ + অ + স্ + ক্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: স্ + ক্ + ঋ= স্কৃ।

পুরস্ত্রী: অন্তঃপুরবাসিনী নারী, কুলস্ত্রী। বি। তৎসম। পুর ['পুর' দ্রষ্টব্য] + স্ত্রী [স্ত্যৈ= স্তৃ + র + ঈ (স্ত্রী)]। ৬।১ গৃহের যার মধ্যে গর্ভ সংহৃত হয়। পুরের স্ত্রী= সম্বন্ধতৎ। অথবা, পুরবাসিনী স্ত্রী= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: পুরস্ত্রী = প্ + উ + র্ + অ + স্ + ত্ + র্ + ঈ। স্ + ত্ + র্ + ঈ= স্ত্রী।

পুরা: প্রাচিন, আগে। অব্য। তৎসম। সং. পুরা <পুরঅ <পুরব <পূর্ব [ছান্দস]। 'পূর্ব' শব্দের প্ + উ-র দীর্ঘতা পরবর্তী কালের সংস্কৃত 'পুরা'

শব্দে হ্রাস পেয়ে প্ + উ= 'পু'-তে রূপান্তরিত হয়। অতএব 'পুরা' শব্দের বানান দাঁড়ায়= প্ + উ + র্ + আ।

পুরা : পূর্ণ, ভরতি। বিণ, ক্রি। তদ্ভব। <প্রা. পুর <সং. পূর্ণ। 'পূর্ণ' শব্দের প্ + ঊ-র দীর্ঘতা বাংলা 'পুরা' শব্দে হ্রাস পেয়ে 'প্ + উ= 'পু'-তে রূপান্তরিত হয়। মতান্তরে, পুর্ + আ >পুর্ + আ। বানান : পুরা= প্ + উ + র্ + আ।

পুরাকাল : প্রাচীন যুগ। বি। তৎসম। পুরা ['পুরা' প্রাচীন দ্রষ্টব্য] + কাল [কল্ (গমন করা) + ণিচ্ + অ]। ৬।১ পুরা [প্রাচীন] যে কাল= কর্মধা। ৩।২ বানান : পুরাকাল= প্ + উ + র্ + আ + ক্ + আ + ল্ + অ।

পুরাঙ্গনা : পুরনারী। বি। তৎসম। পুর ['পুর' দ্রষ্টব্য] + অঙ্গনা [অঙ্গ + অন + আ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [রা]। ২।১।ক পুরের [গৃহের] অঙ্গনা [স্ত্রী]= সম্বন্ধতৎ। ৩।৩ অথবা, পুরবাসিনী অঙ্গনা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : পুরাঙ্গনা= প্ + উ + র্ + আ + ঙ্ + গ্ + অ + ন্ + আ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে আ, ঙ্, গ্, অ থাকা সত্ত্বেও 'পুর' ও 'অঙ্গনা'— দুটি পৃথক্ শব্দ বলে 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

পুরাণ : প্রাচীন ইতিবৃত্ত ও কিংবদন্তী-নির্ভর শাস্ত্রগ্রন্থ। বি। তৎসম। প্রাচীন সং. পুরাতন [পুরা + তন] > পুরাতন <পরবর্তী সং. পুরাণ। কিন্তু প্রকৃতপক্ষে 'পুরাতন'-শব্দের চেয়ে 'পুরাণ' শব্দ প্রাচীনতর। বানান : পুরাণ= প্ + উ + র্ + আ + ণ্ + অ। 'র' ও 'ন'-এর মধ্যে 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

পুরাতন : পুরানো, প্রাচীন, সেকেলে। বিণ। তৎসম। পুরা ['পুরা' দ্রষ্টব্য] + তন। ৬।২ বানান : পুরাতন= প্ + উ + র্ + আ + ত্ + অ + ন্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ত্' [ত-বর্গ] থাকায় 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

পুরাতনী : প্রাচীনা, প্রাচীনকালের। বিণ। তৎসম। পুরাতন ['পুরাতন' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : পুরাতনী= প্ + উ + র + আ + ত্ + অ + ন্ + ঈ।

পুরাদস্তুর : রীতিমতো। ক্রি-বিণ। মিশ্র। তদ্ভব. পুরা [<সং. পূর্ণ] + ফা. দস্তর। বাংলা বানান : পুরা-দস্তুর= প্ + উ + র্ + আ + দ্ + অ + স্ + ত্ + উ + র্ + অ। বি.দ্র. : স্ + ত্ + উ= স্তু। অর্থাৎ, স্ + ত্= স্ত + উ= স্তু।

পুরান, পুরানো, পুরনো : প্রাচীন, সেকেলে। বিণ। তদ্ভব। <সং. পুরাতন= পুরা + তন। 'পুরাতন'- এর তদ্ভব রূপ : পুরান। তদ্ভব শব্দে 'ণ' ব্যবহৃত হওয়া অযৌক্তিক। পুরান্, পুরানো : ক্রি। তদ্ভব। পুরা [<সং পূর্ণ] + বাং. আন, আনো। বানান : পুরান[নো]= প্ + উ + র্ + আ + ন্ + অ [ও]।

পুরাপুরি [পুরোপুরি] : অংশ না ধরে সম্পূর্ণভাবে, পুরা মাত্রায়। বিণ, ক্রি-বিণ। তদ্ভব। পুরা [<সং. পূর্ণ] + পুরি [পুর্ (<সং. পূর্ণ) + বাং. ই]। বানান : পুরোপুরি= প্ + উ + র্ + আ + প্ + উ + র্ + ই। বা, পুরোপুরি= প্ + উ + র্ + ও + প্ + উ + র্ + ই। বি.দ্র. : পুরা অপুরা [অপূর্ণ] না রেখে।

পুরাতত্ত্ব : প্রাচীন যুগের বৃত্তান্ত। বি। তৎসম। পুরা ['পুরা : প্রাচীন' দ্রষ্টব্য] + তত্ত্ব [তৎ + ত্ব]। ৬।২ [সন্ধি] ৎ + ত্ব= ত্ + ত্ব= ত্ত্ব। অর্থাৎ, ত্ + ত্ + ব্ + অ= ত্ত্ব। পুরা বিষয়ক তত্ত্ব= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : পুরাতত্ত্ব= প্ + উ + র্ + আ + ত্ + অ + ত্ + ত্ + ব্ + অ।

পুরাতত্ত্ববিদ্ : পুরাতত্ত্বজ্ঞ। বি। তৎসম। পুরাতত্ত্ব ['পুরাতত্ত্ব' দ্রষ্টব্য] + বিদ্ [বিৎ= বিদ্ + ক্বিপ্]। ৬।১ পুরাতত্ত্ব জানেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান : পুরাতত্ত্ববিদ্= প্ + উ + র্ + আ +ত্ + অ + ত্+ত্+ব্+অ+ব্+ই+দ্।

পুরাবিৎ : পুরাণজ্ঞ। বি। তৎসম। পুরা ['পুরা': প্রাচীন দ্রষ্টব্য] + বিৎ [বিদ্ (জানা) + ক্বিপ্। ৬।১ পুরা [প্রাচীন] বিষয় জানেন যিনি= উপপদ তৎ। ৩।৩ বানান : পুরাবিৎ [পুরাবিদ্]= প্ + উ + র্ + আ + ব্ + ই + ত্ [দ্]।

পুরাবৃত্ত : প্রাচীন যুগের বৃত্তান্ত। বি। তৎসম। পুরা ['পুরা': প্রাচীন' দ্রষ্টব্য] + বৃত্ত [বৃৎ + ত]। ৬।১ পুরা [প্রাচীন] বিষয়ক বৃত্ত [বৃত্তান্ত]= মধ্যপ-কর্মধা।৩।২ বানান: পুরাবৃত্ত= প্ + উ + র্ + আ + ব্ + ঋ + ত্ + ত্ + অ বি.দ্র. : তত্ত্ব= তৎ + ত্ব [তদ্ধিত-প্রত্যয়]। বৃত্ত= বৃৎ + ত [কৃৎ-প্রত্যয়]।

পুরি : লুচি। বি। বিদেশী। <হি. পুরী <সং. পূরিকা। বাংলা বানান: পুরি= প্ + উ + র্ + ই।

পুরিয়া : কাগজের মোড়ক। বি। বিদেশী। <হি. পুড়িয়া <প্রা. পুডিআ <সং. পুটিকা [পুটক]। বাংলা বানান: পুরিয়া= প্ + উ + র্ + ই + য্ + আ।

পুরী : নিকেতন, নগর, জগন্নাথধাম, সন্ন্যাসীব উপাধি। বি। তৎসম। পৃ [পূর্ণ করা + ই (বিকল্পে 'ঈ')]। ৬।১ বানান: পুরী= প্ + উ + র্ + ঈ। নিকেতন, নগর অর্থে পুরী পূর্ণ নানা দ্রব্যে, জগন্নাথ ধাম অর্থে পুরী পূর্ণ দিব্য আবির্ভাবে, সন্ন্যাসী অর্থে পুরী পূর্ণ পরম জ্ঞানে, পবম উপলব্ধিতে।

পুরীষ : বিষ্ঠা। বি। তৎসম। পৃ [পূর্ণ করা (সর্ব কাম)] + ঈষ। ৬।১ বানান: পুরীষ= প্ + উ + র্ + ঈ + ষ্ + অ। বি.দ্র. : 'ঈ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক নিয়মিত পুরীষ ত্যাগ পূর্ণ স্বাস্থ্য ও সুখের দোতক। তাই 'সর্বকাম'।

পুরু : মোটা। বিণ। তদ্ভব। বাং. পুর [পুড়<প্রা. পুড় <সং. পুট] + বাং. উ। বানান: পুরু= প্ + উ + র্ + উ। বি.দ্র. : র্ + উ= রু।

পুরুত : পুরোহিত। বি। তদ্ভব। <সং. পুরোহিত। বানান: পুরুত= প্ + উ + র্ + উ + ত্ + অ। র্ + উ= রু।

পুরুষ : মরদ। বি। তৎসম। পুর্ [আগে যাওয়া] + উষ। যে আগে যায়। মতান্তরে পৃ, [পূর্ণ করা] + উষ। যে অন্যের অভাব পূর্ণ করে দেয়। বানান : পুরুষ= প্ + উ + র্ + উ + ষ্ + অ। বি.দ্র. : র্ + উ= রু। উ-র পর 'ষ্' হয়েছে। তাছাড়া, 'পুরুষ' শব্দের 'ষ্' মৌলিক 'ষ্'।

পুরুষকার : দৈব-নিরপেক্ষ, নিজের ক্ষমতায় নির্ভরতা। বি। তৎসম। পুরুষ ['পুরুষ' দ্রষ্টব্য] + কার [কৃ(করা) + অ]। ৬।১ পুরুষের কার [কাজ বা কৃতি] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : পুরুষকার= প্ + উ + র্ + উ + ষ্ + অ + ক্ + আ + র্ + অ। র্ + উ= রু। পুরুষকার= পৌরুষ বা পুরুষত্ব।

পুরুষ-সুলভ : পুরুষোচিত। বিণ। তৎসম। পুরুষ ['পুরুষ' দ্রষ্টব্য] + সুলভ [সু + লভ্ (পাওয়া) + অ]। ৬।১ পুরুষের মধ্যে সুলভ= অধিকরণ তৎ। ৩।৩ বানান : পুরুষসুলভ= প্ + উ + র্ + উ + ষ্ + অ + স্ + উ + ল্ + অ + ভ্ + অ। র্ + উ= রু।

পুরুষত্ব : রতিশক্তি। বি। তৎসম। পুরুষ ['পুরুষ' দ্রষ্টবা] + ত্ব। ৬।১ পুরুষের রতিশক্তি। বানান : পুরুষত্ব= প্ + উ + র্ + উ + ষ্ + অ + ত্ + ব্ + অ। র্ + উ= রু।

পুরুষাঙ্গ : পুংজননেন্দ্রিয়। বি। তৎসম। পুরুষ ['পুরুষ' দ্রষ্টব্য] + অঙ্গ [অঙ্গ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ষা]। ২।১।ক পুরুষসূচক যে অঙ্গ= কর্মধা। ৩।২ বানান: পুরুষাঙ্গ= প্ + উ + র্ + উ + ষ্ + আ + ঙ্ + গ্ + অ। র্ + উ= রু। ঙ্ + গ= ঙ্গ।

পুরুষানুক্রমিক : বংশানুক্রমিক। বিণ। তৎসম। পুরুষ ['পুরুষ' দ্রষ্টব্য] + অনুক্রমিক [অনুক্রম (অনু + ক্রম্ + অ) + ইক]। ৬।১, ৬।২ [সন্ধি] অ + অ= আ [ষা] ২।১।ক অনুক্রমিক পুরুষ= কর্মধা।৩।২ বানান : পুরুষানুক্রমিক= প্

+ উ + র্ + উ + ষ্ + আ + ন্ + উ + ক্ + র্ + অ + ম্ + ই + ক্ + অ।

পুরুষার্থ : ধর্ম অর্থ কাম ও মোক্ষ। বি। তৎসম। পুরুষ ['পুরুষ' দ্রষ্টব্য] + অর্থ [অর্থ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ষা]। ২।১।ক পুরুষের অর্থ [প্রয়োজন]= সম্বন্ধতৎ। পুরুষের প্রয়োজন [চতুর্বর্গ]। বানান : পুরুষার্থ= প্ + উ + র্ + উ + ষ্ + আ + র্ + থ্ + অ।

পুরুষালি, পুরুষালী : পুরুষ-পুরুষভাব, পুরুষবৎ। বি, বিণ। তদ্ভব। পুরুষ ['পুরুষ' দ্রষ্টব্য] + বাং. আলি, আলী। ৬।৩ আলি : পুরুষের ভাব [বি], আলী : পুরুষসুলভ [বিণ]। বানান : পুরুষালি, পুরুষালী= প্ + উ + র্ + উ + ষ্ + আ + ল্ + ই, ঈ।

পুরুষোচিত : পুরুষের উপযুক্ত। বিণ। তৎসম। পুরুষ ['পুরুষ' দ্রষ্টব্য] + উচিত [বচ্ + ইত বা উচ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + উ= ও[ষো]। ২।৫।ক পুরুষের উচিত [যোগ্য]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : পুরুষোচিত : প্ + উ + র্ + উ + ষ্ + ও + চ্ + ই + ত্ + অ।

পুরুষোত্তম : সর্বশ্রেষ্ঠ পুরুষ, বিষ্ণু, জগন্নাথদেব। বি। তৎসম। পুরুষ। ['পুরুষ' দ্রষ্টব্য] + উত্তম [উৎ + তম]। [সন্ধি] অ + উ= ও [ষো]। ২।৫।ক, ৎ + ত= ত্ + ত=ত্ত। পুরুষদের উত্তম [শ্রেষ্ঠ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : পুরুষোত্তম= প্ + উ + র্ + উ + ষ্ + ও + ত্ + ত্ + অ + ম্ + অ।

পুরুষ্ট, পুরুষ্টু : পরিপুষ্ট। বিণ। মিশ্র। তদ্ভব. পুরু + সং. পুষ্ট [পুষ্ + ত] [+ বাং. উ]। পুরু + ষ্ট [+ উ]। বানান : পুরুষ্ট [পুরুষ্টু]= প্ + উ + র্ + উ + ষ্ + ট্ + অ[+ উ]।

পুরো : পূর্ণ, ভরতি। বিণ। তদ্ভব। পুর্ [পূর্ণ করা] + আ >ও। বানান : পুরো= প্ + উ + র্ + ও।

পুরোধাঃ, পুরোধা : পুরোহিত। বি। তৎসম। পুরঃ [অগ্রে] + ধা [ধা (স্থাপন করা) + অস্]। ৬।১ [সন্ধি] অঃ + ধা= ওধা। ২।৩৯ আগে বা সম্মুখে স্থাপন করা হয় যাকে। বানান : পুরোধা= প্ + উ + র্ + ও + ধ্ + আ [:]।

পুরোবর্তী : সর্বাগ্রে অবস্থিত। বিণ। তৎসম। পুরঃ + বর্তী [বৃৎ + ইন্(ঈ)]। ৬।১ [সন্ধি] অঃ + ব= ওব[রোব]। ২।৩৯ পুরঃ [সম্মুখে] বর্তমান থাকে যে= উপপদতৎ। ৩।৩ বানান : পুরোবর্তী= প্ + উ + র্ + ও + ব্ + অ + র্ + ত্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

পুরোহিত : যজনকর্তা। বি। তৎসম। পুরঃ + হিত [ধা(স্থাপন বা সমর্থন করা) + ত] [সন্ধি] অঃ + হি= ওহি [রোহি]। ২।২৯ আগে বা সম্মুখে স্থাপন করা হয় যাঁকে। সর্বাগ্রে যাঁর সম্মতি গ্রহণ করতে হয়। বানান : পুরোহিত= প্ + উ + র্ + ও + হ্ + ই + ত্ + অ। বি.দ্র. : র্ + ও= রো।

পুল : সাঁকো। বি। বিদেশী। <ফা. পুল্। বাংলা বানান : পুল= প্ + উ + ল্ + অ। কথ্য বা গ্রাম্য উচ্চারণ= পোল।

পুলক : রোমাঞ্চ। বি। তৎসম। পুল্ [খাড়া হয়ে ওঠা] + অ + ক। ৬।১ ভাবাবেগের আতিশয্যে গায়ের লোম খাড়া হয়ে ওঠা। বানান : পুলক = প্ + উ + ল্ + অ + ক্ + অ।

পুলকিত : রোমাঞ্চিত। বিণ। তৎসম। পুলক [পুল্ + অ + ক] + ইত [ইতচ্]। ৬।১, ৬।২ ভাবাবেগের আতিশয্যে যার গায়ের লোম খাড়া হয়ে উঠেছে। বানান : পুলকিত = প্ + উ + ল্ + অ + ক্ + ই + ত্ + অ।

পুলটিস : ফোঁড়া ক্ষত ইত্যাদিতে লাগাবার গরম প্রলেপ। বি। বিদেশী। <ইং. poultice.

পুলিন : সৈকত। বি। তৎসম। পুল্ [(জল থেকে) ওঠা] + ইন [ইনম্]। ৬।১ জল থেকে জেগে-ওঠা চরভূমি। প্রয়োগ : যমুনা-পুলিন। বানান : পুলিন = প্ + উ + ল্ + ই + ন্ + অ।

পুলিন্দা : পুঁটলি। বি। বিদেশী। <হি. পুলিংদা। বাংলা বানান : পুলিন্দা= প্ + উ + ল্ + ই + ন্ + দ্ + আ।

পুলি : এক প্রকার পিঠা। বি। তদ্ভব <প্রা. পোলিআ <সং. পোলিকা। বাংলা বানান : পুলি = প্ + উ + ল্ + ই।

পুলিস : শান্তিরক্ষক আরক্ষাকর্মী। বি। বিদেশী। <ইং. police. বাংলা বানান : পুলিস= প্ + উ + ল্ + ই + স্। বি.দ্র. : বাংলায় অন্তিম বর্ণ 'স্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পুলিস স্টেশন : থানা। বি। বিদেশী। <ইং. police station. বাংলা বানান : পুলিস স্টেশন = প্ + উ + ল্ + ই + স্ + স্ + ট্ + এ + শ্ + অ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'স্' ও 'ন্'-র হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পুশতু : পাঠান জাতির কথ্য ভাষা। বি। বিদেশী। <ফা. পুশ্‌তু। বাংলা বানান : পুশ্‌তু= প্ + উ + শ্ + ত্ + উ। শব্দ-মধ্যবর্তী 'শ্'-এর হসন্ত-চিহ্ন আবশ্যিক।

পুষ্ট : পালিত, বর্ধিত। বিণ। তৎসম। পুষ্ [পালন বা পোষণ করা] + ত। ৬।১ বানান : পুষ্ট [প্ + উ + ষ্ + ট্ + অ। 'ষ্'-এর পর 'ট্' হয়েছে। ২।২৪ বা 'ট্'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ঙ

পুষ্টি : বৃদ্ধি। গণেশের স্ত্রী। বি। তৎসম। পুষ্ [পোষণ করা] + তি। ৬।১ [সন্ধি] ষ্ + তি= ষ্টি। ২।২৪ অথবা, 'ট্'-এর আগে 'ষ্' হয়েছে। বানান : পুষ্টি= প্ + উ + ষ্ + ট্ + ই।

পুষ্প : ফুল। বি। তৎসম। পুষ্প্ [বিকশিত হওয়া] + অ। ৬।১ বানান : পুষ্প = প্ + উ + ষ্ + প্ + অ। 'উ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক বি.দ্র. : ষ্ + প = ষ্প।

পুষ্পক : কুবেরের রথ। বি। তৎসম। পুষ্প + ক। ৬।১ বাষ্পযোগে ইচ্ছামতো চালিত বায়ুগতি-সম্পন্ন যান । [শিল্পসংহিতা, রামায়ণ : লঙ্কাকাণ্ড] বানান : পুষ্পক = প্ + উ + ষ্ + প্ + অ + ক্ + অ। 'উ'-র পর 'ষ্' হয়েছে।

পুষ্পকরথ : কুবেরের রথ। বি। তৎসম। পুষ্পক ['পুষ্পক' রথ দ্রষ্টব্য] + রথ [রম্ (ক্রীড়া করা) + থ]। ৬।১ যুদ্ধের নিমিত্ত নির্মিত যান। পুষ্পক যে রথ = কর্ম ধা। ৩।২ বানান : পুষ্পকরথ = প্ + উ + ষ্ + প্ + অ + ক্ + অ + র্ + অ + থ্ + অ। বি.দ্র. : 'উ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।গ

পুষ্পবাটিকা : ফুলের বাগান। বি। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + বাটিকা [বাটি + ক + আ (স্ত্রী)]। ৬।১ পুষ্পময় বাটিকা [ছোট বাটি বা বাড়ি] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : পুষ্পবাটিকা = প্ + উ + ষ্ + প্ + অ + ব্ + আ + ট্ + ই + ক্ + আ।

পুষ্পবাটী : ফুলের বাগান। বি। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + বাটী [বাটি + ঈ (স্ত্রী)]। ৭।১।গ পুষ্পময় বাটি [ছোট বাড়ি] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : পুষ্পবাটী= প্ + উ + ষ্ + প্ + অ + ব্ + আ + ট্ + ঈ।

পুষ্পবৃষ্টি : ওপর থেকে ফুল ছড়ানো। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + বৃষ্টি [বৃষ্ + তি]। ৬।১ পুষ্পের বৃষ্টি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : পুষ্পবৃষ্টি = প্ + উ + ষ্ + প্ + অ + ব্ + ঋ + ষ্ + ট্ + ই।

পুষ্পনির্যাস : ফুলের মধু। বি। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + নির্যাস [নির্ + যস্(পীড়ন বা পেষণ করা) + অ। ৬।১ [সন্ধি] নিঃ + যা = নির্যা। ২।৩৮ পুষ্পের নির্যাস [সার] = সম্বন্ধতৎ। ৩।৩

বানান: পুষ্পনির্যাস = প্ + উ + ষ্ + প্ + অ + ন্ + ই + র্ + য্ + আ + স্ + অ। বি.দ্র. : র্ + য + আ=র্যা।

পোষ্যপুত্তুর : পোষ্যপুত্র। বি। অর্ধ-তৎসম। <সং. পোষ্যপুত্র। [পুষ্যি <পোষ্য (পুষ্ + য)] + পুত্তুর <পুত্র [পুৎ + ত্র + অ]। ৬।১ পুষ্যি [পোষ্য] যে পুত্তুর [পুত্র= প্ + উ + ত্ + ত্ + উ + র্ + অ।] কর্মধা। ৩।২ বানান= পুষ্যিপুত্তুর = প্ + উ + ষ্ + য্ + ই + প্ + উ + + ত্+ উ + র্ + অ।

পুষ্পসার : ফুলের মধু। বি। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + সার [সৃ (গমন করা) + অ]। ৬।১ পুষ্পের সার = সম্বন্ধতৎ। ৩।৩ পুষ্পসার = প্ + উ + ষ্ + প্ + অ + স্ + আ + র্ + অ।

পুষ্পভূষণ : ফুলের গয়না। বি। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + ভূষণ [ভূষ্ + অন্]। ৬।১ পুষ্পের ভূষণ [অলংকার] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র. : ভূষণ = ভ্ + ঊ + ষ্ + অ + ণ্+ অ। ঊ-র পর 'ষ' হয়েছে। এবং 'ষ্'-র পর 'ণ' হয়েছে।

পুষ্পমঞ্জরী : বহুপুষ্পযুক্ত বৃন্ত। বি। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + মঞ্জরী [মঞ্জু [সুন্দর] + ঋ [গমন করা] + ই। ৬।১ পুষ্পের মঞ্জরী = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পুষ্পমঞ্জরী = প্ + উ + ষ্ + প্ + অ + ম্ + অ + ঞ্ + জ্ + অ + র্ + ঈ। ষ্ + প্= ষ্প, ঞ্ + জ=ঞ্জ।

পুষ্পমাস : চৈত্রমাস, মধুমাস। বি। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + মাস [মস্(চন্দ্র) + অ]। ৬।১ পুষ্পের মাস = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : পুষ্পমাস = প্ + উ + ষ্ + প্ + অ + ম্ + আ + স্ + অ।

পুষ্পরস : ফুলের মধু। বি। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + রস ['রস্' (আস্বাদন করা) + অ]। ৬।১ পুষ্পের রস = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পুষ্পরস= প্ + উ + ষ্ + প্ + অ + র্ + অ + স্ + অ।

পুষ্পরাগ : পোখরাজ। বি। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + রাগ [রঞ্জ্ (রঞ্জিত করা) + অ]। পুষ্পের রাগ [রং] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পুষ্পরাগ = প্ + উ + ষ্ + প্ + অ + র্ + আ + গ্ + অ।

পুষ্পরেণু: পরাগ। বি। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + রেণু [রী (গমন করা) + নু]; ৬।১ পুষ্পের রেণু [চূর্ণ বা পরাগ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পুষ্পরেণু = প্ + উ + ষ্ + প্ + অ + র্ + এ + ণ্ + উ। বি.দ্র. : র্ ও 'ন্' এর মধ্যে 'এ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পুষ্পাঞ্জলি : দেবতাকে নিবেদিত ফুলের অঞ্জলি। বি। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + অঞ্জলি [অঞ্জ্ + অলি]। ৬।১ পুষ্পের অঞ্জলি = সম্বন্ধ তৎ। ৩।৩ [সন্ধি] অ + অ=আ [ষ্পা]। ২।১।ক বানান: পুষ্পাঞ্জলি = প্ + উ + ষ্ + প্ + আ + ঞ্ + জ্ + অ + ল্ + ই। বি.দ্র.: ষ্ + প্ + আ= ষ্পা। ঞ্ + জ্ + অ = ঞ্জ।

পুষ্পাভরণা : ফুলের সাজে সজ্জিতা। বিণ। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + আভরণ [আ + ভৃ (ভরণ করা) + অন + আ [স্ত্রী]। [সন্ধি] অ + আ=আ [ষ্পা] ২।১।খ পুষ্প আভরণ যার = বহুব্রীহি। ৩।৫ বানান: পুষ্পাভরণা: প্ + উ + ষ্ + প্ + আ + ভ্ + অ + র্ + অ + ণ্ + আ।

পুষ্পাসব : ফুলের মধু। বি। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + আসব [আ + সু (চোয়ানো) + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [ষ্পা]। ২।১।খ পুষ্পের আসব [মদ, এখানে মধু] সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পুষ্পাসব = প্ + উ + ষ্ + প্ + আ + স্ + অ + ব্ + অ।

পুষ্পিত : কুসুমিত। বিণ। তৎসম। পুষ্প ['পুষ্প'

দ্রষ্টব্য] + ইত [ইতচ্ (জাত অর্থে)]। ৬।২ বানান: পুষ্পিত = প্ + উ + ষ্ + প্ + ই + ত্ + অ।

পুষ্পোৎসব: ফুলের উৎসব। বি। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + উৎসব [উৎ + সু বা সূ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ=ও [ষ্পো]। ২।৫।ক পুষ্পের উৎসব = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পুষ্পোৎসব= প্ + উ + ষ্ + প্ + ও + ত্ + স্ + অ + ব্ + অ।

পুষ্পোদগম: ফুল ফোটা। বি। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য[+ উদ্‌গম [উৎ + গম্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ=ও [ষ্পো] ২।৫।ক পুষ্পের উদ্‌গম= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পুষ্পোদগম = প্ + উ + ষ্ + প্ + ও + দ্ + গ্ + অ + ম্ + অ।

পুস্তক: বই। বি। তৎসম। পুস্ত্ [<ফা. পোস্ত্ (বন্ধন করা। পূর্বকালে বই বন্ধন করে রাখা হতো। তাই পুস্তকের আর এক নাম গ্রন্থ = গেঁথে রাখা)] + অ + ক। ৬।১ যা পুস্ত্ বা বন্ধন করে রাখা হয়। বানান: পুস্তক = প্ + উ + স্ + ত্ + অ + ক্ + অ।

পুস্তকাগার: গ্রন্থাগার। বি। তৎসম। পুস্তক ['পুস্তক' দ্রষ্টব্য] + আগার [আগার + অ]। ৬।১ [সন্ধি] অ + আ=আ [কা]। ২।১।খ পুস্তকের নিমিত্ত আগার = নিমিত্ততৎ। ৩।৩ বানান: পুস্তকাগার: প্ + উ + স্ + ত্ + অ + ক্ + আ + গ্ + আ + র্ + অ।

পুস্তকালয়: বইয়ের দোকান। বি। তৎসম। পুস্তক ['পুস্তক' দ্রষ্টব্য] + আলয় [আ + লী + অ। ৬।১ [সন্ধি] অ + আ=আ [কা]। ২।১।খ পুস্তকের নিমিত্ত আলয় = নিমিত্ততৎ। ৩।৩ বানান: পুস্তকালয়= প্ + উ + স্ + ত্ + অ + ক্ + আ + ল্ + অ + য্ + অ।

পুস্তানি: বই-এর মলাটের উল্টোপিঠে লাগানো কাগজ। বি। বিদেশী। <ফা. পুস্তনী [অবলম্বন]। পুস্তানি কাগজের অবলম্বনে [সাহায্যে] বই-এর শক্ত মলাট বই-এর সঙ্গে আটকে থাকে।

পুস্তিকা: ছোট আকারের বই। বি। তৎসম। পুস্তক ['পুস্তক' দ্রষ্টব্য] + ইক [<অক] + আ [স্ত্রী]। ৬।১ বানান: পুস্তিকা= প্ + উ + স্ + ত্ + ই + ক্ + আ।

পুস্তী: ছোট আকারের বই। বি। তৎসম। পুস্ত্ [বন্ধন করা] + অ + ঈ [স্ত্রী]। ৬।১ ক্ষুদ্র আকারের পুস্তক। বানান: পুস্তী= প্ + উ + স্ + ত্ + ঈ।

পূজক: পূজারী। বিণ। তৎসম। পূজ্ [পূজা করা] + অক। ৬।১ যে পূজা [পুজো] করে। বানান: পূজক: প্ + ঊ + জ্ + অ + ক্ + অ।

পূজন: পূজা। বি। তৎসম। পূজ্ [পূজা করা] + অন। ৬।১ ফুল ও পূজার অন্যান্য উপকরণ সহযোগে উপাসনা করা। বানান: পূজন = প্ + ঊ + জ্ + অ + ন্ + অ।

পুষ্পোদ্যান: ফুলের বাগান। বি। তৎসম। পুষ্প ['পুষ্প' দ্রষ্টব্য] + উদ্যান [উৎ + যান (যা + অন)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও। ২।৫।ক ত্ + যা=দ্ + যা = দ্যা। ২।১৫ পুষ্পের উদ্যান = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পুষ্পোদ্যান: প্ + উ + ষ্ + প্ + ও + দ্ + য্ + আ + ন্ + অ।

পুষ্যি: পোষ্য। বিণ। অর্ধ-তৎসম। <সং. পোষ্য।

পূজনীয়: পূজ্য। বিণ। তৎসম। পূজ্ [পূজা করা] + অনীয়। ৬।১ যিনি পূজার যোগ্য। বানান: পূজনীয় = প্ + ঊ + জ্ + অ + ন্ + ঈ + য্ + অ।

পূজা: আরাধনা। বি। তৎসম। পূজ্ [পূজা করা] + অ + আ [স্ত্রী]। ৬।১ ফুল ও পূজার অন্যান্য উপকরণ সহযোগে উপাসনা করা। বানান: পূজা = প্ + ঊ + জ্ + আ। কিন্তু স্মরণীয়: সং. পূজা >তদ্ভব. পুজো = প্ + উ + জ্ + ও।

পূজা-অর্চনা : পুজো-আচ্চা। বি। তৎসম। পূজা ['পূজা' দ্রষ্টব্য] + অর্চনা [অর্চ + অন্ + আ]। ৬।১ পূজা ও অর্চনা = দ্বন্দ্ব। ৩।৪ বানান: পূজা - অর্চনা = প্ + ঊ + জ্ + আ + র্ + চ্ + অ + ন্ + আ। বি.দ্র.: 'র' ও 'ন' -এর মধ্যে 'চ' ও 'অ' থাকায় 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

পূজা-পার্বণ : পূজা ও উৎসবাদি। বি। তৎসম। পূজা ['পূজা' দ্রষ্টব্য] + পার্বণ [পর্বণ্ + অ]। ৬।১ পূজা ও পার্বণ = দ্বন্দ্ব। ৩।৪ বানান : পূজাপার্বণ = প্ + ঊ + জ্ + আ + প্ + আ + র্ + ব্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন' -এর মধ্যে 'ব্' ও 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

পূজারী : পূজাকারী। বিণ। তৎসম। পূজা ['পূজা' দ্রষ্টব্য] + কারী [কৃ + ইন্ (ঈ)-'ক্' লুপ্ত]। ৬।১ পূজা করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান : পূজারী: প্ + ঊ + জ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পূজার্হ : পূজার যোগ্য। বিণ। তৎসম। পূজা ['পূজা' দ্রষ্টব্য] + অর্হ [অর্হ্ (যোগ্য হওয়া) + অ]। ৬।১ [সন্ধি] আ + অ = আ [জা]। ২।১।গ পূজার অর্হ [যোগ্য] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : পূজার্হ = প্ + ঊ + জ্ + আ + র্ + হ্ + অ। র্ + হ = র্হ।

পূজিত : যাকে পূজা করা হয়েছে। বিণ। তৎসম। পূজ্ ['পূজা' করা] + ত। ৬।১ যাকে পূজা করা হয়েছে। বানান : পূজিত = প্ + ঊ + জ্ + ই + ত্ + অ।

পূজুরী : পূজারী। বিণ। তদ্ভব। <সং. পূজারী [পূজাকারী]। বানান: পূজুরী = প্ + ঊ + জ্ + উ + র্ + ঈ।

পূজ্য : পূজনীয়। বিণ। তৎসম। পূজ্ [পূজা করা] + য [যৎ]। ৬।১ যিনি পূজার যোগ্য। বানান : পূজ্য = প্ + ঊ + জ্ + য্ + অ।

পূতি : পচা গন্ধযুক্ত। বিণ। তৎসম। পূয় [দুর্গন্ধ হওয়া] + তি। ৬।১ দুর্গন্ধযুক্ত। বানান : পূতি = প্ + ঊ + ত্ + ই।

পূরক : পূর্ণকারী, গুণক, যা পূর্ণ করে। বি। তৎসম। পূর্ [পূর্ণ করা বা গুণ করা] + অক। ৬।১ যে পূর্ণ করে বা যে গুণ করে। বানান : পূরক = প্ + ঊ + র্ + অ + ক্ + অ।

পূরণ : গুণন, পূর্ণ করণ। বি। তৎসম। পূর্ [গুণ করা বা পূর্ণ করা] + অন। ৬।১ বানান : পূরণ = প্ + ঊ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন' -এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

পূরবী [পুরবী] : সন্ধ্যার অব্যবহিত আগে গেয় রাগিণী। বি। দেশী। যেহেতু শব্দটি 'পূর্বী' [তৎসম] নয়, স্বর ভক্তি বা বিপ্রকর্ষ প্রকরণের মধ্যস্থতায় তদ্ভব [মতান্তরে, দেশী], তাই প্ + ঊ >প্ + উ = পু হবে। বানান : পূরবী, পুরবী = প্ + ঊ + [উ] + র্ + অ + ব্ + ঈ।

পূরি, পূরী : ডালপুরি বা কচুরী। বি। তৎসম। পূর্ [পূর্ণ করা (পিষ্টকের পূর দিয়ে)] + ই, ঈ। ৬।১ বানান : পূরি, পূরী = প্ + ঊ + র্ + ই, ঈ।

পূর্ণ : পরিপূর্ণ। বিণ। তৎসম। পূর্ণ [পূর্ (পূর্ণ করা] + ত। ৬।১ বানান : পূর্ণ = প্ + ঊ + র্ + ণ্ + অ। বি.দ্র.: 'র' -এর অব্যবহিত পরের 'ন' 'ণ' হয়েছে। ৪।১।খ

পূর্ণকাম : যার অভীষ্ট সিদ্ধ হয়েছে। বিণ। তৎসম। পূর্ণ ['পূর্ণ' দ্রষ্টব্য] + কাম [কম্ (কামনা করা) + ণিচ্ + অ]। ৬।১ পূর্ণ কাম [কামনা = ইচ্ছা] যার = বহুব্রী। ৩।৫ বানান : পূর্ণকাম = প্ + ঊ + র্ + ণ্ + অ + ক্ + আ + ম্ + অ।

পূর্ণগর্ভা : আসন্ন - প্রসবা। বিণ। তৎসম। পূর্ণ

['পূর্ণ' দ্রষ্টব্য] + গর্ভা [গৃ (গ্রাস বা আবৃত করা) + ভ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক পূর্ণ গর্ভ যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান : পূর্ণগর্ভা = প্ + ঊ + র্ + ণ্ + অ + গ্ + অ + র্ + ভ্ + আ। র্ + ভ্ + আ = র্ভা।

পূর্ণচ্ছেদ : দাঁড়ি। বি। তৎসম। পূর্ণ ['পূর্ণ' দ্রষ্টব্য] + ছেদ [ছিদ্ (ছিন্ন করা) + অ]। ৬।১ [সন্ধি] অ + ছে = অচ্ছে। ২।১৪ পূর্ণ যে ছেদ = কর্মধা। ৩।২ বানান : পূর্ণচ্ছেদ = প্ + ঊ + র্ + ণ্ + অ + চ্ + ছ্ + এ + দ্ + অ। চ্ + ছ্ + এ = চ্ছে।

পূর্ণতা : পরিপূর্ণতা। বি। তৎসম। পূর্ণ ['পূর্ণ' দ্রষ্টব্য] + তা। ৬।২ পূর্ণের ভাব। বানান : পূর্ণতা = প্ + ঊ + র্ + ণ্ + অ + ত্ + আ।

পূর্ণাঙ্ক : পূর্ণরাশি। বি। তৎসম। পূর্ণ ['পূর্ণ' দ্রষ্টব্য] + অঙ্ক [অঙ্ক্ + অ]। ৬।২ [সন্ধি] অ + আ = আ [র্ণা]। ২।১।ক পূর্ণ যে অঙ্ক [রাশি] = কর্মধা। ৩।২ বানান : পূর্ণাঙ্ক = প্ + ঊ + র্ + ণ্ + আ + ঙ্ + ক্ + অ। বি.দ্র.: ঙ্ + ক = ঙ্ক [ংক লিখলে ভুল হবে।]

পূর্ণাঙ্গ : সম্পূর্ণ। বিণ। তৎসম। পূর্ণ ['পূর্ণ' দ্রষ্টব্য] + অঙ্গ [অঙ্গ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [র্ণা]। ২।১।ক পূর্ণ অঙ্গ যার = বহুব্রী। ৩।৫ বানান : পূর্ণাঙ্গ = প্ + ঊ + র্ + ণ্ + আ + ঙ্ + গ্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ = ঙ্গ [ংগ লিখলে ভুল হবে।

পূর্ণাবয়ব : সকল অঙ্গবিশিষ্ট, পূর্ণতাপ্রাপ্ত অঙ্গ। বিণ। বি। তৎসম। পূর্ণ ['পূর্ণ' দ্রষ্টব্য] + অবয়ব [অব + যু + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [র্ণা]। ২।১।ক পূর্ণ অবয়ব যার = বহুব্রী। ৩।৫ বানান : পূর্ণাবয়ব = প্ + ঊ + র্ + ণ্ + আ + ব্ + অ + য্ + অ + ব্ + অ।

পূর্ণায়ু : দীর্ঘজীবী। বিণ। তৎসম। পূর্ণ ['পূর্ণ' দ্রষ্টব্য] + আয়ু [ই (গমন করা) + উস্]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [র্ণা]। ২।১।খ পূর্ণ আয়ু [জীবনকাল] যার = বহুব্রী। ৩।৫ বানান : পূর্ণায়ু = প্ + ঊ + র্ + ণ্ + আ + য্ + উ।

পূর্ণাহুতি : হোমান্তে হোমদ্রব্যসমূহের আহুতি। বি। তৎসম। পূর্ণ ['পূর্ণ' দ্রষ্টব্য] + আহুতি [আ + হু [হোম করা) + তি]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [র্ণা]। ২।১।খ পূর্ণ যে আহুতি [হোম] = কর্মধা। ৩।২ বানান : পূর্ণাহুতি = প্ + ঊ + র্ + ণ্ + আ + হ্ + উ + ত্ + ই। বি.দ্র.: হ্ + উ = হু।

পূর্ণিমা : শুক্লপক্ষের পঞ্চদশী তিথি। বি। তৎসম। পূর্ণ ['পূর্ণ' দ্রষ্টব্য] + ইম + আ [স্ত্রী]। অথবা, পূর্ণি + মা + অ + আ [স্ত্রী] ৬।১ পূর্ণি বা সম্পূর্ণ হয় মা [চন্দ্রকলার পরিমাণ] যাতে = উপপদতৎ। ৩।৩ বানান : পূর্ণিমা = প্ + ঊ + র্ + ণ্ + ই + ম্ + আ।

পূর্ণেন্দু : পূর্ণচন্দ্র। বি। তৎসম। পূর্ণ ['পূর্ণ' দ্রষ্টব্য] + ইন্দু [ইন্দ্ + উ]। ৬।১ [সন্ধি] অ + ই = এ [র্ণে]। ২।৪।ক পূর্ণ যে ইন্দু [চন্দ্র] = কর্মধা। ৩।২ বানান : পূর্ণেন্দু = প্ + ঊ + র্ + ণ্ + এ + ন্ + দ্ + উ।

পূর্ণোপমা : যে উপমায় উপমান, উপমেয়, সাধারণ ধর্ম ও উপমাবাচক শব্দ উল্লিখিত হয়। বি। তৎসম। পূর্ণ ['পূর্ণ' দ্রষ্টব্য] + উপমা [উপ + মা [মা (মাপা) + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [সন্ধি] অ + উ = ও [র্ণো]। ২।৫।ক পূর্ণ যে উপমা = কর্মধা। ৩।২ বানান : পূর্ণোপমা = প্ + ঊ + র্ + ণ্ + ও + প্ + অ + ম্ + আ।

পূর্ত : জনকল্যাণার্থ জলাশয়াদি খনন এবং পথ সেতু পান্থশালা ইত্যাদি নির্মাণ। বি। তৎসম। পৃ [পূর্ণ করা বা পালন করা] + ত। ৬।১ আধুনিক সংস্কৃত। 'পরিভাষা পর্ষদে'র অবদান = Public Works Department [P.W.D.] -এর প্রতিশব্দ। বানান : পূর্ত = প্ + ঊ + র্ + ত্ + অ।

পূর্তি : চরিতার্থতা, পূর্ণতা। বি। তৎসম। পৃ [পূর্ণ করা] + তি। ৬।১ পৃ [পূরণ করা] + তি। ৬।১ বানান : পূর্তি = প্ + উ + র্ + ত্ + ই। প্ + উ=পূ; র্+ত্+ই=র্তি।

পূর্ব : অগ্র, অতীত, পূর্বদিক্। পূর্ব্ [পূরণ করা বা পূর্বদিকে অবস্থান করা] + অ। ৬।১ আগে শব্দটির বানান ছিল : পূর্ব্ব। কিন্তু বানান সংস্কারের ফলে রেফ থাকায় 'ব' -এর দ্বিত্ব বর্জিত। বানান : পূর্ব = প্ + উ + র্ + ব্ + অ। ৮।২।ক

পূর্বক : পুরঃসর। বিণ। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + ক। ৬।২ বহুব্রী.সমাসের পরপদের রূপ [যেমন : প্রণামপূর্বক = আগে প্রণাম করে। বানান : পূর্বক = প্ + উ + র্ + ব্ + অ + ক্ + অ।

পূর্বগামিনী : আগে গমনকারিণী। বিণ। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + গামিনী [গম্ (যাওয়া) + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ পূর্বে [আগে] গমন করে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ [যেমন : ছায়া পূর্বগামিনী]। বানান : পূর্বগামিনী = প্ + উ + র্ + ব্ + অ + গ্ + আ + ম্ + ই + ন্ +ঈ। বি.দ্র.: আগে 'ই', পরে 'ঈ'।

পূর্বগামী : আগে গমনকারী। বিণ। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + গামী [গম্ (যাওয়া) + ইন্ (ঈ)]। ৬।১ পূর্বে [আগে] গমন করে যে = উপপদতৎ। ৩।৩ বানান : পূর্বগামী = প্ + উ + র্ + ব্ + অ + গ্ + আ + ম্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পূর্বজন্ম : পূর্ববর্তী জীবন। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + জন্ম [জন্ (জন্মলাভ করা) + মন্]। ৬।১ পূর্ব যে জন্ম = কর্মধা। ৩।২ বানান : পূর্বজন্ম = প্ + উ + র্ + ব্ + অ + জ্ + অ + ন্ + ম্ + অ। বি.দ্র.: প্ + উ = পূ, র্ + ব = র্ব, ন্ + ম = ন্ম।

পূর্বজ্ঞান : অভিজ্ঞতা, ভাবী ঘটনা সম্বন্ধে জ্ঞান। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + জ্ঞান [জ্ঞা (জানা) + অন]। ৬।১ পূর্ব [পূর্বে লব্ধ যে জ্ঞান = কর্মধা। ৩।২ বানান : পূর্বজ্ঞান = প্ + উ + র্ + ব্ + অ + জ্ + ঞ্ + আ + ন্ + অ। বি.দ্র.: প্ + উ = পূ, র্ + ব = র্ব, জ্ + ঞ্ + আ = জ্ঞা।

পূর্বতন : পূর্বকালীন। বিণ। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + তন। ৬।২ পূর্ব [পূর্বকালে] + তন [জাত অর্থে]। বানান : পূর্বতন = প্ + উ + র্ + ব্ + অ + ত্ + অ + ন্ + অ।

পূর্বদৃষ্ট : আগে-দেখা। বিণ। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + দৃষ্ট [দৃশ্ (দেখা) + ত। ৬।১ পূর্বে দৃষ্ট = অধিকরণতৎ। ৩।৩ বানান : পূর্বদৃষ্ট = প্ + উ + র্ + ব্ + অ + দ্ + ঋ + ষ্ + ট্ + অ। বি.দ্র.: 'ঋ' -র এর পর 'ষ্' হয়েছে। 'ষ্'-সংযোগে 'ত্' 'ট্' হয়েছে। ২।২৪

পূর্বপুরুষ : পিতা, পিতামহ প্রভৃতি বংশের ঊর্ধ্বপুরুষ। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + পুরুষ [পৃ (পূর্ণ করা) + উষ। ৬।১ পূর্ব [বর্তী] যে পুরুষ = কর্মধা। ৩।২ বানান : পূর্বপুরুষ = প্ + উ + র্ + ব্ + অ + প্ + উ + র্ + উ + ষ + অ। বি.দ্র. : র্ + উ = রু। 'উ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক।

পূর্ববঙ্গ : অবিভক্ত বঙ্গদেশের পূর্ব অংশ, বর্তমানে বাংলাদেশ। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + বঙ্গ। বঙ্গের পূর্ব [পূর্ব ভাগ] = সম্বন্ধতৎ। ৩।৩ [পরনিপাত] বানান : পূর্ববঙ্গ = প্ + উ + র্ + ব্ + অ + ব্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ = ঙ্গ ['ংগ' লিখলে ভুল হবে।

পূর্ববৎ : আগেকার মতো। অব্য, ক্রি-বিণ। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + বৎ [মতো বা তুল্য] অর্থে। শব্দটি অন্য শব্দের পর ব্যবহৃত হয়। [যেমন : মৃতবৎ, পশুবৎ ইত্যাদি] বানান

: পূর্ববৎ = প্ + উ + র্ + ব্ + অ + ব্ + অ + ত্ [ৎ]।

পূর্ববর্ণিত : আগে যার বর্ণনা করা হয়েছে। বিণ। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + বর্ণিত [বর্ণ্ (স্তব করা) + ত। ৬।১ পূর্বে বর্ণিত [যা বর্ণনা করা হয়েছে] = অধিকরণতৎ। ৩।৩ বানান : পূর্ববর্ণিত = প্ + উ + র্ + ব্ + অ + ব্ + অ + র্ + ণ্ + ই + ত্ + অ।

পূর্ববর্তী : আগেকার। বিণ। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + বর্তী [বৃৎ + ইন্ (ঈ)। ৬।১ পূর্বে বর্তমান থাকে যে বা অবস্থিতি করে যে = উপপদতৎ। ৩।৩ বানান : পূর্ববর্তী = প্ + উ + র্ + ব্ + অ + ব্ + অ + র্ + ত্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পূর্বভাষ : প্রাক্-কথন। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + ভাষ [ভাষ্ + অ]। ৬।১, পূর্ব যে ভাষ [কথন] = কর্মধা। ৩।২ বানান : পূর্বভাষ = প্ + উ + র্ + ব্ + অ + ভ্ + আ + ষ্ + অ।

পূর্বরাগ : অনুরাগের প্রথমাবস্থা। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + রাগ [রঞ্জ্ (রঞ্জিত করা) + অ]। ৬।১ পূর্ব [প্রথম] রাগ [অনুরাগ] = কর্মধা। ৩।২ বানান : পূর্বরাগ = প্ + উ + র্ + ব্ + অ + র্ + আ + গ্ +অ।

পূর্বরাত্র : রাত্রির প্রথম ভাগ। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + রাত্র [রাত্রি + অ (সমাসান্ত প্রত্যয়)]। পূর্ব [প্রথম] যে রাত্রি = কর্মধা। ৩।২। বি.দ্র. : কর্মধারয় সমাসের কোথাও কোথাও পরপদের 'রাত্রি' = 'রাত্র' হয়। বানান : পূর্বরাত্র = প্ + উ + র্ + ব্ + অ + র্ + আ + ত্ + র্ + অ।

পূর্বরাত্রি : গতরাত্রি। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + রাত্রি [রা + ত্রি]। ৬।১ পূর্ব [আগের] যে রাত্রি = কর্মধা। ৩।২ গত রাত্রি। বানান : পূর্বরাত্রি = প্ + উ + র্ + ব্ + অ + র্ + আ + ত্ + র্ + ই। বি.দ্র.: ত্ + র্ + ই = ত্রি।

পূর্বলক্ষণ : ভাবী ঘটনাদির চিহ্ন। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + লক্ষণ [লক্ষ্ (লক্ষ্য করা) + অন। ৬।১ পূর্ব যে লক্ষণ = কর্মধা। ৩।২ বানান : পূর্বলক্ষণ = প্ + উ + র্ + ব্ + অ + ল্ + অ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

পূর্বসংস্কার : পূর্বজন্মের বা অতীত কালের সংস্কার। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + সংস্কার [সম্ + কৃ + অ]। ৬।১ [সন্ধি] সম্ + কার = সং [স্] + কার = সংস্কার। ২।২৯ পূর্ব যে সংস্কার = কর্মধা। ৩।২ বানান : পূর্বসংস্কার = প্ + উ + র্ + ব্ + অ + স্ + অ + ং + স্ + ক্ + আ + র্ + অ। বি.দ্র.: স্ + ক্ + আ= স্কা।

পূর্বসূরি : পূর্বযুগের বিদ্বান ব্যক্তি। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + সূরি [সূ (প্রসব করা) + ই]। ৬।১ পূর্ব [ভূতপূর্ব] যে সূরি [কবি বা পণ্ডিত] = কর্মধা। ৩।২

পূর্বসূরী : পূর্ববর্তী জ্ঞানী বা সূর্যের উপাসক। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + সূরী [সূর্ + ইন্ (ঈ)]। ৬।১ পূর্ব যে সূরী [পণ্ডিত বা সূর্যোপাসক] = কর্মধা। ৩।২ বানান : পূর্বসূরী = প্ + উ + র্ + ব্ + অ + স্ + ঊ + র্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ] -প্রত্যয়ান্ত হওয়ায় 'ঈ'-কারান্ত।

পূর্বাধিকার : পূর্বের স্বত্ব। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + অধিকার [অধি + কৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [র্বা] । ২।১।ক পূর্ব যে অধিকার = কর্মধা। ৩।২ বানান : পূর্বাধিকার = প্ + উ + র্ + ব্ + আ + ধ্ + ই + ক্ + আ + র্ + অ।

পূর্বাপর : আগাগোড়া। বি। তৎসম। পূর্ব ['পূর্ব'

দ্রষ্টব্য] + অপর [ন + পর (প্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [র্বা]। ২।১।ক পূর্ব [অগ্রবর্তী] ও অপর [পূর্ববর্তী] = দ্বন্দ্ব। ৬।৪ বানান : পূর্বাপর = প্ + উ + র্ + ব্ + আ + প্ + অ + র্ + অ।

পূর্বাপেক্ষা : আগেকার চেয়ে। অব্য। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + অপেক্ষা [অপ + ঈক্ষ্ + অ + আ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [র্বা]। ২।১।ক পূর্বের অপেক্ষা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : পূর্বাপেক্ষা = প্ + উ + র্ + ব্ + আ + প্ + এ + ক্ + ষ্ + আ। ক্ + ষ্ + আ = ক্ষা।

পূর্বাবধি : প্রথম থেকে। অব্য। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + অবধি [অব + ধা + ই]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [র্বা]। ২।১।ক পূর্ব [আগে] অবধি [থেকে] = অব্যয়ীভাব। ৩।১ বানান : পূর্বাবধি = প্ + উ + র্ + ব্ + আ + ব্ + অ + ধ্ + ই।

পূর্বাভাষ : কথাবস্তু। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + আভাষ [আ + ভাষ্ (বলা) + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [র্বা]। ২।১।খ পূর্ব যে আভাষ [ভাষণ = কথন] = কর্মধা। ৩।২ বানান : পূর্বাভাষ = প্ + উ + র্ + ব্ + আ + ভ্ + আ + ষ্ + অ। বি.দ্র.: 'ভাষ' বা 'আভাষ' -এর 'ষ' মৌলিক 'ষ'। 'আ'-কারের পরেও তাই 'ষ'।

পূর্বাশা : পূর্বদিক। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + আশা [আ + অশ্ (বিরাজ করা) + অ + আ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [র্বা]. ২।১।খ পূর্ব আশা [দিক্] = কর্মধা। বানান : পূর্বাশা = প্ + উ + র্ + ব্ + আ + শ্ + আ।

পূর্বাহ্ণ : দিনের প্রথম ভাগ। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + অহন্ [অহ্ন]। [সন্ধি] অ + অ = আ [র্বা]। ২।১।ক অহনের পূর্ব [পূর্বাহ্ণ] = সম্বন্ধতৎ। ৩।৩ [পরনিপাত]। বানান : পূর্বাহ্ণ = প্ + উ + র্ + ব্ + আ + হ্ + ণ্ হয়েছে। বি.দ্র.: 'র' ও 'ন' -এর মধ্যে 'ব' থাকায় 'ন' 'ণ' হয়েছে। হ্ + ণ = হ্ণ, হ্ + ন = হ্ন।

পূর্বিতা : অগ্রগণ্যতা। বি। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + ইত [ইতচ্] + আ [স্ত্রী]। Priority = পূর্বিতা। [পরিভাষা পর্ষদ] বানান : পূর্বিতা = প্ + উ + র্ + ব্ + ই + ত্ + আ।

পূর্বোক্ত : আগে উক্ত। বিণ। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + উক্ত [ব্রূ বা বচ্ + ত। ৬।১ [সন্ধি] অ + উ = ও [র্বো]। ২।৫।ক পূর্বে উক্ত = অধিকরণতৎ। ৩।৩ বানান : পূর্বোক্ত = প্ + উ + র্ + ব্ + ও + ক্ + ত্ + অ। র্ + ব্ + ও = (র্বো)। ক্ + ত = ক্ত।

পূর্বোদ্ধৃত : আগে উদ্ধৃত। বিণ। তৎসম। পূর্ব ['পূর্ব' দ্রষ্টব্য] + উদ্ধৃত [উৎ + হৃত (হৃ + ত)]। ৬।১ [সন্ধি] অ + উ = ও। ২।১।ক ৎ+ হৃ = দ্ + ধৃ = দ্ধৃ। ২।১ বানান : পূর্বোদ্ধৃত = প্ + উ + র্ + ব্ + ও + দ্ + ধ্ + ঋ + ত্ + অ। প্ + উ = পূ। র্ + ব্ + ও = র্বো, দ্ + ধ্ + ঋ = দ্ধৃ।

পৃথক্ : তফাৎ, স্বতন্ত্র। বিণ, অব্য। তৎসম। পৃথ্ [ক্ষেপণ করা] + অক্। ৬।১

পৃথক্করণ : আলাদা করণ। বি। তৎসম। পৃথক্ ['পৃথক্' দ্রষ্টব্য] + করণ [কৃ + অন]। ৬।১ বানান : পৃথক্করণ = প্ + ঋ + থ্ + অ + ক্ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। 'র' ও 'ন' -এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

পৃথক্কৃত : আলাদাকৃত। বি। তৎসম। পৃথক ['পৃথক্' দ্রষ্টব্য] + কৃত [কৃ + ত]। ৬।১ বানান : পৃথক্কৃত = প্ + ঋ + থ্ + অ + ক্ + ক্ + ঋ + ত্অ।

পৃথগন্ন : যারা এক পরিবারের হয়েও একান্নবর্তী

নয়। বিণ। তৎসম। পৃথক্ ['পৃথক্' দ্রষ্টব্য] + অন্ন [অদ্ (খাওয়া) + ত]। ৬।১ [সন্ধি] ক্ + অ = গ। ২।১৫ পৃথক্ অন্ন যার বা যাদের = বহুব্রী। ৩।৫ বানান : পৃথগন্ন = প্ + ঋ + থ্ + অ + গ্ + অ + ন্ + ন্ + অ। ন্ + ন্ + অ = ন্ন।

পৃথগ্‌বিধ : অন্যপ্রকার। বিণ। তৎসম। পৃথক্ ['পৃথক্' দ্রষ্টব্য] + বিধ [বিধ্ (বিধান করা) + অ। ৬।১ [সন্ধি] ক্ + বি= গ্‌বি। ২।১৫ পৃথক্ বিধা [বিধান বা প্রকার] যার= বহুব্রী। ৩।৫ বানান: পৃথগ্‌বিধ= প্ + ঋ + থ্ + অ + গ্ + ব্ + ই + ধ্ + অ।

পৃথা : কুন্তী। বি। তৎসম। প্রথ্ [বিখ্যাত হওয়া] + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: পৃথা= প্ + ঋ + থ্ + আ।

পৃথিবী : বসুন্ধরা। বি। তৎসম। পৃথ্ [বিস্তৃত হওয়া] + ইব + ঈ [স্ত্রী]। বানান: পৃথিবী= প্ + ঋ + থ্ + ই + ব্ + ঈ। বি.দ্র.: আগে 'ই', পরে 'ঈ'।

পৃথুল : স্থূল। বিণ। তৎসম। পৃথ্ [বিস্তৃত হওয়া] + উ + ল। বানান: পৃথুল= প্+ ঋ + থ্ + উ + ল্ + অ।

পৃথুলা : স্থূলা। বিণ। তৎসম। পৃথুল ['পৃথুলা' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।২।ক বানান: পৃথুলা= প্ + ঋ + থ্ + উ + ল্ + আ।

পৃথ্বী : বসুন্ধরা। বি। তৎসম। পৃথু [প্রথ্ (বিস্তৃত হওয়া) + উ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক [সন্ধি] উ + ঈ = ব্ + ঈ = [থ্ব] + ব্ + ঈ= থ্বী। বানান: পৃথ্বী= প্ + ঋ + থ্ + ব্ + ঈ।

পৃথ্বীশ : রাজা। বি। তৎসম। পৃথ্বী ['পৃথ্বী' দ্রষ্টব্য] + ঈশ [ঈশ্+ অ]।৬।১ [সন্ধি] ঈ + ঈ= ঈ। ২।২।ঘ পৃথ্বীর [পৃথিবীর] ঈশ [ঈশ্বর] = সম্বন্ধতৎ। ৩।৩

পৃষ্ট : জিজ্ঞাসিত। বিণ। তৎসম। প্রচ্ছ্ [প্রশ্ন করা] + ত। ৬।১ বানান: পৃষ্ট= প্+ ঋ + ষ্ + ট্ + অ। বি.দ্র.: 'ঋ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।খ 'ষ্'-সংযোগে 'ত্' 'ট্' হয়েছে। ২।২৪

পৃষ্ঠ : পিঠ। বি। তৎসম। পৃষ্ + থ। বানান: পৃষ্ঠ= প্ + ঋ + ষ্ + ঠ্ + অ। বি.দ্র.: 'ঋ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।খ 'ষ্'-এর সংযোগে 'থ্' 'ঠ্' হয়েছে। ২।২৪

পৃষ্ঠপ্রদর্শন : পলায়ন। বি। তৎসম। পৃষ্ঠ ['পৃষ্ঠ' দ্রষ্টব্য] + প্রদর্শন [প্র + দর্শন (দৃশ্ + ণিচ্ + অন)]। ৬।১ পৃষ্ঠকে প্রদর্শন= কর্মতৎ। ৩।৩ বানান: পৃষ্ঠপ্রদর্শন= প্ + ঋ + ষ্ + ঠ্ + অ + প্ + র্ + অ + দ্ + অ + র্ + শ্ + অ + ন্ + অ।

পৃষ্ঠরক্ষক : পার্শ্বরক্ষী। বি। তৎসম। পৃষ্ঠ ['পৃষ্ঠ' দ্রষ্টব্য] + রক্ষক [রক্ষ্ + অক। ৬।১ পৃষ্ঠের রক্ষক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পৃষ্ঠরক্ষক= প্ + ঋ + ষ্ + ঠ্ + অ + র্ + অ + ক্ + ষ্ + অ + ক্ + অ।

পৃষ্ঠা : বইয়ের পাতা। বি। তদ্ভব। পৃষ্ঠ ['পৃষ্ঠ' দ্রষ্টব্য] + বাং. আ। বানান: পৃষ্ঠা= প্ + ঋ + ষ্ + ঠ্ + আ।

পৃষ্ঠাঙ্ক : পাতার নম্বর। বি। তৎসম। পৃষ্ঠা ['পৃষ্ঠা' দ্রষ্টব্য] + অঙ্ক [অঙ্ক্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ষ্ঠা]। ২।১।গ পৃষ্ঠার অঙ্ক= সম্বন্ধতৎ ৩।৩ বানান: পৃষ্ঠাঙ্ক= প্ + ঋ + ষ্ + ঠ্ + আ + ঙ্ + ক্ + অ।

পেঁকো : পাঁকযুক্ত, পাঁকের মতো। বিণ। তদ্ভব। পাঁক + ও < উয়া [বাং]। ৬।৩ বানান: পেঁকো= পঁ + এ + ক্ + ও।

পেঁচ, প্যাঁচ : পাক। বি। বিদেশী। <ফা. পেচ্। বাংলা বানান: পেঁচ= পঁ + এ + চ্। প্যাঁচ = পঁ + য্ + আ+ চ্। 'চ' হসন্তবর্জিত।

পেঁচা, প্যাঁচা : পেচক। বি। তদ্ভব। <সং. পেচক। বাংলা উচ্চারণ অনুযায়ী বানান: প্যাঁচা= পঁ + য্ + অ + চ্ + আ।

পেঁচাল, পেঁচালো : কুটিল। বিণ। মিশ্র [বিদেশী + বাংলা]। ফা. পেঁচ ['পেঁচ' দ্রষ্টব্য] + বাং. আল, আলো। বানান : পেঁচাল [পেঁচালো]= পঁ + এ + চ্ + আ + ল্ + অ [ও]।

পেঁচী [স্ত্রী] : পেচকী। বি। তদ্ভব। পেঁচা ['পেঁচা' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।ক বানান : পেঁচী= পঁ + এ + চ্ + ঈ।

পেঁদান : সাঙ্ঘাতিকভাবে প্রহার করা। ক্রি। দেশী। বানান : পেঁদান= পঁ + এ + দ্ + আ + ন্ + অ।

পেঁপে : ফল বিশেষ। বি। বিদেশী। <পো.Papaya. বাংলা বানান : পেঁপে = পঁ + এ + প্ + এ।

পেঁয়াজ, পেঁয়াজি, পেঁয়াজী : পেয়াজ, পেঁয়াজ দিয়ে তৈরী তেলে-ভাজা। বি। বিদেশী। <ফা. পিয়াজ। পেঁয়াজি, পেঁয়াজী [পেঁয়াজ + ই, ঈ]। বাংলা বানান : পেঁয়াজ, পেঁয়াজি, পিঁয়াজী= পঁ + এ + য্ + আ + জ্ [+ই, ঈ]।

পেখম : ময়ূরাদি পাখির বিস্তৃত পুচ্ছ। বি। তদ্ভব। <সং. পক্ষম্। বানান : পেখম= প্ + এ + খ্ + অ + ম্। শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

পেচক : পেঁচা। বি। তৎসম। পচ্ + অক। ৬।১ বানান : পেচক= প্ + এ + চ্ + অ + ক্ + অ।

পেচকী : পেঁচী। বি। তৎসম। পেচক ['পেচক' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী] ৭।১।গ বানান : পেচকী= প্ + এ + চ্ + অ + ক্ + ঈ।

পেচ্ছাপ : মূত্রত্যাগ। বি। অর্ধ-তৎসম। <সং. প্রস্রাব। বানান : পেচ্ছাপ= প্+ এ + চ্ + ছ্ + আ + প্ + অ।

পেচ্ছাব : মূত্রত্যাগ। বি। অর্ধ-তৎসম। <সং. প্রস্রাব। বানান : পেচ্ছাব= প্ + এ + চ্ + ছ্ + আ + ব্ + অ।

পেছন : পিছন। বি। তদ্ভব। <সং. পশ্চাৎ। বানান : পেছন= প্ + এ + ছ্ + অ + ন্ + অ।

পেছ-পা : পিছ-পা। বিণ। তদ্ভব। <সং. পশ্চাৎপদ। বানান : পেছ-পা= প্ + এ + ছ্ + প্ + আ।

পেছু : পিছন। বি। তদ্ভব। <সং. পশ্চাৎ। বানান : পেছু= প্+ এ + ছ্ + উ।

পেট : উদর। বি। দেশী। বানান : পেট= প্ + এ + ট্ + অ।

পেট-ভাতা : শুধু উদরান্নের শর্তে চাকরি। বি। মিশ্র [দেশী+তদ্ভব]। দেশী. পেট + তদ্ভব. ভাতা <সং. ভৃতি [ভৃ (ভরণ করা) + তি]। বানান : পেট-ভাতা= প্ + এ + ট্ + অ + ভ্ + আ + ত্ + আ।

পেটমরা : ক্ষুধামান্দ্য হওয়া। ক্রি। মিশ্র [দেশী + তদ্ভব]। দেশী. পেট + তদ্ভব. মরা <সং. মৃ + বাং. আ। বানান : পেটমরা= প্ + এ + ট্ + অ + ম্ + অ + র্ + আ।

পেটমোটা : অবৈধ লাভের ফলে ধনী, ভুঁড়িবিশিষ্ট। বিণ। দেশী। পেট [দেশী] + মোটা [দেশী]। পেট মোটা যার= বহুব্রী। ৩।৫ বানান : পেটমোটা= প্ + এ + ট্ + অ + ম্ + ও + ট্ + আ।

পেটরা : বাক্স, তোরঙ্গ, ঝাঁপি, ইত্যাদি। বি। তদ্ভব। <সং. পেটক। বানান : পেটরা= প্ + এ + ট্ [+ অ] + র্ + আ। 'ট' হসন্তবর্জিত।

পেটরোগা : অজীর্ণ রোগগ্রস্ত। বিণ। মিশ্র [দেশী + তদ্ভব]। দেশী, পেট + তদ্ভব. রোগা [সং. রুজ্ + অ + বাং. আ]। ৬।৩ পেটের রোগ আছে যার= বহুব্রী। ৩।৫ বানান : পেটরোগা = প্ + এ + ট্ + র্ + ও + গ্ + আ। শব্দ-মধ্যের 'ট' হসন্তবর্জিত।

পেটসর্বস্ব : পেটুক। বিণ। মিশ্র [দেশী + তৎসম]। দেশী. পেট + সং. সর্বস্ব [সর্ব + স্ব]। সর্ব স্ব [ধনসম্পত্তি] = কর্মধা। ৩।২ পেটই সর্বস্ব যার= বহুব্রী। ৩।৫ বানান : পেটসর্বস্ব= প্ + এ + ট্ + স্ + অ + র্ + ব্ + অ+ স্ + ব্ + অ। শব্দ-মধ্যের 'ট' হসন্তবর্জিত।

পেটি : কোমরবন্ধ। বি। দেশী। যা পেন্টলুন জাতীয় পরিধেয় আটকাবার জন্যে পেটে [কোমরে] পরা হয়। বানান : পেটি= প্ + এ + ট্ + ই।

পেটুক : উদরপরায়ণ। বিণ। দেশী। দেশী. পেট + বাং. উক। ৬।৩ পেট ভরাবার জন্যে যে খাদ্য-গ্রহণে মাত্রাতিরিক্তরূপে আগ্রহী। বানান : পেটুক= প্ + এ + ট্ + উ + ক্ + অ।

পেটেপেটে : ভেতরে-ভেতরে। ক্রি-বিণ। দেশী। দেশী. পেট + বাং. এ [অধিকরণ] + দেশী. পেট + বাং. এ [অধিকরণ]। বানান : পেটে পেটে= প্ + এ + ট্ + এ + প্ + এ + ট্ + এ।

পেটোয়া : অনুগত। বিণ। দেশী। পেটের কাছের লোক। বানান : পেটোয়া= প্ + এ + ট্ + ও + য্ + আ।

পেড়া, পেঁড়া, প্যাঁড়া : ক্ষীরের মিষ্টান্ন। বি। বিদেশী। <হি. পিংড়া <প্রা. পেংড <সং. পিণ্ড। বাংলা বানান : পেড়া, পেঁড়া= প্ [পঁ] + এ + ড় + আ। বাংলা উচ্চারণ= প্যাঁড়া।

পেত্নী : প্রেতিনী। বি। তদ্ভব। <সাধু বাং. প্রেতিনী। প্রেতের স্ত্রী-রূপ। বাংলা বানান : পেত্নী= প্ + এ + ত্ + ন্ + ঈ।

পেত্নী : প্রেতিনী। বি। তদ্ভব। <পেত্নী <সাধু বাং. প্রেতিনী। প্রেতের স্ত্রী-রূপ। বাংলা বানান : পেত্নী= প্ + এ + ত্ + ন্ + ঈ।

পেতে : ছোট চুবড়ি। বি। দেশী। বানান : প্ + এ + ত্ + এ।

পেন : কলম। বি। বিদেশী। <ইং. pen. বাংলা বানান= প্ + এ + ন্। 'ন' হসন্তবর্জিত।

পেনশন : অবসর-বৃত্তি। বি। বিদেশী। <ইং. pension. বাংলা বানান : প + এ + ন্ + শ্ + অ + ন্। 'ন' হসন্তবর্জিত।

পেয় : পানীয়। বিণ। তৎসম। পা [পান করা] + য [ণ্যৎ]। ৬।১ পানের যোগ্য। বানান : পেয়= প্ + এ + য্ + অ।

পেয়াদা : পদাতিক পত্রবাহক বা লাঠিয়াল। বি। বিদেশী। পিয়াদা <ফা. পিয়াদহ্। বাংলা বানান : পেয়াদা= প্ + এ + য্ + আ + দ্ +আ।

পেয়ারা : প্রসিদ্ধ উদ্যান-ফল। বি। বিদেশী। <পো. pera. ইং. guava. বাংলা বানান= পেয়ারা= প্ + এ + য্ + আ + র্ + আ।

পেয়ারী, পিয়ারী : রাধিকা। বি। বিদেশী। হি. <প্যারী <প্রা. পিয়ারা <সং. প্রিয়তরা। বাংলা বানান : পেয়ারী [পিয়ারী] = প্ + এ [ই] + য্ + আ + র্ + ঈ।

পেয়ালা : কাপ, পানপাত্র। বি। বিদেশী। <ফা. পিআলা। বাংলা বানান : পেয়ালা= প্ + এ + য্ + আ + ল্ + আ।

পেরেক : লোহা ইত্যাদির কাঁটা। বি। বিদেশী। <পো. prego. বাংলা বানান : পেরেক= প্ + এ + র্ + এ + ক্। [বাংলায় শব্দের অন্তিম বর্ণে হসন্ত-চিহ্ন দেবার প্রয়োজন নেই।]

পেলব : কোমল। বিণ। তৎসম। পিল্ [ভেদ করা] + অব। মতান্তরে, পেল [গতি] + ব ['আছে' অর্থে]। ৬।১ বানান : পেলব= প্ + এ + ল্ + অ + ব্ + অ।

পেলা [প্যালা] : ঠেকনো, গায়ক-গায়িকাকে শ্রোতাদের পুরস্কার। বি। দেশী। মতান্তরে, বিদেশী। <হি. পেলা। বা, পেলা [প্যালা] <পেল্লা <প্রা. পেল্লিঅ <সং. প্রেরিত। বাংলা বানান : পেলা [প্যালা] = প্ + এ [য্ + আ] + ল্ + আ।

পেশ : বিচারকের কাছে আবেদন। বি। বিদেশী। <ফা. পেশ্ [সম্মুখ]। বাংলা বানান : পেশ = প্ + এ + শ্। শব্দান্তের 'শ' হসন্তবর্জিত।

পেশল : সুন্দর। বিণ। তৎসম। পিশ্ + অল। মতান্তরে, পেশ + ল। ৬।১ বাংলায় 'পেশীবহুল' অর্থে 'পেশল' শব্দের ব্যবহার অশুদ্ধ। 'সুন্দর' অর্থে শুদ্ধ। বানান : পেশল = প্ + এ + শ্ + অ + ল্ + অ।

পেশা : ব্যবসায়। বি। বিদেশী। <ফা. পেশহ্। বাংলা বানান: পেশা= প্ + এ + শ্ + আ।

পেশকার : প্রয়োজনীয় নথিপত্র যে বিচারকের সম্মুখে উপস্থাপিত করে। বি। বিদেশী। <ফা. পেশ্কার। বাংলা বানান: পেশকার = প্ + এ + শ্ + অ + ক্ + আ + র্। [অন্তিম বর্ণের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজনীয়।]

পেশাদার : পেশার সাহায্যে রোজগার, ব্যবসায়ী। বি। বিদেশী। <ফা. পেশা + ফা. দার। বাংলা বানান: পেশাদার = প্ + এ + শ্ + আ + দ্ + আ + র্। শব্দান্তের 'র্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পেশী, পেশি : দেহের মাংসল অংশ। বি। তৎসম। পেশ্ [অবয়বীভূত হওয়া] + ঈ [ই]। ৬।১ বানান: পেশী [পেশি] = প্ + এ + শ্ + ঈ [ই]।

পেশোয়াজ : মুসলমান স্ত্রীলোক বা নর্তকীদের পায়জামা। বি। বিদেশী। <ফা. পেশ্ওয়াজ্। বাংলা বানান: প্ + এ + শ্ + ও + য় + আ + জ্। [বাংলায় শব্দান্তের 'জ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।]

পেষক : যে পেষণ করে। বি। তৎসম। পেষ্ [পিষ্ট বা চূর্ণ করা] + অক। ৬।১ পেষণ করে যে। বানান: পেষক = প্ + এ + ষ্ + অ + ক্ + অ।

পেষণ : বাটা। বি। তৎসম। পিষ্ [পিষ্ট বা চূর্ণ করা] + অক। ৬।১ বানান: পেষণ = প্ + এ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

পেষণি : পেষণ করবার যন্ত্র। বি। তৎসম। পেষণ ['পেষণ' দ্রষ্টব্য] + ই [পুংলিঙ্গ]। বানান: পেষণি = প্ + এ + ষ্ + অ + ণ্ + ই। বি.দ্র.: 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

পেষণী : যা দিয়ে পেষণ করা হয়। বি। তৎসম। পেষণ ['পেষণ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: পেষণী = প্ + এ + ষ্ + অ + ণ্ + ঈ [স্ত্রী]। 'ষ্' ও 'ন' এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

পেষা : বাটা। ক্রি। তদ্ভব। পিষ্ [পেষা বা চূর্ণ করা] + অ + আ। ৬।১ বানান: পেষা= প্ + এ + ষ্ + আ।

পেষাই : পেষণ। বি। তদ্ভব। পিষ্ [পিষ্ট বা চূর্ণ করা]। বাং. আই। বানান: পেষাই = প্ + এ + ষ্ + আ + ই।

পেস্তা : বাদাম-জাতীয় ভক্ষ্য বীজ। বি। বিদেশী। <ফা. পিস্তহ্.। হি. পেস্তা। বাংলা বানান: পেস্তা = প্ + এ + স্ + ত্ + আ। স্ + ত্ + আ= স্তা।

পৈঁছা : স্ত্রীলোকের হাতের গয়না। বি। বিদেশী। <হি. পহুঁচা [কনুই থেকে হাতের নীচের অংশ]। পহুঁচার অলঙ্কার। বাংলা বানান: পৈঁছা = পঁ + ঐ + ছ্ + আ।

পৈঠা : সিঁড়ির ধাপ। বি। দেশী। বানান: প্ + ঐ + ঠ্ + আ।

পৈতা : উপবীত। বি। তদ্ভব। পৈত [<বাং. পইত <প্রা. পবীত <সং. উপবীত] + বাং. আ। বানান: পৈতা = প্ + ঐ + ত্ + আ।

পৈতৃক : পিতা থেকে প্রাপ্ত। বিণ। তৎসম। পিতৃ + ইক [ষ্ণিক]। ৬।২ পৈত্রিক অশুদ্ধ। [কারণ 'ঋ' কারান্ত শব্দে 'ইক' [ষ্ণিক]-এর কেবল 'ক' যুক্ত হয়।] বানান: পৈতৃক = প্ + ঐ + ত্ + ঋ + ক্ + অ।

পৈত্তিক : পিত্তদোষজাত। বিণ। তৎসম। পিত্ত + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: পৈত্তিক = প্ + ঐ + ত্ + ত্ + ই + ক্ + অ। ত্ + ত্ + ই=ত্তি।

পৈশাচ : নিদ্রিতা, মত্তা বা প্রমত্তা কন্যাকে অভিগমন বা তাকে হরণ করে প্রাচীন বিবাহ-প্রথা। বিণ। তৎসম। পিশাচ [মাংসভুক্] + অ [ষ্ণ]। ৬।২

পিশাচের মতো আচরণ। বানান: পৈশাচ = প্ + ঐ + শ্ + আ + চ্ + অ।

পৈশাচিক : পিশাচের তুল্য। বিণ। তৎসম। পিশাচ [মাংসভুক্] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: পৈশাচিক = প্ + ঐ + শ্ + আ + চ্ + ই + ক্ + অ।

পৈশুন : কুৎসা রটনা। বি। তৎসম। পিশুন + অ [ষ্ণ]। ৬।২ কুৎসা রটনা-কারীর কাজ। বানান: পৈশুন= প্ + ঐ + শ্ + উ + ন্ + অ।

পোঁ : সানাই-এর একটানা সুর। অব্য। দেশী। [ধ্বন্যাত্মক শব্দ]। বানান: পোঁ = পঁ্ + ও।

পোঁচ : প্রলেপ। বি। তদ্ভব। <পুংছ <প্রা. পুখ <সং. পুস্ত। বানান: পোঁচ = পঁ্ + ও + চ্ ['চ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজনীয়]।

পোঁছ : এক প্রস্থ রং, লেপ। বি। তদ্ভব। <পুংছ <প্রা. পুখ <সং. পুস্ত। বানান: পোঁছ = পঁ্ + ও + ছ্ [হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন]।

পোঁটলা : বড় পুঁটলি। বি। বিদেশী। হি. পোটলা <সং. পোট্টলি। বানান: পোঁটলা = পঁ্ + ও + ট্ + ল্ + আ। [ট্-এর হসন্ত-চিহ্ন [নিষ্প্রয়োজন]।

পোঁটা : শিকনি। বি। দেশী। বানান: পোঁটা= পঁ্ + ও + ট্ + আ।

পোঁতা : খুঁটি বা গাছের চারা প্রোথিতকরণ। ক্রি। তদ্ভব। পোঁত [পোত—(চন্দ্রবিন্দুর আগমের ফলে নাসিক্যীভবন)<সং. প্রোথিত] + বাং. আ। বানান: পোঁতা = পঁ্ + ও + ত্ + আ।

পোঁদ : পাছা, মলদ্বার। বি। দেশী। বানান: পঁ্ + ও + দ্ [হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন]।

পোঁ ধরা : অন্যের অনুগামী হওয়া। বিণ। ক্রি। দেশী। পোঁ [পোঁ—সানাই-এর একটানা সুর দ্রষ্টব্য] পোঁ ধরে যে= উপপদতৎ। ৩।৩ বা পোঁ ধরার কাজ। বানান: পোঁ ধরা = পঁ্ + ও + ধ্ + অ + র্ + আ।

পো : পুত্র। বি। তদ্ভব। পো <পুঅ <প্রা. পুত <সং. পুত্র।

পোকা : কীট। বি। তদ্ভব। <পুইকা <সং. পুত্তিকা, পুত্রিকা। বানান: পোকা = প্ + ও + ক্ + আ।

পোক্ত : মজবুত। বিণ। বিদেশী। <ফা. পুক্তহ্। বাংলা বানান: পোক্ত= প্ + ও + ক্ + ত্ + অ।

পোখরাজ : পুষ্পরাগ। বি। বিদেশী। <হি. পুখরাজ, পোখরাজ <সং. পুষ্পরাগ। বাংলা বানান: পোখরাজ = প্ + ও + খ্ + র্ + আ + জ্। 'খ্' ও 'জ্'-তে হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পোগণ্ড : পাঁচ থেকে পনেরো বছর পর্যন্ত বালক। <সং. অপোগণ্ড। বানান: পোগণ্ড = প্ + ও + গ্ + অ + ণ্ + ড্ + অ। বি.দ্র.: 'ড'-এর অব্যবহিত আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

পোড় : দহন। বি। তদ্ভব। <পুড্ [<সং. পুট্]। বানান: পোড় = প্ + ও + ড়্। বি.দ্র.: শব্দান্তের 'ড়্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পোড়-খাওয়া : অগ্নিপরীক্ষায় উত্তীর্ণ। বিণ। তদ্ভব। পোড় ['পোড়' দ্রষ্টব্য] + খাওয়া [খা (<সং. খাদ্) + আ—ওয়্ আগম [ব-শ্রুতি] + আ। ৬।৩ পোড় খেয়েছে যে = উপপদতৎ। ৩।৩ বানান: পোড়-খাওয়া = প্ + ও + ড়্ + খ্ + আ + ও + য়্ + আ।

পোড়াকপাল : বিড়ম্বিত। বিণ। তদ্ভব। পোড় ['পোড়' দ্রষ্টব্য] + আ + সং. কপাল। পোড়া কপাল যার = বহুব্রী। ৩।৫ বানান: পোড়া কপাল = প্ + ও + ড়্ + আ + ক্ + অ + প্ + আ + ল্ + অ।

পোড়ানী : যে [স্ত্রী] পোড়ায় বা কষ্ট দেয়। বিণ। তদ্ভব। পোড় ['পোড়' দ্রষ্টব্য] + আন + ইয়া [>এ] + ঈ [স্ত্রী]। ৬।৩, ৭।১।গ পোড়ায় যে। বানান: পোড়ানী = প্ + ও + ড়্ + আ + ন্ + ঈ।

পোড়ার মুখ : কলঙ্কিত। বিণ। তদ্ভব। পোড়া

['পোড়া' দ্রষ্টব্য] + র [সম্বন্ধ] + সং. মুখ। পোড়া যে মুখ = কর্মধা। ৩।২ বানান: পোড়ার মুখ = প্ + ও + ড়্ + আ + র্ + ম্ + উ + খ্ + অ।

পোড়ারমুখী: কলঙ্কিনী। বিণ। তদ্ভব। পোড়ার মুখ ['পোড়ার মুখ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। বানান: পোড়ার মুখী= প্ + ও + ড়্ + আ + র্ + ম্ + উ + খ্ + ঈ।

পোড়ার-মুখো: কলঙ্কী। বি, বিণ। তদ্ভব। পোড়ার মুখ ['পোড়ার মুখ' দ্রষ্টব্য] + বাং. ও। বানান: পোড়ার মুখো= প্ + ও + ড়্ + আ + র্ + ম্ + উ + খ্ + ও।

পোড়েন: তাঁতের টানা সুতোয় যে সুতো পরিয়ে কাপড় বোনা হয়। বি। তদ্ভব। [টানা] পোড়েন, পড়েন <পড়িয়ান <সং. প্রতিবানি। বানান: পোড়েন= প্ + ও্ + ড়্ + এ + ন্। শব্দ-শেষের 'ন্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পোড়ো: পড়ুয়া। বি। তদ্ভব। পড়্ [<সং. পঠ্] + বাং. ও [<বাং. উয়া]। ৬।৩ যে পড়ে। বানান: পোড়ো = প্ + ও + ড়্ + ও।

পোত: নৌকা। বি। তৎসম। পূ [হাওয়া লাগানো] + ত। ৬।১ বায়ু-চালিত যান। বানান: পোত= প্ + ও + ত্ + অ।

পোতাধ্যক্ষ: জাহাজের কাপ্তেন। বি। তৎসম। পোত ['পোত' দ্রষ্টব্য] + অধ্যক্ষ [অধি + অক্ষ (অক্ষ + অ)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ ২।১।ক, ই + অ = য [ধ্য]। ২।৭।ক পোতের অধ্যক্ষ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পোতাধ্যক্ষ= প্ + ও + ত্ + আ + ধ্ + য্ + অ + ক্ + ষ্ + অ।

পোতারোহী: পোতের যাত্রী। বি, বিণ। তৎসম। <পোত ['পোত' দ্রষ্টব্য] + আরোহী [আ + রুহ্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + আ=আ [তা]। ২।১।খ পোতে আরোহণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: পোতারোহী = প্ + ও + ত্ + আ + র্ + ও + হ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

পোতাশ্রয়: জাহাজের নিরাপদ আশ্রয়স্থান। বি। তৎসম। পোত ['পোত' দ্রষ্টব্য] + আশ্রয় [আ + শ্রি + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [তা]। ২।১।খ পোতের আশ্রয় = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পোতাশ্রয় = প্ + ও + ত্ + আ + শ্ + র্ + অ + য়্ + অ।

পোদ্দার: যে ব্যক্তি নৌবাণিজ্য করে। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. পোত ['পোত' দ্রষ্টব্য] + ফা. দার । [সন্ধি] ত[ত্] + দা= দ্ + দা = দ্দা। ২।১৫ বানান: পোদ্দার = প্ + ও + দ্ + দ্ + আ + র্ + অ। দ্ + দ্ + আ= দ্দা।

পোদ্দারি: পোদ্দারের বৃত্তি। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। পোদ্দার ['পোদ্দার' দ্রষ্টব্য] + বাং. ই। ৬।৩ পোদ্দারের কাজ। বানান: পোদ্দারি = প্ + ও + দ্ + দ্ + আ + র্ + ই।

পোনা: মাছের বাচ্চা। বি। দেশী। বানান: পোনা [ছানাপোনা] = প্ + ও + ন্ + আ।

পোনামাছ: রুই-কাতলা বা তজ্জাতীয় মাছ। বি। মিশ্র [দেশী + তদ্ভব]। দেশী. পোনা ['পোনা' দ্রষ্টব্য] + মাছ [<সং. মৎস্য]। পোনা যে মাছ = কর্মধা। ৩।২ বানান: পোনামাছ = প্ + ও + ন্ + আ + ম্ + আ + ছ্ + অ।

পোয়াতি, পোয়াতী: গর্ভিণী, নবজাত সন্তানের জননী। বি। তদ্ভব। <সং. পোত [শিশু] বতী]। বানান: পোয়াতি, পোয়াতী = প্ + ও + য়্ + আ + ত্ + ই [< ঈ] (স্ত্রী)]।

পোয়ানো: সেবন করা, সহ্য করা। ক্রি। তদ্ভব। <পোহান < পোষান = <সং. পোষ [পুষ্ + অ] + বাং. আন [আনো]। ৬।৩ বানান: পোয়ানো = প্ + ও + য়্ + আ + ন্ + ও [অ]।

পোয়াল: খড়, বিচালি। বি। তদ্ভব। <সং. পলাল।

বানান: পোয়াল = প্ + ও + য় + আ + ল্। বি.দ্র.: শব্দ-শেষের 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পোর: ঘুঁটের মৃদু জ্বাল। বি। দেশী। বানান: পোর = প্ + ও + র্। বি.দ্র.: শব্দ-শেষের 'র্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পোরানো: পূর্ণ করা। ক্রি। তদ্ভব। পোরা [<সং. পৃ (পূর্ণ করা)] + বাং. আনো। ৬।৩ বানান: পোরানো = প্+ও+র্+আ+ন্+ও।

পোল: সাঁকো। বি। বিদেশী। <ফা. পুল্। বাংলা বানান: পোল= প্ + ও + ল্। বি.দ্র.: শব্দ-শেষের 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পোলা: ছেলে। বি। দেশী। বানান: পোলা = প্ + ও + ল্ + আ।

পোলাও: ঘি মসলা ইত্যাদি সহযোগে পক্ক অন্ন। বি। বিদেশী। <ফা. পোলাও। বাংলা বানান: পোলাও = প্ + ও + ল্ + আ + ও।

পোলো: ঘোড়ায় চড়ে হকির মতো এক রকমের খেলা। বি। বিদেশী। <ইং. Polo. বাংলা বানান: পোলো = প্ + ও + ল্ + ও।

পোশাক: পরিচ্ছদ, সভ্য সমাজের উপযুক্ত জামা-কাপড়। বি। বিদেশী। <ফা. পোশাক। বাংলা বানান: পোশাক= প্ + ও + শ্ + আ + ক্। 'ক' হসন্তবর্জিত।।

পোশাকি, পোশাকী: সভ্য সমাজের উপযুক্ত। বিণ। বিদেশী। <ফা.পোশাক + বাং. ই, ঈ। বাংলা বানান: পোশাকি [পোশাকী] = প্ + ও + শ্ + আ + ক্ + ই [ঈ]।

পোষ: প্রতিপালকের বশ্যতা। বি। তৎসম। পুষ্ [পালন করা] + অ। ৬।১ বাংলা বানান: পোষ = প্ + ও + ষ্ + অ।

পোষক: পোষণকারী। বিণ। তৎসম। পুষ্ [পালন করা] + অক। ৬।১ যে পোষণ করে। বানান: পোষক = প্ + ও + ষ্ + অ + ক্ + অ। বি.দ্র.: 'ও'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক।

পোষকতা: সমর্থন, সহায়তা। বি। তৎসম। পোষক ['পোষক' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: পোষকতা = প্ + ও + ষ্ + অ + ক্ + অ + ত্ + আ। বি.দ্র.: 'ও'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

পোষণ: পালন। বি। তৎসম। পুষ্ [পালন করা] + অন। ৬।১ বানান: পোষণ = প্ + ও + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ও'-র পর 'ষ্' হয়েছে এবং 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।২।ক, ৪।১।গ

পোষান, পোষানো: সামর্থ্যের অনুরূপ হওয়া, ঠিক-ঠিক মূল্য দেওয়া। ক্রি। তদ্ভব। পোষ ['পোষ' দ্রষ্টব্য] + বাং. আন, আনো। ৬।৩ বানান: পোষান, পোষানো = প্ + ও + ষ্ + আ + ন্ + অ [ও]। বি.দ্র.: 'ও'-র পর 'ষ্' হয়েছে [তদ্ভব শব্দ হওয়া সত্ত্বেও]। ষত্ব-বিধান অনুসৃত না হলে 'ষ্'-এর বদলে 'শ্' ব্যবহৃত হতে পারে, 'স্' নয়।

পোষ্টা: পোষক, প্রতিপালক। বিণ। তৎসম। পুষ্ [পালন করা] + তৃ [তৃচ্]। ৬।১ [সন্ধি] পোষ্ + তা [তৃ]। ২।২৪ বানান: পোষ্টা = প্ + ও + ষ্ + ট্ + আ। বি.দ্র.: 'ও'-র পর 'ষ্' হয়েছে।

পোষ্টাই: পুষ্টিকর। বি। তদ্ভব। পুষ্ট [পুষ্ (পালন করা) + ত] + বাং. আই। ৬।১, ৬।৩ বানান: পোষ্টাই = প্ + ও + ষ্ + ট্ + আ + ই। বি.দ্র.: 'ও'-র পর 'ষ্' হয়েছে এবং 'ষ্'-এর সংযোগে 'ত্' 'ট্' হয়েছে। ৪।২।ক

পোষ্য: পোষণের উপযুক্ত। বিণ। তৎসম। [সন্ধি] ট্ + আ= টা। পুষ্ [পালন করা] + য [যৎ]। ৬।১ পোষণ করার যোগ্য যে বা যারা। বানান: পোষ্য = প্ + ও + ষ্ + য্ + অ। বি.দ্র.: 'ও'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

পোষ্যপুত্র: দত্তক পুত্র। বি। তৎসম। পোষ্য ['পোষ্য' দ্রষ্টব্য] + পুত্র [পুৎ (নরকের নাম)

+ ত্রৈ (ত্রাণ করা) + অ। ৬।১ পোষ্য যে পুত্র = কর্মধা। ৩।২ বানান: পোষ্যপুত্র = প্ + ও + ষ্ + য্ + অ + প্ + উ + ত্ + র্ + অ।

পোষ্যবর্গ: প্রতিপাল্য ব্যক্তিবর্গ। বি। তৎসম। (পোষ্য) ['পোষ্য' দ্রষ্টব্য] + বর্গ [বৃজ্ (বেষ্টন করা) + অ। ৬।১ পোষ্যদের বর্গ [গণ বা গোষ্ঠী] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: পোষ্যবর্গ = প্ + ও + ষ্ + য্ + অ + ব্ + অ + র্ + গ্ + অ।

পোস্ট: খুঁটি, ডাক, পদ। বি। বিদেশী। <ইং. post. বাংলা বানান: পোস্ট = প্ + ও + স্ + ট্ + অ। বি.দ্র.: বিদেশী শব্দ বলে 'ট্' এর আগে 'স্' হয়েছে। 'ট' হসন্তবর্জিত।

পোস্ট অফিস: ডাকঘর। বি। বিদেশী < ইং. post office. বাংলা বানান: পোস্ট অফিস = প্ + ও + স্ + ট্ + অ + ফ্ + ই + স্। বি.দ্র.: শব্দ-শেষের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পোস্টকার্ড: সরকার কর্তৃক মুদ্রিত চিঠি-লেখার শক্ত কাগজ। বি। বিদেশী। <ইং. post card. বাংলা বানান: পোস্টকার্ড = প্ + ও + স্ + ট্ + ক্ + আ + র্ + ড্। বি.দ্র.: শব্দ-শেষের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পোস্ট গ্রাজুয়েট: স্নাতকোত্তর। বি। বিদেশী। <ইং. post graduate. বাংলা বানান: পোস্ট গ্রাজুয়েট = প্ + ও + স্ + ট্ + গ্ + র্ + আ + জ্ + উ + য্ + এ + ট্। বি.দ্র.: শব্দ-শেষের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পোস্ট মাস্টার: ডাকঘরের অধ্যক্ষ। বি। বিদেশী। <ইং. post master. বাংলা বানান = প্ + ও + স্ + ট্ + ম্ + আ + স্ + ট্ + আ + র্। বি.দ্র.. শব্দ-শেষের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পোস্টাপিস: ডাকঘর। বি। বিদেশী। <ইং. post office. [সন্ধি] ট্ + আ=টা। বাংলা বানান = পোস্টাপিস = প্ + ও + স্ + ট্ + আ + প্ + ই + স্। বি.দ্র.: শব্দ-শেষের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পোহান, পোহানো: কাটান, ভোর হওয়া, সেবন করা, সহ্য করা। ক্রি। তদ্ভব। <বাং. পোহান <পোষান [সং. পোষ (পুষ্ + অ) + বাং. আন]। ৬।৩

পৌঁছ: গন্তব্যস্থানে উপস্থিতি, নাগাল। বি। বিদেশী। <হি. পহুঁছ। বাংলা বানান: পৌঁছ= পঁ + ঔ + ছ। বি.দ্র.: শব্দ-শেষের 'ছ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

পৌঁছা, পৌঁছান, পৌঁছানো: পৌঁছ [পৌঁছ দ্রষ্টব্য] + বাং. আ, আন, আনো। বাংলা বানান: পৌঁছা, পৌছান, পৌঁছানো = পঁ + ঔ + ছ্ + আ, + ন্ + অ [ও]।

পৌণ্ড্র: পুণ্ড্রদের দেশ। বি। তৎসম। পুণ্ড্র [আখ] + অ [ষ্ণ]। ৬।১ পূর্বে আখের চাষের জন্য দেশের নাম পৌণ্ড্র হয়েছিল। বানান: পৌণ্ড্র= প্ + ঔ + ণ্ + ড্ + র্ + অ। 'ড'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক ণ্ + ড্ + র্ + অ = ণ্ড্র।

পৌত্তলিক: প্রতিমাপূজক। বিণ। তৎসম। পুত্তল [পুতুল] + ইক [ষ্ণিক—উপাসক অর্থে।]। ৬।২ বানান: পৌত্তলিক = প্ + ঔ + ত্ + ত্ + অ + ল্ + ই + ক্ + অ। মূল শব্দ: পুত্তল: কাজেই, বিশেষণে পৌত্তলিক।

পৌত্র: নাতি। বি। তৎসম। পুত্র + অ [ষ্ণ—অপত্য অর্থে] ৬।২ বানান: পৌত্র = প্ + ঔ + ত্ + র্ + অ। 'র্'-ফলার কারণে 'ত্'-এর দ্বিত্ব বর্জিত। ত্ + র্ + অ=ত্র।

পৌত্রী: নাতিনী। বি। তৎসম। পৌত্র ['পৌত্র' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: পৌত্রী= প্ + ঔ + ত্ + র্ + ঈ।

পৌনঃপুনিক: যা বারবার নিয়মিতভাবে ঘটে। বিণ।

তৎসম। পুনঃপুনঃ [পুনঃ + পুনঃ] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : পৌনঃপুনিক= প্ + ঔ + ন্ + অ + ঃ +প্+উ+ন্+ই+ক্+অ।

পৌনে : সিকি কম। বিণ। তদ্ভব। <পাওন <সং. পাদোন [পাদ (এক পাদ = চার ভাগের এক ভাগ) + ঊন (কম)]। চারভাগের এক ভাগ কম। বানান : পৌনে = প্ + ঔ + ন্ + এ।

পৌর : নগরবাসী। বিণ। তৎসম। পুর [নগর] + অ [ষ্ণ—সম্বন্ধ' অর্থে]। বানান : পৌর = প্ + ঔ + র্ + অ।

পৌরপিতা : পৌরসভার সদস্য। বি। তৎসম। পৌর ['পৌর' দ্রষ্টব্য] + পিতা [পা (পালন করা) + তা (তৃচ্)] ৬।৩ পৌরসভার আঞ্চলিক পিতা [পালনকর্তা] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : পৌরপিতা = প্ + ঔ + র্ + অ + প্ + ই + ত্ + আ।

পৌরব : কৌরব। বি। তৎসম। পুরু [পুরুবংশ] + অ [ষ্ণ—অপত্য অর্থে]। ৬।২ পুরুবংশে জাত। বানান : পৌরব = প্ + ঔ + র্ + অ + ব্ + অ।

পৌরসভা : নগরের তত্ত্বাবধায়ক সভা। বি। তৎসম। পৌর [পৌর' দ্রষ্টব্য] + সভা [স(সহ) + ভা (ভা + অ + আ)]। ৬।১ ভা [দীপ্তি]-র সঙ্গে বর্তমান [সভা]= বহুব্রী। ৩।৫ পৌর প্রতিনিধিদের সভা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : পৌরসভা= প্ + ঔ + র্ + অ + স্ + অ + ভ্ + আ।

পৌরাঙ্গনা : পুরনারী। বি। তৎসম। পৌর ['পৌর' দ্রষ্টব্য] + অঙ্গনা [অঙ্গ + অন + আ (স্ত্রী)]। ৬।১ [সন্ধি] অ + অ=আ[রা] ২।১।ক পৌর [পুরবাসী] অঙ্গনা = কর্মধা। ৩।২ বানান : পৌরাঙ্গনা = প্ + ঔ + র্ + আ + ঙ্ + গ্ + অ + ন্ + আ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'আ', 'ঙ' ও 'গ' থাকা সত্ত্বেও 'ন্' 'ণ' হয়নি। ৪।১।গ

পৌরাণিক : পুরাণের বিষয় অবলম্বনে রচিত। বিণ। তৎসম। পুরাণ [প্রাচীন কাহিনী-কাব্য] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : পৌরাণিক = প্ + ঔ + র্ + আ + ণ্ + ই + ক্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

পৌরুষ : পুরুষকার, পুরুষত্ব। বি। তৎসম। পুরুষ [অগ্রে গমন করে যে] + অ [ষ্ণ-'ভাব' অর্থে]। ৬।২ বানান : পৌরুষ = প্ + ঔ + র্ + উ + ষ্ + অ। 'উ'-র পর 'ষ্' ষত্ব-বিধান-সিদ্ধ। ৪।১।গ

পৌরুষেয় : মনুষ্যকৃত। বিণ। তৎসম। পুরুষ [যে অগ্রে গমন করে] + এয় [ষ্ণেয়—'ভাব' অর্থে]। ৬।২ বানান : পৌরুষেয় = প্ + ঔ + র্ + উ + ষ্ + এ + য্ + অ। বি.দ্র. : 'উ'-র পর 'ষ্' ষত্ব-বিধান-সিদ্ধ। ৪।১।গ

পৌরোহিত্য : পুরোহিতগিরি। বি। তৎসম। পুরোহিত ['পুরোহিত' দ্রষ্টব্য] + য [ষ্ণ্য—বৃত্তি বা জীবিকা' অর্থে]। ৬।২ বানান : পৌরোহিত্য = প্ + ঔ + র্ + ও + হ্ + ই + ত্ + য্ + অ। বি.দ্র. : পুরোহিত' শব্দের 'র্' + ও= রো' 'পৌরোহিত্য' শব্দেও রক্ষিত আছে।

পৌর্বাহ্ণিক : পূর্বাহ্ণে করণীয়, পূর্বাহ্ণকালীন। বিণ। তৎসম। পূর্বাহ্ণ ['পূর্বাহ্ণ' দ্রষ্টব্য] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : পৌর্বাহ্ণিক = প্ + ঔ + র্ + ব্ + আ + হ্ + ণ্ + ই + ক্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ব্', 'আ' ও 'হ্' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ হ্ + ণ= হ্ণ

পৌষ : বাংলা সনের নবম মাস। বি। তৎসম। পৌষী [পুষ্যানক্ষত্র-যুক্ত পূর্ণিমা] + অ [ষ্ণ]। ৬।২ বানান : পৌষ = প্ + ঔ + ষ্ + অ। বি/দ্র. : 'ঔ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

পৌষালী : পৌষমাসে জাত। বিণ। তদ্ভব। পৌষ ['পৌষ' দ্রষ্টব্য] + বাং. আলী। ৬।৩ [সন্ধি] অ + আ= আ [ষা]। ২।১।খ বানান : [পৌষালী

= প্ + ঔ + ষ্ + আ + ল্ + ঈ। বি.দ্র.: 'ঔ'-র পর 'ষ' ষত্ব-বিধান-সিদ্ধ। ৪।২।ক

পৌলস্ত্য: পুলস্ত্য মুনির রাবণাদি পুত্র। বি। তৎসম। পুলস্ত্য + অ [ষ্ণ্য—অপত্যার্থে]। বানান: প্ + ঔ + ল্ + অ + স্ + ত্ + য্ + অ।

পৌলোমী: পুলোমাদৈত্যের কন্যা [শচী]। বি। তৎসম। পুলোমা + অ [ষ্ণ] + ঈ (স্ত্রী)]। বানান: প্ + ঔ + ল্ + ও + ম্ + ঈ।

প্যাঁচ: পাঁক, বিপাক। বি। বিদেশী। <হি. পেঁচ। বাংলা বানান: পঁ্ + য্ + আ+ চ্। শব্দ-শেষের 'চ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

প্যাঁচোয়া: কুটিল। বিণ। মিশ্র শব্দ। হি. প্যাঁচ [পেঁচ] + বাং. ওয়া [<উয়া]। ৬।৩ বানান: প্যাঁচোয়া = পঁ্ + য্ + আ+ চ্ + ও + য্ + আ।

প্যাঁদানো: সাঙ্ঘাতিকভাবে প্রহার করা। ক্রি। দেশী। বানান: প্যাঁদানো = পঁ্ + য্ + আঁ+ দ্ + আ + ন্ + ও।

প্যাডেল: পায়ের চাপে যন্ত্র বা যান চালাবার পাদানি। বি। বিদেশী। <ইং. pedal. বাংলা বানান: প্ + য্ + আ + ড্ + এ + ল্ + অ।

পৌষ্টিক: পুষ্টিকর। বিণ। তৎসম। পুষ্টি + ইক [ষ্ণিক]। বানান: প্ + ঔ + ষ্ + ট্ + ই + ক্ + অ। বি.দ্র.: 'ট্'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ঙ।

প্যান্ট: ইজের। বি। বিদেশী। <ইং. Pantaloon [সংক্ষেপিত]। বানান: প্ + য্ + আ + ন্ + ট্। বি.দ্র.: বিদেশী শব্দে 'ন্' হয়েছে।

প্যাকিং: মোড়ক। বি। বিদেশী। <ইং. packing. বাংলা বানান: প্+য্+আ+ক্+ই+ং।

প্যানডেল, প্যান্ডেল: পূজা, প্রদর্শনী প্রভৃতির জন্য অস্থায়ী মণ্ডপ। বি। বিদেশী। <ইং. pantheon: বানান: প্যানডেল, প্যান্ডেল= প্ + য্ + আ + ন্ + ড্ + এ + ল্। শব্দ-শেষের 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

প্যানপ্যান: কান্নার সঙ্গে বিলাপ বা আবদার। অব্যয়। দেশী। ধ্বন্যাত্মক শব্দ। বানান: প্ + য্ + আ + ন্ + প্ + য্ + আ + ন্।

প্যানপেনে: যে আবদার-সহ কাঁদে। বিণ। দেশী। ধ্বন্যাত্মক শব্দ। বানান: প্যানপেনে = প্ + য্ + আ + ন্ + প্ + এ + ন্ + এ।

প্যানপ্যানান, প্যানপ্যানানো: প্যানপ্যান করণ। বি। দেশী। ধ্বন্যাত্মক শব্দ। বানান: প্ + য্ + আ + ন্ + প্ + য্ + আ + ন্ + আ + ন্ + অ [ও]।

প্যানপ্যানানি: প্যান প্যান করণ। বি। দেশী। ধ্বন্যাত্মক শব্দ। বানান: প্ + য্ + আ + ন্ + প্ + য্ + আ + ন্ + আ + ন্ + ই।

পৌর্বাপর্য: আগের ও পরের ক্রম-পরম্পরা। বি। তৎসম। পূর্বাপর + য [ষ্ণ]। ৬।২ বানান: পৌর্বাপর্য= প্ + ঔ + র্ + ব্ + আ + প্ + অ + র্ + য্ + অ।

প্যারাসুট: বিমান থেকে ভূপৃষ্ঠে অবতরণের জন্য বিশেষভাবে প্রস্তুত ছত্র। বি। বিদেশী। <ইং. parachute বাংলা বানান: প্ + য্ + আ + র্ + আ + স্ + উ + ট্। বি.দ্র,: শব্দ-শেষের 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

প্যালা: গায়ক-গায়িকাকে শ্রোতাদের পুরস্কার। বি। দেশী। বানান: প্ + য্ + আ + ল্ + আ।

প্যাসেঞ্জার: যে-কোন যানের যাত্রী। বি। বিদেশী। <ইং. passenger বাংলা বানান: প্ + য্ + আ + স্ + এ + ঞ্ + জ্ + আ + র্। বি.দ্র.: শব্দ-শেষের 'র্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

প্যারী: রাধিকা। বি। বিদেশী। বানান: <হি. প্যার [প্রেম] + ঈ [স্ত্রী]। বানান: প্ + য্ + আ + র্ + ঈ।

প্রকট: ব্যক্ত। বিণ। তৎসম। প্র + কট্ [প্রকাশিত হওয়া] + অ। ৬।১ বানান: প্রকট= প্ + র্ + অ + ক্ + অ + ট্ + অ।

প্রকটিত : প্রকাশিত। বিণ। তৎসম। প্র + কট্ [প্রকাশিত হওয়া] + ত। ৬।১ বানান: প্রকাশিত= প + র্ + অ + ক্ + অ + ট্ + ই + ত্ + অ।

প্রকম্পন : অতিশয় কম্পন। বি। তৎসম। প্র + কম্পন [কম্প্ + অন]। ৬।১ বানান : প্রকম্পন= প্ + র্ + অ + ক্ + অ + ম্ + প্ + অ + ন্ + অ। ম্ + প্ + অ= ম্প।

প্রকম্পিত : অতিশয় কম্পিত। বিণ। তৎসম। প্র + কম্পিত [কম্প্ + ত]। ৬।১ বানান: প্রকম্পিত= প্ + র্ + অ + ক্ + অ + ক + প্ + ই + ত্ + অ।

প্রকরণ : গ্রন্থাদির অধ্যায়, প্রক্রিয়া। বি। তৎসম। প্র + করণ [কৃ + অন]। ৬।১ বানান : প্রকরণ= প্ + র্ + অ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ' হয়েছে। ৪।১।গ

প্রকর্ষ : উৎকর্ষ। বি। তৎসম। প্র + কর্ষ [কৃষ্ + অ]। ৬।১ বানান: প্রকর্ষ= প্ + র্ + অ + ক্ + অ + র্ + ষ্ + অ। বি.দ্র. : 'র্'-এর পর 'ষ্' হয়েছে। ৪।২।গ প্ + র্ + অ= প্র, র্ + ষ্ + অ= র্ষ।

প্রকল্প : পরিকল্পনা। বি। তৎসম। প্র + কল্প [কৢপ্ + অ]। ৬।১ বানান: প্রকল্প= প্ + র্ + অ + ক্ + অ + ল্ + প্ + অ। বি.দ্র. : প্ + র্ + অ= প্র, ল্ + প্ + অ= ল্প।

প্রকাণ্ড : অতি বিশাল, মোটা গাছের গুঁড়ি। বিণ। তৎসম। প্র + কাণ্ড [কন্ (দীপ্তি পাওয়া) + ড]। ৬।১ বানান: প্রকাণ্ড= প্ + র্ + অ + ক্ + আ + ণ্ + ড্ + অ। বি.দ্র. : ড্-এর অব্যবহিত আগের 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।ক ণ্ + ড= ণ্ড।

প্রকার : রকম। বি। তৎসম। প্র + কার [কৃ + অ]। ৬।১ বানান: প্রকার= প্ + র্ + অ + ক্ + আ + র্ + অ।

প্রকারান্তর : অন্য প্রকার। বি। তৎসম। প্রকার [প্র + কৃ + অ] + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [রা]। ২।১।ক অন্য প্রকার= নিত্যসমাস। বানান: প্রকারান্তর= প্ + র + অ + ক্ + আ + র্ + আ + ন্ + ত্ + অ + র্ + অ।

প্রকাশ : প্রকটন। বি। তৎসম। প্র + কাশ [কাশ্ (দীপ্তি পাওয়া) + অ]। ৬।১ বানান: প্রকাশ= প্ + র্ + অ + ক্ + আ + শ্ + অ।

প্রকাশক : প্রকাশকারী। বি। তৎসম। প্র + কাশক [কাশ্ (দীপ্তি পাওয়া) + অক। ৬।১ যে বা যা প্রকাশ করে। বানান: প্রকাশক= প্ + র্ + অ + ক্ + আ + শ্ + অ + ক্ + অ।

প্রকাশন : পুস্তকাদির প্রকাশ। বি। তৎসম। প্র + কাশন [কাশ্ (দীপ্তি পাওয়া) + অন]। ৬।১ বানান: প্রকাশন= প্ + র্ + অ + ক্ + আ + শ্ + অ + ন্ + অ।

প্রকাশনা : পুস্তকাদির প্রকাশ। বি। তৎসম। প্র + কাশনা [কাশ্ (দীপ্তি পাওয়া) + অন + আ]। ৬।১ প্রকাশের ভাব। বানান: প্রকাশনা= প্ + র্ + অ + ক্ + আ + শ্ + অ + ন্ + আ।

প্রকাশমান : যা প্রকাশিত হচ্ছে। বিণ। তৎসম। প্র + কাশমান [কাশ্ (দীপ্তি পাওয়া) + মান(শানচ্)]। ৬।১ বানান: প্রকাশমান= প্ + র্ + অ + ক্ + আ + শ্ + অ + ম্ + আ + ন্ + অ।

প্রকাশিত : যা প্রকাশ করা হয়েছে, ব্যক্ত। বিণ। তৎসম। প্র+কাশিত [কাশ্ (দীপ্তি পাওয়া) + ত]। ৬।১ বানান: প্রকাশিত= প্ + র্ + অ + ক্ + আ + শ্ + ই + ত্ + অ।

প্রকাশ্য : যা প্রকাশিত হবে। বিণ। তৎসম। প্র + কাশ্য [কাশ্ (দীপ্তি পাওয়া) + য (যৎ)]। ৬।১ বানান: প্রকাশ্য= প্ + র্ + অ + ক্ + আ + শ্ + য্ + অ।

প্রকীর্ণ: বিক্ষিপ্ত। বিণ। তৎসম। প্র + কীর্ণ [কৃ (ছড়ানো) + ত]। ৬।১ বানান: প্রকীর্ণ= প্ + র্ + অ + ক্ + ঈ + র্ + ণ্ + অ। বি.দ্র.: 'র্'-এর ঠিক পরেই 'ণ' হয়েছে। ৪।১।খ ক্ + ঈ= কী, র্ + ণ= র্ণ।

প্রকুপিত: অত্যন্ত রুষ্ট। বিণ। তৎসম। প্র + কুপিত [কুপ্ (ক্রুদ্ধ হওয়া) + ত্]। ৬।১ বানান: প্রকুপিত= প্ + র্ + অ + ক্ + উ + প্ + ই + ত্ + অ।

প্রকৃত: বাস্তবিক। বিণ। তৎসম। প্র + কৃত [কৃ + ত]। ৬।১ বানান: প্রকৃত= প্ + র্ + অ + ক্ + ঋ + ত্ + অ।

প্রকৃতপক্ষে: আসলে। ক্রি-বিণ। তদ্ভব। প্রকৃত ['প্রকৃত' দ্রষ্টব্য] + পক্ষে (পক্ষ্ + অ)+ বাং. এ (অধিকরণ)]। ৬।১ বানান: প্রকৃতপক্ষে= প্ + র্ + অ + ক্ + ঋ + ত্ + অ + প্ + অ + ক্ + ষ্ + এ। ক্ + ষ্ + এ= ক্ষে।

প্রকৃতপ্রস্তাবে: আসলে। ক্রি-বিণ। তদ্ভব। প্রকৃত ['প্রকৃত' দ্রষ্টব্য] + প্রস্তাবে (প্র + স্তু + অ) + বাং. এ (অধিকরণ)]। ৬।১ বানান: প্রকৃত প্রস্তাবে= প্ + র্ + অ + ক্ + ঋ + ত্ + অ + প্ + র্ + অ + স্ + ত্ + আ + ব্ + এ।

প্রকৃতি: স্বভাব। বি। তৎসম। প্র + কৃতি [কৃ + তি]। ৬।১ বানান: প্রকৃতি= প্ + র্ + অ + ক্ + ঋ + ত্ + ই।

প্রকৃতিগত: স্বভাবসিদ্ধ। বিণ। তৎসম। প্রকৃতি ['প্রকৃতি' দ্রষ্টব্য]+ গত [গম্ + ত]। ৬।১ প্রকৃতিকে গত= কর্মতৎ। ৩।৩ বানান: প্রকৃতিগত: প্ + র্ + অ + ক্ + ঋ + ত্ + ই + গ্ + অ + ত্ + অ।

প্রকৃতিজ: স্বাভাবিক। বিণ। তৎসম। প্রকৃতি ['প্রকৃতি' দ্রষ্টব্য] + জ [জন্ (জন্ম লাভ করা) + অ (ড)]। ৬।১ বানান: প্রকৃতিজ= প্ + র্ + অ + ক্ + ঋ + ত্ + ই + জ্ + অ।

প্রকৃতিজাত: স্বাভাবিক। বিণ। তৎসম। প্রকৃতি ['প্রকৃতি' দ্রষ্টব্য] + জাত [জন্ (জন্মলাভ করা) + ত]। ৬।১ প্রকৃতি থেকে জাত= অপাদানতৎ। ৩।৩ বানান: প্রকৃতিজাত= প্ + র্ + অ + ক্ + ঋ + ত্ + ই + জ্ + আ + ত্ + অ।

প্রকৃতিদত্ত: স্বাভাবিক। বিণ। তৎসম। প্রকৃতি ['প্রকৃতি' দ্রষ্টব্য] + দত্ত [দা (দেওয়া) + ত]। ৬।১ প্রকৃতির দ্বারা দত্ত= করণতৎ। ৩।৩ বানান: প্রকৃতিদত্ত= প্ + র্ + অ + ক্ + ঋ + ত্ + ই + দ্ + অ + ত্ + ত্ + অ।

প্রকৃতিবিরুদ্ধ: যা স্বভাবগত নয়। বিণ। তৎসম। প্রকৃতি ['প্রকৃতি' দ্রষ্টব্য] + বিরুদ্ধ [বি + রুধ্ + ত]। ৬।১ প্রকৃতির বিরুদ্ধ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রকৃতিবিরুদ্ধ= প্ + র্ + অ + ক্ + ঋ + ত্ + ই + ব্ + ই + র্ + উ + দ্ + ধ্ + অ। দ্ + ধ্ + অ= দ্ধ।

প্রকৃতিসিদ্ধ: স্বাভাবিক। বিণ। তৎসম। প্রকৃতি ['প্রকৃতি' দ্রষ্টব্য] + সিদ্ধ [সিধ্ + ত]। ৬।১ প্রকৃতিতে সিদ্ধ= অধিকরণতৎ। ৩।৩ বানান: প্রকৃতিসিদ্ধ= প্ + র্ + অ + ক্ + ঋ + ত্ + ই + স্ + ই + দ্ + ধ্ + অ।

প্রকৃষ্ট: শ্রেষ্ঠ। বিণ। তৎসম। প্র + কৃষ্ট [কৃষ্ + ত]। ৬।১ বানান: প্রকৃষ্ট= প্ + র্ + অ + ক্ + ঋ + ষ্ + ট্ + অ। বি.দ্র.: 'ঋ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।খ 'ষ্'-সংযোগে 'ত্' 'ট্' হয়েছে। ২।২৪

প্রকোপ: প্রাবল্য। বি। তৎসম। প্র + কোপ [কুপ্ (ক্রুদ্ধ হওয়া)+ অ]। ৬।১ বানান: প্রকোপ= প্ + র্ + অ + ক্ + ও + প্ + অ।

প্রকোষ্ঠ: কক্ষ, হাতের কনুই থেকে মণিবন্ধ পর্যন্ত অংশ। বি। তৎসম। প্র + কোষ্ঠ [কুষ্ + থ]। ৬।১ বানান: প্রকোষ্ঠ= প্ + র্ + অ + ক্

+ ও + ষ্ + ঠ্ + অ। বি.দ্র.: 'ও'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক 'ষ্'- সংযোগে 'থ্' 'ঠ্' হয়েছে। ২।২৪

প্রক্রিয়া: প্রণালী, গ্রন্থের বিশেষ অধ্যায়। বি। তৎসম। প্র + ক্রিয়া [কৃ + অ + আ]। ৬।১ বানান: প্রক্রিয়া= প্ + র্ + অ + ক্ + র্ + ই + য় + আ। ক্ + র + ই= ক্রি।

প্রক্ষালন: ধৌতকরণ। বি। তৎসম। প্র + ক্ষালন [ক্ষল্ (ধৌত করা) + ণিচ্ + অন]। ৬।১ বানান: প্রক্ষালন= প্ + র্ + অ + ক্ + ষ্ + আ + ল্ + অ + ন্ + অ। ক্ + ষ্ + আ= ক্ষা।

প্রক্ষালিত: ধৌত। বিণ। তৎসম। প্র + ক্ষালিত [ক্ষল্ (ধৌত করা) + ণিচ্ + ত]। ৬।১ বানান: প্রক্ষালিত= প্ + র্ + অ + ক্ + ষ্ + আ + ল্ + ই + ত্ + অ।

প্রক্ষিপ্ত: নিক্ষিপ্ত। বিণ। তৎসম। প্র + ক্ষিপ্ত [ক্ষিপ্ + ত]। ৬।১ বানান: প্রক্ষিপ্ত= প্ + র্ + অ + ক্ + ষ্ + ই + প্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + ই= ক্ষি, প্ + ত্ + অ= প্ত।

প্রক্ষেপ: নিক্ষেপ। বি। তৎসম। প্র + ক্ষেপ [ক্ষিপ্ + অ]। ৬।১ বানান: প্রক্ষেপ= প্ + র্ + অ + ক্ + ষ্ + এ + প্ + অ। বি.দ্র.: ক + ষ্ + এ= ক্ষে।

প্রক্ষ্বেড়ন: লৌহময় বাণ। বি। তৎসম। প্র [সম্পূর্ণভাবে] + ক্ষ্বিড়্ [মুক্ত করা] + অন। ৬।১ মতান্তরে, অব্যক্ত শব্দকারী অস্ত্র। বানান: প্রক্ষ্বেড়ন= প্ + র্ + অ + ক্ + ষ্ + ব্ + এ + ড্ + অ + ন্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + ব্ + এ= ক্ষ্বে।

প্রখর, [স্ত্রী] প্রখরা: অতিশয় তীক্ষ্ণ, কড়া। বিণ। তৎসম। প্র + খর [খরা (স্ত্রী)]। ৬।১ অতীব তীক্ষ্ণ। বানান: প্রখর [প্রখরা]= প্ + র্ + অ + খ্ + অ + র্ + অ [আ]।

প্রখরতা: তীক্ষ্ণতা, তীব্রতা। বি। তৎসম। প্রখর ['প্রখর' দ্রষ্টব্য] + তা। ৬।২ অতীব তীক্ষ্ণতা। বানান: প্রখরতা= প্ + র্ + অ + খ্ + অ + র্ + অ + ত্ + আ।

প্রখ্যাত: বিখ্যাত। বিণ। তৎসম। প্র + খ্যাত [খ্যা (বলা) + ত]। ৬।১ প্রকৃষ্টভাবে খ্যাত। বানান: প্রখ্যাত= প্ + র্ + অ + খ্ + য্ + আ + ত্ + অ। বি.দ্র.: খ্ + য্ + আ।

প্রখ্যাতনামা: যশস্বী। বিণ। তৎসম। প্রখ্যাত ['প্রখ্যাত' দ্রষ্টব্য] + নামা [নামন] প্রখ্যাত নাম যার= বহুব্রী। ৩।৫ বানান: প্রখ্যাতনামা= প্ + র্ + অ + খ্ + য্ + আ + ত্ + অ + ন্ + আ + ম্ + আ।

প্রখ্যাপক: ঘোষক। বি। তৎসম। প্র + খ্যাপক [খ্যা (বলা) + ণিচ্ + অক]। ৬।১ বানান: প্রখ্যাপক= প্ + র্ + অ + খ্ + য্ + আ + প্ + অ + ক্ + অ।

প্রখ্যাপন: ঘোষণা। বি। তৎসম। প্র + খ্যাপন [খ্যা (বলা) + ণিচ্ + অন। ৬।১ প্রকৃষ্টভাবে গুণ-কীর্তন। বানান: প্রখ্যাপন= প্ + র্ + অ + খ্ + য্ + আ + প্ + অ + ন্ + অ।

প্রখ্যাপিত: ঘোষিত। বিণ। তৎসম। প্র + খ্যাপিত [খ্যা (বলা) + ণিচ্ + ত]। ৬।১ বিশেষভাবে প্রকীর্তিত। বানান: প্রখ্যাপিত= প্ + র্ + অ + খ্ + য্ + আ + প্ + ই + ত্ + অ।

প্রগণ্ড: কনুই থেকে কাঁধ পর্যন্ত বাহুর অংশ। বি। তৎসম। প্র + গণ্ড [গণ্ড্ + অ]। ৬।১ বানান: প্রগণ্ড= প্ + র্ + অ + গ্ + অ + ণ্ + ড্ + অ। বি.দ্র.: ণ্ + ড্ + অ= ণ্ড।

প্রগত: অগ্রে গমনকারী। বিণ। তৎসম। প্র + গত [গম্ + ত]। ৬।১ প্র [অগ্রে] গত [গমনকারী] বানান: প্রগত= প্ + র্ + অ + গ্ + অ + ত্ + অ।

প্রগতি: কর্মে ও চিন্তায় অগ্রগতি। বি। তৎসম। প্র + গতি [গম্ + তি]। ৬।১ সম্মুখ দিকে

গতি। বানান : প্রগতি= প্‌ + র্‌ + অ + গ্‌ + অ + ত্‌ + ই।

প্রগল্‌ভ : বাচাল, যে মান্য ব্যক্তির সম্মান- রক্ষা না করে কথা বলে। বিণ। তৎসম। প্র + গল্‌ভ্‌ [ধৃষ্টতা প্রকাশ করা] + অ। কথায় যে ধৃষ্টতা প্রকাশ করে। বানান : প্রগল্‌ভ= প্‌ + র্‌ + অ + গ্‌ + অ + ল্‌ + ভ্‌ + অ। 'ল্‌' হসন্তযুক্ত।

প্রগল্‌ভা [স্ত্রী] : বাচাল, যে নারী মান্য ব্যক্তির সম্মান রক্ষা না করে কথা বলে। বিণ। তৎসম। প্রগল্‌ভ ['প্রগল্‌ভ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী] ৬।২ বানান : প্রগল্‌ভা= প্‌ + র্‌ + অ + গ্‌ + অ + ল্‌ + ভ্‌ + আ। 'ল্‌' হসন্তযুক্ত।

প্রগাঢ় : অতিশয় গভীর। বিণ। তৎসম। প্র + গাঢ় [গাহ্‌ (অবগাহন বা স্নান করা) + ত]। ৬।১ অতীব গভীর। বানান : প্রগাঢ়= প্‌ + র্‌ + অ + গ + আ + ঢ়্‌ + অ।

প্রচণ্ড : প্রবল। বিণ। তৎসম। প্র + চণ্ড [চণ্ড্‌ + অ]। ৬।১ অতিশয় কোপযুক্ত। বানান : প্রচণ্ড= প্‌ + র্‌ + অ + চ্‌ + অ + ণ্‌ + ড্‌ + অ। বি.দ্র. : 'ড'-এর ঠিক আগে 'ণ্‌' হয়েছে। ণ্‌ + ড্‌ + অ= ণ্ড।

প্রচয় : চয়ন। বি। তৎসম। প্র + চয় [চি (চয়ন করা) + অ]। ৬।১ প্রকৃষ্টভাবে চয়ন। বানান : প্রচয়= প্‌ + র্‌ + অ + চ্‌ + অ + য়্‌ + অ।

প্রচল : চালু। বিণ, বি। তৎসম। প্র + চল [চল্‌ (চলা) + অ]। ৬।১ বিশেষভাবে চল [প্রচলন] যার। বানান : প্রচল= প্‌ + র্‌ + অ + চ্‌ + অ + ল্‌ + অ।

প্রচলন : প্রবর্তন। বি। তৎসম। প্র + চলন [চল্‌ (চলা) + অন]। ৬।১ প্রকৃষ্টভাবে চলন। বানান : প্রচলন= প্‌ + র্‌ + অ + চ্‌ + অ + ল্‌ + অ + ন্‌ + অ।

প্রচলিত : চালু। বিণ। তৎসম। প্র + চলিত [চল্‌ (চলা) + ত]। ৬।১ প্রকৃষ্টভাবে চলিত। বানান : প্রচলিত= প্‌ + র্‌ + অ + চ্‌ + অ + ল্‌ + ই + ত্‌ + অ।

প্রচার : রটনা। বি। তৎসম। প্রচার [প্র + চার [চর্‌ (গমন করা) + অ]। ৬।১ বানান : প্রচার= প্‌ + র্‌ + অ + চ্‌ + আ + র্‌ + অ।

প্রচারক : প্রচারকারী। বিণ। তৎসম। প্র + চারক [চর্‌ + অক]। ৬।১ যে প্রচার করে। বানান : প্‌ + র্‌ + অ + চ্‌ + আ + র্‌ + অ + ক্‌ + অ।

প্রচারিত : যা প্রচার করা হয়েছে। বিণ। তৎসম। প্রচারিত [প্র + চারিত (চর্‌ + ণিচ্‌ + ত)]। ৬।১ যা প্রচার করা হয়েছে।

প্রচীয়মান : উপচীয়মান। বিণ। তৎসম। প্র + চীয়মান [চি (চয়ন করা] + মান [শানচ্‌]। ৬।১ চয়নের ফলে অত্যন্ত বৃদ্ধিশীল। বানান : প্রচীয়মান= প্‌ + র্‌ + অ + চ্‌ + ঈ + য়্‌ + ম্‌ + আ + ন্‌ + অ।

প্রচুর : পর্যাপ্ত। বিণ। তৎসম। প্র + চর [চুর্‌ (চুরি করে বৃদ্ধি করা) + অ। ৬।১ বানান : প্রচুর= প্‌ + র্‌ + অ + চ্‌ + উ + র্‌ + অ।

প্রচেতা : জ্ঞানী, বরুণ। বি। তৎসম। প্রচেতা [প্র + চেতা [চেতস্‌]। ৬।২ প্র + চেতা [চেতস্‌] ৬।২ প্র [উৎকৃষ্ট] চেতনা যার= বহুব্রী। ৩।৫ বানান : প্রচেতা= প্‌ + র্‌ + অ + চ্‌ + এ + ত্‌ + আ।

প্রচেষ্টা : প্রয়াস, বিশেষ উদ্যম। বি। তৎসম। প্র + চেষ্টা [চেষ্ট্‌ (চেষ্টা করা) + অ + আ। প্র [প্রকৃষ্ট] চেষ্টা। বানান : প্রচেষ্টা= প্‌ + র্‌ + অ + চ্‌ + এ + ষ্‌ + ট্‌ + আ। বি.দ্র. : ষ্‌ + ট্‌ + আ= ষ্টা।

প্রচ্ছদ : আচ্ছাদন। বি। তৎসম। প্র + ছদ [ছদ্‌ (আবৃত করা) + অ]। ৬।১ [সন্ধি] অ + ছ= অচ্ছ [প্রচ্ছ]। ২।১৪ প্রকৃষ্টভাবে যা আবৃত করে। বানান : প্রচ্ছদ= প্‌ + র্‌ + অ + চ্‌ + ছ্‌ + অ + দ্‌ + অ।

প্রচ্ছদপট : মলাট। বি। তৎসম। প্রচ্ছদ [‘প্রচ্ছদ’ দ্রষ্টব্য] + পট [পট্ + অ]। ৬।১ প্রচ্ছদ যে পট= কর্মধা। ৩।২ বানান : প্রচ্ছদপট= প্ + র্ + অ + চ্ + ছ্ + অ + দ্ + অ + প্ + অ + ট্ + অ।

প্রচ্ছন্ন : গুপ্ত। বিণ। তৎসম। প্র + ছন্ন [ছদ্ (আবৃত করা) + ত]। ৬।১ [সন্ধি] অ + ছ= অচ্ছ। ২।১৪ যা আবৃত করা হয়েছে। বানান : প্রচ্ছন্ন= প্ + র্ + অ + চ্ + ছ + অ + ন্ + ন্ + অ।

প্রচ্ছাদন : আচ্ছাদন। বি। তৎসম। প্র + ছাদন [ছদ্ (আবৃত করা) + ণিচ্ + অন]। ৬।১ [সন্ধি] প্র + ছ= প্রচ্ছ। ২।১৪ যা প্রকৃষ্টভাবে আচ্ছাদন করে। বানান : প্রচ্ছাদন= প্ + র্ + অ + চ্ + ছ্ + আ + দ্ + অ + ন্ + অ।

প্রচ্ছাদিত : আচ্ছাদিত। বিণ। তৎসম। প্র + ছাদিত [ছদ্ (আবৃত করা) + ণিচ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + ছা= অচ্ছা [প্রচ্ছা]। ২।১৪ বানান: প্রচ্ছাদিত= প্ + র্ + অ + চ্ + ছ্ + আ + দ্ + ই + ত্ + অ। চ্ + ছ + আ= চ্ছা।

প্রচ্ছায় : ছায়াময় স্থান। বি। তৎসম। প্র + ছায়া [ছো + য (যৎ) + আ (স্ত্রী)]। ৬।১ [সন্ধি] অ + ছা= অচ্ছা [প্রচ্ছা]। ২।১৪ প্রকৃষ্ট ছায়া। বানান : প্রচ্ছায়= প্ + র্ + অ + চ্ + ছ্ + আ + য্ + অ।

প্রজন : গবাদি পশুর গর্ভাসঞ্চারকরণ। বি। তৎসম। প্র + জন [জন্ (জন্মলাভ করা) + ণিচ্ + আ। ৬।১ বানান : প্রজন= প্ + র্ + অ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র. : ‘র্’ ও ‘ন’-এর মধ্যে ‘জ’ থাকায় ‘ন’ ‘ণ’ হয়নি। ৪।১।গ

প্রজনন : সন্তান উৎপাদন। বি। তৎসম। প্র + জন্ (জন্ম লাভ করা) + ণিচ্ + অন। ৬।১ বানান : প্রজনন= প্ + র্ + অ + জ্ + অ + ন্ + অ + ন্ + অ। বি.দ্র. : ‘র্’ ও ‘ন্’-এর মধ্যে ‘জ্’ থাকায় ‘ন্’ ‘ণ’ হয়নি। ৪।১।গ

প্রজা : জনসাধারণ। বি। তৎসম। প্র + জা [জন্ (জন্মলাভ করা) + অ + আ]। ৬।১ বানান : প্রজা= প্ + র্ + অ + জ্ + আ।

প্রজাতন্ত্র : জন-প্রতিনিধিবৃন্দের পরিচালিত রাষ্ট্র। বি। তৎসম। প্রজা [‘প্রজা’ দ্রষ্টব্য] + তন্ত্র [তন্ (বিস্তার করা) + ত্র] ৬।১ প্রজাগণের তন্ত্র [শাসন-ব্যবস্থা]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : প্রজাতন্ত্র= প্ + র্ + অ + জ্ + আ + ত্ + অ + ন্ + ত্ + র্ + অ।

প্রজাতি : প্রাণী বা উদ্ভিদের বিশেষ এক শ্রেণী। বি। তৎসম। প্র + জাতি [জন্ [জন্মলাভ করা] + তি। ৬।১ বানান : প্রজাতি= প্ + র্ + অ + জ্ + আ + ত্ + ই।

প্রজাপীড়ন : প্রজাগণের ওপর অত্যাচার। বি। তৎসম। প্রজা [‘প্রজা’ দ্রষ্টব্য] + পীড়ন [পীড্ + অন]। ৬।১ প্রজাগণকে পীড়ন= কর্মতৎ। ৩।৩ বানান : প্রজাপীড়ন= প্ + র্ + অ + জ্ + আ + প্ + ঈ + ড়্ + অ + ন্ + অ।

প্রজ্ঞ : প্রকৃষ্ট জ্ঞানী। বি। তৎসম। প্র + জ্ঞ [জ্ঞা (জানা) + অ]। ৬।১ প্রকৃষ্টভাবে জানেন যিনি। বানান : প্রজ্ঞ= প্ + র্ + অ + জ্ + ঞ্ + অ।

প্রজ্ঞপ্তি : বিজ্ঞাপন। বি। তৎসম। প্র + জ্ঞা[জানা] + ণিচ্ + তি। ৬।১ বিশেষভাবে জ্ঞাত করানো। বানান : প্রজ্ঞপ্তি= প্ + র্ + অ + জ্ + ঞ্ + প্ + ত্ + ই। জ্ + ঞ্ + অ= জ্ঞ, প্ + ত্ + ই= প্তি।

প্রজ্ঞা : তত্ত্বজ্ঞান। বি। তৎসম। প্র + জ্ঞা [জানা] + অ + আ। ৬।১ প্রকৃষ্ট জ্ঞান। বানান : প্রজ্ঞা= প্ + র্ + অ + জ্ + ঞ্ + আ। বি.দ্র. : জ্ + ঞ্ + আ= জ্ঞা।

প্রজ্ঞাপারমিতা : জ্ঞানের পরাকাষ্ঠা, জ্ঞানরূপা, বৌদ্ধ দেবী। বি। তৎসম। প্রজ্ঞা [‘প্রজ্ঞা’ দ্রষ্টব্য]

+ পারম্ + ইতা [ই + (গমন করা) + ত + আ (স্ত্রী)]। ৬।১ প্রজ্ঞার পার [পারম্]= সম্বন্ধতৎ। ৩।৩ সেখানে গমন করেছে যে= উপপদতৎ। ৩।৩ বানান: প্রজ্ঞাপারমিতা= প্ + র্ + অ + জ্ + ঞ্ + আ + প্ + আ + র্ + অ + ম্ + ই + ত্ + আ।

প্রজ্বলন: অতিশয় জ্বলন [দীপ্তিলাভ]। বি। তৎসম। প্র + জ্বলন [জ্বল্ + অন]। ৬।১ বানান: প্রজ্বলন= প্ + র্ + অ + জ্ + ব্ + অ + ল্ + অ + ন্ + অ। বি.দ্র.: 'প্র + ও'= 'প্রো' বা 'জ্জ্ব' হবার কোন হেতু নেই।

প্রজ্বলিত: প্রকৃষ্টরূপে জ্বলিত। বিণ। [দীপ্তি] তৎসম। প্র + জ্বলিত [জ্বল্ + ত]। ৬।১ বানান: প্রজ্বলিত= প্ + র্ + অ + জ্ + ব্ + অ + ল্ + ই + ত্ + অ। বি.দ্র.: 'প্র + ও'= 'প্রো' বা 'জ্জ্ব' হবার কোন হেতু নেই।

প্রজ্বালন: প্রজ্বলিত করণ। বি। তৎসম। প্র + জ্বালন [জ্বল্ (পোড়া বা আলো দেওয়া)] + ণিচ্ + অন। ৬।১ বানান: প্রজ্বালন= প্ + র্ + অ + জ্ + ব্ + আ + ল্ + অ + ন্ + অ।

প্রণত: অনুগত, যে প্রণাম করেছে। বিণ। তৎসম। প্র + নত [নম্ (প্রণাম করা বা নত হওয়া) + ত]। ৬।১ বানান: প্রণত= প্ + র্ + অ + ণ্ + অ + ত্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রণতি: প্রণাম। বি। তৎসম। প্র + নতি [নম্ (প্রণাম করা) + তি]। ৬।১ বানান: প্রণতি= প্ + র্ + অ + ণ্ + অ + ত্ + ই। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রণব: ওঁকার। বি। তৎসম। প্র + নব [নু (স্তুতি করা) + অ]। ৬।১ বিশেষ স্তুতির মন্ত্র। বানান: প্রণব= প্ + র্ + অ + ণ্ + অ + ব্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রণয়: প্রেম। বি। তৎসম। প্র + নয় [নী (নিয়ে যাওয়া) + অ। ৬।১ বানান: প্রণয়= প্ + র্ + অ + ণ্ + অ + য় + অ। বি.দ্র.: 'র্ ও 'ন্'-এর মধ্যে 'অ' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রণয়ন: রচনা। বি। তৎসম। প্র + নয়ন [নী + অন]। ৬।১ বানান: প্রণয়ন= প্ + র্ + অ + ণ্ + অ + য় + অ + ন্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ।

প্রণয়ালাপ: প্রেমপূর্ণ কথোপকথন। বি। তৎসম। প্রণয় ['প্রণয়' দ্রষ্টব্য] + আলাপ [আ + লপ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [য়া]। ২।১।খ প্রণয়পূর্ণ আলাপ= মধ্যপ- কর্মধা। ৩।২ বানান: প্রণয়ালাপ= প্ + র্ + অ + ণ্ + অ + য় + আ + ল্ + আ + প্ + অ! বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রণয়াসক্ত: প্রেমের দ্বারা আকৃষ্ট। বিণ। তৎসম। প্রণয় ['প্রণয়' দ্রষ্টব্য] + আসক্ত [আ + সন্জ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [য়া]। ২।১।খ প্রণয়ের দ্বারা আসক্ত= করণতৎ। ৩।৩ বানান: প্রণয়াসক্ত= প্ + র্ + অ + ণ্ + অ + য় + আ + স্ + অ + ক্ + ত্ + অ।

প্রণয়িনী: অনুরক্তা নারী, প্রেমিকা। বিণ। বি। তৎসম। প্র + নয়িনী [নী + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১ বানান: প্রণয়িনী= প্ + র্ + অ + ণ্ + অ + য় + ই + ন্ + ঈ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রণয়ী: অনুরক্ত পুরুষ, প্রেমিক। বি, বিণ। তৎসম। প্র + নয়ী] নী + ইন্ (ঈ)]। ৬।১ বানান:

প্রণয়ী= প্ + র্ + অ + ণ্ + অ + য্ + ঈ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

প্রণাম : ভূমিতে মাথা বা কপালে যুক্তকর স্পর্শ করে নমস্কার। বি। তৎসম। প্র + নাম [নম্ (নমস্কার করা) + অ]। ৬।১ বানান : প্রণাম= প্ + র্ + অ + ণ্ + আ + ম্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রণামী : প্রণামকালে বা শ্রদ্ধা জানাবার নিদর্শন-স্বরূপ প্রদেয় দক্ষিণা ইত্যাদি। বি। তৎসম। প্র+ নাম [নম্ + অ] + ঈ। ৬।১ বানান= প্ + র্ + অ + ণ্ + আ + ম্ + ঈ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রণালি, প্রণালী : জল-নিষ্কাশনের সংকীর্ণ জলনালী, পদ্ধতি। বি। তৎসম। প্র + নালি [< নাড়ি], প্র + নালী [<নাড়ী]। বানান : প্রণালি, প্রণালী= প্ + র্ + অ + ণ্ + আ + ল্ + ই [ঈ]। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।ক

প্রণিধান : উপলব্ধি। বি। তৎসম। প্র + নিধান [নি + ধা + অন]। ৬।১ বানান : প্রণিধান= প্ + র্ + অ + ণ্ + ই + ধ্ + আ + ন্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রণিপাত : মাটিতে লুটিয়ে অভিবাদন। বি। তৎসম। প্র + নিপাত [নি + পত্ + অ]। ৬।১ বানান : প্রণিপাত= প্ + র্ + অ + ণ্ + ই + প্ + আ + ত্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রণীত : রচিত। বিণ। তৎসম। প্র + নীত [নী + ত]। ৬।১ বানান : প্রণীত= প্ + র্ + অ + ণ্ + ঈ + ত্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ এবং 'নী' ধাতুর কারণে ঈ-কার।

প্রণেতা : রচয়িতা। বি। তৎসম। প্র + নেতা [নী (নিয়ে চলা)+ তা [তৃচ্]। ৬।১ বানান : প্রণেতা= প্ + র্ + অ + ণ্ + এ + ত্ + আ। 'র্' ও 'ন্' এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রণোদন : প্রেরণা। বি। তৎসম। প্র + নোদন [নুদ্ ((প্রেরণা দান করা) + ণিচ্ + অন]। ৬।১ বানান : প্রণোদন = প্ + র্ + অ + ণ্ + ও + দ্ + অ + ন্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রণোদিত : প্রেরিত। বিণ। তৎসম। প্র +নোদিত [নুদ্ ((প্রেরণা দান করা) + ণিচ্ + ত]। ৬।১ বানান : প্রণোদিত = প্ + র্ + অ + ণ্ + ও + দ্ + ই + ত্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

প্রতাপ : পরাক্রম। বি। তৎসম। প্র + তাপ [তপ্ (উত্তপ্ত করা) + অ]। ৬।১ বানান : প্রতাপ = প্ + র্ + অ + ত্ + আ + প্ + অ।

প্রতাপশালী : পরাক্রমশালী। বিণ। তৎসম। প্রতাপ ['প্রতাপ' দ্রষ্টব্য] + শালী [শাল্ + ইন্ (ঈ)। ৬।১ বানান : প্রতাপশালী = প্ + র্ + অ + ত্ + আ + প্ + অ + শ্ + আ + ল্ + ঈ।

প্রতাপান্বিত : পরাক্রমশালী। বিণ। তৎসম। প্রতাপ ['প্রতাপ' দ্রষ্টব্য] + অন্বিত [অনু + ইত (ই + ত)। ৬।১ [সন্ধি] অ + অ = আ [পা]। ২।১।ক উ + ই = বি। ২।৮।গ প্রতাপের দ্বারা অন্বিত [যুক্ত] = করণতৎ। ৩।৩ বানান : প্রতাপান্বিত = প্ + র্ + অ + ত্ + আ + প্ + আ + ন্ + ব্ + ই + ত্ + অ।

প্রতারক : প্রবঞ্চক। বিণ। তৎসম। প্র + তারক [তৃ + ণিচ্ + অক]। ৬।১ বানান : প্রতারক = প্ + র্ + অ + ত্ + আ + র্ + অ + ক্ + অ।

প্রতারণা : প্রবঞ্চণা। বি। তৎসম। প্র + তারণা [তৃ + ণিচ্ + অন + আ]। ৬।১ বানান : প্রতারণা = প্ + র্ + অ + ত্ + আ + ব্ + অ + ণ্ + আ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

প্রতারিত : প্রবঞ্চিত। বিণ। তৎসম। প্রতারিত [তৃ + ণিচ্ + ত]। ৬।১ বানান : প্রতারিত = প্ + র্ + অ + ত্ + আ + ব্ + ই + ত্ + অ।

প্রতি : উদ্দেশ্যে দিকে। অব্যয়। তৎসম। উপসর্গ। বানান : প্রতি = প্ + র্ + অ + ত্ + ই।

প্রতিকরণীয় : প্রতিকাবেব যোগ্য। বিণ। তৎসম। প্রতি + কবণীয় [কৃ + অনীয়]। ৬।১ বানান : প্রতিকরণীয় = প্ + র্ + অ + ত্ + ই + ক্ + অ + র্ + অ + ণ + ঈ + য় + অ। বি.দ্র.: 'র' ও 'ন' -এব মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

প্রতিকায় : প্রতিমূর্তি। বি। তৎসম। প্রতি + কায় [চি + অ]। ৬।১ বানান : প্রতিকায় = প্ + ব্ + অ + ত্ + ই + ক্ + আ + য় + অ।

প্রতিকার : প্রতিবিধান, নিবারণ। বি। তৎসম। প্রতি + কাব [কৃ + অ] ৬।১ বানান : প্রতিকার = প্ + র্ + অ + ত্ + ই + ক্ + আ + ব্ + অ।

প্রতিকার্য : প্রতিকারেব যোগ্য। বিণ। তৎসম। প্রতি + কার্য [কৃ + য] (ষ্ণ্য) ৬।১ বানান : প্রতিকার্য = প্ + র্ + অ + ত্ + ই + ক্ + আ + র্ + য্ + অ।

প্রতিকূল : বিরুদ্ধ। বিণ। তৎসম। প্রতি + কূল [কূল্ (আবৃত করা বা বাধা দেওয়া) + অ]। ৬।১ বানান : প্রতিকূল = প্ + র্ + অ + ত্ + ই + ক্ + ঊ + ল্ + অ।

প্রতিকৃত : যার প্রতিকার করা হয়েছে। বিণ। তৎসম। প্রতি + কৃত [কৃ + ত]। ৬।১ বানান : প্রতিকৃত =প্ + র্ + অ + ত্ + ই + ক্ + ঋ + ত্ + অ।

প্রতিকৃতি : প্রতিমূর্তি। বি। তৎসম। প্রতি + কৃতি [কৃ + তি]। ৬।১ বানান : প্রতিকৃতি = প্ + র্ + অ + ত্ + ই + ক্ + ঋ + ত্ + ই।

প্রতিক্রিয়া : প্রয়োগের পর উদ্ভূত ক্রিয়া। বি। তৎসম। প্রতি + ক্রিয়া] কৃ + অ + আ]। ৬।১ বানান : প্রতিক্রিয়া = প্ + র্ + অ + ত্ + ই + ক্ + র্ + ই + য্ + আ।

প্রতিক্ষণ : প্রতিমুহূর্ত। বি। তৎসম। প্রতি + ক্ষণ [ক্ষণ্ (ক্ষয় পাওয়া) + অ]। ৬।১ ক্ষণ ক্ষণ = অব্যয়ীভাব। ৩।২ বানান : প্রতিক্ষণ = প্ + র্ + অ + ত্ + ই + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ষ' ও 'ণ'-এব মধ্যে 'অ' থাকায় 'ণ'-এব অবস্থিতি ণত্ববিধান-সম্মত।

প্রতিগ্রহ : প্রদত্ত বা দেয় বস্তু। বি। তৎসম। প্রতি + গ্রহ্ [গ্রহণ করা] + অ। ৬।১ যা সম্যগ্‌ভাবে গ্রহণ করা হয়েছে। বানান : প্রতিগ্রহ = প্ + র্ + অ + ত্ + ই + গ্ + ব্ + অ + হ্ + অ।

প্রতিগ্রহণ : দানগ্রহণ। বি। তৎসম। প্রতি + গ্রহ্ [গ্রহণ করা] + অন। ৬।১ সম্যগ্‌ভাবে গ্রহণ। বানান : প্রতিগ্রহণ = প্ + র্ + অ + ত্ + ই + গ্ + র্ + অ + হ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন' -এর মধ্যে 'অ', 'হ', 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

প্রতিগ্রহণীয় : দানরূপে গ্রহণীয়। বিণ। তৎসম। প্রতি + গ্রহ্ + অনীয়। ৬।১ যা সম্যগ্‌ভাবে গ্রহণের যোগ্য। বানান : প্রতিগ্রহণীয় = প্ + র্ + অ + ত্ + ই + গ্ + র্ + অ +

হ্ + অ + ণ্ + ঈ + য্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন' -এর মধ্যে 'অ' 'ই' 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

প্রতিঘাত : প্রত্যাঘাত। বি। তৎসম। প্রতি + হন্ + অ। ৬।১ আঘাতের বিপরীতে [আঘাত] = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিঘাত = প্ + র্ + অ + ত্ + ই + ঘ্ + আ + ত্ + অ।

প্রতিঘাতী : হত্যাকারী। বিণ। তৎসম। প্রতি + হন্ + ইন্ [ঈ]। ৬।১ আঘাতের বদলে যে আঘাত করে। বানান : প্রতিঘাতী = প্ + র্ + অ + ত্ + ই + ঘ্ + আ + ত্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

প্রতিচিকীর্ষা : প্রতিকার করবার ইচ্ছা। বি। তৎসম। প্রতি + কৃ + সন্ [ইচ্ছার্থে] + অ + আ। ৬।১ বানান : প্রতিচিকীর্ষা = প্ + র্ + অ + ত্ + ই + চ্ + ই + ক্ + ঈ + র্ + ষ্ + আ। বি.দ্র.: 'র' -এর অব্যবহিত পরেই 'ষ' হয়েছে। 'চিকীর্ষা'-র আগে 'ই', পরে 'ঈ'।

প্রতিচিত্র : চিত্র বা নক্‌শার হুবহু নকল। বি। তৎসম। প্রতি + চিত্র + অ। ৬।১ চিত্রের অনুরূপ = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিচিত্র = প্ + র্ + অ + ত্ + ই + চ্ + ই + ত্ + র্ + অ। ত্র = ত্ + র্ + অ।

প্রতিচ্ছায়া : প্রতিবিম্ব। বি। তৎসম। প্রতি + ছায়া [ছো + য (যৎ) + আ। ৬।১ [সন্ধি] ই + ছা = ইচ্ছা। ২।১৪ ছায়ার সদৃশ [প্রতি] = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিচ্ছায়া = প্ + র্ + অ + ত্ + ই + চ্ + ছ্ + আ + য্ + আ।

প্রতিজিহ্বা : আলজিভ, আলজিহ্বা, উপজিহ্বা, আলজিব: গলনালীর মুখে জিহ্বার মতো মাংস-পিণ্ড। বি। তৎসম। প্রতি + জিহ্বা [লিহ্ (লেহন করা) + ব + আ]। ৬।১ জিহ্বার অনুরূপ = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিজিহ্বা =প্ + র্ + অ + ত্ + ই + জ্ + ই + হ্ + ব্ + আ।

প্রতিজ্ঞা : পণ, শপথ, প্রতিপাদ্য। বি। তৎসম। প্রতি +জ্ঞা [জানা] + অ + আ। ৬।১ বানান : প্রতিজ্ঞা = প্ + র্ + অ + ত্ + ই + জ্ + ঞ্ + আ। জ্ + ঞ্ + আ = জ্ঞা।

প্রতিজ্ঞাপত্র : অঙ্গীকার পত্র। বি। তৎসম। প্রতিজ্ঞা ['প্রতিজ্ঞা' দ্রষ্টব্য] + পত্র [পত্ + ত্র]। ৬।১ প্রতিজ্ঞাসূচক [জ্ঞাপক বা পূর্ণ] পত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : প্রতিজ্ঞাপত্র = প্ + র্ + অ + ত্ + ই + জ্ + ঞ্ + আ + প + অ + ত্ + র্ + অ।

প্রতিদান : পরিবর্তে দান, ফেরত। বি। তৎসম। প্রতি + দান [দা (দান করা) + অন]। ৬।১ দানের বিপরীত = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিদান = প্ + র্ + অ + ত্ + ই + দ্ + আ + ন + অ।

প্রতিদিন : রোজ রোজ। বি। তৎসম। প্রতি + দিন [দো (খণ্ডিত করা অন্ধকারকে)] + ইন। ৬।১ দিন দিন = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিদিন = প্ + র্ + অ + ত্ + ই + দ্ + ই + ন্ + অ।

প্রতিদেয় : প্রতিদানের যোগ্য। বিণ। তৎসম। প্রতি + দেয় [দা + য (যৎ)]। ৬।১ বিনিময়ে দেবার যোগ্য। বানান : প্রতিদেয় = প্ + র্ + অ + ত্ + ই + দ্ + এ + য্ + অ।

প্রতিদ্বন্দ্বিতা : প্রতিযোগিতা। বি। তৎসম। প্রতি + দ্বন্দ্বিতা [দ্বন্দ্ব (দ্বি + দ্বি) + ইত [<ইন্] + আ। ৬।১ বানান : প্রতিদ্বন্দ্বিতা = প্ + র্ + অ + ত্ + ই + দ্ + ব্ + অ + ন্ + দ্ + ব্ + ই + ত্ + আ। বি.দ্র.: দ্ব = দ্ + ব। ন্দ্বি = ন্ + দ্ + ব্ + ই। অর্থাৎ, উভয় 'দ্' ব্ -যুক্ত।

প্রতিদ্বন্দ্বী : প্রতিযোগী। বিণ। তৎসম। প্রতি + দ্বন্দ্বী [দ্বন্দ্ব (দ্বি + দ্বি) + ইন্ [ঈ]। ৬।১ বানান:

প্রতিদ্বন্দ্বী = প্ + র্ + অ + ত্ + ই + দ্ + ব্ + অ + ন্ + দ্ + ব্ + ঈ। বি.দ্র.: উভয় 'দ্' 'ব'-যুক্ত এবং শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

প্রতিধ্বনি : প্রতিহৃত ধ্বনি। বি। তৎসম। প্রতি + ধ্বনি ['ধ্বন্ (শব্দ করা) + ই]। ৬৷১ ধ্বনির বিপরীত = অব্যয়ীভাব। ৩৷১ বানান : প্রতিধ্বনি = প্ + র্ + অ + ত্ + ই + ধ্ + ব্ + অ + ন্ + ই।

প্রতিধ্বনিত : প্রতিনিনাদিত। বিণ। তৎসম। প্রতি + ধ্বনিত [ধ্বন্ (শব্দ করা) + ত]। ৬৷১ বানান : প্রতিধ্বনিত = প্ + র্ + অ + ত্ + ই + ধ্ + ব্ + অ + ন্ + ই + ত্ + অ। বি.দ্র.: ধ্ + ব্ + অ = ধ্ব।

প্রতিনিধি : অপরের পরিবর্ত ব্যক্তি। বি। তৎসম। প্রতি + নিধি [নি + ধা (ধারণ করা) + ই]। ৬৷১ প্রতি [পরিবর্ত ভাব] + নিধি [ধারণ করে যে]। বানান : প্রতিনিধি = প্ + র্ + অ + ত্ + ই + ন্ + ই + ধ্ + ই।

প্রতিনিবৃত্ত : প্রত্যাবৃত্ত, নিরস্ত। বিণ। তৎসম। প্রতি + নিবৃত্ত [নি + বৃৎ + ত]। ৬৷১ বানান : প্রতিনিবৃত্ত = প্ + র্ + অ + ত্ + ই + ন্ + ই + ব্ + ঋ + ত্ + ত্ + অ। বি.দ্র.· ব্ + ঋ = বৃ, ত্ + ত্ + অ = ত্ত

প্রতিনিয়ত : সর্বদা। বিণ। তৎসম। প্রতি + নিয়ত [নি + যম্ + ত]। ৬৷১ বানান : প্রতিনিয়ত = প্ + র্ + অ + ত্ + ই + ন্ + ই + য্ + অ + ত্ + অ।

প্রতিপক্ষ : বিরোধী পক্ষ। বি। তৎসম। প্রতি + পক্ষ [পক্ষ্ + অ]। ৬৷১ পক্ষের প্রতি [বিপরীতে] = অব্যয়ীভাব। ৩৷১ বানান : প্রতিপক্ষ = প্ + র্ + অ + ত্ + ই + প্ + অ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ।

প্রতিপত্তি : প্রভাব। বি। তৎসম। প্রতি + পত্তি [পদ্ + তি]। ৬৷১ বানান : প্রতিপত্তি = প্ + র্ + অ + ত্ + ই + প্ + অ + ত্ + ত্ + ই। বি.দ্র.: ত্তি = ত্ + ত্ + ই।

প্রতিপদ : পূর্ণিমা বা অমাবস্যার পরবর্তী প্রথম তিথি। বি। তৎসম। প্রতি + পদ্ [পদ্ + ক্বিপ্]। ৬৷১ বানান: প্রতিপদ্ = প্ + র্ + অ + ত্ + ই + প্ + অ + দ্। 'দ' হসন্তবর্জিত।

প্রতিপদে : পদে পদে। ক্রি-বিণ। তৎসম। প্রতি + পদ [পদ্ + অ] + এ [অধিকরণ]। ৬৷১ পদে পদে = অব্যয়ীভাব। ৩৷১ বানান : প্রতিপদে = প্ + র্ + অ + ত্ + ই + প্ + অ + দ্ + এ।

প্রতিপন্ন : প্রমাণিত। বিণ। তৎসম। প্রতি + পন্ন [পদ্ + ত]। ৬৷১ বানান : প্রতিপন্ন = প্ + র্ + অ + ত্ + ই + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র. : ন্ + ন্ + অ = ন্ন।

প্রতিপাদন : অবধারণ। বি। তৎসম। প্রতি + পাদন [পদ্ + ণিচ্ + অন]। ৬৷১ বানান : প্রতিপাদন = প্ + র্ + অ + ত্ + ই + প্ + আ + দ্ + অ + ন্ + অ।

প্রতিপাদ্য : প্রতিপাদনের যোগ্য। বিণ। তৎসম। প্রতি + পাদ্য ['পদ' + ণিচ্ + য (যৎ)। ৬৷১ বানান : প্রতিপাদ্য = প্ + র্ + অ + ত্ + ই + প্ + আ + দ্ + য্ + অ। বি.দ্র.: দ্ + য্ + অ = দ্য।

প্রতিপালক : পালনকর্তা। বি, বিণ। তৎসম। প্রতি + পালক [পা + ণিচ্ বা পালি + অক]। ৬৷১ বানান : প্রতিপালক = প্ + র্ + অ + ত্ + ই + প্ + আ + ল্ + অ + ক্ + অ।

প্রতিপালন : পোষণ। বিণ। তৎসম। প্রতি + পালন [পা + ণিচ্ বা পালি + অন]। ৬৷১ বানান : প্রতিপালন = প্ + র্ + অ + ত্ + ই + প্ + আ + ল্ + অ + ন্ + অ।

প্রতিপালিত : যাকে প্রতিপালন করা হয়েছে। বিণ। তৎসম। প্রতি + পালিত [পা + ণিচ্ বা পালি + ত]। ৬৷১ বানান : প্রতিপালিত = প্ +

র্ + অ + ত্ + ই + প্ + আ + ল্ + ই + ত্ + অ।

প্রতিফল : দুষ্কর্মের যোগ্য ফল। বি। তৎসম। প্রতি + ফল [ফল্ + অ]। ৬।১ বানান : প্রতিফল = প্ + র্ + অ + ত্ + ই + ফ্ + অ + ল্ + অ।

প্রতিফলন : প্রতিবিম্বন। বি। তৎসম। প্রতি + ফলন [ফল্ + অন]। ৬।১ বানান : প্রতিফলন = প্ + র্ + অ + ত্ + ই + ফ্ + অ + ল্ + অ + ন্ + অ।

প্রতিফলিত : প্রতিবিম্বিত। বিণ। তৎসম। প্রতি + ফলিত [ফল + ইত]। ৬।২ ফলের বিপরীত ফলিত = অব্যয়ীভাব। বানান : প্রতিফলিত = প্ + র্ + অ + ত্ + ই + ফ্ + অ + ল্ + ই + ত্ + অ।

প্রতিবন্ধ : বাধা। বি। তৎসম। প্রতি + বন্ধ [বন্ধ্ + অ]। ৬।১ বানান : প্রতিবন্ধ = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + অ + ন্ + ধ্ + অ। বি.দ্র.: ন + ধ্ + অ = ন্ধ।

প্রতিবন্ধক : বাধাজনক। বিণ। তৎসম। প্রতি + বন্ধক [বন্ধ্ + অক]। ৬।১ বানান : প্রতিবন্ধক = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + অ + ন্ + ধ্ + অ + ক্ + অ। বি.দ্র.: ন্ + ধ্ + অ = ন্ধ।

প্রতিবন্ধকতা : বাধা। বিণ। তৎসম। প্রতিবন্ধক ['প্রতিবন্ধক' দ্রষ্টব্য] + তা। বানান : প্রতিবন্ধকতা = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + অ + ন্ + ধ্ + অ + ক্ + অ + ত্ + আ।

প্রতিবন্ধী : বাধাবিশিষ্ট, বিকলাঙ্গ [handi-capped] বি, বিণ। তৎসম। প্রতি + বন্ধী [বন্ধ্ + ইন্ (ঈ)]। ৬।১ বানান : প্রতিবন্ধী = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + অ + ন্ + ধ্ + ঈ। বি.দ্র.: ন্ + ধ্ + ঈ = ন্ধী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ কারান্ত।

প্রতিবাক্য : প্রত্যুত্তর। বি। তৎসম। প্রতি + বাক্য [বচ্ + য (যৎ)]। ৬।১ বাক্যের প্রতি [প্রতিকূল বা বিপরীত] = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিবাক্য = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + আ + ক্ + য্ + অ। বি.দ্র.: ক্ + য্ + অ = ক্য।

প্রতিবাত : বায়ুর প্রতিকূল। বিণ। তৎসম। প্রতি + বাত [বা + ত]। ৬।১ বাতের [বায়ুর] প্রতি [প্রতিকূল] = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিবাত = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + আ + ত্ + অ।

প্রতিবাদ : আপত্তিজ্ঞাপন। বি। তৎসম। প্রতি + বাদ (উক্তি)[বদ্ (বলা) + অ]। ৬।১ বাদের [উক্তি] প্রতি [বিপরীত বা প্রতিকূল উক্তি] = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিবাদ = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + আ + দ্ + অ।

প্রতিবাদিনী : আসামী [স্ত্রী]। বি। তৎসম। প্রতি + বাদিনী [বদ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ বানান : প্রতিবাদিনী = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + আ + দ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: 'বাদিনী'র আগে 'ই', পরে 'ঈ'।

প্রতিবাদী : আসামী। বি। তৎসম। প্রতি + বাদী [বদ্ + ইন্ (ঈ)। ৬।১ প্রতি অর্থাৎ প্রতিকূল বা বিপরীত বাদ [উক্তি] করে যে। বানান : প্রতিবাদী = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + আ + দ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ] -প্রত্যয়ান্ত, তাই -'ঈ' -কারান্ত।

প্রতিবাসী : প্রতিবেশী। বি। তৎসম। প্রতি + বাসী [বস্ (বাস করা) + ইন্ (ঈ)]। ৬।১ বানান : প্রতিবাসী = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + আ + স্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' -কারান্ত।

প্রতিবিধান : প্রতিকার। বি। তৎসম। প্রতি + বিধান [বি + ধা (ধারণ করা) + অন]। ৬।১ বানান : প্রতিবিধান = প্ + র্ + অ + ত্ + ই

+ ব্ + ই + ধ্ + আ + ন্ + আ।

প্রতিবিধিৎসা : প্রতিবিধানের ইচ্ছা। বি। তৎসম। প্রতি + বিধিৎসা [বি + ধা + সন্ (ইচ্ছার্থে) + অ + আ]। ৬।১ বানান : প্রতিবিধিৎসা = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + ই + ধ্ + ই + ৎ + স্ + আ।

প্রতিবিধিৎসু : যে প্রতিবিধানে ইচ্ছুক। বিণ। তৎসম। প্রতি বিধিৎসু [বি + ধা + সন্ (ইচ্ছার্থে) + উ]। ৬।১ বানান : প্রতিবিধিৎসু = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + ই + ধ্ + ই + ৎ + স্ + উ।

প্রতিবিধেয় : প্রতিবিধানের যোগ্য। বিণ। তৎসম। প্রতি + বিধেয় [বি + ধা + য (যৎ)]। ৬।১ বানান : প্রতিবিধেয় = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + ই + ধ্ + এ + য্ +অ।

প্রতিবিম্ব : প্রতিফলন। বি। তৎসম। প্রতি + বিম্ব। বিম্বের প্রতি [বিপরীত] = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিবিম্ব = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + ই + ম্ + ব্ + অ। বি.দ্র.: ম্ + ব্ + অ = ম্ব।

প্রতিবিম্বিত : প্রতিফলিত। বিণ। তৎসম। প্রতি + বিম্বিত [বিম্ব + ইত]। ৬।২ বা, প্রতিবিম্ব ['প্রতিবিম্ব' দ্রষ্টব্য] + ইত। ৬।২ বানান : প্রতিবিম্বিত = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + ই + ম্ + ব্ + ই + ত্ + অ।

প্রতিবেদন : বিবরণ। বি। তৎসম। প্রতি + বেদন [বিদ্ + ণিচ্ + অন]। ৬।১ বানান : প্রতিবেদন = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + এ + দ্ + অ + ন্+অ।

প্রতিবেশ : পরিবেষ্টন। বি। তৎসম। প্রতি + বেশ [বিশ্ + অ]। ৬।১ বানান : প্রতিবেশ = প্ + র্ + অ+ত্+ই+ব্+এ+শ্+অ।

প্রতিবেশিনী : পড়শিনি, পড়শিনী। বি,বিণ। তৎসম। প্রতি + বেশিনী [বিশ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১ বানান : প্রতিবেশী = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + এ + শ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: 'বেশিনী'-র আগে 'ই', পরে 'ঈ'।

প্রতিবেশী : পড়শি, পড়শী। বি,বিণ। তৎসম। প্রতি + বেশী [বেশ্ + ইন্ (ঈ)]। ৬।১ বানান: প্রতিবেশিনী = প্ + র্ + অ + ত্ + ই + ব্ + এ + শ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

প্রতিভা : অপূর্ব উদ্ভাবনী-শক্তি। বি। তৎসম। প্রতি + ভা [ভা (দীপ্তি দেওয়া) + অ + আ]। ৬।১ বানান : প্রতিভা = প্ + র্ + অ + ত্ + ই + ভ্ + আ।

প্রতিভাত : উজ্জ্বলরূপে প্রকাশিত। বিণ। তৎসম। প্রতি + ভাত [ভা (দীপ্তি দেওয়া) + ত]। ৬।১ বানান : প্রতিভাত = প্ + র্ + অ + ত্ + ই + ভ্ + আ + ত্ + অ।

প্রতিভাস : প্রকাশ। বি। তৎসম। প্রতি + ভাস ভাস্ (দীপ্তি পাওয়া) + অ। ৬।১ বানান : প্রতিভাস = প্ + র্ + অ + ত্ + ই + ভ্ + আ + স্ + অ। বি.দ্র.: 'আ'-র পর 'স' হয়েছে।

প্রতিভূ : প্রতিনিধি। বি। তৎসম। প্রতি + ভূ [ভূ + ক্বিপ্]। ৬।১ বানান : প্রতিভূ = প্ + র্ + অ + ত্ + ই + ভ্ + ঊ। বি.দ্র.: ভ্ + ঊ = ভূ

প্রতিমূর্তি : প্রতিকৃতি। বি। তৎসম। প্রতি + মূর্তি [মূর্ছ্ + তি]। ৬।১ মূর্তির সদৃশ = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিমূর্তি = প্ + র্ + অ + ত্ + ই + ম্ + ঊ + র্ + ত্ + ই।

প্রতিম : সদৃশ। বিণ। তৎসম। প্রতি + মা + অ। ৬।১ বানান : প্রতিম = প্ + র্ + অ + ত্ + ই + ম্ + অ।

প্রতিমা : প্রতিমূর্তি, বিগ্রহ। বি। তৎসম। প্রতি + মা + অ + আ [স্ত্রী]। ৬।২ বানান : প্রতিমা = প্ + র্ + অ + ত্ + ই + ম্ + আ।

প্রতিযোগিতা : প্রতিদ্বন্দ্বিতা। বি। তৎসম। প্রতি + যোগিতা [যুজ্ (যোগ্য করা) + ইত [< ইন] + আ]। ৬।১ বানান : প্রতিযোগিতা = প্ + র্ + অ + ত্ + ই + য্ + ও + গ্ + ই + ত্ + আ। বি.দ্র.: গ্ + ই = গি

প্রতিযোগিনী : প্রতিদ্বন্দ্বী (স্ত্রী)। বি, বিণ। তৎসম। প্রতি + যোগিনী [যুজ্ (যোগ করা) + ইন্ +ঈ [(স্ত্রী)] । ৬।১ বানান : প্রতিযোগী = প্ + র্ + অ + ত্ + ই + য্ + ও + গ্ + ই + ন্ + ঈ।

প্রতিরক্ষা : বহিঃশত্রুর আক্রমণ থেকে রাষ্ট্র-রক্ষার ব্যবস্থা। বি। তৎসম। প্রতি + রক্ষা [রক্ষ্ + অ + আ]। ৬।১ বানান : প্রতিরক্ষা = প্ + র্ + অ + ত্ + ই + র্ + অ + ক্ + ষ্ + আ। বি.দ্র. : ক্-এর পর 'ষ্' হয়েছে। ৪।২।গ

প্রতিরুদ্ধ : নিবারিত। বিণ। তৎসম। প্রতি + রুদ্ধ [রুধ্ (রোধ করা) + ত]। ৬।১ বানান : প্রতিরুদ্ধ = প্ + র্ + অ + ত্ + ই + র্ + উ + দ্ + ধ্ + অ। বি.দ্র.: র্ + উ = রু। দ্ + ধ্ + অ = দ্ধ।

প্রতিরূপ : সাদৃশ্য। বি,বিণ। তৎসম। প্রতি + রূপ [রূপ্ + অ]। ৬।১ রূপের সদৃশ = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিরূপ = প্ + র্ + অ + ত্ + ই + র্ + ঊ + প্ + অ।

প্রতিরোধ : বাধাদান। বি। তৎসম। প্রতি + রোধ [রুধ্ (রোধ করা) + অ]। ৬।১ রোধের সদৃশ = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিরোধ = প্ + র্ + অ + ত্ + ই + র্ + ও + ধ্ + অ।

প্রতিলিপি : লেখা বা চিত্রের অবিকল নকল। বি। তৎসম। প্রতি + লিপি [লিপ্ (লেপন বা চিত্রিত করা) + ই]। ৬।১ লিপির সদৃশ = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিলিপি = প্ + র্ + অ + ত্ + ই + ল্ + ই + প্ + ই।

প্রতিলোম : বিপরীত। বিণ। তৎসম। প্রতি + লোম [লোমন্ + অ]। ৬।১ লোমের [ক্রমের) বিপরীত = অব্যয়ীভাব। ৩।১ প্রতিলোম = প্ + র্ + অ + ত্ + ই + ল্ + ও + ম্ + অ।

প্রতিষিদ্ধ : নিবারিত। বিণ। তৎসম। প্রতি + সিদ্ধ [সিধ্ (সফল হওয়া) + ত]। ৬।১ বানান : প্রতিষিদ্ধ = প্ + র্ + অ + ত্ + ই + ষ্ + ই + দ্ + ধ্ + অ। বি.দ্র.: 'ই'- র পর 'স' 'ষ' হয়েছে। ৪।২।ক দ্ + ধ্ + অ = দ্ধ।

প্রতিষেধক : নিবারক। বিণ। তৎসম। প্রতি + সেধক [সিধ্ + অক]। ৬।১ বানান : প্রতিষেধক = প্ + র্ + অ + ত্ + ই + ষ্ + এ + ধ্ + অ + ক্ + অ। বি.দ্র.: 'ই'-র পর 'স' 'ষ' হয়েছে ৪।২।ক

প্রতিশব্দ : সমার্থক ভিন্ন শব্দ, প্রতিধ্বনি। বি। তৎসম। প্রতি + শব্দ [শব্দ্ + অ]। ৬।১ শব্দের প্রতি [বিপরীত] = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিশব্দ = প্ + র্ + অ + ত্ + ই + শ্ + অ + ব্ + দ্ + অ। বি.দ্র.: ব্ + দ্ + অ = ব্দ।

প্রতিশয় : দেব-মন্দিরে অভীষ্ট কামনায় হত্যা দেওয়া। বি। তৎসম। প্রতি + শয় [শী (শয়ন করা) + অ]। ৬।১ বানান : প্রতিশয় = প্ + র্ + অ + ত্ + ই + শ্ + অ + য়্ + অ।

প্রতিশয়ন : দেব-মন্দিরে অভীষ্ট কামনায় হত্যা দেওয়া। বি। তৎসম। প্রতি + শয়ন [শী (শয়ন করা) + অন] ৬।১ বানান : প্রতিশয়ন = প্ + র্ + অ + ত্ + ই + শ্ + অ + য়্ + অ + ন্ + অ।

প্রতিশোধ : প্রতিহিংসা। বি। তৎসম। প্রতি + শোধ [শুধ্ + অ]। ৬।১ বানান : প্রতিশোধ = প্ + র্ + অ + ত্ + ই + শ্ + ও + ধ্ + অ।

প্রতিশ্রুত : অঙ্গীকৃত। বিণ। তৎসম। প্রতি + শ্রুত [শ্রু + ত]। ৬।১ বানান : প্রতিশ্রুত = প্+র্+অ+ত্+ই+শ্+র্+উ+ত্+অ।

প্রতিশ্রুতি : অঙ্গীকার। বি। তৎসম। প্রতি + শ্রুতি [শ্রু + তি]। ৬।১ বানান : প্রতিশ্রুতি = প্ + র্ + অ + ত্ + ই + শ্ + র্ + উ + ত্ + ই।

প্রতিষ্ঠ : যে প্রতিষ্ঠা লাভ করেছে। বিণ। তৎসম। প্রতি + স্থ [স্থা + অ]। ৬।১ বানান : প্রতিষ্ঠ = প্ + র্ + অ + ত + ই + ষ্ + থ্ + অ। বি.দ্র.: 'ই'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক ও 'ষ্'-যোগে 'থ' 'ঠ' হয়েছে।

প্রতিষ্ঠা : যাতে অস্তিত্বের স্থিতিলাভ হয়। বি। তৎসম। প্রতি + স্থা [স্থা + অ + আ]। বানান : প্রতিষ্ঠা = প্ + র্ + অ + ত্ + ই + ষ্ + ঠ্ + আ। বি.দ্র.: 'ই'-পর 'স্' 'ষ্' হয়েছে। ৪।২।ক এবং 'ষ্' -এর সংযোগে 'থ' 'ঠ' হয়েছে। ২।২৪

প্রতিষ্ঠান : কোন বিশেষ উদ্দেশ্যে গঠিত সমিতি বা সংস্থা। বি। তৎসম। প্রতি + স্থান [স্থা + অন] ৬।১ বানান : প্রতিষ্ঠান = প্ + র্ + অ + ত্ + ই + ষ্ + ঠ্ + আ + ন্ + অ। বি.দ্র.: 'ই'-র পর 'স্' 'ষ্' হয়েছে। এবং 'ষ্'-এর সংযোগে 'থ' 'ঠ' হয়েছে। ৪।২।ক ও ২।২৪

প্রতিষ্ঠিত : স্থাপিত। বি। তৎসম। প্রতি + স্থিত [স্থা + ত]। ৬।১ বানান : প্রতিষ্ঠিত = প্ + র্ + অ + ত্ + ই + ষ্ + ঠ্ + ই + ত্ + অ। বি.দ্র.: 'ই'-র পর 'স' 'ষ' হয়েছে। ৪।২।ক এবং 'ষ' -এর সংযোগে 'থ' 'ঠ' হয়েছে। ২।২৪

প্রতিসংহার : সংবরণ। বি। তৎসম। প্রতি + সংহার [সম্ + হৃ + অ]. ৬।১ বানান : প্রতিসংহার = প্ + র্ + অ + ত্ + ই + স্ + ং + হ্ + আ + র্ + অ।

প্রতিসন্ধান : অনুসন্ধান। বি। তৎসম। প্রতি + সন্ধান [সম্ + ধা + অন]-। ৬।১ বানান : প্রতিসন্ধান = প্ + র্ + অ + ত্ + ই + স্ + অ + ন্ + ধ্ + আ + ন্ + অ।

প্রতিসরণ : এক স্বচ্ছ পদার্থ থেকে অন্য স্বচ্ছ পদার্থে প্রবেশকালে আলোক-রেখার দিক্-পরিবর্তন। বি। তৎসম। প্রতি + সরণ [সৃ (যাওয়া) + অন]। ৬।১ সরণের বিপরীত = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিসরণ = প্ + র্ + অ + ত্ + ই + স্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: [প্রতি' ও সরণ] দুটি ভিন্ন শব্দরূপে পরিগণিত হওয়ায় 'স' 'ই' -র পরেও 'ষ' হয়নি। কিন্তু একইশব্দে 'র' ও 'ন' -এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

প্রতিসারণ : অপসারণ। বি। তৎসম। প্রতি + সারণ [সৃ + ণিচ্ + অন]। ৬।১ বানান : প্রতিসারণ = প্ + র্ + অ + ত্ + ই + স্ + আ + র্ + অ + ণ্ + অ। 'প্রতি' ও 'সারণ' ভিন্ন শব্দরূপে পরিগণিত হওয়ার 'ই'-র পরে 'স' 'ষ' হয়নি। কিন্তু একই শব্দে 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে।

প্রতিসারিত : অপসারিত। বিণ। তৎসম। প্রতি + সারিত [সৃ + ণিচ্ + ত]। ৬।১ বানান : প্রতিসারিত = প্ + র্ + অ + ত্ + ই + স্ + আ + র্ + ই + ত্ + অ।

প্রতিসারী : বিপরীতগামী, বিরুদ্ধাচারী। বিণ। তৎসম। প্রতি + সারী [সৃ + ইন্ (ঈ)]। ৬।১ বানান : প্রতিসারী = প্ + র্ + অ + ত্ + ই + স্ + আ + র্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্'-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

প্রতিস্পর্ধা : প্রতিদ্বন্দ্বিতা। বি। তৎসম। প্রতি + স্পর্ধা [স্পর্ধ্ + অ + আ]। ৬।১ স্পর্ধার বিপরীত = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিস্পর্ধা = প্ +র্ + অ + ত্ + ই + স্ + প্ + অ + র্ + ধ্ + আ। বি.দ্র.: 'প্রতি' ও 'স্পর্ধা' ভিন্ন

শব্দরূপে পরিগণিত হওয়ায় 'ই'-র পর 'স' 'ষ' হয়নি। 'স্' + প্ + অ = স্প। র্ + ধ্ + আ = র্ধা।

প্রতিহত : আঘাতপ্রাপ্ত, বাধাপ্রাপ্ত, নিবারিত। বিণ। তৎসম। প্রতি + হত [হন্ + ত]। ৬।১ বানান : প্রতিহত = প্ + র্ + অ + ত্ + ই + হ্ + অ + ত্ + অ।

প্রতিহনন : হত্যাকারীকে হনন। বি। তৎসম। প্রতি + হনন [হন্ + অন]। ৬।১ বানান : প্রতিহনন = প্ + র্ + অ + ত্ + ই + হ্ + অ + ন্ + অ + ন্ + অ।

প্রতিহন্ত্রী : হত্যাকারী, আঘাতকারীকে যে নারী হত্যা করে। বি,বিণ। তৎসম। প্রতি + হন্ত্রী [হন্ + তৃচ্ + ঈ (স্ত্রী)]। ৬।১ বানান : প্রতিহন্ত্রী = প্ + র্ + অ + ত্ + ই + হ্ + অ + ন্ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + ঈ = ন্ত্রী।

প্রতিহর্তা : নিবারণকারী। বিণ। তৎসম। প্রতি + হর্তা [হৃ + তৃচ্ (তা)]। ৬।১ প্রতিহরণ [নিবারণ] করে যে। বানান : প্রতিহর্তা = প্ + র্ + অ + ত্ + ই + হ্ + অ + র্ + ত্ + আ।

প্রতিহারিণী : অন্তঃপুরের দ্বাররক্ষিণী। বি। তৎসম। প্রতি + হারিণী [হৃ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১ বানান : প্রতিহারিণী = প্ + র্ + অ + ত্ + ই + হ্ + আ + র্ + ই + ণ্ + ঈ। 'র' ও 'ন' -এর মধ্যে 'ই' থাকায় 'ন'.'ণ' হয়েছে। ৪।১।গ

প্রতিহারী : দৌবারিক। বি। তৎসম। প্রতি + হারী [হৃ + ইন্ (ঈ)]। ৬।১ বানান : প্রতিহারী = প্ + র্ + অ + ত্ + ই + হ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

প্রতিহার্য : বর্জনীয়। বিণ। তৎসম। প্রতি + হার্য [হৃ + য (ণ্যৎ)। ৬।১ বানান : প্রতিহার্য = প্ + র্ + অ + ত্ + ই + হ্ + আ + র্ + য্ + অ।

প্রতিহিংসা : প্রতিশোধ। বি। তৎসম। প্রতি + হিংসা [হিন্স্ + অ + আ]। ৬।১ হিংসার বিপরীত = অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রতিহিংসা = প্ + র্ + অ + ত্ + ই + হ্ + ই + ং + স্ + আ।

প্রতীক : সাঙ্কেতিক চিহ্ন। বি। তৎসম। প্রতি + ই [গমন করা] + ঈক। ৬।১ বানান : প্রতীক = প্ + র্ + অ + ত্ + ঈ + ক্ + অ। বি.দ্র.: ত্ + ঈ = তী।

প্রতীক্ষমাণ : প্রতীক্ষাকারী। বিণ। তৎসম। প্রতি + ঈক্ষমাণ [ঈক্ষ্ + মান (শানচ্) ৬।১ [সন্ধি] ই + ঈ = ঈ [তী]। ২।২।খ বানান : প্রতীক্ষমাণ = প্ + র্ + অ + ত্ + ঈ + ক্ + ষ্ + অ + ম্ + আ + ণ্ + অ। বি.দ্র.: 'ক' -এর পর 'ষ' হয়েছে। ৪।২।গ 'ষ' ও 'ন' [মান] -এর মধ্যে 'অ' 'ম' ও 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

প্রতীক্ষমাণা : প্রতীক্ষাকারিণী, প্রতীক্ষারতা। বিণ। তৎসম। প্রতি + ঈক্ষমাণ [ঈক্ষ্ (লক্ষ্য করা) + মান [শানচ্] + আ= [স্ত্রী]। ৬।১ [সন্ধি] ই + ঈ= ঈ [তী]। ২।২।খ বানান : প্রতীক্ষমাণা= প্ + র্ + অ + ত + ঈ + ক্ + ষ্ + অ + ম্ + আ + ণ্ + আ। বি.দ্র. : 'ষ্' ও 'ন্' [মান]-এর মধ্যে 'অ', 'ম্', 'আ'-এই অনুকূল বর্ণগুলি থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রতীক্ষা : অপেক্ষা, সবুর। বি। তৎসম। প্রতি + ঈক্ষা [ঈক্ষ্ (লক্ষ্য করা) + অ + আ]। ৬।১ [সন্ধি] ই + ঈ = ঈ [তী]। ২।২।খ বানান: প্রতীক্ষা= প্ + র্ + অ + ত্ + ঈ + ক্ + ষ্ + আ। বি.দ্র. : ত্ + ঈ= তী, ক্ + ষ্ + আ= ক্ষা।

প্রতীক্ষিত : যার প্রতীক্ষা করা হয়েছে। বিণ। তৎসম। প্রতি + ঈক্ষিত [ঈক্ষ্ (লক্ষ্য করা)

+ ত]। ৬।১ [সন্ধি] ই + ঈ= ঈ [তী]। ২।২।খ বানান: প্রতীক্ষিত= প্ + র্ + অ + ত্ + ঈ + ক্ + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ত্ + ঈ= তী, ক্ + ষ্ + ই= ক্ষি।

প্রতীক্ষিতা [স্ত্রী]: যার প্রতীক্ষা করা হয়েছে। বিণ। তৎসম। প্রতীক্ষিত [*'প্রতীক্ষিত'-দ্রষ্টব্য*] + আ [স্ত্রী]। বানান: প্রতীক্ষিতা: প্ + র্ + অ + ত্ + ঈ + ক্ + ষ্ + ই + ত্ + আ। বি.দ্র.: ত্ + ঈ= তী, ক্ + ষ্ + ই= ক্ষি।

প্রতীক্ষ্য: প্রতীক্ষার যোগ্য। বিণ। তৎসম। প্রতি + ঈক্ষ্য [ঈক্ষ্ (লক্ষ্য করা) + য (যৎ)]। ৬।১ [সন্ধি] ই + ঈ= ঈ [তী]। ২।২।খ বানান: প্রতীক্ষ্য= প্ + র্ + অ + ত্ + ঈ + ক্ + ষ্ + য্ + অ।

প্রতীক্ষ্যমাণ: যার অপেক্ষা করা হচ্ছে। বিণ। তৎসম। প্রতি + ঈক্ষ্যমাণ [ঈক্ষ্ (লক্ষ্য করা) + কর্মবাচ্যহেতু 'য' আগম + মান [শানচ্]। ৬।১ [সন্ধি] ই + ঈ= ঈ [তী]। ২।১।খ বানান: প্রতীক্ষ্যমাণ= প্ + র্ + অ + ত্ + ঈ + ক্ + ষ্ + য্ + অ + ম্ + আ + ণ্ + অ। বি.দ্র.: 'ষ্' ও 'ন্' (মান)-এর মধ্যে 'য্', 'অ', 'ম', 'আ'—এই অনুকূল বর্ণগুলি থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রতীক্ষ্যমাণা [স্ত্রী]: যার [যে নারীর] অপেক্ষা করা হচ্ছে। বিণ। তৎসম। প্রতীক্ষ্যমাণ ['প্রতীক্ষ্যমাণ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: প্রতীক্ষ্যমাণা= প্ + র্ + অ + ত্ + ঈ + ক্ + ষ্ + য্ + অ + ম্ + আ + ণ্ + আ। বি.দ্র.: 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'য', 'অ' 'ম' ও 'আ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রতীচী: পশ্চিম দিক। বি। তৎসম। প্রতি [পশ্চাৎ (উদীয়মান সূর্যের দিক 'সম্মুখ', তার বিপরীত দিক 'পশ্চাৎ') + অঞ্চ্ (যাওয়া) + ক্বিপ্ [প্রতীচ্] + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ বানান: প্রতীচী= প্ + র্ + অ + ত্ + ঈ + চ্ + ঈ। বি. দ্র.: ত্ + ঈ= তী। চ্ + ঈ= চী।

প্রতীচ্য: পশ্চিম দিকস্থ, পাশ্চাত্ত্য। বিণ। তৎসম। প্রতি [পশ্চাৎ ('প্রতীচী' দ্রষ্টব্য) + অঞ্চ্ (যাওয়া) + য (যৎ)]। ৬।১ বানান: প্রতীচ্য= প্ + র্ + অ + ত্ + ঈ + চ্ + য্ + অ। বি.দ্র.: ত্ + ঈ= তী। চ্ + য্ + অ= চ্য।

প্রতীতি: বিশ্বাস, বোধ। বি। তৎসম। প্রতি + ইতি [ই (গমন করা) + তি। ৬।১ [সন্ধি] ই + ই= ঈ [তী]। ২।২।ক বানান: প্রতীতি= প্ + র্ + অ + ত্ + ঈ + ত্ + ই। বি.দ্র.: ত্ + ঈ= তী, ত্ + ই= তি। আগে 'ঈ', পরে 'ই'।

প্রতীত্যসমুৎপাদ: কতকগুলি বস্তুর সাহায্যে অপর বস্তুর উৎপাদন। বি। তৎসম। প্রতীতি [প্রতি + ই + তি] + অসম্ [অপর] + উৎপাদ [উৎ + পদ্ + অ]। ৬।১ [সন্ধি] ই + অ = য [ত্য]। ২।৭।ক ম্ + উ= মু। বানান: প্রতীত্যসমুৎপাদ= প্ + র্ + অ + ত্ + ঈ + ত্ + য্ + অ + স্ + অ + ম্ + উ + ৎ + প্ + আ + দ্ + অ। বি.দ্র.: ত্ + ঈ= তী, ত্ + য্ + অ= ত্য।

প্রতীয়মান: দ্যোতিত, আভাসিত, অনুভূত। বিণ। তৎসম। প্রতি + ই [গমন করা] + মান [শানচ্]। ৬।১ বানান: প্রতীয়মান= প্ + র্ + অ + ত্ + ঈ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে অনুকূল বর্ণসমূহের মধ্যে 'ত্' [প্রতিকূল] বর্ণ থাকায় 'ন্' 'ণ্' হয়নি।

প্রতুল: প্রচুর। বিণ। তৎসম। প্র + তুল্ [পরিমাণ করা, মাপা] + অ। ৬।১ বানান: প্রতুল= প্ + র্ + অ + ত্ + উ + ল্ + অ।

প্রত্ন: পুরাতন। বিণ। তৎসম। প্র + ত্ন [ত্নপ্]। ৬।১ বানান: প্রত্ন= প্ + র্ + অ + ত্ + ন্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ত্'

থাকায় 'ন্' 'ণ্' হয়নি।

প্রত্নতত্ত্ব: প্রাচীনকালের মুদ্রা, লিপি, গ্রন্থ বা অট্টালিকাদির ভগ্নাবশেষ ইত্যাদির দ্বারা সেকালের ইতিহাস আবিষ্কার। বি। তৎসম। প্রত্ন [প্র + ত্ন] + তত্ত্ব [তৎ + ত্ব]। ৬।২ [সন্ধি] ৎ + ত্ব= ত্ + ত্ব= ত্ত্ব। প্রত্ন [প্রাচীনকাল] বিষয়ক তত্ত্ব= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: প্রত্নতত্ত্ব= প্ + র্ + অ + ত্ + ন্ + অ + ত্ + অ + ত্ + ত্ + ব্ + অ। বি.দ্র.: ত্ + ন্ + অ= ত্ন, ত্ + ত্ + ব্ + অ= ত্ত্ব।

প্রত্নতত্ত্ববিৎ: প্রত্নতত্ত্বে অভিজ্ঞ ব্যক্তি। বি। তৎসম। প্রত্নতত্ত্ব ['প্রত্নতত্ত্ব' দ্রষ্টব্য] + বিৎ [বিদ্ [জানা] + ক্বিপ্]। ৬।১ প্রত্নতত্ত্ব জানেন যিনি= উপপদতৎ। ৩।৩

প্রত্যক্ষ: ইন্দ্রিয়গোচর, সাক্ষাৎ। বিণ। তৎসম। প্রতি + অক্ষ [অক্ষি= অক্ষ্ + ই]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ত্য]। ২।৭।ক অক্ষির সম্মুখ [সমীপ বা গোচর] = অব্যয়ীভাব। ৩।১ বানান: প্রত্যক্ষ= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ= প্র, ত্ + য্ + অ= ত্য, ক্ + ষ্ + অ= ক্ষ।

প্রত্যক্ষকারী: যে প্রত্যক্ষ করেছে। বি। তৎসম। প্রত্যক্ষ ['প্রত্যক্ষ' দ্রষ্টব্য] + কারী [কৃ + ইন (ঈ)]। ৬।১ প্রত্যক্ষ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: প্রত্যক্ষকারী= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ক্ + আ + র্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

প্রত্যক্ষদর্শন: স্বচক্ষে দর্শন। বি। তৎসম। প্রত্যক্ষ ['প্রত্যক্ষ' দ্রষ্টব্য] + দর্শন [দৃশ্ (দেখা) + অন]। ৬।১ প্রত্যক্ষ যে দর্শন= অব্যয়ীভাব। ৩।১ বানান: প্রত্যক্ষদর্শন= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ক্ + ষ্ + অ + দ্ + অ + র্ + শ্ + অ + ন্ + অ। বি.দ্র.: র্ + শ্ + অ= র্শ।

প্রত্যক্ষদর্শী: প্রত্যক্ষদর্শনকারী। বিণ। তৎসম। প্রত্যক্ষ ['প্রত্যক্ষ' দ্রষ্টব্য] + দর্শী [দৃশ্ + ইন্ [ঈ]। ৬।১ প্রত্যক্ষ দর্শন করেছে যে= উপপদতৎ। ৩।৩ বানান: প্রত্যক্ষদর্শী= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ক্ + ষ্ + অ + দ্ + অ + র্ + শ্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

প্রত্যক্ষপ্রমাণ: দৃষ্টির গোচরীভূত প্রমাণ। বি। তৎসম। প্রত্যক্ষ ['প্রত্যক্ষ' দ্রষ্টব্য] + প্রমাণ প্র + মা + অন]। ৬।১ প্রত্যক্ষ যে প্রমাণ= কর্মধা। ৩।২ বানান: প্রত্যক্ষপ্রমাণ= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ক্ + ষ্ + অ + প্ + র্ + অ + ম্ + আ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্' -এর মধ্যে 'অ', 'ম', 'আ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রত্যক্ষফল: কারণ থেকে সরাসরি উদ্ভূত ফল। বি। তৎসম। প্রত্যক্ষ ['প্রত্যক্ষ' দ্রষ্টব্য] + ফল [ফল্ + অ]। ৬।১ প্রত্যক্ষ যে ফল= কর্মধা। ৩।২ বানান: প্রত্যক্ষফল= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ক্ + ষ্ + অ + ফ্ + অ + ল্ + অ।

প্রত্যক্ষীকৃত: যা পূর্বে প্রত্যক্ষ ছিল না, এখন প্রত্যক্ষ করা হয়েছে। বিণ। তৎসম। প্রত্যক্ষ ['প্রত্যক্ষ' দ্রষ্টব্য] + ঈ [অভূততদ্ভাবে] + কৃত [কৃ + ত]। ৬।১ বানান: প্রত্যক্ষীকৃত= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ক্ + ষ্ + ঈ + ক্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + ঈ= ক্ষী।

প্রত্যক্ষীভূত: যা পূর্বে প্রত্যক্ষ ছিল না, এখন প্রত্যক্ষ হয়েছে। বিণ। তৎসম। প্রত্যক্ষ ['প্রত্যক্ষ' দ্রষ্টব্য] + ঈ [অভূততদ্ভাবে] ভূত [ভূ + ত]। ৬।১ বানান: প্রত্যক্ষীভূত= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ক্ + ষ্ + ঈ + ভ্ + ঊ +ত্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + ঈ= ক্ষী। ভ্ + ঊ + ত্ + অ= ভূত [হয়েছে]।

প্রত্যঙ্গ : অঙ্গের অংশ। বি। তৎসম। প্রতি + অঙ্গ। [সন্ধি] ই + অ= য [ত্য]। ২।৭।ক অঙ্গের প্রতি [অঙ্গ]= অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রত্যঙ্গ= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ = ঙ্গ।

প্রত্যন্ত : প্রান্তবর্তী, সীমান্তের সন্নিহিত। বিণ। তৎসম। প্রতি + অন্ত [অম্ + ত (তন্)]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ত্য]। ২।৭।ক বানান : প্রত্যন্ত= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র. : ত্ + য্ + অ= ত্য, ন্ + ত্ + অ= ন্ত।

প্রত্যবয়ব : প্রত্যঙ্গ। বি। তৎসম। প্রতি + অবয়ব [অব + য়ব (যু + অ)]। ৬।১ [সন্ধি] ই + অ [ত্য]। ২।৭।ক অবয়বের প্রতি [অঙ্গ]= অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রত্যবয়ব= প + র্ + অ + ত্ + য্ + অ + ব্ + অ + য় + অ + ব্ + অ। বি.দ্র. : ত্ + য্ + অ।

প্রত্যবেক্ষণ : পর্যবেক্ষণ। বি। তৎসম। প্রতি + অব + ঈক্ষণ [ঈক্ষ্ + অন]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ত্য]। ২।৭।ক অ + ঈ= এ [বে]। ২।৪।খ অবেক্ষণের প্রতি [গভীর]= অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রত্যবেক্ষণ= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ব্ + এ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রত্যভিজ্ঞা : পূর্বপরিচিতকে চেনা। বি। তৎসম। প্রতি + অভিজ্ঞা [অভি + জ্ঞা [জানা] + অ + আ]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ত্য]। ২।৭।ক বানান : প্রত্যভিজ্ঞা= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ভ্ + ই + জ্ + ঞ্ + আ। বি.দ্র. : ত্ + য্ + অ= ত্য। জ্ + ঞ্ + আ= জ্ঞা।

প্রত্যভিজ্ঞান : পূর্বপরিচিতকে চেনা। বি। তৎসম। প্রতি + অভিজ্ঞান [অভি + জ্ঞা (জানা)+ অন]। ৬।১ [সন্ধি] ই + অ= য (ত্য)। ২।৭।ক বানান : প্রত্যভিজ্ঞান= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ভ্ + ই + জ্ + ঞ্ + আ + ন্ + অ। বি.দ্র. : ত্ + য্ + অ= ত্য। জ্ + ঞ্ + আ= জ্ঞা।

প্রত্যভিবাদ : প্রতি-নমস্কার। বি। তৎসম। প্রতি + অভিবাদ [অভি + বদ্ + অ]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ত্য]। ২।৭।ক অভিবাদের প্রতি-অভিবাদ। বানান : প্রত্যভিবাদ= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ভ্ + ই + ব্ + আ + দ্ + অ।

প্রত্যভিবাদন : প্রতি-নমস্কার। বি। তৎসম। প্রতি + অভিবাদন [অভি + বদ্ + অন]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ত্য]। ২।৭।ক অভিবাদনের প্রতি-অভিবাদন। বানান : প্রত্যভিবাদন= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ভ্ + ই + ব্ + আ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র. : ত্ + য্ + অ= ত্য।

প্রত্যভিযোগ : পাল্টা নালিশ। বি। তৎসম। প্রতি + অভিযোগ [অভি + যুজ্ + অ]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ত্য]। ২।৭।ক অভিযোগের বিরুদ্ধে অভিযোগ। বানান : প্রত্যভিযোগ= প্ + র্ + অ + ত্ + য্ + অ + ভ্ + ই + য্ + ও + গ্ + অ। বি.দ্র. : ত্ + য্ + অ= ত্য।

প্রত্যয় : বিশ্বাস। বি। তৎসম। প্রতি + অয় [ই (গমন করা) + অ]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ত্য]। ২।৭।ক বানান : প্রত্যয়= প্ + র্ + অ + ত্ + য্ + অ + য় + অ। বি.দ্র. : ত্ + য্ + অ= ত্য।

প্রত্যয়িত : যার দ্বারা বিশ্বাস সৃষ্টি হয় এরূপ বিশ্বস্ত ব্যক্তির স্বাক্ষর-যুক্ত। বিণ। তৎসম। প্রত্যয় [প্রতি + অয়] + ইত [ইতচ্]। ৬।২ [সন্ধি] ই + অ = য [ত্য]। ২।৭।ক বানান : প্রত্যয়িত= প্ + র্ + অ + ত্ + য্ + অ + য় + ই + ত্ + অ। বি.দ্র. : ত্ + য্ + অ= ত্য।

প্রত্যর্থী : প্রতিবাদী। বিণ। তৎসম। প্রতি + অর্থী [অর্থ্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] ই + অ=

য [ত্য]। ২।৭।ক বানান: প্রত্যর্থী= প্ + র্ + অ + ত্ + য্ + অ + র্ + থ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

প্রত্যর্পণ: ফেরত দেওয়া। বি। তৎসম। প্রতি + অর্পণ [অর্পি + অন]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ত্য]। ২।৭।ক বানান: প্রত্যর্পণ= প্ + র্ + অ + ত্ + য্ + অ + র্ + প্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'প' ও 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রত্যর্পিত: যা প্রত্যর্পণ করা হয়েছে। বিণ। তৎসম। প্রতি + অর্পিত [অর্পি + ত]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ত্য]। ২।৭।ক বানান: প্রত্যর্পিত = প্ + র্ + অ + ত্ + য্ + অ + র্ + প্ + ই + ত্ + অ। বি.দ্র.: ত্ + য্ + অ= ত্য। র্ + প্ + ই= র্পি।

প্রত্যহ: প্রত্যেক দিন। বি। তৎসম। প্রতি + অহ। [সন্ধি] ই + অ= য [ত্য]। ২।৭।ক অহ অহ= অব্যয়ীভাব। ৩।১ বানান: প্রত্যহ= প্ + র্ + অ + ত্ + য্ + অ + হ্ + অ।

প্রত্যাখ্যাত: যা প্রত্যাখ্যান করা হয়েছে। বিণ। তৎসম। প্রতি + আখ্যাত [আ + খ্যা + ত]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ত্যা] ২।৭।খ বানান: প্ + র্ + অ + ত্ + য্ + আ + খ্ + য্ + আ + ত্ + অ। বি.দ্র.: ত্ + য্ + আ= ত্যা। খ্ + য্ + আ= খ্যা।

প্রত্যাখ্যান: গ্রহণ বা স্বীকার না-করা। বি। তৎসম। প্রতি + আখ্যান [আ + খ্যা + অন]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ত্যা]। ২।৭।খ বানান: প্রত্যাখ্যান= প্ + র্ + অ + ত্ + য্ + আ + খ্ + য্ + আ + ন্ +অ। বি.দ্র.: ত্ + য্ + আ= ত্যা। খ্ + য্ + আ= খ্যা

প্রত্যাগত: যে ফিরে এসেছে। বিণ। তৎসম। প্রতি + আগত [আ + গম্ + ত]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ত্যা]। ২।৭।খ গিয়ে যে ফিরে এসেছে। বানান: প্রত্যাগত= প্ + র্ + অ + ত্ + য্ + আ + গ্ + অ + ত্ + অ। বি.দ্র.: ত্ + য্ + আ= ত্যা।

প্রত্যাগমন: প্রত্যাবর্তন। বি। তৎসম। প্রতি + আগমন [আ + গমন (গম্ + অন)]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ত্যা]। ২।৭।খ গিয়ে ফিরে আসা। বানান: প্রত্যাগমন= প্ + র্ + অ + ত্ + য্ + আ + গ্ + অ + ম্ + অ + ন্ + অ। বি.দ্র.: ত্ + য্ + আ= ত্যা।

প্রত্যাঘাত: আঘাতের বদলে আঘাত। বিণ। তৎসম। প্রতি + আঘাত [আ + ঘাত [হন্ + অ]। ৬।১ [সন্ধি] ই + আ = যা [ত্যা]। ২।৭।খ বানান: প্রত্যাঘাত= প্ + র্ + অ + ত্ + য্ + আ + ঘ্ + আ +ত্ + অ। বি.দ্র.: ত্ + য্ + আ= ত্যা।

প্রত্যাদিষ্ট: প্রত্যাদেশ-প্রাপ্ত। বিণ। তৎসম। প্রতি + আদিষ্ট [আ + দিষ্ট (দিশ্ + ত)]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ত্যখ]। ২।৭।ক বানান: প্রত্যাদিষ্ট= প্ + র্ + অ + ত্ + য্ + আ + দ্ + ই + ষ্ + ট্ + অ। বি.দ্র.: 'ই'-র পর 'ষ্' হয়েছে এবং 'ষ্'-সংযোগে 'ত্' 'ট্' হয়েছে। ৪।২।ক ও ২।২৪

প্রত্যাদেশ: দৈবাদেশ। বি। তৎসম। প্রতি + আদেশ [আ + দিশ্ + অ]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ত্যা]। ২।৭।খ বানান: প্রত্যাদেশ: প্ + র্ + অ + ত্ + য্ + আ + দ্ + এ + শ্ + অ।

প্রত্যাদেষ্টা: প্রত্যাদেশ- দানকারী। বিণ। তৎসম। প্রতি + আদেষ্টা [আ + দিশ্ + তা [তৃচ্]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ত্যা]। ২।৭।খ বানান: প্রত্যাদেষ্টা= প্ + র্ + অ + ত্ + য্ + আ + দ্ + এ + ষ্ + ট্ + আ। বি.দ্র.: 'এ'-র পর 'ষ্' হয়েছে এবং 'ষ্'-সংযোগে 'ত্' 'ট্' হয়েছে। ৪।২।ক ও ২।২৪

প্রত্যানয়ন: ফিরিয়ে আনা। বি। তৎসম। প্রতি +

আনয়ন [আ + নয়ন (নী + অন)]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ত্যা]। ২।৭।খ [সন্ধি] ই + আ= যা [ত্যা]। ২।৭।খ বানান: প্রত্যানয়ন= প্ + র্ + অ + ত্ + য্ + আ + ন্ + অ + য় + অ + ন্ + অ। বি.দ্র.: ত্ + য্ + আ= ত্যা।

প্রত্যাবর্তন: প্রত্যাগমন। বি। তৎসম। প্রতি + আবর্তন [আ + বর্তন (বৃৎ + অন)]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ত্যা]। ২।৭।খ বানান: প্রত্যাবর্তন= প্ + র্ + অ + ত্ + য্ + আ + ব্ + অ + র্ + ত্ + অ + ন্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ত' থাকায় 'ন্' 'ণ্' হয়নি। ৪।১।গ

প্রত্যাবৃত্ত: যে প্রত্যাবর্তন করেছে। বিণ। তৎসম। প্রতি + আবৃত্ত [আ + বৃত্ত (বৃৎ + ত) [। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ত্যা]। ২।৭।খ বানান: প্রত্যাশা= প্ + র্ + অ + ত্ + য্ + আ + ব্ + ঋ + ত্ + ত্ + অ। বি.দ্র.: ত্ + য্ + আ= ত্যা। ত্ + ত্ + অ= ত্ত।

প্রত্যাশিত: যা প্রত্যাশা করা হয়েছে। বিণ। তৎসম। প্রত্যাশা [প্রতি + আ + অশ্ + অ + আ] + ইত [ইতচ্]। ৬।১, ৬।২ [সন্ধি] ই + আ= যা [ত্যা]। ২।৭।খ বানান: প্রত্যাশিত= প্ + ব্ + অ + ত্ + য্ + আ + শ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ত্ + য্ + আ= ত্যা।

প্রত্যাশী: প্রত্যাশাকারী, যে প্রত্যাশা করে। বিণ। তৎসম। প্রতি + আশী [আ + অশ্ (ব্যাপ্ত হওয়া) + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ত্যা]। ২।৭।খ বানান: প্রত্যাশী= প্ + ব্ + অ + ত্ + য্ + আ + শ্ + ঈ। বি.দ্র.: ত্ + য্ + আ= ত্যা। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

প্রত্যাসন্ন: অতি আসন্ন [আগতপ্রায়] বিণ। তৎসম। প্রতি + আসন্ন [আ + সদ্ + ত]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ত্যা]। ২।৭।খ বানান: প্রত্যাসন্ন= প্ + র্ + অ + ত্ + য্ + আ + স্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র.: ত্ + য্ + আ= ত্যা। ন্ + ন্ + অ= ন্ন।

প্রত্যাহার: ফিরিয়ে নেওয়া। বি। তৎসম। প্রতি + আহার [আ + হৃ + অ]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ত্যা]। ২।৭।খ বানান: প্রত্যাহার= প্ + র্ + অ + ত্ + য্ + আ + হ্ + আ + র্ + অ। বি.দ্র.: ত্ + য্ + আ= ত্যা।

প্রত্যাহৃত: যা প্রত্যাহার করা হয়েছে। বিণ। তৎসম। প্রতি + আহৃত [আ + হৃ + ত]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ত্যা]। ২।৭।খ বানান: প্রত্যাহৃত= প্ + ব্ + অ + ত্ + য্ + আ + হ্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: প্ + ব্ + অ= প্র, ত্ + য্ + আ= ত্যা। হ্ + ঋ= হৃ।

প্রত্যুক্তি: উত্তর। বি। তৎসম। প্রতি + উক্তি [ব্রূ বা বচ্ + তি]। ৬।১ [সন্ধি] ই + উ= যু [ত্যু]। ২।৭।গ বানান: প্রত্যুক্তি= প্ + ব্ + অ + ত্ + য্ + উ + ক্ + ত্ + ই। বি.দ্র.: প্ + ব্ + অ = প্র। ত্ + য্ + উ= ত্যু। ক্ + ত্ + ই= ক্তি।

প্রত্যুত: পক্ষান্তরে, বরং। অব্যয়। তৎসম। প্রতি + উত [বানানের সুবিধার্থে এই সন্ধিবিচ্ছেদ প্রদর্শিত হলো। কিন্তু 'প্রত্যুত' হলো 'বস্তুত'-র বিপরীতার্থক শব্দ। বানান: প্রত্যুত= প্ + র্ + অ + ত্ + য্ + উ + ত্ + অ। বি.দ্র.: ত্ + য্ + উ= ত্যু।

প্রত্যুত্তর: উত্তরের উত্তর। বি। তৎসম। প্রতি + উত্তর [উৎ + তর (তৃ + অ)]। ৬।১ [সন্ধি] ই + উ= যু (ত্যু]। ২।৭।গ বানান: প্রত্যুত্তর= প্ + ব্ + অ + ত্ + য্ + উ + ত্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র.: ত্ + য্ + উ= ত্যু। ত্ + ত্ + অ= ত্ত।

প্রত্যুত্থান: আগন্তুকের সম্মানে উঠে দাঁড়ানো। বি। তৎসম। প্রতি + উত্থান। [উৎ + স্থান (স্থা

+ অন)]। ৬।১ [সন্ধি] ই + উ= যু [ত্যু]। ৎ + স্থা = ত্থা। ২।২৭ বানান: প্রত্যুত্থান= প্ + র্ + অ + ত্ + য্ + উ + ত্ + থ্ + আ + ন্ + অ। বি.দ্র.: ত্ + য্ + উ= ত্যু। ত্ + থ্ + আ= ত্থা।

প্রত্যুত্থিত: যে প্রত্যুত্থান করেছে। বিণ। তৎসম। প্রতি + উত্থিত [উৎ + স্থিত (স্থা + ত)]। ৬।১ [সন্ধি] ত্থি। ২।২৭ বানান: প্রত্যুত্থিত= প্ + র্ + অ + ত্ + য্ + উ + ত্ + থ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ত্ + য্ + উ = ত্যু, ত্ + থ্ + ই= ত্থি।

প্রত্যুৎপন্ন: সঙ্গে সঙ্গে উৎপন্ন। বিণ। তৎসম। প্রতি + উৎপন্ন [উৎ + পদ্ + ত]। ৬।১ [সন্ধি] ই + উ = যু [ত্যু]। ২।৭।গ বানান: প্রত্যুৎপন্ন= প্ + র্ + অ + ত্ + য্ + উ + ত্ + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র.: ত্ + য্ + উ= ত্যু। ন্ন= ন্ + ন্ + অ।

প্রত্যুৎপন্নমতি: উপস্থিত বুদ্ধি। বিণ। তৎসম। প্রত্যুৎপন্ন ['প্রত্যুৎপন্ন' দ্রষ্টব্য] + মতি [মন্ + তি]। ৬।১ প্রত্যুৎপন্ন মতি যার= বহুব্রী। ৩।৫ বানান: প্রত্যুৎপন্নমতি = প্ + র্ + অ + ত্ + য্ + উ + ত্ + প্ + অ + ন্ + ন্ + অ + ম্ + অ + ত্ + ই।

প্রত্যুৎপন্নমতিত্ব: উপস্থিত-বুদ্ধি প্রয়োগের ক্ষমতা। বি। তৎসম। প্রত্যুৎপন্নমতি ['প্রত্যুৎপন্নমতি' দ্রষ্টব্য] + ত্ব। প্রত্যুৎপন্নমতি ব্যক্তির গুণ, ধর্ম বা বৈশিষ্ট্য। বানান: প্রত্যুৎপন্নমতিত্ব= প্ + র্ + অ + ত্ + য্ + উ + ত্ + প্ + অ + ন্ + ন্ + অ + ম্ + অ + ত্ + ই + ত্ + ব্ + অ। বি.দ্র.: ত্ব= ত্ + ব্ + অ।

প্রত্যুদ্গত: যাকে অগ্রসর হয়ে অভ্যর্থনা করা হয়েছে। বিণ। তৎসম। প্রতি + উদ্গত [উৎ + গম্ + ত]। ৬।১ [সন্ধি] ই + উ= যু [ত্যু]। ২।৭।গ ৎ + গ= দ্গ। ২।১৫ বানান: প্রত্যুদ্গত= প্ + র্ + অ + ত্ + য্ + উ + দ্ + গ্ + অ + ত্ + অ। বি.দ্র.: ত্ + য্ + উ= ত্যু। দ্ + গ্ + অ= দ্গ।

প্রত্যুদ্গম: কিছুদূর অগ্রসর হয়ে অভ্যর্থনা। বি। তৎসম। প্রতি + উদ্গম [উৎ + গম্ + অ]। ৬।১ [সন্ধি] ই + উ= যু [ত্যু]। ২।৭।গ ৎ + গ= দ্গ। ২।১৫ বানান: প্রত্যুদ্গম= প্ = র্ + অ + ত্ + য্ + উ + দ্ + গ্ + অ + ম্ + অ। বি.দ্র.: ত্ + য্ + উ= ত্যু। দ্ + গ্+অ= দ্গ।

প্রত্যুদ্গমন: কিছুদূর অগ্রসর হয়ে অভ্যর্থনা। বি। তৎসম। প্রতি + উদ্গমন [উৎ + গম্ + অন]। ৬।১ [সন্ধি] ই + উ= যু [ত্যু]। ২।৭।গ ৎ + গ= দ্গ= ২।১৫ বানান: প্রত্যুৎগমন= প্ + র্ + অ + ত্ + য্ + উ + দ্ + গ্ + অ + ম্ + অ + ন্ + অ। বি.দ্র.: ত্ + য্ + উ= ত্যু। দ্ + গ্ + অ= দ্গ।

প্রত্যুদাহরণ: প্রদত্ত দৃষ্টান্তের বিরুদ্ধ দৃষ্টান্ত। বি। তৎসম। প্রতি + উদাহরণ [উৎ + আ + হৃ + অন]। ৬।১ [সন্ধি] ই + উ= যু [ত্যু]। ২।৭।গ ৎ + আ= দ্ + আ= দা। ২।১৫ বানান: প্রত্যুদাহরণ= প্ + র্ + অ + ত্ + য্ + উ + দ্ + আ + হ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্' -এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ' হয়েছে। ৪।১।গ

প্রত্যুপকার: উপকারের পরিবর্তে উপকার। বি। তৎসম। প্রতি + উপকার [উপ + কৃ + অ] ৬।১ [সন্ধি] ই + উ = যু [ত্যু]। ২।৭।গ বানান: প্রত্যুপকার= প্ + র্ + অ + ত্ + য্ + উ + প্ + অ + ক্ + আ + র্ + অ।

প্রত্যুপকারী: উপকারীর উপকারকারী। বিণ। তৎসম। প্রতি + উপকারী [উপ + কৃ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] ই + উ= যু [ত্যু]। বানান: প্রত্যুপকারী= প্ + র্ + অ + ত্ + য্ + উ + প্ + অ + ক্ + আ + র্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, কাজেই 'ঈ'-কারান্ত।

প্রত্যুপকৃত : প্রত্যুপকার-প্রাপ্ত। বিণ। তৎসম। প্রতি + উপকৃত [উপ + কৃ + ত]। ৬।১ [সন্ধি] ই + উ= যু [ত্যু]। বানান : প্রত্যুপকৃত= প্ + র্ + অ + ত্ + য্ + উ + প্ + অ + ক্ + ঋ + ত্ + অ।

প্রত্যুষ, প্রত্যূষ : ভোর। বি। তৎসম। প্রতি + উষ, ঊষ [উষ্ বা ঊষ্ + অ]। [সন্ধি] ই + উ= যু [ত্যু]। ২।৭।গ বানান : প্রত্যুষ, প্রত্যূষ= প্ + র্ + অ + ত্ + য্ + উ, ঊ + ষ্ + অ। বি.দ্র. : উ বা ঊ-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

প্রত্যেক : এক-এক করে সব। বি। তৎসম। প্রতি + এক। [সন্ধি] ই + এ= যে [ত্যে]। ৬।১ এক এক= অব্যয়ীভাব। ৩।১ বানান : প্রত্যেক= প্ + র্ + অ + ত্ + য্ + এ + ক্ + অ।

প্রথম : আদি, শ্রেষ্ঠ। বিণ। তৎসম। প্রথ্ + অম। ৬।১ বানান : প্রথম= প্ + র্ + অ + থ্ + অ + ম্ + অ।

প্রথমা [স্ত্রী] : আদি, শ্রেষ্ঠা। বিণ। তৎসম। প্রথম ['প্রথম' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : প্রথমা= প্ + র্ + অ + থ্ + অ + ম্ + আ।

প্রথমতঃ : প্রথমে। অব্য, ক্রি-বি˜। তৎসম। প্রথম ['প্রথম' দ্রষ্টব্য] + তঃ [তস্]। ৬।২ বানান : প্রথমতঃ= প্ + র্ + অ + থ্ + অ + ম্ + অ + ত + ঃ।

প্রথম-প্রথম : গোড়ার দিকে। ক্রি-বিণ। তৎসম। প্রথম ['প্রথম' দ্রষ্টব্য] + প্রথম। বানান : প্রথম-প্রথম= প্ + র্ + অ + থ্ + অ + ম্ + অ + প্ + র্ + অ + থ্ + অ + ম্ + অ।

প্রথা : রীতি। বি। তৎসম। প্রথ্ + অ + আ। বানান : প্রথা= প্ + র্ + অ + থ্ + আ।

প্রথাবিরুদ্ধ : রীতির বহির্ভূত। বিণ। তৎসম। প্রথা ['প্রথা' দ্রষ্টব্য] + বিরুদ্ধ [বি + রুধ্ + ত]। ৬।১ প্রথার বিরুদ্ধ= সম্বন্ধতৎ। বানান : প্রথা-বিরুদ্ধ= প্ + র্ + অ + থ + আ + ব্ + ই + র্ + উ + দ্ + ধ্ + অ।

প্রথিত : বিখ্যাত। বিণ। তৎসম। প্রথ্ + ত। ৬।১ বানান : প্রথিত= প্ + র্ + অ + থ্ + ই + ত্ + অ।

প্রথিতনামা : খ্যাতনামা। বিণ। তৎসম। প্রথিত ['প্রথিত' দ্রষ্টব্য] + নামা [নামন্]। প্রথিত [খ্যাত] নাম যার= বহুব্রী। ৩।৫ বানান : প্রথিতনামা= প্ + র্ + অ + থ্ + ই + ত্ + অ + ন্ + আ + ম্ + আ।

প্রথিতযশাঃ, প্রথিতযশা : খ্যাতকীর্তি। বিণ। তৎসম। প্রথিত ['প্রথিত' দ্রষ্টব্য] + যশাঃ, যশা [যশস্]। প্রথিত [খ্যাত] যশঃ, যশ যার= বহুব্রী ৩।৫, বানান : প্রথিতযশা [ঃ] = প্ + র্ + অ + থ্ + ই + ত্ + অ + য্ + অ + শ্ + আ [+ ঃ]।

প্রদ : দানকারী। বিণ। তৎসম। প্র + দা + অ। ৬।১ প্রকৃষ্টভাবে দান করে যে বা যা। বানান : প্রদ= প্ + র্ + অ + দ্ + অ।

প্রদক্ষিণ : দক্ষিণে রেখে পরিক্রমণ। বি। তৎসম। প্র + দক্ষিণ [দক্ষ + ইন]। ৬।২ নিজের ডান [দক্ষিণ] দিকে কিছু বা কাউকে রেখে বৃত্তাকারে পরিভ্রমণ। বানান : প্রদক্ষিণ= প্ + র্ + অ + দ্ + অ + ক্ + ষ্ + ই + ণ্ + অ। বি.দ্র. : 'ষ্' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ক্ + ষ্ + ই= ক্ষি।

প্রদত্ত : অর্পিত। বিণ। তৎসম। প্র + দত্ত [দা + ত]। ৬।১ প্রকৃষ্টভাবে যা দান করা হয়েছে। বানান : প্রদত্ত= প্ + র্ + অ + দ্ + অ + ত্ + ত্ + অ। বি.দ্র. : ত্ + ত্ = অ= ত্ত।

প্রদমিত : সংযত। বিণ। তৎসম। প্র + দমিত [দম্ + ণিচ্ + ত]। ৬।১ প্রকৃষ্টরূপে দমিত। বানান : প্রদমিত= প্ + অ + দ্ + অ + ম্ + ই + ত্ + অ।

প্রদর : স্ত্রীরোগ বিশেষ। বি। তৎসম। প্র + দৃ + অ। বানান : প্রদর= প্ + র্ + অ + দ্ + অ + র্ + অ।

প্রদর্শক : প্রদর্শনকারী। বিণ। তৎসম। প্র + দর্শক [দৃশ্ + অক]। ৬।১ যে প্রকৃষ্টরূপে দর্শন করায়। বানান : প্রদর্শক= প্ + র্ + অ + দ্ + অ + র্ + শ্ + অ + ক্ + অ। বি.দ্র. : র্ + শ্ + অ= র্শ।

প্রদর্শন : পর্যবেক্ষণ। বি। তৎসম। প্র + দর্শন [দৃশ্ + অন]। ৬।১ প্রকৃষ্টরূপে দর্শন [দেখা]। বানান : প্রদর্শন= প্ + র্ + অ + দ্ + অ + র্ + শ্ + অ + ন্ + অ।

প্রদর্শনী : যেখানে বিভিন্ন বস্তু প্রাণী বা ক্রীড়া-কৌশল ইত্যাদি দেখান হয়। বি। তৎসম। প্র + দর্শনী [দৃশ্ + অন + ঈ (স্ত্রী)]। ৬।১ বানান : প্রদর্শনী= প্ + র্ + অ + দ্ + অ + র্ + শ্ + অ + ন্ + ঈ। র্ + শ্ + অ= র্শ।

প্রদর্শশালা : জাদুঘর। বি। তৎসম। প্র + দর্শ [দৃশ্ + অ] + শালা [শল্ (যাওয়া) + অ + আ]। ৬।১ প্রদর্শের [বিশেষভাবে দেখা যায়] নিমিত্ত শালা [আলয়]= নিমিত্ততৎ। ৩।৩ বানান : প্রদর্শশালা : প্ + র্ + অ + দ্ + অ + র্ + শ্ + অ + শ্ + আ + ল্ + আ।

প্রদর্শিকা : প্রদর্শনকারিণী। বিণ। তৎসম। প্র + দর্শিকা [দৃশ্ + ইক (<অক) + আ (স্ত্রী)]। যে প্রকৃষ্টভাবে দেখিয়ে দেয়। বানান : প্রদর্শিকা= প্ + র্ + অ + দ্ + অ + র্ + শ্ + ই + ক্ + আ। বি.দ্র. : র্ + শ্ + ই= র্শি।

প্রদা : দানকারিণী। বিণ। তৎসম। প্র + দা [দা (দান করা) + অ + আ (স্ত্রী)। ৬।১ বানান : প্রদা= প্ + র্ + অ + দ্ + আ।

প্রদান : দান। বি। তৎসম। প্র + দান [দা + অন]। ৬।১ প্রকৃষ্টরূপে দান। বানান : প্রদান= প্ + র্ + অ + দ্ + আ + ন্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্' -এর মধ্যে 'অ' ও 'আ' ছাড়া 'দ্' থাকায় 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

প্রদায়ক : প্রদানকারী। বিণ। তৎসম। প্র + দায়ক [দা + অক]। ৬।১ যে প্রকৃষ্টভাবে দান করে। বানান : প্রদায়ক= প্ + র্ + অ + দ্ + আ + য্ + অ + ক্ + অ।

প্রদাহ : জ্বালা। বি। তৎসম। প্র + দাহ [দহ্ (দগ্ধ করা) + অ]। ৬।১ প্রকৃষ্টরূপে দাহ বা দহন। বানান : প্রদাহ= প্ + র্ + অ + দ্ + আ + হ্ + অ।

প্রদীপ : দীপবর্তিকা। বি। তৎসম। প্র + দীপ [দীপ্ (দীপ্ত বা আলোকিত করা) + অ। ৬।১ প্রকৃষ্টরূপে যা আলোকিত করে। বানান : প্রদীপ= প্ + র্ + অ + দ্ + ঈ + প্ + অ। বি.দ্র. : দ + ঈ= দী।

প্রদীপ্ত : প্রখররূপে উজ্জ্বল। বিণ। তৎসম। প্র + দীপ্ত [দীপ্ (দীপ্ত বা আলোকিত করা) + ত]। ৬।১ যা উজ্জ্বলভাবে দীপ্ত বা আলোকিত। বানান : প্রদীপ্ত= প্ + র্ + অ + দ্ + ঈ + প্ + ত্ + অ। বি.দ্র. : দ্ + ঈ= দী।

প্রদীপ্তি : প্রখর উজ্জ্বলতা। বি। তৎসম। প্র + দীপ্তি [দীপ্ (আলোকিত করা) + তি]। ৬।১ বানান : প্রদীপ্তি = প্ + র্ + অ + দ্ + ঈ + প্ + ত্ + ই। বি.দ্র. : দ্ + ঈ= দী, প্ + ত্ + ই= প্তি। আগে ঈ [দীপ্ ধাতু], পরে ই [তি-প্রত্যয়।]

প্রদৃপ্ত : অতিশয় দৃপ্ত। বিণ। তৎসম। প্র + দৃপ্ত [দৃপ্ (দর্প বা অহংকার করা) + ত]। ৬।১ প্রকৃষ্টরূপে দৃপ্ত [অহংকৃত]। বানান : প্রদৃপ্ত = প্ + র্ + অ + দ্ + ঋ + প্ + ত্ + অ। বি.দ্র. : দ্ + ঋ = দৃ, প্ + ত্ + অ= প্ত।

প্রদেশ : দেশের অংশ। বি। তৎসম। প্র + দেশ [দিশ্ (উৎপাদন বা মঞ্জুর করা) + অ]। ৬।১ বানান : প্রদেশ= প্ + র্ + অ + দ্ + এ

+ শ্ + অ।

প্রদোষ : সন্ধ্যা। বি। তৎসম। প্র + দোষ [দুষ্ (কলঙ্কিত বা কালিমালিপ্ত বা অন্ধকারাবৃত হওয়া) + অ]। ৬।১ প্রারব্ধা দোষা [রাত্রি] যে সময়ে = বহুব্রী। ৩।৫ বানান : প্রদোষ= প্ + র্ + অ + দ্ + ও + ষ্ + অ। বি.দ্র. : ও-কারের পর 'ষ' হয়েছে। ৪।২।ক

প্রদ্যুম্ন : কৃষ্ণের পুত্র। বি। তৎসম। প্র + দ্যুম্ন [দ্যুম্ (বল প্রকাশ করা) + ন]। ৬।১ প্র [প্রকৃষ্ট] + দ্যুম্ন [বল বা শক্তি] যার = বহুব্রী। ৩।৫ বানান : প্রদ্যুম্ন= প্ + র্ + অ + দ্ + য্ + উ + ম্ + ন্ + অ। বি.দ্র. : দ্ + য্ + উ= দ্যু। ম্ + ন্ + অ= ম্ন।

প্রদ্যোত : দীপ্তি। বি। তৎসম। প্র + দ্যোত [দ্যুৎ দীপ্ত বা আলোকিত করা) + অ। ৬।১ বানান : প্রদ্যোত= প্ + র্ + অ + দ্ + য্ + ও + ত্ + অ। বি.দ্র. : দ্ + য্ + ও= দ্যো।

প্রধান : শ্রেষ্ঠ। বিণ। তৎসম। প্র + ধা (ধারণ করা) + অন। ৬।১ প্রকৃষ্ট ধারণ-স্থান যার= বহুব্রী। ৩।৫ বানান : প্রধান = প্ + র্ + অ + ধ্ + আ + ন্ + অ।

প্রধূমিত : অত্যন্ত ধূমায়িত। বি। তৎসম। প্র + ধূমিত + [ধূম + ইত]। ৬।২ বানান : প্রধূমিত= প্ + র্ + অ + ধ্ + উ + ম্ + ই +ত্ + অ। বি.দ্র. : ধ্ + ঊ = ধূ।

প্রনষ্ট : বিনষ্ট। বিণ। তৎসম। প্র + নষ্ট [নশ্ (ধ্বংস হওয়া) + অ]। ৬।১ যা সম্পূর্ণরূপে নাশপ্রাপ্ত হয়েছে। বানান : প্রনষ্ট = প্ + র্ + অ + ন্ + অ + ষ্ + ট্ + অ। বি.দ্র. : 'প্র' ও 'নষ্ট' দুটি ভিন্ন শব্দ-রূপে গৃহীত হওয়ায় 'ন্' 'ণ' হয় নি। 'ষ' সংযোগে 'ত্' 'ট্' হয়েছে। ২।২৪

প্রপঞ্চ : মায়া। বি। তৎসম। প্র + পঞ্চ [পঞ্চ্ (নানা রূপে বিস্তৃত হওয়া) + অ]। ৬।১ মায়ার দ্বারা প্রতারণা। বানান : প্রপঞ্চ= প্ + র্ + অ + প্ + অ + ঞ্ + চ্ + অ বি.দ্র. : ঞ্ + চ্ + অ= ঞ্চ।

প্রপঞ্চময় : মায়াময়। বিণ। তৎসম। প্রপঞ্চ ['প্রপঞ্চ' দ্রষ্টব্য] + ময় [ময়ট্]। ৬।২ যা প্রপঞ্চ [মায়া]-পূর্ণ। বানান : প্রপঞ্চময়= প্ + র্ + অ + প্ + অ + ঞ্ + চ্ + অ + ম্ + অ + য্ + অ।

প্রপন্ন : শরণাগত। বিণ। তৎসম। প্র + পন্ন [পদ্ + ত]। ৬।১ বানান : প্রপন্ন = প্ + র্ + অ + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র. : ন্ + ন্ + অ= ন্ন।

প্রপিতামহ : ঠাকুরদাদার বা পিতামহের পিতা। বি। তৎসম। প্র + পিতা + মহ [ডামহ]। ৬।২ বানান : প্রপিতামহ= প্ + র্ + অ + প্ + ই + ত্ + আ + ম্ + অ + হ্ + অ।

প্রপিতামহী : ঠাকুরদাদার বা পিতামহের মাতা। বি। তৎসম। প্র + পিতা + মহ [ডামহ] + ঈ [স্ত্রী]। ৬।২ বানান : প্রপিতামহী= প্ + র্ + অ + প্ + ই + ত্ + আ + ম্ + অ + হ্ + ঈ। বি.দ্র. : শব্দান্তের 'ঈ' স্ত্রী-প্রত্যয় 'ঈ'-জনিত।

প্রপৌত্র : পৌত্রের পুত্র। বি। তৎসম। প্র + পৌত্র [পুত্র + অ(ষ্ণ)]। ৬।২ বানান : প্রপৌত্র= প্ + র্ + অ + প্ + ঔ + ত্ + র্ + অ। বি.দ্র. : প্ + ঔ = পৌ, ত্ + র্ + অ= ত্র।

প্রপৌত্রী : পৌত্রের কন্যা। বি। তৎসম। প্রপৌত্র। ['প্রপৌত্র' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। বানান : প্রপৌত্রী= প্ + র্+ অ + প্ + ঔ + ত্ + র্ + ঈ। বি.দ্র. : ত্ + র্ +ঈ= ত্রী।

প্রফুল্ল : প্রস্ফুটিত। বিণ। তৎসম। প্র + ফুল্ল্ [বিকশিত হওয়া] + অ। ৬।১ প্রকৃষ্টরূপে বিকশিত [আনন্দিত]। বানান : প্রফুল্ল= প্ + র্ + অ + ফ্ + উ + ল্ + ল্ + অ। বি.দ্র. : ল্ + ল্ + অ= ল্ল।

প্রফুল্লিত : যাকে প্রফুল্ল করা হয়েছে। বিণ। তৎসম। প্র + ফুল্লিত (বিকশিত হওয়া) [ফুল্ল্ + ত]।

৬।১ প্রকৃষ্টরূপে বিকশিত। বানান : প্রফুল্লিত = প্ + র্ + অ + ফ্ + উ + ল্ + ল্ + ই + ত্ +অ।

প্রবক্তা : ব্যাখ্যাতা। বি। তৎসম। প্র + [বক্তা= বচ্ + তা (তৃচ্)]। ৬।১ সাধুবাচন করেন যিনি। বানান : প্রবক্তা= প্ + র্+ অ + ব্ + অ + ক্ + ত্ + আ। বি.দ্র. : ক্ + ত্ + আ= ক্তা।

প্রবচন : প্রবাদ। বি। তৎসম। প্র + বচন [বচ্ + অন]। ৬।১ প্রকৃষ্ট বচন বা উক্তি। বানান : প্রবচন= প্ + র্ + অ + ব্ + অ + চ্ + অ + ন্ + অ।

প্রবন্ধ : রচনা। বি। তৎসম। প্র + বন্ধ [বন্ধ্ + অ]। ৬।১ বানান : প্রবন্ধ= প্ + র্ + অ + ব্ + অ + ন্ + ধ্ + অ।

প্রবর্তক : প্রচলনকারী। বি, বিণ। তৎসম। প্র + বর্তক [বৃৎ + অক]। ৬।১ বানান : প্রবর্তক = প্ + র্ + অ + ব্ + অ + র্ + ত্ + অ + ক্ + অ। বি.দ্র. : র্ + ত্ + অ= র্ত।

প্রবর্তন [প্রবর্তনা] : প্রচলিতকরণ। বি। তৎসম। প্র + বর্তন [বৃৎ + ণিচ্ + অন [+ আ] ৬।১ কোন-কিছুর সূত্রপাত বা উপক্রম। বানান : প্রবর্তন= প্ + র্ + অ + ব্ + অ + র্ + ত্ + অ + ন্ + অ [+ আ]। 'র্' ও 'ন্'-এর মধ্যে ত্ থাকায় 'ন্' 'ণ্' হয়নি। ৪।১।গ

প্রবর্তিত : প্রবর্তন-কৃত। বিণ। তৎসম। প্র + বর্তিত। [বৃৎ + ণিচ্ + ত]। ৬।১ যার প্রচলন আগে ছিল না, তার প্রচলনের সূত্রপাত করা। বানান : প্রবর্তিত= প্ + র্ + অ + ব্ + অ + র্ + ত্ + ই + ত্ + অ।

প্রবল : প্রচণ্ড। বিণ। তৎসম। প্র + বল্+ অ। ৬।১ প্র [প্রচুর] বল যার = বহুব্রী। ৩।৫ বানান : প্রবল= প্ + র্ + অ + ব্ + অ + ল্ + অ।

প্রবণ : ঝোঁকবিশিষ্ট। বিণ। তৎসম। প্রু + অন। ৬।১ [সন্ধি] উ + অ= ব্। ২।৮।ক বানান : প্রবণ = প্ + র্ + অ + ব্ + অ + ণ্ + অ।

প্রবহমান : যা বয়ে যাচ্ছে। বিণ। তৎসম। প্র + বহমান ['বহ্' (উভয়পদী) + মান (শানচ্)। ৬।১ প্রকৃষ্টভাবে বহমান। বানান : প্রবহমান= প্ + র্+ অ + ব্ + অ + হ্ + অ + ম্ + আ + ন্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ', 'ব্', 'হ্', 'ম্', 'আ' থাকা সত্ত্বেও 'ন' 'ণ্' হয়নি। এর পক্ষে একমাত্র যুক্তি হলো 'প্র' এবং 'বহমান' শব্দ দুটিকে ভিন্ন শব্দ ধরা হয়েছে তাই,'ন্' 'ণ্' হয়নি। ৪।১।গ।

প্রবাদ : জনশ্রুতি। বি। তৎসম। প্র + বাদ [বদ্ + অ]। ৬।১ প্রকৃষ্ট বাদ বা উক্তি। জনসাধারণের মুখে যে প্রচলিত উক্তি, প্রায়শঃ উচ্চারিত হয়। বানান : প্রবাদ= প্ + র্ + অ + ব্ + আ + দ্ + অ।

প্রবাল : পলা। বি। তৎসম। প্র + বাল [বল্ (রক্তিম আভা দান করা) + অ]। ৬।১ এক প্রকার সামুদ্রিক কীটের পাঁজর থেকে প্রাপ্ত রক্তবর্ণ রত্ন। বানান : প্রবাল= প্ + র্ + অ + ব্ + আ + ল্ + অ।

প্রবাস : বিদেশ। বি। তৎসম। প্র + বাস [বস্ (বাস করা) + অ। ৬।১ বানান : প্রবাস= প্ + র্ + অ + ব্ + আ + স্ + অ।

প্রবাসন : নির্বাসন। বি। তৎসম। প্র + বাসন [বস্ + ণিচ্ + অন]। ৬।১ বানান : প্রবাসন= প্ + র্ + অ + ব্ + আ + স্ + অ + ন্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' , 'ব', 'আ' ইত্যাদি বর্ণের সঙ্গে 'স্' থাকায় 'ন্' 'ণ্' হয়নি।

প্রবাহ : স্রোত। বি। তৎসম। প্র + বাহ [বহ্ +

অ]। ৬।১ বানান: প্রবাহ= প্ + র্ + অ + ব্ + আ + হ্ + অ।

প্রবাহিত: প্রবাহনশীল। বিণ। তৎসম। প্রবাহ ['প্রবাহ' দ্রষ্টব্য] + ইত [ইতচ্]। প্রবাহ-যুক্ত। বানান: প্রবাহিত= প্ + র্ + অ + ব্ + আ+ হ্ + ই + ত্ + অ।

প্রবাহিনী [প্রবাহিণী]: নদী। বি। তৎসম। প্র + বহ্ + ইন্ + ঈ। ৬।১ প্রবাহ-বিশিষ্টা। বানান: প্রবাহিনী [ণী]= প্ + র্ + অ + ব্ + আ + হ্ + ই + ন্ [ণ্] + ঈ। 'প্র' ও 'বাহিনী'-কে ভিন্ন ধরলে 'ন' হবে। একটি মাত্র শব্দ ধরলে 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ', 'ব', 'আ', 'হ্', 'ই' থাকায় 'ন' 'ণ' হবে। কাজেই, 'প্রবাহিনী' ও 'প্রবাহিণী'— উভয় বানানই শুদ্ধ।

প্রবাহী: প্রবাহযুক্ত। বিণ। তৎসম। প্র + বহ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান: প্রবাহী = প্ + র্ + অ + ব্ + আ + হ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

প্রবিষ্ট: অভ্যন্তরে গত। বিণ। তৎসম। প্র + বিষ্ট [বিশ্ + ত]। ৬।১ যে বা যা প্রবেশ করেছে। বানান: প্রবিষ্ট= প্ + র্ + অ + ব্ + ই + ষ্ + ট্ + অ। বি.দ্র. 'ই'-র পর 'ষ' সিদ্ধ এবং 'ষ্'-সংযোগ 'ত্' 'ট্' হয়েছে।

প্রবীণ: বৃদ্ধ। বিণ। তৎসম। প্র + বীণি [বীণা বাজানো] + অ। ৬।১ প্রকৃষ্টা বীণা যার= বহুব্রী। ৩।৫ উৎকৃষ্টভাবে যিনি বীণা বাজান। বানান: প্রবীণ= প্ + র্ + অ + ব্ + ঈ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ', 'ব', 'ঈ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রবীণতা: বার্ধক্য। বি। তৎসম। প্রবীণ ['প্রবীণ' দ্রষ্টব্য] + তা। ৬।২ প্রবীণের বৈশিষ্ট্য। বানান: প্রবীণতা = প্ + র্+ অ + ব্ + ঈ + ণ্ + অ + ত্ + আ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ', 'ব্', 'ঈ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রবাসী: বিদেশে বাসকারী। প্র + বাসী [বস্ + ইন্ (ঈ)]। ৬।১ বিদেশে যে বাস করে। বানান: প্রবাসী= প্ + র্ + অ+ ব্ + আ + স্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

প্রবীণত্ব: বার্ধক্য। বি। তৎসম। প্রবীণ। ['প্রবীণ' দ্রষ্টব্য] + ত্ব] বানান: প্রবীণত্ব= প্ + র্ + অ + ব্ + ঈ + ণ্ + অ + ত্ + ব্ + অ

প্রবীণা: বৃদ্ধা। বিণ। তৎসম। প্রবীণ ['প্রবীণ' দ্রষ্টব্য] প্র + বীণি + অ + আ (স্ত্রী)। ৬।১, ৭।১।ক। বানান: প্রবীণা= প্ + র্ + অ + ব্ + ঈ + ণ্ + আ।

প্রবীর: রাজা নীলধ্বজ ও জনার পুত্র। বি। তৎসম। প্র + বীর [বীর্ + অ]। ৬।১ প্রকৃষ্ট বা প্রবল বীর । বানান: প্রবীর= প্ + র্ + অ + ব্ + ঈ + র্ + অ।

প্রবুদ্ধ: জাগরিত। বিণ। তৎসম। প্র + বুদ্ধ [বুধ্ + ত]। ৬।১ প্রকৃষ্ট জ্ঞানপ্রাপ্ত। বানান: প্রবুদ্ধ = প্ + র্ + অ + ব্ + উ + দ্ + ধ্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + অ = দ্ধ।

প্রবৃত্ত: রত। বিণ। তৎসম। প্র + বৃত্ত [বৃৎ + ত] ৬।১ বানান: প্রবৃত্ত= প্ + র্ + অ + ব্ + ঋ + ত্ + ত্ + অ। বি.দ্র.: ব্ + ঋ= বৃ, ত্ + ত্ + অ= ত্ত।

প্রবৃত্তি: স্পৃহা। বি। তৎসম। প্র + বৃত্তি [বৃৎ + তি]। ৬।১ বানান: প্রবৃত্তি= প্ + র্ + অ + ব্ + ঋ + ত্ + ত্ + ই। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ত্ + ত্ + ই = ত্তি।

প্রবৃদ্ধ: অতিশয় বৃদ্ধিপ্রাপ্ত। বিণ। তৎসম। প্র + বৃদ্ধ [বৃধ্ (বর্ধিত হওয়া) + ত]। ৬।১ অতিশয় বৃদ্ধ। বানান: প্রবৃদ্ধ= প্ + র্ + অ + ব্ + ঋ + দ্ + ধ্ + অ। বি.দ্র.: ব্ + ঋ= বৃ, দ্ + ধ্ + অ= দ্ধ।

প্রবেট: আদালতে প্রমাণীকৃত উইলের সরকারী

নকল। বি। বিদেশী। <ইং. probet.

প্রবেশ : ঢোকা। বি। তৎসম। প্র + বেশ [বিশ্ + অ]। ৬।১ অভ্যন্তরে গমন। বানান : প্রবেশ = প্ + র্ + অ + ব্ + এ + শ্ + অ।

প্রবেশ্য : প্রবেশযোগ্য। বিণ। তৎসম। প্র + বেশ্য [বিশ্ + য (যৎ)]। ৬।১ যেখানে প্রবেশ করা যায়। বানান : প্রবেশ্য= প্ + র্ + অ + ব্ + এ + শ্ + য্ + অ। বি.দ্র. : শ্ + য্ + অ= শ্য।

প্রবোধ : সান্ত্বনা। বি। তৎসম। প্র + বোধ [বুধ্ (জ্ঞানলাভ করা) + অ]। ৬।১ বানান : প্রবোধ= প্ + র্ + অ + ব্ + ও + ধ্ + অ।

প্রব্রজিত : শ্রমণ। বি, বিণ। তৎসম। প্র + ব্রজিত [ব্রজ্ (ভ্রমণ করা) + ত]। ৬।১ সংসার ত্যাগ কবে যিনি পরমার্থ লাভের জন্য ভ্রমণ করেন। বানান : প্রব্রজিত= প্ + র্ + অ + ব্ + ব্ + অ + জ্ + ই + ত্ + অ। বি.দ্র. : ব্ + র্ + অ= ব্র।

প্রব্রজ্যা : সন্ন্যাসধর্ম। বি। তৎসম। প্র + ব্রজ্যা [ব্রজ্ + য (যৎ) + আ)]। ৬।১ সন্ন্যাস গ্রহণ করে পরিভ্রমণ। বানান : প্রব্রজ্যা= প্ + র্ + অ + ব্ + র্ + অ + জ্ + য্ + আ। বি.দ্র. : ব্ + র্ + অ, জ্ + য্ + আ।

প্রভঞ্জন : ঝড়। বি। তৎসম। প্র + ভঞ্জন [ভঞ্জ্ (ভাঙা) + অন]। ৬।১। যা ভাঙতে পটু। বানান : প্রভঞ্জন = প্ + র্ + অ + ভ্ + অ + ঞ্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র. : 'ব্' ও 'ন্'-এর মধ্যে 'জ্' থাকায় 'ন্' 'ণ' হয়নি। ঞ্ + জ্ + অ= ঞ্জ।

প্রভা : দীপ্তি। বি। তৎসম। প্র + ভা [ভা (দীপ্তি প্রকাশ করা) + অ + আ। ৬।১ বানান : প্রভা= প্ + র্ + অ + ভ্ + আ।

প্রভাকর : সূর্য। বি। তৎসম। প্রভা ['প্রভা' দ্রষ্টব্য] + কর [কৃ + অ]। ৬।১ প্রভা [আলোকিত] করে যে= উপপদতৎ। ৩।৩ যা আলো দান করে। বানান : প্রভাকর = প্ + র্ + অ + ভ্ + আ + ক্ + অ + র্ + অ।

প্রভাব : প্রভুশক্তি। বি। তৎসম। প্র + ভাব [ভূ + অ]। ৬।১ বানান : প্রভাব= প্ + র্ + অ + ভ্ + আ + ব্ + অ। ব্যক্তি বা বস্তুকে চালিত করবার শক্তি।

প্রভাবান : দীপ্তিময়। বিণ। তৎসম। প্রভা ['প্রভা' দ্রষ্টব্য] + বান [বতুপ্]। ৬।২ প্রভা বা দীপ্তি পাওয়া বানান : প্রভাবান= প্ + র্ + অ + ভ্ + আ + ব্ + আ + ন্ + অ।

প্রভাবান্বিত : প্রভাব-বিশিষ্ট। বিণ। তৎসম। প্রভাব ['প্রভাব' দ্রষ্টব্য + অন্বিত [অনু +ইত]। ৬।১ [সন্ধি] অ + অ= আ, উ + ই= বি। ২।৮।ক বানান : প্রভাবান্বিত= প্ + র্ + অ + ভ্ + আ + ব্ + আ + ন্ + ব্ + ই + ত্ + অ।

প্রভাবিত : প্রভাব দ্বারা অভিভূত বিণ। তৎসম। প্র + ভাবিত। [ভূ + ণিচ্ + ত]। ৬।১ বানান : প্রভাবিত = প্ + র্ + অ + ভ্ + আ + ব্ + ই + ত্ + অ।

প্রভাস : তীব্র দীপ্তি, সোমতীর্থ। বি। তৎসম। প্র + ভাস [ভাস্ (দীপ্তি পাওয়া) + ৬।১ বানান : প্রভাস= প্ + র্ + অ + ভ্ + আ + স্ + অ। বি. দ্র. : 'আ'-র পর 'স্' হয়েছে।

প্রভু : ঈশ্বর, নৃপতি, মনিব, স্বামী। বি। তৎসম। প্র + ভূ + উ। ৬।১ বানান : প্রভু= প্ + র্ + অ + ভ্ + উ। বি.দ্র. : যদিও 'ভূ' ধাতু উ-কারান্ত, 'উ'-প্রত্যয় যোগের কারণে 'ভ্'-এর সঙ্গে 'উ'-কার যুক্ত হয়ে 'প্রভু' হয়েছে।

প্রভুত্ব : প্রভুর ভাব। বি। তৎসম। প্রভু ['প্রভু' দ্রষ্টব্য] + ত্ব। ৬।২ বানান : প্রভুত্ব= প্ + র + অ + ভ্ + উ + ত্ + ব্ + অ। বি.দ্র. : 'প্রভু'-র ভু= ভ্ + উ [উ-কার নয়]

প্রভুপত্নী : মনিবের স্ত্রী। বি। তৎসম। প্রভু ['প্রভু'

দ্রষ্টব্য] + পত্নী [পতি + ঈ—'ন্'-এর আগম]। ৭।১।গ বানান: প্রভুপত্নী: প্ + র্ + অ + ভ্ + উ + প্ + অ + ত্ + ন্ + ঈ। বি.দ্র.: ত্ + ন্ + ঈ = ত্নী।

প্রভুভক্ত: মনিবের প্রতি অনুরক্ত। বিণ। তৎসম। প্রভু ['প্রভু' দ্রষ্টব্য] + ভক্ত [ভজ্ (ভজনা করা) + ত]। ৬।১ প্রভুর ভক্তি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রভুভক্ত = প্ + র্ + অ + ভ্ + উ + ভ্ + অ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ= ক্ত।

প্রভুভক্তি: মনিবের প্রতি আনুগত্য। বি। তৎসম। প্রভু ['প্রভু' দ্রষ্টব্য] + ভক্তি [ভজ্ (ভজনা করা) + তি]। ৬।১ প্রভুকে ভক্তি= কর্মতৎ। ৩।৩ বানান: প্রভুভক্তি = প্ + র্ + অ + ভ্ + উ + ভ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + ই =ক্তি।

প্রভূত: প্রচুর। বিণ। তৎসম। প্র + ভূত [ভূ (হওয়া) + ত]। ৬।১ প্র [প্রচুর পরিমাণে] ভূত [যা হয়েছে]। বানান: প্রভূত= প্ + র্ + অ + ভ্ + ঊ + ত্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ।

প্রভৃতি: ইত্যাদি। বিণ। তৎসম। প্র + ভৃতি [ভৃ (ভরণ করা) + তি] ৬।১ বানান: প্রভৃতি= প্ + র্ + অ + ভ্ + ঋ + ত্ + ই। বি.দ্র.: ভ্ + ঋ= ভৃ।

প্রভেদ: পার্থক্য। বি। তৎসম। প্র + ভেদ [ভিদ্ (পৃথক্ করা) + অ। ৬।১ প্র [প্রকৃষ্ট বা অত্যন্ত] ভেদ [ভিন্নতা]। বানান: প্রভেদ= প্ + র্ + অ + ভ্ + এ + দ্ + অ।

প্রমত্ত: অতিশয় মত্ত। বিণ। তৎসম। প্র + মত্ত [মদ্ (মত্ত হওয়া) + ত। ৬।১ প্র [অতিশয়] মত্ত [মত্ততাগ্রস্ত]। বানান: প্রমত্ত = প্ + র্ + অ + ম্ + অ + ৎ + ত্ + অ। বি.দ্র.: ত্ + ত্ + অ= ত্ত।

প্রমত্ততা: অতিশয় মত্ততা। বি। তৎসম। প্রমত্ত ['প্রমত্ত' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: প্রমত্ততা= প্ + র্ + অ + ম্ + অ + ত্ + ত্ + অ + ত্ + আ।

প্রমথ: শিবানুচর। বি। তৎসম। প্র + মথ [মথ্ (মন্থন করা বা দুষ্টকে শাসন করা) + অ। ৬।১ প্র [উত্তমরূপে] মথ [যারা দুষ্টকে শাসন করে]। বানান: প্রমথ= প্ + র্ + অ + ম্ + অ + থ্ + অ।

প্রমথেশ: শিব। বি। তৎসম। প্রমথ ['প্রমথ' দ্রষ্টব্য] + ঈশ [ঈশ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + ঈ = এ [থে]। ২।৪।খ প্রমথ [শিবানুচর]-গণের ঈশ = সম্বন্ধ-তৎ। ৩।৩ বানান: প্রমথেশ= প্ + র্ + অ + ম্ + অ + থ্ + এ + শ্ + অ।

প্রমদা: রমণী। বি। তৎসম। প্র + মদা [মদ্ (অহংকার করা) + অ + আ (স্ত্রী)] ৬।১, ৭।১।ক যৌবন-গর্বে গর্বিতা নারী। বানান: প্রমদা= প্ + র্ + অ + ম্ + অ + দ্ + আ।

প্রমা: সত্যজ্ঞান। বি। তৎসম। প্র + মা [মা (পরিমাণ করা বা মাপা) + অ + আ। ৬।১ যা দিয়ে প্রকৃষ্টভাবে বা সূক্ষ্মভাবে মাপা বা বিচার-বিবেচনা করা যায়।

প্রমাণ: নজির, পূর্ণ পরিমাণ। বি। তৎসম। প্র + মান [মা (পরিমাণ করা) + অন]। ৬।১ যার দ্বারা সত্য প্রমাণিত হয়। বানান: প্রমাণ= প্ + র্ + অ + ম্ + আ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে স্বরবর্ণ ছাড়াও'ম্' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রমাণপত্র: দলিলাদির রসিদ। বি। তৎসম। প্রমাণ ['প্রমাণ' দ্রষ্টব্য] + পত্র [পত্ + ত্র]। ৬।১ প্রমাণের পত্র = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রমাণপত্র= প্ + র্ + অ + ম্ + আ + ণ + অ + প্ + অ + ত্ + র্ + অ।

প্রমাণসাপেক্ষ: যার সত্যতা প্রমাণের অপেক্ষা

রাখে। বিণ। তৎসম। প্রমাণ ['প্রমাণ' দ্রষ্টব্য] + সাপেক্ষ [স + অপেক্ষ (অপ + ঈক্ষ্ + অ)]। ৬।১ [সন্ধি] অ + ঈ= এ [পে]। ২।৪।খ অপেক্ষার সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ প্রমাণের সাপেক্ষ= সম্বন্ধতৎ।৩।৩ বানান: প্রমাণসাপেক্ষ= প্ + র্ + অ + ম্ + আ + ণ্ + অ + স্ + আ + প্ + এ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

প্রমাণসিদ্ধ: প্রমাণের দ্বারা যার সত্যতা প্রতিষ্ঠিত। বিণ। তৎসম। প্রমাণ ['প্রমাণ' দ্রষ্টব্য] + সিদ্ধ [সিধ্ (সিদ্ধ বা সফল হওয়া) + ত]। ৬।১ প্রমাণের দ্বারা সিদ্ধ= করণতৎ। ৩।৩ বানান: প্রমাণসিদ্ধ= প্ + র্ + অ + ম্ + আ + ণ্ + অ + স্ + ই + দ্ + ধ্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + অ= দ্ধ।

প্রমাণাভাব: উপযুক্ত প্রমাণের অভাব। বি। তৎসম। প্রমাণ ['প্রমাণ' দ্রষ্টব্য] + অভাব [অ (ন) + ভাব (ভূ +অ)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ণা]। ২।১।ক নয় ভাব= নঞ্তৎ। ৩।৩ প্রমাণের অভাব = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রমাণাভাব= প্ + র্ + অ + ম্ + আ + ণ্ + আ + ভ্ + আ + ব্ + অ।

প্রমাতা: প্রমাণকারী। বিণ। তৎসম। প্র + মাতা [মা (পরিমাণ করা বা মাপা) + তা (তৃচ্)]। ৬।১ সত্যাসত্য নির্ণয়কারী। বানান: প্রমাতা= প্ + র্ + অ + ম্ + আ + ত্ + আ।

প্রমাতামহ: মাতামহের পিতা। বি। তৎসম। প্র + মাতামহ [মাতা + মহ (ডামহ)]। ৬।২ প্র [প্রবীণ] মাতামহ। বানান : প্রমাতামহ = প্ + র্ + অ + ম্ + আ + ত্ + আ + ম্ + অ + হ্ + অ।

প্রমাতামহী: মাতামহের মাতা। বি। তৎসম। প্রমাতামহ ['প্রমাতামহ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ প্র [প্রবীণা] মাতামহী। বানান : প্রমাতামহী = প্ + র্ + অ + ম্ + আ + ত্ + আ + ম্ + অ + হ্ + ঈ।

প্রমাদ: বিপদ, ভ্রান্তি। বি। তৎসম। প্র + মাদ [মদ্ + অ]। ৬।১ প্র [অতিরিক্ত] মাদ্ [মত্ততার ফল]। বানান : প্রমাদ = প্ + র্ + অ + ম্ + আ + দ্ + অ।

প্রমাদশূন্য: নির্ভুল। বিণ। তৎসম। প্রমাদ ['প্রমাদ' দ্রষ্টব্য] + শূন্য [শু (সু = অতিশয়) + ঊন (কম) + য (যৎ)]। ৬।১ প্রমাদের দ্বারা শূন্য = করণতৎ। ৩।৩ বানান : প্রমাদশূন্য = প্ + র্ + অ + ম্ + আ + দ্ + অ + শ্ + ঊ + ন্ + য্ + অ।

প্রমিত: পরিমিত। বিণ। তৎসম। প্র + মা [মাপা বা পরিমাণ করা] + ত। ৬।১ প্র [প্রকৃষ্টভাবে] মিত [প্রমাণিত বা পরিমিত]। বানান : প্রমিত = প্ + র্ + অ + ম্ + ই + ত্ + অ।

প্রমিতি: পরিমাণ। বি। তৎসম। প্র + মিতি [মা (মাপা বা পরিমাণ করা) + তি। ৬।১ প্র [প্রকৃষ্ট] + মিতি [পরিমাণ]। বানান : প্রমিতি = প্ + র্ + অ + ম্ + ই + ত্ + ই।

প্রমীলা: ইন্দ্রজিতের পত্নী, নারী। বি। তৎসম। প্র + মীলা [মীল্ (মুদে যাওয়া বা সংকুচিত হওয়া) + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক বানান : প্রমীলা = প্ + র্ + অ + ম্ + ঈ + ল্ + আ। বি.দ্র.: মীল্ = মিল্ [মিলিত হওয়া]

প্রমুখ: প্রভৃতি। বিণ। তৎসম। প্র + মুখ। প্র [প্রকৃষ্ট] মুখ [আরম্ভ] যার = বহুব্রী। ৩।৫ [যেমন: জয়দেব প্রমুখ কবিগণ]। বানান : প্রমুখ = প্ + র্ + অ + ম্ + উ + খ্ +অ।

প্রমুখাৎ: মুখ থেকে। অব্য। তৎসম। প্রমুখ ['প্রমুখ' দ্রষ্টব্য] + আৎ [অপাদানের বিভক্তি-চিহ্ন]। বানান : প্রমুখাৎ = প্ + র্ + অ + ম্ + উ + খ্ + আ + ৎ।

প্রমুদিত: পূর্ণ বিকশিত। বিণ। তৎসম। প্র + মুদিত [মুদ্ (আনন্দিত হওয়া) + ত]। ৬।১ প্র

[প্রকৃষ্টরূপে মুদিত (উৎফুল্ল)]। বানান : প্রমুদিত = প্ + র্ + অ + ম্ + উ + দ্ + ই + ত্ + অ।

প্রমূর্ত : সুপ্রকট। বিণ। তৎসম। প্র + মূর্ত [মূর্ছ্ + ত]। ৬।১ প্র [প্রকৃষ্টরূপে মূর্ত [প্রকটিত]। বানান : প্রমূর্ত = প্ + র্ + অ + ম্ + উ + র্ + ত্ + অ। বি.দ্র.: মূর্ছ্ = ম্ + উ, কাজেই মূর্ত = ম্ + ঊ।

প্রমেয় : পরিমেয়। বিণ। তৎসম। প্র + মেয় [মা (মাপা বা পরিমাণ করা) + য (যৎ)]। ৬।১ যা পরিমাণ করার যোগ্য। বানান : প্রমেয় = প্ + র্ + অ + ম্ + এ + য্ + অ।

প্রমোদ : আমোদ। বি। তৎসম। প্র + মুদ্ [আনন্দ করা] + অ। ৬।১ প্রভূত আনন্দলাভ। বানান : প্রমোদ = প্ + র্ + অ + ম্ + ও + দ্ + অ।

প্রমোদন : আনন্দদান। বি। তৎসম। প্র + মোদন [মুদ্ (আনন্দ দান করা) + অন]। ৬।১ প্রভূত আনন্দ দান। বানান : প্রমোদন = প্ + র্ + অ + ম্ + ও + দ্ + অ + ন্ + অ।

প্রমোদভ্রমণ : আনন্দ-লাভার্থ ভ্রমণ। বি। তৎসম। প্রমোদ ['প্রমোদ' দ্রষ্টব্য] + ভ্রমণ [ভ্রম্ (ঘুরে বেড়ানো) + অন। ৬।১ প্রমোদের নিমিত্ত ভ্রমণ = নিমিত্ততৎ। ৩।৩ বানান : প্রমোদভ্রমণ = প্ + র্ + অ + ম্ + ও + দ্ + অ + ভ্ + র্ + অ + ম্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন' -এর মধ্যে 'অ', 'ম্', 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

প্রমোশন : উচ্চতর শ্রেণীতে বা পদে বা অবস্থায় উন্নয়ন। বি। বিদেশী। <ইং. Promotion. বাংলা বানান : প্রমোশন = প্ + র্ + অ + ম্ + ও + শ্ + অ + ন্ + অ।

প্রযত্ন : সম্যক্ চেষ্টা, প্রয়াস। বি। তৎসম। প্র + যত্ন [যত্ (চেষ্টা করা) + ন]। ৬।১ প্রভূত প্রয়াস। বানান : প্রযত্ন = প্ + র্ + অ + য্ + অ + ত্ + ন্ + অ। বি.দ্র.: ত্ + ন্ + অ = ত্ন।

প্রয়াগ : গঙ্গা, যমুনা ও সরস্বতীর সঙ্গমস্থল, এলাহাবাদ। বি। তৎসম। প্র + যাগ [যজ্ (যজ্ঞ করা) + অ। যেখানে প্রকৃষ্ট যজ্ঞ অনুষ্ঠিত হয়েছিল। বানান : প্রয়াগ = প্ + র্ + অ + য্ + আ + গ্ + অ। বি.দ্র.: য্ = য়্।

প্রয়াণ : প্রস্থান, মৃত্যু। বি। তৎসম। প্র + যান [যা (যাওয়া বা গমন করা) + অন]। ৬।১ কোন স্থান থেকে [যেমন : জীবলোক থেকে] বাহিরে যাত্রা। বানান : প্রয়াণ = প্ + র্ + অ + য়্ + আ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন' -এর মধ্যে 'অ', 'য়' ও 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

প্রয়াত : পরলোকগত। বিণ। তৎসম। প্র + য়াত [যা (যাওয়া) + ত]। ৬।১ যে [জীবলোক থেকে] যাত্রা করেছে। বানান : প্রয়াত = প্ + র্ + অ + য্ + আ + ত্ + অ। বি.দ্র.: য্ = য়্।

প্রয়াস : প্রচেষ্টা। বি। তৎসম। প্র + যাস [যস্ (যত্ন করা) + অ]। ৬।১ প্রকৃষ্ট যত্ন বা চেষ্টা। বানান : প্রয়াস = প্ + র্ + অ + য্ + আ + স্ + অ। য্ = য়্।

প্রয়াসী : অভিলাষী। বিণ। তৎসম। প্র + যস্ [যত্ন করা] + ইন্ (ঈ)। ৬।১ বানান : প্রয়াসী = প্ + র্ + অ + য়্ + আ + স্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ] -প্রত্যয়ান্ত, তাই 'ঈ' -কারান্ত।

প্রযুক্ত : নিযুক্ত, নিবদ্ধন। বিণ। তৎসম। প্র + যুক্ত [যুজ্ + ত]। ৬।১ বানান : প্রযুক্ত = প্ + র্ + অ + য্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত।

প্রযুক্তি : প্রয়োগ। বি। তৎসম। প্র + যুক্তি [যুজ্ + তি]। ৬।১ বানান : প্রযুক্তি = প্ + র্ + অ + য্ + উ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + ই = ক্তি।

প্রযোজক : যার অর্থে নাটক চলচ্চিত্র ইত্যাদি

রূপায়িত হয়। বি। তৎসম। প্র + যোজক [যুজ্ + অক]। ৬।১ বানান : প্রযোজক = প্ + র্ + অ + য্ + ও + জ্ + অ + ক্ + অ।

প্রয়োগ : নিয়োগ। বি। তৎসম। প্র + যোগ [যুজ্ + অ]। ৬।১ প্রকৃষ্ট যোগ। বানান : প্রয়োগ = প্ + র্ + অ + য্ + ও + গ্ + অ। বি.দ্র.: য্ = য়্।

প্রযোজক : প্রয়োগকর্তা। বি। তৎসম। প্র + যোজক [যুজ্ + অক]। ৬।১ প্রকৃষ্টভাবে যোগ কবেন যিনি। বানান : প্রয়োজক = প্ + ব্ + অ + য্ + ও + জ্ + অ + ক + অ। বি.দ্র.: য্ + য়্ ।

প্রয়োজন : দরকার। বি। তৎসম। প্র + যোজন [যুজ + অন]। ৬।১ বানান : প্রয়োজন = প্ + র্ + অ + য্ + ও + জ্ + অ + ন্ + অ। বি.দ্র.: য্ = য়্।

প্রয়োজনাতিরিক্ত : যতটা দরকার তাব চেয়ে বেশী। বিণ। তৎসম। প্রয়োজন [প্র + যোজন (যুজ্ + অন)] + অতিবিক্ত [অতি + রিক্ত (রিচ্ + ত)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [না]। ২।১।ক বানান : প্রয়োজনাতিরিক্ত = প্ + ব্ + অ + য় + ও + জ্ + অ + ন্ + আ + ত্ + ই + র্ + ই + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত।

প্রয়োজনীয় : দরকাবী। বিণ। তৎসম। প্র + যোজনীয় [যুজ্ + অনীয়]। ৬।১ বানান : প্রয়োজনীয় = প্ + র্ + অ + য় + ও + জ্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র.: 'অনীয়'-প্রত্যয়েব কারণে শব্দান্তের 'ঈ' ও 'য়'।

প্রয়োজনীয়তা : প্রয়োজন। বি। তৎসম। প্রয়োজনীয় ['প্রয়োজনীয়' দ্রষ্টব্য] + তা। ৬।১ বানান : প্রয়োজনীয়তা = প্ + র্ + অ + য়্ + ও + জ্ + অ + ন্ + ঈ + য্ + অ + ত্ + আ। বি.দ্র.: য্ = য়্।

প্রযোজ্য : প্রয়োগ করার যোগ্য। বিণ। তৎসম। প্র + যোজ্য [যুজ্ + য (ণ্যৎ)]। ৬।১ বানান : প্রযোজ্য = প্ + র্ + অ + য্ + ও + জ্ + য্ + অ। বি.দ্র.: জ্ + য্ + অ = জ্য।

প্ররোচক : প্ররোচনা দায়ক। বি। বিণ। তৎসম। প্র + রোচক [রুচ্ + ণিচ্ (রুচি করানো) + অক]। ৬।১ যে প্ররোচিত করে। বানান : প্ররোচক = প্ + ব্ + অ + ব্ + ও + চ্ + অ + ক্ + অ।

প্ররোচন, প্ররোচনা : উস্কানি। বি। তৎসম। প্র - বোচন [রুচ্ + ণিচ্ (রুচি কবানো) + অন. + আ]। ৬।১ বানান : প্ররোচনা = প্ + র্ + অ + র্ + ও + চ্ + অ + ন্ + আ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এব মধ্যে 'চ্' থাকায় 'ন্' 'ণ' হয়নি। ৪।১।গ

প্ররোচিত : প্রবোচনা-প্রাপ্ত। বিণ। তৎসম। প্র + রোচিত [রুচ্ + ণিচ্ (রুচি করানো) + ত]। ৬।১ বানান : প্ররোচিত = প্ + র্ + অ + র্ + ও + চ্ + ই + ত্ + অ।

প্রলপন : প্রলাপ। বি। তৎসম। প্র + লপন [লপ্ (কথা বলা) + অন]। ৬।১ বানান : প্রলপন = প্ + ব্ + অ + ল্ + অ + প্ + অ + ন্ + অ।

প্রলব্ধ : প্রাপ্ত। বিণ। তৎসম। প্র + লব্ধ [লভ্ (পাওয়া) + ত]। ৬।১ বানান : প্রলব্ধ = প্ + র্ + অ + ল্ + অ + ব্ + ধ্ + অ। বি.দ্র. : ব্ + ধ্ + অ = ব্ধ।

প্রলম্ব : লম্বমান। বিণ। তৎসম। প্র + লম্ব [লম্ব্ (লম্বিত হওয়া) + অ]। বানান : প্রলম্ব = প্ + র্ + অ + ল্ + অ + ম্ + ব্ + অ। বি.দ্র. : ম্ + ব্ + অ = ম্ব।

প্রলম্বিত : লম্বিত। বিণ। তৎসম। প্রলম্ব ['প্রলম্ব' দ্রষ্টব্য + ইত (ইতচ্)]। ৬।১ বানান : প্রলম্বিত = প্ + র্ + অ + ল্ + অ + ম্ + ব্

+ ই + ত্ + অ।

প্রলয়: ব্যাপক ধ্বংস। বি। তৎসম। প্র + লয় [লী (লীন হওয়া) + অ]। ৬।১ সমস্ত সম্পূর্ণ লয় পায় যে ঘটনায়। বানান: প্রলয় = প্ + র্ + অ + ল্ + অ + য্ + অ। বি.দ্র.: য্ = য়্।

প্রলয়ঙ্কর: প্রলয়কারী। বিণ। তৎসম। প্রলয়ম্ ['প্রলয়' দ্রষ্টব্য] + কর [কৃ + অ] । ৬।১ [সন্ধি] ম্ + ক = ঙ্ক, ংক। ২।২৮ প্রলয় করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: প্রলয়ঙ্কর [প্রলয়ংকর] = প্ + র্ + অ + ল্ + অ + য + অ + ঙ্ [ং] + ক্ + অ + র্ + অ। বি.দ্র.: য্= য়্।

প্রলয়ঙ্করী, প্রলয়ংকরী: প্রলয়কারিণী। বিণ। তৎসম। প্রলয়ঙ্কর [প্রলয়ংকর] + ঈ [স্ত্রী]। ৬।১ বানান: প্রলয়ঙ্করী [প্রলয়ংকরী] = প্ + র্ + অ + ল্ + অ + য়্ + অ + ঙ্ [ং] + ক্ + অ + র্ + ঈ। বি.দ্র.: শব্দান্তের 'ঈ'-কাব স্ত্রী-প্রত্যয় 'ঈ'-জনিত।

প্রলাপ: অসংবদ্ধ কথা। বি। তৎসম। প্র + লাপ [লপ্ (কথা বলা) + অ]। ৬।১ অসংলগ্ন কথা। বানান: প্রলাপ = প্ + র্ + অ + ল্ + আ + প্ + অ।

প্রলুব্ধ: আকৃষ্ট। বিণ। তৎসম। প্র + লুব্ধ [লুভ্ (লোভ করা) + ত]। ৬।১ অত্যন্ত লোভযুক্ত। বানান: প্রলুব্ধ = প্ + র্ + অ + ল্ + উ + ব্ + ধ্ + অ।

প্রলুব্ধা: আকৃষ্টা। বিণ। তৎসম। প্রলব্ধ ['প্রলুব্ধ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক অত্যন্ত লোভযুক্তা। বানান: প্রলুব্ধা = প্ + র্ + অ + ল্ + উ + ব্ + ধ্ + আ। বি.দ্র.: ব্ + ধ্ + আ।

প্রলুব্ধতা: লোলুপতা। বি। তৎসম। প্রলুব্ধ ['প্রলুব্ধ' দ্রষ্টব্য] + তা। ৬।২ অত্যন্ত লুব্ধতা। বানান: প্রলুব্ধতা = প্ + র্ + অ + ল্ + উ + ব্ + ধ্ + অ + ত্ + আ। বি.দ্র.: ব্ + ধ্ + অ = ব্ধ।

প্রলেপ: লেপন। বি। তৎসম। প্র + লেপ [লিপ্ (লেপন করা) + অ]। ৬।১ বানান: প্রলেপ = প্ + র্ + অ + ল্ + এ + প্ + অ।

প্রলোভিত: প্রলুব্ধ। বিণ। তৎসম। প্র + লোভিত [লুভ্ (লোভ করা) + ণিচ্ + ত]। ৬।১ লোভে আকৃষ্ট। বানান: প্রলোভিত = প্ + র্ + অ + ল্ + ও + ভ্ + ই + ত্ + অ।

প্রশংসনীয়: প্রশংসার যোগ্য। বিণ। তৎসম। প্র + শংসনীয় [শন্স্ (প্রশংসা বা গুণকীর্তন করা) + অনীয়]। ৬।১ যার প্রশংসা করা যায়। বানান: প্রশংসনীয় = প্ + র্ + অ + শ্ + অ + ং + স্ + অ + ন্ + ঈ + য়্ + অ। বি.দ্র.: আগে 'শ', পরে 'স'। শব্দান্তের 'নীয়' 'অনীয়'-প্রত্যয়-জনিত।

প্রশংসা: সুখ্যাতি। বি। তৎসম। প্র + শংস [শন্স্ (সুখ্যাতি বা গুণকীর্তন কবা] + অ + আ]। ৬।১ অতিশয় গুণকীর্তন। বানান: প্রশংসা = প্ + র্ + অ + শ্ + অ + ং + স্ + আ। বি.দ্র.: আগে 'শ্', পরে 'স্'।

প্রশংসাপত্র: প্রশংসা-সংবলিত লিখন। বি। তৎসম। প্রশংসা ['প্রশংসা' দ্রষ্টব্য] + পত্র [পত্ + ত্র]। ৬।১ ত্র ['পত্র']-এব দ্বিত্ব বর্জিত]। প্রশংসা-সম্বলিত পত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: প্রশংসাপত্র = প্ + র্ + অ + শ্ + অ + ং + স্ + আ + প্ + অ + ত্ + র্ + অ।

প্রশংসিত: প্রশংসাপ্রাপ্ত। বিণ। তৎসম। প্র + শংসিত [শন্স্ (গুণ কীর্তন করা) + ত। ৬।১ যার প্রশংসা করা হয়েছে। বানান: প্রশংসিত = প্ + র + অ + শ্ + অ + ং + স্ + ই + ত্ + অ ।

প্রশমন: সংযতকবণ। বি। তৎসম। প্র + শমন [শম্ (শান্ত করা) + অন। ৬।১ নিবারণ বা

শান্তি। বানান: প্রশমন = প্ + র্ + অ + শ্ + অ + ম্ + অ + ন্ + অ।

প্রশস্ত: চওড়া, শ্রেষ্ঠ। বিণ। তৎসম। প্র + শস্ত [শন্‌স্ (গুণকীর্তন করা বা বিস্তৃত করা) + ত। ৬৷১ বানান: প্রশস্ত = প্ + র্ + অ + শ্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: আগে 'শ্', পরে 'স্'। স্ + ত্ + অ = স্ত।

প্রশস্তি: প্রশংসা, স্তুতি। বি। তৎসম। প্র + শস্তি [শন্‌স্ (স্তুতি বা গুণ কীর্তন করা) + তি। ৬৷১ বানান: প্রশস্তি = প্ + র্ + অ + শ্ + অ + স্ + ত্ + ই।

প্রশাখা: শাখা থেকে নির্গত ক্ষুদ্রতর শাখা। বি। তৎসম। প্র [ক্ষুদ্র] + শাখা। শাখা থেকে উৎপন্ন ক্ষুদ্র শাখা। বানান: প্রশাখা = প্ + র্ + অ + শ্ + আ + খ্ + আ।

প্রশান্ত: অতিশয় শান্ত। বিণ। তৎসম। প্র + শান্ত [শম্ (শান্ত করা) + ত। ৬৷১ অত্যন্ত শান্ত। বানান: প্রশান্ত = প্ + র্ + অ + শ্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ = ন্ত।

প্রশান্তি: প্রশান্ত অবস্থা। বি। তৎসম। প্র + শান্তি [শম্ (শান্ত করা) + তি। ৬৷১ বানান: প্রশান্তি = প্ + র্ + অ + শ্ + আ + ন্ + ত্ + ই। বি.দ্র.: ন্ + ত্ + ই = ন্তি।

প্রশাসক: পরিচালক। বি। তৎসম। প্র + শাসক [শাস্ (শাসন করা) + অক। Administrator. বানান: প্রশাসক = প্ + র্ + অ + শ্ + আ + স্ + অ + ক্ + অ।

প্রশাসন: শাসন-পরিচালনা। বি। তৎসম। প্র + শাসন [শাস্ (শাসন করা) + অন]। বানান: প্রশাসন = প্ + র্ + অ + শ্ + আ + স্ + অ + ন্ + অ।

প্রশাসনিক: রাষ্ট্রের শাসন-সংক্রান্ত। বিণ। তৎসম। প্রশাসন ['প্রশাসন' দ্রষ্টব্য] + ইক [ষ্ণিক]। ৬৷২ বানান: প্রশাসনিক = প্ + র্ + অ + শ্ + আ + স্ + অ + ন্ + ই + ক্ + অ।

প্রশ্ন: জিজ্ঞাসা। বি। তৎসম। প্রচ্ছ্ [জিজ্ঞাসা করা] + ন। ৬৷১ বানান: প্রশ্ন = প্ + র্ + অ + শ্ + ন্ + অ। বি.দ্র.: শ্ + ন্ + অ = শ্ন।

প্রশ্নকর্তা: যে ব্যক্তি প্রশ্ন করে। বি। তৎসম। প্রশ্ন ['প্রশ্ন' দ্রষ্টব্য] + কর্তা [কৃ (করা) + তা (তৃচ্)]। ৬৷১ প্রশ্ন করে যে = উপপদতৎ। ৩৷৩ বানান: প্রশ্নকর্তা = প্ + র্ + অ + শ্ + ন্ + অ + ক্ + অ + র্ + ত্ + আ।

প্রশ্নকর্ত্রী: যে ব্যক্তি প্রশ্ন করে। বি। তৎসম। প্রশ্নকর্তা ['প্রশ্নকর্তা' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭৷১৷গ প্রশ্ন করে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩৷৩ বানান: প্রশ্নকর্ত্রী= প্ + র্ + অ + শ্ + ন্ + অ + ক্ + অ + র্ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: র্ + ত্ + র্ + ঈ = র্ত্রী।

প্রশ্নপত্র: পরীক্ষার প্রশ্ন-সম্বলিত কাগজ। বি। তৎসম। প্রশ্ন ['প্রশ্ন' দ্রষ্টব্য] + পত্র [পত্ + ত্র (দ্বিত্ব বর্জিত)]। ৬৷১ প্রশ্ন-সম্বলিত পত্র = মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান: প্রশ্নপত্র = প্ + র্ + অ + শ্ + ন্ + অ + প্ + অ + ত্ + র্ + অ। বি.দ্র.: ত্ + র্ + অ = ত্র।

প্রশ্নমালা: প্রশ্নসমূহ। বি। তৎসম। প্রশ্ন ['প্রশ্ন' দ্রষ্টব্য] + মালা [মা + লা + অ + আ]। ৬৷১ প্রশ্ন-রূপ মালা = রূপক-কর্মধা। ৩৷২ বানান: প্রশ্নমালা = প্ + র্ + অ + শ্ + ন্ + অ + ম্ + আ + ল্ + আ।

প্রশ্নাতীত: যা কোনরূপ প্রশ্নের বা সন্দেহের অযোগ্য। বিণ। তৎসম। প্রশ্ন ['প্রশ্ন' দ্রষ্টব্য] + অতীত [অতি + ইত (ই + ত)]। ৬৷১ [সন্ধি] অ + অ = আ [শ্না]। ২৷১৷ক ই + ই = ঈ [তী]। ২৷২৷ক প্রশ্নের অতীত = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: প্রশ্নাতীত = প্ + র্ + অ + শ্ + ন্ + আ + ত্ + ঈ + ত্ + অ।

প্রশ্নোত্তর : প্রশ্ন ও তার জবাব। বি। তৎসম। প্রশ্ন ['প্রশ্ন' দ্রষ্টব্য] + উত্তর [উৎ + তর (তৃ + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [শ্নো]। ২।৫।ক প্রশ্ন ও উত্তর = দ্বন্দ্ব। ৩।৪ বানান : প্রশ্নোত্তর = প্ + র্ + অ + শ্ + ন্ + ও + ত্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র. : শ্ + ন্ + ও = শ্নো। ত্ + ত্ + অ = ত্ত।

প্রশ্রয় : আশকারা। বি। তৎসম। প্র + শ্রয় [শ্রি (সেবা করা) + অ]। ৬।১ স্নেহযুক্ত সমর্থন। বানান : প্রশ্রয়= প্ + র্ + অ + শ্ + র্ + অ + য্ + অ। বি.দ্র. : শ্ + র্ + অ = শ্র। য্ = য়্।

প্রশ্বাস : শ্বাসগ্রহণ। বি। তৎসম। প্র + শ্বাস [শ্বস্ (শ্বাস নেওয়া) + অ]। ৬।১ বানান : প্রশ্বাস = প্ + র্ + অ + শ্ + ব্ + আ + স্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + আ = শ্বা।

প্রসঙ্গ : আলোচ্য বিষয়। বি। তৎসম। প্র + সঙ্গ [সনজ্ (যুক্ত বা মিলিত হওয়া) + অ]। ৬।১ বানান : প্রসঙ্গ = প্ + র্ + অ + স্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ = ঙ্গ।

প্রসন্ন : সন্তুষ্ট। বিণ। তৎসম। প্র + সন্ন [সদ্ (তুষ্ট হওয়া) + ত]। ৬।১ বানান : প্রসন্ন = প্ + র্ + অ + স্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র. : অ-র পর 'স্' হয়েছে। ন্ + ন্ + অ = ন্ন।

প্রসন্নতা : সন্তোষ। বি। তৎসম। প্রসন্ন ['প্রসন্ন' দ্রষ্টব্য] + তা। ৬।১ আনুকূল্য। বানান : প্রসন্নতা = প্ + র্ + অ + স্ + অ + ন্ + ন্ + অ + ত্ + আ।

প্রসন্না : অনুকূলা। বিণ। তৎসম। প্রসন্ন ['প্রসন্ন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক সদয়া। বানান : প্রসন্না = প্ + র্ + অ + স্ + অ + ন্ + ন্ + আ। বি.দ্র. : ন্ + ন্ + আ= ন্না।

প্রসব : গর্ভমোচন। বি। তৎসম। প্র + সব [সূ (প্রসব করা) + অ]। ৬।১ বানান : প্রসব = প্ + র্ + অ + স্ + অ + ব্ + অ।

প্রসবিতা : জন্মদানকারী। বিণ। তৎসম। প্র + সবিতা [সূ (প্রসব করা) + তা [তৃচ্]। ৬।১ বানান : প্রসবিতা = প্ + র্ + অ + স্ + অ + ব্ + ই + ত্ + আ। স্মরণীয় : সবিতা বা প্রসবিতা পুংলিঙ্গ শব্দ। স্ত্রীলিঙ্গে—সবিত্রী বা প্রসবিত্রী।

প্রসবিত্রী : জন্মদাত্রী। বিণ। তৎসম। প্রসবিতা ['প্রসবিতা' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : প্রসবিত্রী = প্ + র্ + অ + স্ + অ + ব্ + ই + ত্ + র্ + ঈ। বি.দ্র. : ত্ + র্ + ঈ = ত্রী।

প্রসবিনী : জন্মদাত্রী। বিণ। তৎসম। প্র + সূ [জন্ম দান করা] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১ বানান : প্রসবিনী = প্ + র্ + অ + স্ + অ + ব্ + ই + ন্ + ঈ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'স্' থাকায় 'ন্' 'ণ' হয়নি।

প্রসাদ : অনুগ্রহ। বি। তৎসম। প্র + সাদ [সদ্ (তুষ্ট হওয়া) + অ]। ৬।১ বানান : প্রসাদ = প্ + র্ + অ + স্ + আ + দ্ + অ।

প্রসাদাৎ : অনুগ্রহে। অব্য, ক্রি-বিণ। তৎসম। প্রসাদ ['প্রসাদ' দ্রষ্টব্য] + আৎ [অপাদান, একবচনে]। বানান : প্রসাদাৎ = প্ + র্ + অ + স্ + আ + দ্ + আ + ৎ।

প্রসাধন : অঙ্গসজ্জা, বেশবিন্যাস। বি। তৎসম। প্র + সাধন [সাধ্ + অন]। ৬।১ বানান : প্রসাধন = প্ + র্ + অ + স্ + আ + ধ্ + অ + ন্ + অ।

প্রসাধক : প্রসাধনকারী। বি, বিণ, তৎসম। প্র + সাধক [সাধ্ + অক]। ৬।১ বানান : প্রসাধক = প্ + র্ + অ + স্ + আ + ধ্ + অ + ক্ + অ।

প্রসাধনী : চিরুনি, প্রসাধনদ্রব্য। বি। তৎসম। প্র + সাধনী [সাধ্ + অন + ঈ (স্ত্রী)]। ৬।১

৭।১।গ বানান : প্রসাধনী = প্ + র্ + অ + স্ + আ + ধ্ + অ + ন্ + ঈ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'স্' ও 'ধ্' থাকায় 'ন্' 'ন্'-ই থেকেছে। ৪।১।গ

প্রসার : বিস্তার। বি। তৎসম। প্র + সার [সৃ (গমন করা) + অ]। ৬।১ বানান : প্রসার = প্ + র্ + অ + স্ + আ + র্ + অ।

প্রসারণ : সম্প্রসারণ। বি। তৎসম। প্র + সারণ [সৃ (গমন করা) + অন]। বানান : প্রসার = প্ + র্ + অ + স্ + আ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ'-র অবস্থানের কারণে 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রসারিত : বিস্তৃত। বিণ। তৎসম। প্র + সারিত [সৃ (গমন করা) + ণিচ্ (=সারি) + ত। ৬।১ বানান : প্রসারিত = প্ + র্ + অ + স্ + আ + র্ + ই + ত্ + অ।

প্রসারিণী [স্ত্রী]:বিস্তৃতা। বিণ। তৎসম। প্র + সারিণী [সৃ (গমন করা) + ইন (<অন) + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ বানান : প্রসারিণী= প্ + র্ + অ + স + আ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ই' থাকায় 'ন্' 'ণ' হয়েছে। ৪।১।গ

প্রসারী : বিস্তৃত। বিণ। তৎসম। প্র + সারী [সৃ (গমন করা) + ঈ [ইন্]। ৬।১ বানান : প্রসারী = প্ + র্ + অ + স্ + আ + র্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্'-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

প্রসিদ্ধ : বিখ্যাত। বিণ। তৎসম। প্র + সিদ্ধ [সিধ্ (সফল হওয়া) + ত। ৬।১ বিশেষভাবে সিদ্ধ (সফল)। বানান : প্রসিদ্ধ = প্ + র্ + অ + স্ + ই + দ্ + ধ্ + অ। দ্ + ধ্ + অ = দ্ধ।

প্রসিদ্ধি : খ্যাতি। বি। তৎসম। প্র + সিদ্ধি [সিধ্ (সফল হওয়া) + তি। ৬।১ প্রকৃষ্ট সিদ্ধি (সফলতা)। বানান : প্রসিদ্ধি = প্ + র্ + অ + স্ + ই + দ্ + ধ্ + ই। দ্ + ধ্ + ই = দ্ধি।

প্রসুপ্ত : গভীর নিদ্রামগ্ন। বি। তৎসম। প্র + সুপ্ত [স্বপ্ (নিদ্রা যাওয়া) + ত। ৬।১ প্রকৃষ্টভাবে সুপ্ত (নিদ্রিত)। বানান : প্রসুপ্ত = প্ + র্ + অ + স্ + উ + প্ + ত্ + অ। বি.দ্র. : 'অ'-এর পর 'স্' হয়েছে। প্ + ত্ + অ = প্ত।

প্রসুপ্তি : গভীর নিদ্রা। বি। তৎসম। প্র + সুপ্তি [স্বপ্ (নিদ্রা যাওয়া) + তি। ৬।১ প্রগাঢ় সুপ্তি [নিদ্রা]। বানান : প্রসুপ্তি = প্ + র্ + অ + স্ + উ + প্ + ত্ + ই। 'অ'-এর পর 'স্' হয়েছে। প্ + ত্ + ই = প্তি।

প্রসূ : প্রসবকারিণী। বিণ। তৎসম। প্র + সূ [প্রসব করা] + ক্বিপ্। ৬।১ প্রসব করে যে [স্ত্রী] = উপপদ তৎ। ৩।৩ বানান : প্রসূ = প্ + র্ + অ + স্ + ঊ। যেমন : ফলপ্রসূ, স্বর্ণপ্রসূ, রত্নপ্রসূ, বীরপ্রসূ ইত্যাদি। 'প্রসূ' সাধারণতঃ অন্য শব্দের শেষে যুক্ত হয়ে নতুন নতুন শব্দ সৃষ্টি করে। বি.দ্র. : শব্দটি 'ঊ'-কারান্ত স্ত্রীলিঙ্গ।

প্রসূতা : উৎপন্না। বিণ। তৎসম। প্র + সূতা [সূ (প্রসব করা) + ত + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক বানান : প্রসূতা = প্ + র্ + অ + স্ + ঊ + ত্ + আ। বি.দ্র. : স্ + ঊ = সূ।

প্রসূতি : প্রসবিনী। বি। তৎসম। প্র + সূতি [সূ (প্রসব করা) + তি। ৬।১ বানান : প্রসূতি = প্ + র্ + অ + স্ + ঊ + ত্ + ই। বি.দ্র. : স্ + ঊ = সূ। শব্দটি নিত্য স্ত্রীলিঙ্গ। এর পুংলিঙ্গের রূপ নেই।

প্রসূন : ফুল। বি। তৎসম। প্র + সূন [সূ (প্রসব করা) + ত। ৬।১ বানান : প্রসূন = প্ + র্ + অ + স্ + ঊ + ন্ + অ। বি.দ্র. : স্ + ঊ = সূ। 'প্রসূন' ও 'প্রসূত' শব্দ-যুগলের ব্যুৎপত্তি এক = প্র + সূ + ত। যা ফল-স্বরূপ প্রসব করা হয়েছে। যেমন : অজ্ঞতা-প্রসূত

ইত্যাদি।

প্রস্ত : দফা। বি। অর্ধ-তৎসম। প্রস্ত <পরত <সং. প্র [?]। প্রয়োগ : এক প্রস্ত পোশাক, এক প্রস্ত প্রশ্ন [one set of questions]। বানান : প্রস্ত = প্ + র্ + অ + স্ + ত্ + অ। প্রস্ত >প্রস্থ।

প্রস্তর : পাথর। বি। তৎসম। প্র + স্তর [স্তৃ + অ]। ৬।১ বানান : প্রস্তর = প্ + র্ + অ + স্ + ত্ + অ + র্ + অ। স্ + ত্ + অ = স্ত।

প্রস্তরীভূত : পাথরে পরিণত। বিণ। তৎসম। প্রস্তর ['প্রস্তর' দ্রষ্টব্য] + ঈ [অভূততদ্ভাবে]। + ভূত [ভূ + ত]। ৬।১ বানান : প্রস্তরীভূত = প্ + র্ + অ + স্ + ত্ + অ + র্ + ঈ + ভ্ + ঊ + ত্ + অ।

প্রস্তাবক : প্রস্তাবকারী। বি। তৎসম। প্র + স্তাবক [স্তু (স্তব করা) + অক। ৬।১ বানান : প্রস্তাবক = প্ + র্ + অ + স্ + ত্ + আ + ব্ + অ + ক্ + অ।

প্রস্তাবনা : আরম্ভ। বি। তৎসম। প্র + স্তাবনা [স্তু (স্তব করা) + ণিচ্ (= স্তাবি) অন + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক বানান : প্রস্তাবনা = প্ + র্ + অ + স্ + ত্ + আ + ব্ + অ + ন্ + আ।

প্রস্তাবিত : উত্থাপিত। বিণ। তৎসম। প্র + স্তাবিত [স্তু (স্তব করা) + ণিচ্ (= স্তাবি) + ত] ৬।১ বানান : প্রস্তাবিত = প্ + র্ + অ + স্ + ত্ + আ + ব্ + ই + ত্ + অ।

প্রস্তুত : তৈরী। বিণ। তৎসম। প্র + স্তুত [স্তু + ত]। ৬।১ বানান : প্রস্তুত = প্ + র্ + অ + স্ + ত্ + উ + ত্ + অ। বি.দ্র. : স্ + ত্ + উ = স্তু।

প্রস্তুতি : তৈরি। বি। তৎসম। প্র + স্তুতি [স্তু + তি]। ৬।১ বানান : প্রস্তুতি = প্ + র্ + অ + স্ + ত্ + উ + ত্ + ই। বি.দ্র. : স্ + ত্ + উ = স্তু।

প্রস্থ : চওড়া, বিস্তার, দফা। বি। তৎসম। প্র + স্থ [স্থা (থাকা) + অ]। ৬।১ বানান : প্রস্থ = প্ + র্ + অ + স্ + থ্ + অ। বি.দ্র. : স্ + থ্ + অ = স্থ।

প্রস্থান : যাত্রা, প্রয়াণ। বি। তৎসম। প্র + স্থান [স্থা (থাকা) + অন]। ৬।১ বানান : প্রস্থান = প্ + র্ + অ + স্ + থ্ + আ + ন্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা।

প্রস্ফুট : পূর্ণ বিকশিত। বিণ। তৎসম। প্র + স্ফুট [স্ফুট্ (ফোটা, বিকশিত হওয়া) + অ]। ৬।১ বানান : প্রস্ফুট = প্ + র্ + অ + স্ + ফ্ + উ + ট্ + অ। বি.দ্র. : স্ + ফ্ + উ = স্ফু।

প্রস্ফুটিত : পূর্ণ বিকশিত। বিণ। তৎসম। প্র + স্ফুটিত [স্ফুট্ (ফোটা বা বিকশিত হওয়া) + ত। ৬।১ বানান : প্রস্ফুটিত = প্ + র্ + অ + স্ + ফ্ + উ + ট্ + ই + ত্ + অ। বি.দ্র. : স্ + ফ্ + উ = স্ফু।

প্রস্ফুটিতা : পূর্ণ বিকশিতা। বিণ। তৎসম। প্র + স্ফুটিতা [স্ফুট্ (ফোটা বা বিকশিত হওয়া) + ত + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ বানান : প্রস্ফুটিতা = প্ + র্ + অ + স্ + ফ্ + উ + ট্ + ই + ত্ + আ। বি.দ্র. : স্ + ফ্ + উ = স্ফু।

প্রস্ফুরণ : ঈষৎ কম্পন বা স্পন্দন। বি। তৎসম। প্র + স্ফুরণ [স্ফুর্ (স্পন্দিত বা প্রকাশিত হওয়া) + অন। ৬।১ প্রকৃষ্টভাবে স্ফুরণ। বানান : প্রস্ফুরণ = প্ + র্ + অ + স্ + ফ্ + উ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রস্ফুরিত : ঈষৎ কম্পিত বা স্পন্দিত। বিণ। তৎসম। প্র + স্ফুরিত [স্ফুর্ (স্পন্দিত বা বিকশিত হওয়া) + ত। ৬।১ বানান : প্রস্ফুরিত = প্ + র্ + অ + স্ + ফ্ + উ + র্ + ই + ত্ +

অ। বি.দ্র.: স্ + ফ্ + উ = স্ফু।

প্রস্রবণ: ঝরনা। বি। তৎসম। প্র + স্রবণ [স্রু (ক্ষরিত হওয়া) + অন। ৬৷১ বানান: প্রস্রবণ = প্ + র্ + অ + স্ + র্ + অ + ব্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'র্' ও 'অ' থাকায় 'ন্' 'ণ' হয়েছে। ৪৷১৷গ

প্রস্রাব: মূত্র। বি। তৎসম। প্র + স্রাব [স্রু (ক্ষরিত হওয়া) + অ । ৬৷১ বানান: প্রস্রাব = প্ + র্ + অ + স্ + র্ + আ + ব্ + অ । বি.দ্র.: স্ + র্ + আ = স্রা।

প্রস্রুত: ক্ষরিত। বিণ। তৎসম। প্র + স্রুত [স্রু (ক্ষরিত হওয়া) + ত। ৬৷১ বানান: প্রস্রুত = প্ + র্ + অ + স্ + র্ + উ + ত্ + অ। বি.দ্র.: স্ + র্ + উ = স্রু।

প্রস্বেদ: প্রচুর ঘাম। বি। তৎসম। প্র + স্বেদ [স্বিদ্ (ঘাম নির্গত হওয়া বা ফোঁটায় ফোঁটায় নির্গত হওয়া) + অ। ৬৷১ বানান: প্রস্বেদ = প্ + র্ + অ + স্ + ব্ + এ + দ্ + অ। বি.দ্র.: স্ + ব্ + এ = স্বে।

প্রহত: আঘাত-প্রাপ্ত। বিণ। তৎসম। প্র + হত [হন্ (মারা বা হত্যা করা) + ত]। ৬৷১ বানান: প্রহত = প্ + র্ + অ + হ্ + অ + ত্ + অ।

প্রহর: দিবারাত্রির আটভাগের এক ভাগ। বি। তৎসম। প্র + হর [হৃ (হরণ করা বা নিয়ে পালানো) + অ]। ৬৷১ বানান: প্রহর = প্ + র্ + অ + হ্ + অ + র্ + অ।

প্রহরণ: অস্ত্র। বি। তৎসম। প্র + হরণ [হৃ (চুরি করা) + অন (উপসর্গ যোগে অর্থের পরিবর্তন)]। ৬৷১ বানান: প্রহরণ = প্ + র্ + অ + হ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'- এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ' হয়েছে। ৪৷১৷গ

প্রহরা: পাহারা। বি। তদ্ভব। প্রহর ['প্রহর' দ্রষ্টব্য] + বাং. আ। বানান: প্রহরা = প্ + র্ + অ + হ্ + অ + র্ + আ।

প্রহরী: পাহারাওয়ালা। বি। তৎসম। প্রহর [প্র+হৃ (চুরি করা) + অ] (উপসর্গ-যোগে অর্থের পরিবর্তন) + ঈ [ইন্]। ৬৷১ বানান: প্ + র্ + অ + হ্ + অ + র্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ [ইন্]-কারান্ত।

প্রহর্তা: প্রহারকারী। বি। তৎসম। প্র + হর্তা [হৃ (চুরি করা) + তৃচ্ [তা] (উপসর্গ-যোগে অর্থের পরিবর্তন)। ৬৷১ বানান: প্রহর্তা = প্ + র্ + অ + হ্ + অ + র্ + ত্ + আ। বি.দ্র.: র্ + ত্ + আ = র্তা।

প্রহসন: হাস্যরসাত্মক নাটক। বি। তৎসম। প্র + হসন [হস্ (হাসা) + অন]। ৬৷১ বানান: প্রহসন: প্ + র্ + অ + হ্ + অ + স্ + অ + ন্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে অন্যান্য অনুকূল বর্ণ থাকা সত্ত্বেও 'স্'—এই প্রতিকূল বর্ণ থাকায় 'ন্' 'ন্'-ই থেকেছে।

প্রহার: মার। বি। তৎসম। প্র + হার [হৃ (চুরি করা) + অ (উপসর্গ-যোগে অর্থের পরিবর্তন)]। ৬৷১ বানান: প্রহার = প্ + র্ + অ + হ্ + আ + র্ + অ।

প্রহৃত: প্রহারপ্রাপ্ত। বিণ। তৎসম। প্র + হৃত [হৃ (চুরি করা) + ত]। উপসর্গ-যোগে অর্থের পরিবর্তন]। ৬৷১ বানান: প্রহৃত = প্ + র্ + অ + হ্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: হ্ + ঋ = হৃ।

প্রহেলিকা: হেঁয়ালি। বি। তৎসম। প্র + হেলিকা [হেল (একদিকে নত= অর্ধ হওয়া) + ইক [<অক] + আ [স্ত্রী]। ৬৷১ ৭৷১৷চ বানান: প্রহেলিকা = প্ + র্ + অ + হ্ + এ + ল্ + ই + ক্ + আ।

প্রাইজ: পুরস্কার। বি। বিদেশী। <ইং. prize. বানান: প্রাইজ = প্ + র্ + আ + ই + জ্।

প্রাইভেট টিউটর : গৃহ-শিক্ষক। বি। বিদেশী। <ইং. private tutor বানান : প্রাইভেট টিউটর = প্ + র্ + আ + ই + ভ্ + এ + ট্+ ট্ + ই + উ + ট্ + অ + র্।

প্রাইমারি, প্রাইমারী : প্রাথমিক। বিণ। বিদেশী। <ইং. primary. বানান : প্রাইমারি, প্রাইমারী = প্ + র্ + আ + ই + ম্ + আ + র্ + ই + ঈ।

প্রাংশু : দীর্ঘকায়। বিণ। তৎসম। প্র + অংশু [সন্ধি] অ + অ = আ। [প্রা] ২।১।ক বানান : প্রাংশু = প্ + র্ + আ + ং + শ্ + উ। বি.দ্র. : শ্ + উ = শু।

প্রাক্ : পূর্বকালের, পূর্ববর্তী। অব্য। তৎসম। প্র + অঞ্চ্ + ক্বিপ্ । ৬।১ প্রাক্ <প্রাচ্ [সং]। বানান : প্রাক্ = প্ + র্ + আ + ক্।

প্রাক্কলন : কোনো ব্যাপারের সম্ভাব্য ব্যয়ের হিসাব। বি। তৎসম। প্রাক্ ['প্রাক' দ্রষ্টব্য] + কলন [কল্ (গোনা বা গণনা করা) + অন] ৬।১ [সন্ধি] ক্ + ক = ক্ক বা ক্‌ক। বানান : প্রাক্‌কলন = প্ + র্ + আ + ক্ + ক্ + অ + ল্ + অ + ন্ + অ।

প্রাক্-রবীন্দ্র : রবীন্দ্র-পূর্ব। বিণ। তৎসম। প্রাক্ ['প্রাক্' দ্রষ্টব্য] + রবীন্দ্র [রবি + ইন্দ্র]। [সন্ধি] ক্ + র = গ্র [কিন্তু নামের ক্ষেত্রে হবে না।] বানান : প্রাক্-রবীন্দ্র = প্ + র্ + আ + ক্ + র্ + অ + ব্ + ঈ + ন্ + দ্ + র্ + অ।

প্রাকাম্য : ভোগেচ্ছা পূর্ণ করবার ক্ষমতা, অষ্টসিদ্ধির একটি। বি। তৎসম। প্রকাম [ভোগের ইচ্ছা] + য [ষ্ণ্য]। ভোগের ইচ্ছা পূর্ণ করবার শক্তি। বানান : প্রাকাম্য = প্ + র্ + আ + ক্ + আ + ম্ + য্ + অ।

প্রাকার : প্রাচীর। বি। তৎসম। প্র + আকার [আ + কৃ (করা) + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ। ২।১।ক বানান : প্রাকার = প্ + র্ + আ + ক্ + আ + র্ + অ।

প্রাকৃত : ইতর, লৌকিক। বিণ। তৎসম। প্রকৃতি [প্র + কৃ + তি] + অ [ষ্ণ]। ৬।৩ বানান : প্রাকৃত = প্ + র্ + আ + ক্ + ঋ + ত্ + অ। বি.দ্র. : ক্ + ঋ = কৃ।

প্রাকৃতিক : নৈসর্গিক। বিণ। তৎসম। প্রকৃতি [প্র + কৃ + তি] + ইক [ষ্ণিক]। ৬।৩ বানান : প্রাকৃতিক = প্ + র্ + আ + ক্ + ঋ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র. : ক্ + ঋ = কৃ।

প্রাক্কাল : পূর্ববর্তী কাল। বি। তৎসম। প্রাক্ + কাল [কল্ (গমন করা) + ণিচ্ + অ]। ৬।১ [সন্ধি] ক্ + ক = ক্ক। বানান : প্রাক্কাল = প্ + র্ + আ + ক্ + ক্ + আ + ল্ + অ। বি.দ্র. : ক্ + ক্ + আ = ক্কা।

প্রাক্তন : ভূতপূর্ব, পূর্বজন্মে অর্জিত। বিণ। তৎসম। প্রাক্ + তন। [সন্ধি] ক্ + ত = ক্ত। বানান : প্রাক্তন = প্ + র্ + আ + ক্ + ত্ + অ + ন্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন'-এর মধ্যে 'ত' ['ত'-বর্গ] থাকায় 'ন্' 'ন্' থেকেছে। ক্ + ত্ + অ = ক্ত।

প্রাখর্য : প্রখরতা। বি। তৎসম। প্রখর [প্র + খর] + য [ষ্ণ্য]। ৬।৩ বানান : প্রাখর্য = প্ + র্ + আ + খ্ + অ + র্ + য্ + অ। বি.দ্র. : র্ + য্ + অ = র্য।

প্রাগলভ্য : প্রগল্‌ভতা। বি। তৎসম। প্রগল্‌ভ [প্র + গল্‌ভ্ + অ] + য [ষ্ণ্য]। ৬।৩ প্রগল্‌ভের ভাব। বানান : প্রাগল্‌ভ্য = প্ + র্ + আ + গ্ + অ + ল্ + ভ্ + য্ + অ। বি.দ্র. : ল্ + ভ্ + য্ + অ = ল্‌ভ্য।

প্রাগুক্ত : পূর্বোক্ত। বিণ। তৎসম। প্রাক্ + উক্ত [ব্রূ বা বচ্ (বলা)] + ত। ৬।১ [সন্ধি] ক্ + উ = গু। ২।১৫ পূর্বে উক্ত [কথিত]। বানান : প্রাগুক্ত = প্ + র্ + আ + গ্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র. : ক্ + ত্ + অ =

ক্ত।

প্রাগৈতিহাসিক: যে যুগ থেকে ইতিহাস জানা গেছে। তার পূর্ব। বিণ। তৎসম। প্রাক্ + ঐতিহাসিক [ইতিহাস + ইক [ষ্ণিক]। ৬।১ [সন্ধি] ক্ + ঐ = গৈ। ২।১৫ জ্ঞাত ইতিহাসের পূর্ব কাল। বানান: প্রাগৈতিহাসিক = প্ + র্ + আ + গ্ + ঐ + ত্ + ই + হ্ + আ + স্ + ই + ক্ + অ।

প্রাগ্রসর: উন্নতিশীল। বিণ। তৎসম। প্র + অগ্রসর [অগ্র + সর [সৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ। ২।১।ক প্রকৃষ্ট অগ্রে গমন করেছে যে। বানান: প্রাগ্রসর = প্ + র্ + আ + গ্ + র্ + অ + স্ + অ + র্ + অ। বি.দ্র.: গ্ + র্ + অ = গ্র।

প্রাঙ্গণ: উঠান। বি। তৎসম। প্র + অঙ্গন। [সন্ধি] অ + অ = আ। ২।১।ক বানান: প্রাঙ্গণ= প্ + র্ + আ + ঙ্ + গ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ = ঙ্গ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'আ', 'ঙ', 'গ' ও 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। স্মরণীয়: অঙ্গন='ন', কিন্তু প্রাঙ্গণ = 'ণ'। কারণ অঙ্গন = অ + ঙ্ + গ্ + অ + ন্ + অ। 'ন্'-এর আগে 'ঙ', 'গ্' ও 'অ' থাকলেও তাদের আগে 'ঋ','র', 'ষ' নেই।

প্রাচী: পৃথিবীর পূর্বভাগ। বি। তৎসম। প্রাচ্ [পূর্ব দিক্] + ঈ [স্ত্রী]। বানান: প্রাচী = প্ + র্ + আ + চ্ + ঈ । 'র্' ও 'ন্'-এর মধ্যে 'চ্' ['চ'-বর্গ] থাকায় 'ন্' 'ন'-ই থেকেছে, 'ণ' হয়নি।

প্রাচীন: পুরাতন, প্রবীণ। বিণ। তৎসম। প্রাচ্ [পূর্ব] + ঈন [ভাব আছে যার]। ৬।৩ [সন্ধি] চ্ + ঈ = চী। বানান: প্রাচীন = প্ + র্ + আ + চ্ + ঈ + ন্ + অ।

প্রাচীনতা: প্রবীণতা। বি। তৎসম। প্রাচীন ['প্রাচীন' দ্রষ্টব্য] + তা। ৬।৩ প্রাচীনের ভাব। বানান: প্রাচীনতা = প্ + র্ + আ + চ্ + ঈ + ন্ + অ + ত্ + আ।

প্রাচীনা: প্রবীণা। বিণ। তৎসম। প্রাচীন ['প্রাচীন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: প্রাচীনা = প্ + র্ + আ + চ্ + ঈ + ন্ + আ।

প্রাচীর: পাঁচিল। বি। তৎসম। প্র + আ + চি + র। ৬।১ বানান: প্রাচীর = প্ + র্ + আ + চ্ + ঈ + র্ + অ। বি.দ্র.: চ্ + ঈ ['ই' নয়] = চী।

প্রাচুর্য: প্রচুরতা। বি। তৎসম। প্রচুর + য [ষ্ণ্য]। ৬।৩ যা প্রচুর, তার ভাব। বানান: প্রাচুর্য = প্ + র্ + আ + চ্ + উ + র্ + য্ + অ। বি.দ্র.: র্ + য্ + অ = র্য।

প্রাচ্য: পূর্বদিকস্থ। বিণ। তৎসম। প্রাচ্ [পূর্ব দিক] + য [ষ্ণ্য= ভব অর্থে] বানান: প্রাচ্য= প্ + র্ + আ + চ্ + য্ + অ। বি.দ্র.: চ্ + য্ + অ= চ্য।

প্রাজ্ঞ: বিজ্ঞ। বিণ। তৎসম৷ প্রজ্ঞা + অ। ৬।১ প্রজ্ঞা আছে যাঁর। বানান: প্রাজ্ঞ = প্ + র্ + আ + জ্ + ঞ্ + অ। বি.দ্র.: জ্ + ঞ্ + অ= জ্ঞ।

প্রাজ্ঞতা: বিজ্ঞতা। বি। তৎসম। প্রাজ্ঞ ['প্রাজ্ঞ' দ্রষ্টব্য] + তা। প্রাজ্ঞ যিনি, তাঁর ভাব। বানান: প্রাজ্ঞতা= প্ + র্ + আ + জ্ + ঞ্ + অ + ত্ + আ। বি.দ্র.: জ্ + ঞ্ + অ= জ্ঞ।

প্রাঞ্জল: সহজবোধ্য। বিণ। তৎসম। প্র + অন্জ্ (সাজানো বা প্রসাধন করা) + অল। ৬।১ মার্জিত করে যা স্বচ্ছ বা সরল করা হয়েছে। বানান: প্রাঞ্জল= প্ + র্ + আ + ঞ্ + জ্ + অ + ল্ + অ। বি.দ্র.: ঞ্ + জ্ + অ= ঞ্জ।

প্রাঞ্জলতা: সহজবোধ্যতা। বি। তৎসম। প্রাঞ্জল ['প্রাঞ্জল' দ্রষ্টব্য] + তা। ৬।৩ যা প্রাঞ্জল, তার ভাব। বানান: প্রাঞ্জলতা = প্ + র্ + আ + ঞ্ + জ্+ অ + ল্ + অ + ত্ + আ। বি.দ্র.: ঞ্ + জ্ + অ= ঞ্জ।

প্রাঞ্জলি : জোড়হাত। বি। তৎসম। প্র + অঞ্জলি। [অন্জ্ (করপুটে অর্ঘ্য দান করা) + অলি। ৬।৩ [সন্ধি] অ + অ= আ। ২।১।ক প্রকৃষ্টভাবে অঞ্জলি দান। বানান : প্রাঞ্জলি= প্ + র্ + আ + ঞ্ + জ্ + অ + ল্ + ই। বি.দ্র. : ঞ্ + জ্ + অ = ঞ্জ।

প্রাণ : জীবন। বি। তৎসম। প্র + অন [অন্ (বাঁচা) + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ। ২।১।ক বানান : প্রাণ= প্ + র্ + আ + ণ্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ম্'- এর মধ্যে 'আ' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রাণঘ্ন : যে বা যা প্রাণ নাশ করে। বিণ। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + ঘ্ন [হন্ + অ (টক)]। ৬।১ প্রাণ হত্যা করে যে= উপপদতৎ। ৩।৩। বানান : প্রাণঘ্ন= প্ + র্ + আ + ণ্ + অ + ঘ্ + ন্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'আ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। কিন্তু ঘ্ + ন্ + অ= ঘ্ন। 'ব'-এর প্রভাব না থাকায় 'ন্' 'ন্'-ই থেকেছে [ঘ্ন]।

প্রাণঘাতক : যে বা যা প্রাণ নাশ করে। বিণ। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + ঘাতক [হন্ (হত্যা করা) + অক]। ৬।১ প্রাণ হত্যা করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : প্রাণঘাতক= প্ + র্ + আ + ণ্ + অ + ঘ্ + আ + ত্ + অ + ক্ + অ।

প্রাণঘাতী : যে বা যা প্রাণ নাশ করে। বিণ। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + ঘাত [হন্ (হত্যা করা) + অ] + ঈ [ইন্]। ৬।১ প্রাণকে হত্যা করে যা= উপপদতৎ। ৩।৩ বানান : প্রাণঘাতী= প্ + র্ + আ + ণ্ + অ + ঘ্ + আ + ত্ + ঈ। বি.দ্র. : শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

প্রাণত্যাগ : জীবন বিসর্জন। বি। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + ত্যাগ [ত্যজ্ (ত্যাগ করা) + অ]। ৬।১ প্রাণকে ত্যাগ= কর্মতৎ। ৩।৩ বানান : প্রাণত্যাগ = প্ + র্ + আ + ণ্ + অ + ত্ + য্ + আ + গ্ + অ। বি.দ্র. : ত্ + য্ + আ = ত্যা।

প্রাণদ : যা প্রাণশক্তি সঞ্চারিত করতে পারে। বিণ। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + দ [দা (দেওয়া + অ]। ৬।১ প্রাণ দান করে যে = উপপদ তৎ। ৩।৩ বানান : প্রাণদ : প্ + র্ + আ + ণ্ + অ + দ্ + অ।

প্রাণদা : প্রাণদায়িনী। বিণ। তৎসম। প্রাণদ ['প্রাণদ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক প্রাণ দান করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান : প্রাণদা= প্ + র্ + আ + ণ্ + অ + দ্ + আ।

প্রাণদণ্ড : বিচারে মৃত্যুদণ্ড। বি। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + দণ্ড [দণ্ড্ (শাস্তি দেওয়া) + অ]। ৬।১ প্রাণনাশ-রূপ দণ্ড= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : প্রাণদণ্ড= প্ + র্ + আ + ণ্ + অ + দ্ + অ + ণ্ + ড্ + অ। বি.দ্র. : ণ্ + ড্ + অ = ণ্ড।

প্রাণদাতা : যে জীবন দিয়েছে। বি। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + দাতা [দা (দান করা) + তা (তৃচ্)]। ৬।১ প্রাণ দান করে যে= উপপদ তৎ। ৩।৩ বানান : প্রাণদাতা= প্ + র্ + আ + ণ্ + অ + দ্ + আ + ত্ + আ।

প্রাণপণ : প্রাণকে পণ রেখে কার্যসিদ্ধিতে দৃঢ়সংকল্প। বিণ। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + পণ [পণ্ (বাজি রাখা) + অ]। ৬।১ প্রাণকে পণ [বাজি]= কর্মতৎ। ৩।৩ বানান : প্রাণপণ = প্ + র্ + আ + ণ্ + অ + প্ + অ + ণ্ + অ। 'পণ্'-এর 'ণ্' স্বাভাবিক বা মৌলিক 'ণ'।

প্রাণপাত : মৃত্যুতুল্য। বি। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + পাত [পত্ (পতিত হওয়া) + অ]। ৬।১ প্রাণকে প্রাত= কর্মতৎ। ৩।৩ বানান : প্রাণপাত= প্ + র্ + আ + ণ্ + অ +

প্ + আ + ত্ + অ।

প্রাণপূর্ণ : প্রাণবন্ত। বিণ। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + পূর্ণ [পূর্ (পূর্ণ করা) + ত। ৬।১ প্রাণের দ্বারা পূর্ণ = করণতৎ। ৩।৩ বানান: প্রাণপূর্ণ= প্ + র্ + আ + ণ্ + অ + প্ + ঊ + র্ + ণ্ + অ। ১. 'র' ও 'ন্'-এর মধ্যে 'আ' থাকায় এবং ২. 'ন'-এর অব্যবহিত আগে 'র্' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রাণপ্রতিম : প্রাণতুল্য। বিণ। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + প্রতিম [প্রতি + মা + অ]। ৬।১ প্রাণের প্রতিম [তুল্য, সদৃশ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রাণ প্রতিম [প্ + র্ + আ + ণ্ + অ + প্ + র্ + অ + ত্ + ই + ম্ + অ।

প্রাণপ্রতিষ্ঠা : মন্ত্রপাঠদ্বারা প্রতিমায় দেবতাকে অধিষ্ঠিত করা। বি। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + প্রতিষ্ঠা [প্রতি + স্থা + অ + আ]। ৬।১ প্রাণের প্রতিষ্ঠা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রাণপ্রতিষ্ঠা= প্ + র্ + আ + ণ্ + অ + প্ + র্ + অ + ত্ + ই + ষ্ + ঠ্ + আ। বি.দ্র. : ষ্ + ঠ্ + আ= ষ্ঠা। 'ই'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

প্রাণপ্রদ : জীবনদায়ক। বিণ। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + প্রদ [প্র + দা + অ] । ৬।১ প্রাণ প্রদান করে যে বা যা = উপপদতৎ। ৩।৩ বানান: প্রাণপ্রদ= প্ + র্ + আ + ণ্ + অ + প্ + র্ + অ + দ্ + অ।

প্রাণপ্রিয় : প্রাণের মতো প্রিয়। বিণ। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + প্রিয় [প্রী (তুষ্ট হওয়া) + অ]। ৬।১ প্রাণের মতো প্রিয়= উপমান-কর্মধা। ৩।২ বানান: প্রাণপ্রিয়= প্ + র্ + আ + ণ্ + অ + প্ + র্ + ই + য্ + অ। বি.দ্র. : প্ + র্ + ই = প্রি।

প্রাণবন্ত : জীবন্ত। বিণ। তদ্ভব। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + বন্ত ['বৎ' ও 'মৎ' প্রত্যয়ের অনুকরণে উৎপন্ন—'আছে' অর্থে]। ৬।৩ বানান: প্রাণবন্ত = প্ + র্ + আ + ণ্ + অ + ব্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ= ন্ত।

প্রাণবিয়োগ : মৃত্যু। বি। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + বিয়োগ [বি + যোগ (যুজ্ + অ)]। ৬।১ প্রাণের বিয়োগ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রাণ বিয়োগ= প্ + র্ + আ + ণ্ + অ + ব্ + ই + য্ + ও + গ্ + অ।

প্রাণবিসর্জন : মৃত্যুবরণ। বি। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + বিসর্জন [বি + সর্জন [সৃজ্ (সৃষ্টি করা বা ত্যাগ করা) + অন]। ৬।১। প্রাণকে বিসর্জন [ত্যাগ] = কর্মতৎ। ৩।৩ বানান: প্রাণবিসর্জন= প্ + র্ + আ + ণ্ + অ + ব্ + ই + স্ + অ + র্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র. : র্ + র্জ + অ= র্জ।

প্রাণশূন্য : জড়, মৃত। বিণ। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + শূন্য [সু = শু + ঊন= শূন + য = শূন্য]। ৬।১ একেবারে নেই। প্রাণের দ্বারা শূন্য= করণতৎ। ৩।৩ বানান: প্রাণশূন্য= প্ + র্ + আ + ণ্ + অ + শ্ + ঊ + ন্ + য্ + অ। বি.দ্র. : শ্ + ঊ = শূ। ন্ + য্ + অ = ন্য।

প্রাণসংশয় : মৃত্যুর আশঙ্কা। বি। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + সংশয় [সম্+শয়] [শী (শয়ন করা) + অ। ৬।১ প্রাণের সংশয়= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রাণসংশয়= প্ + র্ + আ + ণ্ + অ + স্ + অ + ং + শ্ + অ + য্ + অ।৬।১

প্রাণসংহার : হত্যা। বি। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + সংহার [সম্ + হৃ (চুরি করা) + অ। প্রাণের সংহার = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রাণসংহার= প্ + র্ + আ + ণ্ + অ + স্ + অ + ং + হ্ + আ + র্ + অ।

প্রাণসঙ্কট : মৃত্যুর আশঙ্কা। বি। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + সঙ্কট [সম্ (সম্যক্) কট

(আবৃত করা) + অ। প্রাণের সঙ্কট (বিপদ)= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রাণসঙ্কট = প্ + র্ + আ + ণ্ + অ + স্ + অ + ঙ্ + ক্ + অ + ট্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + অ =ঙ্ক।

প্রাণসঞ্চার: মৃত জড় বা অচেতন দেহ সজীবকরণ। বি। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + সঞ্চার [সম্ + চর্ (সঞ্চরণ করা) + অ]। ৬।১ প্রাণের সঞ্চার= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রাণসঞ্চার= প্ + র্ + আ + ণ্ + অ + স্ + অ + ঞ্ + চ্ + আ + র্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + আ= ঞ্চ।

প্রাণহন্তা: হত্যাকারী। বিণ। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + হন্তা [হন্ (হত্যা করা) + তা (তৃচ্)। ৬।১ প্রাণকে হত্যা করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: প্ + র্ + আ + ণ্ + অ + হ্ + অ + ন্ + ত্ + আ।

প্রাণহন্ত্রী: হত্যাকারিণী। বিণ। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + হন্ত্রী ['প্রাণহন্তা' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।ছ প্রাণকে হত্যা করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: প্রাণহন্ত্রী= প্ + র্ + আ + ণ্ + অ + হ্ + অ + ন্ + ত্ + র্ + ঈ।

প্রাণাত্যয়: মৃত্যু। বি। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + অত্যয় [অতি + অয় (ই+অ)]। ৬।১ [সন্ধি] অ + অ= আ (া), ই + অ= য্ (্য)]। ২।১।ক, ২।৭।ক প্রাণের অত্যয় [আকস্মিক বিপদ বা মৃত্যু = সম্বন্ধতৎ। বানান: প্রাণাত্যয়= প্ + র্ + আ + ণ্ + আ + ত্ + য্ + অ + য়্ + অ।

প্রাণাধিক: প্রাণের অপেক্ষাও অধিক প্রিয়। বিণ। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + অধিক [অধি + ক (স্বার্থে)]। ৬।১ প্রাণের চেয়েও অধিক = অপাদানতৎ। ৩।৩ বানান: প্রাণাধিক= প্ + র্ + আ + ণ্ + আ + ধ্ + ই + ক্ + অ।

প্রাণান্ত: মৃত্যু। বি। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + অন্ত [অম্ + ত]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [া]। ২।১।ক প্রাণের অন্ত [শেষ বা অবসান]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রাণান্ত = প্ + র্ + আ + ণ্ + আ + ণ্ + ত্ + অ।

প্রাণান্তিক: মৃত্যুতুল্য। বিণ। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + অন্তিক [অন্ত ('অন্ত' দ্রষ্টব্য) + ইক]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [া] প্রাণের অন্তিক [অন্তের তুল্য]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রাণান্তিক= প্ + র্ + আ + ণ্ + আ + ন্ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + ই= ন্তি।

প্রাণায়াম: যোগ-সাধনার নির্দিষ্ট রীতিতে শ্বাসগ্রহণ, শ্বাসধারণ ও শ্বাসত্যাগ। বি। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + আয়াম [আ + যম্ (নিয়ন্ত্রণ করা) + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [া]। ২।১।খ প্রাণের [প্রাণবায়ুর বা বায়ুর [প্রাণের) আয়াম [নিয়ন্ত্রণ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রাণায়াম= প্ + র্ + আ + ণ্ + আ + য়্ + আ + ম্ + অ।

প্রাণিঘাতক: যে জীব হত্যা করে। বিণ। তৎসম। প্রাণী ['প্রাণী' দ্রষ্টব্য] + ঘাতক [হন্ (হত্যা করা) + অক]। ৬।১ প্রাণীর ঘাতক= সম্বন্ধতৎ, বা, প্রাণীকে হত্যা করে যে= উপপদতৎ। ৩।৩ [প্রাণ + ইন্ = প্রাণিন্= প্রাণী] ইন্-প্রত্যয়ান্ত শব্দ অন্য শব্দের [এখানে 'ঘাতক'] সঙ্গে সমাসবদ্ধ হওয়ায় পূর্বপদের 'ঈ'-কার 'ই'-কার হয়েছে। ৩।৩।জ বানান: প্রাণিঘাতক= প্ + র্ + আ + ণ্ + ই + ঘ্ + আ + ত্ + অ + ক্ + অ।

প্রাণিজগৎ: জীবজগৎ। বি। তৎসম। প্রাণী ['প্রাণী' দ্রষ্টব্য] + জগৎ [গম্ (গমন করা) + ক্বিপ্]। ৬।১ প্রাণীদের জগৎ = সম্বন্ধতৎ। ৩।৩ 'প্রাণী' [ইন্-প্রত্যয়ান্ত শব্দ] শব্দ তৎসম 'জগৎ' শব্দের সঙ্গে সমাসবদ্ধ হওয়ায় 'প্রাণী'র 'ঈ'-কার

'ই'-কার হয়েছে। বানান: প্রাণিজগৎ= প্ + র্ + আ + ণ্ + ই + জ্ + অ + গ্ + অ + ৎ।

প্রাণিতত্ত্ব: জীবজন্তু-সম্বন্ধীয় বিজ্ঞান। বি। তৎসম। প্রাণী ['প্রাণী' দ্রষ্টব্য] + তত্ত্ব [তৎ + ত্ব]। ৬।৩ প্রাণিবিষয়ক তত্ত্ব= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: প্রাণিতত্ত্ব= প্ + র্ + আ + ণ্ + ই + ত্ + অ + ত্ + ত্ + ব্ + অ। বি.দ্র.: ইন্-প্রত্যয়ান্ত শব্দ অন্য শব্দের সঙ্গে সমাসবদ্ধ হওয়ায় 'ঈ'-কার 'ই'-কার হয়েছে। ৩।৩।জ তত্ত্ব= তৎ + ত্ব= ত্ + অ + ত্ + ত্ + ব্ + অ।

প্রাণিবিদ্যা: জীবজন্তু সম্বন্ধীয় বিজ্ঞান। বি। তৎসম। প্রাণী ['প্রাণী' দ্রষ্টব্য] + বিদ্যা [বিদ্ (জানা) + য (যৎ) + আ]। ৬।১ প্রাণিবিষয়ক বিদ্যা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: প্রাণিবিদ্যা= প্ + র্ + আ + ণ্ + ই + ব্ + ই + দ্ + য্ + আ। বি.দ্র.: 'ইন্'-প্রত্যয়ান্ত শব্দ অন্য শব্দের সঙ্গে সমাসবদ্ধ হওয়ায় 'ঈ'-কার 'ই'-কার হয়েছে। ৩।৩।জ

প্রাণিহিংসা: জীবজন্তু হত্যা করা। বি। তৎসম। প্রাণী ['প্রাণী' দ্রষ্টব্য] + হিংসা [হিন্স্ (হিংসা করা) + অ + আ]। ৬।১ প্রাণীদের হিংসা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রাণিহিংসা= প্ + র্ + আ + ণ্ + ই + হ্ + ই + ং + স্ + আ। বি.দ্র.: 'ইন্'-প্রত্যয়ান্ত শব্দ অন্য শব্দের সঙ্গে সমাসবদ্ধ হওয়ায় 'ঈ'-কার 'ই'-কার হয়েছে। ৩।৩।জ

প্রাণী: প্রাণ বা জীবন আছে যার। বি। তৎসম। প্রাণ [প্র + অন (অন্ = বাঁচা) + অ] + ঈ [ইন] ৬।১ প্রাণ আছে যার =প্রাণ + ইন্= প্রাণিন্ = প্রাণী। বানান: প্রাণী= প্ + র্ + আ + ণ্ + ঈ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'আ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে।

প্রাণোৎসর্গ: জীবনদান। বি। তৎসম। প্রাণ ['প্রাণ' দ্রষ্টব্য] + উৎসর্গ [উৎ + সর্গ [সৃজ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [গো]। ২।৫।ক প্রাণকে উৎসর্গ= কর্মতৎ। ৩।৩ বানান: প্রাণোৎসর্গ= প্ + র্ + আ + ণ্ + ও + ৎ + স্ + অ + র্ + গ্ + অ। বি.দ্র.: র্ + গ্ + অ = গ।

প্রাতঃ, প্রাত: প্রভাত। বি। তৎসম। প্রাতর্ [প্র (প্রথম) + অতর্ (অৎ= যাওয়া + অর্)]। ৬।১ প্রথম যাত্রা- শুরু [দিনের]। বানান: প্রাতঃ, প্রাত= প্ + র্ + আ + ত্ + অ + স্[ঃ]।

প্রাতঃকাল: সকালবেলা। বি। তৎসম। প্রাতঃ ['প্রাতঃ' দ্রষ্টব্য] + কাল [কল্ (গমন করা) + অ]। ৬।১ প্রাতঃ [প্রাতর্] যে কাল= কর্মধা। ৩।২ বানান: প্রাতঃকাল= প্ + র্ + আ + ত্ + অ + ঃ + ক্ + আ + ল্ + অ।

প্রাতঃকালীন: প্রাতঃকালের। বিণ। তৎসম। প্রাতঃকাল ['প্রাতঃকাল' দ্রষ্টব্য] + ঈন। ৬।৩ বানান: প্রাতঃকালীন= প্ + ব্ + আ + ত্ + অ + ঃ+ ক্ + আ + ল্ + ঈ + ন্ + অ।

প্রাতঃকৃত্য: মলমূত্র-ত্যাগ দন্তধাবন স্নান ও উপাসনা প্রাতঃকালে করণীয় এই কর্ম-চতুষ্টয়। বি। তৎসম। প্রাতঃ ['প্রাতঃ' দ্রষ্টব্য] + কৃত্য [কৃ + য (ক্যপ্)]। ৬।১ প্রাতঃকালে করার যোগ্য [করণীয়]। বানান: প্রাতঃকৃত্য= প্ + র্ + অ + ত্ + অ + ঃ + ক্ + ঋ + ত্ + য্ + অ।

প্রাতঃক্রিয়া: মলমূত্র-ত্যাগ দন্তধাবন স্নান ও উপাসনা প্রাতঃকালে করণীয় এই কর্ম চতুষ্টয়। বি। তৎসম। প্রাতঃ ['প্রাতঃ' দ্রষ্টব্য] + ক্রিয়া [কৃ (করা) + অ + আ]। ৬।১ প্রাতঃকালীন ক্রিয়া= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: প্রাতঃক্রিয়া= প্ + র্ + আ + ত + অ + ঃ+ ক্ + র্ + ই + য়্ + আ।

প্রাতঃপ্রণাম: প্রভাতকালীন অভিবাদন। বি।

তৎসম। প্রাতঃ ['প্রাতঃ' দ্রষ্টব্য] + প্রণাম [প্র + নম্ + অ]। ৬।১ প্রাতঃকালীন প্রণাম= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: প্রাতঃপ্রণাম= প্ + র্ + আ + ত্ + অ + : + প্ + র্ + অ + ণ্ + আ + ম্ + অ।

প্রাতঃসন্ধ্যা: প্রাতঃকালীন সন্ধ্যা-বন্দনা। বি। তৎসম। প্রাতঃ ['প্রাতঃ' দ্রষ্টব্য] + সন্ধ্যা [সম্ + ধ্যৈ (ধ্যান করা) + অ + আ]। ৬।১ প্রাতঃকালীন সন্ধ্যা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: প্রাতঃসন্ধ্যা= প্ + র্ + আ + ত্ + অ + : + স্ + অ + ন্ + ধ্ + য্ + আ। বি.দ্র.: ন্ + ধ্ + য্ + আ= ন্ধ্যা।

প্রাতঃস্নান: সূর্যোদয়কালে স্নান। বি। তৎসম। প্রাতঃ ['প্রাতঃ' দ্রষ্টব্য] + স্নান [স্না (স্নান করা) + অন। ৬।১ প্রাতঃ কালীন স্নান= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: প্রাতঃস্নান= প্ + র্ + আ + ত্ + অ + : + স্ + ন্ + আ + ন্ + অ। বি.দ্র.: স্ + ন্ + আ = স্না।

প্রাতঃস্মরণীয়: পুণ্যকীর্তি। বিণ। তৎসম। প্রাতঃ ['প্রাতঃ' দ্রষ্টব্য] + স্মরণীয় [স্মৃ (স্মরণ করা) + অনীয়]। ৬।১ প্রাতঃ স্মরণীয়= কর্মধা। ৩।২ বানান: প্রাতঃস্মরণীয়= প্ + র্ + আ + ত্ + অ + : + স্ + ম্ + অ + র্ + অ + ণ্ + ঈ + য্ + অ। বি.দ্র.: স্ + ম্ + অ= স্ম। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ' হয়েছে। ৪।১।গ।

প্রাতরাশ: প্রাতঃকালের প্রথম আহার। বি। তৎসম। প্রাতঃ ['প্রাতঃ' দ্রষ্টব্য] + আশ [অশ্ (খাওয়া) + অ]। ৬।১ [সন্ধি] : + আ = রা। ২।৩৮ প্রাতঃকালীন আশ [ভোজন] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: প্রাতরাশ= প্ + র্ + আ + ত্ + অ + র্ + আ + শ্ + অ।

প্রাতর্ভ্রমণ: সকালবেলায় মুক্তবায়ুতে পায়চারি। বি। তৎসম। প্রাতঃ ['প্রাতঃ' দ্রষ্টব্য] + ভ্রমণ [ভ্রম্ (বেড়ানো বা ঘোরা) + অন]। ৬।১ [সন্ধি] : + ভ্র= র্ভ্র। ২।৩৮ প্রাতঃ + ভ্রমণ= প্রাতর্ভ্রমণ [প্রাতঃভ্রমণ ভুল।] প্রাতঃকালীন ভ্রমণ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: প্রাতর্ভ্রমণ= প্ + র্ + আ + ত্ + অ + র্ + ভ্ + র্ + অ + ম্ + অ + ণ্ + অ। বি.দ্র.: র্ + ভ্ + র্ + অ= র্ভ্র। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ', 'ম্' ও 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রাত্যহিক: দৈনিক। বিণ। তৎসম। প্রত্যহ [প্রতি + অহ] + ইক [ষ্ণিক]। ৬।৩ বানান: প্রাত্যহিক= প্ + র্ + আ + ত্ + য্ + অ + হ্ + ই + ক্ + অ। বি.দ্র.: 'য্'-ফলা। ই + অ [প্রতি + অহ]-এর সন্ধিজনিত। ২।৭।ক

প্রাত্যহিকী: দৈনিক ক্রিয়া-সূচী। বি। তৎসম। প্রাত্যহিক ['প্রাত্যহিক' দ্রষ্টব্য] + ঈ। ৬।৩ বানান: প্রাত্যহিকী= প্ + র্ + আ + ত্ + য্ + অ + হ্ + ই + ক্ + ঈ। বি.দ্র.: আগে ই, পরে ঈ।

প্রাদুর্ভাব: আবির্ভাব। বি। তৎসম। প্রাদুঃ [প্রাদুস্] + ভাব [ভূ (হওয়া) + অ]। ৬।১ [সন্ধি] : + ভা= র্ভা। ২।৩৮ বানান: প্রাদুর্ভাব= প্ + র্ + আ + দ্ + উ + র্ + ভ্ + আ + ব্ + অ। বি.দ্র.: র্ + ভ্ + আ= র্ভা।

প্রাদুর্ভূত: আবির্ভূত। বিণ। তৎসম। প্রাদুঃ [প্রাদুস্] + ভূত [ভূ (হওয়া) + ত। ৬।১ [সন্ধি] : + ভূ= র্ভূ। ২।২৮ বানান: প্রাদুর্ভূত= প্ + র্ + আ + দ্ + উ + র্ + ভ্ + ঊ + ত্ + অ। বি.দ্র.: র্ + ভ্ + ঊ= র্ভূ।

প্রাদেশিক: প্রদেশজাত। বিণ। তৎসম। প্রদেশ + ইক ['জাত' অর্থে]। ৬।৩ বানান: প্রাদেশিক= প্ + র্ + আ + দ্ + এ + শ্ + ই + ক্ + অ।

প্রাদেশিকতা: প্রাদেশিক বৈশিষ্ট্য বি। তৎসম। প্রাদেশিক ['প্রাদেশিক' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: প্রাদেশিকতা= প্ + র্ + আ + দ্

+ এ + শ্ + ই + ক্ + অ + ত্ + আ।

প্রাধান্য : শ্রেষ্ঠতা। বি। তৎসম। প্রধান + য [ষ্ণ্য]। ৬।২ বানান : প্রাধান্য= প্ + র্ + আ + ধ্ + আ + ন্ + য্ + অ। বি.দ্র. : ন্ + য্ + অ = ন্য।

প্রান্ত : সীমা। বি। তৎসম। প্র + অন্ত [অম্ + ত]। ৬।১ [সন্ধি] অ + অ= আ। ২।১।ক একেবারে শেষ সীমা। বানান : প্রান্ত= প্ + র্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + অ =ন্ত।

প্রান্তবর্তী : প্রান্তে অবস্থিত। বিণ। তৎসম। প্রান্ত ['প্রান্ত' দ্রষ্টব্য] + বর্তী [বৃৎ (বর্তমান থাকা) + ঈ (ইন্)]। ৬।১ প্রান্তে বর্তমানে থাকে যে বা যা = উপপদতৎ। ৩।৩ বানান : প্রান্তবর্তী = প্ + র্ + আ + ন্ + ত্ + অ + ব্ + অ + র্ + ত্ + ঈ। বি.দ্র. : র্ + ত্ + ঈ = র্তী। শব্দটি 'ঈ' [ইন্]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

প্রান্তর : বৃক্ষ, জল ও বসতিহীন বিস্তৃত মাঠ। বি। তৎসম। প্র + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ। [প্রা]। ২।১।ক প্রকৃষ্ট অন্তর [ব্যবধান] যাতে = বহুব্রী। ৩।৫ বানান : প্রান্তর= প্ + র্ + আ + ন্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + অ =ন্ত।

প্রান্তিক : প্রান্তবর্তী। বিণ। তৎসম। প্রান্ত ['প্রান্ত' দ্রষ্টব্য] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : প্রান্তিক= প্ + র্ + আ + ন্ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + ই + ন্তি।

প্রান্তীয় : প্রান্তবর্তী। বিণ। তৎসম। প্রান্ত ['প্রান্ত' দ্রষ্টব্য] + ঈয়। ৬।২ বানান : প্রান্তীয় = প্ + র্ + আ + ন্ + ত্ + ঈ + য্ + অ। বি.দ্র. : 'ঈয়'-প্রত্যয়ে 'ঈ' থাকায় 'প্রান্তীয়' [প্রান্ত + ঈয়]-শব্দে 'ঈ'-কার বিদ্যমান।

প্রাপক : যে পাবার অধিকারী। বি। বিণ। তৎসম। প্র + আপক [আপ্ (পাওয়া) + অক। ৬।১ পাওয়ার ব্যাপারে যার অধিকার আছে। বানান : প্রাপক= প্ + র্ + আ + প্ + অ + ক্ + অ।

প্রাপণ : প্রাপ্তি। বি। তৎসম। প্র + আপন [আপ্ (পাওয়া) + অন]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [প্রা]। ২।১।খ বানান : প্রাপণ= প্ + র্ + আ + প্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'আ', 'প' ও 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে।

প্রাপ্ত : লব্ধ, যা পাওয়া গেছে। বিণ। তৎসম। প্র + আপ্ত [আপ্ (পাওয়া) + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [প্রা]। ২।১।খ বানান : প্রাপ্ত : প্ + র্ + আ + প্ + ত্ + অ। বি.দ্র. : প্ + ত্ + অ= প্ত।

প্রাপ্তবয়স্ক : পূর্ণবয়স্ক, বয়ঃপ্রাপ্ত। তৎসম। প্রাপ্ত ['প্রাপ্ত' দ্রষ্টব্য] + বয়স্ক [বয়ঃ + ক]। ৬।২ [সন্ধি] ঃ + ক= স্ক। ২।৩৭ প্রাপ্ত বয়ঃ যে বা যার= বহুব্রী। ৩।৫ বানান : প্রাপ্তবয়স্ক= প্ + র্ + আ + প্ + ত্ + অ + ব্ + অ + য্ + অ + স্ + ক্ + অ।

প্রাপ্তব্য : প্রাপ্য। বিণ। তৎসম। প্র + আপ্তব্য [আপ্ (পাওয়া) + তব্য]। ৬।১ [সন্ধি] অ + আ = আ। ২।১।খ বানান : প্রাপ্তব্য= প্ + র্ + আ + প্ + ত্ + অ + ব্ + য্ + অ।

প্রাপ্তযৌবন : পূর্ণবয়স্ক। বিণ। তৎসম। প্রাপ্ত ['প্রাপ্ত' দ্রষ্টব্য] + যৌবন [যুবন্ + অ [ষ্ণ]। ৬।২ প্রাপ্ত যৌবন যে = বহুব্রী ৩।৫ বানান : প্রাপ্তযৌবন= প্ + র্ + আ + প্ + ত্ + অ + য্ + ঔ + ব্ + অ + ন্ + অ।

প্রাপ্তি : পাওয়া। বি। তৎসম। প্র + আপ্তি [আপ্ (পাওয়া) + তি]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [প্রা] । ২।১।খ বানান : প্রাপ্তি= প্ + র্ + আ + প্ + ত্ + ই। বি.দ্র. : প্ + ত্ + ই =প্তি।

প্রাপ্তিযোগ : পাওয়ার ভাগ্য। বি। তৎসম। প্রাপ্তি ['প্রাপ্তি' দ্রষ্টব্য] + যোগ [যুজ্ + অ]। ৬।১ প্রাপ্তির যোগ [শুভক্ষণ বা সুযোগ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রাপ্তিযোগ= প্ + র্ + আ + প্ + ত্ + ই + য্ + ও + গ্ + অ।

প্রাপ্য : পাওনা। বিণ। তৎসম। প্র + আপ্য [আপ্ (পাওয়া) + য [যৎ]। [সন্ধি] অ + আ = আ [প্রা]। ২।১।খ যা পাবার যোগ্য। বানান: প্রাপ্য = প্ + র্ + আ + প্ + য্ + অ। বি.দ্র. : প্ + য্ + অ = প্য।

প্রাবল্য : প্রবলতা। বি। তৎসম। প্রবল + য [ষ্ণ্য]। ৬।২ প্রবলের গুণ বা ধর্ম। বানান: প্রাবল্য= প্ + র্ + আ + ব্ + অ + ল্ + য্ + অ।

প্রাবাসিক : প্রবাসকালীন। বিণ। তৎসম। প্র + আবাসিক [আবাস (আ + বস্ + অ) + ইক [ষ্ণিক]। [সন্ধি] অ + আ= আ [প্রা]। ২।১।খ বানান: প্রাবাসিক= প্ + র্ + আ + ব্ + আ + স্ + ই + ক্ + অ।

প্রাবীণ্য : প্রবীণতা। বি। তৎসম। প্রবীণ ['প্রবীণ' দ্রষ্টব্য] + য [ষ্ণ্য]। ৬।২ প্রবীণের ভাব। বানান: প্রাবীন্য= প্ + র্ + আ + ব্ + ঈ + ণ্ + য্ + অ। বি.দ্র : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'আ', 'ব' ও 'ঈ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

প্রাবৃট : বর্ষাকাল। বি। তৎসম। প্র + আ + বৃষ্ [বৃষ্টি হওয়া] + ক্বিপ্। ৬।১ [সন্ধি] অ + আ= আ [প্রা]। ২।১।খ বানান: প্রাবৃট্ = প্ + র্ + আ + ব্ + ঋ + ট্। 'ট' হসন্তবর্জিত।

প্রাবৃষিক : বর্ষাকালীন। বিণ। তৎসম। প্র + আবৃষিক [আ + বৃষ্ + ইক [ষ্ণিক]। ৬।১ [সন্ধি] অ + আ= আ। [প্রা]। ২।১।খ বানান: প্রাবৃষিক= প্ + র্ + আ + ব্ + ঋ + ষ্ + ই + ক্ + অ। বি.দ্র. : 'ঋ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।খ

প্রাবৃষ্য : বর্ষাকালীন। বিণ। তৎসম। প্রাবৃষ্ [বর্ষাকালে + য [ষ্ণ্য-উৎপন্ন অর্থে]। ৬।১ বানান: প্রাবৃষ্য= প্ + র্ + আ + ব্ + ঋ + ষ্ + য্ + অ। বি.দ্র. : ঋ-র পর 'ষ' হয়েছে। ষ্ + য্ + অ= ষ্য।

প্রামাণিক : প্রমাণসিদ্ধ। বিণ। তৎসম। প্রমাণ ['প্রমাণ' দ্রষ্টব্য] + ইক [ষ্ণিক] । ৬।২ বানান: প্রামাণিক= প্ + র্ + আ + ম্ + আ + ণ্ + ই + ক্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন্'-এর মধ্যে 'আ' ও 'ম্' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রামাণিকতা : বিশ্বাসযোগ্যতা। বি। তৎসম। প্রামাণিক। ['প্রামাণিক' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: প্রামাণিকতা = প্ + র্ + আ + ম্ + অ + ণ্ + ই + ক্ + অ + ত্ + আ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'আ', 'ম্' ও 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রামাণ্য : প্রামাণিকতা। বি। বিণ। [বাংলা]। তৎসম। প্রমাণ ['প্রমাণ' দ্রষ্টব্য] + য [ষ্ণ্য]। ৬।১ বানান: প্রামাণ্য= প্ +র্ + আ + ম্ + আ + ণ্ + য্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'আ', 'ম্' ও 'আ' থাকায় 'ন্' 'ণ' হয়েছে। ৪।১।গ

প্রায় : তুল্য, সাধারণতঃ। বিণ, ক্রি-বিণ। তৎসম। প্র + অয় [ই (গমন করা) + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [প্রা]। ২।১।ক বানান: প্রায়= প্ + র্ + আ + য়্ + অ।

প্রায়শ, প্রায়শঃ : প্রায়ই। ক্রি-বিণ। তৎসম। প্রায় ['প্রায়' দ্রষ্টব্য] + শ, শঃ [শস্]। ৬।২ বানান: প্রায়শ [শঃ]= প্ + র্ + আ + য়্ + অ + শ্ + অ [+ঃ (স্)]।

প্রায়শ্চিত্ত : চিত্তের বিশুদ্ধতাসাধন। বি। তৎসম। প্রায়ঃ [পাপ] + চিত্ত [জ্ঞানলাভ করে বিশোধন করা] চিৎ + ত।৬।২ [সন্ধি] ঃ + চি= শ্চি। ২।৩৪। প্রায়ের [পাপের] চিত্ত [বিশোধন]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রায়শ্চিত্ত= প্ + র্ + আ + য়্ + অ + শ্ + চ্ + ই + ত্

+ ত্ + অ। বি.দ্র: শ্ + চ্ + ই = শ্চি, ত্ + ত্ + অ= ত্ত।

প্রায়ান্ধকার : অন্ধকারপ্রায় [অশুদ্ধ, কিন্তু বহুল প্রচলিত] । বিণ। তৎসম। প্রায় ['প্রায়' দ্রষ্টব্য] + অন্ধকার [অন্ধ + কৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [য়া]। ১।১।ক অন্ধকারের তুল্য বা সদৃশ [প্রায়= অন্ধকার-প্রায় [শুদ্ধরূপ]। বানান: প্রায়ান্ধকার= প্ + র্ + আ + য্ + আ + ন্ + ধ্ + অ + ক্ + আ + র্ + অ।

প্রারব্ধ : আরব্ধ, অদৃষ্ট। বিণ, বি। তৎসম। প্র + আরব্ধ [আ + রভ্ (শুরু করা) + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [প্রা]। ২।১।ক বানান: প্রারব্ধ= প্ + র্ + আ + র্ + অ + ব্ + ধ্ + অ। বি.দ্র. : ব্ + ধ্ + অ= ব্ধ।

প্রারম্ভ : সূত্রপাত। বি। তৎসম। প্র + আরম্ভ [আ + রভ্ (শুরু করা) + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [প্রা]। ২।১।ক বানান: প্রারম্ভ= প্ + র্ + আ + র্ + অ + ম্ + ভ্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + অ= ম্ভ।

প্রারম্ভিক : আরম্ভকালীন। বিণ। তৎসম। প্রারম্ভ ['প্রারম্ভ' দ্রষ্টব্য] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: প্রারম্ভিক= প্ + র্ + আ + র্ + অ + ম্ + ভ্ + ই + ক্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + ই= ম্ভি।

প্রার্থক : প্রার্থনাকারী। বিণ। তৎসম। প্র + অর্থক [অর্থ্ (অনুরোধ করা) + অক। ৬।১ [সন্ধি] অ + অ = আ [প্রা]। ২।১।ক প্রার্থনা করে যে। বানান: প্রার্থক = প্ + র্ + আ + র্ + থ্ + অ + ক্ + অ। বি.দ্র. : র্ + থ্ + অ= র্থ।

প্রার্থনা : আবেদন। বি। তৎসম। প্র + অর্থনা [অর্থ্ (অনুরোধ করা) + অন + আ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [প্রা]। ২।১।ক বানান: প্রার্থনা = প্ + র্ + আ + র্ + থ্ + অ + ন্ + আ। বি.দ্র. : র্ + থ্ + অ= র্থ।

প্রার্থনীয় : প্রার্থনার যোগ্য। বিণ। তৎসম। প্র + অর্থনীয় [অর্থ্ (অনুরোধ করা) + অনীয়]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [প্রা]। ২।১।ক বানান: প্রার্থনীয় = প্ + র্ + আ + র্ + থ্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'থ্'[ত্-বর্গ] থাকায় 'ন' 'ন'-ই থেকেছে। ৪।১।গ

প্রার্থয়িতা : প্রার্থনাকারী। বিণ। তৎসম। প্র + অর্থয়িতা [অর্থ্ + তা (তৃচ্)]। [সন্ধি] অ + অ = আ [প্রা]। ২।১।ক বানান: প্রার্থয়িতা= প্ + র্ + আ + র্ + থ্ + অ + য্ + ই + ত্ + আ।

প্রার্থিত : যা প্রার্থনা করা হয়েছে। বিণ। তৎসম। প্র + অর্থিত। [অর্থ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [প্রা]। ২।১।ক বানান: প্রার্থিত= প্ + র্ + আ + র্ + থ্ + ই + ত্ + অ। বি.দ্র. : র্ + থ্ + ই= র্থি।

প্রার্থিনী : প্রার্থনাকারিণী। বিণ। তৎসম। প্র + অর্থিনী [অর্থ্ (অনুরোধ করা) + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ [সন্ধি] অ + অ= আ [প্রা]। ২।১।ক বানান: প্রার্থিনী= প্ + র্ + আ + র্ + থ্+ ই + ন্ + ঈ। 'র্' ও 'ন'-এর মধ্যে 'থ্' [ত-বর্গ] থাকায় 'ন্' 'ন্'-ই থেকেছে। ৪।১।গ

প্রার্থী : প্রার্থনাকারী। বিণ। তৎসম। প্র + অর্থী [অর্থ্(অনুরোধ করা) + ঈ। [ইন্]। ৬।১ [সন্ধি] অ + অ = আ। [প্রা]। ২।১।ক যে প্রার্থনা করে। বানান: প্রার্থী= প্ + র্ + আ + র্+ থ্ + ঈ। বি.দ্র. : র্ + থ্ + ঈ = র্থী। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

প্রাশন : আহার। বি। তৎসম। প্র + অশন [অশ্ (খাওয়া) + অন]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [প্রা]। ২।১।ক বানান: প্রাশন= প্ + র্ + আ + শ্ + অ + ন্ + অ।

প্রাশ্নিক : প্রশ্নকারী। বিণ। তৎসম। প্রশ্ন [প্রচ্ছ্

(জিজ্ঞাসা করা) + ন] + ইক [ষ্ণিক]। ৬।১ প্রশ্ন করে যে। বানান: প্রাশ্নিক= প্ + র্ + আ + শ্ + ন্ + ই + ক্ + অ। বি.দ্র.: শ্ + ন্ + ই= শ্নি।

প্রাসঙ্গিক: প্রসঙ্গক্রমে উত্থাপিত। বিণ। তৎসম। প্রসঙ্গ [প্র + সন্জ্ + অ] + ইক [ষ্ণিক]। ৬।১ বানান: প্রাসঙ্গিক= প্ + র্ + আ + স্ + অ + ঙ্ + গ্ + ই + ক্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + ই= ঙ্গি।

প্রাসাদ: বড় অট্টালিকা। বি। তৎসম। প্র + আসাদ [আ + সদ্ (গমন করা) + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [প্রা]। ২।১।খ। বিশ্রামের জন্য আগমন করা হয় যেখানে। বানান: প্রাসাদ= প্ + র্ + আ + স্ + আ + দ্ + অ।

প্রাহ্ণ: পূর্বাহ্ণ। বি। তৎসম। প্র + অহ্ন [অহন]। [সন্ধি] অ + অ= আ [প্রা]। অহনের পূর্বভাগ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রাহ্ণ= প্ + র্ + আ + হ্ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'আ' ও 'হ্' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ হ্ + ণ্ + অ= হ্ণ।

প্রিন্সিপাল: কলেজের অধ্যক্ষ। বি। বিদেশী। < ইং. Principal. বাংলা বানান: প্রিন্সিপাল= প্ + র্ + ই + ন্ + স্ + ই + প্ + আ + ল্ + অ। বি.দ্র.: ন্ + স্ + ই= ন্সি।

প্রিয়: ভালবাসার পাত্র। বি, বিণ। তৎসম। প্রী (তুষ্ট হওয়া) + অ। ৬।১ যে তুষ্ট হয়। বানান: প্রিয়= প্ + র্ + ই + য্ + অ।

প্রিয়া: প্রণয়পাত্রী। বি, বিণ। তৎসম। প্রিয় ['প্রিয়' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক যে নারী তুষ্ট হয়। বানান: প্রিয়া= প্ + র্ + ই + য্ + আ।

প্রিয়ংবদ: মধুরভাষী। বিণ। তৎসম। প্রিয়ম্ ['প্রিয়' দ্রষ্টব্য] + বদ [বদ্ (বলা) + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ব= ংব। ২।২৮ প্রিয় [কথা] বলে যে= উপপদতৎ। ৩।৩ বানান: প্রিয়ংবদ= প্ + র্ + ই + য্ + অ + ং + ব্ + অ + দ্ + অ।

প্রিয়ংবদা: মধুরভাষিণী। বিণ। তৎসম। প্রিয়ংবদ ['প্রিয়ংবদ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক প্রিয়ং [প্রিয় কথা] বলে যে [স্ত্রী] = উপপদতৎ। বানান: প্রিয়ংবদা= প্ + র্ + ই + য্ + অ + ং + ব্ + অ + দ্ + আ।

প্রিয়জন: প্রিয় পাত্র। বি। তৎসম। প্রিয় ['প্রিয়' দ্রষ্টব্য] + জন [জন্ + অ]। ৬।১ প্রিয় যে জন= কর্মধা। ৩।২ বানান: প্রিয়জন= প্ + র্ + ই + য্ + অ + জ্ + অ + ন্ + অ।

প্রিয়তম: সর্বাপেক্ষা প্রিয়। বিণ। তৎসম। প্রিয় ['প্রিয়' দ্রষ্টব্য] + তম [অতিশায়ন]। ৬।১ প্রিয়দের মধ্যে অধিকতম প্রিয়। বানান: প্রিয়তম= প্ + র্ + ই + য্ + অ + ত্ + অ + ম্ + অ।

প্রিয়দর্শন: সুন্দর। বি। তৎসম। প্রিয় ['প্রিয়' দ্রষ্টব্য] + দর্শন [দৃশ্ + অন]। ৬।১ প্রিয় দর্শন যার= বহুব্রী। ৩।৫ বানান: প্রিয়দর্শন= প্ + র্ + ই + য্ + অ + দ্ + অ + র্ + শ্ + অ + ন্ + অ। বি.দ্র.: র্ + শ্ + অ= র্শ।

প্রিয়দর্শী: যিনি সকলকে প্রীতির চক্ষে দেখেন। বিণ। তৎসম। প্রিয় ['প্রিয়' দ্রষ্টব্য] + দর্শী [দৃশ্ + ঈ [ইন্]। ৬।১ প্রিয় দেখেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: প্রিয়দর্শী= প্ + র্ + ই + য্ + অ + দ্ + অ + র্ + শ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ঈ' [ইন্]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

প্রিয়পাত্র: প্রীতিভাজন। বিণ। তৎসম। প্রিয় ['প্রিয়' দ্রষ্টব্য] + পাত্র [পা (রক্ষা করা) + ত্র]। ৬।১ প্রিয় যে পাত্র [ব্যক্তি]= কর্মধা। ৩।২ বানান: প্রিয়পাত্র= প্ + র্ + ই + য্ + অ + প্ + আ + ত্ + র্ + অ।

প্রিয়পাত্রী: প্রীতিভাজনা। বিণ। তৎসম। প্রিয়পাত্র

[‘প্রিয়পাত্র’ দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ প্রিয়া যে পাত্রী= কর্মধা। ৩।২ বানান: প্রিয়পাত্রী= প্ + র্ + ই + য্ + অ + প্ + আ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: ত্ + র্ + ঈ= ত্রী।

প্রিয়বাদী : মধুরভাষী। বিণ। তৎসম। প্রিয় [‘প্রিয়’ দ্রষ্টব্য] + বাদী [বদ্ (কথা বলা) + ঈ [ইন্]। ৬।১ প্রিয় [কথা] বলে যে= উপপদতৎ। ৩।৩ বানান: প্রিয়বাদী= প্ + র্ + ই + য্ + অ + ব্ + আ + দ্ + ঈ। বি.দ্র.: শব্দটি ঈ[ইন্]-প্রত্যয়ান্ত, তাই ‘ঈ’-কারান্ত।

প্রিয়বাদিনী : মধুরভাষিণী। বিণ। তৎসম। প্রিয় [‘প্রিয়’ দ্রষ্টব্য] + বাদিনী [বদ্ + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।চ প্রিয় কথা বলে যে [স্ত্রী]= উপপদতৎ। বানান: প্রিয়বাদিনী= প্ + ব্ + ই + য্ + অ + ব্ + আ + দ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: আগে ‘ই’, পরে ‘ঈ’।

প্রিয়বিয়োগ : প্রিয়জনের মৃত্যু। বি। তৎসম। প্রিয় [‘প্রিয়’ দ্রষ্টব্য] + বিয়োগ [বি + যুজ্ + অ]। ৬।১ প্রিয়ের বিয়োগ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: *প্রিয়বিয়োগ= প্ + র্ + ই + য্ + অ +* ব্ + ই + য্ + ও + গ্ + অ।

প্রিয়ভাষী : মিষ্টভাষী। বিণ। তৎসম। প্রিয় [‘প্রিয়’ দ্রষ্টব্য] + ভাষী [ভাষ্ (কথা বলা) + ঈ (ইন্)]। *৬।১ প্রিয় ভাষণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: প্রিয়ভাষী= প্ + র্ + ই + য্ + অ + ভ্ + আ + ষ্ + ঈ। বি.দ্র.: শব্দটি* ‘ঈ’ [ইন্]-প্রত্যয়ান্ত, তাই ‘ঈ’-কারান্ত।

প্রিয়ভাষিণী : মধুরভাষিণী। বিণ। তৎসম। প্রিয় [‘প্রিয়’ দ্রষ্টব্য] + ভাষিণী [ভাষ্ (কথা বলা) + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ প্রিয় ভাষ বা ভাষণ করে যে [স্ত্রী]= উপপদতৎ। বানান: প্রিয়ভাষিণী= প্ + র্ + ই + য্ + অ + ভ্ + আ + ষ্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: ‘ষ্’ ও ‘ন্’-এর মধ্যে ‘ই’ [স্বরবর্ণ] থাকায় ‘ন্’ ‘ণ্’ হয়েছে। ৪।১।গ স্মরণীয়: আগে ‘ই’, পরে ‘ঈ’।

প্রীত : সন্তুষ্ট। বিণ। তৎসম। প্রী [তুষ্ট হওয়া] + ত। ৬।১ বানান: প্ + র্ + ঈ + ত্ + অ। বি.দ্র.: প্ + র্ + ঈ= প্রী।

প্রীতি : সন্তোষ। বি। তৎসম। প্রী [তুষ্ট হওয়া] + তি। ৬।১ বানান: প্রীতি= প্ + র্ + ঈ + ত্ + ই। বি.দ্র.: প্ + র্ + ঈ= প্রী। প্রীতি: আগে ‘ঈ’, পরে ‘ই’।

প্রীতি-উপহার : প্রীতিজ্ঞাপক উপহার। বি। তৎসম। প্রীতি [‘প্রীতি’ দ্রষ্টব্য] + উপহার [উপ + হার (হৃ + অ)]। ৬।১ প্রীতি-সূচক উপহার= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: প্রীতি-উপহাব= প্ + র্ + ঈ + ত্ + ই + উ + প্ + অ + হ্ + আ + র্ + অ।

প্রীতিভাজন : স্নেহাস্পদ। বিণ। তৎসম। প্রীতি [‘প্রীতি’ দ্রষ্টব্য] + ভাজন [ভাজ্ + অন]। ৬।১ প্রীতির ভাজন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রীতিভাজন= প্ + র্ + ঈ + ত্ + ই + ভ্ + আ + জ্ + অ + ন্ + অ।

প্রীতিভোজ : *আনন্দোৎসব উপলক্ষে ভোজ। বি।* তৎসম। প্রীতি [‘প্রীতি’ দ্রষ্টব্য] + ভোজ [ভুজ্ + অ)। ৬।১ প্রীতিভোজ= প্রীতি-পূর্ণ ভোজ= মধ্যপ- কর্মধা। ৩।২ বানান: প্রীতিভোজ= প্ + র্ + ঈ + ত্ + ই + ভ্ + ও + জ্ + অ।

প্রীতিসম্ভাষণ : *প্রীতি-পূর্ণ সম্ভাষণ। বি। তৎসম।* প্রীতি [‘প্রীতি’ দ্রষ্টব্য] + সম্ভাষণ [সম্ + ভাষ্ (কথা বলা) + অন]। ৬।১ প্রীতি-পূর্ণ সম্ভাষণ= মধ্যপ- কর্মধা। ৩।২ বানান: প্রীতিসম্ভাষণ= প্ + র্ + ঈ + ত্ + ই + স্ + অ + ম্ + ভ্ + আ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ‘ষ্’ ও ‘ন্’-এর মধ্যে ‘অ’ থাকায় ‘ন্’ ‘ণ্’ হয়েছে। ৪।১।গ ম্ + ভ্ + আ= ম্ভা।

প্রেক্ষণ : দর্শন। বি। তৎসম। প্র + ঈক্ষণ [ঈক্ষ্ (দেখা) + অন]। ৬।১ [সন্ধি] অ + ঈ= এ

[প্রে]। ২।৪।খ বানান: প্রেক্ষণ= প্ + র্ + এ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রেক্ষণীয়: দর্শনীয়। বিণ। তৎসম। প্র + ঈক্ষণীয় [ঈক্ষ্ (দেখা) + অনীয়]। ৬।১ [সন্ধি] অ + ঈ= এ [প্রে]। ২।৪।খ বানান: প্রেক্ষণীয়= প্ + র্ + এ + ক্ + ষ্ + অ + ণ্ + ঈ + য্ + অ। বি.দ্র.: 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' [স্বরবর্ণ] থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রেক্ষা: দর্শক। বি। তৎসম। প্র + ঈক্ষা [ঈক্ষ্ (দেখা) + অ + আ]। ৬।১ [সন্ধি] অ + ঈ= এ [প্রে]। ২।৪।খ বানান: প্রেক্ষা= প্ + র্ + এ + ক্ + ষ্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + আ= ক্ষা।

প্রেক্ষাগার: রঙ্গালয়। বি। তৎসম। প্রেক্ষা ['প্রেক্ষা' দ্রষ্টব্য] + আগার [অগাব + অ]। ৬।১ [সন্ধি] আ + আ= আ [ক্ষা]। ২।১।ঘ প্রেক্ষার [দেখা] নিমিত্ত আগার [গৃহ]= মধ্যপ-কর্মধা। ৩।২ *বানান: প্রেক্ষাগার= প্ + র্ + এ্ + ক্ =* ষ্ + আ + গ্ + আ + র্ + অ। ক্ + ষ্ + আ= ক্ষা।

প্রেক্ষাগৃহ: রঙ্গালয়। বি। তৎসম। প্রেক্ষা ['প্রেক্ষা' দ্রষ্টব্য] + গৃহ [গ্রহ্ (গ্রহণ করা) + অ]। ৬।১ প্রেক্ষার নিমিত্ত গৃহ = মধ্যপ-কর্মধা। ৩।২ *বানান: প্রেক্ষাগৃহ= প্ + র্ + এ + ক্ +* ষ্ + আ + গ্ + ঋ + হ্ + অ। *বি.দ্র.:* ক্ + ষ্ + আ= ক্ষা। গৃহ= যা গ্রহণ করে।

প্রেত: ভূত। বিণ। তৎসম। প্র + ইত [ই (গমন *করা) + ত]। ৬।১ [সন্ধি] অ + ই= এ [প্রে]।* ২।৪।ক বানান: প্রেত= প্ + র্ + এ + ত্ + অ। প্রেত= প্রকৃষ্টভাবে যে গমন করেছে বা গত হয়েছে।

প্রেততর্পণ: মৃতের তৃপ্তির জন্য জলদান। বি। তৎসম। প্রেত ['প্রেত' দ্রষ্টব্য] + তর্পণ [তৃপ্ (তৃপ্তি লাভ করা) + অন]। ৬।১ প্রেতের [প্রয়াতের] তর্পণ [তৃপ্তি-বিধান]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রেততর্পণ= প্ + র্ + এ + ত্ + অ + ত্ + অ + র্ + প্ + অ + ণ্ + অ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'প' ও 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রেতপুরী: যমালয়। বি। তৎসম। প্রেত ['প্রেত' দ্রষ্টব্য] + পুরী [পৃ (পূর্ণ করা) + ঈ]। ৬।১ প্রেতদের নিমিত্ত পুরী= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: প্রেতপুরী= প্ + র্ + এ + ত্ + অ + প্ + উ + র্ + ঈ।

প্রেতমূর্তি: প্রেতের ন্যায় আকৃতি। বি। তৎসম। প্রেত ['প্রেত' দ্রষ্টব্য] + মূর্তি [মূর্ছ্ + তি]। ৬।১ প্রেতের মতো মূর্তি= উপমিত-কর্মধা। ৩।২ বানান: প্রেতমূর্তি= প্ + র্ + এ + ত্ + অ + ম্ + উ + র্ + ত্ + ই।

প্রেতাত্মা: প্রেতরূপী আত্মা। বি। তৎসম। প্রেত ['প্রেত' দ্রষ্টব্য + আত্মা [আত্মন্]। প্রেতের [প্রয়াতের] আত্মা = সম্বন্ধতৎ। ৩।৩ [সন্ধি] অ + আ= আ [তা]। ২।১।খ বানান: প্রেতাত্মা= প্ + র্ + এ + ত্ + আ + ত্ + ম্ + আ। ত্ + ম্ + আ= ত্মা।

প্রেতাশৌচ: শবদাহজনিত অশৌচ। বি। তৎসম। প্রেত ['প্রেত' দ্রষ্টব্য] + অশৌচ [ন + শৌচ (শুচি + অ)]। ৬।১ অ + অ= আ [তা]। ২।১।ক প্রেতের [প্রয়াতের] নিমিত্ত অশৌচ= মধ্যপ-কর্মধা। ৩।২ *বানান: প্রেতাশৌচ= প্ +* র্ + এ + ত্ + আ + শ্ + ঔ + চ্ + অ।

প্রেতিনী: পেত্নী। বি। তৎসম। প্রেত ['প্রেত' *দ্রষ্টব্য] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান=* প্রেতিনী= প্ + র্ + এ + ত্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ত' [ত-বর্গ] থাকায় 'ন্' 'ন্'-ই থেকেছে। 'ণ্' হয়নি।

প্রেম: ভালবাসা। বি। তৎসম। প্রিয় + ইমন্— প্রথমা একবচন। বানান: প্রেম= প্ + 'র্' + এ + ম্ + অ।

প্রেমভক্তি : অনুরাগের সঙ্গে যুক্ত ভক্তি। বি। তৎসম। প্রেম ['প্রেম' দ্রষ্টব্য] + ভক্তি [ভজ্ (ভজনা করা) + তি। ৬।১ প্রেম মিশ্রিত ভক্তি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : প্রেমভক্তি : প্ + র্ + এ + ম্ + অ + ভ্ + অ + ক্ + ত্ + ই।

প্রেমিক : প্রণয়ী। বি, বিণ। তৎসম। প্রেম ['প্রেম' দ্রষ্টব্য] + ইক] বানান : প্রেমিক= প্ + র্ + এ + ম্ + ই + ক্ + অ।

প্রেমিকা : প্রণয়িনী, বি, বিণ। তৎসম। প্রেমিক ['প্রেমিক' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। বানান : প্রেমিকা= প্ + র্ + এ + ম্ + ই + ক্ + আ।

প্রেমী : অনুরক্ত। বিণ। তৎসম। প্রেম ['প্রেম' দ্রষ্টব্য] + ঈ [ইন্]। ৬।১ বানান : প্রেমী= প্ + র্ + এ + ম্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ঈ' [ইন্]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

প্রেয়, প্রেয়ঃ : প্রিয়। বিণ। তৎসম। প্রেয়স্ [প্রেয়ঃ > প্রেয়]। বানান : প্রেয়, প্রেয়ঃ= প্ + র্ + এ + য়্ + অ [+ঃ]।

প্রেয়সী : প্রিয়তমা। বিণ। তৎসম। প্রেয়স্ ['প্রেয়স্' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী] ৭।১।গ বানান : প্রেয়সী= প্ + র্ + এ + য়্ + অ + স্ + ঈ।

প্রেরণ : পাঠানো। বি। তৎসম। প্র + ঈরণ [ঈর্ (প্রেরণ করা বা পাঠানো) + অন। ৬।১ [সন্ধি] অ + ঈ= এ [প্রে]। ২।৪।ক বানান : প্রেরণ= প্ + র্ + এ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রেরক : প্রেরণকারী। বি, বিণ। তৎসম। প্র + ঈরক ['ঈর্'= প্রেরণ করা বা পাঠানো) + অক। ৬।১ যে প্রেরণ করে। বানান : প্রেরক= প্ + র্ + এ + র্ + অ + ক্ + অ।

প্রেরণা : উৎসাহ সঞ্চার। বি। তৎসম। প্রেরণ ['প্রেরণ' দ্রষ্টব্য] + আ। ৬।১ বানান : প্রেরণা= প্ + র্ + এ + র্ + অ + ণ্ + আ। বি.দ্র. : 'র্' ও 'ন্' -এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

প্রেরয়িতা : প্রেরণকারী। বি, বিণ। তৎসম। প্র + ঈরয়িতা [ঈর্ (প্রেরণ করা) + তা [তৃচ্] ৬।১ [সন্ধি] অ + ঈ = এ [প্রে]। ২।৪।১ যে প্রেরণ করে। বানান : প্রেরয়িতা= প্ + র্ + এ + র্ + অ + য়্ + ই + ত্ + আ।

প্রেরিত : যা বা যাকে পাঠানো হয়েছে। বিণ। তৎসম। প্র + ঈরিত [ঈর্ (প্রেরণ করা) + ত]। ৬।১ [সন্ধি] অ + ঈ= এ [প্রে]। ২।৪।ক যা প্রেরণ করা হয়েছে। বানান : প্রেরিত= প্ + র্ + এ + র্ + ই + ত্ + অ।

প্রেষ : চাপ। বি। তৎসম। পদার্থ বিজ্ঞানের Pressure এই ইংরেজী পারিভাষিক শব্দের বাংলা প্রতিশব্দ। প্র + ইষ্ + অ। ৬।১ বানান : প্রেষ= প্ + র্ + এ + ষ্ + অ। বি.দ্র. : 'এ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক।

প্রেষক : প্রেষণকারী। বিণ। তৎসম। প্র + ইষ্ + অক। ৬।১ [সন্ধি] অ + ই= এ [প্রে]। ২।৪।ক বানান : প্রেষক= প্ + র্ + এ + ষ্ + অ + ক্ + অ। বি.দ্র. : 'এ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

প্রেষণ : প্রেরণ। বিণ। তৎসম। প্র + ইষ্ + ণিচ্ + অন। ৬।১ বানান : প্রেষণ= প্ + র্ + এ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

প্রেষণীয় : প্রেষণযোগ্য। বিণ। তৎসম। প্র + ইষ্ + অনীয়। ৬।১ বানান : প্রেষণীয়= প্ + র্ + এ + ষ্ + অ + ণ্ + ঈ + য়্ + অ। বি.দ্র. : 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ শব্দটি 'অনীয়'-প্রত্যয়যুক্ত, তাই শব্দান্তে 'ঈয়' [ঈ-কার] হয়েছে।

প্রেষ্ঠ : প্রিয়তম। বিণ। তৎসম। প্রিয় + ইষ্ঠ [অতিশায়ন]। সকলের চেয়ে অধিক প্রিয়। বানান : প্রেষ্ঠ= প্ + র্ + এ + ষ্ + ঠ্ + অ। বি.দ্র. : 'এ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

প্রেষ্ঠা : প্রিয়তমা। বিণ। তৎসম। প্রেষ্ঠ ['প্রেষ্ঠ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক সকলের চেয়ে অধিক প্রিয় যে নারী। বানান : প্রেষ্ঠা= প্ + র্ + এ + ষ্ + ঠ্ + আ। বি.দ্র. : 'এ'-র পর 'ষ' হয়েছে। ৪।১।ক

প্রেস্‌ক্রিপ্‌শন : চিকিৎসক কর্তৃক রোগীকে প্রদত্ত ব্যবস্থাপত্র। বি। বিদেশী। < ইং. prescription. বানান : প্রেস্‌ক্রিপ্‌শন = প্ + র্ + এ + স্ + ক্ + র্ + ই + প্ + শ্ + অ + ন্। স্মরণীয় : 'প্রেস্‌কৃপশন' লেখা উচিত নয়।

প্রেসিডেন্ট : সভাপতি, রাষ্ট্রপতি। বি। তৎসম। < ইং. president, বানান : প্রেসিডেন্ট = প্ + র্ + এ + স্ + ই + ড্ + এ + ন্ + ট্। বিদেশী শব্দ বলে 'ট্'-এর আগে 'ন্' হয়েছে।

প্রোক্ত : বিশেষরূপে উক্ত। বিণ। তৎসম। প্র + উক্ত [ব্রূ বা বচ্ (বলা) + ত]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [প্রো]। বানান : প্রোক্ত = প্ + র্ + ও + ক্ + ত্ + অ। বি.দ্র. : ক্ + ত্ + অ = ক্ত।

প্রোগ্রাম : কর্মসূচী। বি। বিদেশী। < ইং. programme. বানান : প্রোগ্রাম = প্ + র্ + ও + গ্ + র্ + আ + ম্। 'ম' হসন্ত বর্জিত।

প্রোজ্জ্বল : অত্যন্ত উজ্জ্বল। বিণ। তৎসম। প্র + উজ্জ্বল [উৎ + জ্বল্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [প্রো], ৎ + জ্ব = জ্ + জ্ব= জ্জ্ব। ২।৪।ক, ২।১৭ প্রকৃষ্টরূপে উজ্জ্বল। বানান : প্রোজ্জ্বল : প্ + র্ + ও + জ্ + জ্ + ব্ + অ + ল্ + অ। বি.দ্র. : জ্ + জ্ + ব্ + অ = জ্জ্ব।

প্রোত : সূত্রমধ্যে গ্রথিত। বিণ। তৎসম। প্র + উত [বে (সেলাই করা বা গাঁথা) বি.দ্র. :('বে'-র স্থানে 'উ' আদেশ হয়) + ত]। ৬।১ বানান : প্রোত = প্ + র্ + ও + ত্ + অ। প্রয়োগ : ওতপ্রোত।

প্রোৎসাহ : প্রবল উৎসাহ। বি। তৎসম। প্র + উৎসাহ [উৎ + সহ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [প্রো]। ২।৫।ক বানান : প্রোৎসাহ = প্ + র্ + ও + ৎ + স্ + আ + হ্ + অ।

প্রোথিত : ভূমিগর্ভে নিহিত। বিণ। তৎসম। প্রোথ্ [পোঁতা] + ত। ৬।১ বানান : প্রোথিত : প্ + র্ + ও + থ্ + ই + ত্ + অ।

প্রোফেসর, প্রোফেসার, প্রফেসর : অধ্যাপক। বি। বিদেশী। < ইং. Professor. বানান : প্রোফেসার = প্ + র্ + ও + ফ্ + এ + স্ + অ + র্।

প্রোষিত : প্রবাসী। বিণ। তৎসম। প্র + উষিত [বস্ (বাস করা)। 'বস্'-এর স্থানে 'উষ্' আদেশ হয়।) + ত। [সন্ধি] অ + উ = ও [প্রো]। ২।৫।ক বানান : প্রোষিত = প্ + র্ + ও + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র. : 'ও'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

প্রোষিতপত্নীক : যে স্বামীর স্ত্রী প্রবাসে আছে। বি। তৎসম। প্রোষিত ['প্রোষিত' দ্রষ্টব্য] + পত্নীক [পত্নী + ক]। ৬।২ প্রোষিতা [প্রবাসিনী] পত্নী যার = বহুব্রী। ৩।৫ বানান : প্রোষিতপত্নীক = প্ + র্ + ও + ষ্ + ই +ত্ + অ + প্ + অ + ত্ + ন্ + ঈ + ক্ + অ। বি.দ্র. : 'ও'-র পর 'ষ' হয়েছে। 'ক' স্বার্থিক প্রত্যয়।

প্রোষিতভর্তৃকা : যে স্ত্রীর পতি প্রবাসে আছে। বি। তৎসম। প্রোষিত ['প্রোষিত' দ্রষ্টব্য] + ভর্তৃকা [ভৃ (ভরণ করা) + তৃ (তৃচ্) + ক [স্বার্থিক] + আ (স্ত্রী)। ৬।১, ৭।১।ক যে নারীর ভর্তা [স্বামী] প্রবাসে আছে। প্রোষিত ভর্তা যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান : প্রোষিতভর্তৃকা = প্

+ র্ + ও + ষ্ + ই + ত্ + অ + ভ্ + অ + র্ + ত্ + ঋ + ক্ + আ। বি.দ্র.: 'ও'-র পর 'ষ্' হয়েছে। র্ + ত্ + ঋ = র্তৃ।

প্রোষিতভার্য: যে স্বামীর স্ত্রী প্রবাসে আছে। বি। তৎসম। প্রোষিত ['প্রোষিত' দ্রষ্টব্য] + ভার্য [ভৃ (ভরণ করা) + য [ণ্যৎ)]। ৬।১ প্রোষিতা ভার্যা [প্রবাসিনী] [স্ত্রী] যার = বহুব্রীহি। ৩।৫ বানান: প্রোষিতভার্য : প্ + র্ + ও + ষ্ + ই + ত্ + অ + ভ্ + আ + র্ + য্ + অ। বি.দ্র.: র্ + য্ + অ = র্য।

প্রৌঢ়: যৌবন ও বার্ধক্যের মাঝামাঝি অবস্থাপ্রাপ্ত। বিণ। তৎসম। প্র + ঊঢ় [বহ্ (বহন করা— 'বহ্' ধাতুর স্থানে 'উহ্' আদেশ] + ত। ৬।১ [সন্ধি] অ + উ= ঔ [নিপাতনে। হওয়া উচিত ছিল 'ও']। ২।১৩ প্রকৃত অর্থ: বিবাহোত্তীর্ণ, প্রচলিত অর্থ: যৌবনোত্তীর্ণ। বানান: প্রৌঢ়= প্ + র্ + ঔ + ঢ়্ + অ।

প্লবতা: ভাসবার ক্ষমতা। বি। তৎসম। প্লব [প্লু (লাফ দিয়ে যাওয়া বা ভেসে থাকা)+ অ] + তা। ৬।১, ৬।২ ভেসে থাকার ক্ষমতা। বানান: প্লবতা= প্ + ল্ + অ + ব্ + অ + ত্ + আ। বি.দ্র.: প্ + ল্ + অ= প্ল।

প্লবমান: ভাসমান। বিণ। তৎসম। প্লু [ভেসে থাকা) + মান [শানচ্]। ৬।১ যা ভেসে আছে। বানান: প্লবমান= প্ + ল্ + অ + ব্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: প্ + ল্ + অ= প্ল।

প্লাটফর্ম: মঞ্চ, রেল-স্টেশনে গাড়ি ভিড়বার বা যাত্রীদের অপেক্ষা করবার স্থান। বি। বিদেশী। < ইং. platform. বাংলা বানান: প্লাটফর্ম= প্ + ল্ + আ + ট্ + ফ্ + অ + র্ + ম্।

প্লাবন: প্রবল বন্যা। বি। তৎসম। প্লু [ভাসা] + ণিচ্ + অন। ৬।১ বানান: প্লাবন= প্ + ল্ + আ + ব্ + অ + ন্ + অ। বি.দ্র.: প্ + ল্ + আ= প্লা।

প্লাবিত: প্লাবনমগ্ন। বিণ। তৎসম। প্লু [ভাসা] + ণিচ্ + ত। ৬।১ বানান: প্লাবিত= প্ + ল্ + আ + ব্ + ই + ত্ + অ। বি.দ্র.: প্ + ল্ + আ।

প্লাস: কিছু শক্ত করে ধরবার সাঁড়াশি, যোগচিহ্ন। বি। বিদেশী। < ইং. plus. বাংলা বানান: প্লাস= প্ + ল্ + আ + স্। বি.দ্র.: প্ + ল্ + আ= প্লা।

প্লীডার: উকিল। বি। বিদেশী। < ইং. pleader. বাংলা বানান: প্লীডার= প্ + ল্ + ঈ + ড্ + আ + র্। বি.দ্র.: প্ + ল্ + ঈ= প্লী। ['প্লিডার'ও লেখা যায়।]

প্লীহা: পাকস্থলীর বামভাগে অবস্থিত দেহযন্ত্র বিশেষ। বি। তৎসম। প্লীহ্ [বৃদ্ধি পাওয়া] + অন [= প্লীহন্]-এর কর্তৃকারকের একবচন। ৬।১ বানান: প্লীহা= প্ + ল্ + ঈ + হ্ + আ। বি.দ্র.: প্ + ল্ + ঈ= প্লী।

প্লুত: প্লাবিত। বিণ। তৎসম। প্লু [ভাসা] + ত। ৬।১ বানান: প্লুত= প্ + ল্ + উ + ত্ + অ। বি.দ্র.: প্ + ল্ + উ = প্লু।

প্লেট: থালা রেকাবি ডিশ প্রভৃতি বাসন। বি। বিদেশী। < ইং. plate. বাংলা বানান: প্লেট= প্ + ল্ + এ + ট্। বি.দ্র.: প্ + ল্ + এ= প্লে। শব্দটি হলন্ত বা ব্যঞ্জনান্ত শব্দ। তাই হসন্ত উচ্চারণ এবং 'ট' হসন্তবর্জিত।

প্লেন: বিমানপোত, সমতল, সাদাসিধা। বি। বিদেশী। < ইং. plane, plain. বাংলা বানান: প্লেন: প্ + ল্ + এ + ন্। বি.দ্র.: প্ + ল্ + এ= প্লে = প্লে। 'ন' হসন্ত বর্জিত।

প্ল্যান: নকশা। বি। বিদেশী। < ইং. plan. বাংলা বানান: প্ল্যান= প্ + ল্ + য্ + আ + ন্। বি.দ্র.: প্ + ল্ + য্ + আ= প্ল্যা। 'ন' হসন্ত-বর্জিত।

প্ল্যাস্টার: প্রলেপ। বি। বিদেশী। < ইং. plaster. বাংলা বানান: প্ল্যাস্টার: প্ + ল্ + য্ + আ

+ স্ + ট্ + আ + র্। বি.দ্র.: প্ + ল্ + য্ + আ= প্ল্যা। স্ + ট্ + আ= স্টা। বিদেশী শব্দ বলে 'ট্'-এর আগে 'স্' হয়েছে।

ফ

ফকির: নিঃস্ব। বি, বিণ। বিদেশী। < আ.।

ফকিরি: ফকিরের বৃত্তি। বি। বিদেশী। < আ. ফকির + বাং. ই।

ফক্কড়: ধড়িবাজ। বি, বিণ। বিদেশী। < হি.

ফক্কা: ফাঁকি। বিণ। তদ্ভব। < সং. ফক্কিকা [ফক্ক্ + ইক + আ]।

ফক্কিকার, ফক্কিকারি: ফাঁকিবাজি। বি। তদ্ভব। < সং. ফক্ক্ + ইক + বাং. আর, আরি।

ফক্কুড়ি: ধড়িবাজি। বি। বিদেশী। < হি.

ফচ্‌কে: ফাজিল। বিণ। দেশী।

ফচ্‌কেমি: ফাজলামি। বি। দেশী। ফচকে + বাং. মি।

ফচ্‌কামো: ফাজলামি। বি। দেশী। ফচকে + বাং. মো।

ফজলি: মালদহ অঞ্চলের এক প্রকার বড় আম। বি। বিদেশী। < আ. ফজ্‌ল + বাং. ই।

ফটক: দেউড়ি। বি। বিদেশী। < হি. ফাটক।

ফট্‌কা: শেয়ার কেনা-বেচার বাজার নিয়ে জুয়াখেলা। বি। বিদেশী। < হি. ফাট + ক + আ।

ফট্‌কাবাজ: শেয়ার বাজারে পণ্যদ্রব্যের জুয়াড়ি। বি। বিদেশী। < হি. ফাট [+কা] + ফা. বাজ।

ফট্‌কি-নাট্‌কি: রঙ-তামাশা। বি। দেশী। < ফষ্টিনষ্টি।

ফটকিরি: রাসায়নিক কষায় দ্রব্য বিশেষ। বি। তদ্ভব। < সং. স্ফটিকারি।

ফটিক: স্ফটিক। বি। তদ্ভব। < সং. স্ফটিক।

ফটোগ্রাফ: আলোকচিত্র। বি। বিদেশী। <ইং. Photograph.

ফটোগ্রাফার: আলোকচিত্রী। বি। বিদেশী। <ইং. Photographer.

ফটোগ্রাফি: ফটোগ্রাফ তোলবার বিদ্যা। বি। বিদেশী। <ইং. photography.

ফড়ফড়ানি: ফাজিলের মতো অতিকথন। বি। দেশী। ধ্বন্যাত্মক শব্দ, ফড়ফড় + বাং. আনি। ৬।৩

ফড়ফড়ানো: ফাজিলের মতো অতিকথন। বি। দেশী। ধ্বন্যাত্মক শব্দ. ফড়ফড় + বাং. আনো। ৬।৩

ফড়িঙ: পতঙ্গ। বি। তদ্ভব। পটঙ্গ (পালি <সং. পতঙ্গ।)

ফড়িং: পতঙ্গ। বি। তদ্ভব। পটঙ্গ (পালি <সং. পতঙ্গ।)

ফড়িয়া: পাইকার। বি। দেশী।

ফড়ে: পাইকার। বি। দেশী।

ফণা: সাপের চেপ্‌টা মাথা। বি। তৎসম। সং. ফণ্ (বিস্তার করা বা গমন করা) + অ + আ। ৬।১ বি.দ্র.: 'ফণ্' ধাতু থেকে জাত 'ফণা'-র 'ণ' স্বাভাবিক 'ণ'।

ফণিনী: সাপিনী। বি। তৎসম। ফণা + ইন্ ['আছে যার' অর্থে] + ঈ (স্ত্রী)]। বি.দ্র.: 'ফণা'-র 'ণ' স্বাভাবিক 'ণ', তাই ফণিনী = ফ্ + অ + ণ্ + ই + ন্ + ঈ।

ফণিভূষণ: শিব। বি। তৎসম। ফণী [ফণা + ইন্ (ঈ)] + ভূষণ [ভূষ্ + অন]। ৬।২, ৬।১ ফণী [সাপ] ভূষণ [অলংকার] যার = বহুব্রীহি। ৩।৫ বি.দ্র.: ফ্ + অ + ণ্ + ই + ভ্ + ঊ + ষ্ + অ + ণ্ + অ। প্রথম 'ণ' 'ফণা'র 'ণ' স্বাভাবিক। পরের 'ণ'-তেও[ষও 'ন'-এর মধ্যে'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। স্মরণীয়: 'ফণী' [ফণা + ইন্ (ঈ)] ইন্-প্রত্যয়ান্ত শব্দ সমাসবদ্ধ না হলে 'ইন্' (ঈ)-এর ঈ-কার যোগে ণ + ঈ = (ফ)ণী হবে। কিন্তু 'ভূষণ'-এর সঙ্গে সমাসবদ্ধ

হলে 'ইন্' প্রত্যয়ের 'ই'-কারের প্রত্যাবর্তন ঘটবে। বানান হবে: 'ফণিভূষণ'।

ফণী: সাপ। বি। তৎসম। ফণ বা ফণা + ইন্ [ঈ)। ৬।২, ৬।১ ফণা আছে যার। বি.দ্র.: ফ্ + অ + ণ্ + ঈ [ইন্]। 'ণ' স্বাভাবিক 'ণ' এবং ঈ = ইন্।

ফণীন্দ্র: বাসুকি। বি। তৎসম। ফণী [ফণ্ বা ফণা + ঈ (ইন্)] + ইন্দ্র [ইন্দ্ + র]। ৬।১, ৬।২ [সন্ধি] ঈ + ই = ঈ। ফণীদের ইন্দ্র [শ্রেষ্ঠ বা রাজা] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: ফণীন্দ্র = ফ্ + অ + ণ্ + ঈ + ন্ + দ্ + র্ + অ।

ফণীমনসা: ফণার মতো চেপটা পাতাহীন কাঁটা-গাছ। ফণী [ফণ্ বা ফণা + ইন (ঈ)] + মনসা [মনস্ + আ]। ৬।২ ফণার মতো কাণ্ডযুক্ত মনসা পূজার গাছ [মনসিজ বা সিজ গাছ]। বানান: ফ্ + অ + ণ্ + ঈ + ম্ + অ + ন্ + অ + স্ + আ। বি.দ্র.: ণ্ + ঈ = ণী।

ফণীশ্বর: বাসুকি। বি। তৎসম। ফণী ['ফণী' দ্রষ্টব্য] + ঈশ্বর [ঈশ্ + বর]। ৬।২ [সন্ধি] ঈ + ঈ = ঈ। ২।২।ঘ ফণীদের [সাপেদের] ঈশ্বর [প্রভু বা রাজা]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ফ্ + অ + ণ্ + ঈ + শ্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র.: ণ + ঈ = ণী, শ্ + ব = শ্ব।

ফতুয়া: কোমর পর্যন্ত ঝুল হাতকাটা ছোট জামা। আ। বিদেশী। <আ. ফতুহী।

ফতুর: সর্বস্বান্ত। বিণ। বিদেশী। <আ. ফুতুর।

ফতে: জয়। বি। বিদেশী। <আ. ফতহ্।

ফতো: অন্তঃসারশূন্য। বিণ। বিদেশী। <আ. ফৌত।

ফতোয়া: ইসলামী শাস্ত্রানুযায়ী নির্দেশ। বি। বিদেশী। <আ. ফৎওয়া।

ফন্দি: মতলব। বি। বিদেশী। <আ. ফন্ বা <ফা. ফন্দ্ + বাং. ই।

ফন্দিবাজ: মতলব বাজ। বিণ। বিদেশী। আ. বা ফা. ফন্দি [ফন্দি দ্রষ্টব্য] + ফা. বাজ।

ফপরদালাল: উট্‌কো মাতব্বর। বি। বিদেশী। <হি. ফফড় + আ. দলাল।

ফপরদালালি: ফপরদালালের আচরণ। বি। বিদেশী। ফপরদালাল ['ফপরদালাল' দ্রষ্টব্য] + বাং. ই।

ফয়দা: লাভ, ফল। বি। বিদেশী। <আ. ফায়দা।

ফয়সালা: মিটমাট, মীমাংসা, নিষ্পত্তি। বি। বিদেশী। আ. ফয়স্‌লা।

ফরদা, ফর্দা: খোলামেলা। বি। বিদেশী। <আ. ফর্‌দ্ + বাং. আ।

ফরদাফাঁই: ছিন্নভিন্ন। বি। বিদেশী। ফরদা ['ফরদা' দ্রষ্টব্য] + ফাঁই [সহচর শব্দ]। বি.দ্র.: ফাঁই = ফঁ + আ + ই।

ফরম: নির্দিষ্ট বিবরণপত্র। বি। বিদেশী। <ইং. form.

ফরমাইশ, ফরমাইস: হুকুম, মাল সরবরাহ করবার নির্দেশ। বি। বিদেশী। <ফা. ফরমায়শ্ বা হি. ফরমাইশ।

ফরমান: আদেশ পত্র। বি। বিদেশী। <ফা. ফর্‌মান্।

ফরমায়েশ: সববরাহ করবার জন্য নির্দেশ। বি। বিদেশী। ['ফরমাইশ' দ্রষ্টব্য]।

ফরমায়েস: সরবরাহ করবার জন্য নির্দেশ। বি। বিদেশী। ['ফরমাইশ' দ্রষ্টব্য]

ফরমাশ, ফরমাস: সরবরাহ করবার জন্য নির্দেশ। বি। বিদেশী। ['ফরমায়েশ' দ্রষ্টব্য]।

ফরমাসী: ফরমাস দিয়ে করানো। বিণ। বিদেশী। ফরমাস ['ফরমাস' দ্রষ্টব্য] + বাং. ঈ।

ফরমায়েশী, ফরমায়েসী: ফরমাস দিয়ে করানো। বিণ। বিদেশী। ফরমায়েশ ['ফরমায়েশ' দ্রষ্টব্য] + বাং. ঈ।

ফরসা: সাদা, পরিষ্কার। বিণ। বিদেশী <হি. ফরচা,

মতান্তরে, ফরীছ [মুণ্ডারি]। বাংলায় 'ফরসা'।

ফরাশ, ফরাস: সুবিস্তৃত স্থানে বিছানো কার্পেট বা চাদর। বি। বিদেশী। <আ. ফর্শ্। বাংলায় 'ফরাশ' বা 'ফরাস'।

ফরাসী: ফ্রান্সের অধিবাসী বা ভাষা। বি। বিদেশী। <পো. Francey.

ফরিয়াদ: নালিশ। বি। বিদেশী। <ফা. ফরীয়াদ। বাংলায় 'ফরিয়াদ'।

ফরিয়াদী: বাদী। বিণ। বিদেশী। ফরিয়াদ ['ফরিয়াদ' দ্রষ্টব্য] + বাং. ঈ।

ফর্দ: তালিকা। বি। বিদেশী। <আ. ফর্দ্। বাংলায় 'ফর্দ'।

ফর্দাফাঁই: ছিন্নভিন্ন। বিণ। বিদেশী। [ফরদাফাঁই' দ্রষ্টব্য]।

ফর্মা: ছাঁচ, পুস্তকাদির একসঙ্গে মুদ্রিত পৃষ্ঠাবলি। বি। বিদেশী। <ইং. form, <ফ. বা পো. format. বাংলায় 'ফর্মা'।

ফর্সা: সাদা, পরিষ্কার। বিণ। বিদেশী। 'ফরসা' দ্রষ্টব্য।

ফল: পরিণতি। বি। তৎসম। <সং. ফল।

ফলই: ফালি মাছ। বি। তদ্ভব। <সং. ফলকী বা ফলী। বাংলায় 'ফলই' বা 'ফলুই' ['ফলুই' দ্রষ্টব্য]।

ফলক: বাণের অগ্রভাগ। বি, তৎসম। সং. ফল + ক।

ফলত: প্রকৃতপক্ষে। ক্রি-বিণ। তৎসম। <সং. ফল + তঃ [তস্]। বাংলায় 'ফলতঃ' > চলিত বাংলায় 'ফলত'।

ফলন: উৎপাদন। বি। তৎসম। <সং. ফল্ + অন।

ফলন্ত: ফলবান। বিণ। তদ্ভব। <সং. ফলবন্ত। বাংলায় 'ফলন্ত'।

ফলপাকড়: বিবিধ ফল ও মূল। বি। তদ্ভব। <সং. ফল + পাকড় [পাক (<সং. পক্ব) + বাং. ড়]। [পাকড় = পাকাফল]।

ফলপ্রদ: উপকারী। বিণ। তৎসম। সং. ফল + সং. প্রদ [প্র + দা + অ]। ৬।১ ফল প্রদান করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ফ্ + অ + ল্ + অ + প্ + র্ + অ + দ্ + অ।

ফলপ্রসূ: উপকারী। বিণ। তৎসম। সং. ফল + সং. প্রসূ [প্র + সূ + ক্বিপ্]। ৬।১ ফল প্রসব করে যা = উপপদতৎ। ৩।৩ বানান: ফ্ + অ + ল্ + অ + প্ + র্ + অ + স্ + ঊ। বি.দ্র.: স্ + ঊ = সূ।

ফলপ্রাপ্তি: ফললাভ। বি। তৎসম। সং. ফল + সং. প্রাপ্তি [প্র + আপ্ + তি]। ৬।১ ফলের প্রাপ্তি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: প্রাপ্তি = প্ + র্ + আ + প্ + ত্ + ই। বি.দ্র.: প্ + ত্ + ই = প্তি।

ফলবান: সফল। বিণ। তৎসম। সং. ফল + বান্ [বতুপ্(= বৎ]। ৬।২ বাংলায় 'ফলবান'। হসন্ত নেই।

ফলবতী: সফল। বিণ। তৎসম। ফলবান ['ফলবান' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী] ।৬।২ ৭।১।ঝ বি.দ্র.: ফলবৎ + ঈ = ফলবতী।

ফলভাগিনী: যে নারী ভালোমন্দ ফলের অধিকারিণী। বিণ। তৎসম। সং. ফল + ভাগিনী [ভজ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ ফল ভাগ পায় যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ শব্দটি ইন্-প্রত্যয়ান্ত + ঈ [স্ত্রীলিঙ্গ]। তাই আগে ই, পরে ঈ।

ফলভাগী: পরিণামে সুখ বা দুঃখের অংশ যে লাভ করে। বিণ। তৎসম। সং. ফল + ভাগী [ভজ্ + ইন্ (ঈ)]। ৬।১ ফল [পরিণাম]-ভাগ [লাভ] করে যে = উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

ফলভোগ: কৃতকর্মের পরিণতি স্বরূপ সুখ-দুঃখাদি ভোগ। বি। তৎসম। সং. ফল + ভোগ [ভুজ্ + অ]। ৬।১ ফলের ভোগ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ফ্ + অ + ল্ + অ + ভ্ + ও + গ্ + অ।

ফলশালিনী : ফলবতী। বিণ। তৎসম। < সং. ফল + শালিনী [শাল্ + ইন্ + ঈ [স্ত্রী]]। ৬।১, ৭।১।চ বানান : ফ্ + অ + ল্ + অ + শ্ + আ + ল্ + ই + ন্ + ঈ। আগে 'ই', পরে 'ঈ'।

ফলশালী : ফলবান। বিণ। তৎসম। সং. ফল + শালী [শাল্ + ইন্ (ঈ)] ৬।১, ৭।১।চ বানান : ফ্ + অ + ল্ + অ + শ্ + আ + ল্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ফলশ্রুতি : কর্মফল শ্রবণ, প্রচলিত বাংলায় 'ফলপ্রাপ্তি'। বি। তৎসম। সং. ফল + শ্রুতি [শ্রু + তি]। ৬।১ [পুণ্য] ফলের শ্রুতি [শ্রবণ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ফ্ + অ + ল্ + অ + শ্ + র্ + উ + ত্ + ই। বি.দ্র. : শ্ + র্ + উ = শ্রু।

ফলসা : এক প্রকার ছোট বন্য টক ফল-বিশেষ বা তার গাছ। বি। বিদেশী। <ফা. ফালসা। বাংলায় 'ফলসা'।

ফলহারিণী : যে দেবী সকল ফল [সিদ্ধি] হরণ করেন। বিণ। তৎসম। সং. ফল + হারিণী [হৃ (হরণ করা) + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।চ বানান : ফ্ + অ + ল্ + অ + হ্ + আ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র. : আগে ই, পরে ঈ। 'র্' ও 'ন্' এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ফলা : বাণের অগ্রভাগ। বি। তদ্ভব। >সং. ফলক। ফলক >ফলঅ >বাং. ফলা।

ফলাও : ঢালাও, বিস্তারিত। বিণ। বিদেশী। <আ. ফলাহ্। বাংলায় 'ফলাও'।

ফলাকাঙ্ক্ষা : কাজের ফলস্বরূপ কিছুর প্রত্যাশা। বি। তৎসম। সং. ফল + আকাঙ্ক্ষা [আ + কাঙ্ক্ষ্ + অ + আ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [লা]। ২।১।খ ফলের আকাঙ্ক্ষা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ফ্ + অ + ল্ + আ + ক্ + আ + ঙ্ + ক্ + ষ্ + আ। বি.দ্র. : ঙ্ + ক্ + ষ্ + আ = ঙ্ক্ষা।

ফলাকাঙ্ক্ষিণী : যে নারী কৃতকর্মের ফলের প্রত্যাশা করে। বিণ। তৎসম। ফলাকাঙ্ক্ষিন্ ['ফলাকাঙ্ক্ষী' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। বানান : ফলাকাঙ্ক্ষিণী= ফ্ + অ + ল্ + আ + ক্ + আ + ঙ্ + ক্ + ষ্ + ই + ণ্ + ঈ। বি.দ্র. : 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'ই' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ আগে ই, পরে ঈ।

ফলাকাঙ্ক্ষী : কৃতকর্মের ফলের প্রত্যাশী। বিণ। তৎসম। সং. ফল + আকাঙ্ক্ষী [আ + কাঙ্ক্ষ্ + ইন্ (ঈ)]। ৬।১, ৭।১।চ [সন্ধি] অ + আ = আ [লা] ২।১।খ ফলের আকাঙ্ক্ষা করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ফলাকাঙ্ক্ষী= ফ্ + অ + ল্ + আ + ক্ + আ + ঙ্ + ক্ + ষ্ + ঈ = ঙ্ + ক্ + ষ্ + ঈ= ঙ্ক্ষী। শব্দটি 'ইন্' [ঈ] প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

ফলাগম : ফল ধরা। বি। তৎসম। সং. ফল + আগম [আ + গম্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [লা]। ২।১।খ ফলের আগম = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ফলাগম= ফ্ + অ + ল্ + আ + গ্ + অ + ম্ + অ।

ফলানো : উৎপাদন করা। ক্রি। তদ্ভব। ফল + বাং. আনো। ৬।৩ [সন্ধি] অ + আ = আ [লা]।

ফলান্বেষণ : ফলের প্রত্যাশা। বি। তৎসম। সং. ফল + অন্বেষণ [অনু + এষণ (ইষ্ + অন)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [লা], উ + এ = বে [ন্বে]। ফলের অন্বেষণ (খোঁজ) = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ফলান্বেষণ= ফ্ + অ + ল্ + আ + ন্ + ব্ + এ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ ন্ + ব + এ = ন্বে।

ফলান্বেষী : সুফলের প্রত্যাশী। বিণ। তৎসম। ফল + অন্বেষী [অনু + এষী (ইষ্ + ইন্)]। ৬।১

[সন্ধি] অ + অ= আ [লা]। ২।১।খ ফলের অন্বেষণ করে যে= উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

ফলার: নিরামিষ খাদ্যের ভোজ। বি। তদ্ভব। <সং. ফলাহার [ফল + আহার]।

ফলাহার: ফল-আহার। বি। তৎসম। ফল + আহার [আ + হৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [লা]। ২।১।খ ফলের আহার = সম্বন্ধতৎ। ৩।৩

ফলাহারী: যে কেবল ফল খায়। বিণ। তৎসম। সং. ফল + আহারী [আ + হৃ + ইন্]। ৬।১ [সন্ধি] অ + আ + আ [লা]। ২।১।খ ফল আহার করে যে = উপপদতৎ। ৩।৩ শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ [ইন্]-কারান্ত।

ফলিত: পরীক্ষিত, ব্যবহারিক। বি। তৎসম। সং. ফল + ইত [ইতচ্]। applied বা practical-এর পারিভাষিক প্রতিশব্দ।

ফলিতার্থ: অন্তর্নিহিত অর্থ। বি। তৎসম। সং. ফলিত [ফল + ইত] + অর্থ [অর্থ্ + অ] ৬।২, ৬।১ [সন্ধি] অ + অ = আ। ফলিত অর্থ যার = বহুব্রী। ৩।৫

ফলুই: ফলি মাছ, ছোট চিতলজাতীয় মাছ। বি। তদ্ভব। <সং. ফলকী বা ফলী। বাংলায় 'ফলই' ফলি বা ফলুই।

ফলে: পরিণামে। ক্রি-বিণ। তৎসম। ফল + অধিকরণে 'এ' বিভক্তি।

ফলোদয়: ফলের উৎপত্তি। বি। তৎসম। ফল [ফল্ + অ] + উদয় [উৎ + ই + অ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [লো]। ২।৫।ক ফলের উদয় = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ফ্ + অ + ল্ + ও + দ্ + অ + য্ + অ। বি.দ্র.: ল্ + ও = লো।

ফলোন্মুখ: ফলদানের অবস্থাপ্রাপ্ত। বি। তৎসম। ফল [ফল্ + অ] + উন্মুখ [উৎ + মুখ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [লো]। ২।৫।ক ৎ + ম = ন্ম। ২।২৫ ফলদানে উন্মুখ = অধিকরণ তৎ। ৩।৩ বানান: ফ্ + অ + ল্ + ও + ন্ + ম্ + উ + খ্ + অ। বি.দ্র.: ল্ + ও = লো। ন্ + ম্ + উ = ন্মু।

ফল্গু: নৈরঞ্জনা নদীর অন্য নাম। বি। তৎসম। ফল্ + গ [আগম] + উ। ৬।১ বানান: ফল্গু= ফ্ + অ + ল্ + গ্ + উ। বি.দ্র.: 'ফল্গু' লিখতে হবে। 'ফল্‌গু' নয়।

ফল্গুনী: যুগ্ম নক্ষত্রবিশেষ। বি। তৎসম। ফল্ + গ [আগম] + উন + ঈ [স্ত্রী]। ৬।১ বানান: ফল্গুনী= ফ্ + অ + ল্ + গ্ + উ + ন্ + ঈ। বি.দ্র.: 'ফল্গুনী' লিখতে হবে। ফল্‌গুনী নয়।

ফষ্টি: ফাজলামিসহ কথার বাড়াবাড়ি। বি। তদ্ভব। ফষ্ট [<নষ্ট শব্দের অনুকরণে সহচর শব্দ রূপে গঠিত] + বাং. ই। যেমন: ফষ্টিনষ্টি। কিন্তু তদ্ভব শব্দ হওয়া সত্ত্বেও 'ষ্ট' বজায় আছে। বানান: ফষ্টি= ফ্ + অ + ষ্ + ট্ + ই = ফষ্টি।

ফষ্টিনষ্টি: হাসিঠাট্টা। বি। তদ্ভব। ফষ্টি ['ফষ্টি' দ্রষ্টব্য] + নষ্টি [নষ্ট (নশ্ + ত) + ই]। ৬।১ বানান: ফ + অ + ষ্ + ট্ + ই + ন্ + অ + ষ্ + ট্ + ই। বি.দ্র.: তদ্ভব শব্দ হওয়া সত্ত্বেও ষত্ববিধান অনুসারে 'ষ্ট' বজায় আছে।

ফস্: অসাবধানতাসূচক অনুকার শব্দ। অব্য। দেশী। বানান: ফস্= ফ্ + অ + স্।

ফসকা: শিথিল। বিণ। বিদেশী। <আ. ফস্খ্। বাংলায় 'ফসকা'। ক্রিয়ারূপ: ফস্‌কানো। স্মরণীয়: 'অত ব্যস্ত হলে ফস্কাবে শিকার।' —বাল্মীকি-প্রতিভা।

ফসফরাস: সহজ দাহ্য মৌলিক পদার্থ বিশেষ। বি। বিদেশী। <ইং. Phosphorus. বাংলা বানান: ফ্ + অ + স্ + ফ্ + অ + র্ + আ + স্। 'স' দুটি হসন্ত-বর্জিত।

ফসল: একবারে উৎপন্ন শস্য। বি। বিদেশী। <আ. ফস্ল্। বাংলা বানান: ফ্ + অ + স্ + অ

+ ল্। 'ল' হসন্তবর্জিত।

ফসলী : যে জমিনে ফসল ফলে। বিণ। বিদেশী। ফসল [<আ. ফস্‌ল্] + বাং. ঈ। বাংলা বানান : ফ্ + অ + স্ + অ + ল্ + ঈ।

ফস্কা : শিথিল। বিণ। বিদেশী। <আ. ফস্‌খ্। 'ফসকা' দ্রষ্টব্য।

ফস্কানো : হাতছাড়া হওয়া। ক্রি। বিদেশী। <আ. ফস্‌খ্। 'ফসকা' দ্রষ্টব্য।

ফাইন : জরিমানা। বি। বিদেশী। <ইং. fine. বাংলা বানান : ফ্ + আ + ই + ন্। 'ন' হসন্তবর্জিত।

ফাইফরমাশ : ছোটখাট হুকুম তামিল। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। বাং. ফাই [ফরমাস-এর সহচর শব্দ] + ফা. ফরমাশ। বানান : ফরমাশ : ফ্ + অ + র্ + অ + ম্ + আ + শ্। 'শ' হসন্তবর্জিত।

ফাইল : নথিপত্রের তাড়া। বি। বিদেশী। <ইং. file. বাংলা বানান : ফ্ + আ + ই + ল্। 'ল' হসন্তবর্জিত।

ফাউ, ফাও : প্রাপ্যের অতিরিক্ত কিছু। বি। দেশী।

ফাউন্টেন পেন : ঝরনা কলম। বি। বিদেশী। <ইং. fountain pen. বাংলা বানান : ফ্ + আ + উ + ন্ + ট্ + এ + ন্ + প্ + এ + ন্। ন্ + ট্ + এ = ন্টে। ন্-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফাউল : নিয়ম ভঙ্গ করে কৃত অপরাধ। বি। বিদেশী। <ইং. foul. বাংলা বানান : ফ্ + আ + উ + ল্। 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফাঁক : ব্যবধান, ছিদ্র, অবসর। বি। তদ্ভব। <সং. ফক্ক্, মতান্তরে, মুন্ডারি, ফাঙ্ক। নাসিক্যীভবনের কারণে চন্দ্রবিন্দু। বানান : ফ্ঁ + আ + ক্ + অ।

ফাঁকতাল : অনুকূল মুহূর্ত, তালের বিরাম-মুহূর্ত। বি। মিশ্র [তদ্ভব + তৎসম]। ফাঁক ['ফাঁক' দ্রষ্টব্য] + সং. তাল।

ফাঁক-ফাঁক : পরস্পর থেকে তফাত। বিণ। তদ্ভব। 'ফাঁক' দ্রষ্টব্য।

ফাঁকা : ফাঁকযুক্ত, খোলা, শূন্য। বিণ। তদ্ভব। ফাঁক ['ফাঁক' দ্রষ্টব্য] + বাং. আ।

ফাঁকা-ফাঁকা : শূন্যপ্রায়। বিণ। তদ্ভব। 'ফাঁকা' দ্রষ্টব্য।

ফাঁকি : বঞ্চনা। বি। তদ্ভব। ফাঁক [<সং. ফক্ক্ বা ফক্কিকা, মতান্তরে, মুন্ডারি. ফাঙ্ক] + বাং. ই।

ফাঁকিবাজ : প্রবঞ্চক। বিণ। মিশ্র [তদ্ভব + বিদেশী]। ফাঁকি ['ফাঁকি' দ্রষ্টব্য] + ফা. বাজ।

ফাঁকিবাজি : প্রবঞ্চনা। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। ফাঁকি ['ফাঁকি' দ্রষ্টব্য] + ফা. বাজি।

ফাঁকে-ফাঁকে : আড়ালে আড়ালে। ক্রি-বিণ। তদ্ভব। ফাঁক ['ফাঁক' দ্রষ্টব্য] + বাং. অধিকবণে 'এ' বিভক্তি।

ফাঁড়া : কঠিন বিপদ। বি। বিদেশী। <মুন্ডারি. ফান্ড়া (>বাং. ফাঁদ, ফাঁড়া)।

ফাঁড়ি : থানার শাখা। বি। দেশী। বাংলা বানান : ফ্ঁ + আ + ড় + ই।

ফাঁড়ী : পুলিসের চৌকি। বি। দেশী। 'ফাঁড়ি' দ্রষ্টব্য। বাংলা বানান : ফ্ঁ + আ + ড় + ঈ।

ফাঁড়িদার : ফাঁড়ির অধ্যক্ষ। বি। মিশ্র [দেশী + বিদেশী]। দেশী. ফাঁড়ি + ফা. দার।

ফাঁদ : জাল। বি। বিদেশী। <মুন্ডারি. ফান্ডা। বাংলা বানান : ফ্ঁ + আ + দ্। 'দ' হসন্তবর্জিত।।

ফাঁদা : ফন্দি বা কৌশল স্থির করা, সাড়ম্বরে আরম্ভ করা। ক্রি। বিদেশী। <ফা. ফন্দ। নাসিক্যীভবন লক্ষণীয়। বাংলা বানান : ফ্ঁ + আ + দ্ + আ।

ফাঁদাল : চওড়া মুখ যুক্ত। বিণ। মিশ্র [বিদেশী + তদ্ভব]। ফাঁদ ['ফাঁদ' দ্রষ্টব্য] + বাং. আল। বানান : ফ্ঁ + আ + দ্ + আ + ল্ + অ।

ফাঁদালো : চওড়া মুখ যুক্ত। বিণ। মিশ্র। 'ফাঁদাল' দ্রষ্টব্য।

ফাঁদি : চওড়া বড় ব্যাস-যুক্ত। বিণ। মিশ্র [বিদেশী + তদ্ভব]। ফাঁদ ['ফাঁদ' দ্রষ্টব্য] + বাং. ই। বানান : ফ্ঁ + আ + দ্ + ই।

ফাঁপর : মুশকিল, অস্বস্তিকর অবস্থা, বি। দেশী। বানান : ফ্ঁ + আ + প্ + র্। 'র' হসন্তবর্জিত।

ফাঁপা : স্ফীত। বিণ। তদ্ভব। ফাঁপ [<সং. স্ফায়] + বাং. আ। ক্রি. ফাঁপা [পেট ফাঁপা, পেট ফেঁপেছে।] বানান : ফ্ঁ + আ + প্ + আ।

ফাঁপান, ফাঁপানো : ফাঁপিয়ে তোলা। ক্রি [ণিজন্ত]। তদ্ভব। ফাঁপ [<সং. স্ফায়] + বাং. আন, আনো।

ফাঁস : বন্ধন, বি। তদ্ভব। <সং. পাশ। বানান : ফাঁস= ফ্ঁ + আ + স্। 'স' হসন্তবর্জিত।

ফাঁস : গুপ্ত বিষয়ের প্রকাশ। বি। বিদেশী। <ফা. ফাশ। বাংলা বানান : ফাঁস= ফ্ঁ + আ + স্। 'স' হসন্তবর্জিত।

ফাঁসা : ছিঁড়ে যাওয়া, পণ্ড হওয়া। ক্রি। বিদেশী। <মরাঠী. ফাংস্। বাংলা বানান : ফ্ঁ + আ + স্ + আ।

ফাঁসান : পণ্ড করা। ক্রি [নিজন্ত]। বিদেশী। ফাঁস [<মরাঠী. ফাংস] + বাং. আন। বাংলা বানান : ফ্ঁ + আ + স্ + আ + ন্ + অ।

ফাঁসানো : চিরে ফেলা। ত্রি [নিজন্ত]। বিদেশী। 'ফাঁপান' দ্রষ্টব্য। বাংলা বানান : ফ্ঁ + আ + স্ + আ + ন্ + ও।

ফাঁসি : উদ্বন্ধন। বি। তদ্ভব। ফাঁস [<সং. পাশ] + বাং ই.। বানান : ফ্ঁ + আ + স্ + ই।

ফাঁসী : হত্যার উদ্দেশ্যে গলায় দড়ির ফাঁস। বি। তদ্ভব। 'ফাঁসি' দ্রষ্টব্য। বানান : ফ্ঁ + আ + স্ + ঈ।

ফাঁসুড়ে : পথিকদের ফাঁসি দিয়ে হত্যাকারী দস্যু। বি। তদ্ভব। ফাঁস [<সং. পাশ] + বাং. উড়ে <উড়িয়া। বানান : ফ্ঁ + আ + স্ + উ + ড় + এ।

ফাঁসুড়ে : পথিকদের ফাঁসি দিয়ে হত্যাকারী দস্যু। বি। তদ্ভব। ফাঁস [<সং.পাশ] + বাং. উড়ে <উড়িয়া। বানান : ফ্ঁ + আ + স্ + উ + ড় + এ।

ফাগ : আবির। বি। বিদেশী। <হি. ফাগুয়া <সং. ফল্গু।

ফাগুন : ফাল্গুন-এর কোমল ও কথ্য রূপ। বি। তদ্ভব। <সং. ফাল্গুন [ফল্গুনী (নক্ষত্রের নাম) + অ।

ফাগুয়া : হোলি। বি। বিদেশী। <হি. ফাগুয়া <সং. ফল্গু।

ফাজলামি : বাচালতা। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। ফাজিল [<আ. ফাজিল] + বাং. আমি। ৬।৩ বানান : ফাজলামি= ফ্ + আ + জ্ + ল্ + আ + ম্ + ই। ['ফাজিল'-এর 'ই' লোপ]।

ফাজিল : বাচাল, উদ্বৃত্ত। বিণ। বিদেশী। <আ. ফাজিল। বাংলা বানান : ফ্ + আ + জ্ + ই + ল্ + অ।

ফাজেল : শাস্ত্রে ব্যুৎপন্ন। বিণ। বিদেশী। <আ. ফাদিল। বাংলা বানান : ফ্ + আ + জ্ + এ + ল্ + অ।

ফাট : ফাটল। বি। তদ্ভব। <সং. স্ফট্ (ভিন্ন করা বা বিদীর্ণ করা)। বানান : ফ্ + আ + ট্ + অ।

ফাটক : হাজত। বি। বিদেশী। <হি. ফাটক। বাংলা বানান : ফ্ + আ + ট্ + অ + ক্ + অ।

ফাটল : চিড়। বি। তদ্ভব। ফাট ['ফাট' দ্রষ্টব্য] + বাং. ল। ৬।৩ বানান : ফ্ + আ + ট্ + অ + ল্ + অ।

ফাটা : ফেটে যাওয়া, বিদীর্ণ। ক্রি, বিণ। তদ্ভব। ফাট ['ফাট' দ্রষ্টব্য] + বাং. আ। ৬।৩ বানান : ফ্ + আ + ট্ + আ।

ফাটান, ফাটানো : বিদীর্ণ করা। ক্রি [নিজন্ত] + তদ্ভব। ফাট ['ফাট' দ্রষ্টব্য] + বাং. আন, আনো। ৬।৩ বানান : ফ্ + আ + ট্ + আ + ন্ + অ ,ও।

ফাটাফাটি : প্রচণ্ড বিবাদ। বি। তদ্ভব। ফাট ['ফাট' দ্রষ্টব্য] + আ + ফাট + বাং. ই। ৬।৩ পরস্পর ফাটিয়ে ফাটিয়ে যে লড়াই বা কাণ্ড= ব্যতিহার

বহুব্রী। ৩।৫ বানান: ফ্ + আ + ট্ + আ + ঘ্ + আ + ট্ + ই।

ফাড়া: চিরে ফেলা। ক্রি। তদ্ভব। ফাড় [<সং. স্ফট্] + বাং. আ। বানান: ফ্ + আ + ড়্ + আ।

ফাড়ানো: পরের দ্বারা চেরানো। ক্রি [ণিজন্ত]। তদ্ভব। ফাড় [<সং. স্ফট্] + বাং. আনো। বানান: ফ্ + আ + ড়্ + আ + ন্ + ও।

ফান্ড: তহবিল। বি। বিদেশী। <ইং. fund.

ফাতনা: টোপ গাঁথা বঁড়শীর সুতোয় বাঁধা ভাসমান ময়ূরপুচ্ছ, পাটকাঠি কিংবা শোলার টুকরা। বি। দেশী। তুলনীয়: সং. পত্র, পক্ষ, ইং. float. বাংলা বানান: ফ্ + আ + ত্ + ন্ + আ। বি.দ্র.: 'ত্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফানুশ, ফানুস: গরম হাওয়াভরা কাগজের তৈরী বেলুন। বি। বিদেশী। <আ. ফানুস্। বাংলা বানান: ফ্ + আ + ন্ + উ + শ্ [স্]। 'স' বা 'শ' হসন্তবর্জিত।

ফায়দা: সুফল। বি। বিদেশী। <আ. ফাইদহ্। বাংলা বানান: ফ্ + আ + য়্ + দ্ + আ। 'য়্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফারসী: পারস্যদেশীয়। বিণ। বিদেশী। <আ. ফারসী [< ইং. Persian]। বাংলা বানান: ফ্ + আ + র্ + স্ + ঈ। 'র্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফারাক: প্রভেদ। বিদেশী। <আ. ফারগ্। বাংলা বানান: ফ্ + আ + র্ + আ + ক্ + অ।

ফাল: লাঙ্গলের ফলক। বি। তদ্ভব। <সং. ফলক। বানান: ফ্ + আ + ল্ + অ।

ফাল: লাফ। বি। তদ্ভব। সং. লম্ফ >লাফ >ফাল [বর্ণ-বিপর্যয়]

ফালতু: বাজে, অনাবশ্যক। বিণ। বিদেশী। <হি. ফাল্তু। বাংলা বানান: ফ্ + আ + ল্ + ত্ + উ। 'ল্'-এর হসন্ত নিষ্প্রয়োজন।

ফালা: লম্বা টুকরা। বিণ। তদ্ভব। <সং. ফাল + বাং. আ। ৬।৩

ফালি: ছোট ফালা। বি। তদ্ভব। <সং. ফাল + বাং. ই। ৬।৩

ফাল্গুন: ফাল্গুন মাস। বি। তৎসম। সং. ফল্গুনী (নক্ষত্রের নাম) + অ।৬।২ বানান: ফ্ + আ + ল্ + গ্ + উ + ন্ + অ। বি.দ্র.: ল্ + গ্ + উ= ল্গু। 'ফাল্গুন'-এর 'ণ' অযৌক্তিক।

ফাল্গুনি: অর্জুন, ফাল্গুন মাসে জাত।বি। তৎসম। সং. ফাল্গুন + ই। বানান: ফ্ + আ + ল্ + গ্ + উ + ন্ + ই। বি.দ্র.: ল্ + গ্ + উ = ল্গু। ন্ + ই = নি। [অবশ্যই পুংলিঙ্গ]

ফাল্গুনী: ফাল্গুন মাসের পূর্ণিমা। বি। তৎসম। ফল্গুনী + অ + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান: ফ্ + আ + ল্ + গ্ + উ + ন্ + ঈ। বি.দ্র.: ল্ + গ্ + উ= ল্গু। ন্ + ঈ = নী। [অবশ্যই স্ত্রীলিঙ্গ]

ফাসফুস: চাপা গলায় কথাবার্তা। অব্য। দেশী।

ফাস্ট: দ্রুত। বিণ। বিদেশী। <ইং fast. বাংলা বানান: ফ্ + আ + স্ + ট্। বি.দ্র.: স্ + ট্= স্ট।

ফি: প্রত্যেক। বিণ। বিদেশী। <আ. ফী। বাংলা বানান: ফ্ + ই = ফি।

ফী: বিশেষ কর্মের জন্য প্রাপ্য দক্ষিণা। বি। বিদেশী। <ইং. fee. বাংলা বানান: ফ্ + ঈ = ফী।

ফিক: হঠাৎ স্নায়ুর আক্ষেপ। অব্য। দেশী।

ফিক: হঠাৎ অল্প হাসি প্রকাশ। অব্য। দেশী।

ফিকা, ফিকে: ফেকাসে। বিণ। দেশী. ফিকা >ফিকে।

ফিকির: মতলব। বি। বিদেশী। <আ. ফিক্র্। বাংলা বানান: ফ্ + ই + ক্ + ই + র্। 'র' হসন্তবর্জিত।

ফিঙা, ফিঙে: চিকন কালো রঙের লেজ-চেরা ছোট পাখি। বি। তদ্ভব। <সং. ফিঙ্গক, মতান্তরে, ভৃঙ্গ। বানান: ফ্ + ই + ঙ্ + আ বা এ।

ফিচেল: ফাজিল, ধড়িবাজ। বিণ। দেশী। বানান:

ফ্‌ + ই + ট্‌ + এ + ল্‌ + অ।

ফিট : মূর্ছা। বি। বিদেশী। <ইং. fit (fainting). বাংলা বানান : ফ্‌ + ই + ট্‌। 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফিট : মানানসই। বিণ। বিদেশী। <ইং. fit. বাংলা বানান : ফ্‌ + ই + ট্‌। 'ট'-এর হসন্ত নিষ্প্রয়োজন।

ফিটফাট : সুসজ্জিত। বিণ। বিদেশী। ফিট [<ইং. fit] + ফাট ['ফিট'-এর সহচর শব্দ]।

ফিটন : ছাদ-খোলা ঘোড়ার গাড়ি। বি। বিদেশী। <ইং. pheaton. বাংলা বানান : ফ্‌ + ই + ট্‌ + অ + ন্‌। 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফিতা, ফিতে : সুদৃশ্য পাড়ের মতো বস্ত্রখণ্ড। বি। বিদেশী। <পো. fita. ফিতা > ফিতে। বাংলা বানান : ফ্‌ + ই + ত্‌ + আ বা এ।

ফিতাকৃমি : লম্বা ও চেপটা কৃমি। বি। মিশ্র [বিদেশী + তৎসম]। ফিতা ['ফিতা' দ্রষ্টব্য] + কৃমি ['কৃমি' দ্রষ্টব্য]। ফিতার আকারবিশিষ্ট কৃমি=মধ্যপ-কর্মধা। ৩১২

ফিনকি : আগুনেব ফুলকি, সবেগে নির্গত তরল পদার্থের ধাবা। বি। তদ্ভব। <সং. স্ফুলিঙ্গ [হি. ফুন্‌গী]। বানান : ফ্‌ + ই + ন্‌ + ক্‌ + ই। 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফিনফিন, ফিন্‌ফিন্‌ : অতি মিহি [কাপড়]। অব্য। বিদেশী। <ইং. fine. বাংলা বানান : ফ্‌ + ই + ন্‌ + ফ্‌ + ই + ন্‌। 'ন'-এর হসন্ত-চিহ্ন না দিলেও চলে।

ফিনফিনে : অতি পাতলা। বিণ। বিদেশী। ফিনফিন [<ইং. fine] + বাং. এ।

ফিনাইল : দুর্গন্ধ ও জীবাণুনাশক তরল পদার্থ। বি। বিদেশী। <ইং. pheny. বাংলা বানান : ফ্‌ + ই + ন্‌ + আ + ই + ল্‌। 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফিনিক : ফিনকি, দীপ্তি। বি। দেশী। বানান : ফ্‌ + ই + ন্‌ + ই + ক্‌। 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফিরত : প্রত্যর্পণ। বি, বিণ। বিদেশী। <হি. ফিরতা। বাংলা বানান : ফ্‌ + ই + র্‌ + অ + ত্‌। 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফিরতা : প্রত্যাগত। বিণ। বিদেশী, <হি. ফিরতা। বাংলা বানান : ফ্‌ + ই + র্‌ + ত্‌ + আ। 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফিরতি : প্রত্যাগত। বিণ। বিদেশী। <হি. ফিরতা। বাংলা বানান : ফ্‌ + ই + র্‌ + ত্‌ +ই। 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফিরা : ফিরে আসা, ঘুরে বেড়ানো। ক্রি। বিদেশী। <হি. ফির। বাংলা বানান : ফ্‌ + ই + র্‌ + আ।

ফিরানি : দ্বিরাগমন। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। হি. ফির + বাং. আনি। বানান : ফ্‌ + ই + র্‌ + আ+ ন্‌ + ই।

ফিরিঙ্গি : ইউরোপের জাতি। বি। বিদেশী। <পো. Francez. বাংলা বানান : ফ্‌ + ই + র্‌ + ই + ঙ্‌ + গ্‌ + ই।

ফিরিঙ্গী : ইউরোপেব যে-কোনও জাতি। বি। বিদেশী। 'ফিরিঙ্গি' দ্রষ্টব্য। বাংলা বানান : ফ্‌ + ই + র্‌ + ই + ঙ্‌ + গ্‌ + ঈ।

ফিরিস্তি : তালিকা। বি। বিদেশী। <ফা. ফেহ্‌রিস্ত। বাংলা বানান : ফ্‌ + ই + র্‌ + ই + স্‌ + ত্‌ + ই। বি.দ্র. : স্‌ + ত্‌ + ই =স্তি।

ফিরোজা : আকাশবর্ণ, নীলাভ মণি। বিণ, বি। বিদেশী। <ফা. ফিরোজহ্‌। বাংলা বানান : ফ্‌ + ই + র্‌ + ও + জ্‌ + আ।

ফিলম : ছায়াচিত্র। বি। বিদেশী। <ইং. film. বাংলা বানান : ফ্‌ + ই + ল্‌ + ম্‌। 'ল' ও 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফিলহাল : সম্প্রতি। ক্রি-বিণ। বিদেশী। <আ. ফিলহাল। বাংলায় বর্ণ-বিপর্যয় ঘটিয়ে 'হালফিল' শব্দটিই বহুল ব্যবহৃত।

ফিস্‌ফিস্‌ : চাপা স্বর। অব্যয়। দেশী। ধ্বন্যাত্মক শব্দ। অনুরূপ [সদৃশ] বিদেশী শব্দ : ইং. hiss.

বি.দ্র. 'স'-এর হসন্ত-চিহ্ন না দিলেও চলে।

ফিস্‌ফিসানি : চাপা স্বরে কথাবার্তা। বি। দেশী। ফিস্‌ফিস্ ['ফিস্‌ফিস্' দ্রষ্টব্য] + বাং. আনি। বি.দ্র. : 'স'-এর হসন্ত-চিহ্ন না দিলেও চলে।

ফিল্ডমার্শাল : সর্বোচ্চপদস্থ সেনাপতি। বি। বিদেশী। <ইং. Field Marshal. বাংলা বানান : ফ্ + ই + ল্ + ড্ + ম্ + আ + র্ + শ্ + আ + ল্। বি.দ্র. : ল্ + ড্ = ল্ড। র্ + শ্ + আ= র্শা। 'ল্ড' ও 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফিল্ম : ছায়াচিত্র। বি। বিদেশী। <ইং. film. বাংলা বানান : ফ্ + ই + ল্ + ম্। বি.দ্র. : ল্ + ম্= ল্ম। 'ল্ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফুঁ : ফুৎকার। বি। তদ্ভব। <সং. ফুৎকার।

ফুঁক : মন্ত্র পড়ে ফুৎকার। বি। তদ্ভব। <সং. ফুৎকার।

ফুঁকা : অপব্যয় করে ওড়ানো। ফুঁ দেওয়া। ক্রি। তদ্ভব। <সং. ফুৎকার।

ফুঁড়া : বিদ্ধ করা। ক্রি। তদ্ভব। ফুঁড় [<প্রা. ফুড় <সং স্ফুট্ (ভেদ করা)] + বাং. আ। ৬।৩

ফুঁড়াফুড়ি : বারবার ফুঁড়া। বি। তদ্ভব। ফুঁড়া ['ফুঁড়া' দ্রষ্টব্য] + ফুড়ি [ফুড় + বাং. ই]। ৬।৩

ফুঁপা : ফুঁপান। ক্রি। দেশী। ধ্বন্যাত্মক শব্দ।

ফুঁপানো : দুঃখের প্রাবল্যে রুদ্ধশ্বাস কাঁদা। ক্রি। দেশী। ফুঁপা + বাং. আনো।

ফুঁসা : চাপা ক্রোধে ফোঁসফোঁস করা। ক্রি। দেশী। ধ্বন্যাত্মক শব্দ।

ফুঁসান : চাপা ক্রোধে ফোঁস ফোঁস শব্দ করা। ক্রি। দেশী। ফুঁসা [ধ্বন্যাত্মক শব্দ] + বাং. আন।

ফুঁসানি : চাপা গর্জন। বি। দেশী। ফুঁসা + বাং. আনি।

ফু : ফুৎকার। বি। তদ্ভব। ফু [ফুঁ] <সং. ফুৎকার।

ফুকরানো : উচ্চস্বরে আহ্বান। বি। বিদেশী। ফুকর [<হি. পুকার] + বাং. আনো।

ফুঙ্গি : ব্রহ্মদেশের বৌদ্ধ সন্ন্যাসী। বি। বিদেশী। <বর্মী ফুঙ্গি। বাংলা বানান : ফ্ + উ + ঙ্ + গ্ + ই। বি.দ্র. ঙ্ + গ্ + ই= ঙ্গি।

ফুচকা : ক্ষুদ্র কচুরি-জাতীয় খাবার। বি। বিদেশী। <হি. ফুচকা।

ফুচকে : নিতান্ত ছোট। বিণ। দেশী। <পুঁচকে [অতি ক্ষুদ্র]

ফুট্ : ফুটন্ত তরল পদার্থে উত্থিত বুদ্বুদ। বি। তদ্ভব। <সং. স্ফুট।

ফুট : মাপ [১২ ইঞ্চ]। বি। বিদেশী। <ইং. foot.

ফুটকলাই, ফুটকড়াই : ভাজা মটর। বি। তদ্ভব। ফুট [<সং. স্ফুট বা স্ফুটিত] + কলাই বা কড়াই [<সং. কলায়]।

ফুটকি : ছোট ফোঁটা। বি। দেশী। বানান : ফ্ + উ + ট্ + ক্ + ই। 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফুটন : স্ফুটন। বি। তদ্ভব। <সং. স্ফুটন [আদিবর্ণ-লোপ]।

ফুটন্ত : প্রস্ফুটিত। বিণ। তদ্ভব। ফুট্ [<সং. স্ফুট্] + বাং. অন্ত। বানান : ফ্ + উ + ট্ + অ + ন্ + ত্ + অ।

ফুটনোন্মুখ : ফোটো-ফোটো। বিণ। মিশ্র [তদ্ভব + তৎসম]। ফুটন [<সং. স্ফুটন] + উন্মুখ [উৎ + মুখ]। [সন্ধি] অ + উ = ও [নো], ৎ + মু= ন্মু। ২।৫।ক, ২।২৫ বি.দ্র. ন্ + ও = নো, ন্ + ম্ + উ= ন্মু।

ফুটপাত : যানবাহন চলার রাস্তার দুধারের পায়ে-হাঁটার বাঁধানো পথ। বি। বিদেশী। <ইং. foot path.

ফুটপাথ : 'ফুটপাত' দ্রষ্টব্য।

ফুটফুটে : সুপরিস্ফুট, খুব ফর্সা ও সুশ্রী [ছেলে]। বিণ। তদ্ভব। ফুটফুট [<সং. স্ফুট] + বাং. এ।

ফুটবল : খেলবার বায়ুপূর্ণ গোলক। বি। বিদেশী। <ইং. football.

ফুটা : ছিদ্র, ছিদ্রযুক্ত। বি, বিণ। দেশী।

ফুটানি : অশোভন গর্বিত ব্যবহার। বি। তদ্ভব। ফুট

[<সং. স্ফুট] + বাং. আনি।

ফুটাফাটা : ভাঙ্গাচোরা। বিণ। মিশ্র [দেশী + তদ্ভব]। দেশী. ফুটা + তদ্ভব. ফাটা [<সং. স্ফট্]। ফুটা ও ফাটা = দ্বন্দ্ব। ৩।৪

ফুটি : যে কাঁকুড় পাকলে ফেটে যায়। বি। তদ্ভব। <সং. স্ফুটি [আদিবর্ণ-লোপ]।

ফুটিফাটা : চৌচির। বিণ। তদ্ভব। ফুটি ['ফুটি' দ্রষ্টব্য] + ফাটা ['ফাটা' দ্রষ্টব্য]। ফুটির মতো ফাটা = উপমান-কর্মধা। ৩।২

ফুটুনি : আড়ম্বর-প্রকাশ। বি। তদ্ভব। ফুট [<সং. স্ফুট] + বাং. উনি। বানান : ফ্ + উ + ট্ + উ + ন্ + ই।

ফুটো : ছিদ্র, ছিদ্রযুক্ত। বি, বিণ। দেশী। ফুটা > ফুটো।

ফুড়ুক : ছোট পাখির হঠাৎ পাখা মেলে উড়ে যাওয়া। অব্য। দেশী। ধ্বন্যাত্মক শব্দ।

ফুড়ুৎ : ছোট পাখির হঠাৎ পাখা মেলে উড়ে যাওয়া। অব্য। দেশী। ধ্বন্যাত্মক শব্দ। বানান : ফ্ + উ + ড্ + উ + ৎ।

ফুৎকার : ফুঁ। বি। তৎসম। সং. ফুৎ+ কাব [কৃ + অ]। ৬।১ বানান : ফ্ + উ + ৎ + ক্ + আ + র্ + অ।

ফুপা, ফুফা : পিসেমশায়। বি। বিদেশী। <হি. ফুঁফা।

ফুফাত : পিসতুত। বিণ। মিশ্র। বিদেশী। তদ্ভব। <হি. ফুফা + ত [তদ্ভব. তুত <সং. তাত]।

ফুফু, ফুপু : পিসি। বি। বিদেশী। <হি. ফুঁফা + ঈ [স্ত্রী]। বাংলায় 'ফুফু', 'ফুপু'। বানান : ফ্ + উ + ফ্ [প্] + উ।

ফুরন : দরাদরি করে কৃত চুক্তি। বি। তদ্ভব। <সং. পূরণ। বানান : ফ্ + উ + র্ + অ + ন্ + অ। বি. দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকা সত্ত্বেও তদ্ভব শব্দ বলে ণত্ব-বিধান মেনে 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

ফুরফুর : লঘুভাবে বাতাসে আন্দোলনের ভাব। অব্য। দেশী। ধ্বন্যাত্মক শব্দ। বানান : ফ্ + উ + র্ + ফ্ + উ + র্। বি.দ্র.: দুটি 'র'-এরই হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফুরফুরে : মৃদু, লঘু ও মনোরম। বিণ। দেশী। ফুরফুর ['ফুরফুর' দ্রষ্টব্য] + বাং. এ। ৬।৩ বানান : ফ্ + উ + র্ + ফ্ + উ + র্ + এ। বি.দ্র. : 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফুরসৎ : অবকাশ। বি। বিদেশী। <আ. ফুর্সৎ। বাংলা বানান : ফ্ + উ + র্ + স্ + অ + ৎ [ত]। বি.দ্র.: 'র' ও 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। 'ত'-এর পরিবর্তে 'ৎ'-এর ব্যবহারও চলে।

ফুরসত : অবকাশ। বি। বিদেশী। 'ফুরসৎ' দ্রষ্টব্য।

ফুরসুত : অবসর। বি। বিদেশী। <আ. ফুর্সৎ। >কথ্য বাংলা : 'ফুরসুত' বা 'ফুরসুৎ'। বানান : ফ্ + উ + র্ + স্ + উ + ত্ [ৎ]। বি.দ্র.: 'র' ও 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। 'ত' -এর পরিবর্তে 'ৎ'-এরও ব্যবহার চলে।

ফুর্তি : ছেলেপিলের আনন্দপূর্ণ হল্লা। বি। তদ্ভব। <সং. স্ফূর্তি [স্ফুর্ + তি]। বি.দ্র.: আদিবর্ণ [স্] লোপ এবং ঊ >উ। তদ্ভব. বানান : ফ্ + উ + র্ + ত্ + ই। র্ + ত্ + ই = র্তি।

ফুল : পুরা, আস্ত, গোটা। বি। বিদেশী। <ইং. full. বাংলা বানান : ফ্ + উ + ল্। বি.দ্র.: ল্-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফুল : পুষ্প। বি। তদ্ভব। <সং. ফুল্ল [ফুল্ + ত]। তদ্ভব, বানান : ফ্ + উ + ল্ + অ। অন্তিম 'অ' অনুচ্চারিত। 'ল'- এর হসন্ত-চিহ্নও নিষ্প্রয়োজন।

ফুলকা, ফুলকো : মাছের শ্বাসযন্ত্র, পাতলা ফাঁপা ও ফোলানো। বি, বিণ। বিদেশী। <হি. ফুল্কা। >বাং. ফুলকো। বাংলা বানান : ফ্ + উ + ল্ + ক্ + আ [ও]। বি.দ্র.: 'ল' -এর হসন্ত নিষ্প্রয়োজন।

ফুলকি : অগ্নিস্ফুলিঙ্গ। বি। তদ্ভব। <সং. স্ফুলিঙ্গ। বানান : ফ্ + উ + ল্ + ক্ + ই। বি.দ্র.: ল্ -এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফুলকোঁচা : নীচের প্রান্ত ফুলের মতো কোঁচানো ধুতি। বি। মিশ্র [তদ্ভব + দেশী (মতান্তরে, তদ্ভব)]। ফুল্ ['ফুল' : 'পুষ্প' দ্রষ্টব্য] + কোঁচা [কোঁচ (দেশী, মতান্তরে তদ্ভব. 'কোঁচ' <সং. কুঞ্চ) + বাং আ]।

ফুলঝুরি : যে আতসবাজিতে আগুনের ফুলকি ঝরে পড়ে। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। ফুল [তদ্ভব. ফুল] + ঝুরি [হি. ঝুরী]। বাংলা বানান : ফ্ + উ + ল্ + ঝ্ + উ + র্ + ই। বি.দ্র.: 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফুলদান : ফুল সাজিয়ে রাখার পাত্র। বি। বিদেশী। <ফা. ফুল্দান্। বাংলা বানান : ফ্ + উ + ল্ + দ্ + আ + ন্। বি.দ্র. : 'ল' ও 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফুলদানি : ফুল সাজিয়ে রাখার পাত্র। বি। বিদেশী। ফুলদান [<ফা. 'ফুল্দান্'] + বাং. ই। বাংলা বানান : ফ্ + উ + ল্ + দ্ + আ + ন্ + ই। বি.দ্র.: 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফুলদার : যাতে ফুলের নকশা তোলা হয়েছে। বিণ। বিদেশী। <ফা. ফুল্দার্। বাংলা বানান : ফ্ + উ + ল্ + দ্ + আ + র্। বি.দ্র.: 'ল' ও 'র' -এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফুলদোল : বৈশাখী পূর্ণিমায় শ্রীকৃষ্ণের পুষ্পসজ্জিত দোলায় দোলযাত্রা। বি। মিশ্র। [তদ্ভব + তৎসম]। তদ্ভব. ফুল + সং. দোল [দুল্ + ণিচ্ + অ। বানান : ফ্ + উ + ল্ + অ + দ্ + ও + ল্ + অ।

ফুলধনু : কামদেবের পুষ্পময় ধনু। বি। তদ্ভব। তদ্ভব. ফুল [<সং. ফুল্ল] + তদ্ভব. ধনু [<সং. ধনুস্]। ফুল ধনু যার [কামদেব] = বহুব্রী ৩।৫ বা ফুলময় ধনু [কামদেবের ধনু] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ফ্ + উ + ল্ + অ + ধ্ + অ + ন্ + উ।

ফুলন্ত : কুসুমিত। বিণ। তদ্ভব। ফুল [<সং. ফুল্ল] + বাং. অন্ত। বানান : ফ্ + উ + ল্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র.: 'ল' -এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফুলবড়ি : ডালের ছোট হাল্কা বড়ি। বি। তদ্ভব। তদ্ভব. ফুল [<সং. ফুল্ল] + তদ্ভব. বড়ি [<সং বটিকা]। ফুলের মতো বড়ি = উপমিত কর্মধা। ৩।২

ফুলবাণ : মদনের ফুলের বাণ। বি। মিশ্র [তদ্ভব + তৎসম]। তদ্ভব. ফুল [<সং ফুল্ল] + সং. বাণ [বণ্ (বণ্বণ্ শব্দে ছোটা) + অ]। ফুলময়-বাণ = মধ্যপ-কর্মধা। ৩।২ বি.দ্র.: 'বাণ'-এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

ফুলবাতাসা : হাল্কা সাদা বাতাসা। বি। মিশ্র [তদ্ভব + দেশী] তদ্ভব. ফুল [<সং. ফুল্ল] + দেশী. বাতাসা। ফুলের মতো বাতাসা = উপমিত কর্মধা। ৩।২

ফুলবাবু : অতি শৌখিন পোশাকধারী ব্যক্তি। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। তদ্ভব. ফুল [<সং. ফুল্ল] + বিদেশী [ফা. বাবু]। ফুলের মতো বাবু = উপমিত কর্মধা। ৩।২

ফুলশয্যা : বর-বধূর প্রথম মিলন-রজনীর পুষ্পভূষিত শয্যা। বি। মিশ্র [তদ্ভব + তৎসম]। তদ্ভব. ফুল [<সং. ফুল্ল] + সং. শয্যা [শী + য (যৎ) + আ]। ৬।১ ফুলময় বা ফুল-শোভিত শয্যা = মধ্যপ-কর্মধা। ৩।২

ফুলশর : কামদেবের পুষ্পময় ধনু। বি। [তদ্ভব + তৎসম]। তদ্ভব. ফুল [<সং. ফুল্ল] + সং. শর [শৃ (হিংসা সাধন করা) + অ]। ৬।১ ফুল-নির্মিত শর = মধ্যপ-কর্মধা। ৩।২ স্মরণীয় : শর = শ্ + অ + র্ + অ।

ফুলসজ্জা : ফুলের সাহায্যে অলংকরণ। মিশ্র [তদ্ভব + তৎসম]। তদ্ভব. ফুল [<সং. ফুল্ল] + সং. সজ্জা [সজ্জ (সাজা) + অ + আ]। ৬।১ ফুলের দ্বারা সজ্জা = করণতৎ। ৩।৩ বানান : সজ্জা

: স্ + অ + জ্ + জ্ + আ।

ফুলস্কেপ : সাধারণতঃ দৈর্ঘ্যে ১৭" ও প্রস্থে ১৩ ½" মাপ বিশিষ্ট কাগজ । বি। বিদেশী। <ইং foolscap. বাংলা বানান : ফ্ + উ + ল্ + স্ + ক্ + এ + প্। বি.দ্র.: 'ল' ও 'প'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। স্ + ক্ + এ= স্কে।

ফুলা : স্ফীত। বিণ। তদ্ভব। ফুল [<সং. ফুল্ল] + বাং আ। বানান ফ্ + উ + ল্ + আ।

ফুলান, ফুলানো : ফাঁপানো। ক্রি। তদ্ভব। ফুল [<সং. ফুল্ল] + বাং. আন, আনো। ৬।৩ বানান : ফ্ + উ + ল্ + আ + ন্ + অ [ও]।

ফুলুট : বাঁশি বিশেষ। বি। বিদেশী। <সং. flute. বানান : ফ্ + ল্ + উ + ট্ = ফ্ + উ + ল্ + উ + ট্ = ফুলুট [মধ্য-স্বরাগম বা স্বরভক্তি (বিপ্রকর্ষ)]।

ফুলুরি : ফেটানো বেসনের গোল বড়া। বি। বিদেশী। <হি. ফুলেরী। বাংলা বানান : ফ্ + উ + ল্ + উ + র্ + ঈ।

ফুলেল : ফুলের গন্ধ-যুক্ত। বিণ। তদ্ভব। তদ্ভব ফুল [<সং. ফুল্ল] + বাং. এল [<তেল]। দৃষ্টান্ত : ফুলেল তেল। বানান : ফ্ + উ + ল্ + এ + ল্ । বি.দ্র.: অন্তিম 'ল' -এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফুল্ল : বিকসিত। বিণ। তৎসম। ফুল্ + ত। বানান : ফ্ + উ + ল্ + ল্ + অ।

ফুস : অর্থহীন। বিণ। বিদেশী। <হি. ফিস্ ।অনুরূপ [সদৃশ] ইং. hiss বা pish.

ফুসকুড়ি : রসপূর্ণ ছোট ব্রণ। বি।

ফুসকুরি, ফুসকুড়ি : ক্ষুদ্র ফোড়া। বি। তদ্ভব। <সং. স্ফোটক = স্ + ফ্ + ও + ট্ + অ + ক্ + অ = ফ্ + উ + স্ + ক্ + উ + ড়্ + ই। [ও = উ, অ = ই, অ = ই : ফ্ + উ + স্ + ক্ + উ + ড্ + ই [বর্ণবিপর্যয় (ক্ষুদ্র অর্থে)] ট্ = ড়্ ফুস্কুড়ি।

ফুসফুস : শ্বাসযন্ত্র। বি। তদ্ভব। <সং. ফুস্ফুস্। বানান : ফ্ + উ + স্ + ফ্ + উ + স্। বি.দ্র.: দুই ক্ষেত্রেই 'স' -এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফুসমন্তর : কানে ফুঁ দিয়ে ফাঁকি দেবার মন্ত্র। বি। মিশ্র [বিদেশী + অর্ধ-তৎসম] ফুস্ ['ফুস্' দ্রষ্টব্য] + অর্ধ-তৎসম. মন্তর [<সং. মন্ত্র]। বানান : ফ্ + উ + স্ + ম্ + অ + ন্ + ত্ + অ + র্ । ন্ + ত্ + অ = ন্ত। 'স' ও 'র'-এর হসন্ত নিষ্প্রয়োজন।

ফুসলানো : স্ববশে আনবার জন্য গোপনে মন্ত্রণা দান। ক্রি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। ফুসল [ফুস্ (হি. ফিস্) + বাং. ল + বাং. আনো। বানান : ফ + উ + স্ + ল্ + আ + ন্ + ও। বি.দ্র.: 'স'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফেউ : বাঘের শিকার ধরার বিঘ্ন-সৃষ্টিকারী ছোট শৃগাল। বি। তদ্ভব। <সং. ফেরু।

ফেকড়া : শাখা থেকে নির্গত ক্ষুদ্র শাখা। বি। দেশী। ফেগুড়ি (আঞ্চলিক. নাটোর)। মতান্তরে, তদ্ভব [<সং. ফর্ফরীক]।

ফেঁকড়ি : অতি ক্ষুদ্র শাখা। বি। দেশী। 'ফেঁকড়া' দ্রষ্টব্য। ক্ষুদ্রার্থে + ই = ফেঁকড়ি।

ফেঁশো, ফেঁসো : পাক-খোলা সুতার গায়ের আলগা ছোট আঁশ। বি। তদ্ভব। বাং. ফাঁস [<সং পাশ] + বাং. ও [<উয়া]।

ফেকাসে : পাণ্ডুবর্ণ। বিণ। দেশী। ফিকা ['ফিকা' দ্রষ্টব্য] + বাং. সে [<সিয়া]।

ফেকো : ক্রমাগত কথা বলায় মুখে ওঠা শুষ্ক থুতু। বি। বিদেশী। <হি. ফাক্কা।

ফেচাং : ঝঞ্ঝাট। বি। দেশী। >ফ্যাচাং।

ফেজ : ফেল্ট-নির্মিত তুর্কী টুপি। বি। বিদেশী। <তুর্কী. ফেজ [fez.]

ফেটান, ফেটানো : নেড়ে নেড়ে ফেনানো। ক্রি। তদ্ভব। ফেটা [<সং. পট্টিকা] + আন, আনো।

ফেটি : ছোট পাগড়ি। বি। তদ্ভব। ফেটা [<সং. পট্টিকা] + ই [ক্ষুদ্রার্থে]।

ফেন : ফেনা। বি। তৎসম। <সং. ফেন। বানান : ফ্ + এ + ন্ + অ।

ফেনা : বি। তদ্ভব। ফেন [< সং. ফেন] + বাং. আ। ৬।৩ বানান : ফ্ + এ + ন্ + আ।

ফেনান, ফেনানো : নেড়ে নেড়ে ফেনিল করা। ক্রি। তদ্ভব। ফেনা ['ফেনা' দ্রষ্টব্য] + বাং. আন, আনো। ৬।৩ বানান : ফ্ + এ + ন্ + আ + ন্ + অ, ও।

ফেনায়মান : যা ফেনাযুক্ত হচ্ছে। বিণ। তৎসম। ফেনায় [ফেন + ক্যঙ্] + মান [শানচ্]। ৬।১ বানান : ফ্ + এ + ন্ + আ + য্ + অ + ম্ + আ + ন্ + অ।

ফেনায়িত : ফেনাযুক্ত। বিণ। তৎসম। ফেন + ণিচ্ + ত। ৬।১ বানান : ফ্ + এ + ন্ + আ + য্ + ই + ত্ + অ।

ফেনি : বড় বাতাসা। বি। তদ্ভব। <সং. ফাণিত। তদ্ভব শব্দে 'ণ' বর্জিত। এবং তার পরিবর্তে 'ন' গৃহীত। বানান : ফ্ + এ + ন্ + ই = ফেনি।

ফেনিল : সফেন। বিণ। তদ্ভব। ফেন [<সং. ফেন] + বাং. ইল। ৬।৩ বানান : ফ্ + এ + ন্ + ই + ল্ + অ।

ফেব্রুআরী, ফেব্রুয়ারী : ইংরেজী সনের দ্বিতীয় মাস। বি। বিদেশী। <ইং. February. বাংলা বানান : ফ্ + এ + ব্ + র্ + উ + [য়্] + আ র্ + ঈ।

ফের : পুনরায়। ক্রি-বিণ। বিদেশী। <হি. ফের্। বাংলা বানান : ফ্ + এ + র্। র্ = র।

ফের : বিপদ, পরিবর্তন। বি। বিদেশী। <হি. ফের। বাংলা বানান : ফ্ + এ + র্। 'র' হসন্তবর্জিত।

ফেরত : প্রত্যর্পণ। বি। বিদেশী। ফেরত ['ফিরত' দ্রষ্টব্য]।

ফেরতা : যারা প্রত্যাবৃত্ত হচ্ছে। বিণ, বি। বিদেশী। ফেরতা [হি. ফিরতা' দ্রষ্টব্য] বিণ : বিলেত - ফেরতা। বি : [গানের] তাল - ফেরতা।

ফেরফার : কথার মারপ্যাঁচ, ধোঁকা। বি। বিদেশী। ফেরা [হি. ফের্] + সহচর শব্দ 'ফার'।

ফেরাই : যে তাসের রঙের অন্য তাস কারও হাতে নেই। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। ফের [হি. ফের্] + বাং. আই। ৬।৩ বাংলা বানান : ফ্ + এ + র্ + আ + ই।

ফেরা : প্রত্যাবর্তন, ফিরে আসা বা যাওয়া। ক্রি। তদ্ভব। ফের [<হি. ফের্] + বাং. আ। ৬।৩ বানান : ফ্ + এ + র্ + আ।

ফেরার : নিরুদ্দেশ। বিণ। বিদেশী। <আ. ফিরার্। বাংলা বানান : ফ্ + এ + র্ + আ + র্। শব্দান্তের 'র' হসন্তবর্জিত।

ফেরারী : পলাতক। বিণ। বিদেশী। ফেরার [<আ. ফিরার] + বাং. ঈ। বাংলা বানান : ফ্ + এ + র্ + আ + র্ + ঈ।

ফেরি : বিক্রয়াদির উদ্দেশ্যে পরিভ্রমণ। বি। বিদেশী। <হি. ফেরি। বাংলা বানান : ফ্ + এ + র্ + ই।

ফেরিওয়ালা : যে ফেরি করে। বি। বিদেশী। ফেরি [<হি. ফেরি + হি. ওয়ালা (তদ্ধিত প্রত্যয়)। বাংলা বানান : ফ্ + এ + র্ + ই + ও + য্ + আ + ল্ + আ।

ফেরু : ফেউ, শেয়াল। বি। তৎসম। ফে [ধ্বন্যাত্মক শব্দ : 'ফে' 'ফে' শব্দ] রু [ধাতু] + উ। ৬।১ বানান : ফ্ + এ + র্ + উ।

ফেরেব : প্রবঞ্চনা। বি। বিদেশী। <ফা. ফরেব্। বাংলা. বানান : ফ্ + এ + র্ + এ + ব্। 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফেরেববাজ : প্রবঞ্চক। বিণ। বিদেশী। ফেরেব ['ফেরেব' দ্রষ্টব্য] + ফা. বা হি. বাজ। ৬।৪ বাংলা বানান : ফ্ + এ + র্ + এ + ব্ + ব্ + আ + জ্। প্রথম 'ব' ও 'জ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফেরেববাজি : প্রবঞ্চনা। বি। বিদেশী। ফেরেব

['ফেরেব' দ্রষ্টব্য] + ফা. হি. বাজ + বাং. ই। ৬।৪, ৬।৩ বাংলা বানান : ফ্ + এ + র্ + এ + ব্ + ব্ + আ + জ্ + ই। বি.দ্র.: প্রথম 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফেরেবি, ফেরেবী : প্রবঞ্চনা। বি। বিদেশী। ফেরেব ['ফেরেব' দ্রষ্টব্য] + বাং. ই, ঈ। ৬।৩ বাংলা বানান : ফ্ + এ + র্ + এ + ব্ + ই, ঈ ['ঈ'-র বদলে 'ই' ব্যবহার-ই আধুনিক বাংলায় অধিক প্রচলিত]।

ফেল : অকৃতকার্য। বিণ। বিদেশী। <ইং. fail. বাংলা বানান : ফ্ + এ + ল্। 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফেলনা : ফেলে দেবার যোগ্য। বিণ। তদ্ভব। ফেল [বাং. ফেল <প্রা. ফেল্ল <সং. ক্ষিপ্] + বাং. না। ৬।৩ বানান : ফ্ + এ + ল্ + ন্ + আ। বি.দ্র.: 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফেসাদ : মুশকিল। বি। বিদেশী। <আ. ফসাদ্। বাংলা. বানান : ফ্ + এ + স্ + আ + দ্। 'দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফেসাদে : যে ফেসাদ বাধায়। বিণ। বিদেশী। ফেসাদ [<আ. ফসাদ্] + বাং. এ। ৬।এ বাংলা বানান : ফ্ + এ + স্ + আ + দ্ + এ।

ফোঁকা : অপব্যয় করে ওড়ানো, ফুঁ দেওয়া। ক্রি। তদ্ভব। ফোঁকা [ফুঁকা (<সং. ফুৎকার + বাং. আ)]। বাংলা বানান : ফ্ঁ + ও + ক্ + আ।

ফোঁটা : টিপ, বিন্দু। বি। তদ্ভব। [<সং. স্ফুট্]। আদিবর্ণ [স্] লোপ এবং তার পরিবর্তে নাসিক্যীভবন। + বাং. আ।

ফোঁড় : ছিদ্র। তদ্ভব। ফোঁড় <ফুঁড় [<সং. স্ফোট <স্ফুট্ (ভেদ করা) + অ। ৬।১

ফোঁড়া : স্ফোটক, বিদ্ধ করা। ক্রি। তদ্ভব। ফোঁড় ['ফোড়' দ্রষ্টব্য] + বাং. আ।

ফোঁড়াফুঁড়ি : বারংবার ফোঁড়া। বি। তদ্ভব। ফোঁড় ['ফোঁড়' দ্রষ্টব্য] + বাং. আ + ফুড়্ ['ফুঁড়া' দ্রষ্টব্য] + বাং. ই।

ফোঁপরদালাল : উট্‌কো মাতব্বর। বিণ। মিশ্র। [দেশী + বিদেশী]। দেশী. ফোঁপর + আ. দালাল [দলাল]।

ফোঁপরদালালি : ফপরদালালের আচরণ। বিণ। মিশ্র [দেশী + বিদেশী]। দেশী. ফোপর + আ. দালাল + বাং. ই।

ফোঁপরা : ঝাঁঝরা। বিণ। দেশী। <দেশী. ফোপর + বাং. আ.।

ফোঁপানো : দুঃখের প্রাবল্যে রুদ্ধশ্বাস। কাঁদা : ক্রি. দেশী। ফোঁপা [< ফুঁপা] + বাং. আনো।

ফোঁসা : ফোঁস ফোঁস করা। ক্রি। দেশী। ফোঁস [ধ্বন্যাত্মক শব্দ] + বাং. আ।

ফোকর : ছিদ্র। বি। বিদেশী। ফোকর [< হি. ফুকর।]

ফোকলা : দন্তহীন। বিণ। দেশী।

ফোটো : আলোকচিত্র। বি। বিদেশী। < ইং. photo.

ফোটোগ্রাফ : আলোকচিত্র। বি। বিদেশী। < ইং. photograph.

ফোড়ন : সম্বরার মসলা, অন্যের কথার মধ্যে টিপ্পনী। বি। তদ্ভব। < সং. স্ফোটন। বি.দ্র. : আদিবর্ণ ['স'] লোপ। ট= ড়।

ফোতো : অন্তঃসারশূন্য। বিণ। বিদেশী। 'ফতো' দ্রষ্টব্য।

ফোন : টেলিফোন। বি। বিদেশী। < ইং. phone.

ফোমেন্ট : গরম জলের সেক। বি। বিদেশী। < ইং. foment.

ফোয়ারা : ঝরনা। বি। বিদেশী। < আ. ফওয়ারহ্।

ফোরম্যান : শ্রমিক সর্দার। বি। বিদেশী। < ইং. foreman.

ফোলা : স্ফীত। বিণ। তদ্ভব ['ফুলা' দ্রষ্টব্য]। বানান : ফ্ + ও + ল্ + আ।

ফোলানো : ফাঁপানো। ক্রি। তদ্ভব। ফোলা ['ফোলা'

দ্রষ্টব্য] + বাং. আনো।

ফোসকা, ফোস্কা : দগ্ধ হওয়ার ফলে উৎপন্ন জলপূর্ণ স্ফোটক। বি। অর্ধ-তৎসম। ফোসকা < সং. স্ফোটক।

ফৌজ : সৈন্যদল। বি। বিদেশী। < আ. ফউজ্।

ফৌজদার : সেনাপতি। বি। বিদেশী। আ. ফৌজ + ফা. দার। ৬।৪

ফৌজদারি, ফৌজদারী : ফৌজদারের পদ, মারপিট খুনজখম ইত্যাদি সম্পর্কিত [criminal]। বিণ। বিদেশী। ফৌজদার ['ফৌজদার' দ্রষ্টব্য] + বাং. ঈ। ৬।৩

ফৌজি, ফৌজী : সামরিক। বিণ। বিদেশী। আ. ফৌজ + বাং. ই, ঈ।

ফৌত : সর্বস্বান্ত। বিণ। বিদেশী। < ফা. ফউত্।

ফৌতী : মৃত ব্যক্তির। বিণ। বিদেশী। ফা. ফৌত ['ফৌত' দ্রষ্টব্য] + বাং. ঈ। ৬।৩

ফ্যাকড়া : ছল, হাঙ্গামা। বি। দেশী। 'ফেঁকড়া' দ্রষ্টব্য।

ফ্যাকাশে : পাণ্ডুর। বি। দেশী। 'ফেকাশে' দ্রষ্টব্য।

ফ্যাকাসে : পাণ্ডুবর্ণ। বি। দেশী। 'ফেকাশে' দ্রষ্টব্য।

ফ্যাঁচ : হাঁচির শব্দ। অব্য। দেশী। ধ্বন্যাত্মক শব্দ।

ফ্যাচ্‌ফ্যাচ্ : ক্রমাগত নিরর্থক বেশী কথা বলা। অব্য। দেশী। ধ্বন্যাত্মক শব্দ।

ফ্যাচাং : গণ্ডগোল। বি। দেশী। ধ্বন্যাত্মক শব্দ। < পেঁচাং, প্যাঁচাং।

ফ্যা-ফ্যা : হীনভাবে ঘোরাঘুরি। বি। ধ্বন্যাত্মক শব্দ।

ফ্যালফ্যাল : বিহ্বল অবস্থায় একদৃষ্টে চাহনির দ্যোতক। অব্য। ধ্বন্যাত্মক শব্দ।

ফ্যাশন : বাবুগিরি। বি। বিদেশী। < ইং. fashion. বাংলা বানান : ফ্ + য্ + আ + শ্ + আ + ন্। বি.দ্র. : 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ফ্যাশান : চাল, রেওয়াজ। বি। বিদেশী। 'ফ্যাশন' দ্রষ্টব্য।

ফ্যাসান : চাল, রেওয়াজ। বি। বিদেশী। 'ফ্যাশন' দ্রষ্টব্য।

ফ্যাসাদ : গণ্ডগোল, হাঙ্গামা। বি। বিদেশী। 'ফেসাদ' দ্রষ্টব্য।

ফ্রক : ঘাগরা জাতীয় মেয়েদের পোশাক। বি। বিদেশী। < ইং. frock.

ফ্রি, ফ্রী : বিনামূল্যে, স্বাধীন। বিণ। বিদেশী। < ইং. free. বর্তমানে প্রচলিত বানান : 'ফ্রি'।

ফ্রেম : ধাতু বা কাঠ প্রভৃতির আধার। বি। বিদেশী। < ইং. frame. বাংলা বানান : ফ্ + র্ + এ + ম্। বি.দ্র. : 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। ফ্ + র্ + এ= ফ্রে।

ফ্লানেল : পশমী কাপড়। বি। বিদেশী। < ইং. flannel. বাংলা বানান : ফ্ + ল্ + আ + ন্ + এ + ল্। 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। ফ্ + ল্ + আ= ফ্লা।

ফ্ল্যাট : চিৎপাত, কয়েকটি কক্ষ-সমন্বিত বাসস্থান। বিণ। বি। বিদেশী। < ইং. flat. বাংলা বানান : ফ্ + ল্ + য্ + আ + ট্। বি.দ্র. : ফ্ + ল্ + য্ + আ= ফ্ল্যা। 'ট' হসন্তবর্জিত।

ব

বই : পুস্তক, ব্যতীত। বি। বিদেশী। < আ. বহী।

বই : ছাড়া। অব্য। তদ্ভব। < সং. ব্যতীত।

বইঠা : নৌকার ক্ষুদ্র দাঁড়। বি। তদ্ভব। < সং. বহিত্র।

বউ : বধূ। বি। তদ্ভব। < সং. বধূ। তদ্ভব শব্দে 'ঊ'-কার 'উ'-কারে পরিণত।

বউকাঁটকী : যে শাশুড়ি বধূর পক্ষে কণ্টক-স্বরূপ। বি। তদ্ভব। < বধূ- কণ্টকী। 'বউ' দ্রষ্টব্য।

বউড়ি, বউড়ী : অল্পবয়স্কা বধূ। বি। তদ্ভব। < সং. বধূটী। 'বউ' দ্রষ্টব্য।

বউদি, বউদিদি : দাদার বউ। বি। তদ্ভব। বউ < সং. বধূ + দিদি < সং. তাত [স্ত্রী]।

বউনি : বহনের মজুরি। বি। তদ্ভব। < বহন + বাং. ই।

বউনি, বউনী : দিনের প্রথম বিক্রয়। বি। তদ্ভব। < সং. বর্ধনী।

বউভাত : পাকস্পর্শ। বি। তদ্ভব। বউ < সং. বধূ] + ভাত [< সং. ভক্ত]। বউর পরিবেশিত ভাতের যে অনুষ্ঠান= বহুব্রী। ৩।৫

বউল : মুকুল। বি। তদ্ভব। < সং. মুকুল। আমের মুকুল > মউল > বউল > বোল।

বংশ : কুল, গোত্র, বাঁশ। বি। তৎসম। সং. বংশ।

বংশচরিত : বংশের ইতিহাস। বি। তৎসম। সং. বংশ + চরিত [সং. চর্ + ইত]। ৬।১ বংশের চরিত= সম্বন্ধতৎ। ৩।৩

বংশদণ্ড : বাঁশের লাঠি। বি। তৎসম। সং. বংশ + সং. দণ্ড [দণ্ড্ + অ]। ৬।১ বংশের দণ্ড= সম্বন্ধতৎ। ৩।৩। দণ্ড= দ্ + অ + ণ্ + ড্ + অ।

বংশবৃদ্ধি : সন্তান-সংখ্যাবৃদ্ধি। বি। তৎসম। সং. বংশ + বৃদ্ধি [সং. বৃধ্ + তি]। ৬।১ বংশের বৃদ্ধি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : বৃদ্ধি= ব্ + ঋ + দ্ + ধ্ + ই।

বংশমর্যাদা : কুলের সম্মান। বি। তৎসম। সং. বংশ + সং. মর্যাদা [মরি + আ + দা + অ + আ [স্ত্রী]। ৬।১ বংশের মর্যাদা [সম্মান]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : মর্যাদা= ম্ + অ + র্ + য্ + আ + দ্ + আ।

বংশরক্ষা : বংশকে টিকিয়ে রাখার জন্য পুত্রসন্তান উৎপাদন। বি। তৎসম। সং. বংশ + সং. রক্ষা [রক্ষ্ + অ + আ]। ৬।১ বংশকে [বংশের] রক্ষা=. কর্ম [সম্বন্ধ]-তৎ। ৩।৩ বানান : র্ + অ + ক্ + ষ্ + আ।

বংশাঙ্কুর : বাঁশের কোঁড়া। বি। তৎসম। সং. বংশ + অঙ্কুর [অঙ্ক্ + উর]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [শা]। ২।১।ক বংশের অঙ্কুর= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + অ + ং + শ্ + আ + ঙ্ + ক্ + উ + র্ + অ।

বংশানুক্রম : বংশপরম্পরা। বি। তৎসম। সং. বংশ + সং. অনুক্রম [অনু + ক্রম্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [শা]। ২।১।ক বংশের অনুক্রম= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + অ + ং + শ্ + আ + ন্ + উ + ক্ + র্ + অ + ম্ + অ।

বংশানুক্রমিক : পুরুষ-পরম্পরাগত। বিণ। তৎসম। সং. বংশ + অনুক্রমিক [অনুক্রম + ইক]। ৬।২ [সন্ধি] অ + অ= আ [শা]। ২।১।ক বংশের অনুক্রমিক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + অ + ং + শ্ + আ + ন্ + উ + ক্ + র্ + অ + ম্ + ই + ক্ + অ।

বংশাবতংস : কুলচূড়ামণি। বি। তৎসম। সং. বংশ + অবতংস [অব + তংস্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [শা]। ২।১।ক বংশের অবতংস [কুণ্ডল]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + অ + ং + শ্ + আ + ব্ + অ + ত্ + অ + ং + স্ + অ।

বংশাবলি, বংশাবলী : বংশের তালিকা। বি। তৎসম। সং. বংশ + আবলি, আবলী [আ + বল + ই, ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ [সন্ধি] অ + আ= আ [শা]। ২।১।খ বংশের আবলি, আবলী= সম্বন্ধতৎ। ৩।৩

বংশী : বাঁশি। বি। তৎসম। বংশ + ঈ। ৬।২

বংশীধর : শ্রীকৃষ্ণ। বি। তৎসম। বংশী + ধর [ধৃ + অ]। ৬।১ বংশ ধরেন যিনি= উপপদতৎ। ৩।৩

বংশীধারী : শ্রীকৃষ্ণ। বি। তৎসম। বংশী + ধৃ + ইন্ [ঈ]। ৬।১ বংশী ধারণ করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বি.দ্র. : শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বংশীবট : বৃন্দাবনে যে বটবৃক্ষমূলে শ্রীকৃষ্ণ বাঁশি বাজাতেন। বি। তৎসম। বংশী + বট [বট্ + অ]। ৬।১ বংশী-বাদিত বট= মধ্যপ-কর্মধা। ৩।২

বংশীবদন : শ্রীকৃষ্ণ। বি। তৎসম। বংশী + বদন [বদ্ + অন]। ৬।১ বংশী বদনে [মুখে] যাঁর=

বহুব্রী। ৩।৫

বংশীয় : বংশে জাত। বিণ। তৎসম। বংশ + ঈয়। ৬।২ বি.দ্র. : 'ঈ'-কার 'ঈয়' প্রত্যয়-জনিত।

বঁইচি : অম্লমধুর ফল বিশেষ। বি। দেশী।

বঁটি : মাছ তরকারি ইত্যাদি কাটবার অস্ত্র। বি। বিদেশী। < মুন্ডারি. বইন্‌টি।

বঁড়শি, বঁড়শী : মাছ ধরবার বাঁকানো কাঁটা। বি। তদ্ভব। < সং. বড়িশ। বি.দ্র. : তদ্ভব শব্দে 'ই'-কার হওয়াই বাঞ্ছনীয়।

বঁধু, বঁধুয়া : প্রেমাস্পদ। বি। তদ্ভব। < সং. বন্ধু। কাব্যে 'বঁধুয়া'।

বক : দীর্ঘচঞ্চু মৎস্যাশী পাখি। বি। তৎসম। সং. বক।

বকধার্মিক : ভণ্ডসাধু। বিণ। তৎসম। বক ['বক' দ্রষ্টব্য] + ধার্মিক [ধর্ম + ইক]। ৬।২ বকের মতো ধার্মিক= উপমান-কর্মধা। ৩।২

বকনা : মাদী বাছুর। বি। তদ্ভব। < সং. বস্কয়ণী। স্ত্রী-লিঙ্গ।

বকযন্ত্র : বক্রকণ্ঠ পাতন-যন্ত্র। বি। তৎসম। বক ['বক' দ্রষ্টব্য] + যন্ত্র [যন্ত্র + অ]। ৬।১ বক-কণ্ঠ যন্ত্র= মধ্যপ- কর্মধা। ৩।২ বানান : ব্ + অ + ক্ + অ + য্ + অ + ন্ + ত্ + র্ + অ।

বকরা : ছাগ। বি। বিদেশী। < আ. বক্‌র্।

বকরী : ছাগী। বি। বিদেশী। < আ. বক্‌র্ + ঈ [স্ত্রী]। ৭।১।গ

বকলম : এক ব্যক্তির পরিবর্তে অন্যের স্বাক্ষর। বি। বিদেশী। < আ. বকলম্।

বকলস, বগলস : ফিতা বেল্ট ইত্যাদি আটকাবার খিল। বি। বিদেশী। < ইং. buckles. বাংলা বানান : ব্ + অ + ক্ [গ্] + ল্ + অ + স্। বি.দ্র. : হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বকশিশ, বকশিস : পুরস্কার। বি। বিদেশী। < ফা. বখ্‌শীশ। বাংলা বানান : ব্ + অ + ক্ + শ্ + ই + শ্ [স্]। বি.দ্র. : হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বকশি, বকশী : নগর বা গ্রামের মুসলমান আমলের বিশিষ্ট সরকারী কর্মচারী। বি। বিদেশী। < তুর্কী বখ্‌শী। বাংলা বানান : ব্ + অ + ক্ + শ্ + ই [ঈ]। বি.দ্র. : ক্=এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বকসী, বক্সী : নগর বা গ্রামের মুসলমান আমলের বিশিষ্ট সরকারী কর্মচারী। বি। বিদেশী। < তুর্কী. বখ্‌শী। বাংলা বানান : ব্ + অ + ক্ + স্ + ঈ। বি.দ্র. : ক্-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। ক্ + স্ + ঈ= ক্সী।

বকাটে : যে উচ্ছন্নে গেছে। বিণ। তদ্ভব। বকা [বচ্ + বাং. আ] + বাং. টে < টিয়া।

বকাণ্ডপ্রত্যাশা : দুর্লভ বস্তুলাভের আশা। বি। তৎসম। বক ['বক' দ্রষ্টব্য] + অণ্ড [অম্ + ড] + প্রত্যাশা [প্রতি + আশা [আ + অশ্ + অ + আ]]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [কা], ই + আ = যা [্যা]। ২।১।ক, ২।৭।৮ বকের অণ্ড-প্রত্যাশা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + অ + ক্ + আ + ণ্ + ড্ + অ + প্ + র্ + অ + ত্ + য্ + আ + শ্ + আ।

বকী : দীর্ঘচঞ্চু মৎস্যাশী পাখি। বি। তৎসম। স্ত্রীলিঙ্গ।

বকুনি : তিরস্কার। বি। তদ্ভব। বকা [বচ্ + বাং. আ] + বাং. উনি। বানান : ব্ + অ + ক্ + উ + ন্ + ই।

বকুল : সুগন্ধি পুষ্পবিশেষ বা তার গাছ। বি। তৎসম। বচ্ + উল।

বকেয়া : বাকি। বিণ। বিদেশী। < আ. বকীয়া। বাংলা বানান : ব্ + অ + ক্ + এ + য় + আ।

বক্তব্য : বলার বিষয়। বিণ। তৎসম। বচ্ + তব্য। ৬।১ বানান : ব্ + অ + ক্ + ত্ + অ + ব্ + য্ + অ। ক্ + ত্ + অ = ক্ত।

বক্তা : বক্তৃতাকারী। বি। তৎসম। বচ্ + তৃচ্ [তা]। ৬।১ বানান : ব্ + অ + ক্ + ত্ + আ। ক্ + ত্ + আ= ক্তা।

বক্তৃতা : ভাষণ। বি। তৎসম। বক্তৃ [বচ্ + তৃচ্] + তা। ৬।১, ৬।২ বানান : ব্ + অ + ক্ + ত্ + ঋ + ত্ + আ। ক্ + ত্ + ঋ= ক্তৃ।

বক্ত্র : মুখ। বি। তৎসম। বচ্ + ত্র। বানান : ব্ + অ + ক্ + ত্ + র্ + অ। ক্ + ত্ + র্ + অ= ক্ত্র।

বক্র : বাঁকা। বিণ। তৎসম। বঙ্ক্ + র। বানান : ব্ + অ + ক্ + র্ + অ। ক্ + র্ + অ= ক্র।

বক্রদৃষ্টি : প্রতিকূল দৃষ্টি। বি। তৎসম। বক্র [বঙ্ক্ + র] + দৃষ্টি [দৃশ্ + তি]। ৬।১ বক্র [বাঁকা] যে দৃষ্টি= কর্মধা। ৩।২ বানান : ব্ + অ + ক্ + র্ + অ + দ্ + ঋ + ষ্ + ট্ + ই।

বক্রী : বক্রতাযুক্ত। বিণ। তৎসম। বঙ্ক্ + র্ + ঈ। ৬।১ বানান : ব্ + অ + ক্ + র্ + ঈ।

বক্রোক্তি : শ্লেষপূর্ণ উক্তি। বি। তৎসম। বক্র [বঙ্ক্ + র] + উক্তি [বচ্ + তি]। ৬।১ [সন্ধি] অ + উ= ও। ২।৫।ক বানান : ব্ + অ+ক্ + র্ + ও + ক্ + ত্ + ই। ক্ + র্ + ও= ক্রো। ক্ + ত্ + ই= ক্তি।

বক্ষঃস্থল : বুক। বি। তৎসম। বক্ষঃ [বক্ষস্] + স্থল [স্থল্ + অ]। ৬।১ [সন্ধি] বক্ষঃ + স্থল। সন্ধি হয় না। বিসর্গও লুপ্ত হয় না। বক্ষের স্থল= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + অ + ক্ + ষ্ + অ + ঃ + স্ + থ্ + অ + ল্ + অ। ক্ + ষ্ + অ= ক্ষ। স্ + থ্ + অ= স্থ।

বক্ষ্যমাণ : যা বলা হবে। বিণ। তৎসম। বচ্ + স্যমান। ৬।১ 'স্যমান' যোগের কারণে 'ক্ষ্য' হয়েছে। বানান : ব্ + অ + ক্ + ষ্ + য্ + অ + ম্ + আ + ণ + অ। বি.দ্র. : 'ম' ও 'ন্'-এর মধ্যে 'য', 'অ', 'ম' ও 'আ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

বগ [পূর্ববঙ্গে বগা] : বি। তদ্ভব। ঘোষীভবন। < সং. বক। স্ত্রীলিঙ্গে 'বগী'।

বগল : বাহুমূল। বি। বিদেশী। < ফা. বগল্।

বগলা : দশ মহাবিদ্যার এক রূপ। বি। তৎসম। বানান : ব্ + অ + গ্ + অ + ল্ + আ।

বগি : চার-চাকার হাল্কা ঘোড়ার গাড়ী। বি। বিদেশী। < ইং. buggy. বাংলা বানান : ব্ + অ + গ্ + ই।

বগি : যাত্রীবাহী রেলগাড়ির কামরা। বি। বিদেশী। < ইং. bogie. বাংলা বানান : ব্ + অ + গ্ + ই।

বঙ্কিম : সুন্দরভাবে বাঁকা। বিণ। তৎসম। বঙ্ক [বঙ্ক্ + অ] + ইম। বানান : ব্ + অ + ঙ্ + ক্ + ই + ম্ + অ।

বঙ্গ : বঙ্গদেশ। বি। তৎসম। < সং. বঙ্গ। বানান : ব্ + অ + ঙ্ + গ্ + অ। ঙ্ + গ্ + অ= ঙ্গ।

বঙ্গজ : বঙ্গদেশজাত। বিণ। তৎসম। বঙ্গ + জ [জন্ + ড (অ)। ৬।১

বঙ্গাব্দ : ৫৯৩ খ্রিস্টাব্দ থেকে গণিত বাংলা সাল। বি। তৎসম। বঙ্গ + অব্দ [অপ্ + দ (দা + অ)] ৬।১ [সন্ধি] অ + অ= আ [ঙ্গা], প্ + দ= ব্দ। ২।১।ক, ২।১৫ বঙ্গে প্রচলিত অব্দ [সাল] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ব্ + অ + ঙ্ + গ্ + আ + ব্ + দ্ + অ।

বঙ্গীয় : বঙ্গদেশে জাত। বিণ। তৎসম। বঙ্গ + ঈয়। ৬।১ বানান. ব্ + অ + ঙ্ + গ্ + ঈ + য্ + অ। বি.দ্র. : 'ঈ'-কার 'ঈয়'-প্রত্যয়জনিত।

বচন : কথা। বি। তৎসম। বচ্ [কথা বলা] + অন। ৬।১

বচসা : কথা কাটাকাটি। বি। তদ্ভব। সং. বচস্ + বাং. আ। ৬।৩ বানান : ব্ + অ + চ্ + অ + স্ + আ।

বজ্বর : বৎসর। বি। তদ্ভব। <সং. বৎসর।

বজরা : অভিজাতদের বাসোপযোগী বৃহৎ নৌকা, খাদ্যশস্য বিশেষ। বি। বিদেশী। <ইং. barge. বাংলা বানান : ব্ + অ + জ্ + অ + র্ + আ।

বজায় : অক্ষুণ্ণ। বিণ। বিদেশী। <ফা. বজাএ। বাংলা বানান : ব্ + অ + জ্ + আ + য়্। 'য়' হসন্তবর্জিত।

বজ্জাত : দুষ্ট। বিণ। তদ্ভব। বদ্ + জাত [জন্ + ত]। [সন্ধি] দ্ + জ = জ্ + জ = জ্জ। মতান্তরে, বিদেশী <ফা. বদ্জাত। বাংলা বানান : ব্ + অ + জ্ + জ্ + আ + ত্ + অ। জ্ + জ্ + আ= জ্জা।

বজ্জাতি : বদমায়েসি। বি। তদ্ভব। বজ্জাত [বদ্ + জাত] + বাং. ই। মতান্তরে বিদেশী। <ফা. বদ্জাত + বাং. ই। বাংলা বানান : ব্ + অ + জ্ + জ্ + আ + তি। জ্ + জ্ + আ= জ্জা।

বজ্র : সশব্দে বিদ্যুৎ প্রকাশ, বাজ, ইন্দ্রাস্ত্র। বি। তৎসম। বজ্ [গমন করা] + র। ৬।৮ বানান : ব্ + অ + জ্ + র্ + অ। জ্ + র্ + অ =জ্র।

বজ্রপাত : বাজপড়া। বি। তৎসম। বজ্র ['বজ্র' দ্রষ্টব্য] + পাত [পত্ + অ]। ৬।১ বজ্রের পাত [পতন]= সম্বন্ধতৎ। বানান : ব্ + অ + জ্ + র্ + অ + প্ + আ + ত্ + অ।

বজ্রযান : তান্ত্রিক বৌদ্ধমত। বি। তৎসম। বজ্র ['বজ্র' দ্রষ্টব্য] + যান [যা (যাওয়া)] + অন। ৬।১ বজ্র সূচক যান [পন্থা, মত]= মধ্যপ-কর্মধা।

বজ্রাগ্নি : বিদ্যুৎ। বি। তৎসম। বজ্র ['বজ্র' দ্রষ্টব্য] + অগ্নি [অগ্ + নি + ক অথবা অগ্র + নী + ক্বিপ্। ৬।১ [সন্ধি] অ + অ = আ [জ্রা]। ২।১।ক বজ্রজাত অগ্নি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ব্ + অ + জ্ + র্ + আ + গ্ + ন্ + ই। জ্ + র্ + আ= জ্রা, গ্ + ন্ + ই= গ্নি।

বজ্রাঘাত : বাজ পড়া, অতি কঠিন আঘাত। বি। তৎসম। বজ্র ['বজ্র' দ্রষ্টব্য] + আঘাত [আ + হন্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [জ্রা]। ২।১।খ বজ্রের দ্বারা আঘাত= করণতৎ। ৩।৩ বানান : ব্ + অ + জ্ + র + আ + ঘ্ + আ + ত্ + অ।

বজ্রাসন : যোগ সাধনের আসন। বি। তৎসম। বজ্র ['বজ্র' দ্রষ্টব্য] + আসন [আস্ + অন]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [জ্রা]। ২।১।খ বজ্রের [X] ন্যায় আসন= উপমিত কর্মধা। ৩।২

বজ্রাহত : অপ্রত্যাশিত বিপৎপাতে বা শোকে স্তম্ভিত। বিণ। তৎসম। বজ্র ['বজ্র' দ্রষ্টব্য] + আহত [আ + হন্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [জ্রা]। ২।১।খ বজ্রের দ্বারা আহত = করণতৎ। ৩।৩ বানান : ব্ + অ + জ্ + র্ + আ + হ্ + অ + ত্ + অ।

বঞ্চক : প্রতারক। বিণ। তৎসম। বঞ্চ্ + ণিচ্ + অক। ৬।১ যে বঞ্চনা করে। বানান : ব্ + অ + ঞ্ + চ্ + অ + ক্ + অ। ঞ্ + চ্ + অ= ঞ্চ।

বঞ্চনা : প্রতারণা। বি। তৎসম। বঞ্চ্ + ণিচ্ + অন্ + আ। ৬।১ বানান : ব্ + অ + ঞ্ + চ্ + অ + ন্ + আ। ঞ্ + চ্ + অ= ঞ্চ।

বঞ্চিত : প্রতারিত। বিণ। তৎসম। বঞ্চ্ + ণিচ্ + ত। ৬।১ বানান : ব্ + অ + ঞ্ + চ্ + ই + ত্ + অ। ঞ্ + চ্ + ই= ঞ্চি।

বঞ্জুল : অশোক ফুল বা তার গাছ, বেত। বি। তৎসম। বঞ্জ্ + উল। ৬।১ বানান : ব্ + অ + ঞ্ + জ্ + উ + ল্ + অ। ঞ্ + জ্ + উ= ঞ্জু।

বট : বটগাছ। বি। তৎসম। বট্ + অ। ৬।১

বট্‌ঠাকুর : ভাসুর। বি। তদ্ভব। বড় + ঠাকুর। [সন্ধি] ড় + অ= ট্।

বটব্যাল : ব্রাহ্মণের উপাধি-বিশেষ। বটব্যাল গ্রামে

প্রথম বাসকারী শাণ্ডিল্য গোত্রীয় ব্রাহ্মণের উপাধি। বানান: ব্ + অ + ট্ + অ + ব্ + য্ + আ + ল্ + অ।

বটিকা: বড়ি। বি। তৎসম। বটিকা [বৃৎ +ইক + আ]। ৬।১ বানান: ব্ + অ + ট্ + ই + ক্ + আ।

বটী: বড়ি। বি। তৎসম। বট [বৃৎ + অ] + ঈ। ৬।১ বানান: ব্ + অ + ট্ +ঈ।

বটু: ব্রাহ্মণ-কুমার। বি। তৎসম। বট্ [উক্তি করা] + উ। ৬।১ বানান: ব্ + অ + ট্ + উ।

বটুক: ব্রাহ্মণ-কুমার। বি। তৎসম। বট্ [উক্তি করা] + উক। ৬।১ বানান: ব্ + অ + ট্ + উ + ক্ + অ।

বটুকরণ: উপনয়ন দান। বি। তৎসম। বটু ['বটু' দ্রষ্টব্য] + করণ [কৃ + অন]। ৬।১ বানান: ব্ + অ + ট্ + উ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে অ থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

বটুয়া: বন্ধ করবার জন্য মুখে সুতা দেওয়া ছোট থলে। বি। বিদেশী। <ওড়িয়া. বটুয়া।

বটে: সত্যই। অব্য। তদ্ভব। বট [<সং. বৃৎ + অ] + বাং. এ।

বড়: বৃহৎ। বি। তদ্ভব। <সং. বড্র।

বড়দিন: খ্রিস্টের জন্মদিন। বি। তদ্ভব। বড় ['বড়' দ্রষ্টব্য] + দিন ['দিন' দ্রষ্টব্য]। বড় যে দিন [যেদিন থেকে দিন বড় হতে শুরু করে]= কর্মধা। ৩।২

বড়ফট্টাই: মিথ্যা জাঁক। বি। দেশী। বানান: ব্ + অ + ড়্ + অ + ফ্ + আ + ট্ + ট্ + আ + ই। ট্ + ট্ + আ = ট্টা।

বড়বা: সমুদ্রের ঘোটকী। বি। তৎসম। <সং. বড়বা [বল + ব + আ]।

বড়বাবু: অফিসের প্রধান কেরানী, হেডক্লার্ক। বি। মিশ্র। [তদ্ভব + বিদেশী]। বড় [<সং.বড্র] + ফা. বাবু। বড় যে বাবু = কর্মধা। ৩।২

বড়মানুষি: ধনী ও পদস্থের মতো। বিণ। তদ্ভব। বড় [<সং. বড্র] + মানুষী [মনু (+ষ) + অ + বাং. ই]। বড় মানুষের ভাব [চালচলন]। বড়মানুষ + বাং. ই।

বড়লোক: ধনী লোক। বি। তদ্ভব। বড় ['বড়' দ্রষ্টব্য] + সং. লোক [লোক্ + অ]। বড় যে লোক= কর্মধা।৩।২

বড়শি, বড়শী: মাছ ধরার টোপ গাঁথবার বাঁকানো সুচাল লোহার কাঁটা। বি। তদ্ভব। <সং. বড়িশ। তদ্ভব শব্দ হওয়ায় 'বড়শি' বানান হওয়াই বাঞ্ছনীয়।

বড়াই: গর্ব, অহঙ্কার, মাতামহী। বি। তদ্ভব। বড় [<সং. বড্র] + বাং. আই।

বড়াল: পদবী-বিশেষ। বি। তদ্ভব। <সং. বটব্যাল ['বটব্যাল' দ্রষ্টব্য]। বানান: ব্ + অ + ড়্ + আ + ল্ + অ।

বড়ি: গুলি। বি। তদ্ভব। <সং. বটিকা।

বড়ু: ব্রাহ্মণ-কুমার। বি। তদ্ভব। <সং. বটু। বানান: ব্ + অ+ ড়্ + উ।

বড়ুয়া: পদস্থ ব্যক্তি। বি। তদ্ভব। বড় [<সং. বড্র] + উয়া। বানান: ব্ + অ + ড়্ + উ + য়্ + আ।

বড়ে: শতরঞ্চ খেলার সর্বাপেক্ষা ছোট ঘুঁটি। বি। তদ্ভব। <প্রা. বড়িয়া <সং. বটিকা।

বডিস: কক্ষঃবন্ধনী। বি। বিদেশী। <ইং. bodice. বাংলা বানান: ব্ + অ + ড্ + ই + স্। অন্তিম 'স্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বড্ড: খুব। বি। অর্ধ-তৎসম। বড্ড <বড় <সং. বড্র। বানান: ব্ + অ + ড্ + ড্ + অ।

বণিক: সওদাগর। বি। তদ্ভব। <সং. বণিজ্ [পণ্ + ইজ্]। ৬।১ ঘোষীভবন। বানান: ব্ + অ + ণ্ + ই + ক্ অ। 'ণ' স্বাভাবিক 'ণ'।

বণিগ্বৃত্তি: বাণিজ্য। বি। তৎসম। বণিক্ [<সং. বণিজ্] + বৃত্তি [বৃৎ +তি]।৬।১ [সন্ধি] ক্ + ব্ = গ্ব। ২।১৫ বানান: ব্ + অ + ণ্ +ই

+ গ্ + ব্ + ঋ + ত্ + ত্ + ই।

বণ্টন: বিভিন্ন অংশে ভাগ করে বিতরণ। বি। তৎসম। বণ্ট্ [ভাগ করে দেওয়া] + অন। ৬।১ বানান: ব্ + অ + ণ্ + ট্ + অ + ন্ + অ। বি.দ্র.: 'ট্'-এর অব্যবহিত পূর্ববর্তী 'ন্' 'ণ' হয়েছে। ৪।১।ক

বণ্টিত: যা বণ্টন করা হয়েছে। বিণ। তৎসম। বণ্ট্ [ভাগ করে দেওয়া] + ত। ৬।১ বানান: ব্ + অ + ণ্ + ট্ + ই + ত্ + অ। বি.দ্র.: 'ট্'-এর অব্যবহিত আগের 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।ক

বৎ: মতো। অব্য। তৎসম।

বৎস: বাছুর, বাছা। বি। তৎসম। <সং. বৎস।

বৎসর: যাতে ঋতু-সকল বাস করে। বি। তৎসম। বস্ [বৎ] + সর [সৃ + অ]। ৬।১

বৎসল: স্নেহযুক্ত। বিণ। তৎসম। বৎস + লা + অ। ৬।১ বানান: ব্ + অ + ৎ + স্ + অ + ল্ + অ।

বৎসা: বাছা। বি। তৎসম। বৎস + আ [স্ত্রী]।

বদখেয়াল: খারাপ দিকে মতি। বি। বিদেশী। বদ [<ফা. বদ্] + খেয়াল [<আ. খয়াল]। বদ [মন্দ] যে খেয়াল [মর্জি]= কর্মধা। ৩।২

বদন: মুখমণ্ডল। বি। তৎসম। বদ্ + অন।

বদনা: গাড়ুজাতীয় জলপাত্র। বি। তদ্ভব। <সং. বর্ধনী।

বদনাম: কুখ্যাতি। বি। মিশ্র [বিদেশী + তৎসম]। বদ [<ফা. বদ্] + নাম [সং.]। বদ [মন্দ] যে নাম= কর্মধা।

বদমাইশ: দুষ্ট। বিণ। বিদেশী। <হি. বদ্‌মাশ। অথবা, <ফা. বদ্ + আ. মআশ।

বদমায়েশ: দুষ্ট। বিণ। বিদেশী। 'বদমাইশ' দ্রষ্টব্য।

বদমায়েশি: শঠতা, দুষ্টুমি। বি। বিদেশী। বদ্‌মায়েশি ['বদমাইশ' দ্রষ্টব্য] + বাং. ই।

বদমাস: দুষ্ট। বিণ। বিদেশী। 'বদমাইশ' দ্রষ্টব্য। বদমাস <ফা. বদমাইশ।

বদমাইশি: দুষ্টামি। বি। বিদেশী। বদমাইশ [<ফা. বদমাইশ] + বাং. ই।

বদমায়েসি: দুষ্টামি। বি। বিদেশী। বদমায়েস [<ফা. বদমাইশ] + বাং. ই।

বদমেজাজ: খিটখিটে। বি, বিণ। বিদেশী। বদ [<ফা. বদ্] + মেজাজ [<আ. মিজাজ]। বদ [মন্দ] যে মেজাজ= কর্মধা। ৩।২ বদ [মন্দ] মেজাজ যার= বহুব্রী। ৩।৫

বদমেজাজি: রগচটাভাব। বি, বিণ। বিদেশী। বদমেজাজ ['বদমেজাজ' দ্রষ্টব্য] + বাং. ই। বদ [মন্দ] মেজাজ যার = বহুব্রী। ৩।৫

বদর: বদরপীর। বি। বিদেশী। <আ. বদ্‌র্।

বদরক্ত: দূষিত রক্ত। বি। মিশ্র [বিদেশী + তৎসম]। বদ [<ফা. বদ্] + সং. রক্ত [রন্‌জ্ + ত]। ৬।১ বদ [দূষিত] যে রক্ত= কর্মধা। ৩।২

বদরাগী: যে কথায় কথায় রেগে যায়। বিণ। মিশ্র। [বিদেশী + তদ্ভব]। বদ [<ফা. বদ্] + রাগ [রন্‌জ্ + অ] + বাং. ঈ। বদ [যুক্তিহীন] রাগ যার= বহুব্রী। ৩।৫

বদরিকা: কুল, কুলগাছ। বি। তৎসম। বদরী + ক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ব্ + অ + দ্ + অ + র্ + ই + ক্ + আ।

বদরিকাশ্রম: ব্যাসাশ্রম। বি। তৎসম। বদরিকা + আশ্রম [আ + শ্রম্ + অ]। ৬।১ [সন্ধি] আ + আ= আ [কা]। ২।১।ঘ বদরিকা নামক আশ্রম= মধ্যপ-কর্মধা। ৩।২

বদরী: কুল, কুলগাছ, বদরিকাশ্রম। বি। তৎসম। বানান: ব্ + অ + দ্ + অ + র্ + ঈ।

বদরীনাথ: বদরী নামক পর্বত-শৃঙ্গে বিরাজিত শিবমূর্তি। বি। তৎসম।

বদহজম: অপরিপাক। বি। বিদেশী। বদ [<ফা. বদ্] + হজম [<আ. হজ্‌ম্]। বদ্ [মন্দ] যে হজম [পরিপাক]= কর্মধা। ৩।২

বদল: পরিবর্তন। বি। বিদেশী। <আ. বদল্।

বদলা : প্রতিশোধ য়। বি। বিদেশী। বদল [<আ. বদল্] + বাং. আ।

বদলা বদলি : পরস্পর বিনিময়। বি। বিদেশী। বদলা [<আ. বদল্ + বাং. আ] + বদলি [<আ. বদল্ + বাং. ই]।

বদলি : বদলে। বিণ। বিদেশী। বদল [<আ. বদল্] + বাং. ই।

বদলী : কর্মচারীরূপে স্থানান্তরিত। বিণ। বিদেশী। বদল [<আ. বদল্] + বাং. ঈ।

বদান্য : দানশীল, যিনি অন্যকে দিতে বলেন। বদ্ [বলা] + আন্য। ৬।১ [সন্ধি] দ্ + আ = দা। বানান : ব্ + অ + দ্ + আ + ন্ + য্ + অ। ন্ + য্ + অ= ন্য।

বদ্দি : বৈদ্য জাতি [কথ্য]। বি। অর্ধ-তৎসম। <সং. বৈদ্য। বানান : ব্ + অ + দ্ + দ্ + ই।

বদ্ধ : বাঁধা। বিণ। তৎসম। বন্ধ্ + ত। ৬।১ বানান : ব্ + অ + দ্ + ধ্ + অ। দ্ + ধ্ + অ= দ্ধ। স্মরণীয় : বদ্ধ= বিশেষণ, বন্ধ =বিশেষ্য।

বদ্ধপরিকর : কৃতসংকল্প। বিণ। তৎসম। বদ্ধ [বন্ধ্ + ত] + পরিকর [পরি + কৃ + অ]। ৬।১ বদ্ধ পরিকর [কটিবন্ধ] যার = বহুব্রী। ৩।৫

বদ্ধমুষ্টি : কৃপণ, দৃঢ়মুষ্টি। বিণ। তৎসম। বদ্ধ [বন্ধ্ + ত] + মুষ্টি [মুষ্ + তি]। ৬।১ বদ্ধ মুষ্টি যার= বহুব্রী। ৬।৫ বানান : ব্ + অ + দ্ + ধ্ + অ + ম্ + উ + ষ্ + ট্ + ই। বি.দ্র. : 'ট্'-এর আগে 'ষ্' হয়েছে। দ্ + ধ্ + অ= দ্ধ, ষ্ + ট্ + ই= ষ্টি।

বদ্ধমূল : অনাড়ি। বিণ। তৎসম। বদ্ধ [বন্ধ্ + ত] + মূল [মূল্ + অ]। বদ্ধ মূল যার= বহুব্রী। ৩।৫ বানান : ব্ + অ + দ্ + ধ্ + অ + ম্ + উ + ল্ + অ।

বদ্ধাঞ্জলি : কৃতাঞ্জলি। বিণ। তৎসম। বদ্ধ [বন্ধ্ + ত] + অঞ্জলি [অঞ্জ্ + অলি] ৬।১ [সন্ধি] অ + অ = আ [ধা]। ২।১।ক। বদ্ধ অঞ্জলি যার দ্বারা = করণতৎ। বানান : ব্ + অ + দ্ + ধ্ + আ + ঞ + জ্ + অ + ল্ + ই।

ব-দ্বীপ : নদীর মোহানাস্থিত প্রায় ব-অক্ষরের আকার-বিশিষ্ট দ্বীপ। বি। তৎসম। ব+দ্বীপ [দ্বি + ঈপ (অপ= জল)] ৬।২ 'ব'-এর আকৃতি-বিশিষ্ট দ্বীপ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : দ্বীপ : দ্ + ব্ + ঈ + প্ + অ।

বদ্রীনাথ : বদরী-নামক পর্বত-শৃঙ্গে বিরাজিত শিবমূর্তি। বি। তৎসম। 'বদরীনাথ' দ্রষ্টব্য। বানান : ব্ + অ + দ্ + র্ + ঈ + ন্ + আ + থ্ + অ। 'বদরী'র [পর্বত-শৃঙ্গের] নাথ= সম্বন্ধতৎ। ৩।৩

বধ : হত্যা। বি। তৎসম। হন্ [হত্যা করা] + অ। ৬।১

বধস্থলী : বধের স্থান। বি। তৎসম। বধ [হন্ + অ] + স্থলী [স্থল্ + ঈ]। ৬।১ বধের স্থলী= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্থলী : স্ + থ্ + অ + ল্ + ঈ।

বধির : কালা। বি। তৎসম। বন্ধ্ + ইর। ৬।১ বানান : ব্ + অ + ধ্ + ই + র্ + অ।

বধূ : পত্নী, পুত্রবধূ। বি। তৎসম। বহ্ > বধ্ + উ। ৬।১ মতান্তরে, বন্ধ্ + উ [ন্-লোপ]। বানান : ব্ + অ + ধ্ + উ। বি. দ্র. : ধ্ + উ = ধূ।

বধোদ্যত : বধ করতে উদ্যত। বিণ। তৎসম। বধ [হন্ + অ] + উদ্যত [উৎ + যত (যম্ + ত)]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [ধো]। ২।৫।ক বধে উদ্যত= অধিকরণ-তৎ। ৩।৩ বানান : ব্ + অ + ধ্ + ও + দ্ + য্ + অ +ত্ + অ।

বধোপায় : মারবার উপায়। বি। তৎসম। বধ [হন্ + অ] + উপায় [উপ + আয় (ই + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [ধো]। ২।৫।ক বধের উপায়= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + অ + ধ্ + ও + প্ + আ + য্ + অ।

বধ্য : বধযোগ্য। বিণ। তৎসম। হন্ + য [ণ্যৎ]। ৬।১ বানান : ব্ + অ + ধ্ + য্ + অ।

বন : কানন। বি। তৎসম। বন্ [বিস্তার করা] + অ। যা নিজেকে বিস্তার করে।

বনজ : বনজাত। বিণ। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + জ [জন্ (জন্ম দান করা) + অ]। ৬।১ বনে জন্মে যে= উপপদ তৎ। ৩।৩

বনজঙ্গল : ঝোপঝাড়। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + জঙ্গল [গম্ (গমন করা) + যঙ্লুক + অ]। ৬।১ বন ও জঙ্গল= দ্বন্দ্ব। ৩।৪ বানান : জঙ্গল = জ্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + অ। ঙ্ + গ্ + অ = ঙ্গ।

বনজ্যোৎস্না : যা বনে জ্যোৎস্নার মতো শোভা পায়, মল্লিকা। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + জ্যোৎস্না [জ্যোতিস্ + ন + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক। 'জ্যোৎস্না' দ্রষ্টব্য। বনের জ্যোৎস্না = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: জ্যোৎস্না= জ্ + য্ + ও + ৎ + স্ + ন্ + আ। জ্ + য্ + ও =জ্যো, স্ + ন্ + আ = স্না।

বনদেবতা : বনের অধিষ্ঠাত্রী দেবতা। বি। তৎসম। বন + দেবতা [দেব + তা]। ৬।২ বনের দেবতা = সম্বন্ধতৎ। ৩।৩ অথবা, বনের অধিষ্ঠাত্রী দেবতা= মধ্যপ-কর্মধা। ৩।২

বনপাল : সরকারী বনবিভাগের প্রধান কর্মচারী। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + পাল [পা (রক্ষা করা) + ণিচ্ + অ]। ৬।১ বনের পাল [রক্ষক]= সম্বন্ধতৎ। ৩।৩

বনবাদাড় : ঝোপঝাড়। বি। মিশ্র [তৎসম + দেশী]। বন ['বন' দ্রষ্টব্য] + দেশী. বাদাড়। বন ও বাদাড় [জঙ্গল]= দ্বন্দ্ব। ৩।৪

বন্‌বন্ : দ্রুত লাঠি ঘোরাবার শব্দ। অব্যয়। দেশী। ধ্বন্যাত্মক শব্দ।

বনবাস : জঙ্গলে নির্বাসন। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + বাস [বস্ + অ]। ৬।১ বনে বাস= অধিকরণতৎ। ৩।৩।

বনবাসী : যে বনে বাস করে। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + বাসী [বস্ + ইন্ (ঈ)]। ৬।১ বনে বাস করে যে = উপপদতৎ। ৩।৩ শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বনবাসিনী : যে [স্ত্রী] বনে বাস করে। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + বাসিনী [বস্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ বনে বাস করে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + অ + ন্ + অ + ব্ + আ + স্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : আগে ই, পরে ঈ।

বনবিড়াল : বিড়াল-জাতীয় বন্য প্রাণী। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + সং. বিড়াল। বনে বাসকারী বা জাত বিড়াল = মধ্যপ-কর্মধা। ৩।৩।

বনবিবি : সুন্দরবনের অধিষ্ঠাত্রী দেবতা। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। বন ['বন' দ্রষ্টব্য] + বিবি [<ফা. বীবী]। বাংলা বানান: ব্ + অ + ন্ + অ + ব্ + ই + ব্ + ই।

বনবিহারী : শ্রীকৃষ্ণ। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + বিহারী [বি + হৃ + ইন্ [ঈ]। ৬।১ বনে বিহার করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: বিহারী = ব্ + ই + হ্ + আ + র্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বনভোজন : চড়ুইভাতি। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + ভোজন [ভুজ্ + অন]। ৬।১ বনে ভোজন= অধিকরণতৎ। ৩।৩ বানান : ভোজন= ভ্ + ও + জ্ + অ + ন্ + অ।

বনমল্লিকা : কাষ্ঠমল্লিকা। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + মল্লিকা [মল্লি + ক + আ (স্ত্রী)। ৬।১, ৭।১।ক, বন-জাত মল্লিকা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: মল্লিকা: ম্ + অ + ল্ + ল্ + ই + ক্ + আ।

বনমানুষ : লেজহীন বানর। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + মানুষ [মনু (+ষ) + অ]। ৬।২ বনে জাত মানুষ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান:

মানুষ : ম্ + আ + ন্ + উ + ষ্ + অ। বি.দ্র. : উ-র পর 'ষ' হয়েছে।

বনমালা : আজানুলম্বিত মালা। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + মালা [মা + লা + অ + আ (স্ত্রী)] ৬।১, ৭।১।ক বন ফুলের মালা = মধ্যপ-কর্মধা। ৩।২

বনমালী : শ্রীকৃষ্ণ। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + মালী [মালা ('মালা' দ্রষ্টব) + ইন্ (ঈ)]। ৬।২ বনমালা [আছে] যার = বহুব্রী। ৩।৫ বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বনরাজি : জঙ্গলের সারি। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + রাজি [রাজ্ + ই]। ৬।১ বনের রাজি [শ্রেণী]= সম্বন্ধতৎ। ৩।৩।

বনলক্ষ্মী : কদলী। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + লক্ষ্মী [লক্ষ্ + ম + ঈ]। ৬।১, ৭।১ গ, বনের অধিষ্ঠাত্রী লক্ষ্মী= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: লক্ষ্মী : ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ।

বনস্পতি : অশ্বত্থাদি বৃক্ষ, ঘিয়ের মতো জমানো উদ্ভিজ্জ তেল। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + পতি [পা (রক্ষা করা) + অতি]। ৬।১ [সন্ধি] স্-আগম [নিপাতনে]। বনের পতি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + ন্ + অ + স্ + প্ + অ + ত্ + ই।

বনাত : মোটা পশমী বস্ত্র। বি। বিদেশী। <হি. বনাত।

বনানী : মহাবন। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + আনী [স্ত্রী]। ৭।৩।গ বানান: ব্ + অ + ন্ + আ + ন্ + ঈ।

বনান্ত : বনের প্রান্তভাগ। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + অন্ত [অম্ + ত]। [সন্ধি] অ + অ= আ [না]। ২।১।ক বনের অন্ত [শেষ]= সম্বন্ধ তৎ। ৩।৩ বানান: ব্ + অ + ন্ + আ + ন্ + ত্ + অ।

বনান্তর : অন্য বন। বি। তৎসম। বন। ['বন' দ্রষ্টব্য] + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ অন্য বন = নিত্য সমাস। বানান: ব্ + অ + ন্ + আ + ন্ + ত্ + অ + র্ + অ।

বনাবনি : মিলমিশ। বি। তদ্ভব। বনা [বন্ + আ = মিল] + অবনি [ন (অ) + বন্ + ই = অমিল]। ৬।২ বন ও অবনি= দ্বন্দ্ব। ৩।৪

বনাম : বিরুদ্ধে। অব্য। বিদেশী। <ফা. বনাম্।

বনাশ্রম : বানপ্রস্থ। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + আশ্রম [আ + শ্রম্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [না] । ২।১।খ বনের আশ্রম = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + ন্ + আ + শ্ + র্ + অ + ম্ + অ। শ্ + র্ + অ= শ্র।

বনিতা : নারী। বি। তৎসম। বন + ইত + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ব্ + অ + ন্ + ই + ত্ + আ। স্মরণীয়: শব্দটিতে 'ন' 'ণ' হওয়ার কোন যুক্তি নেই।

বনিবনাও : মিলমিশ, মনের মিল। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. বনি [বন্ + ই] + হি. বনাও।

বনিয়াদ : ভিত্তি। বি। বিদেশী। <ফা. বুনিয়াদ।

বনিয়াদী : সম্ভ্রান্ত। বিণ। বিদেশী। <ফা. বুনিয়াদ্ + বাং.ঈ।

বনিয়াদী শিক্ষা : যে প্রাথমিক শিক্ষায় হাতের কাজ শিক্ষার ওপরে জোর দেওয়া হয় [basic education] । বি। মিশ্র [বিদেশী + তৎসম]। বনিয়াদী <ফা. বুনিয়াদ + বাং. ঈ + সং. শিক্ষা [শিক্ষ্ + অ + আ]। ৬।১ বানান: শিক্ষা: শ্ + ই + ক্ + ষ্ + আ।

বনীকরণ : বন-সৃজন। বি। তৎসম। বন ['বন' দ্রষ্টব্য] + ঈ [অভূততদ্ভাবে] + করণ [কৃ + অন]। ৬।১ বানান: ব্ + অ + ন্ + ঈ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ন্ + ঈ = নী। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বনেদ : ভিত্তি। বি। বিদেশী। <ফা. বুনিয়াদ।

বনেদী : সম্ভ্রান্ত। বিণ। বিদেশী। <ফা. বুনিয়াদ্ + বাং. ঈ।

বনোয়ারি : শ্রীকৃষ্ণ। বি। বিদেশী। হি. বনোয়ারি <সং. বনবিহারী।

বন্দন, বন্দনা : স্তুতি। বি। তৎসম। বন্দ্ [বন্দনা করা] + অন [আ]। ৬।১, ৭।১।গ বানান : ব্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ [আ]।

বন্দনীয় : নমস্য। বিণ। তৎসম। বন্দ্ [বন্দনা করা] + অনীয়। ৬।১ যিনি বন্দনার যোগ্য। বানান : ব্ + অ + ন্ + দ্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র. : ঈ-কার 'অনীয়'-প্রত্যয়জনিত।

বন্দনীয়া : নমস্যা। বিণ। তৎসম। বন্দনীয় ['বন্দনীয়' দ্রষ্টব্য + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ব্ + অ + ন্ + দ্ + অ + ন্ + ঈ + য্ + আ।

বন্দর : সমুদ্র বা নদীতীরের বাণিজ্যস্থান। বি। বিদেশী। <ফা. বন্দর।

বন্দি, বন্দী : বন্দনাকারী। বি। তৎসম। বন্দ্ [বন্দনা করা] + ই, বিকল্পে ঈ।

বন্দি, বন্দী : অবরুদ্ধ। বি। বিদেশী। <ফা. বন্দী। বাংলা বানান : ব্ + অ + ন্ + দ্ + ই [ঈ]।

বন্দিত : পূজিত। বিণ। তৎসম। বন্দ্ [বন্দনা করা] + ত। ৬।১ বানান : ব্ + অ + ন্ + দ্ +ই + ত্ + অ।

বন্দিতা : পূজিতা। বিণ। তৎসম। বন্দিত ['বন্দিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ব্ + অ + ন্ + দ্ + ই + ত্ + আ।

বন্দিনী : অবরুদ্ধা। বি, বিণ। তৎসম। বন্দ্ + ইনী [স্ত্রী]। ৭।১।চ বানান : ব্ + অ + ন্ + দ্ + ই + ন্ + ঈ।

বন্দিশ : বাঁধুনি [গঠন]। বি। বিদেশী। <ফা. বন্দিশ্। বাংলা বানান : ব্ + অ +ন্ + দ্ + ই + শ্। বাংলায় অন্তিম হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বন্দুক : আগ্নেয়াস্ত্র। বি। বিদেশী। তুর্কী. বন্দুক্। বাংলা বানান : ব্ + অ + ন্ + দ্ + উ + ক। ন্ + দ্ + উ= ন্দু। বাংলায় অন্তিম হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বন্দুকচি, বন্দুকচী : যে বন্দুক চালায়। বি। বিদেশী। বন্দুক ['বন্দুক' দ্রষ্টব্য] + তুর্কী প্রত্যয় 'চি' বা 'চী'।

বন্দেগি, বন্দেগী : সশ্রদ্ধ অভিবাদন। বি। বিদেশী। <ফা. বন্দগী। বাংলা বানান : ব্ + অ + ন্ + দ্ + এ + গ্ + ই [ঈ]। বি.দ্র. : ন্ + দ্ + এ= ন্দে।

বন্দেমাতরম্ : মাতাকে অর্থাৎ দেশমাতাকে বন্দনা করি। ক্রি। তৎসম। বন্দে [বন্দ্ + এ [লট্] + `মাতরম্ ['মাতৃ' শব্দের কর্ম কারকের একবচন]। বানান : বন্দে = ব্ + অ + ন্ + দ্ + এ।

বন্দোবস্ত : ব্যবস্থা। বি। বিদেশী। <ফা. বন্দ্-ও-বস্ত্। বাংলা বানান : ব্ + অ + ন্ + দ্ + ও + ব্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + ও= ন্দো। স্ + ত্ + অ= স্ত।

বন্দ্য : বন্দনীয়। বিণ। তৎসম। বন্দ্ [বন্দনা করা] + য [ন্যৎ]। ৬।১ বানান : ব্ + অ + ন্ + দ্ + য্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + য্ + অ= ন্দ্য।

বন্দ্যঘটি : বাঙালী ব্রাহ্মণের গাঁই বিশেষ। বিণ। তৎসম। বন্দ্য ঘাট [স্থান-নাম] + বাং. ই। > বন্দ্যঘটি।

বন্দ্যবংশ : পূজ্য বংশ, বন্দ্যোপাধ্যায় বংশ। বি। তৎসম। বন্দ্য ['বন্দ্য' দ্রষ্টব্য] + বংশ [বম্‌শ্ + অ]। ৬।১ বন্দ্য যে বংশ= কর্মধা। ৩।২

বন্দ্যোপাধ্যায় : ব্রাহ্মণের উপাধি-বিশেষ। বি। তৎসম। বন্দ্য ['বন্দ্য' দ্রষ্টব্য] + উপাধ্যায় [উপ + অধ্যায় (অধি + ই + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [ন্দ্যো]। ২।৫।ক অ + অ = আ [পা]। ২।১।ক বন্দ্য যে উপাধ্যায়

[অধ্যাপক]= কর্মধা। ৩।২ বানান: ব্ + অ + ন্ + দ্ + য্ + ও + প্ + আ + ধ্ + য্ + আ + য্ + অ। ন্ + দ্ + য্ + ও= দ্যো। ধ্ + য্ + আ= ধ্যা।

বন্ধ: বন্ধনী, ছুটি, বিরতি। বি। তৎসম। বন্ধ্ + অ। ৬।১ বানান: ব্ + অ + ন্ + ধ্ + অ। ন্ + ধ্ + অ= ন্ধ।

বন্ধক: দেনাশোধের প্রত্যাভূতি-স্বরূপ কিছু গচ্ছিত রাখা। বি। তৎসম। বন্ধ্ + অক। ৬।১ বানান: ব্ + অ + ন্ + ধ্ + অ + ক্ + অ। ন্ + ধ্ + অ= ন্ধ।

বন্ধকী: ঋণের প্রত্যাভূতি-স্বরূপ যা বন্ধক রাখা হয়েছে। বিণ। তৎসম। বন্ধক ['বন্ধক' দ্রষ্টব্য] + বাং. ঈ। বানান: ব্ + অ + ন্ + ধ্ + অ + ক্ + ঈ। ন্ + ধ্ + অ= ন্ধ।

বন্ধন: বাঁধা। বি। তৎসম। বন্ধ্ + অন। ৬।১ বানান: ব্ + অ + ন্ + ধ্ + অ + ন্ + অ। ন্ + ধ্ + অ = ন্ধ।

বন্ধনী: বক্তব্যধৃত পরস্পর অভিমুখ বক্র রেখাদ্বয়। বি। তৎসম। বন্ধন ['বন্ধন' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। বানান: ব্ + অ + ন্ + ধ্ + অ + ন্ + ঈ। ন্ + ধ্ + অ= ন্ধ।

বন্ধু: মিত্র। বি। তৎসম। বন্ধ্ + উ। ৬।১ বানান: ব্ + অ + ন্ + ধ্ + উ। ন্ + ধ্ + উ= ন্ধু।

বন্ধুকৃত্য: সম্পদে-বিপদে বন্ধুর করণীয় কার্য। বি। তৎসম। বন্ধু ['বন্ধু' দ্রষ্টব্য] + কৃত্য [কৃ + য (ক্যপ্)]। ৬।১ বন্ধুর কৃত্য= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + ন্ + ধ্ + উ + ক্ + ঋ + ত্ + য্ + অ। ন্ + ধ্ + উ= ন্ধু, ক্ + ঋ + ত্ + য্ + অ= কৃত্য।

বন্ধুতা, বন্ধুত্ব: মিত্রতা। বি। তৎসম। বন্ধু ['বন্ধু' দ্রষ্টব্য] + তা [ত্ব]। ৬।২ বানান: ব্ + অ + ন্ + ধ্ + উ + ত্ + আ, ব্ + অ + ন্ + ধ্ + উ + ত্ + ব্ + অ। ত্ + ব্ + অ= ত্ব।

বন্ধুজীব, বন্ধুজীবক: বান্ধুলি ফুলের গাছ। বি। তৎসম। বন্ধু ['বন্ধু' দ্রষ্টব্য] + জীব, জীবক [জীব্ + অ বা অক]। ৬।১ বানান: ব্ + অ + ন্ + ধ্ + উ + জ্ + ঈ + ব্ + অ [+ ক্ + অ]।

বন্ধুবিচ্ছেদ: মিত্রের সঙ্গে মনান্তর। বি। তৎসম। বন্ধু ['বন্ধু' দ্রষ্টব্য] + বিচ্ছেদ [বি + ছেদ (ছিদ্ + অ)]। ৬।১ [সন্ধি] ই + ছে = ইচ্ছে [বিচ্ছে]। ২।১৪ বন্ধু থেকে বিচ্ছেদ= অপাদান তৎ। ৩।৩ বানান: বিচ্ছেদ: ব্ + ই + চ্ + ছ্ + এ + দ্ + অ।

বন্ধুর: অসমতল, দুর্গম। বিণ। তৎসম। বন্ধ্ + উর। ৬।১ বানান: ব্ + অ + ন্ + উ + র্ + অ। ন্ + ধ্ + উ= ন্ধু।

বন্ধুরতা, বন্ধুরত্ব: দুর্গমতা। বি। তৎসম। বন্ধুর ['বন্ধুর' দ্রষ্টব্য] + তা, ত্ব। ৬।২ বানান: ব্ + অ + ন্ + ধ্ + উ + র্ + অ + ত্ + আ, ব্ + অ + ন্ + ধ্ + উ + র্ + অ + ত্ + ব্ + অ। ত্ + ব্ + অ= ত্ব।

বন্ধুল: বন্ধুক পুষ্প বা বৃক্ষ। বি। তৎসম। বন্ধু ['বন্ধু' দ্রষ্টব্য] + ল। ৬।২ বানান: ব্ + অ + ন্ + ধ্ + উ + ল্ + অ।

বন্ধুলি: বাঁধুলি ফুলের গাছ। বি। তৎসম। বন্ধু ['বন্ধু' দ্রষ্টব্য] + লি। ৬।২ বানান: ব্ + অ + ন্ + ধ্ + উ + ল্ + ই।

বন্ধুহীন: যার আপনার বলতে কেউ নেই। বিণ। তৎসম। বন্ধু ['বন্ধু' দ্রষ্টব্য] + হীন [হা + ত]। ৬।১ বন্ধু দ্বারা হীন= করণতৎ। ৩।৩ বানান: ব্ + অ + ন্ + ধ্ + উ + হ্ + ঈ + ন্ + অ। ন্ + ধ্ + উ = ন্ধু, হ্ + ঈ= হী।

বন্ধ্যা: যে স্ত্রীর সন্তান হয় না। বিণ। তৎসম। বন্ধ্ + য [ক্যপ্] + আ [স্ত্রী] ৬।১, ৭।১।ক বানান:

ব্ + অ + ন্ + ধ্ + য্ + আ। ন্ + ধ্ + য্ + আ= ন্ধ্যা।

বন্য : বুনো। বিণ। তৎসম। বন + য [যৎ]। ৬।১ বানান : ব্ + অ + ন্ + য্ + অ। ন্ + য্ + অ= ন্য।

বন্যা : বান। বি। তৎসম। বন [জল] + য [যৎ] + আ [স্ত্রী]। ৬।১, ৬।২ বানান : ব্ + অ + ন্ + য্ + আ। ন্ + য্ + আ= ন্যা।

বপন : বীজ বোনা। বি। তৎসম। বপ্ [বোনা] + অন। ৬।১

বপু : শরীর। বি। তৎসম। বপ্ + উস্। 'স্' বা তজ্জাত বিসর্গ লুপ্ত। বানান : ব্ + অ + প্ + উ।

বপ্র : পরিখা খননের ফলে সৃষ্ট মৃত্তিকা স্তূপ। বি। তৎসম। বপ্ + র। বানান : ব্ + অ + প্ + র্ + অ। প্ + র্ + অ= প্র।

বপ্রক্রীড়া : শিঙে বা দাঁতে মৃত্তিকা উৎখাত করে খেলা। বি। তৎসম। বপ্র ['বপ্র' দ্রষ্টব্য] + ক্রীড়া [ক্রীড্ + অ + আ]। ৬।১ বপ্র [পরিখা খনন জাত মৃত্তিকা] দ্বারা ক্রীড়া= করণতৎ। ৩।৩ বানান : ব্ + অ + প্ + র্ + অ + ক্ + র্ + ঈ + ড্ + আ। ক্ + র্ + ঈ = ক্রী।

বভ্রুবাহন : অর্জুন ও চিত্রাঙ্গদার পুত্র। বি। তৎসম। বভ্রু। [ভৃ + উ (দ্বিত্ব)] = বাহন [বহ্ + ণিচ্ + অন]। ৬।১ বভ্রু [পিঙ্গল বর্ণের অশ্ব (?)] বাহন যার = বহুব্রী। ৩।৫ বানান : ব্ + অ + ভ্ + র্ + উ + ব্ + আ + হ্ + অ + ন্ + অ। ভ্ + র্ + উ = ভ্রু।

বমন : বমি। বি। তৎসম। বম্ [বমি করা] + অন। ৬।১

বমাল : চোরাই জিনিস সমেত। ক্রি-বিণ। বিদেশী। <ফা. ব-মাল্।

বমি : বমন। বি। তৎসম। বম্ [বমি করা] + ই।

বম্বু : বাঁশ। বি। বিদেশী। <ইং. bamboo. বাংলা বানান : ব্ + অ + ম্ + ব্ + উ। ম্ + ব্ + উ= ম্বু।

বয় : খানসামা, ছোকরা ভৃত্য। বি। বিদেশী। <ইং. boy. বাংলা বানান : ব্ + অ + য়্। অন্তিম 'য়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বয়ঃ : বয়স। বি। তৎসম। বয়্ [গমন করা] + অস্ [অঃ]। বানান : ব্ + অ + য়্ + অ + ঃ।

বয়ঃক্রম : বয়স। বি। তৎসম। বয়ঃ ['বয়ঃ' দ্রষ্টব্য] + ক্রম [ক্রম্ + অ] । ৬।১ [সন্ধি] ঃ + ক্র [সন্ধি নিষিদ্ধ]। বয়সের ক্রম= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + অ + য়্ + অ + ঃ + ক্ + র্ + অ + ম্ + অ।

বয়ঃপ্রাপ্ত : সাবালক। বিণ। তৎসম। বয়ঃ ['বয়ঃ' দ্রষ্টব্য] + প্রাপ্ত [প্র + আপ্ + ত]। ৬।১ [সন্ধি] ঃ + প্রা [সন্ধি নিষিদ্ধ]। বয়ঃকে প্রাপ্ত = কর্মতৎ। ৩।৩ বানান : ব্ + অ + য়্ + অ + ঃ + প্ + র্ + আ + প্ + ত্ + অ। প্ + র্ + আ= প্রা, প্ + ত + অ= প্ত।

বয়ঃসন্ধি : বাল্য ও যৌবনের সন্ধিকাল। বি। তৎসম। বয়ঃ ['বয়ঃ' দ্রষ্টব্য] + সন্ধি [সম্ + ধা + ই]। ৬।১ [সন্ধি] ঃ + স [সন্ধি নিষিদ্ধ]। বয়সের সন্ধি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + অ + য়্ + অ + ঃ + স্ + অ + ন্ + ধ্ + ই। ন্ + ধ্ + ই= ন্ধি।

বয়স্ক : বয়ঃপ্রাপ্ত [অশুদ্ধ], বয়সযুক্ত [শুদ্ধ]। বয়ঃ + ক [সমাসান্ত প্রত্যয়]।

বয়ঃস্থ, বয়স্থ : যৌবনপ্রাপ্ত। বিণ। তৎসম। বয়ঃ ['বয়ঃ' দ্রষ্টব্য] + স্থ [স্থা + অ]। ৬।১ বিকল্পে, বিসর্গ লুপ্ত। স্ত্রীলিঙ্গে 'বয়স্থা'। বানান : ব্ + অ + য়্ + অ + [ঃ] + স্ + থ্ + অ।

বয়কট : বর্জন। বি। বিদেশী <ইং. boycott. বাংলা বানান : ব্ + অ + য়্ + ক্ + অ + ট্। বি.দ্র. : 'য়' ও 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বয়ড়া : বহেড়া। বি। তদ্ভব। <প্রা. বহেড়অ <সং. বিভীতক।

বয়ন : বোনা। বি। তৎসম। বে + অন। ৬।১ [সন্ধি] এ + অ= অয় [বয়]। ২।১০।ক

বয়ান : মুখ। বি। তদ্ভব। <সং. বদন। 'আ'-স্বরাগম।

বয়নামা : বিক্রয়-কবালা। বি। বিদেশী। <আ. বয়্-নামা। বাংলা বানান : ব্ + অ + য়্ + ন্ + অ + ম্ + আ। বি.দ্র. : 'য়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বয়লার : সিদ্ধ করবার পাত্র। বি। বিদেশী। <ইং. boiler. বাংলা বানান : ব্ + অ + য়্ + ল্ + আ + র্। বি.দ্র. : 'য়' ও 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বয়স : বয়ঃক্রম। বি। তদ্ভব। বয়স [<সং. বয়্ [গমন করা] + অস্ [:]। ৬।১ বানান : ব্ + অ + য়্ + অ + স্। বি.দ্র. : তদ্ভব শব্দে অন্তিম বর্ণের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বয়স-দোষ : যৌবন বয়সের দোষ। বি। তদ্ভব। বয়স ['বয়স' দ্রষ্টব্য] + দোষ [দুষ্ + অ]। ৬।১ বয়সের দোষ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : দোষ : দ্ + ও + ষ্ + অ। 'ও'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

বয়স-ফোঁড়া : প্রথম যৌবনে মুখের ব্রণ। বি। তদ্ভব। বয়স ['বয়স' দ্রষ্টব্য] + ফোঁড়া [<সং. স্ফোটক]।

বয়সাধরা : যৌবনের সূচনায় কণ্ঠস্বরের বিকার। বি। তদ্ভব। বয়স ['বয়স' দ্রষ্টব্য] + বাং. আ + ধরা [<সং. ধৃ + বাং. আ]।

বয়স্ক : প্রবীণ, সাবালক। বিণ। তৎসম। বয়ঃ + ক। [সন্ধি] অঃ + ক= অস্ক [য়স্ক]। 'প্রবীণ' অর্থে শব্দটি শুদ্ধ। কিন্তু 'সাবালক' অর্থে শব্দটি অশুদ্ধ।

বয়স্থা : যুবতী। বিণ। তৎসম। বয়স্থ ['বয়স্থ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী] বানান : ব্ + অ + য়্ + অ + স্ + থ্ + আ। বি.দ্র. : স্ + থ্ + আ= স্থা।

বয়স্য : মনোরঞ্জনকারী পার্শ্বচর [বন্ধু]। বি। তৎসম। বয়স্ [বয়্ + অস্] + য [যৎ]। ৬।১ বানান : ব্ + অ + য়্ + অ + স্ + য্ + অ।

বয়স্যা : সমান বয়সের বন্ধু [স্ত্রী]। বি। তৎসম। বয়স্য ['বয়স্য'] + আ [স্ত্রী]। বানান : ব্ + অ + য়্ + অ + স্ + য্ + আ। স্ + য্ + আ = স্যা।

বয়া : নদী বা সমুদ্রের চড়া নির্দেশক ভাসমান বৃহৎ পিপা। বি। বিদেশী। <ইং. buoy. বাংলা বানান : ব্ + অ + য়্ + আ।

বয়ান : বর্ণনা, মুখমণ্ডল। বি। তদ্ভব। <সং. বয়ন। 'য়' + আ [আগম]।

বয়েত : দুই চরণের কবিতা। বি। বিদেশী। <আ. বয়েৎ। বাংলা বানান : ব্ + অ + য়্ + এ + ত্ + অ।

বয়োজ্যেষ্ঠ : বয়সে বড়। বিণ। তৎসম। বয়ঃ ['বয়ঃ' দ্রষ্টব্য] + জ্যেষ্ঠ [বৃদ্ধ + ইষ্ঠ]। [সন্ধি] য়ঃ + জ্যে = য়োজ্যে। ২।৩৯ বানান : ব্ + অ + য়্ + ও + জ্ + য্ + এ + ষ্ + ঠ্ + অ। বি.দ্র. : 'ঠ'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ঙ

বয়োধর্ম : বয়সের স্বাভাবিক ধর্ম। বি। তৎসম। বয়ঃ ['বয়ঃ' দ্রষ্টব্য] + ধর্ম [ধৃ + ম]। ৬।১ [সন্ধি] য়ঃ + ধ = য়োধ। ২।৩৯ বয়সের ধর্ম= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + অ + য়্ + ও + ধ্ + অ + র্ + ম্ + অ। র্ + ম্ + অ= র্ম।

বয়োবৃদ্ধ : অধিকবয়স্ক। বিণ। তৎসম। বয়ঃ ['বয়ঃ' দ্রষ্টব্য] + বৃদ্ধ [বৃধ্ + ত]। ৬।১ [সন্ধি] য়ঃ + বৃ= য়োবৃ। ২।৩৯ বয়সে বৃদ্ধ= অধিকরণ তৎ। ৩।৩ বানান : ব্ + অ + য়্ + ও + ব্ + ঋ + দ্ + ধ্ + অ। বি.দ্র. : দ্ + ধ্ + অ= দ্ধ।

বয়োবৃদ্ধা : অধিকবয়স্কা। বিণ। তৎসম। বয়ঃ ['বয়ঃ' দ্রষ্টব্য] + বৃদ্ধা [বৃধ্ + ত্ + আ] ৬।১ [সন্ধি] য়ঃ + বৃ = য়োবৃ। ২।৩৯ বয়সে বৃদ্ধা=

অধিকরণতৎ। ৩।৩ বানান: ব্ + অ + য়্ + ও + ব্ + ঋ + দ্ + ধ্ + আ। বি.দ্র.: দ্ + ধ্ + আ= দ্ধা।

বয়োবৃদ্ধি : বয়সের বাড়। বি। তৎসম। বয়ঃ ['বয়ঃ' দ্রষ্টব্য] + বৃদ্ধি [বৃধ্ + তি]। ৬।১ [সন্ধি] য়ঃ + বৃ = য়োবৃ। ২।৩৯ বানান: ব্ + অ + য়্ + ও + ব্ + ঋ + দ্ + ধ্ + ই। বি.দ্র.: দ্ + ধ্ + ই =দ্ধি।

বর : আশীর্বাদ, স্বামী, বিবাহের পাত্র, শ্রেষ্ঠ। বি। তৎসম। বৃ [বরণ করা] + অ। ৬।১

বরকনে : বিবাহের পাত্র-পাত্রী। বি। তদ্ভব। বর ['বর' দ্রষ্টব্য] + কনে [<সং. কন্যা]। বর ও কনে= দ্বন্দ্ব। ৩।৪

বরং : তার পরিবর্তে। অব্য। তৎসম। <বরম্ [বৃ + অ]।

বরকন্দাজ : সিপাই। বি। বিদেশী। <আ. বর্ক্ + ফা. অন্দাজ। বাংলা বানান: ব্ + অ + র্ + অ + ক্ + অ + ন্ + দ্ + আ + জ্ + অ।

বরখাস্ত : পদচ্যুত। বিণ। বিদেশী। <ফা. বরখাস্ৎ। বাংলা বানান: ব্ + অ + র্ + অ + খ্ + আ + স্ + ত্ + অ। স্ + ত্ + অ= স্ত।

বরগা, বর্গা : ছাদের কড়ি কাঠের ওপরে আড়াআড়ি ভাবে বসানো সরু লোহা বা কাঠ। বি। বিদেশী। <পো. verga. বাংলা বানান: ব্ + অ + র্ + গ্ + আ। বি. দ্র.: 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। র্ + গ্ + আ= র্গা লিখলেও চলে।

বরজ : ঘেরা ও ছাউনি-দেওয়া পানের ক্ষেত। বি। বিদেশী। <ফা. বুর্জ। বাংলা বানান: ব্ + অ + র্ + অ + জ্। পদান্তিক হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বরণ : সাদর অভ্যর্থনা। বি। তৎসম। বৃ [বরণ করা] + অন। ৬।১ বানান: ব্ + অ + র্ + অ + ণ্ + অ। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বরণমালা : যে মালা দিয়ে পতিরূপে বরণ করা হয়। বি। তৎসম। বরণ ['বরণ' দ্রষ্টব্য] + মালা [মা+লা+অ+আ]। ৬।১ বরণের নিমিত্ত মালা = মধ্যপ-কর্মধা। ৩।২

বরণাঙ্গুরী : বিবাহকালে যে অঙ্গুরীয় দিয়ে জামাতাকে বরণ করা হয়। বি। তদ্ভব। বরণ ['বরণ' দ্রষ্টব্য] + অঙ্গুরী [<সং. অঙ্গুরীয়]। [সন্ধি] অ + অ = আ [ণা]। ২।১।ক বরণের নিমিত্ত অঙ্গুরী = মধ্যপ-কর্মধা। ৩।২। বানান: ব্ + অ + র্ + অ + ণ্ + আ + ঙ্ + গ্ + উ + র্ + ঈ।

বরণীয় : বরণযোগ্য। বিণ। তৎসম। বৃ [বরণ করা] + অনীয়। ৬।১ বরণের যোগ্য। বানান: ব্ + অ + র্ + অ + ণ্ + ঈ + য্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ স্ত্রীলিঙ্গে 'বরণীয়া'।

বরদ : অভীষ্ট-পূর্ণকারী। বিণ। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + দ [দা + অ]। ৬।১ বর [আশীর্বাদ বা অনুগ্রহ] দান করেন যিনি। স্ত্রীলিঙ্গে 'বরদা'।

বরদলই, বরদলৈ : আসামের সম্ভ্রান্ত উপাধি। বি। বিদেশী। < অসমীয়া. আসামের অহম জাতীয় শিক্ষকের উপাধি। বাংলা বানান: ব্ + অ + র্ + অ + দ্ + অ + ল্ + অ + ই। ল্ + অ + ই = লৈ।

বরদা : অভীষ্ট-পূর্ণকারিণী। বিণ। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + দা [দা + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক

বরদাস্ত : সহ্য। বি। বিদেশী। <ফা. বর্দাশ্ত্। বাংলা বানান: ব্ + অ + র্ + দ্ + আ + স্ + ত্ + অ। স্ + ত্ + অ = স্ত। 'র্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বরনারী : শ্রেষ্ঠা। বি। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + নারী [নর+ঈ বা নৃ + ঈ]। ৭।১।গ বর যে নারী = কর্মধা। ৩।২

বরপক্ষ : বরের স্বজন। বি। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + পক্ষ [পক্ষ্ + অ]। ৬।১ বরের পক্ষ = সম্বন্ধ তৎ। ৩।৩ বানান; ব্ + অ + র্ + অ + প্ + অ + ক্ + ষ্ + অ।

বরপুত্র : দেবতার অনুগৃহীত। বি। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + পুত্র [পুৎ + ত্র]। ৬।১ বর জাত পুত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ব্ + অ + র্ + অ + প্ + উ + ত্ + র্ + অ। ত্ + র্ + অ = ত্র।

বরফ : জমাট-বাঁধা জল। বি। বিদেশী। <ফা. বরফ। বাংলা বানান : ব্ + অ + র্ + অ + ফ্। অন্তিম হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বরফট্টাই : মিথ্যা জাঁক। বি। তদ্ভব। <সং. বহ্বাস্ফোট। বানান : ব্ + অ + র্ + অ + ফ্ + অ + ট্ + ট্ + আ + ই। ট্ + ট্ + আ = ট্টা।

বরফি, বরফী : জমাট চৌকো মিঠাই। বি। বিদেশী। <হি. বরফী। বাংলা বানান : ব্ + অ + র্ + ফ্ +ই [ঈ]। 'র্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বরবটি, বরবটী : সিম-জাতীয় কলাই। বি। তদ্ভব। <সং. বর্বটী। বানান : ব্ + অ + র্ + অ + ব্ + অ + ট্ + ই [ঈ]।

বরবাদ : নষ্ট। বিণ। বিদেশী। <ফা. বর্‌বাদ। বাংলা বানান : ব্ + অ + র্ + অ + ব্ + আ + দ্। অন্তিম হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বরমাল্য : বরকে যে মালা দিয়ে বরণ করা হয়। বি। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + মাল্য [মল্ + য (ণ্যৎ)]। ৬।১ বরের [বরণের] নিমিত্ত মাল্য = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ব্ + অ + র্ + অ + ম্ + আ + ল্ + য্ + অ। ল্ + য্ + অ = ল্য।

বরযাত্র : বিবাহকালে যারা বরের সঙ্গে যায়। বি। তদ্ভব। <সং. বরযাত্রী। বরের সহযাত্রী = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + অ + র্ + অ + য্ + আ + ত্ + র্ + অ। ত্ + র্ + অ = ত্র।

বরযাত্রী : বিবাহকালে যারা বরের সঙ্গে যায়। বি। তৎসম। বরের সহযাত্রী = সম্বন্ধ তৎ। ৩।৩ বানান : ব্ + অ + র্ + অ + য্ + আ + ত্ + র্ + ঈ। ত্ + র্ + ঈ = ত্রী।

বররুচি : বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম রত্ন, 'প্রাকৃত প্রকাশ'— এই প্রাকৃত ব্যাকরণের রচয়িতা। বি। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + রুচি [রুচ্ + ই]। ৬।১ বর [শ্রেষ্ঠ] রুচি যাঁর = বহুব্রী। ৩।৫

বরশা, বর্শা : সড়কি। বি। বিদেশী। <হি. বর্‌ছা। বাংলা বানান : ব্ + অ + র + শ্ + আ, বা, ব্ + অ + র্ + শ্ + আ। র্ + শ্ + আ = র্শা।

বরা : বরাহ, শূকর। বি। তদ্ভব। <সং. বরাহ। বানান : ব্ + অ + র্ + আ।

বরাঙ্গ : উত্তম অঙ্গযুক্ত। বি, বিণ। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + অঙ্গ [অঙ্গ্+অ] ৬।১ [সন্ধি] অ + অ = আ [রা]। ২।১।ক বর [শ্রেষ্ঠ] যে অঙ্গ = কর্মধা। ৩।২ অথবা, বর [শ্রেষ্ঠ] অঙ্গ যার = বহুব্রী। ৩।৫ বানান : ব্ + অ + র্ + আ + ঙ্ + গ্ + অ। ঙ্ + গ্ + অ = ঙ্গ।

বরাঙ্গনা : উত্তমা স্ত্রী। বি। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + আ [স্ত্রী] অঙ্গনা [অঙ্গ্ + অন + আ]। ৬।২ [সন্ধি] আ + অ = আ [রা]। ২।১।গ বরা যে অঙ্গনা = কর্মধা। ৩।২ বানান : ব্ + অ + র্ + আ + ঙ্ + গ্ + অ + ন্ + আ। বি.দ্র. : 'র্' ও 'ন'-এর মধ্যে ঙ্ + গ্ [ক-বর্গ] থাকা সত্ত্বেও 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

বরাঙ্গা : উত্তম অঙ্গযুক্তা। বি। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + অঙ্গ [অঙ্গ্ + অ] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক [সন্ধি] আ + অ = আ [রা]। ২।১।গ বর [শ্রেষ্ঠ] অঙ্গ যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান : ব্ + অ + র্ + আ + ঙ্ + গ্ + আ। ঙ্ + গ্ + আ = ঙ্গা।

বরাঙ্গী : উত্তম অঙ্গযুক্তা। বি। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + আ + অঙ্গ [অঙ্গ্ + অ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ [সন্ধি] আ + অ = আ [রা]। ২।১।গ বর [শ্রেষ্ঠ] অঙ্গ যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + অ + র্ + আ + ঙ্ + গ্ + ঈ।

বরাত : কর্মভার। বি। বিদেশী। <আ. বরাত্। বাংলা বানান: ব্ + অ + র্ + আ + ত্। অন্তিম হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বরাতী : ফরমাসী। বিণ। বিদেশী। <আ. বরাত্ + বাং. ঈ। বাংলা বানান: ব্ + অ + র্ + আ + ত্ + ঈ।

বরাদ্দ : নির্ধারিত ব্যবস্থা। বিণ। বিদেশী। <ফা. বরায়র্দ। বাংলা বানান: ব্ + অ + র্ + আ + দ্ + দ্ + অ। দ্ + দ্ + অ = দ্দ।

বরাননা : সুন্দর মুখ-বিশিষ্টা। বিণ। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + আনন [আ + অন্ +অন] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ [সন্ধি] অ + আ + আ [র]। ২।১।খ বর [শ্রেষ্ঠ] আনন [মুখ] যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫

বরানুগমন : বরযাত্রীরূপে বরের সঙ্গে গমন। বি। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + অনুগমন [অনু + গম্ + অন]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [রা]। ২।১।ক বরের অনুগমন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + আ + ন্ + উ + গ্ + অ + ম্ + অ + ন্ + অ।

বরাবর : চিরকাল। ক্রি-বিণ। বিদেশী। <ফা. ববাবর্। বাংলা বানান: ব্ + অ + র্ + আ + ব্ + অ + র্ + অ। মতান্তরে, সং. বৃ + অ।

বরাবরেষু : সমীপেষু। ক্রি-বিণ। বিদেশী। <ফা. ববাবর্ + এষু [অধিকরণ বহুবচন]। বাংলা বানান: ব্ + অ + র্ + আ + ব্ +অ + র্ + এ + ষ্ + উ। বি.দ্র.: 'এ'-কারের পর 'ষ' হয়েছে। ৪।২।ক মতান্তরে, সং. বৃ + অ।

বরাভয় : আশীর্বাদ ও অভয়দান। বি। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + অভয় [ন + ভী + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [রা]। ২।১।ক বর ও অভয় = দ্বন্দ্ব। ৩।২ বানান: ব্ + অ + র্ + আ + ভ্ + অ + য়্ + অ।

বরারোহা : নিতম্বিনী। বি। তৎসম। বরা [বৃ + অ + আ (স্ত্রী)] + আরোহা [আ+রুহ্+অ+আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [সন্ধি] আ + আ = আ [রা]। ২।১।ঘ বরা আরোহা = কর্মধা। ৩।২ বানান: ব্ + অ + র্ + আ + র্ + ও + হ্ + আ।

বরাসন : বিবাহ-সভায় বরের আসন। বি। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + আসন [আস্ + অন]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [রা]। ২।১।খ বরের নিমিত্ত আসন = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + অ + র্ + আ + স্ + অ + ন্ + অ।

বরাহ : শূকর। বি। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + আ + হন্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [রা]। ২।১।খ বানান: ব্ + অ + র্ + আ + হ্ + অ।

বরাহমিহির : বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম, 'বৃহৎ জাতক' ইত্যাদি গ্রন্থের প্রণেতা জ্যোতির্বিদ। বি। তৎসম। বরাহ ['বরাহ' দ্রষ্টব্য] + মিহির [মিহ্ + ইর]। ৬।১ বানান: ব্ + অ + র্ + আ + হ্ + অ + ম্ + ই + হ্ + ই + র্ + অ।

বরিষণ : বর্ষণ। বি। অর্ধতৎসম। <সং. বর্ষণ [বৃষ্ + অন]। ৬।১ 'ই' মধ্য-স্বরাগম। বানান: ব্ + অ + র্ + ই + ষ্ + অ + ণ্ + অ। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বরিষা : বর্ষা। বি। অর্ধ-তৎসম। <সং. বর্ষা [বৃষ্+অ+আ]। 'ই' মধ্য-স্বরাগম। বানান: ব্ + অ + র্ + ই + ষ্ + আ। 'রি'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

বরিষ্ঠ : শ্রেষ্ঠতম। বিণ। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + ইষ্ঠ + অ। ৭।১।ক বানান: ব্ + অ + র্ + ই + ষ্ + ঠ্ + অ। 'ই'-র পর এবং 'ঠ'-এর অব্যবহিত আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

বরিষ্ঠা : শ্রেষ্ঠা। বিণ। তৎসম। বরিষ্ঠ ['বরিষ্ঠ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ব্ + অ + র্ + ই + ষ্ + ঠ্ + আ। বি.দ্র.: 'ই'-র পর এবং 'ঠ'-এর অব্যবহিত আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

বরীয়ান : দুইয়ের মধ্যে অধিকতর উৎকৃষ্ট। বিণ। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য] + ঈয়ান্ [ইয়স্]। বানান: ব্ + অ + র্ + ঈ + য্ + আ + ন্।

বরীয়সী : দুইয়ের মধ্যে অধিকতর উৎকৃষ্টা। বি। তৎসম। বরীয়ান্ ['বরীয়ান্': বরীয়স্ দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। বানান: ব্ + অ + র্ + ঈ + য্ + অ + স্ + ঈ।

বরুণ : জলের দেবতা ও পশ্চিমদিকের দিক্‌পাল। বি। তৎসম। বৃ + উন। ৬।১ বানান: ব্ + অ + র্ + উ + ণ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন'-এর মধ্যে 'উ' [স্বরবর্ণ] থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বরুণানী : বরুণের পত্নী। বি। তৎসম। বরুণ ['বরুণ' দ্রষ্টব্য] + আনী [স্ত্রী]। ৭।১।ঙ বানান· ব্ + অ + র্ + উ + ণ্ + আ + ন্ + ঈ। 'র্' ও 'ন্' [প্রথম]-এর মধ্যে 'উ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। দ্বিতীয় 'ন' 'ণত্ব'-বিধানের মধ্যে পড়ে নি।

বরুণালয় : সমুদ্র। বি। তৎসম। বরুণ ['বরুণ' দ্রষ্টব্য] + আলয় [আ + লী + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [ণা]। ২।১।খ বরুণের আলয় = সম্বন্ধতৎ। ৩।৩

বরেণ্য : বরণীয়। বিণ। তৎসম। বর [বৃ + এণ্য]। ৬।১ বানান: ব্ + অ + র্ + এ + ণ্ + য্ + অ। 'র্' ও 'ন'-এর মধ্যে 'এ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বরেন্দ্র : শ্রেষ্ঠ। রাজা। বি। তৎসম। বর ['বর' দ্রষ্টব্য + ইন্দ্র [ইন্দ্ + র]। ৬।১ [সন্ধি] অ + ই = এ [রে]। ২।৪।ক বর [শ্রেষ্ঠ] যে ইন্দ্র [রাজা] = কর্মধা। ৩।২ বানান: ব্ + অ + র্ + এ + ন্ + দ্ + র্ + অ।

বরেন্দ্রভূমি : উত্তরবঙ্গ। বি। তৎসম। বরেন্দ্র ['বরেন্দ্র' দ্রষ্টব্য] + ভূমি [ভূ + মি]। ৬।২ বরেন্দ্রের ভূমি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + এ + ন্ + দ্ + র্ + অ + ভ্ + ঊ + ম্ + ই।

বর্গ : একই উচ্চারণ-স্থান থেকে উচ্চারিত বর্ণসমূহ। বি। তৎসম। বৃজ্ + অ । বানান: ব্ + অ + র্ + গ্ + অ।

বর্গক্ষেত্র : যে ক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ সমান। বি। তৎসম। বর্গ ['বর্গ' দ্রষ্টব্য] + ক্ষেত্র [ক্ষি (বাস করা) + ত্র]। ৬।২ বর্গাকার ক্ষেত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + অ + র্ + গ্ + অ + ক্ + ষ্ + এ + ত্ + র্ + অ।

বর্গমূল : বর্গের মূল সংখ্যা। বি। তৎসম। বর্গ ['বর্গ' দ্রষ্টব্য] + মূল [মূল্ + অ]। ৬।১ বর্গের মূল = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + গ্ + অ + ম্ + ঊ + ল্ + অ।

বর্গা : ভাগে ফসল উৎপাদনের বন্দোবস্ত। বি। বিদেশী। <পো. verga. বাংলা বানান: ব্ + অ + র্ + গ্ + আ। র্ + গ্ + আ = র্গা।

বর্গাদার : যে ব্যক্তি বর্গা বন্দোবস্ত নেয়। বি। বিদেশী। <পো. বর্গা [verga] + ফা. দার। ৬।৩ বানান: ব্ + অ + র্ + গ্ + আ + দ্ + আ + র্ + অ।

বর্গি : মারাঠী অশ্বারোহী সৈন্যদল। বি। বিদেশী। <ফা. বার্গীর। বাংলা বানান: ব্ + অ + র্ + গ্ + ই। র্ + গ্ + ই = র্গি।

বর্গীয় : বর্গস্থিত। বিণ। তৎসম। বর্গ ['বর্গ' দ্রষ্টব্য] + ঈয়। ৬।২ বানান: ব্ + অ + র্ + গ্ + ঈ + য্ + অ। পদান্তিক 'ঈয়' 'ঈয়'-প্রত্যয় জনিত।

বর্জন : পরিত্যাগ। বি। তৎসম। বৃজ্ [বর্জন করা] + অন। ৬।১ বানান: ব্ + অ + র্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'জ' [চ-বর্গ] থাকায় 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

বর্জনীয় : ত্যাজ্য। বিণ। তৎসম। বৃজ্ [বর্জন করা] + অনীয়। ৬।১ বানান: ব্ + অ + র্ + জ্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'জ' থাকায় 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

বর্জয়িতা : বর্জনকারী। বিণ। তৎসম। বৃজ্ + তৃচ্ [তা]। ৬।১ বানান: ব্ + অ + র্ + জ্ + অ + য্ + ই + ত্ + আ।

বর্জাইস : ছাপার ক্ষুদ্র অক্ষর। বি। বিদেশী। <ইং. bourgeois. বাংলা বানান: ব্ + অ + র্ + জ্ + আ + ই + স্। র্ + জ্ + আ = র্জা। শব্দান্তের বর্ণের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বর্জিত : পরিত্যক্ত। বিণ। তৎসম। বৃজ্ + ত। ৬।১ বানান: ব্ + অ + র্ + জ্ +ই + ত্ + অ। র্ + জ্ + ই = র্জি।

বর্জ্য : ত্যাজ্য। বিণ। তৎসম। বৃজ্ + য [যৎ]। ৬।১ বানান: ব্ + অ + র্ + জ্ + য্ + অ। র্ + জ্ + য্ + অ = র্জ্য।

বর্ণ : অক্ষর, রং। বি। তৎসম। বর্ণ্ + অ। ৬।১ বানান: ব্ + অ + র্ + ণ্ + অ। র্ + ণ্ + অ = র্ণ। বি.দ্র. : 'র্'-এর অব্যবহিত পরেই 'ণ' হয়েছে। ৪।১।খ

বর্ণচোরা : গুপ্তগুণী। বিণ। তদ্ভব। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + চোরা [চুরি + আ]। ৬।৩ বর্ণ চুরি করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + ণ্ + অ + চ্ + ও + র্ + আ।

বর্ণজ্ঞানহীন : নিরক্ষর। বিণ। তৎসম। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + জ্ঞান [জ্ঞা + অন] + হীন [হা + ত]। ৬।১ বর্ণের জ্ঞান = সম্বন্ধতৎ। তার দ্বারা হীন = করণতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + ণ্ + অ + জ্ + ঞ্ + আ + ন্ + অ + হ্ + ঈ + ন্ +অ।

বর্ণজ্যেষ্ঠ : ব্রাহ্মণ। বি। তৎসম। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + জ্যেষ্ঠ [বৃদ্ধ + ইষ্ঠ]। বর্ণে জ্যেষ্ঠ [শ্রেষ্ঠ] = অধিকরণতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + ণ্ + অ + জ্ + য্ + এ + ষ্ + ঠ্ +অ। জ্ + য্ + এ = জ্যে, ষ্ + ঠ্ + অ = ষ্ঠ।

বর্ণপরিচয় : প্রাথমিক জ্ঞান। বি। তৎসম। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + পরিচয় [পরি + চি + অ] ৬।১বর্ণের পরিচয় = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + ণ্ + অ + প্ + অ + র্ + ই + চ্ + অ + য্ +অ।

বর্ণন : বিবরণ। বি। তৎসম। বর্ণ্ + অন। ৬।১ বানান: ব্ + অ + র্ + ণ্ + অ + ন্ + অ। বি.দ্র.: 'র্'-এর অব্যবহিত পরেই 'ণ' হয়েছে। ৪।১।ক কিন্তু তার পরের 'ন' 'ন'-ই থেকেছে। ণত্ব-বিধানের মধ্যে পড়ে না।

বর্ণনা : বিবরণ। বি। তৎসম। বর্ণ্ + অন + আ। ৬।১ বানান: ব্ + অ + র্ + ণ্ + অ + ন্ + আ। বি.দ্র. : 'র্'-এর অব্যবহিত পরেই 'ণ' হয়েছে। ৪।১।ক তার পরের 'ন' ণত্ব-বিধানের মধ্যে পড়ে না।

বর্ণনাকুশল : বর্ণনা করতে পটু। বিণ। তৎসম। বর্ণনা ['বর্ণনা' দ্রষ্টব্য] + কুশল ['কুশ + লা + অ]। ৬।১ বর্ণনায় কুশল [দক্ষ] = অধিকরণ তৎ। ৩।৩ বানান: কুশল : ক্ + উ + শ্ + অ + ল্ + অ।

বর্ণনাতীত : যা বর্ণনা করা যায় না। বিণ। তৎসম। বর্ণনা ['বর্ণনা' দ্রষ্টব্য] + অতীত [অতি + ইত (ই + ত)]। ৬।১ [সন্ধি] আ + অ = আ [না]। ই + ই = ঈ [তী]। ২।১।গ, ২।২।ক

বর্ণনার অতীত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + ণ্ + আ + ত্ + ঈ + ত্ + অ।

বর্ণনীয়: বর্ণনার যোগ্য। বিণ। তৎসম। বর্ণ্ + অনীয়। ৬।১ বানান: ব্ + অ + র্ + ণ্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র.: 'র্'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।ক 'অনীয়'- প্রত্যয়-যুক্ত হওয়ার কারণে 'নী' হয়েছে।

বর্ণবিপর্যয়: শব্দে বর্ণের স্থানের পরিবর্তন। বি। তৎসম। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + বিপর্যয় [বি + পরি + ই + অ]। ৬।১ [সন্ধি] ই + অ = য। ২।৭।ক বর্ণের বিপর্যয় [ওলট পালট] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + ণ্ + অ + ব্ + ই + প্ + অ + র্ + য্ + অ + য্ + অ।

বর্ণবিশ্লেষণ: বানান, শব্দের অন্তর্গত অক্ষরসমূহের বিশ্লেষণ। বি। তৎসম। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + বিশ্লেষণ [বি + শ্লিষ্ + অন]। ৬।১ বর্ণের বিশ্লেষণ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: বিশ্লেষণ: ব্ + ই + শ্ + ল্ + এ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বর্ণমালা: ভাষার অক্ষরমালা। বি। তৎসম। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + মালা [মা + লা + অ + আ]। ৬।১ বর্ণের মালা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + ণ্ + অ + ম্ + আ + ল্ + আ।

বর্ণশ্রেষ্ঠ: ব্রাহ্মণ। বিণ। তৎসম। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + শ্রেষ্ঠ [শ্র (প্রশংসা) + ইষ্ঠ]। ৬।১ বর্ণের শ্রেষ্ঠ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + ণ্ + অ + শ্ + র্ + এ + ষ্ + ঠ্ + অ।

বর্ণসঙ্কর, বর্ণসংকর: মিশ্রজাতি। বি, বিণ। তৎসম। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + সঙ্কর, সংকর [সম্ + কৃ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ক = ঙ্ক, ংক। ২।২৮ বর্ণের সঙ্কর, সংকর = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: সঙ্কর, সংকর = স্ + অ + ঙ্ [ং] + ক্ + অ + র্ + অ।

বর্ণহীন: বিবর্ণ। বিণ। তৎসম। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + হীন [হা + ত]। ৬।১ বর্ণ দ্বারা হীন = করণতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + ণ্ + অ + হ্ + ঈ + ন্ + অ।

বর্ণা: রংযুক্তা। বিণ। তৎসম। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ব্ + অ + র্ + ণ্ + আ। বি.দ্র.: 'র্'-এর অব্যবহিত পরেই 'ণ' হয়েছে। র্ + ণ্ + আ = র্ণা।

বর্ণানুক্রম: অক্ষর-পারম্পর্য-অনুসার। বি। তৎসম। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + অনুক্রম [অনু + ক্রম্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ণা] ২।১।ক বর্ণের অনুক্রম = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + ণ্ + আ + ন্ + উ + ক্ + র্ + অ + ম্ + অ। ক্ + র্ + অ = ক্র।

বর্ণানুক্রমিক: বর্ণ-পরম্পরা অনুযায়ী। বিণ। তৎসম। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + অনুক্রমিক [অনুক্রম + ইক]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [র্ণা]। ২।১।ক বর্ণের অনুক্রমিক = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + ণ্ + আ + ন্ + উ + ক্ + র্ + অ + ম্ + ই + ক্ + অ। ক্ + র্ + অ = ক্র।

বর্ণান্ধ: রং চিনতে অক্ষম। বিণ। তৎসম। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + অন্ধ [অন্ধ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [র্ণা]। ২।১।ক বর্ণে অন্ধ = অধিকরণ তৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + ণ্ + আ + ন্ + ধ্ + অ। ন্ + ধ্ + অ = ন্ধ।

বর্ণান্ধতা: রং চিনতে অক্ষমতা। বি। তৎসম। বর্ণান্ধ ['বর্ণান্ধ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ব্ + অ + র্ + ণ্ + আ + ন্ + ধ্ + অ + ত্ + অ।

বর্ণালি, বর্ণালী : ত্রিফলা কাচ ইত্যাদির মধ্য দিয়ে নির্গত আলোক-রশ্মির সাত রঙে বিশ্লিষ্ট অবস্থা। বি। তৎসম। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + আলি, আলী [স্ত্রী]। [সন্ধি] অ + আ = আ [ণা]। ২।১।খ বানান : ব্ + অ + র্ + ণ্ + আ + ল্ + ই, ঈ।

বর্ণাশ্রম : ব্রহ্মচর্যাদি, চতুরাশ্রম। বি। তৎসম। বর্ণ ['বর্ণ' দ্রষ্টব্য] + আশ্রম [আ + শ্রম্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [র্ণা]। ২।১।খ বর্ণের আশ্রম = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + অ + র্ + ণ্ + আ + শ্ + র্ + অ + ম্ +অ।

বর্ণিত : বিবৃত। বিণ। তৎসম। বর্ণ্ + ত। ৬।১ বানান : ব্ + অ + র্ + ণ্ + ই + ত্ + অ। র্ + ণ্ + ই = র্ণি। 'র'-এর অব্যবহিত পরেই 'ণ' হয়েছে।৪।১।ক

বর্ণিনী : নারী। বি। তৎসম। বর্ণ + ইন্ + ঈ। ৬।১, ৭।১।চ বানান : ব্ + অ + র্ + ণ্ + ই + ন্ + ঈ। বি.দ্র. 'র'-এর অব্যবহিত পরেই 'ণ' হয়েছে। ৪।১।ক

বর্ণী : ব্রহ্মচারী। বি। তৎসম। বর্ণ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান : ব্ + অ + র্ + ণ্ + ঈ। 'র'-এর অব্যবহিত পরেই 'ণ' হয়েছে ৪।১।ক বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বর্তন : জীবিকা : বি। তৎসম। বৃৎ + অন। ৬।১ বানান : ব্ + অ + র্ + ত্ + অ + ন্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'ত' থাকায় 'ন' 'ন'-ই থেকেছে। ৪।১।গ

বর্তনী : বৃত্ত। বি। তৎসম। বর্তন ['বর্তন' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ব্ + অ + র্ + ত্ + অ + ন্ + ঈ।

বর্তমান : বিদ্যমান। বিণ। তৎসম। বৃৎ + শানচ্ [মান]। ৬।১ বানান : ব্ + অ + র্ + ত্ + অ + ম্ + আ + ন্ + অ।

বর্তা : উত্তরাধিকারাদিসূত্রে প্রাপ্য হওয়া। ক্রি। তদ্ভব। বৃৎ + বাং. আ। বানান : ব্ + অ + র্ + ত্ + আ।

বর্তান, বর্তানো : উত্তরাধিকারাদিসূত্রে প্রাপ্য হওয়া। ক্রি। তদ্ভব। বৃৎ + বাং. + আন, আনো। বানান : ব্ + অ + র্ + ত্ + আ + ন্ + অ [ও]।

বর্তি : প্রদীপ। প্রদীপের সলতে। বি। তৎসম। বৃৎ + ই। বানান : ব্ + অ + র্ + ত্ + ই।

বর্তিক, বর্তিকা : প্রদীপ, প্রদীপের সলতে। বি। তৎসম। বৃৎ + ইক [+আ]। ৬।১ বানান : ব্ + অ + র্ + ত্ + ই + ক্ + অ [আ (স্ত্রী)]।

বর্তিত : নির্মিত। বিণ। তৎসম। বৃৎ + ণিচ্ + ত। ৬।১ বানান : ব্ + অ + র্ + ত্ + ই + ত্ + অ।

বর্তিনী : মধ্যে স্থিতা। বিণ। তৎসম। বৃৎ + ইন্ + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ব্ + অ + র্ + ত্ + ই + ন্ + ঈ। আগে 'ই', পরে 'ঈ'।

বর্তিষ্ণু : স্থিতিশীল। বিণ। তৎসম। বৃৎ + ইষ্ণু। ৬।১ বানান : ব্ + অ + র্ + ত্ + ই + ষ্ + ণ্ + উ। বি.দ্র. : আগে ষ্-যোগে 'ণ' হয়েছে। ৪।১।ক

বর্তী : প্রদীপ, প্রদীপের সলতে, বিদ্যমান, মধ্যে স্থিত। বিণ। তৎসম। বৃৎ + ইন্ [ঈ]। ৬।১ বানান : ব্ + অ + র্ + ত্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বর্তুল : গোলাকার বাঁটুল। বি। তৎসম। বৃৎ + উল। ৬।১ বানান : ব্ + অ + র্ + ত্ + উ + ল্ + অ।

বর্ত্ম : পথ। বি। তৎসম। বৃৎ + মন্। ৬।১ বানান : ব্ + অ + র্ + ত্ + ম্ + অ। র্ + ত্ + ম্ + অ। র্ত্ম।

বর্ধক : বর্ধনকারী। বিণ। তৎসম। বৃধ্ + অক। ৬।১ বানান : ব্ + অ + র্ + ধ্ + অ +

ক্ + অ।

বর্ধন : বৃদ্ধি। বি। তৎসম। বৃধ্ + অন। ৬।১ বানান : ব্ + অ + র্ + ধ্ + অ + ন্ + অ।

বর্ধমান : বৃদ্ধিশীল। বিণ। তৎসম। বৃধ্ + শানচ্ [মান]। ৬।১ বানান : ব্ + অ + র্ + ধ্ + অ + ম্ + আ + ন্ + অ।

বর্ধিত : বৃদ্ধিপ্রাপ্ত। বিণ। তৎসম। বর্ধ্ + ত। ৬।১ বানান : ব্ + অ + র্ + ধ্ + ই + ত্ + অ।

বর্ধিষ্ণু : বৃদ্ধিশীল। বিণ। তৎসম। বৃধ্ + ইষ্ণু। ৬।১ বানান : ব্ + অ + র্ + ধ্ + ই + ষ্ + ণ্ + উ। বি.দ্র. : 'ষ'-এর পর 'ণ' হয়েছে। ষ্ + ণ্ + উ= ষ্ণু, র্ + ধ্ + ই= র্ধি।

বর্বর : অসভ্য। বিণ। তৎসম। বৃ + বর। ৬।১ বানান : ব্ + অ + র্ + ব্ + অ + র্ + অ। র্ + ব্ + অ= র্ব।

বর্বরতা : অসভ্যতা। বি। তৎসম। বর্বর ['বর্বর' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : ব্ + অ + র্ + ব্ + অ + র্ + অ + ত্ + আ।

বর্ম : আত্মরক্ষার দেহাবরণ। বি। তৎসম। বৃ [আবৃত করা] + মন্। ৬।১ বানান : ব্ + অ + র্ + ম্ + অ। র্ + ম্ + অ= র্ম।

বর্মা : ব্রহ্মদেশ। বি। বিদেশী। < ইং. Burmah. বাংলা বানান : ব্ + র্ + ম্ + আ বা ব্রহ্মদেশ। বর্তমান নাম : ময়ানমার।

বর্মিত : বর্মাবৃত। বিণ। তৎসম। বর্ম + ইত। ৬।১ বানান : ব্ + অ + র্ + ম্ + ই + ত্ + অ। র্ + ম্ + ই= র্মি।

বর্মী : বর্মাবৃত, ব্রহ্মদেশবাসী বা ব্রহ্মদেশের ভাষা। বি। বিদেশী। < ইং. Burmese. বাংলা বানান : ব্ + অ + র্ + ম্ + ঈ। র্ + ম্ + ঈ= র্মী।

বর্ষ : বৃষ্টি, বৎসর। বি। তৎসম। বৃষ্ [বৃষ্টি হওয়া] + অ। ৬।১ বানান. ব্ + অ + র্ + ষ্ + অ। র্ + ষ্ + অ= র্ষ। 'র'-এর পরবর্তী 'স্' 'ষ' হয়। ৪।২।গ

বর্ষকাল : এক বৎসর। বি। তৎসম। বর্ষ ['বর্ষ' দ্রষ্টব্য] + কাল [কল্ (গমন করা) + ণিচ্ + অ]। ৬।১ বর্ষ পরিমিত কাল= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ব্ + অ + র্ + ষ্ + অ + ক্ + আ + ল্ + অ।

বর্ষজীবী : যে উদ্ভিদ এক বৎসর মাত্র জীবিত থাকে। বিণ। তৎসম। বর্ষ ['বর্ষ' দ্রষ্টব্য] + জীবী [জীব (বাঁচা) + ইন্ (ঈ)]। ৬।১ বর্ষ জীবিত থাকে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + অ + র্ + ষ্ + অ + জ্ + ঈ + ব্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বর্ষণ : বৃষ্টিপাত। বি। তৎসম। বৃষ্ [বৃষ্টি হওয়া] + অন। ৬।১ বানান : ব্ + অ + র্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ১. 'র'-এর পর 'ষ' হয়েছে। ৪।২।গ ২. 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' [অন] 'ণ' হয়েছে। ৪।১।গ

বর্ষমান : বর্ষামাপক যন্ত্র। বিণ। তৎসম। বর্ষ ['বর্ষ' দ্রষ্টব্য] + মান [মা + অন]। ৬।১ বর্ষার মান [মাপ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + অ + র্ + ষ্ + অ + ম্ + আ + ন্ + অ।

বর্ষশত : শতাব্দী কাল। বি। তৎসম। বর্ষ ['বর্ষ' দ্রষ্টব্য] + শত [শ (দশ দশৎ) + ত]। ৬।১ শত বর্ষের সমাহার= দ্বিগু। ৩।৬ বানান : ব্ + অ + র্ + ষ্ + অ + শ্ + অ + ত্ + অ।

বর্ষশতী : শতবর্ষ বয়স্ক। বিণ। তৎসম। বর্ষ ['বর্ষ' দ্রষ্টব্য] + শতী [শ (দশ দশৎ) + ত + ইন্ (ঈ)]। ৬।১ বর্ষ শত [বয়ঃ] যার= বহুব্রী। 'ঈ'-সমাসান্ত প্রত্যয়। ৩।৫ বানান : ব্ + অ + র্ + ষ্ + অ + শ্ + অ + ত্ + ঈ।

বর্ষা : বৃষ্টিপাতের কাল, আষাঢ়-শ্রাবণ বা শ্রাবণ-ভাদ্র এই দু'মাস। বি। তৎসম। বৃষ্ [বৃষ্টি হওয়া] + অ + আ। বানান : ব্ + অ + র্ + ষ্ + আ।

বর্ষাকাল : বর্ষা ঋতু। বি। তৎসম। বর্ষা ['বর্ষা' দ্রষ্টব্য] + কাল [কল্ (গমন করা) + ণিচ্ +

অ]। ৬।১ বর্ষার কাল= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + ষ্ + আ + ক্ + আ + ল্ + অ।

বর্ষাকালিক: বর্ষাকালের। বিণ। তৎসম। বর্ষাকাল ['বর্ষাকাল' দ্রষ্টব্য] + ইক [ঞ্চিক]। ৬।২ বানান: ব্ + অ + র্ + ষ্ + আ + ক্ + আ + ল্ + ই + ক্ + অ। ল্ + ই= লি।

বর্ষাকালীন: বর্ষাকালের। বিণ। তৎসম। বর্ষাকাল ['বর্ষাকাল' দ্রষ্টব্য] + ঈন। ৬।২ বানান: ব্ + অ + র্ + ষ্ + আ + ক্ + আ + ল্ + ঈ + ন্ + অ। ল্ + ঈ= লী।

বর্ষাগম: বর্ষা ঋতুর আরম্ভ। বি। তৎসম। বর্ষা ['বর্ষা' দ্রষ্টব্য] + আগম [আ + গম্ + অ]। ৬।১ [সন্ধি] আ + আ = আ [ষা]। ২।১।ঘ বর্ষার আগম= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + ষ্ + আ + গ্ + অ + ম্ + অ।

বর্ষাতি: বৃষ্টির জল থেকে রক্ষা পাবার জন্য ব্যবহৃত দীর্ঘ জামা [rain-coat]। বি। বিদেশী। < হি. বর্ষাতী। বাংলা বানান: ব্ + অ + র্ + ষ্ + আ + ত্ + ই। ত্ + ই= তি।

বর্ষাতী: বর্ষাকালে উৎপন্ন। বিণ। তদ্ভব। বর্ষাত [< সং. বর্ষাজাত] + বাং. ঈ। বানান: ব্ + অ + র্ + ষ্ + আ + ত্ + ঈ। ত্ + ঈ= তী।

বর্ষাত্যয়: বৃষ্টির অবসান [শরৎকাল]। বি। তৎসম। বর্ষা ['বর্ষা' দ্রষ্টব্য] + অত্যয় [অতি + অয় (ই + অ)]। ৬।১ [সন্ধি] আ + অ= আ [র্ষা]। ২।১।গ বর্ষার অত্যয় [অবসান]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + র্ + ষ্ + আ + ত্ + য্ + অ + য্ + অ। ত্ + য্ + অ= ত্য।

বর্ষান, বর্ষানো: বৃষ্টিপাত হওয়া। ক্রি। তদ্ভব। বর্ষা [< সং. 'বর্ষা'] + বাং. আন, আনো। ৬।৩

বর্ষিত: অবিরাম পতিত। বিণ। তৎসম। বৃষ্ [বৃষ্টি হওয়া] + ণিচ্ + ত। ৬।১ বানান: ব্ + অ + র্ + ষ্ + ই + ত্ + অ।

বর্ষিণী: বর্ষণকারিণী। বিণ। তৎসম। বৃষ্ [বৃষ্টি হওয়া] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান: ব্ + অ + র্ + ষ্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: ১. 'র'-এর পর 'ষ' হয়েছে। ৪।১।গ ২. 'ষ' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ৩. শব্দটি ইন্-প্রত্যয়ান্ত ও ঈ-কার-যুক্ত স্ত্রীলিঙ্গ, তাই 'ইনী'-প্রত্যয়ান্ত।

বর্ষিষ্ঠ: অতিশয় বৃদ্ধ। বিণ। তৎসম। বৃদ্ধ + ইষ্ঠ। ৬।১ বানান: ব্ + অ + র্ + ষ্ + ই + ষ্ + ঠ্ + অ। বি.দ্র.: র্ + ষ্ + ই= র্ষি, ষ্ + ঠ্ + অ= ষ্ঠ। স্মরণীয়: শব্দটি অশুদ্ধ, কিন্তু প্রচলিত।

বর্ষী: বর্ষণকারী। বিণ। তৎসম। বৃষ্ [বৃষ্টি হওয়া] + ইন্ [ঈ]। ৬।১ বানান: ব্ + অ + র্ + ষ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বর্ষীয়: বয়স্ক। বিণ। তৎসম। বর্ষ ['বর্ষ' দ্রষ্টব্য] + ঈয়। ৬।২ বানান: ব্ + অ + র্ + ষ্ + ঈ + য্ + অ। বি.দ্র.: 'র্ষী' 'ঈয়'-প্রত্যয়জনিত।

বর্ষীয়া: বয়স্কা। বিণ। তৎসম। বর্ষীয় ['বর্ষীয়' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক

বর্ষীয়ান্: বৃদ্ধতর। বিণ। তৎসম। বর্ষ + ঈয়ান্ [ঈয়স্]। ৬।২ বানান: ব্ + অ + র্ + ষ্ + ঈ + য্ + আ + ন্।

বর্ষীয়সী: অতি বৃদ্ধা নারী। বিণ। তৎসম। বর্ষীয়ান্ ['বর্ষীয়ান্' দ্রষ্টব্য]= [বর্ষীয়স্] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + অ + র্ + ষ্ + ঈ + য্ + অ + স্ + ঈ।

বর্হ: পাখির পুচ্ছ, ময়ূরপুচ্ছ। বি। তৎসম। বর্হ্ + অ। ৬।১ বানান: ব্ + অ + র্ + হ্ + অ। বি.দ্র.: র্ + হ্ + অ= র্হ।

বর্হা: ময়ূরপুচ্ছের পাখা। বি। তৎসম। বর্হ ['বর্হ' দ্রষ্টব্য] + আ। ৬।২ বানান: ব্ + অ + র্ + হ্ + আ। র্ + হ্ + আ= র্হা।

বর্হিণ : ময়ূর। বি। তৎসম। বর্হ ['বর্হ' দ্রষ্টব্য] + ইন। ৬।২ বানান: ব্ + অ + র্ + হ্ + ই + ণ্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'হ' ও 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বর্হী : ময়ূর। বি। তৎসম। বর্হ + ['বর্হ' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।২ বানান: ব্ + অ + র্ + হ্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বল : ইউরোপীয় নাচ, খেলার গোলক। বি। বিদেশী। < ইং. ball. গায়ের জোর। তৎসম। সং. বল্ + অ।

বলক : উত্তপ্ত হওয়ার ফলে স্ফীতি, এক-বলকা দুধ-একবার মাত্র ফোটা দুধ। বি। বিদেশী। < হি. বলক্না। বাংলা বানান: ব্ + অ + ল্ + অ + ক্। শব্দান্তের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বলগর্বিত : শক্তিগর্বিত। বিণ। তৎসম। বল [বল্ + অ]+ গর্বিত [গর্ব্ + ত], অথবা, [গর্ব + ইত]। ৬।১, ৬।২ বানান: ব্ + অ + ল + অ + গ্ + অ + র্ + ব্ + ই + ত্ + অ।

বলদ : বলদায়ক, ষাঁড়, গাড়ি-টানা বা হাল-টানা ষাঁড়। বি। তদ্ভব। < সং. বলীবর্দ।

বলদৃপ্ত : শক্তিগর্বিত। বিণ। তৎসম। বল [বল্ + অ] + দৃপ্ত [দৃপ্ + ত]। ৬।১ বলের দ্বারা দৃপ্ত = করণতৎ। ৩।৩ বানান: ব্ + অ + ল্ + অ + দ্ + ঋ + প্ + ত্ + অ। প্ + ত্ + অ= প্ত।

বলন : কথন। বি। তৎসম। বল্ [কথা বলা] + অন। ৬।১ বানান: ব্ + অ + ল্ + অ + ন্ + অ।

বলপূর্বক : সবলে। ক্রি- বিণ। তৎসম। বল [বল্ + অ] + পূর্বক [পূর্ব (পূর্ব্ + অ) + ক]। ৬।১, ৬।২ বানান: ব্ + অ + ল্ + অ + প্ + ঊ + র্ + ব্ + অ + ক্ + অ। প্ + ঊ= পূ।

বলদেব : কৃষ্ণের বৈমাত্রেয় দাদা। বি। তৎসম। বল [বল্ + অ] + দেব [দিব্ + অ]। ৬।১ বানান: ব্ + অ + ল্ + অ + দ্ + এ + ব্ + অ।

বলবৎ : কার্যকর। বিণ। তৎসম। বল [বল্ + অ] + বৎ ৬।১, ৬।২ বানান: ব্ + অ + ল্ + অ + ব্ + অ + ৎ।

বলবতী : বলশালিনী। বিণ। তৎসম। বল + বৎ + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + অ + ল্ + অ + ব্ + অ + ত্ + ঈ।

বলবত্তর : অধিকতর শক্তিশালী। বিণ। তৎসম। বলবৎ ['বলবৎ' দ্রষ্টব্য] + তর [অতিশায়ন]। বানান: ব্ + অ + ল্ + অ + ব্ + অ + ত্ + ত্ + অ + র্ + অ। ত্ + ত্ + অ= ত্ত।

বলবত্তা : শক্তিমত্তা। বি। তৎসম। বলবৎ ['বলবৎ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ব্ + অ + ল্ + অ + ব্ + অ + ত্ + ত্ + আ। + ৎ + ত্ + আ= ত্তা।

বলবন্ত : বলবান। বিণ। তদ্ভব। বল [বল্ + অ] বাং. + বন্ত। বানান: ব্ + অ + ল্ + অ + ব্ + অ + ন্ + ত্ + অ। ন্ + ত্ + অ = ন্ত।

বলবর্ধন : বলবৃদ্ধি। বি। তৎসম। বল [বল্ + অ] + বর্ধন [বৃধ্ + অন]। ৬।১ বলের বর্ধন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + ল্ + অ + ব্ + অ + র্ + ধ্ + অ + ন্ + অ। র্ + ধ্ + অ= র্ধ।

বলবান : বলশালী। বি। তৎসম। বল [বল্ + অ] + বান [বৎ= বতুপ্ প্রত্যয়]। ৬।২ বানান: ব্ + অ + ল্ + অ + ব্ + আ + ন্।

বলবিদ্যা : পদার্থের বেগ-বিষয়ক বিজ্ঞান (mechanics]। বি। তৎসম। বল [বল্ + অ] + বিদ্যা [বিদ্ + য(যৎ) + আ (স্ত্রী)]। ৬।১ বল বিষয়ক বিদ্যা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + অ + ল্ + অ + ব্ + ই + দ্ + য্ + আ।

বলবিন্যাস : যুদ্ধার্থে সৈন্যস্থাপন। বি। তৎসম। বল [বল্ + অ] + বিন্যাস [বি + নি + আস (অস্ + অ)]। ৬।১ বলের বিন্যাস= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + ল্ + অ + ব্ + ই + ন্ + য্ + আ + স্ + অ। ন্ + য্ + আ= ন্যা।

বলভদ্র : কৃষ্ণের বৈমাত্রেয় দাদা। বি। তৎসম। বল [বল্ + অ] + ভদ্র [ভন্দ্ (কল্যাণ করা) + র। ৬।১ বলে [শক্তিতে] ভদ্র= অধিকরণতৎ। ৩।৩ বানান: ব্ + অ + ল্ + অ + ভ্ + অ + দ্ + র্ + অ। দ্ + র্ + অ= দ্র।

বলয় : বালা, মণ্ডল। বি। তৎসম। বল [বল্ + অ] + অয় [ই + অ]। ৬।১ বানান: ব্ + অ + ল্ + অ + য়্ + অ।

বলয়িত : বেষ্টিত। বিণ। তৎসম। বলয় ['বলয়' দ্রষ্টব্য] + ইত। ৬।১ বানান: ব্ + অ + ল্ + অ + য়্ + ই + ত্ + অ।

বলরাম : কৃষ্ণের বৈমাত্রেয় দাদা। বি। তৎসম। বল [বল্ + অ] + রাম [রম্ + অ]। ৬।১ বলশালী রাম= কর্মধা। ৩।২ বানান: ব্ + অ + ল্ + অ + র্ + আ + ম্ + অ।

বলশালিতা : শক্তিমত্তা। বি। তৎসম। বল [বল্ + অ] + শালিতা [শাল্ + ইত [< ইন] + আ। ৬।১ বানান: ব্ + অ + ল্ + অ + শ্ + আ + ল্ + ই + ত্ + আ।

বলশালিনী : শক্তিমতী। বিণ। তৎসম। বল [বল্ + অ] + শালিনী [শাল্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১ বানান: ব্ + অ + ল্ + অ + শ্ + আ + ল্ + ই + ন্ + ঈ। আগে 'ই', পরে 'ঈ'।

বলশালী : শক্তিমান। বিণ। তৎসম। বল [বল্ + অ] + শালী [শাল্ + ইন্ [ঈ]]। ৬।১ বানান: ব্ + অ + ল্ + অ + শ্ + আ + ল্ + ঈ। ল্ + ঈ= লী।

বলসূদন : বল-নামক দৈত্যের বধকারী, ইন্দ্র। বি। তৎসম। বল [বল্ + অ] + সূদন [সূদ্ + ণিচ্ + অ]। ৬।১ বলের সূদন [হত্যাকারী]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + ল্ + অ + স্ + ঊ + দ্ + অ + ন্ + অ। স্ + ঊ= সূ।

বলহীন : দুর্বল। বিণ। তৎসম। বল [বল্ + অ] + হীন [হা + ত]। ৬।১ বলের দ্বারা হীন= করণতৎ। ৩।৩ বানান: ব্ + অ + ল্ + অ + হ্ + ঈ + ন্ + অ।

বলাই : বলরাম। বি। তদ্ভব। বল [বল্ + অ] + বাং. আই। ৬।৩

বলাক : কোঁচবক। বি। তৎসম। বল্ + আক। ৬।১ বানান: ব্ + অ + ল্ + আ + ক্ + অ।

বলাকা : বকের সারি। বি। তৎসম। বল্ + আক + আ। ৬।১ বানান: ব্ + অ + ল্ + আ + ক্ + আ।

বলাৎকার : ধর্ষণ। বি। তৎসম। বলাৎ + কার [কৃ + অ]। ৬।১ বলের দ্বারা কার [করণ]= করণতৎ। বানান: ব্ + অ + ল্ + আ + ৎ + ক্ + অ + র্ + অ।

বলাধান : শক্তি-সঞ্চার। বি। তৎসম। বল [বল্ + অ] + আধান [আ + ধা + অন]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [লা]। ২।১।খ বলের আধান= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + ল্ + আ + ধ্ + আ + ন্ + অ।

বলাধিক্য : শক্তির আধিক্য। বি। তৎসম। বল [বল্ + অ] + আধিক্য [অধিক + য (ষ্ণ)]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [লা]। ২।১।খ বলের আধিক্য= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + অ + ল্ + আ + ধ্ + ই + ক্ + য্ + অ। ক্ + য্ + অ= ক্য।

বলাধ্যক্ষ : সেনাপতি। বি। তৎসম। বল [বল্ + অ] + অধ্যক্ষ [অধি + অক্ষ]। [সন্ধি] অ + অ= আ [লা]। ২।১।ক বলের অধ্যক্ষ=

সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + অ + ল্ + আ + ধ্ + য্ + অ + ক্ + ষ্ + অ। ধ্ + য্ + অ= ধ্য। ক্ + ষ্ + অ= ক্ষ।

বলান্বিত : বলশালী। বিণ। তৎসম। বল [বল্ + অ] + অন্বিত [অনু + ইত (ই + ত)]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [লা]। ২।১।ক, উ + ই= বি [ন্বি]। ২।৮।গ বলের দ্বারা অন্বিত= করণতৎ। ৩।৩ বানান : ব্ + অ + ল্ + আ + ন্ + ব্ + ই + ত্ + অ। ন্ + ব্ + ই= ন্বি।

বলাবল : শক্তি বা শক্তিহীনতা। বি। তৎসম। বল [বল্ + অ] + অবল [ন + বল্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [লা]। ২।১।ক বল ও অবল= দ্বন্দ্ব। ৩।৪

বলাবলি : কথোপকথন। বি। তদ্ভব। বল [বল্ + অ] + আ + বল [বল্ + ই]। পরস্পর বলা [কথা বিনিময়]= ব্যতিহার- বহুব্রী। ৩।৫ বানান : ব্ + অ + ল্ + আ + ব্ + অ + ল্ + ই।

বলাহক : পর্বত, মেঘ। বি। তদ্ভব। < সং. বারিবাহক। বানান : ব্ + অ + ল্ + আ + হ্ + অ + ক্ + অ।

বলি : যজ্ঞাদিতে প্রাণিহত্যা, জীবগণকে খাদ্যদান, বলিরাজ, গায়ের চামড়ার মাংস-পেশীর কুঞ্চন জনিত রেখা, অর্শরোগে মলদ্বারে অন্তর্গত বা বহির্গত মাংসপিণ্ড। বি। তৎসম। বল্ + ই। ৬।১ বানান : ব্ + অ + ল্ + ই।

বলিত : লোমচর্ম। বিণ। তৎসম। বল [বল্ + অ] + ইত। ৬।১ বানান : ব্ + অ + ল্ + ই + ত্ + অ।

বলিদান : দেবতার উদ্দেশ্যে বা মহৎকার্যে উৎসর্গ। বি। তৎসম। বলি ['বলি' দ্রষ্টব্য] + দান [দা + অন]। ৬।১ বলি স্বরূপ দান= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ব্ + অ + ল্ + ই + দ্ + আ + ন্ + অ।

বলিভুক্ : পরিত্যক্ত খাদ্যভোজী। বি। তৎসম। বলি [বল্ + ই] + ভুক্ [ভুজ্ + ক্বিপ্]। ৬।১ বলি [পরিত্যক্ত খাদ্য] ভক্ষণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + অ + ল্ + ই + ভ্ + উ + ক্।

বলিয়ে : সুবক্তা। বিণ। তদ্ভব। বল্ [কথা বলা] + বাং. ইয়ে।

বলিষ্ঠ : অতিশয় বলবান। বিণ। তৎসম। বলবৎ + ইষ্ঠ। ৬।১ বলবানদের মধ্যে শ্রেষ্ঠ। বানান : ব্ + অ + ল্ + ই + ষ্ + ঠ্ + অ।

বলিহারি : চমৎকার, শাবাশ। বিণ, অব্য। তদ্ভব। বলি [বলতে] + হারি [বাং. হার + বাং. ই]। ৬।১ বলতে হার স্বীকার করি [অপারগ]। বানান : ব্ + অ + ল্ + ই + হ্ + আ + র্ + ই।

বলী : বলবান্, গায়ের চামড়ার মাংস-পেশীর কুঞ্চন-জনিত রেখা, অর্শরোগে মলদ্বারে অন্তর্গত বা বহির্গত মাংসপিণ্ড। বি। তৎসম। বল্ + [ঈ]। ইন ৬।১ বল আছে যার। শব্দটি 'ইন্' [ঈ]- প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বলীন্দ্র : বীরশ্রেষ্ঠ। বিণ। তৎসম। বলী ['বলী' দ্রষ্টব্য] + ইন্দ্র [ইন্দ্ + র]। ৬।১ [সন্ধি] ঈ + ই = ঈ [লী]। ২।২।গ বলীদের [বলবানদের] মধ্যে ইন্দ্র [শ্রেষ্ঠ] = অধিকরণতৎ। ৩।৩ বানান : ব্ + অ + ল্ + ঈ + ন্ + দ্ + র্ + অ। ল্ + ঈ = লী। ন্ + দ্ + র্ + অ = ন্দ্র।

বলীবর্দ : ষাঁড়। বি। তৎসম। বলী ['বলী' দ্রষ্টব্য] + বর্দ [বৃধ্ + অ]। ৬।১ বানান : ব্ + অ + ল্ + ঈ + ব্ + অ + র্ + দ্ + অ। র্ + দ্ + অ = র্দ।

বলীয়ান্ : শক্তিমান্। বিণ। তৎসম। বল [বল্ + অ] + ঈয়ান্ + [ঈয়স্]। ৬।১ বানান : ব্ + অ + ল্ + ঈ + য্ + আ + ন্।

বল্কল : গাছের ছাল। বি। তৎসম। বল্ + কল।

বৃক্ষের ছাল দিয়ে নির্মিত বসন বা পরিধেয়। বানান : ব্ + অ + ল্ + ক্ + অ + ল্ + অ। ল্ + ক্ + অ = ল্ক।

বল্কলী : বল্কলযুক্ত। বিণ। তৎসম। বল্কল ['বল্কল' দ্রষ্টব্য] + ঈ [ইন্]। ৬।১ যে বল্কল-যুক্ত। বানান : ব্ + অ + ল্ + ক্ + অ + ল্ + ঈ। বি.দ্র.: ল্ + ক্ + অ = ল্ক। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বল্গা, বল্‌গা : লাগাম। বি। তৎসম। বল্‌গ্ + অ + আ। বানান : ব্ + অ + ল্ + গ্ + আ। ল্ + গ্ + আ = ল্গা বা ল্‌গা।

বল্গাহরিণ, বল্‌গা-হরিণ : মেরু-প্রদেশের গাড়ি-টানা হরিণ। বি। তৎসম। বল্গা ['বল্গা' দ্রষ্টব্য] + হরিণ]হৃ + ইন]। ৬।১ বল্গাযুক্ত হরিণ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হরিণ : হ্ + অ + র্ + ই + ণ্ + অ। 'র' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ইং. rein-deer.

বল্মীক : উইঢিপি। বি। তৎসম। বল [বল্ + অ] + কীক। ৬।১ 'ম' আগম। বানান : ব্ + অ + ল্ + ম্ + ঈ + ক্ + অ। ল্ + ম্ + ঈ = ল্মী।

বল্লভ : পতি, প্রিয়। বি। তৎসম। বল্ল্ + অভ। ৬।১ বানান : ব্ + অ + ল্ + ল্ + অ + ভ্ + অ। ল্ + ল্ + অ = ল্ল।

বল্লম : বর্শা। বি। তদ্ভব। <সং. ভল্ল + ম। বানান : ব্ + অ + ল্ + ল্ + অ + ম্ + অ। ল্ + ল্ + অ = ল্ল।

বল্লরি, বল্লরী : মুকুল। বি। তৎসম। বল্ল্ + অর + ই, ঈ। ৬।১ বানান : ব্ + অ + ল্ + ল্ + অ + র্ + ই + ঈ। ল্ + ল্ + অ = ল্ল।

বল্লা : বোলতা। বি। তদ্ভব। <সং. বরল বা বরট। বানান : ব্ + অ + ল্ + ল্ + আ। ল্ + ল্ + আ = ল্লা।

বল্লালী : বল্লাল সেন কর্তৃক প্রবর্তিত। বিণ। তদ্ভব। বাং. বল্লাল [বল্লাল সেন] + বাং. ঈ। বানান : ব্ + অ + ল্ + ল্ + আ + ল্ + ঈ। ল্ + ল্ + আ = ল্লা। ল্ + ঈ = লী।

বশ : আজ্ঞাধীন। বি। তৎসম। বশ্ + অ। ৬।১ বানান : ব্ + অ + শ্ + অ।

বশংগত : অধীন। বিণ। তৎসম। বশম্ ['ম্' আগম] + গত [গম্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + গ = ংগ। ২।২৮ বশকে গত = কর্মতৎ। ৩।৩ বানান : ব্ + অ + শ্ + অ + ং + গ্ + অ + ত্ + অ।

বশংবদ : বশবর্তী। বিণ। তৎসম। বশম্ ['ম্' আগম] + বদ [বদ্ + অ]। ৬।১ যে নিজেকে বশ বলে = উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + অ + শ্ + অ + ং + ব্ + অ + দ্ + অ।

বশবর্তিতা : বশ্যতা। বি। তৎসম। বশ ['বশ' দ্রষ্টব্য] + বর্তিতা [বৃৎ + ইত [<ইন] + আ। ৬।১ বশে বর্তিতা [বর্তমান থাকা] = অধিকরণতৎ। ৩।৩ বানান : ব্ + অ + শ্ + অ + ব্ + অ + র্ + ত্ + ই + ত্ + আ।

বশবর্তিনী : অনুগতা। বিণ। তৎসম। বশ [বশ্ + অ] + বর্তিনী [বৃৎ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১ বশে বর্তিনী [স্থিতা] = অধিকরণতৎ। ৩।৩ বানান : ব্ + অ + শ্ + অ + ব্ + অ + র্ + ত্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'ত' থাকায় 'ন' 'ণ'-ই থেকেছে, 'ন' হয়নি। ৪।১।গ

বশবর্তী : অনুগত। বিণ। তৎসম। বশ [বশ্ + অ] + বর্তী [বৃৎ + ঈ [ইন]। ৬।১ বশে আছে যে = উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + অ + শ্ + অ + ব্ + অ + র্ + ত্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বশিষ্ঠ : সূর্য-বংশের কুলগুরু। বি। তৎসম। বশিন্ [বশী = বশ করে যে] + ইষ্ঠ। যিনি ইন্দ্রিয়সমূহকে

বাতিদান : দীপাধার। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। তদ্ভব. বাতি ['বাতি' দ্রষ্টব্য] + ফা. দান [আধার বা পাত্র]। বাংলা বানান : ব্ + আ + ত্ + ই + দ্ + আ + ন্ + অ।

বাতিল : পরিত্যক্ত। বিণ। বিদেশী। < আ. বাতীল। বাংলা বানান : ব্ + আ + ত্ + ই + ল্। ল্ =ল।

বাতুল : বায়ুরোগগ্রস্ত। বিণ। তৎসম। বাত [বায়ু] + উল। ৬।১ বানান : ব্ + আ + ত্ + উ + ল্ + অ।

বাত্যা : ঝড়। বি। তৎসম। বাত + য [ষ্ণ্য] + আ। ৬।২ বানান : ব্ + আ + ত্ + য্ + আ। বি.দ্র. : ত্ + য্ + আ= ত্যা।

বাৎসরিক : বার্ষিক। বিণ। তৎসম। বৎসর ['বৎসর' দ্রষ্টব্য] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : ব্ + আ + ৎ + স্ + অ + র্ + ই + ক্ + অ।

বাৎসল্য : স্নেহ। বি। তৎসম। বৎসল ['বৎসল' দ্রষ্টব্য] + য (ষ্ণ্য)। ৬।২ বানান : ব্ + আ + ৎ + স্ + অ + ল্ + য্ + অ। বি.দ্র. : ব্ + আ= বা, ল্ + য্ + অ= ল্য।

বাথান : গোচারণ-ভূমি। বি। তদ্ভব। <সং. বাসস্থান। বানান : ব্ + আ + থ্ + আ + ন্ + অ।

বাথানে : সঙ্গমের জন্যে কামার্ত [গাভী]। বিণ। তদ্ভব। বাথান ['বাথান' দ্রষ্টব্য] + বাং. এ [< ইয়া]। ৬।৩ বানান : ব্ + আ + থ্ + আ + ন্ + এ।

বাথুয়া। শাক বিশেষ। বি। তদ্ভব। < সং. বাস্তুক। বানান : ব্ + আ + থ্ + উ + য্ + আ।

বাদ : কলহ, মত, শত্রুতা। বি। তৎসম। বদ্ [বলা] + অ। ৬।১ বানান : ব্ + আ + দ।

বাদ : ছাড়। বি। বিদেশী। <আ. বাদ্। বাংলা বানান : ব + আ + দ্ + অ।

বাদক : বাজিয়ে। বি, বিণ। তৎসম। বদ্ + ণিচ্ + অক। ৬।১ বানান : ব্ + আ + দ্ + অ + ক্ + অ।

বাদন : বাজানো। বি। তৎসম। বদ্ + ণিচ্ + অন। ৬।১ বানান : ব্ + আ + দ্ + অ + ন্ + অ।

বাদ-বিতণ্ডা : প্রবল তর্কাতর্কি। বি। তৎসম। বাদ ['বাদ' দ্রষ্টব্য] + বিতণ্ডা [বি + তণ্ড্ + অ + আ]। ৬।১ বাদ ও বিতণ্ডা= দ্বন্দ্ব। ৩।৪ বানান : ব্ + আ + দ্ + অ + ব + ই + ত্ + অ + ণ্ + ড্ + আ। বি.দ্র. : ড্-এর আগে 'ণ্' হয়েছে।

বাদ-বিসংবাদ : প্রবল তর্কাতর্কি। বি। তৎসম। বাদ ['বাদ' দ্রষ্টব্য] + বিসংবাদ [বি + সম্ + বাদ (বদ্ + অ)] + ৬।১ [সন্ধি] ম্ + বা= ংবা। ২।২৮ বানান : ব্ + আ + দ্ + অ + ব্ + ই + স্ + অ + ং + ব্ + আ + দ্ + অ।

বাদরায়ণ : বেদব্যাস। বি। তৎসম। বদরী [বদরিকাশ্রম] + আয়ন [আ + অয্ + অন]। ৬।১ বদরিকাশ্রমে স্থিত। বানান : ব্ + আ + দ্ + অ + র্ + আ + য্ + অ + ণ্ + অ। 'র' ও 'ন'-এর মধ্যে 'আ', 'য্' ও 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বাদল : বর্ষা। বি। তৎসম। সং. বাদল। বানান : ব্ + আ + দ্ + অ + ল্ + অ।

বাদলা : বাদলযুক্ত। বিণ। তদ্ভব। বাদল ['বাদল' দ্রষ্টব্য] + বাং. আ। ৬।৩ বানান : ব্ + আ + দ্ + ল্ + আ। বি.দ্র. : 'দ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বাদশা, বাদশাহ : মোগল-সম্রাট। বি। বিদেশী। < ফা. বাদ্‌শাহ্। বাংলা : ব্ + আ + দ্ + শ্ + আ [হ্]। বি.দ্র. : 'দ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বাদশাই : বাদশার উপযুক্ত। বিণ। তৎসম। বাদশা ['বাদশা' দ্রষ্টব্য] + বাং. ই। ৬।৩ বানান : ব্ + আ + দ্ + শ্ + আ + ই। বি.দ্র. : 'দ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বাদশাজাদা : বাদশার পুত্র। বি। বিদেশী। ফা. বাদশা ['বাদশা' দ্রষ্টব্য] + ফা. জাদ [পুত্র] +বাং. আ। বাংলা বানান : ব্ + আ + দ্ + শ্ + আ + জ্ + আ + দ্ + আ। বি.দ্র. : 'বাদশা'-র 'দ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বাদশাজাদী : বাদশার কন্যা। বি। বিদেশী। বাদশাজাদা ['বাদশাজাদা' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ব্ + আ + দ্ + শ্ + আ + জ্ + আ + দ্ + ঈ। বি.দ্র. : 'বাদশা'-র 'দ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বাদশাহি, বাদশাহী : বাদশার উপযুক্ত। বিণ। বিদেশী। বাদশাহ্ ['বাদ্‌শাহ্' দ্রষ্টব্য] + বাং. ই, ঈ। বাংলা বানান : ব্ + আ + দ্ + শ্ + আ + হ্ + ই, ঈ। বি.দ্র. : 'দ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বাদা : দক্ষিণবঙ্গের জল-জঙ্গলময় অঞ্চল। বি। বিদেশী। < আ. বাদিয়্। বাংলা বানান : ব্ + আ + দ্ + আ।

বাদাড় : জঙ্গল। বি। দেশী। বানান : ব্ + আ + দ্ + আ + ড্ + অ।

বাদানুবাদ : তর্কবিতর্ক। বি। তৎসম। বাদ + অনুবাদ [অনু + বাদ (বদ্ + অ)]। ৬।১ [সন্ধি] অ

+ অ= আ [দা]। ২।১।ক বাদের অনু [পশ্চাৎ]= অব্যয়ীভাব। ৩।১ বাদ ও অনুবাদ= দ্বন্দ্ব। ৩।৪ বানান: ব্ + আ + দ্ + আ + ন্ + উ + ব্ + আ + দ্ + অ।

বাদাম: শাঁস ও কঠিন আবরণযুক্ত ফলবীজ ও তার গাছ, নৌকার পাল। বি। বিদেশী। < ফা. বাদ্‌বান্। বাংলা বানান: ব্ + আ + দ্ + আ + ম্। ম্ = ম।

বাদামী: বাদামের খোসার বর্ণযুক্ত। বিণ। বিদেশী। < ফা. বাদাম + বাং. ঈ। ৬।৩ বাংলা বানান: ব্ + আ + দ্ + আ + ম্ + ঈ।

বাদিত: ধ্বনিত। বিণ। তৎসম। বদ্ + ণিচ্ + ত। ৬।১ বানান: ব্ + আ + দ্ + ই + ত্ + অ।

বাদিত্র: বাজনা। বি। তৎসম। বদ্ + ণিচ্ + ইত্র। ৬।১ বানান: ব্ + আ + দ্ + ই + ত্ + র্ + অ। বি.দ্র.: ত্ + র্ + অ= ত্র।

বাদিয়া: বেদে। বি। দেশী। বানান: ব্ + আ + দ্ + ই + য্ + আ।

বাদিনী: ভাষিণী, বাদ্যকারিণী, অভিযোগকারিণী। বি। তৎসম। বাদ ['বাদ' দ্রষ্টব্য] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান: ব্ + আ + দ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ইন্ + ঈ = ইনী-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

বাদী: অভিযোগকারী, বক্তা, রাগরাগিণীর প্রধান সুর। বি। তৎসম। বাদ ['বাদ' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।২ বানান: ব্ + আ +দ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন]-কারান্ত।

বাদুড়: চর্মপক্ষযুক্ত নিশাচর প্রাণী। বি। তদ্ভব। < সং. বাতুলি। বানান: ব্ + আ + দ্ + উ + ড্ + অ।

বাদুলে: বর্ষাকালে জাত। বিণ। তদ্ভব। বাদল ['বাদল' দ্রষ্টব্য] + বাং. এ।

বাদ্য: বাজনা। বি। তৎসম। বদ্ + ণিচ্ + য [যৎ]। ৬।১ বানান: ব্ + আ + দ্ + য্ + অ। দ্ + য্ + অ= দ্য।

বাদ্যকর: বাজিয়ে। বি। তৎসম। বাদ্য ['বাদ্য' দ্রষ্টব্য] + কর [কৃ + অ]। ৬।১ বাদ্য [বাজনা] করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + আ + দ্ + য্ + অ + ক্ + অ + র্ + অ।

বাদ্যভাণ্ড: বাদ্যযন্ত্র। বি। তৎসম। বাদ্য ['বাদ্য' দ্রষ্টব্য] + ভাণ্ড [ভণ্ড্ + অ]। ৬।১ বাদ্যের নিমিত্ত ভাণ্ড= নিমিত্ততৎ। ৩।৩ বানান: ব্ + আ + দ্ + য্ + অ + ভ্ + আ + ণ্ + ড্ + অ। বি.দ্র.: 'ড'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

বাধক: প্রতিবন্ধক, গর্ভধারণে বাধাদায়ক স্ত্রীরোগ। বি। তৎসম। বাধ্ + অক। বানান: ব্ + আ + ধ্ + অ + ক্ + অ।

বাধবাধ। দ্বিধাযুক্ত। ক্রি। বিণ। তদ্ভব। বাধ [বাধ্ + অ] + বাধ [বাধ্ + অ]। ৬।১ বানান: ব্ + আ + ধ্ + অ + ব্ + আ + ধ্ + অ।

বাধা: ব্যাঘাত। বি। তৎসম। বাধ্ + অ + আ। ৬।১ বানান: ব্ + আ + ধ্ + আ।

বাধান, বাঁধানো: ঘটানো। ক্রি। তদ্ভব। সং. বাধ্ + বাং. আন, আনো। ৬।১ বানান: ব্ + আ + ধ্ + আ + ন্ + অ, ও।

বাধিত: অনুগৃহীত। বিণ। তৎসম। < সং. বাধ্ + ত। ৬।১ বানান: ব্ + আ + ধ্ + ই + ত্ + অ।

বাধোবাধো: দ্বিধাযুক্ত। বিণ। তদ্ভব। বাধ ['বাধ' দ্রষ্টব্য] + ও + বাধ [ঐ] + ও। বানান: ব্ + আ + ধ্ + ও + ব্ + আ + ধ্ + ও।

বাধ্য: অনুগত। বিণ। তৎসম। বাধ্ + য [যৎ]। ৬।১ বানান: ব্ + আ + ধ্ + য্ + অ।

বাধ্যতা: বশ্যতা। বি। তৎসম। বাধ্য ['বাধ্য' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ব্ + আ + ধ্ + য্ + অ + ত + আ।

বাধ্যতামূলক: আবশ্যিক। বিণ। তৎসম। বাধ্যতা

['বাধ্যতা' দ্রষ্টব্য]। মূল [মূল + ক]। ৬।১ বাধ্যতা মূল যাতে= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + আ + ধ্ + য্ + অ + ত্ + আ + ম্ + উ + ল্ + অ + ক্ + অ।

বাধ্যবাধকতা: বাঁধাবাঁধি। বি। তৎসম। বাধ্য ['বাধ্য' দ্রষ্টব্য] + বাধকতা [বাধ্ + অক + তা]। ৬।১, ৬।২ বাধ্য ও বাধকতা= দ্বন্দ্ব। ৩।৪ বানান: ব্ + আ + ধ্ + য্ + অ + ব্ + আ + ধ্ + অ + ক + অ + ত্ + আ।

বান: বন্যা, যুক্ত অর্থবাচক [< বৎ]। বি। তদ্ভব। < সং. বন্যা। বানান: ব্ + আ + ন্ + অ।

বানচাল: বিপর্যস্ত। বিণ। দেশী। বানের [নৌকার তলার জোড়া-লাগানো কাঠের] চাল [চালাচালি বা ওলটপালট] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + আ + ন্ + চ্ + আ + ল্। ন্ = ন, ল্ = ল।

বানতৈল: যে তেল বাতাসে উবে যায়। বি। তৎসম। বান [বৈ (শোষিত হওয়া বা উবে যাওয়া) + ত] + তৈল [তিল + অ]। ৬।১ বান যে তৈল= কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + ন্ + ত্ + ঐ + ল্ + অ। ন্ = ন।

বানপ্রস্থ: হিন্দুধর্মের তৃতীয় আশ্রম বা তা গ্রহণকারী। বি, বিণ। তৎসম। বন প্রস্থ [বনে প্রস্থান করে যে] । + অ। ৬।১ বানান: ব্ + আ + ন্ + অ + প্ + র্ + অ + স্ + থ্ + অ। প্ + র্ + অ= প্র, স্ +থ্ + অ = স্থ।

বানভাসি: বন্যার জলে প্লাবিত। বিণ। তদ্ভব। বান [< সং. বন্যা] + ভাসি [ভাস্ + ই]। ৬।১ বানে যা ভেসেছে = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + আ + ন্ + অ + ভ্ + আ + স্ + ই।

বানর: বাঁদর। বি। তৎসম। বান + রা + অ অথবা, বনর + অ। বানান: ব্ + আ + ন্ + অ + র্। শব্দান্তের 'র' হসন্তবর্জিত। বনে ফল-সংগ্রহকারী বা বনে রমণকারী।

বানরী: স্ত্রী-বাঁদর। বি। তৎসম। বানর ['বানর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + আ + ন্ + অ + র্ + ঈ।

বানা: তাঁত বোনার কাজে ব্যবহৃত সরু খিল। বি। বিদেশী। <হি. বনা। বাংলা বানান: ব্ + আ + ন্ + আ।

বানান: শব্দের বর্ণ-বিশ্লেষণ। বি। তদ্ভব। <সং. বর্ণন। বানান: ব্ + আ + ন্ + আ + ন্ + অ।

বানানো: কৃত্রিম, তৈরি-করা। ক্রি। তদ্ভব। বানা [<সং. বনা] + বাং. আনো। ৬।৩ বানান: ব্ + আ + ন্ + আ + ন্ + ও।

বানি: গয়না গড়ার মজুরি। বি। বিদেশী। <হি. বন্বাই। বাংলা বানান: ব্ + আ + ন্ + ই।

বানিয়া: বেনে। বি। তদ্ভব। <সং. বণিক। বানান: ব্ + আ + ন্ + ই + য্ + আ।

বান্ডিল: পুলিন্দা। বি। বিদেশী। < ইং. bundle. বাংলা বানান: ব্ + আ + ন্ + ড্ + ই + ল্ + অ। বি.দ্র.: বিদেশী শব্দ বলে ড্-এর আগে 'ন্' হয়েছে।

বান্দা: ব্যক্তি, ভৃত্য। বি। বিদেশী। <ফা. বন্দাহ্। বাংলা বানান: ব্ + আ + ন্ + দ্ + আ।

বান্ধব: বন্ধু, স্বজন। বি। তৎসম। সং. বন্ধু + অ। বানান: ব্ + আ + ন্ + ধ্ + অ + ব্ + অ। ন্ + ধ্ + অ= ন্ধ।

বান্ধবী: স্ত্রী-বন্ধু। বি। তৎসম। বান্ধব ['বান্ধব' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + আ + ন্ + ধ্ + অ + ব্ + ঈ।

বান্ধুলি: বাঁধুলি ফুল। বি। তদ্ভব। <সং. বন্ধুলি। বানান: ব্ + আ + ন্ + ধ্ + উ + ল্ + ই। ন্ + ধ্ + উ =ন্ধু।

বাপ: বাবা। বি। তদ্ভব। <সং. বপ্র। বানান: ব্ + আ + প্ + অ। মতান্তরে, তৎসম: বপ্ [বীজ বপন করা] + অ।

বাপ্, বাপ্‌স্: ভয় ও বিস্ময়সূচক অব্যয়। অব্য। দেশী। বানান: ব্ + আ + প্ [স্]।

বাপান্ত: কারও বাপের নামে গালি-প্রদান। বি।

তৎসম। বাপ [বপ্ + অ] + অন্ত [অম্ + ত]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [পা]। ২।১।ক বাপের অন্ত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + আ + প্ + আ + ন্ + ত্ + অ।

বাপি: পুত্র বা পিতাকে স্নেহ-সম্বোধন। বি। তদ্ভব। বাপ + ই [আদরে]। বানান: ব্ + আ + প্ + ই।

বাপী: দীঘি, পুত্র বা পিতাকে স্নেহ-সম্বোধন। বি। তৎসম। বপ্ [বপন করা] + ই [অধিকরণ] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + আ + প্ + ঈ।

বাপু: পদমর্যাদায় হীনতর ব্যক্তিকে সম্বোধন। বি। তদ্ভব। বাপ ['বাপ' দ্রষ্টব্য] + উ [আদরে বা অবজ্ঞায়]। বানান: ব্ + আ + প্ + উ।

বাপুজী: মহাত্মা, গান্ধী। বি। বিদেশী। বাপু ['বাপু' দ্রষ্টব্য] + জী [মহাশয়, মান্য অর্থে]। বানান: ব্ + আ + প্ + উ + জ্ + ঈ।

বাফতা: রেশম ও কার্পাসের বোনা বস্ত্র। বি। বিদেশী। <ফা. বাফ্‌তা। বাংলা বানান: ব্ + আ + ফ্ + ত্ + আ। ফ্=ফ।

বাব: হিসাবের খাত। বি। বিদেশী। <আ. বাব্। বাংলা বানান: ব্ + আ + ব্। ব্=ব।

বাবত: দরুন। অব্যয়। বিদেশী। <আ. বাবৎ। বাংলা বানান: ব্ + আ + ব্ + অ + ত্। 'ত্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বাবদ: দরুন। অব্য। বিদেশী। বাংলা বানান: ব্ + আ + ব্ + অ + দ্। 'দ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বাবদূক: বাচাল। বিণ। তৎসম। বাবদ [বদ্ (বলা) + যঙ্‌লুক] + উক। ৬।১ যে বেশী কথা বলে। বানান: ব্ + আ + ব্ + অ + দ্ + উ + ক্ + অ। বি.দ্র.: দ্ + ঊ= দূ।

বাবরি: সিংহের মতো কাঁধ পর্যন্ত লম্বা ও কোঁকড়ানো চুল। বি। বিদেশী। <ফা. ববর্ [সিংহ] + বাং. ই। বাংলা বানান: ব্ + আ + ব্ + র্ + ই। মাঝের 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বাবলা: আঠার জন্যে বিখ্যাত কাঁটাওয়ালা গাছ। বি। তদ্ভব। <সং. বর্বুর। বানান: ব্ + আ + ব্ + ল্ + আ। মাঝের 'ব্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বাবা: পিতা। বি। তদ্ভব। <সং. বপ্র। বানান: ব্ + আ + ব্ + আ।

বাবাজী: বৈষ্ণব সাধুদের উপাধি। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। বাবা ['বাবা' দ্রষ্টব্য] + জী [সম্ভ্রমার্থে] বানান: ব্ + আ + ব্ + আ + জ্ + ঈ।

বাবু: হিন্দু নামের সঙ্গে ব্যবহৃত সম্ভ্রমযুক্ত উপাধি, শৌখিন মানুষ। বি, বিণ। বিদেশী। <ফা. বাবু। বাংলা বানান: ব্ + আ + ব্ + উ।

বাবুই: বাসা নির্মাণে দক্ষ ক্ষুদ্র পক্ষী, বনতুলসী। বি। দেশী। বানান: ব্ + আ + ব্ + উ + ই।

বাবুগিরি: বিলাসী চালচলন। বি। বিদেশী। <ফা. বাবু ['বাবু' দ্রষ্টব্য] + ফা. গিরি। বাংলা বানান: ব্ + আ + ব্ + উ + গ্ + ই + র্ + ই।

বাবুজী: সম্ভ্রমযুক্ত সম্বোধন। বি। বিদেশী। ফা. বাবু + হি.জী [সম্ভ্রমার্থে] বানান: ব্ + আ + ব্ + উ + জ্ + ঈ।

বাবুমশাই: সম্ভ্রমযুক্ত সম্বোধন। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। ফা. বাবু + তদ্ভব. মশাই [<সং. মহাশয়]। যিনি বাবু, তিনিই মশাই= কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + ব্ + উ + ম্ + অ + শ্ + আ + ই।

বাবুয়ানা, বাবুয়ানি: বিলাসী চালচলন। বি। বিদেশী। বাবু + য়ানা, য়ানি। বানান: ব্ + আ + ব্ + উ + য্ + আ + ন্ + আ, ই।

বাবুর্চি, বাবুর্চী: মুসলমান পাচক। বি। বিদেশী।

<তুর্কী. বাবর্চী। বাংলা বানান: ব্ + আ + ব্ + উ + র্ + চ্ + ই, ঈ। বি.দ্র.: র্ + চ্ + ই, ঈ= বাবুর্চি, বাবুর্চী।

বাবুর্চিখানা: রান্নাঘর। বি। বিদেশী। বাবুর্চি ['বাবুর্চি' দ্রষ্টব্য] + হি. খানা। বাংলা বানান: ব্ + আ + ব্ + উ + র্ + চ্ + ই + খ্ + আ + ন্ + আ।

বাম: বাঁ-দিক, বিমুখ। বিণ। তৎসম। বা + ম [মন্]। ৬।২ বানান: ব্ + আ+ ম্ + অ।

বামদেব: শিব। বি। তৎসম। বাম ['বাম' দ্রষ্টব্য] + দেব [দিব্ + অ]। ৬।১ বাম [সুন্দর] যে দেব= কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + ম্ + অ + দ্ + এ + ব্ + অ।

বামন: বিষ্ণুর পঞ্চম অবতার, বেঁটে। বি। বিণ। তৎসম। বাম ['বাম' দ্রষ্টব্য] + নী + অ। সংকুচিত দেহ যার। বানান: ব্ + আ + ম্ + অ + ন্ + অ।

বামনা: [তুচ্ছার্থে] বামন। বি। তদ্ভব। বামন ['বামন' দ্রষ্টব্য] + বাং. আ [তুচ্ছার্থে]। বানান: ব্ + আ + ম্ + অ + ন্ + আ।

বামনাই: ব্রাহ্মণত্বের বড়াই। বি। তদ্ভব। বামন [<সং. ব্রাহ্মণ] + বাং. আই। ৬।৩ বানান: ব্ + অ + ম্ + অ + ন্ + আ + ই।

বামনী: ব্রাহ্মণী। বি। তদ্ভব। বামন [<সং. ব্রাহ্মণ] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + আ + ম্ + অ + ন্ + ঈ।

বামপন্থী: প্রগতিশীল মতবাদে বিশ্বাস। বি। তৎসম। বাম ['বাম' দ্রষ্টব্য] + পন্থী [পন্থা + বাং. ঈ]। ৬।৩ বাম পন্থা যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + অ + ম্ + অ + প্ + অ + ন্ + থ্ + ঈ।

বামা: স্ত্রীলোক। বি। তৎসম। বাম ['বাম' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বাম [সুন্দর]— বামা [সুন্দরী]। বানান: ব্ + আ + ম্ + আ।

বামাচার: তান্ত্রিক সাধন-পদ্ধতি। বি। তৎসম। বাম ['বাম' দ্রষ্টব্য] + আচার [আ + চর্ + অ]। ৬।১ বাম আচার = কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + ম্ + আ + চ্ + আ + র্ + অ।

বামাচারী: বামাচার পালনকারী। বিণ। তৎসম। বামাচার ['বামাচার' দ্রষ্টব্য] + ঈ [ইন্]। ৬।২ বাম আচরণ করেন যিনি = উপপদতৎ] ৩।৩ বানান: ব্ + আ + ম্ + আ + চ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বামাবর্ত: বামদিকে আবর্তযুক্ত। বিণ। তৎসম। বাম ['বাম' দ্রষ্টব্য] + আবর্ত [আ + বৃৎ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [মা]। ২।১।খ বাম দিকে আবর্ত যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + আ + ম্ + আ + ব্ + অ + র্ + ত্ + অ। বি.দ্র.: র্ + ত্ + অ= র্ত।

বামুন: ব্রাহ্মণ। বি। তদ্ভব। <সং. ব্রাহ্মণ। বানান: ব্ + আ + ম্ + উ + ন্। ন্=ন।

বামুনঠাকুর: পাচক ব্রাহ্মণ, পুরোহিত বি। তদ্ভব। বামুন ['বামুন' দ্রষ্টব্য] + ঠাকুর [<সং. ঠক্কুর]। যিনি বামুন, তিনিই ঠাকুর = কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + ম্ + উ + ন্ + ঠ্ + আ + ক্ + উ + র্। ন্ = ন, র্ = র।

বামেতর: দক্ষিণ। বিণ। তৎসম। বাম ['বাম' দ্রষ্টব্য] + ইতর [ই + তর]। [সন্ধি] অ + ই = এ [মে]। ২।৪।ক বাম ইতর যা থেকে = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + আ + ম্ + এ + ত্ + অ + র্ + অ।

বামোরু: সুন্দর উরুবিশিষ্টা রমণী। বি। তৎসম। বাম ['বাম' দ্রষ্টব্য] + উরু + ঊ [স্ত্রী]। [সন্ধি] অ + উ = ও। [মো]। ২।৫।খ বাম [সুন্দর] উরু যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + আ + ম্ + ও + র্ + ঊ। বি.দ্র.: র্ + ঊ [স্ত্রীলিঙ্গ-হেতু]= রূ।

বায়: বায়ুর কোমল রূপ। বি। তদ্ভব। <সং. বায়ু।

বানান: ব্ + আ + য়্। য় = য়।

বায়না: আবদার, মূল্যের প্রদত্ত অগ্রিম অংশ। বি। বিদেশী। <ফা. বাহানা। বাংলা বানান: ব্ + আ + য়্ + ন্ + আ। য়্ = য়।

বায়নাক্কা: টালবাহানা। বি। বিদেশী। বায়না ['বায়না' দ্রষ্টব্য] + ক্কা [শব্দক্রম] বানান: ব্ + আ + য়্ + ন্ + আ + ক্ + ক্ + আ। য়্ = য়।

বায়ব: বায়ুতে পরিণত। বিণ। তৎসম। বায়ু + অ। ৬।২ বানান: ব্ + আ + য়্ + অ + ব্ + অ।

বায়বীয়: বায়ুতে পরিণত। বিণ। তৎসম। বায়ব ['বায়ব' দ্রষ্টব্য] + ঈয়। ৬।২ বানান: ব্ + আ + য়্ + অ + ব্ + ঈ + য়্ + অ।

বায়ব্য: বায়ুতে পরিণত। বিণ। তৎসম। বায়ু + য [ষ্ণ্য]। ৬।২ বানান: ব্ + আ + য়্ + অ + ব্ + য্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ।

বায়স: কাক। বি। তৎসম। বয়স্ + অ। ৬।২ বানান: ব্ + আ + য়্ + অ + স্ + অ।

বায়সী: স্ত্রী-কাক। বি। তৎসম। বায়স + ঈ [স্ত্রী]। ব্ + আ + য়্ + অ + স্ + ঈ।

বায়স্কোপ: চলচ্চিত্র। বি। বিদেশী। <ইং. bio-scope. বাংলা বানান: ব্ + আ + য়্ + অ + স্ + ক্ + ও + প্। শব্দান্তের 'প্'-র হসন্ত চিহ্ন নিষ্প্রয়োজন।

বায়ু: বাতাস। বি। তৎসম। বা + উ। ৬।২ 'য়্'-এর আগম। [য়-শ্রুতি]। বানান: ব্ + আ + য়্ + উ।

বায়ুকোণ: উত্তর-পশ্চিম কোণ। বি। তৎসম। বায়ু ['বায়ু' দ্রষ্টব্য] + কোণ [কুণ্ + অ]। ৬।১ বায়ু নামক কোণ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + য়্ + উ + ক্ + ও + ণ্ + অ। বি.দ্র.: 'কোণ'-এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

বায়ুগ্রস্ত: বায়ুরোগাক্রান্ত। বিণ। তৎসম। বায়ু ['বায়ু' দ্রষ্টব্য] + গ্রস্ত [গ্রস্ + ত]। ৬।১ বায়ুর দ্বারা গ্রস্ত=করণতৎ। ৩।৩ বানান: ব্ + আ + য়্ + উ + গ্ + র্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: গ্ + র্ + অ= গ্র, স্ + ত্ + অ= স্ত।

বায়ুজীবী: যে কেবল বায়ু আহার-পূর্বক জীবন-ধারণ করে। বিণ। তৎসম। বায়ু ['বায়ু' দ্রষ্টব্য] + জীবী [জীব্ + ঈ [ইন্]]। ৬।১ বায়ু [ভক্ষণ] দ্বারা জীবন ধারণ করে যে= উপপদ-তৎ। ৩।৩ বানান: ব্ + আ + য়্ + উ + জ্ + ঈ + ব্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত]।

বায়ুভুক্: বায়ুভক্ষণকারী। বিণ। তৎসম। বায়ু ['বায়ু' দ্রষ্টব্য] + ভুক্ [ভুজ্ + ক্বিপ্]। ৬।১ বায়ু ভক্ষণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + আ + য়্ + উ + ভ্ + উ + ক্।

বায়েন: বাদক। বি। তদ্ভব। <সং. বাদন।

বার: দিন। বি। তৎসম। বৃ + অ ৬।১ বানান: ব্ + আ + র্ + অ।

বার: বাহির। বি। তদ্ভব। <বাহির <সং. বহিঃ।

বার: উকিল-সমাজ। বি। বিদেশী। <ইং. bar. বাংলা বানান: ব্ + আ + র্। শব্দান্তের 'র্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বারংবার: বারবার। ক্রি-বিণ। তৎসম। বারম্ + বার [বৃ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + বা= ংবা। ২।২৮ বানান: ব্ + আ + র্ + অ + ং + ব্ + আ + র্ + অ।

বারকোশ: কাঠের তৈরী বড় থালা। বি। বিদেশী। <ফা. বার্‌কশ্। বাংলা বানান: ব্ + আ + র্ + অ + ক্ + ও + শ্। শ্ = শ।

বারণ: হাতি। বি। তৎসম। বৃ + ণিচ্ + অন। ৬।১ যা শত্রুদলকে নিবারণ করে। বানান: ব্ + আ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন' এর মধ্যে 'অ' [স্বরবর্ণ] থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বারণাবত: মহাভারতে বর্ণিত নগরী, বর্তমান নাম

প্রয়াগ [মহাভারতে যে-স্থানে জতুগৃহ দাহ হয়]। বি। তৎসম। বানান: ব্ + আ + র্ + অ + ণ্ + আ + ব্ + অ + ত্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বারতা: [কাব্যে] বার্তা। বি। অর্ধ-তৎসম। <সং. বার্তা।

বারদরিয়া: উন্মুক্ত সমুদ্র। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। বার [<বাহির] + ফা. দর্ইয়া। বাংলা বানান: ব্ + আ + র্ + দ্ + অ + র্ + ই + য্ + আ। বাংলায় 'র্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বারদুয়ারি, বারদুয়ারী: বারোটি দরজাযুক্ত। বিণ। মিশ্র [বিদেশী + তদ্ভব]। বার [<হি. বার্হ্] + দুয়ার [<সং. দ্বার] + বাং. ই. ঈ]। বানান: ব্ + আ + র্ + দ্ + উ + য্ + আ + র্ + ই, ঈ। র্ = র।

বারনারী: পরবধূ, বারবিলাসিনী। বি। মিশ্র [তদ্ভব + তৎসম]। বার [<বাহির] + নারী [নর বা নৃ + ঈ (স্ত্রী)]। ৭।১।গ বার [কূলের বাহির] যে নারী= কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + র্ + ন্ + আ + র্ +ঈ। র্ = র।

বারফট্টাই: বৃথা জাঁকজমক। বি। দেশী। বানান: ব্ + আ + র্ + ফ্ + অ + ট্ + ট্ + আ +ই। 'র্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বারবেলা: দিনের নিষিদ্ধ কাল। বি। তৎসম। বার [বৃ + অ= নিবারণকৃত] + বেলা [বেল্ + অ + আ]। ৬।১ নিবারণকৃত যে বেলা= কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + র্ + অ + ব্ + এ + ল্ + আ।

বারব্রত: বিভিন্ন পুণ্যতিথিতে ব্রতানুষ্ঠান। বি। তৎসম। বার [বৃ + অ] + ব্রত [বৃ + অত]। ৬।১ বার [পুণ্যতিথিতে পালনীয়] যে ব্রত= কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + র্ + অ + ব্ + র্ + অ + ত্ + অ। ব্ + র্ + অ= ব্র।

বারভুঁইয়া: বাংলার বারোজন বিখ্যাত সামন্ত ভূস্বামী। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব।] বার [<হি. বার্হ্] + ভুঁইয়া [<সং. ভৌমিক]। বার ভুঁইয়ার সমাহার= দ্বিগু। ৩।৬ বানান: ব্ + আ + র্ + অ + ভ্ঁ + উ + ই + য্ + আ।

বারভুঞা: বাংলার বারোজন বিখ্যাত সামন্ত ভূস্বামী। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। বারভুঞা ['বার ভুঁইয়া' দ্রষ্টব্য]। বানান: ব্ + আ + র্ + অ + ভু+ ঞ্ + আ।

বারভূত: অবাঞ্ছিত জনসাধারণ। বি। মিশ্র [বিদেশী + তৎসম।] বার [<হি. বার্হ্] + ভূত [ভূ + ত]। ৬।১ বার ভূতের সমাহার= দ্বিগু। ৩।৬ বানান: ব্ + আ + র্ + অ + ভ্ + উ + ত্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ।

বারমেসে: যা সারা বছরই ফলে। বি। তদ্ভব। <বাং. বারমাসিয়া [বারমাস + বাং. ইয়া]। বানান: ব্ + আ + র্ + অ + ম্ + এ + স্ + এ।

বারাঙ্গনা: বেশ্যা। বি। তৎসম। বার [সমূহ] + অঙ্গনা [অঙ্গ + অন + আ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [রা]। ২।১।ক বারের [সমূহের বা বাহিরের] অঙ্গনা [স্ত্রী]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + আ + র্ + আ + ঙ্ + গ্ + অ + ন্ + আ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ।

বারাণসী: কাশী। বি। তৎসম। বরণা + অসি + ঈ [স্ত্রী]। ৭।১।গ। বরণাসী > বারাণসী। বরণা [বরুণা] ও অসি [নদীযুগল] = দ্বন্দ্ব।৩।৪ বানান: ব্ + আ + র্ + আ + ণ্ + অ + স্ + ঈ। 'র' ও 'ন' এর মধ্যে 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বারাণ্ডা: বাড়ির সম্মুখের উন্মুক্ত অংশ। বি। বিদেশী। <ফা. বরাম্‌দা। বাংলা বানান: ব্ + আ + র্ + আ + ন্ + ড্ + আ। বি.দ্র.: ন্ + ড্ + আ = ন্ডা।

বারান্তর : অন্য বার। বি। তৎসম। বার [বৃ + অ] + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [রা]। ২।১।ক অন্য বার =নিত্যসমাস। বানান: ব্ + আ + র্ + আ + ন্ + ত্ + অ + র্ + অ। ন্ + ত্ + অ =ন্ত।

বারান্দা : বাড়ির সম্মুখের খোলা অংশ। বি। বিদেশী। <ফা. বরাম্‌দা। বাংলা বানান: ব্ + আ + র্ + আ + ন্ + দ্ + আ। ন্ + দ্ + আ = ন্দা।

বারি : যা তৃষ্ণা নিবারণ করে। বি। তৎসম। বৃ + ণিচ্ + ই। ৬।১ বানান: ব্ + আ + র্ +ই।

বারিক : সেনাবাহিনীর ছাউনি, উপাধি। বি। বিদেশী। <ইং. Barrack. বাংলা বানান: ব্ + আ + র্ + ই + ক্। ক্ = ক।

বারিণী : নিবারণকারিণী। বি। তৎসম। বৃ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১ বানান: ব্ + আ + র্ + ই + ণ্ + ঈ। 'র' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ। শব্দটি 'ইন্ + ঈ'-প্রত্যয়ান্ত। তাই আগে 'ই', পরে 'ঈ'।

বারিধি : সমুদ্র। বারি ['বারি' দ্রষ্টব্য] + ধা + ই। ৬।১ বারি ধারণ করে যে। বানান: ব্ + আ + র্ + ই + ধ্ + ই।

বারিনিধি : সমুদ্র। বি। তৎসম। বারি ['বারি' দ্রষ্টব্য] + নিধি [নি + ধা + ই]। ৬।২ বারি নিধি যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + আ + র্ + ই + ন্ + ই + ধ্ + ই।

বারি-প্রবাহ : জলস্রোত। বি। তৎসম। বারি ['বারি' দ্রষ্টব্য] + প্রবাহ [প্র + বহ্ + অ] ৬।১ বারির প্রবাহ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + আ + র্ + ই + প্ + র্ + অ + ব্ + আ + হ্ + অ। প্ + র্ + অ= প্র

বারী : নিবারণকারী। বি। তৎসম। বৃ + ণিচ্ +ই + ঈ। ৭।১।গ। বানান: ব্ + আ + র্ + ঈ।

বারীন্দ্র : সমুদ্র। বি। তৎসম। বারি ['বারি' দ্রষ্টব্য] + ইন্দ্র [ইন্দ্র + অ] ৬।১ [সন্ধি] ই + ই= ঈ [রী]। ২।২।খ বারির ইন্দ্র= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + আ + র্ + ঈ + ন্ + দ্ + র্ + অ।

বারীশ : সমুদ্র। বি। তৎসম। বারি ['বারি' দ্রষ্টব্য] + ঈশ [ঈশ্ + অ]। ৬।১ [সন্ধি] ই + ঈ = ঈ [রী]। ২।২।ক বারির ঈশ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + আ + র্ + ঈ + শ্ + অ।

বারুই : পান-ব্যবসায়ী জাতি। বি। দেশী। বানান: ব্ + আ + র্ + উ + ই। বি.দ্র.: র্ + উ =রু।

বারুজীবী : পান-ব্যবসায়ী সম্প্রদায়। বি। মিশ্র [দেশী + তৎসম]। বারু ['বারুই' দ্রষ্টব্য] + জীবী [জীব্ + ইন্ (ঈ)] বারুতে [পান-ব্যবসায়ে] জীবিত থাকে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + আ + র্ + উ + জ্ + ঈ + ব্ + ঈ।

বারুণী : বরুণকন্যা, বরুণপত্নী। মদ্য। বি। তৎসম। 'বারুণ' [বরুণ + অ] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + আ + র্ + উ + ণ্ + ঈ। 'র' ও 'ন'-এব মধ্যে 'উ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বারুদ : বিস্ফোরক রসায়ন দ্রব্য। বি। বিদেশী। < তুর্কী. বারুত। বাংলা বানান: ব্ + আ + র্ + উ + দ্। দ্ = দ।

বারুদখানা : বারুদ রাখার ঘর। বি। বিদেশী। তুর্কী. বারুদ ['বারুদ' দ্রষ্টব্য] + ফা. খানা। বারুদের নিমিত্ত খানা [ঘর] = মধ্যপ-কর্মধা। ৩।২ বাংলা বানান: ব্ + আ + র্ + উ + দ্ + খ্ + আ + ন্ + আ। বি.দ্র.: 'দ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বারেন্দ্র : বরেন্দ্রভূমির অধিবাসী। বি। তৎসম। বরেন্দ্র + অ। ৬।২ বানান: ব্ + আ + র্ + এ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র.: ন্

+ দ্ + র্ + অ= দ্র।

বারো, বার : ১২ সংখ্যা। বিণ। বিদেশী। বার, বারো < হি. বারহ্ < সং. দ্বাদশন্। বাংলা বানান: ব্ + আ + র্ + অ, ও।

বারোই : বারো তারিখ। বিণ। বিদেশী। বারো ['বারো' দ্রষ্টব্য] + বাং ই। বানান: ব্ + আ + র্ + ও + ই।

বারোমাসি : বিরহিণী নায়িকার বারো মাসের সুখ-দুঃখের কাহিনী-কবিতা। বি। মিশ্র। বিদেশী + তদ্ভব] বারো ['বারো' দ্রষ্টব্য] + মাসি [মাস + বাং. ই]। ৬।৩ বানান: ব্ + আ + র্ + ও + ম + আ + স্ + ই।

বারোমাস্যা : বিরহিণী নায়িকার বারো মাসের সুখ-দুঃখের কাহিনী-কবিতা। বি। মিশ্র। [বিদেশী + তদ্ভব]। বারো ['বারো' দ্রষ্টব্য] + মাস্যা [মাস + য্ + আ < বাং. ইয়া]। ৬।৩ বানান: ব্ + আ + র্ + ও + ম্ + আ + স্ + য্ + আ।

বারোয়ারি, বারোয়ারী : সর্বসাধারণের দ্বারা অনুষ্ঠিত। বিণ। বিদেশী। বার ['বার (১২)' দ্রষ্টব্য] + ফা. ওয়ারী]। বাংলা বানান: ব্ + আ + র্ + ও + য় + আ + র্ + ই,ঈ।

বারোয়ারিতলা, বারোয়ারীতলা : বারোয়ারী পূজার স্থান। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। বারোয়ারি, বারোয়ারী ['বারোয়ারি, বারোয়ারী' দ্রষ্টব্য] + তলা [তল (< সং. স্থল) + বাং. আ]। বানান: ব্ + আ + র্ + ও + য় + আ + র্ + ই (ঈ)। ত্ + অ + ল্ + আ।

বার্ণিক : চিত্রকর। বি। তৎসম। বর্ণ + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: ব্ + আ + র্ + ণ্ + ই + ক্ + অ। বি.দ্র.: 'র্'-এর পর 'ণ্' হয়েছে। র্ + ণ্ + ই= র্ণি।

বার্তা : সংবাদ। বি। তৎসম। বৃত্তি + অ + আ। বানান: ব্ + আ + র্ + ত্ + আ। র্ + ত্ + আ= র্তা।

বার্তাজীবী : সাংবাদিক। বি। তৎসম। বার্তা ['বার্তা' দ্রষ্টব্য] + জীবী [জীব্ + ইন্ (ঈ)]। ৬।১ বার্তার দ্বারা জীবিকা অর্জন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + আ + র্ + ত্ + আ + জ্ + ঈ + ব্ + ঈ।

বার্তাকু : বেগুন। বি। তৎসম। বানান: ব্ + আ + র্ + ত্ + আ + ক্ + উ।

বার্তাবহ : দূত। বি। তৎসম। বার্তা ['বার্তা' দ্রষ্টব্য] + বহ [বহ্ + অ] ৬।১ বার্তা বহন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + আ + র্ + ত্ + আ + ব্ + অ + হ্ + অ।

বার্নিশ : চকচকে করবার জন্য প্রলেপ। বি। বিদেশী। < ইং. varnish. বাংলা বানান: ব্ + আ + র্ + ন্ + ই + শ্ + অ। র্ + ন্ + ই= র্নি। 'র' আগে থাকা সত্ত্বেও বিদেশী শব্দ বলে ণত্ববিধান প্রযুক্ত হয়নি।

বার্যমাণ : যা বারণ করা হচ্ছে। বিণ। তৎসম। বৃ + ণিচ্ + য + মান [শানচ্]। বানান: ব্ + আ + র্ + য্ + অ + ম্ + আ + ণ্ + অ। 'র' ও 'ন'-এর মধ্যে 'য', 'অ', 'ম্' ও 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বার্ষিক : বাৎসরিক। বিণ। তৎসম। বর্ষ + ইক [ষ্ণিক]। ৬।১ বানান: ব্ + আ + র্ + ষ্ + ই + ক্ + অ। বি.দ্র.: 'র্'-এব পর 'ষ্' হয়েছে। ৪।২।গ

বার্ষিকী : বৎসরান্তে অনুষ্ঠিত বা প্রকাশিত। বি। তৎসম। বার্ষিক ['বার্ষিক' দ্রষ্টব্য] + ঈ (স্ত্রী)। ৭।১।গ বানান: ব্ + আ + র্ + ষ্ + ই + ক্ + ঈ।

বার্ষ্ণেয় : বৃষ্ণি-বংশে যার জন্ম। বি। তৎসম। বৃষ্ণি + এয় [ষ্ণেয়]। ৬।২ বানান: ব্ + আ + র্ + ষ্ + ণ্ + এ + য় + অ। বি.দ্র.: র্ + ষ্ + ণ্ + এ= র্ষ্ণে। 'ষ'-এর পর 'ণ' হয়েছে।

বার্হস্পত্য : বৃহস্পতি-নির্দেশিত নীতি। বি। তৎসম। বৃহস্পতি + য [ষ্ণ্য]। ৬।২ বানান: ব্ + আ

+ র্ + হ্ + অ + স্ + প্ + অ + ত্ + য্ + অ। বি.দ্র. : র্ + হ্ + অ= র্হ, স্ + প্ + অ= স্প, ত্ + য্ + অ= ত্য।

বাল : তরুণ। বি। তৎসম। বল্ + অ। ৬।১ বানান : ব্ + আ + ল্ + অ।

বালক : ছেলেমানুষ। বি। তৎসম। বাল ['বাল' দ্রষ্টব্য] + ক। ৬।২ বানান : ব্ + আ + ল্ + অ + ক্ + অ।

বালখিল্য : বৃদ্ধাঙ্গুষ্ঠ-পরিমাণ মহাতপা এক শ্রেণীর ঋষি। বি। তৎসম। বানান : ব্ + আ + ল্ + অ + খ্ + ই + ল্ + অ। বি.দ্র. : ল্ + য্ + অ= ল্য।

বালগোপাল : শিশুকৃষ্ণের মূর্তি। বি। তৎসম। বাল ['বাল' দ্রষ্টব্য] + গোপাল [গো + পা + ণিচ্ + অ]। ৬।১ বাল যে গোপাল= কর্মধা। ৩।২ বানান : ব্ + আ + ল্ + অ + গ + ও + প্ + আ + ল্ + অ।

বালচন্দ্র : নবোদিত চন্দ্র। বি। তৎসম। বাল ['বাল' দ্রষ্টব্য] + চন্দ্র [চন্দ্ + র]। ৬।১ বাল যে চন্দ্র= কর্মধা। ৩।২ বানান : ব্ + আ + ল্ + অ + চ্ + অ + ন্ + দ্ + র্ + অ।

বালচাপল্য : বালক-সুলভ চপলতা। বি। তৎসম। বাল ['বাল' দ্রষ্টব্য] + চাপল্য [চপল + য (ষ্ণ্য)]। ৬।২ বাল-সুলভ চাপল্য= মধ্যপ-কর্মধা। বানান : ব্ + আ + ল্ + অ + চ্ + আ + প + অ + ল্ + য্ + অ।

বালতৃণ : কচি ঘাস। বি। তৎসম। বাল ['বাল' দ্রষ্টব্য] + তৃণ [তৃণ্ + অ]। ৬।১ বাল যে তৃণ= কর্মধা। ৩।২ বানান : ব্ + আ + ল্ + অ + ত্ + ঋ + ণ্ + অ।

বালতি : মুখ-চওড়া ধাতু-নির্মিত হাতলযুক্ত জলপাত্র। বি। বিদেশী। < পো. balde. বাংলা বানান : ব্ + আ + ল্ + তি। 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বালদো : তাল নারকেলের পাতা। বি। দেশী। বানান : ব্ + আ + ল্ + দ্ + ও। 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বালবাচ্চা : ছেলেপুলে। বি। তদ্ভব। বাল ['বাল' দ্রষ্টব্য] + বাচ্চা [< সং. বৎস]। যে বাল, সে-ই বাচ্চা= কর্মধা। ৩।২ বানান : ব্ + আ + ল্ + অ + ব্ + আ + চ্ + চ্ + আ।

বালবিধবা : বাল্যকালেই পতিহীনা। বি। তৎসম। বাল ['বাল' দ্রষ্টব্য] + বিধবা [বি + ধন (স্বামী) + আ]। ৬।২ বালা যে বিধবা= কর্মধা। ৩।২ বানান : ব্ + আ + ল্ + অ + ব্ + ই + ধ্ + অ + ব্ + আ।

বালভাষিত : শিশুর উক্তি। বি। তৎসম। বাল ['বাল' দ্রষ্টব্য] + ভাষিত [ভাষ্ + ত]। ৬।১ বালের [বালকের] দ্বারা ভাষিত= করণতৎ। ৩।৩ বানান : ব্ + আ + ল্ + অ + ভ্ + আ + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র. : 'ভাষ' শব্দের 'ষ' স্বাভাবিক 'ষ'।

বালভোগ : জগন্নাথের অথবা বালগোপালের দিনের প্রথম ভোগ। বি। তৎসম। বাল ['বাল' দ্রষ্টব্য] + ভোগ [ভুজ্ + অ]। ৬।১ বালের [জগন্নাথের বা বাল গোপালেব] ভোগ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + আ + ল্ + অ + ভ্ + ও + গ্ + অ।

বালসুলভ : ছেলেমানুষী। বিণ। তৎসম। বাল ['বাল' দ্রষ্টব্য] + সুলভ [সু + লভ্ + অ]। ৬।১ বালের মধ্যে সুলভ= অধিকরণতৎ। ৩।৩ বানান : ব্ + আ + ল্ + অ + স্ + উ + ল্ + অ + ভ্ + অ।

বালসূর্য : নবোদিত সূর্য। বি। তৎসম। বাল ['বাল' দ্রষ্টব্য] + সূর্য [সৃ + য (যৎ)]। ৬।১ বাল [তরুণ] যে সূর্য= কর্মধা। ৩।২ বানান : ব্ + আ + ল্ + অ + স্ + ঊ + র্ + য্ + অ। বি.দ্র. : স্ + ঊ= সূ, র্ + য্ + অ= র্য। রেফ থাকায় 'য'-এর দ্বিত্ব বর্জিত।

বালা : বলয়। বি। তৎসম। < সং. বলয়। বানান : ব্ + আ + ল্ + আ।

বালা : বালিকা [ষোল বছরের কম বয়সের]। বি। তৎসম। < সং. বাল + আ [স্ত্রী]। ৭।১।ক

বালাই : আপদ। বি। বিদেশী। < আ. বলা। বাংলা বানান : ব্ + আ + ল্ + আ + ই।

বালাখানা : উপরতলার ঘর। বি। বিদেশী। < ফা. বালাখানহ্। বাংলা বানান : ব্ + আ + ল্ + আ + খ্ + আ + ন্ + আ।

বালাপোশ : অল্প তুলো-ভরা রঙীন গাত্র-বস্ত্র। বি। বিদেশী। < ফা. বালাপোশ। বাংলা বানান : ব্ + আ + ল্ + আ + প্ + ও + শ্। শব্দান্তের 'শ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বালাম : পণ্যবাহী বৃহৎ নৌকা, বাখরগঞ্জের সুপ্রসিদ্ধ চাল। বি। দেশী। বানান : ব্ + আ + ল্ + আ + ম্। শব্দান্তের 'ম'-এর হসন্ত চিহ্ন নিষ্প্রয়োজন।

বালারুণ : নবোদিত রক্তবর্ণ সূর্য। বি। তৎসম। বাল ['বাল' দ্রষ্টব্য] + অরুণ [ঋ + উন > অর্ + উন]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [লা]। ২।১।ক ঋ + উ= অরু। ২।৯।ঙ বাল [তরুণ] যে অরুণ [রক্তবর্ণ সূর্য]= কর্মধা। ৩।২ বানান : ব্ + আ + ল্ + আ + র্ + উ + ণ্ + অ। বি.দ্র. : 'র' ও 'ণ'-এর মধ্যে 'উ' [স্বরবর্ণ] থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বালার্ক : নবোদিত রক্তবর্ণ সূর্য। বি। তৎসম। বাল ['বাল' দ্রষ্টব্য] + অর্ক [অর্চ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [লা]। ২।১।ক বাল [তরুণ] যে অর্ক [সূর্য]= কর্মধা। ৩।২ বানান : ব্ + আ + ল্ + আ + র্ + ক্ + অ। র্ + ক্ + অ= র্ক।

বালি : বালুকা। বি। তদ্ভব। বালি, বালু <সং. বালুকা। বানান : ব্ + আ + ল্ + ই।

বালিকা : ছোট মেয়ে। বি। তৎসম। সং. বালা + ইক + আ। ৬।২, ৭।১।ক বানান : ব্ + আ + ল্ + ই + ক্ + আ।

বালিখোলা : যে খোলায় খই মুড়ি ইত্যাদি ভাজা হয়। বি। তদ্ভব। বালি [< সং. বালুকা] + খোল [< সং. খোলক]। বালি সমন্বিত খোলা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ব্ + আ + ল্ + ই + খ্ + ও + ল্ + আ।

বালিচর : বালুর চর। বি। মিশ্র। [তদ্ভব + দেশী]। তদ্ভব. বালি + দেশী. চর। বালি [বালুকা] নির্মিত চর [জলোত্থিত ভূমি] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ব্ + আ + ল্ + ই + চ্ + অ + র্ + অ।

বালিয়াড়ি : নদীর, সমুদ্রের তীরের বালির উচ্চ স্তূপ। বি। দেশী। বানান : ব্ + আ + ল্ + ই + য়্ + আ + ড়্ + ই। বালি-নির্মিত আড়ি [আড়াল]= মধ্যপ-কর্মধা। ৩।২ বালি + [য়-আগম] + আড়ি। 'য়'-শ্রুতি।

বালিশ : উপাধান। বি। বিদেশী। < ফা. বালিশ্। বাংলা বানান : ব্ + আ + ল্ + ই + শ্ + অ।

বালিহংস : নদী-চরবাসী বুনো হাঁস। বি। মিশ্র [তদ্ভব + তৎসম] তদ্ভব. বালি + সং. হংস [হন্ + অ— 'স' আগম]। [নদীতীরের] বালিতে বাসকারী হংস।

বালিহাঁস : নদী-চরবাসী বুনো হাঁস। বি। তদ্ভব। বালি [< বালুকা] + হাঁস [< হংস]। বালিচরবাসী হাঁস= মধ্যপ-কর্মধা। ৩।২

বালী : রামায়ণে-বর্ণিত কিষ্কিন্ধ্যার রাজা। বি। তৎসম। বাল [কেশ] + ঈ [জাত]। ৬।১ কেশ থেকে জাত। বানান : ব্ + আ + ল্ + ঈ।

বালু : বালি। বি। তদ্ভব। বাং. বালু < প্রা. বালুয়া < সং. বালুকা। বানান : ব্ + আ + ল্ + উ।

বালুকা : বালি। বি। তৎসম। বল্ + উক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : ব্ + আ + ল্ + উ + ক্ + আ।

বালুকাময়: বালিপূর্ণ। বিণ। তৎসম। বালুকা ['বালুকা' দ্রষ্টব্য] + ময় [ময়ট্] ৬।২ বানান: ব্ + আ + ল্ + উ + ক্ + আ + ম্ + অ + য্ + অ।

বালুচর: বালির চর। বি। মিশ্র [তদ্ভব + দেশী]। তদ্ভব. বালু + দেশী. চর। বালু-নির্মিত চর= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + ল্ + উ + চ্ + অ + র্। র্ = র।

বালুচরী: মুর্শিদাবাদ জেলার'বালুচর'গ্রামে প্রস্তুত রেশমী শাড়ি। বিণ। দেশী। বালুচর [গ্রামনাম] + বাং. ঈ। ৬।৩ বালুচরে প্রস্তুত রেশমী শাড়ি। বানান: ব্ + আ + ল্ + উ + চ্ + অ + র্ + ঈ।

বালুসাই: ঘৃতপক্ক মিষ্টান্ন। বি। বিদেশী। < হি. বালুশাই। বাংলা বানান: ব্ + আ + ল্ + উ + স্ [শ্] + আ + ই।

বালেন্দু: নতুন চাঁদ। বি। তৎসম। বাল ['বাল' দ্রষ্টব্য] + ইন্দু [ইন্দ্ + উ]। ৬।১ [সন্ধি] অ + ই = এ [লে]। ২।৪।ক বাল [নবোদিত] ইন্দু [চন্দ্র]= কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + ল্ + এ + ন্ + দ্ + উ। ন্ + দ্ + উ= ন্দু।

বাল্মীকি: রামায়ণ-রচয়িতা বিখ্যাত ঋষি-কবি। বি। তৎসম। বল্মীক [উইয়ের টিবি] + ই [ষ্ণি]। ৬।২ বল্মীক থেকে বহির্নির্গত ঋষি - কবি। বানান: ব্ + আ + ল্ + ম্ + ঈ + ক্ + ই। বি.দ্র.: ল্ + ম্ + ঈ= ল্মী, ক্ + ই= কি।

বাল্য: শৈশব। বি। তৎসম। বাল + য [যক্]। ৬।২ বানান: ব্ + আ + ল্ + য্ + অ। ল্ + য্ + অ= ল্য।

বাল্যপ্রণয়: বালক-কালের ভালোবাসা। বি। তৎসম। বাল্য ['বাল্য দ্রষ্টব্য] + প্রণয় [প্র + নী + অ]। ৬।১ বাল্য-কালীন প্রণয়= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + ল্ + য্ + অ + প্ + র্ + অ + ণ্ + অ + য্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বাল্যবন্ধু: শিশুকালের বন্ধু। বি। তৎসম। বাল্য ['বাল্য' দ্রষ্টব্য] + বন্ধু [বন্ধ্ + উ। ৬।১ বাল্য-কালীন বন্ধু= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + ল্ + য্ + অ + ব্ + অ + ন্ + ধ্ + উ। ন্ + ধ্ + উ= ন্ধু।

বাল্যবিবাহ: শিশুকালের বিবাহ। বি। তৎসম। বাল্য ['বাল্য' দ্রষ্টব্য] + বিবাহ [বি + বহ্ + অ]। ৬।১ বাল্য-কালীন বিবাহ= মধ্যপ-কর্মধা। বানান: ব্ + ই + ব্ + আ + হ্ + অ।

বাশ: সূত্রধরের কাঠ-চাঁছার বাইশ। বি। বিদেশী। < ইং. vice. বাংলা বানান: ব্ + আ + শ্ + অ।

বাশিষ্ঠ: বশিষ্ঠ-প্রণীত, বশিষ্ঠের বংশধর। বিণ। তৎসম। বশিষ্ঠ + অ [ষ্ণ]। ৬।২ বানান: ব্ + আ + শ্ + ই + ষ্ + ঠ্ + অ। বি.দ্র.: 'ই'-র পর এবং 'ঠ্'-এর অব্যবহিত আগে 'ষ্' হয়েছে।

বাশুলি, বাশুলী: বিশালাক্ষী, মতান্তরে সরস্বতী। বি। তদ্ভব। < প্রা. বাএসরী < সং. বাগীশ্বরী [সরস্বতী]। অবশ্য, অনেকের মতে, বাশুলী < সং. বিশালাক্ষী। কিন্তু তা কষ্টকল্পিত। আবার, বাস্তব অভিজ্ঞতা, বিশালাক্ষী মন্দিরে বলি প্রদত্ত হয়। বৈদিক যুগে যজ্ঞ ও বলি-প্রথা পরস্পর যুক্ত থাকলেও আধুনিক কালে সরস্বতী পূজা বলি--বিরহিত। আমার মতে, বাশুলী 'বাগীশ্বরী' শব্দজাত এবং এই বাগীশ্বরী বৌদ্ধতান্ত্রিক [বজ্রযানী] দেবী। তাঁর পূজায় বলি বিহিত। বানান: ব্ + আ + শ্ + উ + ল্ + ই, ব্ + আ + শ্ + উ + ল্ + ঈ।

বাষট্টি: ৬২ সংখ্যা। বি, বিণ। তদ্ভব। < সং. দ্বাষট্টি। বানান: ব্ + আ + ষ্ + অ + ট্ + ট্ + ই। ট্ + ট্ + ই= ট্টি।

বাষ্প : জলের ধোঁয়া। বি। তৎসম। বা [গমন করা] + [স্ > ষ— আগম] + প [পবনবৎ]। যা [ধোঁয়ার আকারে পবনের মতো গমন করে]। বানান: ব্ + আ + ষ্ + প্ + অ। বি.দ্র.: 'বাষ্প'-র 'ষ্' স্বাভাবিক 'ষ'। বিকল্পের 'স' বর্জিত।

বাষ্পপোত : স্টীমার। বি। তৎসম। বাষ্প ['বাষ্প' দ্রষ্টব্য] + (পোত [পূ + ত]। ৬।১ বাষ্প-চালিত পোত= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + ষ্ + প্ + অ + প্ + ও + ত্ + অ।

বাষ্পযান : রেলগাড়ী। বি। তৎসম। বাষ্প ['বাষ্প' দ্রষ্টব্য] + যা [যা + অন]। ৬।১ বাষ্পচালিত যান= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + ষ্ + প্ + অ + য্ + আ+ ন্ + অ। য্ + আ= যা।

বাষ্পীয় : বাষ্পচালিত। বিণ। তৎসম। বাষ্প ['বাষ্প' দ্রষ্টব্য] + ঈয়। ৬।২ বানান: ব্ + আ + ষ্ + প্ + ঈ + য্ + অ। বি.দ্র.: ষ্ + প্ + ঈ= ষ্পী।

বাস : বস্ত্র, পরিচ্ছদ। বি। তৎসম। বস্ + অ। ৬।১ বানান: ব্ + আ + স্ + অ।

বাস : সুগন্ধ। বাস্ + অ। ৬।১ বানান: ব্ + আ + স্ + অ।

বাস : বসতি। বি। তৎসম। বস্ + অ। ৬।১ বানান: ব্ + আ + স্ + অ।

বাস : যাত্রীবাহী মোটর গাড়ি। বি। < ইং. bus. বাংলা বানান: ব + আ + স্। শব্দান্তের 'স'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বাসক : বৃক্ষ- বিশেষ। বি। তৎসম। বাস + অক। ৬।১ বানান: ব্ + আ + স্ + অ + ক্ + অ।

বাসকসজ্জা, বাসকসজ্জিকা : সজ্জিত গৃহে নিজে সজ্জিতা হয়ে নায়কের প্রতীক্ষারতা নায়িকা। বি। তৎসম। বাসক ['বাসক' দ্রষ্টব্য] + সজ্জ, সজ্জিকা [সজ্জ + অ + আ [স্ত্রী], সজ্জ + ইক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক, চ বাসক সাজায় যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + আ + স্ + আ + ক্ + অ + স্ + অ + জ্ + জ্ + আ [জ্ + জ্ + ই + ক্ + আ]।

বাসন : তৈজস পত্র। বি। তৎসম। সং. বাসি + অন। ৬।১ মতান্তরে, বিদেশী। < পো. bacia. বাংলা বানান: ব্ + আ + স্ + অ + ন্ + অ।

বাসনা : কামনা, কলাগাছের শুক্না বাকল ও পাতা। বি। তৎসম। বাস্ + অন + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ব্ + আ + স্ + অ + ন্ + আ।

বাসন্ত : যা বসন্তকালে জন্মে। বিণ। তৎসম। বসন্ত [বস্ + অন্ত] + অ [ষ্ণ]। ৬।১ বানান: ব্ + আ + স্ + অ + ন্ + ত্ + অ। ন্ + ত্ + অ= ন্ত।

বাসন্তিক : বসন্তকালে জাত, বিদূষক। বিণ। তৎসম। বসন্ত [বস্ + অন্ত] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: ব্ + আ + স্ + অ + ন্ + ত্ + ই + ক। ন্ + ত্ +ই= ন্তি।

বাসন্তী : মাধবীলতা, বসন্ত-উৎসব। বি। তৎসম। বাসন্ত ['বাসন্ত' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + আ + স্ + অ + ন্ + ত্ + ঈ। ন্ + ত্ + ঈ= ন্তী।

বাসন্তীপূজা : চৈত্রমাসের দুর্গাপূজা। বি। তৎসম। বাসন্তী ['বাসন্তী' দ্রষ্টব্য] + পূজা [পূজ্ + অ + আ (স্ত্রী)]। ৭।১।গ বসন্তকালের দেবীপূজা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + আ + স্ + অ + ন্ + ত্ + ঈ + প্ + ঊ + জ্ + আ।

বাসন্তী রং : হলদে বা কমলা রং। বি। তৎসম। বাসন্তী ['বাসন্তী' দ্রষ্টব্য] + রং [< সং. রঙ্গ]। বাসন্তী যে রং= কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + স্ + অ + ন্ + ত্ + ঈ + র্ + অ + ং।

বাসব : ইন্দ্র। বি। তৎসম। বসু + অ। ৬৷২ বানান: ব্ + আ + স্ + অ + ব্ + অ।

বাসবদত্তা : সুবন্ধু-বিরচিত 'স্বপ্নবাসবদত্তম্' কাব্যের নায়িকা। বি। তৎসম। বাসব ['বাসব' দ্রষ্টব্য] + দত্তা [দা + ত + আ(স্ত্রী)]। ৬৷১, ৭৷১৷ক বানান: ব্ + আ + স্ + অ + ব্ + অ + দ্ + অ + ত্ + ত্ + আ।

বাসবী : ইন্দ্রাণী, সত্যবতী। বি। তৎসম। বাসব ['বাসব' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭৷১৷গ বানান: ব্ + আ + স্ + অ + ব্ + ঈ।

বাসবেয় : সত্যবতীব পুত্র বেদব্যাস। বি। তৎসম। বাসব ['বাসবী দ্রষ্টব্য] + এয় [ঢেয়]। ৬৷২ বানান: ব্ + আ + স্ + অ + ব্ + এ + য্ + অ।

বাসভূমি : স্থায়ী বাসস্থান। বি। তৎসম। বাস ['বাস' দ্রষ্টব্য] + ভূমি [ভূ + মি]। ৬৷২ বাসের নিমিত্ত ভূমি= নিমিত্ততৎ। ৩৷৩ বানান: ব্ + আ + স্ + অ + ভ্ + ঊ + ম্ + ই।

বাসমতী : সুগন্ধি চাল। বি। তৎসম। বাস ['বাস' (সুগন্ধ) দ্রষ্টব্য] + মতী [মৎ + ঈ (স্ত্রী)]। ৭৷১৷ঝ বানান: ব্ + আ + স্ + অ + ম্ + অ + ত্ + ঈ।

বাসর : দিন, বরকন্যার বিবাহ-রজনী যাপনের কক্ষ। বি। তদ্ভব। বাং. বাসর < বাসহর < প্রা. বাসঘর < সং. বাসগৃহ। বানান: ব্ + আ + স্ + অ + র্। র্ = র।

বাসরজাগানী : বাসর-জাগার জন্য কন্যাপক্ষের স্ত্রীলোকদের প্রাপ্য অর্থ। বিণ। তদ্ভব। বাসর ['বাসর' দ্রষ্টব্য] + জাগানী [জাগ্] (< সং. জাগৃ) + আন + ঈ [স্ত্রী]। ৬৷৩, ৭৷১৷গ বাসর জাগে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩৷৩ বানান: ব্ + আ + স্ + অ + র্ + অ + জ্ + আ + গ্ + আ + ন্ + ঈ।

বাসর-শয্যা : বাসর-রজনীতে বর-কন্যার শয়নের জন্য রচিত পুষ্পশোভিত শয্যা। বি। তৎসম। বাসর ['বাসর' দ্রষ্টব্য] + শয্যা [শী (শয়ন করা) + য (যৎ) + আ]। ৬৷১, ৭৷১৷ক নব-বিবাহিতা বরবধূর মিলন-শয্যা। বানান: ব্ + আ + স্ + অ + র্ + শ্ + অ + য্ + য্ + আ। য্ + য্ + আ= য্যা। র্ = র।

বাসরীয় : দিবসের। বিণ। তৎসম। বাসর ['বাসর' দ্রষ্টব্য] + ঈয়। ৬৷১ বানান: ব্ + আ + স্ + অ + র্ + ঈ + য্ + অ।

বাসা : বাসস্থান, নীড়, ভাড়াটিয়া বাসস্থান। বি। তদ্ভব। বাস ['বাস' দ্রষ্টব্য] + বাং. আ। ৬৷৩ বানান: ব্ + আ + স্ + আ।

বাসাড়িয়া : ভাড়াটে বাসিন্দা। বি। তদ্ভব। বাস ['বাস' দ্রষ্টব্য] + আড় + ইয়া। ৬৷৩ বানান: ব্ + আ + স্ + আ + ড় + ই + য্ + আ।

বাসাড়ে : ভাড়াটে বাসিন্দা। বিণ। তদ্ভব। বাসা ['বাসা' দ্রষ্টব্য] + বাং. আড়ে <বাং. আড়িয়া [আড় + ইয়া]। ৬৷৩ বানান: ব্ + আ + স্ + আ + ড়্ + এ।

বাসি : পূর্বরাত্রিতে প্রস্তুত [বাসি ভাত, বাসি মুখ, বাসি ফুল ইত্যাদি]। বিণ। তদ্ভব। <সং. বাসিত। বানান: ব্ + আ + স্ + ই।

বাসিত : সুরভিত। বিণ। তৎসম। বাস [নামধাতু] + ত। বানান: ব্ + আ + স্ + ই + ত্ + অ।

বাসিন্দা : বাসকারী। বিণ। বিদেশী। <ফা. বাশিন্দহ্। বাংলা বানান: ব্ + আ + স্ + ই + ন্ + দ্ + আ। ন্ + দ্ + আ = ন্দা।

বাসিনী : বাসকারিণী। বিণ। তৎসম। বস্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬৷১, ৭৷১৷গ বানান: ব্ + আ + স্ + ই + ন্ + ঈ [স্ত্রী]। ৬৷১, ৭৷১৷চ বানান: ব্ + আ + স্ + ই + ন্ + ঈ। 'ইন্' + 'ঈ' যুক্ত হওয়ায় আগে 'ই', পরে 'ঈ'।

বাসী : বাসকারী। পূর্বরাত্রিতে প্রস্তুত। বিণ। তৎসম। বস্ + ইন্ [ঈ]। ৬৷১ বানান: ব্ + আ +

স্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বাসিষ্ঠ: বশিষ্ঠ-প্রণীত, বশিষ্ঠের বংশধর। বিণ, বি। তৎসম। বসিষ্ঠ [বশিষ্ঠ] + অ [ষ্ণ]। ৬।২ বানান: ব্ + আ + স্ + ই + ষ্ + ঠ্ + অ। বি.দ্র.: 'ই'-র পর এবং 'ঠ'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ঙ।

বাসুকি: সর্পরাজ। বি। তৎসম। বসুক + ই [ষ্ণি]। বসুকের অপত্য। বানান: ব্ + আ + স্ + উ + ক্ +ই।

বাসুদেব: কৃষ্ণ। বি। তৎসম। বসুদেব + অ [ষ্ণ]। ৬।২ বানান: ব্ + আ + স্ + উ + দ্ + এ + ব্ + অ।

বাসুলি, বাসুলী: বিশালাক্ষী, মতান্তরে সরস্বতী। বি। তদ্ভব। 'বাশুলী' দ্রষ্টব্য।

বাস্তব: প্রকৃত। বিণ। তদ্ভব। বস্তু + অ [ষ্ণ]। ৬।২ বানান: ব্ + আ + স্ + ত্ + অ + ব্ + অ। স্ + ত্ + অ = স্ত।

বাস্তবতা: যথার্থতা। বি। তৎসম। বাস্তব ['বাস্তব' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ব্ + আ + স্ +ত + অ + ব্ + অ + ত্ + আ।

বাস্তববাদী: বস্তুর বাস্তব অস্তিত্বে বিশ্বাসী। বি। বিণ। তৎসম। বাস্তব ['বাস্তব' দ্রষ্টব্য] + বাদী [বদ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান: ব্ + আ + স্ + ত্ + অ + ব্ + অ + ব + আ + দ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বাস্তবিক: প্রকৃতপক্ষে। বিণ। তৎসম। বাস্তব ['বাস্তব' দ্রষ্টব্য] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: ব্ + আ + স্ + ত্ +অ + ব্ + ই + ক্ + অ। স্ + ত্ + অ = স্ত।

বাস্তু: বসতভিটা। বি। তৎসম। বস্ [বাস করা] + তু। ৬।১ বানান: ব্ + আ + স্ + ত্ + উ। স্ +ত্ + উ = স্তু।

বাস্তুকর্ম: গৃহ নির্মাণ। বি। তৎসম। বাস্তু ['বাস্তু' দ্রষ্টব্য] + কর্ম [কৃ + মন]। ৬।১ বাস্তু বিষয়ক কর্ম = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + স্ +ত্ + উ + ক্ +অ + র্ + ম্ + অ।

বাস্তুকার: ইঞ্জিনীয়ার। বি। তৎসম। বাস্তু ['বাস্তু' দ্রষ্টব্য] + কার [কৃ + অ]। ৬।১ বাস্তু করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + আ + স্ + ত্ + উ + ক্ + আ + ব্ + অ। স্ + ত্ + উ = স্তু।

বাস্তুঘুঘু: আশ্রিত ধূর্ত ব্যক্তি। বি। মিশ্র (তৎসম + দেশী + বাস্তু ['বাস্তু' দ্রষ্টব্য] + ঘুঘু [দেশী]। বাস্তুতে বাসকারী ঘুঘু [ধূর্ত ব্যক্তি] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + স্ + ত্ + উ + ঘ্ + উ + ঘ্ + উ। বি.দ্র.: স্ + ত্ + উ = স্তু।

বাস্তুদেব, বাস্তুদেবতা: বাস্তুর অধিষ্ঠাত্রী দেবতা। বি। তৎসম। বাস্তু ['বাস্তু' দ্রষ্টব্য] + দেব [দিব্ + অ]। ৬।১ বাস্তু + দেবতা [দেব + তা]। ৬।২ বাস্তুর অধিষ্ঠাতা দেব বা অধিষ্ঠাত্রী দেবতা। মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + স্ + ত্ + উ + দ্ + এ + ব্ + অ, ত্ + আ। বি.দ্র.: স্ + ত্ + উ= স্তু।

বাস্তুপুরুষ: বাস্তুর অধিষ্ঠাতা দেবতা। বি। তৎসম। বাস্তু ['বাস্তু' দ্রষ্টব্য] + পুরুষ [পৃ + উষ]।৬।১ বাস্তুর অধিষ্ঠাতা পুরুষ [দেব]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + স্ +ত্ + উ + প্ + উ + র্ + উ + ষ্ + অ। বি.দ্র.: স্ + ত্ + উ= স্তু।

বাস্তুবিদ্যা: স্থপতি-বিদ্যা। বি। তৎসম। বাস্তু ['বাস্তু' দ্রষ্টব্য]+ বিদ্যা [বিদ্ + য(যৎ) + আ (স্ত্রী)]। ৬।১।৭।১।ক বাস্তু-বিষয়ক বিদ্যা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + স্ + ত্ + উ + ব্ + ই + দ্ + য্ + আ। বি.দ্র.: স্ + ত্ + উ= স্তু, দ্ + য্ + আ= দ্যা।

বাস্তুভিটা: পুরুষানুক্রমে বসত-ভিটা। বি। মিশ্র

[তৎসম + তদ্ভব (বিদেশী)] বাস্তু ['বাস্তু' দ্রষ্টব্য + ভিটা [<সং. ভিত্তি, মতান্তরে, বিদেশী. বিটি [তামিল]। বাস্তুর নিমিত্ত ভিটা= নিমিত্ততৎ। ৩।৩ বানান: ব্ + আ + স্ + ত্ + উ + ভ্ + ই + ট্ + আ। বি.দ্র.: স্ + ত্ + উ= স্তু।

বাস্তুসাপ: বাস্তুতে বাসকারী অবৈরী সাপ। বি। মিশ্র [তৎসম + তদ্ভব] বাস্তু ['বাস্তু' দ্রষ্টব্য] + সাপ [<সং. সর্প]। বাস্তুতে বাসকারী সাপ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + স্ + ত্ + উ + স্ + আ + প্। বি.দ্র.: স্ + ত্ + উ= স্তু, প্ = প।

বাস্তুহারা: উদ্বাস্তু। বি। তদ্ভব। বাস্তু ['বাস্তু' দ্রষ্টব্য] + হারা[হার (<সং. হৃ) + বাং. আ]। ৬।৩ বাস্তু হারিয়েছে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + আ + স্ + ত্ + উ + হ্ + আ + র্ + আ। বি.দ্র.: স্ + ত্ + উ=স্তু।

বাহ: বহনকারী। বিণ। তৎসম। বহ্ + অ। ৬।১ বানান: ব্ + আ + হ্ + অ।

বাহক: বহনকারী। বিণ। তৎসম। বহ্ + অক। ৬।১ বানান: ব্ + আ + হ্ + অ + ক্ + অ।

বাহন: যে বহন করে। বি। তৎসম। বহ্ + অন। ৬।১ বানান: ব্ + আ + হ্ + অ + ন্ + অ।

বাহবা: চমৎকার। অব্য। দেশী। বাহ্ + বাহ্ [বা]। বানান: ব্ + আ + হ্ + অ + ব্ + আ।

বাহা: বাঃ, বেশ। অব্য। বিদেশী। <ফা. বাহ্ + বাং. আ। বানান: ব্ + আ + হ্ + আ।

বাহাত্তর: ৭২ সংখ্যা। বি। বিণ। তদ্ভব। <প্রা. বাহত্তর [বি] <সং. দ্বাসপ্ততি। বানান: ব্ + আ + হ্ + আ + ত্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র.: ত্ + ত্ + অ= ত্ত।

বাহাত্তুরে: বাহাত্তর বৎসরের বৃদ্ধ। বিণ। তদ্ভব। বাহাত্তর ['বাহাত্তর' দ্রষ্টব্য] + বাং. উরে <বাং. উরিয়া। বানান: ব্ + আ + হ্ + আ + ত্ + ত্ + উ + র্ + এ। বি.দ্র.: ত্ + ত্ + উ = ত্তু।

বাহাদুর: কঠিন কার্য-সাধনকারী। বিণ। বিদেশী। <ফা. বহাদুর। বাংলা বানান: ব্ + আ + হ্ + আ + দ্ + উ + র্। র্ = র।

বাহাদুরি: ওস্তাদি। বি। বিদেশী। <ফা. বাহাদুর ['বাহাদুর' দ্রষ্টব্য] + বাং. ই। বানান: ব্ + আ + হ্ + আ + দ্ + উ + র্ + ই।

বাহানা: বায়না। বি। বিদেশী। <আ. [বয়] + ফা. আনা। বাংলা বানান: ব্ + আ + হ্ + আ + ন্ + আ।

বাহান্ন: ৫২ সংখ্যা। বি, বিণ। তদ্ভব। <প্রা. বাবন <সং. দ্বাপঞ্চতশৎ। বানান: ব্ + আ + হ্ + আ + ন্ + ন্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + অ।

বাহাবাহা: চমৎকার। অব্য। বিদেশী। বাহা [ফা. বাহ্ + বাং. আ] + বাহা [ফা. বাহ্ + বাং. আ]। বানান: ব্ + আ + হ্ + আ + ব্ + আ + হ্ + আ।

বাহার: শোভা, জৌলুস, রাগিণীবিশেষ। বি। বিদেশী। <ফা. বহার্ [শোভা বা বসন্তকাল]। বাংলা বানান: ব্ + আ + হ্ + আ + র্। শব্দান্তের 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বাহারি: শোভাযুক্ত। বিণ। বিদেশী। বাহার [ফা. বহার্] + বাং. ই। ৬।৩ বাংলা বানান: ব্ + আ + হ্ + আ + র্ + ই।

বাহারে: শোভাযুক্ত। বিণ। বিদেশী। বাহার [ফা. বহার] + বাং. এ। ৬।৩ বাংলা বানান: ব্ + আ + হ্ + আ + র্ + এ।

বাহাল, বহাল: নিযুক্ত, বলবৎ। বিণ। বিদেশী। <ফা. বহাল্। বাংলা বানান: ব্ + অ [আ] + হ্ + আ + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বাহিত: চালিত। বিণ। তৎসম। বহ্ + ণিচ্ +

ত। ৬।১ বানান: ব্ + আ + হ্ + ই + ত্ + অ।

বাহিনী: যে [স্ত্রী] বয়ে চলে, [যেমন: নদী, সেনাদল]। বি, বিণ। বাহ + ইন্ + ঈ [স্ত্রী]। বানান: ব্ + আ + হ্ + ই + ন্ + ঈ। লক্ষণীয়: 'ইন্ + ঈ' = 'ইনী'-প্রত্যয় যুক্ত হওয়ায় আগে 'ই', পরে 'ঈ'।

বাহির: বহির্দেশ। বি। তদ্ভব। <সং. বহিস্। বানান: ব্ + আ + হ্ + ই + র্ + অ।

বাহিরান, বাহিরানো: বহির্গত হওয়া। ক্রি। তদ্ভব। বাহির [<সং. বহিস্] + বাং. আন, আনো। বানান: ব্ + আ + হ্ + ই + র্ + আ + ন্ + অ [ও]।

বাহু: কাঁধ থেকে হাতের আঙুল পর্যন্ত দেহাংশ, চতুর্ভুজ ত্রিভুজ প্রভৃতির পার্শ্বরেখা। বি। তৎসম। বহ্ + ['আ' আগম] + উ। ৬।১ যার দ্বারা বহন করা হয়। বানান: ব্ + আ + হ্ + উ। বি.দ্র.: হ্ + উ = হু।

বাহুত্র: যোদ্ধাদের হাতের বর্ম। বি। তৎসম। বাহু ['বাহু' দ্রষ্টব্য] + ত্র। ৬।২ বানান: ব্ + আ + হ্ + উ + ত্ + র্ + অ। বি.দ্র.: হ্ + উ = হু। ত্ + র্ + অ= ত্র।

বাহুত্রাণ: যোদ্ধাদের হাতের বর্ম। বি। তৎসম। বাহু ['বাহু' দ্রষ্টব্য] + ত্রাণ [ত্রৈ + অন]। ৬।১ বানান: ব্ + আ + হ্ + উ + ত্ + র্ + আ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ হ্ + উ = হু। ত্ + র্ + আ= ত্রা।

বাহুবন্ধন: আলিঙ্গন। বি। তৎসম। বাহু ['বাহু' দ্রষ্টব্য] + বন্ধন [বন্ধ্ + অন]। ৬।১ বাহুর বন্ধন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + আ + হ্ + উ + ব্ + অ + ন্ + ধ্ + অ + ন্ + অ।

বাহুবল: গায়ের জোর। বি। তৎসম। বাহু ['বাহু' দ্রষ্টব্য] + বল [বল্ + অ]। ৬।১ বাহুর বল= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + আ + হ্ + উ + ব্ + অ + ল্ + অ।

বাহুমূল: বগল। বি।তৎসম। বাহু ['বাহু' দ্রষ্টব্য] + মূল [মূল্ + অ]। ৬।১ বাহুর মূল= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + আ + হ্ + উ + ম্ + ঊ + ল্ + অ। বি.দ্র.: হ্ + উ = হু। ম্ + ঊ = মূ।

বাহুযুদ্ধ: কুস্তি। বি। তৎসম। বাহু ['বাহু' দ্রষ্টব্য] + যুদ্ধ [যুধ্ + ত]। ৬।১ বাহুর দ্বারা যুদ্ধ= করণতৎ। ৩।৩ বানান: ব্ + আ + হ্ + উ + য্ + উ + দ্ + ধ্ + অ। বি.দ্র.: হ্ + উ= হু। দ্ + ধ্ + অ= দ্ধ।

বাহুলতা: লতার মতো কোমল ও সুন্দর বাহু। বি। তৎসম। বাহু ['বাহু' দ্রষ্টব্য] + লতা [লত্ (বেষ্টন করা) + অ + আ]। ৬।১, ৭।১।ক বাহু লতার মতো= উপমিতকর্মধা। ৩।২ বানান: ব্ + আ + হ্ + উ + ল্ + অ + ত্ + আ। বি.দ্র.: হ্ + উ= হু।

বাহুল্য: বহুলতা। বি। তৎসম। বহুল [বহু + ল] + য [ষ্ণ্য]। ৬।২ বানান: ব্ + আ + হ্ + উ + ল্ + য্ + অ। বি.দ্র.: হ্ + উ = হু, ল্ + য্ + অ= ল্য।

বাহ্য: বহনীয়। বিণ। তৎসম। বহ্ + য [যৎ]। ৬।১ বানান: ব্ + আ + হ্ + য্ + অ। বি.দ্র.: হ্ + য্ + অ = হ্য।

বাহ্য: বাইরের। বিণ। তৎসম। বহিস্ + য [ষ্ণ্য]। ৬।২ বানান: ব্ + আ + হ্ + য্ + অ। হ্ + য্ + অ = হ্য।

বাহ্যজগৎ: জড়জগৎ। বি। তৎসম। বাহ্য ['বাহ্য' (বাইরের) দ্রষ্টব্য] + জগৎ [গম্ + ক্বিপ্]। ৬।১ বাহ্য [বাইরের] যে জগৎ = কর্মধা। ৩।৩ বানান: ব্ + আ + হ্ + য্ + অ + জ্ + অ + গ্ + অ + ৎ। বি.দ্র.: হ্ + য্ + অ = হ্য।

বাহ্যজ্ঞান: ইন্দ্রিয়-লব্ধ জ্ঞান। বি। তৎসম। বাহ্য

['বাহ্য' [বাইরের দ্রষ্টব্য] + জ্ঞান [জ্ঞা + অন]। ৬।১ বাহ্য যে জ্ঞান = কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + হ্ + য্ + অ + জ্ + ঞ্ + আ + ন্ + অ। বি.দ্র.: হ্ + য্ + অ = হ্য। জ্ + ঞ্ + আ = জ্ঞা।

বাহ্যমান: যা বহন করানো হচ্ছে। বিণ। তৎসম। বহ্ [বহন করা] + ণিচ্ + মান [শানচ্]। ৬।১ বানান: ব্ + আ + হ্ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: হ্ + য্ + অ = হ্য।

বাহ্যে: মলত্যাগ। বি। দেশী। বানান: ব্ + আ + হ্ + য্ + এ। বি.দ্র.: হ্ + য্ + এ = হ্যে।

বাহ্যেন্দ্রিয়: চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ত্বক — এই পঞ্চ ইন্দ্রিয়। বি। তৎসম। বাহ্য ['বাহ্য' (বাইরের) + ইন্দ্রিয় [ইন্দ্র + ঈয় >ইয়]। ৬।২ [সন্ধি] অ + ই = এ [হ্যে]। ২।৪।ক বাহ্য যে ইন্দ্রিয় = কর্মধা। ৩।২ বানান: ব্ + আ + হ্ + য্ + এ + ন্ + দ্ + র্ + ই + য্ + অ। বি.দ্র.: হ্ + য্ + এ = হ্যে, ন্ + দ্ + র্ + ই = ন্দ্রি।

বাহ্লীক, বাহ্লিক: আফগানিস্তানের সন্নিহিত আধুনিক বাল্‌খ্ দেশের প্রাচীন নাম। বি। বিদেশী। <বাল্‌খ Balkh, বাংলা বানান: ব্ + আ + হ্ + ল্ + ঈ [ই] + ক্। বি.দ্র.: হ্ + ল্ + ঈ [ই] = হ্লী, হ্লি।

বাহ্বাস্ফোট: বাহুতে চাপড় মেরে আস্ফালন। বি। তৎসম। বাহু ['বাহু' দ্রষ্টব্য] + আস্ফোট [আ + স্ফুট্ + অ]। ৬।১ [সন্ধি] হ্ + উ + আ = হ্বা। ২।৮।খ বাহুর আস্ফোট = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + আ + হ্ + ব্ + আ + স্ + ফ্ + ও + ট্ + অ। বি.দ্র.: হ্ + ব্ + আ = হ্বা। স্ + ফ্ + ও = স্ফো।

বি.ই.: ইঞ্জিনিয়ারিং স্নাতক উপাধি। বি। বিদেশী। <ইং. Bachelor of Engineering [B.E.]

বিউনি, বিউনী: বিনুনি। বি। তদ্ভব। <সং. বেণি, বেণী। বানান: ব্ + ই + উ + ন্ + ই, ঈ। বি.দ্র.: তদ্ভব শব্দে 'ণ'-এর পরিবর্তে 'ন' হয়েছে।

বিউলি, বিউলী: খোসা-ছাড়ানো মাষকলাই। বি। তদ্ভব। <সং. বিদলিত। বানান: ব্ + ই + উ + ল্ + ই, ঈ।

বি.এ: কলাবিভাগের স্নাতক উপাধি। বি। বিদেশী। <ইং. Bachelor of Arts >B.A.

বি.এল.: আইন পরীক্ষায় স্নাতক উপাধি। বি। বিদেশী। <ইং. Bachelor of Law >B.L.

বি.এস.সি. বিজ্ঞান বিভাগে স্নাতক উপাধি। বি। বিদেশী। <ইং. Bachelor of Science >B.SC.

বিংশতি: কুড়ি। বি। বিণ। তৎসম। বানান: ব্ + ই + ং + শ্ + অ + তু + ই।

বিংশতিতম: কুড়ি সংখ্যার পূরক। বিণ। তৎসম। বিংশতি + তম। বানান: ব্ + ই + ং + শ্ + অ + ত্ + ই + ত্ + অ + ম্ + অ।

বিঁড়া: খড় ইত্যাদির পাকানো চক্রাকার বস্তু। বি। দেশী। বানান: বঁ + ই + ড় + আ।

বিঁদ: ছিদ্র। বি। তদ্ভব। <বিঁধ <সং. বিধ্ + অ। ৬।৩ বানান: বঁ + ই + দ্ + অ।

বিঁধ: ছিদ্র। বি। তদ্ভব। <সং. বিধ্ + অ। ৬।৩ বানান: বঁ + ই + ধ্ + অ।

বিঁধা: বিদ্ধ হওয়া। ক্রি। তদ্ভব। <সং. বিধ্ + বাং. আ। ৬।৩ বানান: বঁ + ই + ধ্ + আ।

বিঁধানো: বিদ্ধ করানো। ক্রি। তদ্ভব। <সং. বিধ্ + ণিচ্ + বাং. আনো। ৬।৩ বানান: বঁ + ই + ধ্ + আ + ন্ + ও।

বিকচ: বিকশিত। বিণ। তৎসম। বি + কচ্ + অ। ৬।১ বানান: ব্ + ই + ক্ + অ + চ্ + অ।

বিকচ্ছ: কাছাখোলা। বিণ। তৎসম। বি + কচ্ছ [ক + ছো (আচ্ছাদিত করা) + অ]। ৬।১

বি [বিমুক্ত] কচ্ছ [কাছা] যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ক্ + অ + চ্ + ছ্ + অ। বি.দ্র.: চ্ + ছ্ + অ = চ্ছ।

বিকট: অদ্ভুত ও ভয়ঙ্কর। বিণ। তৎসম। বি [উৎকট বা বিশ্রী] + কট [কট্ + অ]। ৬।১ বি + কট [মূর্তি বা চেহারা] যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ক্ + অ + ট্ +অ।

বিকম্প, বিকম্পন: কম্পন। বি। তৎসম। বি [বিশেষভাবে] + কম্প, কম্পন [কম্প্ + অ, অন]। ৬।১ বি [অতিশয়] কম্প, কম্পন = কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + ক্ + অ + ম্ + প্ + অ [+ ন্ + অ]। বি.দ্র.: ম্ + প্ + অ = ম্প।

বিকম্পিত: অতিশয় কম্পিত। বিণ। তৎসম। বি [বিশেষভাবে] কম্পিত [কম্প্ + ত]। ৬।১ বি [অতিশয়] কম্পিত = কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + ক্ + অ + ম্ + প্ + ই + ত্ + অ। বি.দ্র.: ম্ + প্ + ই = ম্পি।

বিকর্ণ: যার শ্রবণেন্দ্রিয় নেই, কানকাটা, দুর্যোধনের ভ্রাতা। বিণ, বি। তৎসম। বি [বিকর্শিত] + কর্ণ [কর্ণ + অ]। ৬।১ বি [বিকর্তিত] কর্ণ যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ক্ + অ + র্ + ণ্ + অ। 'র্'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ।

বিকর্ম: অবৈধ কর্ম। বি। তৎসম। বি + কর্মন্ [কৃ + মন]। ৬।১ বি [অনুচিত] কর্ম = কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + ক্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র.: র্ + ম্ + অ = র্ম। রেফ্ থাকায় 'ম্'-এর দ্বিত্ব বর্জিত।

বিকর্মা: অবৈধ কর্মকারী। বিণ। তৎসম। বিকর্ম ['বিকর্ম' দ্রষ্টব্য] + আ। ৬।২ বানান: ব্ + ই + ক্ + অ + র্ + ম্ + আ। বি.দ্র.: র্ + ম্ + আ = র্মা। রেফ্ থাকায় 'ম্'-এর দ্বিত্ব বর্জিত।

বিকর্ষণ: বিপরীত দিকে আকর্ষণ। বি। তৎসম। বি + কর্ষণ [কৃষ্ + অন]। ৬।১ বিপরীত কর্ষণ = অব্যয়ীভাব। ৩।১ বানান: ব্ + ই + ক্ + অ + র্ + ষ্ + অ + ণ্ + আ। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিকল: ব্যাকুল। বি। তৎসম। বি + কলা। বিগত কলা যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ক্ + অ + ল্ + অ।

বিকলেন্দ্রিয়: বিকলাঙ্গ। বিণ। তৎসম। বিকল ['বিকল' দ্রষ্টব্য] + ইন্দ্রিয় [ইন্দ্র + ইয় >ঈয়]। ৬।২ [সন্ধি] অ + ই = এ [লে]। ২।৪।ক বিকল ইন্দ্রিয় যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ক্ + অ + ল্ + এ + ন্ + দ্ + র্ + ই + য্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + র্ + ই = ন্দ্রি।

বিকল্প: অন্য রূপ। বি। তৎসম। বি। কৢপ্ + অ। ৬।১ কল্পের [কল্পনার] বিপরীত = কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + ক্ + অ + ল্ + প্ + অ। বি.দ্র.: ল্ + প্ + অ = ল্প।

বিকল্পিত: বিবিধ রূপে কল্পিত। বিণ। তৎসম। বি + কৢপ্ + ত। ৬।১ বিপরীতভাবে কল্পিত = কর্মতৎ। ৩।৩ বানান: ব্ + ই + ক্ + অ + ল্ + প্ + ই + ত্ + অ। বি.দ্র.: ল্ + প্ + ই = ল্পি।

বিকশিত: প্রস্ফুটিত। বি। তৎসম। বি + কশ্ + ত। ৬।১ বানান: ব্ + ই + ক্ + অ + শ্ + ই + ত্ + অ।

বিকসিত: প্রস্ফুটিত। বি। তৎসম। বি + কস্ + ত। ৬।১ বানান: ব্ + ই + ক্ + অ + শ্ + ই + ত্ + অ।

বিকানো: বিক্রীত হওয়া। ক্রি। তদ্ভব। বিকা [<সং. বি + ক্রী] + বাং. আনো। ৬।৩ বানান: ব্ + ই + ক্ + আ + ন্ + ও।

বিকার: বিকৃতি। বি। তৎসম। বি + কৃ + অ। ৬।১ বানান: ব্ + ই + ক্ + আ + র্ + অ।

বিকাল: অপরাহ্ণ। বি। তৎসম। বি + কাল [কল্

(গমন করা) + ণিচ্ + অ। ৬।১ বানান: ব্ + ই + ক্ + আ + ল্ + অ।

বিকাশ: প্রকাশ। বি। তৎসম। বি + কাশ্ + অন্। ৬।১ বানান: ব্ + ই + ক্ + আ + শ্ + অ।

বিকাশন: প্রস্ফুটন। বি। তৎসম। বি + কাশ্ + অন। ৬।১ বানান: ব্ + ই + ক্ + আ + শ্ + অ + ন্ + অ।

বিকাশোন্মুখ: যা বিকশিত হবার মুখে। বিণ। তৎসম। বিকাশ [বি + কাশ্ + অ] + উন্মুখ [উৎ + মুখ]। [সন্ধি] অ + উ = ও [শো]। ২।৫।ক, ৎ + মু = ন্ + মু = ন্মু। ২।২৫ বিকাশের নিমিত্ত উন্মুখ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + ক্ + আ + শ্ + ও + ন্ + ম্ + উ + খ্ +অ। বি.দ্র.: শ্ + ও = শো, ন্ + ম্ + উ = ন্মু।

বিকিকিনি: বেচাকেনা। বি। তদ্ভব। [(<সং. বি + ক্রী) + বাং. ই] + কিনি [কিন্ (<সং. ক্রী) + বাং. ই]। বানান : ব্ + ই + ক্ + ই + ক্ + ই + ন্ + ই।

বিকিরণ: বিক্ষেপণ। বি। তৎসম। বি + কিরণ [কৃ + অন]। ৬।১ বিভিন্ন দিকে আলোর বিক্ষেপণ। বানান : ব্ + ই + ক্ + ই + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিকীর্ণ: বিক্ষিপ্ত। অস্থির বিণ। তৎসম। বি। কৃ + ত। ৬।১ বিভিন্ন দিকে [আলো] বিক্ষিপ্ত। বানান : ব্ + ই + ক্ + ঈ + র্ + ণ্ + অ। বি.দ্র. 'র'-এর পর 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ র্ + ণ্ + অ = র্ণ।

বিকীর্যমাণ: যা বিক্ষেপ করা হয়েছে। বিণ। তৎসম। বি + কৃ + আন ['য' ও 'ম'— আগম]। ৬।১ বানান : ব্ + ই + ক্ + ঈ + র্ + য্ + অ + ম্ + আ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন' -এর মধ্যে 'য', 'অ', 'ম' ও 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিকুলি: ব্যাকুলতা। বি। তদ্ভব। বিকুল [<সং. ব্যাকুল] + বাং. ই। ৬।৩ বানান : ব্ + ই + ক্ + উ + ল্ + ই।

বিকৃত: বিকারপ্রাপ্ত। বিণ। তৎসম। বি + কৃ + ত। ৬।১ বানান : ব্ + ই + ক্ + ঋ + ত্ + অ । বি.দ্র.: ক্ + ঋ = কৃ।

বিকৃতি: বিকার। বি। তৎসম। বি + কৃ + তি। ৬।১ বানান : ব্ + ই + ক্ + ঋ + ত্ + ই । বি.দ্র.: ক্ + ঋ = কৃ।

বিকৃষ্ট: বলপূর্বক গৃহীত, বিপরীত দিকে আকৃষ্ট। বিণ। তৎসম। বি + কৃষ্ট [কৃষ্ + ত]। ৬।১ বানান : ব্ + ই + ক্ + ঋ + ষ্ + ট্ + + অ। বি.দ্র.: ক্ + ঋ = কৃ, ষ্ + ট্ + অ = ষ্ট। ঋ-কারের পর এবং 'ট্'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।খ, ঙ:

বিকেন্দ্রণ: কেন্দ্রীয় শাসন থেকে প্রাদেশিক শাসনের অন্তর্ভুক্তি। বি। তৎসম। বি + কেন্দ্রণ [কেন্দ্র (নামধাতু)] + অন। ৬।১ বানান: ব্ + ই + ক্ + এ + ন্ + দ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিকেন্দ্রীকরণ: কেন্দ্রীয় শাসন থেকে প্রাদেশিক শাসনের অন্তর্ভুক্তি। বি। তৎসম। বি + কেন্দ্র + ঈ [অভূততদ্ভাবে] + করণ [কৃ + অন]। ৬।১ বানান: ব্ + ই + ক্ + এ + ন্ + দ্ + র্ + ঈ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : অভূততদ্ভাবে [ঈ] যোগের কারণে 'ঈ'-কার হয়েছে। এবং 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিক্রম: তেজ। বি। তৎসম। বি + ক্রম্ + অ।৬।১ বানান: ব্ + ই + ক্ + র্ + অ + ম্ + অ। বি.দ্র. : ক্ + র্ + অ= ক্র।

বিক্রমকেশরী: বিক্রমে সিংহের মতো। বি। তৎসম।

বিক্রম ['বিক্রম' দ্রষ্টব্য] + কেশরী [কেশর (কেশ + র) + ঈ [ইন্] ৬।২ বানান: ব্ + ই + ক্ + র্ + অ + ম্ + অ + ক্ + এ + শ্ + অ + র্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন]-কারান্ত।

বিক্রমপুর: ঢাকা জেলার বিখ্যাত পরগনা। বি। তৎসম। বিক্রম ['বিক্রম' দ্রষ্টব্য] + পুর [পৃ+অ] ৬।১ বানান: ব্ + ই + ক্ + র্ + অ + ম্ + অ + প্ + উ + র্ + অ।

বিক্রমাদিত্য: প্রাচীন ভারতের সুপ্রসিদ্ধ রাজা। বি। তৎসম। বিক্রম ['বিক্রম' দ্রষ্টব্য] + আদিত্য [অদিতি + য (ষ্ণ)] ৬।২ [সন্ধি] অ + আ = আ [মা]। ২।১ খ বিক্রমে আদিত্য= অধিকরণ-তৎ। ৩।৩ বানান: ব্ + ই + ক্ + র্ + অ + ম্ + আ + দ্ + ই + ত্ + য্ + অ। বি.দ্র.: ক্ + র্ + অ= ক্র, ত্ + য্ +অ= ত্য।

বিক্রমাব্দ: বিক্রমাদিত্যের প্রবর্তিত বর্ষ-গণনা রীতি। বি। তৎসম। বিক্রম ['বিক্রম' দ্রষ্টব্য] + অব্দ [অপ্ (জল) + দ [দা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ম]। ২।১।ক অপ্ [জল] দান করে যে= উপপদতৎ। ৩।৩ বিক্রম [বিক্রমাদিত্য-প্রবর্তিত অব্দ [বৎসর]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + ক্ + র্ + অ + ম্ = আ + ব্ + দ্ + অ। বি.দ্র.: ক্ + র্ + অ= ক্র, ব্ + দ্ + অ= ব্দ।

বিক্রয়: বেচা। বি। তৎসম। বি + ক্রী + অ। ৬।১ বানান: ব্ + ই + ক্ + র্ + অ + য্ + অ। ক্ + র্ + অ= ক্র।

বিক্রয়-পত্র: বিক্রয়ের দলিল। বি। তৎসম। বিক্রয় ['বিক্রয়' দ্রষ্টব্য] + পত্র [পত্ + ত্র]। ৬।১ বিক্রয়-সূচক পত্র= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + ক্ + র্ + অ + য্ + অ + প্ + অ + ত্ + র্ + অ। ক্ + র্ + অ= ক্র, ত্ + র্ + অ= ত্র।

বিক্রয়িক: বিক্রয়কারী। বিণ। তৎসম। বিক্রয় ['বিক্রয়' দ্রষ্টব্য] + ইক। ৬।২ বানান: ব্ + ই + ক্ + র্ + অ + য় + ই + ক্ + অ। ক্ + র্ + অ= ক্র। য্ + ই = য়ি।

বিক্রয়ী: বিক্রয়কারী। বিণ। তৎসম। বিক্রয় ['বিক্রয়' দ্রষ্টব্য] + ঈ [ইন্]। ৬।১ বানান: ব্ + ই + ক্ + র্ + অ + য্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত,তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বিক্রান্ত: বিক্রমশালী। বিণ। তৎসম। বি + ক্রান্ত [ক্রম্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + ক্ + র্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + র্ + আ= ক্রা, ন্ + ত্ + অ= ন্ত।

বিক্রান্তি: বিক্রম্। বি। তৎসম। বি + ক্রান্তি [ক্রম্ + তি]। ৬।১ বানান: ব্ + ই + ক্ + র্ + আ + ন্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + র্ + আ= ক্রা। ন্ + ত্ + ই =ন্তি।

বিক্রি: বিক্রয়। বি। তদ্ভব। <সং. বিক্রয়। বানান: ব্ + ই + ক্ + র্ + ই। ক্ + র্ + ই = ক্রি।

বিক্রিয়া: রাসায়নিক প্রতিক্রিয়া। বি। তৎসম। বি + ক্রিয়া [কৃ + অ + আ]। ৬।১ বানান: ব্ + ই + ক্ + র্ + ই + য্ + আ। ক্ + র্ + ই = ক্রি।

বিক্রিসিক্রি: বিক্রয়াদি ব্যাপার। বি। তদ্ভব। বিক্রি ['বিক্রি' দ্রষ্টব্য] + সিক্রি [সহচর শব্দ]। বানান: ব্ + ই + ক্ + র্ + ই + স্ + ই + ক্ + র্ + ই।

বিক্রী: বিক্রয়। বি। তদ্ভব। <সং. বিক্রয়। বানান: ব্ + ই + ক্ + র্ + ঈ। ক্ + র্ + ঈ= ক্রী।

বিক্রীড়িত: বিবিধ ক্রীড়াশীল। বিণ। তৎসম। বি + ক্রীড়্ + ত। ৬।১ বানান: ব্ + ই + ক্ + র্ + ঈ + ড়্ + ই + ত্ + অ। ক্ + র্ + ঈ= ক্রী, ড়্ + ই = ড়ি।

বিক্রীত: যা বিক্রি করা হচ্ছে। বিণ। তৎসম। বি + ক্রী +ত। ৬।১ বানান: ব্ + ই + ক্ + র্ + ঈ + ত্ + অ। ক্ + র্ + ঈ= ক্রী।

বিক্রেতা: বিক্রয়কারী। বিণ। তৎসম। বি + ক্রী + তা [তৃচ্] ৬।১ বানান: ব্ + ই + ক্ + র্ + এ +ত্ + আ। ক্ + র্ + এ= ক্রে।

বিক্রেয়: বিক্রয়যোগ্য। বিণ। তৎসম। বি + ক্রী + য [যৎ]। ৬।১ বানান: ব্ + ই + ক্ + র্ + এ + য্ + অ। ক্ + র্ + এ =ক্রে।

বিক্ষত: ক্ষয়প্রাপ্ত। বিণ। তৎসম। বি + ক্ষণ্ + ত। ৬।১ বানান: ব্ + ই + ক্ + ষ্ + অ + ত্ + অ। ক্ + ষ্ + অ= ক্ষ।

বিক্ষিপ্ত: অস্থির। বিণ। তৎসম। বি + ক্ষিপ্ + ত। ৬।১ বানান: ব্ + ই + ক্ + ষ্ + ই + প্ + ত্ + অ। বি.দ্র: ক্ + ষ্ + ই = ক্ষি, প্ + ত্ + অ= প্ত।

বিক্ষুব্ধ: আলোড়িত, অন্তরে তীব্র অসন্তোষ আছে যার। বিণ। তৎসম। বি + ক্ষুভ্ + ত। ৬।১ বানান: ব্ + ই + ক্ + ষ্ + উ + ব্ + ধ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + উ = ক্ষু, ব্ + ধ্ + অ= ব্ধ।

বিক্ষেপ: ব্যাকুলতা, অস্থিরভাবে আছড়ান। বি। তৎসম। বি + ক্ষিপ্ + অ। ৬।১ বানান: ব্ + ই + ক্ + ষ্ + এ + প্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + এ= ক্ষে।

বিক্ষোভ: আলোড়ন। বি। তৎসম। বি + ক্ষুভ্ + অ। ৬।১ প্রবল ক্ষোভ। বানান: ব্ + ই + ক্ + ষ্ + ও + ভ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + ও= ক্ষ + ও= ক্ষো।

বিখণ্ডিত: খণ্ডিত। বিণ। তৎসম। বি + খণ্ড্ + ত্। ৬।১ বানান: ব্ + ই + খ্ + অ + ণ্ + ড্ + ই + ত্ + অ। বি.দ্র.: 'ড'-এর অব্যবহিত আগে 'ণ' হয়েছে। ৪।১।ক ণ্ + ড্ + ই= ণ্ডি।

বিখ্যাত: প্রসিদ্ধ। বিণ। তৎসম। বি + খ্যা + ত। ৬।১ বানান: ব্ + ই + খ্ + য্ + আ + ত্ + অ। বি.দ্র.: খ্ + য্ + আ= খ্যা।

বিখ্যাতি: প্রসিদ্ধি। বি। তৎসম। বি + খ্যা + তি। ৬।১ বানান: ব্ + ই + খ্ + য্ + আ + ত্ + ই। বি.দ্র.: খ্ + য্ + আ + খ্যা।

বিগড়নো, বিগড়ানো: বিপথগামী হওয়া। ক্রি। তদ্ভব। বিগড় [<সং. বি + ঘট্] + বাং. নো, আনো। বানান: ব্ + ই + গ্ + অ + ড় + অ [আ] + ন্ + ও।

বিগণন: সংখ্যা নির্ণয়, অবজ্ঞা। বি। তৎসম। বি + গণন [গণ্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + গ্ + অ + ণ্ + অ + ন্ + অ। বি.দ্র.: 'গণ'-এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

বিগত: অপগত। বিণ। তৎসম। বি + গত [গম্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + গ্ + অ + ত্ + অ।

বিগতপ্রাণ: মৃত। বি। তৎসম। বিগত ['বিগত' দ্রষ্টব্য] + প্রাণ [প্র + অন্ + অ]। ৬।১ বিগত প্রাণ যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + গ্ + অ + ত্ + অ + প্ + র্ + আ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে।

বিগতপ্রাণা: মৃতা। বিণ। তৎসম। বিগতপ্রাণ ['বিগতপ্রাণ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বিগত প্রাণ যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + গ্ + অ + ত্ + অ + প্ + র্ + আ + ণ্ + আ।

বিগতযৌবন: যার যৌবনকাল অতিক্রান্ত। বিণ। তৎসম। বিগত ['বিগত' দ্রষ্টব্য] + যৌবন [যুবন্ + অ (ষ্ণ)]। ৬।২ বিগত যৌবন যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + গ্ + অ + ত্ + অ + য্ + ঔ + ব্ + অ + ন্ + অ। বি.দ্র.: য্ + ঔ = যৌ।

বিগতযৌবনা: যে নারীর যৌবনকাল অতিক্রান্ত।

বিণ। তৎসম। বিগত যৌবন ['বিগতযৌবন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বিগত যৌবন যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + গ্ + অ + ত্ + অ + য্ + ঔ + ব্ + অ + ন্ + আ। বি.দ্র.: য্ + ঔ= যৌ।

বিগর্হিত: অতিশয় নিন্দিত। বিণ। তৎসম। বি + গর্হিত [গর্হ্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + গ্ + অ + র্ + হ্ + ই + ত্ + অ। বি.দ্র.: র্ + হ্ + ই = র্হি।

বিগলন: দ্রবণ। বি। তৎসম। বি + গলন [গল্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + গ্ + অ + ল্ + অ + ন্ + অ।

বিগলিত: দ্রবীভূত। বিণ। তৎসম। বি + গলিত [গল্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + গ্ + অ + ল্ + ই + ত্ + অ।

বিগলিতা: দ্রবীভূতা। বিণ। তৎসম। বিগলিত ['বিগলিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ব্ + ই + গ্ + অ + ল্ + ই + ত্ + আ।

বিগুণ: গুণহীন। বিণ। তৎসম। বি + গুণ [গুণ্ + অ]। ৬।১ বিগত বা বিযুক্ত গুণ যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + গ্ + উ, ণ্ + অ। গ্ + উ= গু। বি.দ্র.: 'গুণ'-এর 'ণ' স্বাভাবিক।

বিগ্ন: উদ্বিগ্ন। বিণ। তৎসম। বিজ্ + ত। ৬।১ বানান: ব্ + ই + গ্ + ন্ + অ। বি.দ্র.: মূলধাতু: 'বিজ্'। গ্ + ন্ + অ= গ্ন।

বিগ্রহ: দেবপ্রতিমা। বি। তৎসম। বি + গ্রহ [গ্রহ্ + অ]। ৬।১ বানান: ব্ + ই + গ্ + র্ + অ + হ্ + অ। বি.দ্র.: গ্ + র্ + অ= গ্র।

বিঘটন: ব্যাঘাত। বি। তৎসম। বি + ঘটন [ঘট্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + ঘ্ + অ + ট্ + অ + ন্ + অ।

বিঘটিত: ব্যাহত। বিণ। তৎসম। বি + ঘটিত [ঘট্ +ত]। ৬।১ বানান: ব্ + ই + ঘ্ + অ + ট্ + ই + ত্ + অ।

বিঘট্টন: প্রবলভাবে ঘট্টন, অভিঘাত। বি। তৎসম। বি + ঘট্টন [ঘট্ট্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + ঘ্ + অ + ট্ + ট্ + অ + ন্ + অ। বি.দ্র.: ট্ + ট্ + অ= ট্ট।

বিঘত, বিঘৎ: প্রসারিত করপত্রের বৃদ্ধাঙ্গুলির শীর্ষ থেকে কনিষ্ঠাঙ্গুলির শীর্ষ পর্যন্ত মাপ। বি। তদ্ভব। <প্রা. বিহত্থ <সং. বিতস্তি। বানান: ব্ + ই + ঘ্ + অ + ৎ [ত্ + অ]।

বিঘা: ভূমির পরিমাণ। বি। তদ্ভব। <প্রা. বিগ্‌গহ <সং. বিগ্রহ [বিস্তার]। বানান: ব্ + ই + ঘ্ + আ।

বিঘাকালি: বিঘার হিসেবে জমির পরিমাপ। বি। তদ্ভব। বিঘা ['বিঘা' দ্রষ্টব্য] + কালি [কল্ + ই]। ৬।১ বানান: ব্ + ই + ঘ্ + আ + ক্ + আ + ল্ + ই।

বিঘাতক: বিনাশকারী। বিণ। তৎসম। বি + ঘাতক [হন্ + অক]। ৬।১ বানান: ব্ + ই + ঘ্ + আ + ত্ + অ + ক্ + অ।

বিঘাতী: বিনাশকারী। বিণ। তৎসম। বি + ঘাতী [হন্ + ইন্ (ঈ)] ৬।১ বানান: ব্ + ই + ঘ্ + আ + ত্ + ঈ।

বিঘূর্ণন: প্রবলভাবে ঘূর্ণন। বি। তৎসম। বি। ঘূর্ণন [ঘূর্ণ্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + ঘ্ + ঊ + র্ + ণ্ + অ + ন্ + অ। বি.দ্র.: 'র্'-এর অব্যবহিত পরেই 'ণ' হয়েছে। ৪।১।খ

বিঘোর: বিষম সঙ্কট। বি। তৎসম। বি + ঘোর [ঘুর্ + অ]। ৬।১ বানান: ব্ + ই + ঘ্ + ও + র্ + অ।

বিঘোষণ: ব্যাপক ঘোষণা। বি। তৎসম। বি। ঘোষণ [ঘুষ্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + ঘ্ + ও + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিঘোষিত: সর্বত্র ঘোষিত, প্রচারিত, বিণ। তৎসম।

বি। ঘোষিত [ঘুষ্ + ত] ৬।১ বানান: ব্ + ই + ঘ্ + ও + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র.: 'ও'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

বিঘ্ন: ব্যাঘাত। বি। তৎসম। বি + ঘ্ন [হন্ +অ]।৬।১ মূল ধাতু: হন্। বানান: ব্ + ই + ঘ্ + ন্ + অ। বি.দ্র.: ঘ্ + ন্ + অ =ঘ্ন।

বিঘ্ননাশন: বিঘ্ন-দূরকারী। বিণ। তৎসম। বিঘ্ন ['বিঘ্ন' দ্রষ্টব্য] + নাশন [নশ্ + অন]। ৬।১ বিঘ্ন নাশ করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + ই + ঘ্ + ন্ + অ + ন্ + আ + শ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঘ্ + ন্ + অ= ঘ্ন।

বিঘ্ননাশী: বিঘ্ন-দূরকারী। বিণ। তৎসম। বিঘ্ন ['বিঘ্ন' দ্রষ্টব্য] + নাশী [নশ্ + ইন্ (ঈ)]। ৬।১ বিঘ্ন নাশ করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + ই + ঘ্ + ন্ + অ + ন্ + আ + শ্ + ঈ। বি.দ্র.: ঘ্ + ন্ + অ= ঘ্ন। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বিঘ্নবিনাশন: বিঘ্ন-দূরকারী। বিণ। তৎসম। বিঘ্ন ['বিঘ্ন' দ্রষ্টব্য] + বিনাশন [বি + নাশন (নশ্ + অন)। ৬।১ বিঘ্ন বিনাশ করেন যিনি= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ঘ্ + ন্ + অ + ব্ + ই + ন্ + আ + শ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঘ্ + ন্ + অ= ঘ্ন।

বিঘ্নিত: ব্যাহত। বিণ। তৎসম। বিঘ্ন ['বিঘ্ন' দ্রষ্টব্য] + ইত (ইতচ্) । ৬।১ বানান: ব্ + ই + ঘ্ + ন্ + ই + ত্ + অ। বি.দ্র.: ঘ্ + ন্ + ই= ঘ্নি।

বিচক্ষণ: সুবিবেচক। বিণ। তৎসম। বি + চক্ষণ [চক্ষ্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + অ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ক + ষ্ + অ= ক্ষ। 'ষ' ও 'ণ' -এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিচঞ্চল: অতিশয় চঞ্চল। বিণ। তৎসম। বি + চঞ্চল [চল্ + যঙ্লুক্ + অ]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + অ + ঞ্ + চ্ + অ + ল্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + অ= ঞ্চ।

বিচয়, বিচয়ন: নির্বাচন ও একত্রিতকরণ। বি। তৎসম। বি + চয়, চয়ন [চি + অ, অন]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + অ + য়্ + অ[+ ন্ + অ]।

বিচরণ: ইতস্ততঃ ভ্রমণ। বি। তৎসম। বি + চরণ [চর্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিচর্চিকা: খোস-পাঁচড়া ইত্যাদি চর্মরোগ। বি। তৎসম। বি + চর্চিকা [চর্চ্ +ইক <অক + আ]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + অ + র্ + চ্ + ই + ক্ + আ। বি.দ্র.: র্ + চ্ + ই =র্চি।

বিচল: স্থিতাবস্থা থেকে স্খলিত। বিণ। তৎসম। বি + চল [চল্ + অ] ৬।১ বানান: ব্ + ই + চ্ + অ + ল্ + অ।

বিচলন: স্থানচ্যুতি। বি। তৎসম। বি + চলন [চল্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + অ + ল্ + অ + ন্ + অ।

বিচলা: স্থানচ্যুতা। বিণ। তৎসম। বিচল ['বিচল' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ব্ + ই + চ্ + অ + ল্ + আ।

বিচলিত: স্থিতাবস্থা থেকে স্খলিত। বিণ। তৎসম। বি + চলিত [চল্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + অ + ল্ + ই + ত্ + অ।

বিচলিতা: স্থানচ্যুতা। বিণ। তৎসম। বিচলিত ['বিচলিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ব্ + ই + চ্ + অ + ল্ + ই + ত্ + আ।

বিচার: সত্য-মিথ্যা ন্যায়-অন্যায় নিরূপণ। বি। তৎসম। বি + চার [চর্ + ণিচ্ (=চারি) +

অ। ৬।১ বানান: ব্ + ই + চ্ + আ + র্ + অ।

বিচারক: বিচারকর্তা, যিনি বিচার করেন। বি। তৎসম। বি + চারক [চর্ + ণিচ্ (=চারি) + অক। ৬।১ বানান: ব্ + ই + চ্ + আ + র্ + অ + ক্ + অ।

বিচারক্ষম: যিনি সুবিচার করতে সমর্থ। বিণ। তৎসম। বিচার ['বিচার' দ্রষ্টব্য] + ক্ষম [ক্ষম্ + অ]। ৬।১ বিচারের ক্ষমতা আছে যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + চ্ + আ + র্ + অ + ক্ + ষ্ + অ + ম্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ +অ = ক্ষ।

বিচারণ, বিচারণা: বিচারকার্য। বি। তৎসম। বি + চারণ, চারণা [চর্ +ণিচ্ (=চারি) + অন, অন + আ]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + আ + র্ + অ + ণ্ + অ, আ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিচারণীয়: বিবেচ্য। বিণ। তৎসম। বি + চর্ + ণিচ্ [= চারি] + অনীয়। ৬।১ বানান: ব্ + ই + চ্ + আ + র্ + অ + ণ্ + ঈ + য্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিচারপতি: যিনি বিচার করেন। বি। তৎসম। বিচার ['বিচার' দ্রষ্টব্য] + পতি [পা + অতি]। ৬।১ বিচারের পতি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ই + চ্ + আ + র্ + অ + প্ + অ + ত্ + ই।

বিচারফল: বিচারকের সিদ্ধান্ত। বি। তৎসম। বিচার ['বিচার' দ্রষ্টব্য] + ফল [ফল্ + অ]। ৬।১ বিচারের ফল= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ই + চ্ + আ + র্ + অ + ফ্ + অ + ল্ + অ।

বিচার-বিবেচনা: বিশেষভাবে চিন্তা ও বিচার। বি। তৎসম। বিচার ['বিচার' দ্রষ্টব্য] + বিবেচনা [বি + বিচ্ + অন + আ]। ৬।১ বিচার ও বিবেচনা= দ্বন্দ্ব। ৩।৪ বানান: ব্ + ই + চ্ + আ + র্ + অ + ব্ + ই + ব্ + এ + চ্ +অ + ন্ + আ।

বিচার-সাপেক্ষ: যা বিচার করে দেখার প্রয়োজন আছে। বিণ। তৎসম। বিচার ['বিচার' দ্রষ্টব্য] + সাপেক্ষ [স (=সহ) + অপেক্ষ (অপ + ঈক্ষ্ + অ)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [সা], ২।১।ক অ + ঈ = এ [পে] ৩।৪।খ অপেক্ষার সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বিচারের সাপেক্ষ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ই + চ্ + আ + র্ + অ + স্ + আ + প্ + এ + ক্ + ষ্ + অ। ক্ + ষ্ + অ= ক্ষ।

বিচারাধীন: বিচার্য। বিণ। তৎসম। বিচার ['বিচার' দ্রষ্টব্য] + অধীন [অধি +ইন]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [রা]। ২।১।ক ই+ ই = ঈ [ধী]। ২।২।ক বিচারের অধীন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ই + চ্ + আ + র্ + আ + ধ্ + ঈ + ন্ + অ।

বিচারালয়: আদালত। বি। তৎসম। বিচার ['বিচার' দ্রষ্টব্য] + আলয় [আ + লী + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [রা]।২।১।খ বিচারের নিমিত্ত আলয় = মধ্যপ কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + চ্ + আ + র্ + আ + ল্ + অ + য্ + অ।

বিচারিত: যুক্তির দ্বারা নির্ণীত। বিণ। তৎসম। বি +চর্ + ণিচ্ [= চারি] + ত। ৬।১ বানান: ব্ + ই + চ্ + আ + র্ + ই + ত্ + অ।

বিচার্য: বিবেচ্য। বিণ। তৎসম। বি। চার্য [চর্ + ণিচ্ [=চারি] + য্ [ণ্যৎ] ৬।১ বানান: ব্ + ই + চ্ + আ + র্ + য্ + অ। র্ + য্ + অ = র্য।

বিচালি: ধানের খড়। বি। দেশী। বানান: ব্ + ই + চ্ + আ + ল্ + ই।

বিচি, বীচি: ফলের অভ্যন্তরস্থ ক্ষুদ্র আঁটি, অণ্ডকোষ। বি। তদ্ভব। বিচ্, বীচ [<সং. বীজ্] + বাং. ই। বানান: ব্ + ই + চ্ + ই, ব্ + ঈ + চ্ + ই।

বিচিকিচ্ছি: অত্যন্ত কুৎসিত। বিণ। অর্ধ-তৎসম। <সং. বিচিকিৎস্য। বানান: ব্ + ই + চ্ + ই + ক্ + ই + চ্ + ছ্ + ই। চ্ + ছ্ + ই= চ্ছি।

বিচিত্র: নানাভাবে চিত্রিত। বিণ। তৎসম। বি + চিত্র [চিত্র + অ]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + ই + ত্ + র্ + অ। ত্ + র্ + অ= ত্র।

বিচিত্রতা: নানাবর্ণে চিত্রণ। বি। তৎসম। বিচিত্র ['বিচিত্র' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ব্ + ই + চ্ + ই + ত্ + র্ + অ + ত্ + আ। ত্ + র্ + অ= ত্র।

বিচিত্রবর্ণ: যা নানা প্রকার বর্ণ-বিশিষ্ট। বিণ। তৎসম। বিচিত্র ['বিচিত্র' দ্রষ্টব্য] + বর্ণ [বর্ণ্ + অ]। ৬।১ বিচিত্র বর্ণ যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + চ্ + ই +ত্ + র্ + অ + ব্ + অ + র্ + ণ্ + অ। বি.দ্র.: 'র'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।গ

বিচিত্রবীর্য: বিস্ময়কর বীরত্ব-সম্পন্ন, শান্তনু রাজার পুত্র। বি। তৎসম। বিচিত্র ['বিচিত্র' দ্রষ্টব্য] + বীর্য [বীর + অ (ষ্ণ)]। ৬।২ বিচিত্র বীর্য [বীরত্ব] যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + চ্ + ই + ত্ + র্ + অ + ব্ + ঈ + র্ + য্ + অ। বি.দ্র.: ত্ + র্ + অ = ত্র, ব্ + ঈ = বী, র্ + য্ + অ = র্য।

বিচিত্রা: নানাভাবে চিত্রিত। বিণ। তৎসম। বিচিত্র ['বিচিত্র' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ব্ + ই + চ্ + ই + ত্ + র্ + আ। বি.দ্র.: ত্ + র্ + আ= ত্রা।

বিচিত্রিতা, বিচিত্রিত: নানা বর্ণে চিত্রিত। বিণ। তৎসম। বিচিত্র ['বিচিত্র' দ্রষ্টব্য] + ইত + আ, ইত। ৬।১ বানান: ব্ + ই + চ্ + ই + ত্ + র্ + ই + ত্ + আ, অ। বি.দ্র.: ত্ + র্ + ই = ত্রি।

বিচিন্তা: গভীর চিন্তা। বি। তৎসম। বি + চিন্তা [চিন্ত্ + অ + আ (স্ত্রী)]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + ই + ন্ + ত্ + আ। বি.দ্র.: ন্ + ত্ + আ= ন্তা।

বিচিন্তিত: যা বিশেষভাবে চিন্তা করা হয়েছে। বিণ। তৎসম। বি + চিন্তিত [চিন্ত্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + ই + ন্ + ত্ + ই + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + ই = ন্তি।

বিচিলি: বিচালি-র কথ্য রূপ। বি। দেশী। বানান: ব্ + ই + চ্ + ই + ল্ + ই।

বিচুলি: বিচালি-র কথ্য রূপ। বি। দেশী। বানান: ব্ + ই + চ্ + উ + ল্ + ই।

বিচূর্ণ: বিশেষভাবে চূর্ণিত। বিণ। তৎসম। বি + চূর্ণ [চূর্ণ্ + অ]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + ঊ + র্ + ণ্ + অ। বি.দ্র.: চ্ + ঊ =চূ। র্ + ণ্ + অ = র্ণ। 'র্'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ

বিচূর্ণন: বিশেষরূপে চূর্ণীকরণ। বি। তৎসম। বি + চূর্ণন [চূর্ণ্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + ঊ + র্ + ণ্ + অ + ন্ + অ। বি.দ্র.: চ্ + ঊ = চূ। র্ + ণ্ + অ = র্ণ। 'র্'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ

বিচূর্ণিত: বিশেষভাবে চূর্ণিত। বিণ। তৎসম। বি + চূর্ণিত [চূর্ণ্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + ঊ + র্ + ণ্ + ই + ত্ +অ। বি.দ্র.: চ্ + ঊ = চূ, র্ + ণ্ + ই = র্ণি। 'র্'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ

বিচেতন: অচেতন। বি। তৎসম। বি + চেতন [চিত্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + এ + ত্ + অ + ন্ + অ।

বিচেষ্ট: নিশ্চেষ্ট। বিণ। তৎসম। বি + চেষ্ট [চেষ্ট্

+ অ]। ৬।১ বিগত চেষ্টা যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + চ্ + এ + ষ্ + ট্ + অ। বি.দ্র.: 'ট্'-এর আগে 'ষ্' হয়েছে।

বিচেষ্টিত: নিশ্চেষ্ট, বিশেষভাবে চেষ্টাকৃত। বিণ। তৎসম। বি + চেষ্টিত [চেষ্ট্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + এ + ষ্ + ট্ + ই + ত্ + অ। বি.দ্র.: ষ্ + ট্ + ই = ষ্টি। 'ট'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ঙ

বিচ্ছায়: ছায়াহীন। বি। তৎসম। বি + ছায় [ছো + য (যৎ) + অ]। ৬।১ [সন্ধি] ই + ছা = ইচ্ছা [বিচ্ছা]। ২।১ বিগত ছায়া যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + চ্ + ছ্ + আ + য্ + অ। বি.দ্র. চ্ + ছ্ + আ = চ্ছা।

বিচ্ছিন্ন: কারও সঙ্গে সম্পর্কশূন্য। বিণ। তৎসম। বি + ছিন্ন [ছিদ্ + ত]। ৬।১ [সন্ধি] ই + ছি = ইচ্ছি [বিচ্ছি]। ২।১৪ বিশেষভাবে ছিন্ন = কর্মতৎ। ৩।৩ বানান: ব্ + ই + চ্ + ছ্ + ই + ন্ + ন্ + অ। বি.দ্র.: চ্ + ছ্ + ই = চ্ছি। ন্ + ন্ + অ = ন্ন।

বিচ্ছিন্না: যে স্ত্রী স্বামীর সঙ্গে সম্পর্কশূন্যা। বিণ। তৎসম। বিচ্ছিন্ন ['বিচ্ছিন্ন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক [সন্ধি] ই + ছি= ইচ্ছি [বিচ্ছি] ২।১৪ বিশেষভাবে ছিন্না = কর্মতৎ। ৩।৩ বানান: ব্ + ই + চ্ + ছ্ + ই + ন্ + ন্ + আ। বি.দ্র.: চ্ + ছ্ + ই = চ্ছি, ন্ + ন্ + আ = ন্না।

বিচ্ছু: অত্যধিক দুরন্ত শিশু। বি। বিদেশী। <হি. বিচ্ছু <সং. বৃশ্চিক। বানান: ব্ + ই + চ্ + ছ্ + উ। বি.দ্র.: চ্ + ছ্ + উ = চ্ছু।

বিচ্ছুরণ: বিকিরণ। বি। তৎসম। বি + ছুরণ [ছুর্ + অন]। ৬।১ [সন্ধি] ই + ছু = ইচ্ছু [বিচ্ছু]। ২।১৪ বানান: ব্ + ই + চ্ + ছ্ + উ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: চ্ + ছ্ + উ = চ্ছু। 'র্' ও 'ন্' এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিচ্ছুরিত: বিকীর্ণ। বিণ। তৎসম। বি + ছুরিত [ছুর্ + ত]। ৬।১ [সন্ধি] ই + ছু = ইচ্ছু। ২।১৪ বানান: ব্ + ই + চ্ + ছ্ + উ + র্ + ই + ত্ + অ। বি.দ্র.: চ্ + ছ্ + উ = চ্ছু।

বিচ্ছেদ: ছাড়াছাড়ি। বি। তৎসম। বি + ছেদ [ছিদ্ + অ]। ৬।১ [সন্ধি] ই + ছে = ইচ্ছে [বিচ্ছে]। ২।১৪ বানান: ব্ + ই + চ্ + ছ্ + এ + দ্ + অ। বি.দ্র.: চ্ + ছ + এ = চ্ছে।

বিচ্যুত: ভ্রষ্ট। বিণ। তৎসম। বি + চ্যুত [চ্যু + ত]। ৬।১ বানান: ব্ +ই + চ্ + য্ + উ + ত্ + অ। বি.দ্র.: চ্ + য্ + উ = চ্যু।

বিচ্যুতি: স্খলন। বি। তৎসম। বি + চ্যুতি [চ্যু + তি]। ৬।১ বানান: ব্ + ই + চ্ + য্ + উ + ত্ + ই। বি.দ্র.: চ্ + য্ + উ = চ্যু।

বিছা: বৃশ্চিক। বি। তদ্ভব। < সং. বৃশ্চিক। বানান: ব্ + ই + ছ্ + আ।

বিছান: পাতা। ক্রি। তদ্ভব। বিছ্ [<সং. বি + স্তৃ] + বাং. আন। বানান: ব্ + ই + ছ্ + আ + ন্ + অ।

বিছানা: শয্যা। বি। তদ্ভব। বিছ্ [<সং. বি + স্তৃ] + বাং. আন + আ। ৬।৩ বানান: ব্ + ই + ছ্ + আ + ন্ + আ।

বিছানো: পাতা। বি। তদ্ভব। বিছ্ [<সং. বি + স্তৃ] + বাং. আনো। ৬।৩ বানান: ব্ + ই + ছ্ + আ + ন্ + ও।

বিছুটি, বিছুতি: যে বন্য গাছ স্পর্শমাত্র শরীর চুলকায় ও জ্বালা করে। বি। তদ্ভব। বিছা [<সং. বৃশ্চিক] + বাং. উ + তি [=টি]। ৩।৩ বানান: ব্ + ই + ছ্ + উ + ত্ [ট্] + ই।

বিজড়িত: যুক্ত। বিণ। তৎসম। বি + জড়িত [জট্ + ইত]। ৬।১ বানান: ব্ + অ + জ্ + অ + ড্ + ই + ত্ + অ।

বিজন: জনহীনস্থান। বিণ। তৎসম। বি + জন [জন্ + অ]। ৬।১ বিগত জন যা থেকে =

বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + জ্ + অ + ন্ + অ।

বিজনন: জন্মদান। বি। তৎসম। বি + জনন [জন্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + জ্ + অ + ন্ + অ + ন্ + অ।

বিজনি: হাত-পাখা। বি। তদ্ভব। <সং. ব্যজনী। বানান: ব্ + ই + জ্ + অ + ন্ + ই।

বিজন্মা: বেজন্মা। বিণ। তৎসম। বি + জন্মা [জন্ + মন্]। ৬।২ বিরুদ্ধ জন্ম যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + জ্ + অ + ন্ + ম্ + আ। বি.দ্র.: ন্ + ম্ + আ = ন্মা।

বিজবিজ: থিক্‌থিক। অব্য। দেশী। বানান: ব্ + ই + জ্ + ব্ + ই + জ্। 'জ্' যুগলের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বিজয়: জয়। বি। তৎসম। বি + জয় [জি + অ]। ৬।১ বানান: ব্ + ই + জ্ + অ + য্ + অ।

বিজয়দৃপ্ত: জয়-গর্বিত। বিণ। তৎসম। বিজয় ['বিজয়' দ্রষ্টব্য] + দৃপ্ত [দৃপ্ + ত]। ৬।১ বিজয় জনিত দৃপ্ত = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + জ্ + অ + য্ + অ + দ্ + ঋ + প্ + ত্ + অ। বি.দ্র.: দ্ + ঋ = দৃ। প্ + ত্ + অ = প্ত।

বিজয়লক্ষ্মী: জয়ের অধিষ্ঠাত্রী দেবী। বি। তৎসম। বিজয় ['বিজয়' দ্রষ্টব্য] + লক্ষ্মী [লক্ষ্ + ম + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ বিজয়দাত্রী লক্ষ্মী = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + জ্ + অ + য্ + অ + ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + ঈ = ক্ষ্মী।

বিজয়া: দুর্গা, দুর্গার জনৈকা সখী। বি। তৎসম। বি + জি + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ব্ + ই + জ্ + অ + য্ + আ।

বিজয়া-দশমী: যে তিথিতে দুর্গাপ্রতিমা বিসর্জন দেওয়া হয়। বি। তৎসম। বিজয়া ['বিজয়া' দ্রষ্টব্য] + দশমী [দশ+ ম+ঈ [স্ত্রী]]। ৬।২, ৭।১।গ বিজয়া নাম্না দশমী = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + জ্ + অ + য্ + আ + দ্ + অ + শ্ + অ + ম্ + ঈ।

বিজয়া-সঙ্গীত: পার্বতীর পিতৃগৃহ থেকে চলে যাওয়ার বেদনাকে অবলম্বন করে রচিত সঙ্গীত। বি। তৎসম। বিজয়া ['বিজয়া' দ্রষ্টব্য] + সঙ্গীত [সম্ + গৈ + ত]। ৬।১ বিজয়া-বিষয়ক সঙ্গীত = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + জ্ + অ + য্ + আ + স্ + অ + ঙ্ + গ্ + ঈ + ত্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + ঈ = ঙ্গী।

বিজয়িনী: জয়লাভকারিণী। বিণ। তৎসম। বি + জি + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ, বানান: ব্ + ই + জ্ + অ + য্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ [ইনী]-প্রত্যয়ান্ত, তাই আগে 'য়' + ই পরে 'ন্' + ঈ হয়েছে।

বিজয়ী: জয়লাভকারী। বিণ। তৎসম। বি + জি + ইন্ [ঈ]। ৬।১ বানান: ব্ + ই + জ্ + অ + য্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত,তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বিজয়োৎসব: জয়লাভ উপলক্ষে উৎসব। বি। তৎসম। বিজয় ['বিজয়' দ্রষ্টব্য] + উৎসব [উৎ + সু + অ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [য়ো]। ২।৫।ক বিজয়-সূচক উৎসব = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + জ্ + অ + য্ + ও + ৎ + স্ + অ + ব্ + অ।

বিজর: জরাহীন। বিণ। তৎসম। বি + জর [জৃ + অ]। ৬।১ বিগত জরা যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + জ্ + অ + র্ + অ।

বিজলি: বিদ্যুৎ। বি। তদ্ভব। <প্রা. বিজ্জুলী <সং. বিদ্যুৎ। বানান: ব্ + ই + জ্ + অ + ল্ + ই।

বিজলি-বাতি: বৈদ্যুতিক বাতি। বি। তদ্ভব। বিজলি

['বিজলি' দ্রষ্টব্য] + বাতি [সং.বর্তি]। বিজলি জ্বালিত বাতি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + জ্ + অ + ল্ + ই + ব্ + আ + ত্ + ই।

বিজলী: বিদ্যুৎ। বি। তদ্ভব। <প্রা. বিজ্জুলী <সং. বিদ্যুৎ। বানান: ব্ + ই + জ্ + অ + ল্ + ঈ। বি.দ্র.: 'ল্ + ই' অধিক প্রচলিত।

বিজল্প: কথিত, উক্তি। বি। তৎসম। বি + জল্প্ + অ। ৬।১ বানান: ব্ + ই + জ্ + অ + ল্ + প্ + অ। বি.দ্র.: ল্ + প্ + অ = ল্প।

বিজল্পিত: তামাশা করে বলা। বিণ। তৎসম। বি + জল্পিত [জল্প্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + জ্ + অ + ল্ + প্ + ই + ত্ + অ। বি.দ্র.: ল্ + প্ + ই = ল্পি।

বিজাত: বেজন্মা। বিণ। তৎসম। বি + জাত [জন্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + জ্ + আ + ত্ + অ।

বিজাতি: ভিন্ন জাতি। বি। তৎসম। বি + জাতি [জন্ + তি]। ৬।১ বানান: ব্ + ই + জ্ + আ + ত্ + ই।

বিজাতীয়: ভিন্ন জাতীয়, উৎকট। বিণ। তৎসম। বি + জাতীয় [জাতি ('জাতি' দ্রষ্টব্য) + ঈয়] । ৬।২ বানান: ব্ + ই + জ্ + আ + ত্ + ঈ + য্ + অ। বি.দ্র.: ত্ + ঈ = তী।

বিজিগীষা: বিজয় লাভের ইচ্ছা। বি। তৎসম। বি + জিগীষা [জি + সন্ (ইচ্ছার্থে) + অ + আ] ৬।১ বানান: ব্ + ই + জ্ + ই + গ্ + ঈ + ষ্ + আ। বি.দ্র.: ব্ + ই = বি, জ্ + ই= জি, গ্ + ঈ = গী, 'ঈ'-র পর 'ষ' [ষা] হয়েছে। ৪।২।ক

বিজিগীষু: বিজয়লাভে ইচ্ছুক। বিণ। তৎসম। বি + জিগীষু [জি + সন্ (ইচ্ছার্থে) + অ + উ]। ৬।১ বানান: ব্ + ই + জ্ + ই + গ্ + ঈ + ষ্ + উ। বি.দ্র.: ব্ + ই = বি, জ্ + ই = জি, গ্ + ঈ = জী। 'ঈ'-র পর 'ষ' [ষু] হয়েছে। ৪।২।ক

বিজিত: পরাজিত। বিণ। তৎসম। বি + জিত [জি + ত]। ৬।১ বানান: ব্ + ই + জ্ + ই + ত্ + অ।

বিজিতা: পরাজিতা। বিণ। তৎসম। বিজিত ['বিজিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ব্ + ই + জ্ + ই + ত্ + আ।

বিজুত: যা জুতসই নয়। বি। তদ্ভব। <প্রা. বিজুত্ত <সং. বিযুক্ত। বানান: ব্ + ই + জ্ + উ + ত্। পদান্তের 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বিজুরি, বিজুরী: বিদ্যুৎ। বি। তদ্ভব। <প্রা. বিজ্জুলী <সং. বিদ্যুৎ। বানান: ব্ + ই + জ্ + উ + র্ + ই, ঈ।

বিজুলি, বিজুলী: বিদ্যুৎ। বি। তদ্ভব। <প্রা. বিজ্জুলী <সং. বিদ্যুৎ। বানান: ব্ + ই + জ্ + উ + ল্ + ই, ঈ।

বিজৃম্ভণ: হাইতোলা। বি। তৎসম। বি + জৃম্ভণ [জৃম্ভ্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + জ্ + ঋ + ম্ + ভ্ + অ + ণ্ +অ। 'ঋ' ও 'ন'-এর মধ্যে 'ম্', 'ভ্' ও 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ, জ্ + ঋ = জৃ, ম্ + ভ্ + অ = ম্ভ।

বিজৃম্ভিত: বিকশিত। বিণ। তৎসম। বি + জৃম্ভিত [জৃম্ভ + ত]। ৬।১ বানান: ব্ + ই + জ্ + ঋ + ম্ + ভ্ + ই + ত্ + অ। জ্ + ঋ = জৃ, ম্ + ভ্ + ই = ম্ভি।

বিজেতা: জয়লাভকারী। বিণ। তৎসম। বি + জেতা [জি + তা [তৃচ্]। ৬।১ বানান: ব্ + ই + জ্ + এ + ত্ + আ।

বিজেত্রী: জয়লাভকারিণী। বিণ। তৎসম। বি + জেত্রী [জি + তৃ (তৃচ্) + ঈ (স্ত্রী))। ৬।১, ৭।১।ছ বানান: ব্ + ই + জ্ + এ + ত্ + র্ +ঈ। বি.দ্র.: ত্ + র্ + ঈ = ত্রী।

বিজেয়: জয়যোগ্য। বিণ। তৎসম। বি + জেয়

[জি + য (যৎ)]। ৬।১ বানান: ব্ + ই + জ্ + এ + য্ + অ।

বিজোড়: অযুগ্ম, যে সংখ্যা দুই দিয়ে ভাগ করলে মিলে যায় না। যার জোড়া নেই। বিণ। তদ্ভব। বি [নয়] + জোড় <প্রা. জোডিঅ <সং. যোজিত। বানান: ব্ + ই + জ্ + ও + ড্ + অ।

বিজ্ঞ: জ্ঞানবান। বিণ। তৎসম। বি + জ্ঞা + অ। ৬।১ বিশেষভাবে জানেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + ই + জ্ + ঞ্ + অ। বি.দ্র.: জ্ + ঞ্ + অ = জ্ঞ।

বিজ্ঞতা: পাণ্ডিত্য। বি। তৎসম। বিজ্ঞ ['বিজ্ঞ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ব্ + ই + জ্ + ঞ্ + অ + ত্ + তা। বি.দ্র.: জ্ + ঞ্ + অ = জ্ঞ।

বিজ্ঞত্ব: পাণ্ডিত্য। বি। তৎসম। বিজ্ঞ ['বিজ্ঞ' দ্রষ্টব্য] + ত্ব। ৬।২ বানান: ব্ + ই + জ্ + ঞ্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র.: জ্ + ঞ্ + অ = জ্ঞ। ত্ + ব্ + অ = ত্ব।

বিজ্ঞপ্তি: নিবেদন। বি। তৎসম। বি + জ্ঞা + ণিচ্ [জ্ঞাপি] + তি। ৬।১ বানান: ব্ + ই + জ্ + ঞ্ + অ + প্ + ত্ + ই। বি.দ্র.: জ্ + ঞ্ + অ, প্ + ত্ + ই = প্তি।

বিজ্ঞা: জ্ঞানবতী। বিণ। তৎসম। বিজ্ঞ ['বিজ্ঞ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ব্ + ই + জ্ + ঞ্ + আ। বি.দ্র.: জ্ + ঞ্ + আ = জ্ঞা।

বিজ্ঞাত: বিশেষভাবে অবগত। বিণ। তৎসম। বি + জ্ঞাত [জ্ঞা + ত]। ৬।১ বিশেষভাবে জ্ঞাত। বানান: ব্ +ই + জ্ + ঞ্ + আ + ত্ + অ। বি.দ্র.: জ্ + ঞ্ + আ = জ্ঞা।

বিজ্ঞান: তত্ত্বজ্ঞান, পর্যবেক্ষণ ও গবেষণার ফলে লব্ধ জ্ঞান। বি। তৎসম। বি + জ্ঞান [জ্ঞা + অন]। ৬।১ বিশিষ্ট জ্ঞান। বানান: ব্ +ই + জ্ + ঞ্ + আ + ন্ + অ। বি.দ্র.: জ্ + ঞ্ + আ = জ্ঞা।

বিজ্ঞানী: বৈজ্ঞানিক। বিণ। তৎসম। বি + জ্ঞানী [জ্ঞা + অন + ইন্ (ঈ)]। ৬।১ বিশেষভাবে জ্ঞানী। বানান: ব্ + ই + জ্ + ঞ্ + আ + ন্ + ঈ। জ্ + ঞ্ + আ = জ্ঞা। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বিজ্ঞাপন: বিজ্ঞপ্তি। বি। তৎসম। বি + জ্ঞাপন [জ্ঞা + ণিচ্ (= জ্ঞাপি) + অন। ৬।১ বিশেষভাবে জ্ঞাপন। বানান: ব্ + ই + জ্ + ঞ্ + আ + প্ + অ + ন্ + অ। বি.দ্র.: জ্ + ঞ্ + আ = জ্ঞা।

বিজ্ঞাপনী: বিজ্ঞাপন পত্র। বি। তৎসম। বিজ্ঞাপন ['বিজ্ঞাপন' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + ই + জ্ + ঞ্ + আ + প্ + অ + ন্ + ঈ। বি.দ্র.: জ্ + ঞ্ + আ = জ্ঞা। ন্ + ঈ = নী।

বিজ্ঞাপনীয়: যা জানবার যোগ্য। বিণ। তৎসম। বি + জ্ঞাপনীয় [জ্ঞা + ণিচ্ (জ্ঞাপি) + অনীয়। ৬।১ বিশেষভাবে জ্ঞাপনীয় (জানানোর যোগ্য)। বানান: ব্ + ই + জ্ + ঞ্ + আ + প্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র.: শব্দটি 'অনীয়'-প্রত্যয়ান্ত, তাই শব্দান্তে 'নীয়' [ন্ + ঈ + য্ + অ]।

বিজ্ঞাপিত: বিজ্ঞাপনের দ্বারা প্রচারিত। বিণ। তৎসম। বি + জ্ঞাপিত [জ্ঞা + ণিচ (=জ্ঞাপি) + ত। ৬।১ বিশেষভাবে জ্ঞাপিত [প্রচারিত]। বানান: ব্ + ই + জ্ + ঞ্ + আ + প্ + ই + ত্ + অ। বি.দ্র.: জ্ + ঞ্ + আ = জ্ঞা। প্ + ই - পি।

বিজ্ঞেয়: বিশেষরূপে জ্ঞাতব্য। বিণ। তৎসম। বি + জ্ঞেয় [জ্ঞা + য (যৎ)] ৬।১ বিশেষভাবে জ্ঞেয় [জানার যোগ্য]। বানান: ব্ + ই + জ্ + ঞ্ + এ + য্ + অ। বি.দ্র.: জ্ + ঞ্ + এ = জ্ঞে।

বিটকেল: বিকট। বিণ। দেশী। বানান: ব্ + ই

+ ট্ + ক্ + এ + ল্ + অ। 'ট'-এর হসন্তচিহ্ন নিষ্প্রয়োজন।

বিটঙ্ক: পায়রা প্রভৃতির থাকার উচ্চ স্থান। বি। তৎসম। বি + টঙ্ক [টঙ্ক্ + অ]। ৬।১ বানান: ব্ + ই + ট্ + অ + ঙ্ + ক্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + অ = ঙ্ক।

বিটপ: গাছের শাখা। বি। তৎসম। বিট [পাখি-দের] + পা [রক্ষা করা] + অ। ৬।১ যে পাখিদের রক্ষা করে = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + ই + ট্ + অ + প্ + অ।

বিটপালং: এক প্রকার পালংশাক। বি। দেশী। বানান: ব্ + ই + ট্ + প্ + আ + ল্ + অ + ং। বি.দ্র.: 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বিটপী: গাছ। বি। তৎসম। বিটপ ['বিটপ' দ্রষ্টব্য] + ইন [ঈ]। ৬।১ বিটপ [গাছের শাখা] আছে যার = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + ই + ট্ + অ + প্ + ঈ। বি.দ্র.: ব্ + ই = বি, প্ + ঈ = পী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বিটলবণ: ঔষধার্থ কৃত্রিম লবণ। বি। তৎসম। বিট [বিট্ + অ] + লবণ [লু + অন]। ৬।১ [সন্ধি] উ + অ = ব [লব]। ২।৮।ক বানান: ব্ + ই + ট্ + অ + ল্ + অ + ব্ + অ + ণ্ + অ। 'লবণ'-এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

বিটলা, বিটলে: শঠ। বিণ। তদ্ভব। বিট [বিট্ + অ (শঠ)] + বাং. লা লে। বানান: ব্ + ই + ট্ + ল্ + আ, এ। ট্ = ট।

বি.টি.: শিক্ষক-প্রশিক্ষণের স্নাতক উপাধি। [B.T.] । বি। বিদেশী। <ইং. Bachelor of Teaching.

বিটেল: শঠ। বি। তদ্ভব। বিট [<সং. বিট্ + অ] + বাং. এল। বানান: ব্ + ই + ট্ + এ + ল্। ল্ = ল।

বিড়ঙ্গ: আয়ুর্বেদীয় ঔষধে ব্যবহৃত ফল। বি। তৎসম। বিট্ বা বিড়্ + অঙ্গ্ + অ। ৬।১ বানান: ব্ + ই + ড়্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ = ঙ্গ।

বিড়বিড়: অস্পষ্ট ও অনুচ্চ উক্তি। অব্য। দেশী। বানান: ব্ + ই + ড়্ + ব্ + ই + ড়্। 'ড়' এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বিড়ম্বন, বিড়ম্বনা: অকারণ দুর্ভোগ। বি। তৎসম। বি + ডম্বন, ডম্বনা [ডম্ব্ + অন, আ]। ৬।১ বানান: ব্ + ই + ড়্ + অ + ম্ + ব্ + অ + ন্ + অ, আ। বি.দ্র.: ম্ + ব্ + অ = ম্ব।

বিড়ম্বিত: অকারণে ক্লিষ্ট। বিণ। তৎসম। বি + ডম্বিত [ডম্ব্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + ড়্ + অ + ম্ + ব্ + ই + ত্ + অ। বি.দ্র.: ম্ + ব্ + ই = ম্বি।

বিড়া: হাঁড়ি কলসি বসাবার জন্যে খড়কুটা দিয়ে তৈরী বেষ্টনী, মাথায় ভার বইবার জন্য খড় ইত্যাদির তৈরী বেষ্টনী। বি। তদ্ভব। <সং. বীটি। বানান: ব্ + ই + ড়্ + আ।

বিড়াল: ইঁদুর-শিকারী চতুষ্পদ প্রাণী। বি। তৎসম। <সং. বিড়াল। বানান: ব্ + ই + ড়্ + আ + ল্ + অ।

বিড়ালাক্ষী: বিড়ালের মতো কটা চক্ষুবিশিষ্টা। বিণ। তৎসম। বিড়াল + অক্ষি + ঈ [স্ত্রী]। ৭।১।ক বিড়ালের অক্ষির মতো অক্ষি যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ড়্ + আ + ল্ + আ + ক্ + ষ্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + ঈ = ক্ষী।

বিড়ালী: মাদী বিড়াল। বি। তৎসম। বিড়াল ['বিড়াল' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + ই + ড়্ + আ + ল্ + ঈ।

বিড়ে: হাঁড়ি কলসি বসাবার জন্যে খড়কুটা দিয়ে তৈরী বেষ্টনী, মাথায় ভার বইবার জন্য খড় ইত্যাদির তৈরী বেষ্টনী। বি। তদ্ভব। <সং. বীটি। বানান: ব্ + ই + ড়্ + এ।

বিতংস, বীতংস: পক্ষীমৃগ ইত্যাদি ধরবার ফাঁদ বা বাঁধবার দড়ি। বি। তৎসম। বি + তন্স্ [বন্ধন

করা] + অ। বিকল্পে 'ঈ' বর্তমানে বর্জিত। বানান: ব্ + ই + ত্ + অ + ং + স্ + অ।

বিতণ্ডা: বাজে তর্ক। বি। তৎসম। বি + তণ্ড্ + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ব্ + ই + ত্ + অ + ণ্ + ড্ + আ। বি.দ্র.: 'ড'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

বিতত: ব্যাপ্ত। বিণ। তৎসম। বি + তন্ [বিস্তার করা] + ত। ৬।১ বানান: ব্ + ই + ত্ + অ + ত্ + অ।

বিততি: ব্যাপ্তি। বি। তৎসম। বি + তন্ + তি। বানান: ব্ + ই + ত্ + অ + ত্ + ই।

বিতথ, বিতথ্য: তথ্যবিরুদ্ধ। বিণ। তৎসম। বি + তথা ['আ' লোপ]। বি + তথা + য [ষ্ণ্য]। ৬।২ ১. বিগত তথা যা থেকে। ২. তথ্যের বিরুদ্ধ। বানান: ব্ + ই + ত্ + অ + থ্ + অ, ব্ + ই + ত্ + অ + থ্ + য্ + অ।

বিতরণ: বণ্টন। বি। তৎসম। বি + তরণ [তৃ + অন]। ৬।১ বানান: ব্ + ই + ত্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিতরিত [অশু]: বণ্টিত। বিণ। তৎসম। বি + তরিত [অশু.]।

বিতর্ক: বাদানুবাদ। বি। তৎসম। বি + তর্ক [তর্ক্ + অ]। ৬।১ বানান: ব্ + ই + ত্ + অ + র্ + ক্ + অ। বি.দ্র.: র্ + ক্ + অ= র্ক।

বিতর্কিকা: তর্ক- বিতর্কের আসর। বি। তৎসম। বি + তর্কিকা [তর্ক + ইক [< অক] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ব্ + ই + ত্ + অ + র্ + ক্ + ই + ক্ + আ। বি.দ্র.: র্ + ক্ + ই= র্কি!

বিতর্কিত: তর্কের বিষয়ীভূত। বিণ। তৎসম। বি + তর্কিত [তর্ক্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + ত্ + অ + র্ + ক্ + ই + ত্ + অ। বি.দ্র.: র্ + ক্ + ই= র্কি।

বিতল: সপ্ত পাতালের দ্বিতীয় পাতাল। বি। তৎসম। বি + তল [তল্ + অ]। বানান: ব্ + ই + ত্ + অ + ল্ + অ।

বিতস্তা: পাঞ্জাবের ঝিলম নদী। বি। তৎসম। বানান: ব্ + ই + ত্ + অ + স্ + ত্ + আ।

বিতান: মণ্ডপ। বি। তৎসম। বি + তান [তন্ + অ]। ৬।১ বানান: ব্ + ই + ত্ + আ + ন্ + অ।

বিতিকিচ্ছি, বিতিকিচ্ছি: কুৎসিত। বিণ। অর্ধ-তৎসম। < সং. বিচিকিৎস্য।

বিতীর্ণ: উত্তীর্ণ। বিণ। তৎসম। বি + তীর্ণ [তৃ + ত]। ৬।১ বানান: ব্ + ই + ত্ + ঈ + র্ + ণ্ + অ। বি.দ্র.: ত্ + ঈ= তী। 'র'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ। র্ + ণ্ + অ= র্ণ।

বিতৃষ্ণ: নিস্পৃহ। বিণ। তৎসম। বি। + তৃষ্ণ [তৃষ্ + ণ]। ৬।১ বিগত তৃষ্ণা যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ত্ + ঋ + ষ্ + ণ্ + অ। বি.দ্র.: ত্ + ঋ= তৃ। 'ঋ'-র পর 'ষ' এবং 'ষ'-এর পর 'ণ্' হয়েছে। ৪।২।খ, ৪।১।খ

বিতৃষ্ণা: স্পৃহাহীনতা। বি। তৎসম। বি + তৃষ্ণা [তৃষ্ + ণ + আ (স্ত্রী)]। বিগতা তৃষ্ণা= কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + ত্ + ঋ + ষ্ + ণ্ + আ। বি.দ্র.: ত্ + ঋ= তৃ। 'ঋ'-র পর 'ষ' এবং 'ষ'-এর পর 'ণ্' হয়েছে। ৪।২।খ, ৪।১।খ ষ্ + ণ্ + আ= ষ্ণা।

বিৎ: যিনি জানেন। বি। তৎসম। বিদ্ [জানা] + ক্বিপ্। যিনি জানেন= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + ই + ৎ।

বিত্ত: ঐশ্বর্য। বি। তৎসম। বিদ্ [লাভ করা] + ত। ৬।১ বানান: ব্ + ই + ত্ + ত্ + অ। বি.দ্র.: ত্ + ত্ + অ= ত্ত।

বিত্তবান : ধনবান। বিণ। তৎসম। বিত্ত ['বিত্ত' দ্রষ্টব্য] + বান [বতুপ্]। ৬।২ বানান : ব্ + ই + ত্ + ত্ + অ + ব্ + আ + ন্ + অ। বি.দ্র. : ত্ + ত্ + অ= ত্ত।

বিত্তশালী : ধনবান। বিণ। তৎসম। বিত্ত ['বিত্ত' দ্রষ্টব্য] + শালী [শাল্ + ইন্ (ঈ)]। ৬।১ বানান : ব্ + ই + ত্ + ত্ + অ+ শ্ + আ + ল্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বিত্তহীন : দরিদ্র : বিণ। তৎসম। বিত্ত ['বিত্ত' দ্রষ্টব্য] + হীন [হা + ত]। ৬।১ বিত্তের দ্বারা হীন= করণতৎ। ৩।৩ বানান : ব্ + ই + ত্ + ত্ + অ + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র. : ত্ + ত্ + অ= ত্ত, হ্ + ঈ= হী।

বিত্রস্ত : অতিশয় ভীত। বিণ। তৎসম। বি + ত্রস্ত [ত্রস্ + ত]। ৬।১ বানান : ব্ + ই + ত্ + র্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র. : ত্ + র্ + অ= ত্র, স্ + ত্ + অ= স্ত।

বিদ্ [বিৎ] : যিনি জানেন। বি। তৎসম। বিদ্ + ক্বিপ্। বানান : ব্ + ই + দ্।

বিদকুটে : বিশ্রী। বিণ। দেশী। বানান : ব্ + ই + দ্ + ক্ + উ + ট্ + এ। বি.দ্র. : 'দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বিদঘুটে : বিশ্রী। বিণ। দেশী। বানান : ব্ + ই + দ্ + ঘ্ + উ + ট্ + এ। বি.দ্র. : 'দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বিদগ্ধ : পণ্ডিত। বিণ। তৎসম। বি + দগ্ধ [দহ্ + ত]। ৬।১ বিশেষরূপে অজ্ঞান বা জ্ঞানহীনতা দগ্ধ যার= বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ই + দ্ + অ + গ্ + ধ্ + অ। বি.দ্র. : গ্ + ধ্ + অ= গ্ধ।

বিদগ্ধসমাজ : পণ্ডিতমণ্ডলী। বি। তৎসম। বিদগ্ধ। ['বিদগ্ধ' দ্রষ্টব্য] + সমাজ [সম্ + অজ্ + অ]। ৬।১ বিদগ্ধগণের সমাজ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + অ + গ্ + ধ্ + অ + স্ + অ + ম্ + আ + জ্ + অ। বি.দ্র. : গ্ + ধ্ + অ= গ্ধ।

বিদগ্ধা : বিদুষী। বিণ। তৎসম। বিদগ্ধ ['বিদগ্ধ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী] বিশেষভাবে দগ্ধা [অজ্ঞানদগ্ধা]। বানান : ব্ + ই + দ্ + অ + গ্ + ধ্ + আ। গ্ + ধ্ + আ + গ্ধা।

বিদর্ভ : বিদর রাজ্যের প্রাচীন নাম। বি। তৎসম। বি + দর্ভ [দৃ + ভ]। ৬।১ বি [বিশূন্য] দর্ভ [কুশ বা কাশতৃণ] যেখানে= বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ই + দ্ + অ + র্ + ভ্ + অ। বি.দ্র. : র্ + ভ্ + অ= র্ভ।

বিদলন : অতিশয় নিপীড়ন। বি। তৎসম। বি + দলন [দল্ + অন]। ৬।১ সম্পূর্ণ দলন। বানান : ব্ + ই + দ্ + অ + ল্ + অ + ন্ + অ।

বিদলিত : সম্পূর্ণ দলিত বা পরাজিত। বিণ। তৎসম। বি + দলিত [দল্ + ত]। ৬।১ বানান : ব্ + ই + দ্ + অ + ল্ + ই + ত্ + অ।

বিদা : খেতে ঘাস বা আগাছা তোলার জন্য চিরুনির মতো লৌহ-নির্মিত যন্ত্র। বি। < সং. বিদ্ধক। বানান : ব্ + ই + দ্ + আ।

বিদায় : দান, বিসর্জন, প্রস্থান। বি। বিদেশী। < আ. বিদাঈ। বাংলা বানান : ব্ + ই + দ্ + আ + য়্ + অ।

বিদায়ী : যিনি বিদায় গ্রহণ করছেন। বিণ। বিদেশী। বিদায় ['বিদায়' দ্রষ্টব্য] + বাং. ঈ। বাংলা বানান : ব্ + ই + দ্ + আ + য়্ + ঈ। বি.দ্র. : য়্ + ঈ= য়ী।

বিদারক : যা বা যে বিদীর্ণ করে। বিণ। তৎসম। বি + দারক [দৃ + অক]। ৬।১ বিদারণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + আ + র্ + অ + ক্ + অ।

বিদারণ : বিদীর্ণকরণ। বি। তৎসম। বি + দারণ [দৃ + অন] ৬।১ বানান : ব্ + ই + দ্ + আ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র' ও

'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিদারিত: যা বিদীর্ণ করা হয়েছে। বিণ। তৎসম। বি + দারিত [দৃ + ণিচ্ (=দারি]+ত]। ৬।১ বানান: ব্ + ই + দ্ + আ + র্ + ই + ত্ + অ।

বিদারী: যা বা যে বিদীর্ণ করে। বিণ। তৎসম। বি + দারী [দৃ + ইন্ (ঈ)]। ৬।১ যে বা যা বিদীর্ণ করে= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: র্ + ঈ= রী।

বিদিক্: ভুল দিক, বি। তৎসম। বি + দিশ্ [দিক্]। বানান: ব্ + ই + দ্ + ই + ক্। বিপরীত বা প্রতিকূল বা বিরুদ্ধ দিক।

বিদিত: যা জানা হয়েছে, যে জেনেছে। বিণ। তৎসম। বিদ্ [জানা] + ত। ৬।১ বানান: ব্ + ই + দ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ব্ + ই= বি, দ্ + ই= দি।

বিদিশা: ভুল দিক। বি। তৎসম। বি + দিশ্ + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ব্ + ই + দ্ + ঈ + শ্ + আ।

বিদীর্ণ: বিদারিত। বিণ। তৎসম। বি + দীর্ণ [দৃ + ত]। ৬।১ বানান: ব্ + ই + দ্ + ঈ + র্ + ণ্ + অ। বি.দ্র.: ব্ + ই= বি, দ্ + ঈ= দী। 'র্'-এর পর 'ণ্' হয়েছে। ৪।১।খ র্ + ণ্ + অ= র্ণ।

বিদীর্যমাণ: যা বিদীর্ণ হচ্ছে। বিণ। তৎসম। বি + দৃ + শানচ্ [মান]। ৬।১ বানান: ব্ + ই + দ্ + ঈ + র্ + য্ + অ + ম্ + আ + ণ্ + অ। বি.দ্র.: দ্ + ঈ= দী। রেফ থাকায় 'য'-এর দ্বিত্ব বর্জিত। 'র' ও 'ন'-এর মধ্যে 'য', 'অ', 'ম', 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিদুর: ধৃতরাষ্ট্রের কনিষ্ঠ ভ্রাতা [দাসীপুত্র]। বি। তৎসম। বিদ্ [জানা] + উর। ৬।১ বানান: ব্ + ই + দ্ + উ + র্ + অ। বি.দ্র.: দ্ + উ= দু।

বিদুষী: বিদ্যাবতী। বিণ। তৎসম। বিদ্বস্ [> বিদ্বান] + ঈ [স্ত্রী] ৭।১।গ বানান: ব্ + ই + দ্ + উ + ষ্ + ঈ। বি.দ্র.: 'উ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক ষ্ + ঈ= ষী।

বিদূর: অতি দূরবর্তী। বিণ। তৎসম। বি + দূর [দুর্ + ই (গমন করা) + অ। 'উ'র স্থানে 'ঊ'—নিপাতনে। বানান: ব্ + ই + দ্ + ঊ + র্ + অ। দ্ + ঊ= দূ।

বিদূরিত: দূরীভূত। বিণ। তৎসম। বিদূর [বি + দূর] + ইত। ৬।১ বানান: ব্ + ই + দ্ + ঊ + র্ + ই + ত্ + অ। বি.দ্র.: দ্ + ঊ = দূ।

বিদূষক: ভাঁড়। বি। তৎসম। বি + দূষক [দূষ্ + অক]। ৬।১ বানান: ব্ + ই + দ্ + ঊ + ষ্ + অ + ক্ + অ। বি.দ্র.: 'ঊ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

বিদূষণ: নিন্দা। বি। তৎসম। বি + দূষণ [দূষ্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + দ্ + ঊ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ঊ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিদে: খেতে ঘাস বা আগাছা তোলার জন্য চিরুনির মতো লৌহ-নির্মিত যন্ত্র। বি। দেশী। < বিদা। বানান: ব্ + ই + দ্ + এ।

বিদেশ: স্বদেশ ভিন্ন অন্য দেশ। বি। তৎসম। বি + দেশ [দিশ্ + অ]। ৬।১ বি [নয়] দেশ= নঞ্তৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + এ + শ্ + অ।

বিদেশাগত: যে বিদেশ থেকে এসেছে। বিণ। তৎসম। বিদেশ ['বিদেশ' দ্রষ্টব্য] + আগত [আ + গম্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [শা]। ২।১।খ বিদেশ থেকে আগত= অপাদান তৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + এ + শ্ + আ + গ্ + অ + ত্ + অ।

বিদেশিনী : ভিন্নদেশবাসিনী। বি। তৎসম। বিদেশ ['বিদেশ' দ্রষ্টব্য] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান : ব্ + ই + দ্ + এ + শ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্ + ঈ'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

বিদেশীয় : ভিন্নদেশজাত। বিণ। তৎসম। বিদেশ ['বিদেশ' দ্রষ্টব্য] + ঈয়। ৬।২ বানান : ব্ + ই + দ্ + এ + শ্ + ঈ + য্ + অ। বি.দ্র.: শব্দটি 'ঈয়'-প্রত্যয়ান্ত, তাই শেষে ঈ + য়।

বিদেহ : অশরীরী, মিথিলারাজ্য। বি। তৎসম। বি + দেহ [দিহ্ + অ]। ৬।১ বি [বিগত] দেহ যার= বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ই + দ্ + এ + হ্ + অ।

বিদেহী [অশু] : অশরীরী। বিণ। তৎসম। বিদেহ ['বিদেহ' দ্রষ্টব্য] + ঈ [ইন্]। ৬।১ বানান : ব্ + ই + দ্ + এ + হ্ + ঈ।

বিদ্ধ : যা বেঁধা হয়েছে। বিণ। তৎসম। ব্যধ্ + ত। ৬।১ বানান : ব্ + ই + দ্ + ধ্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + অ= দ্ধ।

বিদ্যমান : বর্তমান। বিণ। তৎসম। বিদ্ + মান [শানচ্]। ৬।১ বানান : ব্ + ই + দ্ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: দ্ + য্ + অ= দ্য।

বিদ্যমানতা : উপস্থিতি। বি। তৎসম। বিদ্যমান ['বিদ্যমান' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : ব + ই + দ্ + য্ + অ + ম্ + আ + ন্ + অ + ত্ + আ।

বিদ্যা : জ্ঞান। বি। তৎসম। বিদ্ + য [যৎ] + আ। বানান : ব্ + ই + দ্ + য্ + আ। বি.দ্র.: দ্ + য্ + আ= দ্যা।

বিদ্যাদাতা : শিক্ষক। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + দাতা [দা + তৃ (তৃচ্)]। ৬।১ বিদ্যা দান করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + আ + দ্ + আ + ত্ + আ।

বিদ্যাদাত্রী : শিক্ষিকা। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + দা + তৃ (তৃচ্) + ঈ (স্ত্রী)। ৬।১, ৭।১।ছ বিদ্যা দান করেন যিনি [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + আ + দ্ + আ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: ত্ + র্ + ঈ= ত্রী।

বিদ্যাদান : শিক্ষাদান। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + দান [দা + অন]। ৬।১ বিদ্যাকে দান= কর্মতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + আ + দ্ + আ + ন্ + অ।

বিদ্যাদায়িনী : সরস্বতী। বিণ। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + দায়িনী [দা + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ বিদ্যা দান করেন যিনি [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + আ + দ্ + আ + য় + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্ + ঈ'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই' পরে 'ঈ'।

বিদ্যাধর : দেবযোনিতে জাত স্বর্গের গায়ক। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + ধর [ধৃ + অ]। ৬।১ বিদ্যা ধারণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + আ + ধ্ + অ + র্ + অ।

বিদ্যাধরী : দেবযোনিতে জাত স্বর্গের গায়িকা। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + ধর [ধৃ + অ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বিদ্যা ধারণ করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + আ + ধ্ + অ + র্ + ঈ। বি.দ্র.: র্ + ঈ= রী।

বিদ্যানিধি : বিদ্যার সমুদ্র, সংস্কৃত পণ্ডিতগণের উপাধি। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + নিধি [নি + ধা + ই]। ৬।১ বিদ্যার নিধি [সমুদ্র]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + আ + ন্ + ই + ধ্ + ই।

বিদ্যানুরাগ : বিদ্যার প্রতি শ্রদ্ধা। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + অনুরাগ [অনু + রঞ্জ্ +

অ]। ৬।১ [সন্ধি] আ + অ= আ [দ্যা]। ২।১।গ বিদ্যাতে অনুরাগ= অধিকরণতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + ন্ + উ + র্ + আ + গ্ + অ।

বিদ্যাপীঠ: শিক্ষালাভের স্থান। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + পীঠ [পিঠ্ + অ— প'-এর পর 'ঈ' আগম]। ৬।১ বিদ্যার নিমিত্ত পীঠ [স্থান]= নিমিত্ততৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + প্ + ঈ + ঠ্ + অ।

বিদ্যাবত্তা: পাণ্ডিত্য। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + বত্তা [বৎ + তা]। ৬।২ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + ব্ + অ + ত্ + ত্ + আ। বি.দ্র.: ত্ + ত্ + আ = ত্তা।

বিদ্যাবতী: সুশিক্ষিতা। বিণ। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + বতী [বৎ + ঈ(স্ত্রী)]। ৬।২ ৭।১।গ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + ব্ + অ + ত্ + ঈ। বি.দ্র.: ত্ + ঈ= তী।

বিদ্যাবান্: সুশিক্ষিত। বিণ। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + বান্ [বৎ] ৬।২ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + ব্ + আ + ন্।

বিদ্যাবিনোদ: পণ্ডিত ব্যক্তি, সংস্কৃত পণ্ডিতগণের উপাধি। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + বিনোদ [বি + নুদ্ + অ]। ৬।১ বিদ্যায় বিনোদ [আনন্দ] যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + ব্ + ই + ন্ + ও + দ্ + অ।

বিদ্যাবিশারদ: পণ্ডিত ব্যক্তি, সংস্কৃত পণ্ডিতগণের উপাধি। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + বিশারদ [বি + শারদা [শারদ + আ]। ৬।২ বি [বিশিষ্টা] শারদা [প্রতিভা বা বিদ্যা] যাঁর= বহুব্রী। ৩।১ বিদ্যায় বিশারদ= অধিকরণতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + ব্ + ই + শ্ + আ + র্ + অ + দ্ + অ।

বিদ্যাবিহীন: অশিক্ষিত। বিণ। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + বিহীন [বি + হা + ত]। ৬।১ বিদ্যার দ্বারা বিহীন= করণতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + ব্ + ই + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: হ্ + ঈ= হী।

বিদ্যাবিহীনা: অশিক্ষিতা। বিণ। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + বিহীনা [বি + হা + ত + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক বিদ্যার দ্বারা বিহীনা= করণতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + ব্ + ই + হ্ + ঈ + ন্ + আ।

বিদ্যা-ব্যবসায়ী: বেতনভোগী শিক্ষক। বি, বিণ। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + ব্যবসায়ী [বি + অব + সো + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] ই + অ= য (ব্য)। ২।৭।ক বিদ্যাব ব্যবসায়ী= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + ব্ + য্ + অ + ব্ + অ + স্ + আ + য় + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ[ইন্]-কারান্ত।

বিদ্যাভূষণ: পণ্ডিত ব্যক্তি, সংস্কৃত পণ্ডিতগণের উপাধি। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + ভূষণ [ভূষ্ + অন]। ৬।১ বিদ্যা ভূষণ যাঁর= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + ভ্ + ঊ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ঊ-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক 'ষ' ও ন' এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিদ্যাভ্যাস: বিদ্যাচর্চা। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + অভ্যাস [অভি + আস (অস্ + অ)]। ৬।১ [সন্ধি] আ + অ= আ [দ্যা]। ২।১।গ ই + আ= যা [ভ্যা]। ২।৭।খ বিদ্যার অভ্যাস= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + ভ্ + য্ + আ + স্ + অ। বি.দ্র.: ভ্ + য্ + আ= ভ্যা।

বিদ্যারত্ন: পণ্ডিত ব্যক্তি, সংস্কৃত পণ্ডিতগণের

উপাধি। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + রত্ন [রমি > রতি + ন]। ৬।১ বিদ্যা রত্ন যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + র্ + অ + ত্ + ন্ + অ। বি.দ্র.: ত্ + ন্ + অ= ত্ন।

বিদ্যারম্ভ: হাতে-খড়ি। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] আরম্ভ [আ + রভ্ + অ]। ৬।১ [সন্ধি] আ + আ= আ [দ্যা] ২।১।ঘ বিদ্যার আরম্ভ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + র্ + অ + ম্ + ভ্ + অ। বি.দ্র.: ম্ + ভ্ + অ= ম্ভ।

বিদ্যার্জন: বিদ্যাশিক্ষা। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + অর্জন [অর্জ্ + অন]। ৬।১ [সন্ধি] আ + অ= আ [দ্যা]। ২।১।গ বিদ্যার অর্জন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + র্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'জ' থাকায় 'ন' 'ন' থেকেছে। ৪।১।গ

বিদ্যার্ণব: বিদ্যার সমুদ্র, সংস্কৃত পণ্ডিতগণের উপাধি। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + অর্ণব [অর্ণস্ + ব — 'স্' লুপ্ত]। ৬।১ বিদ্যার [সন্ধি] আ + অ= আ [দ্যা]। ২।১।গ বিদ্যার অর্ণব [সমুদ্র]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + র্ + ণ্ + অ + ব্ + অ। বি.দ্র.: 'র্'-এর পর 'ণ' হয়েছে। র্ + ণ্ + অ= র্ণ।

বিদ্যার্থী: শিক্ষার্থী। বিণ। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + অর্থী [অর্থ + ইন (ঈ)]। ৬।১ [সন্ধি] আ + অ= আ [দ্যা]। ২।১।গ বিদ্যা কামনা করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + র্ + থ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বিদ্যালঙ্কার: পণ্ডিত ব্যক্তি, সংস্কৃত পণ্ডিত গণের উপাধি। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + অলঙ্কার [অলম্ + কার (কৃ + অ)]। ৬।১ [সন্ধি] আ + অ= আ [দ্যা]। ২।১।গ ম্ + ক= ঙ্ + ক= ঙ্ক। ২।২৮ বিদ্যা অলঙ্কার যাঁর= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + ল্ + অ + ঙ্ + ক্ + আ + র্ + অ। বি.দ্র.: ঙ্ + ক= ঙ্ক।

বিদ্যায়তন: বিদ্যালয়। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + আয়তন [আ + যত্ + অন]। ৬।১ [সন্ধি] আ + আ= আ [দ্যা]। ২।১।ঘ বিদ্যার নিমিত্ত আয়তন= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + য্ + অ + ত্ + অ + ন্ + অ।

বিদ্যাশূন্য: অশিক্ষিত। বিণ। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + শূন্য [শু (অতিশয়) + ঊন + য]। ৬।২ বিদ্যার দ্বারা শূন্য= করণতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + শ্ + ঊ + ন্ + য্ + অ। বি.দ্র.: শ্ + ঊ= শূ, ন্ + য্ + অ= ন্য।

বিদ্যাশূন্যা: অশিক্ষিতা। বিণ। তৎসম। বিদ্যাশূন্য ['বিদ্যাশূন্য' দ্রষ্টব্য + আ (স্ত্রী)]। ৭।১।ক বিদ্যার দ্বারা শূন্যা= করণতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + শ্ + ঊ + ন্ + য্ + আ। বি.দ্র.: শ্ + ঊ= শূ, ন্ + য্ + আ= ন্যা।

বিদ্যাসাগর: বিদ্যার সমুদ্র, সংস্কৃত পণ্ডিতগণের উপাধি। বি। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + সাগর [সগর + অ]। ৬।২ বিদ্যার সাগর= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + স্ + আ + গ্ + অ + র্ + অ।

বিদ্যাহীন: অশিক্ষিত। বিণ। তৎসম। বিদ্যা ['বিদ্যা' দ্রষ্টব্য] + হীন [হা + ত]। ৬।১ বিদ্যার দ্বারা হীন= করণতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + আ + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: হ্ + ঈ= হী।

বিদ্যাহীনা: অশিক্ষিতা। বিণ। তৎসম। বিদ্যাহীন

['বিদ্যাহীন' দ্রষ্টব্য] + আ (স্ত্রী)। ৭।১।ক বানান: ব্ + ই + দ্ + য্ + আ + হ + ঈ + ন্ + আ। বি.দ্র.: হ্ + ঈ= হী।

বিদ্যুজ্জিহ্ব: বিদ্যুৎ-রেখার মতো জিহ্বা যার। বিণ। তৎসম। বিদ্যুৎ [বি + দ্যুৎ + কিপ্] + জিহ্ব [লিহ্ (লেহন করা) + ব, (লি= জি)]। ৬।১ [সন্ধি] ৎ + জ= জ্ + জ= জ্জ। ২।১৭ বিদ্যুতের মতো জিহ্বা যার ['আ'-কার লোপ]= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + দ্ + য্ + উ + জ্ + জ্ + ই + হ্ + ব্ + অ। বি.দ্র.: দ্ + য্ + উ= দ্যু, জ্ + জ্ + ই= জ্জি, হ্ + ব্ + অ= হ্ব।

বিদ্যুত্বান্: মেঘ। বি। তৎসম। বিদ্যুৎ [বি + দ্যুৎ + কিপ্]। + বান্ [বৎ]। ৬।১, ৬।২ বিদ্যুৎ আছে যার। বানান: ব্ + ই + দ্ + য্ + উ + ত্ + ব্ + আ + ন্। বি.দ্র.: দ্ + য্ + উ= দ্যু। ত্ + ব্ + আ= ত্বা। 'ন্'-এর হসন্ত-চিহ্ন আবশ্যিক।

বিদ্যুৎ: তড়িৎ। বি। তৎসম। বি + দ্যুৎ + কিপ্। ৬।১ বানান: ব্ + ই + দ্ + য্ + উ + ৎ। বি.দ্র.: দ্ + য্ + উ= দ্যু। 'ৎ' হবে, 'ত্' নয়।

বিদ্যুৎকটাক্ষ: বিদ্যুতের মতো মর্মস্পর্শী চাহনি। বি। তৎসম। বিদ্যুৎ ['বিদ্যুৎ' দ্রষ্টব্য] + কটাক্ষ [কট [অপাঙ্গ] + অক্ষ [অক্ষি]। [সন্ধি] আ + অ [টা]। ২।১।গ কটা যে অক্ষি= কর্মধা। ৩।২ বিদ্যুতের মতো কটাক্ষ যার বা কটাক্ষে বিদ্যুৎ যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + দ্ + য্ + উ + ৎ + ক্ + অ + ট্ + আ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: দ্ + য্ + উ= দ্যু, ক্ + ষ্ + অ= ক্ষ।

বিদ্যুৎপ্রভ: বিদ্যুতের মতো প্রভাযুক্ত। বিণ। তৎসম। বিদ্যুৎ ['বিদ্যুৎ' দ্রষ্টব্য] + প্রভ [প্র + ভা + অ]। ৬।১ বিদ্যুতের মতো প্রভা যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + দ্ + য্ + উ + ৎ + প্ + র্ + অ + ভ্ + অ। বি.দ্র.: দ্ + য্ + উ= দ্যু, প্ + র্ + অ= প্র।

বিদ্যুৎ-স্পন্দন: বিদ্যুতের চমক। বি। তৎসম। বিদ্যুৎ ['বিদ্যুৎ' দ্রষ্টব্য] + স্পন্দন [স্পন্দ্ + অন]। ৬।১ বিদ্যুতের স্পন্দন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + উ + ৎ + স্ + প্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র.: দ্ + য্ + উ= দ্যু, স্ + প্ + অ= স্প, ন্ + দ্ + অ= ন্দ।

বিদ্যুৎস্পৃষ্ট: তড়িৎ আহত। বিণ। তৎসম। বিদ্যুৎ ['বিদ্যুৎ' দ্রষ্টব্য] + স্পৃষ্ট [স্পৃশ্ + ত]। ৬।১ বিদ্যুতের দ্বারা স্পৃষ্ট= করণতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + উ + ৎ + স্ + প্ + ঋ + ষ্ + ট্ + অ। দ্ + য্ + উ= দ্যু, স্ + প্ + ঋ= স্পৃ, ষ্ + ট্ + অ= ষ্ট। বি.দ্র.: 'ট্'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ঙ 'স্পৃশ্' ধাতুর কারণে 'পৃ'-এর আগে 'স্' হয়েছে।

বিদ্যুৎস্ফুরণ: বিদ্যুতের চমক। বি। তৎসম। বিদ্যুৎ ['বিদ্যুৎ' দ্রষ্টব্য] + স্ফুরণ [স্ফুর্ + অন]। বিদ্যুতের স্ফুরণ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + উ + ৎ + স্ + ফ্ + উ + র্ + অ + ণ্ + অ। স্ + ফ্ + উ = স্ফু। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিদ্যুৎস্ফুলিঙ্গ: বিদ্যুতের কণা। বি। তৎসম। বিদ্যুৎ ['বিদ্যুৎ' দ্রষ্টব্য] + স্ফুলিঙ্গ [স্ফুৎ + লিঙ্গ্ (গমন করা) + অ। ৬।১ বিদ্যুতের স্ফুলিঙ্গ [গতিযুক্ত ফুল্কি]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ই + দ্ + য্ + উ + ৎ + স্ + ফ্ + উ + ল্ + ই + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: দ্ + য্ + উ= দ্যু, স্ + ফ্ + উ= স্ফু, ঙ্ + গ্ + অ= ঙ্গ।

বিদ্যুৎগর্ভ: বিদ্যুৎপূর্ণ। বিণ। তৎসম। বিদ্যুৎ ['বিদ্যুৎ' দ্রষ্টব্য] + গর্ভ [গৃ (আবৃত করা) + অ। ৬।১ [সন্ধি]: ৎ + গ= দ্ + গ= দ্গ। ২।১৫ বিদ্যুৎ গর্ভে যার= বহুব্রী। ৩।৫ বানান:

ব্ + ই + দ্ + য্ + উ + দ্ + গ্ + অ + র্ + ভ্ + অ। বি.দ্র. : দ্ + য্ + উ= দ্যু। দ্ + গ্ + অ= দ্গ, র্ + ভ্ + অ= র্ভ।

বিদ্যুদ্দাম : মালার ন্যায় বিদ্যুতের রেখাসমূহ। বি। মিশ্র [তৎসম + বিদেশী]।বিদ্যুৎ ['বিদ্যুৎ' দ্রষ্টব্য] + দাম [ফা. দাম্= জাল, পুঞ্জ]। [সন্ধি] ৎ + দা= দ্ + দা= দ্দা। ২।১৫ বিদ্যুতের দাম [জাল] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + উ = দ্ + দ্ + আ + ম্ + অ। বি.দ্র. : দ্ + য্ + উ, দ্ + দ্ + আ= দ্দা।

বিদ্যুদ্দীপ্ত : বিদ্যুতের আলোকে উদ্ভাসিত। বিণ। তৎসম। বিদ্যুৎ ['বিদ্যুৎ' দ্রষ্টব্য] + দীপ্ত [দীপ্ + ত]। ৬।১ [সন্ধি] ৎ + দী= দ্দী। ২।১৫ বিদ্যুতের দ্বারা দীপ্ত= করণতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + উ + দ্ + দ্ + ঈ + প্ + ত্ + অ। বি.দ্র. : দ্ + য্ + উ= দ্যু। দ্ + দ্ + ঈ= দ্দী, প্ + ত্ + অ= প্ত।

বিদ্যুদ্দীপ্তি : বিদ্যুতের আলো। বি। তৎসম। বিদ্যুৎ ['বিদ্যুৎ' দ্রষ্টব্য] + দীপ্তি [দীপ্ + তি]। ৬।১ [সন্ধি] ৎ + দী= দ্দী। ২।১৫ বিদ্যুতের দীপ্তি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + উ + দ্ + দ্ + ঈ + প্ + ত্ + ই। বি.দ্র. : দ্ + য্ + উ= দ্যু, দ্ + দ্ + ঈ= দ্দী, প্ + ত্ + ই

বিদ্যুদ্বিকাশ : বিদ্যুতের স্ফুরণ। বি। তৎসম। বিদ্যুৎ ['বিদ্যুৎ' দ্রষ্টব্য] + বিকাশ [বি + কাশ্ + অ]। ৬।১ [সন্ধি] ৎ + বি= দ্বি। ২।১৫ বিদ্যুতের বিকাশ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + উ + দ্ + ব + ই + ক্ + আ + শ্ + অ। বি.দ্র. : দ্ + য্ + উ= দ্যু। দ্ + ব্ + ই= দ্বি

বিদ্যুদ্বেগ : বিদ্যুতের মতো দ্রুত গতি। বি। তৎসম। বিদ্যুৎ ['বিদ্যুৎ' দ্রষ্টব্য] + বেগ [বিজ্ + অ]। ৬।১ [সন্ধি] ৎ + বে= দ + বে= দ্বে। ২।১৫ বিদ্যুতের বেগ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + উ + দ্ + ব্ + এ + গ্ + অ। বি.দ্র. : দ্ + য্ + উ= দ্যু, দ্ + ব্ + এ= দ্বে।

বিদ্যুন্মালা : মালার ন্যায় বিদ্যুতের রেখাসমূহ। বি। তৎসম। বিদ্যুৎ ['বিদ্যুৎ' দ্রষ্টব্য] + মালা [মা + লা + আ]। ৬।১ [সন্ধি] ৎ + মা= ন্ + মা= ন্মা। বিদ্যুতের মালা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + উ + ন্ + ম্ + আ + ল্ + আ.। বি.দ্র. : দ্ + য্ + উ= দ্যু। ন্ + ম্ + আ= ন্মা।

বিদ্যুল্লতা : লতার মতো সরু বিদ্যুদ্‌রেখা। বি। তৎসম। বিদ্যুৎ ['বিদ্যুৎ' দ্রষ্টব্য] + লতা [লত্ (বেষ্টন করা) + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [সন্ধি] ৎ + ল = ল্ + ল = ল্ল। ২।১ বিদ্যুতের লতা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + উ + ল্ + ল্ + অ + ত্ + আ। বি.দ্র.: দ্ + য্ + উ + দ্যু। ল্ + ল্ + অ = ল্ল।

বিদ্যুল্লেখা : লতার মতো সরু বিদ্যুদ্‌রেখা। বি। তৎসম। বিদ্যুৎ ['বিদ্যুৎ' দ্রষ্টব্য] + লেখা [লিখ্ + অ + আ]। ৬।১ [সন্ধি] ৎ + লে = ল্ + লে = ল্লে। ২।২০ বিদ্যুতের লেখা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + উ + ল্ + ল্ + এ + খ্ + আ। বি.দ্র.: দ্ + য্ + উ + দ্যু। ল্ + ল্ + এ = ল্লে।

বিদ্যোৎসাহিনী : বিদ্যা-প্রসারে উৎসাহ-দায়িনী। বিণ। তৎসম। বিদ্যা [বিদ্ + য (যৎ) + আ + উৎসাহিনী [উৎ + সহ্ + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।গ [সন্ধি] আ + উ = ও [দ্যো]। ২।৫।গ বিদ্যায় উৎসাহিনী = অধিকরণতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + ও + ৎ + স্ + আ + হ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: দ্ + য্ + ও= দ্যো। শব্দটি 'ইন্' + ঈ-প্রত্যয়ান্ত, তাই

আগে 'ই' পরে 'ঈ'।

বিদ্যোৎসাহী : বিদ্যার প্রসারে উৎসাহী। বিণ। তৎসম। বিদ্যা [বিদ্ + য (যৎ) + আ + উৎসাহী [উৎ + সহ্ + ইন্ + ঈ]। ৬।১ [সন্ধি] আ + উ = ও [দ্যো]। ২।৫।গ বিদ্যায় উৎসাহী = অধিকরণতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + ও + ৎ + স্ + আ + হ্ + ঈ। বি.দ্র.: দ্ + য্ + ও=দ্যো। শব্দটি 'ইন্' + ঈ-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বিদ্যোপার্জন : বিদ্যালাভ। বি। তৎসম। বিদ্যা [বিদ্ + য (যৎ) + আ + উপার্জন [উপ + অর্জ্ + অন। ৬।১ [সন্ধি], আ + উ = ও [দ্যো]। ২।৫।গ বিদ্যাকে উপার্জন = কর্মতৎ। ৩।৩ বানান : ব্ + ই + দ্ + য্ + ও + প্ + আ + র্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র.: দ্ + য্ + ও = দ্যো, র্ + জ্ + অ + ন্ + অ = র্জন। 'র' ও 'ন' -এর মধ্যে 'জ' [চ-বর্গ] থাকায় 'ন' 'ন' -ই থেকেছে।

বিদ্রূপ : উপহাস। বি। তদ্ভব। < সং. বিদ্রব। বানান : ব্ + ই + দ্ + র্ + উ + প্ + অ। বি.দ্র.: দ্ + র্ + উ = দ্রূ।

বিদ্রূপাত্মক : বিদ্রূপপূর্ণ। বিণ। মিশ্র [তদ্ভব + তৎসম]। বিদ্রূপ ['বিদ্রূপ' দ্রষ্টব্য] + আত্মক [আত্মন্ + ক]। ৬।২ আত্মায় [ভিতরে] বিদ্রূপ যার = বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ই + দ্ + র্ + উ + প্ + আ + ত্ + ম্ + অ + ক্ + অ। বি.দ্র.: দ্ + র্ + উ = দ্রূ, ত্ + ম্ + অ = ত্ম।

বিদ্রোহ : বর্তমান ব্যবস্থার প্রতিকূলতা। বি। তৎসম। বি + দ্রোহ [দ্রুহ্ + অ]। ৬।১ বানান : ব্ + ই + দ্ + র্ + ও + হ্ + অ। বি.দ্র.: দ্ + র্ + ও = দ্রো।

বিদ্রোহাচরণ : বিদ্রোহকরণ। বি। তৎসম। বিদ্রোহ ['বিদ্রোহ' দ্রষ্টব্য] + আচরণ [আ + চর্ + অন]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [হা]। ২।১।খ বিদ্রোহপূর্ণ আচরণ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ব্ + ই + দ্ + র্ + ও + হ্ + আ + চ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: দ্ + র্ + ও = দ্রো, 'র' ও 'ন' -এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিদ্রোহিণী: বিদ্রোহকারিণী। বিণ। তৎসম। বি + দ্রুহ্ + ইন্ + ঈ (স্ত্রী)। ৬।১, ৭।১।গ বানান : ব্ + ই + দ্ + র্ + ও + হ্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: দ্ + র্ + ও = দ্রো, শব্দটি 'ইন্' + ঈ -প্রত্যয়ান্ত, তাই আগে 'ই' পরে 'ঈ'।

বিদ্রোহী : বিদ্রোহকারী। বি। তৎসম। বি + দ্রোহী [দ্রুহ্ + ইন্ + (ঈ) স্ত্রী]। ৬।১ বানান : শব্দটি 'ইন্' [ঈ] প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত। দ্ + র্ + ও = দ্রো।

বিদ্বজ্জন : বিদ্বান ব্যক্তি। পবি। তৎসম। বিদ্বৎ < বিদ্বস্ [বিদ্ + বস্ (শতৃ)] + জন [জন্ + অ]। ৬।১ [সন্ধি] দ্ + ব = দ্ব। ৎ + জ + জ = জ্জ। ২।১৭ বিদ্বান [বিদ্বস্] যে জন = কর্মধা। ৩।২ বানান : ব্ + ই + দ্ + ব্ + অ + জ্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র.: দ্ + ব = দ্ব, জ্ + জ = জ্জ।

বিদ্বান : পণ্ডিত ব্যক্তি। বিণ। তৎসম। বিদ্বস্ [বিদ্ + বস্ ('শতৃ' স্থানে 'বস্' হয়)। স্মরণীয় : বস্ + ঈ (স্ত্রী) = উষী [বিদুষী]। বানান : ব্ + ই + দ্ + ব্ + আ + ন্। বি.দ্র.: দ্ + ব্ + আ = দ্বা। শব্দান্তের 'ন' -এর হসন্ত-চিহ্ন আধুনিক বাংলাতে নিষ্প্রয়োজন।

বিদ্বিষ্ট : বিদ্বেষকারী, বিদ্বেষভাজন। বিণ। তৎসম। বি + দ্বিষ্ [শত্রুতা করা] + ত। ৬।১ বানান : ব্ + ই + দ্ + ব্ + ই + ষ্ + ট্ + অ। বি.দ্র.: দ্ + ব্ + ই = দ্বি, 'ই'-র পর এবং 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ষ্ + ট্ + অ = ষ্ট। ৪।২।৬

বিদ্বেষ : শত্রুতা। বি। তৎসম। দ্বেষ্ [দ্বিষ্ (শত্রুতা

করা) + অ]। ৬।১ বানান : ব্ + ই + দ্ + ব্ + এ + ষ্ + অ। বি.দ্র.: দ্ + ব্ + এ = দ্বে। 'এ' -র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

বিদ্বেষ-পরায়ণ : অন্যের প্রতি বিদ্বেষ পোষণকারী। বিণ। তৎসম। বিদ্বেষ ['বিদ্বেষ' দ্রষ্টব্য] + পরায়ণ [পর + অয়ন (ই + অন)]। ৬।১ বিদ্বেষে পরায়ণ [অতি আসক্ত] = অধিকরণতৎ। বানান : ব্ + ই + দ্ + ব্ + এ + ষ্ + অ + প্ + অ + র্ + আ + য় + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'- এর মধ্যে 'আ', 'য়্', 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিদ্বেষ-বুদ্ধি : শত্রুতাপূর্ণ মনোবৃত্তি। বি। তৎসম। বিদ্বেষ ['বিদ্বেষ' দ্রষ্টব্য] + বুদ্ধি [বুধ্ + তি]। ৬।১ বিদ্বেষপূর্ণ বুদ্ধি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ব্ + ই + দ্ + ব্ + এ + ষ্ + অ + ব্ + উ + দ্ + ধ্ + ই। বি.দ্র.: দ্ + ব্ + এ = দ্বে, দ্ + ধ্ + ই = দ্ধি।

বিদ্বেষানল : বিদ্বেষের আগুন। বি। তৎসম। বিদ্বেষ ['বিদ্বেষ' দ্রষ্টব্য] + অনল [অন্ + অল]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [া]। ২।১।ক বিদ্বেষ-রূপ অনল [আগুন] = রূপক-কর্মধা। ৩।২ বানান : ব্ + ই + দ্ + ব্ + এ + ষ্ + আ + ন্ + অ + ল্ + অ। বি.দ্র.: দ্ + ব্ + এ = দ্বে। 'এ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

বিদ্বেষী : বিদ্বেষকারী। বিণ। তৎসম। বি + দ্বিষ্ + ইন্ (ঈ)]। ৬।১ বানান : ব্ + ই + দ্ + ব্ + এ + ষ্ + ঈ। বি.দ্র.: দ্ + ব্ + এ = দ্বে। 'এ' -র পর 'ষ' হয়েছে। ৪।২।ক শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্] কারান্ত।

বিধবা : পতিহীনা। বি। তৎসম। বি + ধব [স্বামী] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ব্ + ই + ধ্ + অ + ব্ + আ।

বিধবা-বিবাহ : বিধবার পুনর্বিবাহ। বি। তৎসম। বিধবা ['বিধবা' দ্রষ্টব্য] বিবাহ [বি + বহ্ + অ]। ৬।১ বিধবার বিবাহ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ই + ধ্ + অ + ব্ + আ + ব্ + ই + ব্ + আ + হ্ +অ।

বিধর্মা : অন্যধর্মা বলম্বী। বিণ। তৎসম। বি + ধর্মন্ [ধৃ + ম + অন্] বিগত ধর্ম যার থেকে = বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ই + ধ্ + অ + র্ + ম্ + আ। বি.দ্র.: র্ + ম্ + আ = র্মা।

বিধর্মী : অন্যধর্মাবলম্বী। বিণ। তৎসম। বি + ধর্ম [ধৃ + ম] + ইন্ [ঈ]। ৬।১ বিগত ধর্ম যার থেকে = বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ই + ধ্ + অ + র্ + ম্ + ঈ। বি.দ্র.: র্ + ম্ + ঈ = র্মী। শব্দটি 'ইন্' [ঈ] -প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্] -কারান্ত।

বিধা : প্রকার। বি। তৎসম। বিধ্ + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : ব্ + ই + ধ্ + আ।

বিধাতা : ঈশ্বর। বি। তৎসম। বি + ধাতা [ধা + তা [তৃচ্]। ৬।১ বানান : ব্ + ই + ধ্ + আ + ত্ + আ।

বিধাতা-পুরুষ : ঈশ্বর। বি। তৎসম। বিধাতা ['বিধাতা' দ্রষ্টব্য] + পুরুষ [পৃ + উষ]। ৬।১ যিনি বিধাতা, তিনিই পুরুষ = কর্মধা। ৩।২ বানান : ব্ + ই + ধ্ + আ + ত্ + আ + প্ + উ + র্ + উ + ষ্। বি.দ্র.: 'উ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

বিধান : নিয়ম। বি। তৎসম। বি + ধা + অন। ৬।১ বানান : ব্ + ই + ধ্ + আ + ন্ + অ।

বিধান-সভা : রাষ্ট্র-পরিচালনা ও আইন-প্রণয়নাদির জন্য জনগণের নির্বাচিত প্রতিনিধি-সভা। [Legislative Assembly]। বি। তৎসম। বিধান ['বিধান' দ্রষ্টব্য] + সভা [স (=সহ) + ভা + অ + আ]। ৬।১ 'ভা' [আভা] -র সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।২ বিধান

প্রণয়নের সভা = মধ্যপ কর্মধা। ৩।২ বানান : ব্ + ই + ধ্ + আ + ন্ + অ + স্ + অ + ভ্ + আ।

বিধায়ক: বিধান-সভার সদস্য। বি। তৎসম। বি + ধা + অক। ৬।১ বানান : ব্ + ই + ধ্ + আ + য্ + অ + ক্ + অ।

বিধি: নিয়ম, ভাগ্য। বি। তৎসম। বি + ধা + ই। ৬।১ বানান : ব্ + ই + ধ্ + ই।

বিধিৎসা: বিধান করার ইচ্ছা। বি। তৎসম। বি + ধা + সন্ [ইচ্ছার্থে] + অ + আ। ৬।১ বানান : ব্ + ই + ধ্ + ই + ৎ + স্ + আ।

বিধিৎসু: বিধান করতে ইচ্ছুক। বিণ। তৎসম। বি + ধা + সন্ [ইচ্ছার্থে] + উ। বানান : ব্ + ই + ধ্ + ই + ৎ + স্ + উ।

বিধিবদ্ধ: নিয়মবদ্ধ। বিণ। তৎসম। বিধি ['বিধি' দ্রষ্টব্য] + বদ্ধ [বন্ধ্ + ত]। ৬।১ বিধির দ্বারা বদ্ধ = করণতৎ। ৩।৩ বানান : ব্ + ই + ধ্ + ই + ব্ + অ + দ্ + ধ্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + অ = দ্ধ।

বিধিমত: শাস্ত্রীয় বিধানমতো। বিণ। মিশ্র। [তৎসম, তদ্ভব] বিধি ['বিধি' দ্রষ্টব্য] + মত [<সং. মত্ত]। বিধির মতো [অনুরূপ বা সদৃশ] = অব্যয়ীভাব। ৩।১ বানান : ব্ + ই + ধ্ + ই + ম্ + অ + ত্ + অ [চলিত = ও]।

বিধিলিপি: ভাগ্যের লিখন। বি। তৎসম। বিধি ['বিধি' দ্রষ্টব্য] + লিপি [লিপ্ + ই]। ৬।১ বিধির [বিধাতার] লিপি [লিখন] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ই + ধ্ + ই + ল্ + ই + প্ + ই।

বিধিসঙ্গত: নিয়মানুযায়ী। বিণ। তৎসম। বিধি ['বিধি' দ্রষ্টব্য] + সঙ্গত [সম্ + গম্ + ত]। ৬।১ বিধির সঙ্গে সঙ্গত = করণতৎ। ৩।৩ বানান : ব্ + ই + ধ্ + ই + স্ + অ + ঙ্ + গ্ + অ + ত্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ = ঙ্গ।

বিধিসম্মত: নিয়মানুযায়ী। বিণ। তৎসম। বিধি ['বিধি' দ্রষ্টব্য] + সম্মত [সম্ + মত] বিধির দ্বারা সম্মত= করণ-তৎ। ৩।৩ বানান: ব্ + ই + ধ্ + ই + স্ + অ + ম্ + ম্ + অ + ত্ + অ। বি.দ্র.: ম্ + ম্ + অ = ম্ম।

বিধু: চাঁদ। বি। তৎসম। ব্যধ্ + উ বা বি + ধে [পান করা] + উ। ৬।১ বানান : ব্ + ই + ধ্ + উ।

বিধু-বদনা: চাঁদের মতো সুন্দর মুখ-বিশিষ্টা। বিণ। তৎসম। বিধু ['বিধু' দ্রষ্টব্য] + বদনা [বদ্ + অন + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক বিধুর মতো বদন যার = উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ই + ধ্ + উ + ব্ + অ + দ্ + অ + ন্ + আ।

বিধুমুখী: চাঁদের মতো সুন্দর মুখ বিশিষ্টা। বিণ। তৎসম। বিধু ['বিধু' দ্রষ্টব্য] + মুখী [মুখ + ঈ (স্ত্রী)]। ৭।২।গ বিধুর মতো মুখ যার [স্ত্রী] = উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ই + ধ্ + উ + ম্ + উ + খ্ + ঈ।

বিধুর: কাতর। বিণ। তৎসম। বি + ধুর্ + অ। ৬।১ বিগত ধুর [চাকার অক্ষদণ্ড] যার = বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ই + ধ্ + উ + র্ + অ।

বিধুরতা: কাতরতা। বি। তৎসম। বিধুর ['বিধুর' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : ব্ + ই + ধ্ + উ + র্ + অ + ত্ + তা।

বিধুরা: কাতরা। বিণ। তৎসম। বিধুর ['বিধুর' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ব্ + ই + ধ্ + উ + র্ + আ।

বিধৃত: বিশেষভাবে ধৃত। বিণ। তৎসম। বি + ধৃ + ত। ৬।১ বানান : ব্ + ই + ধ্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: ধ্ + ঋ = ধৃ।

বিধেয়: বিধিসম্মত, উচিত, বাক্যের যে অংশে উদ্দেশ্য-সম্বন্ধে কিছু বলা হয়। বিণ। তৎসম।

বি + ধা + য [যৎ]। ৬।১ বানান : ব্ + ই + ধ্ + এ + য্ + অ।

বিধ্বংস : সম্পূর্ণ ধ্বংস। বি। তৎসম। বি + ধ্বন্স্ [নষ্ট করা] + অ। ৬।১ বানান : ব্ + ই + ধ্ + ব্ + অ + ং + স্ + অ। বি.দ্র.: ধ্ + ব্ + অ = ধ্ব।

বিধ্বংসী : সম্পূর্ণ ধ্বংসকারী। বিণ। তৎসম। বিধ্বংস ['বিধ্বংস' দ্রষ্টব্য] + ঈ [ইন্]। ৬।১ বিধ্বংস করে যে = উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + ই + ধ্ + ব্ + অ + ং + স্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্'[ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বিধ্বস্ত : সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত। বিণ। তৎসম। বি + ধ্বস্ত [ধ্বন্স্ + ত]। ৬।১ বি [সম্পূর্ণ] ধ্বস্ত = কর্মধা। ৩।২ বানান : ব্ + ই + ধ্ + ব্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: ধ্ + ব্ + অ = ধ্ব। স্ + ত্ + অ = স্ত।

বিনত : অবনত। বিণ। তৎসম। বি + নত [নম্ + ত]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + অ + ত্ + অ।

বিনতা : অবনতা। বিণ। তৎসম। বিনত ['বিনত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ব্ + ই + ন্ + অ + ত্ + আ।

বিনতানন্দন : বিনতার পুত্র। । বি। তৎসম। বিনতা ['বিনতা' দ্রষ্টব্য] + নন্দন [নন্দ্ + অন]। ৬।১ বিনতার নন্দন [পুত্র] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ই + ন্ + অ + ত্ + আ + ন্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ = ন্দ।

বিনতি : প্রণতি। বি। তৎসম। বি + নতি [নম্ + তি]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + অ + ত্ + ই।

বিনম্র : বিনয়াবনত। বিণ। তৎসম। বি + নম্র [নম্ + র]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + অ + ম্ + র্ + অ। বি.দ্র.: ম্ + র্ + অ = ম্র।

বিনম্রতা : গভীর বিনয়। বি। তৎসম। বিনম্র ['বিনম্র' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : ব্ + ই + ন্ + অ + ম্ + র্ + অ + ত্ + আ। বি.দ্র.: ম্ + র্ + অ = ম্র।

বিনম্রা : বিনয়াবনতা। বিণ। তৎসম। বিনম্র ['বিনম্র' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ব্ + ই + ন্ + অ + ম্ + র্ + আ। বি.দ্র.: ম্ + র্ + আ = ম্রা।

বিনয় : নম্রতা। বি। তৎসম। বি + নয় [নী + অ]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + অ + য্ + অ।

বিনয়াবনত : বিনয়বশে অবনতা। বিণ। তৎসম। বিনয় ['বিনয়' দ্রষ্টব্য] + অবনত [অব + নম্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [য়]। ২।১।ক বিনয়ের দ্বারা অবনত = করণতৎ। ৩।৩ বানান : ব্ + ই + ন্ + অ + য্ + আ + ব্ + অ + ন্ + অ + ত্ + অ।

বিনয়াবনতা : বিনয়বশে অবনত। বিণ। তৎসম। বিনয়াবনত ['বিনয়াবনত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক [সন্ধি] অ + আ = আ [য়]। ২।১।ক বিনয়ের দ্বারা অবনতা = করণতৎ। ৩।৩ বানান : ব্ + ই + ন্ + অ + য্ + আ + ব্ + অ + ন্ + অ + ত্ + আ।

বিনয়ী : বিনয়যুক্ত। বিণ। তৎসম। বি + নয়ী [নী + ইন্ (ঈ)]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + অ + য্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বিনশ্বর : ধ্বংসশীল। বিণ। তৎসম। বি + নশ্বর [নশ্ + বর]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + অ + + শ্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + অ = শ্ব।

বিনষ্ট : বিনাশপ্রাপ্ত। বিণ। তৎসম। বি + নষ্ট [নশ্ + ত]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + অ + ষ্ + ট্ + অ। বি.দ্র.: 'ট'-এর আগে 'ষ'

[ষ্ট] হয়েছে। ৪।২।ঙ ষ্ + ট্ + অ = ষ্ট।

বিনা: ছাড়া। অব্য। তৎসম। বানান : ব্ + ই + ন্ + আ।

বিনান, বিনানো: বেণী রচনা করা। ক্রি। তদ্ভব। <সং. বেণীবন্ধন। বানান : ব্ + ই + ন্ + আ + ন্ + অ [ও]।

বিনায়ক: গণেশ, গরুড়, বুদ্ধদেব। বি। তৎসম। বি + নায়ক [নী + অক]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + আ + য়্ + অ + ক্ + অ।

বিনাশ। ধ্বংস। বি। তৎসম। বি + নাশ [নশ্ + অ]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + আ + শ্ + অ।

বিনাশক, বিনাশন: বিনাশকারী। বিণ। তৎসম। বি + নাশক, নাশন [নশ্ + অক, অন]। ৬।১ বিনাশ করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + ই + ন্ + আ + শ্ + অ + ক্ + অ [ন্ + অ]।

বিনাশিনী: বিনাশকারিণী। বিণ। তৎসম। বি + নাশিনী [নশ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক বানান : ব্ + ই + ন্ + আ + শ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: 'ইন্' + ঈ প্রত্যয়ান্ত হওয়ায় শব্দের শেষে আগে 'ই', পরে 'ঈ'।

বিনাশী: বিনাশশীল। বিণ। তৎসম। বি +নশ্ + [ইন্] ঈ। ৬।১ বিনাশ করে যে। বানান : ব্ + ই + ন্ + আ + শ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বিনি: বিনা-র কথ্য রূপ। অব্য। তদ্ভব। বিনি <সং. বিনা।

বিনিঃসরণ: নির্গমন। বি। তৎসম। বি + নিঃসরণ [নিঃ + সরণ (সৃ + অন)]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + ই + ঃ + স্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: র ও ন -এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিনিঃসৃত: নির্গত। বিণ। তৎসম। বি + নিঃসৃত [নিঃ + সৃত] (সৃ + ত)। ৬।১ বানান : ব্ + ই + ন্ + ই + ঃ + স্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: স্ + ঋ + সৃ।

বিনিদ্র: নিদ্রাহীন। বিণ। তৎসম। বি + নিদ্র [নি + দ্রা + অ]। ৬।১ বিগত নিদ্রা যার = বহুব্রী। ৬।৫ বানান : ব্ + ই + ন্ + ই + দ্ + র্ + অ। বি.দ্র.: দ্ + র্ + অ = দ্র।

বিনিন্দিত: বিশেষভাবে নিন্দিত। বিণ। তৎসম। বি + নিন্দিত [নিন্দ্ + ত]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + ই + ন্ + দ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + ই = ন্দি।

বিনিন্দিতা: বিশেষভাবে নিন্দিতা। বিণ। তৎসম। বিনিন্দিত ['বিনিন্দিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ব্ + ই + ন্ + ই + ন্ + দ্ + ই + ত্ + আ। বি.দ্র.: ন্ + দ্ + ই = ন্দি।

বিনিপাত: দৈব দুঃখ। বি। তৎসম। বি + নিপাত [নি + পত্ + অ]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + ই + প্ + আ + ত্ + অ। বি.দ্র.: ব্ + ই = বি, ন্ + ই = নি, প্ + আ = পা।

বিনিবর্তন: পুনরায় আগমন। বি। তৎসম। বি + নিবর্তন [নি + বৃৎ + ণিচ্ + অন।] ৬।১ বানান : ব্ + ই + ন্ + ই + ব্ + অ + র্ + ত্ + অ + ন্ + অ। বি.দ্র.: র্ + ত্ + অ = র্ত।

বিনিবৃত্ত: প্রত্যাবৃত্ত। বিণ। তৎসম। বি + নিবৃত্ত [নি + বৃৎ + ণিচ্ + ত]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + ই + ব্ + ঋ + ত্ + ত্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ত্ + ত্ + অ= ত্ত।

বিনিময়: বদল। বি। তৎসম। বি + নি + মী + অ। ৬।১ বানান : ব্ + ই + ন্ + ই + ম্ + অ + য়্ + অ।

বিনিয়োগ: ব্যবসায়ে মূলধন খাটানো। বি। তৎসম।

বি + নিয়োগ [নি + যুজ্ + অ]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + ই + য্ + ও + গ্ + অ। বি.দ্র.: য্ + ও = য়ো।

বিনিয়োজিত : যা বিনিয়োগ করা হয়েছে। বিণ। তৎসম। বি + নিয়োজিত [নি + যুজ্ + ণিচ্ + ত] । ৬।১ বানান : ব্ + ই + ন্ + ই + য্ + ও + জ্ + ই + ত্ + অ।

বিনিযুক্ত : বিনিয়োজিত। বিণ। তৎসম। বি + নিযুক্ত [নি + যুজ্ + ত]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + ই + য্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র.: য্ + উ = যু, ক্ + ত্ + অ = ক্ত।

বিনির্গত : নিষ্ক্রান্ত। বিণ। তৎসম। বি + নির্গত [নির্ + গম্ + ত]। ৬।২ বানান : ব্ + ই + ন্ + ই + র্ + গ্ + অ + ত্ + অ। বি.দ্র.: র্ + গ্ + অ = র্গ।

বিনীত : বিনয়যুক্ত। বিণ। তৎসম। বি + নীত [নী + ত]। ৬।১ বানান : ব্ + ই + ন্ + ঈ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ঈ = নী।

বিনীতা : বিনয়যুক্তা। বিণ। তৎসম। বিনীত ['বিনীত' দ্রষ্টব্য] + আ। ৭।১।ক বানান : ব্ + ই + ন্ + ঈ + ত্ + আ। বি.দ্র.: ন্ + ঈ = নী।

বিনুনি : বেণী। বি। তদ্ভব। <সং. বেণীবন্ধন। বানান : ব্ + ই + ন্ + উ + ন্ + ই। বি.দ্র.: তদ্ভব শব্দ বলে কেবলই 'ন'-এর ব্যবহার লক্ষণীয়।

বিনে : বিনা-র কোমল রূপ। অব্য। তদ্ভব। বিনে <সং. বিনা।

বিনোদ : মনোরম। বি। তৎসম। বি + নুদ্ [আনন্দ বা আমোদ করা] + অ। ৬।১ বানান : ব্ + ই + ন্ + ও + দ্ + অ। বি.দ্র.: ব্ + ই = বি, ন্ + ও = নো।

বিনোদন : সানন্দে যাপন। বি। তৎসম। বি + নুদ্ [আনন্দ বা আমোদ করা] + অন। ৬।১ বানান : ব্ + ই + ন্ + ও + দ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ব্ + ই = বি, ন্ + ও = নো।

বিনোদিত : আমোদিত। বিণ। তৎসম। বি + নুদ্ [আনন্দ বা আমোদ করা] + ত। বানান : ব্ + ই + ন্ + ও + দ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ব্ + ই = বি, ন্ + ও = নো।

বিনোদিনী : আনন্দদায়িনী, শ্রীরাধিকা। বিণ, বি। তৎসম। বি + নুদ্ [আনন্দ বা আমোদ করা] + ইন্ + ঈ (স্ত্রী)। ৬।১, ৭।১।গ বিনোদন করে যে [স্ত্রী] = উপপদতৎ। বানান : ব্ + ই + ন্ + ও + দ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ব + ই = বি, ন্ + ও = নো, দ্ + ই = দি , ন্ + ঈ = নী। শব্দটি 'ইন্ + ঈ' [ইন্]-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই',পরে 'ঈ'।

বিনোদী : বিনোদনকারী। বিণ। তৎসম। বি + নুদ্ [আনন্দ বা আমোদ করা] + ইন্ [ঈ]। ৬।১ বিনোদ করে যে = উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + ই + ন্ + ও + দ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বিন্দু : ফোঁটা। বি। তৎসম। বিন্দ্ + উ। ৬।১ বানান : ব্ + ই + ন্ + দ্ + উ। বি.দ্র.: ব্ + ই = বি, ন্ + দ্ + উ = ন্দু।

বিন্দু-বিসর্গ : সামান্যতম আভাস। বি। তৎসম। বিন্দু ['বিন্দু' দ্রষ্টব্য] + বিসর্গ [বি + সর্গ (সৃজ্ + অ)। ৬।১ বিন্দু ও বিসর্গ = দ্বন্দ্ব। ৩।৪ বানান : ব্ + ই + ন্ + দ্ + উ + ব্ + ই + স্ + অ + র্ + গ্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + উ = ন্দু

বিন্ধ্য : ভারতবর্ষের মধ্যস্থলে অবস্থিত পূর্ব-পশ্চিমে বিস্তৃত পর্বতশ্রেণী। বি। তৎসম। বি + ধ্যৈ + অ—'ম' -এর আগম। বি + [ম্] + ধ্য = বিন্ধ্য। সূর্যের গতিরোধের জন্যে বিরুদ্ধ ধ্যানকারী। বানান : ব্ + ই + ন্ + ধ্ + য্ + অ। বি.দ্র.: ন্ + ধ্ + য্ + অ = ন্ধ্য।

বিন্ধ্যবাসিনী : দুর্গা, বিন্ধ্যপর্বতে বাসকারিণী। বি।

তৎসম। বিন্ধ্য ['বিন্ধ্য' দ্রষ্টব্য] + বাসিনী [বস্ + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।গ বিন্ধ্যে [বিন্ধ্য পর্বতে] বাস করেন যিনি = [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + ই + ন্ + ধ্ + য্ + অ + ব্ + আ + স্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ [ইনি] -প্রত্যয়ান্ত, তাই আগে 'ই' পরে 'ঈ'।

বিন্যস্ত: সুশৃঙ্খলভাবে স্থাপিত। বিণ। তৎসম। বি + ন্যস্ত [নি + অস্ত (অস্ + ত)]। ৬।১ [সন্ধি] ই + অ = য [ন্য]। ২।৭।ক বানান : ব্ + ই + ন্ + য্ + অ + স্ + ত্ + অ। ন্ + য্ + অ = ন্য, স্ + ত্ + অ = স্ত। প্ + অ + ণ্ + অ + ন্ + অ।

বিন্যাস: সুশৃঙ্খলভাবে স্থাপন। বি। তৎসম। বি + ন্যাস [নি + আস (অস্ + অ)]। ৬।১ [সন্ধি] ই + আ = যা [ন্যা]। ২।৭।খ বানান : ব্ + ই + ন্ + য্ + আ + স্ + অ। বি.দ্র.: ন্ + য্ + আ = ন্যা।

বিপক্ষ: বিরোধী পক্ষ। বি। তৎসম। বি + পক্ষ [পক্ষ্ + অ]। ৬।১ বিরুদ্ধ পক্ষ। বানান : ব্ + ই + প্ + অ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: ক + ষ + অ = ক্ষ।

বিপক্ষতা: বিরুদ্ধ আচরণ। বি। তৎসম। বিপক্ষ ['বিপক্ষ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : ব্ + ই + প্ + অ + ক্ + ষ্ + অ + ত্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ।

বিপক্ষীয়: বিরোধী পক্ষভুক্ত। বিণ। তৎসম। বিপক্ষ ['বিপক্ষ' দ্রষ্টব্য] + ঈয়। ৬।২ বানান : ব্ + ই + প্ + অ + ক্ + ষ্ + ঈ + য্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + ঈ = ক্ষী।

বিপজ্জনক: যাতে বিপদ আছে। বি। তৎসম। বিপদ [বি + পদ্ + ক্বিপ্] + জনক [জন্ + অক]। ৬।১ [সন্ধি] দ্ + জ্ = জ্ + জ = জ্জ। যা বিপদের জন্ম দেয় = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + ই + প্ + অ + জ্ + জ্ + অ + ন্ + অ + ক্ + অ। বি.দ্র.: জ্ + জ্ + অ = জ্জ।

বিপণন: বাজারে বিক্রির ব্যবস্থা করা। বি। তৎসম। বি + পণ্ + অন। ৬।১ বানান: ব্ + ই + প্ + অ + ণ্ + অ + ন্ + অ। বি.দ্র: 'পণ'-এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

বিপণি, বিপণী: দোকান। বি। তৎসম। বি + পণ্ + ই, ঈ। বানান: ব্ + ই + প্ + অ + ণ্ + ই, ঈ। বি.দ্র.: ণ্ + ই = ণি, ণ্ + ঈ = ণী। বি.দ্র.: বিপণি বা বিপণী-র 'ণ' স্বাভাবিক 'ণ'।

বিপত্তারিণী: বিপদ থেকে রক্ষাকর্ত্রী। বি। তৎসম। বিপৎ [বি + পদ্ + ক্বিপ্] + তারিণী [তৃ + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।গ [সন্ধি] ৎ + তা = ত্ + তা = ত্তা। বিপদ থেকে ত্রাণ করেন যিনি [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + ই + প্ + অ + ত্ + ত্ + আ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: ত্ + ত্ + আ = ত্তা। শব্দটি 'ইন্' + [ঈ] ইনী-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

বিপত্তি: বিপদ্। বি। তৎসম। বি + পত্তি [পত্ + তি]। ৬।১ বানান: ব্ + ই + প্ + অ + ত্ + ত্ + ই। ত্ + ত্ + ই = ত্তি।

বিপত্নীক: মৃতপত্নীক। বিণ। তৎসম। বি+পত্নী [পতি + ন্ [আগম] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বিগতা [মৃতা] পত্নী যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + প্ + অ + ত্ + ন্ + ঈ + ক্ + অ। বি.দ্র.: ত্ + ন্ + ঈ = ত্নী।

বিপথ: ভুল পথ। বি। তৎসম। বি + পথ [পথ্ + অ]। ৬।১ বি [ভুল] পথ = কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + প্ + অ + থ্ + অ।

বিপথগামিনী: যে নারী ভুল পথে গেছে। বিণ। তৎসম। বিপথ ['বিপথ' দ্রষ্টব্য] + গামিনী [গম্ + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।চ বি [ভুল] যে পথ = কর্মধা। ৩।২ বিপথে গমন করেছে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩। বানান: ব্ + ই + প্

+ অ + থ্ + অ + গ্ + আ + ম্ + ই + ন্ + ঈ।

বিপথগামী : যে বিপথে গেছে। বি। তৎসম। বিপথ ['বিপথ' দ্রষ্টব্য] + গামী [গম্ + ইন্ (ঈ)]। ৬।১ বি [ভুল] যে পথ = কর্মধা। ৩।২ বিপথে গমন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + ই + প্ + অ + থ্ + অ + গ্ + আ + ম্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ [ইন্]-কারান্ত।

বিপৎ : [চলিত] বিপদ-আপদ। বি। তৎসম। বি + পদ্ + ক্বিপ্]। ৬।১ বানান: ব্ + ই + প্ + অ + ত্ [দ্]।

বিপৎকাল : বিপদের সময়। বি। তৎসম। বিপৎ ['বিপৎ' দ্রষ্টব্য] + কাল [কল্ + অ]। ৬।১ ৎ + কা [সন্ধি হয় না]। বিপদের কাল = সম্বন্ধ তৎ। ৩।৩ বানান: ব্ + ই + প্ + অ + ৎ + ক্ + আ + ল্ + অ।

বিপৎসীমা : নদী ইত্যাদির জল স্ফীতির যে রেখা বা সীমা অতিক্রান্ত হলে প্লাবনের আশঙ্কা। বি। তৎসম। বিপৎ ['বিপৎ' দ্রষ্টব্য] + সীমা [সীমন্]। ৎ + সী [সন্ধি হয় না]। বিপদের সীমা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ই + প্ + অ + ৎ + স্ + ঈ + ম্ +আ।

বিপদ : আপদ। বি। তদ্ভব। বিপদ <সং. বিপৎ।

বিপদ্‌ভঞ্জন : বিপদ দূরীকরণ। বি। তৎসম। বিপৎ ['বিপৎ' দ্রষ্টব্য] + ভঞ্জন [ভঞ্জ্ + অন] । ৬।১ [সন্ধি] ৎ + ভ = দ্ + ভ = দ্ভ। ২।১৫ বিপদ ভঞ্জন [দূরীকরণ] করেন যিনি = উপপদ তৎ। ৩।৩ বানান: ব্ + ই + প্ + অ + দ্ + ভ্ + অ + ঞ্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র. : দ্ + ভ = দ্ভ, ঞ্ + জ্ = ঞ্জ।

বিপদ্‌রেখা : নদী ইত্যাদির জলস্ফীতির যে রেখা বা সীমা অতিক্রান্ত হলে প্লাবনের আশঙ্কা। বি। তৎসম। বিপৎ ['বিপৎ' দ্রষ্টব্য] + রেখা [লিখ্ (ল্=র্) + অ + আ (স্ত্রী)]। ৬।১ [সন্ধি] ৎ + রে = দ্ + রে = দ্রে। ২।১৫ বিপদ সূচক রেখা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + প্ + অ + দ্ + র্ + এ + খ্ + আ।

বিপদসঙ্কুল : বিপজ্জনক। বিপন্ন। তৎসম। বিপৎ ['বিপৎ' দ্রষ্টব্য] + সঙ্কুল [সম্ + কুল্ + অ]। ৬।১ ৎ + স = দ্স [চলিত] বিপদের দ্বারা সঙ্কুল = করণতৎ। ৩।৩ বানান: ব্ + ই + প্ + অ + দ্ + স্ + অ + ঙ্ + ক্ + উ + ল্ + অ। বি.দ্র. : ঙ্ + ক্ + উ = ঙ্কু।

বিপদাপন্ন : বিপন্ন। বিণ। তৎসম। বিপৎ [বিপৎ দ্রষ্টব্য] + আপন্ন [আ + পদ্ + ত]। ৬।১ [সন্ধি] ৎ + আ = দা। ২।১৫ বানান: ব্ + ই + প্ + অ + দ্ + আ + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র. : ন্ + ন্ + অ = ন্ন।

বিপদুদ্ধার : বিপদ থেকে উদ্ধার। বি। তৎসম। বিপৎ ['বিপৎ' দ্রষ্টব্য] + উদ্ধার [উৎ + হার (হৃ + অ)]। ৬।১ [সন্ধি] ৎ + উ = দ্ + উ = দু, ৎ + হা = দ্ + ধা = দ্ধা। ২।১৫, ২।২১ বিপদ থেকে উদ্ধার = অপাদানতৎ। ৩।৩ বানান: ব্ + ই + প্ + অ + দ্ + উ + দ্ + ধ্ + আ + র্ + অ। বি.দ্র. : দ্ + উ = দু, দ্ + ধ্ + আ = দ্ধা।

বিপদ্দশা : বিপন্ন অবস্থা। বি। তৎসম। বিপৎ ['বিপৎ' দ্রষ্টব্য] + দশা [দন্‌শ্ + অ + আ]। ৬।১ [সন্ধি] ৎ + দ = দ্ + দ = দ্দ। ২।১৫ বিপদ-পূর্ণ দশা= কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + প্ + অ + দ্ + দ্ + অ + শ্ + আ। বি.দ্র. : দ্ + দ্ + অ = দ্দ।

বিপন্ন : বিপদ্‌গ্রস্ত। বিণ। তৎসম। বি + পদ্ + ত। ৬।১ বানান: ব্ + ই + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র. : ন্ + ন্ + অ = ন্ন।

বিপন্না: বিপদে পতিতা। বিণ। তৎসম। বিপন্ন ['বিপন্ন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। বানান: ব্ + ই + প্ + অ + ন্ + ন্ + আ। বি.দ্র.: ন্ + ন্ + আ।

বিপন্মুক্ত: বিপদ থেকে মুক্ত। বিণ। তৎসম। বিপৎ ['বিপৎ' দ্রষ্টব্য] + মুক্ত [মুচ্ + ত]। ৬।১ [সন্ধি] ৎ + মু = ন্ + মু = ন্মু। ২।২৫ বিপদ থেকে মুক্ত = অপাদানতৎ। ৩।৩ বানান: ব্ + ই + প্ + অ + ন্ + ম্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ম্ + উ = ন্মু, ক্ + ত্ + অ =ক্ত।

বিপন্মুক্তি: বিপদ্ থেকে মুক্তি। বি। তৎসম। বিপৎ ['বিপৎ' দ্রষ্টব্য] + মুক্তি [মুচ্ + তি]। ৬।১ [সন্ধি] ৎ + মু = ন্ + মু = ন্মু। ২।২৫ বিপদ থেকে মুক্তি = অপাদানতৎ। ৩।৩ বানান: ব্ + ই + প্ + অ + ন্ + ম্ + উ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ন + ম্ + উ = ন্মু, ক্ + ত্ + ই = ক্তি।

বিপরীত: উল্টা, প্রতিকূল। বিণ। তৎসম। [সন্ধি] ই + ই = ঈ [রী]। ২।২।ক ৬।১ বানান: ব্ + ই + প্ + অ + র্ + ঈ + ত্ + অ। বি.দ্র.: র্ + ঈ = রী।

বিপরীতকাল: দুর্যোগপূর্ণ সময়। বি। তৎসম। বিপরীত ['বিপরীত' দ্রষ্টব্য] + কাল [কল্ + অ]। ৬।১ বিপরীত কাল = কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + প্ + অ + র্ + ঈ + ত্ + অ + ক্ + আ + ল্ + অ।

বিপরীতার্থক: শব্দের উল্টো অর্থযুক্ত। বিণ। তৎসম। বিপরীত ['বিপরীত' দ্রষ্টব্য] + অর্থক [অর্থ + ক]। [সন্ধি] অ + অ = আ [তা]। ২।১।ক বিপরীত অর্থ যার = বহুব্রী। ৩।৫ [ক = সমাসান্ত প্রত্যয়]। বানান: ব্ + ই + প্ + অ + র্ + ঈ + ত্ + আ + র্ + থ্ + অ + ক্ + অ। বি.দ্র.: র্ + ঈ = রী, র্ + থ্ + অ = র্থ।

বিপর্যয়: বিশৃঙ্খল অবস্থা। বি। তৎসম। বি + পরি + অয় [ই + অ। ৬।১ [সন্ধি] ই + অ = য [র্য]। ২।৭।ক বি [বিনষ্ট] পর্যায় যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + প্ + অ + র্ + য্ + অ + য়্ + অ। বি.দ্র.: র্ + য্ + অ = র্য।

বিপর্যস্ত: বিশৃঙ্খল অবস্থায় পতিত। বি। তৎসম। বি + পরি + অস্ত [অস্ + ত]। ৬।১ [সন্ধি] ই + অ = য [র্য]। ২।৭।ক বানান: ব্ + ই + প্ + অ + র্ + য্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: র্ + য্ + অ = র্য, স্ + ত্ + অ = স্ত।

বিপর্যায়: বিশৃঙ্খল অবস্থা। বি। তৎসম। বি + পর্যায় [পরি + আয় (অয়্ + অ)]। ৬।১ [সন্ধি] ই + আ = যা [র্যা]। ২।৭।খ বিগত পর্যায় যা থেকে = বহুব্রী। ৩।৫ বানান: ব্ +ই + প্ + অ + র্ + য্ + আ + য়্ + অ। বি.দ্র. : র্ + য্ + আ = র্যা।

বিপর্যাস: বিশৃঙ্খল অবস্থা। বি। তৎসম। বি + পরি + আস [অস্ + অ]। ৬।১ [সন্ধি] ই + আ = যা [র্যা]। ২।৭।খ বানান: ব্ + ই + প্ + অ + র্ + য্ + আ + স্ + অ। বি.দ্র.: র্ + য্ + আ = র্যা।

বিপাক: দুর্ভোগ, বিড়ম্বনা। বি। তৎসম। বি + পাক [পচ্ + অ]। ৬।১ বানান: ব্ + ই + প্ + আ + ক্ + অ।

বিপিতা: সৎ-বাপ। বি। তৎসম। বি + পিতা [পা + তা(তৃচ্)]। ৬।১ বানান: ব্ + ই + প্ + ই + ত্ + আ।

বিপিন: বন। বি। তৎসম। বেপ্ [কম্পিত হওয়া] + ইন্। যা কম্পিত হয়। বানান: ব্ + ই + প্ + ই + ন্ + অ।

বিপিন-বিহারী: বনবিহারী, শ্রীকৃষ্ণ। বি। তৎসম। বিপিন ['বিপিন' দ্রষ্টব্য] + বিহারী = বি + হারী [হৃ + ইন্ (ঈ)]। ৬।১ বিপিনে [বনে]

বিহার করেন যিনি [শ্রীকৃষ্ণ] = উপপদতৎ। ৬।৩ বানান: ব্ + ই + প্ + ই + ন্ + অ + ব্ + ই + হ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বিপুল: প্রচুর। বিণ। তৎসম। বি + পুল্ + অ। ৬।১ বানান: ব্ + ই + প্ + উ + ল্ + অ। বি.দ্র.: প্ + উ = পু।

বিপুলা: বিশালা। বিণ। তৎসম। বিপুল ['বিপুল' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ব্ + ই + প্ +উ + ল্ + আ।

বিপ্র: ব্রাহ্মণ। বি। তৎসম। বি + প্রা [পূরণ করা] + অ। যিনি আত্মিক বা পারমার্থিক শূন্যতা পূরণ করেন। বানান: ব্ + ই + প্ + র্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ = প্র।

বিপ্রকর্ষ: দূরে অবস্থিতি। বি। তৎসম। বি + প্র + কর্ষ [কৃষ্ + অ]। ৬।১ বি [দূরে] প্রকর্ষ [প্রকৃষ্টভাবে আনয়ন]। বানান: ব্ + ই + প্ + র্ + অ + ক্ + অ + র্ + ষ্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ = প্র, র্ + ষ্ + অ = র্ষ। 'র্'-এর পর 'ষ্' হয়েছে ৪।২।গ

বিপ্রকর্ষণ: বিকর্ষণ। বি। তৎসম। বি + প্র + কর্ষণ [কৃষ্ + অন]। ৬।১ ['বিপ্রকর্ষ' দ্রষ্টব্য]। বানান: ব্ + ই + প্ + র্ + অ + ক্ + অ + র্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ = প্র, র্ + ষ্ + অ = র্ষ। 'র্'-এর পর 'ষ' হয়েছে। ৪।২।গ 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিপ্রকৃষ্ট: দূরবর্তী। বিণ। তৎসম। বি + প্র + কৃষ্ট [কৃষ্ + ত]। ৬।১ বি [দূরে] প্রকৃষ্ট [অপসারিত]। বানান: ব্ + ই + প্ + র্ + অ + ক্ + ঋ + ষ্ + ট্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ = প্র, ক্ + ঋ = কৃ, ষ্ + ট্ = ষ্ট। ঋ-এর পর এবং 'ট্'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ঙ

বিপ্রতীপ: সম্পূর্ণ বিপরীত। বিণ। তৎসম। বি + প্রতি + ঈ + প। [সন্ধি] ই + ঈ = ঈ [তী]। ২।২।খ বানান: ব্ +ই + প্ + র্ + অ + ত্ + ঈ+প্ + অ। বি.দ্র.: ত্ + ঈ = তী।

বিপ্রয়োগ: বিচ্ছেদ। বি। তৎসম। বি + প্রয়োগ [প্র + যুজ্ + অ]। ৬।১ বি [দূরে] প্রয়োগ। বানান: ব্ + ই + প্ + র্ + অ + য্ + ও + গ্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ = প্র, য্ + ও = যো।

বিপ্রযুক্ত: বিচ্ছিন্ন। বিণ। তৎসম। বি + প্র + যুক্ত [যুজ্ + ত]। ৬।১ বি [দূরে] প্রযুক্ত। বানান: ব্ + ই + প্ + র্ + অ + য্ + উ + ক্ + ত্ +অ। বি.দ্র.: প্ + র্ + অ = প্র, য্ +উ = যু, ক্ + ত্ + অ = ক্ত।

বিপ্রলব্ধ: প্রতারিত। বিণ। তৎসম। বি + প্র + লব্ধ [লভ্ + ত]। ৬।১ বি [দূরে] + প্র [প্রকৃষ্টভাবে] + লব্ধ [প্রাপ্ত (নায়িকাকে)]। বানান: ব্ + ই + প্ + র্ + অ + ল্ + অ + ব্ + ধ্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ = প্র, ব্ + ধ্ + অ = ব্ধ।

বিপ্রলব্ধা: প্রতারিতা। বিণ। তৎসম। বিপ্রলব্ধ ['বিপ্রলব্ধ'] দ্রষ্টব্য + আ [স্ত্রী]। ৭।১।ক বি [দূরে] + প্র [প্রকৃষ্টভাবে] লব্ধা [প্রাপ্তা (নায়ককে)]। বানান: ব্ + ই + প্ + র্ + অ + ল্ + অ + ব্ + ধ্ + আ। বি.দ্র.: প্ + র্ + অ = প্র, ব্ + ধ্ + আ = ব্ধা।

বিপ্রলম্ভ: প্রতারণা। বি। তৎসম। বি + প্র + লম্ভ [লভ্ + অ— 'ম্' আগম]। ৬।১ বানান: ব্ + ই + প্ + র্ + অ + ল্ + অ + ম্ + ভ্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ = প্র, ম্ + ভ্ + অ = ম্ভ।

বিপ্রলাপ: অনর্থক কলহ। বি। তৎসম। বি + প্রলাপ [প্র + লপ্ + অ]। ৬।১ বানান: ব্ + ই + প্ + র্ + অ + ল্ + আ + প্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ = প্র।

বিপ্রসাৎ: ব্রাহ্মণকে প্রদত্ত। বিণ। তৎসম। বিপ্র

['বিপ্র' দ্রষ্টব্য] + সাৎ। ৬।২ বানান: ব্ + ই + প্ + র্ + অ + স্ + আ + ৎ। বি.দ্র.: 'স্যা' ভুল।

বিপ্লব: আমূল ও দ্রুত পরিবর্তন। বি। তৎসম। বি + প্লু +অ। ৬।১ [সন্ধি] উ + অ = ব। ২।৮।ক বানান: ব্ + ই + প্ + ল্ + অ + ব্ + অ। বি.দ্র.: প্ + ল্ + অ = প্ল।

বিপ্লবী: বিপ্লবপন্থী। বি। তৎসম। বি + প্লু + ইন্ [ঈ]। ৬।১ [সন্ধি] উ + ঈ = বী। ২।৮।ঙ বানান: ব্ + ই + প্ + ল্ + অ + ব্ + ঈ। বি.দ্র.: প্ + ল্ + অ = প্ল। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বিপ্লুত: প্লাবিত। বি। তৎসম। বি + প্লুত [প্লু + ত]। ৬।১ বানান: ব্ + ই + প্ + ল্ + উ + ত্ + অ। বি.দ্র.: প্ +ল্ + উ = প্লু।

বিফল: নিষ্ফল। বিণ। তৎসম। বি + ফল [ফল্ + অ]। ৬।১ বানান: ব্ + ই + ফ্ + অ + ল্ + অ।

বিফলতা: নিষ্ফলতা। বি। তৎসম। বিফল ['বিফল' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ব্ + ই + ফ্ + অ + ল্ + অ + ত্ + আ।

বিবক্ষা: বলবার ইচ্ছা। বি। তৎসম। বচ্ [বলা] + সন্ [ইচ্ছার্থে] + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ব্ + ই + ব্ + অ + ক্ + ষ্ + আ। বি.দ্র.: ব্ + ই = বি, ক্ + ষ্ + আ = ক্ষা।

বিবক্ষিত: যা বলতে ইচ্ছা হয়েছে। বিণ। তৎসম। বচ্ [বলা] + সন্ [ইচ্ছার্থে] + ত। ৬।১ বানান: ব্ + ই + ব্ + অ + ক্ + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ব্ + ই = বি, ক্ + ষ্ + ই = ক্ষি।

বিবক্ষু: বলতে ইচ্ছুক। বিণ। তৎসম। বচ্ [বলা] + সন্ [ইচ্ছার্থে] + উ। ৬।১ বানান: ব্ + ই + ব্ + অ + ক্ + ষ্ + উ। বি.দ্র.: ব্ +ই = বি, ক্ + ষ্ + উ = ক্ষু।

বিবৎসা: বাস করবার ইচ্ছা। বি, তৎসম। বস্ [বাস করা] + সন্ [ইচ্ছার্থে] + অ + আ [স্ত্রী]। বানান: ব্ + ই + ব্ + অ + ৎ + স্ +আ।

বিবৎসা: বৎসহীনা [গাভী]। বিণ। তৎসম। বি + বৎস [বদ্ + স] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বিগত [মৃত] বৎস যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ব্ + অ + ৎ + স্ + আ।

বিবদমান: বিবাদরত। বিণ। তৎসম। বি + বদ্ + মান [শানচ্]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + অ + দ্ + অ + ম্ + আ + ন্ + অ।

বিবদমানা: বিবাদরতা। বিণ। তৎসম। বিবদমান ['বিবদমান' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ব্ + ই + ব্ + অ + দ্ + অ + ম্ + আ + ন্ + আ।

বিবমিষা: বমি করবার ইচ্ছা। বি। তৎসম। বম্ [বমন করা] + সন্ [ইচ্ছার্থে] + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ব্ + ই + ব + অ + ম্ + ই + ষ্ + আ। বি.দ্র.: 'ই'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

বিবমিষু: বমি করতে ইচ্ছুক। বিণ। তৎসম। বম্ [বমন করা] + সন্ [ইচ্ছার্থে] + উ। ৬।১ বানান: ব্ + ই + ব্ + অ + ম্ + ই + ষ্ + উ। বি.দ্র.: 'ই'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

বিবর: গর্ত। বি। তৎসম। বি + বৃ + অ। ৬।১ বানান: ব্ + ই + ব্ + অ + র্ + অ।

বিবরণ: বৃত্তান্ত। বি। তৎসম। বি + বরণ [বৃ + অন]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিবরণী: বিবরণ-সম্বলিত লিপি। বি। তৎসম। বিবরণ ['বিবরণ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + ই + ব্ + অ + র্ + অ + ণ্ + ঈ। বি.দ্র.: 'র' ও 'ন' এর মধ্যে 'অ'

থাকায় 'ন' 'ণ' হয়েছে। শব্দটি 'ঈ'-কারান্ত স্ত্রীলিঙ্গ।

বিবর্জন: সম্পূর্ণ পরিত্যাগ। বি। তৎসম। বি + বর্জন [বর্জ্ (বর্জন করা) + অন]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + অ + র্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র.: র্ + জ্ + অ = র্জ। 'র্' ও 'ন্' এর মধ্যে 'জ্' ['চ'-বর্গ] থাকায় 'ন' 'ন'-ই থেকেছে। ৪।১।গ

বিবর্জিত: সম্পূর্ণ পরিত্যক্ত। বিণ। তৎসম। বি + বর্জিত [বর্জ্ (বর্জন করা + ত]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + অ + র্ + জ্ +ই + ত্ + অ। বি.দ্র.: র্ + জ্ + ই = র্জি।

বিবর্জিতা: সম্পূর্ণ পরিত্যক্তা। বিণ। তৎসম। বিবর্জত ['বিবর্জিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ব্ + ই + ব্ + অ + র্ + জ্ +ই + ত্ + আ। বি.দ্র.: র্ +জ্ +ই = র্জি।

বিবর্ণ: ফেকাসে। বিণ। তৎসম। বি + বর্ণ [বর্ণ্ (রং করা) + অ]। ৬।১ বিগত বর্ণ যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ব্ + অ + র্ + ণ্ + অ। বি.দ্র.: র্ + ণ্ + অ = র্ণ। 'র্'-এর পর 'ণ্' হয়েছে। ৪।১।খ

বিবর্ণা: লুপ্তবর্ণা। বিণ। তৎসম। বিবর্ণ ['বিবর্ণ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বিগত বর্ণ যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ব্ + অ + র্ + ণ্ + আ। র্ + ণ্ + আ = র্ণা। বি.দ্র.: 'র্'-এর পর 'ণ্' হয়েছে। ৪।১।খ

বিবর্ণতা: বর্ণলুপ্তি। বি। তৎসম। বিবর্ণ [বিবর্ণ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ব্ + ই + ব্ + অ + র্ + ণ্ + অ + ত্ + আ। বি.দ্র.: র্ + ণ্ + অ = র্ণ। 'র্'-এর পরে 'ণ' হয়েছে। ৪।১।গ

বিবর্ত: ঘূর্ণন। বি। তৎসম। বি + বর্ত [বৃৎ + অ]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + অ + র্ + ত্ + অ। বি.দ্র.: র্ + ত্ + অ = র্ত।

বিবর্তন: ক্রম-পরিবর্তন। [evolution] বি। তৎসম। বি + বর্তন [বৃৎ + অন]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + অ + র্ + ত্ + অ + ন্ + অ। বি.দ্র.: র্ + ত্ + অ = র্ত। 'র' ও 'ন'-এর মধ্যে 'ত' [ত-বর্গ] থাকায় 'ন' 'ন'-ই থেকেছে। ৪।১।গ

বিবর্তনবাদ: অভিব্যক্তিবাদ [theory of evolution]। বি। তৎসম। বিবর্তন ['বিবর্তন' দ্রষ্টব্য] + বাদ [বদ্ + অ]। ৬।১ বিবর্তন বিষয়ক বাদ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + ব্ + অ + র্ + ত্ + অ + ন্ + অ + ব্ + আ + দ্ + অ। বি.দ্র.: র্ + ত্ + অ = র্ত।

বিবর্তবাদ: মায়াবাদ। বি। তৎসম। বিবর্ত ['বিবর্ত' দ্রষ্টব্য] + বাদ [বদ্ + অ]। ৬।১ বিবর্ত [মায়া] বিষয়ক বাদ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + ব্ + অ + র্ + ত্ + অ + ব্ + আ + দ্ +অ। বি.দ্র.: র্ + ত্ + অ = র্ত।

বিবর্তিত: ক্রম-পরিবর্তিত। বিণ। তৎসম। বি + বর্তিত [বৃৎ + ণিচ্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + অ + র্ + ত্ +ই + ত্ + অ। বি.দ্র.: র্ +ত্ +ই = র্তি।

বিবর্ধক: যা অত্যন্ত বর্ধিত করে। বিণ। তৎসম। বি + বর্ধক [বৃধ্ + অক]। ৬।১ বিশেষভাবে বর্ধিত করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + ই + ব্ + অ + র্ + ধ্ + অ + ক্ + অ। বি.দ্র.: র্ + ধ্ + অ = র্ধ।

বিবর্ধন: সম্যক্ বৃদ্ধি। বি। তৎসম। বি + বর্ধন [বৃধ্ + অন] ৬।১ বানান: ব্ +ই + ব্ + অ + র্ + ধ্ + অ + ন্ + অ। বি.দ্র.: র্ + ধ্ + অ = র্ধ। 'র' ও 'ন' এর মধ্যে 'ধ' [ত-বর্গ] থাকায় 'ন' 'ন'-ই থেকেছে। ৪।১।গ

বিবর্ধিত: বিশেষরূপে বৃদ্ধিপ্রাপ্ত। বিণ। তৎসম। বি + বর্ধিত [বৃধ্ + ণিচ্ + ত]।৬।১ বানান:

ব্ + ই + ব্ + অ + র্ +ধ্ + ই +ত্ + অ। বি.দ্র.: র্ + ধ্ + ই = র্ধি।

বিবশ: বিহ্বল। বিণ। তৎসম। বি + বশ [বশ্ + অ]। ৬।১ বিগত বশ [বশ করবার ক্ষমতা] যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ব + অ + শ্ + অ।

বিবশা: বিহ্বলা। বিণ। তৎসম। বিবশ ['বিবশ' দ্রষ্টব্য] + আ। [স্ত্রী]। ৭।১।ক বিগত বশ [বশ করবার ইচ্ছাশক্তি] যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ব্ + অ + শ্ + আ।

বিবসন: নগ্ন। বিণ। তৎসম। বি + বসন [বস্ + অন]। ৬।১ বিগত বসন যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ব্ + অ + স্ + অ + ন্ + অ।

বিবসনা: নগ্না। বিণ। তৎসম। বিবসন ['বিবসন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বিগত বসন যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ব্ + অ + স্ + অ + ন্ + আ।

বিবস্ত্র: নগ্ন। বিণ। তৎসম। বি + বস্ত্র [বস্ + ত্র]। ৬।১ বিগত বস্ত্র যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ব্ + অ + স্ + ত্ + র্ + অ। বি.দ্র.: স্ + ত্ + র্ + অ= স্ত্র।

বিবস্ত্রা: নগ্না। বিণ। তৎসম। বি বস্ত্রা [বস্ + ত্র + আ]। ৬।১, ৭।১।ক বিগত বস্ত্র যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: ব্ +ই + ব্ + অ + স্ + ত্ + র্ +আ। বি.দ্র.: স্ + ত্ + র্ + আ = স্ত্রা।

বিবস্বান: সূর্য। বি। তৎসম। বিবস্ব + বৎ = বিবস্বৎ [বিবস্বান্]। বানান: ব্ + ই + ব্ + অ + স্ + ব্ + আ + ন্। বি.দ্র.: স্ + ব্ + আ = স্বা। ন্= ন।

বিবাগী: উদাসীন। বিণ। তদ্ভব। বি + বাগ [<প্রা. বগ্গ <সং. বল্গা] + ঈ [ইন্]। ৬।১ বিগত বাগ যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ব্ + আ + গ্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন্]-কারান্ত।

বিবাদ: কলহ। বি। তৎসম। বি + বাদ [বদ্ + অ]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + আ + দ্ + অ।

বিবাদপ্রিয়: ঝগড়াটে। বিণ। তৎসম। বিবাদ ['বিবাদ' দ্রষ্টব্য] + প্রিয় [প্রী + অ]। ৬।১ বিবাদ প্রিয় যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ব্ + আ + দ্ + অ + প্ + র্ + ই + য্ + অ। বি.দ্র.: প্ +র্ + ই = প্রি।

বিবাদবিসংবাদ: ঝগড়াঝাটি। বি। তৎসম। বিবাদ ['বিবাদ' দ্রষ্টব্য] + বিসংবাদ [বি + সম্ + বদ্ + অ]। ৬।১ বিবাদ ও বিসংবাদ = দ্বন্দ্ব। ৩।৪ বানান: ব্ + ই + ব্ + আ + দ্ + অ + ব্ + ই + স্ + অ + ং + ব্ + আ + দ্ +অ।

বিবাদিনী: মামলায় প্রতিদ্বাদিনী। বিণ। তৎসম। বি + বাদিনী [বদ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ, বানান: ব্ + ই + ব্ + আ + দ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে ঈ'।

বিবাদী: মামলায় প্রতিপক্ষ, বিবাদের অন্তর্ভুক্ত। বিণ। তৎসম। বি + বাদী [বদ্ + ইন্ (ঈ)]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + আ + দ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

বিবাস, বিবাসন: নির্বাসন। বি। তৎসম। বি + বাস, বাসন [বস্ + অ, বস্ + ণিচ্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + আ + স্ + অ, ব্ +ই +ব্ + আ +স্ + অ + ন্ + অ।

বিবাসিত: নির্বাসিত। বিণ। তৎসম। বি + বাসিত [বস্ + ণিচ্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + আ + স্ + ই + ত্ + অ।

বিবাহ: পরিণয়। বি। তৎসম। বি + বাহ [বহ্ + অ]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + আ

হ্ + অ।

বিবাহ-বিচ্ছেদ: দাম্পত্য-জীবনের আইনসম্মত অবসান [divorce] । বি। তৎসম। বিবাহ ['বিবাহ' দ্রষ্টব্য] + বিচ্ছেদ [বি + ছেদ (ছিদ্ + অ]। ৬।১ [সন্ধি] বি + ছে = বিচ্ছে। ২।১৪ বিবাহের বিচ্ছেদ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ই + ব্ + আ + হ্ + অ + ব্ + ই + চ্ + ছ্ + এ + দ্ + অ । বি.দ্র.: চ্ + ছ্ + এ = চ্ছে।

বিবাহিত: পরিণীত। বিণ। তৎসম। বিবাহ ['বিবাহ' দ্রষ্টব্য] + ইত। ৬।১ বানান: ব্ + ই + ব্ + আ + হ্ + ই + ত্ + অ।

বিবাহিতা: পরিণীতা। বিণ। তৎসম। বিবাহিত ['বিবাহিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ব্ + ই + ব্ + আ + হ্ +ই + ত্ + আ।

বিবি: মুসলিম স্ত্রীলোক, স্ত্রীমূর্তি-চিহ্নিত তাস, বিলাসিনী। বি। বিদেশী। <তুর্কী. বিবি, মতান্তরে ফা. বীবী। বাংলা বানান: ব্ + ই + ব্ +ই।

বিবিজান: বিবিকে প্রিয় সম্বোধন। বি। বিদেশী। বিবি ['বিবি' দ্রষ্টব্য] + জান [<ফা. জান্]। বাংলা বানান: ব্ + ই + ব্ + ই + জ্ + আ + ন্ + অ।

বিবিয়ানা: বিবির মতো সাজসজ্জা। বি। বিদেশী। বিবি ['বিবি' দ্রষ্টব্য] + বাং. য়ানা। বাংলা বানান: ব্ + ই + ব + ই + য়্ + আ + ন্ + আ।

বিবিক্ত: নির্জন। বিণ। তৎসম। বি + বিক্ত [বিচ্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + ই + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত।

বিবিক্ষা: প্রবেশের ইচ্ছা। বি। তৎসম। বিশ্ [প্রবেশ করা] + সন্ [ইচ্ছার্থে] + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ব্ + ই + ব্ +ই + ক্ + ষ্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা।

বিবিক্ষু: প্রবেশ করতে ইচ্ছুক। বি। তৎসম। বিশ্ [প্রবেশ করা] + সন্ [ইচ্ছার্থে] + উ। ৬।১ বানান: ব্ + ই + ব্ +ই + ক্ + ষ্ + উ। বি.দ্র.: ক্ + ষ্ + উ = ক্ষু।

বিবিধ: নানাপ্রকার। বি। তৎসম। বি + বিধ [বি + ধা + অ]। বি [বহু] বিধা যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ব্ + ই + ধ্ + অ।

বিবুধ: পণ্ডিত। বিণ। তৎসম। বি + বুধ [বুধ্ + অ]। ৬।১ বিশেষভাবে জানেন যিনি। বানান: ব্ + ই + ব্ + উ + ধ্ + অ।

বিবৃত: বর্ণিত। বিণ। তৎসম। বি + বৃ + ত]। ৬।১ বিশেষভাবে বৃত [বর্ণিত]। বানান: ব্ + ই + ব্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: ব্ + ঋ= বৃ।

বিবৃতি: বিবরণ [statement]। বি। তৎসম। বি + বৃতি [বৃ + তি]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + ঋ + ত্ + ই। বি.দ্র.: ব্ + ঋ= বৃ।

বিবৃত্ত: প্রত্যাবৃত্ত। বিণ। তৎসম। বি + বৃত্ত [বৃৎ + ত]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + ঋ + ত্ + ত্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ত্ + ত্ + অ =ত্ত।

বিবৃত্তি: চক্রবৎ ভ্রমণ। বি। তৎসম। বি + বৃত্তি [বৃৎ + তি]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + ঋ + ত্ + ত্+ ই। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ত্ + ত্ + ই= ত্তি।

বিবেক: সদসৎ-বিচার। বি। তৎসম। বি + বেক [বিচ্ (বিচারের দ্বারা পৃথক্ করা) + অ]। ৬।১ বানান: ব্ + ই + ব্ + এ + ক্ + অ।

বিবেকবুদ্ধি: বিবেকচালিত বুদ্ধি। বি। তৎসম। বিবেক ['বিবেক' দ্রষ্টব্য] + বুদ্ধি [বুধ্ + তি]। ৬।১ বিবেক-অনুমত বুদ্ধি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + ব্ + এ + ক্ + অ + ব্ + উ + দ্ + ধ্ + ই। বি.দ্র.: দ্ + ধ্ + ই= দ্ধি।

বিবেকহীন : বিবেক-বিবেচনাহীন। বিণ। তৎসম। বিবেক ['বিবেক' দ্রষ্টব্য] + হীন [হা + ত]। ৬।১ বিবেকের দ্বারা হীন= করণতৎ। ৩।৩ বানান : ব্ + ই + ব্ + এ + ক্ + অ + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র. : হ্ + ঈ =হী।

বিবেকী : বিবেকসম্পন্ন। বিণ। তৎসম। বিবেক ['বিবেক' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।১ বিবেকবোধ আছে যার। বানান : ব্ + ই + ব্ + এ + ক্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' [ইন]-কারান্ত।

বিবেচক : বিবেচনা-গুণসম্পন্ন। বিণ। তৎসম। বি + বেচক [বিচ্ (বিচারের দ্বারা পৃথক্ করা)] + অক। ৬।১ বিবেচনা-শক্তি আছে যার। বানান : ব্ + ই + ব্ + এ + চ্ + অ + ক্ + অ।

বিবেচনা : বিচক্ষণতা। বি। তৎসম। বি + বেচনা [বিচ্ (বিচারের দ্বারা পৃথক্ করা)] + অন + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : ব্ + ই + ব্ + এ + চ্ + অ + ন্ + আ।

বিবেচনীয় : বিবেচনার যোগ্য। বিণ। তৎসম। বি + বেচনীয় [বিচ্ (বিচারের দ্বারা পৃথক্ করা) + অনীয়। ৬।১ বানান : ব্ + ই+ ব্ + এ + চ্ + অ + ন্ + ঈ + য় + অ। বি.দ্র. : শব্দটি 'অনীয়'-প্রত্যয়ান্ত, তাই ন্ + ঈ= নী হয়েছে।

বিবেচিত : যা বিবেচনা করা হয়েছে। বিণ। তৎসম। বি + বেচিত [বিচ্ (বিচারের দ্বার পৃথক করা] + ত। ৬।১ বানান : ব্ + ই + ব্ + এ + চ্ + ই + ত্ + অ।

বিবেচ্য : বিবেচনার যোগ্য। বিণ। তৎসম। বি + বেচ্য [বিচ্ (বিচারের দ্বারা পৃথক্ করা) + য (যৎ)]। ৬।১ বানান : ব্ + ই + ব্ + এ + চ্ + য্ + অ। বি.দ্র. : চ্ + য্ + অ= চ্য।

বিব্রত : ব্যতিব্যস্ত। বিণ। তদ্ভব। <সং. বিবর্ত [বি + ব্রত]। বানান : ব্ + ই + ব্ + র্ + অ + ত্ + অ। বি.দ্র. : ব্ + র্ + অ = ব্র।

বিভক্ত : খণ্ডিত। বিণ। তৎসম। বি + ভক্ত [ভজ্ + ত]। ৬।৩ বিশেষভাবে ভক্ত [খণ্ডিত]। বানান : ব্ + ই + ভ্ + অ + ক্ + ত্ + অ। বি.দ্র. : ক্ + ত্ + অ= ক্ত।

বিভক্তি : বিভাজন, ধাতু বা প্রাতিপদিকের সঙ্গে পুরুষ, কারক, বচন ও কালভেদে যুক্ত প্রত্যয়। বি। তৎসম। বি + ভক্তি [ভজ্ + তি]। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র. : ক্ + ত্ + ই= ক্তি।

বিভঙ্গ : বিন্যাস, ভঙ্গি। বি। তৎসম। বি + ভঙ্গ [ভন্জ্ + অ]। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ = ঙ্গ।

বিভজনীয় : বিভাজ্য। বিণ। তৎসম। বি + ভজনীয় [ভজ্ + অনীয়]। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + অ + জ্ + অ + ন্ + ঈ + য় + অ। বি.দ্র. : শব্দটি 'অনীয়'-প্রত্যয়ান্ত, তাই শব্দান্তে 'নীয়' যুক্ত হয়েছে।

বিভজ্যমান : যা বিভক্ত করা হচ্ছে। বিণ। তৎসম। বি + ভজ্ + মান [শানচ্]। বানান : ব্ + ই + ভ্ + অ + জ্ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র. : জ্ + য্ + অ= জ্য।

বিভব : ঐশ্বর্য। বি। তৎসম। বি + ভব [ভূ + অ]। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + অ + ব্ + অ।

বিভা : প্রভা। বি। তৎসম। বি + ভা + অ + আ [স্ত্রী]। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + আ।

বিভাকর : বিভা করে যে [সূর্য]। বি। তৎসম। বিভা ['বিভা' দ্রষ্টব্য] + কর [কৃ + অ] ৬।১ বিভা [আলো] করে যে = উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + ই + ভ্ + আ + ক্ + অ + র্ + অ।

বিভাগ : বণ্টন, প্রতিষ্ঠানের অংশ। বি। তৎসম। বি + ভাগ [ভজ্ + অ]। ৬।১ বানান : ব্ +

ই + ভ্ + আ + গ্ + অ।

বিভাগীয় : বিভাগ-সম্বন্ধীয়। বিণ। তৎসম। বিভাগ ['বিভাগ' দ্রষ্টব্য] + ঈয়। ৬।২ বানান: ব্ + ই + ভ্ + আ + গ্ + ঈ + য্ + অ। বি.দ্র.: গ্ + ঈ= গী।

বিভাজক : ভাগকারী। বিণ। তৎসম। বি + ভাজক [ভজ্ + ণিচ্ + অক]। ৬।১ বানান: ব্ + ই + ভ্ + আ + জ্ + অ + ক্ + অ।

বিভাজন : ভাগকরণ। বি। তৎসম। বি + ভাজন [ভজ্ + ণিচ্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + ভ্ + আ + জ্ + অ + ন্ + অ।

বিভাজিকা : ভাগকারিণী। বিণ। তৎসম। বি + ভজ্ + ণিচ্ + ইক [<অক] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ বানান: ব্ + ই + ভ্ + আ + জ্ + ই + ক্ + আ।

বিভাজ্য : ভাগযোগ্য। বিণ। তৎসম। বি + ভাজ্য [ভজ্ + য (যৎ)]। ৬।১ বানান: ব্ + ই + ভ্ + আ + জ্ + য্ + অ। বি.দ্র.: জ্ + য্ + অ= জ্য।

বিভাজ্যতা : বিভক্ত হবার যোগ্যতা। বি। তৎসম। বিভাজ্য ['বিভাজ্য' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ব্ + ই + ভ্ + আ + জ্ + য্ + অ + ত্ + আ। বি.দ্র.: জ্ + য্ + অ = জ্য।

বিভাব : চিত্তে স্থায়িভাব সৃষ্টির কারণ। বি। তৎসম। বি + ভাব [ভূ + ণিচ্ + অ] ৬।১ বানান: ব্ + ই + ভ্ + আ + ব্ + অ।

বিভাবন : অবধারণ। বি। তৎসম। বি + ভাবন [ভূ + ণিচ্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + ভ্ + আ + ব্ + অ + ন্ + অ।

বিভাবনা : কাব্যালঙ্কার [কারণ বিনা কার্যোৎপত্তি]। বি। তৎসম। বি + ভাবনা [ভূ + ণিচ্ + অন + আ (স্ত্রী)] বানান: ব্ + ই + ভ্ + আ + ব্ + অ + ন্ + আ।

বিভাবরী : রাত্রি। বি। তৎসম। বিভা [বি + ভা + অ + আ (স্ত্রী) + আবরী [আ + বৃ + অ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ বিভাকে [আলোকে] আবৃত করে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + ই + ভ্ + আ + ব্ + অ + র্ + ঈ। বি.দ্র.: র্ + ঈ = রী।

বিভাবসু : সূর্য। বি। তৎসম। বিভা ['বিভা' দ্রষ্টব্য] + বসু [বস্ + উ]। ৬।১ বিভাই [আলোই] বসু [রত্ন] যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ভ্ + আ + ব্ + অ + স্ + উ। বি.দ্র.: স্ + উ= সু।

বিভাবিত : বিশেষরূপে ভাবাবিষ্ট। বিণ। তৎসম। বি + ভাবিত [ভূ + ণিচ্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + ভ্ + আ + ব্ + ই + ত্ + অ।

বিভাষা : বিজাতীয় ভাষা। বি। তৎসম। বি + ভাষা [ভাষ্ (কথা বলা) + অ + আ (স্ত্রী)]। বি [ভিন্ন] ভাষা= কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + ভ্ + আ + ষ্ + আ। বি.দ্র.: 'ভাষা'র 'ষ' স্বাভাবিক 'ষ'।

বিভাস : উজ্জ্বল প্রকাশ, রাগিণী। বি। তৎসম। বি + ভাস [ভাস্ (দীপ্ত হওয়া) + অ]। ৬।১ বানান: ব্ + ই + ভ্ + আ + স্ + অ।

বিভিন্ন : নানা প্রকার। বিণ। তৎসম। বি + ভিন্ন [ভিদ্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + ভ্ + ই + ন্ + ন্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + অ= ন্ন।

বিভীতক, বিভীতকী : বয়ড়া গাছ বা ফল। বি। তৎসম। বি + ভীতক, ভীতকী [ভী + ত + ক (সমাসান্ত প্রত্যয়) + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ বি [বিগত] ভীত [রোগভয়] যা থেকে = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ভ্ + ঈ + ত্ + অ + ক্ + অ [ঈ]।

বিভীষণ : অতি ভীষণ, রাবণের কনিষ্ঠ ভ্রাতা। বিণ, বি। তৎসম। বি + ভীষণ [ভী + ণিচ্ [=ভীষি] + অন। ৬।১ যে অতিশয় ভয় দেখায় [পাওয়ায়]। বানান: ব্ + ই + ভ্ + ঈ + ষ্ + অ +

ণ্ + অ। বি.দ্র. : 'ঈ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিভীষিকা : অত্যন্ত ভীতিকর দৃশ্য। বি। তৎসম। বি + ভীষিকা [ভী + ণিচ্ (= ভীষি) + ইক [<অক] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ যা অত্যন্ত ভীতিপ্রদ। বানান : ব্ + ই + ভ্ + ঈ + ষ্ + ই + ক্ + আ। ব্ + ই = বি, ভ্ + ঈ =ভী, ষ্ + ই = ষি। বি.দ্র. : 'ঈ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক। ই—ঈ—ই [স্বরক্রম]

বিভুঁই : অপরিচিত দেশ। বি। তদ্ভব। বি + ভুঁই [<সং. ভূমি], বানান : ব্ + ই + ভঁ্ + উ + ই।

বিভু : পরমেশ্বর। বি। তৎসম। বি + ভূ + উ। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + উ।

বিভূতি : ঈশ্বরের অষ্টবিধ ঐশ্বর্য, ভস্ম। বি। তৎসম। বি + ভূতি [ভূ + তি]। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + ঊ + ত্ + ই। বি.দ্র. : ভ্ + ঊ= ভূ।

বিভূতিভূষণ : ভস্মই যার সজ্জা, মহাদেব। বি। তৎসম। বিভূতি ['বিভূতি' দ্রষ্টব্য] + ভূষণ [ভূষ্ + অন]। ৬।১ বিভূতি [ভস্ম] ভূষণ যার= বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ই + ভ্ + ঊ + ত্ + ই + ভ্ + ঊ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ভ্ + ঊ= ভূ। 'ঊ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিভূষণ : অলঙ্কার। বি। তৎসম। বি + ভূষণ [ভূষ্ + অন]। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + ঊ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'ঊ'-র 'ষ' হয়েছে। ৪।২।ক 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বিভূষিত : শোভিত। বিণ। তৎসম। বি + ভূষিত [ভূষ্ + ত]। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + ঊ + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র. : ঊ-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক ভ্ + ঊ = ভূ, ষ্ + ই = ষি।

বিভেদ : পার্থক্য। বি। তৎসম। বি + ভেদ [ভিদ্ + অ]। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + এ + দ্ + অ। বি.দ্র. : ব্ + ই= বি, ভ্ + এ= ভে।

বিভেদক : বিভেদ সংঘটনকারী। বিণ। তৎসম। বি + ভেদক [ভিদ্ + অক]। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + এ + দ্ + অ + ক্ + অ। বি.দ্র. : ব্ + ই = বি, ভ্ + এ= ভে।

বিভেদন : বিভেদ সৃষ্টি। বি। তৎসম। বি + ভেদন [ভিদ্ + অন]। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + এ + দ্ + অ + ন্ + অ।

বিভোর : বিহ্বল। বিণ। তদ্ভব। <সং. বিহ্বল। বানান : ব্ + ই + ভ্+ ও + র্ + অ।

বিভোল : বিহ্বল। বিণ। তদ্ভব। <বিহ্বল। বানান : ব্ + ই + ভ্ + ও + ল্ + অ।

বিভ্রংশ : স্খলন। বি। তৎসম। বি + ভ্রংশ [ভ্রন্শ্ + অ]। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + র্ + অ + ং + শ্ + অ। বি.দ্র. : ভ্ + র্ + অ= ভ্র।

বিভ্রম : ভ্রম। বি। তৎসম। বি + ভ্রম [ভ্রম্ + অ]। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + র্ + অ + ম্ + অ। বি.দ্র. : ভ্ + র্ + অ = ভ্র।

বিভ্রষ্ট : স্খলিত। বি। তৎসম। বি + ভ্রষ্ট [ভ্রন্শ্ + ত]। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + র্ + অ + ষ্ + ট্ + অ। বি.দ্র. : ভ + র্ + অ= ভ্র, ষ্ + ট্ + অ = ষ্ট। 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ঙ ষ্ + ট= ষ্ট।

বিভ্রাট : গণ্ডগোল। বি। বিদেশী। [<হি. বিভ্রাট্]। বাংলা বানান : ব্ + ই + ভ্ + র্ + আ + ট্ + অ। বি.দ্র. : ভ্ + র্ + আ= ভ্রা।

বিভ্রান্ত : বিমূঢ়। বিণ। তৎসম। বি + ভ্রান্ত [ভ্রম্ + ত]। ৬।১ বানান : ব্ + ই + ভ্ + র্ +

আ + ন্ + ত্ + অ। বি.দ্র: ভ্ + র্ + আ= ভ্রা, ন্ + ত্ + অ= ন্ত।

বিভ্রান্তি: ভ্রান্তি। বি। তৎসম। বি + ভ্রান্তি [ভ্রম্ + তি]। ৬।১ বানান: ব্ + ই + ভ্ + র্ + আ + ন্ + ত্ + ই। বি.দ্র.: ভ্ + র্ + আ = ভ্রা, ন্ + ত্ + ই=ন্তি।

বিমণ্ডিত: বিভূষিত। বিণ। তৎসম। বি। মণ্ডিত [মণ্ড্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + ম্ + অ + ণ্ + ড্ + ই + ত্ + অ। বি.দ্র.: ণ্ + ড্ +ই= ণ্ডি।

বিমন: অন্যমনস্ক। বিণ। তদ্ভব। <সং. বিমনস্ [বি + মনস্ (ঃ)]। বানান: ব্ + ই + ম্ + অ + ন্ + অ।

বিমনা: অন্যমনস্ক। বিণ। তদ্ভব <সং. বিমনস্ [বি + মনস্ (ঃ)]। বানান: ব্ + ই + ম্ + অ + ন্ + আ।

বিমর্শ: বিচার-বিবেচনা। বি। তৎসম। বি + মর্শ [মৃশ্ + অ]। ৬।১ বানান: ব্ + ই + ম্ + অ + র্ + শ্ + অ। বি.দ্র.: র্ + শ্ + অ= র্শ।

বিমর্শন: বিচার-বিবেচনা। বি। তৎসম। বি + মর্শন [বি + মৃশ্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + ম্ + অ + র্ + শ্ + অ + ন্ + অ।

বিমর্ষ: বিষণ্ণ। বিণ। তৎসম। বি + মর্ষ [মৃষ্ + অ]। ৬।১। বানান: ব্ + ই + ম্ + অ + র্ + ষ্ + অ। বি.দ্র.: র্ + ষ্ + অ= র্ষ।

বিমল: নির্মল। বিণ। তৎসম। বি + মল্ + অ। ৬।১ বিগত মল [মালিন্য] যা থেকে = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ম্ + অ + ল্ + অ।

বিমলা: শ্রীক্ষেত্রের দেবীমূর্তি। বিণ। তৎসম। বি + মলা [মল (মল্ + অ) + আ (স্ত্রী)। ৬।১, ৭।১।ক বানান. ব্ + ই + ম্ + অ + ল্ + আ।

বিমা, বীমা: মৃত্যু বা দুর্ঘটনায় জীবন, সম্পত্তি বা বাণিজ্যদ্রব্যাদির ক্ষতিপূরণের চুক্তি। বি। বিদেশী। <ফা. বিমাহ্। বাংলা বানান: ব্ + ই [ঈ]। ম্ + আ।

বিমাতা: সৎ-মা। বি। তৎসম। বি + মাতা [মা + তা [তৃ <তৃচ্]। ৬।১ বিরুদ্ধা মাতা= কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + ম্ + আ + ত্ + আ।

বিমাতৃজ: বৈমাত্রেয় ভ্রাতা। বি। তৎসম। বিমাতৃ ['বিমাতা' দ্রষ্টব্য] + জ [জন্ + অ]। ৬।১ বিমাতা থেকে জাত= অপাদানতৎ। ৩।৩ বানান: ব্ + ই + ম্ + আ + ত্ + ঋ + জ্ + অ। বি.দ্র.: ত্ + ঋ= তৃ।

বিমান: বিগত মান বা উপমা যার, আকাশযান। বি। তৎসম। বি + মান [মান্ + অ]। ৬।১ বিগত মান [তৌল, ভাবের পরিমাণ] যা থেকে= অপাদানতৎ। ৩।৩ বানান: ব্ + ই + ম্ + আ + ন্ + অ।

বিমিশ্র: বিশেষভাবে মিশ্রিত। বি। তৎসম। বি + মিশ্র [মিশ্র + অ]। ৬।১ বানান: ব্ + ই + ম্ + ই + শ্ + র্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র।

বিমুক্ত: মুক্তিপ্রাপ্ত। বিণ। তৎসম। বি + মুক্ত [মুচ্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + ম্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ= ক্ত।

বিমুক্তি: বন্ধন-মোচন। বি। তৎসম। বি + মুক্তি [মুচ্ + তি]। ৬।১ বানান: ব্ + ই + ম্ + উ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + ই = ক্তি।

বিমুখ: অপ্রসন্ন। বিণ। তৎসম। বি + মুখ [খন্ + অ—'মু' আগম]। ৬।১ বানান: ব্ + ই + ম্ + উ + খ্ + অ।

বিমুখতা: প্রতিকূলতা। বি। তৎসম। বিমুখ ['বিমুখ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ব্ + ই + ম্ + উ + খ্ + অ + ত্ + আ।

বিমুগ্ধ: অত্যন্ত মুগ্ধ। বিণ। তৎসম। বি + মুগ্ধ [মুহ্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + ম্ + উ + গ্ + ধ্ + অ। বি.দ্র.: ম্ + উ= মু, গ্ + ধ্ + অ= গ্ধ।

বিমূঢ়: হতবুদ্ধি। বিণ। তৎসম। বি + মূঢ় [মুহ্ (বুদ্ধি লুপ্ত হওয়া) + ত]। ৬।১ বানান: ব্ + ই + ম্ + ঊ + ঢ়্ + অ।

বিমূর্ত: মূর্তিহীন [abstract]। বিণ। তৎসম। বি + মূর্ত [মূর্ছ্ + ত]। ৬।১ বিগত মূর্তি যা থেকে = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ম্ + ঊ + র্ + ত্ + অ। বি.দ্র.: ম্ + ঊ= মূ, র্ + ত্ + অ= র্ত।

বিমৃশ্য [ষ্য] কারী: যে বিশেষ চিন্তা করে কাজ করে। বিণ। তৎসম। বি + মৃশ্য [মৃশ্ (বিচার-বিবেচনা করা) + য (যৎ) + কারী [কৃ + ইন্ (ঈ)]। ৬।১ বিমৃষ্য [বি +মৃষ্ (সহ্য করা) + য্ (যৎ) কারী [কৃ + ইন্ (ঈ)]। ৬।১ বিমৃশ্য [বিচার-বিবেচনা] করে যে= উপপদতৎ ৩।৩ বানান: বিমৃশ্যকারী= ব্ + ই+ ম্ + ঋ + শ্ + য্ + অ + ক্ + আ + র্ + ঈ। বিমৃষ্যকারী = সহনশীল।

বিমোচন: বন্ধনমোচন, বন্ধনমোচন-কারী। বি। তৎসম। বি + মোচন [মুচ্ + অন]। ৬।১ বানান: ব্ + ই + ম্ + ও + চ্ + অ + ন্ + অ।

বিমোহ: মোহাচ্ছন্নতা। বি। তৎসম। বি + মোহ [মুহ্ (বুদ্ধি লুপ্ত হওয়া) + অ]। ৬।১ বানান: ব্ + ই + ম্ + ও + হ্ + অ।

বিমোহন: মোহ সৃষ্টিকারী। বিণ। তৎসম। বি + মোহন [মুহ্ (মুগ্ধ বা মোহিত করা) + অন]। ৬।১ বানান: ব্ + ই + ম্ + ও + হ্ + অ + ন্ + অ।

বিমোহিত: একান্ত মোহিত। বিণ। তৎসম। বি + মোহিত [মুহ্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + ম্ + ও + হ্ + ই + ত্ + অ।

বিমোহিনী: মোহিনী। বিণ। তৎসম। বি + মোহিনী। মুহ্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান: ব + ই + ম্ + ও + হ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' + ঈ= 'ইনী' প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

বিম্ব: তেলাকুচা, জলবুদ্বুদ। বি। তৎসম। বী [কান্তি ধারণ করা] + ['ন' আগম] ব[<বন্]। ৬।১ বানান: ব্ + ই + ম্ + ব্ + অ। বি.দ্র.: ম্ + ব্ + অ= ম্ব।

বিম্বাধরা: পাকা তেলাকুচার মতো রক্তবর্ণ ওষ্ঠাধর-বিশিষ্টা। বিণ। তৎসম। বিম্ব ['বিম্ব' দ্রষ্টব্য] + অধর [অধঃ + অ] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক [সন্ধি] অ + অ= আ[ম্বা]। ২।১।ক : + অ = র্ + অ = র [বা]। ২।৩৮ বিম্বের [পাকা তেলাকুচার] মতো অধর যার [স্ত্রী]= উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ম্ + ব্ + আ + ধ্ + অ + র্ + আ। বি.দ্র.: ম্ + ব্ + আ= ম্বা।

বিম্বোষ্ঠ: পাকা তেলাকুচার মতো রক্তবর্ণ ওষ্ঠ। বি। তৎসম। বিম্ব ['বিম্ব' দ্রষ্টব্য] + ওষ্ঠ [উষ্ + থ]। ৬।১ [সন্ধি] অ + ও= ও[ম্বো]— নিপাতনে। ২।১৩ ষ্ + থ = ষ্ + ঠ = ষ্ঠ।২।২৪ বিম্ব [পাকা তেলাকুচা]র মতো ওষ্ঠ= উপমিত-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + ম্ + ব্ + ও + ষ্ + ঠ্ + অ। 'ও'-র পর এবং 'ঠ'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ।

বিম্বোষ্ঠা, বিম্বোষ্ঠী [স্ত্রী]: পাকা তেলাকুচার মতো রক্তবর্ণ ওষ্ঠ-বিশিষ্টা। বিণ। তৎসম। বিম্ব ['বিম্ব' দ্রষ্টব্য] + ওষ্ঠ [উষ্ + থ] + আ, ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক, গ [সন্ধি] ষ্ + থ= ষ্ঠ। ২।২৪, অ + ও= ও [নিপাতনে]। ২।১২, ২।১৩ বিম্বের [পাকা তেলাকুচার] মতো ওষ্ঠ যার (স্ত্রী)] = উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ম্ + ব্ + ও + ষ্ + ঠ্+আ, ঈ। বি.দ্র.: ম্ + ব্ + ও= ম্বো, ষ্ + ঠ্ + আ, ঈ= ষ্ঠা, ষ্ঠী।

বিম্বৌষ্ঠ : পাকা তেলাকুচার মতো রক্তবর্ণ ওষ্ঠ। বি। তৎসম। বিম্ব ['বিম্ব' দ্রষ্টব্য] + ওষ্ঠ [উষ্ + থ]। ৬।১ [সন্ধি] অ + ও= ঔ [ম্বৌ]। ২।১২।ক ষ্ + থ= ষ্ঠ। ২।২৪ বিম্বের [পাকা তেলাকুচার] মতো ওষ্ঠ= উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ই + ম্ + ব্ + ঔ + ষ্ + ঠ্ + অ। বি.দ্র. : ম্ + ব্ + ঔ= ম্বৌ, ষ্ + ঠ্ + অ= ষ্ঠ। 'ঔ'-এর পর এবং 'ঠ' এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

বিয়ন্ত : সদ্য-প্রসূতা [গাভী]। বিণ। তদ্ভব। বিয়ন [<সং. বি +জন্] + ত। ৬।৩ বানান: ব্ + ই + য্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ= ন্ত।

বিয়া, বিয়ে : বিবাহ। বি। তদ্ভব। <সং. বিবাহ। বানান: ব্ + ই + য্ + আ [এ]।

বিয়াই, বেয়াই : পুত্র বা কন্যার শ্বশুর। বি। তদ্ভব। <সং. বৈবাহিক। বানান: ব্ + ই [এ] + য্ + আ + ই।

বিয়াইন, বেয়ান : পুত্র বা কন্যার শাশুড়ী। বি + তদ্ভব। 'বিয়াই', 'বেয়াই' দ্রষ্টব্য + ন [স্ত্রীলিঙ্গ]। বানান: ব্ + ই + য্ + আ + ই + ন্ + অ, ব্ + এ + য্ + আ + ন্ + অ।

বিয়ানো : প্রসব করা। ক্রি। তদ্ভব। <সং. বি + জন্। বানান: ব্ + ই + য্ + আ + ন্ + ও।

বিয়াল্লিশ : ৪২ এই সংখ্যা। বি, বিণ। তদ্ভব। <সং. দ্বাচত্বারিংশৎ।

বিযুক্ত : বিচ্ছিন্ন, বিহীন। বিণ। তৎসম। বি + যুক্ত [যুজ্ + ত]। ৬।১ বানান: ব্ + ই + য্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র. : য্ + উ= যু, ক্ + ত্ + অ= ক্ত।

বিযুত : যোগহীন। বিণ। তৎসম। বি + যুত [যু + ত]। ৬।১ বানান: ব্ + ই + য্ + উ + ত্ + অ।

বিয়ে, বে : বিবাহ। বি। তদ্ভব। <বিয়া <সং. বিবাহ। বানান: ব্ + ই + য্ + এ, ব্ + এ।

বিয়ে-পাগলা : বিয়ে করবার জন্য অতিশয় ব্যাকুল। বিণ। তদ্ভব। বিয়ে ['বিয়ে' দ্রষ্টব্য] + পাগলা [<সং. পাগল]। বিয়ের নিমিত্ত পাগলা= নিমিত্ত তৎ। ৩।৩ বানান: ব্ + ই + য্ + এ + প্ + আ + গ্ + ল্ + আ। বি.দ্র. : 'গ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বিয়েবাড়ি : যে বাড়িতে বিবাহ হচ্ছে। বি। তদ্ভব। বিয়ে ['বিয়ে' দ্রষ্টব্য] + বাড়ি [<সং. বাটিকা, বাটী]। বিয়ে অনুষ্ঠিত বাড়ি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + ই + য্ + এ + ব্ + আ + ড্ + ই।

বিয়োগ : বিচ্ছেদ, মৃত্যু। বি। তৎসম। বি + যোগ [যুজ্ + অ]। ৬।১ বানান: ব্ + ই + য্ + ও + গ্ + অ।

বিয়োগান্ত : যার অন্তে বিচ্ছেদ কিংবা মৃত্যু [tragic]। বিণ। তৎসম। বিয়োগ ['বিয়োগ' দ্রষ্টব্য] + অন্ত [অম্ + ত]। ৬।১ [সন্ধি] = অ + অ = আ [গা]। ১।১।ক অন্তে বিয়োগ [মৃত্যু] যার = বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ই + য্ + ও + গ্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র.: গ্ + আ = গা, ন্ + ত্ + অ = ন্ত।

বিয়োজন : বিয়োগ। বি। তৎসম। বি + যোজন [যুজ্ + অন]। ৬।১ বানান : ব্ + ই + য্ + ও + জ্ + অ + ন্ + অ।

বিয়োজিত : বিচ্ছিন্ন। বিণ। তৎসম। বি + যোজিত [যুজ্ + ত]। ৬।১ বানান : ব্ + ই + য্ + ও + জ্ + ই + ত্ + অ।

বিরক্ত : বিরাগী,[বাং] অপ্রসন্ন। বিণ। তৎসম। বি + রক্ত [রন্জ্ + ত]। ৬।১ বি [বিগত] রক্ত [আসক্ত = আসক্তি]। অর্থাৎ, আসক্তিশূন্য। বানান : ব্ + ই + র্ + অ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত।

বিরক্তি : অসন্তোষ, বৈরাগ্য। বি। তৎসম। বি + রক্তি [রন্‌জ্ + ক্তি]। ৬।১ বি[বিগত] রক্তি [আসক্তি]। অর্থাৎ, অপ্রসন্নতা বানান : ব্ + ই + র্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + ই = ক্তি।

বিরক্তিকর, বিরক্তিজনক : অসন্তোষকর। বিণ। তৎসম। বিরক্তি ['বিরক্তি' দ্রষ্টব্য] + কর [কৃ + অ], জনক [জন্ + অক]। ৬।১ বিরক্তি করে যে বা জন্মায় যা = উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + ই + র্ + অ + ক্ + ত্ + ই + ক্ + অ + র্ + অ [জ্ + অ + ন্ + অ + ক্ + অ]।

বীজিত : যাকে হাওয়া করা হচ্ছে। বিণ। তৎসম। বীজ্ + ত। ৬।১ বানান : ব্ + ঈ + জ্ + ই + ত্ + অ।

বীট : পিয়ন পাহারাওয়ালা প্রভৃতির কাজের এলাকা। [beat]. বি। বিদেশী। < ইং. beat. বাংলা বানান : ব্ + ঈ + ট্= বীট। বি.দ্র. : 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বীটপালং, বীটপালম : এক প্রকার পালংশাক। বি। বিদেশী। < ইং. beet. বাংলা বানান : ব্ + ঈ + ট্= বীট। বি.দ্র. : 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বীণা : সপ্ততন্ত্রী বাদ্যযন্ত্র। বি। তৎসম। বী + ণ + আ [স্ত্রী]। ৬।১ বানান : ব্ + ঈ + ণ্ + আ। 'বীণা'র 'ণ' স্বাভাবিক বা মৌলিক 'ণ'।

বীণানিন্দিত : বীণার ধ্বনি থেকেও মধুর [অশু.]। বিণ। তৎসম। বীণা ['বীণা' দ্রষ্টব্য] + নিন্দিত নিন্দ্ + ত। ৬।১ বীণার চেয়ে নিন্দিত= অপাদান তৎ। ৩।৩ বানান : ব্ + ঈ + ণ্ + আ + ন্ + ই + ন্ + দ্ + ই + ত্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + ই= ন্দি।

বীণাবিনিন্দিত : বীণার ধ্বনি থেকেও মধুর [অশু.]। বিণ। তৎসম। বীণা ['বীণা' দ্রষ্টব্য] + বিনিন্দিত [বি + নিন্দ্ + ত]। ৬।১ বীণার চেয়ে বিনিন্দিত= অপাদানতৎ। ৩।৩ বানান : ব্ + ঈ + ণ্ + আ + ব্ + ই + ন্ + ই + ন্ + দ্ + ই + ত্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + ই= ন্দি।

বীণাপাণি : সরস্বতী। বি। তৎসম। বীণা ['বীণা' দ্রষ্টব্য] + পাণি [পণ্ + ই]। ৬।১ বীণা পাণিতে [হাতে] যার= বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ঈ + ণ + আ + প্ + আ + ণ্ + ই। বি.দ্র. : বীণা= ণ + আ, পাণি= ণ্ + ই।

বীত : অপগত। বিণ। তৎসম। বি + ই + ত। ৬।১ [সন্ধি] ই + ই= ঈ [বী]। ২।২।ক বানান : ব্ + ঈ + ত্ + অ।

বীতংস : বিতংস। বি। তৎসম। বি [বিকল্পে 'বী'] + তন্স্ + অ। ৬।১ বানান : ব্ + ঈ [ই] + ত্ + অ + ং + স্ + অ।

বীতকাম : কামনাহীন। বিণ। তৎসম। বীত ['বীত' দ্রষ্টব্য] + কাম [কম্ + ণিচ্ + অ]। ৬।১ বীত [অপগত] কাম যার= বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ঈ + ত্ + অ + ক্ + আ + ম্ + অ।

বীতনিদ্র : নিদ্রাহীন। বিণ। তৎসম। বীত ['বীত' দ্রষ্টব্য] + নিদ্র [নি + দ্রা + অ]। ৬।১ বীত [অপগত] নিদ্রা যার= বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ঈ + ত্ + অ + ন্ + ই + দ্ + র্ + অ। বি.দ্র. : দ্ + র্ + অ= দ্র।

বীতরাগ : অনাসক্ত। বিণ। তৎসম। বীত ['বীত' দ্রষ্টব্য] + রাগ [রন্জ্ + অ]। ৬।১ বীত [অপগত] রাগ [অনুরাগ, আসক্তি] যার= বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ঈ + ত্ + অ + র্ + আ + গ্ + অ।

বীতশোক : শোকমুক্ত। বিণ। তৎসম। বীত ['বীত' দ্রষ্টব্য] + শোক [শুচ্ + অ]। ৬।১ বীত [অপগত] শোক যার = বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ঈ + ত্ + অ + শ্ + ও + ক্ + অ।

বীতশ্রদ্ধ : শ্রদ্ধাহীন। বিণ। তৎসম। বীত ['বীত' দ্রষ্টব্য] + শ্রদ্ধ [শ্রৎ + ধা + অ]। ৬।১ বীত [বিগত] শ্রদ্ধা যার= বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ঈ + ত্ + অ + শ্ + র্ + অ + দ্ + ধ্ + অ। বি.দ্র. : শ্ + র্ + অ= শ্র, দ্ + ধ্ + অ= দ্ধ।

বীতস্পৃহ : বীতরাগ। বিণ। তৎসম। বীত ['বীত' দ্রষ্টব্য] + স্পৃহ [স্পৃহ্ + অ]। ৬।১ বীত [বিগত] স্পৃহা যার= বহুব্রী। ৩।৫ বানান : ব্ + ঈ + ত্ + অ + স্ + প্ + ঋ + হ্ + অ। বি.দ্র. : স্ + প্ + ঋ= স্পৃ।

বীতিহোত্র : অগ্নি। বি। তৎসম। বীতি [বী + তি]। + হোত্র [হু + ত্র]। বীতি [দেবভোগ্য] + হোত্র [হোম] যার [অগ্নি]= বহুব্রী। ৩।৫ বানান :

ব্ + ঈ + ত্ + ই + হ্ + ও + ত্ + র্ + অ। বি.দ্র. : ব্ + ঈ= বী, হ্ + ও= হো, ত্ + র্ + অ= ত্র।

বীথি : সারি, শ্রেণী। বি। তৎসম। বিথ্ [বীথ্= কেনা অর্থে] + ই। ৬।১ বানান : ব্ + ঈ + থ্ + ই। বি.দ্র. : ব্ + ঈ= বী।

বীথিকা : সারি, শ্রেণী। বি। তৎসম। বিথ্ [বীথ্= কেনা অর্থে] + ইক [< অক] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ব্ + ঈ + থ্ + ই + ক্ + আ। বি.দ্র. : ব্ + ঈ= বী, থ্ + ই= থি, ক্ + আ= কা।

বীথী : সারি, শ্রেণী। বি। তৎসম। বিথ্ [বীথ্= কেনা অর্থে] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান : ব্ + ঈ + থ্ + ঈ। বি.দ্র. : ব্ + ঈ= বী, থ্ + ঈ= থী।

বীন : বীণা। বি। তদ্ভব। < সং. বীণা। বানান : ব্ + ঈ + ন্ + আ। তদ্ভব শব্দে 'ন' হয়েছে।

বীনকার : বীণাবাদক। বি। তদ্ভব। বীন [< সং. বীণা] + কার [কৃ + অ]। বানান : ব্ + ঈ + ন্ + অ + ক্ + আ + র্ + অ।

বীপ্সা : ব্যাপ্ত হয়ে থাকবার ইচ্ছা। শব্দের বারংবার প্রয়োগ। বি। তৎসম। বি + ঈপ্সা [ঈপ্স্ + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [সন্ধি] ই + ঈ= ঈ [বী]। ২।২।খ বানান : ব্ + ঈ + প্ + স্ + আ। বি.দ্র. : ব্ + ঈ= বী, প্ + স্ + আ= প্সা।

বীবর : ইঁদুর-জাতীয় উভচর জন্তু [beaver]। বি। বিদেশী। < ইং. beaver. বাংলা বানান : বীবর।

বীভৎস : অত্যন্ত বিকৃত, বিশ্রীভাবে ভয়ঙ্কর [বাং]। বি। তৎসম। বধ্ + সন্ + অ। ৬।১ বানান : ব্ + ঈ + ভ্ + অ + ৎ + স্ + অ। বি.দ্র. : ব্ + ঈ= বী।

বীম : কড়িকাঠ। বি। বিদেশী। < ইং. beam. বাংলা বানান : ব্ + ঈ + ম্। 'ম'-এর হসন্ত চিহ্ন নিষ্প্রয়োজন।

বীর : বলবান্ ও সাহসী। বিণ। তৎসম। বীর্ + অ। ৬।১ বানান : ব্ + ঈ + র্ + অ। বি.দ্র. : ব্ + ঈ= বী।

বীরখণ্ডি, বীরখণ্ডী : তিল ও গুড় বা চিনির মিঠাই। বি। দেশী। বানান : ব্ + ঈ + র্ + অ + খ্ + অ + ণ্ [ন্] + ড্ + ই [ঈ]। বি.দ্র. : 'ণ্ + ড্' এর জায়গায় 'ন্ + ড্' চলতে পারে।

বীরণ : খস্‌খস, বেনা ঘাস। বি। তৎসম। বানান : ব্ + ঈ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ব্ + ঈ= বী। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বীরত্ব : বীরের ধর্ম। বি। তৎসম। বীর ['বীর' দ্রষ্টব্য] + ত্ব। ৬।২ বানান : ব্ + ঈ + র্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র. : ব্ + ঈ= বী, ত্ + ব্ + অ= ত্ব।

বীরপ্রসবিনী : বীর সন্তানের জননী। বিণ। তৎসম। বীর ['বীর' দ্রষ্টব্য] + প্রসবিনী [প্র + সূ + ইন্ (ঈ)]। ৬।১, ৭।১।গ [সন্ধি] উ + ই= বি। ২।৮।ঘ বীরকে প্রসব করেন যিনি [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + ঈ + র্ + অ + প্ + র্ + অ + স্ + অ + ব্ + ই + ন্ + ঈ।

বীরপ্রসূ : বীর সন্তানের জননী। বিণ। তৎসম। বীর ['বীর' দ্রষ্টব্য] + প্রসূ [প্র + সূ + ক্বিপ্]। ৬।১ বীরকে প্রসব করেন যিনি [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + ঈ + র্ + অ + প্ + র্ + অ + স্ + ঊ।

বীরবর : শ্রেষ্ঠ বীর। বিণ। তৎসম। বীর ['বীর' দ্রষ্টব্য] + বর [বৃ + অ]। ৬।১ বীরদের মধ্যে বর [শ্রেষ্ঠ] = অধিকরণতৎ। ৩।৩ বানান : ব্ + ঈ + র্ + অ + ব্ + অ + র্ + অ।

বীরবৌলি : পুরুষের কানের কুণ্ডল। বি। তৎসম। বীর ['বীর' দ্রষ্টব্য] + বৌলি [বউলি]। বীরের বৌলি [কর্ণভূষণ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ঈ + র্ + অ + ব্ + ঔ + ল্ +

ই। বি.দ্র. : ব্ + ঈ= বী, ব্ + ঔ= বৌ।

বীরভদ্র : শিবানুচর। বি। তৎসম। বীর ['বীর' দ্রষ্টব্য] + ভন্দ্ [কল্যাণ করা] + র ['ন' লুপ্ত]। ৬।১ ভদ্র যে বীর= কর্মধা। ৩।২ বানান : ব্ + ঈ + র্ + অ + ভ্ + অ + দ্ + র্ + অ। বি.দ্র. : দ্ + র্ + অ= দ্র।

বীরভোগ্যা : কেবল বীরপুরুষের ভোগের যোগ্যা। বিণ। তৎসম। বীর ['বীর' দ্রষ্টব্য] + ভোগ্য [ভুজ্ + য (যৎ)] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বীরের ভোগ্যা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ঈ + র্ + অ + ভ্ + ও + গ্ + য্ + আ। বি.দ্র. : গ্ + য্ + আ= গ্যা।

বীরা : পতিপুত্রবতী নারী। বিণ। তৎসম। বীর ['বীর' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ব্ + ঈ + র্ + আ। বি.দ্র. : ব্ + ঈ= বী, র্ + আ= রা।

বীরাঙ্গনা : বীরনারী। বি। তৎসম। বীর ['বীর' দ্রষ্টব্য] + অঙ্গনা [অঙ্গ + অন + আ]। ৬।১, ৭।১।ক [সন্ধি] অ + অ= আ [রা]। ২।১।ক বীরা যে অঙ্গনা [নারী]= কর্মধা। ৩।২ বানান : ব্ + ঈ + র্ + আ + ঙ্ + গ্ + অ + ন্ + আ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ= ঙ্গ।

বীরাচার : বামাচারী তান্ত্রিকদের সাধনপদ্ধতি। বি। তৎসম। বীর ['বীর' দ্রষ্টব্য] + আচার [আ + চর্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [চা]। ২।১।খ বীরের আচার= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ঈ + র্ + আ + চ্ + আ + র্ + অ।

বীরাসন : বাম ও দক্ষিণ উরুর ওপর যথাক্রমে দক্ষিণ ও বামপদ স্থাপন পূর্বক উপবেশন। বি। তৎসম। বীর ['বীর' দ্রষ্টব্য] + আসন [আস্ + অন]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [রা]। ২।১।খ বীরের আসন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ঈ + র্ + আ + স্ + অ + ন্ + অ।

বীরেশ্বর : শ্রেষ্ঠ বীর। বি। তৎসম। বীর ['বীর' দ্রষ্টব্য] + ঈশ্বর [ঈশ্ + বর (বৃ + অ)]। ৬।১ [সন্ধি] অ + ঈ= এ [রে]। ২।৪।খ বীরদের মধ্যে ঈশ্বর [শ্রেষ্ঠ]= অধিকরণতৎ। ৩।৩ বানান : ব্ + ঈ + র্ + এ + শ্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + অ= শ্ব।

বীর্য : বীরত্ব, শুক্র। বি। তৎসম। বীর + অ। ৬।১ বানান : ব্ + ঈ + র্ + য্ + অ। বি.দ্র. : ব্ + ঈ= বী, র্ + য্ + অ= র্য। রেফ থাকায় 'য'-এর দ্বিত্ব বর্জিত।

বীর্যবতী : বীরাঙ্গনা : বিণ। তৎসম। বীর্য ['বীর্য' বীরত্ব দ্রষ্টব্য] + বতী [বৎ [বান] + ঈ [স্ত্রী]। ৬।২ বানান : ব্ + ঈ + র্ + য্ + অ + ব্ + অ + ত্ + ঈ।

বীর্যবন্ত : বীর্যবান্। বিণ। তদ্ভব। বীর্য ['বীর্য' দ্রষ্টব্য] + বাং. বন্ত। বানান : ব্ + ঈ + র্ + য্ + অ + ব্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র. : র্ + য্ + অ= র্য, রেফ থাকায় 'য্'-এর দ্বিত্ব বর্জিত।

বীর্যবান : বীর। বি। তৎসম। বীর্য ['বীর্য' দ্রষ্টব্য] + বান [< বৎ]। ৬।২ বানান : ব্ + ঈ + র্ + য্ + অ + ব্ + আ + ন্ + অ। বি.দ্র. : র্ + য্ + অ= র্য, রেফ থাকায় 'য'-এর দ্বিত্ব বর্জিত।

বীর্যশালিনী : বীরাঙ্গনা। বিণ। তৎসম। বীর্য ['বীর্য' দ্রষ্টব্য] + শালিনী [শাল্ + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।চ বানান : ব্ + ঈ + র্ + য্ + অ + শ্ + আ + ল্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : রেফ থাকায় 'য'-এর দ্বিত্ব বর্জিত। শব্দটির শেষে ইন্ + ঈ= ইনী। যুক্ত হওয়ায় শব্দান্তে আগে 'ই', পরে 'ঈ' হয়েছে।

বীর্যশালী : বীর। বিণ। তৎসম। বীর্য ['বীর্য' দ্রষ্টব্য] + শালী [শাল্ + ইন্ (ঈ)]। ৬।১ বানান : ব্ + ঈ + র্ + য্ + অ + শ্ + আ + ল্ + ঈ। বি.দ্র. : রেফ থাকায় 'য্'-এর দ্বিত্ব বর্জিত। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

বুঁচকি : ছোট বোঁচকা। বি। দেশী। বঁ + উ + চ্ + ক্ + ই। 'চ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুঁদ : বিহ্বল। বি। দেশী। বানান : বঁ + উ + দ্। 'দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুঁদিয়া, বুঁদে, বোঁদে : গুটিকাকৃতি মিঠাই। বি। তদ্ভব। বুঁদ [< সং. বিন্দু] + বাং. ইয়া, এ। বানান : বঁ + উ + দ্ + ই + য় + আ, বঁ + উ + দ্ + এ, বঁ + ও + দ্ + এ।

বুক : বক্ষস্থল, অগ্রিম মূল্য দিয়ে আসন সংরক্ষণ, রেলে মালপ্রেরণ, বই। বি। তদ্ভব। < সং. বক্ষ। বানান : ব্ + উ + ক্ + অ। < ইং. book

বুক-কিপিং : ব্যবসা-বাণিজ্যের হিসাব-রক্ষণ। বি। বিদেশী। < ইং. Book-Keeping. বাংলা বানান : ব্ + উ + ক্ + ক্ + ই + প্ + ই + ং। প্রথম 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুকজল : বুক-সমান গভীর জল। বি। তদ্ভব। বুক [< সং. বুক্ক] + জল [জল্ + অ]। ৬।১ বুক সমান জল= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ব্ + উ + ক্ + অ + জ্ + অ + ল্ + অ।

বুকজুড়ানো : শান্তিপ্রদ। বিণ। মিশ্র [তদ্ভব + বিদেশী]। বুক [< সং. বুক্ক] + জুড় [< হি জাড়া] বাং. আনো। বুক জড়ায় যা= উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + উ + ক্ + অ + জ্ + উ + ড় + আ + ন্ + ও।

বুকনি : এক ভাষার মধ্যে অন্য ভাষার ব্যবহার। বি। বিদেশী। হি. বুক্নী। বাংলা বানান : ব্ + উ + ক্ + ন্ + ই। বি.দ্র. : 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুকপোস্ট : ডাকযোগে খোলা চিঠিপত্র প্রেরণ। বি। বিদেশী। < ইং. book post. বাংলা বানান : ব্ + উ + ক্ + প্ + ও + স্ + ট্। বি.দ্র. : 'ক' ও 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুকফাটা : মর্মবিদারী। বিণ। তদ্ভব। বুক [< সং. বুক্ক] + ফাট্ [< সং. স্ফট্] + বাং. আ। ৬।৩ বুক ফাটে যাতে= উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + উ + ক্ + অ + ফ্ + আ + ট্ + আ।

বুকভাঙা : মর্মবিদারী। বিণ। তদ্ভব। বুক [>সং. বুক্ক] + ভাঙ্ [>সং. ভঙ্গ] + বাং. আ। ৬।৩ বুক ভাঙে যাতে = উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + উ + ক্ + অ + ভ্ + আ + ঙ্ + আ।

বুকশেলফ : বই রাখার তাক। বি। বিদেশী। < ইং. book-shelf. বাংলা বানান : ব্ + উ + ক্ + শ্ + এ + ল্ + ফ্। বি.দ্র. : 'ক', 'ল' ও 'ফ'-এদের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুক্ক : হৃৎপিণ্ড। বি। তৎসম। বুক্ক্ + অ। ৬।১ বানান : ব্ + উ + ক্ + ক্ + অ। বি.দ্র. : ক্ + ক্ + অ= ক্ক।

বুজকুড়ি : বুদ্বুদ। বি। দেশী। বানান : ব্ + উ + জ্ + ক্ + উ + ড় + ই। বি.দ্র. : 'জ'-এর হসন্ত -চিহ্ন নিষ্প্রয়োজন।

বুজরুক : অলৌকিক শক্তির ভানকারী। বিণ। বিদেশী। [< ফা. বুজুর্গ] বাংলা বানান : ব্ + উ + জ্ + র্ + উ + ক্। বি.দ্র. : 'জ' ও 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। র্ + উ= রু।

বুজরুকি : অলৌকিক শক্তির ভান। বি। বিদেশী। বাংলা বানান : ব্ + উ + জ্ + র্ + উ + ক্ + ই। বি.দ্র. : 'জ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। র্ + উ = রু।

বুজা : নিমীলিত করা, ভরাট করা। ক্রি। দেশী। বানান : ব্ + উ + জ্ + আ।

বুজান, বুজানো : নিমীলিত করানো, ভরাট করানো। ক্রি। দেশী। বানান : ব্ + উ + জ্ + আ + ন্ + অ [ও]।

বুঝ : জ্ঞান। বি। তদ্ভব। < সং. বুধ। বানান : ব্ + উ + ঝ্ + অ।

বুঝদার : যে বুঝতে পারে। বিণ। মিশ্র [তদ্ভব + বিদেশী]। তদ্ভব. বুঝ ['বুঝ' দ্রষ্টব্য] + ফা. দার। ৬।৪ বানান : ব্ + উ + ঝ্ + দ্ + আ +

র্। 'ঝ' ও 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুঝা : উপলব্ধি করা। ক্রি। তদ্ভব। বুঝ্ [< সং. বুধ্] + বাং. আ। ৬।৩ বানান: ব্ + উ + ঝ্ + আ।

বুঝি : বোধহয়। অব্য। তদ্ভব। বুঝ্ [< সং. বুধ্] + ই। বানান: ব্ + উ + ঝ্ + ই।

বুট : ছোলা। বি। বিদেশী। < হি. বূট্। বাংলা বানান: ব্ + উ + ট্। বি.দ্র.: 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুট : গোড়ালি-ঢাকা জুতা। বি। বিদেশী। < ইং. boot. বাংলা বানান: ব্ + উ + ট্। 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুটি, বুটী : বস্ত্রাদিতে সুতোয় তোলা ফুল। বি। বিদেশী। < হি. বুটা। বাংলা বানান: ব্ + উ + ট্ + ই [ঈ]।

বুটিদার : বুটিযুক্ত। বি। বিদেশী। হি. বুটি + ফা. দার। বাংলা বানান: ব্ + উ + ট্ + ই + দ্ + আ + র্। বি.দ্র.: 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুড়া : বৃদ্ধ। বিণ। তদ্ভব। বুড় [< প্রা. বুড্ঢ < সং. বৃদ্ধ] + বাং. আ। বানান: ব্ + উ + ড়্ + আ।

বুড়া : ডোবা। ক্রি। বিদেশী। < হি. বুঢ়া। বাংলা বানান: ব্ + উ + ঢ়্ + আ।

বুড়াটে : বুড়োর মতো। বিণ। তদ্ভব। বুড়া ['বুড়া' দ্রষ্টব্য] + বাং. টে। ৬।৩ বানান: ব্ + উ + ড়্ + আ + ট্ + এ।

বুড়ান, বুড়ানো : বৃদ্ধ হওয়া। ক্রি। তদ্ভব। বুড় ['বুড়া' দ্রষ্টব্য] + বাং. আন, আনো। ৬।৩ বানান: ব্ + উ + ড়্ + আ + ন্ + অ [ও]।

বুড়াপনা : পাকামি। বুড়া ['বুড়া' দ্রষ্টব্য] + বাং. পনা। ৬।৩ বানান: ব্ + উ + ড়্ + আ + প্ + অ + ন্ + আ।

বুড়াম, বুড়ামি, বুড়ামো : পাকামি। বি। তদ্ভব। বুড়া ['বুড়া' দ্রষ্টব্য] + বাং. ম, মি, মো। ৬।৩ বানান: ব্ + উ + ড়্ + আ + ম্ + অ [ই, ও]।

বুড়ি, বুড়ী : বৃদ্ধা। বিণ, বি। তদ্ভব। বুড়া + ই, ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + উ + ড়্ + ই [ঈ]।

বুথ : অস্থায়ী ঘর, দোকান-ঘর। বি। বিদেশী। < ইং. booth। বাংলা বানান: ব্ + উ + থ্। বি.দ্র.: থ-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুদ্ধ : জ্ঞানী, সিদ্ধার্থ। বিণ, বি। তৎসম। বুধ্ + ত। ৬।১ বানান: ব্ + উ + দ্ + ধ্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + অ= দ্ধ।

বুদ্ধত্ব : বুদ্ধের অবস্থা। বি। তৎসম। বুদ্ধ ['বুদ্ধ' দ্রষ্টব্য] + ত্ব। ৬।১ বানান: ব্ + উ + দ্ + ধ্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + অ= দ্ধ, ত্ + ব্ + অ= ত্ব।

বুদ্ধি : বোধ, জ্ঞান, মন্ত্রণা, ফন্দী। বি। তৎসম। বুধ্ + তি। ৬।১ বানান: ব্ + উ + দ্ + ধ্ + ই। বি.দ্র.: দ্ + ধ্ + ই= দ্ধি।

বুদ্ধিগম্য : বুদ্ধির দ্বারা উপলব্ধির যোগ্য। বিণ। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + গম্য [গম্ + য (যৎ)]। ৬।১ বুদ্ধির দ্বারা গম্য= করণতৎ। ৩।৩ বানান: ব্ + উ + দ্ + ধ্ + ই + গ্ + অ + ম্ + য্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + ই= দ্ধি, ম্ + য্ + অ= ম্য।

বুদ্ধিগ্রাহ্য : বুদ্ধির দ্বারা উপলব্ধির যোগ্য। বিণ। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + গ্রাহ্য [গ্রহ্ + য (যৎ)]। ৬।১ বুদ্ধির দ্বারা গ্রাহ্য= করণতৎ। ৩।৩ বানান: ব্ + উ + দ্ + ধ্ + ই + গ্ + র্ + আ + হ্ + য্ + অ। বি.দ্র.: হ্ + য্ + অ= হ্য।

বুদ্ধিচাতুর্য : বুদ্ধিকৌশল। বি। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + চাতুর্য [চতুর্ + য [ষ্যঞ্]]। ৬।২ বুদ্ধির চাতুর্য= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + উ + দ্ + ধ্ + ই + চ্ + আ + ত্ + উ +

র্ + য্ + অ। বি.দ্র. : র্ + য্ + অ= র্য। বি.দ্র. : রেফ থাকায় 'য'-এর দ্বিত্ব বর্জিত।

বুদ্ধিজীবী : বুদ্ধির জীবিকার্জনকারী। বিণ, বি। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + জীবী [জীব্ + ইন্ (ঈ)]। ৬।১ বুদ্ধির দ্বারা জীবিত থাকে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + উ + দ্ + ধ্ + ই + জ্ + ঈ + ব্ + ঈ। বি.দ্র. : শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

বুদ্ধিনাশ : বুদ্ধির লুপ্তি। বি। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + নাশ [নশ্ + অ]। ৬।১ বুদ্ধির নাশ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + উ + দ্ + ধ্ + ই + ন্ + আ + শ্ + অ। বি.দ্র. : দ্ + ধ্ + ই = দ্ধি।

বুদ্ধিবৃত্তি : বুদ্ধিরূপ শক্তি। বি। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + বৃত্তি [বৃৎ + তি]। ৬।১ বুদ্ধির বৃত্তি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + উ + দ্ + ধ্ + ই + ব্ + ঋ + ত্ + ত্ + ই। বি.দ্র. : দ্ + ধ্ + ই= দ্ধি, ব্ + ঋ= বৃ, ত্ + ত্ + ই= ত্তি।

বুদ্ধিভ্রংশ : বুদ্ধির লুপ্তি। বি। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + ভ্রংশ [ভ্রন্শ্ + অ]। ৬।১ বুদ্ধির ভ্রংশ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + উ + দ্ + ধ্ + ই + ভ্ + র্ + অ + ং + শ্ + অ। বি.দ্র. : দ্ + ধ্ + ই= দ্ধি, ভ্ + র্ + অ= ভ্র।

বুদ্ধিভ্রষ্ট : নষ্টবুদ্ধি। বিণ। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + ভ্রষ্ট [ভ্রন্শ্ + ত]। ৬।১ ভ্রষ্ট বুদ্ধি যার= বহুব্রী। [পর-নিপাত] ৩।৫ বানান : ব্ + উ + দ্ + ধ্ + ই + ভ্ + র্ + অ + ষ্ + ট্ + অ। বি.দ্র. : দ্ + ধ্ + ই= দ্ধি, ভ্ + র্ + অ= ভ্র, ষ্ + ট্ + অ= ষ্ট। ট-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।গু

বুদ্ধিমত্তা : বুদ্ধিশালিতা। বি। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + মত্তা [মৎ [শানচ্] + তা। ৬।২ বানান : ব্ + উ + দ্ + ধ্ + ই + ম্ + অ + ত্ + ত্ + আ। বি.দ্র. : দ্ + ধ্ + ই= দ্ধি, ত্ + ত্ + আ= ত্তা।

বুদ্ধিমান : চালাক। বিণ। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + মান [< মৎ (শানচ্)]। ৬।২ বানান : ব্ + উ + দ্ + ধ্ + ই + ম্ + আ + ন্। বি.দ্র. : চলিত বাংলায় 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুদ্ধিমতী : চালাক। বিণ। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + মতী [মৎ (মতুপ্)] + ঈ (স্ত্রী)]। ৬।২ বানান : ব্ + উ + দ্ + ধ্ + ই + ম্ + অ + ত্ + ঈ। বি.দ্র. : দ্ + ধ্ + ই= দ্ধি, ত্ + ঈ= তী।

বুদ্ধিলোপ : বুদ্ধির লুপ্তি। বি। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + লোপ [লুপ্ + অ]। ৬।১ বুদ্ধির লোপ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + উ + দ্ + ধ্ + ই + ল্ + ও + প্ + অ। বি.দ্র. : দ্ + ধ্ + ই = দ্ধি।

বুদ্ধিশুদ্ধি : ভালোমন্দ বিচারের শক্তি। বি। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + শুদ্ধি ['বুদ্ধি'র সহচর শব্দ]। বুদ্ধি ও শুদ্ধি= দ্বন্দ্ব। ৩।৪ বানান : ব্ + উ + দ্ + ধ্ + ই + শ্ + উ + দ্ + ধ্ + ই। বি.দ্র. : দ্ + ধ্ + ই= দ্ধি, শ্ + উ= শু।

বুদ্ধিশূন্য : নির্বোধ। বিণ। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + শূন্য [শু + ঊন + য (যৎ)]। ৬।১ [সন্ধি] উ + ঊ= ঊ [শূ]। ২।৩।খ বুদ্ধির দ্বারা শূন্য= করণতৎ। ৩।৩ বানান : ব্ + উ + দ্ + ধ্ + ই + শ্ + ঊ + ন্ + য্ + অ। বি.দ্র. : শ্ + ঊ= শূ, ন্ + য্ + অ= ন্য।

বুদ্ধিহানি : বুদ্ধির লুপ্তি। বি। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + হানি [হা + তি]। ৬।১ বুদ্ধির হানি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + উ + দ্ + ধ্ + ই + হ্ + আ + ন্ + ই। বি.দ্র. : দ্ + ধ্ + ই= দ্ধি।

বুদ্ধিহীন : নির্বোধ। বিণ। তৎসম। বুদ্ধি

['বুদ্ধি' দ্রষ্টব্য] + হীন [হা + ন] ৬।১ বুদ্ধির দ্বারা হীন= করণতৎ। ৩।৩ বানান: ব্ + উ + দ্ + ধ্ + ই + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + ই= দ্ধি।

বুদ্ধীন্দ্রিয়: জ্ঞানেন্দ্রিয়। বি। তৎসম। বুদ্ধি ['বুদ্ধি' দ্রষ্টব্য] + ইন্দ্রিয় [ইন্দ্র + ইয়]। ৬।২ [সন্ধি] ই + ই= ঈ [দ্ধী]। বুদ্ধির ইন্দ্রিয়= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + উ + দ্ + ধ্ + ঈ + ন্ + দ্ + র্ + ই + য় + অ। বি.দ্র.: দ্ + ধ্ + ঈ= দ্ধী। ন্ + দ্ + র্ + ই= ন্দ্রি।

বুদ্বুদ: জলবিম্ব। বি। দেশী। বানান: ব্ + উ + দ্ + ব্ + উ + দ্। 'দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। দ্ + ব্ + উ= দ্বু

বুধ: গ্রহ, বার, জ্ঞানী ব্যক্তি। বি। তৎসম। বুধ্ + অ। ৬।১ বানান: ব্ + উ + ধ্ + অ।

বুনট: কাপড়ের বুনানি [জামা] কাপড় বোনার মজুরি। বি। বিদেশী। < হি. বুনাওট্। বাংলা বানান: ব্ + উ + ন্ + অ + ট্। বি.দ্র.: 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুনন: বপন। বি। তদ্ভব। < সং. বপন। বানান: ব্ + উ + ন্ + অ + ন্। 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুনন: বুনুনি, বয়ন-কর্ম। বি। তদ্ভব। < সং. বয়ন। বানান: ব্ + উ + ন্ + অ + ন্। 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুনা, বোনা: শস্য-বীজাদি বপন করা। ক্রি। তদ্ভব। < সং. বপন। বানান: ব্ + উ [ও] + ন্ + আ।

বুনা, বোনা: বয়ন করা। ক্রি। তদ্ভব। < সং. বপন। বানান: ব্ + উ [ও] + ন্ + আ।

বুনান, বোনানো: অন্যের দ্বারা বোনার কাজ করানো। ক্রি। তদ্ভব। বুন্ [<সং. বয়ন] + বাং. আন, আনো। ৬।৩ বানান: ব্ + উ + ন্ + আ + ন্ + অ [ও]।

বুনান, বুনানি, বুনন, বুননি, বুনুনি: বয়নের মজুরি। বি। তদ্ভব। বুন্ [<সং. বয়ন] + বাং. আন, আনি, অন, অনি, উনি। ৬।৩ বানান: ব্ + উ + ন্ + আ [অ,উ] + ন্ + অ, ই।

বুনিয়াদী: সম্ভ্রান্ত। বিণ। বিদেশী। <ফা. বুনিয়াদ্ + বাং. ঈ। ৬।৩ বাংলা বানান: ব্ + উ + ন্ + ই + য় + আ + দ্ + ঈ।

বুনো: বন্য। বিণ। তদ্ভব। <সং. বন + ও <সং. উয়া। বানান: ব্ + উ + ন্ + ও।

বুভুক্ষা: খাওয়ার ইচ্ছা। বি। তৎসম। ভুজ্ + সন্ [ইচ্ছার্থে] + অ + আ। ৬।১ বানান: ব্ + উ + ভ্ + উ + ক্ + ষ্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা।

বুভুক্ষিত: ভোজনেচ্ছু। বিণ। তৎসম। বুভুক্ষা ['বুভুক্ষা' দ্রষ্টব্য] + ইত [ইতচ্]। বানান: ব্ + উ + ভ্ + উ + ক্ + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + ই = ক্ষি।

বুভুক্ষু: ভোজনেচ্ছু। বিণ। তৎসম। ভুজ্ + সন্ [ইচ্ছার্থে] + উ। ৬।১ বানান: ব্ + উ + ভ্ + উ + ক্ + ষ্ + উ। বি.দ্র.: ক্ + ষ্ + উ = ক্ষু।

বুরুজ: প্রাসাদ ইত্যাদির গম্বুজ। বি। বিদেশী। <আ. বুর্জ। বাংলা বানান: ব্ + উ + র্ + উ + জ্। বি.দ্র.: 'জ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুরুল: বুড়া আঙুল। বি। তদ্ভব। <বাং. বুড়ো আঙুল। বানান: ব্ + উ + র্ + উ + ল্ + অ।

বুরুশ: পশুলোমের সম্মার্জনী। বি। বিদেশী। <ইং. brush. বাংলা বানান: ব্ + উ + র্ + উ + শ্। বি.দ্র.: 'শ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুলবুল, বুলবুলি: একপ্রকার গায়ক পাখি। বি। বিদেশী। <আ. বুলবুল। + ই। বাংলা বানান: ব্ + উ + ল্ + ব্ + উ + ল্ [+ ই]। বি.দ্র.: 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বুলান, বুলানো: আলতোভাবে ছুঁইয়ে চালনা করা।

ক্রি। তদ্ভব। বুল্ <সং. বল্ [সং. বৃ] + বাং. আন, আনো। বানান: ব্ + উ + ল্ + আ + ন্ + অ [ও]।

বুলি: ভাষা। বি। বিদেশী। <হি. বোলী। বাংলা বানান: ব্ + উ + ল্ + ই।

বুলেট: বন্দুকের গুলি। বি। বিদেশী। <ইং. bullet. বাংলা বানান: ব্ + উ + ল্ + এ + ট্। বি.দ্র.: 'ট্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বৃংহণ: হাতির ডাক। বি। তৎসম। <সং. বৃন্‌হ্ + অন। ৬।১ বানান: ব্ + ঋ + ং + হ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ঋ'-র পর 'ং' 'হ' ও 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বৃংহিত: হাতির ডাক। বি। তৎসম। বৃন্‌হ্ + ত। ৬।১ বানান: ব্ + ঋ + ং + হ্ + ই + ত্ + অ।

বৃক: নেকড়ে বাঘ, জঠরাগ্নি। বি। তৎসম। [বৃক্ + অ]। ৬।১ বানান: ব্ + ঋ + ক্ + অ।

বৃকোদর: ভীম। বি। তৎসম। বৃক ['বৃক' দ্রষ্টব্য] + উদর [উৎ + ঋ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [কো]। ৫।১।ক, ঋ + অ = অর। ২।৯।ক বৃকের মতো উদর যার = বহুব্রী। ৩।৫ মতান্তরে, উদরে বৃক [জঠরাগ্নি] যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ঋ + ক্ + ও + দ্ + অ + র্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ।

বৃক্ক: মূত্র-নিঃসারক যন্ত্র [kidney]। বি। তৎসম। বৃক্ক ['বুক্ক'-এর সাদৃশ্যে]। বানান: ব্ + ঋ + ক্ + ক্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ক্ + ক্ + অ = ক্ক।

বৃক্ষ: গাছ। বি। তৎসম। বৃক্ষ্ + অ। ৬।১ বানান: ব্ + ঋ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ক্ + ষ্ + অ = ক্ষ।

বৃক্ষচ্ছায়া: গাছের ছায়া। বি। তৎসম। বৃক্ষ ['বৃক্ষ' দ্রষ্টব্য] + ছায়া [ছো + য (যৎ) + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [সন্ধি] অ + ছা = অচ্ছা। ২।১৪ বৃক্ষের ছায়া= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + ক্ + ষ্ + অ + চ্ + ছ্ + আ + য়্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ, চ্ + ছ্ + আ = চ্ছা।

বৃক্ষবাটিকা: বাগানবাড়ি। বি। তৎসম। বৃক্ষ ['বৃক্ষ' দ্রষ্টব্য] + বাটিকা [বাটি + ক্ + আ (স্ত্রী)। ৬।২ বৃক্ষ-সমন্বিত বাটিকা [মধ্যপ-কর্মধা] ৩।২ বানান: ব্ + ঋ + ক্ + ষ্ + অ + ব্ + আ + ট্ + ই + ক্ + আ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ক্ + ষ্ + অ = ক্ষ।

বৃক্ষাগ্র: গাছের মাথা। বি। তৎসম। বৃক্ষ ['বৃক্ষ' দ্রষ্টব্য] + অগ্র [অন্‌গ্ + র্—'ন' লুপ্ত]। ৬।১ [সন্ধি] অ + অ = আ। [ক্ষা]। ২।১।ক বৃক্ষের অগ্র = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + ক্ + ষ্ + আ + গ্ + র্ + অ। ব্ + ঋ = বৃ, ক্ + ষ্ + আ = ক্ষা। গ্ + র্ + অ = গ্র।

বৃক্ষান্তরাল: গাছের আড়াল। বি। তৎসম। বৃক্ষ ['বৃক্ষ' দ্রষ্টব্য] + অন্তরাল (অন্ত + রা + অ) + ল (লা+ অ)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ক্ষা]। ২।১।ক বৃক্ষের অন্তরাল = সম্বন্ধ তৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + ক্ + ষ্ + আ + ন্ + ত্ + অ + র্ + আ + ল্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা, ন্ + ত্ + অ = ন্ত।

বৃত: যাকে বরণ করা হয়েছে। বিণ। তৎসম। বৃ + ত। ৬।১ বানান: ব্ + ঋ + ত্ + অ।

বৃতি: ফুলের বহিরাবরণ [calyx]। বি। তৎসম। বৃ + তি। ৬।১ বানান: ব্ + ঋ +ত্ + ই।

বৃত্ত: কেন্দ্রবিন্দু থেকে সর্বত্র সমদূরবর্তী বক্ররেখার দ্বারা বেষ্টিত গোলাকার ক্ষেত্র [circle]। বি। তৎসম। বৃৎ + ত। ৬।১ বানান: ব্ + ঋ + ত্ + ত্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ত্ + ত্ + অ = ত্ত।

বৃত্তাকার: গোলাকার। বিণ। তৎসম। বৃত্ত ['বৃত্ত' দ্রষ্টব্য] + আকার [আ + কৃ + অ]। ৬।১

[সন্ধি] অ + আ = আ। [ত্তা] ২।১।খ বৃত্তের আকার = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + ত্ + ত্ + আ + ক্ + আ + র্ + অ।

বৃত্তান্ত: বিবরণ। বি। তৎসম। বৃত্ত ['বৃত্ত' দ্রষ্টব্য] + অন্ত [অম্ + ত]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ত্তা] ২।১।ক বৃত্তের অন্ত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + ত্ + ত্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ত্ + ত্ + আ = ত্তা, ন্ + ত্ + অ = ন্ত।

বৃত্তি: মনের প্রবণতা। বি। তৎসম। বৃৎ + তি। ৬।১ বানান: ব্ + ঋ + ত্ + ত্ + ই। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ত্ + ত্ + ই =ত্তি।

বৃত্র: অনাবৃষ্টি, অসুর। বি। তৎসম। বৃৎ + র। ৬।১ বানান: ব্ + ঋ + ত্ + র্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ত্ + র্ + অ = ত্র।

বৃত্রহা: ইন্দ্র। বি। তৎসম। বৃত্র ['বৃত্র' দ্রষ্টব্য] + হা [হন্ (বধ করা) + অ + আ]। ৬।১ বৃত্রকে [বৃত্রাসুর বা অনাবৃষ্টিকে] হত্যা করে যে = উপপদ তৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + ত্ + র্ + অ + হ্ + আ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ত্ + র্ + অ = ত্র।

বৃত্রারি: ইন্দ্র। বি। তৎসম। বৃত্র ['বৃত্র' দ্রষ্টব্য] + অরি [ঋ+ই]। [সন্ধি] অ + অ = আ। ২।১।ক, ঋ + ই = [অর্ + ই]। ২।৯।ক বৃত্রের অরি [শত্রু] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + ত্ + র্ + আ + র্ + ই। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ত্ + র্ + আ = ত্রা।

বৃত্রাসুর: অনাবৃষ্টি, অসুর। বি। তৎসম। বৃত্র ['বৃত্র' দ্রষ্টব্য] + অসুর [নঞ্ + সুর্ বা সুরা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ত্রা]। ২।১।ক যে বৃত্র সে অসুর = কর্মধা। ৩।২ বানান: ব্ + ঋ + ত্ + র্ + আ + স্ + উ + র্ + অ।

বৃথা: অনর্থক। অব্য, বিণ, ক্রি-বিণ। তৎসম। বানান: ব্ + ঋ + থ্ + আ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ।

বৃদ্ধ: বয়োজ্যেষ্ঠ, প্রাচীন। বিণ। তৎসম। বৃধ্ [বর্ধিত হওয়া] + ত। ৬।১ বানান: ব্ + ঋ + দ্ + ধ্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, দ্ + ধ্ + অ = দ্ধ।

বৃদ্ধত্ব: বার্ধক্য। বি। তৎসম। বৃদ্ধ ['বৃদ্ধ' দ্রষ্টব্য] + ত্ব। ৬।২ বানান: ব্ + ঋ + দ্ + ধ্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, দ্ + ধ্ + অ = দ্ধ, ত্ + ব্ + অ = ত্ব।

বৃদ্ধপ্রপিতামহ: প্রপিতামহের পিতা। বি। তৎসম। বৃদ্ধ ['বৃদ্ধ' দ্রষ্টব্য] + প্রপিতামহ [প্র + পিতা (পা +তা = তৃচ্) + মহ (ডামহ)] ৬।১, ৬।২ পিতার পিতা = সম্বন্ধতৎ। ৩।৩ পিতামহের পিতা = সম্বন্ধতৎ। ৩।৩ প্রপিতামহের পিতা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + দ্ + ধ্ + অ + প্ + র্ + অ + প্ + ই + ত্ + আ + ম্ + অ + হ্ + অ।

বৃদ্ধপ্রপিতামহী: বৃদ্ধ প্রপিতামহের পত্নী। বি। তৎসম। বৃদ্ধ প্রপিতামহ ['বৃদ্ধ প্রপিতামহ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + ঋ + দ্ + ধ্ + অ + প্ + র্ + অ + প্ + ই + ত্ + আ + ম্ + অ + হ্ + ঈ।

বৃদ্ধপ্রমাতামহ: প্রমাতামহের পিতা। বি। তৎসম। বৃদ্ধ ['বৃদ্ধ' দ্রষ্টব্য] + প্রমাতামহ [প্র + মা + তা (তৃ=তৃচ্) + মহ [ডামহ]। ৬।১, ৬।২ মাতার পিতা = সম্বন্ধতৎ। ৩।৩ মাতামহের পিতা = সম্বন্ধতৎ। ৩।৩ প্রমাতামহের পিতা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + দ্ + ধ্ + অ + প্ + র্ + অ + ম্ + আ + ত্ + আ + ম্ + অ + হ্ + অ।

বৃদ্ধপ্রমাতামহী: বৃদ্ধ প্রমাতামহের পত্নী। বি। তৎসম। বৃদ্ধপ্রমাতামহ ['বৃদ্ধপ্রমাতামহ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + ঋ + দ্

+ ধ্ + অ + প্ + র্ + অ + ম্ + আ + ত্ + আ + ম্ + অ + হ্ + ঈ।

বৃদ্ধা: প্রাচীনা। বিণ। তৎসম। বৃদ্ধ ['বৃদ্ধ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ব্ + ঋ + দ্ + ধ্ + আ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, দ্ + ধ্ + আ = দ্ধা।

বৃদ্ধাঙ্গুলি: বুড়ো আঙুল। বি। তৎসম। বৃদ্ধ ['বৃদ্ধ' দ্রষ্টব্য] + অঙ্গুলি [অঙ্গ্ + উলি] ৬।১ [সন্ধি] অ + অ = আ [দ্ধা]। ২।১।ক বৃদ্ধ [বুড়ো] যে অঙ্গুলি = কর্মধা। ৩।২ বানান: ব্ + ঋ + দ্ + ধ্ + আ + ঙ্ + গ্ + উ + ল্ + ই।

বৃদ্ধাঙ্গুষ্ঠ: বুড়ো আঙুল। বি। তৎসম। বৃদ্ধ ['বৃদ্ধ' দ্রষ্টব্য] + অঙ্গুষ্ঠ [অঙ্গু + স্থ (স্থা+অ)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [দ্ধা] বৃদ্ধ যে অঙ্গুষ্ঠ = কর্মধা। ৩।২ বানান: ব্ + ঋ + দ্ + ধ্ + আ + ঙ্ + গ্ + উ + ষ্ + ঠ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + উ = ঙ্গু, ঠ্-এর আগে 'স্' 'ষ্' হয়েছে। ৪।২।ঙ

বৃদ্ধি: বাড়, আধিক্য, সুদ। বি। তৎসম। বৃধ্ + তি। ৬।১ বানান: ব্ + ঋ + দ্ + ধ্ + ই। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, দ্ + ধ্ + ই = দ্ধি।

বৃদ্ধিশ্রাদ্ধ: আভ্যুদয়িক শ্রাদ্ধ। বি। তৎসম। বৃদ্ধি ['বৃদ্ধি' দ্রষ্টব্য] + শ্রাদ্ধ [শ্রদ্ধা + অ]। ৬।২ বৃদ্ধি [অভ্যুদয়ের নিমিত্ত] যে শ্রাদ্ধ = কর্মধা। ৩।২ বানান: ব্ + ঋ + দ্ + ধ্ + ই + শ্ + র্ + আ + দ্ + ধ্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + অ = দ্ধ।

বৃদ্ধ্যাজীব: কুসীদজীবী [বৃদ্ধি + আজীব]। বিণ, বি। তৎসম। বৃদ্ধি ['বৃদ্ধি' (সুদ) দ্রষ্টব্য] + আজীব [আ + জীব্ + অ]। ৬।১ [সন্ধি] ই + আ = যা [দ্ধ্যা]। ২।৭।খ বৃদ্ধির [সুদের] দ্বারা জীবিত থাকে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + দ্ + ধ্ + য্ + আ + জ্ + ঈ + ব্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, দ্ + ধ্ + য্ + আ = দ্ধ্যা।

বৃন্ত: বোঁটা। বি। তৎসম। বৃ [আবৃত করা] + ত। নিপাতনে। ৬।১ বানান: ব্ + ঋ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ন্ + ত্ + অ = ন্ত।

বৃন্তচ্যুত: বোঁটাখসা। বিণ। তৎসম। বৃন্ত ['বৃন্ত' দ্রষ্টব্য] + চ্যুত [চ্যু + ত]। ৬।১ বৃন্ত থেকে চ্যুত = অপাদানতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + ন্ + ত্ + অ + চ্ + য্ + উ + ত্ + অ। ব্ + ঋ = বৃ, ন্ + ত্ + অ = ন্ত, চ্ + য্ + উ = চ্যু।

বৃন্তাক: বেগুন। বি। তৎসম। বানান: ব্ + ঋ + ন্ + ত্ + আ + ক্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ন্ + ত্ + আ = ন্তা।

বৃন্দ: গণ। বি। তৎসম। বৃ + ['ন্' আগম] + দ [দম্]। ৬।২ বানান: ব্ + ঋ + ন্ + দ্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ন্ + দ্ + অ = ন্দ।

বৃন্দা: রাধিকার দূতী। বি। তৎসম। বানান: ব্ + ঋ + ন্ + দ্ + আ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ন্ + দ্ + অ = ন্দা।

বৃন্দাবন: রাধাকৃষ্ণের লীলাক্ষেত্র বৃন্দানামক বন। বি। তৎসম। বৃন্দা নামক বন = মধ্যপকর্মধা। ৩।২ বানান: ব্ + ঋ + ন্ + দ্ + আ + ব্ + অ + ন্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ন্ + দ্ + আ = ন্দা।

বৃশ্চিক: বিছা, রাশিচক্রের অষ্টম রাশি। বি। তৎসম। ব্রশ্চ্ + ইক। [ব্র=বৃ]। ৬।১ বানান: ব্ + ঋ + শ্ + চ্ + ই + ক্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, শ্ + চ্ + ই = শ্চি।

বৃশ্চিকদংশন: বিছার কামড়। বি। তৎসম। বৃশ্চিক ['বৃশ্চিক' দ্রষ্টব্য] + দংশন [দন্‌শ্ + অন]। ৬।১ বৃশ্চিকের দংশন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + শ্ + চ্ + ই + ক্ + অ + দ + অ + ং + শ্ + অ + ন্ + অ। বি.দ্র.: শ্ + চ্ + ই = শ্চি।

বৃষ: ষাঁড়, রাশিচক্রের দ্বিতীয় রাশি। বি। তৎসম। বৃষ্ + অ। ৬।১ বানান: ব্ + ঋ + ষ্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, 'ঋ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।খ

বৃষধ্বজ: শিব। বি। তৎসম। বৃষ ['বৃষ' দ্রষ্টব্য] + ধ্বজ [ধ্বজ্ + অ]। ৬।১ বৃষ ধ্বজায় যাঁর [শিব] = বহুব্রী। ৬।১ বানান: ব্ + ঋ + ষ্ + অ + ধ্ + ব্ + অ + জ্ + অ। বি.দ্র.: ধ্ + ব্ + অ = ধ্ব। 'ঋ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।খ

বৃষবাহন: শিব। বি। তৎসম। বৃষ ['বৃষ' দ্রষ্টব্য + বাহন [বহ্ + ণিচ্ + অন] ৬।১ বৃষ বাহন যাঁর [শিব] = বহুব্রী। ৩।৫

বৃষভ: ষাঁড়, রাশিচক্রের দ্বিতীয় রাশি। বি। তৎসম। বৃষ্ + অভ। ৬।১ বানান: ব্ + ঋ + ষ্ + অ + ভ্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ। 'ঋ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।খ

বৃষভানুনন্দিনী: শ্রীরাধিকা। বি। তৎসম। বৃষভানু [বৃকভানু] + নন্দিনী [নন্দ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১ বৃষভানুর নন্দিনী [কন্যা, যে আনন্দ দেয় (স্ত্রী)] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + ষ্ + অ + ভ্ + আ + ন্ + উ + ন্ + অ + ন্ + দ্ + ই + ন্ + ঈ।

বৃষভানুসুতা: শ্রীরাধিকা। বি। তৎসম। বৃষভানু + সুতা [সু (জন্ম দান করা) + ত + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক বৃষ ভানুর সুতা [কন্যা] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + ষ্ + অ + ভ্ + আ + ন্ + উ + স্ + উ + ত্ + আ।

বৃষল: শূদ্র, পাপী। বি। বিণ, তৎসম। বৃষ [ধর্ম] + লা + অ। ৬।১ বানান: ব্ + ঋ + ষ্ + অ + ল্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ। 'ঋ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।খ

বৃষলী: ঋতুমতী অনূঢ়া কন্যা। বি। তৎসম। বৃষল ['বৃষল' দ্রষ্টব্য + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + ঋ + ষ্ + অ + ল্ + ঈ। ব্ + ঋ = বৃ, ল্ + ঈ = লী।

বৃষস্কন্ধ: ষাঁড়ের মতো স্থূল ও প্রশস্ত স্কন্ধবিশিষ্ট। বিণ। তৎসম। বৃষ ['বৃষ' দ্রষ্টব্য] + স্কন্ধ [স্ (বর্ণাগম) + ক (মাথা) + ধা [ধারণ করা) + অ] ৬।১ মাথাকে ধারণ করে যা [স্কন্ধ = কাঁধ] = উপপদ তৎ। ৩।৩ বৃষের স্কন্ধের মতো স্কন্ধ যার= উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ঋ + ষ্ + অ + স্ + ক্ + অ + ন্ + ধ্ + অ। বি.দ্র.: স্ + ক্ + অ = স্ক, ন্ + ধ্ +অ = ন্ধ।

বৃষোৎসর্গ: শ্রাদ্ধবিশেষ। বি। তৎসম। বৃষ ['বৃষ' দ্রষ্টব্য] + উৎসর্গ [উৎ + সৃজ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [ষো]। ২।৫।ক বৃষকে উৎসর্গ = কর্মতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + ষ্ + ও + ৎ + স্ + অ + র্ + গ্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ষ্ + ও = ষো, র্ + গ্ + অ = র্গ।

বৃষ্টি: বর্ষণ। বি। তৎসম। বৃষ্ [বর্ষণ করা] + তি। ৬।১ বানান: ব্ + ঋ + ষ্ + ট্ + ই। বি.দ্র.: 'ঋ'-র পর এবং 'ট'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।খ, ঙ। ষ্ + ট্ + ই = ষ্টি।

বৃষ্টিপাত: মেঘ থেকে বারিবর্ষণ। বি। তৎসম। বৃষ্টি ['বৃষ্টি' দ্রষ্টব্য] + পাত [পত্ + অ]। ৬।১ বৃষ্টির পাত [পতন] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + ষ্ + ট্ + ই + প্ + আ + ত্ + অ।

বৃষ্টিবিন্দু: বৃষ্টির ফোঁটা। বি। তৎসম। বৃষ্টি ['বৃষ্টি' দ্রষ্টব্য] + বিন্দু [বিন্দ্ + উ]। ৬।১ বৃষ্টির বিন্দু = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + ষ্ + ট্ + ই + ব্ + ই + ন্ + দ্ + উ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ষ্ + ট্ + ই = ষ্টি, ন্ +দ্ + উ = ন্দু।

বৃষ্টিস্নাত: বৃষ্টির জলে সিক্ত। বিণ। তৎসম। বৃষ্টি ['বৃষ্টি' দ্রষ্টব্য] + স্নাত [স্না (স্নান করা) +

তা]। ৬।১ বৃষ্টির দ্বারা স্নাত = করণতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + ষ্ + ট্ + ই + স্ + ন্ + আ + ত্ + অ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ষ্ + ট্ + ই = ষ্টি, স্ + ন্ + আ = স্না।

বৃষ্ণি: যদুবংশ। বি। তৎসম। বৃষ্ + নি। ৬।১ বানান: ব্ + ঋ + ষ্ + ণ্ + ই। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ষ্ + ণ্ + ই = ষ্ণি। 'ঋ'-র পর 'ষ্' এবং 'ষ্'-এর পর 'ন' 'ণ' হয়েছে। ৪।২।খ, ৪।১।খ

বৃহৎ: বড়। বিণ। তৎসম। বৃহ্ + অৎ [শতৃ]। ৬।১ বানান: ব্ + ঋ + হ্ + অ + ৎ।

বৃহতী: মহতী। বিণ। তৎসম। বৃহ্ + অৎ [শতৃ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান: ব্ + ঋ + হ্ + অ + ত্ + ঈ।

বৃহত্ত্ব: বিশালতা। বি। তৎসম। বৃহৎ ['বৃহৎ' দ্রষ্টব্য] + ত্ব। ৬।২ বানান: ব্ + ঋ + হ্ + অ + ত্ + ত্ + ব্ +অ। বি.দ্র.: ত্ + ত্ + ব্ + অ = ত্ত্ব।

বৃহদন্ত্র: মলাশয় থেকে মলদ্বার পর্যন্ত প্রসারিত অন্ত্র [large intestine]। বি। তৎসম। বৃহৎ ['বৃহৎ' দ্রষ্টব্য] + অন্ত্র [অম্ + ত্র]। ৬।১ [সন্ধি] ৎ + অ = দ। ২।১৫ বৃহৎ যে অন্ত্র = কর্মধা। ৩।২ বানান: ব্ + ঋ + হ্ + অ + দ্ + অ + ন্ + ত্ + র্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ = ন্ত্র।

বৃহন্নলা: অজ্ঞাতবাসকালে ক্লীবত্বপ্রাপ্ত অর্জুনের ছদ্মনাম। বি। তৎসম। বৃহৎ ['বৃহৎ' দ্রষ্টব্য] + নল [নল্ + অ] + আ]।৬।১ [সন্ধি] ৎ + ন = ন্ + ন = ন্ন। ২।২৫ বৃহৎ নল [নল সদৃশ বাহু] যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + ঋ + হ্ + অ + ন্ + ন্ + অ + ল্ + আ। বি.দ্র.: নলা > নড়া।

বৃহস্পতি: গ্রহবার, দেবগুরু। বি। তৎসম। বৃহৎ ['বৃহৎ' দ্রষ্টব্য] + পতি [পা (রক্ষা করা) + অতি]। ৬।১ [সন্ধি] ৎ + প = স্প [নিপাতনে] ২।৩২ বৃহতের [দেবগণের] পতি [গুরু] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + ঋ + হ্ + অ + স্ + প্ + অ + ত্ + ই। বি.দ্র.: স্ + প্ + অ = স্প।

বেঅকুফ, বেঅকুব: বেআক্কেল [বে + আকুব] >বেকুব। বিণ। বিদেশী। <ফা. বে + আ + ওঅকুফ্। বাংলা বানান: ব্ + এ + অ [আ] + ক্ + উ + ফ্ [ব্]। ১. 'ফ্' [ব্]-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেআইনী: নিষিদ্ধ। বিণ। বিদেশী। <ফা. বে + আ. আইন + বাং. ঈ। নয় আইনী = নঞ্ তৎ। ৩।৩ বাংলা বানান: ব্ + এ + আ + ই + ন্ + ঈ।

বেআক্কেল: কাণ্ডজ্ঞানহীন। বিণ। বিদেশী। <ফা. বে + আ. আক্কেল। নেই আক্কেল যার = নঞ্-বহুব্রী। ৩।৫ বাংলা বানান: ব্ + এ + আ + ক্ + ক্ + এ + ল্। 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেআদব: অভদ্র [বে + আদব]। বিণ। বিদেশী। <ফা. বে + আ. আদব। নেই আদব [ভদ্রতা] যার = নঞ্-বহুব্রী। ৩।৫ বাংলা বানান: ব্ + এ + আ + দ্ + অ + ব্। 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেআদবি: অভদ্রতা। বি। বিদেশী। বেআদব ['বেআদব' দ্রষ্টব্য] + বাং. ই। আদবের [ভদ্রতার] অভাব = অব্যয়ীভাব। ৩।১ বানান: ব্ + এ + আ + দ্ + অ + ব্ + ই।

বেআন্দাজ: বেহিসাব [বে + আন্দাজ]। বিণ। বিদেশী। ফা. বে + >ফা. আনদাজ [>আন্দাজ)। আন্দাজ নেই যার = নঞ-বহুব্রী। ৩।৫ বাংলা বানান: ব্ + এ + আ + ন্ + দ্ + আ + জ্। 'জ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেআন্দাজি, বেআন্দাজী: বেহিসাব। বিণ। বিদেশী। বে আন্দাজ ['বেআন্দাজ' দ্রষ্টব্য] + বাং. ই, ঈ। বাংলা বানান: ব্ + এ + আ

+ ন্ + দ্ + আ + জ্ + ই, ঈ। বি.দ্র.: ন্ + দ্ + আ = ন্দা।

বেআবরু: ইজ্জতভ্রষ্ট। বিণ। বিদেশী। <ফা. বে + ফা. আবরু। বাংলা বানান: ব্ + এ + আ + ব্ + র্ + উ। বি.দ্র.: র্ + উ = রু। 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেইজ্জত, বেইজ্জৎ, বেইজ্জতি: অপদস্থ, সম্ভ্রমহানি। বি, বিণ। বিদেশী। <ফা. বে + আ. ইজ্জত। বাংলা বানান: ব্ + এ + ই + জ্ + জ্ + অ + ত্ [ৎ] + ই। বি.দ্র.: জ্ + জ্ + অ = জ্জ। 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেইমান: বিশ্বাসঘাতক [বে + ইমান]। বিণ। বিদেশী। <ফা. বে + আ. ঈমান্। বাংলা বানান: ব্ + এ + ই + ম্ + আ + ন্। বি.দ্র.: 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেইমানি: বিশ্বাসঘাতকতা। বি। বিদেশী। <ফা. বে + আ. ঈমান + বাং. ই। বাংলা বানান: ব্ + এ + ই + ম্ + আ + ন্ + ই।

বেউড়বাঁশ: কাঁটাযুক্ত বাঁশ। বি। মিশ্র [দেশী + তদ্ভব]। দেশী. বেউড় + তদ্ভব। বাঁশ <সং. বংশ। বানান: ব্ + এ + উ + ড় + বঁ + আ + শ্ + অ। বি.দ্র.: 'ড়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেওজর: ওজরহীন [বে + ওজর]। বিণ। বিদেশী। <ফা. বে + আ. উজর্। বাংলা বানান: ব্ + এ + ও + জ্ + অ + র্। বি.দ্র.: ব্ + এ = বে। শব্দান্তের 'র' এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেওয়া: সন্তানহীনা বিধবা। বি। বিদেশী। <ফা. বেওয়া। বাংলা বানান: ব্ + এ + ও + য় + আ।

বেওয়ারিস: *উত্তরাধিকারীহীন। বিণ। বিদেশী।* <ফা. বে + আ. ওয়ারিস। বাংলা বানান: ব্ + এ + ও + য্ + আ + র্ + ই + স্। শব্দান্তের 'স'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেঁক, বাঁক: বক্রতা। বি। ক্রি। তদ্ভব। <সং. বঙ্ক। বানান: বঁ + এ [আ] + ক্ + অ।

বেঁকা, বাঁকা: বক্র। বিণ। তদ্ভব। বেঁক, বাঁক [বেঁক, বাঁক দ্রষ্টব্য] + বাং. আ। বানান: বঁ + এ + ক্ + আ, বঁ + আ + ক্ + আ।

বেঁজি, বেজি: নেউল। বি। দেশী। বানান: বঁ [ব্] + এ + জ্ + ই।

বেঁড়ে: লেজকাটা, বেঁটে। বিণ। তদ্ভব। <সং. বণ্ড + বাং. এ <ইয়া। বানান: বঁ + এ + ড় + এ।

বেঁধা, বেঁধান: ছিদ্র করানো। ক্রি। তদ্ভব। <সং. ব্যধ্। 'ব্'-এর নাসিক্যীভবন হয়েছে। বানান: বঁ + এ + ধ্ + আ, নু + অ।

বেকসুর: নিরপরাধ [বে + কসুর]। বিণ। বিদেশী। <ফা. বে + আ. কসূর। বাংলা বানান: ব্ + এ + ক্ + অ + স্ + উ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেকানুন: আইন বহির্ভূত [বে + ফা. কানুন্]। বিণ। বিদেশী। <ফা. বে + আ. কানুন। বাংলা বানান: ব্ + এ + ক্ + আ + ন্ + উ + ন্। শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেকায়দা: মুশকিল [বে + কায়দা]। বি। বিদেশী। <ফা. বে + আ. কায়দা। বাংলা বানান: ব্ + এ + ক্ + আ + য্ + দ্ + আ। বি.দ্র.: 'য়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেকার: জীবিকাহীন। বিণ। বিদেশী। <ফা. বে + ফা. কার। বাংলা বানান: ব্ + এ + ক্ + আ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেকারি, বেকারী: কর্মহীনতা। বি। বিদেশী। <ফা. *বে + ফা. কার + বাং. ই, ঈ। বাংলা বানান:* ব্ + এ + ক্ + আ + র্ + ই, ঈ।

বেকুব: বোকা। বিণ। বিদেশী। <ফা. বে +

আকুফ, আকুব। বাংলা বানান: ব্ + এ + ক্ + উ + ব্। বি.দ্র.: শব্দান্তের 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেকুবি: বোকামি। বি। বিদেশী। <ফা. বেকুব ['বেকুব' দ্রষ্টব্য] + বাং. ই। বাংলা বানান: ব্ + এ + ক্ + উ + ব্ + ই।

বেখাপ, বেখাপ্পা: বেমানান [বে-+খাপ]। বিণ। বিদেশী। <ফা. বে + খাপ [<ফা. খাম]। বাংলা বানান: ব্ + এ + খ্ + আ + প্ + [প্ + আ]।

বেগ: মুঘল জমিদারের খেতাব। বি। বিদেশী। বাংলা বানান: ব্ + এ + গ্। 'গ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেগ: দ্রুত গতি। বি। তৎসম। বিজ্ + অ। বানান: ব্ + এ + গ্ + অ।

বেগতিক: নিরুপায় [বি +গতিক] বিণ। মিশ্র [বিদেশী + তৎসম]। ফা. বে + গতিক [গতি (গম্ + তি) + ক]। ৬।১, ৬।২ নেই গতি যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + এ + গ্ + অ + ত্ + ই + ক্ + অ।

বেগনি, বেগনী: বেগুনের রং [violet] বিণ। তদ্ভব। <বেগুনী ['বেগুন' (<সং. বাতিঙ্গণ) + বাং. ই, ঈ। বানান: ব্ + এ + গ্ + ন্ + ই, ঈ। বি.দ্র.: 'গ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেগবতী: দ্রুতগতিসম্পন্না। বিণ। তৎসম। বেগ ['বেগ' দ্রষ্টব্য] + বৎ [বতুপ্] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।ঝ বানান: ব্ + এ + গ্ + অ + ব্ + অ + ত্ + ঈ।

বেগবান: দ্রুতিগতিসম্পন্ন। বিণ। তৎসম। বেগ ['বেগ' দ্রষ্টব্য] + বান [বৎ (বতুপ্)। ৬।২ বানান: ব্ + এ + গ্ + অ + ব্ + আ + ন্ + অ।

বেগম: মুসলমান সম্রাটের পত্নী, সম্ভ্রান্ত মহিলা। বি। বিদেশী। <তুর্কী, বেগুম্। বাংলা বানান: ব্ + এ + গ্ + অ + ম্। 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেগার: বিনামজুরিতে খাটুনি। বি। বিদেশী। <ফা. বগইর্। বাংলা বানান: ব্ + এ + গ্ + আ + র্। 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেগার্ত: অত্যন্ত বেগযুক্ত। বিণ। তৎসম। বেগ ['বেগ' দ্রষ্টব্য] + আর্ত [আ + ঋ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [গা]। ২।১।খ আ + ঋ = আর্ [বিকল্পে]। ২।৬ বানান: ব + এ + গ্ + আ + র্ + ত্ + অ। বি.দ্র.: র্ + ত্ + অ= র্ত।

বেগুন: বার্তাকু। বি। তদ্ভব। বেগুন <সং. বাতিঙ্গণ। বানান: ব্ + এ + গ্ + উ + ন্ + অ। বি.দ্র: গ + উ= গু।

বেগুনি, বেগুনী: বেগুনের রং [violet]। বিণ। তদ্ভব। বেগুন ['বেগুন' দ্রষ্টব্য] + বাং, ই, ঈ। ৬।৩ বানান: ব্ + এ + গ্ + উ + ন্ + ই, ঈ। বি.দ্র.: গ্ + উ = গু।

বেগোছ: এলোমেলো [বে-+গোছ]। বিণ। মিশ্র [বিদেশী + তদ্ভব]। <ফা. বে + তদ্ভব. গোছ [<সং. গুচ্ছ]। বানান: ব্ + এ + গ্ + ও + ছ্ + অ।

বেঘোর: অত্যন্ত নিরুপায়। বিণ। তদ্ভব। বে + ঘোর [ঘুর্ + অ]। ৬।১ বে [অতিশয়] ঘোর= অব্যয়ীভাব। ৩।১ বানান: ব্ + এ + ঘ্ + ও + র্ + অ।

বেঙ, ব্যাং, ব্যাঙ: ভেক। বি। তদ্ভব <সং. ব্যঙ্গ। বানান: ব্ + এ [য্ + আ] + ঙ্ [ং]। ঙ্= ঙ।

বেঙাচি: ব্যাঙের ছানা। বি। তদ্ভব। বেঙ ['বেঙ' দ্রষ্টব্য] + আচি। বানান: ব্ + এ + ঙ্ + আ + চ্ + ই।

বেঙ্গমা: রূপকথার শুকপাখি, মতান্তরে, শালিক পাখি। বি। তদ্ভব। <সং. বিহঙ্গমা। বানান: ব্ + এ + ঙ্ + গ্ + অ + ম্ + আ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ।

বেঙ্গমী : রূপকথার স্ত্রী-শুকপাখি। বি। তদ্ভব। <সং. বিহঙ্গমী [ভুল সংস্কৃত]। বানান: ব্ + এ + ঙ্ + গ্ + অ + ম্ + ঈ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ। ম্ + ঈ= মী।

বেচা : বিক্রয়। বি, ক্রি। তদ্ভব। <সং. বি + ক্রী। মতান্তরে, বিদেশী। <হি. বেচ্ <সং.বি + ক্রী।

বেচাকেনা : ক্রয়-বিক্রয়। বি। তদ্ভব। বেচা ['বেচা' দ্রষ্টব্য] + কেনা [কিন্ (<সং. ক্রী) + আ]। ৬।১ বেচা ও কেনা= দ্বন্দ্ব। ৩।৪ বানান: ব্ + এ + চ্ + আ + ক্ + এ + ন্ + আ।

বেচান, বেচানো : বিক্রি করান। ক্রি। তদ্ভব। বেচা ['বেচা' দ্রষ্টব্য] + আন, আনো। ৬।৩ বানান: ব্ + এ + চ্ + আ + ন্ + অ [ও]।

বেচারা : অভাগা। বিণ। বিদেশী। <ফা. বেচারা। বানান: ব্ + এ + চ্ + আ + র্ + আ।

বেচারি, বেচারী : অভাগা। বিণ। বিদেশীর। <ফা. বেচারা + বাং. ই, ঈ। ৬।৩ বানান: ব্ + এ + চ্ + আ + র্ + ই, ঈ।

বেচাল : বেয়াড়া [বে-+চাল]। বিণ। তদ্ভব। বে + চাল [<সং. চল্ + অ]। ৬।১ বানান: ব্ + এ + চ্ + আ + ল্ + অ।

বেজন্মা : জারজ। বিণ। তদ্ভব। বে + জন্মা [<জন্মন্]। বানান: ব্ + এ + জ্ + অ + ন্ + ম্ + আ। বি.দ্র.: ন্ + ম্ + আ= ন্মা।

বেজাত : জাতিচ্যুত, জারজ। বিণ। তদ্ভব। বে + জাত [জন্ + ত]। ৬।১ বান্‌ান: ব্ + এ + জ্ + আ + ত্ + অ।

বেজায় : মাত্রাহীন। বিণ। <ফা. বেজায়। বানান: ব্ + এ + জ্ + আ + য়্। বি.দ্র.: 'য়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেজার : বিরক্ত। বিণ। বিদেশী। <ফা. বেজার্। বানান: ব্ + এ + জ্ + আ + র্। বি.দ্র.: 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেজুত : যা জুতসই নয়। বিণ। বিদেশী। বাং. বে + জুত [<হি. জোড়]। বানান: ব্ + এ + জ্ + উ + ত্। বি.দ্র.: 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেজোট : জোটমুক্ত। বিণ। বিদেশী। বাং. বে + জোট [<হি. জোড়]। বানান: ব্ + এ + জ্ + ও + ট্। বি.দ্র.: 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেজোড় : যার জোড়া নেই। বিণ। বিদেশী। বাং. বে + হি. জোড়। বানান: ব্ + এ + জ্ + ও + ড়্। 'ড়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেঞ্চ : উঁচু ও লম্বা কাষ্ঠাসন। বি। বিদেশী। <ইং. bench. বাংলা বানান: ব্ + এ + ঞ্ + চ্। বি.দ্র.: ঞ্ + চ্= ঞ্চ।

বেটা : অবজ্ঞায় পুরুষজাতীয়, ছেলে। বি। তদ্ভব। <সং. বটু। বানান: ব্ + এ + ট্ + আ।

বেটাছেলে : পুত্রসন্তান, পুরুষমানুষ। বি। তদ্ভব। বেটা [<সং. বটু] + ছেলে [ছেলিয়া <সং. শাবক]। বানান: ব্ + এ + ট্ + আ + ছ্ + এ + ল্ + এ।

বেটাইম : অসময়। বি। বিদেশী। বাং. কে + ইং. time. বাংলা বানান: ব্ + এ + ট্ + আ + ই + ম্। বি.দ্র.: শব্দান্তের 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেটাচ্ছেলে : গালি। বি। তদ্ভব। বেটা ['বেটা' দ্রষ্টব্য] + ছেলে [ছেলিয়া <সং. শাবক]। [সন্ধি] আ + ছে= আচ্ছে। বানান: ব্ + এ + ট্ + আ + চ্ + ছ্ + এ + ল্ + এ।

বেটি, বেটী : মেয়ে। বি। তদ্ভব। বেটা ['বেটা' দ্রষ্টব্য] + ই, ঈ [স্ত্রী]। বানান: ব্ + এ + ট্ + ই [ঈ]।

বেটে : পাটের দড়ি, দড়ির বৃত্তাকার বান্ডিল, মোটা দড়ি। বি। তদ্ভব। বেটে <পেটে <পাটিয়া [পাট (<সং. পট্ট) + বাং. ইয়া]। বানান: ব্ + এ + ট্ + এ

বেঠিক : ভুল [বে + ঠিক]। বিণ। তদ্ভব। বাং.

বে + তদ্ভব. ঠিক [<প্রা. ঠিঅ সং. স্থিত]। বানান: ব্ + এ + ঠ্ + ই + ক্ = ক।

বেড়: বেষ্টন। বি। তদ্ভব। <বেষ্ট [<সং. বেষ্ট্ + অ]। ৬।১ বানান: ব্ + এ + ড়্। ড়্= ড়।

বেড়া: বেষ্টনী। বি। তদ্ভব। বেড় ['বেড়' দ্রষ্টব্য + বাং. আ]। বানান: ব্ + এ + ড়্ + আ।

বেড়ান, বেড়ানো: ভ্রমণ বা পায়চারি করা। ক্রি। তদ্ভব। বেড়্ [<সং. বেষ্ট্] + বাং. আন, আনো। বানান: ব্ + এ + ড়্ + আ + ন্ + অ [ও]।

বেড়ি: পা বাঁধবার শিকল, হাঁড়ির কানা বেষ্টন করে ধরবার যন্ত্র, হাতাবেড়ি। বি। তদ্ভব। বেড়, ['বেড়' দ্রষ্টব্য] + বাং. ই। বানান: ব্ + এ + ড়্ + ই।

বেড়ে: চমৎকার। বিণ। বিদেশী। <হি. বঢ়িয়া। বানান: ব্ + এ + ড়্ + এ।

বেড়েন: লাঠির দ্বারা প্রহার। বি। দেশী। < বাড়ি [লাঠি বা ছড়ি] + বাং. আন। বানান: ব্ + এ + ড়্ + এ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেড়েলা: এক প্রকার গুল্মের ঝাড়। বি। তদ্ভব। <সং. 'বলা' বা 'বাট্যালক'। বানান: ব্ + এ + ড়্ + এ + ল্ + আ।

বেডৌল: সামঞ্জস্যহীন গড়ন [বে+ডৌল]। বিণ। বিদেশী। বাং. বে + হি. ডৌল্। বানান: ব্ + এ + ড্ + ঔ + ল্। শব্দান্তের 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেঢং: বেমানান। বিণ। দেশী। বাং. বে + দেশী. ঢং। বানান: ব্ + এ + ঢ্ + অ + ং।

বেঢপ: বেমানান। বিণ। দেশী। বাং. বে + দেশী. ঢপ্। বানান: ব্ + এ + ঢ্ + অ + প্। শব্দান্তের 'প'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেণি, বেণী: বিনুনি। বি। তৎসম। বানান: ব্ + এ + ণ্ + ই, ঈ। বি.দ্র. : 'বেণি' বা 'বেণী'-র 'ণ' স্বাভাবিক।

বেণিসংহার: বেণীবন্ধন। বি। তৎসম। বেণি ['বেণি' দ্রষ্টব্য] + সংহার [সম্ + হৃ + অ]। ৬।১ বেণির সংহার [বন্ধন, এখানে ভীম কর্তৃক দ্রৌপদীর বেণীবন্ধন]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + এ + ণ্ + ই + স্ + অ + ং + হ্ + আ + র্ + অ।

বেণু: বাঁশ, বাঁশি। বি। তৎসম। <সং. বেণু। বানান: ব্ + এ + ণ্ + উ। বি.দ্র. : 'বেণু'-র 'ণ' স্বাভাবিক।

বেত: বেত্র। বি। তদ্ভব। <সং. বেত্র। বানান: ব্ + এ + ত্ । বি.দ্র. : 'ত্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বে-তদবির: তত্ত্বাবধানের অভাব। বি। বিদেশী। বাং. বে + আ. তদ্বীর। তদবিরের অভাব= অব্যয়ীভাব। ৩।১ বাংলা বানান: ব্ + এ + ত্ + অ + দ্ + ব্ + ই + র্। বি.দ্র. : 'দ্' ও 'র্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেতন: মাহিনা। বি। তৎসম। <সং. বী + তন। ৬।১ বানান: ব্ + এ + ত্ + অ + ন্ + অ।

বেতমীজ: অশিষ্ট। বিণ। বিদেশী। ফা. বে + আ. তমীজ। বাংলা বানান: ব্ + এ + ত্ + অ + ম্ + ঈ + জ্। বি.দ্র. : 'জ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেতরিবত, বেতরিবৎ: অভদ্র [বে+তরিবৎ]। ফা. বে + ফা. তর্বীয়ৎ। নয় তরিবত= নঞ্-তৎ। ৩।৩ বাংলা বানান: ব্ + এ + ত্ + অ + র্ + ই + ব্ + অ + ত্ [ৎ]। বি.দ্র. : শব্দান্তের 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেতস: বেতগাছ। বি। তৎসম। বে [বয়ন করা] + ['ত' আগম] + অস। ৬।১ বানান: ব্ + এ + ত্ + অ + স্ + অ।

বেতান, বেতানো: বেত দিয়ে প্রহার করা। ক্রি। তদ্ভব। বেত [<বেত্র] + বাং. আন, আনো। ৬।৩ বানান: ব্ + এ + ত্ + আ + ন্ + অ [ও]।

বেতার: তারহীন, রেডিও। বিণ, বি। তদ্ভব। বাং. বে + সং. তার [তৃ + অ]। ৬।১ নেই তার যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + এ + ত্ + আ + র্ + অ।

বেতারবার্তা: আকাশবাণী। বি। মিশ্র [তদ্ভব + তৎসম]। বেতার ['বেতার' দ্রষ্টব্য] + বার্তা [বৃত্তি ('লোকবৃত্তি') + অ + আ]। ৬।১ নেই তার যার = বহুব্রী। ৩।৫ বেতার-প্রচারিত বার্তা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + এ + ত্ + আ + র্ + অ + ব্ + আ + র্ + ত্ + আ।

বেতারযন্ত্র: রেডিও। বি। মিশ্র [তদ্ভব + তৎসম]। বেতার ['বেতার' দ্রষ্টব্য] + যন্ত্র [যন্ত্র্ + অ]। ৬।১ বেতার-নির্মিত যন্ত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + এ + ত্ + আ + র্ + অ + য্ + অ + ন্ + ত্ + র্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ= ন্ত্র।

বেতাল: ভূত। বি। তৎসম। বে [বাতাসে] + তাল] বানান: ব্ + এ + ত্ + আ + ল্ + অ।

বেতাল: [সঙ্গীতের] তালের বিপর্যয়। বি। তদ্ভব। বাং. বে + সং. তাল। তালের অভাব [বৈপরীত্য] = অব্যয়ীভাব। ৩।১ বানান: ব্ + এ + ত্ + আ + ল্ + অ।

বেতালা: এলোমেলো, তানলয়হীন। বেতাল [বেতাল (সঙ্গীতের তালের বিপর্যয়) দ্রষ্টব্য] + বাং. আ। ৬।৩ তাল-বোধ নেই যার বা যাতে= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + এ + ত্ + আ + ল্ + আ।

বেতো: বাতরোগগ্রস্ত। বিণ। তদ্ভব। < সং. বাত + বাং. ও <উয়া। বানান: ব্ + এ + ত্ + ও।

বেত্তা: জ্ঞাতা। বিণ। তৎসম। বিদ্ + তা [<তৃ = তৃচ্]। ৬।১ বানান: ব্ + এ + ত্ + ত্ + আ। বি.দ্র.: ত্ + ত্ + আ= ত্তা।

বেত্র: বেতগাছ, বেতের ছড়ি। বি। তৎসম। বী + ত্র। ৬।১ বানান: ব্ + এ + ত্ + র্ + অ। বি.দ্র.: ত্ + র্ + অ= ত্র।

বেত্রদণ্ড: বেতের ছড়ি। বি। তৎসম। সং. বেত্র ['বেত্র' দ্রষ্টব্য] + দণ্ড [দণ্ড্ + অ]। ৬।১ বেত্র-নির্মিত দণ্ড = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + এ + ত্ + র্ + অ + দ্ + অ + ণ্ + ড্ + অ। বি.দ্র.: ত্ + র্ + অ= ত্র। 'দণ্ড' শব্দে 'ড'-এর আগে 'ণ্' হয়েছে। ণ্ + ড্ + অ=ণ্ড। বেত্রাঘাতের দ্বারা শাস্তি।

বেত্রধর: বেত্রদণ্ডধারী। বিণ। তৎসম। বেত্র ['বেত্র' দ্রষ্টব্য] + ধর [ধৃ+অ]। ৬।১ বেত্র ধারণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + এ + ত্ + র্ + অ + ধ্ + অ + র্ + অ। ত্ + র্ + অ= ত্র।

বেত্রপাণি: বেত্রদণ্ডধারী। বিণ। তৎসম। বেত্র ['বেত্র' দ্রষ্টব্য] + সং. পাণি [পণ্ + ই]। ৬।১ বেত্র পাণিতে যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + এ + ত্ + র্ + অ + প্ + আ + ণ্ + ই। বি.দ্র.: পাণি [হাত]-এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

বেত্রবতী: প্রাচীন মালবদেশের নদী। বি। তৎসম। সং. বেত্রবৎ + ঈ [স্ত্রী]। ৭।১।গ বেত্রের মতো যে নদী। বানান: ব্ + এ + ত্ + র্ + অ + ব্ + অ + ত্ + ঈ। বেত্রবন-সমন্বিতা।

বেত্রাঘাত: বেতের দ্বারা প্রহার। বি। তৎসম। বেত্র ['বেত্র' দ্রষ্টব্য] + আঘাত [আ + হন্ +অ]। ৬।১ [সন্ধি] অ+ আ = আ [ত্রা]। ২।১।খ বেত্রের দ্বারা আঘাত= করণতৎ। ৩।৩ বানান: ব্ + এ + ত্ + র্ + আ + ঘ্ + আ + ত্ + অ। বি.দ্র.: ত্ + র্ + আ= ত্রা।

বেত্রাহত: বেতের দ্বারা প্রহৃত। বেত্র ['বেত্র' দ্রষ্টব্য] + আহত [আ + হন্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [ত্রা]। ২।১।খ বেত্রের দ্বারা আহত= করণতৎ। ৩।৩ বানান: ব্ + এ + ত্ + র্ + আ + হ্ + অ + ত্ + অ। বি.দ্র.: ত্ + র্ + আ= ত্রা।

বেথুয়া: শাক। বি। তদ্ভব। <সং. বাস্তুক। বানান: ব্ + এ + থ্ + উ + য়্ + আ।

বেথো: শাক। বি। তদ্ভব। <বাথুয়া ['বাথুয়া' দ্রষ্টব্য]। বানান: ব্ + এ + থ্ + ও।

বেদ: অনধিগম্য জ্ঞান যার মধ্যে বিধৃত। বি। তৎসম। বিদ্ [জানা] + অ। ৬।১ বানান: ব্ + এ + দ্ + অ।

বেদখল: দখলচ্যুত। বিণ। বিদেশী। ফা. বে + আ. দখল্। নেই দখল যাতে= নঞ্-বহুব্রী। ৩।৫ বানান: ব্ + এ + দ্ + অ + খ্+ অ + ল।

বেদখলি, বেদখলী: বে-আইনীভাবে দখলীকৃত। বিণ। বিদেশী। ফা. বে + আ. দখল + বাং. ই, ঈ। নেই দখল যাতে= নঞ্-বহুব্রী। ৩।৫ বানান: ব + এ + দ্ + অ + খ্ + অ + ল্ + ই, ঈ।

বেদজ্ঞ: যিনি বেদ জানেন। বিণ। তৎসম। বেদ ['বেদ' দ্রষ্টব্য] + জ্ঞ [জ্ঞা (জানা) + অ]। ৬।১ বেদ জানেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + এ + দ্ + অ + জ্ + ঞ + অ। বি.দ্র.: জ্ + ঞ্ + অ= জ্ঞ।

বেদন: অনুভূতি। বি। তৎসম। বিদ্ [অনুভব করা] + অন। ৬।১ বানান: ব্ + এ + দ্ + অ + ন্ + অ।

বেদনা: ব্যথা। বি। তৎসম। বিদ্ [অনুভব করা] + অন + আ। ৬।১ বানান: ব্ + এ + দ্ + অ + ন্ + আ।

বেদবাক্য: অভ্রান্ত উক্তি। বি। তৎসম। বেদ ['বেদ' দ্রষ্টব্য] + বাক্য [বচ্ + য (যৎ)]। ৬।১ বেদে উল্লিখিত বাক্য= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + এ + দ্ + অ + ব্ + আ + ক্ + য্ + অ। বি.দ্র.: ক্ + য্ + অ= ক্য।

বেদব্যাস: বেদের বিভাগকর্তা। বি। তৎসম। বেদ ['বেদ' দ্রষ্টব্য] + ব্যাস [বি + আ + অস্ (অংশ বিন্যাস করা) + অ] ৬।১ বেদের অংশ বিন্যাস-কর্তা। বানান: ব্ + এ + দ্ + অ + ব্ + য্ + আ + স্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা।

বেদম: শ্বাসরোধী। বিণ। বিদেশী। <ফা. বে + ফা. দম্। বিগত দম [শ্বাস] যার বা যাতে = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + এ + দ্ + অ + ম্। বি.দ্র.: শব্দান্তের 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেদড়া: বেয়াড়া। বিণ। দেশী। বানান: ব্ + এ + দ্ + অ + ড়্ + আ।

বেদমাতা: গায়ত্রী। বি। তৎসম। বেদ ['বেদ' দ্রষ্টব্য] + মাতা [মা + তা (তৃ <তৃচ্)]। ৬।১ বেদের মাতা= সম্বন্ধতৎ। ৩।৩

বেদল: দলছাড়া। বিণ। মিশ্র [তদ্ভব + তৎসম]। বে [<সং. বি] + দল [দল্ + অ]। ৬।১ নেই দল যার= নঞ্-বহুব্রী। ৩।৫ বানান: ব্ + এ + দ্ + অ + ল্ + অ।

বেদস্তুর: প্রথাবিরুদ্ধ। বিণ। বিদেশী। <ফা. বে + ফা. দস্তুর। বানান: ব্ + এ + দ্ + অ + স্ + ত্ + উ + র্। বি.দ্র.: স্ + ত্ + উ= স্তু। 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেদাগ: দাগহীন। বিণ। বিদেশী। <ফা. বে + ফা. দাগ। বানান: ব্ + এ + দ্ + আ + গ। 'গ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেদাঙ্গ: বেদের আনুষঙ্গিক ছয় প্রকার শাস্ত্র। বি। তৎসম। সং. বেদ ['বেদ' দ্রষ্টব্য] + সং. অঙ্গ [অঙ্গ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ। [দা]। ২।১।ক বেদের অঙ্গ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + এ + দ্ + আ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ=ঙ্গ।

বেদানা: খুব ছোট দানাযুক্ত ডালিম। বি। বিদেশী। <ফা. বিহিদানা। বাংলা বানান: ব্ + এ + দ্ + আ + ন্ + আ।

বেদান্ত: বেদের অন্ত্যভাগ, উপনিষৎ। বি। তৎসম। বেদ ['বেদ' দ্রষ্টব্য] + অন্ত [অম্ + ত]। ৬।১

[সন্ধি] অ + অ= আ [দা]। ২।১।ক বেদের অন্ত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + এ + দ্ + আ + ন্ + ত্ + অ।

বেদান্তবাদী: বৈদান্তিক। বিণ। তৎসম। বেদান্ত ['বেদান্ত' দ্রষ্টব্য] + বাদী [বদ্ (বলা) +ইন্ (ঈ)]। ৬।১ বেদান্ত বিষয়ে বলেন যিনি= উপপদ-তৎ। ৩।৩ বানান: ব্ + এ + দ্ + আ + ন্ + ত্ + অ + ব্ + আ + দ্ + ঈ।

বেদি, বেদী: যজ্ঞ পূজা ইত্যাদির নিমিত্ত নির্মিত উচ্চভূমি। বিদ্ + ই , ঈ। ৬।১ বানান: ব্ + এ + দ্ + ই,ঈ [বিকল্পে]।

বেদিকা: যজ্ঞ পূজা ইত্যাদির নিমিত্ত নির্মিত উচ্চভূমি। বি। তৎসম। বেদি + ক + আ [স্ত্রী]। ৬।১ বানান: ব্ + এ + দ্ + ই + ক্ + আ।

বেদিয়া: ভারতের যাযাবর জাতি। বি। দেশী। বানান: ব্ + এ + দ্ + ই + য় + আ। >বেদে [চলিত]।

বেদুইন: আরবের যাযাবর জাতি। বি। বিদেশী [<ইং. bedouin] বাংলা বানান: ব্ + এ + দ্ + উ + ই + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেদে: ভারতের যাযাবর জাতি। বি। দেশী। <দেশী. বেদিয়া। বানান: ব্ + এ + দ্ + এ।

বেদেনী: বেদে জাতির স্ত্রীলোক। বি। দেশী। বেদে ['বেদে' দ্রষ্টব্য] + নী [স্ত্রী]। ৭।১।ঘ বানান: ব্ + এ + দ্ + এ + ন্ + ঈ।

বেদ্য: জ্ঞাতব্য। বিণ। তৎসম। বিদ্ [জানা] + য [যৎ]। ৬।১ বানান: ব্ + এ + দ্ + য্ + অ। বি.দ্র.: দ্ + য্ + অ= দ্য।

বেধ: গভীরতা। বি। তৎসম। বিধ্ + অ। ৬।১ বানান: ব্ + এ + ধ্ + অ।

বেধক: বিদ্ধকারী। বিণ। তৎসম। বিধ্ + অক। ৬।১ বানান: ব্ + এ + ধ্ + অ + ক্ + অ।

বেধড়ক: বেজায়। বিণ। বিদেশী। < ফা. বে + হি. ধড়ক। বাংলা বানান: ব্ + এ + ধ্ + অ + ড়্ + অ + ক্। বি.দ্র.: শব্দান্তের 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেধন: বিদ্ধকরণ। বি। তৎসম। বিধ্ + অন। ৬।১ বানান: ব্ + এ + ধ্ + অ + ন্ + অ।

বেধনিকা: বেধনযন্ত্র। বি। তৎসম। বেধন ['বেধন' দ্রষ্টব্য] + ইক [< অক] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ বানান: ব্ + এ + ধ্ + অ + ন্ + ই + ক্ + আ।

বেধনী: বেধনযন্ত্র। বি। তৎসম। বেধন ['বেধন' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + এ + ধ্ + অ + ন্ + ঈ।

বেধনীয়: বেধনযোগ্য। বিণ। তৎসম। বিধ্ + অনীয়। ৬।১ বানান: ব্ + এ + ধ্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র.: শব্দান্তের 'ঈয়' 'অনীয়' প্রত্যয়জনিত।

বেধ্য: বেধনযোগ্য। বিণ। তৎসম। বিধ্ + য [যৎ]। ৬।১ বানান: ব্ + এ + ধ্ + য্ + অ। বি.দ্র.: ধ্ + য্ + অ= ধ্য।

বেনজির: যার নজির নেই। বিণ। বিদেশী। < ফা. বে + < আ. নজির। বাংলা বানান: ব্ + এ + ন্ + অ + জ্ + ই + র্। বি.দ্র.: শব্দান্তের 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেনা: খসখস। বি। তদ্ভব। সং. বীরণ। বানান: ব্ + এ + ন্ + আ।

বেনাম: প্রকৃত নামের বদলে অন্য নাম। বি। মিশ্র [বিদেশী + তৎসম]। < ফা. বে + < সং. নাম [নামন্]। বানান: ব্ + এ + ন্ + আ + ম্ + অ।

বেনামদার: প্রকৃত ব্যক্তির বদলে যার নাম মালিকরূপে ব্যবহৃত। বিণ। মিশ্র [বিদেশী + তৎসম]। < ফা. বে + সং. নাম + ফা. দার। বাংলা বানান: ব্ + এ + ন্ + আ + ম্

। অ + দ্ + আ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেনামা: প্রকৃত নামের বদলে অন্য নাম যুক্ত, নামহীন। বিণ। মিশ্র [বিদেশী + তৎসম]। < ফা. বে + নামা [নামন্]। বানান: ব্ + এ + ন্ + আ + ম্ + আ।

বেনামী: প্রকৃত নামের বদলে অন্য নাম যুক্ত, নামহীন। বিণ। মিশ্র। [বিদেশী + তদ্ভব]। < ফা. বে + তদ্ভব. নামী [নাম + বাং. ঈ]। বানান: ব্ + এ + ন্ + আ + ম্ + ঈ।

বেনারসী: বারাণসীতে প্রস্তুত। বিণ। বিদেশী। বেনারস [Benaras] + বাং. ঈ। ৬।৩ বাংলা বানান: ব্ + এ + ন্ + আ + র্ + অ + স্ + ঈ।

বেনিয়া: বেনে, ব্যবসায়ী। বি। বিদেশী। < হি. বনিয়া < সং. বণিক। বাংলা বানান: ব্ + এ + ন + ই + য্ + আ।

বেনিয়ান: ইউরোপীয় ব্যবসায়ীদের দালাল বা মুৎসুদ্দী। বি। বিদেশী। < ইং. Benian. বাংলা বানান: ব্ + এ + ন্ + ই + য্ + আ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেনিয়ান: গেঞ্জির আকারের খাটো জামা। বি। বিদেশী। < আ. বয়নিয়ন্। বাংলা বানান: ব্ + এ + ন্ + ই + য্ + অ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেনে: ব্যবসায়ী। বি। বিদেশী। বেনে < বেনিয়া < হি. বনিয়া]। বাংলা বানান: ব্ + এ + ন্ + এ।

বেনো: বন্যা দ্বারা বাহিত। বিণ। তদ্ভব। < বান (< সং. বন্যা) + বাং. উয়া। বানান: ব্ + এ + ন্ + ও।

বেপথু: কম্পন। বি। তৎসম। বেপ্ + অথু। ৬।১ বানান: ব্ + এ + প্ + অ + থ্ + উ।

বেপথুমান: কম্পমান। বিণ। তৎসম। বেপথু ['বেপথু' দ্রষ্টব্য] + মান [< মৎ]। ৬।২ বানান: ব্ + এ + প্ + অ + থ্ + উ + ম্ + আ + ন্। শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেপন: কম্পন। বি। তৎসম। বেপ্ + অন। ৬।১ বানান: ব্ + এ + প্ + অ + ন্ + অ।

বেপমান: কম্পমান। বিণ। তৎসম। বেপ্ + মান [শানচ্]। ৬।১ বানান: ব্ + এ + প্ + অ + ম্ + আ + ন্ + অ।

বেপরদা, বেপর্দা: বে-আবরু, সুবের ভুল পর্দা। বিণ। বিদেশী। < ফা. বে + ফা. পর্দ + বাং. আ। ৬।৩ বাংলা বানান: ব্ + এ + প্ + অ + র্ + দ্ + আ। বি.দ্র.: 'র্' ও 'দ' যুক্ত করলে 'র্দ' হবে। যুক্ত না হলে 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেপরোয়া: ভয়-লজ্জা-সঙ্কোচহীন। বিণ। বিদেশী। < ফা. বে + ফা. পরওয়া। বাংলা বানান: ব্ + এ + প্ + অ + র্ + ও + য্ + আ। বি.দ্র.: র্ + ও= রো।

বে-পাড়া: ভিন্ন পাড়া। বি। তদ্ভব। বে [< সং. বি] + পাড়া [< সং. পাটক]। বানান: ব্ + এ + প্ + আ + ড্ + আ।

বেপাত্তা: নিখোঁজ, যার কোন সন্ধান নেই। বিণ। বিদেশী। < ফা. বে + হি. পত্তা। বাংলা বানান: ব্ + এ + প্ + আ + ত্ + ত্ + আ। বি.দ্র.: ত্ + ত্ + আ= ত্তা।

বেপার: ব্যবসায়। বি। তদ্ভব। < সং. ব্যাপার। বাংলা বানান: ব্ + এ + প্ + আ + র্। বি.দ্র.: 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেপারি: ব্যবসায়ী। বি। তদ্ভব। বেপার ['বেপার' দ্রষ্টব্য] + বাং. ই। ৬।৩ বানান: ব্ + এ + প্ + আ + র্ + ই।

বেফাঁস: আলগা [ফা]। বিণ। বিদেশী। < ফা. বে < ফা. ফাশ্। বাংলা বানান: ব্ + এ + ফ্ঁ + আ + স্। বি.দ্র.: 'স'-এর হসন্ত-চিহ্ন

নিষ্প্রয়োজন।

বেফায়দা : নিষ্ফল। বিণ। বিদেশী। < ফা. বে + < আ. ফাইদহ্। বাংলা বানান: ব্ + এ + ফ্ + আ + য় + দ্ + আ। বি.দ্র.: 'য়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেবন্দেজ : অগোছালো। [বে + বন্দেজ]। বিণ। বিদেশী। < ফা. বে + < ফা. বন্দিশ্। বাংলা বানান: ব্ + এ + ব্ + অ + ন্ + দ্ + এ + জ্। বি.দ্র.: 'জ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেবন্দোবস্ত : বিশৃঙ্খল। বিণ। বিদেশী। < ফা. বে + < ফা. বন্দ্ -ও-বস্ত্। বাংলা বানান: ব্ + এ + ব্ + অ + ন্ + দ্ + ও + ব্ + অ + স্ + ত + অ। বি.দ্র.: ন্ + দ্ + ও= ন্দো, স্ + ত্ + অ= স্ত।

বেবাক : সমস্ত। বিণ। বিদেশী। < ফা. বে + আ. বাকী। বাংলা বানান: ব্ + এ + ব্ + আ + ক্। বি.দ্র.: 'ক'-এর হসন্ত -চিহ্ন নিষ্প্রয়োজন।

বেভুল : (অশুদ্ধ) ভুল, বিভ্রান্ত। বিণ। তদ্ভব। < সং. বিহ্বল।

বেমক্কা : অসংযত। বিণ। বিদেশী। ফা. বে + আ. মক্কা [< মওকা]। বাংলা বানান: ব্ + এ + ম্ + অ + ক্ + ক্ + আ। বি.দ্র.: ক্ + ক্ + আ= ক্কা।

বেমানান : বেখাপ্পা।. বিণ। তদ্ভব। বে [< সং. বি] + মানান [মানা + বাং. আন]। ৬।৩ বানান: ব্ + এ + ম্ + আ + ন্ + আ + ন্।

বেমালুম : অজ্ঞাত [বে + মালুম]। বিণ। বিদেশী। < ফা. বে + আ. মালুম। বাংলা বানান: ব্ + এ + ম্ + আ + ল্ + উ + ম্। বি.দ্র.: শব্দান্তের 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেমেরামত : যা মেরামত করা হয়নি। [বে + মেরামত। বিণ। বি. বিদেশী। < ফা. বে + আ. মরাম্মৎ। বাংলা বানান: ব্ + এ + ম্ + এ + র্ + আ + ম্ + অ + ত্। বি.দ্র.: 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেয়াই : বেহাই। বি। তদ্ভব। < সং. বৈবাহিক। বানান: ব্ + এ + য়্ + আ + ই।

বেয়াক্কেল : বে- আক্কেল। বিণ। বিদেশী। < ফা. বে + আ. আক্কেল। বাংলা বানান: ব্ + এ + য় [য়-শ্রুতি] + আ + ক্ + ক্ + এ + ল্। বি.দ্র.: 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেয়াড়া : বেঢপ। বিণ। দেশী। < বেদড়া বা বেদাঁড়া। বানান: ব্ + এ + য়্ + আ + ড় + আ।

বেয়ান : বেহান। বি। তদ্ভব। বেহাই [< সং. বৈবাহিক— ভিন্ন শব্দ দ্বারা স্ত্রীলিঙ্গ] = বেয়ান। বানান: ব্ + এ + য়্ + আ + ন্। বি.দ্র.: 'ন' এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেয়ারা : বাহক। বি। বিদেশী। < ইং. bearer। বাংলা বানান: ব্ + এ + য়্ + আ + র্ + আ।

বেয়ারিং : বিনা-মাশুলে প্রেরিত। বিণ। বিদেশী। < ইং. bearing. বাংলা বানান: ব্ + এ + য়্ + আ + র্ + ই + ং।

বেয়াল্লিশ : বিয়াল্লিশ। বিণ। তদ্ভব। < সং. দ্বা-চত্বারিংশৎ। বানান: ব্ + এ বা ই + য়্ + আ + ল্ + ল্ + ই + শ্ + অ। বি.দ্র.: ল্ + ল্ + ই। ল্লি।

বের : বাহির। বি, বিণ। তদ্ভব। < বাহির < সং. বহিস্। বানান: ব্ + এ + র্।বি.দ্র.: 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বরং, বেরঙ : অন্য রঙ। বি। তদ্ভব। বে [< সং. বি] + সং. রঙ্গ। বানান: ব্ + এ + র্ + অ + ং [ঙ্]। বি.দ্র.: 'ঙ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেরন, বেরনো : বের হওয়া। ক্রি। তদ্ভব। বের [< বাহির < সং বহিস্] + অন, আনো।

বানান: ব্ + এ + র্ + অ + ন্ + অ, ও।

বেরসিক: অরসিক [বে + রসিক]। বিণ। তদ্ভব। বে [< সং. বি] + সং. রসিক [রস + ইক]। ৬।১ নয় রসিক = নঞ্তৎ। ৩।৩ বানান: ব্ + এ + র্ + অ + স্ + ই + ক্ + অ।

বেরাদার: বন্ধু। বি। বিদেশী। < ফা. বিরাদর। বাংলা বানান: ব্ + এ + র্ + আ + দ্ + অ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেরিবেরি: হাত-পা ফোলা-রোগ। বি। বিদেশী। < ইং. beriberi। বাংলা বানান: ব্ + এ + র্ + ই + ব্ + এ + র্ + ই।

বেরুন, বেরুনো: বের হওয়া। ক্রি। তদ্ভব। বের [< বাহির < সং. বহিস্] + বাং. উন, উনো। ৬।৩ বানান: ব্ + এ + র্ + উ + ন্ + অ, ও।

বেল: ১. ঘণ্টা, ২. গাঁট [পাটের] ৩. জামিন। বি। বিদেশী। < ইং. ১. bell. ২. bale, ৩. bail. বাংলা বানান: ব্ + এ + ল্। বি.দ্র.: 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেল: বেলফুল। বি। তদ্ভব। < সং. বেল্লি [মল্লিকা]।

বেল: শ্রীফল [বিল্ব]। বি। তদ্ভব। < সং. বিল্ব। বানান: ব্ + এ + ল্ + অ।

বেলচা: মাটি বালি ইত্যাদি তোলার কোদালের মতো যন্ত্র। বি। বিদেশী। হি. বেল্চা। বাংলা বানান: ব্ + এ + ল্ + চ্ + আ। বি.দ্র.: 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেল্ট্: কোমরবন্ধ। বি। বিদেশী। < ইং. belt। বাংলা বানান: ব্ + এ + ল্ + ট্।

বেলদার: নকশা-কাটা ফিতাযুক্ত, মাটি-কাটা মজুর। বি। বিদেশী। < হি. বেল [কোদাল] + ফা. দার। বানান: ব্ + এ + ল্ + দ্ + আ + র্। বি.দ্র.: 'ল্' ও 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেলদারনী: মাটিকাটা মেয়ে-মজুর। বি। বিদেশী। বেলদার ['বেলদার' দ্রষ্টব্য] + নী [স্ত্রী]। ৭।১।ঘ বাংলা বানান: ব্ + এ + ল্ + দ্ + আ + র্ + ন্ + ঈ। বি.দ্র.: 'ল' ও 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেলন: রুটি লুচি ইত্যাদি বেলবার গোলাকার দণ্ড। বি। তদ্ভব। < সং. বেল্লন। বানান: ব্ + এ + ল্ + অ + ন্। বি.দ্র.: 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেলনা: রুটি লুচি ইত্যাদি বেলবার গোলাকার দণ্ড। বি। তদ্ভব। বেলন ['বেলন' দ্রষ্টব্য] + আ। বানান: ব্ + এ + ল্ + ন্ + আ। বি.দ্র.: 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেলনাকার: বেলনের মতো গোল ও লম্বা [Cylindrical]। বি। তদ্ভব। বেলন ['বেলন' দ্রষ্টব্য] + আকার [আ + কৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [না]।

বেলা: সময়, সমুদ্রের তীর। বি। তৎসম। [বেল্ (গতি, ব্যাপ্তি) + অ + আ। বানান: ব্ + এ + ল্ + আ।

বেলাভূমি: নদী বা সমুদ্রের তীর ভূমি। বি। তৎসম। বেলা ['বেলা' দ্রষ্টব্য] + ভূমি [ভূ + মি]। ৬।১ বেলালগ্ন ভূমি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + এ + ল্ + আ + ভ্ + ঊ + ম্ + ই।

বেলাবেলি: বেলা বা দিনের আলো থাকতে থাকতে। ক্রি- বিণ। তদ্ভব। বেলা ['বেলা' দ্রষ্টব্য] + বেলি [বেলা + বাং. ই]। ৬।৩ বানান: ব্ + এ + ল্ + আ + ব্ + এ + ল্ + ই।

বেলা: বেলুন দিয়ে রুটি লুচি ইত্যাদি তৈরি করা। ক্রি। তদ্ভব। বেল্ [< সং. বেল্ল] + বাং. আ। ৬।৩ বানান: ব্ + এ + ল্ + আ।

বেলুন: গ্যাসদ্বারা চালিত ফানুস। বি। বিদেশী। < ইং. balloon। বাংলা বানান: ব্ + এ + ল্ + উ + ন্। বি.দ্র.: 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেলুন : রুটি, লুচি ইত্যাদি বেলবার গোলাকার দণ্ড। বি। তদ্ভব। বেল্ [< সং. বেল্ল] + বাং. উন। ৬।৩ বানান : ব্ + এ + ল্ + উ + ন্। বি.দ্র. : 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেলে : বালুকাপূর্ণ। বিণ। তদ্ভব। < বালি [< সং. বালুকা] + বাং. ইয়া = এ। ৬।৩ বানান : ব্ + এ + ল্ + এ।

বেলেল্লা : বখাটে। বিণ। বিদেশী। < ফা. বে + আ. লিল্লাহ। বাংলা বানান : ব্ + এ + ল্ + এ + ল্ + ল্ + আ। বি.দ্র. : ল্ + ল্ + আ= ল্লা।

বেলোয়ারি : স্ফটিকের মতো পলতোলা কাচ দ্বারা নির্মিত। বিণ। বিদেশী। < ফা. বিলৌরী। বাংলা বানান : ব্ + এ + ল্ + ও + য্ + আ + র্ + ই।

বেল্লিক : বেহায়া। বিণ। তদ্ভব। < সং. ব্যলীক। বানান : ব্ + এ + ল্ + ল্ + ই + ক্। 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেশ : পোশাক। বি। তৎসম। বিশ্ + অ। ৬।১ বানান : ব্ + এ + শ্ + অ।

বেশ : উত্তম। বিণ, অব্য। বিদেশী। < ফা. বেশ্। বাংলা বানান : ব্ + এ + শ্। বি.দ্র. : 'শ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেশবাস : বসন-ভূষণ। বি। তৎসম। বেশ [বিশ্ + অ] + বাস [বস্ + অ]। ৬।১ বেশ ও বাস [বসন]= দ্বন্দ্ব। ৩।৪ বানান : ব্ + এ + শ্ + অ + ব্ + আ + স্ + অ।

বেশবিন্যাস : সাজসজ্জাকরণ। বি। তৎসম। বেশ ['বেশ' (পোশাক) দ্রষ্টব্য] + বিন্যাস [বি + নি + আস্ + অ]। ৬।১ [সন্ধি] ই + আ= যা (ন্যা)। ২।৭।খ বেশের বিন্যাস= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + এ + শ্ + অ + ব্ + ই + ন্ +য্ + আ + স্ + অ। বি.দ্র. : ন্ + য্ + আ= ন্যা।

বেশভূষা : বসন-ভূষণ। বি। তৎসম। বেশ [বিশ্ + অ] + ভূষা [ভূষ্ + অ + আ]। ৬।১ বেশ ও ভূষা [ভূষণ] = দ্বন্দ্ব। ৩।৪ বানান : ব্ + এ + শ্ + অ + ভ্ + ঊ + ষ্ + আ। বি.দ্র. : ভ্ + ঊ= ভূ। 'ঊ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

বেশি : আধিক্য। বি। বিদেশী। ফা. বেশ + বাং. ই। ৬।৩ বানান : ব্ + এ + শ্ + ই।

বেশিনী : বেশধারিণী। বিণ। তৎসম। বেশ [বিশ্ + অ] + ইন্ + ঈ [স্ত্রী]। ৭।১।চ বানান : ব্ + এ + শ্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : 'ইন্ + ঈ' যোগের কারণে শব্দান্তে 'ইনী'—আগে 'ই', পরে 'ঈ' হয়েছে।

বেশী : বেশধারী। বিণ। তৎসম। বেশ [বিশ্ + অ] + ইন্ [ঈ]। ৬।২ বানান : ব্ + এ + শ্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

বেশী : অধিক। বিণ। বিদেশী। ফা. বেশ + বাং. ঈ। বি.দ্র. : 'ঈ'-কার যুক্ত হওয়ায় শব্দটি বিশেষণ পদ হয়েছে।

বেশুমার : অসংখ্য। বিণ। বিদেশী। ফা. বে + ফা. শুমার। বানান : ব্ + এ + শ্ + উ + ম্ + আ + র্। বি.দ্র. : 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেশ্ম : গৃহ। বি। তৎসম। বিশ্ + মন্ [ম]। ৬।১ বানান : ব্ + এ + শ্ + ম্ + অ। বি.দ্র. : শ্ + স্ + অ= শ্ম।

বেশ্যা : গণিকা। বিশ্ [প্রবেশ করা] + য [যৎ] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : ব্ + এ + শ্ + য্ + আ। বি.দ্র. : শ্ + য্ + আ= শ্যা।

বেষ্ট : বেষ্টন, বেড়া। বি। তৎসম। বেষ্ট্ + অ। ৬।১ বানান : ব্ + এ + ষ্ + ট্ + অ। ট্-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ঙ।

বেষ্টন : ঘেরা। বি। তৎসম। বেষ্ট্ + অন। ৬।১ বানান : ব্ + এ + ষ্ + ট্ + অ + ন্ +

অ। বি.দ্র.: 'এ'-ব পব এবং 'ট্'-এব আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ঙ।

বেষ্টনী: বেড়া। বি। তৎসম। বেষ্ট্ + অন + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান: ব্ + এ + ষ্ + ট্ + অ + ন্ + ঈ। বি.দ্র.: ১. 'এ'-ব পব এবং 'ট'-এব আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ঙ ২. 'ষ' ও 'ন'-এব মধ্যে 'ট্' থাকায় 'ন' 'ন'-ই থেকেছে। ৪।১।গ

বেষ্টিত: চাবদিকে ঘেবা। বিণ। তৎসম। বেষ্ট্ + ত। ৬।১ বানান: ব্ + এ + ষ্ + ট্ + ই + ত্ + অ। বি.দ্র.: 'এ'-ব পব এবং 'ট'-এব আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ঙ

বেসন: দালেব গুঁড়া। বি। দেশী। বানান: ব্ + এ + স্ + অ + ন্ + অ।

বেসম: দালেব গুঁড়া। বি। দেশী। বানান: ব্ + এ + স্ + অ + ম্ + অ।

বেসবকারী: সবকাবী কর্তৃত্বেব বহির্ভূত। বিণ। বিদেশী। < ফা. বে + ফা. সবকাব + বাং. ঈ। ৬।৩ বানান. ব্ + এ + স্ + অ + ব্ + অ + ক্ + আ + ব্ + ঈ।

বেসাত: পণ্যদ্রব্য। বি। বিদেশী। < আ বিসাৎ। বাংলা বানান: ব্ + এ + স্ + আ + ত। বি.দ্র.: 'ত'-এব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেসাতি: পণ্যবিক্রয়। বি। বিদেশী। বেসাত [< আ. বিসাৎ] + বাং. ঈ। ৬।৩ বাংলা বানান: ব্ + এ + স্ + আ + ত্ + ঈ।

বেসাতী: পসাবী। বিণ। বিদেশী। বেসাত [>আ. বিসাৎ] + বাং. ঈ। ৬।৩ বাংলা বানান: ব + এ + স্ + আ + ত্ + ঈ।

বেসামাল: অসংযত। বিণ। বিদেশী। < হি. সঁভাল্ [< সং. সম্ + বৃ]। বাংলা বানান: ব্ + এ + স্ + আ + ম্ + আ + ল্। বি.দ্র.: 'ল'-এব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেসুর: বিশুদ্ধ সুবেব বহির্ভূত। বিণ। তদ্ভব। বে [< সং. বি] + সুব [< সং. স্বব]। বানান: ব্ + এ + স্ + উ + ব্ + অ।

বেসুরা: বিশুদ্ধসুবেব বহির্ভূত। বিণ। তদ্ভব। বেসুব ['বেসুব' দ্রষ্টব্য] + বাং. আ. ৬।৩ বানান: ব্ + এ + স্ + উ + ব্ + আ।

বেসুরো: বিশুদ্ধ সুবেব বহির্ভূত। শ্রুতিকটু। বিণ। তদ্ভব। বেসুব ['বেসুব' দ্রষ্টব্য] + বাং. ও। ৬।৩ বানান: ব্ + এ + স্ + উ + ব্ + ও।

বেহদ্দ: বেজায়। বিণ। বিদেশী। ফা. বে + আ. হদ্দ]। বাংলা বানান: ব্ + এ + হ্ + অ + দ্ + দ্ + অ। বি.দ্র: দ্ + দ্ + অ= দ্দ।

বেহাই: পুত্রেব বা কন্যাব শ্বশুব। বি। তদ্ভব। < সং. বৈবাহিক। বানান: ব্ + এ + হ্ + আ + ই।

বেহান: পুত্র বা কন্যাব শাশুড়ী, বেয়ান। বি। তদ্ভব। 'বেহাই' শব্দেব স্ত্রীলিঙ্গেব রূপ। বানান: ব্ + এ + হ্ + আ + ন্। বি.দ্র.: 'ন' এব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেহাগ: সঙ্গীতেব বাগ। বি। বিদেশী। < হি. বিহাগ। বাংলা বানান: ব্ + এ + হ্ + আ + গ্। বি.দ্র.: 'গ'-এব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেহাত: হাতছাড়া। বি। তদ্ভব। বে [< সং. বি] + হাত [< সং. হস্ত]। বানান: ব্ + এ + হ্ + আ + ত্ + অ।

বেহায়া: নির্লজ্জ। বিণ। বিদেশী। < ফা. বে + ফা. হয়া। বাংলা বানান: ব্ + এ + হ্ + আ + য্ + আ।

বেহার: বিহাব বাজ্য। বি। তদ্ভব। < সং. বিহাব। চলিত রূপ। বানান: ব্ + এ + হ্ + আ + ব্। বি.দ্র.: 'ব'-এব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেহারা: পালকিবাহক। বি। বিদেশী। <ইং. bearer বাংলা বানান: ব্ + এ + হ্ + আ + ব্ + আ।

বেহাল: দুর্দশাগ্রস্ত। বিণ। বিদেশী। < ফা. বে + আ. হাল্। বাংলা বানান: ব্ + এ + হ্

+ আ + ল্। বি.দ্র.: 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেহালা : তারযুক্ত বাদ্যযন্ত্র। বি। বিদেশী। < পো. viola [কারো কারো মতে, সংস্কৃত 'বাহুলীন' শব্দ থেকে।] বাংলা বানান : ব্ + এ + হ্ + আ + ল্ + আ।

বেহিসাব : অমিতব্যয়ী [বে + হিসাব]। বিণ। বিদেশী। < ফা. বে + আ. হিসাব। বাংলা বানান : ব্ + এ + হ্ + ই + স্ + আ + ব্। বি.দ্র. : 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেহিসাবী : অমিতব্যয়ী। [বে + হিসাব]। বিণ। বিদেশী। < ফা. বে + আ. হিসাব + বাং. ঈ। বাংলা বানান : ব্ + এ + হ্ + ই + স্ + আ + ব্ + ঈ।

বেহুঁশ : অচৈতন্য। বিণ। বিদেশী। < ফা. বে + ফা. হোশ্। বাংলা বানান : ব্ + এ + হ্ঁ + উ + শ্। বি.দ্র. : 'শ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেহেড : কাণ্ডজ্ঞানহীন। বিণ। বিদেশী। < ফা. বে + ইং. head. বাংলা বানান : ব্ + এ + হ্ + এ + ড্। বি.দ্র. : 'ড'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেহেশত : স্বর্গ। বি। বিদেশী। < ফা. বিহিশ্ত্। বাংলা বানান : ব্ + এ + হ্ + এ + শ্ + ত্। ত্= ত।

বেহেস্ত : স্বর্গ। বি। বিদেশী। ফা. বিহিশ্ত্। বাংলা বানান : ব্ + এ + হ্ + এ + স্ + ত্। বি.দ্র. : স্ + ত্= স্ত। বি.দ্র. : 'স্ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বেহ্ম : ব্রাহ্ম। বি, বিণ। অর্ধ-তৎ। < সং. ব্রাহ্ম। বানান : ব্ + এ + হ্ + ম্ + অ। বি.দ্র. : হ্ + ম্ + অ= হ্ম। [বিদ্রূপে]

বৈ : ব্যতীত। অব্য। তদ্ভব। < সং. ব্যতীত। বানান : ব্ + ঐ।

বৈঁচি : টক-মিষ্টি বুনো কুল। বি। দেশী। বানান : ব্ঁ + ঐ + চ্ + ই।

বৈকর্তন : মহাবীর কর্ণ। বি। তৎসম। বিকর্তন [সূর্য] + অ। ৬।২ বানান : ব্ + ঐ + ক্ + অ + র্ + ত্ + অ + ন্ + অ। বি.দ্র. : র্ + ত্ + অ= র্ত। 'র' ও 'ন'-এর মধ্যে 'ত্' থাকায় 'ন' 'ন'-ই থেকেছে। ৪।১।গ

বৈকল্পিক : বিকল্পরূপে গৃহীত। বিণ। তৎসম। বিকল্প + ইক। ৬।২ বানান : ব্ + ঐ + ক্ + অ + ল্ + প্ + ই + ক্ + অ। বি.দ্র. : ল্ + প্ + ই= ল্পি।

বৈকল্য : স্বাভাবিক কাজ করতে অক্ষমতা, বিকলতা। বি। তৎসম। বিকল + য [ষ্ণ্য]। ৬।২ বানান : ব্ + ঐ + ক্ + অ + ল্ + য্ + অ। বি.দ্র. : ল্ + য্ + অ= ল্য।

বৈকাল : বিকাল। বি। তদ্ভব। < সং. বৈকালিক। বানান : ব্ + ঐ + ক্ + আ + ল্। বি.দ্র. : 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বৈকালি, বৈকালী : দেবতার বৈকালিক ভোগ। বিণ। তদ্ভব। বৈকাল ['বৈকাল' দ্রষ্টব্য] + বাং. ই, ঈ। ৬।৩ বানান : ব্ + ঐ + ক্ + আ + ল্ + ই, ঈ।

বৈকালিক : বিকালবেলার। বিণ। তৎসম। বিকাল + ইক। ৬।২ বানান : ব্ + ঐ + ক্ + আ + ল্ + ই + ক্ + অ।

বৈকালিকী : যা বিকালবেলায় ঘটে। বি। তৎসম। বৈকালিক ['বৈকালিক' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ব্ + ঐ + ক্ + আ + ল্ + ই + ক্ + ঈ। বি.দ্র.: আগে 'ই', পরে 'ঈ'।

বৈকালীন : বিকালবেলার। বিণ। তৎসম। বিকাল + ঈন। ৬।২ বানান : ব্ + ঐ + ক্ + আ + ল্ + ঈ + ন্ + অ।

বৈকুণ্ঠ : গোলোক। বি। তৎসম। বিকুণ্ঠা [বিবিধ মায়া] + অ [ষ্ণ]। বানান : ব্ + ঐ + ক্ + উ + ণ্ + ঠ্ + অ। বি.দ্র.: 'ঠ্'-এর আগে

'ণ' হয়েছে। ৪।১।ক ণ্ + ঠ্ + অ = ণ্ঠ।

বৈকুণ্ঠনাথ : বিষ্ণু। বি। তৎসম। বৈকুণ্ঠ ['বৈকুণ্ঠ' দ্রষ্টব্য] + নাথ [নাথ্ + অ]। বানান : ব্ + ঐ + ক্ + উ + ণ্ + ঠ্ + অ + ন্ + আ + থ্ + অ।

বৈকুণ্ঠপতি : বিষ্ণু। বি। তৎসম। বৈকুণ্ঠ ['বৈকুণ্ঠ' দ্রষ্টব্য] + পতি [পা + অতি]। ৬।১ বানান : ব্ + ঐ + ক্ + উ + ণ্ + ঠ্ + অ + প্ + অ + ত্ + ই।

বৈক্লব্য : কাতরতা। বি। তৎসম। বিক্লব + য [ষ্ণ্য]। ৬।১ বানান : ব্ + ঐ + ক্ + ল্ + অ + ব্ + য্ + অ। বি.দ্র.: ক্ + ল্ + অ = ক্ল। ব্ + য্ + অ = ব্য।

বৈগুণ্য : প্রতিকূলতা। বি। তৎসম। বিগুণ + য [ষ্ণ্য]। ৬।২ বানান : ব্ + ঐ + গ্ + উ + ণ্ + য্ + অ। বি.দ্র.: গ্ + উ = গু। ণ্ + য্ + অ = ণ্য। 'গুণ' শব্দের 'ণ' স্বাভাবিক 'ণ'।

বৈচিত্ত্য : মতিভ্রংশ। বি। তৎসম। বিচিত্ত + য [ষ্ণ্য]। ৬।২ বানান : ব্ + ঐ + চ্ + ই + ত্ + ত্ + য্ + অ। বি.দ্র.: ত্ + ত্ + য্ + অ = ত্ত্য।

বৈচিত্র্য, বৈচিত্র : বিচিত্রতা। [সং. বিচিত্র + য, অ]। বি। তৎসম। বিচিত্র + য [ষ্ণ্য], অ [ষ্ণ]। ৬।২ বানান : ব্ + ঐ + চ্ + ই + ত্ + র্ + য্ + অ, ব্ + ঐ + চ্ + ই + ত্ + র্ + অ। বি.দ্র.: ত্ + র্ + য্ + অ = ত্র্য, ত্ + র্ + অ= ত্র।

বৈজয়ন্ত : ইন্দ্রলোক, ইন্দ্রের পতাকা। বি। তৎসম। বিজয়ন্ত [বি + জি + অন্ত] + অ [ষ্ণ]। ৬।১, ৬।২ বানান : ব্ + ঐ + জ্ + অ + য্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ = ন্ত।

বৈজয়ন্তী : পতাকা। বি। তৎসম। বৈজয়ন্ত ['বৈজয়ন্ত' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ব্ + ঐ + জ্ + অ + য্ + অ + ন্ + ত্ + ঈ। বি.দ্র. : ন্ + ত্ + ঈ = ন্তী।

বৈজাত্য : বিজাতীয়ের ভাব। বি। তৎসম। বিজাত [বি + জন্ + ত] + য [ষ্ণ্য]। ৬।১, ৬।২ বানান : ব্ + ঐ + জ্ + আ + ত্ + য্ + অ। বি.দ্র.: ত্ + য্ + অ = ত্য।

বৈজ্ঞানিক : বিজ্ঞানসম্মত, বিজ্ঞানবিৎ। বিণ। তৎসম। বিজ্ঞান [বি + জ্ঞা + অন] + ইক। ৬।১, ৬।২ বানান : ব্ + ঐ + জ্ + ঞ্ + আ + ন্ + ই + ক্ + অ। বি.দ্র.: জ্ + ঞ্ + আ = জ্ঞা।

বৈজ্ঞানিকী : বিজ্ঞান-বিষয়কবাবিজ্ঞান-পত্রিকা। বি। তৎসম। বৈজ্ঞানিক + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ব্ + ঐ + জ্ + ঞ্ + আ + ন্ + ই + ক্ + ঈ। বি.দ্র.: জ্ + ঞ্ + আ = জ্ঞা, ক্ + ঈ = কী। আগে 'ই', পরে 'ঈ'।

বৈঠক : সভা। বি। বিদেশী। <হি. বৈঠক। বানান : ব্ + ঐ + ঠ্ + অ + ক্। বি.দ্র.: শব্দান্তের 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বৈঠকি, বৈঠকী : মজলিসী। বিণ। বিদেশী। <হি. বৈঠক ['বৈঠক' দ্রষ্টব্য] + বাং. ই, ঈ। ৬।৩ বানান : ব্ + ঐ + ঠ্ + অ + ক্ + ই, ঈ।

বৈঠা : দাঁড়। বি। তদ্ভব। <সং. বহিত্র। বানান : ব্ + ঐ + ঠ্ + আ।

বৈড়াল : বিড়ালসুলভ। বিণ। তৎসম। বিড়াল + অ [ষ্ণ]। ৬।২ বানান : ব্ + ঐ + ড়্ + আ + ল্ + অ।

বৈড়ালব্রত : ভণ্ডামি। বি। তৎসম। বৈড়াল ['বৈড়াল' দ্রষ্টব্য] + ব্রত [বৃ + অত]। ৬।১ বৈড়াল [বিড়ালসুলভ] যে ব্রত = কর্মধা। ৩।২ বানান : ব্ + ঐ + ড়্ + আ + ল্ + অ + ব্ + র্ + অ + ত্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র।

বৈতনিক : বেতনভোগী। বি। তৎসম। বেতন +

ইক। ৬।২ বানান : ব্ + ঐ + ত্ + অ + ন্ + ই + ক্ + অ।

বৈতরণী : যমদ্বারস্থ নদী। বি। তৎসম। বৈতরণ [বিতরণ + অ] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ যেখানে গোদান ইত্যাদি বিতরণ-কর্মাদি সেরে যমলোকে যাত্রা করতে হয়। বানান : ব্ + ঐ + ত্ + অ + র্ + অ + ণ্ + ঈ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ।

বৈতানি : যজ্ঞ-সংক্রান্ত। বিণ। তৎসম। বিতান [মণ্ডপ, যজ্ঞ] + অ। ৬।২ বানান : ব্ + ঐ + ত্ + আ + ন্ + অ।

বৈতানিক : যজ্ঞ-সংক্রান্ত। বিণ। তৎসম। বিতান [মণ্ডপ, যজ্ঞ] + ইক। ৬।২ বানান : ব্ + ঐ + ত্ + আ + ন্ + ই + ক্ + অ।

বৈতাল : স্তুতিপাঠক। বি। তৎসম। বেতাল + অ। ৬।২ বানান : ব্ + ঐ + ত্ + আ + ল্ +অ।

বৈতালিক : স্তুতিপাঠক। [তাল + ইক]। বি। তৎসম। বেতাল + ইক। ৬।২ বানান : ব্ + ঐ + ত্ + আ + ল্ + ই + ক্ + অ।

বৈতালিকী : রাজরাজড়াদের ঘুম ভাঙানোর জন্য স্তুতি-পাঠকের গান। বি। তৎসম। বৈতালিক ['বৈতালিক' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১ বানান : ব্ + ঐ + ত্ + আ + ল্ + ই + ক্ + ঈ। বি.দ্র.: আগে 'ই', পরে 'ঈ'

বৈতালী : রাজরাজড়াদের ঘুম ভাঙানোর জন্য স্তুতি-পাঠকের গান। বি। তৎসম। বৈতাল ['বৈতাল' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৬।১ বানান : ব্ + ঐ + ত্ + আ + ল্ + ঈ।

বৈদগ্ধ : *বিদগ্ধের ভাব [সং. বিদগ্ধ + অ]। বি।* তৎসম। বিদগ্ধ [বি + দহ্ + ক্ত (যাঁর অজ্ঞানতা দগ্ধ হয়েছে)] + অ। ৬।২ বানান: ব্ + ঐ + দ্ + অ + গ্ + ধ্ + অ। বি.দ্র.: গ্ + ধ্ + অ = গ্ধ।

বৈদগ্ধ্য : বিদগ্ধের ভাব। বি। তৎসম। বিদগ্ধ [বি + দহ্ + ক্ত (যাঁর অজ্ঞানতা দগ্ধ হয়েছে)] + য [গ্ধ্য]। ৬।২ বানান : ব্ + ঐ + দ্ + অ + গ্ + ধ্ + য্ + অ। বি.দ্র.: গ্ + ধ্ + য্ + অ = গ্ধ্য।

বৈদর্ভ : বিদর্ভদেশীয়। বিণ। তৎসম। বিদর্ভ [বি + দর্ভ (দৃ +ভ =কুশতৃণ)]। ৬।১ বিদর্ভ [কুশতৃণহীন দেশ] + অ। ৬।২ বানান : ব্ + ঐ + দ্ + অ + র্ + ভ্ + অ। বি.দ্র.: র্ + ভ্ + অ = র্ভ।

বৈদর্ভী : নলপত্নী দয়মন্তী। বি। তৎসম। বৈদর্ভ ['বৈদর্ভ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ব্ + ঐ + দ্ + অ + ব্ + ভ্ + ঈ। বি.দ্র.: র্ + ভ্ + ঈ = র্ভী।

বৈদান্তিক : বেদান্তদর্শনে পণ্ডিত। বিণ। তৎসম। বেদান্ত + ইক। ৬।২ বানান : ব্ + ঐ + দ্ + আ + ন্ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + ই = ন্তি।

বৈদিক : বেদবিহিত। বিণ। তৎসম। বেদ + ইক। ৬।২ বানান : ব্ + ঐ + দ্ + ই + ক্ + অ।

বৈদূর্য : নীলকান্তমণি। বি। তৎসম। বিদূর [বি + দূর = বিদূর পর্বত] + য [জাত অর্থে]। ৬।২ বিদূর পর্বত থেকে জাত মণি। বানান : ব্ + ঐ + দ্ + ঊ + র্ + য্ + অ। বি.দ্র.: ব্ + ঐ = বৈ, দ্ + ঊ = দূ, র্ + য্ + অ = র্য।

বৈদেশিক। বিদেশ-সংক্রান্ত, বিদেশী। বিণ। তৎসম। বিদেশ + ইক। ৬।২ বানান : ব্ + ঐ + দ্ + এ + শ্ + ই + ক্ + অ।

বৈদেহ : *বিদেহ বা মিথিলার অধিবাসী বা মিথিলায়* উৎপন্ন। বিণ। তৎসম। বিদেহ [মিথিলা] + অ [জাত অর্থে] ৬।২ বানান : ব্ + ঐ + দ্ + এ + হ্ +অ।

বৈদেহী : সীতা। বি। তৎসম। বৈদেহ ['বৈদেহ'

দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বিদেহ [মিথিলা] দেশের রাজকন্যা। বানান : ব্ + ঐ + দ্ + এ + হ্ + ঈ।

বৈদেহিক : অশরীরী। বিণ। তৎসম। বিদেহ [দেহশূন্য] + ইক। ৬।২ বানান : ব্ + ঐ + দ্ + এ + হ্ + ই + ক্ + অ।

বৈদ্য : চিকিৎসক। বি। তৎসম। বৈদ্য [বিদ্যা + য। ৬।২ যিনি সকল বেদে [বিদ্যায়, বিশেষতঃ আয়ুর্বেদে] কুশল। বানান : ব্ + ঐ + দ্ + য্ + অ। বি.দ্র.: দ্ + য্ + অ = দ্য।

বৈদ্যনাথ : দেওঘরের শিব। বি। তৎসম। বৈদ্য ['বৈদ্য' দ্রষ্টব্য] + নাথ [নাথ্ + অ]। ৬।১ বৈদ্যের নাথ [প্রভু] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ঐ + দ্ + য্ + অ + ন্ + আ + থ্ + অ।

বৈদ্যসঙ্কট, বৈদ্যসংকট : চিকিৎসক-বিভ্রাট। বি। তৎসম। বৈদ্য ['বৈদ্য' দ্রষ্টব্য] + সঙ্কট, সংকট [সম্ + কট্ + অ]। ৬।১ বৈদ্যের সঙ্কট বা সংকট = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ঐ + দ্ + য্ + অ + স্ + অ + ঙ্ + [ং] + ক্ + অ + ট্ + অ।

বৈদ্যুত : বিদ্যুদ্‌বিষয়ক। বিণ। তৎসম। বিদ্যুৎ + অ। ৬।১ বানান : ব্ + ঐ + দ্ + য্ + উ + ত্ + অ। বি.দ্র.: দ্ + য্ + উ = দ্যু।

বৈদ্যুতিক : বিদ্যুদ্ বিষয়ক [সং. বিদ্যুৎ + ইক]। বিণ। তৎসম। বিদ্যুৎ + ইক। ৬।১ বানান : ব্ + ঐ + দ্ + য্ + উ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র.: দ্ + য্ + উ =দ্যু।

বৈধ : বিধিসম্মত। বিণ। তৎসম। বিধি + অ। ৬।২ বানান : ব্ + ঐ + ধ্ + অ।

***বৈধতা :** ন্যায্যতা, বিধিসঙ্গতি। বি। তৎসম।* বৈধ ['বৈধ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : ব্ + ঐ + ধ্ + অ + ত্ + আ।

বৈধব্য : স্বামীহীনতা। বি। তৎসম। বিধবা + য [ষ্ণ্য]। ৬।২ বানান : ব্ + ঐ + ধ্ + অ + ব্ + য্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য।

বৈনতেয় : গরুড়, অরুণ। বি। তৎসম। বিনতা + এয় [ঢেয়]। ৬।২ বানান : ব্ + ঐ + ন্ + অ + ত্ + এ + য় + অ।

বৈপরীত্য : বিপরীত ভাব। বি। তৎসম। বিপরীত + য [ষ্ণ্য]। ৬।২ বানান : ব্ + ঐ + প্ + অ + র্ + ঈ + ত্ + য্ + অ। বি.দ্র.: র্ + ঈ = রী, ত্ + য্ + অ = ত্য।

বৈপিত্র : ভিন্ন পিতার ঔরসে জাত সহোদর। বি। তৎসম। বি + পিতা + অ [জাত অর্থে]। বানান : ব্ + ঐ + প্ + ই + ত্ + র্ + অ। বি.দ্র.: ত্ + র্ + অ = ত্র।

বৈপত্রী : ভিন্ন পিতার ঔরসে জাত সহোদরা। বি। তৎসম। বৈপিত্র ['বৈপিত্র' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ব্ + ঐ + প্ + ই + ত্ + র্ + ঈ। বি.দ্র.: ত্ + র্ + ঈ = ত্রী।

বৈপত্রেয় : ভিন্ন পিতার ঔরসে জাত সহোদর। বি। তৎসম। বিপিতা + এয় [ঢেয়]। ৬।২ বানান : ব্ + ঐ + প্ + ই + ত্ + র্ + এ + য় + অ। বি.দ্র.: ত্ + র্ + এ = ত্রে।

বৈপত্রেয়ী : ভিন্ন পিতার ঔরসে জাত ভগিনী। বি। তৎসম। বৈপিত্রেয় ['বৈপিত্রেয়' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ব্ + ঐ + প্ + ই + ত্ + র্ + এ + য় + ঈ। বি.দ্র.: ত্ + র্ + এ = ত্রে, য় + ঈ = য়ী।

বৈপ্লবিক : দ্রুত পরিবর্তনশীল। বিণ। তৎসম। বিপ্লব + ইক। ৬।২ বানান : ব্ + ঐ + প্ + ল্ + অ + ব্ + ই + ক্ + অ। বি.দ্র.: প্ + ল্ + অ = প্ল।

***বৈবস্বত :** সপ্তম মনু। বি। তৎসম। বিবস্বৎ [সূর্য]* + অ। ৬।২ বানান : ব্ + ঐ + ব্ + অ + স্ + ব্ + অ + ত্ + অ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব।

বৈবাহিক : বিবাহ-সম্বন্ধীয়, বেহাই। বিণ, বি।

তৎসম। বিবাহ + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : ব্ + ঐ + ব্ + আ + হ্ + ই + ক্ + অ।

বৈবাহিকা : বেহান। বি। তৎসম। বৈবাহিক ['বৈবাহিক' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ব্ + ঐ + ব্ + আ + হ্ + ই + ক্ + আ।

বৈবাহিকী : বিবাহ-সম্পর্কিত বিষয়। বি। তৎসম। বৈবাহিক ['বৈবাহিক' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ব্ + ঐ + ব্ + আ + হ্ + ই + ক্ + ঈ। বি.দ্র.: আগে 'ই' পরে 'ঈ'।

বৈভব : ঐশ্বর্য। বি। তৎসম। বিভু + অ [ষ্ণ]। ৬।২ বানান : ব্ + ঐ + ভ্ + অ + ব্ + অ।

বৈভবশালী : ঐশ্বর্যশালী। বিণ। তৎসম। বৈভব ['বৈভব' দ্রষ্টব্য] + শালী [শাল্ + ইন্ (ঈ)]। ৬।১ বানান : ব্ + ঐ + ভ্ + অ + ব্ + অ + শ্ + আ + ল্ + ঈ।

বৈভাষিক : বৈকল্পিক। বিণ। তৎসম। বিভাষা + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : ব্ + এ + ভ্ + আ + ষ্ + ই + ক্ + অ। বি.দ্র. : 'ভাষা' শব্দের 'ষ্' স্বাভাবিক 'ষ'।

বৈমাত্র : বিমাতার সন্তান। বি। তৎসম। বিমাতা + অ [ষ্ণ]। ৬।২ বানান : ব্ + ঐ + ম্ + আ + ত্ + র্ + অ। বি.দ্র.: ত্ + র্ + অ = ত্র।

বৈমাত্রেয়ী : সৎ-ভগিনী। বি। তৎসম। বৈমাত্রেয় [বিমাতা + এয় (ঢেয়)] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ব্ + ঐ + ম্ + আ + ত্ + র্ + এ + য্ + ঈ। বি.দ্র.; ত্ + র্ + এ = ত্রে।

বৈমাত্রেয় : বিমাতার সন্তান। বি। তৎসম। বিমাতা + এয় [ঢেয়]। ৬।২ বানান : ব্ + ঐ + ম্ + আ + ত্ + র্ + এ + য্ + অ। বি.দ্র.: ত্ + র্ + এ = ত্রে।

বৈমানিক : বিমান-চালক [pilot]। বি। তৎসম। বিমান + ইক [ষ্ণিক]। বানান : ব্ + ঐ + ম্ + আ + ন্ + ই + ক্ + অ।

বৈয়ম, বৈয়াম : [boiao]কাচ চীনামাটি ইত্যাদির গোল মুখঢাকা পাত্র। বি। বিদেশী। <পো. boiao.বাংলা বানান : ব্ + ঐ + য্ + অ [আ] + ম্। ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বৈয়াকরণ : ব্যাকরণবিদ্। বি। তৎসম। ব্যাকরণ + অ। ৬।২ বানান : ব্ + ঐ + য্ + আ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন' -এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে।

বৈয়াঘ্র : বাঘ-বিষয়ক, ব্যাঘ্র-চর্মাচ্ছাদিত। বিণ। তৎসম। ব্যাঘ্র + অ। ৬।২ বানান : ব্ + ঐ + য্ + আ + ঘ্ + র্ + অ। বি.দ্র.: ঘ্ + র্ + অ = ঘ্র।

বৈয়াসক : ব্যাস-প্রণীত। বিণ। তৎসম। ব্যাস + অক। ৬।২ বানান : ব্ + ঐ + য্ + আ + স্ + অ + ক্ + অ।

বৈয়াসকি : ব্যাসপুত্র শুকদেব। বি। তৎসম। ব্যাস + ক + ই। ৬।২ বানান : ব্ + ঐ + য্ + আ + স্ + অ + ক্ + ই।

বৈয়াসকী : ব্যাস-প্রণীত সংহিতা। বি। তৎসম। ব্যাস + অক + ঈ। ৬।২, ৭।১।গ বানান : ব্ + ঐ + য্ + আ + স্ + অ + ক্ + ঈ।

বৈয়াসিক : ব্যাসপ্রণীত। বিণ। তৎসম। ব্যাস + ইক। ৩।২ বানান : ব্ + ঐ + য্ + আ + স্ + ই + ক্ + অ।

বৈয়াসিকী : ব্যাস-প্রণীত সংহিতা। বি। তৎসম। ব্যাস + ইক + ঈ। ৬।২ ৭।১।গ বানান : ব্ + ঐ + য্ + আ + স্ + ই + ক্ + ঈ। বি.দ্র.: আগে 'ই', পরে 'ঈ'।।

বৈর : শত্রুতা। বি। তৎসম। বীর + অ [ষ্ণ]। ৬।২ বানান : ব্ + ঐ + র্ + অ।

বৈরনির্যাতন : শত্রুর সঙ্গে শত্রুতা। বি। তৎসম।

বৈর ['বৈর' দ্রষ্টব্য] নির্যাতন [নির + যাতন (যত্ + ণিচ্ + অন)]। ৬।১ বৈরের নির্যাতন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ঐ + ব্ + অ + ন্ + ই + র্ + য্ + আ + ত্ + অ + ন্ + অ। বি.দ্র.: র্ + য্ + আ = র্যা।

বৈরাগী : সন্ন্যাসী, বৈষ্ণব-ভিক্ষু। বিণ। তৎসম। বৈরাগ (বিরাগ + অ) + ইন্ (ঈ)]। ৬।২ বানান : ব্ + ঐ + র্ + আ + গ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

বৈরাগ, বৈরাগ্য : বিষয়ে অনাসক্তি। বি। তৎসম। বিরাগ + অ [ষ্ণ], য [ষ্ণ্য]। ৬।২ বানান : ব্ + ঐ + র্ + আ + গ্ + অ [য্ + অ]। বি.দ্র.: গ্ + য্ + অ = গ্য।

বৈরিতা : শত্রুতা। বি। তৎসম। বৈর + ইত [<ইন] + আ। ৬।২ বানান : ব্ + ঐ + র্ + ই + ত্ + আ।

বৈরী : শত্রু। বিণ। তৎসম। বৈর + ইন্ [ঈ]। ৬।২ বানান : ব্ + ঐ + র্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

বৈরূপ্য : বিরূপতা। বি। তৎসম। বিরূপ + য[ষ্ণ্য]। ৬।২ বানান : ব্ + ঐ + র্ + ঊ + প্ + য্ + অ। বি.দ্র.: র্ + ঊ, প্ + য্ + অ = প্য।

বৈলক্ষণ্য : ভাবের ভিন্নতা। বি। তৎসম। বিলক্ষণ + য [ষ্ণ্য]। ৬।২ বানান : ব্ + ঐ + ল্ + অ + ক্ + ষ + অ + ণ্ + য্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ =ক্ষ। 'ষ' ও 'ন' -এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

বৈশাখ : বাংলা সনের প্রথম মাস। বি। তৎসম। বিশাখা + অ [ষ্ণ]। বানান : ব্ + ঐ + শ্ + আ + খ্ + অ।

বৈশাখী : বৈশাখ মাসে জাত, বৈশাখ মাসের পূর্ণিমা। বিণ। তৎসম। বৈশাখ ['বৈশাখ' দ্রষ্টব্য] + ঈ। ৭।১।গ বানান : ব্ + ঐ + শ্ + আ + খ্ + ঈ।

বৈশিষ্ট্য : বিশিষ্টতা। বি। তৎসম। বিশিষ্ট + য [ষ্ণ্য]। ৬।২ বানান : ব্ + ঐ + শ্ + ই + ষ্ + ট্ + য্ + অ। বি.দ্র.: ষ্ + ট্ + য্ + অ = ষ্ট্য।

বৈশ্য : বণিক শ্রেণী। বি। তৎসম। বৈশ্য + অ। ৬।২ বানান : ব্ + ঐ + শ্ + য্ + অ। বি.দ্র.: শ্ + য্ + অ = শ্য।

বৈশ্যবৃত্তি : বণিকের কর্ম। বি। তৎসম। বৈশ্য ['বৈশ্য' দ্রষ্টব্য] + বৃত্তি [বৃৎ + তি]। ৬।১ বৈশ্যের বৃত্তি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + ঐ + শ্ + য্ + অ + ব্ + ঋ + ত্ + ত্ + ই। বি.দ্র.: শ্ + য্ + অ = শ্য।

বৈশ্যা : বৈশ্যজাতীয়া স্ত্রীলোক। বি। তৎসম। বৈশ্য ['বৈশ্য' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ব্ + ঐ + শ্ + য্ + আ।

বৈশ্বানর : অগ্নি [সং. বিশ্বানর + অ]। বি। তৎসম। বিশ্বানব + অ [ষ্ণ]। ৬।২ বানান: ব্ + ঐ + শ্ + ব্ + আ + ন্ + অ + র্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + আ = শ্বা।

বৈষম্য : অসমতা। বি। তৎসম। বিষম + য [ষ্ণ্য]। ৬।২ বিষমের ভাব। বানান : ব্ + ঐ + ষ্ + অ + ম্ + য্ + অ। বি.দ্র. :'ঐ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

বৈষয়িক : বিষয়- সম্পত্তি -সংক্রান্ত। বিণ। তৎসম। বিষয় + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: ব্ + ঐ + ষ্ + অ + য্ + ই + ক্ + অ। বি.দ্র. : 'ঐ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

বৈষ্ণব : বিষ্ণু-উপাসক, শ্রীচৈতন্যের অনুগামী ব্যক্তি। বি। তৎসম। বিষ্ণু + অ [ষ্ণ]। ৬।২ বানান: ব্ + ঐ + ষ্ + ণ্ + অ + ব্ + অ। বি.দ্র. : 'ঐ'-র পর 'ষ্' এবং 'ষ্'-এর পর 'ণ' হয়েছে। ৪।২।ক, ৪।১।খ ষ্ + ণ্ + অ = ষ্ণ।

বৈষ্ণবী : বৈষ্ণবের সদৃশ, বৈষ্ণবের স্ত্রী। বি।

তৎসম। বৈষ্ণব [‘বৈষ্ণব’ দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৬৷২ বানান: ব্ + ঐ + ষ্ + ণ্ + অ + ব্ + ঈ। বি.দ্র.: ‘ঐ’-র পর ‘ষ্’ এবং ‘ষ্’-এর পর ‘ণ’ হয়েছে। ৪৷২৷ক, ৪৷১৷খ

বৈসাদৃশ্য: অমিল। বি। তৎসম। বিসদৃশ + য [ষ্ণ]। ৬৷২ বানান: ব্ + ঐ + স্ + আ + দ্ + ঋ + শ্ + য্ + অ। বি.দ্র.: দ্ + ঋ = দৃ, শ্ + য্ + অ = শ্য।

বোঁ: বেগে ঘূর্ণন উড়ন ইত্যাদি ভাব-দ্যোতক। অব্য। দেশী। বানান: বঁ্ + ও।

বোঁচকা, বোচকা: পোটলা। বি। বিদেশী। <আ. বুগ্ + ফা. চা। <তুর্কী. বুক্‌চা [বর্ণবিপর্যয়]। বাংলা বানান: বঁ [ব্] + ও + চ্ + ক্ + আ। বি.দ্র.: ‘চ’-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোঁচকা-বুচকি: পোটলা-পুটলি। বি। বিদেশী। বোঁচকা [‘বোঁচকা’ দ্রষ্টব্য] + বুচকি [<বোচকা + ই (ক্ষুদ্র অর্থে সহচর শব্দ)]। বোঁচকা ও বুচকি = দ্বন্দ্ব। ৩৷৪

বোঁচা: খাঁদা। বিণ। দেশী। বঁ্ + ও + চ্ + আ।

বোঁটা: বৃন্ত। বি। তদ্ভব. <সং. বৃন্ত। বানান: বঁ্ + ও + ট্ + আ।

বোঁদে: ছোট ছোট বিন্দুর আকারের রসসিক্ত মিঠাই। বি। বিদেশী। <হি. বুঁদ্ + বাং. এ < ইয়া। ৬৷৩ বাংলা বানান: বঁ্ + ও + দ্ + এ।

বোকা: নির্বোধ। বিণ। বিদেশী। <তুর্কী. বুক্ক [ছাগ]। বাংলা বানান: ব্ + ও + ক্ + আ।

বোকামি, বোকামো: বোকার মতো কাজ। বি। বিদেশী। বোকা [‘বোকা’ দ্রষ্টব্য] + বাং. মি, মো। ৬৷৩ বানান: ব্ + ও + ক্ + আ + ম্ + ই [ও]।

বোজা, বোজান: ভরাট করা বা ভরাট করানো। বিণ, ক্রি। দেশী। বুজ্ + বাং. অ, আন। ৬৷৩ বানান: ব্ + ও + জ্ + আ [+ ন্ + অ]।

বোঝা: বুঝে নেওয়া বা বুঝিয়ে দেওয়া। ক্রি। তদ্ভব। বুঝ্ [<বুধ্] + বাং. আ। বানান: ব্ + ও + ঝ্ + আ।

বোঝা: ভার। বি। বিদেশী। <হি. বোঝ + বাং. আ। বানান: ব্ + ও + ঝ্ + আ।

বোঝাই: ভারপূর্ণ। বিণ। বিদেশী। বোঝা [<হি. বোঝ্ + আ] + বাং. আই। বানান: ব্ + ও + ঝ্ + আ + ই।

বোঝান, বোঝানো: বুঝিয়ে দেওয়া। ক্রি। তদ্ভব। বোঝা [‘বোঝা’ দ্রষ্টব্য] + বাং. আন, আনো। বানান: ব্ + ও + ঝ্ + আ + ন্ + অ [ও]।

বোট: নৌকা। বি। বিদেশী। <ইং. boat. বাংলা বানান: ব্ + ও + ট্। ‘ট’-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোটকা: বোকা পাঁঠার গায়ের গন্ধের মতো। বিণ। দেশী। বানান: ব্ + ও + ট্ + ক্ + আ। বি.দ্র.: ‘ট’-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোটে: বৈঠা। বি। তদ্ভব। <বহিত্র। বানান: ব্ + ও + ট্ + এ।

বোড়া: সাপ। বি। তদ্ভব। <সং. বোড্র। বানান: ব্ + ও + ড়্ + আ।

বোড়ে: সতরঞ্চ খেলার ক্ষুদ্রতম ঘুঁটি। বি। তদ্ভব। <বটিকা। বানান: ব্ + ও + ড়্ + এ।

বোতল: বড় শিশি। বি। বিদেশী। <পো. botelha. বাংলা বানান: ব্ + ও + ত্ + অ + ল্। বি.দ্র.: ‘ল’-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোতাম: জামা ইত্যাদির দু’ভাগ একত্র বন্ধ করবার গুটিকা। ।ব। বিদেশী। <পো. botao. অথবা, ইং. button। বাংলা বানান: ব্ + ও + ত্ + আ + ম্। বি.দ্র.: ‘ম’-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোদা: বিস্বাদ। বি। দেশী। বানান: ব্ + ও + দ্ + আ।

বোদ্ধা: সমঝদার। বিণ। তৎসম। সং. বুধ্ + তা [<তৃ = তৃচ্]। ৬৷১ বানান: ব্ + ও + দ্

+ ধ্ + আ। বি.দ্র. : দ্ + ধ্ + আ = দ্ধা।

বোধ : অনুভূতি, চেতনা। বি। তৎসম। বুধ্ + অ। ৬৷১ বানান : ব্ + ও + ধ্ + অ।

বোধশক্তি : বোঝবার ক্ষমতা। বি। তৎসম। বোধ [‘বোধ’ দ্রষ্টব্য] + শক্তি [শক্ + তি] ৬৷১ বোধ করবার শক্তি = মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান : ব্ + ও + ধ্ + অ + শ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র. : ক্ + ত্ + ই = ক্তি।

বোধাতীত : জ্ঞানের অতীত। বিণ। তৎসম। বোধ [বুধ্ + অ] + অতীত [অতি + ইত (ই+ত)]। ৬৷১ [সন্ধি] অ + অ = আ [ধা]। ২৷১৷ক ই+ ই = ঈ [তী]। ২৷২৷ক বোধের অতীত = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : ব্ + ও + ধ্ + আ + ত্ + ঈ + ত্ + অ। বি.দ্র. : ত্ + ঈ = তী।

বোধি : আধ্যাত্মিক উপলব্ধি। বি। তৎসম। বুধ্ + ই। ৬৷১ বানান : ব্ + ও + ধ্ + ই। বি.দ্র. : ধ্ + ই = ধি।

বোধিকা : ব্যাখ্যাপুস্তিকা। বি। তৎসম। বুধ্ + ইক [<অক] + আ [স্ত্রী]। ৬৷১, ৭৷১৷ক বানান : ব্ + ও + ধ্ + ই + ক্ + আ। বি.দ্র. : ধ্ + ই = ধি।

বোধিত : বোধপ্রাপ্ত। বিণ। তৎসম। বুধ্ + ণিচ্ + ত। ৬৷১ বানান : ব্ + ও + ধ্ + ই + ত্ + অ। বি.দ্র. : ধ্ + ই = ধি।

বোধিতব্য : জ্ঞাতব্য। বিণ। তৎসম। বুধ্ + তব্য। ৬৷১ বানান : ব্ + ও + ধ্ + ই + ত্ + অ + ব্ + য্ + অ। বি.দ্র. : ধ্ + ই = ধি, ব্ + য্ + অ = ব্য।

বোধিদ্রুম : যে অশ্বত্থ গাছের নীচে সিদ্ধার্থ বুদ্ধত্ব লাভ করেন। বি। তৎসম। বোধি [‘বোধি’ দ্রষ্টব্য] + দ্রুম [দ্রু + ম]। ৬৷১ বোধি উদ্বোধক দ্রুম = মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান : ব্ + ও + ধ্ + ই + দ্ + র্ + উ + ম্ + অ। বি.দ্র, : ধ্ + ই = ধি, দ্ + র্ + উ = দ্রু।

বোধিনী : ব্যাখ্যাপুস্তিকা। বি। তৎসম। বুধ্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬৷১, ৭৷১৷গ বানান : ব্ + ও + ধ্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : ধ্ + ই = ধি, ন্ + ঈ = নী। আগে ‘ই’, পরে ‘ঈ’।

বোধিবৃক্ষ : যে অশ্বত্থ গাছের নীচে সিদ্ধার্থ বুদ্ধত্ব লাভ করেন। বি। তৎসম। বোধি [‘বোধি’ দ্রষ্টব্য] + বৃক্ষ [বৃক্ষ্ + অ]। ৬৷১ বোধি উদ্বোধক বৃক্ষ = মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান : ব্ + ও + ধ্ + ই + ব্ + ঋ + ক্ + ষ্ + অ। বি.দ্র. : ধ্ + ই = ধি, ব্ + ঋ = বৃ, ক্ + ষ্ + অ = ক্ষ।

বোধিসত্ত্ব : বুদ্ধত্ব-লাভের পূর্ববর্তী জন্ম ও অবস্থা। বি। তৎসম। বোধি [‘বোধি’ দ্রষ্টব্য] + সত্ত্ব [সৎ + ত্ব]। ৬৷২ বোধি সত্ত্ব [সার] যাঁর = বহুব্রী। ৩৷৫ বানান : ব্ + ও + ধ্ + ই + স্ + অ + ত্ + ত্ + ব + অ। বি.দ্র. : ত্ + ত্ + ব্ + অ = ত্ত্ব।

বোধোদয় : জ্ঞান-সঞ্চার। বি। তৎসম। বোধ [বুধ্ + অ] + উদয় [উৎ + অয়] [ই + অ] ৬৷১ [সন্ধি] অ + উ = ও [ধো]। ২৷৫৷ক বোধের উদয় = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : ব্ + ও + ধ্ + ও + দ্ + অ + য্ + অ। বি.দ্র. : ধ্ + ও = ধো।

বোধ্য : বোধগম্য। বিণ। তৎসম। বুধ্ + য [যৎ]। ৬৷১ বানান : ব্ + ও + ধ্ + য্ + অ। বি.দ্র. : ধ্ + য্ + অ = ধ্য।

বোন : ভগিনী। বি। তদ্ভব। <প্রা. বহিণী <সং. ভগিনী। বানান : ব্ + ও + ন্। ‘ন’-র হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোনঝি : ভগিনীর কন্যা। বি। তদ্ভব। <সং. ভগিনী দুহিতা। বানান : ব্ + ও + ন্ + ঝ্ + ই। বি.দ্র. : ‘ন’-র হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোনপো : ভগিনীর পুত্র। বি। তদ্ভব। <সং. ভগিনীপুত্র। বানান : ব্ + ও + ন্ + প্ + ও। বি.দ্র. : ‘ন’-র হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোনবোনাই : ভগিনীপতি। বি। তদ্ভব। বোন + বোনাই [বোন + আই] ৬।৩ বানান: ব্ + ও + ন্ + অ + ব্ + ও + ন্ + আ + ই। বি.দ্র: 'ন'-র হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোনা : বপন করা, বয়ন করা। ক্রি। তদ্ভব। < বয়ন বা বপন। বানান: ব্ + ও + ন্ + আ।

বোনান : বপন করানো, বয়ন করানো। ক্রি। তদ্ভব। বোনা [<সং. বয়ন অথবা বপন] + বাং. আনো। ৬।৩ বানান: ব্ + ও + ন্ + আ + ন্ + ও।

বোবা : মূক। বিণ। দেশী। বানান: ব্ + ও + ব্ + আ।

বোম : গাড়ির জোয়াল। বি। দেশী। বানান: ব্ + ও + ম্। 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোমা : নিক্ষেপণীয় মারাত্মক বিস্ফোরক অস্ত্র। বি। বিদেশী। <পো. bomba. <ইং. bomb বাংলা বানান: ব্ + ও + ম্ + আ।

বোমা : বস্তা থেকে মালের নমুনা বার করবার সূক্ষ্মাগ্র অস্ত্র। বি। বিদেশী। <হি. বোম্বা। বাংলা বানান: ব্ + ও + ম্ + আ।

বোমারু : বোমা-নিক্ষেপক। বিণ। বিদেশী। বোমা [<ইং. bomb] + বাং. রু। ৬।৩ বাংলা বানান: ব্ + ও + ম্ + আ + র্ + উ।

বোম্বাই : মহারাষ্ট্রের প্রধান নগর [<মুম্বাই]। বি। বিদেশী। ১৯৯৬ থেকে 'বোম্বাই'-র নাম পরিবর্তন করে 'মুম্বাই' নাম রাখা হয়েছে। বানান: ম্ + উ + ম্ + ব্ + আ + ই। বোম্বাই: ব্ + ও + ম্ + ব্ + আ + ই।

বোম্বেটে : জলদস্যু। বি। বিদেশী। <পো. bombardeiro. বাংলা বানান: ব্ + ও + ম্ + ব্ + এ + ট + এ। বি.দ্র.: ম্ + ব্ + এ = ম্বে।

বোয়াল : অতি বৃহৎ মৎস্য। বি। তদ্ভব। <সং. বোদাল। বানান: ব্ + ও + য় + আ + ল্ + অ।

বোরকা, বোরখা : মুসলমান মহিলাদের আপাদমস্তক ঢাকবার আস্তরণ। বি। বিদেশী। <আ. বুর্ক। বাংলা বানান: ব্ + ও + র্ + খ্ + আ। বি.দ্র.: 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোরা : বস্তা। বি। বিদেশী। <হি. বোরা। বাংলা বানান: ব্ + ও + র্ + আ।

বোরো, বোড়ো : এক প্রকার ধান। বি। তদ্ভব। <সং. বোরব। বানান: ব্ + ও + র্ [ড়্] + ও।

বোর্ড : ফলক, পর্ষদ। বি। বিদেশী। <ইং. board. বাংলা বানান: ব্ + ও + র্ + ড্। বি.দ্র.: র্ + ড = র্ড। 'ড'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোল : মুকুল। বি। তদ্ভব। <প্রা. মউল <সং. মুকুল। মউল [মোল] >বোল। বানান: ব্ + ও + ল্। বি.দ্র.: 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোলচাল : বুদ্ধিমানের মতো কথাবার্তা ও চালচলন। বি। তদ্ভব। বোল ['বোল': বুলি দ্রষ্টব্য] + চাল [চল্ + অ]। ৬।১ বোল ও চাল = দ্বন্দ্ব। ৩।৪ বানান: ব্ + ও + ল্ + চ্ + আ + ল্। বি.দ্র.: 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোল্টু, বোল্টু : পেরেকজাতীয় খিল। বি। বিদেশী। <ইং. bolt. বাংলা বানান: ব্ + ও + ল্ + ট্ + উ। বি.দ্র.: 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোল : বুলি। বি। তদ্ভব। <প্রা. বোল্ল <সং. বদ্। বানান: ব্ + ও + ল্। বি.দ্র.: 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোলতা : পেছনে হুলযুক্ত বিষাক্ত পতঙ্গ। বি। তদ্ভব। <সং. বরটা। বানান: ব্ + ও + ল্ + ত্ + আ। বি.দ্র.: 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোলবোলা : অর্ধস্ফুট অর্থহীন বাক্য-উচ্চারণকারী। বিণ। তদ্ভব। বোল ['বোল' দ্রষ্টব্য + বোল্ +

আ। ৬।৩ বোল [অর্ধস্ফুট বুলি] বলে যে = উপপদতৎ। ৩।৩ বানান : ব্ + ও + ল্ + ব্ + ও + ল্ + আ। বি.দ্র. : 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোলা, বোলান (নো) : ভ্রমণ করা। ভ্রমণ করানো। ক্রি। দেশী। বানান : ব্ + ও + ল্ + আ [ন্ + অ (ও)]। বি.দ্র. : [বোলানো (হাত বোলানো, তুলি বোলানো ইত্যাদি]।

বোষ্টম : চৈতন্য-অনুগামী বৈষ্ণব-সম্প্রদায়ভুক্ত ব্যক্তি। বি। অর্ধতৎ। <সং. বৈষ্ণব। বানান : ব্ + ও + ষ্ + ট্ + অ + ম্। বি.দ্র. : অর্ধ-তৎসম শব্দে ষত্ব-বিধান অনুসারে 'ট্'-এর আগে 'ষ্' হয়েছে। 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

বোষ্টমী : বৈষ্ণব নারী। বি। অর্ধতৎসম। <সং. বৈষ্ণবী। বানান : ব্ + ও + ষ্ + ট্ + অ + ম্ + ঈ। বি.দ্র. : ষত্ব-বিধান অনুসারে 'ট'-এর আগে 'ষ্' হয়েছে।

বৌদ্ধ : বুদ্ধদেব-প্রচারিত ধর্ম ও বৌদ্ধধর্মাবলম্বী। বিণ। বি। তৎসম। বুদ্ধ + অ। ৬।২ বানান : ব্ + ঔ + দ্ + ধ্ + অ। বি.দ্র. : ব্ + ঔ = বৌ, দ্ + ধ্ + অ = দ্ধ।

ব্যক্ত : প্রকাশিত। বিণ। তৎসম। বি + অনজ্ + অ। ৬।১ বানান : ব্ + য্ + অ + ক্ + ত্ + অ। বি.দ্র. : ব্ + য্ + অ = ব্য, ক্ + ত্ + অ = ক্ত।

ব্যক্তি : মানুষ। বি। তৎসম। বি + অনজ্ + তি। ৬।১ [সন্ধি] ই + অ = য [ব্য]। বানান : ব্ + য্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র. : ব্ + য্ + অ = ব্য, ক্ + ত্ + ই = ক্তি।

ব্যক্তিক : ব্যক্তি-বিষয়ক। বিণ। তৎসম। ব্যক্তি ['ব্যক্তি' দ্রষ্টব্য] + ক। ৬।২ বানান : ব্ + য্ + অ + ক্ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র. : ব্ + য্ + অ = ব্য, ক্ + ত্ + ই = ক্তি।

ব্যক্তিকেন্দ্রিক : সমাজের বদলে ব্যক্তিই যার কাছে প্রধান। বিণ। তৎসম। ব্যক্তি ['ব্যক্তি' দ্রষ্টব্য] + কেন্দ্রিক [কেন্দ্র + ইক]। ৬।২ বানান : ব্ + য্ + অ + ক্ + ত্ + ই + ক্ + এ + ন্ + দ্ + র্ + ই + ক্ + অ।

ব্যক্তিগত : ব্যক্তি-বিষয়ক। বিণ। তৎসম। ব্যক্তি ['ব্যক্তি' দ্রষ্টব্য] + গত [গম্ + ত]। ৬।১ ব্যক্তিকে গত = কর্মতৎ। ৬।১ বানান : ব্ + য্ + অ + ক্ + ত্ + ই + গ্ + অ + ত্ + অ।

ব্যক্তিতন্ত্র : ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ। ব্যক্তি ['ব্যক্তি' দ্রষ্টব্য] + তন্ত্র [তন্ত্র্ + অ]। ৬।১ ব্যক্তি-বিষয়ক তন্ত্র [মতবাদ] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ব্ + য্ + অ + ক্ + ত্ + ই + ত্ + অ + ন্ + ত্ + র্ + অ। বি.দ্র. : ব্ + য্ + অ = ব্য, ক্ + ত্ + ই = ক্তি, ন্ + ত্ + র্ + অ।

ব্যক্তিত্ব : ব্যক্তির স্বাভাবিক বৈশিষ্ট্য [Personality]। বি। তৎসম। ব্যক্তি ['ব্যক্তি' দ্রষ্টব্য] + ত্ব। ৬।২ বানান : ব্ + য্ + অ + ক্ + ত্ + ই + ত্ + ব্ + অ। বি.দ্র. : ব্ + য্ + অ = ব্য, ক্ + ত্ + ই = ক্তি, ত্ + ব্ + অ = ত্ব।

ব্যক্তিত্বব্যঞ্জক : ব্যক্তির স্বতন্ত্র বৈশিষ্ট্য-প্রকাশক। বিণ। তৎসম। ব্যক্তিত্ব ['ব্যক্তিত্ব' দ্রষ্টব্য] + ব্যঞ্জক [বি + অনজ্ + অক]। ৬।১ ব্যক্তিত্বের ব্যঞ্জক = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + য্ + অ + ক্ + ত্ + ই + ত্ + ব্ + অ + ব্ + য্ + অ + ঞ্ + জ্ + অ + ক্ + অ। বি.দ্র. : ব্ + য্ + অ = ব্য, ক্ + ত্ + ই = ক্তি, ত্ + ব্ + অ = ত্ব।

ব্যক্তিত্বশালী : ব্যক্তিগত বৈশিষ্ট্যের অধিকারী। বিণ। তৎসম। ব্যক্তিত্ব ['ব্যক্তিত্ব' দ্রষ্টব্য] + শালী [শাল্ + ইন্ (ঈ)]। ৬।১ বানান : ব্ + য্ + অ + ক্ + ত্ + ই + ত্ + ব্ + অ + শ্ + আ + ল্ + ঈ। বি.দ্র. : ব্ + য্ + অ= ব্য, ক্ + ত্ + ই= ক্তি, ত্ + ব্ +

অ= ত্ব। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ব্যক্তিত্বসম্পন্ন: ব্যক্তিগত বৈশিষ্ট্যের অধিকারী। বিণ। তৎসম। ব্যক্তিত্ব ['ব্যক্তিত্ব' দ্রষ্টব্য] + সম্পন্ন [সম্ + পদ্ + ত]। ৬।১ ব্যক্তিত্বের দ্বারা সম্পন্ন= করণতৎ। ৩।৩ বানান: ব্ + য্ + অ + ক্ + ত্ + ই + ত + ব্ + অ + স্ + অ + ম্ + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, ক্ + ত্ + ই= ক্তি, ত্ + ব্ + অ= ত্ব, ম্ + প্ + অ= ম্প, ন্ + ন্ + অ= ন্ন।

ব্যক্তিপূজা: মহান ব্যক্তিকে দেবতার মতো ভক্তি [hero-worship]। বি। তৎসম। ব্যক্তি ['ব্যক্তি' দ্রষ্টব্য] + পূজা [পূজ্ + অ + আ]। ৬।১ ব্যক্তিকে [দেবতা-জ্ঞানে] পূজা= কর্মতৎ। ৩।৩ বানান: ব্ + য্ + অ + ক্ + ত্ + ই + প্ + ঊ + জ্ + আ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, ক্ + ত্ + ই= ক্তি, প্ + ঊ= পূ।

ব্যক্তিবাদ: ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ। বি। তৎসম।। ব্যক্তি ['ব্যক্তি' দ্রষ্টব্য] + বাদ [বদ্ + অ]। ৬।১ ব্যক্তি [স্বাতন্ত্র্য]-বিষয়ক বাদ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + য্ + অ + ক্ + ত্ + ই + ব্ + আ + দ্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, ক্ + ত্ + ই= ক্তি।

ব্যক্তিসত্তা: ব্যক্তির মৌলিক অস্তিত্ব। বি। তৎসম। ব্যক্তি ['ব্যক্তি' দ্রষ্টব্য] + সত্তা [সৎ + তা]। ৬।২ ব্যক্তির সত্তা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + য্ + অ + ক্ + ত্ + ই + স্ + অ + ত্ + ত্ + আ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, ক্ + ত্ + ই= ক্তি, ত্ + ত্ + আ= ত্তা।

ব্যক্তিস্বাতন্ত্র্য: পারিপার্শ্বিকের সঙ্গে পার্থক্যসূচক ব্যক্তিগত বৈশিষ্ট্য। বি। তৎসম। ব্যক্তি ['ব্যক্তি' দ্রষ্টব্য] + স্বাতন্ত্র্য [স্বতন্ত্র + য (ষ্ণ্য)]। ৬।২ ব্যক্তির স্বাতন্ত্র্য [স্বতন্ত্র + য (ষ্ণ)]। ৬।২ ব্যক্তির স্বাতন্ত্র্য= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + য্ + অ + ক্ + ত্ + ই + স্ + ব্ + আ + ত্ + অ + ন্ + ত্ + র্ + য্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, ক্ + ত্ + ই= ক্তি, স্ + ব্ + আ= স্বা, ন্ + ত্ + র্ + য্ + অ= ন্ত্র্য।

ব্যগ্র: ব্যাকুল। বিণ। তৎসম। বি + অগ্র [অন্গ্ ('ন্' লুপ্ত) + র]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + গ্ + র্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, গ্ + র্ + অ= গ্র।

ব্যগ্রতা: ব্যাকুলতা। বি। তৎসম। ব্যগ্র ['ব্যগ্র' দ্রষ্টব্য] + তা। ৬।২ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + গ্ + র্ + অ + ত্ + আ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, গ্ + র্ + অ= গ্র।

ব্যঙ্গ: ঠাট্টা। বি। তৎসম। বি + অঙ্গ [অঙ্গ্ + অ]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক অঙ্গ বিকৃত করে যা করা হয়। বানান: ব্ + য্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, ঙ্ + গ্ + অ= ঙ্গ।

ব্যঙ্গপ্রিয়: যে ঠাট্টা করতে ভালবাসে। বিণ। তৎসম। ব্যঙ্গ ['ব্যঙ্গ' দ্রষ্টব্য] + প্রিয় [প্রী + অ]। ৬।১ ব্যঙ্গ প্রিয় যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + য্ + অ + ঙ্ + গ্ + অ + প্ + র্ + ই + য্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, ঙ্ + গ্ + অ= ঙ্গ, প্ + র্ + ই= প্রি।

ব্যঙ্গোক্তি: ঠাট্টাপূর্ণ কথা। বি। তৎসম। ব্যঙ্গ ['ব্যঙ্গ' দ্রষ্টব্য] + উক্তি [ব্রূ বা বচ্ + তি]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [ঙ্গো]। ২।৫।ক ব্যঙ্গপূর্ণ উক্তি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + য্ + অ + ঙ্ + গ্ + ও + ক্ + ত্ + ই। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, ঙ্ + গ্ + ও= ঙ্গো, ক্ + ত্ + ই= ক্তি।

ব্যঙ্গ্য: ব্যঞ্জনা-দ্বারা বোধ্য। বিণ। তৎসম। বি।

অনজ্ [প্রকাশ করা] + য [যৎ]। ৬।১ [সন্ধি] ই + অ= য (ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ঙ্ + গ্ + য্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, ঙ্ + গ্ + য্ + অ= ঙ্গ্য।

ব্যঙ্গ্যার্থ: ব্যঞ্জনা-দ্বারা লভ্য অর্থ। বি। তৎসম। ব্যঙ্গ্য ['ব্যঙ্গ্য' দ্রষ্টব্য] + অর্থ [অর্থ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ঙ্গ্যা]। ২।১।ক ব্যঙ্গ্য-লব্ধ অর্থ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + য্ + অ + ঙ্ + গ্ + য্ + আ + র্ + থ্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, ঙ্ + গ্ + য্ + আ =ঙ্গ্যা, র্ + থ্ + অ = র্থ।

ব্যঙ্গ্যোক্তি: ব্যঞ্জনাময় বাক্য। বি। তৎসম। ব্যঙ্গ্য ['ব্যঙ্গ্য' দ্রষ্টব্য] + উক্তি [ব্রূ বা বচ্ + তি]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [ঙ্গ্যো]। ২।৫।ক ব্যঙ্গ্য [ব্যঞ্জনা]-পূর্ণ উক্তি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + য্ + অ + ঙ্ + গ্ + য্ + ও + ক্ + ত্ + ই। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, ঙ্ + গ্ + য্ + ও = ঙ্গ্যো, ক্ + ত্ +ই = ক্তি।

ব্যজন: বীজন, হাওয়া করা। বি। তৎসম। বি + অজ্ + অন। ৬।১ [সন্ধি] ই + অ = য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র: ব্ + য্ + অ = ব্য।

ব্যজনী: পাখা। বি। তৎসম। ব্যজন ['ব্যজন' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + য্ + অ = ব্য, ন্ + ঈ = নী।

ব্যঞ্জক: দ্যোতক। বিণ। তৎসম। [সং. বি + অনজ্ + অক।] [সন্ধি] ই + অ = য [ব্য] ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ঞ্ + জ্ + অ + ক্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, ঞ্ + জ্ + অ = ঞ্জ।

ব্যঞ্জনসন্ধি: ব্যঞ্জনবর্ণের সঙ্গে স্বরবর্ণের বা ব্যঞ্জনবর্ণের সন্ধি। বি। তৎসম। ব্যঞ্জন [বি + অনজ্ + অন] + সন্ধি[সম্ + ধি (ধা + ই)]। ৬।১ [সন্ধি] ই + অ = য [ব্য]; ম্ + ধি = ন্ধি। ২।৭।ক, ২।২৮ ব্যঞ্জনবর্ণের সন্ধি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + য্ + অ + ঞ্ + জ্ + অ + ন্ + অ + স্ + অ + ন্ + ধ্ + ই। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, ঞ্ + জ্ + অ = ঞ্জ, ন্ + ধ্ + ই = ন্ধি।

ব্যঞ্জনা: গূঢ় অর্থের দ্যোতনা। বি। তৎসম। বি + অঞ্জনা [অনজ্ + অন + আ]। ৬।১ [সন্ধি] ই + অ = য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ঞ্ + জ্ + অ + ন্ + আ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, ঞ্ + জ্ + অ = ঞ্জ।

ব্যঞ্জনান্ত: যার শেষে ব্যঞ্জনধ্বনি আছে। বিণ। তৎসম। ব্যঞ্জন [বি + অঞ্জন (অনজ্ + অন)] + অন্ত [অম্ + ত]। ৬।১ [সন্ধি] ই + অ = য [ব্য], অ + অ = আ [না]। ২।৭।ক, ২।১।ক অন্তে [শেষে] ব্যঞ্জন যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + য্ + অ + ঞ্ + জ্ + অ + ন্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, ঞ্ + জ + অ = ঞ্জ, ন্ + আ = না, ন্ + ত্ + অ = ন্ত।

ব্যঞ্জিত: ব্যঞ্জন-দ্বাবা প্রকাশিত। বিণ। তৎসম। বি + অঞ্জিত [অনজ্ + ত]। ৬।১ [সন্ধি] ই + অ = য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ঞ্ + জ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ব্ +য্ + অ = ব্য, ঞ্ + জ্ + ই = ঞ্জি।

ব্যতিক্রম: লঙ্ঘন। বি। তৎসম। বি + অতিক্রম [অতি + ক্রম্ + অ]। ৬।১ [সন্ধি] ই + অ = য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ত্ + ই + ক্ + র্ + অ + ম্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, ত্ + ই = তি, ক্ + র্ + অ = ক্র।

ব্যতিব্যস্ত: অত্যন্ত ব্যস্ত, উত্ত্যক্ত। বিণ। তৎসম। বি + অতি + ব্যস্ত [বি + অস্ত (অস্ + ত)]।

৬।১ [সন্ধি] ই + অ = য [ব্য]। ২।৭।ক বিশেষভাবে অতিশয় ব্যস্ত = কর্মধা। ৩।২ বানান: ব্ + য্ + অ + ত্ + ই + ব্ + য্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, ত্ + ই = তি, স্ + ত্ + অ = স্ত।

ব্যতিরেক: অভাব। বি। তৎসম। বি + অতিরেক [অতি+ রেক (রিচ্ + অ)]। ৬।১ [সন্ধি] ই + অ = য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ত্ + ই + র্ + এ + ক্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, ত্ + ই = তি, র্ + এ = রে।

ব্যতিরেকী: প্রভেদক। বিণ। তৎসম। বি। অতিরেকী [অতি + রিচ্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] ই + অ = য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ত্ + ই + র্ + এ + ক্ + ঈ। ব্ + য্ + অ = ব্য। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ব্যতিরেকে: ব্যতীত। অব্যয়। তৎসম। ব্যতিরেক ['ব্যতিরেক' দ্রষ্টব্য] + এ [অধিকরণ]। বাংলায় 'অব্যয়' রূপে ব্যবহৃত হয়। বানান: ব্ + য্ + অ + ত্ + ই + র্ + এ + ক্ + এ। বি.দ্র.: ব্ + য্ +অ = ব্য।

ব্যতিহার: বিনিময়। বি। তৎসম। বি + অতিহার [অতি + হৃ + অ]। ৬।১ বানান: ব্ + য্ + অ + ত্ + ই + হ্ + আ + র্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, ত্ + ই = তি।

ব্যতীত: ছাড়া। অব্যয়। তৎসম। বি + অতীত [অতি + ইত (ই + ত)]। ৬।১ [সন্ধি] ই + অ = য [ব্য], ই + ই = ঈ [তী]। ২।২।ক বানান: ব্ + য্ + অ + ত্ + ঈ + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, ত্ + ঈ = তী।

ব্যতীহার: বিনিময়। বি। তৎসম। বি + অতিহার [অতি + হৃ + অ]। ৬।১ ['ব্যতিহার' দ্রষ্টব্য] 'অতি'-র 'ই' বিকল্পে 'ঈ'। বানান: ব্ + য্ + অ + ত্ + ঈ + হ্ + আ + র্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, ত্ + ঈ = তী।

ব্যত্যয়: অন্যথা। বি। তৎসম। বি + অতি + অয় [ই + অ]। ৬।১ [সন্ধি] ই + অ = য [ব্য, ত্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ত্ + য্ + অ + য় + অ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, ত্ + য্ + অ = ত্য।

ব্যথা: কষ্ট, যন্ত্রণা। বি। তৎসম। ব্যথ্ + অ + আ। ৬।১ বানান: ব্ + য্ + অ + থ্ + আ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য।

ব্যথিত: কষ্টপ্রাপ্ত। বিণ। তৎসম। ব্যথ্ + ণিচ্ [ব্যথি] + ত। ৬।১ বানান: ব্ + য্ + অ + থ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য।

ব্যথিনী: ব্যথা অনুভবকারিণী। বিণ। তৎসম। ব্যথ্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১ ৭।১।গ বানান: ব্ + য্ + অ + থ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, থ্ + ই= থি, ন্ + ঈ= নী। শব্দটি ইন্ + ঈ-প্রত্যয়ান্ত, তাই 'ইনী' যুক্ত। আগে 'ই', পরে 'ঈ'।

ব্যথী: ব্যথা অনুভবকারী। বিণ। তৎসম। ব্যথ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান: ব্ + য্ + অ + থ্ + ঈ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, থ্ + ঈ= থী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ব্যধিকরণ: বিভিন্ন বিভক্তিযুক্ত। বিণ। তৎসম। বি + অধিকরণ [অধি + কৃ + অন]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ধ্ + ই + ক্ + অ + র + অ + ণ্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ব্যপদেশ: উপলক্ষ। বি। তৎসম। বি + অপদেশ

[অপ + দিশ্ + অ]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + প্ + অ + দ্ + এ + শ্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য।

ব্যবকলন: বিয়োগ। বি। তৎসম। বি + অবকলন [অব + কল্ + অন]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ব্ + অ + ক্ + অ + ল্ + অ + ন্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য।

ব্যবকলিত: বিযুক্ত। বিণ। তৎসম। বি + অবকলিত [অব + কল্ + ইত (ই + ত)]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। বানান: ব্ + য্ + অ + ব্ + অ + ক্ + অ + ল্ + ই + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য।

ব্যবচ্ছিন্ন: বিশ্লিষ্ট। বিণ। তৎসম। বি + অবচ্ছিন্ন [অব + ছিদ্ + ত]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য], অ + ছি= অচ্ছি। ২।১।৭, ২।১৪ বানান: ব্ + য্ + অ + ব্ + অ + চ্ + ছ্ + ই + ন্ + ন্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, চ্ + ছ্ + ই= চ্ছি, ন্ + ন্ + অ= ন্ন।

ব্যবচ্ছেদ: পরীক্ষার জন্য বিশ্লেষণ। dissection (শবব্যবচ্ছেদ)]। বি। তৎসম। বি + অবচ্ছেদ [অব + ছেদ (ছিদ্ + অ)]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য], অ + ছে= অচ্ছে। ২।৭।ক, ২।১৪ বানান: ব্ + য্ + অ + ব্ + অ + চ্ + ছ্ + এ + দ্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, চ্ + ছ্ + এ=চ্ছে।

ব্যবধান: দূরত্ব। বি। তৎসম। বি + অবধান [অব + ধান (ধা + অন)]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য] বানান: ব্ + য্ + অ + ব্ + অ + ধ্ + আ + ন্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য।

ব্যবসা, ব্যাবসা: বাণিজ্য। বি। তদ্ভব। < সং. ব্যবসায় [বি + অব + সো + অ]। বানান: ব্ + য্ + অ [আ] + ব্ + অ + স্ + আ। বানান: ব্ + য্ + অ [আ] = ব্য [ব্যা]।

ব্যবসায়: পেশা, বাণিজ্য। বি। তৎসম। বি + অবসায় [অব + সায় (সা + অ)]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ব্ + অ + স্ + আ + য় + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য।

ব্যবসায়ী: ব্যবসাদার। বি, বিণ। তৎসম। বি + অবসায়ী [অব + সো + ইন্]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ব্ + অ + স্ + আ + য় + ঈ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ব্যবস্থা: বন্দোবস্ত। বি। তৎসম। বি। অবস্থা [অব + স্থা + অ + আ]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ব্ + অ + স্ + থ্ + আ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, স্ + থ্ + আ= স্থা।

ব্যবস্থাপন, ব্যবস্থাপনা: সংস্থাপন। বি। তৎসম। বি + অবস্থাপন, অবস্থাপনা [অব + স্থা + ণিচ্ [স্থাপি] + অন, + আ। ৬।১ [সন্ধি] ই + অ [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ব্ + অ। স্ + থ্ + আ + প্ + অ + ন্ + অ, ন্ + আ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, স্ + থ্ + আ= স্থা।

ব্যবস্থাপক: নিয়ামক, বিধায়ক। বিণ। বি। তৎসম। বি। অবস্থাপক [অব + স্থা + ণিচ্ (=স্থাপি) + অক। ৬।১ [সন্ধি] ই + অ= য (ব্য)। ২।৭।ক বানান: ব্ + য্ + অ= ব্য, স্ + থ্ + আ= স্থা।

ব্যবস্থাশাস্ত্র: আইনশাস্ত্র। বি। তৎসম। ব্যবস্থা ['ব্যবস্থা' দ্রষ্টব্য] + শাস্ত্র [শাস্ + ত্র]। ৬।১ ব্যবস্থা [আইন]-বিষয়ক শাস্ত্র= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + য্ + অ + ব্ + অ + স্ + থ্ + আ + শ্ + আ + স্ + ত্ +

র্ + অ। বি.দ্র. : ব্ + য্ + অ= ব্য, স্ + থ্ + আ= স্থা, স্ + ত্ + র্ + অ = স্ত্র।

ব্যবস্থিত : ব্যবস্থাকৃত। বিণ। তৎসম। বি + অবস্থিত [অব + স্থা + ত]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ব্ + অ + স্ + থ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, স্ + থ্ + ই= স্থি।

ব্যবহর্তা : ব্যবহারকারী। বিণ। তৎসম। বি + অবহর্তা [অব + হৃ + তা (তৃচ্)]। ৬।১ যে ব্যবহার করে= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + য্ + অ + ব্ + অ + হ্ + অ + র্ + ত্ + আ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, র্ + ত্ + আ= র্তা।

ব্যবহার : আচরণ। আইন। বি। তৎসম। বি + অবহার [অব + হার (হৃ+অ)]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ব্ + অ + হ্ + আ + র্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য।

ব্যবহারজীবী : আইন-ব্যবসায়ী। বি। তৎসম। ব্যবহার ['ব্যবহার' দ্রষ্টব্য] + জীবী [জীব্ + ইন্ (ঈ)]। ৬।১ ব্যবহারের [আইন-ব্যবসায়ের] দ্বারা জীবিত থাকে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + য্ + অ + ব্ + অ + হ্ + আ + র্ + অ + জ্ + ঈ + ব্ + ঈ। ব্ + য্ + অ= ব্য। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, অই 'ঈ'-কারান্ত। জ্ + ঈ= জী, ব্ + ঈ= বী।

ব্যবহারশাস্ত্র : আইনগ্রন্থ। বি। তৎসম। ব্যবহার ['ব্যবহার' দ্রষ্টব্য] + শাস্ত্র [শাস্ + ত্র]। ৬।১ ব্যবহার-বিষয়ক শাস্ত্র= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + য্ + অ + ব্ + অ + হ্ + আ + র্ + অ + শ্ + আ + স্ + ত্ + র্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, স্ + ত্ + র্ + অ= স্ত্র।

ব্যবহারাজীব : আইন-ব্যবসায়ী। বি। তৎসম। ব্যবহার ['ব্যবহার' দ্রষ্টব্য] + আজীব [আ + জীব্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [রা]। ২।১।খ ব্যবহার আজীব [বৃত্তি] যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + য্ + অ + ব্ + অ + হ্ + আ + র্ + আ + জ্ + ঈ + ব্ + অ। বি.দ্র.: ব্+য্+অ= ব্য, জ্+ঈ=জী।

ব্যবহারিক : ব্যবহার-সম্বন্ধীয়। বিণ। তৎসম। ['ব্যবহার' দ্রষ্টব্য] + ইক। ৬।২ বানান: ব্ + য্ + অ + ব্ + অ + হ্ + আ + র্ + ই + ক্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, র্ + ই= রি।

ব্যবহার্য, ব্যবহর্তব্য : ব্যবহার-যোগ্য। বিণ। তৎসম। বি + অবহার্য [অব + হৃ + য (যৎ)], অবহর্তব্য [অব + হৃ + তব্য]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।১ বানান: ব্ + য্ + অ + ব্ + অ + হ্ + আ + র্ + য্ + অ। বি.দ্র.: ব্+ য্ + অ = ব্য, র্ + য্ + অ = র্য। ব্ + য্ + অ + ব্ + অ + হ্ + অ + র্ + ত্ + অ + ব্ + য্ + অ। বি.দ্র.: র্ + ত্ + অ= র্ত। ব্ + য্ + অ= ব্য।

ব্যবহিত : ব্যবধানে অবস্থিত। বিণ। তৎসম। বি + অবহিত [অব + ধা + ত]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ব্ + অ + হ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, হ্ + ই = হি।

ব্যবহৃত : যা ব্যবহার করা হয়েছে। বিণ। তৎসম। বি + অবহৃত [অব + হৃ + ত]। ৬।১ [সন্ধি] ই + অ = য [ব্য]। বানান: ব্ + য্ + অ + ব্ + অ + হ্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, হ্ + ঋ = হৃ।

ব্যভিচার : গর্হিত আচরণ। বি। তৎসম। বি + অভিচার [অভি + চর্ + অ]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। বানান: ব্ + য্ + অ + ভ্ + ই + চ্ + আ + র্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য।

ব্যভিচারিণী: ব্যভিচারকারিণী। বিণ। তৎসম। [অভি + চর্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ভ্ + ই + চ্ + আ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য। 'র' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ শব্দটি 'ইন্ + ঈ'- প্রত্যয়ান্ত, তাই শব্দের শেষে 'ইনী' [ঈনী] যুক্ত হয়েছে। আগে 'ই', পরে 'ঈ'।

ব্যভিচারী: ব্যভিচারকারী। বিণ। তৎসম। [অভি + চর্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + ভ্ + ই + চ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ব্যয়: খরচ। বি। তৎসম। বি + অয় [ই + অ]। ৬।১ [সন্ধি] ই + অ = য [ব্য], য়। বানান: ব্ + য্ + অ + য়্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য।

ব্যয়কুণ্ঠ: কৃপণ। বিণ। তৎসম। ব্যয় ['ব্যয়' দ্রষ্টব্য] + কুণ্ঠ [কুন্ঠ্ + অ]। ৬।১ ব্যয়ে কুণ্ঠা যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + য্ + অ + য়্ + অ + ক্ + উ + ণ্ + ঠ্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য। 'ই'-র পর এবং 'ঠ্'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।২।ক, ৪।১।ক

ব্যয়কুণ্ঠতা: কার্পণ্য। বি। তৎসম। ব্যয়কুণ্ঠ। ['ব্যয়কুণ্ঠ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ব্ + য্ + অ + য়্ + অ + ক্ + উ + ণ্ + ঠ্ + অ + ত্ + আ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, 'উ'-র পর এবং 'ঠ' এর আগে 'ণ্' হয়েছে। ৪।২।ক, ৪।১।ক

ব্যয়বহুল: অত্যন্ত ব্যয়-সাপেক্ষ। বিণ। তৎসম। ব্যয় ['ব্যয়' দ্রষ্টব্য] + বহুল [বহ্ + ল]। ৬।২ বহু ব্যয় যাতে= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + য্ + অ + য়্ + অ + ব্ + অ + হ্ + উ + ল্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, হ্ + উ= হু।

ব্যয়বহুলতা: ব্যয়াধিক্য। বি। তৎসম। ব্যয়বহুল ['ব্যয়বহুল' দ্রষ্টব্য] + তা। ৬।২ ব্যয়ের বহুলতা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + য্ + অ + য় + অ + ব্ + অ + হ্ + উ + ল্ + অ + ত্ + আ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, হ্ + উ = হু।

ব্যয়বাহুল্য: ব্যয়াধিক্য। বি। তৎসম। ব্যয় ['ব্যয়' দ্রষ্টব্য] + বাহুল্য [বহুল + য (ষ্ণ্য)]। ৬।২ ব্যয়ের বাহুল্য= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + য্ + অ + য়্ + অ + ব্ + আ + হ্ + উ + ল্ + য্ + অ। ব্ + য্ + অ= ব্য, হ্+ উ= হু, ল্ + য + অ= ল্য।

ব্যয়সাধ্য: বহুব্যয়ে সম্ভব। বিণ। তৎসম। ব্যয় ['ব্যয়' দ্রষ্টব্য] + সাধ্য [সাধ্ + য (যৎ)। ৬।১ ব্যয়ের দ্বারা সাধ্য= করণতৎ। ৩।৩ বানান: ব্ + য্ + অ + য়্ + অ + স্ + আ + ধ্ + য্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, ধ্ + য্ + অ= ধ্য।

ব্যয়সাপেক্ষ: বহুব্যয়ে সম্ভব। বিণ। তৎসম। ব্যয় ['ব্যয়' দ্রষ্টব্য] + সাপেক্ষ [স + অপেক্ষ (অপ + ঈক্ষ) + অ]। ৬।১ অপেক্ষার সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ ব্যয়ের সাপেক্ষ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + য্ + অ + য়্ + অ + স্ + আ + প্ + এ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, ক্ + ষ্ + অ= ক্ষ।

ব্যয়িত: যা খরচ হয়ে গেছে। বিণ। তৎসম। বি + অয়িত [ই + ত]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + অ + য়্ + ই + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য।

ব্যর্থ: বিফল [সং. বি (= বিগত) + অর্থ (= প্রয়োজন)]। বি। তৎসম। বি + অর্থ [অর্থ্ + অ]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক

বিগত অর্থ [প্রয়োজন] যার= বহুব্রী। ৩।৫ বানান: ব্ + য্ + অ + র্ + থ্ + অ + ত্ + আ। বি.দ্র.: বি + য্ + অ= ব্য, র্ + থ্ + অ= + র্থ।

ব্যর্থতা: বিফলতা [বি + অর্থতা]। বি। তৎসম। ব্যর্থ ['ব্যর্থ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ব্ + য্ + অ + র্ + থ্ + অ + ত্ + আ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, র্ + থ্ + অ= র্থ।

ব্যষ্টি: পৃথক্ পৃথক্ ব্যক্তি। বি। তৎসম। বি + অশ্ + তি। ৬।১ [সন্ধি] বি + অ= য্য [ব্য]। ২।৭।ক ষ্ + ট্ + ই= ষ্টি। বি.দ্র.: ট্-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ৪।১।ক।

ব্যসন: শ্রেয়ঃ-পথ থেকে বিচ্যুতি। বি। তৎসম। বি + অস্ + অন। ৬।১ [সন্ধি] ই + অ = য [ব্য]। বানান: ব্ + য্ + অ + স্ + অ + ন্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য।

ব্যসনী: বিপদ্গ্রস্ত। বিণ। তৎসম। বি + অসনী =অস্ + অন + ইন্ [ঈ]। ৬।১ বানান: ব্ + য্ + অ + স্ + অ + ন্ + ঈ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ব্যস্ত: ব্যাপৃত। বিণ। তৎসম। বি + অস্ত [অস্ + ত]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। বানান: ব্ + য্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, স্ + ত্ + অ= স্ত।

ব্যস্তবাগীশ: বিশ্রীভাবে ব্যস্ত। বিণ। তৎসম। ব্যস্ত ['ব্যস্ত' দ্রষ্টব্য] + বাগীশ [বাক্ + ঈশ (ঈশ্ + অ)]। ৬।১ [সন্ধি] ক্ + ঈ= গ্ + ঈ= গী। ২।১৫ বাক্যে ঈশ [দক্ষ] = অধিকরণতৎ। ৩।৩ ব্যস্ত ও বাগীশ= দ্বন্দ্ব। ২।৪ বানান: ব্ + য্ + অ + স্ + ত্ + অ + ব্ + আ + গ্ + ঈ + শ্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, স্ + ত্ + অ= স্ত, গ্ + ঈ= গী।

ব্যস্তসমস্ত: অত্যন্ত ব্যস্ত। বিণ। তৎসম। ব্যস্ত ['ব্যস্ত' দ্রষ্টব্য] + সমস্ত [সম্ + অস্ + ত]। ৬।১ ব্যস্ত ও সমস্ত [সহচর শব্দ]= দ্বন্দ্ব। ৩।৪ বানান: ব্ + য্ + অ + স্ + ত্ + অ + স্ + অ + ম্ + অ + স্ + ত্ + অ। ব্ + য্ + অ= ব্য, স্ + ত্ + অ= স্ত।

ব্যাকরণ: ভাষার ব্যবহার-বিধির সংকলন-গ্রন্থ। বি। তৎসম। বি + আকরণ [আ + কৃ + অন]। ৬।১ [সন্ধি] ই + আ = যা [ব্যা]। ২।৭।খ বানান: ব্ + য্ + আ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ব্ + য্ + আ= ব্যা।

ব্যাকুল: অত্যন্ত অস্থির। বিণ। তৎসম। বি + আকুল [আ + কুল্ + আ]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা] ২।৭।খ বানান: ব্ + য্ + আ + ক্ + উ + ল্ + অ। ব্ + য্ + আ= ব্যা।

ব্যাকুলিত, ব্যাকুলিতা: উৎকণ্ঠিত, উৎকণ্ঠিতা। বিণ। তৎসম। ব্যাকুল ['ব্যাকুল' দ্রষ্টব্য] + ইত [ইতচ্], আ [স্ত্রীলিঙ্গ]। বানান: ব্ + য্ + আ + ক্ + উ + ল্ + ইত [আ]। ৬।২

ব্যাখ্যা, ব্যাখ্যান: বিস্তারিত বর্ণনা। বি। তৎসম। বি + আ + খ্যা + অ + আ [অন]। ৬।১ [সন্ধি] বি + আ= যা [ব্যা] বানান: ব্ + য্ + আ + খ্ + য্ + আ [+ ন্ + অ]। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, খ্ + য্ + আ= খ্যা।

ব্যাখ্যাত: বিশদভাবে বর্ণিত। বিণ। তৎসম। বি + আখ্যাত [আ + খ্যা + ত]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। বানান: ব্ + য্ + আ + খ্ + য্ + আ + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, খ্ + য্ + আ= খ্যা।

ব্যাখ্যাতা: ব্যাখ্যাকর্তা। বি। তৎসম। বি + আ + খ্যা + তা [তৃ <তৃচ্]। ৬।১ [সন্ধি] ই +

আ= যা [যা্য]। ২।৭।ক বানান: ব্ + য্ + আ + শ্ + য্ + আ + ত্ + আ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, শ্ + য্ + আ= শ্যা।

ব্যাগ: চামড়া বা কাপড়ের থলি বা পেটিকা। বি। বিদেশী। <ইং. bag. বাংলা বানান: ব্ + য্ + আ + গ্। ব্ + য্ + আ= ব্যা। 'গ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ব্যাঘাত: বিঘ্ন [সং. বি + আ + হন্ + অ (ভা)]। বি। তৎসম। বি + আঘাত [আ + হন্ + অ]। ৬।১ [সন্ধি]: ই + আ= যা [ব্যা]। ২।৭।খ বানান: ব্ + য্ + আ + ঘ্ + আ + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা।

ব্যাঘাতক: ব্যাঘাত সৃষ্টিকারী [বি+আ+ঘাতক]। বিণ। তৎসম। বি + আ + ঘাতক [হন্ + অক]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা] ২।৭।খ ব্যাঘাত সৃষ্টি করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + য্ + আ + ঘ্ + আ + ত্ + অ + ক্ + অ।

ব্যাঘ্র: বাঘ। বি। তৎসম। বি + আ + ঘ্রা [ঘ্রাণ নেওয়া] + অ। ৬।১ [সন্ধি] ই + আ = যা [ব্যা]। ২।৭।খ যে বিশেষভাবে ঘ্রাণ গ্রহণ করে। বানান: ব্ + য্ + আ + ঘ্ + র্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, ঘ্ + র্ + অ= ঘ্র।

ব্যাঘ্রী: বাঘিনী। বি। তৎসম। ব্যাঘ্র ['ব্যাঘ্র' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + য্ + আ + ঘ্ + র্ + ঈ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, ঘ্ + র্ + ঈ= ঘ্রী।

ব্যাঙ, বেঙ, ব্যাং: ভেক। বি। তদ্ভব। < সং. ব্যঙ্গ [=বি + অঙ্গ। অঙ্গ-বিকৃতির কারণে]। বানান: ১. ব্ + য্ + আ + ঙ্= ব্যাঙ। ২. ব্ + এ + ঙ্= বেঙ। ৩. ব্ + য্ + আ + ং= ব্যাং। 'ঙ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ব্যাঙ-তড়কা: ব্যাঙের মতো ঝটিতি দীর্ঘ লাফ। বি। মিশ্র। [তদ্ভব + বিদেশী] তদ্ভব. ব্যাঙ ['ব্যাঙ' দ্রষ্টব্য] + বিদেশী. তড়কা [< হি. তড়কনা। ব্যাঙের মতো তড়কা [খিঁচুনি]= উপমান-কর্মধা। ৩।২ বানান: ব্ + য্ + আ + ঙ্ + ত + অ + ড্ + ক্ + আ। বি.দ্র.: 'ঙ' ও 'ড়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ব্যাঙ্ক: টাকা সংরক্ষণ ও লগ্নির প্রতিষ্ঠান। বি। বিদেশী। < ইং. bank. বাংলা বানান: ব্ + য্ + আ + ঙ্ + ক্। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, ঙ্ + ক্ + ঙ্ক। 'ঙ্ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। 'ব্যাংক' লেখা অনুচিত।

ব্যাঙ্গমা, ব্যাঙ্গমী: রূপকথার শুকসারী পক্ষী-দম্পতি। বি। তদ্ভব। < সং. বিহঙ্গম, বিহঙ্গমী [ভুল, শুদ্ধ রূপ: বিহঙ্গমা]। বানান: ব্ + য্ + আ + ঙ্ + গ্ + অ + ম্ + আ, ঈ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, ঙ্ + গ্ + অ= ঙ্গ।

ব্যাচ: দল। বি। বিদেশী। < ইং.batch। বাংলা বানান: ব্ + য্ + আ + চ্। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা। 'চ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ব্যাজ: ছল। বি। তৎসম। বি + আজ [অজ্ + অ। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।খ বানান: ব্ + য্ + আ + জ্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা।

ব্যাজসুপ্ত: নিদ্রার ভানকারী [বি + আজ + স্বপ্ + ত]। বিণ। তৎসম। ব্যাজ ['ব্যাজ' দ্রষ্টব্য] + সুপ্ত [স্বপ্ +ত]। ৬।১ ব্যাজ সহকারে সুপ্ত= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + য্ + আ + জ্ + অ + স্ + উ + প্ + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা। স্ + উ = সু, প্ + ত্ + অ = প্ত

ব্যাজস্তুতি: নিন্দাচ্ছলে স্তুতি বা স্তুতিচ্ছলে নিন্দা। বি। তৎসম। ব্যাজ ['ব্যাজ' দ্রষ্টব্য] + স্তুতি [স্তু + তি]। ৬।১ ব্যাজের দ্বারা স্তুতি= করণতৎ। ৩।৩ বানান: ব্ + য্ + আ + জ্ + অ + স্ + ত্ + উ + ত্ + ই। বি.দ্র.: ব্ +

য্ + আ= ব্যা, স্ + ত্ + উ= স্তু, ত্ + ই= ত্তি।

ব্যাজোক্তি: ছলপূর্ণ কথা। বি। তৎসম। ব্যাজ ['ব্যাজ' দ্রষ্টব্য] + উক্তি ['ব্রূ' বা 'বচ্' + তি]। ৬।১ [সন্ধি] অ + উ= ও। ২।৫।ক ব্যাজ-পূর্ণ ব্যক্তি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + য্ + আ + জ্ + ও + ক্ + ত্ + ই। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, জ্ + ও= জো, ক্ + ত্ + ই= ক্তি।

ব্যাট: খেলার হাতলযুক্ত কাষ্ঠফলক। বি। বিদেশী। < ইং. bat. বাংলা বানান: ব্ + য্ + আ + ট্। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ব্যাটারি: বিদ্যুৎ-উৎপাদক যন্ত্র। বি। বিদেশী। <ইং. battery. বাংলা বানান: ব্ + য্ + আ + ট্ + আ + র্ + ই। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, র্ + ই= রি।

ব্যাদড়া: বেয়াড়া। বি। বিদেশী। < ফা. বদরাহ্। বাংলা বানান: ব্ + য্ + আ + দ্ + ড্ + আ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা। দ-এর হসন্ত চিহ্ন নিষ্প্রয়োজন।

ব্যাদান: বিস্তার। বি। তৎসম। বি + আদান [আ + দা + অন]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।খ বানান: ব্ + য্ + আ + দ্ + আ + ন্ + আ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা।

ব্যাধ: মৃগয়াজীব। বি। তৎসম। ব্যধ্ [শিকার করা] + অ]। ৬।১ বানান: ব্ + য্ + আ + ধ্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা।

ব্যাধি: রোগ। বি। তৎসম। বি + আধি [আ + ধা + ই]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।খ বানান: ব্ + য্ + আ + ধ্ + ই। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, ধ্ + ই= ধি।

ব্যাধিগ্রস্ত: ব্যাধির দ্বারা আক্রান্ত। বিণ। তৎসম। ব্যাধি ['ব্যাধি' দ্রষ্টব্য] + গ্রস্ত [গ্রস্ (গ্রাস করা) + ত]। ৬।১ ব্যাধির দ্বারা গ্রস্ত= করণতৎ। ৩।৩ বানান: ব্ + য্ + আ + ধ্ + ই + গ্ + র্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, গ্ + র্ + অ= গ্র, স্ + ত্ + অ= স্ত।

ব্যাধিত: রোগগ্রস্ত। বিণ। তৎসম। ব্যাধি ['ব্যাধি' দ্রষ্টব্য] + ইত। ৬।২ বানান: ব্ + য্ + আ + ধ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, ধ্ + ই= ধি।

ব্যান্নন: ব্যঞ্জন। বি। অর্ধ-তৎ। < সং. ব্যঞ্জন। বানান: ব্ + য্ + আ + ন্ + ন্ + অ + ন্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, ন্ + ন্ + অ= ন্ন।

ব্যাপক: বিস্তারিত। বিণ। তৎসম। বি + আপ্ + অক। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।ক বানান: ব্ + য্ + আ + প্ + অ + ক্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা।

ব্যাপকতা: বিস্তার। বি। তৎসম। ব্যাপক ['ব্যাপক' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ব্ + য্ + আ + প্ + অ + ক্ + অ + ত্ + আ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা।

ব্যাপা: ব্যাপ্ত করা। ক্রি। তদ্ভব। বি + আপ্ + বাং. আ। বানান: ব্ + য্ + আ + প্ + আ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা।

ব্যাপাদন: হত্যা। বি। তৎসম। বি + আ + পদ্ + ণিচ্= (=পাদি) + অন। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।ক বানান: ব্ + য্ + আ + প্ + আ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা।

ব্যাপাদিত: নিহত। বিণ। তৎসম। বি + আ + পদ্ + ণিচ্ [+পাদি] + ত। ৬।১ [সন্ধি] ই + অ= যা [ব্যা]। ২।৭।ক বানান: ব্ + য্ + আ + প্ + আ + দ্ + ই + ত্ + অ।

ব্যাপার : ঘটনা, বাণিজ্য। বি। তৎসম। বি + আ + প্ + অ। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা] ২।৭।খ বানান: ব্ + য্ + আ + প্ + আ + র্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা।

ব্যাপারী : ছোট ব্যবসায়ী। বি। তৎসম। বি + আ + প্ + ইন্ [ঈ]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা] ২।৭।খ বানান: ব্ + য্ + আ + প্ + আ + র্ + ঈ। ব্ + য্ + আ= ব্যা। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ব্যাপিকা : অত্যন্ত মুখরা ও চঞ্চলা নারী। বিণ। তৎসম। বি + আপ্ + ইক [< অক] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।খ বানান: ব্ + য্ + আ + প্ + ই + ক্ + আ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, প্ + ই= পি।

ব্যাপী : দূরপ্রসারী। বিণ। তৎসম। বি + আপ্ + ইন্ [ঈ]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।খ বানান: ব্ + য্ + আ + প্ = ঈ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, প্ + ঈ= পী।

ব্যাপৃত : রত। বিণ। তৎসম। বি + আ + পৃ + ত। [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।খ বানান: ব্ + য্ + আ + প্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, প্ + ঋ= পৃ।

ব্যাপ্ত : প্রসারিত। বিণ। তৎসম। বি + আপ্ + ত। ৬।২ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।ক বানান: ব্ + য্ + আ + প্ + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, প্ + ত্ + অ= প্ত।

ব্যাপ্তি : প্রসার। বি। তৎসম। বি + আপ্ + তি। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।খ বানান: ব্ + য্ + আ + প্ + ত্ + ই। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, প্ + ত্ + ই= প্তি।

ব্যাবর্তন : প্রত্যাবর্তন। বি। তৎসম। বি + আবর্তন [আ + বৃৎ + অন]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।খ বিপরীত বা বিরুদ্ধ আবর্তন= কর্মধা। ৩।২ বানান: ব্ + য্ + আ + ব্ + অ + র্ + ত্ + অ + ন্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্যা, র্ + ত্ + অ= র্ত। 'র' ও 'ন'-এর মধ্যে 'ত' থাকায় 'ন' 'ন'-ই থেকেছে। ৪।১।গ

ব্যাবর্তিত : প্রত্যাবর্তন করা। বিণ। তৎসম। বি + আবর্তিত [আ + বৃৎ + ণিচ্ + ত]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।খ বানান: ব্ + য্ + আ + ব্ + অ + র্ + ত্ + ই + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, র্ + ত্ + ই= র্তি।

ব্যাম : বাঁও। বি। তৎসম। বি + আ + মা + অ। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।খ বানান: ব্ + য্ + আ + ম্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা।

ব্যামো : পীড়া। বি। তদ্ভব। < সং. ব্যামহ। বানান: ব্ + য্ + আ + ম্ + ও। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, ম্ + ও= মো।

ব্যায়রাম : রোগ। বি। বিদেশী। < ফা. বে + আরাম। বাংলা বানান: ব্ + য্ + আ + য় + র্ + আ + ম্। 'য়' ও 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ব্যায়াম : স্বাস্থ্য-গঠনের জন্য অঙ্গ-সঞ্চালন। বি। তৎসম। বি + আ + যম্ + অ। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।১।খ বানান: ব্ + য্ + আ + য়্ + আ + ম্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা, য়্ + আ= য়া।

ব্যায়ামাগার : কুস্তির আখড়া। বি। তৎসম। ব্যায়াম ['ব্যায়াম' দ্রষ্টব্য] + আগার [অগার + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [মা] ২।১।খ ব্যায়ামের নিমিত্ত আগার= নিমিত্ততৎ। ৩।৩ বানান: ব্ + য্ + আ + য়্ + আ + ম্ + আ + গ্ + আ + র্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ= ব্যা।

ব্যারাম : রোগ। বি। বিদেশী। < ফা. বে + আরাম। বাংলা বানান : ব্ + য্ + আ + র্ + আ + ম্। বি.দ্র. : 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ব্যারিস্টার : বিলাতে শিক্ষাপ্রাপ্ত ব্যবহারজীবী। বি। বিদেশী। < ইং. barrister. বাংলা বানান : ব্ + য্ + আ + র্ + ই + স্ + ট্ + আ + র্। বি.দ্র. : ব্ + য্ + আ= ব্যা, র্ + ই= রি, স্ + ট্ + আ= স্টা। 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ব্যারিস্টারি : ব্যারিস্টারের ব্যবসায। বি। বিদেশী। < ইং. barrister + বাং. ই। ৬।৩ বাংলা বানান : ব্ + য্ + আ + র্ + ই + স্ + ট্ + আ + র্ + ই। বি.দ্র. : ব্ + য্ + আ= ব্যা, র্ + ই= রি, স্ + ট্ + আ= স্টা। র্ + ই= রি।

ব্যাল : সাপ। বি। তৎসম। সং. ব্যাল [ব্যাড়]। বানান : ব্ + য + আ + ল্ + অ। বি.দ্র. : ব্ + য্ + আ= ব্যা।

ব্যালোল : বিলোল [সং. বি + আলোল]। বিণ। তৎসম। + বি + আলোল [আ + লুল্ + অ]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।খ বানান : ব্ + য্ + আ + ল্ + ও + ল্ + অ। বি.দ্র. : ব্ + য্ + আ= ব্যা।

ব্যাস : গোলাকার বস্তুর মধ্য-রেখা, বিভাগ, বেদব্যাস। বি। তৎসম। বি + আস্ [অস্ + অ]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা] ২।৭।খ বানান : ব্ + য্ + আ + স্ + অ। বি.দ্র. : ব্ + য্ + আ= ব্যা।

ব্যাসকূট : মহাভারতের দুর্বোধ্য শ্লোক। বি। তৎসম। ব্যাস ['ব্যাস' দ্রষ্টব্য] + কূট [কূট্ (কপটতা করা) + অ]। ৬।১ বানান : ব্ + য্ + আ + স্ + অ + ক্ + ঊ + ট্ + অ। বি.দ্র. : ব্ + য্ + আ= ব্যা। ক্ + ঊ= কূ।

ব্যাসদেব : পরাশর ও সত্যবতীর পুত্র। বি। তৎসম। ব্যাস ['ব্যাস' দ্রষ্টব্য] + দেব [দিব্ + অ]। ৬।১ যিনি ব্যাস, তিনিই দেব= কর্মধা। ৩।২ বানান : ব্ + য্ + আ + স্ + অ + দ্ + এ + ব্ + অ।

ব্যাসক্ত : অত্যাসক্ত। বিণ। তৎসম। বি + আসক্ত [আ + সন্জ্ + ত]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।খ বানান : ব্ + য্ + আ + স্ + অ + ক্ + ত্ + অ। বি.দ্র. : ব্ + য্ + আ= ব্যা, ক্ + ত্ + অ= ক্ত।

ব্যাসক্তি : বিশেষ আসক্তি। বি। তৎসম। বি + আসক্তি [আ + সন্জ্ + তি]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।খ বানান : ব্ + য্ + আ + স্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র. : ব্ + য্ + আ= ব্যা, ক্ + ত্ + ই= ক্তি।

ব্যাসপিঁড়ি : পুরাণ পাঠকের বসবার আসন। মিশ্র [তৎসম + তদ্ভব] সং. ব্যাস ['ব্যাস' দ্রষ্টব্য] + তদ্ভব. পিঁড়ি [<সং. পিণ্ডি]। ব্যাস-রচিত পুরাণ-পাঠের পিঁড়ি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ব্ + য্ + আ + স্ + অ + পঁ + ই + ড্ + ই।

ব্যাসবাক্য : সমাসের অন্তর্গত বাক্যসমূহ। বি। তৎসম। ব্যাস ['ব্যাস' দ্রষ্টব্য] + বাক্য [বচ্ + য (যৎ)]। ৬।১ ব্যাস [বিভাগ)-সূচক বাক্য = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ব্+য্ + আ + স্ + অ + ব্ + আ + ক্ + য্ + অ। বি.দ্র. : ব্ + য্ + আ = ব্যা, ক্ + য্ + অ = ক্য।

ব্যাসার্ধ : ব্যাসের অর্ধাংশ [ব্যাস + অর্ধ]। বি। তৎসম। ব্যাস ['ব্যাস' দ্রষ্টব্য] + অর্ধ [অর্ধ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [সা]। ২।১।ক ব্যাসের অর্ধ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ব্ + য্ + আ + স্ + আ + র্ + ধ্ + অ। বি.দ্র. : ব্ + য্ + আ = ব্যা, র্ + ধ্ + অ = র্ধ।

ব্যাহত : প্রতিহত। বিণ। তৎসম। বি + আ +

হন্ + ত। [সন্ধি] ই + আ = যা [ব্যা]। বানান: ব্ + য্ + আ + হ্ + অ + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ = ব্যা।

ব্যাহৃতি: উক্তির অংশ-বিশেষের উদ্ধৃতি। বি। তৎসম। বি + আ + হৃ + তি। ৬।১ [সন্ধি] ই + আ = যা [ব্যা]। ২।৭।ক বানান: ব্ + য্ + আ + হ্ + ঋ + ত্ + ই। বি.দ্র.: ব্ + য্ + আ = ব্যা, হ্ + ঋ = হৃ, ত্ + ই = তি।

ব্যুৎপত্তি: শব্দের প্রকৃতি-প্রত্যয়াদি বিশ্লেষণ, পারদর্শিতা। বি। তৎসম। বি + উৎ + পদ্ + তি। ৬।১ বানান: ব্ + য্ + উ + ৎ + প্ + অ + ত্ + ত্ + ই। বি.দ্র.: ব্ + য্ + উ = ব্যু, ত্ + ত্ + ই = ত্তি।

ব্যুৎপন্ন: শাস্ত্রে সুপণ্ডিত। বিণ। তৎসম। বি + উৎপন্ন। [উৎ + পদ্ + ত]। ৬।১ [সন্ধি] ই + উ = যু [ব্যু]। ২।৭।গ বানান: ব্ + য্ + উ + ৎ + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র.: ব্ +য্ + উ = ব্যু, ন্ + ন্ + অ = ন্ন।

ব্যুৎপাদন: শব্দসাধন। বি। তৎসম। বি + উৎপাদন [উৎ + পদ্ + ণিচ্ [পাদি] + অন]। ৬।১ [সন্ধি] ই + উ = যু [ব্যু]। বানান: ব্ + য্ + উ + ৎ + প্ + আ + দ্ + অ + ন্ + অ।

ব্যুৎপাদিত: প্রকৃতি-প্রত্যয়ের দ্বারা উৎপন্ন। বিণ। তৎসম। বি + উৎপাদিত। [উৎ + পদ্ + ণিচ্ (=পাদি) + ত। ৬।১ [সন্ধি] ই + উ = যু [ব্যু]। বানান: ব্ + য্ + উ + ৎ + প্ + আ + দ্ + ই + ত্ + অ।

ব্যূঢ়: বিশাল। বিণ। তৎসম। ৬।১ [সন্ধি] ই + ঊ [বহ্ + ত = ঊঢ়] = যূ [ব্যূ]। ২।৭।গ বানান: ব্ + য্ + ঊ + ঢ্ + অ। ব্ + য্ + ঊ = ব্যূ। ঢ্ + অ = ঢ।

ব্যূঢ়োরস্ক: যার বক্ষস্থল বিশাল। বিণ। তৎসম। ব্যূঢ় ['ব্যূঢ়' দ্রষ্টব্য] + উরস্ + ক।৬।২ [সন্ধি] অ + উ = ও [ঢ়ো]। ২।৫।খ ব্যূঢ় [বিশাল] উরস্ (বক্ষ) যার = বহুব্রী। ৩।৫। বানান: ব্ + য্ + ঊ + ঢ্ + ও + র্ + অ + স্ + ক্ + অ। বি.দ্র.: ব্ + য্ + ঊ = ব্যূ, ঢ্ + ও = ঢ়ো, স্ + ক্ + অ = স্ক।

ব্যূহ: পরিকল্পিত উপায়ে সৈন্য সমাবেশ। বি। তৎসম। বি + ঊহ্ + অ। [সন্ধি] ই + ঊ = যূ [ব্যূ]। ২।৭।গ বানান: ব্ + য্ + ঊ + হ্ + অ। বি.দ্র.: ব্ + য্ + ঊ = ব্যূ।

ব্যূহিত: ব্যূহাকারে স্থাপিত। বিণ। তৎসম। ব্যূহ ['ব্যূহ' দ্রষ্টব্য] + ইত [ইতচ্] ৬।২ [সন্ধি] ই + ঊ = যূ [ব্যূ]। ২।৭।গ বানান: ব্ + য্ + ঊ + হ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + ঊ = ব্যূ।

ব্যোম: আকাশ। বি। তৎসম। [ব্যে (আচ্ছাদন করা) + মন্] ৬।১ বানান: ব্ + য্ + ও + ম্ + অ। বি.দ্র.: ব্ + য্ + ও = ব্যো।

ব্যোমকেশ: আকাশের জ্যোতিষ্কদের তেজোরাশি যাঁর কেশ-স্বরূপ, মহাদেব। বি। তৎসম। ব্যোম ['ব্যোম' দ্রষ্টব্য] + কেশ [কে (মাথায়) + শী (শয়ন করা) + অ]। ৬।১ ব্যোম [আকাশের জ্যোতিরাশি] কেশ যাঁর = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + য্ + ও + ম্ + অ + ক্ + এ + শ্ + অ। বি.দ্র.: ব্ + য্ + ও = ব্যো।

ব্যোমচারী: গগনবিহারী। বিণ। তৎসম। ব্যোম ['ব্যোম' দ্রষ্টব্য] + চারী [চর্ + ইন্ (ঈ)]। ৬।১ ব্যোমে [আকাশে] বিচরণ করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + য্ + ও + ম্ + অ + চ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: ব্ + য্ + ও = ব্যো। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত তাই 'ঈ'-কারান্ত।

ব্যোমযান: বিমান। বি। তৎসম। ব্যোম ['ব্যোম' দ্রষ্টব্য] + যান [যা + অন]। ৬।১ ব্যোমে [আকাশে] যাতায়াত-কারী যান = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + য্ + ও + ম্ + অ +

য্ + আ + ন্ + অ। বি.দ্র. : ব্ + য্ + ও = ব্যো।

ব্রঙ্কাইটিস : শ্বাসনালীর রোগ। বি। বিদেশী। <ইং. (bronchitis] : বাংলা বানান : ব্ + র্ + অ + ঙ্ + ক্ + আ + ই + ট্ + ই + স্। বি.দ্র. : ব্ + র্ + অ = ব্র, ঙ্ + ক্ + আ = ঙ্কা।

ব্রজ : গমন, বৃন্দাবন, সমূহ। বি। তৎসম। ব্রজ্ + অ। ৬৷১ বানান : ব্ + র্ + অ + জ্ + অ। বি.দ্র. : ব্ + র্ + অ = ব্র।

ব্রজকামিনী : ব্রজের গোপী। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য। + কামিনী [কম্ + ণিচ্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬৷১ , ৭৷১৷চ ব্রজের কামিনী = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : ব্ + র্ + অ + জ্ + অ + ক্ + আ + ম্ +ই + ন্ + ঈ। বি.দ্র. : ইন্ + ঈ = 'ইনী' যুক্ত হওয়ায় শব্দান্তে আগে 'ই', পরে 'ঈ'।

ব্রজকিশোর : শ্রীকৃষ্ণ। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + কিশোর [কিম্ + স্ + ওর]। ৬৷১ ব্রজের কিশোর = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : ব্ + র্ + অ + জ্ + অ + ক্ + ই + শ্ + ও + র্ + অ। বি.দ্র. : ব্ + র্ + অ = ব্র, শ্ + ও = শো।

ব্রজকিশোরী : শ্রী রাধিকা। বি। তৎসম। ব্রজ কিশোর ['ব্রজকিশোর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭৷১৷গ ব্রজের কিশোরী = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : ব্ + র্ + অ + জ্ + অ + ক্ + ই + শ্ + ও + র্ + ঈ। বি.দ্র. : ব্ + র্ + অ = ব্র, শ্ + ও = শো, র্ + ঈ = রী।

ব্রজগোপাল : শ্রীকৃষ্ণ। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + গোপাল [গো + পা + ণিচ্ (= পালি) + অ]। ৬৷১ গো পালন করে যে = উপপদতৎ। ৩৷৩ ব্রজের গোপাল = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : ব্ + র্ + অ + জ্ + অ + গ্ + ও + প্ + আ + ল্ + অ। বি.দ্র. : ব্ + র্ + অ= ব্র।

ব্রজদুলাল : শ্রীকৃষ্ণ। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + দুলাল [<সং. দুললিত, মতান্তরে, বিদেশী <হি. দুলার]। ব্রজের দুলাল = সম্বন্ধতৎ। বানান : ব্ + র্ + অ + জ্ + অ + দ্ + উ + ল্ + আ + ল্ + অ। বি.দ্র. : ব্ + র্ + অ = ব্র।

ব্রজধাম : বৃন্দাবন। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + ধা [ধা + মন্]। ৬৷১ ব্রজই ধাম [পুণ্যভূমি] কর্মধা। ৩৷২ বানান : ব্ + র্ + অ + জ্ + অ + ধ্ + আ + ম্ + অ। বি.দ্র. : ব্ + র্ + অ = ব্র।

ব্রজনারী : ব্রজের গোপী। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + নারী [নর + ঈ] বা নৃ + ঈ]। ৭৷১৷গ ব্রজের নারী = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : ব্ + র্ + অ + জ্ + অ + ন্ + আ + র্ + ঈ।

ব্রজন : ভ্রমণ। বি। তৎসম। ব্রজ্ + অন। ৬৷১ বানান : ব্ + র্ + অ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন' এর মধ্যে 'জ' [চ-বর্গ] থাকায় 'ন' 'ন'-ই থেকেছে।

ব্রজবল্লভ : শ্রীকৃষ্ণ। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + বল্লভ [বল্ল্ + অভ]। ৬৷১ ব্রজের বল্লভ [প্রিয়] = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : ব্ + র্ + জ্ + অ + ব্ + অ + ল্ + ল্ + অ + ভ্ + অ। বি.দ্র. : ব্ + র্ + অ = ব্র, ল্ + ল্ + অ = ল্ল।

ব্রজবালা : ব্রজের গোপী। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + বালা [বল্ + অ + আ [স্ত্রী]। ৬৷১, ৭৷১৷ক ব্রজের বালা [বালিকা] = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : ব্ + র্ + অ + জ্ + অ + ব + আ + ল্ + আ। বি.দ্র. : ব্ + র্ + অ = ব্র।

ব্রজবিনোদিনী : শ্রী রাধিকা। বি। তৎসম। ব্রজ

['ব্রজ' দ্রষ্টব্য] + বিনোদিনী [বি + নুদ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ ব্রজের বিনোদন করে যে [নারী] = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + অ + ব্ + ই + ন্ + ও + দ্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : ব্ + র্ + অ = ব্র। শব্দটি 'ইন্' + ঈ - প্রত্যয়ান্ত, তাই শব্দান্তে 'ইনী' যুক্ত হয়েছে। আগে 'ই', পরে 'ঈ'।

ব্রজ-বিলাসিনী: শ্রী রাধিকা। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + বিলাসিনী [বি + লস্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ ব্রজের বিলাসিনী [লীলাকারিণী] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + অ + ব্ + ই + ল্ + আ + স্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' + ঈ = 'ইনী' প্রত্যয়ান্ত, তাই শব্দান্তে আগে 'ই', পরে 'ঈ' হয়েছে।

ব্রজ-বিলাসী: শ্রীকৃষ্ণ। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + বিলাসী [বি + লস্ + ইন্ [ঈ]। ৬।১ ব্রজের বিলাসী [লীলা কারী] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + অ + ব্ + ই + ল্ + আ + স্ + ঈ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ব্রজবিহারী: শ্রীকৃষ্ণ। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + বিহরী [বি + হৃ + ইন্ (ঈ)]। ৬।১ ব্রজে বিহার করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + অ + ব্ + ই + হ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' (ঈ)-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ব্রজবুলি: মৈথিলী ও বাংলার মিশ্রণে সৃষ্ট বৈষ্ণব পদাবলীর কৃত্রিম ভাষা। বি। মিশ্র [তৎসম + বিদেশী] সং. ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + বুলি [<হি. বোলী]। ব্রজের বুলি [ভুল। মৈথিলী ও বাংলার সংমিশ্রণে সৃষ্ট কৃত্রিম 'বুলি'] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + অ + ব্ + উ + ল্ + ই। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র।

ব্রজভাষা: বৃন্দাবন অঞ্চলের ভাষা। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + ভাষা [ভাষ্ + অ + আ (স্ত্রী)]। ৬।১ ব্রজের ভাষা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + অ + ভ্ + আ + ষ্ + আ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র। 'ভাষা'-র 'ষ্' স্বাভাবিক 'ষ'।

ব্রজমোহন: শ্রীকৃষ্ণ। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + মোহন [মুহ্ + ণিচ্ + অন]। ৬।১ ব্রজের মোহন [মুগ্ধকারী] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ = ব্র, ম্ + ও = মো।

ব্রজরমণ: শ্রীকৃষ্ণ। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + রমণ [রম্ + ণিচ্ + অন]। ৬।১ ব্রজের রমণ [সন্তোষ-বিধায়ক] = সম্বন্ধতৎ ।৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + অ + র্ + অ + ম্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন'এর মধ্যে 'ম্' ও 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ব্রজরমণী: ব্রজের গোপী। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + রমণী [রম্ + ণিচ্ + অন + ঈ [স্ত্রী)]। ৬।১, ৭।১।গ ব্রজের রমণী = সম্বন্ধ তৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + অ + র্ + অ + ম্ + অ + ণ্ + ঈ। বি.দ্র.: 'র্' ও 'ন'-এর মধ্যে 'ম' ও 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ব্রজলাল: শ্রীকৃষ্ণ। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + লাল [<হি. লাল (প্রিয়)]। ব্রজের লাল [প্রিয়] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + অ + ল্ + আ + ল্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র।

ব্রজলীলা: বৃন্দাবনে শ্রীকৃষ্ণের বাল্যলীলা। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + লীলা [লীল্ + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক ব্রজের লীলা

= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + অ + ল্ + ঈ + ল্ + আ।

ব্রজসুন্দর: শ্রীকৃষ্ণ। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + সুন্দর [সু + উন্দ্ + অর]। ৬।১ ব্রজের সুন্দর = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + অ + স্ + উ + ন্ + দ্ + অ + র্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, ন্ + দ্ + অ = ন্দ।

ব্রজসুন্দরী: শ্রীরাধিকা। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + সুন্দরী [সু + উন্দ্ + অর + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ ব্রজের সুন্দরী = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + অ + স্ + উ + ন্ + দ্ + অ + র্ + ঈ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, ন্ + দ্ + অ = ন্দ, র্ + ঈ = রী।

ব্রজাঙ্গনা: ব্রজের গোপী। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + অঙ্গনা [অঙ্গ্ + অন + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [সন্ধি] অ + অ = আ [জা] ২।১।ক ব্রজের অঙ্গনা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + আ + ঙ্ + গ্ + অ + ন্ + আ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, ঙ্ + গ্ + অ = ঙ্গ।

ব্রজেন্দ্র: শ্রীকৃষ্ণ। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + ইন্দ্র [ইন্দ্ + র]। ৬।১ [সন্ধি] অ + ই = এ (জে)। ২।৪।ক ব্রজের ইন্দ্র [শ্রেষ্ঠ ব্যক্তি] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + এ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, ন্ + দ্ + র্ + অ =ন্দ্র।

ব্রজেশ্বর: শ্রীকৃষ্ণ। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য + ঈশ্বর [ঈশ্ + বর]। ৬।২ [সন্ধি] অ + ঈ = এ [জে]। ২।৪।খ ব্রজের ঈশ্বর [প্রভু] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + এ + শ্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, শ্ + ব্ + অ = শ্ব।

ব্রজেশ্বরী: শ্রীরাধিকা। বি। তৎসম। ব্রজ ['ব্রজ' দ্রষ্টব্য] + ঈশ্বরী [ঈশ্ + বর্ + ঈ (স্ত্রী)]। ৬।২, ৭।১।গ [সন্ধি] অ + ঈ = এ [জে]। ২।৪।খ ব্রজের ঈশ্বরী = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + জ্ + এ + শ্ + ব্ + অ + র্ + ঈ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, শ্ + ব্ + অ = শ্ব। র্ + ঈ = রী।

ব্রণ: ফোঁড়া। ব্রণ্ (ক্ষত করা) + অ]। ৬।১ বানান: ব্ + র্ + অ + ণ্ + অ। বি. দ্র.: ব্ + র্ + অ = ব্র। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ব্রত: বৃ (প্রার্থনা করা) + অত]। ধর্মানুষ্ঠান। ৬।১ বানান: ব্ + র্ + অ + ত্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র।

ব্রতচারিণী: ব্রত পালনকারিণী। বি। বিণ। ব্রত ['ব্রত' দ্রষ্টব্য] + চারিণী [চর্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ ব্রত আচরণ করে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + ত্ + অ + চ্ + আ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র। 'র্' ও 'ন্' এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ব্রতচারী: ব্রত পালনকারী। বি। বিণ। তৎসম। ব্রত ['ব্রত' দ্রষ্টব্য] + চারী [চর্ + ইন্ (ঈ)]। ৬।১ ব্রত আচরণ করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + ত্ + অ + চ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ব্রততি, ব্রততী: লতা। বি। তৎসম। প্র [=ব্র] + তন্ [বিস্তার করা] + তি [+ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ বানান: ব্ + র্ + অ + ত্ + অ + ত্ + ই, ঈ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, ত্ + ই = তি, ত্ + ঈ = তী।

ব্রতধারণ: ব্রতগ্রহণ। বি। তৎসম। ব্রত ['ব্রত' দ্রষ্টব্য] + ধারণ [ধৃ + অন]। ৬।১ ব্রতকে ধারণ = কর্মতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ +

ত্ + অ + ধ্ + আ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র। 'র' ও 'ন' এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ব্রতপারণা: ব্রতোপবাসের পর ভোজন। বি। তৎসম। ব্রত ['ব্রত' দ্রষ্টব্য] + পারণা [পৃ + অন + আ (স্ত্রী)]। ৬।১ ব্রতের পারণা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + ত্ + অ + প্ + আ + র্ + অ + ণ্ + আ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ' হয়েছে।

ব্রতভঙ্গ: আদর্শ সঙ্কল্প থেকে বিচ্যুতি। বি। তৎসম। ব্রত ['ব্রত' দ্রষ্টব্য] + ভঙ্গ [ভন্‌জ্ + অ]। ৬।১ ব্রতের ভঙ্গ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + ত্ + অ + ভ্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, ঙ্ + গ্ + অ = ঙ্গ।

ব্রতভিক্ষা: উপনয়নকালীন ভিক্ষা। বি। তৎসম। ব্রত ['ব্রত' দ্রষ্টব্য] + ভিক্ষা [ভিক্ষ্ + অ + আ (স্ত্রী)]। ৬।১ ৭।১।ক ব্রতকালীন ভিক্ষা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + র্ + অ + ত্ + অ + ভ্ + ই + ক্ + ষ্ +আ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, ক্ + ষ্ + আ = ক্ষা।

ব্রতী: ব্রতচারী। বি, বিণ। তৎসম। বৃ + অত + ইন্ [ঈ]। ৬।১ বানান: ব্ + র্ + অ + ত্ + ঈ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, ত্ + ঈ = তী।

ব্রতোপবাস: ব্রতের আনুষঙ্গিক উপবাস। বি। তৎসম। ব্রত ['ব্রত' দ্রষ্টব্য] + উপবাস [উপ + বস্ + অ]। ৬।১ [সন্ধি]. অ + উ = ও [তো]। ২।৫।ক ব্রতজনিত উপবাস = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + র্ + অ + ত্ + ও + প্ + অ + ব্ + আ + স্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, ত্ + ও = তো।

ব্রহ্ম: পরমপুরুষ। বি। তৎসম। [বৃন্‌হ্ + মন্] ['ন' লুপ্ত] ৬।১ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম।

ব্রহ্মগ্রন্থি: যজ্ঞোপবীতের গ্রন্থি। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + গ্রন্থি [গ্রন্থ্ + ই]। ৬।১ ব্রহ্মসূচক গ্রন্থি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + গ্ + র্ + অ + ন্ + থ্ + ই। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, গ্ + র্ + অ = গ্র, ন্ + থ্ + ই = ন্থি।

ব্রহ্মঘাতক: ব্রাহ্মণহত্যাকারী। বিণ। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + ঘাতক [হন্ + অক]। ৬।১ ব্রাহ্মণকে হত্যা করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + ঘ্ + আ + ত্ + অ + ক্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম।

ব্রহ্মঘাতী: ব্রাহ্মণহত্যাকারী। বিণ। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + ঘাতী [হন্ + ইন (ঈ)]। ৬।১ ব্রাহ্মণকে হত্যা করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + ঘ্ + আ + ত্ + ঈ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ব্রহ্মঘ্ন: ব্রাহ্মণহত্যাকারী। বিণ। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + ঘ্ন [হন্ + অ]। ৬।১ ব্রাহ্মণকে হত্যা করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + ঘ্ + ন্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, ঘ্ + ন্ + অ = ঘ্ন

ব্রহ্মচর্য: ব্রহ্মচারীর ধর্ম। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + চর্য [চর্ + য (যৎ)]। ৬।১ ব্রহ্মচারীর চর্য [আচরণীয়] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + চ্ + অ + র্ + য্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, র্ + য্ + অ = র্য।

ব্রহ্মচর্যা : ব্রহ্মচারীর সংযম। বি। তৎসম। ব্রহ্মচর্য ['ব্রহ্মচর্য' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক ব্রহ্মচারীর চর্যা [আচরণীয়] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, র্ + য্ + আ = র্যা। রেফ থাকায় 'য'-এর দ্বিত্ব বর্জিত।

ব্রহ্মচর্যাশ্রম : সংযত ছাত্রাবস্থা। বি। তৎসম। ব্রহ্মচর্য ['ব্রহ্মচর্য' দ্রষ্টব্য] + আশ্রম [আ + শ্রম্ +অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [র্যা]। ২।১।খ ব্রহ্মচর্যের নিমিত্ত আশ্রম = নিমিত্ততৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + চ্ + অ + র্ + য্ + আ + শ্ + র্ + অ + ম্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, র্ + য্ + আ = র্যা, শ্ + র্ + অ = শ্র।

ব্রহ্মচারিণী : ব্রহ্মচর্য পালনকারিণী। বি। বিণ। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + চারিণী [চর্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ ব্রহ্ম [ব্রহ্মচর্য] আচরণ করেন যিনি [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩, বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + চ্ + আ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, ১. 'র' ও 'ন' এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ২. 'ইন্'+ ঈ = 'ইনী'; শব্দান্তে যুক্ত হওয়ায় শব্দ-শেষে আগে 'ই', পরে 'ঈ' হয়েছে।

ব্রহ্মচারী : ব্রহ্মচর্য পালনকারী। বি। বিণ। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + চারী [চর্ +ইন্ (ঈ)]। ৬।১ ব্রহ্মচর্য আচরণ করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + চ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ +ম্ + অ = হ্ম। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ব্রহ্মজ্ঞ : ব্রহ্মবিদ্, যিনি ব্রহ্মজ্ঞান লাভ করেছেন। বিণ। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + জ্ঞ [জ্ঞা + অ]। ৬।১ ব্রহ্মকে জানেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, জ্ + ঞ্ + অ = জ্ঞ।

ব্রহ্মজ্ঞান : ব্রহ্ম সম্বন্ধে জ্ঞান। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + জ্ঞান [জ্ঞা + অন]। ৬।১ ব্রহ্ম-বিষয়ক জ্ঞান = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + জ্ + ঞ্ + আ + ন্ + অ। বি.দ্র.: ব্ +র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, জ্ + ঞ্ + আ = জ্ঞা।

ব্রহ্মজ্ঞানী : ব্রহ্মবিদ্, যিনি ব্রহ্মজ্ঞান লাভ করেছেন। বিণ। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + জ্ঞানী [জ্ঞা + অন + ইন্ (ঈ)]। ৬।১ ব্রহ্ম জ্ঞান আছে যার = বহুব্রী। ৩।৫ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + জ্ + ঞ্ + আ + ন্ + ঈ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, জ্ + ঞ্ + আ = জ্ঞা। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত,তাই 'ঈ'-কারান্ত।

ব্রহ্মণ্য : ব্রহ্মত্ব। বি। তৎসম। ব্রহ্মণ্ + য [ষ্ণ্য]। ৬।২ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + ণ্ + য্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, ণ্ + য্ + অ = ণ্য।

ব্রহ্মণ্যদেব : ব্রাহ্মণের হিতকারী, শ্রীকৃষ্ণ। বি। তৎসম। ব্রহ্মণ্য ['ব্রহ্মণ্য' দ্রষ্টব্য] + দেব [দিব্ + অ]। ৬।১ ব্রাহ্মণের হিতকারী দেব = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + ণ্ + য্ +অ + দ্ + এ + ব্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, ণ্ + য্ + অ = ণ্য।

ব্রহ্মতালু : মাথার চাঁদি। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + তালু [তৃ + ল + উ]। ৬।১ ব্রহ্মের [ব্রহ্মরন্ধ্রের] তালু [উপরিতল] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ +

অ + ত্ + আ + ন্ + উ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, , হ্ + ম্ + অ = হ্ম

ব্রহ্মতেজঃ : ব্রহ্মে নিষ্ঠাজনিত তেজ। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + তেজঃ [তিজ্ + অ (স্ = ঃ)]। ৬।১ ব্রহ্মের তেজঃ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + ত্ + এ + জ্ + অ + ঃ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম।

ব্রহ্মত্ব : ব্রহ্মের সাযুজ্য। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + ত্ব। ৬।২ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, ত্ + ব্ + অ = ত্ব।

ব্রহ্মত্র : ব্রহ্মোত্তর। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + ত্র [ত্রৈ + অ]। ৬।১ ব্রাহ্মণকে ত্রাণ [রক্ষা] করে যা = উপপদতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + ত্ + র্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম। ত্ + র্ + অ = ত্র।

ব্রহ্মদৈত্য : প্রেত-যোনিপ্রাপ্ত ব্রাহ্মণ। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + দিতি + য [ষ্ণ্য]। ৬।২ ব্রহ্ম [ব্রাহ্মণের আত্মা]-জাত দৈত্য = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + দ্ + ঐ + ত্ + য্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, দ্ + ঐ = দৈ, ত্ + য্ + অ = ত্য।

ব্রহ্মনিষ্ঠ : পরম পুরুষে নিবেদিত-প্রাণ। বিণ। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + নিষ্ঠ [নি + স্থা + অ]। ৬।১ ব্রহ্মে নিষ্ঠ = অধিকরণতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + ন্ + ই + ষ্ + ঠ্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, ষ্ + ঠ্ + অ = ষ্ঠ। 'ই'-র পর এবং 'ঠ'-এর আগে 'ষ' হয়েছে।

ব্রহ্মপুত্র : পূর্বভারতের নদ। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + পুত্র [পুৎ + ত্রৈ + অ]। ৬।১ ব্রহ্মের পুত্র [জাত] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + প্ + উ + ত্ + র্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, ত্ + র্ + অ = ত্র।

ব্রহ্মবাদী : যে ব্রহ্মের কথা বলে। বিণ। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + বাদী [বদ্ + ইন্ (ঈ)]। ৬।১ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + ব্ + আ + দ্ + ঈ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম। শব্দটি 'ইন্' [ঈ]- প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ব্রহ্মরন্ধ্র : মস্তকের মধ্যভাগের সন্ধিস্থান। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + রন্ধ্র [রধ্ + র ('ন' আগম)]। ৬।১ ব্রহ্মের [ব্রহ্মের অধিষ্ঠিত] রন্ধ্র = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + র্ + অ + ন্ + ধ্ + র্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, ন্ + ধ্ + র্ + অ = ন্ধ্র।

ব্রহ্মরাক্ষস : রাক্ষসত্ব-প্রাপ্ত ব্রাহ্মণ। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + রাক্ষস [রক্ষ্ + অস]। ৬।১ রাক্ষসভূত ব্রহ্ম [ব্রাহ্মণ] = মধ্যপ-কর্মধা। [পরনিপাত] ৩।২ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + র্ + আ + ক্ + ষ্ + অ + স্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, ক্ + ষ্ + অ = ক্ষ।

ব্রহ্মর্ষি : যিনি একধারে ব্রাহ্মণ ও ঋষি। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + ঋষি [ঋষ্ + ই]। ৬।১ [সন্ধি] অ + ঋ = অর্ [হ্মর্ষি]। ২।৬।ক যিনি ব্রহ্ম [ব্রাহ্মণ], তিনিই ঋষি = কর্মধা। ৩।২ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + র্ +

ষ্ + ই। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, র্ + ষ্ + ই = র্ষি। 'র'-এর পর 'ষ্' হয়েছে। ৪।২।গ

ব্রহ্মলোক : সত্যলোক। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + লোক [লোক্ + অ]। ৬।১ ব্রহ্মের লোক = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + ল্ + ও + ক্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম।

ব্রহ্মশাপ : ব্রাহ্মণের অভিশাপ। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + শাপ [শপ্ + অ]। ৬।১ ব্রহ্মের [ব্রাহ্মণের] শাপ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + শ্ + আ + প্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম।

ব্রহ্মসঙ্গীত : পরমপুরুষে ভক্তিবিষয়ক সঙ্গীত। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + সঙ্গীত [সম্ + গৈ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + গী = ঙ্ + গী = ঙ্গী। ২।২৮ ব্রহ্ম-বিষয়ক সঙ্গীত = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + স্ + অ + ঙ্ + গ্ + ঈ + ত্ +অ। বি.দ্র.: ব্ + র্ + অ= ব্র, হ্ + ম্ + অ = হ্ম, ঙ্ + গ্ + ঈ = ঙ্গী।

ব্রহ্মসূত্র : পৈতা। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + সূত্র [সূত্র + অ]। ৬।১ ব্রহ্মের [ব্রাহ্মণের] সূত্র = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + স্ + ঊ + ত্ + র্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, স্ + ঊ = সূ, ত্ + র্ + অ = ত্র।

ব্রহ্মস্ব : ব্রাহ্মণের ধন বা ভূমি। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + স্ব। ব্রহ্মের [ব্রাহ্মণের] স্ব [ধন বা ভূমি] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + স্ + ব্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, স্ + ব্ + অ = স্ব।

ব্রহ্মহত্যা : ব্রাহ্মণ - বধ। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + হত্যা [হন্ + য (যৎ) + আ]। ৬।১ ব্রহ্মকে [ব্রাহ্মণকে হত্যা = কর্মতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + অ + হ্ + অ + ত্ + য্ + আ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + অ = হ্ম, ত্ + য্ + আ = ত্যা।

ব্রহ্মা : সৃষ্টিকর্তা। বি। তৎসম। ব্রহ্মা [<ব্রহ্মন্]। বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + আ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + আ = হ্মা।

ব্রহ্মাণী : ব্রহ্মার পত্নী, বি। তৎসম। ব্রহ্মন্ [ব্রহ্মা] + অন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + আ + ণ্ + ঈ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + আ = হ্মা, ণ্ + ঈ = ণী। 'র্' ও 'ন্' এর মধ্যে অ, হ্, ম্ আ থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

ব্রহ্মাণ্ড : বিশ্বজগৎ। বি। তৎসম। ব্রহ্মা ['ব্রহ্মা' দ্রষ্টব্য] + অণ্ড [অম্ + ড]। ৬।১ [সন্ধি] আ + অ = আ [হ্মা]। ২।১।গ ব্রহ্মার অণ্ড [সৃষ্টির বীজকোষ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + আ + ণ্ + ড্ + অ। ব্ + র্ + অ = ব্র। বি.দ্র.: হ্ + ম্ + আ = হ্মা, ণ্ + ড্ + অ = ণ্ড। 'ড্'-এর আগে 'ণ্' হয়ে 'ণ্ড' হয়েছে। ৪।১।ক

ব্রহ্মানন্দ : ব্রহ্মের উপলব্ধি-জনিত আনন্দ। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + আনন্দ [আ + নন্দ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [হ্মা]। ২।১।খ ব্রহ্মের উপলব্ধি-জনিত আনন্দ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + আ + ন্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + আ = হ্মা।

ব্রহ্মাবর্ত : সরস্বতী ও দৃষদ্বতীর মধ্যবর্তী ব্রাহ্মণবহুল

অভ্যন্তর। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + আবর্ত [আ + বৃৎ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [হ্মা]। ২।১।খ ব্রহ্মের [ব্রাহ্মণের] আবর্ত [বাসস্থান] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + আ + ব্ + অ + র্ + ত্ + অ। বি.দ্র.: র্ + ত্ + অ = র্ত।

ব্রহ্মারণ্য: বেদপাঠের স্থান। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + অরণ্য [ঋ + অন্য]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [হ্মা]। ২।১।ক ব্রহ্মের [ব্রাহ্মণের বেদপাঠের] অরণ্য = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + র্ + অ + হ্ + ম্ + আ + র্ + অ + ণ্ + য্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + আ = হ্মা। ণ্ + য + অ = ণ্য, 'র্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ব্রহ্মাস্ত্র: অমোঘ দৈবাস্ত্র। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + অস্ত্র [অস্ + ত্র]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [হ্মা]। ২।১।ক ব্রহ্মের শক্তিসম্পন্ন অস্ত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + র্ + অ = ব্র, হ্ + ম্ + আ = হ্মা, স্ + ত্ + র্ + অ = স্ত্র।

ব্রাত্য: যে ব্রাহ্মণের যথাকালে উপনয়ন হয় নি এবং সেইজন্য পতিত। বিণ। তৎসম। ব্রাত [নীচ জাতি (ব্যাধ ইত্যাদি)] + য [সদৃশ]। বানান: ব্ + র্ + আ + ত্ + য্ + অ। বি.দ্র.: ব্ + র্ + আ = ব্রা, ত্ + য্ + অ = ত্য।

ব্রাহ্ম: ব্রহ্মজ্ঞানী, একেশ্বরবাদী হিন্দু-সম্প্রদায়। বিণ। বি। তৎসম। ব্রহ্ম ['ব্রহ্ম' দ্রষ্টব্য] + অ। ৬।২ বানান: ব্ + র্ + আ + হ্ + ম্ + অ। বি.দ্র.: ব্ + র্ + আ = ব্রা, হ্ + ম্ + অ = হ্ম।

ব্রাহ্মণ: বিপ্র। বি। তৎসম। ব্রহ্মন্ + অ। বানান: ব্ + র্ + আ + হ্ + ম্ + অ + ণ্ + অ। ব্ + র্ + আ = ব্রা, হ্ + ম্ + অ = হ্ম। 'র্' ও 'ন'-এর মধ্যে 'আ', 'হ্', 'ম্', 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ব্রাহ্মণ-পণ্ডিত: শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ। বি। তৎসম। ব্রাহ্মণ ['ব্রাহ্মণ' দ্রষ্টব্য] + পণ্ডিত [পণ্ডা + ইত (ইতচ্)]। ৬।২ যিনি ব্রাহ্মণ, তিনিই পণ্ডিত = কর্মধা। ৩।২ বানান: ব্ + র্ + আ + হ্ + ম্ + অ + ণ্ + অ + প্+ অ + ণ্ + ড্ + ই + ত্ + অ। বি.দ্র.: ব্ + র্ + আ = ব্রা, হ্ + ম্ + অ = হ্ম, ণ্ + ড্ + ই = ণ্ডি। ১. 'র্' ও 'ন' এর মধ্যে আ, হ্, ম্, অ থাকায় 'ন' 'ণ'হয়েছে। ২. ৪।১।গ 'ড্' এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

ব্রাহ্মণী: ব্রাহ্মণের পত্নী। বি। তৎসম। ব্রাহ্মণ ['ব্রাহ্মণ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ব্ + র্ + আ + হ্ + ম্ + অ + ণ্ + ঈ। ব্ + র্ + আ = ব্রা, হ্ + ম্ + অ = হ্ম, ণ্ + ঈ = ণী।

ব্রাহ্মধর্ম: রাজা রামমোহন রায় ও মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর-প্রবর্তিত ধর্মমত। বি। তৎসম। ব্রাহ্ম ['ব্রাহ্ম' দ্রষ্টব্য] + ধর্ম [ধৃ + ম]। ৬।১ ব্রাহ্মদের ধর্ম = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + আ + হ্ + ম্ + অ + ধ্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র.: ব্ +র্ + আ = ব্রা, হ্ + ম্ + অ = হ্ম, র্ + ম্ + অ = র্ম। রেফ থাকায় 'ম্'-এর দ্বিত্ব বর্জিত।

ব্রাহ্ম-মুহূর্ত: সূর্যোদয়ের প্রাক্কাল। বি। তৎসম। ব্রাহ্ম ['ব্রাহ্ম' দ্রষ্টব্য] + মুহূর্ত [মু (আগম) + হুর্ছ্ [হ্'দীর্ঘ, 'ছ্'লুপ্ত] + ত। ৬।১ [মু+ হূ + র্ + ত = র্ত]। ব্রাহ্মসাধনার মুহূর্ত = মধ্যপকর্মধা। বানান: ব্ + র্ + আ + হ্ + ম্ + অ + ম্ + উ + হ্ + ঊ + র্ + ত্ + অ। বি.দ্র.: ব্ + র্ + আ = ব্রা, হ্ + ম্ + অ = হ্ম, ম্ + উ = মু, হ্ + ঊ = হূ, র্ +র্ত + অ = র্ত।

ব্রাহ্মসমাজ: রাজা রামমোহন রায় ও মহর্ষি

দেবেন্দ্রনাথ ঠাকুর-প্রবর্তিত একেশ্বরবাদী ধর্মসমাজ। বি। তৎসম। ব্রাহ্ম ['ব্রাহ্ম' দ্রষ্টব্য]। সমাজ [সম্ + অজ্ + অ]। ৬।১ ব্রাহ্মদের সমাজ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + র্ + আ + হ্ + ম্ + অ + স্ + অ + ম্ + আ + জ্ + অ। বি.দ্র.: ব্ + র্ + আ= ব্রা, হ্ + ম্ + অ = হ্ম।

ব্রাহ্মিকা: ব্রাহ্মসমাজের মহিলা। বি। তৎসম। ব্রাহ্ম ['ব্রাহ্ম' দ্রষ্টব্য] + ইক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ বানান: ব্ + র্ + আ + হ্ + ম্ + ই + ক্ + আ। বি.দ্র.: ব্ + র্ + আ = ব্রা, হ্ + ম্ + ই = হ্মি, ক্ + আ = কা।

ব্রাহ্মী-: শাক। বি। তৎসম। বানান: ব্ + র্ + আ + হ্ + ম্ + ঈ। বি.দ্র.: ব্ + র্ + আ = ব্রা, হ্ + ম্ + ঈ= হ্মী।

ব্রাহ্মীলিপি: প্রাচীন ভারতে সুপ্রচলিত বর্ণমালা। বি। তৎসম। ব্রাহ্মী ['ব্রাহ্মী' দ্রষ্টব্য] + লিপি [লিপ্ + ই]। ৬।১ ব্রাহ্মী নামক লিপি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + র্ + আ + হ্ + ম্ + অ + ল্ + ই + প্ + ই। বি.দ্র.: ব্ + র্ + আ = ব্রা, হ্ + ম্ + ঈ = হ্মী।

ব্রিজ: সেতু। বি। বিদেশী। <ইং. bridge বাংলা বানান: ব্ + র্ + ই + জ্। বি.দ্র.: ব্ + র্ + ই = ব্রি, জ্-র হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ব্রিটিশ: ব্রিটেনের লোক। বি, বিণ। বিদেশে। <ইং. British. বাংলা বানান: ব্ + র্ + ই + ট্ + ই + শ্। বি.দ্র.: ব্ + র্ + ই = ব্রি। শ্=শ।

ব্রীড়া: লজ্জা।বি। তৎসম। ব্রীড়্ (লজ্জিত হওয়া) + অ + আ। [স্ত্রী] বানান: ব্ + র্ + ঈ + ড়্ + আ। বি.দ্র.: ব্ + র্ + ঈ = ব্রী।

ব্রীড়িত: লজ্জিত। বিণ। তৎসম। ব্রীড়্ [লজ্জিত হওয়া] + ত। ৬।১ বানান: ব্ + র্ + ঈ + ড়্ + ই + ত্ + অ। বি.দ্র.: ব্ + র্ + ঈ = ব্রী, ড়্ + ই = ড়ি।

ব্রীহি: আউশ ধান। বি। তৎসম। বৃহ্ ['ব্রীহ' নিপাতিত] + ই]। ৬।১ বানান: ব্ + র্ + ঈ + হ্ + ই। বি.দ্র.: ব্ + র্ + ঈ, হ্ + ই।

ব্রুচ: আঁচল আঁটবার কারুকার্য-খচিত পিন। বি। বিদেশী। <ইং. brooch. বাংলা বানান: ব্ + র্ + উ + চ্। বি.দ্র.: ব্ + র্ +উ = ব্রু, 'চ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ব্রুশ: ব্রাশ। বি। বিদেশী। <ইং. brush. বাংলা বানান: ব্ + র্ + উ + শ্। বি.দ্র.: ব্ + র্ + উ = ব্রু। শ-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। বর্তমানে ব্রুশ' শব্দের স্থান নিয়েছে 'ব্রাশ' এবং 'বুরুশ'।

ব্রোচ: আঁচল আঁটবার কারুকার্য-খচিত পিন বি। বিদেশী। <ইং. brooch. বাংলা বানান: ব্ + র্ + ও + চ্। বি.দ্র.: ব্ + র্ + ও = ব্রো। 'চ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ব্র্যাকেট: দেয়ালের গায়ের কাঠের তাক, বন্ধনী-চিহ্ন। বি। বিদেশী। <ইং. bracket. বাংলা বানান: ব্ + র্ + আ + ক্ + এ + ট্। বি.দ্র.: ব্ + র্ + আ = ব্রা, 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ব্লটিং: শোষ কাগজ। বি। বিদেশী। <ইং. blotting paper. বাংলা বানান: ব্ + ল্ + অ + ট্ + ই + ং। বি.দ্র.: ব্ + ল্ + অ = ব্ল।

ব্লাউজ: নারীদের ব্যবহৃত জামা। বি। বিদেশী। <ইং. blouse. বাংলা বানান: ব্ + ল্ + আ + উ + জ্। বি.দ্র.: ব্ + ল্ + আ = ব্লা, 'জ্'-র হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ব্ল্যাকবোর্ড: খড়ি দিয়ে লেখার কাজে ব্যবহৃত কৃষ্ণবর্ণ তক্তা। বি। বিদেশী। <ইং. black board. বাংলা বানান: ব্ + ল্ + আ = ব্লা, র্ + ড = র্ড। 'ড'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভ

ভইস: মহিষ। বি। বিদেশী। <হি. ভইস <সং. মহিষ। বি.দ্র.: তৎসম শব্দ 'মহিষ'-এর 'ষ্' বিদেশী শব্দ [হিন্দী] 'ভইস' শব্দে 'স্'-তে রূপান্তরিত।

ভইসা: মহিষের দুধে প্রস্তুত। বিণ। বিদেশী। <হি. ভইস ['ভইস' দ্রষ্টব্য] + বাং. আ। ৬।৩ বানান: ভ্ + অ + ই + স্ + আ।

ভঁইস: মহিষ। বি। বিদেশী। <হি. ভঁইস [নাসিক্যীভবন] <সং. মহিষ। বি.দ্র.: তৎসম শব্দ 'মহিষ'-এর 'ষ্' বিদেশী শব্দ 'ভঁইস'-এ 'স্'-তে রূপান্তরিত।

ভঁইসা: মহিষের দুধে প্রস্তুত। বিণ। বিদেশী। হি. ভঁইস ['ভঁইস' দ্রষ্টব্য] + বাং. আ। ৬।৩ বানান: ভঁ+অ+ই+স্+আ।

ভঁয়সা, ভয়সা: মহিষের দুধে প্রস্তুত। বিণ। বিদেশী। <হি. ভঁয়স, ভয়স [<সং. মহিষ] + বাং. আ। ৬।৩

ভক্, ভক: ধূম গন্ধ বা বমির সহসা নির্গমনের ভাব-প্রকাশক। অব্য। দেশী। বানান: ভ্ + অ + ক্। বি.দ্র.: শব্দান্তের 'ক্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভক্ত: অনুরাগী, ভক্তিমান্। বি। তৎসম। ভজ্ + ত। যে ভজনা করে। ৬।১ বানান: ভ্ + অ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত।

ভক্তবৎসল: ভক্তের প্রতি অনুরাগী। বিণ। তৎসম। ভক্ত ['ভক্ত' দ্রষ্টব্য] + বৎসল [বৎস + ল]। ৬।১ ভক্ত বৎসতুল্য যার কাছে = বহুব্রী। ৩।৫ বানান: ভ্ + অ + ক্ + ত্ + অ + ব্ + অ + ৎ + স্ + অ + ল্ + অ।

ভক্তবাঞ্ছাকল্পতরু: ভক্তের সকল কামনা পূরণকারী। বি। বিণ। তৎসম। ভক্তি ['ভক্ত' দ্রষ্টব্য] + বাঞ্ছা [বাঞ্ছ্ + আ] + কল্প [কৢপ্+অ] + তরু [তৄ + উ]। ৬।১ কল্প যে তরু [যে তরুর কাছে কল্পিত সব কিছুই পাওয়া যায়] = কর্মধা। ৩।২ ভক্তের বাঞ্ছা = সম্বন্ধতৎ। ৩।৩ ভক্তবাঞ্ছা [প্রার্থনা]-রূপ কল্পতরু = রূপক-কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + ক্ + ত্ + অ + ব্ + আ + ঞ্ + ছ্ + আ + ক্ + অ + ল্ + প্ + অ + ত্ + অ + র্ + উ।

ভক্তবিটেল: ভণ্ড ভক্ত। বিণ। তৎসম। ভক্ত ['ভক্ত' দ্রষ্টব্য] + বিটেল [সং. বিট + ল]। ৬।২ বিটেল [ভণ্ড] যে ভক্ত = কর্মধা। ৩।২

ভক্তাগ্রগণ্য: শ্রেষ্ঠ ভক্ত। বিণ। তৎসম। ভক্ত ['ভক্ত' দ্রষ্টব্য] + অগ্রগণ্য [অগ্র + গণ্ + য]। ৬।১ [সন্ধি] অ + অ = আ। ২।১।ক [ক্তা] ভক্তদের মধ্যে অগ্রগণ্য = অধিকরণ তৎ। ৩।৩ বানান: ভ্ + অ + ক্ + ত্ + আ + গ্ + র্ + অ + গ্ + অ + ণ্ + য্ + অ। বি.দ্র.: 'ণ' স্বাভাবিক 'ণ'।

ভক্তাধীন: ভক্তের অনুগত। বিণ। তৎসম। ভক্ত ['ভক্ত' দ্রষ্টব্য] + অধীন [অধি + ঈন]। [সন্ধি] অ + অ = আ [ক্তা]। ২।১।ক ভক্তের অধীন [বশ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + ক্ + ত্ + আ + ধ্ + ঈ + ন্ + অ।

ভক্তি: দেবতা বা গুরুজনের প্রতি শ্রদ্ধা। বি। তৎসম। ভজ্ [ভজনা করা] + তি। ৬।১ বানান: ভ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + ই = ক্তি।

ভক্তিতন্ত্র: ভক্তি-সম্বন্ধীয় শাস্ত্র। বি। তৎসম। ভক্তি ['ভক্তি' দ্রষ্টব্য] + তন্ত্র [তন্ + ত্র]। ৬।২ বানান: ভ্ + অ + ক্ + ত্ + ই + ত্ + অ + ত্ + ত্ + র্ + অ। বি.দ্র.: ত্ + ত্ + র্ + অ = ত্ত্র।

ভক্তিবাদ: ভক্তি-সাধনার পথে জ্ঞান-কর্ম ব্যতিরেকে কেবল ভক্তিদ্বারা সাধনা করলেই সিদ্ধিলাভ করা যায়: এই দার্শনিক মত। বি। তৎসম। ভক্তি ['ভক্তি' দ্রষ্টব্য] + বাদ [বদ্ (বলা) + অ]। ৬।১ ভক্তি-বিষয়ক বাদ [উক্তি] =

মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + ক্ + ত্ + ই + ব্ + আ + দ্ + অ।

ভক্তি-বিহ্বল: ভক্তিতে আত্মহারা। বিণ। তৎসম। ভক্তি ['ভক্তি' দ্রষ্টব্য] + বিহ্বল [বি + হ্বল্ (চলা) + অ]। ৬।১ ভক্তির দ্বারা বিহ্বল = করণতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + ক্ + ত্ + ই + ব্ + ই + হ্ + ব্ + অ + ল্ + অ। বি.দ্র.: হ্ + ব্ + অ = হ্ব।

ভক্তি-ভরে: ভক্তির সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। ভক্তি ['ভক্তি' দ্রষ্টব্য] + ভর [ভৃ + অ] + এ [অধিকরণে]। ৬।১ ভক্তির ভর = সম্বন্ধতৎ। ভাতে। বি.দ্র.: ক্ + ত্ + ই = ক্তি।

ভক্তিমতী: ভক্তিযুক্তা। বিণ। তৎসম। ভক্তি ['ভক্তি' দ্রষ্টব্য] + মৎ [মতুপ্] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান: ভ্ + অ + ক্ + ত্ + ই + ম্ + অ + ত্ + ঈ।

ভক্তিমান: ভক্তিযুক্ত। বিণ। তৎসম। ভক্তি ['ভক্তি' দ্রষ্টব্য] + মান [মতুপ্]। বানান: ভ্ + অ + ক্ + ত্ + ই + ম্ + আ + ন্ + অ।

ভক্তিমার্গ: ভক্তিবলে মোক্ষলাভের উপায়। বি। তৎসম। ভক্তি ['ভক্তি' দ্রষ্টব্য] + মার্গ [মৃজ্ + অ]। ৬।১ ভক্তি-রূপ মার্গ [পথ বা উপায়] = রূপক-কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + ক্ + ত্ + ই + ম্ + আ + র্ + গ্ + অ।

ভক্তিযোগ: ভক্তিসাধনা। বি। তৎসম। ভক্তি ['ভক্তি' দ্রষ্টব্য] + যোগ [যুজ্ + অ]। ৬।১ ভক্তির দ্বারা যোগ [ঈশ্বরের সঙ্গে] = করণতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + ক্ + ত্ + ই + য্ + ও + গ্ + অ।

ভক্তিরস: সাহিত্যের নবরসের অন্যতম। বি। তৎসম। ভক্তি ['ভক্তি' দ্রষ্টব্য + রস [রস্ + অ]। ৬।১ ভক্তি-রূপ রস = রূপক-কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + ক্ + ত্ + ই + র্ + অ + স্ + অ।

ভক্ষক: ভক্ষণকারী। বিণ। তৎসম। ভক্ষ্ + অক। ৬।১ ভক্ষণ করে যে। বানান: ভ্ + অ + ক্ + ষ্ + অ + ক্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ।

ভক্ষণ: ভোজন। বি। তৎসম। ভক্ষ্ + অন। ৬।১ বানান: ভ্ + অ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ। 'ষ' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

ভক্ষণীয়: ভক্ষণযোগ্য। বিণ। তৎসম। ভক্ষ্ + অনীয়। ৬।১ বানান: ভ্ + অ + ক্ + ষ্ + অ + ণ্ + ঈ + য্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

ভক্ষিত: খাদিত। বিণ। তৎসম। ভক্ষ্ + ত। ৬।১ বানান: ভ্ + অ + ক্ + ষ্ + ই + ত্ + অ। ৬।১ বি.দ্র.: ক্ + ষ্ + ই = ক্ষি।

ভক্ষ্যাবশেষ: ভুক্তাবিশিষ্ট। বিণ। তৎসম। ভক্ষ্য [ভক্ষ্ + য (যৎ)] + অবশেষ [অব + শিষ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ [ক্ষ্যা]। ২।১।ক ভক্ষ্যের অবশেষ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + ক্ + ষ্ + য্ + আ + ব্ + অ + শ্ + এ + ষ্ + অ। বি.দ্র.: 'য'-ফলা 'যৎ' [য]-প্রত্যয়-জনিত। 'এ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

ভক্ষ্যাভক্ষ্য: খাদ্যাখাদ্য। বিণ। তৎসম। ভক্ষ্য [ভক্ষ্ + যৎ (য)] + অভক্ষ্য [নঞ্ (অ) + ভক্ষ্ + যৎ (য)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ক্ষ্যা]। ২।১।ক ভক্ষ্য ও অভক্ষ্য = দ্বন্দ্ব। ৩।৪ বানান: ভ্ + অ + ক্ + ষ্ + য্ + আ + ভ্ + অ + ক্ + ষ্ + য্ + অ।

ভগন্দর: মলদ্বারে নালী-ঘা। বি। তৎসম। ভগম্ + দর [দৃ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + দ্ = ন্দ। ২।২৮ ভগকে [বি] দীর্ণ করে যা = উপপদতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + গ্ +

অ + ন্ + দ্ + অ + র্ + অ।

ভগবদ্‌গীতা: কুরুক্ষেত্রের যুদ্ধে অর্জুনের প্রতি শ্রীকৃষ্ণের উপদেশাবলী-সংবলিত গ্রন্থ, সংক্ষেপে 'গীতা'। বি। তৎসম। ভগবৎ [ভগ + বৎ] + গীতা [গৈ + ত + আ]। ৬।১ ভগবান [ভগবৎ] দ্বারা গীত [আ (স্ত্রী-প্রত্যয়] = করণতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + গ্ + অ + ব্ + অ + দ্ + গ্ + ঈ + ত্ + আ। [সন্ধি] ৎ + গ = দ্গ। ২।১৫

ভগবদারাধনা: ঈশ্বরের উপাসনা। বি। তৎসম। ভগবৎ [ভগ + বৎ (বতুপ্) + আরাধনা [আ + রাধ্ + অন + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [সন্ধি] ৎ + আ = দা। ২।১৫ ভগবানের আরাধনা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + গ্ + অ + ব্ + অ + দ্ + আ + র্ + আ + ধ্ + অ + ন্ + আ।

ভগবদ্দত্ত: ঈশ্বর-প্রদত্ত। বিণ। তৎসম। ভগবৎ [ভগ + বৎ (বতুপ্)] + দত্ত [দা + ত]। ৬।১ [সন্ধি] ৎ + দ = দ্ + দ = দ্দ। ২।১৫ ভগবান কর্তৃক দত্ত = করণতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + গ্ + অ + ব্ + অ + দ্ + দ্ + অ + ত্ + ত্ + অ। বি.দ্র.: দ্ + দ্ + অ = দ্দ, ত্ + ত্ + অ = ত্ত।

ভগবদ্ভক্ত: ঈশ্বরের প্রতি ভক্তিমান। বি। বিণ। তৎসম। ভগবৎ [ভগ + বৎ (বতুপ্) + ভক্ত [ভজ্ + ত]। ৬।১ [সন্ধি] ৎ + ভ = দ্ভ। ২।১৫ ভগবানের ভক্ত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + গ্ + অ + ব্ + অ + দ্ + ভ্ + অ + ক্ + ত্ + অ। দ্ + ভ্ + অ = দ্ভ, ক্ + ত্ + অ = ক্ত।

ভগবদ্ভক্তি: ঈশ্বরের প্রতি ভক্তি। বি। তৎসম। ভগবৎ [ভগ + বৎ (বতুপ্)] + ভক্তি [ভজ্ + তি]। ৬।১ [সন্ধি] ৎ + ভ = দ্ + ভ = দ্ভ। ২।১৫ ভগবানের প্রতি ভক্তি = কর্মতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + গ্ + অ + ব্ + অ + দ্ + ভ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র.: দ্ + ভ্ + অ = দ্ভ, ক্ + ত্ + ই = ক্তি।

ভগবতী: দুর্গা। বি। তৎসম। ভগ + বৎ [বতুপ্] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান: ভ্ + অ + গ্ + অ + ব্ + অ + ত্ + ঈ।

ভগবন্: হে ভগবান্। বি। তৎসম। ভগ + বৎ [বতুপ্]। ৬।২ সম্বোধন, একবচন।বানান: ভ্ + অ + গ্ + অ + ব্ + অ + ন্।

ভগবান: ঈশ্বর। বি। তৎসম। ভগ + বান্ [বৎ (বতুপ্)]। ৬।২ বানান: ভ্ + অ + গ্ + অ + ব্ + আ + ন্।

ভগিনী: সহোদরা। বি। তৎসম। ভগ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান: ভ্ + অ + গ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ইন্ + ঈ-প্রত্যয় যুক্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

ভগিনীপতি: ভগিনীর স্বামী। বি। তৎসম। ভগিনী ['ভগিনী' দ্রষ্টব্য] + পতি [পা + অতি]। ৬।১ ভগিনীর পতি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + গ্ + ই + ন্ + ঈ + প্ + অ + ত্ + ই।

ভগ্ন: ভাঙা। বিণ। তৎসম। ভন্জ্ + ত। বানান: ভ্ + অ + গ্ + ন্ + অ। বি.দ্র.: গ্ + ন্ + অ = গ্ন।

ভগ্নকণ্ঠ: ভাঙাগলা। বি, বিণ। তৎসম। ভগ্ন ['ভগ্ন' দ্রষ্টব্য] + কণ্ঠ [কণ্ + ঠ], ৬।১ ভগ্ন কণ্ঠ যার = বহুব্রী। ৩।৫ বা, ভগ্ন যে কণ্ঠ = কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + গ্ + ন্ + অ + ক্ + অ + ণ্ + ঠ্ + অ। বি.দ্র.: পরে 'ঠ' থাকায় অব্যবহিত পূর্বে 'ণ' ণত্ব-বিধানসম্মত।

ভগ্নদশা: ধ্বংসপ্রাপ্ত অবস্থা। বি। তৎসম। ভগ্ন ['ভগ্ন' দ্রষ্টব্য] + দশা [দন্শ্ + অ + আ]। ৬।১ ভগ্ন যে দশা = কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + গ্ + ন্ + অ + দ্ + অ + শ্ + আ।

ভগ্নদূত: পরাজয়-সংবাদ বহনকারী দূত। বি।

তৎসম। ভগ্ন ['ভগ্ন' দ্রষ্টব্য] + দূত [দূ + ত]। ৬।১ ভগ্ন [পরাজয়ের সংবাদ বহনকারী] যে দূত = কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + গ্ + ন্ + অ + দ্ + ঊ + ত্ + অ। বি.দ্র.: দ্ + ঊ = দূ।

ভগ্নপ্রায়: ধ্বংসোন্মুখ। বিণ। তৎসম। ভগ্ন ['ভগ্ন' দ্রষ্টব্য] + প্রায় [প্র + ই + অ]। ৬।১ প্রায় ভগ্ন = কর্মধা [পরনিপাত]। বানান: ভ্ + অ + গ্ + ন্ + অ + প্ + র্ + আ + য্ + অ।

ভগ্নস্তূপ: স্তূপাকার ধ্বংসাবশেষ। বি। তৎসম। ভগ্ন ['ভগ্ন' দ্রষ্টব্য] + স্তূপ [স্তূপ + অ]। ৬।১ ভগ্ন যে স্তূপ = কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + গ্ + ন্ + অ + স্ + ত্ + ঊ + প্ + অ। বি.দ্র.: স্ + ত্ + ঊ = স্তূ।

ভগ্নস্বর: যার গলার স্বর ভেঙে গেছে। বিণ। তৎসম। ভগ্ন ['ভগ্ন' দ্রষ্টব্য] + স্বর [স্বৃ (শব্দ করা) + অ]। ৬।১ ভগ্ন স্বর যার = বহুব্রী। ৩।৫ বানান: ভ্ + অ + গ্ + ন্ + অ + স্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব।

ভগ্নাংশ: ভগ্ন বা খণ্ডিত অংশ। বি। তৎসম। ভগ্ন ['ভগ্ন' দ্রষ্টব্য] + অংশ। [সন্ধি] অ + অ = আ [গ্না]। ২।১।ক ভগ্ন যে অংশ = কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + গ্ + ন্ + আ + ং + শ্ + অ। বি.দ্র.: গ্ + ন্ + আ = গ্না।

ভগ্নাবশিষ্ট: ধ্বংসাবশেষ। বিণ। তৎসম। ভগ্ন ['ভগ্ন' দ্রষ্টব্য] + অবশিষ্ট [অব + শিষ্ + ত্]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [গ্না]। ২।১।ক ভগ্ন যে অবশিষ্ট = কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + গ্ + ন্ + আ + ব্ + অ + শ্ + ই + ষ্ + ট্ + অ। বি.দ্র.: 'ষ্'-র যোগে 'ত' 'ট' হয়েছে। ষ্ + ত = ষ্ট। ২।২৪

ভগ্নাবশেষ: মূল বস্তুর ধ্বংসের পর যা পড়ে থাকে। বি। তৎসম। ভগ্ন ['ভগ্ন' দ্রষ্টব্য] + অবশেষ [অব + শিষ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [গ্না]২।১।ক ভগ্ন যে অবশেষ = কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + গ্ + ন্ + আ + ব্ + অ + শ্ + এ + ষ্ + অ। বি.দ্র.: 'এ'-কারের পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

ভগ্নাবস্থা: ভগ্নদশা। বি। তৎসম। ভগ্ন ['ভগ্ন' দ্রষ্টব্য] + অবস্থা [অব + স্থা + অ +আ]। [সন্ধি] অ + অ = আ [গ্না]। ২।১।ক ভগ্ন যে অবস্থা = কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + গ্ + ন্ + আ + ব্ + অ + স্ + থ্ + আ। বি.দ্র.: স্ + থ্ + অ = স্থা।

ভগ্নী: ভগিনী-র অশু. রূপ। ব্যবহার অনুচিত।

ভগ্নোৎসাহ: হতাশ। বিণ। তৎসম। ভগ্ন ['ভগ্ন' দ্রষ্টব্য] + উৎসাহ [উৎ + সহ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [গ্নো]। ২।৫ ভগ্ন উৎসাহ যার = বহুব্রী। ৩।৫ বানান: ভ্ + অ + গ্ + ন্ + ও + ৎ + স্ + আ + হ্ + অ। বি.দ্র.: গ্ + ন্ + ও = গ্নো।

ভগ্নোদ্যম: হতাশ। বিণ। তৎসম। ভগ্ন ['ভগ্ন' দ্রষ্টব্য] + উদ্যম [উৎ + যম্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [গ্নো]। ২।৫ ভগ্ন উদ্যম যার = বহুব্রী। ৩।৫ বানান: ভ্ + অ + গ্ + ন্ + ও + দ্ + য্ + অ + ম্ + অ। বি.দ্র.: গ্ + ন্ + ও = গ্নো, দ্ + য্ + অ = দ্য।

ভঙ্গ: ভেঙে যাওয়া। বি। তৎসম। ভন্‌জ্ + অ। ৬।১ বানান: ভ্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ = ঙ্গ।

ভঙ্গপ্রবণ: ভঙ্গুর। বিণ। তৎসম। ভঙ্গ ['ভঙ্গ' দ্রষ্টব্য] + প্রবণ [প্র (গমন অর্থে) + অন। ৬।১ ভঙ্গ প্রবণ [ঝোঁকযুক্ত] = কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + ঙ্ + গ্ + অ + প্ + র্ + অ + ব্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন'-এর মধ্যে অ, ব, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ভঙ্গি: ধরন। বি। তৎসম। ভন্‌জ্ + ই। ৬।১ বানান:

ভ্ + অ + ঙ্ + গ্ + ই। বি.দ্র.: ঙ্ + গ্ + ই = ঙ্গি।

ভঙ্গিমা: ভঙ্গি, শৈলী। বি। তৎসম। ভঙ্গ ['ভঙ্গ' দ্রষ্টব্য] + ইম + আ। ৬।২ বানান: ভ্ + অ + ঙ্ + গ্ + ই + ম্ + আ। বি.দ্র.: ঙ্ + গ্ + ই = ঙ্গি।

ভঙ্গিল: ভঙ্গপ্রবণ। বিণ। তৎসম। ভঙ্গ ['ভঙ্গ' দ্রষ্টব্য] + ইল। ৬।২ বানান: ভ্ + অ + ঙ্ + গ্ + ই + ল্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + ই = ঙ্গি।

ভঙ্গী: ধরন। বি। তৎসম। ভন্জ্ + ঈ। ৬।১ বানান: ভ্ + অ + ঙ্ + গ্ + ঈ। বি.দ্র.: ঙ্ + গ্ + ঈ = ঙ্গী।

ভঙ্গুর: ঠুনকো। বিণ। তৎসম। ভন্জ্ + উর। ৬।১ বানান: ভ্ + অ + ঙ্ + গ্ + উ + র্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + উ = ঙ্গু।

ভঙ্গুরতা: ভঙ্গপ্রবণতা। বি। তৎসম। ভঙ্গুর ['ভঙ্গুর' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ভ্ + অ + ঙ্ + গ্ + উ + র্ + অ + ত্ + আ। বি.দ্র.: ঙ্ + গ্ + উ = ঙ্গু।

ভজকট: ঝামেলা। বি। দেশী। বানান: ভ্ + অ + জ্ + অ + ক্ + অ + ট্ + অ।

ভজন: দেবতার মহিমাকীর্তন। বি। তৎসম। ভজ্ + অন। ৬।১ বানান: ভ্ + অ + জ্ + অ + ন্ + অ।

ভজনা: উপাসনা। বি। তৎসম। ভজ্ + অন + আ। ৬।১ বানান: ভ্ + অ + জ্ + অ + ন্ +আ।

ভজনালয়: উপাসনাগার। বি। তৎসম। ভজনা [ভজ্ + অন + আ] + আলয় [আ + লী + অ]। ৬।১ [সন্ধি] আ + আ = আ [না]। ২।১।খ ভজনায় নির্মিত আলয় = মধ্যপ-কর্মধা। ৩।৩ বানান: ভ্ + অ + জ্ + অ + ন্ + আ + ল্ + অ + য় + অ।

ভজমান: সেবমান। বিণ। তৎসম। ভজ্ + মান [শানচ্]। ৬।১ বানান: ভ্ + অ + জ্ + অ + ম্ + আ + ন্ + অ।

ভজ্যমান: যাঁকে উপাসনা করা হচ্ছে। বিণ। তৎসম। ভজ্ + মান [শানচ্— কর্মবাচ্যে] - 'য্' আগম। ৬।১ বানান: ভ্ + অ + জ্ + 'য্' + অ + ম্ + আ + ন্ + অ।

ভঞ্জক: ভঞ্জনকারী। বিণ। তৎসম। ভন্জ্ + অক। ৬।১ বানান: ভ্ + অ + ঞ্ + জ্ + অ + ক্ + অ। বি.দ্র.: ঞ্ + জ্ + অ = ঞ্জ।

ভঞ্জন: দূরীকরণ। বি। তৎসম। ভন্জ্ + অন। ৬।১ বানান: ভ্ + অ + ঞ্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঞ্ + জ্ + অ = ঞ্জ।

ভটভট, ভট্‌ভট্: বুদ্বুদ ফাটবার শব্দ। অব্য। দেশী।

ভট্ট: ভাট। বি। তৎসম। ভট্ [স্তুতি করা] + ত। ৬।১ বানান: ভ্ + অ + ট্ + ট্ + অ। বি.দ্র.: ট্ + ট্ + অ = ট্ট।

ভট্টপল্লী: ভাটপাড়া। বি। তৎসম। ভট্ট ['ভট্ট' দ্রষ্টব্য] + পল্লী [পল্ল্ + ঈ]। ৬।১ ভট্টদের পল্লী = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + ট্ + ট্ + অ + প্ + অ + ল্ + ল্ + ঈ। বি.দ্র.: ট্ + ট্ + অ = ট্ট, ল্ + ল্ + ঈ = ল্লী।

ভট্টাচার্য: সুপণ্ডিত। বি। তৎসম। ভট্ট [ভট্ট' দ্রষ্টব্য] + আচার্য [আ + চর্ + য (যৎ)]। ৬।১ যিনি ভট্ট, তিনিই আচার্য =কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + ট্ + ট্ + আ + চ্ + আ + র্ + য্ + অ। বি.দ্র.: ট্ + ট্ + আ = ট্টা, [সন্ধি] অ + আ = আ [ট্টা]। ২।১।খ, র্ + য্ + অ = র্য।

ভট্টাচার্য-ব্রাহ্মণ: পূজারি-ব্রাহ্মণ। বি। তৎসম। ভট্টাচার্য ['ভট্টাচার্য' দ্রষ্টব্য] + ব্রাহ্মণ [ব্রহ্মন্ + অ]। ৬।২ বানান: ব্ + র্ + আ + হ্ + ম্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন' এর মধ্যে আ, হ, ম, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ভট্টারক: পণ্ডিত, রাজা। বি। তৎসম। ভট্ট ['ভট্ট' দ্রষ্টব্য] + ঋ + অক। ৬।১ [সন্ধি] অ + ঋ = অর্। ২।৬।ক বানান: ভ্ + অ + ট্ + ট্ + আ + র্ + অ + ক্ + অ। বি.দ্র.: ট্ + ট্ + আ = ট্টা।

ভড়: প্রচুর ভার-বহনক্ষম বড় নৌকা। বি। দেশী। বানান: ভ্ + অ + ড়্ + অ।

ভড়ং: বাহ্য আড়ম্বর। অব্য। দেশী। বানান: ভ্ + অ + ড়্ + অ + ং।

ভড়কান, ভড়কানো: ভয় পেয়ে পশ্চাৎপদ হওয়া। ক্রি। দেশী। ভড়কা [ভয় পেয়ে পিছু হটা] + বাং. আন, আনো। ৬।৩ বানান: ভ্ + অ + ড়্ + অ + ক্ + আ + ন্ + অ, ও।

ভণিতা: কাব্যের সূচনায় বা শেষে কবির নামযুক্ত উক্তি, অনাবশ্যক ভূমিকা। বি। তৎসম। ভণ্ [বলা] + ত + আ। ৬।১ বানান: ভ্ + অ + ণ্ + ই + ত্ + আ।

ভণ্ড: কপট। বিণ। তৎসম। ভণ্ড্ + অ। ৬।১ বানান: ভ্ + অ + ণ্ + ড্ + অ। বি.দ্র.: ণ্ + ড্ + অ = ণ্ড। 'ড'-এর পূর্বে 'ণ' হয়েছে। ৪।১ক

ভণ্ডান, ভণ্ডানো: ঠকান। ক্রি। তদ্ভব। ভণ্ড [ভণ্ড্ + অ] + আন, আনো। ৬।৩ [সন্ধি] অ + আ = আ [ণ্ডা]। ২।১।খ বানান: ভ্ + অ + ণ্ + ড্ + আ + ন্ + অ, ও। বি.দ্র.: ণ্ + ড্ + আ = ণ্ডা। 'ড'-এর আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

ভণ্ডাম: ভণ্ডতা। বি। তৎসম। ভণ্ড [ভণ্ড্ + অ] + আম। ৬।৩ [সন্ধি] অ + আ = আ [ণ্ডা] ২।১।খ বানান: ভ্ + অ + ণ্ + ড্ + আ + ম্ + অ। বি.দ্র.: ণ্ + ড্ + আ = ণ্ডা। 'ড'-এর আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

ভণ্ডামি: ভণ্ডতা। বি। তৎসম। ভণ্ড [ভণ্ড্ + অ] + আমি। ৬।৩ [সন্ধি] অ + আ = আ [ণ্ডা]। ২।১।খ বানান: ভ্ + অ + ণ্ + ড্ + আ + ম্ + ই। বি.দ্র.: ণ্ + ড্ + আ = ণ্ডা।

ভণ্ডামো: ভণ্ডতা। বি। তৎসম। ভণ্ড [ভণ্ড্] + আমো। ৬।৩ [সন্ধি] অ + আ = আ [ণ্ডা]। ২।১।খ বানান: ভ্ + অ + ণ্ + ড্ + আ + ম্ + ও। বি.দ্র.: ণ্ + ড্ + আ = ণ্ডা।

ভণ্ডুল: পণ্ড। বিণ। তৎসম। ভণ্ড্ [ভণ্ড্+উল।] ৬।১ বানান: ভ্+অ+ণ্+ড্+উ+ল্+অ। বি.দ্র.: ণ্+ড্+উ= ণ্ডু।

ভদন্ত: বৌদ্ধ সন্ন্যাসী সম্পর্কে প্রযোজ্য শ্রদ্ধাপূর্ণ বিশেষণ। বিণ। তদ্ভব। ভন্দ্ [কল্যাণ করা] + অন্ত। ৬।১ 'ন্' লুপ্ত। বানান: ভ্ + অ + দ্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ= ন্ত।

ভদ্র: মার্জিতরুচি। বিণ। তৎসম। ভন্দ্ [কল্যাণ করা] + র। ৬।১ বানান: ভ্ + অ + দ্ + র্ + অ। বি.দ্র.: দ্ + র্ + অ= দ্র।

ভদ্রকালী: দুর্গাদেবী। বি। তৎসম। ভদ্র ['ভদ্র' দ্রষ্টব্য] + কাল + ঈ [স্ত্রী]। ৭।১।গ ভদ্রা [কল্যাণকারিণী] যে কালী= কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + দ্ + র্ + অ + ক্ + আ + ল্ + ঈ। ঈ-কার স্ত্রীলিঙ্গ-জনিত।

ভদ্রজনোচিত: ভদ্রলোকসুলভ। বিণ। তৎসম। ভদ্র ['ভদ্র' দ্রষ্টব্য] + জন [জন্ + অ] + উচিত [বচ্ বা উচ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [নো]। ২।৫।ক ভদ্র যে জন= কর্মধা। ৩।২, তার উচিত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + দ্ + র + অ + জ্ + অ + ন + ও + চ্ + ই + ত্ + অ।

ভদ্র-ভদ্রা: মার্জিত রুচিসম্পন্ন নরনারী। বিণ। তৎসম। ভদ্র ['ভদ্র' দ্রষ্টব্য] + ভদ্র + আ [স্ত্রী]। ৭।১।ক ভদ্র ও ভদ্রা= দ্বন্দ্ব। ৩।৪ বানান: ভ্ + অ + দ্ + র্ + অ + ভ + অ + দ্ + র্ + আ।

ভদ্রমহিলা: ভদ্রবংশীয়া নারী। বি। তৎসম। ভদ্র ['ভদ্র' দ্রষ্টব্য] + মহিলা [মহ্ + ইল + আ]।

৬।১ ভদ্র যে মহিলা= কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + দ্ + র্ + অ + ম্ + অ + হ্ + ই + ল্ + আ।

ভদ্রসন্তান: ভদ্রবংশের সন্তান। বি। তৎসম। ভদ্র ['ভদ্র' দ্রষ্টব্য] + সন্তান [সম্ + তন্ + অ]। ৬।১ ভদ্র যে সন্তান= কর্মধা। বানান: ভ্ + অ + দ্ + র্ + অ + স্ + অ + ন্ + ত্ + আ + ন্ + অ। বি.দ্র.: দ্ + র্ + অ= দ্র, ন্ + ত্ + আ= ন্তা।

ভদ্রাসন: বাস্তুভিটা। বি। তৎসম। ভদ্র ['ভদ্র' দ্রষ্টব্য] + আসন [আস্ + অন]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [দ্রা]। ২।১।খ ভদ্র [শ্রেষ্ঠ] যে আসন [বাসস্থান]= কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + দ্ + র্ + আ + স্ + অ + ন্ + অ। বি.দ্র.: দ্ + র্ + আ= দ্রা।

ভদ্রোচিত: ভদ্রলোকসুলভ। বিণ। তৎসম। ভদ্র ['ভদ্র' দ্রষ্টব্য] + উচিত [বচ্ বা উচ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [দ্রো]। ২।৫।ক ভদ্রের উচিত [উপযুক্ত]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + দ্ + র্ + ও + চ্ + ই + ত্ + অ।

ভনভন, ভন্‌ভন্: মাছি প্রভৃতির গুঞ্জন-ধ্বনি। অব্য। দেশী। বানান: ভ্ + অ + ন্ [+অ] + ভ্ + অ + ন্ [+অ]।

ভব: সংসার। বি। তৎসম। ভূ + অ। ৬।১ বানান: ভ্ + অ + ব্ + অ।

ভবঘুরে: বিনা কাজে যে ঘুরে বেড়ায়। বিণ। তদ্ভব। ভব ['ভব' দ্রষ্টব্য] + ঘুরে [ঘুর্ + বাং এ < ইয়া]। ৬।৩ ভবে [পৃথিবীতে] ঘুরে বেড়ায় যে [উদ্দেশ্যহীনভাবে]= উপপদতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + ব্ + অ + ঘ্ + উ + র্ + এ।

ভবতারণ: মোক্ষদাতা। বি। তৎসম। ভব ['ভব' দ্রষ্টব্য] + তারণ [তৃ + ণিচ্ + অন]। ৬।১ ভবকে তারণ করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + ব্ + অ + ত্ + আ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ভবতারিণী: মোক্ষদাত্রী। বি। তৎসম। ভব ['ভবতারণ' দ্রষ্টব্য] + ইন [< অন] + ঈ (স্ত্রী)]। ৭।১।চ ভবকে [সংসারকে] তারণ করেন যিনি [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩

ভবদীয়: আপনার। সর্ব। তৎসম। ভবৎ+ঈয়। ৬।২ [সন্ধি] ৎ + ঈ= দ্ + ঈ= দী। ২।১৫ বানান: ভ্ + অ + ব্ + অ + দ্ + ঈ + য়্ + অ।

ভবন: গৃহ। বি। তৎসম। ভূ + অন। ৬।১ [সন্ধি] ঊ + অ= ব। ২।৮ বানান: ভ্ + অ + ব্ + অ + ন্ + অ।

ভবনদী: সংসার-রূপ নদী। বি। তৎসম। ভব ['ভব' দ্রষ্টব্য] + নদী [নদ্ + অ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ ভব-রূপ নদী= রূপক-কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + ব্ + অ + ন্ + অ + দ্ + ঈ।

ভবপারাবার: সংসাব-সমুদ্র। বি। তৎসম। ভব ['ভব' দ্রষ্টব্য] + পাবাবার [পার + আ + বৃ + অ]। ৬।১ ভব-রূপ পারাবার [সমুদ্র]= রূপক-কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + ব্ + অ + প্ + আ + র্ + আ + ব্ + আ + ব্ + অ।

ভববন্ধন: পুনঃ পুনঃ জন্মগ্রহণের বন্ধন। বি। তৎসম। ভব ['ভব' দ্রষ্টব্য] + বন্ধন [বন্ধ্ + অন]। ৬।১ ভব-রূপ বন্ধন= রূপক-কর্মধা। ৩।২ বানান: ভ্ + অ + ব্ + অ + ব্ + অ + ন্ + ধ্ + অ + ন্ + অ।

ভবযন্ত্রণা: জীবনের জ্বালা-যন্ত্রণা। বি। তৎসম। ভব ['ভব' দ্রষ্টব্য] + যন্ত্রণা [যন্ত্র্ + অন + আ (স্ত্রী)]। ৬।১ ভবের [পৃথিবীর) যন্ত্রণা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + ব্ + অ + য্ + অ + ন্ + ত্ + র্ + অ + ণ্

+ আ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ভবলীলা : ইহলীলা। বি। তৎসম। ভব। ['ভব' দ্রষ্টব্য] + লীলা [লীল্ + অ + আ(স্ত্রী)]। ৬।১ ভবের [জীবের] লীলা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + অ + ব্ + অ + ল্ + ঈ + ল্ + আ।

ভবলোক : জীবজগৎ। বি। তৎসম। ভব ['ভব' দ্রষ্টব্য] + লোক [লোক্ + অ]। ৬।১ ভবের [জীবনের] লোক [পৃথিবী]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + অ + ব্ + অ + ল্ + ও + ক্ + অ।

ভবসমুদ্র : সংসার-সমুদ্র। বি। তৎসম। ভব ['ভব' দ্রষ্টব্য] + সমুদ্র [সম্ + উন্দ্ + র]। ৬।১ ভব-রূপ সমুদ্র= রূপক-কর্মধা। ৩।২ বানান : ভ্ + অ + ব্ + অ + স্ + অ + ম্ + উ + দ্ + র্ + অ। বি.দ্র. : দ্ + র্ + অ= দ্র।

ভবসাগর : সংসার-সমুদ্র। বি। তৎসম। ভব ['ভব' দ্রষ্টব্য] + সাগর [সগর + অ]। ৬।২ ভব-রূপ সাগর= রূপক-কর্মধা। ৩।২ বানান : ভ্ + অ + ব্ + অ + স্ + আ + গ্ + অ + র্ + অ।

ভবসিন্ধু : সংসার-সমুদ্র। বি। তৎসম। ভব ['ভব' দ্রষ্টব্য] + সিন্ধু [স্যন্দ্ + উ] দ্ > ধ্। ৬।১ ভব- রূপ সিন্ধু= রূপক-কর্মধা। ৩।২ বানান : ভ্ + অ + ব্ + অ + স্ + ই + ন্ + ধ্ + উ। বি.দ্র. : ন্ + ধ্ + উ= ন্ধু।

ভবানী : দুর্গা। বি। তৎসম। ভব [শিব] + আনী [স্ত্রী]। ৭।১।ঙ ভবের [শিবের] পত্নী। বানান : ভ্ + অ + ব্ + আ + ন্ + ঈ। বি.দ্র. : শেষের 'ঈ'-কার 'আনী'—স্ত্রী-প্রত্যয়ের 'ঈ'-জনিত।

ভবার্ণব : সংসার-সমুদ্র। বি। তৎসম। ভব ['ভব' দ্রষ্টব্য] অর্ণব [অর্ণস্ + ব — 'স্' লুপ্ত]। ৬।২ ভব-রূপ অর্ণব [সমুদ্র] রূপক-কর্মধা। ৩।২ বানান : ভ্ + অ + ব্ + আ + র্ + ণ্ + অ + ব্ + অ। বি.দ্র. : 'র্'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।ক

ভবিতব্য : নিয়তি। বি। তৎসম। ভূ + তব্য। ৬।১ যা হওয়ার যোগ্য বা যা হওয়া উচিত। বানান : ভ্ + অ + ব্ + ই + ত্ + অ + ব্ + য্ + অ। বি.দ্র. : ব্ + য্ + অ= ব্য।

ভবিষ্য : ভাবী। বি, বিণ। তৎসম। ভূ + স্যৎ [স্যতৃ]-'ৎ' লুপ্ত। ৬।১ বানান : ভ্ + অ + ব্ + ই + ষ্ + য্ + অ। বি.দ্র. : ষ্ + য্ + অ= ষ্য।

ভবিষ্যৎ : আগামী। বিণ। তৎসম। ভূ + স্যৎ [স্যতৃ]। ৬।১ ভ্ + অ + ব্ + ই + ষ্ + য্ + অ + ৎ। বি.দ্র. : ষ্ + য্ + অ= ষ্য। শব্দান্তে 'ৎ' আবশ্যিক। 'ত' ভুল।

ভবিষ্যদ্বক্তা : যে ভবিষ্যতের কথা বলতে পারে। বি। তৎসম। ভবিষ্যৎ ['ভবিষ্যৎ' দ্রষ্টব্য] + বক্তা [বচ্ + তা [< তৃচ্]। ৬।১ [সন্ধি] ৎ + ব= দ্ + ব= দ্ব। ২।১৫ ভবিষ্যৎ সম্বন্ধে বলেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান : ভ্ + অ + ব্ + ই + ষ্ + য্ + অ + দ্ + ব্ + অ + ক্ + ত্ + আ। বি.দ্র. : ষ্ + য্ + অ= ষ্য, দ্ + ব্ + অ= দ্ব।

ভবিষ্যদ্বাণী : ভবিষ্যৎ সম্পর্কে উক্তি। বি। তৎসম। ভবিষ্যৎ ['ভবিষ্যৎ' দ্রষ্টব্য] + বাণী [বণ্ + অ + ঈ] ৬।১ [সন্ধি] ৎ + বা= দ্ + বা= দ্বা। ২।১৫ ভবিষ্যৎ-বিষয়ক বাণী [কথা] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ভ্ + অ + ব্ + ই + ষ্ + য্ + অ + দ্ + ব্ + আ + ণ্ + ঈ। বি.দ্র. : ষ্ + য্ + অ= ষ্য, দ্ + ব্ + আ= দ্বা। 'বাণী'-র 'ণ' স্বাভাবিক 'ণ'।

ভবী : নাছোড়বান্দা স্ত্রীলোক। বি। তৎসম। ভব ['ভব' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ভ্ + অ + ব্ + ঈ। বি.দ্র. : ব্ + ঈ= বী।

ভবেশ : শিব। বি। তৎসম। ভব [ভূ + অ] + ঈশ [ঈশ্ + অ]। ৬।১ [সন্ধি] উ + অ= ব, ২।৮।ক অ + ঈ= এ। ২।৪।ক ভবের [বিশ্বের] ঈশ [ঈশ্বর]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + অ + ব্ + এ + শ্ + অ।

ভব্য : শিষ্ট। বিণ। তৎসম। ভূ + য [যৎ] ৬।১ বানান : ভ্ + অ + ব্ + য্ + অ। বি.দ্র. : ব্ + য্ + অ= ব্য।

ভব্যতা : শিষ্টতা। বি। তৎসম। ভব্য ['ভব্য' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : ভ্ + অ + ব্ + য্ + অ + ত্ + আ। বি.দ্র. : ব্ + য্ + অ= ব্য।

ভয় : ভীতি। বি। তৎসম। ভী + অ। ৬।১ বানান : ভ্ + অ + য় + অ।

ভয়ংকর, ভয়ঙ্কর : অতিমাত্রায়, ভীতিপ্রদ। বিণ। তৎসম। ভয়ম্ ['ভয়' দ্রষ্টব্য] + কর [কৃ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ক= ঙ্ [ং] ক= ঙ্ক [ংক]। ২।২৮ ভয় করে যে বা যাকে দেখে ভয় হয়= উপপদতৎ। ৩।৩ বানান : ভ্ + অ + য় + অ + ম্ [ং] + ক্ + অ + র্ + অ। বি.দ্র. : ঙ্ + ক্ + অ= ঙ্ক।

ভয়ংকরী, ভয়ঙ্করী : ভীতিপ্রদা। বিণ। তৎসম। ভয়ংকর, ভয়ঙ্কর ['ভয়ংকর', 'ভয়ঙ্কর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ ভয় করে যে বা যাকে দেখে ভয় হয়= উপপদতৎ। ৩।৩ বানান : ভ্ + অ + য় + অ + ং[ঙ্] + ক্ + অ + র্ + অ। বি.দ্র. : ঙ্ + ক্= ঙ্ক।

ভয়তরাসে : একটুতেই যে ভয় পায়। বিণ। অর্ধ-তৎসম। ভয় ['ভয়' দ্রষ্টব্য] + তরাসে [< সং. ত্রাস + বাং. এ]। ভয়ে ত্রস্ত [ভীত] হয় যে= উপপদতৎ। ৩।৩ বানান : ভ্ + অ + য় + অ + ত্ + অ + র্ + আ + স্ + এ।

ভয়াতুর : ভয়ে কাতর। বিণ। তৎসম। ভয় ['ভয়' দ্রষ্টব্য] + আতুর [আ + তুর্ (অস্থির হওয়া) + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [য়া]। ২।১।খ ভয়ের দ্বারা আতুর= করণতৎ। ৩।৩ বানান : ভ্ + অ + য় + আ + ত্ + উ + র্ + অ।

ভয়ানক : ভয়ঙ্কর। বিণ। তৎসম। ভী + আনক। ৬।১ যা ভয়ঙ্কর শব্দায়মান [আনক]। বানান : ভ্ + অ + য় + আ + ন্ + অ + ক্ + অ।

ভয়াবহ : ভয়ঙ্কর। বিণ। তৎসম। ভয় ['ভয়' দ্রষ্টব্য] + আবহ [আ + বহ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [য়া]। ২।১।খ যা ভয় বহন করে আনে= উপপদতৎ। ৩।৩ বানান : ভ্ + অ + য় + আ + ব্ + অ + হ্ + অ।

ভয়ার্ত : ভয়ে কাতর। বিণ। তৎসম। ভয় ['ভয়' দ্রষ্টব্য] + আর্ত [আ + ঋ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [য়া]। ২।১।খ ভয়ের দ্বারা আর্ত [পীড়িত]= করণতৎ। ৩।৩ বানান : ভ্ + অ + য় + আ + র্ + ত্ + অ। বি.দ্র. : র্ + ত্ + অ= র্ত।

ভয়াল : ভয়ঙ্কর। বিণ। তৎসম। ভয় ['ভয়' দ্রষ্টব্য] + আল। ৬।২ যা ভয়পূর্ণ। বানান : ভ্ + অ + য় + আ + ল্ + অ।

ভর : অবলম্বন, ভার। বি। তৎসম। ভৃ + অ। ৬।১ বানান : ভ্ + অ [আ] + র্ + অ।

ভরণ : প্রতিপালন। বি। তৎসম। ভৃ + অন। ৬।১ বানান : ভ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ভরণপোষণ : অন্নবস্ত্রাদি দিয়ে প্রতিপালন। বি। তৎসম। ভরণ ['ভরণ' দ্রষ্টব্য] + পোষণ [পুষ্ + অন]। ৬।১ ভরণ ও পোষণ= দ্বন্দ্ব। ৩।৪ বানান : ভ্ + অ + র্ + অ + ণ্ + অ + প্ + ও + ষ্ + অ + ণ্ + অ। 'র' ও 'ষ' এবং 'ন'—এদের মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ভরত: ভারুই পাখি, রামচন্দ্রের বৈমাত্র ভ্রাতা, নাট্যশাস্ত্রপ্রণেতা মুনি। বি। তৎসম। বানান: ভ্ + অ + র্ + অ + ত্ + অ।

ভরতি, ভর্তি: পূর্ণ। বি। তদ্ভব। বাং. ভর [< ভৃ= পূর্ণ করা] + তি। ৬৷৩ বানান: ভ্ + অ + র্ + ত্ + ই। বি.দ্র.: র্ + ত্ + ই= র্তি। যুক্তাক্ষর নিষ্প্রয়োজন।

ভরতুকি, ভর্তুকি: ক্ষতিগ্রস্ত উৎপাদক বা ব্যবসায়ীদিগকে প্রদত্ত খেসারত। বি। বিদেশী। < হি. ভরতুকি। বানান: ভ্ + অ + র্ + অ + ত্ + উ + ক্ + ই। বি.দ্র.: র্ + ত্ + উ= র্তু। যুক্তাক্ষর ব্যবহৃত না হলে 'র্'-এর হসন্তচিহ্ন নিষ্প্রয়োজন।

ভরদ্বাজ: মুনি বিশেষ, ভারুই পাখি। বি। তৎসম। বানান: ভ্ + অ + র্ + অ + দ্ + ব্ + আ + জ্ + অ। বি.দ্র.: দ্ + ব্ + আ= দ্বা।

ভরন: নিকৃষ্ট মানের কাঁসা। বি। দেশী। বানান: ভ্ + অ + র্ + অ + ন্ + অ।

ভরনা: অবলম্বন। বি। তদ্ভব। ভর্ [< সং. ভৃ (পূর্ণ করা)] + বাং. না। ৬৷৩ বানান: ভ্ + অ + র্ [+অ] + ন্ + আ।

ভরন্ত: ভরা, পূর্ণ। বিণ। তদ্ভব। ভর্ [< সং. ভৃ= পূর্ণ করা] + বাং. অন্ত। ৬৷৩ বানান: ভ্ + অ + র্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ।

ভরপুর: পরিপূর্ণ। বিণ। তদ্ভব। ভর [ভৃ + অ] + পুর [< সং. পূর্]। বানান: ভ্ + অ + র্ + অ + প্ + উ + র্ + অ।

ভরপেট: পেট ভরে। ক্রি-বিণ। তদ্ভব। তদ্ভব. ভর [পূর্ণ] + তদ্ভব. পেট। ভর [ভরা] পেট= কর্মধা। ৩৷২ বানান: ভ্ + অ + র্ + অ + প্ + এ + ট্ + অ।

ভরভর, ভরোভরো: প্রায় পূর্ণ। বিণ। তদ্ভব। ভর ['ভর' দ্রষ্টব্য]। বানান: ভ্ + অ + র্ + অ [ও] + ভ্ + অ + র্ + অ [ও]।

ভরসা: অবলম্বন, আশ্বাস। বি। বিদেশী। < হি. ভরোসা। বাংলা বানান: ভ্ + অ + র্ + অ + স্ + আ।

ভরা: পূর্ণ, পূর্ণ করা। ক্রি, বিণ। তদ্ভব। ভর [< সং. ভৃ= পূর্ণ করা] + বাং. আ। বানান: ভ্ + অ + র্ + আ।

ভরাট: পূর্ণ। বিণ। তদ্ভব। ভর [< সং. ভৃ] + আট। বানান: ভ্ + অ + র্ + আ + ট্ + অ।

ভরাডুবি: সমূহ সর্বনাশ। বি। তদ্ভব। ভরা ['ভরা' দ্রষ্টব্য] + ডুবি [ডুব্ + বাং. ই]। ৬৷৩ ভরা [অবস্থাযুক্ত] ডুবি [নিমজ্জন]= কর্মধা। ৩৷২ বানান: ভ্ + অ + র্ + আ + ড্ + উ + ব্ + ই।

ভরাযৌবন: পূর্ণ যৌবন। বি। তদ্ভব। ভরা ['ভরা' দ্রষ্টব্য] + যৌবন [যুবন্ + অ]। ৬৷২ ভরা যে যৌবন= কর্মধা। ৩৷২ বানান: ভ্ + অ + র্ + আ + য্ + ঔ + ব্ + অ + ন্ + অ।

ভর্তা: পালক, স্বামী। বি। তৎসম। ভৃ [ভরণ করা] + তা [তৃচ্]। ৬৷১ যে ভরণ করে। বানান: ভ্ + অ + র্ + ত্ + আ। বি.দ্র.: র্ + ত্ + আ= র্তা।

ভর্ত্রী: পালিকা। বি। তৎসম। ভর্তা ['ভর্তা' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭৷১৷ছ যে ভরণ করে [স্ত্রী]। বানান: ভ্ + অ + র্ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: র্ + ত্ + র্ + ঈ= র্ত্রী।

ভর্তৃহীনা: পতিহীনা। বিণ। তৎসম। ভর্তৃ [ভৃ + তৃচ্ (তৃ)] + হীনা [হা + ত + আ (স্ত্রী)]। ৬৷১, ৭৷১৷ক ভর্তার [স্বামীর] দ্বারা হীনা= করণতৎ। ৩৷৩ বানান: ভ্ + অ + র্ + ত্ + ঋ + হ্ + ঈ + ন্ + আ। বি.দ্র.: র্ + ত্ + ঋ= র্তৃ।

ভর্ৎসনা: তিরস্কার। বি। তৎসম। ভর্ৎস্ + অন + আ। ৬।১ বানান: ভ্ + অ + র্ + ৎ + স্ + অ + ন্ + আ। বি.দ্র.: র্ + ৎ= র্ৎ।

ভর্ৎসিত: তিরস্কৃত। বিণ। তৎসম। ভর্ৎস্ + ত। বানান: ভ্ + অ + র্ + ৎ + স্ + ই + ত্ + অ। বি.দ্র.: র্ + ৎ= র্ৎ।

ভর্ৎসিতা: তিরস্কৃতা। বিণ। তৎসম। ভর্ৎসিত ['ভর্ৎসিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ভ্ + অ + র্ + ৎ + স্ + ই + ত্ + আ।

ভলান্টিয়ার: স্বেচ্ছাসেবক। বি। বিদেশী। < ইং. Volunteer. বাংলা বানান: ভ্ + অ + ল্ + আ + ন্ + ট্ + ই + য়্ + আ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। ন্ + ট্ + ই= ন্টি।

ভল্লুক: ভালুক। বি। তৎসম। < সং. ভল্লুক। বানান: ভ্ + অ + ল্ + ল্ + উ + ক্ + অ। বি.দ্র.: ল্ + ল্ + উ= ল্লু।

ভল্লুকী: স্ত্রী-ভালুক। বি। তৎসম। ভল্লুক ['ভল্লুক' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ভ্ + অ + ল্ + ল্ + উ + ক্ + ঈ। বি.দ্র.: ল্ + ল্ + উ= ল্লু।

ভসকা, ভস্কা: পানসে। বিণ। দেশী। [ধ্বন্যাত্মক শব্দ]। বানান: ভ্ + অ + স্ + ক্ + আ [বি.দ্র.: স্ + ক্ + আ= স্কা। [যুক্তাক্ষর না হলে] 'স্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভস্ত্রা: কামারের হাপর। বি। তৎসম। ভস্ + ত্র + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ভ্ + অ + স্ + ত্ + র্ + আ। বি.দ্র.: স্ + ত্ + র্ + আ= স্ত্রা।

ভস্ম: ছাই। বি। তৎসম। ভস্ + মন্। ৬।১ বানান: ভ্ + অ + স্ + ম্ + অ। বি.দ্র.: স্ + ম্ + অ= স্ম।

ভস্মস্তূপ: ছাইয়ের গাদা। বি। তৎসম। ভস্ম ['ভস্ম' দ্রষ্টব্য] + স্তূপ [স্তূপ্ + অ]। ৬।১ ভস্মের স্তূপ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: বানান: ভ্ + অ + স্ + ম্ + অ + স্ + ত্ + ঊ + প্ + অ। বি.দ্র.: স্ + ম্ + অ= স্ম। স্ + ত্ + ঊ= স্তূ।

ভস্মাচ্ছন্ন: ছাইয়ে ঢাকা। বিণ। তৎসম। ভস্ম ['ভস্ম' দ্রষ্টব্য] + আচ্ছন্ন [আ + ছন্ন (ছদ্ + ত)]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [স্মা]। ২।১।খ আ + ছ= আচ্ছ। ২।১৪ ভস্মের দ্বারা আচ্ছন্ন= করণতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + স্ + ম্ + আ + চ্ + ছ্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র.: চ্+ছ্+অ= চ্ছ, ন্+ন্+অ= ন্ন।

ভস্মাচ্ছাদিত: ছাইয়ে ঢাকা। বিণ। তৎসম। ভস্ম ['ভস্ম' দ্রষ্টব্য] + আচ্ছাদিত [আ + ছাদিত (ছদ্ + ণিচ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ [স্মা]। ২।১।খ আ + ছা= আচ্ছা। ২।১৪ ভস্মের দ্বারা আচ্ছাদিত= করণতৎ। বানান: ভ্ + অ + স্ + ম্ + আ + চ্ + ছ + আ + দ্ + ই + ত্ + অ। বি.দ্র.: স্ + ম্ + আ= স্মা, চ্ + ছ্ + আ= চ্ছা।

ভস্মাবৃত: ছাইয়ে ঢাকা। বিণ। তৎসম। ভস্ম ['ভস্ম' দ্রষ্টব্য] + আবৃত [আ + বৃ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [স্মা]। ২।১।খ ভস্মের দ্বারা আবৃত= করণতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + স্ + ম্ + আ + ব্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: স্ + ম্ + আ= স্মা, ব্ + ঋ= বৃ।

ভস্মাধার: শবদেহের ভস্মাবশেষ বাখবার পাত্র। বি। তৎসম। ভস্ম ['ভস্ম' দ্রষ্টব্য] + আধার [আ + ধৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [স্ত্রী] ২।১।খ ভস্মের আধার= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + স্ + ম্ + আ + ধ্ + আ + র্ + অ। বি.দ্র.: স্ + ম্ + আ= স্মা।

ভস্মাবশেষ: দগ্ধ পদার্থের অবশিষ্ট। বি, বিণ।

তৎসম। ভস্ম ['ভস্ম' দ্রষ্টব্য] + অবশেষ [অব + শিষ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [স্মা]। ২।১।ক ভস্মের অবশেষ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + অ + স্ + ম্ + আ + ব্ + অ + শ্ + এ + ষ্ + এ। বি.দ্র.: স্ + ম্ + আ= স্মা। 'এ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

ভস্মীভূত: ছাইয়ে পরিণত। বিণ। তৎসম। ভস্ম ['ভস্ম' দ্রষ্টব্য] + ঈ [অভূততদ্ভাবে] + ভূত [ভূ + ত]। ৬।১ বানান: ভ্ + অ + স্ + ম্ + ঈ + ভ্ + ঊ + ত্ + অ। বি.দ্র.: স্ + ম্ + ঈ= স্মী।

ভা: দীপ্তি। বি। তৎসম। ভা [দীপ্তি পাওয়া বা দীপ্তি দেওয়া] + অ + আ। বানান: ভ্ + আ।

ভাই: ভ্রাতা। বি। তদ্ভব। < সং. ভ্রাতৃ।

ভাইঝি: ভাইয়ের মেয়ে। বি। তদ্ভব। < সং. ভ্রাতৃ-দুহিতা। ['ভাই' ও 'ঝি' দ্রষ্টব্য] বানান: ভ্ + আ + ই + ঝ্ + ই।

ভাইপো: ভাইয়ের ছেলে। বি। তদ্ভব। < সং. ভ্রাতৃ-পুত্র। ['ভাই' ও 'পো' দ্রষ্টব্য] বানান: ভ্ + আ + ই + প্ + ও।

ভাউলিয়া: বাসযোগ্য গৃহযুক্ত নৌকা। বি। তদ্ভব। ভাউল [< সং. বহল] + বাং. ইয়া। বানান: ভ্ + আ + উ + ল্ + ই + য্ + আ।

ভাউলে: বাসযোগ্য গৃহযুক্ত নৌকা। বি। তদ্ভব। ভাউল [< সং. বহল] + বাং. এ < ইয়া। বানান: ভ্ + আ + উ + ল্ + এ।

ভাও: দরদাম। বি। বিদেশী। < হি. ভাও। বাংলা বানান: ভ্ + আ + ও।

ভাং, ভাঙ: সিদ্ধিপাতা দ্বারা প্রস্তুত মাদক। বি। তদ্ভব। < সং. ভঙ্গা। বানান: ভ্ + আ + ং [ঙ্]। বি.দ্র.: শব্দান্তের 'ঙ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভাংচি: মন-ভাঙানি। বি। তদ্ভব। ভাং [< সং. ভঙ্গ বা ভঞ্জ] + বাং. চি। বানান: ভ্ + আ + ং + চ্ + ই।

ভাঁওতা: ধাপ্পা। বি। বিদেশী। বাংলা বানান: ভ্ঁ + আ + ও + ত্ + আ।

ভাঁজ: পাট। বি। তদ্ভব। < সং. ভঞ্জ। বানান: ভ্ঁ + আ + জ্ + অ।

ভাঁজা: ভাঁজ করা, সুরের আলাপ। ক্রি। তদ্ভব। ভাঁজ < সং. ভন্জ্ + আ। বানান: ভ্ঁ + আ + জ্ + আ।

ভাঁট: ঘেঁটুফুলের গাছ। বি। তদ্ভব। < সং. ভাণ্ডীর। বানান: ভ্ঁ + আ + ট্ + অ।

ভাঁটা: খেলার গোলা। বি। দেশী। বানান: ভ্ঁ + আ + ট্ + আ।

ভাঁটুই: যে তৃণের কণ্টকযুক্ত ফল সহজেই কাপড়ে ফুটে যায়। বি। দেশী। বানান: ভ্ঁ + আ + ট্ + উ + ই।

ভাঁড়: মাটির ছোট পাত্র, হাস্যরসিক। বি। তদ্ভব। < সং. ভণ্ড। বানান: ভ্ঁ + আ + ড়্ + অ।

ভাঁড়ান, ভাঁড়ানো: আসল রূপ গোপন করা। ক্রি। তদ্ভব। ভাঁড় [< সং. ভণ্ড] + বাং. আন, আনো। বানান: ভ্ঁ + আ + ড়্ + আ + ন্ + অ [ও]।

ভাঁড়াম: রঙ্গকৌতুক। বি। তদ্ভব। ভাঁড় [< সং. ভণ্ড] + বাং. আম। বানান: ভ্ঁ + আ + ড়্ + আ + ম্ + অ।

ভাঁড়ামি: রঙ্গকৌতুক। বি। তদ্ভব। ভাঁড় [< সং. ভণ্ড] + বাং. আমি। বানান: ভ্ঁ + আ + ড়্ + আ + ম্ + ই।

ভাঁড়ামো: রঙ্গকৌতুক। বি। তদ্ভব। ভাঁড় [< সং. ভণ্ড] + বাং আমো। বানান: ভ্ঁ + আ + ড়্ + আ + ম্ + ও।

ভাঁড়ার: ভাণ্ডার। বি। তদ্ভব। < সং. ভাণ্ডার। বানান: ভ্ঁ + আ + ড়্ + আ + র্ + অ।

ভাক্: ভাগী। বিণ। তৎসম। < সং. ভাজ্। ভজ্ + ক্বিপ্। ৬।১ বানান: ভ্ + আ + ক্।

ভাগ : বাটোয়ারা। বি। তদ্ভব। সং. ভঞ্জ। বানান: ভ্ + আ + গ্ + অ।

ভাগনা, ভাগনে : ভগিনীর পুত্র। বি। তদ্ভব। < সং. ভাগিনেয় [ভগিনী + এয়]। বানান: ভ্ + আ + গ্ + ন্ + আ [এ]।

ভাগনী, ভাগিনেয়ী : ভগিনীর কন্যা। বি। তদ্ভব। [ভাগনা 'ভাগনা' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ ভাগিনেয়ী [তৎসম]= ভাগিনেয় [ভগিনী + এয়] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ভাগনী: ভ্ + আ + গ্ + ন্ + ঈ। ভাগিনেয়ী= ভ্ + আ + গ্ + ই + ন্ + এ + য় + ঈ। বি.দ্র.: গ্ + ই= গি, য় + ঈ= য়ী।

ভাগবখরা : প্রাপ্য অংশ। বি। মিশ্র [তদ্ভব+বিদেশী]। তদ্ভব. ভাগ [< সং. ভঞ্জ] + ফা. বখরা। যা ভাগ, তাই বখরা= কর্মধা। ৩।২ বানান: ভ্ + আ + গ্ + অ + ব্ + অ + খ্ + অ + র্ + আ।

ভাগবত : ভগবদ্ভক্ত, শ্রীমদ্ভাগবত। বিণ, বি। তৎসম। ভগবৎ + অ। ৬।১ বানান: ভ্ + আ + গ্ + অ + ব্ + অ + ত্ + অ।

ভাগবাটোয়ারা : অংশে অংশে ভাগ ও বণ্টন। বি। মিশ্র। [তদ্ভব + বিদেশী]। তদ্ভব. ভাগ ['ভাগ' দ্রষ্টব্য] + হি. বাটোয়ারা [বট্‌বানা]। বানান: ভ্ + আ + গ্ + অ + ব্ + আ + ট্ + ও + য় + আ + র্ + আ।

ভাগা : পৃথক্ পৃথক্ ভাগে পলায়ন করা। বি, ক্রি। তদ্ভব। ভাগ [< সং. ভঞ্জ] বাং. আ। বানান: ভ্ + আ + গ্ + আ।

ভাগাড় : গবাদি মৃতপশু ফেলার স্থান। বি। তদ্ভব। < সং. ভাঙ্গাহাড়। বানান: ভ্ + আ + গ্ + আ + ড়্ + অ।

ভাগান, ভাগানো : তাড়িয়ে দেওয়া। ক্রি। তদ্ভব। ভাগ [< সং. ভঞ্জ] + বাং. আন, আনো। বানান: ভ্ + আ + গ্ + আ + ন্ + অ [ও]।

ভাগাভাগি : আপসে বণ্টন। বি। তদ্ভব। ভাগ [< সং. ভঞ্জ] + আ + ভাগ + বাং. ই। বানান: ভ্ + আ + গ্ + আ + ভ্ + আ + গ্ + ই।

ভাগিনা, ভাগিনেয় : ভগিনীর পুত্র। বি। তদ্ভব। ভাগিনা < সং. ভাগিনেয় [ভগিনী + এয়]। বানান: ভাগিনা: ভ্ + আ + গ্ + ই + ন্ + আ। ভাগিনেয় ভ্ + আ + গ্ + ই + ন্ + এ + য় + অ।

ভাগিনী : ফললাভে বাধ্য [স্ত্রী]। বি। তদ্ভব। ভাগ [<সং. ভঞ্জ] + ইন্ + ঈ [স্ত্রী]। ৭।১।চ বানান: ভ্ + আ + গ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ইন্ + ঈ= ইনী-প্রত্যয়ান্ত, তাই আগে ই, পরে স্ত্রী।

ভাগী : ভাগ পেতে বাধ্য। বিণ। তদ্ভব। ভাগ + ঈ [ইন্]। ৬।১ বানান: ভ্ + আ + গ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

ভাগীদার [অশুদ্ধ] : ভাগ পাবার অধিকারী। বিণ। মিশ্র [তদ্ভব + বিদেশী]। তদ্ভব. ভাগ + ঈ: ভাগ পাবার অধিকারী। আবার তার সঙ্গে ফারসী প্রত্যয় 'দার'-এর সংযুক্তি আতিশয্য দোষ-দুষ্ট।

ভাগীরথী : ভগীরথ-আনীত নদী। বি। তৎসম। ভগীরথ + অ [ষ্ণ] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান: ভ্ + আ + গ্ + ঈ + র্ + অ + থ্ + ঈ। বি.দ্র.: গ্ + ঈ = গী, থ্ + ঈ= থী। লক্ষণীয়: উভয় ক্ষেত্রেই 'ঈ'-কার।

ভাগ্য : অদৃষ্ট। বি। তৎসম। ভজ্ + য [যৎ]। ৬।১ বানান: ভ্ + আ + গ্ + য + অ। বি.দ্র.: গ্ + য্ + অ= গ্য।

ভাগ্যক্রমে : সৌভাগ্যবশতঃ। ক্রি-বিণ। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + ক্রমে [ক্রম্ + অ + এ (অধিকরণ)] ৬।১ ভাগ্যের ক্রম= সম্বন্ধতৎ। ৩।৩, তাতে। বানান: ভ্ + আ + গ্ + য্ + অ + ক্ + র্ + অ + ম্ + এ। বি.দ্র.: গ্ + য্ + অ= গ্য, ক্ + র্ + অ = ক্র।

ভাগ্যগণনা : ভাগ্যের ফলাফল নির্ণয়। বি। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + গণনা [গণ্ + অন + আ]। ৬।১ ভাগ্য-বিষয়ক গণনা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + আ + গ্ + য্ + অ + গ্ + অ + ণ্ + অ + ন্ + আ। বি.দ্র. : 'গণ' ধাতুর 'ণ' স্বাভাবিক 'ণ'।

ভাগ্যচক্র : চক্রবৎ ঘূর্ণায়মান ভাগ্য। বি। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + চক্র [কৃ + অ—নিপাতনে]। ৬।১ ভাগ্য-রূপ চক্র= রূপক-কর্মধা। ৩।২ বানান: ভ্ + আ + গ্ + য্ + অ + চ্ + অ + ক্ + র্ + অ। বি.দ্র. : গ্ + য্ + অ= গ্য, ক্ + র্ + অ= ক্র।

ভাগ্যদেবতা : ভাগ্যের অধিদেবতা। বি। তৎসম। ভাগ্য <'ভাগ্য' দ্রষ্টব্য] + দিব্ + অ + তা (স্বার্থে)]। ৬।১ ভাগ্য-নিয়ন্তা দেবতা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + আ + গ্ + য্ + অ + দ্ + এ + ব্ + অ + ত্ + আ।

ভাগ্যদেবী : ভাগ্যের নিয়ন্ত্রীদেবী। বি। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + দেবী [দিব্ + অ + ঈ (স্ত্রী)]। ৬।১ ভাগ্য-নিয়ন্ত্রী দেবী= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + আ + গ্ + য্ + অ + দ্ + এ + ব্ + ঈ। বি.দ্র. : ব্ + ঈ= বী।

ভাগ্যবতী : সৌভাগ্যশালিনী। বি। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + বৎ [বতুপ্] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।ঝ যার [স্ত্রী] ভাগ্য সুপ্রসন্ন। বানান: ভ্ + আ + গ্ + য্ + অ + ব্ + অ + ত্ + ঈ। বি.দ্র. : ত্ + ঈ= তী।

ভাগ্যবান্ : সৌভাগ্যশালী। বিণ। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + বান্ [বৎ<বতুপ্]। ৬।২ যার ভাগ্য সুপ্রসন্ন। বানান: ভ্ + আ + গ্ + য্ + অ + ব্ + আ + ন্। বি.দ্র. : গ্ + য্ + অ= গ্য।

ভাগ্যবিধাতা : ভাগ্যের অধিদেবতা। বি। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + বিধাতা [বি + ধা + তা (তৃচ্)]। ৬।১ ভাগ্যনিয়ন্তা বিধাতা= মধ্যপ্-কর্মধা। ৩।২ বানান: ভ্ + আ + গ্ + য্ + অ + ব্ + ই + ধ্ + আ + ত্ + আ।

ভাগ্যবিধাত্রী : ভাগ্যের নিয়ন্ত্রী দেবী। বি। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য]। বিধাত্রী [বি + ধা + তৃ + ঈ]। ৬।১, ৭।১।ছ ভাগ্য-নিয়ন্ত্রী বিধাত্রী= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + আ + গ্ + য্ + অ + ব্ + ই + ধ্ + আ + ত্ + র্ + ঈ।

ভাগ্য-বিপর্যয় : দুর্ভাগ্য। বি। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + বিপর্যয় [বি + পরি + অয় (ই + অ)]। ৬।১ ভাগ্যের বিপর্যয়= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + গ্ + য্ + অ + ব্ + ই + প্ + অ + র্ + য্ + অ + য় + অ।

ভাগ্য-রেখা : হাতের ভাগ্য-নির্দেশক রেখা। বি। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + রেখা [লিখ্ (লি >রি) + অ + আ]। ৬।১ ভাগ্য সূচক রেখা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + আ + গ্ + য্ + অ + র্ + এ + খ্ + আ।

ভাগ্যলিখন : ভাগ্য-নির্দিষ্ট ফলাফল। বি। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + লিখন [লিখ্ + অন]। ৬।১ ভাগ্য-সম্পর্কিত লিখন= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + আ + গ্ + য্ + অ + ল্ + ই + খ্ + অ + ন্ + অ।

ভাগ্যলিপি : ভাগ্য-নির্দিষ্ট ফলাফল। বি। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + লিপি [লিপ্ + ই]। ৬।১ ভাগ্য-সম্পর্কিত লিপি= মধ্যপ-কর্মধা ৩।২ বানান: ভ্ + আ + গ্ + য্ + অ + ল্ + ই + প্ + ই।

ভাগ্যহত : হতভাগ্য। বিণ। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + হত [হন্ + ত] ৬।১ হত ভাগ্য যার [পূর্বনিপাত] = বহুব্রী। ৩।৫ বানান: ভ্ + আ

+ গ্ + য্ + অ + হ্ + অ + ত্ + অ।

ভাগ্যহতা : হতভাগিনী। বিণ। তৎসম। ভাগ্যহত ['ভাগ্যহত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ভ্ + আ + গ্ + য্ + অ + হ্ + অ + ত্ + আ।

ভাগ্যহীন : হতভাগ্য। বিণ। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + হীন [হা + ত]। ৬।১ ভাগ্যের দ্বারা হীন= করণতৎ। ৩।৩ বানান : ভ্ + আ + গ্ + য্ + অ + হ্ + ঈ + ন্ + অ।

ভাগ্যহীনা : হতভাগিনী। বিণ। তৎসম। ভাগ্য ['ভাগ্যহীন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক ভাগ্যের দ্বারা হীনা= করণতৎ। ৩।৩ বানান : ভ্ + আ + গ্ + য্ + অ + হ্ + ঈ + ন্ + আ। বি.দ্র. : হ্ + ঈ= হী।

ভাগ্যায়ত্ত : দৈবাধীন। বিণ। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + আয়ত্ত [আ + যত্ (যত্ন করা) + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [গ্যা]। ২।১।খ ভাগ্যের আয়ত্ত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + আ + গ্ + য্ + আ + য়্ + অ + ত্ + ত্ + অ। বি.দ্র. : গ্ + য্ + আ= গ্যা, ত্ + ত্ + অ= ত্ত। 'ত্ব' ভুল।

ভাগ্যোদয় : সৌভাগ্যের সূচনা। বি। তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + উদয় [উৎ + অয় (ই + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [গ্যো]। ২।৫।ক ভাগ্যের উদয়= সম্বন্ধতৎ। ৩।৫। বানান : ভ্ + আ + গ্ + য্ + ও + দ্ + অ + য়্ + অ। বি.দ্র. : গ্ + য্ + ও= গ্যো।

ভাগ্যি : ভাগ্য, ভাগ্যবলে। বি, ক্রি-বিণ। অর্ধ-তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + বাং. ই। ৬।৩ বানান : ভ্ + আ + গ্ + য্ + ই।

ভাগ্যিমান : ভাগ্যবান। বিণ। অর্ধ-তৎসম। ভাগ্যি ['ভাগ্যি' দ্রষ্টব্য] + মান [শানচ্]। ৬।১ বানান : ভ্ + আ + গ্ + য্ + ই + ম্ + আ + ন্ + অ।

ভাগ্যিমানী : ভাগ্যবতী। বিণ। অর্ধ-তৎসম। ভাগ্যিমান ['ভাগ্যিমান' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ভ্ + আ + গ্ + য্ + ই + ম্ + আ + ন্ + ঈ। বি.দ্র. : গ্ + য্ + ই= গ্যি, ন্ + ঈ = নী।

ভাগ্যিস : ভাগ্যগুণে। ক্রি-বিণ। অর্ধ-তৎসম। ভাগ্য ['ভাগ্য' দ্রষ্টব্য] + ইস। বানান : ভ্ + আ + গ্ + য্ + ই + স্। বি.দ্র. : শব্দান্তের 'স্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভাঙচুর : ভাঙা ও চূর্ণ করা, বি। তদ্ভব। ভাঙ [<সং. ভঙ্গ] + চুর [<সং. চূর্ণ]। ভাঙ ও চুর= দ্বন্দ্ব। ৩।৪ বানান : ভ্ + আ + ঙ্ + অ + চ্ + উ + র্ + অ।

ভাঙড়, ভাঙ্গড় : সিদ্ধিখোর। বিণ। তদ্ভব। ভাঙ ['ভাং' দ্রষ্টব্য] + ড় [<দড়]। ভাঙে [ভাঙ-এ] দড় [দক্ষ]= অধিকরণতৎ। ৩।৩ 'ভাঙড়' ও 'ভাঙ্গড়'— উভয় বানানই শুদ্ধ।

ভাঙড়ভোলা : শিব। বিণ। তদ্ভব। ভাঙড় ['ভাঙড়' দ্রষ্টব্য] + ভোলা [ভোল <হুল্] + বাং. আ। ৬।৩ ভাঙড় যে ভোলা= কর্মধা। বানান : ভ্ + আ + ঙ্ + অ + ড়্ + অ + ভ্ + ও + ল্ + আ।

ভাঙ্গন, ভাঙন : নদীর পাড় ধসা, অবনতির সূত্রপাত, মাছ বিশেষ। বি। তদ্ভব। ভাঙ্গ, ভাঙ্ [<সং. ভঙ্গ] + অন। ৬।৩ বানান : ভ্ + আ + ঙ্ + গ্ + অ + ন্ + অ। বি.দ্র. : ঙ্ + গ= ঙ্গ।

ভাঙ্গভাঙ্গ : ভগ্নপ্রায়। বিণ। তদ্ভব। ভাঙ্গ্ [<সং. ভঙ্গ] + অ + ভাঙ্গ্ [<সং. ভঙ্গ] + অ। বানান : ভ্ + আ + ঙ্ + গ্ + অ + ভ্ + আ + ঙ্ + গ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ= ঙ্গ।

ভাঙ্গা, ভাঙা : ভেঙে ফেলা। ক্রি। তদ্ভব। ভাঙ্গ্, ভাঙ্ [<সং. ভঙ্গ] + বাং. আ। ৬।৩ বানান : ভ্ + আ + ঙ্ + গ্ + আ [ঙ্ + আ]। বি.দ্র. : ঙ্ + গ্ + আ= ঙ্গা, ঙ্ + আ= ঙা।

ভাঙ্গাকপাল, ভাঙাকপাল : মন্দভাগ্য। বিণ। তদ্ভব। ভাঙ্গা ['ভাঙ্গা' দ্রষ্টব্য] + কপাল [ক (মাথা) + পাল (পাল্= রক্ষা করা + অ)]। ৬।১ ভাঙ্গা কপাল যার= বহুব্রী। ৩।৫ বানান: ভ্ + আ + ঙ্ [+ গ্]। আ + ক্ + অ + প্ + + আ + ল্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + আ= ঙ্গা।

ভাঙ্গাগড়া : ভাঙন-গড়ন। বি। তদ্ভব। ভাঙ্গা ['ভাঙ্গা' দ্রষ্টব্য] + গড়া [গড়্ (<সং. গঠ্) + বাং. আ। ৬।৩ ভাঙ্গা ও গড়া =দ্বন্দ্ব। ৩।৪ বানান: ভ্ + আ + ঙ্ + গ্ + আ + গ্ + অ + ড়্ + আ। বি.দ্র.: ঙ্ + গ্ + আ= ঙ্গা।

ভাঙ্গাচুরা, ভাঙ্গাচোরা : টুটাফুটা। বিণ। তদ্ভব। ভাঙ্গা ['ভাঙ্গা' দ্রষ্টব্য] + চুরা, চোরা [<সং. চূর্ণ]। ভাঙ্গা ও চুরা [চোরা]= দ্বন্দ্ব। ৩।৪ বানান: ভ্ + আ + ঙ্ + গ্ + আ + চ্ + উ [ও] + র্ + আ। বি.দ্র.: ঙ্ + গ্ + আ= ঙ্গা।

ভাঙ্গান, ভাঙ্গানো, ভাঙান, ভাঙানো : ভগ্ন বা চূর্ণ করানো। ক্রি। তদ্ভব। ভাঙ্গ্, ভাঙ্ [<সং. ভঙ্গ] + বাং. আন, আনো। ৬।৩ বানান: ভ্ + আ + ঙ্ + [+গ্] + আ + ন্ + অ [ও]। বি.দ্র.: ঙ্ + গ্ + আ=ঙ্গা।

ভাঙ্গানি, ভাঙানি, ভাঙ্গানী, ভাঙানী : খুচরা মুদ্রা, ভাঙতি। বি। তদ্ভব। ভাঙ্গ্, ভাঙ্ [<সং. ভঙ্গ] + আনি, আনী। ৬।৩ বানান: ভ্ + আ + ঙ্ [+গ] + আ + ন্ + ই [ঈ]। বি.দ্র.: ঙ্ + গ্ + আ= ঙ্গা।

ভাঙ্গানে, ভাঙানে : মন বিষিয়ে বিরোধ-সৃষ্টিকারী। বিণ। তদ্ভব। ভাঙ্গ্, ভাঙ্ [<সং. ভঙ্গ] + বাং. আন + এ [<ইয়া] বানান: ভ্ + আ + ঙ্ [+গ্] + আ + ন্ + এ। বি.দ্র.: ঙ্ + গ্ + আ= ঙ্গা।

ভাঙ্গা-ভাঙ্গা, ভাঙা-ভাঙা : ভগ্নপ্রায়, আধো-আধো। বিণ। তদ্ভব। ভাঙ্গ্, ভাঙ্ [<সং. ভঙ্গ] + বাং, আ। বানান: ভ্ + আ + ঙ্ [+গ্] + আ + ভ্ + আ + ঙ্ [+গ্] + আ।

ভাঙ্গী : ভাঙখোর, ভাঙড়। বিণ। তদ্ভব। ভাঙ্ [<সং. ভঙ্গা] + বাং. ঈ। বানান: ভ্ + আ + ঙ্ + গ্ + ঈ। বি.দ্র.: ঙ্ + গ্ + ঈ= ঙ্গী।

ভাজ : ভাইয়ের স্ত্রী। বি। তদ্ভব। [সং. ভ্রাতৃজায়া]।

ভাজক : ভাগকারী, যা দিয়ে ভাগ করা যায়। বি, বিণ। তৎসম। ভজ্ + অক। ৬।১

ভাজন : পাত্র [সং. √ ভোজ্ + অন]। বি। তৎসম। ভাজ্ + অন। ৬।১

ভাজা : ভেজে প্রস্তুত খাদ্য। বিণ। তদ্ভব। ভাজ্ [<সং. ভ্রস্জ্ + বাং. আ।

ভাজাভাজা : প্রায় ভাজা। বিণ। তদ্ভব। ভ্রস্জ্ + বাং. আ + ভ্রস্জ্ + আ।

ভাজাভুজি : ভাজা খাবার। বি। তদ্ভব। ভাজা ['ভাজা' দ্রষ্টব্য] + ভুজি [<ভাজা]। বানান: ভ্ + আ + জ্ + আ + ভ্ + উ + জ্ + ই।

ভাজি : ভাজা তরতারি। বি। তদ্ভব। ভাজ্ [<সং. ভ্রস্জ্] + বাং. ই।

ভাজ্য : ভাগযোগ্য। বিণ। তৎসম। ভাজ্ + য [যৎ]। ৬।১ বানান: ভ্ + আ + জ্ + য্ + অ।

ভাট : স্তুতিপাঠক। বি। তদ্ভব। <সং. ভট্ট।

ভাটা, ভাঁটা : নদীতে বা সমুদ্রে জলস্ফীতির হ্রাস। বি। দেশী। বানান: ভ্ [ভঁ] + আ + ট্ + আ।

ভাটি, ভাঁটি : চুল্লী, ধোপার কাপড় সেদ্ধ করবার পাত্র, মদ চোলাইর পাত্র বা স্থান, নদী ইত্যাদির স্বাভাবিক স্রোতের দিক। বি। দেশী। বানান: ভ্ [ভঁ] + আ + ট্ + ই।

ভাটিয়ালি, ভাটিয়ালী : ভাঁটার স্রোতে নৌকা ভাসিয়ে যে রাগিণীতে গান গাওয়া হয়। বি। দেশী। ভাটি ['ভাটা'-র কোমল রূপ] + আলি, আলী। বানান: ভ্ + আ + ট্ + ই + য়্

+ আ + ল্ + ই [ঈ]।

ভাড়া : সাময়িক ব্যবহারের জন্য দেয় অর্থ। বি। তদ্ভব। <সং. ভাটক।

ভাড়াটিয়া : ভাড়ার বিনিময়ে প্রাপ্ত, ভাড়াটে বাড়ির বাসিন্দা। বি। তদ্ভব। ভাড়া [<সং. ভাটক] + বাং. টিয়া। বানান: ভ্ + আ + ড়্ + আ + ট্ + ই + য্ + আ।

ভাড়াটে : ভাড়ার বিনিময়ে প্রাপ্ত, ভাড়াটে বাড়ির বাসিন্দা। বি। তদ্ভব। <ভাড়াটিয়া। বানান: ভ্ + আ + ড়্ + আ + ট্ + এ।

ভাণ্ড : পাত্র। বি। তৎসম। ভণ্ড্ + অ। বানান: ভ্ + আ + ণ্ + ড্ + অ। বি.দ্র.: ণ্ + ড্ + অ= ণ্ড। 'ন্ড' লিখলে ভুল হবে।

ভাণ্ডার : ধন খাদ্য ইত্যাদি সংরক্ষণের স্থান। বি। তদ্ভব। <প্রা. ভংডাআর, ভংডার <সং. ভাণ্ডাগার [ভাণ্ড + আগার]। বানান: ভ্ + আ + ণ্ + ড্ + আ + র্ + অ। 'ন্ড' লিখলে ভুল হবে।

ভাণ্ডারা : সাধু-সন্ন্যাসীদের প্রদত্ত ভোজ। বি। তদ্ভব। ভাণ্ডার ['ভাণ্ডার' দ্রষ্টব্য] + বাং. আ। বানান: ভ্ + আ + ণ্ + ড্ + আ + র্ + আ।

ভাণ্ডারী : ভাণ্ডারের অধ্যক্ষ। বি। তদ্ভব। ভাণ্ডার ['ভাণ্ডার' দ্রষ্টব্য] + ঈ [ইন্]। বানান: ভ্ + আ + ণ্ + ড্ + আ + র্ + ঈ।

ভাণ্ডীর : বটগাছ, ঘেঁটুগাছ। বি। তৎসম। ভাণ্ড্ + ঈর + অ। বানান: ভ্ + আ + ণ্ + ড্ + ঈ + র্ + অ।

ভাত : অন্ন। বি। তদ্ভব। <প্রা. ভত্ত <সং. ভক্ত [ভজ্ + ত]। বানান: ভ্ + আ + ত্ + অ।

ভাতা : বেতনের অতিরিক্ত অর্থ। বি। তদ্ভব। <সং. ভৃতি। বানান: ভ্ + আ + ত্ + আ।

ভাতার [অশি.]: স্বামী। বি। অর্ধ-তৎসম। <সং.-ভর্তা।

ভাতারখাকি, ভাতারখাকী : স্বামীহন্ত্রী [গালিতে]। বি। অর্ধ-তৎসম। <সং. ভর্তা-খাদিকা।

ভাতারখাগী [গালিতে]: স্বামীহন্ত্রী। বি। অর্ধ-তৎসম। <সং. ভর্তা-খাদিকা।

ভাতি : দীপ্তি। বি। তৎসম। ভা [দীপ্ত হওয়া] + তি।

ভাতুড়ে : অন্নের জন্য পরের গলগ্রহ। বিণ। তদ্ভব। ভাত ['ভাত' দ্রষ্টব্য] + বাং. উড়ে <উড়িয়া। বানান: ভ্ + আ + ত্ + উ + ড়্ + এ।

ভাতে : গরম ভাতের ভাপে সিদ্ধ। বিণ। তদ্ভব। ভাত ['ভাত' দ্রষ্টব্য] + এ [অধিকরণ]।

ভাতে-ভাত : ভাত ও ভাতের সঙ্গে সিদ্ধ তরকারি। বি। তদ্ভব। ভাত ['ভাত' দ্রষ্টব্য] + এ [অধিকরণ] + ভাত।

ভাদুরে, ভাদ্দুরে : ভাদ্রমাসের। বিণ। অর্ধ-তৎসম। <সং. ভাদ্র + বাং. এ। বানান: ভ্ + আ + দ্ + উ + র্ + এ, ভ্ + আ + দ্ + দ্ + উ + র্ + এ।

ভাদ্র : বাংলা বছরের পঞ্চম মাস। বি। তৎসম। সং. ভাদ্রী + অ। বানান: ভ্ + আ + দ্ + র্ + অ।

ভাদ্রবধূ (কনিষ্ঠ): ভ্রাতার পত্নী। বি। তদ্ভব। <সং. ভ্রাতৃবধূ। বানান: ভ্ + আ + দ্ + র্ + অ + ব্ + অ + ধ্ + ঊ।

ভান : ছল। বি। তৎসম। ভা + অন। ৬।১

ভানা : শস্য থেকে শাঁস নিষ্কাশন। বি। তদ্ভব। ভান্ [<সং. ভন্জ্] + বাং. আ। ৬।৩

ভানাই : ভানার কাজের মজুরি। বি। তদ্ভব। ভান [<সং. ভন্জ্] + বাং. আই। ৬।৩ বানান: ভ্ + আ + ন্ + আ + ই।

ভানান, ভানানো : অন্যের দ্বারা শস্য তুষ-মুক্ত করা। বি। তদ্ভব। ভান্ [<সং. ভন্জ্] + বাং. আন, আনো। ৬।৩ বানান: ভ্ + আ + ন্ + আ + ন্ + অ [ও]।

ভানানি : ভানার কাজের মজুরি। বি। তদ্ভব। ভান্ [<সং. ভন্জ্] + বাং. আনি। ৬।৩

ভানু : সূর্য, দীপ্তি। বি। তৎসম। ভা [দীপ্তি দেওয়া] + নু। ৬৷১ বানান : ভ্ + আ + ন্ + উ।

ভানুমতী : সুন্দরী, বিক্রমাদিত্যের পত্নী ও ভোজরাজের কন্যা। বি। তৎসম। ভানু ['ভানু' দ্রষ্টব্য] + মৎ [মতুপ্] + ঈ। ৬৷২, ৭৷১৷ঝ বানান : ভ্ + আ + ন্ + উ + ম্ + অ + ত্ + ঈ।

ভানুমান : সূর্য। বি। তৎসম। ভানু ['ভানু' দ্রষ্টব্য] + মান [মৎ (শানচ্)] ৬৷২ ভানু [কিরণ] আছে যার। বানান : ভ্ + আ + ন্ + উ + ম্ + আ + ন্। বি.দ্র. : বাংলায় শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভাপ : গরম বাষ্প। বি। তদ্ভব। < সং. বাষ্প।

ভাপরা : গরম বাষ্প। বি। তদ্ভব। ভাপ ['ভাপ' দ্রষ্টব্য] + রা।

ভাপসা : বায়ুচলাচলহীন অবরুদ্ধ অবস্থা থেকে জাত। বিণ। তদ্ভব। ভাপ ['ভাপ' দ্রষ্টব্য] + সা।

ভাপা : ভাপযুক্ত হওয়া। ক্রি। তদ্ভব। ভাপ [<সং. বাষ্প] + বাং. আ। ৬৷৩ বানান : ভ্ + আ + প্ + আ।

ভাপান, ভাপানো : ভাপযুক্ত করা। ক্রি। তদ্ভব। ভাপ [<সং. বাষ্প] + বাং. আন, আনো। ৬৷৩ বানান : ভ্ + আ + প্ + আ + ন্ + অ [ও]।

ভাব : উৎপত্তি, অভিপ্রায়, মানসিক অবস্থা, প্রীতি, আবেশ। বি। তৎসম। ভূ + অ। ৬৷১ বানান : ভ্ + আ + ব্ + অ।

ভাবগর্ভ : ভাবপূর্ণ। বিণ। তৎসম। ভাব [ভূ + অ] + গর্ভ [গৃ (আবৃত করা) + ভ]। ৬৷১ গর্ভে ভাব যার= বহুব্রী। ৩৷৫ বানান : ভ্ + আ + ব্ + অ + গ্ + অ + র্ + ভ্ + অ। বি.দ্র. ; র্ + ভ্ + অ= র্ভ।

ভাবনা : চিন্তা। বি। তৎসম। ভূ + অন + আ। ৬৷১ বানান : ভ্ + আ + ব্ + অ + ন্ + আ।

ভাবপ্রবণ : আবেগপরায়ণ। বিণ। তৎসম। ভাব [ভূ + অ] + প্রবণ [প্র + অন]। ৬৷১ [সন্ধি] উ + অন= বন। ২৷৮৷ক ভাবে প্রবণ= অধিকরণতৎ। ৩৷৩ বানান : ভ্ + আ + ব্ + অ + প্ + র্ + অ + ব্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে অ, ব, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪৷১৷গ

ভাববাচ্য : যে বাচ্যে 'ভাব' বা ক্রিয়ার অর্থই প্রধান। বি। তৎসম। ভাব [ভূ + অ] + বাচ্য [বচ্ + য (যৎ)]। ৬৷১ ভাবপ্রধান বাচ্য= মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান : ভ্ + আ + ব্ + অ + ব্ + আ + চ্ + য্ + অ। বি.দ্র. : চ্ + য্ + অ= চ্য।

ভাববিলাসী : কল্পনাপ্রিয়। বিণ। তৎসম। ভাব [ভূ + অ] + বিলাসী [বি + লস্ + ঈ (ইন্)]। ৬৷১ ভাবে বিলাসী= অধিকরণতৎ। ৩৷৩ বানান : ভ্ + আ + ব্ + অ + ব্ + ই + ল্ + আ + স্ + ঈ।

ভাবব্যঞ্জক : অর্থপ্রকাশক। বিণ। তৎসম। ভাব [ভূ + অ] + ব্যঞ্জক [বি + অন্জ্ + অক]।৬৷১ ভাব ব্যঞ্জিত করে যা= উপপদতৎ। ৩৷৩ বানান : ভ্ + আ + ব্ + অ + ব্ + য্ + অ + ঞ্ + জ্ + অ + ক্ + অ। বি.দ্র. : ব্ + য্ + অ= ব্য, ঞ্ + জ্ + অ= ঞ্জ।

ভাবভঙ্গি : চালচলন। বি। তৎসম। ভাব [ভূ + অ] + ভঙ্গি [ভন্জ্ + ই]। ৬৷১ ভাব ও ভঙ্গি= দ্বন্দ্ব। ৩৷৪ বা ভাবের ভঙ্গি= সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : ভ্ + আ + ব্ + অ + ভ্ + অ + ঙ্ + গ্ + ই। বি.দ্র. : ঙ্ + গ্ + ই= ঙ্গি।

ভাবমূর্তি : রূপকল্প দ্বারা গঠিত মূর্তি। বি। তৎসম। ভাব [ভূ+অ] + মূর্তি [মূর্ছ্ + তি]। ৬৷১ ভাবের মূর্তি= সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : ভ্ + আ + ব্ + অ + ম্ + ঊ + র্ + ত্ + ই। বি.দ্র. : ম্ + ঊ= মূ, র্ + ত্ + ই=র্তি।

ভাবসূচক : অর্থপ্রকাশক। বিণ। তৎসম। ভাব [ভূ + অ] + সূচক [সূচ্ + অক]। ৬।১ ভাবের সূচক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + আ + ব্ + অ + স্ + ঊ + চ্ + অ + ক্ + অ। বি.দ্র. : স্ + ঊ= সূ।

ভাবাত্মক : ভাবপূর্ণ। বিণ। তৎসম, ভাব [ভূ+অ] + আত্মক [আত্মন্ + ক]। ৬।১, ৬।২ [সন্ধি] অ + আ= আ [বা]। ২।১।খ ভাবই আত্মা যার= বহুব্রী। ৩।৫ বানান : ভ্ + আ + ব্ + আ + ত্ + ম্ + অ + ক্ + অ। বি.দ্র. : ত্ + ম্ + অ= ত্ম।

ভাবানুগ : ভাবানুযায়ী। বিণ। তৎসম। ভাব [ভূ+ অ] + অনুগ [অনু + গম্ + অ]। [সন্ধি] অ + অ = আ [বা]। ২।১।ক অনু [পশ্চাৎ] গমন করে যে= উপপদতৎ। ৩।৩ ভাবের অনুগ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + আ + ব্ + আ + ন্ + উ + গ্ + অ।

ভাবানুষঙ্গ : মূলভাবের অনুষঙ্গ। বি। তৎসম। ভাব [ভূ + অ] + অনুষঙ্গ [অনু + সঙ্গ (সঞ্জ্ + অ)]। ৬।১ অনু [পশ্চাৎ] সঙ্গ [আসক্ত]= অব্যয়ীভাব। ৩।২ ভাবের অনুষঙ্গ= সম্বন্ধ তৎ। ৩।৩ বানান : ভ্ + আ + ব্ + আ + ন্ + উ + ষ্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র. : 'উ'-র পর 'স' 'ষ' হয়েছে। ৪।২।ক

ভাবান্তর : মানসিক অবস্থার পরিবর্তন। বি। তৎসম। ভাব [ভূ + অ] + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [বা]। ২।১।ক অন্য ভাব= নিত্য সমাস। বানান : ভ্ + আ + ব্ + আ + ন্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + অ= ন্ত।

ভাবাপন্ন : ভাবপ্রাপ্ত। বিণ। তৎসম। ভাব [ভূ + অ] + আপন্ন [আ + পদ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [বা]। ২।১।ক ভাবকে আপন্ন [প্রাপ্ত]= কর্মতৎ। ৩।৩ বানান : ভ্ + আ + ব্ + আ + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র. : ন্ + ন্ + অ= ন্ন।

ভাবাবেগ : ভাবের উদ্রেক। বি। তৎসম। ভাব [ভূ + অ] + আবেগ [আ + বিজ্ + অ]। ৬।১ অ + আ= আ [বা]। ২।১।ক ভাবের আবেগ = সম্বন্ধতৎ। ৩।৩

ভাবাবেশ : ভাবের উদ্রেক। বি। তৎসম। ভাব [ভূ + অ] +আবেশ [আ + বিশ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ। [বা]। ২।১।খ ভাবের আবেশ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + আ + ব্ + আ + ব্ + এ + শ্ + অ।

ভাবার্থ : নিগূঢ় অর্থ। বি। তৎসম। ভাব [ভূ + অ] + অর্থ [অর্থ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [বা]। ২।১।ক ভাবের অর্থ= সম্বন্ধ তৎ। ৩।৩ বানান : ভ্ + আ + ব্ + আ + র্ + থ্ + অ। বি.দ্র. : র্ + থ্ + অ= র্থ। .

ভাবালু : ভাবপ্রবণ। বিণ। তৎসম। ভাব [ভূ + অ] + আলু। ৬।২ বানান : ভ্ + আ + ব্ + আ + ল্ +উ।

ভাবালুতা : ভাবপ্রবণতা। বি। তৎসম। ভাব [ভূ + অ] + আলু + তা। ৬।২ বানান : ভ্ + আ + ব্ + আ + ল্ + উ + ত্ + আ।

ভাবিত : চিন্তিত। বিণ। তৎসম। ভাব [ভূ + অ] + ইত। ৬।২ বানান : ভ্ + আ + ব্ + ই + ত্ + অ।

ভাবিনী : ভাবময়ী নারী। বি। তৎসম। ভাব [ভূ + অ] + ইন্ + ঈ [স্ত্রী]। ৭।১।চ বানান : ভ্ + আ + ব্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : ইন্ + ঈ = ইনী-প্রত্যয় যোগের কারণে আগে 'ই', পরে 'ঈ' হয়েছে।

ভাবী : ভবিষ্যৎ। বি। তৎসম। ভূ + ইন্ [ঈ]। ৬।১ বানান : ভ্ + আ + ব্ + ঈ।

ভাবী : ভ্রাতার পত্নী। বি। বিদেশী। <হি. ভাবী। বানান : ভ্ + আ + ব্ + ঈ।

ভাবুক : চিন্তাশীল। বিণ। তৎসম। ভাব [ভূ + অ] + উক। ৬।১, ৬।২ বানান : ভ্ + আ + ব্ + উ + ক্ + অ। বি.দ্র. : ব্ + উ= বু।

ভাবুকতা : চিন্তাশীলতা। বি। তৎসম। ভাব [ভূ + অ] + উক + তা। ৬।১, ৬।২ বানান: ভ্ + আ + ব্ + উ + ক্ + অ + ত্ + আ।

ভাবোচ্ছ্বাস : প্রবল আবেগের প্রকাশ। বি। তৎসম। ভাব [ভূ + অ] + উচ্ছ্বাস [উৎ + শ্বাস (শ্বস্ + অ)]। ৬।১[সন্ধি] অ + উ= ও[বো]। ২।৫ক ৎ + শ্বা= চ্ + ছ্বা = চ্ছ্বা। ২।২২ ভাবের উচ্ছ্বাস= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + ব্ + ও + চ্ + ছ্ + ব্ + আ + স্ + অ। বি.দ্র. : ব্ + ও= বো, চ্ + ছ্ + ব্= চ্ছ্ব ['ব' আবশ্যিক]।

ভাবোদয় : ভাবের সঞ্চার। বি। তৎসম। ভাব [ভূ + অ] + উদয় [উৎ + অয় (ই + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [বো]। ২।৫।ক ভাবের উদয়= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + ব্ + ও + দ্ + অ + য্ + অ।

ভাবোদ্দীপক : ভাব-সৃষ্টিকারী। বিণ। তৎসম। ভাব [ভূ + অ] + উদ্দীপক [উৎ + দীপক (দীপ্ + অক)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [বো]। ২।৫ক ৎ + দী= দ্ + দী= দ্দী। ২।১৫ ভাবের উদ্দীপক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + ব্ + ও + দ্ + দ্ + ঈ + প্ + অ + ক্ + অ।

ভাবোন্মত্ত : ভাবের প্রাবল্যে অভিভূত। বিণ। তৎসম। ভাব [ভূ + অ] + উন্মত্ত [উৎ + মত্ত (মদ্ + ত)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [বো]। ২।৫।ক, ৎ + ম= ন্ম। ২।২৮ ভাবে উন্মত্ত= অধিকরণতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + ব্ + ও + ন্ + ম্ + অ + ত্ + ত্ + অ। বি.দ্র: ব্ + ও= বো, ন্ + ম্ + অ= ন্ম, ত্ + ত্ + অ= ত্ত।

ভাবোন্মাদ : প্রবল ভাবজনিত মত্ততা। বি। তৎসম। ভাব [ভূ + অ] + উন্মাদ [উৎ + মাদ(মদ্ + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [বো]। ২।৫ক ৎ + মা= ন্ + মা= ন্মা। ২।২৮ ভাবের নিমিত্ত উন্মাদ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + আ + ব্ + ও + ন্ + ম্ + আ + দ্ + অ। বি.দ্র: ব্ + ও= বো, ন্ + ম্ + আ= ন্মা।

ভাবোন্মেষ : ভাবের সঞ্চার। বি। তৎসম। ভাব [ভূ + অ] + উন্মেষ [উৎ + মেষ (মিষ্ + অ)]।, ৬।১ [সন্ধি] অ + উ= ও [বো]। ২।৫।ক ৎ + মে= ন্ + মে= ন্মে। ২।২৮ ভাবের উন্মেষ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + ব্ + ও + ন্ + ম্ + এ + ষ + অ। বি.দ্র: ব্ + ও= বো, ন্ + ম্ + এ= ন্মে, এ-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

ভাম : খট্টাশজাতীয় প্রাণী। বি। দেশী। বানান: ভ্ + আ + অ।

ভামিনী : কোপনস্বভাবা নারী। বি। তৎসম। ভাম্ [ক্রোধ প্রকাশ করা] + ইন্ + ঈ [স্ত্রী]। ৭।১।চ বানান: ভ্ + আ + ম্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত বলে শব্দের শেষভাগে আগে 'ই', পরে 'ঈ'।

ভায়রা : শ্যালিকাপতি। বি। দেশী। বানান: ভ্ + আ + য্ + র্ + আ। 'য্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভায়রাভাই : শ্যালিকাপতি। বি। মিশ্র [দেশী + তদ্ভব]। ভায়রা ['ভায়রা' দ্রষ্টব্য] + ভাই [<সং. ভ্রাতৃ]। যে ভায়রা, সেই ভাই = কর্মধা। ৩।২ বানান: ভ্ + আ + য্ + র্ + আ + ভ্ + আ + ই। য্= য়।

ভায়া : ভ্রাতৃতুল্য ব্যক্তি। বি। তদ্ভব। <সং. ভ্রাতৃ। বানান: ভ্ + আ + য্ + আ।

ভার : ওজন। বি। তৎসম। ভৃ + অ। ৬।১ বানান: ভ্ + আ + র্ + অ।

ভারত : ভারতবর্ষ, আধুনিক বাংলাদেশ ও পাকিস্তান বাদে ভারতবর্ষ, ভরত-বংশীয়। বি। তৎসম। ভরত + অ। ৬।২ বানান: ভ্ + আ + র্ + অ + ত্ + অ।

ভারতবর্ষ: হিমালয় পর্বতমালার দক্ষিণস্থ সমুদ্রবেষ্টিত দেশ। বি। তৎসম। ভারত ['ভারত' দ্রষ্টব্য] + বর্ষ [বৃষ্ + অ]। ৬।১ বানান: ভ্ + আ + র্ + অ + ত্ + অ + ব্ + অ + র্ + ষ্ + অ। বি.দ্র.: র্ + ষ্ + অ = র্ষ। 'র্'-এর পর 'ষ্' হয়েছে। ৪।২।গ

ভারতবর্ষীয়: ভারতে উৎপন্ন। বিণ। তৎসম। ভারতবর্ষ + ঈয়। ৬।২ বানান: ভ্ + আ + র্ + অ + ত্ + অ + ব্ + অ + র্ + ষ্ + ঈ + য্ + অ।

ভারতবাসী: ভারতবর্ষের অধিবাসী। বি। তৎসম। ভারত ['ভারত' দ্রষ্টব্য] + বাসী [বস্ + ইন্ (ঈ)]। ৬।১ ভারতে বাস করে যে = উপপদ-তৎ। ৩।৩ বানান: ভ্ + আ + র + অ + ত্ + অ + ব্ + আ + স্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ভারতমহাসাগর: ভারতের দক্ষিণে অবস্থিত মহাসাগর। বি। তৎসম। ভারত ['ভারত' দ্রষ্টব্য] + মহাসাগর [মহা + সগর + অ]। ৬।২ বানান: ভ্ + আ + র্ + অ + ত্ + অ + ম্ + অ + হ্ + আ + স্ + আ + গ্ + অ + র্ + অ।

ভারতী: সরস্বতী। বি। তৎসম। বানান: ভ্ + আ + র্ + অ + ত্ + ঈ। বি.দ্র.: ত্ + ঈ = তী।

ভারতীয়: ভারতে উৎপন্ন বা বাসকারী, ভারত-সম্পর্কিত। বি। বিণ। তৎসম। ভারত ['ভারত' দ্রষ্টব্য] + ঈয়। ৬।২ বানান: ভ্ + আ + র্ + অ + ত্ + ঈ + য্ + অ।

ভারবাহ: বোঝা বহনকারী। বিণ। তৎসম। ভার [ভৃ + অ] + বাহ [বহ্ + অ]। ৬।১ ভার বহন করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + র্ + অ + ব্ + আ + হ্ + অ।

ভারবাহক: বোঝা বহনকারী। বিণ। তৎসম। ভার [ভৃ + অ] + বাহক [বহ্ + ণিচ্ + অক]। ৬।১ ভার বহন করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + র্ + অ + ব্ + আ + হ্ + অ + ক্ + অ।

ভারবাহী: বোঝা বহনকারী। বিণ। তৎসম। ভার [ভৃ + অ] + বাহী [বহ্ + ইন্ (ঈ)]। ৬।১ ভার বহন করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + র্ + অ + ব্ + আ + হ্ + ঈ।

ভারসহ: ভার সইতে সক্ষম। বিণ। তৎসম। ভার [ভৃ + অ] + সহ [সহ্ + অ]। ৬।১ ভার সইতে পারে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + র্ + অ + স্ + অ + হ্ + অ।

ভারসাম্য: উভয় দিকের ভারের সমতা। বি। তৎসম। ভার [ভৃ + অ] + সাম্য [সম্ + য (ষ্ণ্য)]। ৬।১, ৬।২ ভারের সাম্য = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + র্ + অ + স্ + আ + ম্ + য্ + অ। বি.দ্র.: ম্ + য্ + অ = ম্য।

ভারহীন: নির্ভার। বিণ। তৎসম। ভার [ভৃ + অ] + হীন [হা + ত]। ৬।১ ভারের দ্বারা হীন = করণতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + র্ + অ + হ্ + ঈ + ন্ + অ।

ভারা: মাচা। বি। তদ্ভব। ভার [ভৃ + অ] + আ। ৬।১, ৬।২ বানান: ভ্ + আ + র্ + আ।

ভারাক্রান্ত: চিন্তাক্লিষ্ট। বিণ। তৎসম। ভার [ভৃ + অ] + আক্রান্ত [আ + ক্রম্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [রা]। ২।১।খ ভারের দ্বারা আক্রান্ত = করণতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + র্ + আ + ক্ + র্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + র্ + আ = ক্রা, ন্ + ত্ + অ = ন্ত।

ভারার্পণ: দায়িত্ব অর্পণ। বি। তৎসম। ভার [ভৃ + অ] + অর্পণ [অর্পি + অন]।৬।১ ভারকে অর্পণ = কর্মতৎ। ৩।৩ বানান: ভ্ + আ +

র্ + আ + র্ + প্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্' এর মধ্যে প ও অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ভারি: ভারবাহক। বিণ। তৎসম। ভার [ভৃ + অ] + বাং. ই। ৬।৩ বানান: ভ্ + আ + র্ + ই।

ভারিক্কি: অপ্রসন্নতা, গাম্ভীর্য। বি। বিদেশী। <হি. ভারিকী।

ভারী: খুব, ভারযুক্ত, ভারবাহক। বিণ। তৎসম। ভার ['ভার' দ্রষ্টব্য] + ঈ [ইন্]। ৬।২ বানান: ভ্ + আ + র্ + ঈ।

ভারুই: ভরতপাখি। বি। তদ্ভব। <সং. ভরদ্বাজ। বানান: ভ্ + আ + র্ + উ + ই। বি.দ্র.: র্ + উ = রু।

ভার্গব [ভৃগুবংশজাত]: পরশুরাম, শুক্রাচার্য। বি। তৎসম। ভৃগু + অ। ৬।২ বানান: ভ্ + আ + র্ + গ্ + অ + ব্ + অ। বি.দ্র.: র্ + গ্ + অ = র্গ।

ভার্যা: স্ত্রী। বি। তৎসম। ভৃ + য [ণ্যৎ] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ভ্ + আ + র্ + য্ + আ। বি.দ্র.: র্ + য্ + আ = র্যা।

ভাল: ললাট। বি। তৎসম। ভা + লা + অ। ৬।১ বানান: ভ্ + আ + ল্ + অ।

ভাল: উত্তম। বিণ। তদ্ভব। <প্রা. ভল্ল <সং. ভদ্র। বানান: ভ্ + আ + ল্ + অ।

ভালবাসা, ভালোবাসা: প্রণয়, স্নেহ, শ্রদ্ধা। বি। তদ্ভব। ভাল, ভালো [<সং. ভদ্র] + বাসা [বস্ + অ + আ]। ৬।১ যেখানে ভদ্রভাবে বাস করা যায়। বানান: ভ্ + আ + ল্ + অ [ও] + ব্ + আ + স্ + আ।

ভালমানুষ, ভালোমানুষ: সৎ মানুষ। বি। তদ্ভব। ভাল, ভালো [<সং. ভদ্র] + মানুষ [মনু (+ ষ) + অ]। ৬।২ ভাল [ভালো] যে মানুষ = কর্মধা। ৩।২ বানান: ভ্ + আ + ল্ + অ [ও] + ম্ + আ + ন্ + উ + ষ্ + অ।

ভালমানুষি, ভালোমানুষি: নিরীহ স্বভাব। নিরীহ ব্যক্তির মতো আচরণ। বি। তদ্ভব। 'ভাল মানুষ' 'ভালো মানুষ' দ্রষ্টব্য] + বাং. ই। ৬।৩ বানান: ভ্ + আ + ল্ + অ (ও) + ম্ + আ + ন্ + উ + ষ্ + ই।

ভালুক: ভল্লুক। বি। তদ্ভব। বানান: ভ্ + আ + ল্ + উ + ক্ + অ। 'ভাল্লুক' অশুদ্ধ; হয় লিখুন 'ভল্লুক', নয় 'ভালুক'। দুটো মেশাবেন না।

ভাশুর, ভাসুর: স্বামীর জ্যেষ্ঠ ভ্রাতা [<সং. ভ্রাতৃ-শ্বশুর]। বি। তদ্ভব। বানান: ভ্ + আ + শ্ [স্] + উ + র্ + অ। বি.দ্র.: শ্ + উ = শু।

ভাশুর-ঝি, ভাসুর-ঝি: ভাশুরের কন্যা। বি। তদ্ভব। ভাশুর, ভাসুর ['ভাশুর', 'ভাসুর' দ্রষ্টব্য] + ঝি [<সং. দুহিতা]। ভাশুরের [ভাসুরের] ঝি = সম্বন্ধতৎ। ৩।৩

ভাশুরপো, ভাসুর পো: ভাশুরের ছেলে। বি। তদ্ভব। ভাশুব, ভাসুর ['ভাশুর', 'ভাসুর' দ্রষ্টব্য] + পো [<প্রা. পুত্ত <সং. পুত্র]। ভাসুরের [ভাশুরের] পো = সম্বন্ধতৎ। ৩।৩

ভাষ: উক্তি, বক্তৃতা। বি। তৎসম। ভাষ্ [কথা বলা] + অ। ৬।১ বানান: ভ্ + আ + ষ্ + আ। বি.দ্র.: 'ভাষ'-এর 'ষ্' স্বাভাবিক 'ষ্'।

ভাষক: ভাষী। বিণ। তৎসম। ভাষ্ + অক। ৬।১ বানান: ভ্ + আ + ষ্ + অ + ক্ + অ। বি.দ্র.: 'ভাষক'-এর 'ষ্' স্বাভাবিক 'ষ্'।

ভাষণ: উক্তি, বক্তৃতা। বি। তৎসম। ভাষ্ + অন। ৬।১ বানান: ভ্ + আ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ভাষণ'-এর 'ষ' স্বাভাবিক 'ষ'। 'ষ্' ও 'ন'-এর মধ্যে 'ন' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ভাষা: শব্দের সাহায্যে ভাবের অভিব্যক্তি। বি। তৎসম। ভাষ্ + অ + আ। ৬।১ বানান: ভ্ + আ + ষ্ + আ। বি.দ্র.: 'ভাষা'-র 'ষ্' স্বাভাবিক 'ষ্'।

ভাষাজ্ঞান : ভাষা-সম্পর্কিত জ্ঞান। বি। তৎসম। ভাষা ['ভাষা' দ্রষ্টব্য] + জ্ঞান [জ্ঞা + অন]। ৬।১ ভাষা-সম্পর্কিত জ্ঞান = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + আ + ষ্ + আ + জ্ + ঞ্ + আ + ন্ + অ। বি.দ্র.: 'ভাষা'-ব 'ষ্' স্বাভাবিক 'ষ্'। জ্ + ঞ্ + আ = জ্ঞা।

ভাষাতত্ত্ব : ভাষার উৎপত্তি-বিবর্তন-প্রকৃতি-সম্পর্কিত বিজ্ঞান। বি। তৎসম। ভাষা ['ভাষা' দ্রষ্টব্য] + তত্ত্ব [তৎ + ত্ব]। ৬।২ ভাষা-বিষয়ক তত্ত্ব = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + আ + ষ্ + আ + ত্ + অ + ত্ + ত্ + ব্ + অ। বি.দ্র.: ত্ + ত্ + ব্ + অ = ত্ত্ব।

ভাষাতীত : ভাষার প্রকাশ-ক্ষমতার অতীত। বিণ। তৎসম। ভাষা ['ভাষা' দ্রষ্টব্য] + অতীত [অতি + ইত (ই+ত)]। ৬।১ [সন্ধি] আ + অ = আ [ষা]। ২।১।গ ভাষার অতীত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + ষ্ + আ + ত্ + ঈ + ত্ + অ। বি.দ্র.: 'ভাষা'র 'ষ্' স্বাভাবিক 'ষ্'। ত্ + ঈ = তী

ভাষান্তর : অনুবাদ। বি। তৎসম। ভাষা ['ভাষা' দ্রষ্টব্য] + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ [সন্ধি] আ + অ = আ [ষা]। ২।১।গ অন্য ভাষা = নিত্য সমাস। বানান: ভ্ + আ + ষ্ + আ + ন্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ = ন্ত।

ভাষান্তরিক : দোভাষী। interpreter. বি। তৎসম। ভাষান্তর ['ভাষান্তর' দ্রষ্টব্য] + ইক। ৬।২ যে ভাষান্তর [অনুবাদ] করে। বানান: ভ্ + আ + ষ্ + আ + ন্ + ত্ + অ + র্ +ই + ক্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ = ন্ত, র্ + ই = রি।

ভাষান্তরিত : অনূদিত। বিণ। তৎসম। ভাষান্তর ['ভাষান্তর' দ্রষ্টব্য] + ইত। ৬।২ 'বানান: ভ্ + আ + ষ্ + আ + ন্ + ত্ + অ + র্ + ই + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ = ন্ত, র্ + ই = রি।

ভাষিকা : ভাষিণী। বিণ। তৎসম। ভাষ্ + ইক্ + আ। ৬।১ বানান: ভ্ + আ + ষ্ + ই + ক্ + আ। বি.দ্র.: 'ভাষিকা'-র 'ষ্' স্বাভাবিক 'ষ্'। ষ্ + ই = ষি।

ভাষিত : উক্ত। বিণ। তৎসম। ভাষ্ + ত। ৬।১ বানান: ভ্ + আ + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ষ্ + ই = ষি।

ভাষিণী : ভাষা-ব্যবহারকারিণী। বিণ। তৎসম। ভাষ্ + ইন্ + ঈ [স্ত্রী]। বানান: ভ্ + আ + ষ্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: 'ভাষিণী'-র 'ষ্' স্বাভাবিক 'ষ্'। 'ষ্' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

ভাষী : ভাষা-ব্যবহারকারী। বিণ। তৎসম। ভাষ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান: ভ্ + আ + ষ্ + ঈ। বি.দ্র.: 'ভাষী'-র 'ষ্' স্বাভাবিক 'ষ্'। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

ভাষ্য : ব্যাখ্যান। বি। তৎসম। ভাষ্ + য [যৎ]। ৬।১ বানান: ভ্ + আ + ষ্ + য্ + অ। বি.দ্র.: 'ভাষ্য'-এর 'ষ্' স্বাভাবিক 'ষ'। ষ্ + য্ + অ = ষ্য।

ভাষ্যকার : ব্যাখ্যাকারী। বি। তৎসম। ভাষ্য ['ভাষ্য' দ্রষ্টব্য] + কার [কৃ + অ]। ৬।১ ভাষ্য [ব্যাখ্যান] করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + ষ্ + য্ + অ + ক্ + আ + র্ + অ। 'ভাষ্যকার'-এর 'ষ' স্বাভাবিক 'ষ্'। ষ্ + য্ + অ = ষ্য।

ভাস : দীপ্তি, প্রাচীন সংস্কৃত নাট্যকার। বি। তৎসম। ভাস [দীপ্তি দান করা] + অ। ৬।১ বানান: ভ্ + আ + স্ + অ।

ভাসন্ত : ভাসমান। বিণ। তদ্ভব। বাং. ভাসা + অন্ত। ৬।৩ যা ভাসছে। বানান: ভ্ + আ + স্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ = ন্ত।

ভাসমান: ভাসন্ত। বিণ। তৎসম। ভাস্ + মান [শানচ্]। ৬।১ যা ভাসছে। বানান: ভ্ + আ + স্ + অ + ম্ + আ + ন্ + অ।

ভাসা: [জল বা বায়ুতে] নিরবলম্ব থাকা। ক্রি। তদ্ভব। ভাস্ [সং.] + বাং. আ। ৬।৩ বানান: ভ্ + আ + স্ + আ।

ভাসান: জলে প্রতিমাবিসর্জন, মনসা-মঙ্গল পালাগান। বি। তদ্ভব। ভাস্ [ভাসা] + অন। ৬।৩ ভাসান: অশ্রুতে বা কল্পনায় শ্রোতার মন ভাসাবার গান। বানান: ভ্ + আ + স্ + আ + ন্ + অ।

ভাসান, ভাসানো: ভাসতে দেওয়া। ক্রি। তদ্ভব। ভাস্ [ভাসা] + বাং. আন, আনো। ৬।৩ বানান: ভ্ + আ + স্ + আ + ন্ + অ [ও]।

ভাসা-ভাসা: অগভীর। বিণ। তদ্ভব। ভাস্ [ভাসা] + আ + ভাস্ + আ। বানান: ভ্ + আ + স্ + আ + ভ্ + আ + স্ + আ।

ভাস্কর: সূর্য, ধাতু বা প্রস্তরের মূর্তি-নির্মাণকারী। বিন। তৎসম। ভাস্ [দীপ্ত করা] + কর [কৃ + অ]। ৬।১ [সন্ধি] স্ [ঃ] + ক = স্ক। ২।৩৭ ভাস্ [দীপ্তি] করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ভ্ + আ + স্ + ক্ + অ + র্ + অ। বি.দ্র.: স্ + ক্ = স্ক।

ভাস্কর্য: ধাতু বা প্রস্তরের মূর্তি নির্মাণ-শিল্প। বি। তৎসম। ভাস্ [ঃ] + কর্য [কৃ + য (যৎ)]। ৬।১ বানান: ভ্ + আ + স্ + ক্ + অ + র্ + য্ + অ। বি.দ্র.: স্ + ক্ + অ = স্ক, র্ + য্ + অ = র্য।

ভাস্বতী: দীপ্তিমতী। বিণ। তৎসম। ভাস্ [ঃ] + বতী [বৎ (বতুপ্) + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।ঝ ভাস [দীপ্তি] আছে যার [স্ত্রী]। বানান: ভ্ + আ + স্ + ব্ + অ + ত্ + ঈ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব, ত্ + ঈ = তী।

ভাস্বর: দীপ্তিমান। বিণ। তৎসম। ভাস্ + বর। ৬।২ বানান: ভ্ + আ + স্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব।

ভিক্ষা: দান-বস্তু। বি। তৎসম। ভিক্ষ্ + অ + আ। ৬।১ বানান: ভ্ + ই + ক্ + ষ্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা।

ভিক্ষা-চর্যা: ভিক্ষা-রূপ জীবিকা। বি। তৎসম। ভিক্ষা ['ভিক্ষা' দ্রষ্টব্য] + চর্যা [চর্ + য (যৎ) + আ]। ৬।১ ভিক্ষার চর্যা = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা, র্ + য্ + আ = র্যা।

ভিক্ষাজীবী: ভিক্ষুক। বিণ। তৎসম। ভিক্ষা ['ভিক্ষা' দ্রষ্টব্য] + জীবী [জীব্ + ইন্ (ঈ)]। ৬।১ ভিক্ষার দ্বারা জীবিত থাকে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ভ্ + ই + ক্ + ষ্ + আ + জ্ + ঈ + ব্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + আ =ক্ষা, শব্দটি 'ইন্' [ঈ] প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত। 'জীব' ধাতুর জী = জ্ + ঈ। কাজেই, শব্দটিতে উভয় ক্ষেত্রেই ঈ-কার।

ভিক্ষাজীবিনী: ভিখারিনী। বিণ। তৎসম। ভিক্ষা ['ভিক্ষা' দ্রষ্টব্য] + জীব্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ ভিক্ষার দ্বারা জীবিত থাকে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বানান: ভ্ + ই + ক্ + ষ্ + আ + জ্ + ঈ + ব্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: জ্ + ঈ = জী, ব্ + ই = বি, ন্ + ঈ = নী।

ভিক্ষান্ন: ভিক্ষাদ্বারা লব্ধ খাদ্য। বি। তৎসম। ভিক্ষা ['ভিক্ষা' দ্রষ্টব্য] + অন্ন [অদ্ (খাওয়া) + ত]। ৬।১ [সন্ধি] আ + অ = আ। ২।১।গ ভিক্ষালব্ধ অন্ন = করণতৎ। ৩।৩ বানান: ভ্ + ই + ক্ + ষ্ + আ + ন্ + ন্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা, ন্ + ন্ + অ = ন্ন।

ভিক্ষাপাত্র: ভিক্ষা-বস্তু রাখবার পাত্র। বি। তৎসম। ভিক্ষা ['ভিক্ষা' দ্রষ্টব্য] + পাত্র [পা + ত্র]। ৬।১ পা [রক্ষা করার] + ত্র [আধার]। ভিক্ষার নিমিত্ত পাত্র = নিমিত্ততৎ। ৩।৩ বানান: ভ্ +

ই + ক্ + ষ্ + আ + প্ + আ + ত্ + র্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা, ত্ + র্ + অ = ত্র।

ভিক্ষাপুত্র: উপনয়নকালে ব্রতভিক্ষা গ্রহণকারী ব্রাহ্মণকুমার। বি। তৎসম। ভিক্ষা ['ভিক্ষা' দ্রষ্টব্য] + পুত্র [পুৎ + ত্রৈ + অ]। ৬।১ ভিক্ষা গ্রহণকারী পুত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + ই + ক্ + ষ্ + আ + প্ + উ + ত্ + র্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা, ত্ +র্ + অ = ত্র।

ভিক্ষা-বৃত্তি: ভিক্ষারূপ-জীবিকা। বি। তৎসম। ভিক্ষা ['ভিক্ষা' দ্রষ্টব্য] + বৃত্তি [বৃৎ + তি]। ৬।১ ভিক্ষাই বৃত্তি = কর্মধা। ৩।২ বানান: ভ্ + ই + ক্ + ষ্ + আ + ব্ + ঋ + ত্ + ত্ +ই। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা, ব্ + ঋ = বৃ, ত্ + ত্ +ই = ত্তি।

ভিক্ষাভাণ্ড: ভিক্ষা-বস্তু রাখবার পাত্র। বি। তৎসম। ভিক্ষা ['ভিক্ষা' দ্রষ্টব্য] + ভাণ্ড [ভণ্ড + অ]। ৬।১ ভিক্ষার নিমিত্ত ভাণ্ড = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + ই + ক্ + ষ্ + আ + ভ্ + আ + ণ্ + ড্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা, ণ্ + ড্ + অ = ণ্ড। 'ড'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

ভিক্ষামা: উপনয়নকালে ব্রহ্মচারীকে ভিক্ষাদান-কারিণী নারী। বি। তদ্ভব। ভিক্ষা ['ভিক্ষা' দ্রষ্টব্য] + মা [<সং. মাতৃ]। ভিক্ষা দানকারিণী মা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + ই + ক্ + ষ্ + আ + ম্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা।

ভিক্ষার্থিনী: ভিক্ষাপ্রার্থিনী। বিণ। তৎসম। ভিক্ষা ['ভিক্ষা' দ্রষ্টব্য] + অর্থিনী [অর্থ্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান: ভ্ + ই + ক্ + ষ্ + আ + র্ + থ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা, র্ + থ্ + ই = র্থি। ন্ + ঈ = নী। 'র্' ও 'ন'-এর মধ্যে 'থ' থাকায় 'ন' 'ন'-ই থেকেছে। ৪।১।গ

ভিক্ষার্থী: ভিক্ষাপ্রার্থী। বিণ। তৎসম। ভিক্ষা ['ভিক্ষা' দ্রষ্টব্য] + অর্থী [অর্থ্ [চাওয়া] + ইন্ [ঈ]। ৬।১ বানান: ভ্ + ই + ক্ + ষ্ + আ + র্ + থ্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা, র্ + থ্ + ঈ = র্থী।

ভিক্ষু: ভিক্ষাজীবী বৌদ্ধ সন্ন্যাসী। বি। তৎসম। ভিক্ষ্ + উ। ৬।১ বানান: ভ্ + ই+ ক্ + ষ্ + উ। বি.দ্র.: ক্ + ষ্ + উ = ক্ষু।

ভিক্ষুক: ভিখারী। বি। বিণ। তৎসম। ভিক্ষ্ + উক। বানান: ভ্ + ই + ক্ + ষ্ + উ + ক্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + উ = ক্ষু।

ভিক্ষোপজীবিনী: ভিখারিনী। বিণ। তৎসম। ভিক্ষা ['ভিক্ষা' দ্রষ্টব্য] + উপজীবিনী [উপ + জীব্ + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।চ [সন্ধি] আ + উ= ও। ২।৫।গ ভিক্ষা উপজীবিকা যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: ভ্ + ই + ক্ + ষ্ + ও + প্ + অ + জ্ + ঈ + ব্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + ও = ক্ষো, শব্দান্তে ইন্ + ঈ = ইনী-যুক্ত হওয়ায় আগে 'ই', পরে 'ঈ'।

ভিক্ষোপজীবী: ভিক্ষুক। বিণ।তৎসম। ভিক্ষা ['ভিক্ষা' দ্রষ্টব্য] + উপজীবী [উপ + জীব্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] আ + উ = ও [ক্ষো]। ২।৫।গ ভিক্ষাই উপজীবিকা যার = বহুব্রী। ৩।৫ বানান: ভ্ + ই + ক্ + ষ্ + ও + প্ + অ + জ্ + ঈ + ব্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + ও = ক্ষো। জ্ + ঈ = জী। ব্ + ঈ = বী। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

ভিখ: ভিক্ষা। বি। তদ্ভব। <সং. ভিক্ষা। বানান: ভ্ + ই + খ্। খ্= খ।

ভিখারি: ভিক্ষুক। বি। তদ্ভব। ভিখ [<সং. ভিক্ষা] + বাং. আরি। ৬।৩ বানান: ভ্ + ই + খ্ + আ + র্ + ই।

ভিখারিনী: ভিক্ষাজীবিনী। বি। তদ্ভব। ভিখারি ['ভিখারি' দ্রষ্টব্য] + নী [স্ত্রী]। ৭।১।ঘ বানান: ভ্ + ই + খ + আ + র্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: র্ + ই = রি, ন্ + ঈ = নী। তদ্ভব শব্দে 'র'-এর পর 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

ভিখারী: ভিক্ষুক। বি। তদ্ভব। ভিখ + আরী। ৬।৩ বানান: ভ্ + ই + খ্ + আ + র্ + ঈ।

ভিখিরি: ভিক্ষুক। বি। তদ্ভব। <ভিখারি। বানান: ভ্ + ই + খ্ + ই + র্ +ই।

ভিজা, ভেজা: সিক্ত হওয়া। ক্রি। তদ্ভব। ভিজ, ভেজ্ [<সং. মজ্জন] + বাং. আ। ৬।৩ বানান: ভ্ + ই [>এ] + জ্ + আ।

ভিজান, ভিজানো: সিক্ত করা। ক্রি। ভিজা, ভেজা ['ভিজা', ভেজা' দ্রষ্টব্য] + বাং, আন, আনো। ৬।৩ বানান: ভ্ + ই + জ্ + আ + ন্ + অ [ও]।

ভিজিট: ডাক্তারের রোগী দেখাব দর্শনী। বি। বিদেশী। <ইং. visit. বাংলা বানান: ভ্ + ই + জ্ + ই + ট্। পদান্তের 'ট'-এর হসন্ত চিহ্ন নিষ্প্রয়োজন।

ভিজে: সিক্ত। বিণ। তদ্ভব। <ভিজা ['ভিজা' দ্রষ্টব্য]। বানান: ভ্ + ই + জ্ + এ।

ভিটা, ভিটে: বাস্তুজমি। বি। তদ্ভব। <সং. ভিত্তি। বানান: ভ্ + ই + ট্ + আ [>এ]।

ভিটামিন: খাদ্যপ্রাণ। বি। বিদেশী। <ইং. vitamin. বাংলা বানান: ভ্ + ই + ট্ + আ + ম্ + ই + ন্। শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভিড়: বহুলোকের বিশৃঙ্খল সমাবেশ। বি। দেশী। বানান: ভ্ + ই + ড়্। শব্দান্তের 'ড়্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভিড়া, ভেড়া: সংলগ্ন হওয়া। ক্রি। বিদেশী। <হি. ভিড়্ + বাং. আ। বানান: ভ্ + ই [<এ] + ড়্ + আ।

ভিড়ান, ভিড়ানো: সংলগ্ন করা। ক্রি। বিদেশী। <হি. ভিড়্ + বাং. আন, আনো। বানান: ভ্ + ই + ড়্ + আ + ন্ + অ [ও]।

ভিত: গৃহতলের ভিত্তি। বি। তদ্ভব। <সং. ভিত্তি। বানান: ভ্ + ই + ত্ + অ।

ভিতর: অভ্যন্তর। বি। তদ্ভব। <সং. অভ্যন্তর। বানান: ভ্ + ই + ত্ + অ + র্ + অ।

ভিতু, ভীতু: ভয়প্রবণ। বি। তদ্ভব। <সং. ভীত + বাং, উ। বানান: ভ্ + ই [ঈ] + ত্ + উ।

ভিত্তি: ভিত। বি। তৎসম। ভিদ্ + তি। বানান: ভ্ + ই + ত্ + ত্ + ই। বি.দ্র.: ত্ + ত্ + ই = ত্তি।

ভিত্তিভূমি: যে ভূমিতে ভিত নির্মিত হয়। বি। তৎসম। ভিত্তি ['ভিত্তি' দ্রষ্টব্য] + ভূমি [ভূ + মি]। ৬।১ ভিত্তিব ভূমি = সম্বন্ধতৎ। বানান: ভ্ + ই + ত্ + ত্ + ই + ভ্ + উ + ম্ + ই। বি.দ্র.: ত্ + ত্ + ই = ত্তি, ভ্ + উ = ভূ।

ভিত্তিমূল: বনিয়াদের মাটির নীচেব অংশ। বি। তৎসম। ভিত্তি ['ভিত্তি' দ্রষ্টব্য] + মূল [মূল + অ]। ৬।১ ভিত্তির মূল = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + ই + ত্ + ত্ + ই + ম্ + উ + ল্ + অ। বি.দ্র.: ত্ + ত্ + ই = ত্তি, ম্ + উ + ল্ + অ।

ভিত্তিহীন: অমূলক। বিণ। তৎসম। ভিত্তি ['ভিত্তি' দ্রষ্টব্য] + হীন [হা + ত]। ৬।১ ভিত্তির দ্বারা হীন = করণতৎ। ৩।৩ বানান: ভ্ + ই + ত্ + ত্ + ই + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: ত্ + ত্ + ই = ত্তি, হ্ + ঈ = হী।

ভিদ্যমান: যা ভেদ করা হচ্ছে। বিণ। তৎসম। ভিদ্ + মান [শানচ্]। ৬।১ বানান: ভ্ + ই + দ্ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: দ্ + য্ + অ = দ্য।

ভিন: অন্য। বিণ। তদ্ভব। <সং. ভিন্ন। বানান: ভ্ + ই + ন্। ন্= ন।

ভিনদেশ : অন্য দেশ। বি। তদ্ভব। ভিন ['ভিন' দ্রষ্টব্য] + দেশ [দিশ্ + অ]। ৬।১ ভিন যে দেশ = কর্মধা। ৩।২ বানান : ভ্ + ই + ন্ + অ + দ্ + এ + শ্ + অ।

ভিন্দিপাল : প্রাচীন ক্ষেপণাস্ত্র, হস্তপ্রমাণশর। বি।তৎসম। ভিন্দৎ + পালি + অ। ৬।১ বানান : ভ্ + ই + ন্ + দ্ + ই + প্ + আ + ল্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + ই = ন্দি।

ভিন্ন : অন্য, পৃথক। বিণ। তৎসম। ভিদ্ + ত। ৬।১ বানান : ভ্ + ই + ন্ + ন্ + অ। বি.দ্র. : ন্ + ন্ + অ = ন্ন।

ভিন্নতা : পার্থক্য, স্বাতন্ত্র্য। বি। তৎসম। ভিন্ন ['ভিন্ন' দ্রষ্টব্য] + তা। ৬।১ বানান : ভ্ + ই + ন্ + ন্ + অ + ত্ + আ। বি.দ্র. : ন্ + ন্ + অ = ন্ন।

ভিন্নার্থ, ভিন্নার্থক : অন্য অর্থ, অন্য অর্থযুক্ত। বিণ। তৎসম। ভিন্ন ['ভিন্ন' দ্রষ্টব্য] + অর্থ, অর্থক [অর্থ + অ, অক]। ৬।১ ভিন্ন [অন্য] অর্থ = কর্মধা। ৩।২ ভিন্ন অর্থ যার = বহুব্রী। ৩।৫ বানান : ভ্ + ই + ন্ + ন্ + আ + র্ + থ্ + অ [ক্ + অ]।

ভি. পি. পি. : যে ডাক-ব্যবস্থায় প্রাপককে প্রেরিত বস্তুর ডাক মাশুল দিতে হয়। বি। বিদেশী। <ইং. V. P. P: Value payable post. বাংলা বানান : ভ্ + ই, প্ + ই, প্ + ই।

ভিমরুল : ভৃঙ্গ-জাতীয় বিষধর পতঙ্গ। বি। তদ্ভব। <সং. ভৃঙ্গরোল। বানান : ভ্ + ই + ম্ + অ + র্ + উ + ল্ + অ।

ভিয়ান, ভিয়েন : মিঠাই পাক করার কাজ। বি। দেশী। বানান : ভ্ + ই + য্ + আ [<এ] + ন্ + অ।

ভিরকুটি : ভ্রূভঙ্গি, ভেঙচানি। বি। অর্ধ-তৎসম। <সং. ভ্রূকুটী। বানান : ভ্ + ই + র্ + অ + ক্ + উ + ট্ + ই।

ভিরমি, ভির্মি : হঠাৎ মাথাঘোরা। মূর্ছা। বি। অর্ধ-তৎসম। <সং. ভ্রমি। বানান : ভ্ + ই + র্ + ম্ + ই। বি.দ্র. : র্ + ম্ + ই = র্মি।

ভিল, ভীল : ভারতের আদিম জাতি। বি। তদ্ভব। <সং. ভিল্ল। বানান : ভ্ + ই [ঈ] + ল্ + অ।

ভিশ্তি : জল-বহনের চর্ম-নির্মিত থলি। বি। বিদেশী। <ফা. বিহিশ্‌ৎ। বাংলা বানান : ভ্ + ই + শ্ + ত্ + ই।

ভিষক্ : চিকিৎসক। বি। তৎসম। ভিষজ্ + ক্বিপ্। ৬।১ বানান : ভ্ + ই + ষ্ + অ + ক্। বি.দ্র. : ই-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

ভিসা : প্রবাসানুমতি পত্র। বি। বিদেশী। < ইং. visa. বাংলা বানান : ভ্ + ই + স্ + আ।

ভিস্তি : জল-বহনের চর্মনির্মিত থলি। বি। বিদেশী। < ফা. বিহিশ্‌ৎ। বাংলা বানান : ভ্ + ই + স্ [শ] + ত্ + ই। বি.দ্র. : স্ + ত্ + ই= স্তি।

ভিস্তিওয়ালা : ভিস্তিতে জল সরবরাহকারী। বি। বিদেশী। ফা. ভিস্তি ['ভিস্তি' দ্রষ্টব্য] + হি. ওয়ালা। বাংলা বানান : ভ্ + ই + স্ + ত্ + ই + ও + য্ + আ + ল্ + আ। বি.দ্র. : স্ + ত্ + ই= স্তি।

ভীত : শঙ্কিত। বিণ। তৎসম। ভী + ত। ৬।১ বানান : ভ্ + ঈ + ত্ + অ।

ভীতা : শঙ্কিতা। বিণ। তৎসম। ভীত ['ভীত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী] ৬।১, ৭।১।ক বানান : ভ্ + ঈ + ত্ + আ।

ভীতি : ভয়। বি। তৎসম। ভী + তি। ৬।১ বানান : ভ্ + ঈ + ত্ + ই। বি.দ্র. : ভ্ + ঈ= ভী, ত্ + ই= তি। আগে 'ঈ', পরে 'ই'।

ভীতু : ভীরু। বিণ। তদ্ভব। ভীত ['ভীত' দ্রষ্টব্য] + বাং. উ বানান : ভ্ + ঈ + ত্ + উ। বি.দ্র. : ভ্ + ঈ= ভী [ভ্ + ঈ= ভী ('ভিতু' দ্রষ্টব্য)]। ত্ + উ= তু।

ভীম : ভীষণ। বি, বিণ। তৎসম। ভী [ভয় পাওয়া] + ম। ৬।১ বানান : ভ্ + ঈ + ম্ + অ।

বি.দ্র. : ভ্ + ঈ= ভী।

ভীমপলশ্রী : রাগিণী। বি। তৎসম। বানান : ভ্ + ঈ + ম্ + অ + প্ + অ + ল্ + অ + শ্ + র্ + ঈ। বি.দ্র. : ভ্ + ঈ= ভী, শ্ + র্ + ঈ= শ্রী।

ভীমরতি : বার্ধক্য-হেতু খেপামি, ৭৭ বছর ৭ মাসের বয়সের সপ্তম রাত্রি। বি। তৎসম। বানান : ভ্ + ঈ + ম্ + অ + র্ + অ + ত্ + ই। বি.দ্র. : ভ্ + ঈ= ভী।

ভীমা : ভয়ঙ্করী। বিণ। তৎসম। ভীম ['ভীম' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭৷১৷ক বানান : ভ্ + ঈ + ম্ + আ।

ভীরু : ভীতু। বিণ। তৎসম। ভী + রু। ৬৷১ বানান : ভ্ + ঈ + র্ + উ। বি.দ্র. : ভ্ + ঈ= ভী, র্ + উ= রু।

ভীরুতা : ভয়শীলতা। বি। তৎসম। ভীরু ['ভীরু' দ্রষ্টব্য] + তা। ৬৷২ বানান : ভ্ + ঈ + র্ + উ + ত্ + আ।

ভীষণ : ভয়ঙ্কর। বিণ। তৎসম। ভী + ণিচ্ + অন। ৬৷১ বানান : ভ্ + ঈ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'ঈ'-র পর 'ষ' হয়েছে। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪৷১৷গ

ভীষণা : ভয়ঙ্করী। বিণ। তৎসম। ভীষণ ['ভীষণ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭৷১৷ক বানান : ভ্ + ঈ + ষ্ + অ + ণ্ + আ। বি.দ্র. : 'ঈ'-র পর 'ষ' হয়েছে। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪৷১৷গ

ভীষ্ম : পাণ্ডব-কৌরবের পিতামহ। বি। তৎসম। ভী [ভয় পাওয়া] + ম। ৬৷১ বানান : ভ্ + ঈ + ['ষ্'-আগম] + ম্ + অ। বি.দ্র. : ভ্ + ঈ= ভী, ষ্ + ম্ + অ= ষ্ম। 'ঈ'-র পর 'ষ্' [আগম] হয়েছে।

ভুঁই : ভূঁই। বি। তদ্ভব। < সং. ভূমি। বানান : ভ্ঁ + উ + ই। বি.দ্র. : তদ্ভব শব্দে 'উ'-কার 'উ'-কার হয়েছে।

ভুঁইফোড়, ভুঁইফোঁড় : হঠাৎ আবির্ভূত। বিণ। তদ্ভব। ভুঁই ['ভুঁই' দ্রষ্টব্য] + ফোড় [বাং. ফুঁড় + অ]। ৬৷১ ভুঁই [মাটি] ফুঁড়ে ওঠে যে= উপপদতৎ। ৩৷৩ বানান : ভ্ঁ + উ + ই + ফ্ [ফ্ঁ] + ও + ড়। শব্দান্তের 'ড়্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভুঁইয়া : জমিদার। বি। তদ্ভব। < সং. ভৌমিক। বানান : ভ্ঁ + উ + ই + য় + আ।

ভুঁড়ি : মোটা পেট। বি। দেশী। বানান : ভ্ঁ + উ + ড় + ই।

ভুঁড়ো : ভুঁড়িওয়ালা। বিণ। দেশী। বানান : ভ্ঁ + উ + ড় + ও।

ভুক্ : ভোজী। বিণ। তৎসম। ভুজ্ + ক্বিপ্। বানান : ভ্ + উ + ক্।

ভুক্ত : অন্তর্গত। বিণ। তৎসম। ভুজ্ + ত। ৬৷১ বানান : ভ্ + উ + ক্ + ত্ + অ।

ভুক্তভোগী : যে পূর্বে ভুগেছে। বিণ। তৎসম। ভুক্ত ['ভুক্ত' দ্রষ্টব্য] + ভোগী [ভোগ (ভুজ্ + অ) + ঈ (ইন্)]। ৬৷১ ভুক্ত [দশা] ভোগ করেছে যে= উপপদতৎ। ৩৷৩ বানান : ভ্ + উ + ক্ + ত্ + অ + ভ্ + ও + গ্ + ঈ। বি.দ্র. : ক্ + ত্ + অ= ক্ত, গ্ + ঈ= গী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ভুক্তাবশিষ্ট : উচ্ছিষ্ট। বিণ। তৎসম। ভুক্ত [ভুজ্ + ত] + অবশিষ্ট [অব + শিষ্ + ত]। ৬৷১ [সন্ধি] অ + অ= আ [ক্তা]। ২৷১৷ক ভুক্তের [পর] অবশিষ্ট= সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : ভ্ + উ + ক্ + ত্ + আ + ব্ + অ + শ্ + ই + ষ্ + ট্ + অ। বি.দ্র. : ক্ + ত্ + আ= ক্তা, শ্ + ই= শি, ষ্ + ট্ + অ= ষ্ট। 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ৪৷২৷ঙ

ভুক্তাবশেষ : উচ্ছিষ্ট। বিণ। তৎসম। ভুক্ত [ভুজ্ + ত] + অবশেষ [অব + শিষ্ + অ]। ৬৷১ [সন্ধি] অ + অ= আ [ক্তা]। ২৷১৷ক ভুক্তের

(পর) অবশেষ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + উ + ক্ + ত্ + আ + ব্ + অ + শ্ + এ + ষ্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + আ= ক্তা। 'এ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

ভুক্তি: অন্তর্ভুক্ত হওয়া। বি। তৎসম। ভুজ্ + তি। ৬।১ বানান: ভ্ + উ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + ই= ক্তি।

ভুখ: ক্ষুধা। বি। তদ্ভব। < সং. বুভুক্ষা। বানান: ভ্ + উ + খ্। বি.দ্র.: শব্দের শেষের 'খ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভুখা: ক্ষুধার্ত। বিণ। তদ্ভব। ভুখ ['ভুখ' দ্রষ্টব্য] + আ। বানান: ভ্ + উ + খ্ + আ।

ভুখা-মিছিল: ক্ষুধার্তদের শোভাযাত্রা। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। তদ্ভব. ভুখা + আ. মিছিল [< মিস্‌ল]। ভুখাদের মিছিল= বহুব্রী। ৩।৫ বানান: ভ্ + উ + খ্ + আ + ম্ + ই + ছ্ + ই + ল্ + অ।

ভুগা: সহ্য করা। ক্রি। তদ্ভব। ভুগ্ [< সং. ভুজ্ (ভোগ করা)] + বাং. আ। ৬।৩ বানান: ভ্ + উ + গ্ + আ।

ভুজ: হাত, বাহু। বি। তৎসম। ভুজ্ [খাওয়া] + অ। ৬।১ যা দিয়ে খাওয়া হয়। বানান: ভ্ + উ + জ্ + অ।

ভুজপাশ: বাহুর বেষ্টন। বি। তৎসম। ভুজ ['ভুজ' দ্রষ্টব্য] + পাশ [পশ্ (বন্ধন করা) + অ]। ৬।১ বাহুর পাশ [বন্ধন]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + উ + জ্ + অ + প্ + আ + শ্ + অ। বি.দ্র.: ভ্ + উ= ভু শ + অ= শ।

ভুজবন্ধন: বাহুর বেষ্টন। বি। তৎসম। ভুজ ['ভুজ' দ্রষ্টব্য] + বন্ধন [বন্ধ্ + অন]। ৬।১ ভুজের বন্ধন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + উ= জ্ + অ + ব্ + অ + ন্ + ধ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ন্ + ধ্ + অ= ন্ধ।

ভুজবল: দেহের শক্তি। বি। তৎসম। ভুজ ['ভুজ' দ্রষ্টব্য] + বল [বল্ + অ]। ৬।১ ভুজের বল= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + উ + জ্ + অ + ব্ + অ + ল্ + অ।

ভুজংভাজং: কোন রকমে বোঝানো। বি। দেশী। বানান: ভ্ + উ + জ্ + অ + ং + ভ্ + আ + জ্ + অ + ং।

ভুজগ: সাপ। বি। তৎসম। ভুজ ['ভুজ' দ্রষ্টব্য] + গ [গম্ + অ]। ৬।১ ভুজের দ্বারা গমন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ভ্ + উ + জ্ + অ + গ্ + অ। বি.দ্র.: ভ্ + উ= ভু।

ভুজগী: সাপিনী। বি। তৎসম। ভুজগ ['ভুজগ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ভ্ + উ + জ্ + অ + গ্ + ঈ। বি.দ্র.: ভ্ + উ= ভু, গ্ + ঈ= গী।

ভুজঙ্গ, ভুজঙ্গম: সাপ। বি। তৎসম। ভুজম্ ['ভুজ' শব্দের কর্ম, একবচন] + গ, গম [গম্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + গ = ঙ্ + গ= ঙ্গ। ২।২৮ ভুজেব দ্বারা গমন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ভ্ + উ + জ্ + অ + ঙ্ + গ্ + অ [+ম্ + অ]। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ।

ভুজঙ্গমী, ভুজঙ্গী, ভুজঙ্গিনী: সাপিনী। বি। তৎসম। ভুজঙ্গ, ভুজঙ্গম ['ভুজঙ্গ', 'ভুজঙ্গম' দ্রষ্টব্য] + ঈ, ইন্ + ঈ [স্ত্রী]। ৭।১।গ, ৭।১।চ বানান: ভ্ + উ + জ্ + অ + ঙ্ + গ্ + অ + ম্ + ঈ, ঙ্ + গ্ + ঈ, ঙ্ + গ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ইন্ + ঈ='ইনী'—প্রত্যয় যুক্ত হওয়ায় আগে 'ই', পরে 'ঈ'।

ভুজ্জি: ভোজ্য। বি। অর্ধ-তৎসম। < সং. ভোজ্য। বানান: ভ্ + উ + জ্ + জ্ + ই বি.দ্র.: জ্ + জ্ + ই= জ্জি।

ভুঞ্জন: ভোজন। বি। তৎসম। ভুজ্ + অন।—'ঞ' আগম। ৬।১ বানান: ভ্ + উ + ঞ্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ভ্ + উ= ভু,

ঞ্ + জ্ + অ= ঞ্জ।

ভুঞ্জিত : ভুক্ত। বিণ। তৎসম। ভুজ্ + ত।— 'ঞ্' আগম। ৬।১ বানান : ভ্ + উ + ঞ্ + জ্ + ই + ত্ + অ। বি.দ্র. : ভ্ + উ= ভু, ঞ্ + জ্ + ই= ঞ্জি।

ভুট্টা : মকাই। বি। বিদেশী। < হি. ভুট্টা। বানান : ভ্ + উ + ট্ + ট্ + আ। বি.দ্র. : ভ্ + উ= ভু, ট্ + ট্ + আ= ট্টা।

ভুড়ভুড়, ভুড়ভুড়্ : ক্রমাগত বুদ্বুদ ফাটার শব্দ। অব্য। দেশী।

ভুড়ভুড়ি : বুদ্বুদ, বি। দেশী। ভুড়ভুড় ['ভুড়ভুড়' দ্রষ্টব্য] + বাং.ই।

ভুতি : কাঁঠালের ভেতরের বর্জ্য অংশ [দেশী]। বি। দেশী। বানান : ভু + উ + ত্ + ই। বি.দ্র: ভ্ + উ = ভু।

ভুতুড়ি : কাঁঠালের ভেতরের বর্জ্য অংশ। বি। দেশী। বানান : ভ্ + উ + ত্ + উ +ড়্ +ই। বি.দ্র: ভ্ + উ = ভু।

ভুতুড়ে, ভূতুড়ে : ভূতের সম্পর্কিত। বিণ। তদ্ভব। ভূত [তদ্ভব. 'ভূত'] + বাং. উড়ে < উড়িয়া। বানান : ভ্ + ঊ (উ) + ত্ + উ + ড়্ + এ। বি.দ্র. : ভ্ + ঊ= ভূ, ভ্ + উ= ভু।

ভুনিখিচুড়ি : ঘিয়ে-ভাজা চালডালের খিচুড়ি। বি। বিদেশী। < হি.। বানান : ভ্ + উ + ন্ + ই + খ্ + ই + চ্ + উ + ড়্ + ই।

ভুবন : পৃথিবী। বি। তৎসম। ভূ + অন। ৬।১ [সন্ধি] ঊ = উ + উ। উ + অ= ব। ২।৮।ক বানান : ভ্ + উ + ব্ ['উ' পরবর্তী 'অ'-এর সঙ্গে সন্ধিসূত্রে যুক্ত হয়েছে] অ + ন্ + অ।

ভুবনেশ্বর : ত্রিভুবনের ঈশ্বর। বি। তৎসম। ভুবন ['ভুবন' দ্রষ্টব্য] + ঈশ্বর [ঈশ্ + বর]। ৬।২ [সন্ধি] অ + ঈ= এ। ২।৪।খ ভুবনের ঈশ্বর= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + উ + ব্ + অ + ন্ + এ + শ্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র. : ভ্ + উ= ভু, শ্ + ব্ + অ= শ্ব।

ভুবনেশ্বরী : দশমহাবিদ্যার অন্যতমা। বি। তৎসম। ভুবনেশ্বর ['ভুবনেশ্বর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ভ্ + উ + ব্ + অ + ন্ + এ + শ্ + ব্ + অ + র্ + ঈ। বি.দ্র. : ভ্ + উ= ভু, শ্ + ব্ + অ= শ্ব, র্ + ঈ= রী।

ভুবর্লোক : সপ্তস্বর্গের একটি। বি। তৎসম। ভুবঃ [ভূ + অস্ (ঃ)] + লোক [লোক্ + অ]। ৬।১ [সন্ধি] ঃ + লো= র্লো। ২।৩৮ 'ভুবঃ' যে লোক= কর্মধা। ৩।২ বানান : ভ্ + উ + ব্ [+ উ 'অ'-র সঙ্গে সন্ধিবদ্ধ] + অ + র্ + ল্ + ও + ক্ + অ।

ভুয়া, ভুয়ো : ভিত্তিহীন। বিণ। বিদেশী। ভুয়ো < ভুয়া [ফুআ]।

ভুরভুর : আমোদিত হওয়ার ভাব। অব্য। দেশী। বানান : ভ্ + উ + র্ + ভ্ + উ + র্। 'র্'-গুলির হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভুরু : ভ্রূ। বি। তদ্ভব। < সং. ভ্রূ। ভ্রূ : ভ্ + র্ + ঊ= ভ্ + 'উ' + র্ + উ= ভুরু— স্বরভক্তি বা বিপ্রকর্ষ।

ভুল : ভ্রান্তি [ভ্রান্ত] বি, বিণ। তদ্ভব। < সং. হুল [হুল্ + অ]। বানান : ভ্ + উ + ল্ + অ। বি.দ্র. : ভ্ + উ= ভু। [স্মরণীয় : 'ভুল' শব্দটির বানানও অনেকে ভুল করে 'ভূল' লেখেন। কাজেই, সতর্কতা প্রয়োজন]

ভুলচুক : ভ্রম। বি। তদ্ভব। ভুল ['ভুল' দ্রষ্টব্য] + চুক [অনুচর শব্দ]। বানান : ভ্ + উ + ল্ + অ + চ্ + উ + ক্ + অ।

ভুলভ্রান্তি : ভ্রম। বি। মিশ্র [তদ্ভব + তৎসম]। ভুল ['ভুল' দ্রষ্টব্য] + ভ্রান্তি [ভ্রম্ + তি]। ৬।১ ভুল ও ভ্রান্তি [সহচর শব্দ]= দ্বন্দ্ব। ৩।৪ বানান : ভ্ + উ + ল্ + অ + ভ্ + র্ + আ + ন্ + ত্ + ই। বি.দ্র. : ভ্ + র্ + আ= ভ্রা, ন্ + ত্ + ই= ন্তি।

ভুলা: মনে-না-রাখা। ক্রি। তদ্ভব। ভুল ['ভুল' দ্রষ্টব্য] + আ। বানান: ভ্ + উ + ল্ + আ।

ভুলান, ভুলানো: ভুল করান। ক্রি। তদ্ভব। ভুল ['ভুল' দ্রষ্টব্য] + বাং. আন, আনো। ৬।৩ বানান: ভ্ + উ + ল্ + আ, ন্ + অ[ও]।

ভুলো: যে প্রায়ই ভুল করে। বিণ। তদ্ভব। ভুল ['ভুল' দ্রষ্টব্য] + বাং. ও। বানান: ভ্ + উ + ল্ + ও।

ভুশ, ভুশ্: ভেসে ওঠার অর্থবাহী ধ্বন্যাত্মক শব্দ। অব্য। দেশী।

ভুশুড়ি: কাঁঠালের ভুতুড়ি। বি। দেশী। বানান: ভ্ + উ + শ্ + উ + ড়্ + ই।

ভুষ্টিনাশ: ধ্বংস। বি। দেশী। ভুষ্টি [ধ্বন্যাত্মক শব্দ] + নাশ [নশ্ + অ]। ৬।১ বানান: ভ্ + উ + ষ্ + ট্ + ই + ন্ + আ + শ্ + অ।

ভুসা: আগুনের ধোঁয়া থেকে উৎপন্ন কালি বা ঝুল [সং. ভস্মন্]। বি। তদ্ভব। < সং. ভস্মন্। বানান: ভ্ + উ + স্ + আ।

ভুসাকালি: ভুসা থেকে প্রস্তুত কালি। বি। তদ্ভব। ভুসা ['ভুসা' দ্রষ্টব্য] + কালি [< সং. কালী]। ভুসা-নির্মিত কালি= করণতৎ। ৩।৩ বানান: ভ্ + উ + স্ + আ + ক্ + আ + ল্ + ই।

ভুসি, ভুসো: গম, ডাল ইত্যাদি। শস্যের খোসা। বি। তদ্ভব। ভুস [< সং. বুস] + বাং. ই, ও। বানান: ভ্ + উ + স্ + ই, ও।

ভুসিমাল, ভুসোমাল: বাজে বা সারহীন বস্তু। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। তদ্ভব. ভুসি, ভুসো + আ. মাল। বানান: ভ্ + উ + স্ + ই [ও] + ম্ + আ + ল্ + অ।

ভূ: পৃথিবী। বি। তৎসম। বানান: ভ্ + ঊ= ভূ। বি.দ্র.: 'পৃথিবী' অর্থে ভূ= ভ্ + ঊ।

ভূকম্প, ভূকম্পন: ভূমিকম্প। বি। তৎসম। ভূ + কম্প, কম্পন [কম্প্ + অ, কম্প্ + অন]। ৬।১ ভূ-র কম্প, কম্পন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + ঊ + ক্ + অ + ম্ + প্ + অ [+ন্ + অ]।

ভূখণ্ড: দেশ। বি। তৎসম। ভূ+ খণ্ড [খণ্ড্ + অ]। ৬।১ ভূ-র খণ্ড= সম্বন্ধ তৎ। ৩।৩ বানান: ভ্ + ঊ + খ্ + অ + ণ্ + ড্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ = ভূ। 'ড'-এর আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

ভূগর্ভ: পৃথিবী বা মৃত্তিকার অভ্যন্তর। বি। তৎসম। ভূ + গর্ভ [গৃ (আবৃত করা) + ভ। ৬।১ ভূ-র গর্ভ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + ঊ + গ্ + অ + র্ + ভ্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ, র্ + ভ্ + অ= র্ভ।

ভূগোল: পৃথিবীর বিবরণ (geography)। বি। তৎসম। ভূ [পৃথিবী] + গোল [গুড্ + অ]। ৬।১ ভূ-র গোল [গোলকের বিবরণ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + ঊ + গ্ + ও + ল্ + অ।

ভূগোলক: পৃথিবীর চিত্র-সংবলিত গোলক [globe]। বি। তৎসম। ভূ + গোল ['গোল' দ্রষ্টব্য] + ক। ৬।২ ভূ-র গোলক [গোল আকৃতি]= সম্বন্ধতৎ। ৩।৩

ভূচর: স্থলচর। বি। তৎসম। ভূ + চর [চর্ + অ]। ৬।১ ভূ-তে [পৃথিবীতে] চরে [বিচরণ করে] যে= উপপদতৎ। ৩।৩ বানান: ভ্ + ঊ + চ্ + অ + র্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ।

ভূচিত্র: মানচিত্র। বি। তৎসম। ভূ + চিত্র [চিত্র + অ]। ৬।১ ভূ-র চিত্র= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + ঊ + চ্ + ই + ত্ + র্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ, ত্ + র্ + অ= ত্র।

ভূচ্ছায়া: পৃথিবীর ছায়া। বি। তৎসম। ভূ + ছায়া [ছো + য (যৎ) + আ]। ৬।১ [সন্ধি] ঊ + ছ= উচ্ছ। ২।১৪ ভূ-র ছায়া= সম্বন্ধতৎ। ৩।৩

বানান : ভ্ + ঊ + চ্ + ছ্ + আ + য্ + আ। বি.দ্র. : চ্ + ছ্ + আ= চ্ছা।

ভূত : বস্তুসমূহের মূল উপাদান। বিণ। তৎসম। ভূ + ত। ৬।১ বানান : ভ্ + ঊ + ত্ + অ।

ভূতগ্রস্ত : ভূতাবিষ্ট। বিণ। তৎসম। ভূত ['ভূত' দ্রষ্টব্য] + গ্রস্ত [গ্রস্ + ত]। ৬।১ ভূতের দ্বারা গ্রস্ত= করণতৎ। ৩।৩ বানান : ভ্ + ঊ + ত্ + অ + গ্ + র্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র. : ভ্ + ঊ= ভূ, গ্ + র্ + অ= গ্র, স্ + ত্ + অ= স্ত।

ভূতত্ত্ব : ভূপৃষ্ঠ ও নিম্নবর্তী স্তরসমূহ সম্পর্কিত [geology]। বি। তৎসম। ভূ + তত্ত্ব [তৎ + ত্ব]। ৬।২ ভূ [পৃথিবী]-সম্পর্কিত তত্ত্ব= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ভ্ + ঊ= ভূ, ত্ + ত্ + ব্ + অ= ত্ত্ব।

ভূতনাথ : শিব। বি। তৎসম। ভূতদের নাথ= সম্বন্ধতৎ

ভূতপূর্ব : প্রাক্তন। বিণ। তৎসম। ভূত ['ভূত' দ্রষ্টব্য] + পূর্ব [পূর্ব্ + অ]। ৬।১ পূর্বে ভূত [সংঘটিত]= অধিকরণতৎ [পূর্বনিপাত]। বানান : ভ্ + ঊ + ত্ + অ + প্ + ঊ + র্ + ব্ +অ। বি.দ্র. : ভ্ + ঊ= ভূ, প্ + ঊ= পূ, র্ + ব্ + অ= র্ব।

ভূতযোনি : প্রেতজন্ম। বি। তৎসম। ভূত ['ভূত' দ্রষ্টব্য] + যোনি [যু + নি]। ৬।১ ভূতের যোনি [-তে জাত]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + ঊ + ত্ + অ + য্ + ও + ন্ + ই। বি.দ্র. : ভ্ + ঊ= ভূ, য্ +ও= যো, ন্ + ই= নি।

ভূতল : পৃথিবীপৃষ্ঠ। বি। তৎসম। ভূ + তল [তল্ + অ]। ৬।১ ভূ-র তল= সম্বন্ধতৎ : ৩।৩ বানান : ভ্ + ঊ + ত্ + অ + ল্ + অ। বি.দ্র. : ভ্ + ঊ= ভূ।

ভূতাত্মা : জীবাত্মা। বি। তৎসম। ভূত ['ভূত' দ্রষ্টব্য] + আত্মা [আত্মন্]। [সন্ধি] অ + আ= আ [া]। ২।১।খ ভূতের [জীবের] আত্মা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + ঊ + ত্ + আ + ত্ + ম্ + আ। বি.দ্র. : ভ্ + ঊ= ভূ, ত্ + ম্ + আ= ত্মা।

ভূতাবিষ্ট : ভূতগ্রস্ত। বিণ। তৎসম। ভূত ['ভূত' দ্রষ্টব্য] + আবিষ্ট [আ + বিশ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [া]। ২।১।খ ভূতের দ্বারা আবিষ্ট= করণতৎ। ৩।৩ বানান : ভ্ + ঊ + ত্ + আ + ব্ + ই + ষ্ + ট্ + অ। বি.দ্র. : ভ্ + ঊ= ভূ, ষ্ + ট্ + অ= ষ্ট। 'ট্'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ঙ

ভূতাবেশ : ভূতাবিষ্ট অবস্থা। বি। তৎসম। ভূত ['ভূত' দ্রষ্টব্য] + আবেশ [আ + বিশ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [া]। ২।১।খ ভূতের দ্বারা [সৃষ্ট] আবেশ= ৩।৩ বানান : ভ্ + ঊ + ত্ + আ + ব্ + এ + শ্ + অ। বি.দ্র. : ভ্ + ঊ= ভূ।

ভূধর : পর্বত। বি। তৎসম। ভূ + ধর [ধৃ + অ]। ৬।১ ভূ-কে ধারণ করে যে= উপপদ-তৎ। ৩।৩ বানান : ভ্ + ঊ + ধ্ + অ + র্ + অ। বি.দ্র. : ভ্ + ঊ= ভূ।

ভূপ, ভূপতি : রাজা। বি। তৎসম। ভূ + প [পা + অ], পতি [পা + অতি]। ৬।১ ভূ-র প [পালক বা রক্ষক], পতি [প্রভু] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + ঊ + প্ + অ, প্ + অ + ত্ + ই।

ভূপতিত : ভূপৃষ্ঠে বা মাটিতে পতিত। বিণ। তৎসম। ভূ + পতিত [পত্ + ত]। ৬।১ ভূ-তে [ভূমিতে] পতিত= অধিকরণতৎ। ৩।৩ বানান : ভ্ + ঊ + প্ + অ + ত্ + ই + ত্ + অ।

ভূপাতিত : ভূ-পৃষ্ঠে বা মাটিতে নিক্ষিপ্ত। বিণ। তৎসম। ভূ + পাতিত [পত্ + ণিচ্ + ত]। ৬।১ ভূ-তে পাতিত = অধিকরণতৎ। ৩।৩ বানান : ভ্ + ঊ + প্ + আ + ত্ + ই + ত্ + অ। বি.দ্র. : ভ্ + ঊ= ভূ, প্ + আ= পা, ত্ + ই = তি।

ভূপালি, ভূপালী : সঙ্গীতের রাগিণী। বি। তৎসম। বানান: ভ্ + ঊ + প্ + আ + ল্ + ই, ঈ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ, ল্ + ই= লি, ল্ + ঈ= লী।

ভূবিজ্ঞান : ভূপৃষ্ঠ ও ভূগর্ভ সম্পর্কিত বিজ্ঞান [geology]বি। তৎসম। ভূ + বিজ্ঞান [বি + জ্ঞা + অন। ৬।১ ভূ [পৃষ্ঠ ও গর্ভ]-বিষয়ক বিজ্ঞান= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + ঊ + ব্ + ই + জ্ + ঞ্ + আ + ন্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ, জ্ + ঞ্ + আ= জ্ঞা।

ভূবিদ্যা : ভূপৃষ্ঠ ও ভূগর্ভ সম্পর্কিত বিজ্ঞান [geology]।বি। তৎসম। ভূ + বিদ্যা [বিদ্ + য (যৎ) + আ]। ৬।১ ভূ-বিষয়ক বিদ্যা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + ঊ + ব্ + ই + দ্ + য্ + আ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ, দ্ + য্ + আ= দ্যা।

ভূভার : পৃথিবীর পাপের বোঝা। বি। তৎসম। ভূ + ভার [ভৃ + অ]। ৬।১ ভূ-র ভার = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + ঊ + ভ্ + আ + র্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ।

ভূ-ভারত : সমস্ত পৃথিবী। বি। তৎসম। ভূ + ভারত [ভরত +অ]। ৬।২ ভূ ও ভারত= দ্বন্দ্ব! ৩।৪ বানান: ভ্ + ঊ + ভ্ + আ + র্ + অ + ত্ + অ।

ভূম [কাব্যে] : ভূমি। বি। তদ্ভব। < সং. ভূমি। বানান: ভ্ + ঊ + ম্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ।

ভূমণ্ডল : পৃথিবী। বি। তৎসম। ভূ + মণ্ডল [মণ্ড্ + অল]। ৬।১ ভূ-র মণ্ডল [গোল আকৃতি]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + ঊ + ম্ + অ + ণ্ + ড্ + অ + ল্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ, ণ্ + ড্ + অ= ণ্ড। 'ড'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

ভূমধ্যসাগর : ইউরোপের দক্ষিণে অবস্থিত সাগর। বি। তৎসম। ভূ + মধ্য + সাগর [সগর + অ]। ৬।২ ভূ-র মধ্য= সম্বন্ধতৎ। ৩।৩ ভূমধ্যে অবস্থিত সাগর= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + ঊ + ম্ + অ + ধ্ + য্ + অ + স্ + আ + গ্ + অ + র্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ, ধ্ + য্ + অ= ধ্য।

ভূমা : সর্বব্যাপী বিরাট পুরুষ, বহুত্ব। বি। তৎসম। বহু + ইমন্। বানান: ভ্ + ঊ + ম্ + আ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ।

ভূমানন্দ : সর্বব্যাপী ঈশ্বরে লীন হবার আনন্দ। বি। তৎসম। ভূমা ['ভূমা' দ্রষ্টব্য] + আনন্দ [আ + নন্দ্ + অ]। ৬।১ [সন্ধি] আ + আ= আ [মা]। ২।১।ঘ ভূমা লাভের আনন্দ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানন: ভ্ + ঊ + ম্ + আ + ন্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ, ন্ + দ্ + অ= ন্দ।

ভূমি : পৃথিবী, মাটি। বি। তৎসম। ভূ [পৃথিবী] + মি। ৬।২ বানান: ভ্ + ঊ + ম্ + ই। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ।

ভূমিকম্প : পৃথিবীর আন্দোলন। বি। তৎসম। ভূমি ['ভূমি' দ্রষ্টব্য] + কম্প [কম্প্ + অ]। ৬।১ ভূমির কম্প = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + ঊ + ম্ + ই + ক্ + অ + ম্ + প্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ, ম্ + প্ + অ= ম্প।

ভূমিকা : সূচনা, নাটকের চরিত্র। বি। তৎসম। ভূমি ['ভূমি' দ্রষ্টব্য] + ক + আ। ৬।২ বানান: ভ্ + ঊ + ম্ + ই + ক্ + আ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ, ম্ + ই= মি।

ভূমিতল : ভূতল। বি। তৎসম। ভূমি ['ভূমি' দ্রষ্টব্য] + তল [তল্ + অ]। ৬।১ ভূমির তল= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: ভ্ + ঊ= ভূ।

ভূমিষ্ঠ : ভূলুণ্ঠিত। বিশ। তৎসম। ভূমি ['ভূমি' দ্রষ্টব্য] + স্থা + অ। ৬।১ ভূমি + স্ + থ > ভূমি + ষ্ + ঠ। বানান: ভ্ + ঊ + ম্ + ই + ষ্ + ঠ্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ=

ভূ। 'ই'-র পর 'স্' 'ষ্' হয়েছে। ৪।২।ক ষ্ + থ= ষ্ঠ। ২।২৩ [সন্ধি]।

ভূমিষ্ঠা : ভূলুণ্ঠিতা। বিণ। তৎসম। ভূমিষ্ঠ ['ভূমিষ্ঠ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ভ্ + উ + ম্ + ই + ষ্ + ঠ্ + আ। বি.দ্র.: ভ্ + উ= ভূ, ম্ + ই= মি, ষ্ + ঠ্ + আ= ষ্ঠা।

ভূমিসংস্কার : জমির মালিকানার সংস্কার। বি। তৎসম। ভূমি ['ভূমি' দ্রষ্টব্য] + সংস্কার [সম্ + কার (কৃ + অ)]। ৬।১ [সন্ধি] ম্ + কা = ং + স্ [আগম] + কা= ংস্কা। ২।২৯ ভূমির সংস্কার= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + উ + ম্ + ই + স্ + অ + ং + স্ + ক্ + আ + র্ + অ। বি.দ্র.: ভ্ + উ= ভূ, স্ + ক্ + আ= স্কা।

ভূমিসাৎ : ভূমিতে পতিত ও মিশ্রিত। বিণ। তৎসম। ভূমি ['ভূমি'] + সাৎ। ৬।২ বানান: ভ্ + উ + ম্ + ই + স্ + আ + ৎ। বি.দ্র.: 'সাৎ'-এ য-ফলা দিলে ভুল হবে।

ভূম্যধিকারিণী : জমিদারনী। বি। তৎসম। ভূমি ['ভূমি' দ্রষ্টব্য] + অধিকারিণী [অধি + কৃ + ইন্ + ঈ]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ম্য]। ২।৭।ক ভূমির অধিকারিণী= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + উ + ম্ + য্ + অ + ধ্ + ই + ক্ + আ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: ভ্ + উ= ভূ, ম্ + য্ + অ= ম্য, ধ্ + ই= ধি, 'র্' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ 'ইন্' + ঈ= 'ইনী'-প্রত্যয় শব্দের শেষে যুক্ত হওয়ায় আগে 'ই', পরে 'ঈ' হয়েছে।

ভূম্যধিকারী : জমিদার [সং. ভূমি + অধিকারী]। বি। তৎসম। ভূমি ['ভূমি' দ্রষ্টব্য] + অধিকারী [অধি + কৃ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ম্য]। ২।৭।ক ভূমির অধিকারী= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ + উ + ম্ + য্ + অ + ধ্ + ই + ক্ + আ + র্ + ঈ। বি.দ্র.: ভ্ + উ= ভূ, ম্ + য্ + অ= ম্য, ধ্ + ই= ধি। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

ভূয়সী : প্রচুর। বিণ। তৎসম। ভূয়স্ [বহু + ঈয়স্] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।ঝ বানান: ভ্ + উ + য্ + অ + স্ + ঈ। বি.দ্র.: ভ্ + উ= ভূ, স্ + ঈ= সী।

ভূয়িষ্ঠ : প্রচুর। বিণ। তৎসম। বহু + ইষ্ঠ [ভূয় (:) + ইষ্ঠ]। ৬।২ বানান: ভ্ + উ + য্ + ই + ষ্ + ঠ্ + অ। বি.দ্র.: ভ্ + উ= ভূ, য্ + ই= য়ি, ষ্ + ঠ্ + অ= ষ্ঠ। 'ই'-র পব 'ষ্' হয়েছে এবং 'ঠ'-এব আগে 'ষ্' ষত্ব-বিধান-সম্মত।•

ভূয়োদর্শন : বহু দর্শনলব্ধ অভিজ্ঞতা। বি। তৎসম। ভূয়ঃ [বহু + ঈয়স্] + দর্শন [দৃশ্ (দেখা) + অন]। ৬।১ [সন্ধি] অঃ + দ = ও + দ = ওদ। ২।৩৯ ভূয়ঃ [বহু] দর্শন = কর্মধা। ৩।২ বানান: ভ্ + উ + য্ + ও + দ্ + অ + র্ + শ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ভ্ + উ = ভূ, য্ + ও = য়ো, র্ + শ্ + অ = র্শ।

ভূয়োদর্শিতা : বহু দর্শনলব্ধ অভিজ্ঞতা। বি। তৎসম। ভূয়ঃ [বহু + ঈয়স্] + দর্শিতা [দৃশ্ + ইত [<ইন] + আ। ৬।১ [সন্ধি] অঃ + দ= ওদ। ২।৩৯ ভূ [বহু] দর্শিতা [দর্শনের অভিজ্ঞতা] = কর্মধা। ৩।২ বানান: ভ্ + উ + য্ + ও + দ্ + অ + র্ + শ্ + ই + ত্ + আ। বি.দ্র.: ভ্ + উ = ভূ, য্ + ও = য়ো, র্ + শ্ + ই = র্শি, ত্ + আ = তা।

ভূরি : অনেক। বিণ। তৎসম। ভূ + রি। ৬।১ বানান: ভ্ + উ + র্ + ই। বি.দ্র.: ভ্ + উ = ভূ, র্ +ই = রি।

ভূর্জ : কোমল বাকলযুক্ত বৃক্ষ। বি। তৎসম। বানান:

ভ্ + ঊ + র্ + জ্ + অ। বি.দ্র.:
ভ্ + ঊ = ভূ, র্ + জ্ + অ = র্জ।

ভূর্জপত্র: ভূর্জবৃক্ষের বাকল। বি। তৎসম। ভূর্জ ['ভূর্জ' দ্রষ্টব্য] + পত্র [পত্ + ত্র]। ৬।১ ভূর্জবৃক্ষের পত্র [বকল] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + ঊ + র্ + জ্ + অ + প্ + অ + ত্ + র্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ =ভূ, র্ + জ্ + অ = র্জ, ত্ + র্ + অ = ত্র।

ভূর্লোক: ভূলোক। বি। তৎসম। ভূঃ+লোক [লোক্ + অ]। ৬।১ [সন্ধি] ঃ + লো = র্লো। ২।৩৮ ভূ [ঃ] লোক = কর্মধা। ৩।২ বানান: ভ্ + ঊ + ঃ + ল্ + ও + ক্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ = ভূ, র্ + ল্ + ও = র্লো।

ভূলুণ্ঠিত: মাটিতে লুণ্ঠিত। বিণ। তৎসম। ভূ + লণ্ঠিত [লুন্ঠ্ + ত]। ৬।১ ভূ-তে লুণ্ঠিত = অধিকরণতৎ।৩।৩ বানান: ভ্ + ঊ + ল্ + উ + ণ্ + ঠ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ = ভূ, ল্ + উ = লু, ণ্ + ঠ্ +ই = ণ্ঠি।

ভূলোক: পৃথিবী। বি। তৎসম। ভূ + লোক [লোক্ + অ]। ৬।১ ভূ-র লোক = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + ঊ + ল্ + ও + ক্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ = ভূ, ল্ + ও = লো।

ভূশণ্ডি, ভূশণ্ডী: পুরাণের ত্রিকালদর্শী কাক। বি। তৎসম। বানান: ভ্ + ঊ + শ্ + অ + ণ্ + ড্ + ই, ঈ। বি.দ্র.: ভ্ + ঊ = ভূ, ণ্ + ড্ + ই [ঈ] = ণ্ডি [ণ্ডী]। 'ড'-এর আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

ভূশয্যা: মাটি-রূপ বিছানা। বি। তৎসম। ভূ + শয্যা [শী + য (যৎ) + আ]। ৬।১ ভূ-র [মাটির] শয্যা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + ঊ + শ্ + অ + য্ + য্ + আ। বি.দ্র.: ভ্ + ঊ = ভূ, য্ + য্ + আ = য্যা।

ভূষণ্ডি: পুরাণের ত্রিকালদর্শী কাক। বি। তৎসম। বানান: ভ্ + ঊ + ষ্ + অ + ণ্ + ড্ + ই। বি.দ্র.: ভ্ + ঊ = ভূ, ণ্ + ড্ + ই = ণ্ডি। 'ঊ'-র পর 'ষ' হয়েছে। 'ড'-এর আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

ভূষণ: গয়না, সাজ। বি। তৎসম। ভূষ্ + অন। ৬।১ বানান: ভ্ + ঊ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ঊ'-র পর 'ষ' হয়েছে এবং 'ষ'-এর পর 'ণ' ণত্ব-বিধান সম্মত।

ভূষা: গয়না, সাজ। বি। তৎসম। ভূষ্ + অ + আ। ৬।১ বানান: ভ্ + ঊ + ষ্ + আ। বি.দ্র.: 'ঊ'-র পর 'ষ' হয়েছে।

ভূষিত: সজ্জিত। বিণ। তৎসম। ভূষ্ + ত। ৬।১ বানান: ভ্ + ঊ + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ = ভূ, ষ্ + ই = ষি, ঊ-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

ভূষিতা: সজ্জিতা। বিণ। তৎসম। ভূষিত ['ভূষিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ভ্ + ঊ + ষ্ +ই + ত্ + আ। বি.দ্র.: ভ্ + ঊ = ভূ, ষ্ + ই = ষি। 'ঊ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

ভূসম্পত্তি: জমিজমা। বি। তৎসম। ভূ + সম্পত্তি [সম্ + পদ্ + তি]। ৬।১ ভূ-মূলক সম্পত্তি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + ঊ + স্ + অ + ম্ + প্ + অ + ত্ + ত্ + ই। বি.দ্র.: ভ্ + ঊ = ভূ, ম্ + প্ + অ = ম্প, ত্ + ত্ + ই = ত্তি।

ভূস্বর্গ: কাশ্মীর। বি। তৎসম। ভূ + স্বর্গ [সু (সুখ) + অর্জ্ (পাওয়া) + অ]। ৬।১ ভূ [পৃথিবী] + স্বর্গ [সুখ পাওয়া যায় যেখানে]। ভূ [পৃথিবী] রূপ স্বর্গ = রূপক-কর্মধা। ৩।২ বানান: ভ্ + ঊ + স্ + ব্ + অ + র্ + গ্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ = ভূ। স্ + ব্ + অ = স্ব, র্ + গ্ + অ = র্গ।

ভূস্বামী: জমিদার। বি। তৎসম। ভূ + স্বামী [স্বামিন্]। বানান: ভ্ + ঊ + স্ + ব্ + আ + ম্ + ঈ। বি.দ্র.: ভ্ + ঊ = ভূ, স্

+ ব্ + অ = ম্বা, ম্ + ঈ = মী।

ভৃগু : পর্বতের ওপরের সমতল স্থান, পর্বতের ঢালু অংশ, জমদগ্নি। বি। তৎসম। ভ্রস্‌জ্ + উ। ৬।১ বানান: ভ্ + ঋ + গ্ + উ। বি.দ্র.: ভ্ + ঋ = ভৃ, গ্ + উ = গু।

ভৃগুপদ : বিষ্ণুর বক্ষে ভৃগুমুনির পদাঘাতের চিহ্ন। বি। তৎসম। ভৃগু ['ভৃগু' দ্রষ্টব্য] + পদ [পদ্ + অ]। ৬।১ ভৃগুর পদ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + ঋ + গ্ + উ + প্ + অ + দ্ + অ। বি.দ্র.: ভ্ + ঋ = ভৃ, গ্ + উ = গু।

ভৃগুবার : শুক্রবার। বি। তৎসম। ভৃগু ['ভৃগু' দ্রষ্টব্য] + বার [বারি + অ]। ৬।১ বানান: ভ্ + ঋ + গ্ + উ + ব্ + আ + র্ + অ। বি.দ্র.: ভ্ + ঋ = ভৃ, গ্ + উ = গু।

ভৃঙ্গ : ভ্রমর, ফিঙাপাখি। বি। তৎসম। ভৃ + [ন্] + গ। ৬।১ বানান: ভ্ + ঋ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ভ্ + ঋ = ভৃ, ঙ্ + গ্ + অ = ঙ্গ।

ভৃঙ্গরাজ : কেশবর্ধক ওষধি। বি। তৎসম। ভৃঙ্গ ['ভৃঙ্গ' দ্রষ্টব্য] + রাজ [রাজন্]। ভৃঙ্গের রাজা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + ঋ + ঙ্ + গ্ + অ + র্ + আ + জ্ + অ। বি.দ্র.: ভ্ + ঋ = ভৃ, ঙ্ +গ্ + অ = ঙ্গ।

ভৃঙ্গরোল : ভিমরুল। বি। তৎসম। ভৃঙ্গ ['ভৃঙ্গ' দ্রষ্টব্য] + রোল [অব্যক্ত শব্দ]। রোল [অব্যক্ত শব্দ] করে যে ভৃঙ্গ। বানান: ভ্ + ঋ + ঙ্ + গ্ + অ + র্ + ও + ল্ + অ। বি.দ্র.: ভ্ + ঋ = ভৃ, ঙ্ + গ্ + অ = ঙ্গ।

ভৃঙ্গার : গাড়ু, ঝারি। বি। তৎসম। ভৃ [+ ঙ্গ] + আর। ৬।১ বানান: ভ্ +ঋ + ঙ্ + গ্ + আ + র্ + অ। বি.দ্র.: ভ্ + ঋ = ভৃ, ঙ্ + গ্ + আ = ঙ্গা।

ভৃঙ্গারিকা : ঝিঁঝিঁপোকা। বি। তৎসম। ভৃঙ্গার + ইক + আ। ৬।১ বানান: ভ্ +ঋ + ঙ্ + গ্ + আ + র্ + ই + ক্ + আ। বি.দ্র.: ভ্ + ঋ = ভৃ, ঙ্ + গ্ + আ = ঙ্গা, র্ + ই = রি।

ভৃঙ্গি, ভৃঙ্গী : শিবানুচর। বি। তৎসম। ভৃঙ্গ [ভৃ (<ন্) + গ] + ই [ঈ]। ৬।২ বানান: ভ্ + ঋ + ঙ্ + গ্ + ই, ঈ। বি.দ্র.: ঙ্গ + ই এবং ঙ্গ + ঈ–উভয় বানানই শুদ্ধ।

ভৃত : পালিত। বিণ। তৎসম। ভৃ [পালন করা] + ত। ৬।১ পরের দ্বারা ভৃত [পালিত] = পরভৃত। বানান: ভ্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: ভ্ + ঋ।

ভৃতি : বেতন। বি। তৎসম। ভৃ [পালন বা রক্ষা করা] + তি। ৬।১ বানান: ভ্ + ঋ + ত্ + ই। বি.দ্র.: ভ্ + ঋ = ভৃ।

ভৃত্য : চাকর। বি। তৎসম। ভৃ [পালন বা রক্ষা করা] + য [যৎ]। ৬।১ যাকে পালন করা উচিত। বানান: ভ্ + ঋ + ত্ + য্ + অ। বি.দ্র.: ভ্ + ঋ = ভৃ, ত্ + য্ + অ = ত্য।

ভৃষ্ট : যা ভাজা হয়েছে। বিণ। তৎসম। ভ্রস্‌জ্ [ভাজা] + ত। ৬।১ বানান: ভ্ + ঋ + ষ্ + ট্ + অ। বি.দ্র.: ভ্ + ঋ = ভৃ, ষ্ + ট্ + অ = ষ্ট, ষ্ + ত = ষ্ + ট = ষ্ট।

ভেউ ভেউ : আকুল কান্নার ধ্বনি। অব্য। দেশী।

ভেংচান, ভেংচানো : বিকৃত মুখভঙ্গি করা। ক্রি। দেশী। বানান: ভ্ + এ + ং + চ্ + আ + ন্ + অ [ও]।

ভেংচি, ভেঙচি: বিকৃত মুখভঙ্গি। বি। দেশী। বানান: ভ্ + এ + ং [ঙ] + চ্ + ই।

ভেঁপু : তূরীর মতো এক রকমের বাঁশি। বি। দেশী। বানান: ভঁ + এ + প্ + উ।

ভেক : ব্যাঙ। বি। তৎসম। ভী + ক। ৬।১ বানান: ভ্ + এ + ক্ + অ।

ভেক : বৈরাগীর বেশ। বি। তদ্ভব। <প্রা. ভেখ্ <সং. ভৈক্ষ্য। বানান: ভ্ + এ + ক্ + অ।

ভেঙান, ভেঙানো : ভেংচানো। ক্রি। দেশী। বানান:

ভ্ + এ + ঙ্ + আ + ন্ + অ [ও]।

ভেজান, ভেজানো : কপাট, পাল্লা ইত্যাদি খিল না দিয়ে জোড়া লাগানো। ক্রি। তদ্ভব। ভেজ্ <ভিজ্ <ভিজ্জ <সং. ভিদ্] + বাং. আন, আনো। ৬।৩ বানান : ভ্ + এ + জ্ + আ + ন্ + অ [ও]।

ভেজাল : উৎকৃষ্ট পদার্থের সঙ্গে নিকৃষ্ট দ্রব্যমিশ্রণ, বিশৃঙ্খলা। বি. বিণ। দেশী। বানান : ভ্ + এ + জ্ + আ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভেট : নজরানা, সাক্ষাৎ। বি। বিদেশী। <হি. বাংলা বানান : ভ্ + এ + ট্। বি.দ্র. : শব্দান্তের 'ট্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভেটকি : মাছ। বি। তদ্ভব। <ভেটক < বেকট [বর্ণ-বিপর্যয়] + বাং. ই। ৬।২ বানান : ভ্ + এ + ট্ + ক্ + ই। বি.দ্র. : 'ট্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভেটেরাখানা : হট্টগোলের জায়গা। বি। বিদেশী। হি. ভেটেরা [<ভাটিয়ারা] + ফা. খানা। বানান : ভ্ + এ + ট্ + এ + র্ + আ + খ্ + আ + ন্ + আ।

ভেড়া : মেষ। বি। তদ্ভব। [<সং. ভেড়, ভেড়ক [ভী+ড্+অ, অক]। বানান : ভ্ + এ + ড়্ + আ।

ভেড়াকান্ত : বোকার সেরা। বিণ। মিশ্র [তদ্ভব + তৎসম]। ভেড়া ['ভেড়া' দ্রষ্টব্য] + কান্ত [কম্ + ত]। ৬।১ ভেড়াদের কান্ত [সেরা] = সম্বন্ধতৎ। ৬।৩

ভেড়ি : জল আটকাবার বাঁধ [মাছের ভেড়ি]। বি। দেশী। বানান : ভ্ + এ + ড়্ + ই।

ভেড়ী : স্ত্রী-মেষ। বি। তদ্ভব। ভেড়া ['ভেড়া' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ভ্ + এ + ড়্ + ঈ।

ভেড়ুয়া : ভেড়ার মতো কাপুরুষ। বিণ। তদ্ভব। ভেড়া [ভেড়] + বাং. উয়া। ৬।৩ বানান : ভ্ + এ + ড়্ + উ + য়্ + আ।

ভেড়ে : ভেড়ার মতো অপদার্থ। বিণ। তদ্ভব। ভেড়া [ভেড়] + বাং. এ। ৬।৩ বানান : ভ্ + এ + ড়্ + এ।

ভেড়ো : ভেড়ার মতো কাপুরুষ। বিণ। তদ্ভব। <ভেড়ুয়া ['ভেড়ুয়া' দ্রষ্টব্য] । বানান : ভ্ + এ + ড়্ + ও।

ভেন্ডার : পণ্যবিক্রেতা। বি। বিদেশী। <ইং. vendor. বাংলা বানান : ভ্ + এ + ন্ + ড্ + আ + র্। বি.দ্র. : বিদেশী শব্দ বলে 'ণ' না হয়ে 'ন' হয়েছে। 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভেদ : পার্থক্য, বিদারণ। বি। তৎসম। ভিদ্ + অ। ৬।১ বানান : ভ্ + এ + দ্ + অ।

ভেদজ্ঞান : পার্থক্যবোধ। বি। তৎসম। ভেদ [ভিদ্ + অ] + জ্ঞান [জ্ঞা + অন]। ৬।১ ভেদের [পার্থক্যের] জ্ঞান = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + এ + দ্ + অ + জ্ + ঞ + আ + ন্ + অ।

ভেদনীয় : ভেদনযোগ্য। ভেদনসাধ্য। বিণ। তৎসম। ভিদ্ + অনীয়। ৬।১ ভেদনের যোগ্য। বানান : ভ্ + এ + দ্ + অ + ন্ + ঈ + য়্ + অ।

ভেদবুদ্ধি : পার্থক্যবোধ। বি। তৎসম। ভেদ [ভিদ্ + অ] + বুদ্ধি [বুধ্ + তি]। ৬।১ ভেদের বুদ্ধি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + এ + দ্ + অ + ব্ + উ + দ্ + ধ্ + ই। বি.দ্র. : দ্ + ধ্ + ই = দ্ধি।

ভেদাভেদ : ভিন্নাভিন্ন বৈষম্য জ্ঞান। বি। তৎসম। ভেদ [ভিদ্ + অ] + অভেদ [নঞ্ + ভিদ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [দা]। ২।১।ক ভেদ ও অভেদ = দ্বন্দ্ব। ৩।৪ বানান : ভ্ + এ + দ্ + আ + ভ্ + এ + দ্ + অ।

ভেদী : ভেদকর। বিণ। তৎসম। ভিদ্ + ইন্ [ঈ]।

৬।১ যা ভেদ করে [যেমন : মর্মভেদী]। বানান : ভ্ + এ + দ্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ভেদ্য : ভেদনযোগ্য, ভেদনসাধ্য। বিণ। তৎসম। ভিদ্ + য [যৎ]। ৬।১ যা ভেদনের যোগ্য। বানান : ভ্ + এ + দ্ + য্ + অ। বি.দ্র. : দ্ + য্ + অ = দ্য।

ভেবা : হাঁদা। বিণ। দেশী। বানান : ভ্ + এ + ব্ + আ।

ভেবাচ্যাকা : হতবুদ্ধি অবস্থা। বি। দেশী। বানান : ভ্ + এ + ব্ + আ + চ্ + য্ + আ + ক্ + আ। বি.দ্র. : চ্ + য্ + আ = চ্যা।

ভেরি, ভেরী : ঢাক। বি। তৎসম। ভী + র্ + ই, ঈ। ৬।১ যা ভয় পাওয়ায় বা যাতে ভয় আছে। বানান : ভ্ + এ + র্ + ই, ঈ। বি.দ্র. : র্ + ই এবং র্ + ঈ— উভয় বানানই শুদ্ধ।

ভেরেণ্ডা : রেড়িগাছ। বি। তদ্ভব। <সং. এরণ্ড। বানান : ভ্ + এ + র্ + এ + ণ্ + ড্ + আ। বি.দ্র. : যেহেতু তদ্ভব শব্দ, তাই ণ্ + ড্ + আ = ণ্ডা হয়েছে।

ভেল : ভেজাল। বিণ। দেশী। বানান : ভ্ + এ + ল্। বি.দ্র. : শব্দান্তের ল্-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভেলকি, ভেল্কি : ধোঁকা। বি। দেশী। বানান : ভ্ + এ + ল্ + ক্ + ই। বি.দ্র. : ল্ + ক্ + ই = ল্কি। অযুক্তাক্ষর 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভেলা : কাঠ ইত্যাদি দিয়ে তৈরী কলাগাছের ভাসমান তরী। বি। তদ্ভব। <সং. ভেল, ভেলক। বানান : ভ্ + এ + ল্ + আ।

ভেলি : গুড়। বি। বিদেশী। <হি. ভেলী। বাংলা বানান : ভ্ + এ + ল্ + ই।

ভেষজ : ঔষধ। বি। তৎসম। ভেষ্ [অসুখ] + জি [জয় করা] + অ। ৬।১ যা অসুখকে জয় করে বা সারায়। বানান : ভ্ + এ + ষ্ + অ + জ্ + অ। বি.দ্র. : 'এ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

ভেস্তান, ভেস্তানো : নষ্ট হওয়া। ক্রি। তদ্ভব। ভেস্ত [<সং. ভ্রষ্ট] + বাং. আন, আনো। ৬।৩ বানান : ভ্ + এ + স্ + ত্ + আ + ন্ + অ, ও। বি.দ্র. : স্ + ত্ + আ = স্তা। তদ্ভব শব্দ বলে 'এ'-র পর 'স্' হয়েছে।

ভৈক্ষ, ভৈক্ষ্য : ভিক্ষালব্ধ। বি, বিণ। তৎসম। ভিক্ষা + অ, য। বানান : ভ্ + ঐ + ক্ + ষ্ + য্ + অ। বি.দ্র. : ভ্ + ঐ = ভৈ, ক্ + ষ্ + অ = ক্ষ, ক্ + ষ্ + য্ + অ = ক্ষ্য।

ভৈরব : শিবের রুদ্রমূর্তি। বি। তৎসম। ভীরু + অ। ৬।১ ভীরুরা যাঁর থেকে ভয় পায়। বানান : ভ্ + ঐ + র্ + অ + ব্ + অ।

ভৈরবী : দশ মহাবিদ্যার অন্যতম মূর্তি, শৈব সন্ন্যাসিনী, সঙ্গীতের রাগিণী। বি। তৎসম। ভৈরব ['ভৈরব' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। বানান : ভ্ + ঐ + র্ + অ + ব্ + ঈ। বি.দ্র. : ভ্ + ঐ = ভৈ।

ভৈরবীচক্র : যে 'চক্রের' মধ্যে বসে তান্ত্রিক সাধকেরা পঞ্চ ম-কার সাধনা করে। বি। তৎসম। ভৈরবী ['ভৈরবী' দ্রষ্টব্য] + চক্র [ক্+অ]। ৬।১ ভৈরবীর চক্র = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + ঐ + র্ + অ + ব্ + ঈ + চ্ + অ + ক্ + র্ + অ। বি.দ্র. : ভ্ + ঐ = ভৈ, ক্ + র্ + অ = ক্র।

ভৈষজ : ঔষধ [ভেষজ + (স্বার্থে) য, অ]। বি। তৎসম। ভেষজ্ ['ভেষজ' দ্রষ্টব্য] + অ। ৬।২ বানান : ভ্ + ঐ + ষ্ + অ + জ্ + অ। বি.দ্র. : ভ্ + ঐ = ভৈ।

ভোঁ : দ্রুতধাবন, কারখানা প্রভৃতির বাঁশি। অব্য। দেশী। বানান : ভ্ঁ + ও।

ভোঁতা : ধারহীন। বিণ। বিদেশী।<হি. ভোংতরা। বাংলা বানান : ভ্ঁ + ও + ত্ + আ।

ভোঁদড়: উদ্‌বিড়াল। বি। তদ্ভব। <সং. উদ্র। বানান: ভ্‌ঁ + ও + দ্‌ + অ + ড্‌ + অ।

ভোঁদা: বোকাটে। বিণ। দেশী। বানান: ভ্‌ঁ + ও + দ্‌ + আ।

ভোঁস: গম্ভীর ফোঁস আওয়াজ। অব্যয়। দেশী। বানান: ভ্‌ঁ + ও + স্‌। শব্দান্তের 'স'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভোকছানি: ক্ষুধাজনিত শারীরিক অবসাদ। বি। বিদেশী। ভোক [<হি, ভোক, ভুখ্‌] + ছানি [<হি. সানী]। বাংলা বানান: ভ্‌ + ও + ক্‌ + ছ্‌ + আ + ন্‌ + ই। বি.দ্র.: ক্‌-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভোক্তব্য: ভক্ষণীয়। বিণ। তৎসম। ভুজ্‌ + তব্য। ৬।১ বানান: ভ্‌ + ও + ক্‌ + ত্‌ + অ + ব্‌ + য্‌ + অ। বি.দ্র.: ক্‌ + ত্‌ + অ = ক্ত। ব্‌ + য্‌ + অ =ব্য।

ভোক্তা: ভোজনকারী, উপভোগকারী। বিণ। তৎসম। ভুজ্‌ + তা [তৃ<তৃচ্‌]। ৬।১ বানান: ভ্‌ + ও + ক্‌ + ত্‌ + আ। বি.দ্র.: ক্‌ + ত্‌ + আ = ক্তা।

ভোক্ত্রী: ভোজনকারিণী, উপভোগকারিণী। বিণ। তৎসম। ভোক্তা ['ভোক্তা' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।ছ বানান: ভ্‌ + ও + ক্‌ + ত্‌ + র্‌ + ঈ। বি.দ্র.: ক্‌ + ত্‌ + র্‌ + ঈ = ক্ত্রী।

ভোগ: সুখদুঃখাদির অনুভূতি। বি। তৎসম। ভুজ্‌ + অ। ৬।১ বানান: ভ্‌ + ও + গ্‌ + অ।

ভোগতৃষ্ণা: উপভোগ করার প্রবল ইচ্ছা। বি। তৎসম। ভোগ [ভুজ্‌ + অ] + তৃষ্ণা [তৃষ্‌ + ক্বিপ্‌ + আ বা ন + আ]। ৬।১ ভোগের তৃষ্ণা [আকাঙ্ক্ষা] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্‌ + ও + গ্‌ + অ + ত্‌ + ঋ + ষ্‌ + ণ্‌ + আ। বি.দ্র.: ষ্‌ + ণ্‌ + আ = ষ্ণা। 'ষ্‌'-এর পর 'ণ' হয়েছে। ২।১।খ

ভোগপিপাসা: উপভোগ করার প্রবল ইচ্ছা। বি। তৎসম। ভোগ [ভুজ্‌ + অ] + পিপাসা [পা + সন্‌ (ইচ্ছার্থে) + অ + আ]। ৬।১ ভোগের পিপাসা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্‌ + ও + গ্‌ + অ + প্‌ + ই + প্‌ + আ + স্‌ + আ।

ভোগবতী: পাতালস্থ গঙ্গা। বি। তৎসম। ভোগ ['ভোগ' দ্রষ্টব্য] + বৎ [বতুপ্‌] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।২।ঝ বানান: ভ্‌ + ও + গ্‌ + অ + ব্‌ + অ + ত্‌ + ঈ।

ভোগবিলাস: ধনৈশ্বর্য ভোগ। বি। তৎসম। ভোগ ['ভোগ' দ্রষ্টব্য] + বিলাস [বি + লস্‌ + অ]। ৬।১ ভোগের বিলাস = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্‌ + ও + গ্‌ + অ + ব্‌ + ই + ল্‌ + আ + স্‌ + অ।

ভোগা: সহ্য করা। ক্রি। তদ্ভব। ভোগা <ভুগা [ভুগ্‌ (<সং. ভুজ্‌) + বাং. আ। ৬।৩ বানান: ভ্‌ + ও + গ্‌ + আ।

ভোগান: সহ্য করানো। ক্রি। তদ্ভব। ভোগা <ভুগা [ভুগ্‌ (<সং. ভুজ্‌)] + বাং. আন। ৬।৩ বানান: ভ্‌ + ও + গ্‌ + আ + ন্‌ + অ।

ভোগানে: যে ভোগায়। বিণ। তদ্ভব। ভোগান ['ভোগান' দ্রষ্টব্য] + বাং. এ। ৬।৩ বানান: ভ্‌ + ও + গ্‌ + আ + ন্‌ + এ।

ভোগানো: সহ্য করানো। ক্রি। তদ্ভব। ভোগ <ভুগ [ভুগ্‌ (<সং. ভুজ্‌)] + বাং. আনো। ৬।৩ বানান: ভ্‌ + ও + গ্‌ + আ + ন্‌ + ও।

ভোগায়তন: ভোগের আধার। বি। তৎসম। ভোগ ['ভোগ' দ্রষ্টব্য] + আয়তন [আ + যত্‌ + অন]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [গা]। ২।১।খ ভোগের আয়তন= সম্বন্ধতৎ। ৩।৩

ভোগার্হ: উপভোগের যোগ্য। বিণ। তৎসম। ভোগ ['ভোগ' দ্রষ্টব্য] + অর্হ [অর্হ্‌ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [গা]। ২।১।ক ভোগের অর্হ [যোগ্য] = সম্বন্ধ তৎ। ৩।৩ বানান: ভ্‌ + ও + গ্‌ + আ + র্‌ + হ্‌ + অ। বি.দ্র.:

র্ + হ্ + অ = র্হ।

ভোগাসক্ত : ভোগবিলাসে আসক্ত। বিণ। তৎসম। ভোগ ['ভোগ' দ্রষ্টব্য] + আসক্ত [আ + সন্জ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [গা]। ২।১।খ ভোগে আসক্ত = অধিকরণতৎ। ৩।৩ বানান: ভ্ + ও + গ্ + আ + স্ + অ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত।

ভোগাসক্তি : ভোগবিলাসের প্রতি আসক্তি। বি। তৎসম। ভোগ ['ভোগ' দ্রষ্টব্য] + আসক্তি [আ + সন্জ্ + তি] ৬।১ [সন্ধি] অ + আ = আ [গা]। ২।১।খ ভোগে আসক্তি = অধিকরণ-তৎ। ৩।৩ বানান: ভ্ + ও+ গ্ + আ + স্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + ই = ক্তি।

ভোগী: ভোগকর্তা। বিণ। তৎসম। ভুজ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান: ভ্ + ও + গ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত,তাই 'ঈ'-কারান্ত।

ভোগ্য: উপভোগের যোগ্য। বিণ। তৎসম। ভুজ্ + য [ণ্যৎ]। ৬।১ বানান: ভ্ + ও + গ্ + য্ + অ। বি.দ্র.: গ্ + য্ + অ = গ্য।

ভোগ্যা: ভোগের যোগ্যা। বিণ। তৎসম। ভোগ্য [ভোগ্য' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ভ্ + ও + গ্ + য্ + আ। বি.দ্র.: গ্ + য্ + আ = গ্যা।

ভোজ : সম্মিলিতভাবে ভোজন, ভোজপুর, প্রাচীন মালবের রাজা। বি। তৎসম। ভুজ্ + অ। ৬।১ বানান: ভ্ + ও + জ্ + অ।

ভোজবাজি, ভোজবাজী : জাদুর খেলা। বি.। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. ভোজ [ভুজ্ + অ] + ফা. বাজী, বাজি। [<ফা. বাজী]। বানান: ভ্ + ও + জ্ + অ + ব্ + আ + জ্ + ই, ঈ।

ভোজবিদ্যা : ইন্দ্রজাল। বি। তৎসম। ভোজ ['ভোজ' দ্রষ্টব্য] + বিদ্যা [বিদ্ + য্ + আ]। ৬।১ ভোজ-আচরিত বিদ্যা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + ও + জ্ + অ + ব্ + ই + দ্ + য্ + আ। বি.দ্র.: দ্ + য্ + আ = দ্যা।

ভোজন : আহার। বি। তৎসম। ভুজ্ + অন। ৬।১ বানান: ভ্ + ও + জ্ + অ + ন্ + অ।

ভোজনপটু : অধিক ভোজনে সমর্থ।বি। তৎসম। ভোজন ['ভোজন' দ্রষ্টব্য] + পটু [পট্ + উ] ৬।১ ভোজনে পটু = অধিকরণতৎ। ৩।৩ বানান: ভ্ +ও + জ্ + অ+ ন্ + অ + প্ + অ + ট্ + উ।

ভোজনপাত্র : খাবার থালা। বি। তৎসম। ভোজন ['ভোজন' দ্রষ্টব্য] + পাত্র [পা + ত্র]। ৬।১ ভোজনের নিমিত্ত পাত্র= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + ও + জ্ + অ + ন্ + অ + প্ + আ + ত্ + র্ + অ।

ভোজনশালা : খাবার ঘর। বি। তৎসম। ভোজন ['ভোজন' দ্রষ্টব্য] + শাল [শল্ (গমন করা) + অ + আ]। ৬।১ ভোজনের নিমিত্ত শালা [আলয়] = মধ্যপ-কর্মধা। ৩।৩ বানান: ভ্ + ও + জ্ + অ + ন্ + অ + শ্ + আ + ল্ + আ।

ভোজপুরী : ভোজপুরে জাত। বিণ। তৎসম। ভোজপুর + ঈ। ৬।২ বানান: ভ্ + ও + জ্ + অ + প্ + উ + র্ + ঈ।

ভোজালি : নেপালীদের বড় ছোরা। বি। তদ্ভব। <সং. ভুজপাল বা ভুজবাল। বানান: ভ্ + ও + জ্ + আ + ল্ + ই।

ভোজী : ভোজনকারী। বিণ। তৎসম। ভুজ্ + ইন [স্ত্রী]। ৬।১ বানান: ভ্ + ও + জ্ + ঈ।

ভোজ্য : ভোজনযোগ্য। বিণ। তৎসম। ভুজ্ + য [যৎ]। ৬।১ বানান: ভ্ + ও + জ্ + য্ + অ। বি.দ্র.: জ্ + য্ + অ = জ্য।

ভোট : ভুটানদেশীয়, নির্বাচনসূচক মত। বি। বিদেশী। <ইং. vote. বাংলা বানান: ভ্ + ও

+ ট্ + অ। বি.দ্র. : শব্দান্তের 'ট'-এর হসন্ত চিহ্ন নিষ্প্রয়োজন।

ভোটার : ভোটদাতা। বি। বিদেশী। <ইং. voter. বাংলা বানান : ভ্ + ও + ট্ + আ + র্। বি.দ্র. : শব্দান্তের 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভোম : চুর [নেশায়]। বিণ। দেশী। বানান : ভ্ + ও + ম্ । বি.দ্র. : শব্দান্তের 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভোমর : তুরপুন [drill], ভ্রমর। বি। তদ্ভব। <সং. ভ্রমরক। বানান : ভ্ + ও + ম্ + অ + র্ + অ।

ভোর : বিভোর, উষা। বি। বিদেশী। <হি. ভোর্। বাংলা বানান : ভ্ + ও + র্। শব্দান্তের 'র্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভোরাই : ভোরবেলার গান। বি। বিণ। মিশ্র [বিদেশী + বাংলা] + ভোর [<হি. ভোর্] + বাং. আই। ৬।৩ বানান : ভ্ + ও + র্ + আ + ই।

ভোল : বেশ। বি। দেশী। 'ভেল' শব্দের বিকৃত উচ্চারণ। বানান : ভ্ + ও + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভোলা : বিস্মরণশীল। বিণ। তদ্ভব। ভোল [<সং. হ্বল্ + অ] + বাং. আ। ৬।৩

ভোলানাথ : শিব। বি। মিশ্র [তদ্ভব + তৎসম]। তদ্ভব ভোলা ['ভোলা' দ্রষ্টব্য] + নাথ [নাথ্ + অ]। ৬।১ ভোলা [বিহ্বল] যে নাথ = কর্মধা। ৩।২ বানান : ভ্ + ও + ল্ + আ + ন্ + আ + থ্ + অ।

ভৌগোলিক : ভূগোলসম্বন্ধীয় [সং. ভূগোল + ইক]। বিণ। তৎসম। ভূগোল ['ভূগোল' দ্রষ্টব্য] + ইক। ৬।২ বানান : ভ্ + ঔ + গ্ + ও + ল্ + ই + ক্ + অ। বি.দ্র. : ভ্ + ঔ = ভৌ, গ্ + ও = গো।

ভৌত : পদার্থের মূল উপাদান সম্বন্ধীয়। বিণ। তৎসম। ভূত ['ভূত' দ্রষ্টব্য] + অ।৬।২ বানান : ভ্ + ঔ = ভৌ।

ভৌতিক : ভুতুড়ে। বিণ। তৎসম। ভূত ['ভূত' দ্রষ্টব্য] + ইক। ৬।২ বানান : ভ্ + ঔ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র. : ভ্ + ঔ = ভৌ।

ভৌম : ভূমিপুত্র, মঙ্গলগ্রহ। বি। তৎসম। ভূমি ['ভূমি' দ্রষ্টব্য] + অ। ৬।২ বানান : ভ্ + ঔ + ম্ + অ। বি.দ্র. : ভ্ + ঔ = ভৌ।

ভৌমবার : মঙ্গলবার। বি। তৎসম। ভৌম ['ভৌম' দ্রষ্টব্য] + বার [বৃ+অ]। ৬।১ ভৌম নামক বার = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ভ্ + ঔ + ম্ + অ + ব্ + আ + র্ + অ। বি.দ্র. : ভ্ + ঔ = ভৌ।

ভৌমবাসর : মঙ্গলবার। বি। তৎসম। ভৌম ['ভৌম' দ্রষ্টব্য] + বাসর [বাস (বস্ + অ) + র]। ৬।১, ৬।২ ভৌম নামক বাসর = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ভ্ + ঔ + ম্ + অ + ব্ + আ + স্ + অ + র্ + অ। বি.দ্র. : ভ্ + ঔ ভৌ।

ভৌমিক : ভূস্বামী। বি। তৎসম। ভূমি ['ভূমি' দ্রষ্টব্য] + ইক। ৬।২ বানান : ভ্ + ঔ + ম্ + ই + ক্ + অ। বি.দ্র. : ভ্ + ঔ = ভৌ, ম্ + ই = মি।

ভ্রমণ : পর্যটন। বি। তৎসম। ভ্রম্ + অন। ৬।১ বানান : ভ্ + র্ + অ + ম্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ভ্ + র্ + অ = ভ্র। 'র্' ও 'ন্'-এর মধ্যে অ, ম, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ভৌমী : সীতা। বি। তৎসম। ভৌম ['ভূমি + অ] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ ভূমি থেকে জাতা [সীতা]। বানান : ভ্ + ঔ + ম্ + ঈ। বি.দ্র. : ভ্ + ঔ = ভৌ, ম্ + ঈ = মী।

ভ্যা : ছাগল-ভেড়ার ডাক। শিশুদের কান্নায় ধ্বনি। অব্য। দেশী। ধ্বন্যাত্মক শব্দ। বানান : ভ্ + য্ + আ।

ভ্যানভ্যান : একটানা বিরক্তিকর গুঞ্জন। অব্য।

দেশী। ধ্বন্যাত্মক শব্দ। বানান: ভ্ + য্ + আ + ন্ + ভ্ + য্ + আ + ন্। বি.দ্র.: 'ন'-দ্বয়ের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভ্যানরভ্যানর: একটানা বিরক্তিকর গুঞ্জন। অব্য। দেশী। ধ্বন্যাত্মক শব্দ। বানান: ভ্ + য্ + আ + ন্ + অ + র্ + ভ্ + য্ + আ + ন্ + অ + র্। 'র'-দ্বয়ের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ভ্রংশ: নাশ। বি। তৎসম। ভ্রন্‌শ্ + অ। ৬।১ বানান: ভ্ + র্ + অ + ং + শ্ + অ।

ভ্রম: ভুল। বি। তৎসম। ভ্রম্ + অ। ৬।১ বানান: ভ্ + র্ + অ + ম্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + অ = ভ্র।

ভ্রমনিরসন: ভুল সংশোধন। বি। তৎসম। ভ্রম [ভ্রম্ + অ] + নিরসন [নিঃ + অসন [অস্ + অন]। ৬।১ [সন্ধি] নিঃ + অ = নির [নিরসন]। ২।৩৮ ভ্রমের নিরসন [অপসারণ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + অ + ম্ + ন্ + ই + র্ + অ + স্ + অ + ন্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + অ = ভ্র। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'স' থাকায় 'ন' 'ন'-ই থেকেছে। ৪।১।গ

ভ্রমবশত: ভুল করে। ক্রি-বিণ। তৎসম। ভ্রম [ভ্রম্ + অ] + বশতঃ [বশ (বশ্ + অ) + তস্ [:]। ৬।১, ৬।২ ভ্রমের বশ = সম্বন্ধতৎ। ৩।৩ [+ তঃ = থেকে] বানান: ভ্ + র্ + অ + ম্ + অ + ব্ + অ + শ্ + অ + ত্ + অ + ঃ। বি.দ্র.: ভ্ + র্ + অ = ভ্র।

ভ্রমণকারী: পর্যটক। বি। তৎসম। ভ্রমণ করে যে।

ভ্রমর, ভ্রমরা: মৌমাছি। বি৷ তৎসম। ভ্রম্ [ভ্রমণ করা] + অর, + আ। ৬।১ [ফুলে ফুলে] ভ্রমণ করে যে। বানান: ভ্ + র্ + অ + ম্ + অ + র্ + অ, আ। বি.দ্র.: ভ্ + র্ + অ = ভ্র।

ভ্রমরী: স্ত্রী-ভ্রমর। বি। তৎসম। ভ্রমর ['ভ্রমর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ভ্ + র্ + অ + ম্ + অ + র্ + ঈ। বি.দ্র.: ভ্ + র্ + অ = ভ্র, র্ + ঈ = রী।

ভ্রমসংকুল: ভুলে পূর্ণ। বিণ। তৎসম। ভ্রম [ভ্রম্ + অ] + সংকুল [সম্ + কুল (কুল্ + অ)] ৬।১ [সন্ধি] ম্ +কু = ংকু। ২।২৮ ভ্রমের দ্বারা সংকুল [পূর্ণ] = করণতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + অ + ম্ + অ + স্ + অ + ং + ক্ + উ + ল্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + অ = ভ্র।

ভ্রমসঙ্কুল: ভুলে পূর্ণ। বিণ। তৎসম। ভ্রম [ভ্রম্ + অ] + সঙ্কুল [সম্ + কুল্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + কু = ঙ্ + কু = ঙ্কু। ২।২৮ ভ্রমের দ্বারা সঙ্কুল [পূর্ণ] = করণতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + অ + ম্ + অ + স্ + অ + ঙ্ + ক্ + উ + ল্ + অ। বি.দ্র.: ভ্ +র্ + অ = ভ্র, ঙ্ + ক্ + উ = ঙ্কু।

ভ্রমাত্মক: ভ্রান্তিমূলক [সং. ভ্রম + আত্মন্ + ক]। বিণ। তৎসম। ভ্রম ['ভ্রম' দ্রষ্টব্য] + আত্ম [<আত্মন্] + ক। ৬।২ [সন্ধি] অ + আ = আ [মা]। ২।১।খ ভ্রমই আত্মা যার = বহুব্রী। ৩।৫ বানান: ভ্ +র্ + অ + ম্ + আ + ত্ + ম্ + অ + ক্ +অ। বি.দ্র.: ভ্ + র্ + অ =ভ্র, ত্ + ম্ + অ = ত্ম।

ভ্রমান্ধ: ভ্রান্তিহেতু যার বুদ্ধি আচ্ছন্ন [সং. ভ্রম + অন্ধ]। বিণ। তৎসম। ভ্রম ['ভ্রম' দ্রষ্টব্য] + অন্ধ [অন্ধ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [মা]। ২।১।খ ভ্রমের দ্বারা অন্ধ = করণতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + অ + ম্ + আ + ন্ + ধ্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + অ = ভ্র, ন্ + ধ্ + অ = ন্ধ।

ভ্রমি: ঘূর্ণাবর্ত। বি। তৎসম। ভ্রম্ + ই। ৬।১ বানান: ভ্ + র্ + অ + ম্ + ই। বি.দ্র.: ভ্ +র্ +অ = ভ্র।

ভ্রষ্ট: চ্যুত। বিণ। তৎসম। ভ্রন্‌শ্ + ত। ৬।১ বানান: ভ্ + র্ + অ + ষ্ + ট্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + অ = ভ্র, ষ্ + ট্ + অ = ষ্ট।

'ট'-এর আগে 'ষ্' এবং 'ষ্'-এর পরে 'ট্' হয়েছে। ৪।২।ঙ

ভ্রাতৃত্ব : ভাইয়ের ভাব। বি। তৎসম। ভ্রাতৃ [ভ্রাজ্ + তৃ]+ ত্ব। ৬।১, ৬।২ বানান: ভ্ + র্ + আ + ত্ + ঋ + ত্ + ব্ + অ। বি.দ্র: ভ্ + র্ + আ = ভ্রা, ত্ + ঋ = তৃ, ত্ + ব্ + অ = ত্ব।

ভ্রষ্টা : ব্যভিচারিণী। বিণ। তৎসম। ভ্রষ্ট [ভ্রন্‌শ্ + অ।] ৬।১ আ [স্ত্রী]। বানান: ভ্ + র্ + অ + ষ্ + ট্ + আ। বি.দ্র.: ভ্ + র্ +অ = ভ্র, ষ্ + ট্ + আ = ষ্টা। 'ট'-এর আগে 'ষ্' এবং 'ষ্' এর পরে 'ট্' হয়েছে। ৪।২।ঙ

ভ্রষ্টতা : ভ্রষ্টাচার। বি। তৎসম। ভ্রষ্ট ['ভ্রষ্ট' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ভ্ + র্ + অ + ষ্ + ট্ + অ + ত্ + আ। বি.দ্র.: ভ্ + র্ + অ = ভ্র, ষ্ + ট্ + অ = ষ্ট। 'ষ্'-এর পর 'ট্' হয়েছে। 'ট্'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ঙ

ভ্রাতা : ভাই। বি। তৎসম। ভ্রাজ্ + তা [<তৃচ্]। ৬।১ বানান: ভ্ + র্ + আ + ত্ + আ। বি.দ্র.: ভ্ + র্ + আ = ভ্রা।

ভ্রাতুষ্পুত্র : ভাইপো [সং. ভ্রাতুঃ + পুত্র]। বি। তৎসম। ভ্রাতুঃ ['ভ্রাতৃ' শব্দের সম্বন্ধ, একবচন] + পুত্র [পুৎ + ত্র]। ৬।১ [সন্ধি] উঃ + পু = উষ্পু। ২।৩৭ ভ্রাতার পুত্র = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + আ + ত্ + উ + ষ্ + প্ + উ + ত্ + র্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + আ = ভ্রা।

ভ্রাতুষ্পুত্রী : ভাইঝি। বি। তৎসম। ভ্রাতুষ্পুত্র ['ভ্রাতুষ্পুত্র' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। বানান: ভ্ + র্ + আ + ত্ + উ + ষ্ + প্ + উ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: ভ্ + র্ + আ = ভ্রা, ত্ + উ = তু, ষ্ + প্ + উ = ষ্পু, ত্ + র্ + ঈ = ত্রী।

ভ্রাতৃ : ভাই। বি। তৎসম। ভ্রাজ্ + তৃ [তৃচ্]। ৬।১ বানান: ভ্ + র্ + আ + ত্ + ঋ। বি.দ্র.: ভ্ + র্ + আ = ভ্রা, ত্ + ঋ = তৃ।

ভ্রাতৃজায়া : ভাইয়ের স্ত্রী। বি। তৎসম। ভ্রাতৃ ['ভ্রাতৃ' দ্রষ্টব্য] + জায়া [জন্ (জন্ম দেওয়া) + য (যৎ) + আ [স্ত্রী]। ৬।১ ভ্রাতার জায়া = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + আ = ভ্রা, ত্ + ঋ = তৃ।

ভ্রাতৃদ্বিতীয়া : ভাইফোঁটা। বি। তৎসম। ভ্রাতৃ ['ভ্রাতৃ' দ্রষ্টব্য] + দ্বিতীয়া [দ্বি + তীয় + আ (স্ত্রী)]]। ৬।২ভ্রাতার কল্যাণ কামনায় অনুষ্ঠিত দ্বিতীয়া = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ভ্ + র্ + আ + ত্ + ঋ + দ্ + ব্ + ই + ত্ + ঈ + য় + আ। বি.দ্র.: ভ্ + র্ + আ= ভ্রা, দ্ + ব্ + ই = দ্বি।

ভ্রাতৃপ্রেম : ভ্রাতার প্রতি ভালোবাসা। বি। তৎসম। ভ্রাতৃ ['ভ্রাতৃ' দ্রষ্টব্য] + প্রেম [প্রিয় + ইমন্] ৬।২ ভ্রাতার প্রেম = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + আ + ত্ + ঋ + প্ + র্ + এ + ম্ + অ।

ভ্রাতৃবধূ : ভাইয়ের স্ত্রী। বি। তৎসম। ভ্রাতৃ ['ভ্রাতৃ' দ্রষ্টব্য] + বধূ [বধ্ + ঊ]। ৬।১ ভ্রাতার বধূ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + আ + ত্ + ঋ + ব্ + অ + ধ্ + ঊ। বি.দ্র.: ভ্ + র্ + আ = ভ্রা, ত্ + ঋ = তৃ, ধ্ + ঊ = ধূ।

ভ্রাতৃভাব : ভাই-ভাই ভাব। বি। তৎসম। ভ্রাতৃ ['ভ্রাতৃ' দ্রষ্টব্য] + ভাব [ভূ + অ]। ৬।১ ভ্রাতার ভাব = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + আ + ত্ + ঋ + ভ্ + আ + ব্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + আ = ভ্রা, ত্ + ঋ = তৃ।

ভ্রাতৃস্নেহ : ভ্রাতার প্রতি ভালোবাসা। বি। তৎসম। ভ্রাতৃ ['ভ্রাতৃ' দ্রষ্টব্য] + স্নেহ [স্নিহ্ + অ]। ৬।১ ভ্রাতার স্নেহ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + আ = ভ্রা, ত্ +ঋ = তৃ, স্ + ন্ + এ = স্নে + হ্ + অ।

ভ্রাতৃতুল্যনীয় : ভ্রাতৃবৎ। বিণ। তৎসম। ভ্রাতৃ ['ভ্রাতৃ'

দ্রষ্টব্য] + স্থানীয় [স্থান + ঈয়]। ৬।২ ভ্রাতার স্থানীয় = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + আ + ত্ + ঋ + স্ + থ্ + আ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + আ = ভ্রা, স্ +থ্ + আ = স্থা।

ভ্রান্ত: ভ্রমযুক্ত। বিণ। তৎসম। ভ্রম্ + ত। ৬।১ বানান: ভ্ + র্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + আ = ভ্রা, ন্ +ত্ + অ = ন্ত।

ভ্রান্তি: ভ্রম। বি। তৎসম। ভ্রম্ + তি। ৬।১ বানান: ভ্ + র্ + আ + ন্ + ত্ + ই। বি.দ্র.: ভ্ + র্ + আ = ভ্রা, ন্ + ত্ + ই = ন্তি।

ভ্রান্তিবশতঃ: ভ্রমহেতু। ক্রি-বিণ। তৎসম। ভ্রান্তি ['ভ্রান্তি' দ্রষ্টব্য] + বশতঃ [বশ + তস্ (ঃ)]। ৬।২ ভ্রান্তির বশতঃ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + আ + ন্ + ত্ + ই + ব্ + অ + শ্ + অ + ত্ + অ + ঃ। বি.দ্র.: ভ্ + র্ + আ = ভ্রা, ন্ + ত্ +ই = ন্তি।

ভ্রান্তিমূলক: ভ্রমাত্মক। বিণ। তৎসম। ভ্রান্তি ['ভ্রান্তি' দ্রষ্টব্য] + মূল [মূল + ক]। ৬।২ ভ্রান্তিমূল যার = বহুব্রী। বানান: ভ্ + র্ + আ + ন্ + ত্ + ই + ম্ + ঊ + ল্ + অ + ক্ + অ।

ভ্রামর: ভ্রমরজাত। বিণ। তৎসম। ভ্রমর + অ। ৬।১ বানান: ভ্ + র্ + আ + ম্ + অ + র্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + আ= ভ্রা।

ভ্রামরী: ভ্রমরসম্বন্ধীয়, সুখের দিনের বন্ধুত্ব। বি। তৎসম। ভ্রমর ['ভ্রমর' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।১ বানান: ভ্ + র্ + আ + ম্ + অ + র্ + ঈ। বি.দ্র.: ভ্ + র্ + আ = ভ্রা, র্ + ঈ = রী।

ভ্রাম্যমাণ: ঘূর্ণায়মান। বিণ। তৎসম। ভ্রম্ + ণিচ্ + মান (শানচ্)। যাকে ভ্রমণ করানো হচ্ছে। বানান: ভ্ + র্ + আ + ম্ + য্ + অ + ম্ + আ + ণ্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + আ = ভ্রা, ম্ + য্ + অ = ম্য। 'র' ও 'ন'-এর মধ্যে আ, ম, য, অ, ম ও আ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ভ্রূকুঞ্চন: ভ্রূদ্বয়ের সংকোচন। বি। তৎসম। ভ্রূ + কুঞ্চন [কুঞ্চ্ + অন]। ৬।১ ভ্রূ-র কুঞ্চন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + ঊ + ক্ + উ + ঞ্ + চ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + ঊ = ভ্রূ, ঞ্ + চ্ + অ = ঞ্চ।

ভ্রূকুটি: ভ্রূদ্বয়ের সংকোচন। বি। তৎসম। ভ্রূ + কুটি [কুট্ + ই]। ৬।১ ভ্রূ-র কুটি = সম্বন্ধ তৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + ঊ + ক্ + উ + ট্ + ই। বি.দ্র.: ভ্ + র্ + ঊ = ভ্রূ।

ভ্রূক্ষেপ: দৃষ্টিপাত, গুরুত্ব দেওয়া। বি। তৎসম। ভ্রূ + ক্ষেপ [ক্ষিপ্ + অ]। ৬।১ ভ্রূ-র ক্ষেপ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + ঊ + ক্ + ষ্ + এ + প্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + ঊ = ভ্রূ, ক্ + ষ্ + এ = ক্ষে।

ভ্রূণ: গর্ভস্থ সন্তান। বি। তৎসম। ভ্রূণ্ [আশা করা] + অ। বানান: ভ্ + র্ + ঊ + ণ্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + ঊ = ভ্রূ। 'র্' + 'ঊ'-র পর 'ণ' হয়েছে। ৪।১।খ

ভ্রূণহত্যা: গর্ভপাত। বি। তৎসম। ভ্রূণ ['ভ্রূণ' দ্রষ্টব্য] + হত্যা [হন্ + য(যৎ) + আ]। ৬।১ ভ্রূণের হত্যা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + ঊ + ণ্ + অ + হ্ + অ + ত্ + য্ + আ। বি.দ্র.: ভ্ + র্ + ঊ = ভ্রূ, ত্ + য্ + আ = ত্যা।

ভ্রূবিভ্রম: কমনীয় ভ্রূভঙ্গি। বি। তৎসম। ভ্রূ + বিভ্রম [বি + ভ্রম্ + অ]। ৬।১ ভ্রূর বিভ্রম = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ভ্ + র্ + ঊ + ব্ + ই + ভ্ + র্ + অ + ম্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + ঊ = ভ্রূ, ভ্ + র্ + অ = ভ্র।

ভ্রূবিলাস : কমনীয় ভ্রূভঙ্গি। বি। তৎসম। ভ্রূ + বিলাস [বি + লস্ + অ]। ৬।১ ভ্রূ-র বিলাস = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + র্ + ঊ + ব্ + ই + ল্ + আ + স্ + অ। বি.দ্র. : ভ্ + র্ + ঊ = ভ্রূ।

ভ্রূভঙ্গ : ভ্রূ-দ্বয়ের সংকোচন। বি। তৎসম। ভ্রূ + ভঙ্গ [ভন্জ্ + অ]। ৬।১ ভ্রূ-র ভঙ্গ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + র্ + ঊ + ভ্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র. : ভ্ + র্ + ঊ = ভ্রূ, ঙ্ + গ = ঙ্গ।

ভ্রূভঙ্গি : ভ্রূ-দ্বয়ের সংকোচন। বি। তৎসম। ভ্রূ + ভঙ্গি [ভঙ্গ + ই]। ৬।২ ভ্রূ-র ভঙ্গি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + র্ + ঊ + ভ্ + অ + ঙ্ + গ্ + ই। বি.দ্র. : ভ্ + র্ + ঊ = ভ্রূ, ঙ্ +গ্ + ই = ঙ্গি।

ভ্রূমধ্য : দুই ভ্রূ-র মধ্যবর্তী স্থান। বি। তৎসম। ভ্রূ + মধ্য। বানান : ভ্ + র্ + ঊ + ম্ + অ + ধ + য্ + অ। বি.দ্র. : ভ্ + র্ + ঊ = ভ্রূ, ধ্ + য্ + অ = ধ্য।

ভ্রূলতা : লতার মতো সুন্দর ভ্রূ। বি। তৎসম। ভ্রূ + লতা [লত্ (বেষ্টন করা) + অ + আ]। ৬।১ ভ্রূ-রূপ লতা = রূপক-কর্মধা। ৩।২ বানান : ভ্ + র্ + ঊ + ল্ + অ + ত্ + আ। বি.দ্র. : ভ্ + র্ + ঊ = ভ্রূ।

ভ্রূসঙ্কেত, ভ্রূসংকেত : ভুরুর দ্বারা ইশারা। বি। তৎসম। ভ্রূ + সঙ্কেত, সংকেত [সম্ + কিত্ + অ]। ৬।১ ভ্রূ-র সঙ্কেত, সংকেত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ভ্ + র্ +ঊ + স্ + অ + ঙ্ [ং] + ক্ + এ + ত্ + অ। বি.দ্র. : ভ্ + র্ + ঊ = ভ্রূ, ঙ্ + ক্ + এ = ঙ্কে।

ম

মই : বাঁশ, কাঠ ইত্যাদি দিয়ে তৈরী সিঁড়ি, কর্ষিত জমিতে মাটি গুঁড়ো করবার জন্যে বাঁশের তৈরী যন্ত্র। বি। তদ্ভব। < সং. মদি, মদিকা। বানান : ম্ + অ + ই।

মইসা, মইসে : কাপড়ে ছাতা পড়ার কালো কালো ফুট্‌কি-চিহ্ন। বি। তদ্ভব। <সং. মসি। বানান : ম্ + অ + ই + স্ + আ।

মউ, মৌ : মধু। বি। তদ্ভব। < সং. মধু। বানান : ম্ + অ + উ, ম্ + ঔ।

মউচাক, মৌচাক : মধুচক্র। বি। তদ্ভব। < সং. মধুচক্র। বানান : ম্ + অ + উ + চ্ + আ + ক্, ম্ + ঔ + চ্ + আ + ক্। বি.দ্র. : শব্দান্তের 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মউড় : বিবাহের কন্যার সোলার মুকুট। বি। তদ্ভব। < সং. মুকুট। বানান : ম্ + অ + উ + ড়্। বি.দ্র. : শব্দান্তের 'ড়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মউতাত, মৌতাত : নেশা। বি। বিদেশী। < আ. মৌতাদ। বাংলা বানান : ম্ + অ + উ + ত্ + আ + ত্, ম্ + ঔ + ত্ + আ + ত্। বি.দ্র. : শব্দান্তের 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মউনি : মন্থন-দণ্ড। বি। তদ্ভব। < সং. মন্থনী। বানান : ম্ + অ + উ + ন্ + ই।

মউমাছি, মৌমাছি : মধু-সংগ্রহকারী পতঙ্গ। বি। তদ্ভব। < সং. মধুমক্ষিকা। বানান : ম্ + উ + ম্ + আ + ছ্ + ই, ম্ + ঔ + ম্ + আ + ছ্ + ই।

মউরলা, মৌরলা : মৌরলা মাছ। বি। তদ্ভব। < সং. মুরলা। বানান : ম্ + উ + র্ + অ + ল্ + আ, ম্ + ঔ + র্ + অ + ল্ + আ।

মউল : মহুয়া [সং. মধুক], বোল। বি। তদ্ভব। সং. মুকুল। বানান : ম্ + অ + উ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মউলোভী, মৌলোভী : মধুপ্রিয় ব্যক্তি বা প্রাণী। বি। মিশ্র [তদ্ভব + তৎসম]। < সং. মধুলোভী।

লোভী : লুভ্ + ইন্ [ঈ], ৬।১ বানান : ম্ + অ + উ + ল্ + ও + ভ্ + ঈ, ম্ + ঔ + ল্ + ও + ভ্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মওকা : সুযোগ। বি। বিদেশী। < আ. মওকা। বাংলা বানান : ম্ + অ + ও + ক্ + আ।

মওয়া : মন্থন করা। ক্রি। তদ্ভব। < সং. মথ্ + বাং. আ। বানান : ম্ + অ + ও + য্ + আ।

মকদ্দমা, মোকদ্দমা : মামলা। মুকদ্দমা। বি। বিদেশী। < আ. মুকদ্দমা। বাংলা বানান : ম্ + অ [ও] + ক্ + অ + দ্ + দ্ + অ + ম্ + আ। বি.দ্র. : দ্ + দ্ + অ।

মকমক, মকমকি : ব্যাঙের ডাক। অব্য। দেশী। বাং. ধ্বন্যাত্মক শব্দ। বানান : ম্ + অ + ক্ + ম্ + অ + ক্ [+ই]। বি.দ্র. : শব্দান্তেরও শব্দ-মধ্যের ক্-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মকর : কুমীরের আকারের জলজন্তু। বি। তৎসম। মুখ + কৄ + অ। ৬।১ মুখ বিদীর্ণ যার। বানান : ম্ + অ + ক্ + অ + র্ + অ।

মকরকেতন, মকরকেতু : যার পতাকায় মকরচিহ্ন—কন্দর্পদেব। বি। তৎসম। মকর ['মকর' দ্রষ্টব্য] + কেতন [কিত্ + অন]। ৬।১ কেতুঃ [কে + তু ('কেতু' দ্রষ্টব্য)] ৬।১ মকর কেতন, কেতু [পতাকা-চিহ্ন] যার= বহুব্রী। ৩।৫ বানান : ম্ + অ + ক্ + অ + র্ + অ + ক্ + এ + ত্ + অ + ন্ + অ। কেতু= ক্ + এ + ত্ + উ।

মকরক্রান্তি : দক্ষিণ-অয়নান্ত বৃত্ত। ২৩°২৭' দক্ষিণে কল্পিত বলয়-রেখা [Tropic of capricorn]। বি। তৎসম। মকর ['মকর' দ্রষ্টব্য] + ক্রান্তি [ক্রম্ + তি]। ৬।১ মকর-রেখাকে ক্রান্তি= কর্মতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ক্ + অ + র্ + অ + ক্ + র্ + আ + ন্ + ত্ + ই। বি.দ্র. : ক্ + র্ + আ= ক্রা, ন্ + ত্ + ই= ন্তি।

মকরধ্বজ : আয়ুর্বেদীয় ঔষধ, কন্দর্প। বি। তৎসম। মকর ['মকর' দ্রষ্টব্য + ধ্বজ [ধ্বজ্ + অ + আ]। ৬।১ মকর ধ্বজায় [পতাকায়] যার= বহুব্রী। ৩।৫ বানান : ম্ + অ + ক্ + অ + র্ + অ + ধ্ + ব্ + অ + জ্ + অ। বি.দ্র. : ধ্ + ব্ + অ= ধ্ব।

মকরন্দ : ফুলের মধু। বি। তৎসম। মকরম্ [—কর্ম, একবচন] + দ [দা + অ]। ৬।১ [সন্ধি] ম্ + দ= ন্ + দ= ন্দ। ২।২৮ মকরম্ = কাম, দ= দান করে যা। বানান : ম্ + অ + ক্ + অ + র্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + অ= ন্দ।

মকরসংক্রান্তি : পৌষমাসের শেষ দিন। বি। তৎসম। মকর ['মকর' দ্রষ্টব্য] + সংক্রান্তি [সম্ + ক্রম্ + তি]। ৬।১ মকর-রেখা সম্পূর্ণ অতিক্রান্ত যেদিন= মধ্যপ-বহুব্রী। ৩।৫ বানান : ম্ + অ + ক্ + অ + র্ + অ + স্ + অ + ং + ক্ + র্ + আ + ন্ + ত্ + ই। বি.দ্র. : ক্ + র্ + আ= ক্রা, ন্ + ত্ + ই= ন্তি।

মকাই : ভুট্টা। বি। বিদেশী। হি. মকাঈ। বাংলা বানান : ম্ + অ + ক্ + আ + ই।

মকুফ, মকুব : রেহাই। [আ. বি। বিদেশী। < আ. মৌকুফ্।] বাংলা বানান : ম্ + অ + ক্ + উ + ফ্ [ব্]। শব্দান্তের 'ফ' বা 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মক্কা : হজরত মহম্মদের জন্মস্থান। বি। বিদেশী। < আ. মক্কহ্। বাংলা বানান : ম্ + অ + ক্ + ক্ + আ।

মক্কা : ভুট্টা। বি। বিদেশী। < হি. মকাঈ। বাংলা বানান : ম্ + অ + ক্ + ক্ + আ।

মক্কেল : উকিলের সাহায্য গ্রহণকারী। বি। বিদেশী। < আ. মুঅক্কল। বাংলা বানান : ম্ + অ + ক্ + ক্ + এ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মক্তব : মুসলমানদের পাঠশালা। বি। বিদেশী। < ফা. মক্‌তব্‌। বাংলা বানান: ম্ + অ + ক্ + ত্ + অ + ব্। বি.দ্র.: শব্দান্তের 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। ক্ + ত্ + অ= ক্ত।

মক্‌শ, মক্স : দাগা বুলানো। বি। বিদেশী। < আ. মস্‌ক। বাংলা বানান: ম্ + অ + ক্ + শ্ + অ, ম্ + অ + ক্ + স্ + অ। বি.দ্র.: ক্ + স্ + অ= ক্স।

মক্ষিকা : মাছি। বি। তদ্ভব। মশ্ + সিক + আ [স্ত্রী]। মতান্তবে, মক্ষ + ইক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ, ৬।১, ৭।১।খ বানান: ম্ + অ + ক্ + ষ্ + ই + ক্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + ই= ক্ষি।

মক্ষী : মাছি। বি। তদ্ভব। মক্ষ + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ম্ + অ + ক্ + ষ্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + ঈ= ক্ষী।

মখমল : নরম, মসৃণ ও মোটা এক বকমের কাপড়, velvet। বি। বিদেশী। < আ. মখ্‌মল্‌। বাংলা বানান: ম্ + অ + খ্ + ম্ + অ + ল্। বি.দ্র.: 'খ' ও 'ল' [শব্দান্তেব]-এব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মগ : ব্রহ্মদেশ বা আবাকানের অধিবাসী। বি। বিদেশী। < বর্মী. মগু। বাংলা বানান: ম্ + অ + গ। বি.দ্র.: শব্দান্তের 'গ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মগ : হাতলওয়ালা ধাতুর জলপাত্র। বি। বিদেশী। < ইং. mug. বাংলা বানান: ম্ + অ + গ্। বি.দ্র.: শব্দান্তের 'গ'-এব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মগজ : মস্তিষ্ক। বি। বিদেশী। < ফা. মগ্‌জ্‌। বাংলা বানান: ম্ + অ + গ্ + অ + জ্। শব্দান্তের 'জ্'-এর হসন্ত নিষ্প্রয়োজন।

মগজি : *বালাপোশ, জামা ইত্যাদির সেলাই-করা* ধার। বি। বিদেশী। < ফা. মগ্‌জী। বাংলা বানান: ম্ + অ + গ্ + অ + জ্ + ই।

মগডাল : বৃক্ষের সর্বোচ্চ ডাল। বি। দেশী। বানান: ম্ + অ + গ্ + ড্ + আ + ল্। বি.দ্র.: 'গ' ও 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মগধ : পূর্ব-ভারতীয় প্রাচীন দেশ। আধুনিক দক্ষিণ বিহার। বি। তৎসম। ম্ + অ + গ্ + অ + ধ্ + অ।

মগ্ন : নিমজ্জিত। বিণ। তৎসম। [মস্‌জ্ + ক্ত] বানান: ম্ + অ + গ্ + ন্ + অ। বি.দ্র.: গ্ + ন্ + অ= গ্ন।

মগ্ন-চৈতন্য : মানুষের অনবহিত সদা-সক্রিয় মন [Subconscious mind]। বি। তৎসম। মগ্ন ['মগ্ন' দ্রষ্টব্য] + চৈতন্য [চেতন (চিত্‌ + অন) + য]। ৬।১, ৬।২ মগ্ন যে চৈতন্য= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + গ্ + ন্ + অ + চ্ + ঐ + ত্ + অ + ন্ + য্ + অ। বি.দ্র.: গ্ + ন্ + অ= গ্ন, চ্ + ঐ= চৈ, ন্ + য্ + অ= ন্য।

মগ্না : নিমজ্জিতা। বিণ। তৎসম। মগ্ন ['মগ্ন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ম্ + অ + গ্ + ন্ + আ। বি.দ্র.: গ্ + ন্ + আ।

মঘবতী : ইন্দ্রাণী। বি। তৎসম। মঘবন্ [মহ্ + অন্, (হ্ = ঘ্), অব্—আগম] অর্থাৎ, মহ্ [ঘ্] + অব্ + (অত্‌<) অন্] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।ঝ। বানান: ম্ + অ + ঘ্ + অ + ব্ + অ + ত্ + ঈ।

মঘবন্, মঘবা : ইন্দ্র। বি। তৎসম। মহ্ [হ্ = ঘ্] + অব্ [আগম] + অন্। ৬।১ বানান: ম্ + অ + ঘ্ + অ + ব্ + অ + ন্, ম্ + অ + ঘ্ + অ + ব্ + ন্ [আ]।

মঘা : অশুভ নক্ষত্র। বি। তৎসম। মঘ্ + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ম্ + অ + ঘ্ + আ।

মঙ্গল : *কল্যাণ*। বি। *তৎসম*। বানান: ম্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ।

মঙ্গলকলস : মঙ্গলকামনায় স্থাপিত ভাব আম্রপল্লব শোভিত জলপূর্ণ ঘট। বি। তৎসম। মঙ্গল ['মঙ্গল' দ্রষ্টব্য] + কলস [কল + স]। ৬।১ মঙ্গল-সূচক কলস= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + অ + ক্ + অ + ল্ + অ + স্ + অ।

মঙ্গলকামী : শুভার্থী। বিণ। তৎসম। মঙ্গল ['মঙ্গল' দ্রষ্টব্য] + কামী [কাম + ইন্ (ঈ)]। ৬।১, ৭।১।ক মঙ্গল কামনা করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + অ + ক্ + আ + ম্ + ঈ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ= ঙ্গ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

মঙ্গলঘট : মঙ্গল কামনায় স্থাপিত ভাব ও আম্রপল্লব-শোভিত জলপূর্ণ ঘট। বি। তৎসম। মঙ্গল ['মঙ্গল' দ্রষ্টব্য] + ঘট [ঘট্ + অ]। ৬।১ মঙ্গল-সূচক ঘট= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + অ + ঘ্ + অ + ট্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ= ঙ্গ।

মঙ্গলা : দুর্গা। বি। তৎসম। মঙ্গল ['মঙ্গল' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ম্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + আ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ=ঙ্গ।

মঙ্গলাকাঙ্ক্ষা : কল্যাণকামনা। বি। তৎসম। মঙ্গল ['মঙ্গল' দ্রষ্টব্য] + আকাঙ্ক্ষা [আ + কাঙ্ক্ষ্ + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [সন্ধি] অ + আ= আ [লা]। ২।১।খ মঙ্গলের আকাঙ্ক্ষা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + আ + ক্ + আ + ঙ্ + ক্ + ষ্ + আ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ= ঙ্গ, ঙ্ + ক্ + ষ্ + আ= ঙ্ক্ষা।

মঙ্গলাকাঙ্ক্ষিণী : শুভার্থিনী। বিণ। তৎসম। মঙ্গল ['মঙ্গল' দ্রষ্টব্য] + আকাঙ্ক্ষিণী [আ + কাঙ্ক্ষ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ মঙ্গল আকাঙ্ক্ষা করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + আ + ক্ + আ + ঙ্ + ক্ + ষ্ + ই + ণ্ + ঈ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ= ঙ্গ, ঙ্ + ক্ + ষ্ + ই =ঙ্ক্ষি, 'ষ' ও 'ন্'-এর মধ্যে 'ই' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ।

মঙ্গলাকাঙ্ক্ষী (ক্ষিন্) : শুভার্থী। বিণ। তৎসম। মঙ্গল ['মঙ্গল' দ্রষ্টব্য] + আকাঙ্ক্ষী [আ + কাঙ্ক্ষ্ + ইন্ (ঈ)]। ৬।১ মঙ্গল আকাঙ্ক্ষা করে যে= উপপদতৎ। ৩।৩। বানান : ম্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + আ + ক্ + আ + ঙ্ + ক্ + ষ্ + ঈ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ= ঙ্গ, ঙ্ + ক্ + ষ্ + ঈ= ঙ্ক্ষী।

মঙ্গলাচরণ, মঙ্গলাচার : মঙ্গলদায়ক অনুষ্ঠান। বি। তৎসম। মঙ্গল ['মঙ্গল' দ্রষ্টব্য] + আচরণ, আচার [আ + চর্ + অ, + অন]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [লা]। ২।১।খ মঙ্গল-দায়ক আচরণ, আচার= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + আ + চ্ + আ + র্ + অ, + ণ্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ= ঙ্গ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।চ।

মঙ্গল্য : মাঙ্গলিক। বি। বিণ। তৎসম। মঙ্গল + য [যৎ]। ৬।১ বানান : ম্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + য্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ= ঙ্গ, ল্ + য্ + অ= ল্য।

মঙ্গল্যা : দুর্গা। বি। তৎসম। মঙ্গল + য [যৎ] + আ। ৬।১, ৭।১।ক বানান : ম্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + য্ + আ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ= ঙ্গ, ল্ + য্ + আ=ল্যা।

মচকানি : হঠাৎ মোচড়-লাগা। বি। বিদেশী। < হি. মচক + বাং. আনি। ৬।৩ বানান : ম্ + অ + চ্ + অ + ক্ + আ + ন্ + ই।

মচ্মচে : মচমচ শব্দকারী। বিণ। দেশী। মচ্মচ্ - বাং. এ < ইয়া। ৬।৩ বানান : ম্ +.অ · চ্ + ম্ + অ + চ্ + এ।

মচ্ছব : মহোৎসব। বি। অর্ধ-তৎসম। < সং. মহোৎসব। বানান : ম্ + অ + চ্ + ছ্ + অ + ব্। বি.দ্র. : চ্ + ছ্ + অ= চ্ছ। 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মছলন্দ : মসলন্দ [সূক্ষ্ম চিত্রিত মাদুর]। বি। বিদেশী। < আ. মস্‌লন্দ্। বাংলা বানান : ম্ + অ + ছ্ + অ + ল্ + অ + ন্ + দ্ + অ।

মজদুর : মজুর। বি। তৎসম। < ফা. মজ্‌দুর। বাংলা বানান : ম্ + অ + জ্ + দ্ + উ + র্। বি.দ্র. : 'জ' ও 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মজবুত : শক্ত। বি। বিদেশী। < আ. মজ্‌বুত্। বাংলা বানান : ম্ + অ + জ্ + ব্ + উ + ত্। বি.দ্র. : 'জ' ও 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মজলিস : আসর। বি। বিদেশী। < আ. মজ্‌লিস্। বাংলা বানান : ম্ + অ + জ্ + ল্ + ই + স্। বি.দ্র. : 'জ' ও 'স'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মজলিসী : মজলিসের উপযুক্ত। বিণ। বিদেশী। মজলিস ['মজলিস' দ্রষ্টব্য] + বাং. ঈ। ৬।৩ বানান : ম্ + অ + জ্ + ল্ + ই + স্ + ঈ। বি.দ্র. : 'জ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মজা : আসক্ত হওয়া। ক্রি। তদ্ভব। মস্‌জ্ + বাং. আ। বানান : ম্ + অ + জ্ + আ।

মজা : কৌতুক, রগড়। বি। বিদেশী। < ফা. মজহ্। বাংলা বানান : ম্ + অ + জ্ + আ।

মজুত : সঞ্চিত। বি। বিদেশী। < আ. মৌজুদ্। বাংলা বানান : ম্ + অ + জ্ + উ + ত্। বি.দ্র. : শব্দান্তের 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মজুতদারি : মজুদ করা। বি। বিদেশী। মজুত্ ['মজুত' দ্রষ্টব্য] + ফা. দার + বাং. ই। ৬।৪, ৬।৩ বাংলা বানান : ম্ + অ + জ্ + উ + ত্ + দ্ + আ + র্ + ই। বি.দ্র. : 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মজুদ : সঞ্চিত। বিণ। বিদেশী। < আ. মৌজুদ। বাংলা বানান : ম্ + অ + জ্ + উ + দ্। বি.দ্র. : 'দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মজুমদার : রাজস্ব-হিসাবরক্ষক। বি। বিদেশী। < ফা. মজ্‌মুআন্ + দার্। বাংলা বানান : ম্ + অ + জ্ + উ + ম্ + দ্ + আ + র্। বি.দ্র. : 'ম' ও 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মজুরি, মজদুরি : মজুরের কাজ বা পারিশ্রমিক। বি। বিদেশী। মজুর < ফা. মজ্‌দুর্ + বাং. ই। ৬।৩ বাংলা বানান : ম্ + অ + জ্ + উ + র্ + ই, ম্ + অ + জ্ + দ্ + উ + র্ + ই। বি.দ্র. : 'জ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মজ্জন : ডোবা। বি। তৎসম। সং. মস্‌জ্ + অন। ৬।১ বানান : ভ্ + অ + জ্ + জ্ + অ + ন্ + অ।

মজ্জমান : ডুবন্ত। বিণ। তৎসম। সং. মস্‌জ্ + মান [শতৃ]। ৬।১ বানান : ম্ + অ + জ্ + জ্ + অ + ম্ + আ + ন্ + অ।

মজ্জা : ভিতরের নরম স্নেহজাতীয় পদার্থ। বি। তৎসম। মজ্জন্ [সং. মস্‌জ্ + অন]। ৬।১ ম্ + অ + জ্ + জ্ + আ। বি.দ্র. : জ্ + জ্ + আ= জ্জা।

মঞ্চ : মাচা, বেদী। বি। তৎসম। < সং. মঞ্চ্ + অ। ৬।১ বানান : ম্ + অ + ঞ্ + চ্ + অ। বি.দ্র. : ণ্ + চ্ + অ= ঞ্চ।

মঞ্জন : মার্জন। বি। তৎসম। সং. মন্‌জ্ + অন বা মৃজ্ + অন। ৬।১ বানান : ম্ + অ + ঞ্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র. : ঞ্ + জ্ + অ= ঞ্জ।

মঞ্জরা : মঞ্জরিত বা মুকুলিত হওয়া। ক্রি। তৎসম। মঞ্জর [সং. মঞ্জ্ + অর] + বাং. আ। ৬।৩ বানান : ম্ + অ + ঞ্ + জ্ + অ + র্ + আ। বি.দ্র. : ঞ্ + জ্ + অ= ঞ্জ।

মঞ্জরি, মঞ্জরী: কিশলয়যুক্ত কচি ডাল। বি। তৎসম। মঞ্জ্ + অর্ + ই, ঈ। বানান: ম্ + অ + ঞ্ + জ্ + অ + র্ + ই, ঈ। বি.দ্র.: ঞ্ + জ্ + অ = ঞ্জ।

মঞ্জরিত: মুকুলিত। [সং. মঞ্জরী + ইত]। বিণ। তৎসম। মঞ্জরী + ইত। ৬।২ বানান: ম্ + অ + ঞ্ + জ্ + অ + র্ + ই + ত্ + অ।

মঞ্জিল: প্রাসাদ। বি। বিদেশী। < আ. মন্‌জিল্। বাংলা বানান: ম্ + অ + ঞ্ + জ্ + ই + ল্ + অ। বি.দ্র.: ঞ্ + জ্ + ই= ঞ্জি।

মঞ্জিষ্ঠা: এক প্রকার লাল রঙের লতা। বি। তৎসম। সং. মঞ্জি + স্থা + অ + আ। [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ম্ + অ + ঞ্ + জ্ + ই + ষ্ + ঠ্ + আ। বি.দ্র.: ঞ্ + জ্ + ই= ঞ্জি। 'ই'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক ষ্ + থ= ষ্ঠ। ২।২৪

মঞ্জীর: নূপুর। বি। তৎসম। সং. মন্‌জ্ + ঈর। ৬।১ বানান: ম্ + অ + ঞ্ + জ্ + ঈ + র্ + অ। বি.দ্র.: ঞ্ + জ্ + ঈ= ঞ্জী।

মঞ্জু: সুন্দর। বি। তৎসম। সং. মন্‌জ্ + উ। ৬।১ বানান: ম্ + অ + ঞ্ + জ্ + উ। বি.দ্র.: ঞ্ + জ্ + উ= ঞ্জু।

মঞ্জুর: অনুমোদিত। বিণ। বিদেশী। < আ. মন্‌জুর। বানান: ম্ + অ + ঞ্ + জ্ + উ + র্। বি.দ্র.: ঞ্ + জ্ + উ= ঞ্জু। 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মঞ্জুরি: অনুমতি। বি। বিদেশী। মঞ্জুর ['মঞ্জুর' দ্রষ্টব্য] + বাং. ই। ৬।৩ বানান: ম্ + অ + ঞ্ + জ্ + উ + র্ + ই। বি.দ্র.: ঞ্ + জ্ + উ = ঞ্জু। র্ + ই= রি।

মঞ্জুল: সুন্দর। বিণ। তৎসম। মঞ্জু + ল + অ। বানান: ম্ + অ + ঞ্ + জ্ + উ + ল্ + অ। বি.দ্র.: ঞ্ + জ্ + উ= ঞ্জু।

মঞ্জুষা: ঝাঁপি। বি। তৎসম। মস্‌জ্ + উষ্ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ম্ + অ + ঞ্ + জ্ + উ + ষ্ + আ। বি.দ্র.: ঞ্ + জ্ + উ= ঞ্জু। 'উ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

মটকা: কপট নিদ্রা, মটকান। বি। দেশী। বানান: ম্ + অ + ট্ + ক্ + আ। বি.দ্র.: 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মটকি, মটকী: মাটির জালা। বি। দেশী। বানান: ম্ + অ + ট্ + ক্ + ই, ঈ। বি.দ্র.: 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মটন: ভেড়ার মাংস। বি। বিদেশী। < ইং. mutton. বাংলা বানান: ম্ + অ + ট্ + অ + ন্। বি.দ্র.: 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মটর: কড়াইশুঁটির দানা। বি। বিদেশী। < হি. মটর। বাংলা বানান: ম্ + অ + ট্ + অ + র্। বি.দ্র.: 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মঠ: সন্ন্যাসীদের আখড়া। বি। তৎসম। মঠ্ + অ। ৬।১ বানান: ম্ + অ + ঠ্ +অ।

মড়ক: মহামারী। বি। তদ্ভব। < সং. মরক [মর্ + অক]। বানান: ম্ + অ + ড়্ + অ + ক্। বি.দ্র.: 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মড়া: শব। বি। তদ্ভব। < সং. মৃতক। বানান: ম্ + অ + ড়্ + আ।

মড়িঘর: মর্গ [বাং. মড়ি < মড়া + ঘর]। বি। তদ্ভব। মড়ি [বাং. মড়া < সং. মৃতক] + ঘর [< সং. গৃহ]। মড়া রাখার ঘর= মধ্যপদ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ড়্ + ই + ঘ্ + অ + র্। বি.দ্র.: 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মড়িপোড়া: শবদাহকার্যে সাহায্যকারী ব্রাহ্মণ। বিণ। তদ্ভব। মড়ি [< বাং. মড়া < সং. মৃতক] + পোড়া [< পুড় (< সং. পুট্) + আ]। মড়া পোড়ায় যে=উপপদতৎ। ৩।৩।

মড়ুঞ্চে: মৃতবৎসা। বিণ। তদ্ভব। < বাং. মড়াছিয়া < সং. মৃতাপত্যা [মৃত + অপত্যা]। বানান: ম্ + অ + ড়্ + উ + ঞ্ + চ্ + এ। বি.দ্র.: ঞ্ + চ্ + এ= ঞ্চে।

মণি : বহুমূল্য রত্ন। বি। তৎসম। মণ্‌ + ই। বানান : ম্ + অ + ণ্ + ই।

মণিকর্ণিকা : বেনারসের প্রসিদ্ধ শ্মশানঘাট। বি। তৎসম। মণি ['মণি' দ্রষ্টব্য] + কর্ণ + ইক + আ। ৬।১ মণি-নির্মিত কর্ণিকা [কর্ণাভরণ]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + ণ্ + ই + ক্ + অ + র্ + ণ্ + ই + ক্ + আ। বি.দ্র. : 'মণি'-র 'ণ' স্বাভাবিক 'ণ' ৪।১।ছ র এর পর 'ণ' হয়েছে [র্ণি]। ৪।১।খ।

মণিকাঞ্চনযোগ : অতি শুভ মিলন। বি। তৎসম। মণি ['মণি' দ্রষ্টব্য] + কাঞ্চন [কঞ্চ্ + অন] + যোগ [যুজ্ + অ]। ৬৷ মণি ও কাঞ্চন = দ্বন্দ্ব। ৩।৪ তাদের যোগ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ণ্ + ই + ক্ + আ + ঞ্ + চ্ + অ + ন্ + অ + য্ + ও + গ্ + অ। বি.দ্র : ঞ্ + চ= ঞ্চ।

মণিকার : মণিশিল্পী। বি। তৎসম। মণি ['মণি' দ্রষ্টব্য] + কার [কৃ + অ]। ৬।১ মণিতে কারুকাজ করে যে উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ণ্ + ই + ক্ + আ + র্ + অ।

মণিকুট্টিম : রত্ননির্মিত গৃহতল। বি। তৎসম। মণি ['মণি' দ্রষ্টব্য] + কুট্টিম [কুট্ট (কুট্ট + অ) + ইম। ৬।১, ৬।২ মণি-নির্মিত কুট্টিম [গৃহতল]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + ণ্ + ই + ক্ + উ + ট্ + ট্ + ই + ম্ + অ।

মণিপদ্ম : নাভির বিপরীত দিকে মেরুদণ্ডে অবস্থিত পদ্মাকার চক্র। বি। তৎসম। মণি ['মণি' দ্রষ্টব্য] + পদ্ম [পদ্ + ম]। ৬।১ মণি-রূপ পদ্ম [পদ্মাকার চক্র]= রূপক-কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + ণ্ + ই + প্ + অ + দ্ + ম্ + অ। বি.দ্র. : 'মণি'-র 'ণ' স্বাভাবিক ণ, দ্ + ম= দ্ম।

মণিপুরী : মণিপুরে প্রচলিত, মণিপুরের অধিবাসী। বিণ। তৎসম। মণি ['মণি' দ্রষ্টব্য] + পুর [পৃ +অ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ মণিময় পুর= মধ্যপ-কর্মধা। ৩।২ + ঈ [তাতে উৎপন্ন]। ৬।২ বানান : ম্ + অ + ণ্ + ই + প্ + উ + র্ + ঈ।

মণিবন্ধ : হাতের কবজি [সং]। বি। তৎসম। মণি ['মণি' দ্রষ্টব্য] + বন্ধ [বন্ধ্ + অ] । ৬।১ মণির বন্ধ [বন্ধনস্থান]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ণ্ + ই + ব্ + অ + ন্ + ধ্ + অ। বি.দ্র. : 'মণি'-র 'ণ' স্বাভাবিক 'ণ'। ন্ + ধ্ + অ= ন্ধ।

মণিমণ্ডিত : মণিদ্বারা মণ্ডিত। বিণ। মণি ['মণি' দ্রষ্টব্য] + মণ্ডিত [মণ্ড্ + ত]। ৬।১ মণি দ্বারা মণ্ডিত = করণতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ণ্ + ই + ম্ + অ + ণ্ + ড্ + ই + ত্ + অ। বি.দ্র. : মণির 'ণ' স্বাভাবিক 'ণ'। ৪।১।ছ ণ + ড্ + ই= ণ্ডি।

মণিময় : মণিদ্বারা (খচিত)। বিণ। তৎসম। মণি ['মণি' দ্রষ্টব্য] + ময় [ময়ট্]। ৬।২ বানান : ম্ + অ + ণ্ + ই + ম্ + অ + য্ + অ। বি.দ্র. : 'মণি'-তে স্বাভাবিক 'ণ'। ৪।১।ছ

মণিমালা : মণিহার। বি। তৎসম। মণি ['মণি' দ্রষ্টব্য] + মালা [মা + লা]। ৬।১ মণি-নির্মিত মালা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + ণ্ + ই + ম্ + আ + ল্ + আ। বি.দ্র. : 'মণি'র 'ণ' স্বাভাবিক 'ণ'।

মণ্ড : মাড়। বি। তৎসম। মণ্ড্ + অ। ৬।১ বানান : ম্ + অ + ণ্ + ড্ + অ। বি.দ্র. : ণ্ + ড্ + অ= ণ্ড। 'ড'-এর ঠিক আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

মণ্ডন : অলঙ্করণ। বি। তৎসম। মণ্ড্ + অন। ৬।১ বানান : ম্ + অ + ণ্ + ড্ + অ + ন্ + অ। বি.দ্র. : 'ড'-এর ঠিক আগে 'ণ' হয়েছে। ৪।১।ক 'ড্' + 'অ'—র পর 'ন' হয়েছে।

মণ্ডপ : চাঁদোয়া-ঢাকা স্থান। বি। তৎসম। মণ্ড + পা + অ। ৬।১ মণ্ড পান করা হয় যেখানে= উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ণ্ +

ড় + অ + ণ্ + অ। বি.দ্র.: ণ্+ড্ + অ= ণ্ড। 'ড'-এর ঠিক আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

মণ্ডল: গোলাকার স্থান, মোড়ল। বি। তৎসম। মণ্ড্ + অল। ৬।১ বানান: ম্ + অ + ণ্ + ড্ + অ + ল্ + অ। বি.দ্র.: ণ্ + ড্ + অ= ণ্ড। 'ড'-এর ঠিক আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

মণ্ডলাকার: গোলাকার। বিণ। তৎসম। মণ্ডল [মণ্ড্ + অল] + আকার [আ + কৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ। [লা]। ২।১।খ মণ্ডল [গোল] আকার যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + ণ্ + ড্ + অ + ল্ + আ + ক্ + আ + র্ + অ। বি.দ্র.: ণ্ + ড্ + অ= ণ্ড। 'ড'-এর ঠিক আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

মণ্ডলী: সমূহ। বি। তৎসম। মণ্ডল [মণ্ড্ + অল] + ঈ। ৬।১, ৬।২ বানান: ম্ + অ + ণ্ + ড্ + অ + ল্ + ঈ। বি.দ্র.: ণ্ + ড্ + অ= ণ্ড। 'ড'-এর ঠিক আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

মণ্ডা: সন্দেশ। বি। তদ্ভব। < সং. মণ্ডল। বানান: ম্ + অ + ণ্ + ড্ + আ। তদ্ভব শব্দ হওয়া সত্ত্বেও ণ্ + ড= ণ্ড-ই প্রচলিত বানান।

মণ্ডিত: অলঙ্কৃত। বিণ। তৎসম। মণ্ড্ + ত। ৬।১ বানান: ম্ + অ + ণ্ + ড্ + ই + ত্ + অ। বি.দ্র.: ণ্ + ড্ + ই= ণ্ডি। 'ড'-এর ঠিক আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

মণ্ডিতা: অলঙ্কৃতা। বিণ। তৎসম। মণ্ডিত ['মণ্ড্' + ত] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ম্ + অ + ণ্ + ড্ + ই + ত্ + আ। বি.দ্র.: ণ্ + ড্ + ই= ণ্ডি। 'ড'-এর ঠিক আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

মণ্ডূক: ব্যাঙ্। বি। তৎসম। মণ্ড্ + উক। ৬।১ বানান: ম্ + অ + ণ্ + ড্ + ঊ + ক্ + অ। বি.দ্র.: মণ্ডূক [ভেক] অর্থে ণ্ + ড্ + ঊ= 'ণ্ডূ' হবে। ন্ + ড্ + উ= 'ণ্ডু' হবে না। ['মণ্ডুক' শব্দের অর্থ: 'সংগ্রহ' (collection)]।

মণ্ডূকী: স্ত্রী-ব্যাঙ্। বি। তৎসম। মণ্ডূক ['মণ্ডূক' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ম্ + অ + ণ্ + ড্ + ঊ + ক্ + ঈ। বি.দ্র.: ণ্ + ড্ + ঊ= ণ্ডূ, ক্ + ঈ= কী।

মত, মতন, মতো: ন্যায়, সদৃশ। অব্য। তদ্ভব। সং. মন্ত্র। বানান: ম্ + অ + ত্ + অ [ও] + ন্ + অ।

মত: অভিমত, সম্মতি, সমর্থন। বি। তৎসম। মন্ + ত। ৬।১ বানান: ম্ + অ + ত্ + অ।

মতবাদ: যুক্তিবলে গৃহীত সিদ্ধান্ত। বি। তৎসম। মত। [মন্ + ত] + বাদ [বদ্ + অ]। ৬।১ মত-সম্পর্কিত বাদ [উক্তি] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ত্ + অ + ব্ + আ + দ্ + অ।

মতবিরোধ: মতের গরমিল। বি। তৎসম। মত ['মত' দ্রষ্টব্য] + বিরোধ [বি + রুধ্ + অ]। ৬।১ মতের বিরোধ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ত্ + অ + ব্ + ই + র্ + ও + ধ্ + অ।

মতভেদ: মতের গরমিল, বি। তৎসম। মত ['মত' দ্রষ্টব্য] + ভেদ [ভিদ্ + অ]। ৬।১ মতের ভেদ [অমিল]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ত্ + অ + ভ্ + এ + দ্ + অ।

মতান্তর: মতের গরমিল। বি। তৎসম। মত ['মত' দ্রষ্টব্য] + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [তা]। ২।১।ক অন্য মত= নিত্য সমাস। বানান: ম্ + অ + ত্ + আ + ন্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ= ন্ত।

মতলব: অভিসন্ধি। বি। বিদেশী। < আ. মৎলব। বানান: ম্ + অ + ত্ + ল্ + অ + ব্। 'ত' ও শব্দান্তের 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মতলববাজি: ফন্দিবাজি। [মৎলব + ফা. বাজ + বাং. ই]। বি। বিদেশী। মতলব ['মতলব' দ্রষ্টব্য] + ফা. বাজ + বাং. ই। ৬।৪, ৬।৩ বানান:

ম্ + অ + ত্ + ল্ + অ + ব্ + ব্ + আ + জ্ + ই। 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মতলবি, মতলবী: ফন্দিবাজ [বাং. ঈ]। বিণ। বিদেশী। মতলব ['মতলব' দ্রষ্টব্য] + বাং. ই, ঈ। ৬।৩ বানান: ম্ + অ + ত্ + ল্ + অ + ব্ + ই। 'ত্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মতাবলম্বন: মত গ্রহণ। বি। তৎসম। মন [মন্ + ত] + অবলম্বন [অব + লম্ব্ + অন। ৬।১ [সন্ধি] অ + অ = আ [তা]। মতকে অবলম্বন [অব + লম্ব্ + অন= কর্মতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ত্ + আ + ব্ + অ + ল্ + অ + ম্ + ব্ + অ + ন্ + অ। ত্ + আ = তা।

মতাবলম্বী: মতে বিশ্বাসী। বিণ। তৎসম। মত + অবলম্বী। [অব + লম্ব্ + ইন [ঈ]। মতকে অবলম্বন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ত্ + আ + ব্ + অ + ল্ + অ + ম্ + ব্ + ঈ। বি.দ্র.: ম্ + ব্ + ঈ= ম্বী।

মতামত: সম্মতি ও অসম্মতি। বি। তৎসম। মত [মন্ + ত] + অমত [ন + মন্ + ত]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [তা]। ২।১।ক নঞ মত = নঞতৎ। ৩।৩ মত ও অমত= দ্বন্দ্ব। ৩।৪ বানান: ম্ + অ + ত্ + আ + ম্ + অ + ত্ + অ।

মতি: মুক্তা। বি। তৎসম। < সং. মৌক্তিক। বানান: ম্ + অ + ত্ + ই।

মতি: বুদ্ধি, চিত্ত, মন। বি। তৎসম। মন্ + তি। ৬।১ বানান: ম্ + অ + ত্ + ই।

মতিগতি: মনের ভাব। বি। তৎসম। মতি [মন্ + তি] + গতি [গম্ + তি]। ৬।১ মতির গতি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ত্ + ই + গ্ + অ + ত্ + ই।

মতিচ্ছন্ন: নষ্টবুদ্ধি। বিণ। তৎসম। মতি [মন্ + তি] + ছন্ন [ছদ্ + ত]। ৬।১ [সন্ধি] ই + ছ= ইচ্ছ [তিচ্ছ]। ২।১৪ ছন্ন মতি যাব= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + ত্ + ই + চ্ + ছ্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র.: চ্ + ছ= চ্ছ, ন্ + ন= ন্ন।

মতিভ্রংশ: বুদ্ধিনাশ। বি। তৎসম। মতি [মন্ + তি] + ভ্রংশ [ভ্রন্শ্ + অ]। ৬।১ মতিব ভ্রংশ [নাশ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ত্ + ই + ভ্ + র্ + অ + ং + শ্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + অ= ভ্র।

মৎ: আমি। সর্ব। তৎসম। < সং. অস্মদ্।

মৎকুণ: ছারপোকা, মাকুন্দ [সং.]। বি। তৎসম। বানান: ম্ + অ + ৎ + ক্ + উ + ণ্ + অ। বি.দ্র.: 'মৎকুণ'-এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

মৎসর: ঈর্ষা। বি। তৎসম। মদ্ + সব [সৃ + অ]। ৬।১ [সন্ধি] দ্ + স= ৎ + স= ৎস। ২।২৬ বানান: ম্ + অ + ৎ + স্ + অ + র্ + অ।

মৎসরিণী: দ্বেষিণী। বিণ। তৎসম। মৎসর [মদ্ + সর (সৃ + অ) + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১ [সন্ধি] দ্ + স= ৎস। ২।২৬ বানান: ম্ + অ + ৎ + স্ + অ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: 'র' ও 'ন'-এব মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ। ইন্ + ঈ হওয়ায় আগে 'ই', পরে 'ঈ'।

মৎসরী: দ্বেষী। বিণ। তৎসম। মদ্ + সর [সৃ + অ] + ইন্ [ঈ]। ৬।১ [সন্ধি] দ্ + স= ৎস। ২।২৬ মৎসব [দ্বেষ] আছে যার। বানান: ম্ + অ + ৎ + স্ + অ + র্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত,তাই 'ঈ'-কারান্ত।

মৎসী: স্ত্রী-মাছ। বি। তৎসম। মদ্ + স্য [স্যন্] + ঈ [স্ত্রী] ৬।১ ৭।১।গ [সন্ধি] দ্ + স= ৎস। ২।২৬ বানান: ম্ + অ + ৎ + স্ + ঈ। বি.দ্র.: স্ত্রীলিঙ্গে য-ফলা হবে না।

মৎস্য: মাছ। বি। তৎসম। মদ্ + স্য [স্যন্]।

৬।১ [সন্ধি] দ্ + স্য= ৎস্য। ২।২৬ বানান: ম্ + অ + ৎ + স্ + য্ + অ। বি.দ্র.: স্ + য্ + অ = স্য।

মৎস্যগন্ধা: ব্যাসমাতা সত্যবতী। বি। তৎসম। মৎস্য ['মৎস্য' দ্রষ্টব্য] + গন্ধা [গন্ধ্ + অ + আ [স্ত্রী]। ৬।১ মৎস্যের গন্ধের মতো গন্ধ যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + ৎ + স্ + য্ + অ + গ্ + অ + ন্ + ধ্ + আ। বি.দ্র.: স্ + য্ + অ = স্য, ন্ + ধ্ + আ= ন্ধা।

মৎস্যজীবী: জেলে। বি। তৎসম। মৎস্য ['মৎস্য' দ্রষ্টব্য] + জীবী [জীব্ + ইন্ (ঈ)] ৫।১ মৎস্যে জীবিত থাকে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ৎ + স্ + য্ + অ + জ্ + ঈ + ব্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মৎস্যাশী: মৎস্যভোজী। বিণ। তৎসম। মৎস্য + আশী [অশ্ (খাওয়া) + ইন্ (ঈ)]। ২।১।খ মৎস্য খায় যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ৎ + স্ + য্ + আ + শ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

মত্ত: মাতাল, অতি গর্বিত। বিণ। তৎসম। মদ্ + ত। ৬।১ [সন্ধি] দ্ + ত= ত্ + ত= ত্ত। ২।২৬ বানান: ম্ + অ + ত্ + ত্ + অ। বি.দ্র.: ত্ + ত্ + অ = ত্ত।

মত্ততা: গর্ব। বি। তৎসম। মত্ত ['মত্ত' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ম্ + অ + ত্ + ত্ + অ + ত্ + আ। বি.দ্র.: ত্ + ত্ + অ= ত্ত।

মত্তা: অতি গর্বিতা। বিণ। তৎসম। মত্ত ['মত্ত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ম্ + অ + ত্ + ত্ + আ। বি.দ্র.: ত্ + ত্ + আ= ত্তা।

মথন: মন্থন, দলন। বি। তৎসম। মথ্ [বিলোড়িত করা] + অন। ৬।১ বানান: ম্ + অ + থ্ + অ + ন্ + অ।

মথনী: দলনী, মউনি। বি। তৎসম। মথন ['মথন' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ম্ + অ + থ্ + অ + ন্ + ঈ। বি.দ্র.: ন্ + ঈ= নী।

মথিত: মন্থনকৃত। বিণ। তৎসম। মথ্ + ত। ৬।১ বানান: ম্ + অ + থ্ + ই + ত্ + অ।

মদ: দম্ভ। বি। তৎসম। মদ্ + অ। ৬।১ বানান: ম্ + অ + দ্ + অ।

মদকল: মত্তহস্তী। বি। তৎসম। মদ ['মদ' দ্রষ্টব্য] + কল [কল্ + অ]। ৬।১ মদের দ্বারা কল [কলধ্বনিকারী] = করণ তৎ। ৩।৩ বানান: ম্ + অ + দ্ + অ + ক্ + অ + ল্ + অ।

মদখোর: মদ্যপ। বিণ। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. মদ + ফা. খোর? মদে খোর [যে খায়] = অধিকরণতৎ। ৩।৩ বানান: ম্ + অ + দ্ + অ + খ্ + ও + র্ + অ।

মদগর্ব: মত্ততা-হেতু দর্প। বি। তৎসম। মদ ['মদ দ্রষ্টব্য] + গর্ব [গর্ব্ + অ]। ৬।১ মদের নিমিত্ত গর্ব= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + দ্ + অ + গ্ + অ + র্ + ব্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ = র্ব।

মদমত্ত: গর্বে উন্মত্ত। বিণ। তৎসম। মদ ['মদ' দ্রষ্টব্য] + মত্ত [মদ্ + ত]। ৬।১ মদের দ্বারা মত্ত= করণতৎ। ৩।৩

মদত: সাহায্য। বি। বিদেশী। <আ. মদদ্। বানান: ম্ + অ + দ্ + অ + ত্। বি.দ্র.: শব্দান্তের 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মদন: কামদেব। বি। তৎসম। মদ্ [কামের জন্ম দেওয়া] + ণিচ্ + অন। ৬।১ বানান: ম্ + অ + দ্ + অ + ন্ + অ।

মদনোৎসব। বসন্তোৎসব। বি। তৎসম। মদন ['মদন' দ্রষ্টব্য] + উৎসব [উৎ + সু + অ]। ৬।১ [সন্ধি] উ + অ= ব। ২।৮।ক অ + উ= ও [নো]। ২।৫।ক মদনের জাগরণ-

হেতু উৎসব= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + দ্ + অ + ন্ + ও + ৎ + স্ + অ + ব্ + অ।

মদালস: সুরাবেশে বিহ্বল। বি। তৎসম। মদ [মদ্ + অ] + অলস [ন + লস্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [দা]। ২।১।ক নয় লস= নঞ্‌-তৎ। ৩।৩ মদের দ্বারা অলস= করণতৎ। ৩।৩ বানান: ম্ + অ + দ্ + আ + ল্ + অ + স্ + অ।

মদালসা: সুরাবেশে বিহ্বলা। বিণ। তৎসম। মদালস ['মদালস' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ম্ + অ + দ্ + আ + ল্ + অ + স্ + আ।

মদির: মত্ততাজনক। বিণ। তৎসম। মদ্ + ইর বানান: ম্ + অ + দ্ + ই + র্ + অ।

মদিরা: মদ্যবিশেষ। বি। তৎসম। মদ্ + ইর + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ম্ + অ + দ্ + ই + র্ + আ।

মদিরাক্ষী: মত্ততাজনক চক্ষুযুক্তা। বিণ। তৎসম। মদির ['মদির' দ্রষ্টব্য] + অক্ষী [অক্ষি + ঈ (স্ত্রী)]। ৭।১।গ মদির অক্ষি যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + দ্ + ই + র্ + আ + ক্ + ষ্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + ঈ= ক্ষী।

মদিরেক্ষণা: মত্ততাজনক চক্ষুযুক্তা। বিণ। তৎসম। মদির ['মদির' দ্রষ্টব্য] + ঈক্ষণা [ঈক্ষ্ + অন + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [সন্ধি] অ + ঈ= এ [রে]। ২।৪।খ মদির ঈক্ষণ যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + দ্ + ই + র্ + এ + ক্ + ষ্ + অ + ণ্ + আ। বি.দ্র.: 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মদীয়: আমার। সর্ব। তৎসম। মৎ [< অস্মদ্] + ঈয়। ৬।২ বানান: ম্ + অ + দ্ + ঈ + য্ + অ। বি.দ্র.: দ্ + ঈ= দী।

মদো: মদের মতো, মদখোর। বি। তদ্ভব। মদ্ + বাং. ও < বাং. উয়া। বানান: ম্ + অ + দ্ + ও।

মদোদ্ধত: অতি উগ্র। বিণ। তৎসম। মদ ['মদ' দ্রষ্টব্য] + উদ্ধত [উৎ + হত (হন্ + ত)]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [দো]। ২।৫।ক ৎ + হ= দ্ + ধ = দ্ধ। ২।২১ মদের নিমিত্ত উদ্ধত= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + দ্ + ও + দ্ + ধ্ + অ + ত্ + অ। বি.দ্র.: দ্ + ও= দো, দ্ + ধ্ + অ= দ্ধ।

মদ্দ: মর্দ, বিণ। বিদেশী। < মর্দ < ফা. মর্‌দ্। বানান: ম্ + অ + দ্ + দ্ + অ। বি.দ্র.: দ্ + দ্ + অ= দ্দ।

মদ্দা: মর্দা। বিণ। বিদেশী। মদ্দ ['মদ্দ' দ্রষ্টব্য] + আ [অবজ্ঞায়]। বানান: ম্ + অ + দ্ + দ্ + আ। বি.দ্র.: দ্ + দ্ + আ = দ্দা।

মদ্দানি: মর্দানি। বি। বিদেশী। মদ্দা + আনি < আনী [স্ত্রী]। ৭।১।ঙ বানান: ম্ + অ + দ্ + দ্ + আ + ন্ + ই। বি.দ্র.: দ্ + দ্ + আ= দ্দা।

মদ্য: মদ। বি। তৎসম। মদ্ + য [যৎ]। ৬।১ বানান: ম্ + অ + দ্ + য্ + অ। বি.দ্র.: দ্ + য্ + অ= দ্য।

মদ্র: পাঞ্জাবের সন্নিহিত প্রাচীন দেশ। বি। তৎসম। বানান: ম্ + অ + দ্ + র্ + অ। বি.দ্র.: দ্ + র্ + অ= দ্র।

মধু: মউ, মিষ্ট রস, বসন্তকাল। বি। তৎসম। মন্ [ন্ = ধ্] + উ। ৬।১, বানান: ম্ + অ + ধ্ + উ। বি.দ্র.: ধ্ + উ= ধু।

মধুক: মহুয়া। বি। তৎসম। মধু ['মধু' দ্রষ্টব্য] + ক। বানান: ম্ + অ + ধ্ + উ + ক্ + অ।

মধুকর: ভ্রমর, মউমাছি। বি। তৎসম। মধু ['মধু' দ্রষ্টব্য] + কর [কৃ + অ]। ৬।১ মধু করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ধ্ + উ + ক্ + অ + র্ + অ।

মধুকরী : ভ্রমরী, স্ত্রী মৌমাছি। বি। তৎসম। মধুকর ['মধুকর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ম্ + অ + ধ্ + উ + ক্ + অ + র্ + ঈ।

মধুচন্দ্র : নবদম্পতির প্রমোদ-বিহার (honey--moon)। বি। তৎসম। মধু ['মধু' দ্রষ্টব্য] + চন্দ্র [চন্দ্ (আনন্দ দান করা) + র]। ৬।১ মধু-পূর্ণ চন্দ্র [আনন্দপূর্ণ দিনরাত্রি]= মধ্যপ-কর্মধা। ৩।২। বানান : ম্ + অ + ধ্ + উ + চ্ + অ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + র্ + অ= ন্দ্র

মধুচন্দ্রিকা : নবদম্পতির প্রমোদ-বিহার (honey-moon)। বি। তৎসম। মধুচন্দ্র ['মধুচন্দ্র' দ্রষ্টব্য] + ইক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ বানান : ম্ + অ + ধ্ + উ + চ্ + অ + ন্ + দ্ + র্ + ই + ক্ + আ। বি.দ্র. : ন্ + দ্ + র্ + ই= ন্দ্রি।

মধুকৈটভ : মধু ও কৈটভ নামক পৌরাণিক অসুর। বি। তৎসম। মধু ['মধু' নামক দৈত্য] + কৈটভ [কীট (কর্ণমল) + ভা + অ]। ৬।১ [বিষ্ণুর] কর্ণমল থেকে জন্মেছে যে= উপপদতৎ। ৩।৩ মধু ও কৈটভ= দ্বন্দ্ব। ৩।৪ বানান : ম্ + অ + ধ্ + উ + ক্ + ঐ + ট্ + অ + ভ্ + অ। বি.দ্র. : ক্ + ঐ= কৈ।

মধুনিশি : বসন্তরাত্রি। বি। তৎসম। মধু ['মধু' দ্রষ্টব্য] + নিশি [অশুদ্ধ, শুদ্ধ রূপ : নিশা]। মধু [বসন্তকালীন] নিশি [নিশা]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + ধ্ + উ + ন্ + ই + শ্ + ই [আ]।

মধুপ : ভ্রমর, মউমাছি। বি। তৎসম। মধু ['মধু' দ্রষ্টব্য] + প [পা + অ]। ৬।১ মধু পান করে যে= উপপদ তৎ। ৩।৩ বানান : ম্ + অ + ধ্ + উ + প্ + অ।

মধুপর্ক : ঘৃত, মধু, দধি, দুগ্ধ, শর্করার মিশ্রিত বস্তু। বি। তৎসম। মধু ['মধু' দ্রষ্টব্য] + পর্ক [পৃচ্ (মেশানো) + অ]। ৬।১ মধুর পর্ক [মিশ্রণ]= সম্বন্ধ তৎ। ৩।৩ বানান : ম্ + অ + ধ্ + উ + প্ + অ + র্ + ক্ + অ। বি.দ্র. : র্ + ক্ = অ= র্ক।

মধুপায়ী : ভ্রমর, মউমাছি। বি। তৎসম। মধু ['মধু' দ্রষ্টব্য + পায়ী [পা + ইন্ (ঈ)]। ৬।১ মধু পান করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ধ্ + উ + প্ + আ + য় + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মধুবন : বৃন্দাবনস্থ বন। বি। তৎসম। মধু ['মধু' দ্রষ্টব্য] + বন [বন্ + অ]। ৬।১ মধু-দৈত্যের [লবণ-দৈত্যের পিতার] বন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ধ্ + উ + ব্ + অ + ন্ + অ।

মধুবর্ষী : মধু-বর্ষণকারী। বি। তৎসম। মধু ['মধু' দ্রষ্টব্য] + বর্ষী [বৃষ্ + ইন্ (ঈ)]। ৬।১ মধু বর্ষণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ধ্ + উ + ব্ + অ + র্ + ষ্ + ঈ। বি.দ্র. : র্ + ষ্ + ঈ= র্ষী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মধুমাখা : সুমধুর। বিণ। তদ্ভব। মধু ['মধু' দ্রষ্টব্য] + মাখা [< সং. ম্রক্ষ্ + বাং. আ]। মধু দ্বারা মাখা= করণতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ধ্ + উ + ম্ + আ + খ্ + আ।

মধুমাস : চৈত্রমাস। বি। তৎসম। মধু ['মধু' দ্রষ্টব্য] + মাস [মাস্ (চন্দ্র) + অ]। ৬।১ মধু [বসন্ত]-কালীন মাস = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + ধ্ + উ + ম্ + আ + স্ + অ।

মধুমেহ : বহুমূত্র-রোগ। বি। তৎসম। মধু ['মধু' দ্রষ্টব্য] + মেহ [মিহ্ + অ]। ৬।১ মধু-মিশ্রিত মেহ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + ধ্ + উ + ম্ + এ + হ্ + অ।

মধুযামিনী : বসন্ত রাত্রি। বি। তৎসম। মধু ['মধু'

দ্রষ্টব্য] + যামিনী [যাম (যা + ম) + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ মধু [বসন্ত]-কালীন যামিনী [রাত্রি]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ধ্ + উ + য্ + আ + ম্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মধুর : অতিশয় মিষ্ট। বিণ। তৎসম। মধু ['মধু' দ্রষ্টব্য] + র। বানান: ম্ + অ + ধ্ + উ + র্ + অ।

মধুরতা : মধুর ভাব। বি। তৎসম। মধুর ['মধুর' দ্রষ্টব্য] + তা ৬।২ বানান: ম্ + অ + ধ্ + উ + র্ + অ + ত্ + আ।

মধুরত্ব : মধুর ভাব। বি। তৎসম। মধুর ['মধুর' দ্রষ্টব্য] + ত্ব। ৬।২ বানান: ম্ + অ + ধ্ + উ + র্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র.: ত্ + ব্ + অ= ত্ব।

মধুরাতি : বসন্ত-রাত্রি। বি। তৎসম। < মধু ['মধু' দ্রষ্টব্য] + রাতি [< সং. রাত্রি]। মধু-কালীন রাতি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ধ্ + উ + র্ + আ + ত্ + ই।

মধুরিমা : মধুর ভাব। বি। তৎসম। মধুর ['মধুর' দ্রষ্টব্য] + ইম + আ [স্ত্রী]। ৬।২, ৭।১।ক বানান: ম্ + অ + ধ্ + উ + র্ + ই + ম্ + আ।

মধুসূদন : মধু নামক দৈত্যের বিনাশকারী [বিষ্ণু]। বি। তৎসম। মধু [মধুদৈত্য] + সূদন [সূদ্ (বিনাশ করা) + ণিচ্ + অন]। ৬।১ মধুকে সূদন [বিকাশ] করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ধ্ + উ + স্ + ঊ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র.: স্ + ঊ= সূ।

মধূৎসব : বসন্তোৎসব। [সং. মধু + উৎসব]। বি। তৎসম। মধু ['মধু' দ্রষ্টব্য] + উৎসব [উৎ + সু + অ]। ৬।১ [সন্ধি] উ + উ= ঊ [ধূ]। ২।৩।ক মধু [বসন্ত]-কালীন উৎসব= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ধ্ + ঊ + ৎ + স্ + অ + ব্ + অ। বি.দ্র.: ধ্ + ঊ= ধূ।

মধ্য : মাঝ। বি। তৎসম। মধ্য + অ। ৬।১ বানান: ম্ + অ + ধ্ + য্ + অ। বি.দ্র.: ধ্ + য্ + অ = ধ্য।

মধ্যন্দিন : মধ্যাহ্ন। বি। তৎসম। মধ্যম [মধ্য + ম্] + দিন [দো (অন্ধকারকে খণ্ডিত করা) + ইন]। ৬।১ [সন্ধি] ম্ + দি= ন্ + দি = ন্দি। ২।২৮ দিনের মধ্য= সম্বন্ধতৎ। [পরনিপাত]। বানান: ম্ + অ + ধ্ + য্ + অ + ন্ + দ্ + ই + ন্ + অ। বি.দ্র.: ধ্ + য্ + অ= ধ্য, ন্ + দ্ + ই= ন্দি।

মধ্যপদলোপী : যাতে মধ্যবর্তী পদের লোপ হয়। বি। তৎসম। মধ্য [মধ্য + অ] + পদ [পদ্ + অ] + লোপী [লুপ্ + ইন্ (ঈ)]। ৬।১ মধ্য যে পদ= কর্মধা, মধ্যপদ লুপ্ত হয় যার= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ধ্ + য্ + অ + প্ + অ + দ্ + অ + ল্ + ও + প্ + ঈ।

মধ্যপন্থা : দুই বিপরীত মতের মধ্যবর্তী মত। বি। তৎসম। মধ্য [মধ্য + অ] + পন্থা ['পথিন্' শব্দের কর্তৃকারকের একবচন]। মধ্য যে পন্থা= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ধ্ + য্ + অ + প্ + অ +ন্ + থ্ + আ। বি.দ্র.: ধ্ + য্ + অ = ধ্য, ন্ + থ্ + আ= ন্থা।

মধ্যবয়স্ক : আধাবয়সী। বিণ। তৎসম। মধ্য [মধ্য + অ] + বয়ঃ + ক। ৬।২ [সন্ধি] অঃ + ক= অস্ক [য়স্ক]। ২।৩৭ মধ্য বয়স যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + ধ্ + য্ + অ + ব্ + অ + য়্ + অ + স্ + ক্ + অ। বি.দ্র.: স্ + ক্ + অ= স্ক।

মধ্যবয়স্কা : প্রৌঢ়া। বিণ। তৎসম। মধ্যবয়স্ক ['মধ্যবয়স্ক' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ম্ + অ + ধ্ + য্ + অ + ব্ + অ + য়্ + অ + স্ + ক্ + অ। বি.দ্র.: স্ + ক্ + আ= স্কা।

মধ্যবর্তিতা : মধ্যস্থতা। বি। তৎসম। মধ্য [মধ্য + অ] + বর্তিতা [বৃৎ + ইত (<ইন) + আ]। ৬।১ মধ্যে বর্তমান থাকা। বানান : ম্ + অ + ধ্ + য্ + অ + ব্ + অ + ব্ + ত্ + ই + ত্ + আ। বি.দ্র. : ব্ + ত্ + ই= র্তি।

মধ্যবর্তিনী : মধ্যবর্তী স্থানে অবস্থিতা। বিণ। তৎসম। মধ্য [মধ্য + অ] + বর্তিনী [বৃৎ + ইন্ + ঈ]। ৬।১, .৭।১।চ বানান : ম্ + অ + ধ্ + য্ + অ + ব্ + অ + ব্ + ত্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : ব্ + ত্ + ই= র্তি। শব্দটি ইন্ + ঈ ='ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'। 'র' ও 'ন' এর মধ্যে 'ত্' থাকায় 'ন' 'ন'-ই থেকেছে।

মধ্যবর্তী : মাঝামাঝি স্থানে অবস্থিত। বিণ। তৎসম। মধ্য [মধ্য + অ] + বৃৎ + ইন্ [ঈ]। ৬।১ মধ্যে বর্তমানে থাকে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ধ্ + য্ + অ + ব্ + অ + ব্ + ত্ + ঈ। বি.দ্র. : ব্ + ত্ + ঈ= র্তী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মধ্যবিত্ত : ধনী ও দরিদ্রের মাঝামাঝি অবস্থা। বিণ। তৎসম। মধ্য [মধ্য + অ] + বিত্ত [বিদ্ (লাভ করা) + ত]। ৬।১ মধ্য [মাঝারি] বিত্ত যার= বহুব্রী। ৩।৫ বানান : ম্ + অ + ধ্ + য্ + অ + ব্ + ই + ত্ + ত্ + অ। বি.দ্র. : ত্ + ত্ + অ =ত্ত।

মধ্যভারত : ভারতবর্ষের মাঝামাঝি অঞ্চল। বি। তৎসম। মধ্য [মধ্য + অ] + ভারত [ভরত + অ]। ৬।২ ভারতের মধ্য [অঞ্চল]= সম্বন্ধতৎ। বানান : ম্ + অ + ধ্ + য্ + অ + ভ্ + আ + র্ + অ + ত্ + অ।

মধ্যম : মেজো, মাঝারি। বিণ। তৎসম। মধ্য [মধ্য + অ] + ম। ৬।২ বানান : ম্ + অ + ধ্ + য্ + অ + ম্ + অ।

মধ্যমণি : অলংকারের মধ্যস্থলে খচিত রত্ন। বি। তৎসম। মধ্য [মধ্য + অ] + মণি [মণ্ + ই]। ৬।১ মধ্যের মণি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ধ্ + য্ + অ + ম্ + অ + ণ্ + ই। বি.দ্র. : 'মণি'-র 'ণ' স্বাভাবিক 'ণ'।

মধ্যমা : মাঝের আঙুল। বি। তৎসম। মধ্য [মধ্য + অ] + ম + আ [স্ত্রী]। ৬।২, ৭।১।ক বানান : ম্ + অ + ধ্ + য্ + অ + ম্ + আ। বি.দ্র. : ধ্ + য্ + অ= ধ্য।

মধ্যযুগ : একাদশ থেকে সপ্তদশ শতাব্দী। বি। তৎসম। মধ্য [মধ্য + অ] + যুগ [যুজ্ + অ]। ৬।১ মধ্য-কালীন [বর্তী] যুগ= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + ধ্ + য্ + অ + য্ + উ + গ্ + অ। বি.দ্র. : ধ্ + য্ + অ= ধ্য।

মধ্যযুগীয় : মধ্যযুগের। বিণ। তৎসম। মধ্যযুগ ['মধ্যযুগ' দ্রষ্টব্য] + ঈয। ৬।২ বানান : ম্ + অ + ধ্ + য্ + উ + গ্ + ঈ + য্ + অ। বি.দ্র. : ধ্ + য্ + অ = ধ্য, য্ + উ= যু, গ্ + ঈ= গী।

মধ্যরাত্র : দ্বিপ্রহর রাত। বি। তৎসম। মধ্য [মধ্য + অ] + রাত্র [রাত্রি (রা + ত্রি)। ৬।১ রাত্রির মধ্য [পরনিপাত]= সম্বন্ধতৎ। ৩।৩ [রাত্রি= রাত্র]। বানান : ম্ + অ + ধ্ + য্ + অ + র্ + আ + ত্ + র্ + অ। বি.দ্র. : ত্ + র্ + অ= ত্র।

মধ্যস্থ : সালিশ। বিণ। তৎসম। মধ্য [মধ্য + অ] + স্থ [স্থা + অ]। ৬।১ মধ্যে থাকে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ধ্ + য্ + অ + স্ + থ্ + অ। বি.দ্র. : স্ + থ্ + অ।

মধ্যস্থতা : সালিশী। বি। তৎসম। মধ্যস্থ ['মধ্যস্থ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : ম্ + অ + ধ্ + য্ + অ + স্ + থ্ + অ + ত্ + আ। বি.দ্র. : স্ + থ্ + অ= স্থ।

মধ্যস্থল : মাঝখান। বি। তৎসম। মধ্য [মধ্য + অ] +স্থল [স্থল্ + অ]। ৬।১ মধ্য যে স্থল=

কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ধ্ + য্ + অ + স্ + থ্ + অ + ল্ + অ। বি.দ্র.: স্ + থ্ + অ= স্থ।

মধ্যা: মধ্যবর্তিনী। বিণ। তৎসম। মধ্য [মধ্য + অ] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ম্ + অ + ধ্ + য্ + আ।

মধ্যাঙ্গুলি: মাঝখানের আঙুল। বি। তৎসম। মধ্য [মধ্য + অ] + অঙ্গুলি [অঙ্গ্ + উলি]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ধ্যা]। ২।১।ক মধ্যস্থিত অঙ্গুলি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ধ্ + য্ + আ + ঙ্ + গ্ + উ + ল্ + ই। বি.দ্র.: ঙ্ + গ্ + উ = ঙ্গু।

মধ্যাহ্ন: দ্বিপ্রহর। বি। তৎসম। মধ্য [মধ্য + অ] + অহন্। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ধ্যা]। ২।১।ক অহনের মধ্য= মধ্যাহ্ন [অহন্= অহ্ন] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ধ্ + য্ + আ + হ্ + ন্ + অ। বি.দ্র.: হ্ + ন্ + অ = হ্ন। ['ন্' 'হ্'-এর পিঠে হবে]।

মধ্যাহ্নকালীন: দুপুর বেলার। বিণ। তৎসম। মধ্যাহ্ন ['মধ্যাহ্ন' দ্রষ্টব্য] + কালীন [কাল + ঈন]। ৬।২ মধ্যাহ্নের কালীন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ধ্ + য্ + আ + হ্ + ন্ + অ + ক্ + আ + ল্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: হ্ + ন্= হ্ন। ল্ + ঈ= লী।

মধ্যে: মাঝখানে। বি, ক্রি-বিণ। তৎসম। মধ্য [মধ্য + অ] + এ [অধিকরণ একবচন]। ৬।১ বানান: ম্ + অ + ধ্ + য্ + এ। বি.দ্র.: ধ্ + য্ + এ= ধ্যে।

মধ্বাসব: মধুজাত মদ্য। বি। তৎসম। মধু ['মধু' দ্রষ্টব্য] + আসব [আ +সু + অ]। ৬।১ [সন্ধি] উ + আ = বা [ধ্বা]। ২।৮।খ মধু থেকে জাত আসব [মদ্য]। ৬।১ বানান: ম্ + অ + ধ্ + ব্ + আ + স্ + অ + ব্ + অ। বি.দ্র.: ধ্ + ব্ + আ।

মন: [বর্জিত বানান: মণ]: চল্লিশ সের। বি। বিদেশী। < আ. মন্।

মন: অন্তঃকরণ। বি। তদ্ভব। < সং. মনস্।

মনঃকষ্ট: মানসিক কষ্ট। বি। তৎসম। মনঃ + কষ্ট [কষ্ + ত]। ৬।১ ঃ + ক। [সন্ধি হয় না।]। বানান: ম্ + অ + ন্ + অ + ঃ + ক্ + অ + ষ্ + ট্ + অ। বি.দ্র.: ষ্ + ত [সন্ধি]= ষ্ট। ২।২৪

মনঃক্ষুণ্ণ: দুঃখিত। বি। তৎসম। মনঃ + ক্ষুণ্ণ [ক্ষুদ্ (চূর্ণ করা) + ত]। ৬।১ সন্ধি: ঃ+ক্ষু। [সন্ধি নিষিদ্ধ।] ক্ষুণ্ণ মনঃ যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + ন্ + অ + ঃ + ক্ + ষ্ + উ + ণ্ + ণ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + উ = ক্ষু, ণ্ + ণ্ + অ= ণ্ণ।

মনঃপীড়া: মনের যন্ত্রণা। বি। তৎসম। মনঃ + পীড়া [পীড্ + অ + আ] [সন্ধি] ঃ + পী। [সন্ধি নিষিদ্ধ] ৬।১ মনের পীড়া= সম্বন্ধ তৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + অ + ঃ + প্ + ঈ + ড্ + আ।

মনঃপূত: মনোমত। বিণ। তৎসম। মনঃ + পূত [পূ + ত]। ৬।১ [সন্ধি] ঃ + পূ। [সন্ধি নিষিদ্ধ] পূত [সংকল্পশূন্য)] যে মনঃ= কর্মধা। ৩।২ [পরনিপাত]। বানান: ম্ + অ + ন্ + অ + ঃ + প্ + ঊ + ত। বি.দ্র.: প্ + ঊ= পূ।

মনঃপ্রাণ: সমস্ত মন। বি। তৎসম। মনঃ + প্রাণ [প্র + অন্ + অ] ৬।১ মনঃ ও প্রাণ = দ্বন্দ্ব। ৩।৪ বানান: ম্ + অ + ন্ + অ + ঃ + প্ + র্ + আ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মনঃশিল: মনছাল। বি। তৎসম। মনস্ [ঃ] + শিলা [শিল্ + অ + আ] ৬।১ বানান: ম্ + ন্ + অ + ঃ + শ্ + ই + ল্ + অ।

মনঃশিলা: মনছাল। বি। তৎসম। মনঃশিলা ['মনঃশিল' দ্রষ্টব্য] + আ। বানান: ম্ + অ

+ ন্ + অ + ঃ + শ্ + ই + ল্ + আ।

মনঃসংযোগ : মনোযোগ। বি। তৎসম। মন: + সংযোগ [সম্ + যুজ্ + অ]। ৬।১ ঃ + [সন্ধি] + স। সন্ধি হয় না। [সন্ধি] ম্ + যো = ংযো। ২।৩০ মনের সংযোগ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + অ + ঃ + স্ + অ + ং + য্ + ও + গ্ + অ।

মনঃসমীক্ষণ : অবচেতন মনের বিশ্লেষণ ও বিচারণ [psycho-analysis]। বি। তৎসম। মনঃ + সমীক্ষণ [সম্ + ঈক্ষ [ঈক্ষ্ + অন]। ৬।১ [সন্ধি] ঃ + স। সন্ধি হয় না। ম্ + ঈ = মী। মনের সমীক্ষণ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + অ + ঃ + স্ + অ + ম্ + ঈ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি. দ্র : ক্ + ষ্ + অ= ক্ষ। 'ষ'ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১। গ।

মনকষাকষি : পরস্পর মনোমালিন্য। বি। তদ্ভব। মন + কষাকষি [কষ্ + বাং. আ + কষ্ + বাং. ই]। ৬।৩ মনের কষাকষি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + অ + ক্ + অ + ষ্ + আ + ক্ + অ + ষ্ + ই। বি. দ্র : তদ্ভব শব্দ হওয়া সত্ত্বে 'ষ' অপরিবর্তিত আছে।

মনখোলা : সরল। বি। তদ্ভব। মন + খোলা [< খুল্ (< সং.স্খল্) বাং + আ। ৬।৩ খোলা এমন মন = কর্মধা। ৩।২ [পরনিপাত] বানান : ম্ + অ + ন্ + অ + খ্ + ও + ল্ + আ।

মনগড়া : কাল্পনিক। বিণ। তদ্ভব। মন + গড়া [< গড়্ (< সং.গঠ্) + বাং. আ। ৬।৩ মনের দ্বারা গড়া [গঠিত] = করণতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + অ + গ্ + অ + ড়্ + আ।

মনন : একাগ্র চিন্তন। বি। তৎসম। মন্ + অন। ৬।১ বানান : ম্ + অ + ন্ + অ + ন্ + অ।

মননশীল : চিন্তাশীল। বিণ। তৎসম। মনন ['মনন' দ্রষ্টব্য] + শীল [শীল্ + অ]। ৬।১ মনন শীল [স্বভাব] যার = বহুব্রী। ৩।৫ বানান : ম্ + অ + ন্ + অ + ন্ + অ + শ্ + ঈ + ল্ + অ।

মনপসন্দ : মনঃপূত। বি। মিশ্র। [তদ্ভব + বিদেশী। সং.মন [< মনস্] + ফা. পসন্দ। বানান : ম্ + অ + ন্ + অ + প্ + অ + স্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + অ = ন্দ।

মনমরা : বিষণ্ণ। বিণ। তদ্ভব। মন + মরা [মর্ (< সং.মৃ) + বাং. আ। ৬।৩ মন মরা যার = বহুব্রী। ৩।৫ বানান : ম্ + অ + ন্ + অ + ম্ + অ + র্ + আ।

মনরক্ষা : সন্তোষবিধান। বি। তৎসম। মন + রক্ষা [রক্ষ্ + অ + আ]। ৬।১ মনকে রক্ষা = কর্মতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + অ + র্ + অ + ক্ + ষ্ + আ। বি.দ্র. : ক্ + ষ্ + আ = ক্ষা।

মনশ্চক্ষু : অন্তর্দৃষ্টি। বি। তৎসম। মনঃ + চক্ষু [< সং.চক্ষুস্]। [সন্ধি] ঃ + চ = শ্চ। ২।৩৪ মন-রূপ চক্ষু = রূপক-কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + ন্ + অ + শ্ + চ্ + অ + ক্ + ষ্ + উ। বি.দ্র. : শ্ + চ্ + অ = শ্চ। ক্ + ষ্ + উ = ক্ষু।

মনশ্চাঞ্চল্য : চিত্তচাঞ্চল্য। বি। তৎসম। মনঃ + চাঞ্চল্য [চঞ্চল + য]। ৬।২ [সন্ধি] ঃ + চা = শ্চা। ২।৩৪ মনের চাঞ্চল্য = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + অ + শ্ + চ্ + আ + ঞ্ + চ্ + অ + ল্ + য্ + অ। বি.দ্র. : শ্ + চ্ + আ = শ্চা, ঞ্ + চ্ + অ = ঞ্চ, ল্ + য্ + অ = ল্য।

মনসব : উচ্চ রাজপদ। বি। বিদেশী। < আ. মনসব্। বাংলা বানান : ম্ + অ + ন্ + স্ + অ + ব্। বি. দ্র : 'ন' ও 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মনসবদার : মোগল সুবাদারের অধীন সেনাপতি। বি। বিদেশী। মনসব ['মনসব'দ্রষ্টব্য + ফা.দার]। বাংলা বানান : ম্ + অ + ন্ + স্ + অ + ব্ + দ্ + আ + র্। বি.দ্র.: 'ন', 'ব' ও 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মনসবদারি : মোগল সুবাদারের অধীন সেনাপত্য। বি। বিদেশী। আ. মনসব + ফা. দার + বাং. ই। ৬।৪, ৫।৩ বাংলা বানান : ম্ + অ + ন্ + স্ + অ + ব্ + দ্ + আ + র্ + ই। বি. দ্র : 'ন'ও 'ব' এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মনসা : নাগমাতা। বি। তৎসম। মনস্ + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১ ক বানান : ম্ + অ + ন্ + অ + স্ + আ।

মনসামঙ্গল : মনসার মহিমা-কীর্তিত কাব্য। বি। তৎসম। মনসা ['মনসা' দৃষ্টব্য] + মঙ্গল [মঙ্গ্ + অল]। ৬।১ মনসার মঙ্গল [মহিমা কীর্তন-কাব্য]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + স্ +আ + ম্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ = ঙ্গ।

মনসিজ : কন্দর্প। বি। তৎসম। মনসি ['মনস্' শব্দের অধিকরণ একবচন] + জ [জন্ + অ]। ৬।১ মনসি [মনে] জন্মে যা = উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + অ + স্ + ই + জ্ + অ।

মনস্কাম, মনস্কামনা : মনের ইচ্ছা। বি। তৎসম। মনঃ + কাম, কামনা [কাম্ + অ, কাম্ + অন + আ]। ৬।১ [সন্ধি] অঃ + কা = অস্কা। ২।৩৭ মনের কাম, কামনা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + অ + স্ + ক্ + আ + ম্ + অ, + ন্ + আ। বি.দ্র.: স্ + ক্ + আ = স্কা।

মনস্তাপ : মনঃপীড়া। বি। তৎসম। মনঃ + তাপ [তপ্ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + তা = অস্তা। ২।৩৭ মনের তাপ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + অ + স্ + ত্ +আ + প্ + অ। বি. দ্র : স্ + ত্ + আ = স্তা।

মনস্তুষ্টি : মনের সন্তোষ। বি। তৎসম। মনঃ + তুষ্টি [তুষ্ + তি]। ৬।১ [সন্ধি] অঃ +তু = অস্তু। ২।৩৭ ষ্ + তি=ষ্টি। ২।২৪ মনের তুষ্টি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + অ + স্ + ত্ + উ + ষ্ + ট্ + ই। বি.দ্র.: স্ + ত্ + উ = স্তু, ষ্ + ট্ + ই = ষ্টি।

মনস্থ : সঙ্কল্প। বি। তৎসম। মনঃ + স্থ [স্থা + অ]। ৬।১ ঃ + স্থ। বিসর্গ লুপ্ত। মনে থাকে যা = উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + অ + স্ + থ্ + অ। বি.দ্র.: স্ + থ্ + অ = স্থ।

মনস্বিতা : মননশীলতা। বি। তৎসম। মনস্ + বিতা [বিত (< বিন্) + আ]। ৬।২ বানান : ম্ + অ + ন্ + অ + স্ + ব্ + ই + ত্ + আ। বি.দ্র.: স্ + ব্ + ই = স্বি।

মনস্বী : মনীষী[মনস্ + বিন্]। বিণ। তৎসম। মনস্ + বী [< বিন্]। ৬।২ বানান : ম্ + অ + ন্ + অ + স্ + ব্ + ঈ। বি.দ্র.: স্ + ব্ + ঈ = স্বী।

মনান্তর : মনোমালিন্য। বি। তৎসম। মন + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [না]। ২।১।ক অন্য মন = নিত্যসমাস। বানান : ম্ + অ + ন্ + আ + ন্ + ত্ + অ + র্ + অ। বি. দ্র: ন্ + ত্ + অ = ন্ত।

মনিঅর্ডার : ডাক-মাশুল দিয়ে টাকা পাঠানো। বি। বিদেশী। < ইং. money order। বাংলা বানান : ম্ + অ + ন + ই + অ + র্ + ড্ + আ + র্। বি.দ্র.: র্ + ড্ + আ = র্ডা। 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মনিব : প্রভু। বি। বিদেশী। < আ. মুনিব। বাংলা বানান : ম্ + অ + ন্ + ই + ব্। বি.দ্র.: শব্দান্তর 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মনিবগিরি : প্রভুত্ব। বি। বিদেশী। মনিব [আ. 'মনিব' দ্রষ্টব্য] + ফা. গিরি। বাংলা বানান : ম্ + অ + ন্ + ই + ব্ + গ্ + ই + র্ + ই। বি.দ্র. : 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মনিবানা : প্রভুত্ব। বি। বিদেশী। মনিব ['মনিব' দ্রষ্টব্য] + বাং. আ। ৬।৩ বাংলা বানান : ম্ + অ + ন্ + ই + ব্ + আ + ন্ + আ।

মনিব্যাগ : পকেটে টাকা-পয়সা রাখবার ছোট থলি। বি। বিদেশী। < ইং. money bag. বাংলা বানান : ম্ + অ + ন্ + ই + ব্ + য্ + আ + গ্। বি.দ্র. : ব্ + য্ + আ= ব্যা। 'গ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মনীষা : প্রতিভা। বি। তৎসম। মনঃ + ঈষা [ঈষ্ + অ + আ (স্ত্রী)]। ৬।১ [সন্ধি] নঃ + ঈ= নী। নিপাতনে। বানান : ম্ + অ + ন্ + ঈ + ষ্ + আ। বি.দ্র. : ন্ + ঈ = নী। 'ঈ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

মনীষিণী : মনীষাসম্পন্না। বিণ। তৎসম। মনঃ + ঈষিণী [ঈষ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ [সন্ধি] নঃ + ঈ = নী। নিপাতনে। বানান : ম্ + অ + ন্ + ঈ + ষ্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : ১. 'ঈ'-র পর 'ষ' হয়েছে। ২. 'ষ' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৩. শব্দটি ইন্ + ঈ=-'ইনী' প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মনীষী : মনীষাসম্পন্ন। বিণ। তৎসম। মনঃ + ঈষী [ঈষ্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] ঃ + ঈ। [বিসর্গ লোপ-নিপাতনে] মন যাঁর তীক্ষ্ণ। বানান : ম্ + অ + ন্ + ঈ + ষ্ + ঈ। বি.দ্র. : 'ঈ'-র, পর 'ষ' হয়েছে। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মনু : মনুষ্যজাতির আদিপুরুষ। বি। তৎসম। মন্ + উ। ৬।১ বানান : ম্ + অ + ন্ + উ।

মনুজ : মনুর সন্তান। বি। তৎসম। মনু [মন্ + উ] + জ [জন্ + অ]। ৬।১ মনু থেকে জাত= অপাদানতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + উ + জ্ + অ।

মনুজেন্দ্র : রাজা। বি। তৎসম। মনুজ [মনু + জ] + ইন্দ্র [ইন্দ্ + র]। ৬।১ মনু থেকে জাত = অপাদানতৎ। ৩।৩ তাদের ইন্দ্র [শ্রেষ্ঠ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + উ + জ্ + এ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + র্ + অ= ন্দ্র।

মনুষী : মানবী, মানুষী। বি। তৎসম। মনু [+ ষ্] + য + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান : ম্ + অ + ন্ + উ + ষ্ + ঈ [য্-ফলা হবে না]। বি.দ্র. : 'উ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

মনুষ্য : মানুষ। বি। তৎসম। মনু [+ষ্] + য [যৎ]। ৬।১ বানান : ম্ + অ + ন্ + উ + ষ্ + য্ + অ। বি.দ্র. : ষ্ + য্ + অ= ষ্য।

মনুষ্যজন্ম : মানুষরূপে জন্মগ্রহণ। বি। তৎসম। মনুষ্য ['মনুষ্য' দ্রষ্টব্য] + জন্ম [জন্ + মন্]। ৬।১ মনুষ্যরূপে জন্ম = কর্মতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + উ + ষ্ + য্ + অ + জ্ + অ + ন্ + ম্ + অ। বি.দ্র. : ন্ + ম্ + অ= ন্ম।

মনুষ্যত্ব : মানবতা। বি। তৎসম। মনুষ্য ['মনুষ্য' দ্রষ্টব্য] + ত্ব। ৬।২ বানান : ম্ + অ + ন্ + উ + ষ্ + য্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র. : ষ্ + য্ + অ= ষ্য, ত্ + ব্ + অ= ত্ব।

মনুষ্যত্বলোক : মর্ত্যলোক। বি। তৎসম। মনুষ্যত্ব ['মনুষ্যত্ব' দ্রষ্টব্য] + লোক [লোক্ + অ]। ৬।১ মনুষ্যত্বের লোক [জগৎ]= সম্বন্ধ তৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + উ + ষ্ + য্ + অ + ত্ + ব্ + অ + ল্ + ও + ক্ + অ। বি.দ্র. : ষ্ + য্ + অ = ষ্য। ত্ + ব্ + অ= ত্ব। 'মনুষ্য-লোক' ও হয়।

মনুষ্যোচিত : মানুষের উপযুক্ত বিণ। তৎসম। মনুষ্য ['মনুষ্য' দ্রষ্টব্য] + উচিত [বচ্ + ইত বা উচ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [ষ্যো]।

২।৫।ক মনুষ্যের উচিত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + উ + ষ্ + য্ + ও + চ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ষ্ + য্ + ও= ষ্যো।

মনুসংহিতা: মনু-প্রণীত মনুষ্যজাতির আচার-আচরণ গ্রন্থ। বি। তৎসম। মনু [মন্ + উ] + সংহিতা [সম্ + হিতা (ধা + ত্ + আ)]। ৬।১, ৭।১।ক [সন্ধি] ম্ + হি= ংহি। ২।৩০ মনু-প্রণীত সংহিতা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ন্ + উ + স্ + অ + ং + হ্ + ই + ত্ + আ।

মনে-প্রাণে: ঐকান্তিকভাবে। ক্রি-বিণ। তদ্ভব। মনে ['মন' দ্রষ্টব্য + এ (অধিকরণ একবচন)] + প্রাণে [প্রা + অন + এ (অধিকরণ একবচন)]। ৬।১ মনে ও প্রাণে= অলুক্ দ্বন্দ্ব। ৩।৪ বি.দ্র.: [প্রাণে: প্ + র্ + আ + ণ্ + এ]। 'র' ও 'ন'-এর মধ্যে 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে।

মনোগত: অন্তরের। বিণ। তৎসম। মনঃ + গত [গম্ + ত]। ৬।১ [সন্ধি] অঃ + গ -ওগ [নোগ]। ২।৩৯ মনকে গত = কর্মতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + গ্ + অ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ও= নো।

মনোজ: কামদেব। বি। তৎসম। মনঃ + জ [জন্ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + জ= ওজ [নোজ]। ২।৩০ মনে জন্মে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + জ্ + অ।

মনোজগৎ: অন্তর্জগৎ। বি। তৎসম। মনঃ + জগৎ [গম্ + ক্বিপ্]। ৬।১ [সন্ধি] অঃ + জ= ওজ [নোজ]। ২।৩০ মনের জগৎ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + জ্ + অ + গ্ + অ + ৎ। বি.দ্র. ন্ + ও= নো। 'জগৎ'—শব্দে 'ৎ' হবে, 'ত' হবে না।

মনোজ্ঞ: চিত্তাকর্ষী। বিণ। তৎসম। মনঃ + জ্ঞ [জ্ঞা + অ]। ৬।১ [সন্ধি] অঃ + জ্ঞ= ওজ্ঞ [নোজ্ঞ]। ২।৩০ মন দ্বারা জ্ঞ [জ্ঞেয়]= করণ-তৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + জ্ + ঞ্ + অ। বি.দ্র.: ন্ + ও = নো, জ্ + ঞ্ + অ= জ্ঞ।

মনোদুঃখ: মানসিক যন্ত্রণা। বি। তৎসম। মনঃ + দুঃখ [দুস্ (ঃ) + খন্]। ৬।১ [সন্ধি] অঃ + দু= ওদু [নোদু]। ২।৩০ মনের দুঃখ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + দ্ + উ + ঃ + খ্ + অ। বি.দ্র.: ন্ + ও= নো, দ্ + উ + ঃ= দুঃ।

মনোনয়ন: নির্বাচন। বি। তৎসম। মনঃ + নয়ন [নী + অন]। ৬।১ [সন্ধি] অঃ + ন= ওন [নোন]। ২।৩০ মন দ্বারা নয়ন [আনয়ন]= করণতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ন্ + অ + য়্ + অ + ন্ + অ। বি.দ্র.: ন্ + ও= নো।

মনোনিবেশ: মনঃসংযোগ। বি। তৎসম। মনঃ + নিবেশ [নি + বিশ্ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + নি= ওনি [নোনি]। ২।৩০ মনের নিবেশ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ন্ + ই + ব্ + এ + শ্ + অ। বি.দ্র.: ন্ + ও- নো।

মনোনীত: নির্বাচিত। বিণ। তৎসম। মনঃ + নীত [নী +ত]। ৬।১ [সন্ধি] অঃ + নী= ওনী [নোনী]। ২।৩০ মন দ্বারা নীত [আনীত]= করণতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ন্ + ঈ + ত্ + অ।

মনোনীতা: নির্বাচিতা। বিণ। তৎসম। মনোনীত ['মনোনীত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক মনের দ্বারা নীতা= করণতৎ। ৩।৩ বানান. ম্ + অ + ন্ + ও + ন্ + ঈ + ত্ + আ। বি.দ্র.: ন্ + ও = নো, ন্ + ঈ= নী।

মনোবাঞ্ছা: মনের সাধ। বি। তৎসম। মনঃ + বাঞ্ছা [বাঞ্ছ্ + অ + আ (স্ত্রী)] ৬।১, ৭।১।ক মনের বাঞ্ছা= সম্বন্ধ তৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ব্ + আ + ঞ্ + ছ্ + আ। বি.দ্র.: ন্ + ও= নো, ঞ্ + ছ্ + আ= ঞ্ছা।

মনোবিকার : চিত্তচাঞ্চল্য। বি। তৎসম। মনঃ + বিকার [বি + কৃ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + বি = ওবি [নোবি]। ২।৩০ মনের বিকার= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ব্ + ই + ক্ + আ + র্ + অ। বি.দ্র.: ন্ + ও = নো।

মনোবিচ্ছেদ : মনান্তর। বি। তৎসম। মনঃ + বিচ্ছেদ [বি + ছেদ (ছিদ্ + অ)]। ৬।১ [সন্ধি] ই + ছে= ইচ্ছে। ২।১৪ মনের বিচ্ছেদ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ব্ + ই + চ্ + ছ্ + এ + দ্ + অ। বি.দ্র.: ন্ + ও= নো, চ্ + ছ্ + এ= চ্ছে।

মনোবিজ্ঞান : মনের প্রকৃতি-সম্পর্কিত বিজ্ঞান। বি। তৎসম। মনঃ + বিজ্ঞান [বি + জ্ঞান (জ্ঞা + অন)। ৬।১ [সন্ধি] অঃ + বি= ওবি [নোবি]। ২।৩০ মন-সম্পর্কিত বিজ্ঞান = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ন্ + ও + ব্ + ই + জ্ + ঞ্ + আ + ন্ + অ। বি.দ্র.: ন্ + ও= নো, জ্ + ঞ্ + আ= জ্ঞা।

মনোবিদ্যা : মনের প্রকৃতি-সম্পর্কিত বিজ্ঞান। বি। তৎসম। মনঃ + বিদ্যা [বিদ্ + য (যৎ) + আ]। ৬।১ [সন্ধি] অঃ + বি = ওবি [নোবি]। ২।৩০ মন-সম্পর্কিত বিদ্যা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ন্ + ও + ব্ + ই + দ্ + য্ + আ। বি.দ্র.: ন্ + ও= নো, দ্ + য্ + আ= দ্যা।

মনোবিবাদ : ঝগড়া। বি। তৎসম। মনঃ + বিবাদ [বি + বাদ [বদ্ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + বি = ওবি [নোবি]। ২।৩০ মনের বিবাদ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ব্ + ই + ব্ + আ + দ্ + অ। বি.দ্র.: ন্ + ও= নো।

মনোবৃত্তি : মনের ভাব। বি। তৎসম। মনঃ + বৃত্তি [বৃৎ + তি]। ৬।১ [সন্ধি] অঃ + বৃ = ওবৃ [নোবৃ]। ২।৩০ মনের বৃত্তি [ভাব] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ব্ + ঋ + ত্ + ত্ + ই। বি.দ্র.: ন্ + ও = নো, ব্ + ঋ = বৃ, ত্ + ত্ + ই = ত্তি।

মনোবেদনা : মানসিক দুঃখ। বি। তৎসম। মনঃ + বেদনা [বিদ্ + অন + আ]। ৬।১ [সন্ধি] অঃ + বে= ওবে [নোবে]। ২।৩০ মনের বেদনা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ +ন্ + ও + ব্ + এ + দ্ + অ + ন্ + আ। বি.দ্র.: ন্ + ও = নো।

মনোব্যথা : মানসিক দুঃখ। বি। তৎসম। মনঃ + ব্যথা [ব্যথ্ + অ + আ]। ৬।১ [সন্ধি] অঃ + ব্য = ওব্য [নোব্য]। ২।৩০ মনের ব্যথা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ব্ + য্ + অ + থ্ + আ। বি.দ্র.: ন্ + ও = নো, ব্ + য্ + অ= ব্য।

মনোভঙ্গ : হতাশা। বি। তৎসম। মনঃ + ভঙ্গ [ভন্জ্ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + ভ= ওভ [নোভ]। ২।৩০ মনের ভঙ্গ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ভ্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ন্ + ও= নো, ঙ্ + গ্ + অ= ঙ্গ।

মনোভব : মদন। বি। তৎসম। মনঃ + ভব [ভূ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + ভ= ওভ [নোভ]। ২।৩০ মন থেকে ভব [জাত, উৎপন্ন] = অপাদান-তৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ভ্ + অ + ব্ + অ। বি.দ্র.: ন্ + ও= নো।

মনোভাব : মনের ক্রিয়া। বি। তৎসম। মনঃ + ভাব [ভূ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + ভা= ওভা [নোভা]। ২।৩০ মনের ভাব = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ভ্ + আ + ব্ + অ। বি.দ্র.: ন্ + ও= নো।

মনোভার : মানসিক ক্লেশ। বি। তৎসম। মনঃ + ভার [ভৃ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + ভা = ওভা [নোভা]। ২।৩০ মনের ভার [দুঃখ]= সম্বন্ধ

তৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ভ্ + আ + র্ + অ। বি.দ্র.: ন্ + ও= নো।

মনোমত: মনের মতন। বি। মিশ্র [তৎসম + তদ্ভব]। মনঃ + মত [মন্ + ত]। ৬।১ [সন্ধি] অঃ + ম= ওম [নোম] ২।৩০ মনের মত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ম্ + অ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ও= নো।

মনোমদ: মিথ্যা গর্ব। বি। তৎসম। মনঃ + মদ [মদ্ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + ম= ওম [নোম]। ২।৩০ মনের মদ [অহংকার] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ম্ + অ + দ্ + অ। বি.দ্র.: ন্ + ও= নো।

মনোময়: মনের দ্বারা পূর্ণ। বিণ। তৎসম। মনঃ + ময় [ময়ট্]। [সন্ধি] অঃ + ম = ওম [নোম]। ২।৩০ মনের দ্বারা ময় [পূর্ণ]= করণ-তৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ম্ + অ + য়্ + অ। বি.দ্র.: ন্ + ও= নো।

মনোমালিন্য: মনান্তর। বি। তৎসম। মনঃ + মালিন্য [মলিন (মল + ইন) + য]। ৬।১ [সন্ধি] অঃ + মা= ওমা [নোমা]। ২।৩০ মনের মালিন্য [মলিনতা] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ম্ + আ + ল্ + ই + ন্ + য্ + অ। বি.দ্র.: ন্ + ও = নো, ন্ + য্ + অ= ন্য।

মনোমোহন: চিত্তাকর্ষী। বি। তৎসম। মনঃ + মোহন [মুহ্ (মুগ্ধ করা) + ণিচ্ + অন]। ৬।১ [সন্ধি] অঃ + মো= ওমো [নোমো]। ২।৩০ মনকে মোহিত করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ম্ + ও + হ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ন্ + ও= নো, ম্ + ও = মো।

মনোমোহিনী: চিত্তাকর্ষিণী। বিণ। তৎসম। মনঃ + মোহিনী [মুহ্ + ণিচ্ + ইন্ [< অন] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।৮ [সন্ধি] অঃ + মো= ওমো [নোমো]। ২।৩০ মনকে মোহিত করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ম্ + ও + হ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ন্ + ও= নো। শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মনোযোগ: অভিনিবেশ। বি। তৎসম। মনঃ + যোগ= [যুজ্ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + যো= ওযো [নোযো]। ২।৩০ মনের যোগ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + য্ + ও + গ্ + অ। বি.দ্র.: ন্ + ও = নো, য্ + ও= যো।

মনোযোগিতা: মনোযোগ। বি। তৎসম। মনঃ + যোগিতা [যুজ্ + ইত (< ইন) + আ]। ৬।১ [সন্ধি] অঃ + যো= ওযো [নোযো]। ২।৩০ মনের যোগিতা [যোগ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + য্ + ও + গ্ + ই + ত্ + আ।

মনোযোগী: অভিনিবিষ্ট। বিণ। তৎসম। মনঃ + যোগী [যুজ্ + ইন্(ঈ)] ৬।১ [সন্ধি] অঃ + যো= ওযো [নোযো]। ২।৩০ মনোযোগ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + ন্ + ও + য্ + ও + গ্ + ঈ। বি.দ্র.: ন্ + ও= নো, য্ + ও = যো। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মনোরঞ্জন: মনে আনন্দদান, চিত্তের সন্তোষ-বিধায়ক। বি। তৎসম। মনঃ + রঞ্জন। [রঞ্জ্ + অন]। ৬।১ [সন্ধি] অঃ + র = ওর [নোর]। ২।৩০ মনকে রঞ্জিত করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + র্ + অ + ঞ্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ন্ + ও = নো, ঞ্ + জ্ + অ= ঞ্জ।

মনোরঞ্জনী: চিত্তের আনন্দদায়িনী। বিণ। তৎসম।

মনঃ + রঞ্জনী [রঞ্জ্ + অন + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ [সন্ধি] অঃ + র্= ওর[নোর]। ২।৩০ মন রঞ্জিত করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + র্ + অ + ঞ্ + জ্ + অ + ন্ + ঈ। বি.দ্র.: ন্ + ও= নো, ঞ্ + জ্ + অ= ঞ্জ, ন্ + ঈ= নী।

মনোরথ: মনের বাসনা। বি। তৎসম। মনঃ + রথ [রম্ + থ]। ৬।১ [সন্ধি] অঃ + র= ওর [নোর]। ২।৩০ মন-রূপ রথ= রূপক-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ন্ + ও + র্ + অ + থ্ + অ। বি.দ্র.: ন্ + ও = নো।

মনোরম: সুন্দর। বিণ। তৎসম। মনঃ + রম [রম্ + ণিচ্ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + ব = ওর [নোর]। ২।৩০ মনকে রমণ [আনন্দ দান] করে যা= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + র্ + অ + ম্ + অ। বি.দ্র.: ন্ + ও= নো।

মনোরমা: মনোজ্ঞা। বিণ। তৎসম। মনোরম ['মনোরম' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ম্ + অ + ন্ + ও + র্ + অ + ম্ + আ। বি.দ্র.: ন্ + ও= নো।

মনোরাজ্য: মনোজগৎ। বি। তৎসম। মনঃ + রাজ্য [রাজন্ + য]। ৬।২ [সন্ধি] অঃ + রা= ওরা [নোরা]। ২।৩০ মন-রূপ রাজ্য = রূপক-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ন্ + ও + র্ + আ + জ্ + য্ + অ। বি.দ্র.: ন্ + ও = নো, জ্ + য্ + অ= জ্য।

মনোলোভা: চিত্তহারিণী। বিণ। তৎসম। মনঃ + লোভা [লুভ্ + ণিচ্ + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক মনকে লুব্ধ করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + ল্ + ও + ভ্ + আ। বি.দ্র.: ন্ + ও = নো, ল্ + ও= লো।

মনোহর: অতি সুন্দর। বিণ। তৎসম। মনঃ + হর [হৃ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + হ= ওহ [নোহ]। ২।৩০ মনকে হরণ করে যে বা যা = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + হ্ + অ + র্ + অ। বি.দ্র: ন্ + ও= নো।

মনোহরণ: চিত্তাকর্ষী। বিণ। তৎসম। মনঃ + হরণ [হৃ + অন]। ৬।১ [সন্ধি] অঃ + হ = ওহ [নোহ]। ২।৩০ মনকে হরণ করে যে= উপপদ তৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + হ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ন্ + ও = নো, 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মনোহরা: মনোজ্ঞা, সন্দেশ বিশেষ। বিণ। তৎসম। মনোহর ['মনোহর' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।গ বানান: ম্ + অ + ন্ + ও + হ্ + অ + র্ + আ।

মনোহারিণী: চিত্তাকর্ষিণী, মনোমুগ্ধকারিতা। বিণ। তৎসম। মনঃ + হারিণী [হৃ + ইন [< অন] + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ [সন্ধি] অঃ + হা= ওহা [নোহা] ২।৩০ মন হরণ করে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + হ্ + আ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: ন্ + ও= নো, ১. শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'। ২. 'র' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মনোহারী: চিত্তাকর্ষী, মনিহারী। বিণ। তৎসম। মনঃ + হারী [হৃ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অঃ + হা= ওহা [নোহা]। ২।৩০ মন হরণ করে যা= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ও + হ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: ন্ + ও = নো। শব্দটি 'ইন' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মন্ত: যুক্ত [যেমন: লক্ষ্মীমন্ত] বিণ। তৎসম। < সং. মৎ। বানান: ম্ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ= ন্ত।

মন্তব্য : অভিমত। বি। তৎসম। মন্ + তব্য। ৬।১ বানান : ম্ + অ + ন্ + ত্ + অ + ব্ + য্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + অ= ন্ত, ব্ + য্ + অ= ব্য।

মন্তর : মন্ত্র। বি। অর্ধ-তৎসম। < সং. মন্ত্র। বানান : ম্ + অ + ন্ + ত্ + অ + র্ + অ।

মন্ত্র : যার মননে ত্রাণ পাওয়া যায়, বশীকরণাদি বিষয়ে ব্যবহৃত শব্দ। বি। তৎসম। মন্ত্র্ + অ। ৬।১ বানান : ম্ + অ + ন্ + ত্ + র্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + র্ + অ= ন্ত্র।

মন্ত্রক : মন্ত্রীর শাসন-বিভাগ [ministry]। বি। তৎসম। মন্ত্র্ + অক। ৬।১ বানান : ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + ক্ + অ। বি.দ্র: ন্ + ত্ + র্ + অ = ন্ত্র।

মন্ত্রগুপ্তি : মন্ত্রণার গোপনীয়তা-রক্ষা। বি। তৎসম। মন্ত্র। [মন্ত্র্ + অ] + গুপ্তি [গুপ্ + তি]। ৬।১ মন্ত্রের গুপ্তি [গোপনীয়তা রক্ষণ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + গ্ + উ + প্ + ত্ + ই। বি.দ্র. : ন্ + ত্ + র্ + অ= ন্ত্র, প্ + ত্ + ই= প্তি।

মন্ত্রগূঢ় : গুপ্তচর। বি। তৎসম। মন্ত্র [মন্ত্র্ + ঃ] + গূঢ় [গুহ্ (গোপন করা) + ত]। ৬।১ মন্ত্র [মন্ত্রণা] গোপন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + গ্ + ঊ + ঢ় + অ। বি.দ্র. : ন্ + ত্ + র্ + অ= ন্ত্র, গ্ + ঊ= গূ।

মন্ত্রগৃহ : পরামর্শের স্থান। বি। তৎসম। মন্ত্র [মন্ত্র + অ] + গৃহ [গ্রহ্ + অ]। ৬।১ মন্ত্রের [মন্ত্রণার] নিমিত্ত গৃহ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + গ্ + ঋ + হ্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + র্ + অ= ন্ত্র, গ্ + ঋ= গৃ।

মন্ত্রগ্রহণ : দীক্ষাগ্রহণ। বি। তৎসম। মন্ত্র [মন্ত্র্ + অ] + গ্রহণ [গ্রহ্ + অন]। ৬।১ মন্ত্রকে গ্রহণ= কর্মতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + গ্ + র্ + অ + হ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + র্ + অ= ন্ত্র, 'র' ও 'ন'-এর মধ্যে 'অ', 'হ' ও 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মন্ত্রণ, মন্ত্রণা : গুপ্ত পরামর্শ। বি। তৎসম। মন্ত্র্ + অন, + আ। ৬।১ বানান : ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + ণ্ + অ [+ আ]। বি.দ্র. : ন্ + ত্ + র্ + অ=ন্ত্র। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মন্ত্রণাগৃহ : পরামর্শের জন্য স্থান। বি। তৎসম। মন্ত্রণা ['মন্ত্রণা' দ্রষ্টব্য] + গৃহ [গ্রহ্ + অ]। ৬।১ মন্ত্রণার নিমিত্ত গৃহ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + ণ্ + আ + গ্ + ঋ + হ্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + র্ + অ= ন্ত্র, গ্ + ঋ= গৃ। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মন্ত্রণাদাতা : পরামর্শদাতা। বি। তৎসম। মন্ত্রণা ['মন্ত্রণা' দ্রষ্টব্য] + দাতা [দা+ তৃ (তৃচ্)]। ৬।১ মন্ত্রণা দান করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + ণ্ + আ + দ্ + আ + ত্ + আ। বি.দ্র. : ণ্ + ত্ + র্ + অ= ন্ত্র, 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মন্ত্রণীয় : মন্ত্রণার যোগ্য। বিণ। তৎসম। মন্ত্র্ + অনীয়। ৬।১ বানান : ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + ণ্ + ঈ + য়্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + র্ + অ= ন্ত্র, 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মন্ত্রদাতা : দীক্ষা-দানকারী। বি, বিণ। তৎসম। মন্ত্র [মন্ত্র্ + অ] + দাতা [দা + তৃ (তৃচ্)]। ৬।১ মন্ত্র দান করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + দ্ + আ + ত্ + আ। বি.দ্র. : ন্ + ত্ + র্ + অ= ন্ত্র।

মন্ত্রদাত্রী : দীক্ষাদানকারিণী। বি। তৎসম। বি, বিণ। তৎসম। মন্ত্র [মন্ত্র্ + অ] + দাত্রী [দা + তৃ + ঈ (স্ত্রী)]। ৬।১ মন্ত্র দান করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + দ্ + আ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ= ন্ত্র, ত্ + র্ + ঈ= ত্রী।

মন্ত্রদ্রষ্টা : মন্ত্রনিহিত পরম তত্ত্ব প্রত্যক্ষকারী। বিণ। তৎসম। মন্ত্র [মন্ত্র্ + অ] + দ্রষ্টা [দৃশ্ + তা (তৃচ্)]। ৬।১ মন্ত্র দর্শন করেন যিনি= উপপদ-তৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + দ্ + র্ + অ + ষ্ + ট্ + আ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ= ন্ত্র, দ্ + র্ + অ= দ্র, ষ্ + ট্ + আ। 'ট্'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ঙ

মন্ত্রপূত : মন্ত্র দ্বারা পবিত্রীকৃত। বিণ। তৎসম। মন্ত্র [মন্ত্র্ + অ] + পূত [পূ (পবিত্র করা) + ত]। ৬।১ মন্ত্রের দ্বারা পূত= করণতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + প্ + ঊ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ= ন্ত্র, প্ + ঊ= পূ।

মন্ত্রবল : মন্ত্রের ক্ষমতা। বি। তৎসম। মন্ত্র [মন্ত্র্ + অ] + বল [বল্ + অ]। ৬।১ মন্ত্রের বল= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + ন্ + ত্ + র্ + অ + ব্ + অ + ল্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ = ন্ত্র

মন্ত্রবলে : মন্ত্রের ক্ষমতা। বি। তৎসম। মন্ত্র [মন্ত্র্ + অ] + বল [বল + অ]। ৬।১ মন্ত্রের বলে= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + ন্ + ত্ + র্ + অ + ব্ + অ + ল্ + এ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ= ন্ত্র।

মন্ত্রবিৎ : মন্ত্রজ্ঞ। বিণ। তৎসম। মন্ত্র [মন্ত্র্ + অ] + বিৎ [বিদ্ + ক্বিপ্] ৬।১ মন্ত্র জানেন যিনি= উপপদতৎ ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + ব্ + ই + ৎ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ= ন্ত্র।

মন্ত্রভেদ : গুপ্ত মন্ত্রণার বিষয় জানা। বি। তৎসম। মন্ত্র [মন্ত্র্ + অ] + ভেদ [ভিদ্ + অ]। ৬।১ মন্ত্রের ভেদ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + ভ্ + এ + দ্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ= ন্ত্র।

মন্ত্রমুগ্ধ : মন্ত্রের দ্বারা অভিভূত। বিণ। তৎসম। মন্ত্র [মন্ত্র্ + অ] + মুগ্ধ [মুহ্ + ত]। ৬।১ মন্ত্রের দ্বারা মুগ্ধ= করণতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + ম্ + উ + গ্ + ধ্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ= ন্ত্র, গ্ + ধ্ + অ= গ্ধ।

মন্ত্রমুগ্ধা : মন্ত্রের দ্বারা অভিভূতা। বিণ। তৎসম। মন্ত্রমুগ্ধ ['মন্ত্রমুগ্ধ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + ম্ + উ + গ্ + ধ্ + আ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ= ন্ত্র, গ্ + ধ্ + আ= গ্ধা।

মন্ত্রশক্তি : মন্ত্রের ক্ষমতা। বি। তৎসম। মন্ত্র [মন্ত্র + অ] + শক্তি [শক্ + তি]। ৬।১ মন্ত্রের শক্তি = সম্বন্ধ-তৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + শ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ= ন্ত্র, ক্ + ত্ + ই= ক্তি।

মন্ত্রশিষ্য : একান্ত অনুগামী ব্যক্তি। বি। তৎসম। মন্ত্র [মন্ত্র্ + অ] + শিষ্য [শাস্ + য (যৎ)]। ৬।১ মন্ত্র-দীক্ষিত শিষ্য= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + শ্ + ই + ষ্ + য্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ = ন্ত্র, শ্ + ই= শি, ষ্ + য্ + অ= ষ্য।

মন্ত্রসাধন : মন্ত্রের দ্বারা সিদ্ধিলাভের প্রয়াস। বি। তৎসম। মন্ত্র [মন্ত্র্ + অ] + সাধন [সাধ্ + অন]। ৬।১ মন্ত্রের দ্বারা সাধন= করণতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ত্ + র্ + অ +

স্ + আ + ধ্ + অ + ন্ + অ।

মন্ত্রসাধক : মন্ত্রদ্বারা সাধনকারী। বিণ। তৎসম। মন্ত্র [মন্ত্র্ + অক] + সাধক [সাধ্ + অক]। ৬।১ মন্ত্রের দ্বারা সাধনা করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + স্ + আ + ধ্ + অ + ক্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ= ন্ত্র।

মন্ত্রসিদ্ধ : মন্ত্রজপ দ্বারা সিদ্ধিপ্রাপ্ত। বিণ। তৎসম। মন্ত্র [মন্ত্র + অ] + সিদ্ধ [সিধ্ + ত]। ৬।১ মন্ত্রের দ্বারা সিদ্ধ [সিদ্ধিপ্রাপ্ত]= করণতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + স্ + ই + দ্ + ধ্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ= ন্ত্র, দ্ + ধ্ + অ= দ্ধ।

মন্ত্রসিদ্ধি : মন্ত্রজপ দ্বারা সিদ্ধিলাভ। বি। তৎসম। মন্ত্র [মন্ত্র + অ] + সিদ্ধি [সিধ্ + তি]। ৬।১ মন্ত্রের দ্বারা সিদ্ধি [সিদ্ধিলাভ]= করণতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + স্ + ই + দ্ + ধ্ + ই। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ= ন্ত্র, দ্ + ধ্ + ই= দ্ধি।

মন্ত্রিত্ব : মন্ত্রীর পদ। বি। তৎসম। মন্ত্র + ইন্ ['ন্' লুপ্ত] + ত্ব। ৬।২ বানান: ম্ + অ + ন্ + ত্ + র্ + ই + ত্ + ব্ + অ। বি.দ্র.: [এখানে] ন্ + ত্ + র্ + ই= ন্ত্রি, ত্ + ব্ + অ= ত্ব।

মন্ত্রী : [illegible]প্রধানের মন্ত্রণা। বি। তৎসম। মন্ত্র + ইন্ [ঈ]। ৬।১ বানান: ম্ + অ + ন্ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + ঈ =ন্ত্রী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মন্থ : মন্থন। বি। তৎসম। মন্থ্ + অ। ৬।১ বানান: ম্ + অ + ন্ + থ্ + অ। বি.দ্র.: ন্ + থ্ + অ= ন্থ।

মন্থন : দলন। বি। তৎসম। মন্থ্ + অন। ৬।১ বানান: ম্ + অ + ন্ + থ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ন্ + থ্ + অ= ন্থ।

মন্থনী : মউনি। বি। তৎসম। মন্থন ['মন্থন' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ম্ + অ + ন্ + থ্ + অ + ন্ + ঈ। বি.দ্র.: ন্ + থ্ + অ= ন্থ, ন্ + ঈ= নী।

মন্থর : ধীর। বিণ। তৎসম। মন্থ্ + অর। ৬।১ বানান: ম্ + অ + ন্ + থ্ + অ + র্ + অ। বি.দ্র.: ন্ + থ্ + অ= ন্থ।

মন্থরতা : ধীরতা। বি। তৎসম। মন্থর ['মন্থর' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ম্ + অ + ন্ + থ্ + অ + র্ + অ + ত্ + আ। বি.দ্র.: ন্ + থ্ + অ = ন্থ।

মন্থরা : দশরথপত্নী, কৈকেয়ীর কুব্জা দাসী, কুপরামর্শদাত্রী। বি, বিণ। তৎসম। মন্থর [মন্থ্ + অর] + আ [স্ত্রী]। বানান: ম্ + অ + ন্ + থ্ + অ + র্ + আ। বি.দ্র.: ন্ + থ্ + অ = ন্থ।

মন্দ : মৃদু। বিণ। তৎসম। মন্দ্ + অ। ৬।১ বানান: ম্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ।

মন্দগতি : ধীরগতি। বিণ। তৎসম। মন্দ [মন্দ্ + অ] + গতি [গম্ + তি]। ৬।১ মন্দ [ধীর] গতি যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + ন্ + দ্ + অ + গ্ + অ + ত্ + ই। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ।

মন্দগামিনী : ধীরগামিনী। বিণ। তৎসম। মন্দ [মন্দ্ + অ] + গামিনী [গম্ + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।চ মন্দ [ধীর গতিতে] গমন করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + দ্ + অ + গ্ + আ + ম্ + ই + ন্ + ঈ। শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মন্দগামী : ধীরগামী। বিণ। তৎসম। মন্দ [মন্দ্ + অ] + গামী [গম্ + ইন্ (ঈ)]। ৬।১ মন্দ [ধীরগতিতে] গমন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + দ্ + অ + গ্ + আ + ম্ + ঈ। বি.দ্র.: ন্ + দ্ + অ =

ন্দ, ম্ + ঈ= মী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মন্দন: বেগের ক্রমিক হ্রাসপ্রাপ্তি। বি। তৎসম। মন্দ্ + অন। ৬।১ বানান: ম্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ।

মন্দবুদ্ধি: কুবুদ্ধি, ক্ষীণ-বোধশক্তিসম্পন্ন, বিণ। তৎসম। মন্দ [মন্দ্ + অ] + বুদ্ধি [বুধ্ + তি]। ৬।১ মন্দ [দুষ্ট] বুদ্ধি যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + ন্ + দ্ + অ + ব্ + উ + দ্ + ধ্ + ই। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ, দ্ + ধ্ + ই= দ্ধি।

মন্দভাগিনী: হতভাগিনী। বিণ। তৎসম। মন্দ [মন্দ্ + অ] + ভাগিনী [ভজ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ মন্দ ভাগ পায় যে [স্ত্রী]= উপপদ তৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + দ্ + অ + ভ্ + আ + গ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ন্ + দ্ + অ = ন্দ, শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মন্দভাগ্য: হতভাগ্য। বিণ। তৎসম। মন্দ [মন্দ্ + অ] + ভাগ্য [ভজ্ + য (যৎ)]। ৬।১ মন্দ ভাগ্য যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + ন্ + দ্ + অ + ভ্ + আ + গ্ + য্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ, গ্ + য্ + অ= গ্য।

মন্দ-মন্দ: ধীরে-ধীরে। ক্রি-বিণ। তৎসম। মন্দ [মন্দ্ + অ] + মন্দ [মন্দ্ + অ]। ৬।১ 'মন্দ' শব্দের দ্বিত্ব প্রয়োগ। বানান: ম্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ = ন্দ।

মন্দর: সমুদ্র-মন্থনের মন্থনদণ্ডরূপী পর্বত। বি। তৎসম। মন্দ্ + অর। ৬।১ বানান: ম্ + অ + ন্ + দ্ + অ + র্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ।

মন্দা: ক্রয়বিক্রয়ের অবনতি, ধীরগামিনী। বিণ। তদ্ভব। < সং. মন্দ [মন্দ্ + অ] + বাং. আ। বানান: ম্ + অ + ন্ + দ্ + আ। বি.দ্র.: ন্ + দ্ + আ= ন্দা।

মন্দাকিনী: স্বর্গগঙ্গা। বি। তৎসম। মন্দ [মন্দ্ + অ] + অক + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ [সন্ধি] অ + অ= আ [ন্দা]। ২।১।ক বানান: ম্ + অ + ন্ + দ্ + আ + ক্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মন্দাক্রান্তা: সংস্কৃত ছন্দ। বি। তৎসম। মন্দ [মন্দ্ + অ] + আক্রান্ত [আ + ক্রম্ + ত + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [সন্ধি] অ + আ= আ [ন্দা]। ২।১।খ মন্দ আক্রম [ক্রমগতি]-যুক্তা = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ন্ + দ্ + আ + ক্ + র্ + আ +ন্ + ত্ + আ। বি.দ্র.: ন্ + দ্ + আ= ন্দা, ক্ + র্ + আ= ক্রা, ন্ + ত্ + আ= ন্তা।

মন্দাগ্নি: অগ্নিমান্দ্য। বি। তৎসম। মন্দ [মন্দ্ + অ] + অগ্নি [অগ্ + নি]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ন্দা] ২।১।ক মন্দ [ক্ষীণ] যে অগ্নি [হজমশক্তি]= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ন্ + দ্ + আ + গ্ + ন্ + ই। বি.দ্র.: ন্ + দ্ + আ= ন্দা, গ্ + ন্ + ই= গ্নি।

মন্দার: স্বর্গীয় পুষ্প। বি। তৎসম মন্দ্+আর। ৬।১ বানান: ম্ + অ + ন্ + দ্ + আ + র্ + অ।

মন্দির: দেবালয়। বি। তৎসম। মন্দ্ [স্তুতি বা শয়ন করা] + ইর। ৬।১ স্তুতি বা শয়ন করা হয় যেখানে। বানান: ম্ + অ + ন্ + দ্ + ই + র্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + ই =ন্দি।

মন্দিরা: কাংস্য-নির্মিত করতাল। বি। তদ্ভব। < সং. মন্দ্র। বানান: ম্ + অ + ন্ + দ্ [+ ই] + র্ [+ আ]। মধ্য-স্বরাগম [ই], অন্ত্য-স্বরাগম [আ]।

মন্দীভূত: হ্রাসপ্রাপ্ত। বিণ। তৎসম। মন্দ + ঈ

[অভূততদ্ভাবে] + ভূত [ভূ + ত]। ৬।১ বানান: ম্ + অ + ন্ + দ্ + ঈ + ভ্ + ঊ + ত্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + ঈ= ন্দী, ভ্ + ঊ= ভূ।

মন্দুরা: অশ্বশালা। বি। তৎসম। মন্দ্ [নিদ্রা যাওয়া] + উর + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক অশ্বের নিদ্রাস্থান। বানান: ম্ + অ + ন্ + দ্ + উ + র্ + আ।

মন্দ্র: গম্ভীর ধ্বনি। বি। তৎসম। মন্দ্ [গম্ভীর ধ্বনি করা] + র। ৬।১ বানান: ম্ + অ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + ব্ + অ= ন্দ্র।

মন্দ্রিত: গম্ভীর শব্দে ধ্বনিত। বিণ। তৎসম। মন্দ্র ['মন্দ্র' দ্রষ্টব্য] + ইত। ৬।২ বানান: ম্ + অ + ন্ + দ্ + র্ + ই + ত্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + র্ + ই= ন্দ্রি।

মন্মথ: কামদেব। বি। তৎসম। মনস্ + মথ [মথ্ + অ]। ৬।১ [সন্ধি] নিপাতনে ['অস্' লুপ্ত]। মনকে মথন [মন্থন] করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ন্ + ম্ + অ + থ্ + অ। বি.দ্র.: ন্ + ম্ + অ= ন্ম।

মন্যু: ক্রোধ। বি। তৎসম। মন্ + য্ + উ। ৬।১ বানান: ম্ + অ + ন্ + য্ + উ। বি.দ্র.: ন্ + য্ + উ= ন্যু।

মন্বন্তর: দুর্ভিক্ষ। বি। তৎসম। মনু [মন্ + উ] + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ [সন্ধি] উ + অ= ন্ব [ন্ব]। ২।৮।ক অন্য মনু= নিত্য সমাস। বানান: ম্ + অ + ন্ + ব্ + অ + ন্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র.: ন্ + ব্ + অ= ন্ব, ন্ + ত্ + অ= ন্ত।

মফঃস্বল, মফস্বল: গ্রামাঞ্চল। বি। বিদেশী। <আ. মুফস্সল্। বাংলা বানান: ম্ + অ + ফ [+ ঃ] + স্ + ব্ + অ + ল্ + অ। বি.দ্র.: স্ + ব্ + অ= স্ব, ফ্-এর পর বিসর্গ না দিলেও চলে।

মবলগ: নগদ। বিণ। বিদেশী। < আ. মব্লগ্। বাংলা বানান: ম্ + অ + ব্ + ল্ + অ + গ্। বি.দ্র.: 'ব্' ও 'গ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মমতা: আপন জ্ঞান। বি। তৎসম। মম ['অস্মদ্' শব্দের সম্বন্ধ, একবচন] + তা। ৬।২ বানান: ম্ + অ + ম্ + অ + ত্ + আ।

মমতাময়: স্নেহময়ী। বিণ। তৎসম। মমতা [মম + তা] + ময় [ময়ট্]। ৬।২ মমতার দ্বারা ময় [পূর্ণ]= করণতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ম্ + অ + ত্ + আ + ম্ + অ + য্ + অ।

মমতাময়ী: স্নেহময়। বিণ। তৎসম। মমতাময় ['মমতাময়' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৬।৩ বানান: ম্ + অ + ম্ + অ + ত্ + আ + ম্ + অ + য্ + ঈ।

মমি: প্রাচীন মিশরে রাসায়নিক উপায়ে সংরক্ষিত অবিকৃত মৃতদেহ। বি। বিদেশী। < ইং. mummy. বাংলা বানান: ম্ + অ + ম্ + ই।

ময়: পরিপূর্ণ। বিণ, বি। তৎসম। < সং. ময়ট্। বানান: ম্ + অ + য্ + অ।

ময়: দানব-শিল্পী। বি। তৎসম। বানান: ম্ + অ + য্ + অ।

মমত্ব: আপন জ্ঞান (সং. মম+ত্ব)। বি। তৎসম। মম 'অস্মদ্' শব্দের সম্বন্ধ, একবচন] + ত্ব। ৬।২ বানান: ম্ + অ + ম্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র.: ত্ + ব্ + অ= ত্ব।

ময়দা: মিহি গমচূর্ণ [ফা.]। বি। বিদেশী। < ফা. ময়্দা। বাংলা বানান: ম্ + অ + য্ + দ্ + আ। বি.দ্র.: 'য়্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ময়দান: মাঠ। বি। তৎসম। < ফা. ময়্দান্। বাংলা বানান: ম্ + অ + য্ + দ্ + আ + ন্। বি.দ্র.: 'য়্' ও 'ন্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ময়না: সুকণ্ঠ পাখি। মানিকচন্দ্রের জাদুকরী স্ত্রী। বি। তদ্ভব। < সং. মদনসারিকা [সারিকা=

শালিক] বানান : ম্ + অ + য়্ + ন্ + আ। বি.দ্র. : 'য়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ময়না : অপঘাতে মৃত সম্পর্কে অনুসন্ধান। বি। বিদেশী। < আ. মুআয়নহ্। বাংলা বানান : ম্ + অ + য়্ + ন্ + আ। বি.দ্র. : 'য়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ময়রা : মিষ্টান্ন প্রস্তুতকারক ও বিক্রেতা। বি। তদ্ভব। < সং. মোদককার। বানান : ম্ + অ + য়্ + র্ + অ। বি.দ্র. : 'য়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ময়রানী : ময়রার স্ত্রী। বি। তদ্ভব। ময়রা ['ময়রা' দ্রষ্টব্য] + বাং. আনী [স্ত্রী-প্রত্যয়]। ৬।২, ৭।১।গু বানান : ম্ + অ + য়্ + র্ + আ + ন্ + ঈ। বি.দ্র. : 'য়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। ২. 'র' ও 'ন'-এর মধ্যে 'আ' [স্বরবর্ণ] থাকা সত্ত্বেও তদ্ভব শব্দ বলে 'ন' 'ণ' হয়নি।

ময়লা : আবর্জনা। বি। তদ্ভব। < সং. মল। বানান : ম্ + অ + য়্ + ল্ + আ। বি.দ্র. : 'য়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ময়লাটে : অল্প ময়লা। বিণ। তদ্ভব। ময়লা ['ময়লা' দ্রষ্টব্য] + বাং. টে < টিয়া। বানান : ম্ + অ + য়্ + ল্ + আ + ট্ + এ। বি.দ্র. : 'য়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ময়ান : ঠাসবার ময়দার সঙ্গে মেশান ঘি। বি। দেশী। বানান : ম্ + অ + য়্ + আ + ন্। বি.দ্র. : 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ময়াল : বৃহদাকার সাপ। বি। তদ্ভব। < সং. মহাকাল। বানান : ম্ + অ + য়্ + আ + ল্। বি.দ্র. : 'য়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

ময়ী : পরিপূর্ণা। প্রত্যয়। তৎসম। ময় [ময়ট্] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ম্ + অ + য়্ + ঈ।

ময়ূখ : কিরণ। বি। তৎসম। মা [মা= ময়্] + ঊখ। ৬।২ বানান : ম্ + অ + য়্ + ঊ + খ্ + অ। বি.দ্র. : য়্ + ঊ= য়ূ।

ময়ূখমালী : সূর্য। বি। তৎসম। ময়ূখ ['ময়ূখ' দ্রষ্টব্য] + মালী [মালা [মা + লা) + ইন্ [ঈ]]। ৬।১, ৬।২ ময়ূখ [কিরণ] মালা যার= বহুব্রী। ৩।৫ বানান : ম্ + অ + য়্ + ঊ + খ্ + অ + ম্ + আ + ল্ + ঈ। বি.দ্র. : য়্ + ঊ= য়ূ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

ময়ূর : বিচিত্রবর্ণের পাখা ও নৃত্যশীল পাখি। বি। তৎসম। মতান্তরে, বিদেশী। [সাঁওতালী]। সং. মী [হিংসা করা] + ঊর [মী= ময়] ৬।১ বানান : ম্ + য়্ + ঊ + র্ + অ। বি.দ্র. : য়্ + ঊ= য়ূ।

ময়ূরকণ্ঠী : ময়ূরের কণ্ঠের মতো বিচিত্র বংযুক্ত। বিণ। তৎসম। ময়ূব ['ময়ূর' দ্রষ্টব্য] + কণ্ঠী [কণ্ঠ (কণ্ + ঠ) + ইন্ [ঈ]। ৬।১, ৬।২ ময়ূরের [নীলবর্ণ] কণ্ঠের মতো বর্ণ যার= উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান : ম্ + অ + য়্ + ঊ + র্ + অ + ক্ + অ + ণ্ + ঠ্ + ঈ। বি.দ্র. : য়্ + ঊ= য়ূ, ণ্ + ঠ্ + ঈ= ণ্ঠী। ২. শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

ময়ূরপঙ্খি, ময়ূরপঙ্খী : ময়ূরের আকারের নৌকা। বি। মিশ্র [তৎসম + অর্ধ-তৎসম]। সং. ময়ূর + অর্ধ-তৎ. পঙ্খি, পঙ্খী। [< সং. পক্ষী]। ময়ূর + পঙ্খ [< সং. পক্ষ] + বাং. ই, ঈ। ৬।৩ ময়ূরপক্ষীর আকৃতিযুক্ত নৌকা। বানান : ম্ + অ + য়্ + ঊ + র্ + প্ + অ + ঙ্ + খ্ + ই,+ ঈ। বি.দ্র. : য়্ + ঊ= য়ূ, ঙ্ + খ্ + ই, ঈ= ঙ্খি, ঙ্খী।

ময়ূরী : স্ত্রী-ময়ূর। বি। তৎসম। ময়ূর ['ময়ূর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। বানান : ম্ + অ + য়্ + ঊ + র্ + ঈ। বি.দ্র. : য়্ + ঊ= য়ূ, র্ + ঈ= রী।

মর : বিনাশশীল। বিণ। তৎসম। মৃ + অ। ৫।১ বানান : ম্ + অ + র্ + অ।

মরকত : পান্না। বি। তৎসম। মরক [মর (< মৃ

+ অ) + ক। [মরক= মড়ক (মারীভয়)] ৬।১, ৬।২ + ত [তৃ (তীর্ণ বা পার করে দেওয়া) + অ]। ৬।১, ৬।২ মড়ক বা মারীভয় যা উত্তীর্ণ [পার] করে দেয়= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + অ + ক্ + অ + ত্ + অ।

মরচে: মরিচা। বি। তদ্ভব। < সং. মরিচা [মৃ (=মর) + ইচ + আ (স্ত্রী)] ৬।১, ৭।১।ক বানান: ম্ + অ + র্ + চ্ + বাং. এ। ৬।৩ বানান: ম্ + অ + র্ + চ্ + এ। বি.দ্র.: 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মরজি, মর্জি: খুশি। বি। বিদেশী। < আ. মর্‌জী [মর্জী]। বাংলা বানান: ম্ + অ + র্ + জ্ + ই। বি.দ্র.: র্ + জ্ + ই= র্জি, যুক্তাক্ষর না হলে [র্ + জ্ + ই= র্‌জি] 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মর্জিমাফিক: খেয়ালখুশিমতো। বিণ। বিদেশী। < আ. মর্‌জী মুআফিক্। বাংলা বানান: ম্ + অ + র্ + জ্ + ই + ম্ + আ + ফ্ + ই + ক্। বি.দ্র.: র্ + জ্ + ই= র্জি, 'র' ও 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মরণ: মৃত্যু।বি। তৎসম। সং. মর্ [< সং. মৃ] + অন। ৬।১ বানান: ম্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মরণপণ: আমৃত্যু চেষ্টার প্রতিজ্ঞা-সংবলিত। বি। তৎসম। মরণ ['মরণ' দ্রষ্টব্য] + পণ [পণ্ + অ]। ৬।১ [আ] মরণ [কার্যসিদ্ধির] পণ। বানান: ম্ + অ + র্ + অ + ণ্ + অ + প্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ১. 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ২. 'পণ'-এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

মরণ-বাড়: যে দর্প পতনের কারণ হয়।,বি। তদ্ভব। মরণ ['মরণ' দ্রষ্টব্য] + তদ্ভব. বাড় [< সং. বৃধ্] + বাং. অ। ৬।৩ মরণের নিমিত্ত বাড় [বাড়াবাড়ি]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + র্ + অ + ণ্ + অ + ব্ + আ + ড় + অ।

মরণশীল: নশ্বর। বিণ। তৎসম। মরণ ['মরণ' দ্রষ্টব্য] + শীল [শীল্ + অ]। ৬।১ মরণ শীল [স্বভাব] যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + র্ + অ + ণ্ + অ + শ্ + ঈ + ল্ + অ। বি.দ্র.: শ্ + ঈ= শী। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মরণাপন্ন: মুমূর্ষু। বিণ। তৎসম। মরণ [মৃ (> মর্) + অন] + আপন্ন [আ + পদ্ [পাওয়া] + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [া]। ২।১।খ মরণকে আপন্ন [প্রাপ্ত]= কর্মতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + অ + ণ্ + আ + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + অ= ন্ন। বি.দ্র.: 'র' ও 'ন' এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মরণাশৌচ: জ্ঞাতির মৃত্যুহেতু অশৌচ। বি। তৎসম। মরণ [সং. মর্ (< সং. মৃ) + অন] + অশৌচ। [অ (নঞ্) + শৌচ (শুচি + অ)]। ৬।১, ৬।২ নয় শৌচ= নঞ্‌তৎ। ৩।৩ [সন্ধি] অ + অ= আ [া]। ২।১।ক। মরণের নিমিত্ত অশৌচ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + র্ + অ + ণ্ + আ + শ্ + ঔ + চ্ + অ। বি.দ্র.: শ্ + ঔ= শৌ। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মরণোত্তর: মৃত্যুর পরবর্তী। বিণ। তৎসম। মরণ [সং. মর্ (< সং. মৃ) + অন] + উত্তর [উৎ + তর (তৃ + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [ো]। ২।৫।ক মরণের উত্তর [পর]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + অ + ণ্ + ও + ত্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র.: ণ্ + ও= ণো, ত্ + ত্ + অ= ত্ত।

'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মরণোন্মুখ: মুমূর্ষু। বিণ। তৎসম। মরণ [সং. মর্ [< সং. মৃ] + অন] + উন্মুখ [উৎ + মুখ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [ণো]। ২।৫।ক ৎ + মু= ন্মু। ২।২৫ মরণের নিমিত্ত উন্মুখ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + র্ + অ + ণ্ + ও + ন্ + ম্ + উ + খ্ + অ। বি.দ্র.: ণ্ + ও= ণো, ন্ + ম্ + উ= ন্মু। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মরদ, মর্দ: পুরুষ। বি। বিদেশী। < ফা. মর্দ্। বাংলা বানান: ম্ + অ + র্ + দ্ + অ= মর্দ। ম্ + অ + র্ + অ + দ্= মরদ। 'দ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মরদ-বাচ্ছা: বীরপুরুষের উপযুক্ত। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। < ফা. মরদ ['মরদ' দ্রষ্টব্য] + তদ্ভব. বাচ্ছা [< সং. বৎস]। বানান: ম্ + অ + র্ + অ + দ্ + ব্ + আ + চ্ + ছ্ + আ। বি.দ্র.: 'দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মরদা: পুংজাতীয়। বি। বিদেশী। বানান: ম্ + অ + র্ + দ্ + আ [অবজ্ঞায়]। বি.দ্র.: 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মরদানা: পুরুষলোক। বি। [মিশ্র বিদেশী। + বাং.]। ফা. মরদ [< মরদ্] + বাং. আনা। বানান: ম্ + অ + র্ + দ্ + আ + ন্ + আ। বি.দ্র.: 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মরদানি, মর্দানি: বীরত্ব (মেয়েদের)। পুরুষালি ভাব। বি। [মিশ্র বিদেশী + বাং.]। মরদ ['মরদ' দ্রষ্টব্য] + বাং. আনি]। ৬।৩ বানান: ম্ + অ + র্ + দ্ + আ + ন্ + ই। বি.দ্র.: 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মরম: মর্ম। বি। তদ্ভব। < সং. মর্ম [মৃ + মন্]। বানান: ম্ + অ + র্ [+অ] + ম্ + অ= [স্বরভক্তি বা বিপ্রকর্ষ] বি.দ্র.: 'অ'-এর অনুপ্রবেশে 'র্' + 'ম্' বিশ্লিষ্ট।

মরমর: মৃতপ্রায়। বি। তদ্ভব। তদ্ভব. মর [< সং. মৃ] + তদ্ভব. মর [< সং. মৃ]। বানান: ম্ + অ + র্ + অ + ম্ + অ + র্ + অ।

মরমিয়া: বিশ্বপ্রকৃতির মর্ম-উপলব্ধিকারী। বি। তদ্ভব। তদ্ভব. মরম [< সং. মর্ম] + বাং. ইয়া। বানান: ম্ + অ + র্ + অ + ম্ + ই + য্ + আ।

মরমী: দরদী [বাং. মরম + ঈ]। বিণ। তদ্ভব। মরম ['মরম' দ্রষ্টব্য] + বাং. ঈ। বানান: ম্ + অ + র্ + অ + ম্ + ঈ।

মরসুম, মরশুম: ঋতু। বি। বিদেশী। < ফা. মৌসিম। বাংলা বানান: ম্ + অ + র্ + স্ [শ্] + উ + ম্। বি.দ্র.: স্ + উ= সু, শ্ + উ= শু। 'র' ও 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মরসুমী, মরসুমি: বিশেষ ঋতুতে জাত। বিণ। বিদেশী। মরসুম ['মরসুম' দ্রষ্টব্য] + বাং. ঈ, ই। বাংলা বানান: ম্ + অ + র্ + স্ + উ + ম্ + ঈ, ই। বি.দ্র.: স্ + উ= সু, ম্ + ই= মি, ম্ + ঈ। 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মরহুম: মৃত। বিণ। বিদেশী। < আ. মরহুম্। বাংলা বানান: ম্ + অ + র্ + হ্ + উ + ম্। বি.দ্র.: হ্ + উ= হু। 'র' ও 'ম'-এর হসন্ত চিহ্ন নিষ্প্রয়োজন।

মরা: মৃত। বি। তদ্ভব। মর [< সং. মৃ] + বাং. আ। ৬।৩ বানান: ম্ + অ + র্ + আ।

মরাই: ধানের গোলা। বি। তদ্ভব। < সং. মরার। বানান: ম্ + অ + র্ + আ + ই।

মরাঠা, মারাঠা: মহারাষ্ট্রীয়। বি, বিণ। তদ্ভব। < সং. মহারাষ্ট্র। বানান: ম্ + অ [আ] + র্ + আ + ঠ্ + আ।

মরাঠী, মারাঠী: মহারাষ্ট্রের ভাষা। বিণ, বি। তদ্ভব।

< সং. মহারাষ্ট্রীয়। বানান : ম্ + অ [আ] + র্ + আ + ঠ্ + ঈ।

মরামর : মানুষ ও দেবতা। বি। তৎসম। মর [< সং. মৃ] + অমর [নঞ্ + মর (< সং. মৃ + অ)]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [রা]। ২।১।ক মর [মরণশীল প্রাণী] ও অমর [মরণহীন দেবগণ]= দ্বন্দ্ব। ৩।৪ বানান : ম্ + অ + র্ + আ + ম্ + অ + র্ + অ।

মরামাস : খুসকি। বি। তদ্ভব। মরা [মব্ (< সং. মৃ] + বাং. আ] + মাস [< সং. মাংস]। ৬।৩ মরা যে মাস [মাংস] = কর্মধা। ৩।২

মরাল : রাজহাঁস। বি। তৎসম। মৃ + আল। ৬।১ বানান : ম্ + অ + র্ + আ + ল্ + অ।

মরালগামিনী : রাজহাঁসের মতো সুন্দর গতি-সম্পন্না। বিণ। তৎসম। মরাল ['মরাল' দ্রষ্টব্য] গামিনী [গম্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১ ৭।১।চ মরালের মতো গমন করে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + র্ + আ + ল্ + অ + গ + আ + ম্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মরালী : রাজহংসী। বি। তৎসম। মরাল ['মরাল' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ম্ + অ + র্ + আ + ল্ + ঈ।

মরা-সোনা : অধিক খাদ-মেশানো সোনা। বি। তদ্ভব। মরা [মর্ (< সং. মৃ) + আ] + সোনা [< সং. স্বর্ণ]। মরা যে সোনা= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + র্ + আ + স্ + ও + ন্ + আ।

মরা-হাজা : অনাবৃষ্টি বা অতিবৃষ্টি-হেতু শস্যনাশ। বি। মিশ্র [তদ্ভব + দেশী]। তদ্ভব. মরা [মর (< সং. মৃ) + আ] + হাজা [দেশী]। মরা ও হাজা= দ্বন্দ্ব। ৩।৪

মরি : আনন্দ বিস্ময় বিদ্রূপ ইত্যাদি ভাব-প্রকাশক। অব্য। তদ্ভব। মরি [মর (< সং. মৃ) + বাং. ই (নিত্য বর্তমানের উত্তম পুরুষ)]। ৬।৩

মরিচ, মরীচ : লঙ্কা, গোলমরিচ। বি। তৎসম। মৃ + ইচ্। ৬।১ বানান : ম্ + অ + র্ + ই [ঈ] + চ্ + অ।

মরিচা : লৌহমল। বি। বিদেশী। < ফা. মোর্‌চা। বাংলা বানান : ম্ + অ + র্ + ই + চ্ + আ।

মরিয়া : বিপদ সম্বন্ধে বেপরোয়া। বিণ। তদ্ভব। মর্ [< সং. মৃ] + বাং. ইয়া। বানান : ম্ + অ + র্ + ই + য্ + আ। 'মরীয়া' নয়।

মরীচি : কিরণ। বি। তৎসম। সং. মৃ > মর্ [(অন্ধকারের) মরে যাওয়া] + ঈচি। ৬।১ বানান : ম্ + অ + র্ + ঈ + চ্ + ই। বি.দ্র. : ['ঈচি'-প্রত্যয় যোগেব কারণে] র্ + ঈ= রী, চ্ + ই= চি। আগে 'ঈ', পরে 'ই'।

মরীচিকা : মৃগ-তৃষ্ণিকা। বি। তৎসম। মরীচি ['মরীচি' দ্রষ্টব্য] + ক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ বানান : ম্ + অ + র্ + ঈ + চ্ + ই + ক্ + আ। বি.দ্র. : ঈচি-প্রত্যয় যোগের কারণে আগে 'ঈ', পরে ঈ।

মরীচিনন্দন : মহর্ষি কশ্যপ। বি। তৎসম। মরীচি ['মরীচি' দ্রষ্টব্য] + নন্দন [নন্দ্ + অন] ৬।১ আনন্দ দান করে যে= নন্দন। মরীচির [মরীচি ঋষির] নন্দন [পুত্র]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + অ + র্ + ঈ + চ্ + ই + ন্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র. : র্ + ঈ= রী, ন্ + দ্ + অ= ন্দ।

মরীচী : কিরণযুক্ত। বিণ। তৎসম। মরীচি ['মরীচি' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।২ মরীচি [কিরণ] আছে যার। বানান : ম্ + অ + র্ + ঈ + চ্ + ঈ। বি.দ্র. : র্ + ঈ= রী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত [চী]।

মরু : জল ও তৃণশূন্য বিস্তীর্ণ স্থান। বি। তৎসম। সং. মর্ [< সং. মৃ] + উ। ৬।১ বানান : ম্ + অ + র্ + উ। বি.দ্র. : র্ + উ= রু।

মরুৎ : বায়ু। বি। তৎসম। সং. মর্ [< সং. মৃ] + উৎ। ৬।১ যার দ্বারা মরে। মানান : ম্ + অ + র্ + উ + ৎ। বি.দ্র. : র্ + উ= রু [বায়ু ব্যতীত প্রাণীর মৃত্যু হয়]।

মরুৎপথ : আকাশপথ। বি। তৎসম। মরুৎ ['মরুৎ' দ্রষ্টব্য] + পথ [পথ্ + অ]। ৬।১ মরুৎরূপ-পথ= রূপক-কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + র্ + উ + ৎ + প্ + অ + থ্ + অ। বি.দ্র. : 'র' + উ= রু।

মরুদ্গণ : দেবগণ। বি। তৎসম। মরুৎ ['মরুৎ' দ্রষ্টব্য] + গণ [গণ্ + অ]। ৬।১ [সন্ধি] ৎ + গ= দগ। ২।১৫ বানান : ম্ + অ + র্ + উ + দ্ + গ্ + অ + ণ + অ। বি.দ্র. : 'গণ'- এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

মরুময় : মরুভূমির মত রসহীন। বিণ। তৎসম। মরু ['মরু' দ্রষ্টব্য] + ময় [ময়ট্] = পূর্ণ। মরু [শুষ্ক, মৃত] দ্বারা ময় [পূর্ণ]= করণতৎ। ৩।৩ বানান : ম্ + অ + র্ + উ + ম্ + অ + য় + অ। বি.দ্র. : র্ + উ= রু।

মরূদ্যান : মরুভূমির মধ্যবর্তী জল ও বৃক্ষপূর্ণ স্থান। বি। তৎসম। মরু ['মরু' + উদ্যান [উৎ + যান (যা + অন)]। ৬।১ [সন্ধি] উ + উ= ঊ [রূ]। ২।৩।ক ৎ + যা= দ্যা। ২।১৫ মরুর মধ্যবর্তী উদ্যান= মধ্যপ-কর্মধা। ৩।২

মর্কট : বানর, মাকড়সা। বি। তৎসম। মক্ [দ্রুতগতিতে ছোটা] + অট্। 'র্'— আগম। দ্রুতগতিতে ছোটে যে। বানান : ম্ + অ + র্ + ক্ + অ + ট্ + অ। বি.দ্র. : র্ + ক্ + অ= র্ক।

মর্কট-বৈরাগ্য : বাইরে বৈরাগ্য, ভেতরে আসক্তি। বি। তৎসম। মর্কট ['মর্কট' দ্রষ্টব্য] + বৈরাগ্য [বিরাগ (বি + রঞ্জ্ + অ)= আসক্তিশূন্য) + য]। ৬।১ মর্কটের বৈরাগ্যের ন্যায় বৈরাগ্য= উপমান-কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + র্ + ক্ + অ + ট্ + অ + ব্ + ঐ + র্ + আ + গ্ + য্ + অ। বি.দ্র. : র্ + ক্ + অ= র্ক, ব্ + ঐ= বৈ, গ্ + য্ + অ= গ্য।

মর্কটী : বানরী। বি। তৎসম। মর্কট ['মর্কট' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ। বানান : ম্ + অ + র্ + ক্ + অ + ট্ + ঈ, বি.দ্র : র্ + ক্ + অ = র্ক, ট্ + ঈ = টী।

মর্জি : খেয়াল। বি। বিদেশী।<আ. মর্জী। বাংলা বানান : ম্ + অ + র্ +জ্ + ই। বি.দ্র : র্ + জ্ +ই =র্জি।

মর্জিমাফিক : খেয়ালমতো। বিণ। বিদেশী। <আ. মর্জী মুআফিক্। মর্জি [খেয়াল] + মাফিক [মতো]। বাংলা বানান : ম্ + অ + র্ + জ্ + ই +ম্ +আ + ফ্ + ই +ক্। বি.দ্র : র্ + জ্ + ই = র্জি• 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মর্টগেজ : বন্ধক। বি। বিদেশী। <ইং Mortgage. বাংলা বানান : ম্ + র্ + ট্ + গ + এ + জ্। বি.দ্র. : র্ + ট= 'র্ট' ও 'জ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মর্ত, মর্ত্য : পৃথিবী। বি। তৎসম। সং. মর্ [<সং. মৃ] + ত। মর্ [<সং.মৃ] + ত্ + য। ৬।১ বানান : ম্ + অ + র্ + ত্ + অ, ম্ + অ + র্ +ত্ + য্ +অ। বি.দ্র : র্ + ত্ + অ = র্ত, র্ +ত্ +য্ + অ =র্ত্য।

মর্তমান : পূর্ববঙ্গের সবরী কলা [মার্তাবান দ্বীপে জাত ?]। বি। বিদেশী। <ইং. Martaban. বাংলা বানান : ম্ + অ + র্ + ত্ + অ + ম্ + আ + ন্। বি.দ্র : র্ + ত্ + অ = র্ত 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মর্তুকাম : মরতে ইচ্ছুক। বিণ। তৎসম সং. মৃ + তু + কাম [কাম্ + অ]। ৬।১ বানান : ম্ + অ + র্ + ত্ + উ + ক্ + আ + ম্ + অ। বি.দ্র : র্ + ত্ + উ = র্তু।

মর্দ : পুরুষ। বি। বিদেশী। <ফা. মর্দ্। বাংলা

বানান : ম্ + অ + র্ + দ্ + অ। বি.দ্র. : র্ + দ্ + অ = র্দ।

মর্দক : মর্দনকারী, বিণ। তৎসম। সং. মৃদ্ + অক। ৬।১ যে মর্দন [পেষণ] করে। বানান : ম্ + অ + র্ + দ্ + অ + ক্ + অ। বি.দ্র: র্ + দ্ + অ = র্দ।

মর্দন : পীড়ন, পীড়নকারী। বি। তৎসম। সং. মৃদ্ + অন। ৬।১ বাংলা বানান : ম্ + অ + র্ + দ্ + অ + ন্ +অ। বি.দ্র: র্ + দ্ + অ = র্দ।

মর্দা : পুরুষজাতীয়। বিণ। বিদেশী। <ফা. মর্‌দ্ + বাং. আ। বাংলা বানান : ম্ + অ + র্ + দ্ + আ। বি.দ্র: র্ + দ্ + আ = র্দা।

মর্দানা : পুরুষ। বি। বিদেশী। <ফা. মর্‌দ্ + বাং. আন + আ। বাংলা বানান : ম্ + অ + র্ + দ্ + আ + ন্ + আ। বি.দ্র: র্ + দ্ + আ = র্দা।

মর্দানি : বীরত্ব। বি। বিদেশী। <ফা. মর্‌দ্ + বাং. আনি। বাংলা বানান : ম্ + অ + র্ + দ্ + আ + ন্ + ই। বি.দ্র: র্ + দ্ + আ = র্দা।

মর্দানী : বীরাঙ্গনা। বি। বিদেশী <ফা. মর্‌দ্ + আন + ঈ [স্ত্রী]। ৬।৪, ৭।১।ঙ বাংলা বানান : ম্ + অ + র্ + দ্ + আ + ন্ + ঈ: বি.দ্র: র্ + দ্ + আ = র্দা।

মর্দিত : দলিত। বিণ। তৎসম। সং. মৃদ্ + ত। ৬।১ বানান : ম্ + অ + র্ + দ্ + ই + ত্ + অ। বি.দ্র: র্ + দ্ + ই = র্দি।

মর্দিনী : দলনকারিণী, বিণ। তৎসম। মৃদ্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান : ম্ + অ + র্ + দ্ + ই + ন্ + ঈ। বি.দ্র: র্ + দ্ + ই =র্দি।

মর্দী : মর্দনকারী। বিণ। তৎসম। মৃদ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান : ম্ + অ + র্ + দ্ + ঈ। বি.দ্র: র্ + দ্ + ঈ = র্দী।

মর্ম : হৃদয়, গূঢ়কথা। বি। তৎসম। সং. মৃ + মন্। ৬।১ বানান : ম্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র: র্ + ম্ + অ = র্ম।

মর্মকথা : সারকথা। বি। তৎসম। মর্ম [মৃ + মন্] + কথা [কথ্ + অ +আ]। ৬।১ মর্মের কথা + সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র: ম্ + অ + র্ + ম্ + অ + ক্ + অ + থ্ + আ। বি.দ্র: র্ + ম্ + অ =র্ম।

মর্মগ্রহণ : তাৎপর্য গ্রহণ, বি। তৎসম। মর্ম [মৃ + মন্] + গ্রহণ = [গ্রহ্ + অন] ৬।১ মর্মকে গ্রহণ= কর্মতৎ। ৩।৩ বানান : ম্ + অ + র্ + ম্ + অ + গ্ + র্ + হ্ + অ + ণ্ + অ। বি. দ্র: র্ + ম্ + অ = র্ম, গ্ + র্ + অ =গ্র। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' ও 'হ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মর্মগ্রাহী : মর্মজ্ঞ। বিণ। তৎসম। মর্ম [মৃ + মন্] + গ্রাহী [গ্রহ্ + ইন্ (ঈ)]। ৬।১ মর্ম গ্রহণ করে যে = উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + র্ + ম্ + অ + গ্ + র্ + আ + হ্ + ঈ। বি.দ্র: র্ + ম্ + অ = র্ম। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মর্মঘাতী : সাংঘাতিক। বিণ। তৎসম। মর্ম [মৃ + মন্] + ঘাতী [হন্ + ইন্ (ঈ)]। ৬।১ মর্মকে আঘাত করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + র্ + ম্ + অ + ঘ্ + আ + ত্ + ঈ। বি.দ্র. : র্ + ম্ + অ= র্ম। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মর্মচ্ছেদী : হৃদয়বিদারক। বিণ। তৎসম। মর্ম [মৃ + মন্] + ছেদী [ছিদ্ +ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + ছে = অচ্ছে। ২।১৪ মর্ম ছেদন করে যা = উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + র্ + ম্ + অ + চ্ + ছ্ + এ + দ্ + ঈ। বি.দ্র: র্ + ম্ + অ = র্ম, চ্ + ছ্ + এ = চ্ছে। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মর্মজ্ঞ: রহস্যাজ্ঞ। বিণ। তৎসম। মর্ম [মৃ + মন্] + জ্ঞ [জ্ঞা + অ]। ৬।১ মর্ম জানেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + ম্ + অ + জ্ + ঞ + অ। বি.দ্র: র্ + ম্ +অ = র্ম, জ্ + ঞ +অ =জ্ঞ।

মর্মন্তুদ: মর্মান্তিক। বিণ। তৎসম। মর্ম [মৃ + মন্] + তুদ [তুদ্ + অ]। ৬।১ মর্মকে আঘাত করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + ম্ + অ + ন্ + ত্ + উ + দ্ + অ। বি.দ্র: ন্ + ত্ + উ = ন্তু। দ্ + অ =দ [হসন্ত-চিহ্ন হবে না]।

মর্মপীড়: মর্মপীড়াদায়ক। বিণ। তৎসম। মর্ম [মৃ + মন্] + পীড় [পীড়্ + অ]। ৬।১ মর্মকে পীড়িত করে যা = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + ম্ + অ + প্ + ঈ + ড়্ + অ। বি.দ্র: র্ + ম্ + অ = র্ম।

মর্মপীড়া: অন্তরের বেদনা। বি। তৎসম। মর্ম [মৃ + মন্] + পীড়া [পীড়্ + অ + আ]। ৬।১ মর্মের পীড়া = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + ম্ + অ + প্ + ঈ + ড়্ + আ। বি.দ্র: র্ + ম্ + অ = র্ম। প্ + ঈ = পী, ড়্ + আ = ড়া।

মর্মবিদ্ধ: মর্মাহত। বিণ। তৎসম। মর্ম [মৃ + মন্] + বিদ্ধ [ব্যধ্ + ত]। ৬।১ বিদ্ধ মর্ম যার = বহুব্রী। ৩।৫ [পূর্বনিপাত] বানান: ম্ + অ + র্ + ম্ + অ + ব্ + ই + দ্ + ধ্ + অ। বি.দ্র.: র + ম্ + অ = র্ম, দ্ + ধ্ + অ = দ্ধ।

মর্মবিদারক: হৃদয়-বিদারক। বিণ। তৎসম। মর্ম [মৃ + মন্] + বিদারক [বি + দৃ + অক]। ৬।১ মর্মকে বিদীর্ণ করে যা = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + ম্ + অ + ব্ + ই + দ্ + আ + র্ + অ + ক্ + অ। বি.দ্র: র্ + ম্ + অ = র্ম।

মর্মবেদনা: হৃদয়বেদনা। বি। তৎসম। মর্ম [মৃ + মন্] + বেদনা [বিদ্ + অন + আ।] ৬।১ মর্মের বেদনা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + ম্ + অ + ব্ + এ + দ্ + অ + ন্ + আ। বি.দ্র: র্ + ম্ + অ = র্ম।

মর্মভেদ: রহস্যোদ্ঘাটন। বি। তৎসম। মর্ম [মৃ + মন্] + ভেদ [ভিদ্ + অ]। ৬।১ মর্মের ভেদ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + ম্ + অ + ভ্ + এ + দ্ + অ। বি.দ্র: র্ + ম্ + অ = র্ম।

মর্মভেদী: হৃদয়ভেদী। বিণ। তৎসম। মর্ম [মৃ + মন্] + ভেদী [ভিদ্ + ইন্ (ঈ)]। ৬।১ মর্ম ভেদ করে যা = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + ম্ + অ + ভ্ + এ + দ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মর্মর: বৃক্ষপত্রের শ্রুতিসুখকর ধ্বনি, পাথর। বি। তৎসম। সং. মৃ + অর। ৬।১ ['ম'-আগম]। বানান: ম্ + অ + র্ + ম্ + অ + র্ + অ। বি.দ্র: র্ + ম্ + অ = র্ম।

মর্মরিত: মর্মর ধ্বনিযুক্ত। বিণ। তৎসম। সং. মর্মর ['মর্মর' দ্রষ্টব্য] + ইত। ৬।১ বানান: ম্ + অ + র্ + ম্ + অ + র্ + ই + ত্ + অ। বি.দ্র: র্ + ম্ + অ = র্ম।

মর্মস্থল, মর্মস্থান: হৃৎপিণ্ড। বি। তৎসম। মর্ম [মৃ + মন্] + স্থল [স্থল্ + অ], স্থান [স্থা + অন]। ৬।১ মর্মের স্থল, স্থান = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + ম্ + অ + স্ + থ্ + অ + ল্ + অ, ম্ + অ + র্ + ম্ + অ + স্ + থ্ + আ + ন্ + অ। বি.দ্র.: র্ + ম্ + অ = র্ম, স্ + থ্ + অ = স্থ, স্ + থ্ + আ =স্থা।

মর্মস্পর্শী: হৃদয়স্পর্শী। বিণ। তৎসম। মর্ম [মৃ + মন্] + স্পর্শী [স্পৃশ্ + ইন্ (ঈ)]। ৬।১ মর্মকে স্পর্শ করে যা = উপপদতৎ। ৩।৩ বানান: ম্

+ অ + র্ + ম্ + অ + স্ + প্ + অ + র্ + শ্ + ঈ। বি.দ্র: স্ + প্ + অ = স্প। র্ + শ্ + ঈ = র্শী। শব্দটি 'ইন্' [ঈ] প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মর্মাঘাত : মর্মপীড়ন। বি। তৎসম। মর্ম [মৃ + মন্]। + আঘাত [আ + হন্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [র্মা]। ২।১।খ মর্মে আঘাত = অধিকরণতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + ম্ + আ + ঘ + আ + ত্ + অ। বি.দ্র: র্ + ম্ + আ = র্মা।

মর্মান্তিক : মর্মচ্ছেদী। বিণ। তৎসম। মর্ম [মৃ + মন্] + অন্তিক [অন্ত (অম্ + ত) + ইক]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [র্মা]। ২।১।ক মর্মের অন্তিক [চরম] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + ম্ + আ + ন্ + ত্ + ই + ক্ + অ। বি. দ্র: র্ + ম্ + আ = র্মা, ন্ + ত্ + ই= ন্তি।

মর্মার্থ : সার কথা। বি। তৎসম। মর্ম [মৃ + মন্] + অর্থ [অর্থ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ। [র্মা]। ২।১।ক মর্মের অর্থ =সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + ম্ + আ + র্ + থ্ + অ। বি.দ্র: র্ + ম্ + আ - র্মা, র্ + থ্ + অ = র্থ।

মর্মাহত : মর্মান্তিক দুঃখে অভিভূত। বিণ। তৎসম। মর্ম [মৃ + মন্] + আহত [আ + হন্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [র্মা]; ২।১।ঙ মর্মে আহত = অধিকরণতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + ম্ + আ + হ্ + অ + ত্ + অ। বি.দ্র: র্ + ম্ + আ = র্মা।

মর্মী : মরমী। বিণ। তৎসম। মর্ম [মৃ + মন্] + ইন্ [ঈ]। ৬।১, ৬।২ বানান: ম্ + অ + র্ + ম্ + ঈ। বি.দ্র: র্ + ম্ + ঈ = র্মী।

মর্মোদ্ঘাটন : রহস্যোদ্ঘাটন। বি। তৎসম। মর্ম [মৃ + মন্] + উদ্ঘাটন [উৎ + ঘাটন। (ঘট্ + ণিচ্ + অন)]। [সন্ধি] অ + উ = ও [র্মো]। ২।৫।ক ৎ + ঘা = দ্ঘা। ২।১৫ মর্মের উদ্ঘাটন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + ম্ + ও + দ্ + ঘ্ + আ + ট্ + অ + ন্ + অ। বি.দ্র: র্ + ম্ + ও = র্মো, দ্ + ঘ্ + আ = দ্ঘা।

মর্মোদ্ভেদ : রহস্যোদ্ঘাটন। বি। তৎসম। মর্ম [মৃ + মন্] + উদ্ভেদ [উৎ + ভিদ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [র্মো]। ২।৫।ক। ৎ + ভে = দ্ভে। ২।১৫ মর্মের উদ্ভেদ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + ম্ + ও + দ্ + ভ্ + এ + দ্ + অ। বি.দ্র.: র্ + ম্ + ও = র্মো, দ্ + ভ্ + এ = দ্ভে।

মর্যাদা : সম্ভ্রম। বি। তৎসম। পরি + অ + দা + অ + আ। ৬।১ বানান: ম্ + অ + র্ + য্ + আ + দ্ + আ।

মর্যাদাহানি : অপমান। বি। তৎসম। মর্যাদা। ['মর্যাদা' দ্রষ্টব্য] + হানি [হা + তি]। ৬।১ মর্যাদার হানি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + র্ + য্ + আ + দ্ + আ + হ্ + আ + ন্ + ই।

মর্ষ, মর্ষণ : ক্ষমা, সহন। বি। তৎসম। [ক্ষমা করা, সহ্য করা] + অ, অন। ৬।১ বানান: ম্ + অ + র্ + ষ্ + অ, + ণ্ + অ। বি.দ্র: 'র্'-এর পর 'ষ' হয়েছে। ৪।২।গ 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মর্ষণীয় : সহনীয়। বিণ। তৎসম। মৃষ্ [সহ্য করা] + অনীয়। ৬।১ বানান: ম্ + অ + র্ + ষ্ + অ + ণ্ + ঈ + য্ + অ। বি.দ্র: র্ + ষ্ + অ = র্ষ। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ।

মল : বলয়াকৃতি পাদভূষণ। বি। দেশী।

মল : [মল্ + অ] ময়লা। বি। তৎসম। ম্ + অ + ল্ + অ।

মলত্যাগ : পুরীষোৎসর্গ। বি। তৎসম। মল ['মল' দ্রষ্টব্য] + ত্যাগ [ত্যজ্ + অ]। ৬।১ মলকে

ত্যাগ = কর্মতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ল্ + অ + ত্ + য্ + আ + গ্ + অ। বি.দ্র: ত্ + য্ + আ = ত্যা।

মলদ্বার: গুহ্যদ্বার। বি। তৎসম। মল ['মল' দ্রষ্টব্য] + দ্বার [দ্বৃ (রোধ করা) + ণিচ্ + অ]। ৬।১ মলের নিমিত্ত দ্বার = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ল্ + অ + দ্ + ব্ + আ + র্ + অ। বি.দ্র: দ্ + ব্ + আ = দ্বা।

মলন: ডলা, মর্দন। বি। তৎসম। মল্ + অন। ৬।১ বানান: ম্ + অ + ল্ + অ + ন্ + অ।

মলন: কাটা ধান গোরু দিয়ে মাড়াই। বি। তৎসম। মল্ + অন। ৬।১ বানান: ম্ + অ + ল্ + অ + ন্ + অ।

মলনালী: বিষ্ঠা-নিঃসরণের পথ। বি। তৎসম। মল ['মল' দ্রষ্টব্য] + নালী [<সং নাড়ী]। মলের নিমিত্ত নালী = মধ্যপা-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ল্ + অ + ন্ + আ + ল্ + ঈ।

মলভাণ্ড: মলাধার। বি। তৎসম। মল ['মল' দ্রষ্টব্য]+ ভাণ্ড [ভণ্ড্ + অ]। ৬।১ মলের নিমিত্ত ভাণ্ড = মধ্যপ-কর্মধা ৩।২ বানান: ম্ + অ + ল্ + অ +ভ্ + আ + ণ্ + ড্ + অ। বি.দ্র: 'ড'-এর ঠিক আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

মলম: তৈলাদি যোগে প্রস্তুত ঘন প্রলেপ। বি। বিদেশী। <ফা. মর্‌হম্। বাংলা বানান: ম্ + অ + ল্ + অ + ম্। বি.দ্র: শব্দান্তের 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মলমল: মস্‌লিন। বি। তদ্ভব। <সং. মলমল্লক। বানান: ম্ + অ + ল্ + ম্ + অ + ল্। বি.দ্র: ল্-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মলমাস: অধিমাস। বি। তৎসম। মল [মল (যোগ করা) + অ + মাস [মাস (চন্দ্র) + অ]। ৬।১ মল যে মাস = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ল্ + অ + ম্ + আ + স্ + অ।

মলম্বা: গিলটি, গিল্টি। বি। বিদেশী। <আ. মলম্মা। বাংলা বানান: ম্ + অ + ল্ + অ + ম্ + ব্ + আ। বি.দ্র: ম্ + ব্ + আ = ম্বা।

মলয়: দক্ষিণা বাতাস, বি। তৎসম। মল্ + অয়। ৬।১ বানান: ম্ + অ + ল্ + অ + য়্ + অ।

মলয়জ: মলয়-পর্বতজাত। বিণ। তৎসম। মলয় [মল্ + অয়] + জ [জন্ + অ]। ৬।১ মলয় থেকে জন্মে যা = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ল্ + অ + য়্ + অ + জ্ + অ।

মলয়াচল: মলয়পর্বত। বি। তৎসম। মলয় [মল + অয়] + অচল [ন + চল (চল্ + অ)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [য়া]। ২।১।ক মলয়-প্রবাহিত অচল = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ল্ + অ + য়্ + আ + চ্ + অ + ল্ + অ।

মলা: মর্দন করা। ক্রি। তদ্ভব। সং. মল্ + বাং আ।

মলা: গায়ের ময়লা। বি। তদ্ভব। <সং মল্ + বাং আ। ৬।৩।

মলাই: মর্দন। বি। তদ্ভব। সং. মল্ + বাং. আই। ৬।৩

মলাট: পুস্তকের প্রচ্ছদ।. বি। তদ্ভব। <সং. মলপট্ট। বানান: ম্ + অ + ল্ + আ + ট্। বি.দ্র.: 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মলাশয়: মলাধার। বি। তৎসম। মল [মল্ + অ] + আশয় [আ + শী + অ]। ৬।১ মলের আশয় [আধার]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ল্ + আ + শ্ + অ + য়্ + অ।

মলিদা: কোমল পশমী বস্ত্র। বি। বিদেশী। <ফা. মলীদা। বাংলা বানান: ম্ + অ + ল্ + ই + দ্ + আ।

মলিন: ময়লা। বিণ। তৎসম। [মল্ + অ] +

ইন। ৬।১ বানান: ম্ + অ + ল্ + ই + ন্ + অ।

মলিনতা: মালিন্য। বি। তৎসম। মলিন [মল + ইন] + তা। ৬।২ বানান: ম্ + অ + ল্ + ই + ন্ + অ + ত্ + আ।

মলিনা: রজস্বলা। বিণ। তৎসম। মলিন [মল + ইন] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ম্ + অ + ল্ + ই + ন্ + আ।

মলুম: মরলাম, মরিলাম। ক্রি। তদ্ভব [চলিত]। <সাধু রূপ: মরিলাম। বি.দ্র: 'মরা' ধাতুর অতীত কালের উত্তম পুরুষের রূপ।

মলেম: মরলাম, মরিলাম। ক্রি। তদ্ভব [চলিত]। <সাধু রূপ: মরিলাম বি.দ্র.: 'মরা' ধাতুর অতীত কালের উত্তম পুরুষের রূপ।

মল্ল: কুস্তিগীর। বি। তৎসম। মল্ল্ + অ। ৬।১ বানান: ম্ + অ + ল্ + ল্ + অ। বি.দ্র: ল্ + ল্ + অ = ল্ল।

মল্লক্রীড়া: কুস্তি। বি। তৎসম। মল্ল [মল্ল্ + অ] + ক্রীড়া [ক্রীড়্ + অ + আ]। ৬।১ মল্লপূর্ণ ক্রীড়া= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ল্ + ল্ + অ + ক্ + র্ + ঈ + ড় + আ। বি.দ্র: ল্ + ল্ + অ = ল্ল, ক্ + র্ + ঈ = ক্রী।

মল্লগুরু: কুস্তি-শিক্ষাদাতা ওস্তাদ। বি। তৎসম। মল্ল [মল্ল্ + অ] + গুরু [গৃ (স্তুতি উচ্চারণ করা) + উ = গুর্ + উ]। ৬।১ মল্ল-বিষয়ক গুরু = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + ল্ + ল্ + অ + গ্ + উ + র্ + উ। বি.দ্র: গ্ + উ = গু, র্ + উ = রু।

মল্লবিদ্যা: কুস্তি। বি। তৎসম। মল্ল [মল্ল্ + অ] + বিদ্যা [বিদ্ + য (যৎ) + আ]। ৬।১ মল্ল-বিষয়ক বিদ্যা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ল্ + ল্ + অ = ল্ল, দ্ + য্ + আ =দ্যা।

মল্লবেশ: কুস্তিগীরের বেশ। বি। তৎসম। মল্ল [মল্ল্ + অ] + বেশ [বিশ্ + অ]। ৬।১ মল্লের বেশ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + ল্ + ল্ + অ + ব্ + এ + শ্ + অ।

মল্লভূমি: কুস্তিযুদ্ধের স্থান। বি। তৎসম। মল্ল [মল্ল্ + অ] + ভূমি [ভূ + মি]। ৬।১, ৬।২ মল্লের নিমিত্ত ভূমি =মধ্যপ কর্মধা।৩।২ বানান: ম্ + অ + ল্ + ল্ + অ + ভ্ + উ + ম্ + ই। বি.দ্র: ল্ + ল্ + অ = ল্ল, ভ্ + ঊ = ভূ।

মল্লযুদ্ধ: কুস্তি। বি। তৎসম। মল্ল [মল্ল্ + অ] + যুদ্ধ [যুধ্ + ত]। ৬।১ মল্ল [কুস্তি] সহযোগে যুদ্ধ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম + অ + ল্ + ল্ + অ + য্ + উ + দ্ + ধ্ + অ। বি.দ্র: ল্ + ল্ + অ = ল্ল, দ্ + ধ্ + অ = দ্ধ।

মল্লশালা: কুস্তির আখড়া। বি। তৎসম। মল্ল [মল্ল্ + অ] + শাল [শাল্ + অ + আ]। ৬।১ মল্লের নিমিত্ত শালা [স্থান] =মধ্যপ কর্মধা।৩।২ বানান: ম্ + অ + ল্ + ল্ + অ + শ্ + আ + ল্ + আ। বি.দ্র.: ল্ + ল্ + অ = ল্ল।

মল্লার: বর্ষার রাগিণী। বি। তৎসম। বানান: ম্ + অ + ল্ + ল্ + আ + র্ + অ। বি.দ্র: ল্ + ল্ + আ = ল্লা।

মল্লিক: হিন্দু ও মুসলমান— উভয় সম্প্রদায়ের সম্মান-সূচক পদবী। বি। বিদেশী। <আ. মলিক্। বাংলা বানান: ম্ + অ + ল্ + ল্ + ই + ক্। বি.দ্র: ল্ + ল্ + ই = ল্লি, 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মল্লিকা, মল্লি, মল্লী: বেলফুল। বি। তৎসম। মল্লী, মল্লি + ক + আ [স্ত্রী] ৬।২ বানান: ম্ + অ + ল্ + ল্ + [ঈ] ই, + ক্ + আ। বি.দ্র: ল্ + ল্ + ঈ = ল্লী, ল্ + ল্ + ই = ল্লি, মল্লিকা [ল্ + ল্ + ই]।

মশক: মশা। বি। তৎসম। মশ্ [শব্দ করা] + অক। বানান: ম্ + অ + শ্ + অ + ক্ + অ।

মশক : ভিস্তি। বি। বিদেশী। <ফা. মশ্ক্। বাংলা বানান : ম্ + অ + শ্ + অ + ক্। বি.দ্র: 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মশগুল : বিভোর। তন্ময় [আ]। বিণ। বিদেশী। <আ মশ্গূল্। বাংলা বানান : ম্ + অ + শ্ + গ্ + উ + ল্। বি.দ্র. : 'শ' ও 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মশমশ : চর্ম ইত্যাদি দুমড়াবার শব্দ। অব্য। দেশী। বানান : ম্ + অ + শ্ + ম্ + অ + শ্। বি.দ্র. : 'শ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মশলা, মশল্লা : উপকরণ, রান্নার উপকরণ। বি। বিদেশী। <আ. মসালহ্। বাংলা বানান : ম্ + অ + শ্ + অ + ল্ [+ ল] + আ। বি.দ্র: ল্ + ল্ + আ = ল্লা।

মশহুর : নামজাদা। বিণ। বিদেশী। <আ মশহূর। বাংলা বানান : ম্ + অ + শ্ + হ্ + উ + র্। বি.দ্র: 'শ' ও 'র'-এব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মশা : মশক। বি। তদ্ভব। <সং মশক। বানান : ম্ + অ + শ্ + আ।

মশাই, মশায় : মহাশয়। বিণ। অর্ধ-তৎসম। <সং. মহাশয়। বানান : ম্ + অ + শ্ + আ + ই [য়]। বি.দ্র. : 'মশায়'-এর 'য়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মশান : শ্মশান, অপরাধীদের বধ্যভূমি। বি। তদ্ভব। <সং. শ্মশান। বানান : ম্ + অ + শ্ + আ + ন্ + অ।

মশারি, মশারী : মশার কামড় নিবারণের জন্য শয্যার ওপরে খাটাবাব উপযোগী সূক্ষ্ম বস্ত্রের আববণ। বি। তদ্ভব। <সং. মশহরী। বানান : ম্ + অ + শ্ + আ + র্ + ই [ঈ]। বি.দ্র: র + ই = রি, র্ + ঈ = রী।

মশাল : দণ্ডাগ্রে তেল-মাখানো নেকড়া চট ইত্যাদি জড়িয়ে প্রস্তুত বড় বাতি। বি। বিদেশী। <আ মশল্। বাংলা বানান : ম্ + অ + শ্ + আ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মশালচি, মশালচী : মশাল-বাহক। বি। বিদেশী <আ. মশল্ + তুর্কী. চি, চী। বাংলা বানান : ম্ + অ + শ্ + আ + ল্ + চ্ + ই [ঈ]। বি. দ্র. : 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মসজিদ : ইসলামী উপাসনা-মন্দির। বি। বিদেশী। <আ. মস্জিদ। বাংলা বানান : ম্ + অ + স্ + জ্ + ই + দ্। বি.দ্র. : 'স' ও 'দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মসনদ : রাজাসন। বিদেশী। <আ. মস্নদ্। বাংলা বানান : ম্ + অ + স্ + ন্ + অ + দ্। বি.দ্র. : 'ম' ও 'দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মসলন্দ : অতি সূক্ষ্ম মাদুর। বি। বিদেশী। <আ. মসনদ্। বাংলা বানান : ম্ + অ + স্ + ল্ + অ + ন্ + দ্। বি.দ্র. : 'স' ও 'ন্দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মসলা, মসল্লা : উপকবণ বান্নাব উপকরণ। বি। বিদেশী। <আ মসালহ্। বাংলা বানান : ম্ + অ + স্ + অ + ল্ [+ ল্] + আ। বি.দ্র. : ল্ + ল্ + আ = ল্লা।

মসলিন : অতি মিহি কার্পাস-বস্ত্র। বি। বিদেশী। <আ. মস্লিন্। মতান্তরে, তদ্ভব <সং. মসৃণ। বাংলা বানান : ম্ + অ + স্ + ল্ + ই + ন্। বি.দ্র. : 'স' ও 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মসি, মসী : লেখাব কালি, ঝুল। বি। তৎসম। সং. মস্ + ই, ঈ [স্ত্রী]। বানান : ম্ + অ + স্ + ই [ঈ]। বি.দ্র: স্ + ই = সি, স্ + ঈ = সী।

মসিজীবী, মসীজীবী : লেখক। বিণ, বি। তৎসম। মসি বা মসী + জীবী [জীব + ইন্ (ঈ)]। ৬।১ মসি বা মসীর সাহায্যে জীবিত থাকেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + স্ + ই [ঈ] + জ্ + ঈ + ব্ + ঈ। বি.দ্র. :

শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত। অর্থাৎ, 'জীবী'-তে জ্ + ঈ এবং ব্ + ঈ। কিন্তু 'গণ' শব্দযোগে সমাসবদ্ধ হলে 'ইন্'-প্রত্যয়ান্ত বলে শব্দান্তের 'বী' তে 'ইন্'-এর 'ই'-কার ফিরে আসবে। অর্থাৎ, তখন 'জীবিগণ' হবে।

মসিনা : তিসি। বি। তৎসম। বানান : ম্ + অ + স্ + ই + ন্ + আ।

মসিনিন্দিত, মসীনিন্দিত : ঘোর কালো। বিণ। তৎসম। মসি বা মসী + নিন্দিত [নিন্দ্ + ত]। ৬।১ মসি [মসী] থেকে নিন্দিত = অপাদানতৎ। ৩।৩ বানান : ম্ + অ + স্ + ই [ঈ] + ন্ + ই + ন্ + দ্ + ই + ত্ + অ। বি.দ্র. : স্ + ই = সি, স্ + ঈ = সী, ন্ + দ্ + ই = ন্দি।

মসিময়, মসীময় : ঘোর কৃষ্ণবর্ণ। বিণ। তৎসম। মসি, মসী + ময় [ময়ট্] ৬।২ মসি বা মসীর দ্বারা ময় [পূর্ণ] = করণতৎ। ৩।৩ বানান : ম্ + অ + স্ + ই [ঈ] + ম্ + অ + য়্ + অ। বি.দ্র : স + ই = সি, স্ + ঈ = সী।

মসিলাঞ্ছিত, মসীলাঞ্ছিত : ঘোর কালো। বিণ। তৎসম। মসি, মসী + লাঞ্ছিত [লাঞ্ছ্ + ত]। ৬।১ মসি বা মসীর দ্বারা লাঞ্ছিত = করণতৎ। ৩।৩ বানান : ম্ + অ + স্ + ই [ঈ] + ল্ + আ + ঞ্ + ছ্ + ই + ত্ + অ। বি.দ্র. : স্ + ই = সি, স্ + ঈ = সী, ঞ্ + ছ্ + ই = ঞ্ছি।

মসুর : এক প্রকার ডাল। বি। তৎসম। সং. মস্ + উর [উর]। ৬।১ বানান : ম্ + অ + স্ + উ + র্ + অ। বাংলায় স্ + উ = সু— এই বানান ই গৃহীত।

মসূরিকা : বসন্তরোগ। বি। তৎসম। মসূর [মসূর + ক] + আ [স্ত্রী]। ৬।২, ৭।১।খ [অক>ইক + অ]। বানান : ম্ + অ + স্ + ঊ + র্ + ই + ক্ + আ। বি.দ্র. : স্ + ঊ = সূ।

মসূরী : বসন্তরোগ [সং]। বি। তৎসম। মসূর + ঈ [স্ত্রী]। ৭।১।খ বানান : ম্ + অ + স্ + ঊ + র + ঈ। বি.দ্র স্ + ঊ = সূ, র্ + ঈ = রী।

মসৃণ : চিক্কণ। বিণ। তৎসম। <সং. মস্ + ঋণ [দীপ্তি পাওয়া বা চকচক করা] + অ। ৬।১ বানান : ম্ + অ + স্ + ঋ + ণ্ + অ। বি.দ্র. : স্ + ঋ = সৃ। 'ঋ'-এর ঠিক পরে 'ণ' হয়েছে। ৪।১।খ

মসৃণতা : চিক্কণতা। বি। তৎসম। মসৃণ [মসৃণ দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : ম্ + অ + স্ + ঋ + ণ + অ + ত্ + আ।

মস্করা : পরিহাস। বি। বিদেশী। <আ মস্‌খরহ্। বাংলা বানান : ম্ + অ + স্ + ক্ + অ + র্ + আ। বি.দ্র : স্ + ক্ + অ = স্ক।

মস্ত : উচ্চ, প্রকাণ্ড। বিণ। তৎসম। <সং. মস্ত। মতান্তরে, বিদেশী। <ফা. মস্ত্। বানান : ম্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র. : স্ + ত্ + অ = স্ত।

মস্তক : মাথা। বি। তৎসম। <সং মস্ত [মস্ + ত] + ক। ৬।১ বানান : ম্ + অ + স্ + ত্ + অ + ক্ + অ। বি.দ্র. : স্ + ত্ + অ = স্ত। স্ত্রীলিঙ্গে— মস্তা : দৃষ্টান্ত : 'ছিন্নমস্তা'।

মস্তান : বলোদ্ধত। বিণ। বিদেশী। <ফা. মস্তানা [মাতাল]। বাংলা বানান : ম্ + অ + স্ + ত্ + আ + ন্। বি.দ্র. : 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মস্তানি : মস্তানের আচরণ। বি। বিদেশী। মস্তান ['মস্তান' দ্রষ্টব্য] + বাং. ই। ৬।৩ বানান : ম্ + অ + স্ + ত্ + আ + ন্ + ই। বি.দ্র. : স্ + ত্ + আ = স্তা।

মস্তিষ্ক : মগজ। বি। তৎসম। সং. মস্ত + ইষ্ + ক। ৬।১ বানান : ম্ + অ + স্ + ত্ + ই + ষ্ + ক্ + অ। বি.দ্র. : স্ + ত্ + ই = স্তি, ষ্ + ক্ + অ = ষ্ক।

মস্যাধার : দোয়াত [মসী + আধার]। বি। তৎসম। মসি বা মসী ['মসি' দ্রষ্টব্য] + আধার [আ + ধ্ + অ]। ৬।১ [সন্ধি] ই বা ঈ + আ = যা [স্যা]। ২।৭।ক মসি বা মসীর নিমিত্ত আধার = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + স্ + য্ + আ + ধ্ + আ + র্ + অ। বি.দ্র.: স্ + য্ + আ = স্যা।

মহকুমা : জেলার অংশ। বি। বিদেশী। <আ মহ্কুমা। বাংলা বানান: ম্ + অ + হ্ + অ + ক্ + উ + ম্ + আ।

মহড়া : সম্মুখভাগ। বি। তদ্ভব। [<সং. মুখ >মুহ >মহ + বাং. ড়া। ৬।৩ বানান: ম্ + অ + হ্ + অ + ড়্ + আ।

মহড়া : অভিনয়াদির জন্য অনুশীলন। বি। তদ্ভব। <সং. মুখ >মুহ >মহ + বাং. ড়া ৬।৩ বানান: ম্ + অ + হ্ + অ + ড়্ + আ।

মহৎ : বড়, শ্রেষ্ঠ, উদার। বিণ। তৎসম। সং. মহ্ (পূজা করা) + অৎ [শতৃ]। ৬।১ বানান: ম্ + অ + হ্ + অ + ৎ।

মহতী : বিশালা শ্রেষ্ঠা। বিণ। তৎসম। মহৎ [মহ্ + অৎ (শতৃ)] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।ঈ। বানান: ম্ + অ + হ্ + অ + ত্ + ঈ। বি.দ্র: ত্ + ঈ = তী।

মহত্তম : সর্বাপেক্ষা মহৎ। বিণ। তৎসম। মহৎ [মহ্ + অৎ (শতৃ)] + তম [অতিশায়ন]। বানান: ম্ + অ + হ্ + অ + ত্ + ত্ + অ + ম্ + অ। বি.দ্র: ত্ + ত্ + অ = ত্ত।

মহত্তর : অধিকতর মহৎ। বিণ। তৎসম। মহৎ [মহ্ + অৎ (শতৃ)] + তর [অতিশায়ন]। বানান: ম্ + অ + হ্ + অ + ত্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র: ত্ + ত্ + অ = ত্ত।

মহত্ত্ব : মহত্তের ভাব। বি। তৎসম। মহৎ [মহ্ + অৎ (শতৃ)] + ত্ব। ৬।২ বানান: ম্ + অ + হ্ + অ + ত্ + ত্ + ব্ + অ। বি.দ্র.: ত্ + ত্ + ব্ + অ = ত্ত্ব।

মহদাশয় (অশু) : মহৎ অভিপ্রায়, সদাশয়। বিণ। তৎসম। মহৎ [মহ্ + অৎ (শতৃ)] + আশয় [আ + শী + অ]। ৬।১ [সন্ধি] ৎ + অ = দা। ২।১৫ শুদ্ধরূপ: মহৎ [মহা] আশয় [অভিপ্রায়] যার = বহুব্রী। ৩।৫ মহাশয় = ম্ + অ + হ্ + আ + শ্ + অ + য্ + অ।

মহদাশ্রয় : মহৎ লোকের আশ্রয়। বি। তৎসম। মহৎ [মহ্ + অৎ] + আশ্রয় [আ + শ্রি + অ]। ৬।১ [সন্ধি] ৎ + আ = দা। ২।১৫ মহতের আশ্রয় = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + হ্ + অ + দ্ + আ + শ্ + র্ + অ + য্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ = শ্র।

মহনীয় : পূজনীয়। বিণ। তৎসম। মহ্ + অনীয়। ৬।১ [সন্ধি] হ্ + অ = হ। বানান: ম্ + অ + হ্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র: ন্ + ঈ = নী।

মহন্ত, মোহন্ত : মন্দিরাদির পরিচালক-সন্ন্যাসী। বি। তৎসম। মহ্ + অন্ত। ৬।১ >মোহন্ত [মোহ্ + অন্ত]। [সন্ধি] হ্ + অ = হ। বানান: ম্ + অ [ও] + হ্ + অ + ন্ + ত্ + অ।

মহম্মদ : মোহাম্মদ, হজরৎ মহম্মদ, বি। বিদেশী। <আ মোহাম্মদ। বাংলা বানান: ম্ + অ + হ্ + অ + ম্ + ম্ + অ + দ্। বি.দ্র.: 'দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মহরত, মহরৎ : নতুন আরম্ভ। বি। বিদেশী। <ফা. মহলৎ। বাংলা বানান: ম্ + অ + হ্ + অ + ল্ + অ + ত্ [ৎ]। বি.দ্র.: 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মহরম : আরবীয় চান্দ্র মাসের প্রথম মাস, মহরম মাসে অনুষ্ঠিত শোকস্মৃতি। বি। বিদেশী। <আ. মুহর্‌রম। বাংলা বানান: ম্ + অ + হ্ + অ + র্ + অ + ম্। বি.দ্র.: শব্দ-শেষের 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মহর্লোক : সপ্ত লোকের চতুর্থ লোক। বি। তৎসম। মহঃ + লোক [লোক্ + অ]। ৬।১ [সন্ধি] ঃ + লো = র্লো। ২।৩৮ বানান : ম্ + অ + হ্ + অ + র্ + ল্ + ও + ক্ + অ। বি.দ্র. : র্ + ল্ + ও = র্লো। রেফ থাকায় দ্বিত্ব বর্জিত।

মহর্ষি : ঋষিশ্রেষ্ঠ। বি। তৎসম। মহা + ঋষি] [ঋষ্ + ই]। ৬।১ [সন্ধি] আ + ঋ = অর্ [হর্] + ষি = [মহ +] অর্ষি। ২।৬।খ মহান্ ঋষি = কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + অ + র্ + ষ্ + ই। বি.দ্র. : র্ + ষ্ + ই = র্ষি।

মহল : বাসগৃহের অংশ, তালুক। বি। বিদেশী। <আ. মহাল। বাংলা বানান : ম্ + অ + হ্ + অ + ল্। বি.দ্র. : ল-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মহলা : মহলবিশিষ্ট। বিণ। বিদেশী <আ. মহাল। বাংলা বানান : ম্ + অ + হ্ + অ + ল্ + আ।

মহলা : মহড়া। বি। দেশী। বানান : ম্ + অ + হ্ + অ + ল্ + আ

মহল্লা : নগরের অঞ্চল বি। বিদেশী। <ফা. মহল্লহ্। বাংলা বানান : ম্ + অ + হ্ + অ + ল্ + ল্ + আ।

মহা : প্রচণ্ড, অত্যন্ত। বিণ। তৎসম। <সং. মহৎ। বানান : ম্ + অ + হ্ + আ।

মহাকবি : মহাকাব্যের রচয়িতা। বি। তৎসম। মহা [<সং. মহৎ] + কবি [সং. কব্ + ই। ৫।১ মহা যে কবি = কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + ক্ + অ + ব্ + ই।

মহাকরণ : প্রধান সরকারী দফতরখানা। secretariat বি। তৎসম। মহা [<সং. মহৎ] + করণ [কৃ + অন]। ৬।১ মহা যে করণ = কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ।

মহাকর্ষ : মাধ্যাকর্ষণ [gravitation]। বি। তৎসম। মহা [<মহৎ] + আকর্ষ [আ + কৃষ্ + অ]। ৬।১ [সন্ধি] আ + অ= আ [হা]। ২।১।ঘ মহা যে আকর্ষ = কর্মধা ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + ক্ + অ + র্ + ষ্ + অ। বি.দ্র র্ + ষ্ + অ = র্ষ।

মহাকাব্য : দেবতা বা দেবতুল্য নায়ক বিষয়ে অষ্টাধিক সর্গে রচিত পৌরাণিক কাব্য [epic]। বি। তৎসম। মহা [<মহৎ] + কাব্য [কবি + য]। ৬।১ মহা যে কাব্য = কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + ক্ + আ + ব্ + য্ + অ। বি.দ্র. : ব্ + য্ + অ = ব্য।

মহাকায় : বৃহদাকার। বিণ। তৎসম। মহা [<মহৎ] + কায় [চি + অ]। ৬।১ মহা যে কায় = কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + ক্ + আ + য্ + অ।

মহাকাল : শিবের রুদ্ররূপ, অনন্ত কালচক্র। বি। তৎসম। মহা [<মহৎ] + কাল [কল্ + ণিচ্ + অ]। ৬।১ মহা যে কাল = কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + ক্ + আ + ল্ + অ।

মহাকালী : মহাকালের পত্নী। বি। তৎসম। মহা [মহৎ] + কালী [কাল (কল্ + ণিচ্ + অ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ মহা যে কালী = কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + ক্ + আ + ল্ + ঈ।

মহাকাশ : পৃথিবীর চারদিকে বিস্তৃত অনন্ত আকাশ। বি। তৎসম। মহা [<মহৎ] + আকাশ [আ + কাশ্ + অ]। ৬।১ [সন্ধি] আ + আ = আ [হা]। মহা যে আকাশ =কর্মধা। বানান : ম্ + অ + হ্ + আ + ক্ + আ + শ্ + অ।

মহাকাশচারী : মহাকাশে বিচরণকারী মানুষ। মহাকাশ ['মহাকাশ' দ্রষ্টব্য] + চারী [চর্ +

ইন্ (ঈ)]। ৬।১ মহাকাশে বিচরণ করে যে = উপপদতৎ।৩।৩ বানান: ম্ + অ + হ্ + অ + ক্ + আ + শ্ + অ + চ্ + আ +র্ + ঈ। 'র'-এর পর 'ষ' হয়েছে। ৪।২।গ।

মহাগুরু : পিতা মাতা দীক্ষাদাতা পতি। বি। তৎসম। মহা [<মহৎ] + গুরু [গৃ + উ বা গুর্ + উ]। ৬।১ মহা যে গুরু = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + গ্ + উ + র্ + উ। বি.দ্র.: গ্ + উ = গু, র্ + উ = রু।

মহাজন : মহৎ ব্যক্তি। উত্তমর্ণ, বৈষ্ণব পদকর্তা। বি। তৎসম। মহা [<মহৎ] + জন [জন্ + অ]। ৬।১ মহা যে জন = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + জ্ + অ + ন্ + অ।

মহাজনি, মহাজনী : তেজারতি। বি। তৎসম। মহাজন ['মহাজন' দ্রষ্টব্য] + বাং. ই, ঈ। বানান: ম্ + অ + হ্ + আ + জ্ + অ + ন্ + ই, ঈ।

মহাজনী : তেজারতি সম্পর্কিত। বিণ। তৎসম। মহাজন ['মহাজন' দ্রষ্টব্য] + বাং. ঈ। ৬।৩ বানান: ম্ + অ + হ্ + আ + জ্ + অ + ন্ + ঈ।

মহাজ্ঞান : পরম জ্ঞান। বি। তৎসম। মহা [<মহৎ] + জ্ঞান [জ্ঞা + অন]। ৬।১ মহা যে জ্ঞান = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + জ্ + ঞ + আ + ন্ + অ। বি.দ্র.: জ্ + ঞ + আ = জ্ঞা।

মহাজ্ঞানী : পরমজ্ঞানী। বিণ। তৎসম। মহাজ্ঞান ['মহাজ্ঞান' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। মহা জ্ঞান আছে যার। বানান: ম্ + অ + হ্ + আ + জ্ + ঞ + আ + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মহাতপাঃ : অতি কঠোর তপস্বী। বিণ। তৎসম। মহা [<মহৎ] + তপাঃ [তপ্ + অস্]। ৬।১ মহা যে তপাঃ = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ত্ + অ + প্ + আ + ঃ

মহাতেজস্বী : অত্যন্ত তেজসম্পন্ন। বিণ। তৎসম। মহা [<মহৎ] + তেজস্বী [তেজঃ + বিন্ (বী)]। ৬।১ মহা তেজস্বী = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ত্ + এ + জ্ + অ + স্ + ব্ + ঈ। বি.দ্র.: স্ + ব্ + ঈ = স্বী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মহাতেজাঃ : অত্যন্ত তেজসম্পন্ন। বিণ। তৎসম। মহা [<মহৎ] + তেজা [তেজ + অস্(ঃ)]। ৬।২ মহা তেজাঃ = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ত্ + এ + জ্ + আ + ঃ।

মহাত্মা : অতি মহৎ। বিণ। তৎসম। মহা [<মহৎ] + আত্মা [<আত্মন্] মহা আত্মা যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + হ্ + আ + ত্ + ম্ + আ। বি.দ্র.: ত্ + ম্ + আ = ত্মা।

মহাদেব : শিব। বি। তৎসম। মহা [<মহৎ] + দেব [দিব্ + অ]। ৬।১ মহা যে দেব = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + দ্ + এ + ব্ + অ।

মহাদেবী : দুর্গাদেবী। বি। তৎসম। মহাদেব ['মহাদেব' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ম্ + অ + হ্ + আ + দ্ + এ + ব্ + ঈ।

মহাদেশ : বহু দেশের সমষ্টি। বি। তৎসম। মহা [<মহৎ] + দেশ [দিশ্ + অ]। ৬।১ মহা যে দেশ = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + দ্ + এ + শ্ + অ।

মহানন্দ : অতিশয় আনন্দ। বি। তৎসম। মহা [<মহৎ] + আনন্দ [আ + নন্দ্ + অ]। ৬।১ মহা যে আনন্দ = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ন্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ = ন্দ।

মহানবমী : শারদীয়া শুক্লানবমী। বি। তৎসম। মহা [<মহৎ] + নবমী [নব [নয়] + ম্ + ঈ (স্ত্রী]। ৬।২, ৭।১।জ মহতী যে নবমী = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ন্ + অ + ব্ + অ + ম্ + ঈ।

মহানাদ : ভয়ঙ্কর, উচ্চধ্বনি। বি। তৎসম। মহা ['মহৎ' দ্রষ্টব্য] + নাদ [নদ্ + অ]। ৬।১ মহা যে নাদ = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ন্ + আ + দ্ + অ।

মহানিদ্রা : মৃত্যু। বি। তৎসম। মহা [<মহৎ] + নিদ্রা [নি + দ্রা + অ + আ]। ৬।১ মহা যে নিদ্রা = কর্মধা ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ন্ + ই + দ্ + র্ + আ। বি.দ্র.: দ্ + র্ + অ = দ্রা।

মহানির্বাণ : বৌদ্ধমতে সর্ববন্ধনমুক্তি। বি। তৎসম। মহা [<মহৎ] + নির্বাণ [নিঃ + বান [বা + ত]। ৬।১ নেই বাত যাতে = নঞতৎ। ৩।৩ মহা যে নির্বাণ = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ণ্ + ই + র্ + ব্ + আ + ণ্ + অ। 'র' ও 'ন'-এর মধ্যে 'ব' ও 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে।

মহানিশা : মধ্যরাত্রি। বি। তৎসম মহা [<মহৎ] + নিশা [নিশ্ + অ + আ। ৬।১ মহতী যে নিশা = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ন্ + ই + শ্ + আ।

মহানুভব : উদারচিত্ত। বিণ। তৎসম। মহা [মহৎ] + অনুভব [অনু + ভূ + অ] ৬।১ [সন্ধি] আ + অ = আ। ২।১।গ মহা অনুভব যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + হ্ + আ + ন্ + উ + ভ্ + অ + ব্ + অ।

মহানুভবতা : হৃদয়-ঔদার্য। বি। তৎসম। মহানুভব ['মহানুভব' দ্রষ্টব্য] +তা। ৬।২ বানান: ম্ + অ + হ্ + আ + ন্ + উ + ভ্ + অ + ব্ + অ + ত্ + আ।

মহাপাতক : জঘন্যতম পাপ। বি। তৎসম। মহা [<মহৎ] + পাতক [পত্ (পড়ে যাওয়া)] ণিচ্ + অক]। ৬।১ মহা যে পাতক = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + প্ + আ + ত্ + অ + ক্ + অ।

মহাফেজখানা : যেখানে সরকারী কাগজপত্রাদি রক্ষিত হয়। বি। বিদেশী। <ফা. মুহাফিজ + ফা. খানা। বাংলা বানান: ম্ + অ + হ্ + আ + ফ্ + এ + জ্ + খ্ + আ + ন্ + আ। বি.দ্র: 'জ'-এর হসন্ত নিষ্প্রয়োজন।

মহাপাতকী : মহাপাপী। বি। বিণ। তৎসম মহাপাতক ['মহাপাতক' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। মহাপাতক করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + হ্ + আ + প্ + আ + ত্ + অ + ক্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মহাপাত্র : প্রধান অমাত্য। বি। তৎসম। মহা [<মহৎ] + পাত্র [পা + ত্র]। ৬।১ মহা যে পাত্র [ক্ষমতার আধার] = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + প্ + আ + ত্ + র্ + অ। বি.দ্র.: ত্ + র্ + অ = ত্র।

মহাপাপী : মহাপাপী। বি। বিণ। তৎসম। মহা [<মহৎ] + পাপী [পাপ + ইন্ (ঈ)]। ৬।২ মহা [নিকৃষ্ট] পাপ করেছে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + হ্ + আ + প্ + আ + প্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মহাপুরুষ : মহাত্মা ব্যক্তি। বি। তৎসম। মহা [<মহৎ] + পুরুষ [পৃ + উষ]। ৬।১ মহা [শ্রেষ্ঠ] পুরুষ = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + প্ + উ + র্ + উ + ষ্ + অ। বি.দ্র.: 'উ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

মহাপ্রভু : চৈতন্যদেব। বি। তৎসম। মহা [<মহৎ] + প্রভু [প্র + ভূ + উ]। ৬।১ মহা [শ্রেষ্ঠ] প্রভু = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্

+আ + প্ + র্ + অ + ভ্ + উ। বি.দ্র.: প্ + র্ + অ = প্র।

মহাপ্রয়াণ : মৃত্যু। বি। তৎসম। মহা [<মহৎ] + প্রয়াণ [প্র + যান (যা + অন)]। ৬।১ মহা [চির] যে প্রয়াণ [যাত্রা] = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + প্ + র্ + অ + য্ + আ + ণ্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ = প্র। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' 'য়' 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মহাপ্রলয় : বিশ্বব্রহ্মাণ্ডের ধ্বংস। বি। তৎসম। মহা [<মহৎ] + প্রলয় [প্র + লী + অ]। ৬।১ মহা [ভয়ঙ্কর] প্রলয় [প্রাকৃতিক বিপর্যয়]= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + প্ + র্ + অ + ল্ + অ + য্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ = প্র।

মহাপ্রসাদ : জগন্নাথদেবের প্রসাদ। বি। তৎসম। মহা [<মহৎ] + প্রসাদ [প্র + সদ্ + অ]। ৬।১ মহা [শ্রেষ্ঠ] প্রসাদ [অনুগ্রহ] = কমর্ধা। ৩।২ বি.দ্র: ম্ + অ + হ্ + আ + প্ + র্ + অ + স্ + আ + দ্ + অ। বি.দ্র: প্ + র্ + অ = প্র।

মহাপ্রস্থান : মৃত্যুর উদ্দেশ্যে যাত্রা। বি। তৎসম। মহা [<মহৎ] + প্রস্থান [প্র + স্থা + অন]। ৬।১ মহা [চির] + প্রস্থান [বিদায়] = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + প্ + র্ + অ + স্ + থ্ + আ + ন্ + অ। বি.দ্র: প্ + র্ + অ = প্র, স্ + থ্ + আ = স্থা।

মহাপ্রাণ : উদারহৃদয়। বিণ। তৎসম। মহা [<মহৎ] + প্রাণ [প্র + অন্ + অ]। ৬।১ মহা প্রাণ যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + হ্ + আ + প্ + র্ + আ + ণ্ + অ। বি.দ্র.: প্ + র্ + আ = প্রা। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১

মহাফেজ : সরকারী কাগজ-পত্রাদির রক্ষক [record-keeper]। বি। বিদেশী। <ফা. মহাফিজ্। বাংলা বানান: ম্ + অ + হ্ + আ + ফ্ + এ + জ্। বি.দ্র.: জ-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মহাফেজখানা : যেখানে সরকারী কাগজ-পত্রাদি রক্ষিত হয়। বি। বিদেশী। <ফা. মুহাফিজ্ + ফা. খানা। বাংলা বানান: ম্ + অ + হ্ + আ + ফ্ + এ + জ্ + খ্ + আ + ন্ + আ। বি.দ্র.: 'জ্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মহাবন : বৃহৎ বন। বি। তৎসম। মহা [<মহৎ] + বন [বন্ + অ]। ৬।১ মহা [বৃহৎ] যে বন = কমর্ধা।৩।২ বি.দ্র: ম্ + অ + হ্ + আ + ব্ + অ + ন্ + অ।

মহাবল : অত্যন্ত শক্তিশালী। বিণ। তৎসম। মহা [<মহৎ] + বল [বল্ + অ]। ৬।১ মহা [প্রচণ্ড] বল যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + হ্ + আ + ব্ + অ + ল্ + অ।

মহাবাক্য : ঋষিবাক্য। বি। তৎসম। মহা [<মহৎ] + বাক্য [বচ্ + য (যৎ)]। ৬।১ মহা [শ্রেষ্ঠ] যে বাক্য = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ব্ + আ + ক্ +য্ + অ। বি.দ্র.: ক্ + য্ + অ = ক্য।

মহাবাহু : মহাবল। বিণ। তৎসম। মহা [<মহৎ] + বাহু [বহ্ (বহন করা) + উ]। ৬।১ মহা [দীর্ঘ] বাহু যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + হ্ + আ + ব্ + আ + হ্ + উ। বি.দ্র: হ্ + উ = হু।

মহাবিদ্যা : দুর্গাদেবীর দশমূর্তি, শ্রেষ্ঠ বিদ্যা। বি। তৎসম। মহা [<মহৎ] + বিদ্যা [বিদ্ + য্ (যৎ) + আ [স্ত্রী]]। ৬।১, ৭।১।ক মহতী যে বিদ্যা [জ্ঞান] = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ব্ + ই + দ্ + য্ + আ। বি.দ্র.: দ্ + য্ + আ = দ্যা।

মহাবিদ্যালয় : কলেজ। বি। তৎসম। মহা [<মহতী] + বিদ্যা [বিদ্ + য্ + আ] + আলয়

[আ + লী + অ]। ৬।১ মহা [উচ্চ] বিদ্যালয় = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ব্ + ই + দ্ + য্ +আ + ল্ + অ + য় + অ।

মহাবিষুব: সূর্যের মেষরাশিতে সংক্রমণ। বি। তৎসম। মহা [<মহৎ + বিষুব [বিষু (সাম্য) + ব]। ৬।২ মহা [চরম] বিষুব (সাম্য) অবস্থা] = কর্মধা। ৩।২ উত্তর ও দক্ষিণ—দুই গোলার্ধে দিন ও রাত্রি সমান। বানান: ম্ + অ + হ্ + আ + ব্ + ই + ষ্ + উ + ব্ + অ।

মহাবীর: অত্যন্ত বিক্রমশালী। বিণ। তৎসম। মহা [অত্যন্ত বিক্রমশালী] যে বীর = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ব্ + ঈ + র্ + অ।

মহাবোধি: ভগবান বুদ্ধ। বি। তৎসম। মহা [<মহৎ] + বোধি [বোধ (বুধ্ + অ) + ই]।৬।১ মহা [অতি উচ্চ বা গভীর] বোধি যাঁর = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + হ্ + আ + ব্ + ও + ধ্ + ই।

মহাব্যাধি: কুষ্ঠ। বি। তৎসম। মহা [<মহৎ] + ব্যাধি [বি + আধি + (আ + ধা + ই)]। ৬।১ [সন্ধি] ই + আ = যা [ব্যা]। ২।৭।খ মহা [দুরারোগ্য] যে ব্যাধি = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ব্ + য্ + আ + ধ্ + ই। বি.দ্র.: ব্ + য্ + আ = ব্যা।

মহাব্যোম: মহাকাশ। বি। তৎসম। মহা [<মহৎ] + ব্যোম [ব্যে + মন্]। ৬।২ মহা যে ব্যোম [আকাশ]= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ব্ + য্ + ও + ম্ + অ। বি.দ্র.: ব্ + য্ + ও= ব্যো।

মহাভাগ: মহাশয়। বিণ। তৎসম। মহা [<মহৎ] + ভাগ [ভজ্ + অ]। ৬।১ মহা ভাগ = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + অ + ভ্ + আ + গ্ + অ।

মহাভাব: প্রেমভক্তির চরম অবস্থা। বি। তৎসম। মহা [<মহৎ] + ভাব [ভূ + অ]। ৬।১ মহা যে ভাব = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ভ্ + আ + ব্ + অ।

মহাভারত: বেদব্যাস-বিরচিত কুরুপাণ্ডব কাহিনী-বিষয়ক মহাকাব্য। বি। তৎসম। মহা [<মহৎ] + ভারত [ভরত + অ]। ৬।২ মহা যে ভারত [কথা] = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ভ্ + আ + র্ + অ + ত্ + অ।

মহাভুজ: দীর্ঘ ও সবল বাহুযুক্ত। মহাবল। বিণ। তৎসম। মহা [<মহৎ] + ভুজ [ভুজ্ + অ]। ৬।১ মহা যে ভুজ = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ভ্ + উ + জ্ + অ। যার দ্বারা ভোজন করা হয় = ভুজ।

মহামণ্ডল: রাষ্ট্রাধ্যক্ষ, প্রধান মোড়ল। বি। তৎসম। মহা [<মহৎ] + মণ্ডল [মণ্ড্ + অল]। ৬।১ মহা যে মণ্ডল= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ +আ + ম্ + অ + ণ্ + ড্ + অ + ল্ + অ। 'ড'-এর আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

মহামতি: মহানুভব। বিণ। তৎসম। মহা [<মহৎ] + মতি [মন্ + তি]। ৬।১ মহা মতি [মন] যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + হ্ + আ + ম্ + অ + ত্ + ই।

মহামহিম, মহামহিমা: সুমহান। বিণ। তৎসম। মহা [<মহৎ] মহিম, মহিমা [মহা + ইমন্ + আ]। ৬।২ মহা মহিমা [গরিমা] যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + হ্ + আ + ম্ + অ + হ্ + ই + ম্ + অ, + আ।

মহামহোপাধ্যায়: সংস্কৃতজ্ঞ বিশিষ্ট পণ্ডিতের উপাধি। বি। তৎসম। মহা [<মহৎ] + মহোপাধ্যায় [মহা + উপাধ্যায় (উপ + অধি + আয়)]। ৬।১ [সন্ধি] আ + উ = ও [হো]। ২।৫।খ মহা উপাধ্যায় = কর্মধা। ৩।২ মহা মহোপাধ্যায় = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ম্ + অ + হ্ + ও + প্ + আ + ধ্ + য্ + আ + য় + অ।

মহামাংস : নরমাংস। বি। তৎসম। মহা [<মহৎ] + মাংস [মন + স]। ৬।১ মহা যে মাংস = কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + ম্ + আ + ং + স্ + অ।

মহামাত্য : প্রধান মন্ত্রী। বি। তৎসম। মহা [<মহৎ] + অমাত্য [অম (সমীপে) + ত্য (ভব)]। ৬।১ মহা যে অমাত্য = কর্মধা। ৩।২ বানান : ম + অ + হ্ + আ + ম্ + আ + ত্ + য্ +অ। বি.দ্র : ত্ + য্ + অ =ত্য।

মহামাত্র : প্রধান মন্ত্রী। বি। তৎসম। মহা [<মহৎ] + মাত্র [মা + ত্র]। ৬।২ মহতী মাত্রা [মান] যার = বহুব্রী। ৩।৫ বানান : ম্ + অ + হ্ + আ + ম্ + আ + ত্ + র্ + অ। বি.দ্র. : ত্ + র্ + অ = ত্র।

মহামানব : সমগ্র মানবজাতি, মহাপুরুষ। বি। তৎসম। মহা [<মহৎ] + মানব [মনু + অ]। ৬।২ মহা যে মানব = কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + ম্ + আ + ন্ + অ + ব্ + অ।

মহামানী : অত্যন্ত মানযুক্ত। বিণ। তৎসম। মহা [মহৎ] + মানী [মান (মান্ + অ] + ইন্ (ঈ)। ৬।১ মহা মান আছে যাব = উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + অ + হ্ + আ + ম্ + আ + ন্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মহামান্য : অত্যন্ত সম্মানীয়। বিণ। তৎসম। মহা [<মহা] + মান [মান্ + য (যৎ)]। ৬।১ মহা মান্য = কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + ম্ + আ + ন্ + য্ + অ। বি.দ্র. : ন্ + য্ + অ= ন্য।

মহামায়া : আদ্যাশক্তি, দুর্গা। বি। তৎসম। মহা [< মহৎ] + মায়া [মা + য + আ (স্ত্রী)]। ৬।১ মহা মায়া যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান : ম্ + অ + হ্ + আ + ম্ + আ + য্ + আ।

মহামার : ভয়ঙ্কর দৌরাত্ম্য, বিষম উপদ্রব। বি। তৎসম। মহা [< মহৎ] + মার [মৃ + ণিচ্ + অ]। ৬।১ মহা যে মার= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + ম্ + আ + র্ + অ।

মহামারী : মহামড়ক। বি। তৎসম। মহা [< মহৎ] + মারী [মার [মৃ + ণিচ্ + অ] + ইন্ [ঈ]। ৬।১, ৬।২ মহা যে মারী= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + ম্ + আ + র্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মহামুনি : শ্রেষ্ঠ মুনি। বি। তৎসম। মহা [< মহৎ] + মুনি [মন্ + ই]। ৬।১ মহা যে মুনি= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + ম্ + উ + ন্ + ই।

মহামূল্য : অত্যন্ত দামী। বিণ। তৎসম। মহা [< মহৎ] + মূল্য [মূল + য (ষ্ণ্য)]। ৬।২ মহা [অতিশয়] মূল্য যার= বহুব্রী। ৩।৫ বানান : ম্ + অ + হ্ + আ + ম্ + ঊ + ল্ + য্ + অ। বি.দ্র. : ল্ + য্ + অ= ল্য।

মহাযজ্ঞ : যে যজ্ঞে প্রভূত দক্ষিণা দেওয়া হয়। বি। তৎসম। মহা [< মহৎ] + যজ্ঞ [যজ্ + ন]। ৬।১ মহা যে যজ্ঞ= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + য্ + অ + জ্ + ঞ + অ। বি.দ্র. : জ্ + ঞ + অ= জ্ঞ।

মহাযশাঃ : অত্যন্ত যশস্বী। বিণ। তৎসম। মহা [< মহৎ] + যশাঃ [অশ্ + অস্]। ৬।১ মহা যশ [ঃ] যার= বহুব্রী। ৩।৫ বানান : ম্ + অ + হ্ + আ + য্ + অ + শ্ + আ + ঃ।

মহাযান : বৌদ্ধ সম্প্রদায় বিশেষ। বি। তৎসম। মহা [< মহৎ] + যান [যা + অন]। ৬।১ মহা যান [গমন-পথ]= কর্মধা। ৩।২ মহাযান= ম্ + অ + হ্ + আ + য্ + আ + ন্ + অ।

মহাযোগী : শ্রেষ্ঠ যোগী। বি। তৎসম। মহা [মহৎ] + যোগী [যুজ্ + ইন্ (ঈ)]। ৬।১ মহান্ যে যোগী= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + য্ + ও + গ্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মহারণ্য : বৃহৎ বন। বি। তৎসম। মহা [মহৎ] + অরণ্য [ঋ + অন্য]। ৬।১ [সন্ধি] আ + অ= আ [হা]। ২।১।গ মহা [বিশাল] যে অরণ্য= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + র্ + অ + ণ্ + য্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ণ্ + য্ + অ= ণ্য।

মহারত্ন : শ্রেষ্ঠ রত্ন। বি। তৎসম। মহা [মহৎ] + রত্ন [রমি + ন]। ৬।১ মহা যে রত্ন= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + র্ + অ + ত্ + ন্ + অ। বি.দ্র. : ত্ + ন্ + অ= ত্ন।

মহারথ, মহারথী : শ্রেষ্ঠ বীর। বি। তৎসম। মহা [< মহৎ] + রথ [রম্ + থ— 'ম্' লোপ], রথ + ইন্ [ঈ]। ৬।১, ৬।২ মহা [শ্রেষ্ঠ] যে রথী= কর্মধা। ৩।২ মহা রথ আছে যার= মহারথী= বহুব্রী। ৩।৫] বানান : ম্ + অ + হ্ + আ + র্ + অ + থ্ + অ। ম্ + অ + হ্ + আ + র্ + অ + থ্ + ঈ। বি.দ্র. : 'মহারথী' শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত তাই 'ঈ'-কারান্ত।

মহারাজ : অধিরাজ। বি। তৎসম। মহা [< মহৎ] + রাজ [রাজন্]। মহা যে রাজা= মহারাজ ['আ' লুপ্ত]= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + র্ + আ + জ্ + অ।

মহারাজা : ভারতের ব্রিটিশ-প্রদত্ত সামন্ত রাজার খেতাব। বি। তদ্ভব। মহা [< মহৎ] + রাজা [রাজন্]। মহা যে রাজা= কর্মধা [বাংলায় 'আ' রক্ষিত]। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + র্ + আ + জ্ + আ।

মহারাজ্ঞী : বড় রানী। বি। তৎসম। মহা [মহৎ] + রাজ্ঞী [রাজ+নী]। ৬।১, ৭।১।ঘ মহতী [শ্রেষ্ঠা] যে রাজ্ঞী= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + র্ + আ + জ্ + ঞ + ঈ। বি.দ্র. : জ্ + ঞ + ঈ= জ্ঞী।

মহারানা : উদয়পুরের নৃপতির উপাধি। বি। বিদেশী। < রাজস্থানী। বাংলা বানান : ম্ + অ + হ্ + আ + র্ + আ + ন্ + আ।

মহারাষ্ট্র : মারহট্টা দেশ। বি। তৎসম। মহা [< মহৎ] + রাষ্ট্র [রাজ্ + ড]। ৬।২ মহা যে রাষ্ট্র= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + র্ + আ + ষ্ + ট্ + র্ + অ। বি.দ্র. : ষ্ + ট্ + র্ + অ= ষ্ট্র। 'ট্'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ঙ

মহারাষ্ট্রী : মহারাষ্ট্রের ভাষা, মারাঠী। বি। তৎসম। মহারাষ্ট্র ['মহারাষ্ট্র' দ্রষ্টব্য] + ঈ। বানান : ম্ + অ + হ্ + আ + র্ + আ + ষ্ + ট্ + র্ + ঈ। বি.দ্র. : ষ্ + ট্ + র্ + ঈ= ষ্ট্রী।

মহারুদ্র : শিবের প্রলয়মূর্তি। বি। তৎসম। মহা [< মহৎ] + রুদ্র [রুদ্ + র]। ৬।১ মহা যে রুদ্র= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + র্ + উ + দ্ + র্ + অ। বি.দ্র. : র্ + উ= রু, দ্ + র্ + অ= দ্র।

মহারৌরব : মহাপাতকীদের শাস্তির জন্য নির্দিষ্ট যন্ত্রণাময় নরক। বি। তৎসম। মহা [< মহৎ] + রৌরব [রুরু + অ]। ৬।২ মহা যে রৌরব= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + র্ + ঔ + র্ + অ + ব্ + অ। বি.দ্র. : র্ + ঔ= রৌ।

মহার্ঘ, মহার্হ : অত্যন্ত দামী [সং. মহৎ + অর্ঘ (= মূল্য) অর্হ]। বিণ। তৎসম। মহা [< মহৎ] + অর্ঘ, অর্হ [অর্ঘ্, অর্হ্ + অ]। ৬।১ অর্ঘ,

অর্হ যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + হ্ + আ + অ + র্ + ঘ্ [হ্] + অ। বি.দ্র.: র্ + ঘ্ + অ= র্ঘ, র্ + হ্ + অ= র্হ।

মহার্ঘতা: দুর্মূল্যতা। বি। তৎসম। মহার্ঘ ['মহার্ঘ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ম্ + অ + হ্ + আ + র্ + ঘ্ + অ + ত্ + আ। বি.দ্র.: র্ + ঘ্ + অ= র্ঘ।

মহার্ণব: মহাসাগর। বি। তৎসম। মহা [< মহৎ] + অর্ণব [অর্ণস্ + ব—'স্' লুপ্ত]। ৬।২ [সন্ধি] আ + অ= আ [হা]। ২।১।গ মহা যে অর্ণব [সাগর]= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + র্ + ণ্ + অ + ব্ + অ। বি.দ্র.: 'র্'-এর ঠিক পরেই 'ণ' হয়েছে। ৪।১।খ

মহালয়া: শারদীয় দুর্গাপূজার অব্যবহিত পূর্ববর্তী অমাবস্যা তিথি। বি। তৎসম। মহ [উৎসব] + আলয় [আ + লী + অ] + আ [স্ত্রী]। ৭।১।ক [মহাউৎসবপূর্ণ] যে আলয়= কর্মধা। ৩।২ + আ। বানান: ম্ + অ + হ্ + আ + ল্ + অ + য়্ + আ।

মহাশক্তি: আদ্যাশক্তি। বি। তৎসম। মহা [< মহৎ] + শক্তি [শক্ + তি]। ৬।১ মহতী যে শক্তি= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + শ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + ই= ক্তি।

মহাশঙ্খ: মড়ার মাথার খুলি। বি। তৎসম। মহা [মহৎ] + শঙ্খ [শম্ + খ]। ৬।১ মহান্ যে শঙ্খ= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + শ্ + অ + ঙ্ + খ্ + অ। বি.দ্র.: ঙ্ + খ্ + অ= ঙ্খ।

মহাশয়: উদারচিত্ত, ভদ্রতাসূচক সম্বোধন। বিণ। তৎসম। মহা [< মহৎ] + আশয় [আ + শী + অ] ৬।১ [সন্ধি] আ + আ= আ [হা]। ২।১।ঘ মহান্ আশয় [অভিপ্রায়, হৃদয়] যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + হ্ + আ + শ্ + অ + য়্ + অ।

মহাশয়া: ভদ্রতাসূচক সম্বোধন। বিণ। তৎসম। মহাশয় ['মহাশয়' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ম্ + অ + হ্ + আ + শ্ + অ + য়্ + আ।

মহাশূন্য: অনন্ত আকাশ। বি। তৎসম। মহা [< মহৎ] + শূন্য [শ্বন্— সম্প্রসারণে শ্ + উন্ + য (যৎ)]। ৬।১ মহা [অনন্ত] যে শূন্য= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + শ্ + ঊ + ন্ + য্ + অ। বি.দ্র.: শ্ + ঊ= শূ, ন্ + য্ + অ= ন্য।

মহাশ্মশান: বিশাল শ্মশান। বি। তৎসম। মহা [< মহৎ] + শ্মশান [শ্মন্ [শব] + শান [শয়নস্থান]। মহা [বিশাল] যে শ্মশান= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + শ্ + ম্ + অ + শ্ + আ + ন্ + অ। বি.দ্র.: শ্ + ম্ + অ= শ্ম।

মহাশ্বেতা: সরস্বতীদেবী। বি। তৎসম। মহা [< মহৎ] + শ্বেতা [শ্বেত (সরস্বতী) + আ (স্ত্রী)]। ৭।১।ক মহতী শ্বেতা= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + শ্ + ব্ + এ + ত্ + আ। বি.দ্র.: শ্ + ব্ + এ= শ্বে।

মহাষ্টমী: শারদীয় দুর্গোৎসবের অষ্টমী তিথি [সং. মহতী + অষ্টমী]। বি। তৎসম। মহা [< মহৎ] + অষ্টমী [অষ্ট + ম + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।জ মহতী অষ্টমী= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + ষ্ + ট্ + অ + ম্ + ঈ। বি.দ্র.: ষ্ + ট্ + অ= ষ্ট। ট্-এর আগে 'ষ্' হয়েছে। ম্ + ঈ= মী।

মহাসভা: বিরাট সঙ্ঘ। বি। তৎসম। মহা [< মহৎ] + সভা [স(সহ) + ভা + অ + আ (স্ত্রী)। ৬।১ মহতী সভা= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + আ + স্ + অ + ভ্ + আ।

মহাসমুদ্র : অতি বৃহৎ সমুদ্র। বি। তৎসম। মহা [< মহৎ] + সমুদ্র [সম্ + উন্দ্ + র— 'ন্' লোপ]। ৬।১ মহা যে সমুদ্র= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + স্ + অ + ম্ + উ + দ্ + র্ + অ। বি.দ্র. : দ্ + র্ + অ= দ্র।

মহাসাগর : অতি বৃহৎ সমুদ্র। বি। তৎসম। মহা [< মহৎ] + সাগর [সগর (রাজা) + অ (অপত্য অর্থে)]। ৬।২ মহা যে সাগর= কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + স্ + আ + গ্ + অ + র্ + অ।

মহাসিন্ধু : অতি বৃহৎ সমুদ্র। বি। তৎসম। মহা [< মহৎ] + সিন্ধু [সান্দ্ +]। ৬।১ মহা [বিশাল] যে সিন্ধু = কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + স্ + ই + ন্ + ধ্ + উ। বি.দ্র. : ন্ + ধ্ + উ= ন্ধু।

মহাস্থবির : প্রবীণ ও সঙ্ঘমধ্যে সর্ববন্দিত বৌদ্ধ সন্ন্যাসী। বি। তৎসম। মহা [< মহৎ] + স্থবির [স্থা + ইর]। ৬।১ মহা [অতিশয় স্থবির (প্রবীণ ব্যক্তি)] = কর্মধা। ৩।২ বানান : ম্ + অ + হ্ + আ + স্ + থ্ + অ + ব্ + ই + র্ + অ। বি.দ্র. : স্ + থ্ + অ= স্থ।

মহিম : বুদ্ধ। বি। বিদেশী। < আ. মুহিম। বানান : ম্ + অ + হ্ + ই + ম্। শব্দান্তের 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মহিমা : যোগের বিভূতি, মাহাত্ম্য, মহত্ত্ব। বি। তৎসম। মহা + ইমন্। ৬।২ বানান : ম্ + অ + হ্ + ই + ম্ + আ।

মহিমময় : মহিমাযুক্ত। বিণ। তৎসম। মহিমা [মহা + ইমন্] + ময় [ময়ট্]। ৬।২ মহিমার দ্বারা ময় [পূর্ণ]= করণতৎ। ৩।৩ আ-কার লুপ্ত হয়ে নিষ্পন্ন শব্দটি হচ্ছে 'মহিমময়'। বানান : ম্ + অ + হ্ + ই + ম্ + অ + ম্ + অ + য্ + অ।

মহিমান্বিত : মহিমাপূর্ণ। বিণ। তৎসম। মহিমা [মহা + ইমন্] + অন্বিত [অনু + ইত (ই + ক্ত)]। ৬।১ [সন্ধি] আ + অ= আ [মা] ২।১।গ, উ + ই= বি [ন্বি]। ২।৮।গ মহিমার দ্বারা অন্বিত= করণতৎ। ৩।৩ বানান : ম্ + অ + হ্ + ই + ম্ + আ + ন্ + ব্ + ই + ত্ + অ। বি.দ্র. : ন্ + ব্ + ই= ন্বি।

মহিমার্ণব : মহত্ত্বে যিনি সাগরতুল্য। বি। তৎসম। মহিমা [মহা + ইমন্] + অর্ণব ['অর্ণব' দ্রষ্টব্য]। ৬।২ [সন্ধি] আ + অ= আ [মা]। ২।১।গ অর্ণবের মতো মহিমা যার= উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান : ম্ + অ + হ্ + ই + ম্ + আ + র্ + ণ্ + অ + ব্ + অ। বি.দ্র. : র্ + ণ্ + অ = র্ণ। 'র'-এর ঠিক পরেই 'ণ' হয়েছে। ৪।১।খ

মহিলা : সম্ভ্রান্ত নারী। বি। তৎসম। মহ্ [সম্মান বা পূজা করা] + ইল + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : ম্ + অ + হ্ + ই + ল্ + আ।

মহিষ : পশু। বি। তৎসম। মহ্ + টিষ। ৬।১ বানান : ম্ + অ + হ্ + ই + ষ্ + অ। বি.দ্র. : 'ই'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

মহিষবাহন : যম। বি। তৎসম। মহিষ ['মহিষ' দ্রষ্টব্য] + বাহন [বহ্ + ণিচ্ + অন। ৬।১ মহিষ বাহন যার = বহুব্রী। ৩।৫ যমের বাহন মহিষ। বানান : ম্ + অ + হ্ + ই + ষ্ + অ + ব্ + আ + হ্ + অ + ন্ + অ।

মহিষধ্বজ : যম। বি। তৎসম। মহিষ [মহ্ + ইষ] + ধ্বজ [ধ্বজ্ + অ]। ৬।১ মহিষ ধ্বজায় যার [যম]= বহুব্রী। ৩।৫ বানান : ম্ + অ + হ্ + ই + ষ্ + অ + ধ্ + ব্ + অ + জ্ + অ। বি.দ্র. : ধ্ + ব্ + অ= ধ্ব।

মহিষমর্দিনী : মহিষাসুর বধকারিণী দুর্গা। বি। তৎসম। মহিষ [মহ্ + ইষ] + মর্দিনী [মর্দ্ + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।চ মহিষকে [মহিষাসুরকে]

মর্দন করেন যিনি [স্ত্রী]= উপপদতৎ। বানান: ম্ + অ + হ্ + ই + ষ্ + অ + ম্ + অ + র্ + দ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ [স্ত্রী] = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'। কারান্ত

মহিষাসুর: মহিষ-রূপধারীঅসুর। বি। তৎসম। মহিষ [মহ্ + ইষ] + অসুর [ন + সুর [সুর্ + অ বা সুরা + অ]। ৬।১, ৭।১ মহিষরূপী অসুর= কর্মধা। ৩।২ বানান: ম্ + আ + হ্ + ই + ষ্ + আ + স্ + উ + র্ + অ।

মহিষী: পাটরানী, স্ত্রী-মহিষ। বি। তৎসম। মহ্ [সম্মান বা পূজা করা] + ইষ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান: ম্ + অ + হ্ + ই + ষ্ + ঈ। বি.দ্র.: 'ই'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক শব্দটি স্ত্রীলিঙ্গ, তাই 'ঈ'-কারান্ত।

মহিষ্ঠ: অতি মহৎ। বিণ। তৎসম। মহৎ + ইষ্ঠ। ৬।২ সর্বশ্রেষ্ঠ মহৎ। বানান: ম্ + অ + হ্ + ই + ষ্ + ঠ্ + অ। বি.দ্র.: 'ই'-র পর এবং 'ঠ্'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ ষ্ + ঠ্ + অ= ষ্ঠ।

মহী: পৃথিবী। বি। তৎসম। মহ্ + ঈ। ৬।১ বানান: ম্ + অ + হ্ + ঈ। ম্ + অ + হ্ + ই= 'মহি'—এই বানানও হয়।

মহীনাথ: রাজা। বি। তৎসম। মহী [মহ্ + ঈ] + নাথ [নাথ্ + অ]। ৬।১ মহী [পৃথিবী]-র নাম= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + হ্ + ঈ + ন্ + আ + থ্ + অ।

মহীন্দ্র: রাজা। বি। তৎসম। মহী [মহ্+ঈ] + ইন্দ্র [ইন্দ্ + র]। ৬।১ [সন্ধি] ঈ + ই= ঈ [হী]। ২।১।গ মহী [পৃথিবী]-র ইন্দ্র [নাথ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + হ্ + ঈ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র.: হ্ + ঈ= হী, ন্ + দ্ + র্ + অ= ন্দ্র।

মহীপ: রাজা। বি। তৎসম। মহী + প [পা (পালন করা) + অ]। ৬।১ মহী [পৃথিবী] পালন করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + হ্ + ঈ + প্ + অ। বি.দ্র.: হ্ + ঈ= হী।

মহীপাল: রাজা। বি। তৎসম। মহী [মহ্ + ঈ] + পাল [পাল্ + অ]। ৬।১ মহী [পৃথিবীকে] পালন করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + হ্ + ঈ + প্ + আ + ল্ + অ।

মহীমণ্ডল: ভূমণ্ডল। বি। তৎসম। মহী [মহ্ + ঈ] + মণ্ডল [মণ্ড্ + অল]। ৬।১ মহী [পৃথিবী]-র মণ্ডল [গোল আকৃতি]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + অ + হ্ + ঈ + ম্ + অ + ণ্ + ড্ + অ + ল্ + অ। বি.দ্র.: 'ড্'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক ণ্ + ড্ + অ= ণ্ড।

মহীয়ান: অতি মহৎ, মহত্তর। বিণ। তৎসম। মহৎ + ঈয়স্ [মহ্ + ঈয়ান্]। ৬।২ বানান: ম্ + অ + হ্ + ঈ + য্ + আ + ন্। বি.দ্র.: হ্ + ঈ= হী, বাংলায় শব্দ-শেষের 'ন'-এর হসন্ত-চিহ্ন দেওয়া হয় না।

মহীরুহ: বৃক্ষ। বি। তৎসম। মহী [মহ্ + ঈ] + রুহ [রুহ্ (আরোহণ করা) + অ] ৬।১ মহী [পৃথিবী]-তে আরোহণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + হ্ + ঈ + র্ + উ + হ্ + অ। বি.দ্র.: র্ + উ= রু।

মহুয়া: মিষ্টস্বাদ ফুল ও তার গাছ। বি। তদ্ভব। < সং. মধুক। বানান: ম্ + অ + হ্ + উ + য্ + আ। বি.দ্র.: হ্ + উ= হু।

মহুল: মধুক। বি। তদ্ভব। < সং. মধুক। বানান: ম্ + অ + হ্ + উ + ল্ + অ। বি.দ্র.: হ্ + উ= হু।

মহেন্দ্র: ইন্দ্র [মহা + ইন্দ্র]। বি। তৎসম। মহা [< মহৎ] + ইন্দ্র [ইন্দ্ + র]। ৬।১ [সন্ধি] আ + ই= এ [হে]। ২।৪।খ মহা যে ইন্দ্র=

কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + এ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + র্ + অ= ন্দ্র।

মহেন্দ্রাণী: ইন্দ্রপত্নী। বি। তৎসম। মহেন্দ্র ['মহেন্দ্র' দ্রষ্টব্য] + আনী [স্ত্রী]। ৭।১।ঙ বানান: ম্ + অ + হ্ + এ + ন্ + দ্ + র্ + আ + ণ্ + ঈ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মহেশ, মহেশান [মহা + ঈশ, ঈশান]: শিব। বি। তৎসম। মহা [< মহৎ] + ঈশ, ঈশান [ঈশ্ + অ, আন]। ৬।১ [সন্ধি] আ + ঈ= এ [হে]। ২।৪।খ মহা ঈশ, ঈশান= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + এ + শ্ + অ, ম্ + অ + হ্ + এ + শ্ + আ + ন্ + অ।

মহেশ্বর: শিব। বি। তৎসম। মহা [< মহৎ] + ঈশ্বর [ঈশ্ + বর]। ৬।১ [সন্ধি] আ + ঈশ্বর [ঈশ্ + বর]। ৬।১ [সন্ধি] আ + ঈ= এ [হে]। ২।৪।খ মহা ঈশ্বর= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + এ + শ্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + অ= শ্ব।

মহেশ্বরী: শিবানী। বি। তৎসম। মহেশ্বর ['মহেশ্বর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ মহতী ঈশ্বরী= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + এ + শ্ + ব্ + অ + র্ + ঈ। বি.দ্র.: শ্ + ব্ + অ= শ্ব, র্ + ঈ= রী।

মহেষু: মহাশক্তিশালী বাণ। বি। তৎসম। মহা [< মহৎ] + ইষু [ইষ্ + উ]। ৬।১ মহা ইষু [বাণ]= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + এ + ষ্ + উ। বি.দ্র.: 'এ'-এর পর 'ষ্' হয়েছে। ৪।২।ক ষ্ + উ= ষু।

মহেষ্বাস: মহেষু নিক্ষেপকারী। বি। তৎসম। মহা [< মহৎ] + ইষ্বাস [ইষু + আস]। [সন্ধি] আ + ই = এ [হে] ২।৪।গ উ + আ = বা [ষা] ২।৮।খ মহা ইষু [বাণ]= কর্মধা ৩।২ মহেষু [বৃহৎ বাণ] নিক্ষেপ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + হ্ + এ + ষ্ + ব্ + আ + স্ + অ। বি.দ্র.: ষ্ + ব্ + আ= ষা।

মহোক্ষ: বৃহৎ বৃষ। বি। তৎসম। মহা [< মহৎ] + উক্ষন্ [সন্ধি] আ + উ= ও [হো]। ২।৫।খ মহা [বৃহৎ] উক্ষ [বৃষ]= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + ও + ক্ + ষ্ + অ।

মহোৎপল: বৃহৎ পদ্ম। বি। তৎসম। মহা [< মহৎ] + উৎপল [উৎ + পল্ + অ]। ৬।১ [সন্ধি] আ + উ= ও [হো]। ২।৫।খ মহা [বৃহৎ] যে উৎপল [পদ্ম]= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + ও + ৎ + প্ + অ + ল্ + অ।

মহোৎসব: মহা আনন্দজনক অনুষ্ঠান। বি। তৎসম। মহা [< মহৎ] + উৎসব [উৎ + সু + অ]। ৬।১ [সন্ধি] আ + উ= ও [হো]। ২।৫।খ মহা যে উৎসব= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + ও + ৎ + স্ + অ + ব্ + অ।

মহোৎসাহ: অতিশয় উৎসাহ। বি। তৎসম। মহা [< মহৎ] + উৎসাহ [উৎ + সহ্ + অ]। ৬।১ [সন্ধি] আ + উ= ও [হো]। ২।৪।খ মহা উৎসাহ= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + ও + ৎ + স্ + আ + হ্ + অ।

মহোদধি: মহাসমুদ্র। বি। তৎসম। মহা [< মহৎ] + উদধি [উদ (উদক= জল) + ধা + ই]। ৬।১ [সন্ধি] আ + উ= ও [হো]। ২।৪।খ উদক ধারণ করে যে = উপপদতৎ। ৩।৩ মহা উদধি [সমুদ্র] = কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + ও + দ্ + অ + ধ্ + ই।

মহোদয়: অভ্যুদয়, মহাশয়। বিণ। তৎসম। মহা [< মহৎ] + উদয় [উৎ + অয় (ই+অ)] ৬।১ [সন্ধি] আ + উ = ও [হো] ২।৪।খ মহৎ

উদয় [আবির্ভাব] যাঁর = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + হ্ + ও + দ্ + অ + য় + অ।

মহোদয়া: মহাশয়া। বিণ। তৎসম। মহোদয় ['মহোদয়' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ম্ + অ + হ্ + ও + দ্ + অ + য় + আ। বি.দ্র.: হ্ + ও= হো। য় + আ= য়া।

মহোদর: লম্বোদর [গণেশ] বি। তৎসম। মহা [< মহৎ] + উদর [উৎ + দৃ + অ]। ৬।১ [সন্ধি] আ + উ= ও [হো]। ২।৪।খ মহা [বৃহৎ] উদর যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + অ + হ্ + ও + দ্ + অ + র্ + অ। বি.দ্র.: হ্ + ও= হো।

মহোদরী: সমস্ত ব্রহ্মাণ্ড যে দেবীর উদরের মধ্যে, চণ্ডী। বি। তৎসম। মহোদর ['মহোদর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ম্ + অ + হ্ + ও + দ্ + অ + র্ + ঈ। বি.দ্র.: হ্ + ও= হো, র্ + ঈ= রী।

মহোদাম: মহৎ উদাম। বি। তৎসম। মহা [<মহৎ] + উদ্দাম [উৎ + যম (যম্ + অ)]। ৬।১ মহা উদাম ·· কর্মধা, ৩।২ বানান: ম্ + অ + হ্ + ও + দ্ + য্ + অ + ম্ + অ। বি.দ্র.: হ্ + ও = হো, দ্ + য্ + অ = দ্য।

মহোন্নত: প্রকৃষ্ট উন্নত। বিণ। তৎসম। মহা [< মহৎ] + উন্নত [উৎ + নত [নম্ + ত]। ৬।১ [সন্ধি] আ + উ= ও [হো]। ২।৪।খ ৎ + ন= ন্ন। ২।২৫ মহা উন্নত [উচ্চ]= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + ও + ন্ + ন্ + অ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + অ= ন্ন।

মহোন্নতি: উত্তম উন্নতি। বি। তৎসম। মহা [< মহৎ] + উন্নতি [উৎ + নতি [নম্ + তি]। ৬।১ [সন্ধি] আ + উ= ও [হো] ২।৪।খ ৎ + ন= ন্ন। ২।২৫ মহা উন্নতি= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + ও + ন্ + ন্ + অ + ত্ + ই। বি.দ্র.: ন্ + ন্ + অ= ন্ন।

মহোপকারী: অত্যন্ত উপকারী। বিণ। তৎসম। মহা [< মহৎ] + উপকারী [উপ + কারী (কৃ + ইন্ > ঈ)]। ৬।১ [সন্ধি] আ + উ= ও [হো]। ২।৪।খ মহা উপকার করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + অ + হ্ + ও + প্ + অ + ক্ + আ + র্ + ঈ। বি.দ্র.: হ্ + ও= হো। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মহোরগ: বৃহৎ সর্প। বি। তৎসম। মহা [< মহৎ] + উরগ [উর (< উরস্) + গ (গম্ + অ)]। ৬।১ [সন্ধি] আ + উ= ও [হো]। ২।৪।খ উরসে [বুকে] ভর দিয়ে গমন করে যে= উপপদতৎ। ৩।৩ মহা উরগ= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + ও + র্ + অ + গ্ + অ। বি.দ্র.: হ্ + ও= হো।

মহৌষধ: উত্তম ঔষধ। বি। তৎসম। মহা [< মহৎ] + ঔষধ [ওষধি + অ]। ৬।১ [সন্ধি] আ + ঔ= ঔ [হৌ]। ২।১২।ঘ মহা ঔষধ= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + ঔ + ষ্ + অ + ধ্ + অ। বি.দ্র.: হ্ + ঔ= হৌ। 'ঔ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

মহৌষধি: দূর্বা। বি। তৎসম। মহা [< মহৎ] + ওষধি [ওষ (দীপ্তি) + ধা + ই]। ৬।১ [সন্ধি] আ + ও= [হৌ]। ২।১২।গ মহা ওষধি= কর্মধা। ৩।২ বানান: ম্ + অ + হ্ + ঔ + ষ্ + অ + ধ্ + ই। বি.দ্র.: হ্ + ঔ= হৌ, 'ঔ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

মা: মাতা। বি। তদ্ভব। < সং. মাতৃ।

মাই: মাতা, স্তন। বি। তদ্ভব। < সং. মাতৃ।

মাইক: ধ্বনিবর্ধক যন্ত্র। বি। বিদেশী। < ইং. mike [< microphone]।

মাইকেল: দেবদূত। বি। বিদেশী। < ইং. michael.

মাইকেলী ছন্দ: কবি মধুসূদন প্রবর্তিত বাংলা অমিত্রাক্ষর ছন্দ। বি। মিশ্র [বিদেশী+তৎসম]। < ইং. মাইকেল + বাং. ঈ + সং. ছন্দ [ছন্দ্ + অ]। ৬।১ বানান: মাইকেলী= ম্ + আ

+ ই + ক্ + এ + ল্ + ঈ, ছন্দ= ছ্ + অ + ন্ + দ্ + অ।

মাইজ: মাজ, বৃক্ষকাণ্ডের সারভাগ। বি। তদ্ভব। < সং. মজ্জা।

মাইনদার: বেতনভুক্ ভৃত্য। বি। বিদেশী। মাইন [< ফা. মাহ্আনহ্] + দার [< ফা. দার]। বাংলা বানান: ম্ + আ + ই + ন্ + দ্ + আ + র্। 'ন' ও 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাইনর: নাবালক। বি। বিদেশী। < ইং. minor. বাংলা বানান: ম্ + আ + ই + ন্ + অ + র্। 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাইনা, মাইনে: মাসিক বেতন। বি। বিদেশী। < ফা. মাহ্আনহ্। বাংলা বানান: ম্ + আ + ই + ন্ + আ [এ]।

মাইপোশ: নীচে বাক্সযুক্ত তক্তাপোশ। বি। দেশী। বানান: ম্ + আ + ই + প্ + ও + শ্। 'শ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাইপোষ: চুষি-লাগানো বোতল। বি। তদ্ভব। মাই [মাতৃ] + পোষ [পুষ্ + অ]। ৬।১ মায়ের মতো পোষণ করে যা= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ই + প্ + ও + ষ্ + অ।

মাইফেল: নাচ গান বাজনার আসর। বি। বিদেশী। < আ। মহ্‌ফিল। বাংলা বানান: ম্.+ আ + ই + ফ্ + এ + ল্। 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাইয়া, মায়্যা: মেয়ে। বি। তদ্ভব। < সং. মাতৃকা। বানান: ম্ + আ + ই + য় + আ [য্ + আ]। বি.দ্র.: য় + য্ + আ= য্যা।

মাইরি: মাতা মেরীর নামে শপথ। বি। বিদেশী। [< পো. Maria. বাংলা বানান: ম্ + আ + ই + র্ + ই।

মাইল: অর্ধক্রোশ দীর্ঘপথ। বি। বিদেশী। < ইং. mile. বাংলা বানান: ম্ + আ + ই + ল্। 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাউই: ভ্রাতার বা ভগিনীর শাশুড়ী। বি। তদ্ভব। < সং. মাতৃকা। বানান: ম্ + আ + উ + ই।

মাংস: প্রাণীর দেহের উপাদান বিশেষ। বি। তৎসম। মন্ + স। বানান: ম্ + আ + ং + স্ + অ।

মাংসভোজী: মাংসাশী। বিণ। তৎসম। মাংস [মন্ + স] + ভোজী [ভুজ্ + ইন্ (ঈ)]। ৬।১ মাংস ভোজন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ং + স্ + অ + ভ্ + ও + জ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মাংসাদ: মাংসভোজী। বিণ। তৎসম। মাংস [মন্ + স] + অদ [অদ্ (ভোজন করা) ক্বিপ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [সা]। ২।১।খ মাংস খায় যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ং + স্ + আ + দ্ + অ।

মাংসাশী: মাংসভোজী। বিণ। তৎসম। মাংস [মন্ + স] + আশী [অশ্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + আ= আ। ২।১।খ মাংস খায় যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ং + স্ + আ + শ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মাংসল: মাংসবহুল। বিণ। তৎসম। মাংস [মন্ + স] + ল। ৬।১, ৬।২ বানান: ম্ + আ + ং + স্ + অ + ল্ + অ।

মাকড়: ঊর্ণনাভ, বানরের তুল্য। বি। তদ্ভব। < সং. মর্কট। বানান: ম্ + আ + ক্ + অ + ড়্। বি.দ্র.: 'ড়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাকড়সা: ঊর্ণনাভ, অষ্টপদী কীট বিশেষ। বি। তদ্ভব। < সং. মর্কট। বানান: ম্ + আ + ক্ + অ + ড়্ + স্ + আ। বি.দ্র.: 'ড়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাকড়ি: কর্ণভূষণ। বি। দেশী। বানান: ম্ + আ + ক্ + ড়্ + ই। বি.দ্র.: 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাকনা: যে হাতীর দাঁত ওঠে নি। বি। তদ্ভব। < সং. মৎকুণ। বানান: ম্ + আ + ক্ + অ

+ ন্ + আ। বি.দ্র.: 'ক'-এর হসন্ত -চিহ্ন নিষ্প্রয়োজন।

মাকন্দ: আমগাছ। বি। তদ্ভব। < সং. চূত [আম্র]। বানান: ম্ + আ + ক্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ।

মাকন্দী: আমলকী। বি। তদ্ভব। < সং. আমলকী। বানান: ম্ + আ + ক্ + অ + ন্ + দ্ + ঈ। বি.দ্র.: ন্ + দ্ + ঈ= ন্দী।

মাকাল: অন্তঃসারশূন্য সুন্দর ফল। বি। তদ্ভব। < সং. মহাকাল। বানান: ম্ + আ + ক্ + আ + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাকু: তাঁতের কাপড় বোনার তুরি। বি। বিদেশী। < ফা. মাকু। বাংলা বানান: ম্ + আ + ক্ + উ। বি.দ্র.: ক্ + উ= কু।

মাকুন্দ: বয়স হওয়া সত্ত্বেও যে পুরুষের দাড়ি-গোঁফ ওঠে না। বি। তদ্ভব। < সং. মৎকুণ। বানান: ম্ + আ + ক্ + উ + ন্ + দ্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ।

মাক্ষিক: মক্ষিকা সম্বন্ধীয়, মধু। বিণ। তৎসম। মক্ষিকা + অ। ৬।২ বানান: ম্ + আ + ক্ + ষ্ + ই + ক্ + অ। বি.দ্র: ক্ + ষ্ + ই = ক্ষি।

মাখন: ননী [butter]। বি। তদ্ভব। < প্রা. মক্‌খন < সং. ম্রক্ষণ। বানান: ম্ + আ + খ্ + অ + ন্। বি. দ্র: শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন

মাখা: লেপন করা। ক্রি। তদ্ভব। মাখ [< সং. ম্রক্ষ্] + বাং. আ। ৬।৩ বানান: ম্ + আ + খ্ + আ।

মাখানো: লেপন করা। ক্রি। তদ্ভব। মাখ্ [< সং. ম্রক্ষ্] + বাং. আনো। ৬।৩ বানান: ম্ + আ + খ্ + আ + ন্ + ও।

মাখামাখি: মেশামেশি। বি। তদ্ভব। মাখ্ [< ম্রক্ষ্] + বাং. আ + মাখ্ + বাং. ই। বানান: ম্ + আ + খ্ + আ + ম্ + আ + খ্ + ই।

মাগধী: মগধ-রাজকন্যা, মগধে প্রচলিত প্রাকৃত ভাষা। বি। তৎসম। মাগধ [মগধ + অ] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ম্ + আ + গ্ + অ + ধ্ + ঈ।

মাগন: ভিক্ষা। বি। তদ্ভব। মাগ্ [< সং. মার্গন] + বাং. অন। ৬।৩ বানান: ম্ + আ + গ্ + অ + ন্। বি. দ্র: শব্দ-শেষের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিজ প্রয়োজন।

মাগনা: বিনামূল্যে প্রাপ্ত। বিণ। তদ্ভব। মাগ্ [< সং. মার্গন] + বাং. না। বানান: ম্ + আ + গ্ + ন্ + আ। বি. দ্র: শব্দ-মধ্যের 'গ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাগা: প্রার্থনা করা, ভিক্ষা করা। ক্রি। তদ্ভব। মাগ্ [< সং. মার্গ] + বাং. আ। বানান: ম্ + আ + গ্ + আ।

মাগী: উপপত্নী, বেশ্যা, স্ত্রী। বি। তদ্ভব। মাগ [< পালি. মাতুগাম] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ম্ + আ + গ্ + ঈ।

মাগীবাড়ি: বেশ্যালয়। বি। তদ্ভব। মাগ [<পালি.মাতুগাম] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বাড়ি <সং. বাটী। মাগীর বাড়ি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + গ্ + ঈ + ব্ + আ + ড়্ + ই।

মাগুর: আঁইশশূন্য মাছ। বি। তদ্ভব। <সং. মদ্‌গুর। বানান: ম্ + আ + গ্ + উ + র্। বি.দ্র.: গ্ + উ = গু। শব্দ-শেষের 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাগ্‌গি: দুর্মূল্য। বি। অর্ধ-তৎসম। <সং. মহার্ঘ। বানান: ম্ + আ + গ্ + গ্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'গ'-এর হসন্ত-চিহ্ন দিতে হবে।

মাগ্‌গি গণ্ডা: জিনিসপত্রের দুর্মূল্যতা। মিশ্র। অর্ধ-তৎসম + তদ্ভব। মাগ্‌গি ['মাগ্‌গি' দ্রষ্টব্য] + গণ্ডা [<সং. গণ্ডক]। বানান: ম্ + আ +

গ্ + গ্ + ই + গ্ + অ + ণ্ + ড্ + আ।

মাগ্‌গি ভাতা : দুর্মূল্যতা-হেতু বেতনাতিরিক্ত অর্থ [dearness allowance]। বি। মিশ্র [অর্ধ-তৎসম + তদ্ভব]। + তদ্ভব. ভাতা [<ভৃতি]। বানান : ম্ + আ + গ্ + গ্ + ই + ভ্ + আ + ত্ + আ।

মাঘ : বাংলা বৎসরের দশম মাস, 'শিশুপালবধ' রচয়িতা। বি। তৎসম। মঘা + অ। ৬।২ বানান : ম্ + আ + ঘ্ + অ।

মাঘী : মাঘ মাসের। বিণ। তদ্ভব। <সং. মাঘ [মঘা + অ] ৬।২, + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ম্ + আ + ঘ্ + ঈ।

মাঙ্গন : চাওয়া। বি। তদ্ভব। মাঙ্ [<সং. মার্গ] + অন। ৬।৩ বানান : ম্ + আ + ঙ্ + গ্ + অ + ন্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ= ঙ্গ।

মাঙ্গলিক : মঙ্গল-দ্রব্য। বিণ। তৎসম। মঙ্গল ['মঙ্গল' দ্রষ্টব্য] + ইক। ৬।১ বানান : ম্ + আ + ঙ্ + গ্ + অ + ল্ + ই + ক্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ= ঙ্গ।

মাঙ্গল্য : মঙ্গল-দ্রব্য। বি। তৎসম। মঙ্গল ['মঙ্গল' + য (ষ্ণ্য)]। ৬।২ বানান : ম্ + আ + ঙ্ + গ্ + অ + ল্ + য্ + অ।

মাঙ্গা, মাঙা : প্রার্থনা করা। ক্রি। তদ্ভব। মাঙ্, মাঙ্ [<সং. মার্গণ] + বাং. আ। ৬।৩ বানান : ম্ + আ + ঙ্ [+গ্] + আ। বি.দ্র. : ঙ্ + গ্ + আ= ঙ্গা।

মাচা : বাঁশ কাঠ ইত্যাদির দ্বারা তৈরী উচ্চ স্থান। বি। তদ্ভব। <সং. মঞ্চ। বানান : ম্ + আ + চ্ + আ।

মাচান : মাচা, বেতের বা বাঁশের চেয়ার। বি। তদ্ভব। <সং. মঞ্চ। বানান : ম্ + আ + চ্ + আ + ন্। বি.দ্র. : শব্দ-শেষের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাছ : মৎস্য। বি। তদ্ভব। <সং. মৎস্য। বানান : ম্ + আ + ছ্। বি.দ্র. : শব্দ-শেষের 'ছ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাছরাঙা : মৎস্যাশিকারী পাখি। বি। তদ্ভব। <সং. মৎস্যরঙ্ক, মৎস্যরঙ্গ। বানান : ম্ + আ + ছ্ + র্ + আ + ঙ্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ছ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাছি : পতঙ্গ বিশেষ। বি। তদ্ভব। <প্রা. মচ্ছিঅ <সং. মক্ষিকা। বানান : ম্ + আ + ছ্ + ই।

মাছিমারা কেরানী : বুদ্ধিহীন করণিক। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। তদ্ভব, মাছি [<সং. মক্ষিকা] + তদ্ভব, মারা [<সং. মৃ] + হি. কেরানী [কিরানী]

মাছুয়া : জেলে। বি। তদ্ভব। মাছ [<সং. মৎস্য] + বাং. উয়া। ৬।৩ বানান : ম্ + আ + ছ্ + উ + য়্ + আ।

মাজন : দাঁত মাজবার চূর্ণ। বি। তদ্ভব। <সং. মার্জন। বানান : ম্ + আ + জ্ + অ + ন্। বি.দ্র. : শব্দ-শেষের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাজা : কোমর, মার্জনা করা। ক্রি। তদ্ভব। <প্রা. মজ্ঝ <সং. মধ্য। বানান : ম্ + আ + জ্ + আ।

মাজার : সম্মানিত ব্যক্তির [পীরের] সমাধি-ক্ষেত্র। বি। বিদেশী। <আ. মাজার্। বাংলা বানান : ম্ + আ + জ্ + আ + র্। বি.দ্র. : শব্দ-শেষের 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাজুফল : বড় বড় বৃক্ষে কীট সৃষ্ট কষায় কোষ। বি। মিশ্র [বিদেশী + তৎসম]। মাজ [<ফা. মাজ] + বাং. উ + সং. ফল। বাংলা বানান : ম্ + আ + জ্ + উ + ফ্ + অ + ল্ + অ।

মাঝ : মধ্যস্থল। বি। তদ্ভব। <প্রা. মজ্ঝ <সং. মধ্য। বানান : ম্ + আ + ঝ্। বি.দ্র. : শব্দ-শেষের 'ঝ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাঝখান : মধ্যস্থান। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। তদ্ভব. মাঝ [<সং. মধ্য] + ফা. খান [<খানহ্]। বানান: ম্ + আ + ঝ্ + খ্ + আ + ন্। বি.দ্র.: 'ঝ' ও 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাঝামাঝি : মধ্যবর্তী। বিণ। তদ্ভব। মাঝ [<সং. মধ্য] + বাং. আ + মাঝ + বাং. ই। ৬৷৩ বানান: ম্ + আ + ঝ্ + আ + ম্ + আ + ঝ্ + ই।

মাঝার : মধ্য। বি। তদ্ভব। মাঝ [<সং. মধ্য] + বাং. আর। বানান: ম্ + আ + ঝ্ + আ + র্। 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাঝারি : মধ্যম প্রকারের। বিণ। তদ্ভব। মাঝ [<সং. মধ্য] + বাং. আরি। ৬৷৩ বানান: ম্ + আ + ঝ্ + আ + র্ + ই।

মাঝি : নৌকাচালক, সাঁওতাল-পল্লীর প্রধান। বি। তদ্ভব। মাঝ [<সং. মধ্য] + বাং. ই। বানান: ম্ + আ + ঝ্ + ই।

মাঝিগিরি : মাঝির কাজ। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। তদ্ভব. মাঝি [মাঝ (<সং. মধ্য) + বাং. ই] + ফা. গিরি। বাংলা বানান: ম্ + আ + ঝ্ + ই + গ্ + ই + র্ +ই।

মাঝিয়ান : সাঁওতাল-প্রধানের স্ত্রী। বি। তদ্ভব। মাঝি ['মাঝি' দ্রষ্টব্য] + বাং. আন। বানান: ম্ + আ + ঝ্ + ই + য্ + আ + ন্। বি.দ্র.: 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেঝেন : সাঁওতাল প্রধানের স্ত্রী। বি। তদ্ভব। মেঝেন <মাঝিয়ান। বানান: ম্ + এ + ঝ্ + এ + ন্। বি.দ্র.: শব্দ-শেষের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাঞ্জা : সুতা ধারালো করার জন্য কাচগুঁড়া দিয়ে প্রস্তুত আঠা। বি। তদ্ভব। মাঞ্জ [<সং. মঞ্জ] + বাং. আ। ৬৷৩ বানান: ম্ + আ + ঞ্ + জ্ + আ।

মাটকোঠা : মাটির দ্বারা নির্মিত দুই বা ততোধিক তলবিশিষ্ট বাড়ি। বি। তদ্ভব। মাট [মাটি <সং. মৃত্তিকা] + কোঠা [<সং. কোষ্ঠ + বাং. আ]। বানান: ম্ + আ + ট্ + ক্ + ও + ঠ্ + আ। বি.দ্র.: 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাটাম : সমকোণ স্থিরীকরণার্থ ছুতারের যন্ত্র। বি। বিদেশী। <ওড়িয়া. মটাম। বাংলা বানান: ম্ + আ + ট্ + আ + ম্। বি.দ্র.: শব্দ-শেষের 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাটামসই : সমকোণে বিন্যস্ত। বিণ। মিশ্র [বিদেশী + বিদেশী] মাটাম [<ওড়িয়া. মটাম] + সই [আ. সহীহ্]। বানান: ম্ + আ + ট্ + আ + ম্ + স্ + অ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাটি : মৃত্তিকা। বি। তদ্ভব। <প্রা. মট্টিআ <সং. মৃত্তিকা। বানান: ম্ + আ + ট্ + ই। বানান: ম্ + আ + ট্ + ই।

মাটো : চাপা। বিণ। দেশী। বানান: ম্ + আ + ট্ + ও।

মাঠ : প্রান্তর, ক্ষেত। বি। দেশী। বানান: ম্ + আ + ঠ্। বি.দ্র.: শব্দ-শেষের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাঠঘাট : সব জায়গা। বি। মিশ্র [দেশী + বিদেশী]। মাঠ [দেশী] + বিদেশী, গেট [<হি. ঘাটি]। বানান: ম্ + আ + ঠ্ + ঘ্ + আ + ট্। বি.দ্র.: শব্দ-মধ্য ও শব্দ-শেষের 'ঠ' ও 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাঠা : ননি, মাখন। বি। তদ্ভব। <সং. সৃষ্ট। বানান: ম্ + আ + ঠ্ + আ।

মাঠান : মা-ঠাকুরানী। বি। তদ্ভব। <মাতা ঠাকুরানী। বানান: ম্ + আ + ঠ্ + আ + ন্। শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাড় : মণ্ড। বি। তদ্ভব। <সং. মণ্ড। বানান: ম্ + আ + ড়্। 'ড়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাড়ওয়ারী, মাড়োয়ারী : মাড়ওয়ারের অধিবাসী, মাড়ওয়ারের ভাষা। বি। বিদেশী। হি. মাড়ওয়ার্

+ বাং. ঈ। বাংলা বানান: ম্ + আ + ড়্ + ও + য়া + র্ + ঈ।

মাড়া: মর্দন করা। ক্রি। তদ্ভব। মাড় [সং. মৃদ্] + বাং. আ। ৬।৩ বানান: ম্ + আ + ড়্ + আ।

মাড়াই: মাড়ানোর কাজ। বি। তদ্ভব। মাড় [<সং. মৃদ্] + বাং. আই। ৬।৩ বানান: ম্ + আ + ড়্ + আ + ই।

মাড়ান, মাড়ানো: পদদলিত করা। ক্রি। তদ্ভব। মাড় [<সং. মৃদ্] + বাং. আন, আনো। ৬।৩ বানান: ম্ + আ + ড়্ + আ + ন্ + অ, ও।

মাড়ি: মাঢ়ী। বি। তদ্ভব। <সং. মাঢ়ী। বানান: ম্ + আ + ড়্ + ই।

মাঢ়ি, মাঢ়ী: দাঁতের গোড়াব মাংস। বি। তৎসম। <সং. মাঢ়ি বা মাঢ়ী। বানান: ম্ + আ + ঢ়্ + ই, ঈ।

মাণিক: মানিক। বি। তৎসম। সং. মাণিক। বানান: ম্ + আ + ণ্ + ই + ক্ + অ। 'মানিক' বানানও শুদ্ধ। তদ্ভব. মানিক <সং. মাণিক্য। বানান: ম্ + আ + ণ্ + ই + ক্ + অ।

মাণিক্য: চুনি। বি। তৎসম। সং. মাণিক্য। বানান: ম্ + আ + ণ্ + ই + ক্ + য্ + অ। বি.দ্র.: 'মাণিক্য'-এর 'ণ' স্বাভাবিক 'ণ'। ক্ + য্ + অ= ক্য।

মাত: মত্ত। বিণ। তদ্ভব। <সং. মত্ত। বানান: ম্ + আ + ত্। বি.দ্র.: শব্দান্তের 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাত, মাৎ: জিত। বি। বিদেশী। <আ. মাৎ। বাংলা বানান: ম্ + আ + ত্ [ৎ]। বি.দ্র.: 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাত: অসার ভাগ, ঝোলাগুড়। বি। তদ্ভব। <সং. মস্ত। বানান: ম্ + আ + ত্। বি.দ্র.: 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাতঃ: 'মাতৃ'-শব্দের শব্দের সম্বোধনের এক বচন। ওগো মা। বি। তৎসম। সং. মাতঃ। বানান: ম্ + আ + ত্ + অ + ঃ।

মাতগুড়: ঝোলাগুড়, চিটেগুড়। বি। মিশ্র [তদ্ভব + তৎসম]। তদ্ভব, মাত + সং. গুড়। বানান: ম্ + আ + ত্ + গ্ + উ + ড়্। বি.দ্র.: 'ত' ও 'ড়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাতঙ্গ: হস্তী। বি। তৎসম। মতঙ্গ + অ। ৬।১ বানান: ম্ + আ + ত্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ।

মাতঙ্গিনী: হস্তিনী। বি। তৎসম। মতঙ্গ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ বানান: ম্ + আ + ত্ + অ + ঙ্ + গ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ঙ্ + গ্ + ই= ঙ্গি। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মাতঙ্গী: হস্তিনী। বি। তৎসম। মাতঙ্গ [মতঙ্গ + অ + ঈ]। ৬।১, ৭।১।গ বানান: ম্ + আ + ত্ + আ + ঙ্ + গ্ + ঈ। বি.দ্র.: ঙ্ + গ্ + ঈ= ঙ্গী।

মাতঙ্গী: দশ মহাবিদ্যার একমূর্তি। বি। তৎসম। বানান: ম্ + আ + ত্ + অ + ঙ্ + গ্ + ঈ। বি.দ্র.: ঙ্ + গ্ + ঈ= ঙ্গী।

মাতন: মত্ততা। বি। তদ্ভব। বাং. মাত্ [<সং. মদ্] + অন। ৬।১ বানান: ম্ + আ + ত্ + অ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাতব্বর: মোড়ল। বি। বিদেশী। <আ. মুঅতবর্। বাংলা বানান: ম্ + আ + ত্ + অ + ব্ + ব্ + অ + র্। বি.দ্র.: ব্ + ব্ + অ= ব্ব। শব্দান্তের 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাতব্বরি: মোড়লি। বি। বিদেশী। মাতব্বর ['মাতব্বর' দ্রষ্টব্য] + বাং. ই। ৬।৩ বানান: ম্ + আ + ত্ + অ + ব্ + ব্ + অ + র্ + ই। বি.দ্র.: ব্ + ব্ + অ= ব্ব।

মাতলাম, মাতলামো, মাতলামি: মাতালের আচরণ। বি। তদ্ভব। মাতাল [মাত্ (<সং. মদ্)

+ আল] + বাং. আম, আমো, আমি। ৬।৩ বানান: ম্ + আ + ত্ + ল্ + আ + ম্ + অ, ও, ই।

মাতলি: ইন্দ্রের সারথি। বি। তৎসম। মতল + ই [ষ্ণি]— অপত্য অর্থে। বানান: ম্ + আ + ত্ + অ + ল্ + ই।

মাতা: মেতে যাওয়া। ক্রি। তদ্ভব। মাত্ [<সং. মদ্] + বাং. আ। ৬।৩

মাতা: মা। বি। তৎসম। মা + তা [<তৃ (তৃচ্)]। ৬।১ বানান: ম্ + আ + ত্ + আ।

মাতাপিতা: বাপ-মা। বি। তৎসম। মাতা [মা + তা (তৃ)] + পিতা [পা + তা (তৃ)]। ৬।১ মাতা ও পিতা = দ্বন্দ্ব। ৩।৪ বানান: ম্ + আ + ত্ + আ + প্ + ই + ত্ + আ।

মাতামহ: মায়েব বাপ। বি। তৎসম। মাতা ['মাতা' দ্রষ্টব্য] + মহ [ডামহ্]। ৬।২ বানান: ম্ + আ + ত্ + আ + ম্ + অ + হ্ + অ।

মাতামহী: মায়ের মা। বি। তৎসম। মাতা ['মাতা' দ্রষ্টব্য] + মহ [ডামহ্] + ঈ ৬।২, ৭।১।গ বানাম: ম্ + আ + ত্ + আ + ম্ + অ + হ্ + ঈ।

মাতান, মাতানো: মাতিয়ে তোলা। ক্রি। তদ্ভব। মাতা [মাত্ (<সং. মদ্) + আ] + ন, নো। ৬।১ বানান: ম্ + আ + ত্ + আ + ন্ + অ,ও।

মাতামাতি: দাপাদাপি। বি। তদ্ভব। মাত্ [<সং. মদ্] + বাং. আ + মাত্ + বাং. ই। বানান: ম্ + আ + ত্ + আ + ম্ + আ + ত্ + ই।

মাতাল: মদ্যপানে মত্ত। বিণ। তদ্ভব। মাতা [<সং. মত্ত] + বাং.ল। বানান: ম্ + আ + ত্ + আ + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাতুঃস্বসা: মাসী। বি। তৎসম। মাতুঃ ['মাতৃ' শব্দের সম্বন্ধ, একবচন] + স্বসা [স্বস্ (সু + অস্ + ঋ)]। ৬।১ মাতুঃ [মাতার] স্বসা [ভগিনী] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + উ + ঃ + ষ্ + ব্ + অ + স্ + আ। 'ঃ' অযোগবাহ বর্ণ। পূর্বস্বর 'উ'-র সহযোগে তার প্রয়োগ। পূর্বে 'উ' থাকায় পরবর্তী 'স্' 'ষ্' হয়েছে। ৪।২।ক

মাতুঃস্বসা: মাসী। বি। তৎসম। মাতুঃ ['মাতৃ' শব্দের সম্বন্ধ, একবচন] + স্বসা [স্বস্ (সু + অস্ + ঋ)]। ৬।১ মাতুঃ [মাতার] স্বসা [ভগিনী]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + উ + ঃ + স্ + ব্ + অ + স্ + আ। বি.দ্র.: স্ + ব্ + অ= স্ব।

মাতুল: মামা। বি। তৎসম। মাতৃ + উল। ৬।২ বানান: ম্ + আ + ত্ + উ + ল্ + অ।

মাতুলকন্যা: মামাতো বোন। বি। তৎসম। মাতুল ['মাতুল' দ্রষ্টব্য] + কন্যা [কন্ + য + আ]। ৬।১ মাতুলেব কন্যা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + উ + ল্ + অ + ক্ + অ + ন্ + য্ + আ। বি.দ্র.: ন্ + য্ + আ= ন্যা।

মাতুলপুত্র: মামাতো ভাই। বি। তৎসম। মাতুল ['মাতুল' দ্রষ্টব্য] + পুত্র [পুৎ + ত্রৈ + অ]। ৬।১ মাতুলের পুত্র= সম্বন্ধ তৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + উ + ল্ + অ + প্ + উ + ত্ + র্ + অ। বি.দ্র.: ত্ + র্ + অ= ত্র।

মাতুলপুত্রী: মামাতো বোন। বি। তৎসম। মাতুল ['মাতুল' দ্রষ্টব্য]+পুত্রী [পুত্র (পুৎ + ত্রৈ + অ) + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ মাতুলের পুত্রী [কন্যা]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + উ + ল্ + অ + প্ + উ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: ত্ + র্ + ঈ= ত্রী।

মাতুলানী: মামী। বি। তৎসম। মাতুল ['মাতুল' দ্রষ্টব্য] + মাতুল + আনী [স্ত্রী]। ৭।১।ঙ [সন্ধি] অ + আ= আ [লা]। ২।১।খ বানান: ম্ +

আ + ত্ + উ + ল্ + আ + ন্ + ঈ।

মাতুলালয়: মামার বাড়ি। বি। তৎসম। মাতুল ['মাতুল' দ্রষ্টব্য] + আলয় [আ + লয় (লী + অ)]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [লা]। ২।১।খ মাতুলের আলয়= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + উ + ল্ + আ + ল্ + অ + য় + অ।

মাতুলী: মামী। বি। তৎসম। মাতুল ['মাতুল' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ম্ + আ + ত্ + উ + ল্ + ঈ।

মাতৃক: মাতৃসম্বন্ধীয়। বিণ। তৎসম। মাতৃ + ক। ৬।২ বানান: ম্ + আ + ত্ + ঋ + ক্ + অ। বি.দ্র.: ত্ + ঋ= তৃ।

মাতৃকা: দেবী, মাতা। বি। তৎসম। মাতৃ + ক + আ [স্ত্রী]। ৬।২, ৭।১।ক বানান: ম্ + আ + ত্ + ঋ + ক্ + আ।

মাতৃঘাতক: মাতার হন্তারক। বিণ। তৎসম। মাতৃ + ঘাতক [হন্ (হত্যা করা) + অক]। ৬।১ মাতাব ঘাতক = সম্বন্ধতৎ। ৩।৩ বা মাতাকে হত্যা করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + ঋ + ঘ্ + আ + ত্ + অ + ক্ + অ।

মাতৃঘাতী: মাতার হন্তারক। বিণ। তৎসম। মাতৃ + ঘাতী [হন্ + ইন্ (ঈ)] ৬।১ মাতাকে হত্যা করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + ঋ + ঘ্ + আ + ত্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' (ঈ)-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মাতৃদায়: মৃতা মাতার শ্রাদ্ধাদির দায়িত্ব। বি। তৎসম মাতৃ + দায় [দা (+য) + অ]। ৬।১ মাতার দায় [মৃত্যুর পর শ্রাদ্ধাদি দায়িত্ব]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + ঋ + দ্ + আ + য্ + অ।

মাতৃদুগ্ধ: মাতার স্তনদুগ্ধ। বি। তৎসম। মাতৃ + দুগ্ধ [দুহ্ (দোহন করা) + ত]। ৬।১ মাতার দুগ্ধ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + ঋ + দ্ + উ + গ্ + ধ্ + অ। বি.দ্র.: গ্ + ধ্ + অ= বি.দ্র.: গ্ + ধ্ + অ= গ্ধ।

মাতৃপক্ষ: মাতৃকুলের সঙ্গে সম্বন্ধযুক্ত ব্যক্তিবর্গ। বি। তৎসম। মাতৃ +পক্ষ [পক্ষ্ + অ]। ৬।১ মাতার পক্ষ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + ঋ + প্ + অ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

মাতৃপূজা: মাতাকে পূজা। বি। তৎসম। মাতৃ + পূজা [পূজ্ + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক মাতার পূজা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + ঋ + প্ + ঊ + জ্ + আ। বি.দ্র.: প্ + ঊ= পূ।

মাতৃবৎ: মায়ের মতন। অব্য। তৎসম। মাতৃ + বৎ [অব্যয়]। বানান: ম্+ আ + ত্ + ঋ + ব্ + অ + ৎ।

মাতৃবন্দনা: জননীকে উপাসনা। বি। তৎসম। মাতৃ + বন্দনা [বন্দ্ + অন + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক মাতার বন্দনা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + ঋ + ব্ + অ + ন্ + দ্ + অ + ন্ + আ। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ।

মাতৃবিয়োগ: মায়ের মৃত্যু। বি। তৎসম। মাতৃ + বিয়োগ [বি + যুজ্ + অ]। ৬।১ মাতার বিয়োগ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + ঋ + ব্ + ই + য্ + ও + গ্ + অ।

মাতৃভক্ত: মাতার অনুগত। বিণ। তৎসম। মাতৃ + ভক্ত। [ভজ্ + ত]। ৬।১ মাতার ভক্ত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + ঋ + ভ্ + অ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ= ক্ত।

মাতৃভক্তি: মাতার প্রতি শ্রদ্ধা। বি। তৎসম। মাতৃ + ভক্তি [ভজ্ + তি]। ৬।১ মাতাকে ভক্তি= কর্মতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + ঋ + ভ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + ই = ক্তি।

মাতৃভাষা : স্বজাতির ভাষা। বি। তৎসম। মাতৃ + ভাষা [ভাষ্ + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক মাতার ভাষা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + আ + ত্ + ঋ + ভ্ + আ + ষ্ + আ। বি.দ্র. : 'ভাষা'-র 'ষ' স্বাভাবিক 'ষ'।

মাতৃভূমি : জন্মভূমি। বি। তৎসম। মাতৃ + ভূমি [ভূ + মি]। ৬।১ মাতার ভূমি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + আ + ত্ + ঋ + ভ্ + ঊ + ম্ + ই। বি.দ্র. : ভ্ + ঊ= ভূ।

মাতৃশাসন : স্ত্রীলোকের কর্তৃত্ব। বি। তৎসম। মাতৃ + শাসন [শাস্ + অন]। ৬।১ মাতার [মাতৃজাতির] শাসন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + আ + ত্ + ঋ + শ্ + আ + স্ + অ + ন্ + অ।

মাতৃশাসিত : স্ত্রীলোকদ্বারা শাসিত। বিণ। তৎসম। মাতৃ + শাসিত [শাস্ + ত]। ৬।১ মাতার দ্বারা শাসিত = করণতৎ। ৩।৩ বানান : ম্ + আ + ত্ + ঋ + শ্ + আ + স্ + ই + ত্ + অ।

মাতৃশ্রাদ্ধ : মৃতা জননীর প্রেতকৃত্য। বি। তৎসম। মাতৃ + শ্রাদ্ধ [শ্রদ্ধা (শ্রৎ + ধা + অ + আ) + অ]। ৬।১, ৬।২ মাতার শ্রাদ্ধ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + আ + ত্ + ঋ + শ্ + র্ + আ + দ্ + ধ্ + অ। বি.দ্র. : শ্ + র্ + আ = শ্রা, দ্ + ধ্ + অ= দ্ধ।

মাতৃষসা : মাসী। বি। তৎসম মাতৃ + স্বসা [স্বসৃ (সু + অস্ + ঋ)]। ৬।১ মাতার স্বসা [ভগিনী]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + আ + ত্ + ঋ + ষ্ + ব্ + অ + স্ + আ। বি.দ্র. : ষ্ + ব্ + অ= ষ্ব। 'ঋ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক।

মাতৃষস্রীয়া : মাসতুতো বোন। বি। তৎসম। মাতৃ + স্বস্রীয়া [স্বসৃ + ঈয় + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক মাতার স্বস্রেয়া = সম্বন্ধ তৎ। ৩।৩ বানান : ম্ + আ + ত্ + ঋ + ষ্ + ব্ + অ + স্ + র্ + এ + য্ + আ। বি.দ্র. : 'ঋ'-র পর 'স' 'ষ' হয়েছে। ৪।২।ক

মাতৃষস্রেয়া : মাসতুতো বোন। বি। তৎসম। মাতৃ + স্বসীয়া [স্বসৃ + ঈয় + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক মাতার স্বস্রেয়া = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + আ + ত্ + ঋ + ষ্ + ব্ + অ + স্ + র্ + এ + য্ + আ। বি.দ্র. : 'ঋ'-র পর 'স' 'ষ' হয়েছে। ৪।২।ক

মাতৃসেবা : জননীকে পরিচর্যা বি। তৎসম। মাতৃ+ সেবা [সেব্ + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক মাতার সেবা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + আ + ত্ + ঋ + স্ + এ + ব্ + আ।

মাতৃস্তন্য : মাতৃদুগ্ধ। বি। তৎসম। মাতৃ + স্তন্য [স্তন্ + য (যৎ)]। ৬।১ মাতার স্তন্য= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + আ + ত্ + ঋ + স্ + ত্ + অ + ন্ + য্ + অ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত, ন্ + য্ + অ= ন্য।

মাতৃস্নেহ : মায়ের ভালোবাসা। বি। তৎসম। মাতৃ + স্নেহ [স্নিহ্ + অ]। ৬।১ মাতার স্নেহ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + আ + ত্ + ঋ + স্ + ন্ + এ + হ্ + অ। বি.দ্র. : স্ + ন্ + এ= স্নে।

মাতৃস্তব : মাতার বন্দনার মন্ত্র। বি। তৎসম। মাতৃ + স্তব [স্তু + অ]। ৬।১ মাতার বন্দনার স্তব= মধ্যপ-কর্মধা। বানান : ম্ + আ + ত্ + ঋ + স্ + ত্ + অ + ব্ + অ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত।

মাতৃস্তোত্র : মাতার বন্দনার মন্ত্র। বি। তৎসম। মাতৃ + স্তোত্র। [স্তু + ত্র]। ৬।১ মাতার বন্দনার স্তোত্র= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + আ + ত্ + ঋ + স্ + ত্ + ও + ত্ + র্ + অ। বি.দ্র. : স্ + ত্ + ও= স্তো, ত্ + র্ + অ= ত্র।

মাতৃহত্যা : মাতাকে বধ করা। বি। তৎসম। মাতৃ

+ হত্যা [হন্ + য (ক্যপ্) + আ। ৬।১ মাতাকে হত্যা = কর্মতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + ঋ + হ্ + অ + ত্ + য্ + আ। বি.দ্র: ত্ + য্ + আ = ত্যা।

মাতৃহন্তা: মাতৃঘাতক। বিণ। তৎসম। মাতৃ + হন্তা [হন্ + তা (তৃ = তৃচ)]। ৬।১ মাতাকে হত্যা করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + ঋ + হ্ + অ + ন্ + ত্ + আ।

মাতৃহা: মাতৃঘাতী। বিণ। তৎসম। মাতৃ + হা [হন্ + ক্বিপ্]। ৬।১ মাতাকে হত্যা করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + ঋ + হ্ +আ।

মাতৃহীন: মা-হারা। বিণ। তৎসম। মাতৃ + হীন [হা + ত]। ৬।১ মাতার দ্বারা হীন = করণ-তৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + ঋ + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: হ্ + ঈ = হী।

মাতৃহীনা: মা-হারা। বিণ। তৎসম। মাতৃহীন ['মাতৃহীন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক মাতার দ্বারা হীনা = করণতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ত্ + ঋ + হ্ + ঈ + ন্ + আ। বি.দ্র: হ্ + ঈ = হী।

মাতোয়ারা: বিভোর। বিণ। বিদেশী। <হি. মতবালা। বাংলা বানান: ম্ + আ + ত্ + ও + য়্ + আ + র্ + আ।

মাত্র: কেবল। বি, অব্য। তৎসম। মা + ত্র। ৬।১ বানান: ম্ + আ + ত্ + র্ + অ। বি.দ্র: ত্ + র্ + অ = ত্র।

মাত্রা: অল্প পরিমাণ। সীমা, বর্ণের উচ্চারণকাল। বি। তৎসম। মা + ত্র + আ। ৬।১ বানান: ম্ + আ + ত্ + র্ + আ। বি.দ্র: ত্ + র্ + আ।

মাত্রিক: মাত্রাযুক্ত। বিণ। তৎসম। মাত্রা + ইক। ৬।২ বানান: ম্ + আ + ত্ + র্ + ই + ক্ + অ। বি.দ্র: ত্ + র্ + ই = ত্রি। [মাত্রিক = মাত্রাযুক্ত, মাতৃক = মাতা-সম্বন্ধীয়]

মাৎসর্য: পরশীকাতরতা। বি। তৎসম। মৎসর [মদ্ + সৃ + অ] য [ষ্ণ্য]। ৬।১, ৬।২ বানান: ম্ + আ + ৎ + স্ + অ + র্ + য্ + অ। বি.দ্র: র্ + য্ + অ = র্য।

মাৎস্য: মৎস্য-সম্পর্কিত। বিণ। তৎসম। মৎস্য + অ। ৬।১ বানান: ম্ + আ + ৎ + স্ + য্ + অ। বি.দ্র: স্ + য্ + অ = স্য।

মাৎস্যন্যায়: অরাজকতা। বি। তৎসম। মাৎস্য ['মাৎস্য' দ্রষ্টব্য] + ন্যায় [নি + আয় (ই + অ)]। ৬।১ মাৎস্য সাদৃশ্যবাচক ন্যায় = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + আ + ৎ + স্ + য্ + অ + ন্ + য্ + আ + য়্ + অ। বি.দ্র: স্ + য্ + অ = স্য, ন্ + য্ + আ = ন্যা।

মাথট: মাথা-পিছু কর বা চাঁদা। বি। তদ্ভব। মাথা [<সং. মস্তক + বাং. ট। বানান: ম্ + আ + থ্ + অ + ট্ + অ।

মাথা: শির। বি। তদ্ভব। <সং. মস্তক। বানান: ম্ + আ + থ্ + আ।

মাথাওয়ালা: বুদ্ধিমান। বিণ। বিশ্র [তদ্ভব + বিদেশী] মাথা [<সং.মস্তক] + হি. ওয়ালা। বানান: ম্ + আ + থ্ + আ + ও + য়্ + আ + ল্ + আ।

মাথা-ধরা: শিরঃপীড়া। বি। তদ্ভব। মাথা [<সং. মস্তক] + ধরা [ধর্ (<সং. ধৃ) + বাং. আ। ৬।৩ বানান: ম্ + আ + থ্ + আ + ধ্ + অ + র্ + আ।

মাথা-পাগলা: বিকৃত-মস্তিষ্ক। বিণ। তদ্ভব। মাথা [<সং. মস্তক] + পাগলা [<সং. পাগল + বাং. আ]। ৬।৩ মাথা পাগলা [বিকৃত] যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + আ + থ্ + আ + প্ + আ + গ্ + ল্ + আ। বি.দ্র: 'গ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাথাপিছু: জনপ্রতি। ক্রি-বিণ। তদ্ভব। মাথা

[<সং. মস্তক] + পিছু (পিছ <সং. পশ্চাৎ) + বাং. উ]। ৬।৩ মাথা মাথা = অব্যয়ীভাব। ৩।১ বানান : ম্ + আ + থ্ + আ + প্ + ই + ছ্ + উ।

মাথাব্যথা : শিরঃপীড়া। বি। তদ্ভব। মাথা [<সং. মস্তক] + ব্যথা [ব্যথ্ + অ + আ]। ৬।১ মাথার ব্যথা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + আ + থ্ + আ + ব্ + য্ + অ + থ্ + আ। বি.দ্র : ব্ + য্ + অ = ব্য।

মাথামোটা : স্থূলবুদ্ধি। বিণ। মিশ্র [তদ্ভব + দেশী] মাথা মোটা যার = বহুব্রী। ৩।৫ বানান : ম্ + আ + থ্ + আ + ম্ + ও + ট্ + আ।

মাথাল : মস্তকাবরণ, টোকো। বি। তদ্ভব। মাথা [<সং. মস্তক] + বাং. ল। বানান : ম্ + আ + থ্ + আ + ল্। বি.দ্র : 'ল'-এব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাথুর : কৃষ্ণের মথুবালীলা। বি। তৎসম। মথুরা + অ। ৬।২ বানান : ম্ + আ + থ্ + উ + র্ + অ।

মাদক : যাতে নেশা হয়। বিণ, বি। তৎসম। মদ্ + ণিচ্ + অক। ৬।১ বানান : ম্ + আ + দ্ + অ + ক্ + অ।

মাদন : মত্ততা সৃষ্টিকারক। বি। তৎসম। মদ্ + ণিচ্ + অন। ৬।১ বানান : ম্ + আ + দ্ + অ + ন্ + অ।

মাদল : সাঁওতালদের মৃদঙ্গ। বি। তদ্ভব। [<সং. মর্দল]। বানান : ম্ + আ + দ্ + অ + ল্। বি.দ্র : 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাদা : স্ত্রী-জাতি। বি। বিদেশী। <ফা. মাদা।

মাদার : লকুচফল। বি। তদ্ভব। <সং. মন্দার। বানান : ম্ + আ + দ্ + আ + র্। বি.দ্র : 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাদী : স্ত্রী-জাতীয় বি। বিদেশী। <ফা. মাদীন্। বানান : ন্ + আ + দ্ + ঈ।

মাদুর : এক প্রকার তৃণ-নির্মিত পাটী। বি। তদ্ভব। <সং. মন্দুরা। বানান : ম্ + আ + দ্ + উ + র্। বি.দ্র : 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাদুলি : মাদলের আকৃতি-বিশিষ্ট গয়না। বি। তদ্ভব। মাদল [<সং. মর্দল] + বাং. ই। বানান : ম্ + আ + দ্ + উ + ল্ + ই।

মাদৃশ : আমার মতো। বিণ। তৎসম। সং. অস্মদ্ + দৃশ্ + অ। ৬।১ বানান : ম্ + আ + দ্ + ঋ + শ্ + অ।

মাদ্রাজ : তামিলনাড়ুর রাজধানী, বি। তদ্ভব। বানান : ম্ + আ + দ্ + র্ + আ + জ্ + অ। বর্তমান নাম : চেন্নাই।

মাদ্রাজী : মাদ্রাজের অধিবাসী, মাদ্রাজে জাত, । বি, বিণ। তদ্ভব। বানান : ম্ + আ+ দ্ + র্ + আ + জ্ + ঈ।

মাদ্রাসা : মুসলমান ধর্ম ও সংস্কৃতি-সংক্রান্ত শিক্ষা-কেন্দ্র। বি। বিদেশী। <আ. মাদ্‌রাসা। বাংলা বানান : ম্ + আ + দ্ + র্ + আ + স্ + আ। বি.দ্র : দ্ + র্ + আ = দ্রা।

মাদ্রী : মদ্র রাজার কন্যা। বি। তৎসম। [মদ্র + অ + ঈ (স্ত্রী)]। বানান : ম্ + আ + দ্ + র্ + ঈ। বি.দ্র : দ্ + র্ + ঈ = দ্রী।

মাধব : বিষ্ণু, শ্রীকৃষ্ণ, বি। তৎসম। মধু + অ। বানান : ম্ + আ + ধ্ + অ + ব্ + অ।

মাধবিকা : মাধবীলতা। বি। তৎসম। মাধব [মধু + অ] + ইক + আ [স্ত্রী]। ৬।১ বানান : ম্ + আ + ধ্ + অ + ব্ + ই + ক্ + আ। বি.দ্র : ব্ + ই = বি ['ইক'-প্রত্যয়ের 'ই']।

মাধবী : মদিরা, মাধবের পত্নী, গেট ফুল। বি। তৎসম। মাধব [মধু + অ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান : ম্ + আ + ধ্ + অ + ব্ + ঈ। বি.দ্র : ব্ + ঈ = বী।

মাধাই : মাধব [আদরের নাম]। বি। তদ্ভব। মাধা [<সং. মাধব] + বাং. আই। ৬।৩ বানান : ম্ + আ + ধ্ + আ + ই।

মাধুকরী: ভিক্ষালব্ধ অন্ন। বি। তৎসম। মাধুকর [মধুকর + অ] + ঈ [স্ত্রী] ৬।২, ৭।১।গ বানান: ম্ + আ + ধ্ + উ + ক্ + অ + র্ + ঈ। বি.দ্র: র্ + ঈ = রী।

মাধুরী: মধুরতা। বি। তৎসম। মাধুর [মধুর + অ] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান: ম্ + আ + ধ্ + উ + র্ + ঈ। বি.দ্র: র্ + ঈ = রী।

মাধুর্য: মাধুরী। বি। তৎসম। মধুর + য [ষ্ণ্য] ৬।২ বানান: ম্ + আ + ধ্ + উ + র্ + য্ + অ। বি.দ্র: র্ + য্ + অ = র্য।

মাধ্যন্দিন: মধ্যাহ্ন-বিষয়ক। বি। তৎসম। সং, মধ্যন্দিন + অ। ৬।১ বানান: ম্ + আ + ধ্ + য্ + অ + ন্ + দ্ + ই + ন্ + অ। বি.দ্র: ন্ + দ্ + ই = ন্দি।

মাধ্যম: মধ্যবর্তী সহায়। বি। তৎসম। মধ্যম [মধ্য + ম] + অ। বানান: ম্ + আ + ধ্ + য্ + অ + ম্ + অ।

মাধ্যমিক: দুই শ্রেণীর মধ্যবর্তী। বিণ। তৎসম। মাধ্যম [মধ্যম + অ] + ইক। বানান: ম্ + আ + ধ্ + য্ + অ + ম্ + ই + ক্ + অ। বি.দ্র: ধ্ + য্ + অ = ধ্য।

মাধ্যস্থ্য: মধ্যস্থতা। বি। তৎসম। মধ্যস্থ [মধ্য + স্থা + অ] + য [ষ্ণ্য]। ৬।২ বানান: ম্ + আ + ধ্ + য্ + অ + স্ + থ্ + য্ + অ। বি.দ্র.: ধ্ + য্ + অ = ধ্য, স্ + থ্ + য্ + অ = স্থ্য।

মাধ্যাকর্ষণ: অভিকর্ষ। বি। তৎসম। মাধ্য [মধ্য + অ] + আকর্ষণ [আ + কৃষ্ + অন]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [ধ্যা]। ২।১।খ মাধ্য যে আকর্ষণ = কর্মধা। ৩।২ বানান: ম্ + আ + ধ্ + য্ + আ + ক্ + অ + র্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র: ধ্ + য্ + আ = ধ্যা। র্ + ষ্ + অ = র্ষ। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মাধ্যাহ্নিক: মধ্যাহ্নকালীন। বিণ। তৎসম। মধ্যাহ্ন [মধ্য + অহ্ন] অহ্ন্ + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: ম্ + আ + ধ্ + য্ + আ + হ্ + ন্ + ই + ক্ + অ। বি.দ্র: হ্ + (দন্ত্য)-ন) = হ্ন, কিন্তু [হ্ + ন্ (মূর্ধণ্য-ণ) = হ্ণ।

মাধ্ব: মধ্বাচার্য প্রবর্তিত। বিণ। তৎসম। মধ্ব + অ ৬।২ বানান: ম্ + আ + ধ্ + ব্ + অ। বি.দ্র: ধ্ + ব্ + অ = ধ্ব।

মাধ্বী: মধুজাত মদ্য। বি। তৎসম। মধু + ঈ। ৬।২ বানান: ম্ + আ + ধ্ + ব্ + ঈ। বি.দ্র: ধ্ + ব্ + ঈ = ধ্বী।

মাধ্বীক: মধুজাত মদ্য। বি। তৎসম। মাধ্বী [মধু + ঈ] + ক [স্বার্থে]। ৬।২ বানান: ম্ + আ + ধ্ + ব্ + ঈ + ক। বি.দ্র: ধ্ + ব্ + ঈ = ধ্বী। মাধ্বিক: মধু-ব্যবসায়ী। মধু + ইক।

মান: পরিমাণ। বি। তৎসম। মা + অন। ৬।১ বানান: ম্ + আ + ন্ + অ।

মান: অভিমান, সম্মান। মর্যাদা। বি। তৎসম। মান্ + অ। ৬।১ বানান: ম্ + আ + ন্ + অ।

মানকচু: রেঁধে খাবার এক প্রকার কন্দ। বি। তদ্ভব। <সং. মানক। বানান: ম্ + আ + ন্ + অ + ক্ + অ + চ্ + উ।

মানকা: জপমালার ছিদ্রযুক্ত গুলি। বি। বিদেশী। <হি. মনকা। বানান: ম্ + আ + ন্ + অ + ক্ + আ।

মানত, মানৎ: মানসিক [vow] । বি। তদ্ভব। <সং. মনস্থ। বানান: ম্ + আ + ন্ + অ + ত্ [ৎ]।

মানদণ্ড: মাপকাঠি। বি। তৎসম। মান [মান + অ] + দণ্ড [দণ্ড্ + অ]। ৬।১ মানের নিমিত্ত তণ্ড= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + আ + ন্ + অ + দ্ + অ + ণ্ + ড্ + অ। বি.দ্র: ণ্ + ড্ + অ = ণ্ড।

মাননীয়: শ্রদ্ধেয়। বিণ। তৎসম। মান্ + অনীয়। ৬।১ বানান: ম্ + আ + ন্ + অ + ন্ +

ঈ + য়। বি.দ্র : ন্ + ঈ = নী।

মাননীয়া : শ্রদ্ধেয়া। বিণ। তৎসম। মাননীয় [মান্ + অনীয়] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : ম্ + আ + ন্ + অ + ন্ + ঈ + য্ + আ। বি.দ্র : ন্ + ঈ = নী, য্ + আ = য়া।

মাননীয়াসু : পত্রে মাননীয়াকে সম্ভাষণ। বি। তৎসম। 'মাননীয়া' শব্দের অধিকরণ বহুবচন [যেমন 'লতা' শব্দের অধিকরণ বহুবচন: 'লতাসু'।] বানান : ম্ + আ + ন্ + অ + ন্ + ঈ + য্ + আ + স্ + উ। বি.দ্র: 'আ'-র পর 'স্' [+ উ] হয়েছে।

মাননীয়েষু : পত্রে মাননীয়কে সম্ভাষণ। বি। তৎসম। মাননীয় [যেমন : 'নব' শব্দের অধিকরণ বহুবচন: 'নবেষু'।] বানান : ম্ + আ + ন্ + অ + ন্ + ঈ + য্ + এ + ষ্ + উ। বি.দ্র : 'এ'-র পর 'ষ' [+ উ] হয়েছে। ৪।২।ক 'অনীয়'-প্রত্যয় যোগের কারণে ন্ + ঈ = নী।

মানপত্র : অভিনন্দন পত্র। বি। তৎসম। মান [মান্ + অ] + পত্র [পত্ + ত্র]। মান-জ্ঞাপক পত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + আ + ন্ + অ + প্ + অ + ত্ + র্ + অ। বি.দ্র : ত্ + র্ + অ = ত্র।

মানবক : অল্পবয়স্ক ব্রাহ্মণ-শিশু, ক্ষুদ্রাকৃতি মানব। বি। তৎসম। মানব [মনু + অ] + ক।৬।২ বানান : ম্ + আ + ন্ + অ + ব্ + অ + ক্ + অ।

মানবিক : মনুষ্যসুলভ। বিণ। তৎসম। মানব [মনু + অ] + ইক। ৬।২ বানান : ম্ + আ + ন্ + অ + ব্ + ই + ক্ + অ।

মানবী : নারী। বি। তৎসম। মানব [মনু + অ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান : ম্ + আ + ন্ + অ + ব্ + ঈ।

মানবীয় : মনুষ্যসুলভ। বিণ। তৎসম। মানব [মনু + অ] + ঈয়। ৬।২ বানান : ম্ + আ + ন্ + অ + ব্ + ঈ + য্ + অ। বি.দ্র : 'ঈয়' প্রত্যয় যোগের কারণে ব্ + ঈ = বী।

মানবোচিত : মানুষের যোগ্য। বিণ। তৎসম। মানব [মনু + অ] + উচিত [উচ্ বা বচ্ + ত]। ৬।২, ৬।১ [সন্ধি] অ + উ = ও [বো]। ২।৫।ক মানবের উচিত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + আ + ন্ + অ + ব্ + ও + চ্ + ই + ত্ + অ। বি.দ্র : ব্ + ও = বো।

মানভঙ্গ : সম্মানহানি। বি। তৎসম। মান [মান্ + অ] + ভঙ্গ [ভঞ্জ্ + অ]। ৬।১ মানের ভঙ্গ [হানি] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + আ + ন্ + অ + ভ্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র : ঙ্ + গ্ + অ = ঙ্গ।

মান-ভঞ্জন : অভিমান দূর করবার প্রয়াস। বি। তৎসম। মান [মান্ + অ] + ভঞ্জন [ভঞ্জ্ + অন]। ৬।১ মানের ভঞ্জন [দূরীকরণ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + আ + ন্ + অ + ভ্ + অ + ঞ্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র : ঞ্ + জ্ + অ = ঞ্জ।

মান-ভিখারি,-ভিখারী : সম্মানলোভী ব্যক্তি। বি। তদ্ভব। মান [মান্ + অ] + ভিখারি [ভিখ (<সং. ভিক্ষা) + বাং. আরি, আরী। ৬।৩ বানান : ম্ + আ + ন্ + ভ্ + ই + খ্ + আ + র্ + ই, ঈ। বি.দ্র: 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মান-মন্দির : গ্রহগতি পর্যবেক্ষণ-গৃহ (Observatory)। বি। তৎসম। মান [মা + অন] + মন্দির [মন্দ + ইর]। ৬।১ ৬।২ মান [গ্রহ-সম্পর্কিত নানা পর্যবেক্ষণ ও পরিমাপন]-এর নিমিত্ত মন্দির = নিমিত্ততৎ। ৩।৩ বানান : ম্ + আ + ন্ + অ + ম্ + অ + ন্ + দ্ + ই + র্ + অ। বি.দ্র : ন্ + দ্ + ই = ন্দি।

মানমর্যাদা : মানসম্ভ্রম। বি। তৎসম। মান [মান্ + অ] + মর্যাদা [মরি + আ (মর্যা) + দা +

অ + আ। ৬।১ মান ও মর্যাদা = দ্বন্দ্ব।৩।৮ বা মানের মর্যাদা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ন্ + অ + ম্ +অ + র্ + য্ + আ + দ্ + আ। বি.দ্র: র্ + য্ + আ = র্যা।

মানস: অভিপ্রায়। বি। তৎসম। মনস্ + অ। ৬।২ বানান: ম্ + আ + ন্ + অ + স্ + অ।

মানসকন্যা: মন বা কল্পনা-জাত কন্যা। বি। তৎসম। মানস [মনস্ + অ] + কন্যা [কন্ + য্ + আ]। ৬।১ মন থেকে জাত কন্যা = অপাদান তৎ। ৩।৩ বানান: ম্ + আ + ন্ + অ + স্ + অ + ক্ + অ + ন্ + য্ + আ। বি.দ্র: ন্ + য্ + আ = ন্যা।

মানসচারী: মানস সরোবরে বা মনোজগতে বিচরণকারী। বিণ। তৎসম। মানস [মনস্ + অ] + চারী। [চর্ + ইন্ (ঈ)]। ৬।১ মানসে বা মনোলোকে বিচরণ করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ন্ + অ + স্ + অ + চ্ + আ + র্ + ঈ। বি.দ্র: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মানসপুত্র: মনঃ-সঙ্কল্পজাত পুত্র। বি। তৎসম। মানস [মনস্ + অ] + পুত্র [পুৎ + ত্রৈ + অ]। ৬।১ মন থেকে জাত পুত্র = অপাদানতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ন্ + অ + স্ + অ + প্ + উ + ত্ + র্ + অ। বি.দ্র: ত্ + র্ + অ = ত্র।

মানসভ্রমণ: কল্পনায় দেশ-দেশান্তরের দৃশ্য-দর্শন। বি। তৎসম। মানস [মনস্ + অ] + ভ্রমণ [ভ্রম্ + অন]। ৬।১ মানসে বা মনোলোকে ভ্রমণ = অধিকরণতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ন্ + অ + স্ + অ + ভ্ +র্ + অ + ম্ + অ + ণ্ + অ। বি.দ্র: ভ্ + র্ + অ = ভ্র, 'র' ও 'ন'-এর মধ্যে, 'অ', 'ম', 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মানসসিদ্ধি: ইষ্টলাভ। বি। তৎসম। মানস [মনস্ + অ] + সিদ্ধি [সিধ্ + তি]। ৬।১ মানসের [মনের সংকল্পের] + সিদ্ধি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ন্ + অ + স্ + অ + স্ + ই + দ্ + ধ্ + ই। বি.দ্র: দ্ + ধ্ + ই = দ্ধি।

মানসিক: মনোগত। বিণ। তৎসম। মনস্ + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: ম্ + আ + ন্ + অ + স্ + ই + ক্ + অ।

মানসিকতা: মনের প্রকৃতি। বি। তৎসম। মানসিক ['মানসিক' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ম্ + আ + ন্ + অ + স্ + ই + ক্ + অ + ত্ + আ।

মানসী: মনঃকল্পিতা। বি। তৎসম। মানস [মনস্ + অ] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান: ম্ + আ + ন্ + অ + স্ + ঈ।

মানা: নিষেধ। বি। বিদেশী। <আ. মনহ্। বাংলা বানান: ম্ + আ + ন্ + আ।

মানহানি: অমর্যাদা, অসম্মান, অপমান [defamation] । বি। তৎসম। মান [মান্ + অ] + হানি [হা + তি]। ৬।১ মানের হানি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ন্ + অ + হ্ + আ + ন্ + ই।

মানহীন: মর্যাদাশূন্য। বিণ। তৎসম। বিণ। তৎসম। মান [মান্ + অ] + হীন [হা + ত]। ৬।১ মানের দ্বারা হীন = করণতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ন্ + অ + হ্ + ঈ + ন্ + অ।

মানা: মান্য করা, স্বীকার করা। ক্রি। তদ্ভব। সং. মান্ + বাং আ.। ৬।৩।

মানান, মানানো: মান্য করানো, স্বীকার করানো, শোভন বা উপযুক্ত হওয়া, খাপ খাওয়া। ক্রি। তদ্ভব। মানা [<মান্ + বাং. + আ] + বাং. আন, আনো। ৬।৩

মানানসই: উপযুক্ত, শোভন। বিণ। মিশ্র [তদ্ভব + বিদেশী]। মানা [<মান্ + বাং. আ + আন]

+ বিদেশী. সহি [<ফা. সহীহ্]। বাংলা বানান : ম্ + আ + ন্ + আ + ন্ + স্ + অ + ই। বি.দ্র : 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মানিকজোড় : বকজাতীয় পাখি, অন্তরঙ্গ বন্ধুযুগল। বি। তদ্ভব। মানিক [<সং. মানিক্য] + জোড় [<প্রা.জোডিঅ <সং. যোজিত]। বানান : ম্ + আ + ন্ + ই + ক্ + অ + জ্ + ও + ড়্ + অ।

মানিত : সম্মানিত। বিণ। তৎসম। মান্ + ত। ৬।১

মানিনী : অভিমানবতী, সম্মানার্হা। বিণ। তৎসম। মান্ + ইন্ + ঈ [স্ত্রী] বানান : ম্ + আ + ন্ + ই + ন্ + ঈ। 'ইন্' + ঈ = ইনী-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মানী : অভিমানী, সম্মাননীয়। বিণ। তৎসম। মান্ ইন্ [ঈ]। ৬।১ বানান : ম্ + আ + ন্ + ঈ। বি.দ্র: শব্দটি 'ইন্' (ঈ) প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মানুষ : মানব। বিণ। তৎসম। মনু [+ ষ] + অ। ৬।২ বানান : ম্ + আ + ন্ + উ + ষ্ + অ। বি.দ্র. : 'উ'-র পরে 'ষ' হয়েছে। ৪।২।ক

মানুষী : মানবী। বি। তৎসম। মানুষ [মনু (+ ষ) + অ]। ৬।২ + ঈ [স্ত্রী]।৭।১।গ বানান : ম + আ + ন্ + উ + ষ্ + ঈ বি.দ্র: উ-র পর 'ষ' হয়েছে। ৪।২।১

মানুষিক : মনুষ্যোচিত। বিণ। তৎসম। মানুষ ['মানুষ' দ্রষ্টব্য] + ইক। ৬।২ বানান : ম্ + আ + ন্ + উ + ষ্ + ই + ক্ বি.দ্র: 'উ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

মানে : অর্থ। বি। বিদেশী। <আ. মানি। বাংলা বানান : ম্ + আ + ন্ + এ।

মানোয়ার : যুদ্ধ-জাহাজ। বিণ। বিদেশী। <ইং. [Man of war] বাংলা বানান : ম্ + আ + ন্ + ও + এ্ + আ + র্ -এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মানোয়ারী : নৌযোদ্ধা, যুদ্ধে ব্যবহৃত। বিণ। বিদেশী। মানোয়ার [<ইং. man of war] + বাং. ঈ। বানান : ম + আ + ন্ + ও + য্ + আ + র + ঈ। বি.দ্র : র্ + ঈ = রী।

মান্দার : মাদার গাছ, শিমুল গাছ। বি। তদ্ভব। [সং. মন্দার।] বানান : ম্ + আ + ন্ + দ্ + আ + র্। বি.দ্র : 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মান্দাস : ভেলা। বি। দেশী। বানান : ম্ + আ + ন্ + দ্ + আ + স্। বি.দ্র : ন্ + দ্ + আ = ন্দা, 'স'— এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মান্দ্য : [অগ্নিমান্দ্য] স্বল্পতা। [ক্ষুধার স্বল্পতা] মন্দ + য [ষ্ণ্য] বি। তৎসম।

মান্ধাতা : সূর্যবংশীয় রাজা। বি। তৎসম। মান্ + ধে + তা [তৃ <তৃচ্] ।•৬।১ বানান : ম্ + আ + ন্ + ধ্ + আ + ত্ + আ। বি.দ্র: ন্ + ধ্ + আ = ন্ধা।

মান্য : মাননীয়। বিণ। তৎসম। মান্ + য [যৎ]। ৬।১ বানান : ম্ + আ + ন্ + য্ + অ। বি.দ্র : ন্ + য্ + অ = ন্য।

মান্যগণ্য : সম্ভ্রান্ত। বিণ। তৎসম। মান্য [মান্ + য (যৎ] + গণ্য [গণ্ + য্ (যৎ)]। ৬।১ মান্য ও গণ্য = দ্বন্দ্ব। ৩।৪ বানান : ম্ + আ + ন্ + য্ + অ + গ্ + অ + ণ্ + য্ + অ। বি.দ্র : গণ্-এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

মান্যবর : অতি মাননীয়। বিণ। তৎসম। মান্য [মান্য দ্রষ্টব্য] + বর। ৬।২ মান্যদের মধ্যে বর [শ্রেষ্ঠ] = অধিকরণতৎ। ৩।৩ বানান : ম্ + আ + ন্ + য্ + অ + ব্ + অ + র্ + অ।

মান্যবরেষু : পত্রে সম্মানিত ব্যক্তিকে সম্ভাষণ। বি। তৎসম। মান্যবর ['মান্যবর দ্রষ্টব্য] + এষু [অধিকরণ, বহুবচন]। বানান : ম্ + আ + ন্ + য্ + অ + ব্ + অ + র্ + এ + ষ্ + উ। বি.দ্র : ন্ + য্ + অ = ন্য। 'এ'-র পর 'ষ' হয়েছে।

মান্যা : মাননীয়া। বিণ। তৎসম। মান্য ['মান্য' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান ম্ + আ + ন্ + য্ + আ। বি.দ্র: ন্ + য্ + আ = ন্যা।

মাপ : পরিমাপ। বি। তৎসম। সং. মাপি [মা + ণিচ্] + অ। ৬।১ বানান: ম্ + আ + প্ + অ।

মাপ : ক্ষমা, মার্জনা। বি। বিদেশী। <আ মুআফ্। বাংলা বানান : ম্ + আ + প্। বি.দ্র : 'প'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাপক : যে পরিমাপ করে। বিণ। তৎসম। সং. মাপি [মা + ণিচ্] + অক। যে মাপে। বানান: ম্ + আ + প্ + অ + ক্ = অ।

মাপকাঠি : মানদণ্ড। বি। তদ্ভব। সং. মাপ [মাপি + অ] + তদ্ভব + কাঠি [কাঠ (<সং. কাষ্ঠ) + বাং. ই]। ৬।৩ বানান: ম্ + আ + প্ + অ + ক্ + আ + ঠ্ + ই।

মাপজোক, মাপজোখ : পরিমাণ ইত্যাদি নির্ণয়। বি। তদ্ভব। মাপ [মাপি + অ] + জোক, জোখ ['মাপ' এর সহচর শব্দ]। বানান: ম্ + আ + প্ + অ + জ্ + ও + ক্ [খ্] + অ।

মাপসই : মাপ-অনুযায়ী। বিণ। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. মাপ [মাপি + অ] + বিদেশী সহ [<ফা. সহীহ্]। বাংলা বানান: ম্ + আ + প্ + অ + স্ + অ + ই।

মাপসহি : মাপ-অনুযায়ী। বিণ। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. মাপ [মাপ (মাপি + অ) + সহি [<ফা. সহীহ্]। বানান: ম্ + আ + প্ + অ + স্ + অ + হ্ + ই।

মাপন : পরিমাপ করা। বি। তৎসম। মাপ্ [মাপি (মা + ণিচ্) + অন। ৬।১

মাপা : পরিমাপ করা। ক্রি। তদ্ভব। মাপ্ [মা + ণিচ্] + বাং আ। ৬।৩

মাপাজোকা, মাপাজোখা : মাপন। বি। তদ্ভব। মাপা ['মাপা' দ্রষ্টব্য] + জোকা, জোখা ['মাপা'র সহচর শব্দ]।

মাপান, মাপানো : পরিমাপ করানো। ক্রি। তদ্ভব। মাপা [মাপ্ (মা + ণিচ্)] + বাং. আন, আনো। ৬।৩ বানান: ম্ + আ + প্ + আ + ন্ + অ + ও।

মাফ : মার্জনা, ক্ষমা। বি। বিদেশী। > আ. মুআফ্। বাংলা বানান: ম্ + আ + ফ্। বি.দ্র.: 'ফ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাফিক : অনুযায়ী। বিণ। বিদেশী। আ. মুআফিক। বাংলা বানান: ম্ + আ + ফ্ + ই + ক্। বি.দ্র.: শব্দান্তের 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাভৈঃ : ভয় করো না। বিণ। তৎসম। বানান: ম্ + আ + ভ্ + ঐ + ঃ।

মামড়ি : ক্ষত সেরে আসার মুখে তার ওপরে পড়া শুকনো চামড়ার আবরণ, নাকের ময়লা। বি। দেশী। বানান: ম্ + আ + ম্ + ড়্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ম্'-এব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মামদো : মুসলমান ভূত। বিদেশী। < আ. মোহাম্মদ + বাং. ঈয়। বাংলা বানান: ম্ + আ + ম্ + দ্ + ও। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ম্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মা-মরা : মাতৃহীন। বিণ। তদ্ভব। মা [< মাতৃ] + মর্ [< সং. মৃ] + বাং. আ। বানান: ম্ + আ + ম্ + অ + র্ + আ।

মামলা : মকদ্দমা। বি। বিদেশী। < আ. মুআম্লা। বাংলা বানান: ম্ + আ + ম্ + ল্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মামলাবাজ : মামলায় পটু। বিণ। বিদেশী। মামলা ['মামলা' দ্রষ্টব্য] + ফা. বাজ। বানান: ম্ + আ + ম্ + ল্ + আ + ব্ + আ + জ।

বি.দ্র.: শব্দ-মধ্যের 'ম' এবং শব্দান্তের 'জ'—এদের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মামলেট: ডিমের পাটিসাপটা পিঠার আকারে বড়াভাজা। বি। বিদেশী। ইং. omelet.] বাংলা বানান: ম্ + আ + ম্ + ল্ + এ + ট্। বি.দ্র.: 'ম' [শব্দ-মধ্যের] এবং ট্ [শব্দান্তের]-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মামা: মায়ের ভাই। বি। তদ্ভব। সং. মামক। বানান: ম্ + আ + ম্ + আ।

মামাত, মামাতো: পতি বা পত্নীর মামাব সম্পর্কিত। বিণ। তদ্ভব। < মামা ['মামা' দ্রষ্টব্য] + ত, তো [তুতো < সং. তাত] + বানান: ম্ + আ + ম্ + আ + ত্ + অ, ও।

মামাশ্বশুর: পতি বা পত্নীর মামা। বি। তদ্ভব। মামা ['মামা' দ্রষ্টব্য] + শ্বশুর [শু (আশু= দ্রুত) + অশ্ (খাওয়া) + উর]। ৬।১ অর্থাৎ, যিনি শীঘ্র খান= শ্বশুর। শ্বশুর-সম্পর্কিত মামা= মধ্যপ-কর্মধা। ৩।২ [পূর্বনিপাত] বানান: ম্ + আ + ম্ + আ + শ্ + ব্ + অ + শ্ + উ + র্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + অ= শ্ব।

মামী: মামার পত্নী। বি। তদ্ভব। মামা [< সং. মামক] + ঈ [স্ত্রী] ৭।১।গ

মামী-শাশুড়ী: মামাশ্বশুর-এর পত্নী। বি। তদ্ভব। মামী ['মামী' দ্রষ্টব্য] + শাশুড়ী [< সং. শ্বশুরী [শ্বশুর + ঈ)]। ৭।১।গ বানান: ম্ + আ + ম্ + ঈ + শ্ + আ + শ্ + উ + ড্ + ঈ। বি.দ্র.: শ্ + উ= শু, ড্ + ঈ= ড়ী।

মামুলি: গতানুগতিক, অতি সাধারণ। বিণ। বিদেশী। < ফা. মঅমুলী। বাংলা বানান: ম্ + আ + ম্ + উ + ল্ + ই।

মায়: সঙ্গে। অব্য। বিদেশী। < আ. ম'এ। বাংলা বানান: ম্ + আ + য়্। বি.দ্র.: 'য়্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মায়া: অবিদ্যা, মিথ্যা, জাদু। বি। তৎসম। মা + য (যৎ) + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ম্ + আ + য়্ + আ।

মায়াকানন: জাদুবলে নির্মিত উদ্যান। বি। তৎসম। মায়া [মা + য (যৎ) + আ] + কানন [কানি (কান + ণিচ্) + অন]। ৬।১ মায়ার দ্বারা নির্মিত কানন= করণতৎ। ৩।৩ বানান: ম্ + আ + য়্ + আ + ক্ + আ + ন্ + অ + ন্ + অ।

মায়াকান্না: কপটকান্না। বি। তদ্ভব। মায়া [মা + য (যৎ) + আ] + কান্না [কাঁদ্ (< সং. ক্রন্দ্) + বাং. না]। ৬।৩ মায়া [কপটতা] -পূর্ণ কান্না= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + আ + য়্ + আ + ক্ + আ + ন্ + ন্ + আ। বি.দ্র.: ন্ + ন্ + আ= ন্না।

মায়াঘোর: জাদুর প্রভাব। বি। তৎসম। মায়া [মা + য (যৎ) + আ] + ঘোর [ঘুর্ (ভয়ের কারণে ঘোরা বা ঘোরানো) + অ]। ৬।১ মায়ার ঘোর= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + য়্ + আ + ঘ্ + ও + র্ + অ।

মায়াজাল: স্নেহের বন্ধন। বি। তৎসম। মায়া [মা + য (যৎ) + অ] + জাল [জল্ + অ]। ৬।১ মায়া-রূপ জাল= রূপক-কর্মধা। ৩।২ বানান: ম্ + আ + য়্ + আ + জ্ + আ + ল্ + অ।

মায়াডোর: স্নেহের বন্ধন। বি। মিশ্র [তৎসম + বিদেশী] সং. মায়া [মা + য (যৎ) + আ] + ডোর [হি. ডোর্= দড়ি]। মায়া-রূপ ডোর [দড়ি]= রূপক-কর্মধা। ৩।২ বানান: ম্ + আ + য়্ + আ + ড্ + ও + র্। বি.দ্র.: 'র্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মায়াদণ্ড: জাদুদণ্ড। বি। তৎসম। মায়া [মা + য (যৎ) + আ] + দণ্ড [দণ্ড্ + অ]। ৬।১ মায়া সৃষ্টিকারী দণ্ড= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + আ + য়্ + আ + দ্ + অ + ণ্ + ড্ + অ। বি.দ্র.: ণ্ + ড্ + অ= ণ্ড।

মায়াদেবী : গৌতম বুদ্ধের জননী। বি। তৎসম। মায়া [মা + য (যৎ) + আ] + দেবী [দেব (দিব্ + অ) + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক মায়াই দেবী= কর্মধা। ৩।২ বানান: ম্ + আ + য্ + আ + দ্ + এ + ব্ + ঈ।

মায়াপাশ : স্নেহের বন্ধন। বি। তৎসম। মায়া [মা + য (যৎ) + আ] পাশ [পশ্ (বাঁধা) + অ]। ৬।১ মায়া-রূপ পাশ [বন্ধন]= রূপক- কর্মধা। ৩।২ বানান: ম্ + আ + য্ + আ + প্ + আ + শ্ + অ।

মায়াপ্রপঞ্চ : মিথ্যামায়া। বি। তৎসম। মায়া [মা + য (যৎ) + আ] + প্রপঞ্চ [প্র + পঞ্চ + অ]। ৬।১ যা মায়া তাই প্রপঞ্চ = কমধা। ৩।২ বানান: ম্ + আ + য্ + আ + প্ + র্ + অ + প্ + অ + ঞ্ + চ্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + অ = ঞ্চ।

মায়াবদ্ধ : সংসারের মোহাসক্ত। বিণ। তৎসম। মায়া [ম্ + য্ (যৎ) + আ] + বদ্ধ [বন্ধ্ + ত]। ৬।১ মায়ার দ্বারা বদ্ধ= করণতৎ। ৩।৩ বানান: ম্ + আ + য্ + আ + ব্ + অ + দ্ + অ। বি.দ্র.: শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মায়াবাদ : জগৎ মিথ্যা, ব্রহ্ম সত্য। বি। তৎসম। মায়া [মা + য (যৎ) + আ] + বাদ [বদ্ + অ]। ৬।১ মায়া-সম্পর্কিত বাদ [উক্তি, মতবাদ] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + আ + য্ + আ + ব্ + আ + দ্ + অ।

মায়াবাদী : মায়াবাদে বিশ্বাসী। বিণ। তৎসম। মায়া [মা + আ + য্ + আ] + বদী [বদ্ + ইন্ (ঈ)]। ৬।১ মায়াবাদে বিশ্বাস করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + আ + য্ + আ + ব্ + আ + দ্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মায়াবিদ্যা : জাদুবিদ্যা। বি। তৎসম। মায়া [মা + য (যৎ) + আ] + বিদ্যা [বিদ্ + য (যৎ) + আ]। ৬।১, ৭।১।ক মায়া-সম্পর্কিত বিদ্যা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + আ + য্ + আ + ব্ + ই + দ্ + য্ + আ। বি.দ্র.: দ্ + য্ + আ= দ্যা।

মায়াবিনী : ঐন্দ্রজালিক শক্তি-সম্পন্না, কপটাচারিণী। বিণ। তৎসম। মায়া [মা + য (যৎ) + আ] বিনী [বিন্ + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।চ বানান: ম্ + আ + য্ + আ + ব্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মায়াবী : ঐন্দ্রজালিক। বি। তৎসম। মায়া [মা + য (যৎ) + আ] + বী [< বিন্]। ৬।১, ৬।২ বানান: ম্ + আ + য্ + আ + ব্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মায়াময় : ছলনাময়। বিণ। তৎসম। মায়া [মা + য (যৎ) + আ] + ময় [ময়ট্]। ৬।১, ৬।২ মায়ার দ্বারা ময় [পূর্ণ]= করণতৎ। ৩।৩ বানান: ম্ + আ + য্ + আ + ম্ + অ + য্ + অ।

মায়াময়ী : ছলনাময়ী। বিণ। তৎসম। মায়াময় ['মায়াময়' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ম্ + আ + য্ + আ + ম্ + অ + য্ + ঈ।

মায়ামুক্ত : মোহমুক্ত। বিণ। তৎসম। মায়া [মা + য (যৎ) + আ] ৬।১ মুক্ত [মুচ্ + ত]। ৬।১ মায়া থেকে মুক্ত= অপাদানতৎ। ৩।৩ বানান: ম্ + আ + য্ + আ + ম্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ= ক্ত।

মায়ারজ্জু : স্নেহের বন্ধন। বি। তৎসম। মায়া [মা + য (যৎ) + আ] + রজ্জু [সং.]। মায়া-রূপ রজ্জু= রূপক-কর্মধা। ৩।২ বানান: ম্ + আ + য্ + আ + র্ + অ + জ্ + জ্ + উ। বি.দ্র.: জ্ + জ্ + উ= জ্জু।

মায়িক : ঐন্দ্রজালিক, মায়াময়। বিণ। তৎসম। মায়া [মা + য (যৎ) + আ] + ইক। ৬।১, ৬।২ বানান: ম্ + আ + য় + ই + ক্ + অ।

মায়ী : ঐন্দ্রজালিক, মায়াময়। বিণ। তৎসম। মা + ইন্ [ঈ]। ৬।১ বানান: ম্ + আ + য় + ঈ।

ময়ূর : ময়ূর-সম্বন্ধীয়। বিণ। তৎসম। ময়ূর + অ। ৬।২ বানান: ম্ + অ + য় + ঊ + র্ + অ।

মার : বুদ্ধদেবের তপোবিঘ্নকারী অপদেবতা, প্রহার। বি। তৎসম। মৃ + অ, মৃ + ণিচ্ + অ। ৬।১ বানান: ম্ + আ + র্ + অ।

মারক : নাশক। বিণ। তৎসম। মৃ + অক। ৬।২ বানান: ম্ + আ + র্ + অ + ক্ + অ।

মারমার-কাটকাট : মারামারি কাটাকাটি, অতি ব্যস্ততা ও হৈচৈ। বি। তদ্ভব। মার [মৃ + অ] + মার [মৃ + অ] + কাট [কাট্ (সং. কৃৎ) + কাট [কাট্ [সং. কৃৎ)] বানান: ম্ + আ + র্ + আ + ম্ + আ + র্ + ক্ + আ + ট্ + ক্ + আ + ট্। 'র' ও 'ট্' এদের হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মারকুটে : মারকুটো : যে অল্পেই মারতে অভ্যস্ত। বিণ। তদ্ভব। মার [< সং. মৃ + ণিচ্] + কুটে, কুটো [কুট্ + বাং. এ, ও]। ৬।১, ৬।৩ বানান: ম্ + আ + র্ + ক্ + উ + ট্ + এ, ও।

মারখেকো : যে প্রায়ই মার খায়। বিণ। তদ্ভব। মার [সং. মৃ + ণিচ্] + খেকো [< খাউকা [খা + উক + আ)]। বানান: ম্ + আ + র্ + খ্ + এ + ক্ + ও।

মারণ : হনন। বি। তৎসম। মৃ + ণিচ্ + অন। ৬।১ বানান: ম্ + আ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মারধর : মারা ও ধরা। বি। তদ্ভব। মার [< মৃ + ণিচ্ + অ] + ধর [ধৃ + অ]। ৬।১ বানান: ম্ + আ + র্ + ধ্ + অ + র্। বি.দ্র. : 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মারপিট : মারামারি। বি। তদ্ভব। মার [< মৃ + ণিচ্] + পিট [< পিট্]। বানান: ম্ + আ + র্ + প্ + ই + ট্। বি.দ্র. : 'র' ও 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মারপেঁচ : কূট কৌশল। বি। মিশ্র। [তদ্ভব + বিদেশী]। মার [< মৃ + ণিচ্] + পেঁচ [< ফা. পেচ]। বানান: ম্ + আ + র্ + প্ + এ + চ্। বি.দ্র. : র্ ও চ্-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মারপ্যাঁচ : কূটকৌশল। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী] মার [< সং. মৃ + ণিচ্] + প্যাঁচ [< পেঁচ] [ফা. পেচ]। ৬।১ বানান: ম্ + আ + র্ + পঁ + য্ + আ + চ্। বি.দ্র. : র ও চ-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মারফত, মারফৎ : মধ্যস্থতায়। অব্য। বিদেশী। < আ. মঅরফৎ। বাংলা বানান: ম্ + আ + র্ + ফ্ + অ + ত্ [ৎ]। বি.দ্র. : 'র' ও 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মারবেল, মার্বেল : মর্মর পাথর। বি। বিদেশী। < ইং. marble. বাংলা বানান: ম্ + আ + র্ + ব্ + এ + ল্। বি.দ্র. : 'র' ও 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মারমুখ, মারমুখো, মারমুখী : হাঙ্গামা সৃষ্টিতে উদ্যত। বিণ। তদ্ভব। মার [মৃ + ণিচ্] + মুখ, মুখো, মুখী [মুখ + অ, ও, ঈ]। ৬।১, ৬।৩ মারতে [মারণে] [উৎ] মুখ, মুখো, মুখী= অধিকরণতৎ। ৩।৩ বানান: ম্ + আ + র্ + ম্ + উ + খ্ + অ, ও, ঈ।

মারমূর্তি : প্রহারোদ্যত। বিণ। তৎসম। মার [< মৃ + ণিচ্] + মূর্তি [মুর্ছ্ + তি]। ৬।১ মারের মূর্তি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ + র্ + অ + ম্ + ঊ + র্ + ত্ + ই। বি.দ্র. : ম্ + ঊ= মূ, র্ + ত্ + ই= র্তি।

মারহাটা, মারহাট্টা : মহারাষ্ট্রদেশ বা তার অধিবাসী। বি। বিদেশী। < মারাঠী. মারহাট্টা। বাংলা বানান : ম্ + আ + র্ + হ্ + আ + ট্ [+ট্] + আ। বি.দ্র. : ট্ + ট্ + আ= ট্টা।

মারা : বিনাশ করা, বধ করা। ক্রি। তদ্ভব। [< সং. [মৃ + ণিচ্ + বাং. আ।] বানান : ম্ + আ + র্ + আ।

মারাঠা, মারাঠী : মহারাষ্ট্রদেশ বা তার অধিবাসী। বি। বিদেশী। < মারাঠী. মারহাট্টা + বাং. ঈ। বাংলা বানান : ম্ + আ + র্ + আ + ঠ্ + আ [ঈ]।

মারাত্মক : প্রাণঘাতী। বিণ। তৎসম। মার [< মৃ + ণিচ্] + আত্মক [সং. আত্মন্ + ক]। ৬।১ মার আত্মায় যার= বহুব্রী। ৩।৫ বানান : ম্ + আ + র্ + আ + ত্ + ম্ + অ + ক্ + অ।

মারামারি : পরস্পর আঘাত। বি। তদ্ভব। মারা [মার্ (< মৃ + অ) + আ] + মার [মৃ + অ]। + ই ৬।১ মেরে মেরে যে লড়াই= ব্যতিহার-বহুব্রী। ৩।৫ বানান : ম্ + আ + র্ + আ + ম্ + আ + র্ + ই।

মারি : মড়ক। বি। তৎসম। মার [মৃ + ণিচ্] + ই]। ৬।১ বানান : ম্ + আ + ব্ + ই।

মারিগুটিকা : বসন্তরোগের গুটি। বি। তৎসম। মারি ['মারি' দ্রষ্টব্য] + সং. গুটিকা। বানান : ম্ + আ + র্ + ই + গ্ + উ + ট্ + ই + ক্ + আ।

মারী : মড়ক। বি। তৎসম। মৃ + ণিচ্ + ঈ। ৬।১ বানান : ম্ + আ + র্ + ঈ।

মারীচ : সীতাকে প্রলুব্ধকারী মায়ামৃগরূপী রাক্ষস। বি। তৎসম। মার [মৃ + অ] + ঈচ। ৬।১ বানান : ম্ + আ + র্ + ঈ + চ্ + অ।

মারুত : বাতাস। বি। তৎসম। মরুৎ + অ। ৬।২ বানান : ম্ + আ + র্ + উ + ত্ + অ। বি.দ্র. : র্ + উ= রু।

মারুতি : পবননন্দন, হনুমান। বি। তৎসম। মরুৎ + ই [ঞি]। ৬।১ বানান : ম্ + আ + র্ + উ + ত্ + ই।

মারোয়াড়ি, মারোয়াড়ী : মাড়োয়ারের অধিবাসী। বি। বিদেশী। < হি. বানান : ম্ + আ + র্ + ও + য্ + আ + ড়্ + ই [ঈ]।

মার্কণ্ড : মৃকণ্ডু-পুত্র, মৃকণ্ডু রচিত। বিণ। তৎসম। মৃকণ্ডু + অ। ৬।২ বানান : ম্ + আ + র্ + ক্ + অ + ণ্ + ড্ + অ। বি.দ্র. : র্ + ক্ + অ= র্ক, ণ্ + ড্ + অ= ণ্ড। বি.দ্র. : 'ড্'-এর আগে 'ণ' হয়েছে। ৪।১।গ

মার্কণ্ডেয় : মৃকণ্ডু-পুত্র, মৃকণ্ডু-রচিত। বিণ। মৃকণ্ডু + এয় [ঢেয়]। ৬।২ বানান : ম্ + আ + র্ + ক্ + অ + ণ্ + ড্ + এ + য্ + অ। বি.দ্র. : র্ + ক্ + অ = র্ক, ণ্ + ড্ + এ= ণ্ডে। 'ড্'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।গ

মার্কা : চিহ্ন। বি। বিদেশী। < ইং. mark.। বাংলা বানান : ম্ + আ + র্ + ক্ + আ। বি.দ্র. : র্ + ক্ + আ= র্কা।

মার্কামারা : চিহ্নিত। বিণ। মিশ্র [বিদেশী + তদ্ভব]। মার্কা ['মার্কা' দ্রষ্টব্য] + মারা ['মারা' দ্রষ্টব্য]। বাংলা বানান : ম্ + আ + র্ + ক্ + আ + ম্ + আ + র্ + আ। বি.দ্র. : র্ + ক্ + আ= র্কা।

মার্কিন : মোটা সূতীকাপড়, আমেরিকা যুক্তরাষ্ট্র। বি। বিদেশী। < ইং. American. বাংলা বানান : ম্ + আ + র্ + ক্ + ই + ন্। বি.দ্র. : র্ + ক্ + ই= র্কি। 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মার্কিনী : আমেরিকা যুক্তরাষ্ট্রে জাত বা আমেরিকা যুক্তরাষ্ট্রের নাগরিক। বিণ, বি। বিদেশী। ইং. American + বাং. ঈ। বাংলা বানান : ম্ + আ + র্ + ক্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : র্ + ক্ + ই= র্কি, ন্ + ঈ= নী।

মার্কেট : বাজার [market]। বি। বিদেশী। < ইং.

market. বাংলা বানান : ম্ + আ + র্ + ক্ + এ + ট্। বি.দ্র. : র্ + ক্ + এ= র্কে, 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মার্গ : পথ। বি। তৎসম। মৃজ্ + অ। ৬।১ বানান : ম্ + আ + র্ + গ্ + অ। বি.দ্র. : র্ + গ্ + অ= র্গ।

মার্গশির : অগ্রহায়ণ মাস। বি। তৎসম। < সং. মৃগশিরস্ + অ। ণ + অ। ৬।২ বানান : ম্ + আ + র্ + গ্ + অ + শ্ + ই + র্ + অ। বি.দ্র. : র্ + গ্ + অ= র্গ।

মার্গশীর্ষ : অগ্রহায়ণ মাস। বি। তৎসম। < সং. মৃগশীর্ষ (নক্ষত্র) + অ। বানান : ম্ + আ + র্ + গ্ + অ + শ্ + ঈ + র্ + ষ্ + অ। বি.দ্র. : র্ + গ্ + অ= র্গ। শ্ + ঈ= শী, র্ + ষ্ + অ= র্ষ। 'র্'-এর পর 'ষ্' হয়েছে।

মার্চ : ইংরেজী বছরের তৃতীয় মাস। বি। বিদেশী। < ইং. March. বাংলা বানান : ম্ + আ + র্ + চ্। বি.দ্র. : র্ + চ্= র্চ।

মার্জক : যে মাজে। বিণ। তৎসম। মৃজ্ + অক। ৬।১ বানান : ম্ + আ + র্ + জ্ + অ + ক্ + অ। বি.দ্র. : র্ + জ্ + অ= র্জ।

মার্জন : মাজা। বি। তৎসম। মার্জ্ + অন। ৬।১ বানান : ম্ + আ + র্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র. : র্ + জ্ + অ= র্জ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'জ্' থাকায় 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

মার্জনা : ক্ষমা। বি। তৎসম। মার্জ্ + অন + আ। বানান : ম্ + আ + র্ + র্জ্ + অ + ন্ + আ। বি.দ্র. : র্ + জ্ + অ= র্জ।

মার্জনী : যা দিয়ে মাজা হয়। বি। তৎসম। মার্জ্ + অন + ঈ। ৬।১, ৭।১।গ বানান : ম্ + আ + র্ + জ্ + অ + ন্ + ঈ। বি.দ্র. : র্ + জ্ + অ= র্জ, ন্ + ঈ= নী, 'র' ও 'ন'-এর মধ্যে 'জ' থাকায় 'ন' 'ণ' হয় নি। ৪।১।গ

মার্জনীয় : মার্জনার যোগ্য। বিণ। তৎসম। মার্জ্ + অনীয়। ৬।১ বানান : ম্ + আ + র্ + জ্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র. : র্ + জ্ + অ= র্জ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'জ্' থাকায় 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

মার্জার : বিড়াল। বি। তৎসম। [মৃজ্ + আর]। ৬।১ বানান : ম্ + আ + র্ + র্জ্ + আ + র্ + অ। বি.দ্র. : র্ + জ্ + আ= র্জা।

মার্জারিকা : বিড়ালী। বি। তৎসম। মার্জার ['মার্জার' দ্রষ্টব্য] + ইক + আ [স্ত্রী]। ৬।২ বানান : ম্ + আ + র্ + জ্ + আ + র্ + ই + ক্ + আ। বি.দ্র. : র্ + ই= রি।

মার্জারী : বিড়ালী। বি। তৎসম। মার্জার ['মার্জার' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ম্ + আ + র্ + জ্ + আ + র্ + ঈ। বি.দ্র. : র্ + জ্ + আ= র্জা। র্ + ঈ= রী।

মার্জিত : যা মাজা হয়েছে, অনুশীলনের দ্বারা উৎকর্ষপ্রাপ্ত। বিণ। তৎসম। মার্জ্ + ত। ৬।১ বানান : ম্ + আ + র্ + জ্ + ই + ত্ + অ। বি.দ্র. : র্ + জ্ + ই= র্জি।

মার্জিতবুদ্ধি : উৎকর্ষপ্রাপ্ত বুদ্ধিসম্পন্ন। বিণ। তৎসম। মার্জিত ['মার্জিত' দ্রষ্টব্য] + বুদ্ধি [বুধ্ + তি]। ৬।১ মার্জিত বুদ্ধি যার= বহুব্রী। ৩।৫ বানান : ম্ + আ + র্ + জ্ + ই + ত্ + অ + ব্ + উ + দ্ + ধ্ + ই। বি.দ্র. : র্ + জ্ + ই= র্জি, দ্ + ধ্ + ই= দ্ধি।

মার্জিতরুচি : সুচারু রুচি-সম্পন্ন। বিণ। তৎসম। মার্জিত ['মার্জিত' দ্রষ্টব্য] + রুচি [রুচ্ + ই]। ৬।১ মার্জিত রুচি যার= বহুব্রী। ৩।৫ বানান : ম্ + আ + র্ + জ্ + ই + ত্ + অ + র্ + উ + চ্ + ই। বি.দ্র. : র্ + জ্ + ই= র্জি, র্ + উ= রু।

মার্জিতা : মার্জিত রুচিসম্পন্না। বিণ। তৎসম। মার্জিত ['মার্জিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ম্ + আ + র্ + জ্ + ই + ত্ + আ। বি.দ্র. : র্ + জ্ + ই= র্জি।

মার্তণ্ড : সূর্য। বি। তৎসম। মৃতণ্ড + অ। ৬।২ বানান : ম্ + আ + র্ + ত্ + অ + ণ্ + ড্ + অ। বি.দ্র. : র্ + ত্ + অ= র্ত। 'ড' এর আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

মাল : পণ্যদ্রব্য। বি। বিদেশী। < আ. মাল্। বাংলা বানান : ম্ + আ + ল্। বি.দ্র. : 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাল : মল্লবীর। বি। তদ্ভব। সং. মল্ল। বানান : ম্ + আ + ল্ + অ।

মালকোঁচা : মালের [মল্লের] মতো কোঁচা টেনে পেছনে গোঁজা। বি। মিশ্র [তদ্ভব + দেশী]। তদ্ভব. মাল [সং. মল্ল] + দেশী. কোঁচা। বানান : ম্ + আ + ল্ + কঁ + ও + চ্ + আ। বি.দ্র. : 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালকোশ, মালকোষ : সঙ্গীতের রাগ। বি। তদ্ভব। < সং. মালবকোশ (ষ)। বানান : ম্ + আ + ল্ + অ + ক্ + ও + শ্ [ষ্] + অ।

মালখানা : মূল্যবান দ্রব্যাদি রাখবার ঘর। বি। বিদেশী। আ. মাল + ফা. খানা। বানান : ম্ + আ + ল্ + খ্ + আ + ন্ + আ। বি.দ্র. : 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালগাড়ি : মালবাহী গাড়ি। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব] আ. মাল + তদ্ভব. গাড়ি [< সং. গন্ত্রী]। বানান : ম্ + আ + ল্ + গ্ + আ + ড়্ + ই। বি.দ্র. : 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালগুজার : জমিদার। বি। বিদেশী। আ. মাল. + ফা. গুজার। বানান : ম্ + আ + ল্ + গ্ + উ + জ্ + আ + র্। বি.দ্র. : গ্ + উ = গু, 'ল' ও 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালগুজারি : খাজনা। বি। বিদেশী। মালগুজার ['মালগুজার' দ্রষ্টব্য] + বাং. ই। বানান : ম্ + আ + ল্ + গ্ + উ + জ্ + আ + র্ + ই। বি.দ্র. : 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালজামিন : জামিন-রূপে রক্ষিত সম্পত্তি। বি। বিদেশী। আ. মাল + আ. জামিন্। বানান : ম্ + আ + ল্ + জ্ + আ + ম্ + ই + ন্। বি.দ্র. : 'ল' ও 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালঝাঁপ : বাংলার প্রাচীন ছন্দ। বি। দেশী। বানান : ম্ + আ + ল্ + ঝঁ + আ + প্। বি.দ্র. : 'ল' ও 'প'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালঞ্চ : পুষ্পোদ্যান। বি। তদ্ভব। <মালা-মঞ্চ। বানান : ম্ + আ + ল্ + অ + ঞ্ + চ্ + অ। বি.দ্র. : ঞ্ + চ্ + অ= ঞ্চ।

মালতী : চামেলী ফুল বা তার লতা গাছ। বি। তৎসম। <সং. মা [= লক্ষ্মী] + লতী [লত্ (= বেষ্টন) + অ + ঈ]। মা লক্ষ্মীকে যা লতিয়ে ওঠে। বানান : ম্ + আ + ল্ + অ + ত্ + ঈ।

মালদার : ধনবান। বিণ। বিদেশী। আ. মাল + ফা. দার। বানান : ম্ + আ + ল্ + দ্ + আ + র্। বি.দ্র. : 'ল' ও 'র'-এব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালপত্র : জিনিসপত্র। বি। মিশ্র [বিদেশী + তৎসম]। আ. মাল + সং. পত্র [পত্ + ত্রৈ + অ]। ৬।১ মাল ও পত্র= দ্বন্দ্ব। ৩।৪ বানান : ম + আ + ল্ + প্ + অ + ত্ + র্ + অ। বি.দ্র. : 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। ত্ + র্ + অ = ত্র।

মালপুয়া : ময়দা বা চালের চূর্ণে তৈরী লুচি-জাতীয় মিষ্টি খাবার [দেশী]। বি। দেশী। বানান : ম্ + আ + ল্ + প্ + উ + য়্ + আ। বি.দ্র. : 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালপো : ময়দা বা চালের চূর্ণে তৈরী লুচি-জাতীয় মিষ্টি খাবার। বি। দেশী। বানান : ম্ + আ + ল্ + প্ + ও। বি.দ্র. : 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। পো <পোয়া।

মালব : মধ্যভারতের দেশ, সঙ্গীতের রাগ। বি।

তৎসম। সং. মাল + বা + অ। ৬।১ বানান: ম্ + আ + ল্ + অ + ব্ + অ।

মালবৈদ্য: সাপের ওঝা। বি। তৎসম। সং. মাল [মল + অ] + সং. বৈদ্য [বেদ + অ]। ৬।১ মালের [বিষের] বৈদ্য [চিকিৎসক]= সম্বন্ধ তৎ। ৩।৩ বানান: ম্ + আ + ল্ + অ + ব্ + ঐ + দ্ + য্ + অ। বি.দ্র.: ব্ + ঐ= বৈ, দ্ + য্ + অ= দ্য।

মালভূমি: উচ্চ বিশাল সমতল প্রদেশ। [Plateau]। বি। তৎসম। সং. মাল [মা + ল] + ভূমি [ভূ + মি]। ৬।২ মাল [উন্নত স্থান] যে ভূমি= কর্মধা। ৩।২ বানান: ম্ + আ + ল্ + অ + ভ্ + ঊ + ম্ + ই। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ।

মালমসলা: উপকরণ। বি। বিদেশী। আ. মাল + আ. মসালহ্। বানান: ম্ + আ + ল্ + ম্ + অ + স্ + অ + ল্ + আ। বি.দ্র.: 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালশাট: মালকোঁচা। বি। মিশ্র [বিদেশী + তৎসম] তদ্ভব, মাল + সং. শাট। বানান: ম্ + আ + ল্ + শ্ + আ + ট্। বি.দ্র.: 'ল' ও 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালসা: বৃহৎ-মুখ মৃন্ময় পাত্র। <সং. মল্ল (মৃৎপাত্র) বি। তদ্ভব। বানান: ম্ + আ + ল্ + স্ + আ। বি.দ্র.: 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালসাট: মালকোঁচা। বি। মিশ্র। [তদ্ভব + তৎসম] <সং. মল্ল + <সং. সাট,শাট। বানান: ম্ + আ + ল্ + স্ + আ + ট্। বি.দ্র.: 'ল' ও 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালসি: ছোট মালসা। বি। তদ্ভব। মাল [<মল্ল (মাটির পাত্র)] + সি। বানান: ম্ + আ + ল্ + স্ + ই। বি.দ্র.: 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালশ্রী: সঙ্গীতের রাগিণী। বি। তদ্ভব। <সং. মালশ্রী। বানান: ম্ + আ + ল্ + অ + স্ + ঈ।

মালা: নারকেলের বাটির আকারের খোল। বি। তদ্ভব <সং. মালক। বানান: ম্ + আ + ল্ + আ।

মালা: হার। তৎসম। মা + লা + অ + আ। ৬।১ বানান: ম্ + আ + ল্ + আ।

মালাই: দুধের সব। বি। বিদেশী। <ফা. বালাই < বাংলা বানান: ম্ + আ + ল্ + আ + ই।

মালাইচাকি: মানুষের হাঁটুর চক্রাকার হাড় [knee-cap, knee-pan]। বি। তদ্ভব। <সং. মাল চক্রক। বানান: ম্ + আ + ল্ + আ + ই + চ্ + আ + ক্ + ই।

মালাইবরফ: বরফে জমান দুধে তৈরী মিষ্টি খাবার। বি। বিদেশী। ফা. মালাই + ফা. বরফ। বাংলা বানান: ম্ + আ + ল্ + আ + ই + ব্ + অ + র্ + অ + ফ্। বি.দ্র.: 'ফ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালাকর, মালাকার: মালী। বি। তৎসম। মালা মা + লা + অ + আ] + কর, কার [কৃ + অ]। ৬।১ মালা করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + আ + ল্ + আ + ক্ + অ [আ] + র্ + অ।

মালাচন্দন: মান্য ব্যক্তিকে বরণ করার পুষ্পমাল্য ও চন্দন। বি। তৎসম। মালা [মা + লা + অ + আ] + চন্দন [চন্দ্ (আনন্দ দেওয়া) + অন। ৬।১ মালা ও চন্দন= দ্বন্দ্ব। ৩।৪ বানান: ম্ + আ + ল্ + আ + চ্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ।

মালাবদল: বিয়েতে বরকনের মাল্য-বিনিময়। বি। মিশ্র। [তৎসম + দেশী]। মালা [মা + লা + অ + আ] + দেশী. বদল। মালার বদল [বিনিময়]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + আ

+ ল্ + আ + ব্ + অ + দ্ + অ + ল্। বি.দ্র. : 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালাবারী : মালাবার দেশীয়। বিণ। বিদেশী। মালাবার + বাং. ঈ। বানান : ম্ + আ + ল্ + আ + ব্ + আ + র্ + ঈ।

মালিক : অধিকারী। বি। বিদেশী। <আ. মালিক। বানান : ম্ + আ + ল্ + ই + ক্। বি.দ্র. : 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালিকা : ক্ষুদ্র মালা। বি। তৎসম। সং. মালা [মা + লা + অ + আ] + ইক + আ। ৬।১, ৭।১।খ

মালিকানা : অধিকার। বি। বিদেশী। আ. মালিক + বাং. আনা। ৬।৩ বানান : ম্ + আ + ল্ + ই + ক্ + আ + ন্ + আ।

মালিকি : মালিকানা। বি। বিদেশী। আ. মালিক + বাং. ই। ৬।৩ বানান : ম্ + আ + ল্ + ই + ক্ + ই।

মালিকী : মালিকানা-সংক্রান্ত। বিণ। বিদেশী। আ. মালিক + বাং. ঈ। বানান : ম্ + আ + ল্ + ই + ক্ + ঈ।

মালিন্য : মলিনতা। বি। তৎসম। সং. মলিন [মল + ইন] + য (ষ্যঞ)]। ৬।২ বানান : ম্ + আ + ল্ + ই + ন্ + য্ + অ। বি.দ্র. : ন্ + য্ + অ= ন্য।

মালিশ, মালিস : মর্দন, লাগাবার ঔষধ [ফা. মালিশ]। বি। বিদেশী। <ফা. মালিশ্। বাংলা বানান : ম্ + আ + ল্ + ই + শ্ [স্]। বি.দ্র. : শব্দান্তের 'শ' বা 'স'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালিনী : মাল্যভূষিতা, যে নারী মাল্য পুষ্প ইত্যাদি যোগান দেয়, সংস্কৃত ছন্দ। বি। তৎসম। বিণ, বি। তৎসম। মালা [মা + লা + অ + আ] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ মালা আছে যার [স্ত্রী]। বানান : ম্ + আ + ল্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

***মালী :** মালাকর, বাগানের পরিচারক। বি। তৎসম।* মালা [মা + লা + অ + আ] + ইন্ [ঈ]। ৬।১ মালা আছে যার। বানান : ম্ + আ + ল্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মালুম : উপলব্ধি। বি। বিদেশী। < আ. মালুম। বাংলা বানান : ম্ + আ + ল্ + উ + ম্। বি.দ্র. : শব্দান্তের 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালুমকাঠ : জাহাজের মাস্তুল। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। মালুম + কাঠ [<সং. কাষ্ঠ]। ৬।১ বানান : ম্ + আ + ল্ + উ + ম্ + ক্ + আ + ঠ। শব্দ-মধ্যের 'ম' ও শব্দান্তের 'ঠ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালেক : অধিকারী। বিণ। বিদেশী। <আ. মালিক। বানান : ম্ + আ + ল্ + এ + ক্। শব্দান্তের 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মালো : জেলে। বি। তদ্ভব। <সং. মাল + বাং. ও। বানান : ম্ + আ + ল্ + ও।

মালোপমা : একই উপমেয়ের মালার মতো একাধিক উপমান। বি। তৎসম। সং. মালা [মা + লা + অ + আ] + সং. উপমা [উপ + মা + অ + আ]। ৬।১, ৭।১।ক [সন্ধি] আ + উ = ও [লো]। ৫।১।খ মালার ন্যায় উপমা= উপমিত-কর্মধা। ৩।২ বানান : ম্ + আ + ল্ + ও + প্ + অ + ম্ + আ।

মাল্য : মালা। বি। তৎসম। মা + লা + য [যৎ]। ৬।১ বানান : ম্ + আ + ল্ + য্ + অ। বি.দ্র. : ল্ + য্ + অ= ল্য।

মাল্যবতী : মাল্যধারিণী। বিণ। তৎসম। মাল্য [মা + লা + য (যৎ)] + বৎ [বতুপ্] + ঈ [স্ত্রী]। ৬।১, ৬।২, ৭।১।ঝ মাল্য আছে যার [স্ত্রী]। বানান : ম্ + আ + ল্ + য্ + অ + ব্ + অ + ত্ + ঈ।

মাল্যবান : মাল্যধারী, রামায়ণে উক্ত পর্বত। বি। তৎসম। মাল্য [মা + লা + য (যৎ) + বৎ [বৎ (বতুপ্)]। ৬।১, ৬।২, মালা আছে যার। বানান : ম্ + আ + ল্ + য্ + অ + ব্ + আ + ন্।

মাল্লা : নাবিক। বি। বিদেশী। <আ. মল্লাহ্। বাংলা বানান : ম্ + আ + ল্ + ল্ + আ। বি.দ্র. : ল্ + ল্ + আ= ল্লা।

মাষা : স্বর্ণাদির ওজন। বি। তদ্ভব। সং. মাষ + বাং. আ। বানান : ম্ + আ + ষ্ + আ। বি.দ্র. : 'মাষা'-র 'ষ' স্বাভাবিক 'ষ'।

মাস : মাংস। বি। তদ্ভব। <সং. মাস। বানান : ম্ + আ + স্। বি.দ্র. : 'স'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাস : মাষাকলাই, বিবিকলাই। বি। তদ্ভব। <সং. মাষ কলায়। বানান : ম্ + আ + স। বি.দ্র. : 'স্'-এব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাস : ৩০ দিন। বি। তৎসম। <সং. মাস। বানান : ম্ + আ + স্ + অ।

মাসওয়ারি, মাসওয়ারী : মাসিক। বিণ। বিদেশী। বাংলা বানান : ম্ + আ + স্ + ও + য্ + আ + র্ + ই, ঈ। বি.দ্র. : 'স'-এব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাসকাবার : মাসের শেষ বা শেষদিন। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. মাস + আ. কাবার [<কুবর্]। বাংলা বানান : ম্ + আ + স্ + অ + ক্ + আ + ব্ + আ + র্। 'র'-এব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাসকাবারি, মাসকাবারী : মাসান্তে করণীয়। বিণ। মিশ্র [তৎসম + বিদেশী]। মাসকাবার ['মাসকাবার' দ্রষ্টব্য] + বাং. ই, ঈ। বাংলা বানান : ম্ + আ + স্ + অ + ক্ + আ + ব্ + আ + র্ + ই, ঈ।

মাসতুত, মাসতুতো : মাসীর অথবা পতি বা পত্নীর মাসীর সন্তান [বাং. মাসী + তুত]। বি। তদ্ভব। মাস [<মাসী বাং. <সং. মাতৃস্বসা] + বাং. তুত [<সং. তাত]। বানান : ম্ + আ + স্ + ত্ + উ + ত্ + অ, ও। বি.দ্র. : 'স্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাসমাহিনা : মাসিক বেতন। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. মাস + ফা. মাহ্আনহ্। বাংলা বানান : ম্ + আ + স্ + অ + ম্ + আ + হ্ + ই + ন্ + আ।

মাসশ্বশুর : স্বামী বা স্ত্রীর মেসো। বি। মিশ্র [তদ্ভব + তৎসম]। তদ্ভব. মাসী + সং. শ্বশুর [শু < সু= অতিদ্রুত] + অশ্ (খাওয়া) + উর। ৬।১ মাসী-সম্পর্কিত শ্বশুর= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + আ + স্ + শ্ + ব্ + অ + শ্ + উ + র্ + অ। বি.দ্র. : 'স'-এব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাসহারা, মাসোহারা : প্রতি মাসে প্রদেয় ভাতা। বি। বিদেশী। <আ. মুশাহারা। বাংলা বানান : ম্ + আ + স্ + অ + হ্ + আ + র্ + আ।

মাসা : স্বর্ণাদির ওজন। বি। তদ্ভব। <সং. মাষ + বাং. আ। বানান : ম্ + আ + স্ + আ।

মাসান্ত : মাসের শেষ। বি। তদ্ভব। <সং. মাস + অন্ত। বানান : ম্ + আ + স্ + আ + ন্ + ত্ + অ।

মাসি, মাসিমা : মায়ের ভগিনী। বি। তদ্ভব। <সং. মাতৃস্বসা <সং. মাতৃস্বসৃ, মা <মাতৃ [সং.] বানান : ম্ + আ + স্ + ই, ম্ + আ + স্ + ই + ম্ + আ।

মাসী, মাসীমা : মায়ের ভগিনী। বি। তদ্ভব। <সং. মাতৃস্বসা <মাতৃস্বসৃ, + মা [<সং. মাতৃ]। বানান : ম্ + আ + স্ + ঈ, + ম্ + আ।

মাসুল : শুল্ক। বি। বিদেশী। <আ. মহ্সূল্। বাংলা বানান : ম্ + আ + স্ + উ + ল্। বি.দ্র. : 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাস্টার : শিক্ষক, অধ্যক্ষ। বি। বিদেশী। <ইং. master. বাংলা বানান : ম্ + আ + স্ + ট্ + আ + র্। বি.দ্র. : 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাস্টারি : শিক্ষকতা। বি। বিদেশী। <ইং. মাস্টার [master] + বাং. ই। বাংলা বানান : ম্ + আ + স্ + ট্ + আ + র্ + ই।

মাস্তল : নৌযানে পাল খাটাবার কাষ্ঠদণ্ড। বি। বিদেশী। <পো. master বাংলা বানান : ম্ + আ + স্ + ত্ + উ + ল্। বি.দ্র. : স্ + ত্ + উ = স্তু। 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাহাজনিক : মহাজন-সম্বন্ধীয়। বিণ। তৎসম। সং. মহাজন + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: ম্ + আ + হ্ + আ + জ্ + অ + ন্ + ই + ক্ + অ।

মাহাত্ম্য : মহত্তের ভাব, মহিমা। বি। তৎসম। সং. মহাত্মা [মহা + আত্মন্] + য(ষ্ণ্য)] ৬।১ বানান : ম্ + আ + হ্ + আ + ত্ + ম্ + য্ + অ। বি.দ্র. : ত্ + ম্ + য্ + অ= ত্ম্য।

মাহিনা : মাসিক বেতন। বি। বিদেশী। বাংলা বানান : ম্ + আ + হ্ + ই + ন্ + আ।

মাহিষ : ভঁয়সা। বিণ। তৎসম। সং. মহিষ + অ। বি.দ্র. : 'মহিষ'-এর 'ষ' স্বাভাবিক 'ষ'।

মাহিষ্য : হিন্দুজাতি। [মহিষ + য]। বি। তৎসম। <সং. মহিষ + য [ষ্ণ্য]। বানান : ম্ + আ + হ্ + ই + ষ্ + য্ + অ। বি.দ্র: ষ্ + য্ + অ= ষ্য।

মাহুত : হস্তিচালক। বি। তদ্ভব। <সং. মহামাত্র। বানান : ম্ + আ + হ্ + উ + ত্। বি.দ্র: 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মাহেন্দ্র : মহেন্দ্র বা দেবরাজ ইন্দ্র সম্বন্ধীয়। বিণ। তৎসম। <সং. মহেন্দ্র (মহা + ইন্দ্র) + অ। [সন্ধি] আ + ই= এ [হে]। ২।৪।গ বানান : ম্ + আ + হ্ + এ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + র্ + অ= ন্দ্র।

মাহেন্দ্রক্ষণ : দুর্লভ সুযোগ। বি। তৎসম। মাহেন্দ্র [মহেন্দ্র (মহা + ইন্দ্র) + অ] + ক্ষণ [ক্ষণ্ + অ]। ৬।১ [সন্ধি] আ + ই= এ [হে]। ২।৪।গ মাহেন্দ্র যে ক্ষণ= কর্মধা। ৩।২ বানান : ম্ + আ + হ্ + এ + ন্ + দ্ + র্ + অ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + অ= ক্ষ। বি.দ্র. : 'ষ্' ও 'ণ'-এর মধ্যে 'অ' থাকায় 'ণ' হয়েছে।

মিউ, মিউমিউ : বিড়ালছানার ডাক। বি। দেশী। ধ্বন্যাত্মক শব্দ। বানান : ম্ + ই + উ।

মিউজিয়াম : জাদুঘর। বি। বিদেশী। <ইং. museum. বাংলা বানান : ম্ + ই + উ + জ্ + ই + য্ + আ + ম্। বি.দ্র. : শব্দান্তের 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিউনিসিপ্যালিটি : পৌরসভা। <ইং. municipality. বি। বিদেশী। বাংলা বানান : ম্ + ই + উ + ন্ + ই + স্ + ই + প্ + য্ + আ + ল্ + ই + ট্ + ই।

মিউনিসিপ্যাল : পৌর। বিণ। তৎসম। <ইং. municipal. বাংলা বানান : ম্ + ই + উ + ন্ + ই + স্ + ই + প্ + য্ + আ + ল্। 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মি. : মহাশয়, ইংরেজি মিস্টার। বি। বিদেশী। <ইং. mister—Mr. বাংলা বানান : ম্ + ই + স্ + ট্ + আ + র্। বি.দ্র. : 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। মি.= ম্ + ই + . [ডট্-চিহ্ন]।

মিছরি : স্ফটিকের ন্যায় দানাবাঁধা চিনি। বি। বিদেশী। <আ. মিশ্‌রী। বাংলা বানান : ম্ + ই + ছ্ + র্ + ই। বি.দ্র. : 'ছ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিছা : মিথ্যা। বিণ। তদ্ভব। <সং. মিথ্যা। বানান : ম্ + ই + ছ্ + আ।

মিছামিছি : বৃথা। ক্রি-বিণ। তদ্ভব। ['মিছা' দ্রষ্টব্য] + মিছি ['মিছা'-র শহচর শব্দ। বানান : ম্ + ই + ছ + আ + ম্ + ই + ছ্ + ই।

মিছিল : নথিপত্র, শোভাযাত্রা। বি। বিদেশী। <আ. মিস্ল্। বাংলা বানান : ম্ + ই্ + ছ্ + ই + ল্। 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিছে : মিথ্যা [সং. মিথ্যা]। বিণ। তদ্ভব। <বাং. মিছে <মিছা <সং. মিথ্যা। বানান : ম্ + ই + ছ্ + এ।

মিজরাব : তার-নির্মিত অঙ্গুলিত্রাণ। বি। বিদেশী। <আ. মিজ্রাব্। বাংলা বানান : ম্ + ই + জ্ + র্ + আ + ব্। বি.দ্র. : 'জ' ও 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিঞা, মিয়া : মহাশয়। বি। দেশী। বানান : ম্ + ই + ঞ্ + আ।

মিট : বিবাদের নিষ্পত্তি। বি। বিদেশী। বানান : ম্ + ই + ট্। বি.দ্র. : 'ট'-এর হসন্ত চিহ্ন নিষ্প্রয়োজন।

মিট্‌মিট্ : স্তিমিত-প্রায় আলোক বিকিরণ। অব্য। দেশী। বানান : ম্ + ই + ট্ + ম্ + ই + ট্। 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিট্‌মাট : আপসনিষ্পত্তি। বি। দেশী। বানান : ম্ + ই + ট্ + ম্ + আ + ট্। বি.দ্র. : প্রথম 'ট্'-এর হসন্ত-চিহ্ন প্রয়োজন। শেষের 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিট্‌মিটে : ক্ষীণ। বিণ। দেশী। বানান : ম্ + ই + ট্ + ম্ + ই + ট্ + এ। বি.দ্র. : প্রথম 'ট্'-এর হসন্ত-চিহ্ন প্রয়োজন।

মিটা : বিবাদের নিষ্পত্তি, চুকে যাওয়া। বি। দেশী। বানান : ম্ + ই + ট্ + আ।

মিটান, মিটানো : চুকানো। ক্রি। দেশী। মিটা + বাং. আন, আনো। বানান : ম্ + ই + ট্ + আ + ন্ + অ [ও]।

মিটিমিটি : মিটমিট করে। ক্রি-বিণ। দেশী। বানান : ম্ + ই + ট্ + ই + ম্ + ই + ট্ + ই।

মিঠা, মিঠে : মিষ্ট। বিণ। তদ্ভব। <সং. মিষ্ট। বানান : ম্ + ই + ঠ্ + আ [এ]। বি.দ্র. : মিঠে <বাং. মিঠা <সং. মিষ্ট।

মিঠাই : মিষ্টান্ন। বি। তদ্ভব। মিঠ [<সং. মিষ্ট] + বাং. আই। ৬।৩ বানান : ম্ + ই + ঠ্ + আ + ই।

মিঠাকড়া, মিঠেকড়া : মধুর অথচ ঝাঁজাল। বিণ। তদ্ভব। <সং. মিষ্টকঠোর। মিঠা, মিঠে <সং. মিষ্ট, কড়া < সং. কঠোর। বানান : ম্ + ই + ঠ্ + আ + ক্ + অ + ড়্ + আ।

মিড় : অনবচ্ছিন্নভাবে স্বর থেকে স্বরান্তরে গমন। বি। দেশী। বানান : ম্ + ই + ড়্। বি.দ্র. : 'ড়্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিত : পরিমিত। বিণ। তৎসম। মা + ত। বানান : ম্ + ই + ত্ + অ।

মিতকনে : বিবাহকালে কনের পাশে স্থিতা সখী। বি। তদ্ভব। মিত <সং. মিত্র [মিত্রা] + কনে [<সং. কন্যা]। মিত [মিতা] যে কন্যা= কর্মধা। ৩।২ কন্যার মিতা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + ই + ত্ + ক্ + অ + ন্ + এ। বি.দ্র. : 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিতবর : নিতবর। বি। তদ্ভব। মিত [<সং. মিত্র] + বর [বৃ + অ]। ৬।১ বরের মিত [মিত্র] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + ই + ত্ + ব্ + অ + র্। বি.দ্র. : 'ত' ও 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিতবাক্ : সংযতবাক্। বিণ। তৎসম। মিত [মা + ত] + বাক্ [<সং. বাচ্]। ৬।১ মিত বাক্ যার = বহুব্রী। ৩।৫ বানান : ম্ + ই + ত্ + অ + ব্ + আ + ক্।

মিতব্যয় : আয়-অনুযায়ী ব্যয়। বি। তৎসম। মিত [মা + ত] + ব্যয় [বি + ই + অ]। ৬।১ মিত [পরিমিত] ব্যয়= কর্মধা। ৩।২ বানান : ম্ + ই + ত্ + অ + ব্ + য্ + অ + য্ + অ। বি.দ্র. : ব্ + য্ + অ= ব্য।

মিতব্যয়িতা : আয় বুঝে ব্যয় করার স্বভাব। বি।

তৎসম। মিত [মা + ত] + ব্যয়িতা [ব্যয় (বি + ই + অ) + ইত [<ইন্) + আ]। ৬৷১ বানান: ম্ + ই + ত্ + অ + ব্ + য্ + অ + য় + ই + ত্ + আ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য।

মিতব্যয়ী: হিসাবী। বিণ। তৎসম। মিত [মা + ত] + ব্যয় (বি + ই + অ) + ইন্ (ঈ)। ৬৷১ মিত [পরিমিত] ব্যয় করে যে= উপপদ তৎ। ৩৷৩ বানান: ম্ + ই + ত্ + অ + ব + য্ + অ + য় + ঈ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মিতভাষিতা: স্বল্পভাষিতা। বি। তৎসম। মি [মা + ত] + ভাষিতা [ভাষ + ইত (<ইন্) + আ]। ৬৷১ মিত যে ভাষিতা= কর্মধা। ৩৷২ বানান: ম্ + ই + ত্ + অ + ভ্ + আ + ষ্ + ই + ত্ + আ। বি.দ্র.: 'ভাষিতা'-র 'ষ' স্বাভাবিক 'ষ'।

মিতভাষিণী: স্বল্পভাষিণী। বিণ। তৎসম। মিত [মা + ত] + ভাষিণী [ভাষ্ + ইন্ + ঈ]। ৬৷১, ৭৷১৷চ মিত কথা [ভাষা] বলে যে= উপপদতৎ। ৩৷৩ বানান: ম্ + ই + ত্ + অ + ভ্ + আ + ষ্ + ই + ণ + ঈ। বি.দ্র.: ১. 'ভাষিণী'-র 'ষ' স্বাভাবিক। ২. 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪৷১৷গ ৩. শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই 'ভাষিণী'র আগে 'ই', পরে 'ঈ'।

মিতভাষী: সংযতবাক্। বিণ। তৎসম। মিত [মা + ত] + ভাষী [ভাষ্ + ইন্ (ঈ)]। ৬৷১ মিত-কথা [ভাষা] বলে যে= উপপদ তৎ। ৩৷৩ বানান: ম্ + ই + ত্ + অ + ভ্ + আ + ষ্ + ঈ। বি.দ্র.: ১. 'ভাষী'-র 'ষ' স্বাভাবিক 'ষ'। ২. শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মিতভোজন: পরিমিত আহার। বি। তৎসম। মিত [মা + ত] + ভোজন [ভুজ্ + অন]। ৬৷১ মিত যে ভোজন = কর্মধা। ৩৷২ বানান: ম্ + ই + ত্ + অ + ভ্ + ও + জ্ + অ + ন্ + অ।

মিতভোজী: পরিমিত ভোজনকারী। বিণ। তৎসম। মিত [মা + ত] + ভোজী [ভুজ্ + ইন্ [ঈ]। ৬৷১ মিত ভোজন করে যে= উপপদ-তৎ। ৩৷৩ বানান: ম্ + ই + ত্ + অ + ভ্ + ও + জ্ + ঈ। বি.দ্র.: জ্ + ঈ= জী।

মিতা: বন্ধু। বি। তদ্ভব। মিত [<সং. মিত্র] + বাং. আ [স্ত্রী]। ৭৷১৷ক বানান: ম্ + ই + ত্ + আ।

মিতাক্ষরা: যাজ্ঞবল্ক্য-সংহিতার টীকা। বি। তৎসম। মিত + অক্ষর + আ [স্ত্রী]। [সন্ধি] অ + অ= আ [তা]। ২৷১৷ক মিত [পরিমিত] অক্ষর যার [স্ত্রী]= বহুব্রী। ৩৷৫ বানান: ম্ + ই + ত্ + আ + ক্ + ষ্ + অ + র্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

মিতাচার: সংযত আচরণ। বি। তৎসম। মিত [মা + ত]। + আচার [আ + চর্ + অ]। ৬৷১ [সন্ধি] অ + আ = আ [তা] ২৷১৷খ মিত [পরিমিত] যে আচার= কর্মধা। ৩৷২ বানান: ম্ + ই + ত্ + আ + চ্ + আ + র্ + অ।

মিতাচারিণী: সংযমী। বিণ। তৎসম। মিত [মা + ত] + আচারিণী [আ + চর্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬৷১, ৭৷১৷চ [সন্ধি] অ + আ= আ [তা] মিত [পরিমিত] আচরণ করে যে [স্ত্রী] উপপদতৎ। ৩৷৩ বানান: ম্ + ই + ত্ + আ + চ্ + আ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে।

মিতাচারী: সংযমী। বিণ। তৎসম। মিত [মা + ত] আচারী [আ + চর্ + ইন্ [ঈ]। ৬৷১ মিত [পরিমিত] আচরণ করে যে= উপপদতৎ। ৩৷৩ বানান: ম্ + ই + ত্ + আ + চ্ + আ

+ র্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মিতাশন : পরিমিত আহার। বি। তৎসম। মিত [মা + ত] + অশন [অশ্ (খাওয়া) + অন]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [তা]। ২।১।ক মিত [পরিমিত] যে অশন [ভোজন]= কর্মধা। ৩।২ বানান : ম্ + ই + ত্ + আ + শ্ + অ + ন্ + অ।

মিতাশী : পরিমিত ভোজনকারী। বিণ। তৎসম। মিত [মা + ত] + আশী [অশ্ + ইন্ [ঈ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [তা]। ২।১।খ মিত [পরিমিত] আশ [ভোজন] করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + ই + ত্ + আ + শ্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মিতাহার : পরিমিত আহার। বি। তৎসম। মিত [মা + ত] + আহার [আ + হৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [তা]। ২।১।ক মিত [পরিমিত] যে আহার [ভোজন] = কর্মধা। ৩।২ বানান : ম্ + ই + ত্ + আ + হ্ + আ + র্ + অ।

মিতাহারী : পরিমিত ভোজনকারী। বিণ। তৎসম। মিত [মা + ত] + আহারী [আ + হৃ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [তা]। ২।১।খ মিত [পরিমিত] আহার করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + ই + ত্ + আ + হ্ + আ + র্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মিতি : পরিমাপ-নির্ধারণ। বি। তৎসম। মা + তি। ৬।১ বানান : ম্ + ই + ত্ + ই।

মিতিন : বন্ধুপত্নী। বি। তদ্ভব। মিতা [<সং. মিত্র] + বাং. ইন [স্ত্রী]। ৬।৩, ৯।১।ঝ বানান : ম্ + ই + ত্ + ই + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিত্র : বন্ধু। বি। তৎসম। বানান : ম্ + ই + ত্ + র্ + অ। বি.দ্র. : ত্ + র্ + অ= ত্র।

মিত্রতা, মিত্রত্ব : বন্ধুত্ব। বি। তৎসম। মিত্র + তা, ত্ব। ৬।২ বানান : ম্ + ই + ত্ + র্ + অ + ত্ + আ, ত্ + ব্ + অ। বি.দ্র. : ত্ +র্ + অ = ত্র, ত্ + ব্ + অ= ত্ব।

মিত্রা : সখী। বি। তৎসম। মিত্র + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ম্ + ই + ত্ + র্ + আ। বি.দ্র. : ত্ + র্ + আ = ত্রা।

মিত্রাক্ষর, মিতাক্ষর : অন্ত্যমিলযুক্ত ছন্দ। বি। তৎসম। মিত্র, মিত + অক্ষর [ন + ক্ষর্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ত্রা, তা]। ২।১।ক মিত্র [অন্ত্যমিলযুক্ত], মিত [পরিমিত] অক্ষর যার= বহুব্রী। ৩।৫ বানান : ম্ + ই + ত্ + র্ + আ [ত্ + আ] + ক্ + ষ্ + অ + র্ + অ। বি.দ্র. : ত্ + র্ + আ= ত্রা, ক্ + ষ্ + অ= ক্ষ।

মিত্রামিত্র : বন্ধু ও শত্রু। বি। তৎসম। মিত্র + অমিত্র। [সন্ধি] অ + অ = আ। [ত্রা]। ২।১।ক মিত্র ও অমিত্র= দ্বন্দ্ব। ৩।৪ বানান : ম্ + ই + ত্ + র্ + আ + ম্ + ই + ত্ + র্ + অ। বি.দ্র. : ত্ + র্ + আ= ত্রা, ত্ + র্ + অ= ত্র।

মিথিলা : প্রাচীন বিদেহ রাজ্যের রাজধানী। বি। তৎসম। মিথ্ + ইল্ + অ + আ। ৬।১, ৭।১।ক, বানান : ম্ + ই + থ্ + ই + ল্ + আ।

মিথুন : স্ত্রী-পুরুষ, যুগল, স্ত্রী-পুরুষের মিলন। বি। তৎসম। মিথ্ [সঙ্গম করা] + উন। ৬।১ বানান : ম্ + ই + থ্ + উ + ন্ + অ।

মিথ্যা : অসত্য, নিষ্ফল। বি, বিণ। মিথ্ + য (যৎ) + আ। ৬।১ বানান : ম্ + ই + থ্ + য্ + আ। বি.দ্র. : থ্ + য্ + আ= থ্যা।

মিথ্যাচরণ, মিথ্যাচার : কপটতা। বি। তৎসম। মিথ্যা ['মিথ্যা' দ্রষ্টব্য] + আচরণ, আচার [আ + চর্ + অন, অ]। ৬।১ [সন্ধি] আ + আ। ২।১।ঘ মিথ্যা যে আচরণ, আচার= কর্মধা। ৩।২

বানান: ম্ + ই + থ্ + য্ + আ + চ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: থ্ + য্ + আ= থ্যা। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মিথ্যাচারিণী: কপটস্বভাবা। বিণ। তৎসম। মিথ্যা ['মিথ্যা' দ্রষ্টব্য] + আচারিণী [আ + চর্ + ইন্ [ঈ]। ৬।১, ৭।১।চ [সন্ধি] আ + আ= আ [থ্যা]। ২।১।ঘ মিথ্যা আচরণ করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + ই + থ্ + য্ + আ + চ্ + আ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: ১. 'র' ও 'ন্'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ২. শব্দটি 'ইন্' + 'ঈ'= 'ঈনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মিথ্যাচারী: কপটস্বভাব। বিণ। তৎসম। মিথ্যা ['মিথ্যা' দ্রষ্টব্য] + আচারী [আ + চর্ + 'ইন্' (ঈ)]। ৬।১ [সন্ধি] আ + আ= আ [থ্যা]। ২।১।ঘ মিথ্যা আচরণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + ই + থ্ + য্ + আ + চ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: থ্ + য্ + আ= থ্যা। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মিথ্যাবাদ: মিথ্যা কথা। বি। তৎসম। মিথ্যা ['মিথ্যা' দ্রষ্টব্য] + বাদ [বদ্ +অ] ৬।১ মিথ্যা যে বাদ [উক্তি]= কর্মধা। ৩।২ বানান: ম্ + ই + থ্ + য্ + আ + ব্ + আ + দ্ + অ। বি.দ্র.: থ্ + য্ + আ= থ্যা।

মিথ্যাবাদিনী: যে নারী মিথ্যা কথা বলে। বিণ। তৎসম। বিথ্যা ['মিথ্যা' দ্রষ্টব্য] + বাদিনী [বদ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ মিথ্যা বলে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + ই + থ্ + য্ + আ + ব্ + আ + দ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মিথ্যাবাদী: যে মিথ্যা কথা বলে। বিণ। তৎসম। মিথ্যা ['মিথ্যা' দ্রষ্টব্য] + বাদী [বদ্ + ইন্ + (ঈ)]। ৬।১ মিথ্যা বলে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + ই + থ্ + য্ + আ + ব্ + আ + দ্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মিথ্যাভাষণ: মিথ্যা কথা। বি। তৎসম। মিথ্যা ['মিথ্যা' দ্রষ্টব্য] + ভাষণ [ভাষ্ + অন]। ৬।১ মিথ্যা যে ভাষণ= কর্মধা। ৩।২ বানান: ম্ + ই + থ্ + য্ + আ + ভ্ + আ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: থ্ + য্ + আ= থ্যা। ১. 'ভাষণ' শব্দের 'ষ' স্বাভাবিক 'ষ'। ২. 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মিথ্যাভাষিণী: যে নারী মিথ্যা কথা বলে। বিণ। তৎসম। মিথ্যা ['মিথ্যা' দ্রষ্টব্য] + ভাষিণী [ভাষ্ + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।চ মিথ্যা বলে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + ই + থ্ + য্ + আ + ভ্ + আ + ষ্ + ই + ণ্ + ঈ। ১. 'ভাষিণী' শব্দের 'ষ' স্বাভাবিক 'ষ'। ২. 'ষ' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৩. শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মিথ্যাভাষী: যে মিথ্যা কথা বলে। বিণ। তৎসম। মিথ্যা ['মিথ্যা' দ্রষ্টব্য] + ভাষী [ভাষ্ + ইন্ (ঈ)]। ৬।১, ৭।১।চ মিথ্যা বলে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + ই + থ্ + য্ + আ + ভ্ + আ + ষ্ + ঈ। বি.দ্র.: থ্ + য্ + আ= থ্যা। ১. 'ভাষী' শব্দের 'ষ' স্বাভাবিক 'ষ'। ২. শব্দটি 'ইন্' [ঈ]-কারান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মিথ্যুক: মিথ্যাবাদী। বিণ। তৎসম। মিথ্যা + উক। ৬।২ যে মিথ্যা কথা বলে। বানান: ম্ + ই + থ্ + য্ + উ + ক্ + অ। বি.দ্র.: থ্ + য্ + উ= থ্যু।

মিথ্যে: অসত্য। বি, বিণ। তদ্ভব। < সং. মিথ্যা। বানান: ম্ + ই + থ্ + য্ + এ। বি.দ্র.: থ্ + য্ + এ= থ্যে।

মিনতি : বিনীত প্রার্থনা। বি। মিশ্র। [তৎসম + বিদেশী]। সং. বিজ্ঞপ্তি + আ. মিন্নৎ। বানান : ম্ + ই + ন্ + অ + ত্ + ই।

মিনমিন : ক্ষীণতা প্রকাশক। অব্য। দেশী। বানান : ম্ + ই + ন্ + ম্ + ই + ন্। বি.দ্র. : 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিনমিনে : যে মিনমিন করে। বিণ। দেশী। মিনমিন + বাং. এ। ৬।৩ বানান : ম্ + ই + ন্ + ম্ + ই + ন্ + এ। বি.দ্র. : 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিনসা, মিনসে : বয়ঃপ্রাপ্ত পুরুষ। বি। অর্ধ-তৎসম। <সং. মনুষ্য। বানান : ম্ + ই + ন্ + স্ + আ, এ। বি.দ্র. : অর্ধ-তৎসম শব্দে 'ষ' 'স' হয়েছে।

মিনা : ধাতুর ওপর কলাই। বি। বিদেশী। <ফা. মিনাহ্। বাংলা বানান : ম্ + ই + ন্ + আ।

মিনার : স্তম্ভাকৃতি উচ্চ চূড়া, গম্বুজাকৃতি অট্টালিকা। বি। বিদেশী। <ফা. মীনার্। বাংলা বানান : ম্ + ই + ন্ + আ + র্। বি.দ্র. : 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিনি : বিনা। অব্য। তৎসম। <সং. বিনা। বানান : ম্ + ই + ন্ + ই।

মিনি : ক্ষুদ্রাকৃতি। বিণ। বিদেশী। <লা. minimum. বানান : ম্ + ই + ন্ + ই। যেমন : 'মিনি' বাস। বাংলা বানান : ম্ + ই + ন্ + ই।

মিনিট : সময়ের পরিমাপ। বি। বিদেশী। <ইং. minute. বাংলা বানান : ম্ + ই + ন্ + ই + ট্। বি.দ্র. : 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিয়নো : নরম হয়ে যাওয়া। বি। তদ্ভব। বানান : ম্ + ই + য় + অ + ন্ + ও।

মিয়া : মুসলমান ভদ্রলোক। বি। বিদেশী। <ফা. মিআঁ। বাংলা বানান : ম্ + ই + য় + আ।

মিয়াদ : নির্দিষ্ট সময়। বি। বিদেশী। < আ. মিয়াদ্। বাংলা বানান : ম্ + ই + য় + আ + দ্। বি.দ্র. : 'দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিয়াদী : কালবন্দী। বিণ। বিদেশী। <আ. মিয়াদ + বাং. ঈ। ৬।৩ বাংলা বানান : ম্ + ই + য় + আ + দ্ + ঈ। বি.দ্র. : দ্ + ঈ= দী।

মিয়ান, মিয়ানো : নরম হয়ে যাওয়া। বি। তদ্ভব। বানান : ম্ + ই + য় + আ + ন্ + অ, ও।

মিয়াসাহেব : মুসলমান ভদ্রলোক। বি। বিদেশী। <ফা. মিআঁ + <আ. সাহিব। বাংলা বানান : ম্ + ই + য় + আ + স্ + আ + হ্ + এ + ব্। বি.দ্র. : 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিল : যন্ত্র-চালিত কারখানা, মিলন, সাদৃশ্য, সদ্ভাব। বি। তৎসম। মিল্ + অ। ৬।১ বানান : ম্ + ই + ল্ + অ।

মিলন : বিচ্ছেদান্তে সদ্ভাব, ঐক্য। বি। তৎসম। মিল্ + অন। ৬।১ বানান : ম্ + ই + ল্ + অ + ন্ + অ।

মিলনান্তক : উপসংহারে নায়ক-নায়িকার সদ্ভাব। বিণ। তৎসম। মিলন [মিল্ + অন] + অন্তক [অন্ত (অম্ + ত) +ক]। ৬।১, ৬।২ [সন্ধি] অ + অ= আ [না]। ২।১।ক মিলনে অন্ত [সমাপ্তি] যার= বহুব্রী। ৩।৫ বানান : ম্ + ই + ল্ + অ + ন্ + আ + ন্ + ত্ + অ + ক্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + অ= ন্ত।

মিলমিলে, মিলমিলা : হাম-রোগ। বি। দেশী। বানান : ম্ + ই + ল্ + ম্ + ই + ল্ + এ, আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিলমিশ : সদ্ভাব। বি। তদ্ভব। মিল [মিল্ + অ] + মিশ [মিশ্ (<সং. মিশ্র) + অ]। ৬।৩ মিল ও মিশ= দ্বন্দ্ব। ৩।৪ বানান : ম্ + ই + ল্ + ম্ + ই + শ্। বি.দ্র. : 'ল' ও 'শ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিলা, মেলা : একত্র হওয়া। ক্রি। তদ্ভব। মিল্ + বাং. আ.। ৬।৩ বানান : ম্ + ই [এ] + ল্ + আ।

মিলান, মেলান, মিলানো, মেলানো : একত্র সংযুক্ত করা। ক্রি। তদ্ভব। মিল্ + বাং. আন, আনো। ৬।৩ বানান : ম্ + ই [এ] + ল্ + আ + ন্ + ও।

মিলামিশা, মেলামেশা : সংসর্গ। বি। তদ্ভব। মিলা মেলা [<মিশ্র + বাং. আ] + মিশা, মেশা [<মিশ্ + বাং. আ] ৬।৩ মিলা, মেলা ও মিশা, মেশা= দ্বন্দ্ব। ৩।৪ বানান : ম্ + ই [এ] + ল্ + আ + ম্ + ই [এ] + শ্ + আ।

মিলিত : সমবেত। বিণ। তৎসম। মিল্ + ত। ৬।১ বানান : ম্ + ই + ল্ + ই + ত্ + অ।

মিশ : মিশ্রণ, বি। তদ্ভব। মিশ <মিশ্র [মিশ্র + অ]। বানান : ম্ + ই + শ্। বি.দ্র. : শব্দান্তের 'শ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিশকালো, মিসকালো : মিশির মতো কালো। বিণ। তদ্ভব। মিশ, মিস [<সং. মিশি। + কালো [<সং. কাল]। মিশির [মিশির] মতো কালো [কৃষ্ণবর্ণ]= উপমান-কর্মধা। ৩।২ বানান : ম্ + ই + শ্ [স্] + ক্ + আ + ল্ + ও। বি.দ্র. : শ্ [স্]-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিশন : ধর্ম ও সমাজসেবা-বিষয়ক সংঘ। বি। বিদেশী। <ইং. mission. বাংলা বানান : ম্ + ই + শ্ + অ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিশর : ঈজিপ্ট বি। বিদেশী। <আ. মিসর। বাংলা বানান : ম্ + ই + শ্ + অ + র্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'শ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিশরীয় : মিশর দেশ-সম্পর্কীয়। বিণ। বিদেশী। মিশর + সং. ঈয়। বাংলা বানান : ম্ + ই + শ্ + অ + র্ + ঈ + য্ + অ। বি.দ্র. : র্ + ঈ= রী।

মিশা, মেশা : মিশ্রিত হওয়া, মিলিত হওয়া। ক্রি। তদ্ভব। মিশ্ [<সং. মিশ্র] + বাং. আ] ৬।৩ > মেশা। বানান : ম্ + ই + [এ] + শ্ + আ।

মিশানো, মেশানো : মিশ্রিত করা। ক্রি। তদ্ভব। মিশ্ [<সং. মিশ্র] + বাং. আনো। > ৬।৩ মেশানো। বানান : ম্ + ই + [এ] + শ্ + আ + ন্ + ও।

মিলামিশি, মেলামিশি : ঘনিষ্ঠ সংযোগ। বি। তদ্ভব। মিলা [সং. মিল্] + বাং. আ। ৬।৩ > মেলা। মিশি [মিশ্ (<সং. মিশ্র) + বাং. ই। বানান : ম্ + ই [এ] + ল্ + আ + ম্ + ই + শ্ + ই।

মিশি, মিসি : কৃষ্ণবর্ণ দাঁতের মাজন বিশেষ। বি। তদ্ভব। <সং. মিশি। বানান : ম্ + ই + শ্ (স্) + ই।

মিশুক : মিশতে পটু। বিণ। তদ্ভব। মিশ্ [<সং. মিশ্র] + বাং. উক। ৬।৩

মিশ্র : মিলিত। বি। তৎসম। মিশ্র + অ। ৬।১ বানান : ম্ + ই + শ্ + র্ + অ।

মিশ্রণ : মিলন। বি। তৎসম। মিশ্র + অন। ৬।১ বানান : ম্ + ই + শ্ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মিশ্রিত : মিলিত। বিণ। তৎসম। মিশ্র + ত। ৬।১ বানান : ম্ + ই + শ্ + র্ + ই + ত্ + অ। বি.দ্র. : শ্ + র্ + ই= শ্রি।

মিষ্ট : মধুর স্বাদযুক্ত। বিণ। তৎসম। মিষ্ [জল সেক করা] + ত। ৬।১ বানান : ম্ + ই + ষ্ + ট্ + অ। বি.দ্র. : 'ই' র পর 'ষ' হয়েছে। ৪।১।ক 'ষ' + 'ত' সন্ধির ফলে 'ত' 'ট' হয়েছে। ২।২৪

মিষ্টমুখ : মিষ্টান্ন দিয়ে আপ্যায়ন। বি। তৎসম। মিষ্ট ['মিষ্ট' দ্রষ্টব্য] + সং. মুখ। মিষ্ট যে মুখ = কর্মধা। ৩।২ বানান : ম্ + ই + ষ্ + ট্ + অ + ম্ + উ + খ্ + অ। বি.দ্র. : ষ্ + ট= ষ্ট।

মিষ্টান্ন : মিঠাই। বি। তৎসম। মিষ্ট ['মিষ্ট' দ্রষ্টব্য] + অন্ন [অদ্ (খাওয়া) + অ]। ৬।১ মিষ্ট যে অন্ন [খাদ্য (খাবার)]= কর্মধা। ৩।২ বানান: ম্ + ই + ষ্ + ট্ + আ + ন্ + ন্ + অ। বি.দ্র.: ষ্ + ট্ + আ= ষ্টা, ন্ + ন + অ= ন্ন।

মিষ্টি : মিঠা। বি, বিণ। তদ্ভব। সং. মিষ্ট ['মিষ্ট' দ্রষ্টব্য] + বাং. ই। ৬।৩ বানান: ম্ + ই + ষ্ + ট্ + ই। বি.দ্র.: ষ্ + ট্ + ই= ষ্টি।

মিষ্টিমুখ : অল্প মিষ্টান্ন ভক্ষণ। বি। তদ্ভব। মিষ্টি ['মিষ্টি' দ্রষ্টব্য] + সং. মুখ। মিষ্টি যে মুখ = কর্মধা। ৩।২ [এখানে যাতে মুখ মিষ্টস্বাদযুক্ত হয়।] বানান: ম্ + ই + ষ্ + ট্ + ই + ম্ + উ + খ্। শব্দান্তের 'খ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিস : অবিবাহিতা কন্যার পদবীর আগে ব্যবহৃত সম্ভ্রমসূচক শব্দ। বি। বিদেশী। <ই. miss. বাংলা বানান: ম্ + ই + স্। বি.দ্র.: শব্দান্তের 'স'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিসমিসে, মিশমিশে : ঘোর কৃষ্ণবর্ণ। বিণ। তদ্ভব। মিশ, মিশ [<সং. মিশি] + মিস, মিশ [<সং. মিশি] + বাং. এ। ৬।৩ বানান: ম্ + ই + স্ [শ্] + ম্ + ই + স্ [শ্] + এ। বি.দ্র.: শব্দ-মধ্যের স [শ]-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মিসেস : বিবাহিতা স্ত্রীলোকের পদবীর আগে ব্যবহৃত সম্ভ্রমসূচক শব্দ। বি। বিদেশী। <ইং. Mrs. < mistress. । বাংলা বানান: ম্ + ই + স্ + এ + স্। বি.দ্র.: শব্দান্তের 'স্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। Mrs. mistress-এর সংক্ষিপ্ত রূপ।

মিস্টার : ভদ্রলোকের পদবীর আগে ব্যবহৃত সম্ভ্রমসূচক শব্দ। বি। বিদেশী। <ইং. Mr. Mister.বাংলা বানান: ম্ + ই + স্ + ট্ + আ + র্। বি.দ্র.: ১. শব্দান্তের 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। ২. Mr. Mister-এর সংক্ষিপ্ত রূপ। ৩. বিদেশী শব্দে 'ট'-এর আগে 'স' হয়েছে।

মিস্ত্রি, মিস্ত্রী : দক্ষ কারিগর। বি। বিদেশী। <পো. mestre. বাংলা বানান: ম্ + ই + স্ + ত্ + র্ + ই, ঈ। বি.দ্র.: স্ + ত্ + র্ + ই, ঈ= স্ত্রি, স্ত্রী। 'স্ত্রী'-র বদলে 'স্ত্রি'-র ব্যবহারই অধিক কাম্য।

মিহি : সূক্ষ্ম। বিণ। বিদেশী। <ফা. মহীন্। <ফা. মহীন্। বাংলা বানান: ম্ + ই + হ্ + ই।

মিহিদানা : মতিচুর জাতীয় মিঠাই। বি। তদ্ভব। <ফা. মহীন্ + ফা. দানা। বাংলা বানান: ম্ + ই + হ্ + ই + দ্ + আ + ন্ + আ।

মিহির : সূর্য। বি। তৎসম। মিহ্ + ইর [কিরচ্]। ৬।১ যে কিরণ বর্ষণ করে। বানান: ম্ + ই + হ্ + ই + র্ + অ। সংস্কৃতে গৃহীত 'মিহির' শব্দটি মূলতঃ প্রাচিন ইরানীয় শব্দ।

মীন : মাছ। বি। তৎসম। মী + ন। তৎসম। ৬।১ বানান: ম্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: ম্ + ঈ।

মীনকেতন : কামদেব। বি। তৎসম। মীন [মী + ন] + কেত [কিত্ + অন]। ৬।১ মীন কেতনে [পতাকায়] যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + ঈ + ন্ + অ + ক্ + এ + ত্ + অ + ন্ + অ।

মীনকেতু : কামদেব। বি। তৎসম। মীন [মী + ন] + কেতু [কিত্ + উ]। ৬।১ মীন কেতুতে [পতাকায় যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + ঈ + ন্ + অ + ক্ + এ + ত্ + উ।

মীনধ্বজ : কামদেব। বিণ। তৎসম। মীন [মী + ন] + ধ্বজ [ধ্বজ্ + অ]। ৬।১ মীন ধ্বজায় [পতাকায়] যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + ঈ + ন্ + অ + ধ্ + ব্ + অ + জ্ + অ। বি.দ্র: ম্ + ঈ = মী, ধ্ + ব্ +

অ = ঙ্ক।

মীনরঙ্ক, মীনরঙ্গ : মাছরাঙা। বি। তৎসম। মীন [মী + ন] + রঙ্ক [রম্ + ক], রঙ্গ [রঙ্ + অ]। ৬।১ মীন সম্পর্কে রঙ্ক, রঙ্গ [ক্ষুধার্ত] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + ঈ + ন্ + অ + র্ + অ + ঙ্ + ক্ [গ্] + অ। বি.দ্র: ঙ্ + ক্ [গ্] + অ = ঙ্ক [ঙ্গ]।

মীনলাঞ্ছন : কামদেব। বি। তৎসম। মীন [মী+ ন + লাঞ্ছন [লাঞ্ছ্ + অন]। ৬।১ মীন-লাঞ্ছিত [চিহ্নিত, অঙ্কিত] যে [যার পতাকা] = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + ঈ + ন্ + অ + ল্ + আ + ঞ্ + ছ্ + অ + ন্ + অ। বি.দ্র: ঞ্ + ছ্ + অ = ঞ্ছ।

মীনাক্ষী : মাছের মতো চোখ যে নারীর। বি। তৎসম। মীন [মী + ন] + অক্ষি + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ মীনের অক্ষির মতো অক্ষি যার [স্ত্রী] = উপমিত-কর্মধা। ৩।২ বানান: ম্ + ঈ + ন্ + আ + ক্ + ষ্ + ঈ। বি.দ্র: ক্ + ষ্ + ঈ = ক্ষী।

মীমাংসক : মীমাংসাকারী। বিণ বি। তৎসম। মান্ + সন্ [ইচ্ছা অর্থে] + অক। ৬।১ মীমাংসা [নিষ্পত্তি] করে যে। বানান: ম্ + ঈ + ম্ + আ+ ং + স্ + অ + ক্ + অ। বি.দ্র.: ম্ + ঈ = মী।

মীমাংসা : নিষ্পত্তি [মান্ + সন্ [ইচ্ছা অর্থে] + অ + আ]। বি। তৎসম। ৬।১ বানান: ম্ + ঈ + ম্ + আ + ং + স্ + আ [স্ত্রী]। বি.দ্র: ম্ + ঈ = মী।

মীমাংসিত : যার নিষ্পত্তি হয়ে গেছে। বিণ। তৎসম। মান্ + সন্ [ইচ্ছা অর্থে] + ত। ৬।১ বানান: ম্ + ঈ + ম্ + আ + ং + স্ + ই + ত্ + অ। বি.দ্র: স্ + ই = সি।

মীর : প্রধান। বি। বিদেশী <ফা. মীর্। বাংলা বানান: ম্ + ঈ + র্। বি.দ্র: 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মীরবহর : নৌবিভাগের প্রধান। বি। বিদেশী। <ফা. মীর্ + ফা. বহর্। বাংলা বানান: ম্ + ঈ + র্ + ব্ + অ + হ্ + অ + র্। বি.দ্র: শব্দমধ্যের এবং শব্দান্তের 'র'-এর হসন্তচিহ্ন নিষ্প্রয়োজন।

মুকদ্দম, মুকেদ : গ্রামের প্রধান। অগ্রবর্তী রক্ষীদল। বি। বিদেশী। <আ. মুকদ্দম। বাংলা বানান: ম্ + উ + ক্ + অ + দ্ + দ্ + অ + ম্, ম্ + উ + ক্ + এ + দ্। বি.দ্র: দ্ + দ্ + অ = দ্দ। শব্দান্তের 'ম' ও 'দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। 'মুকেদ' 'মুকদ্দম'-এর আধুনিক রূপ।

মুকির : কবুল-কারী। বি। বিদেশী। <আ. মুকির। বাংলা বানান: ম্ + উ + ক্ + ই + র্। বি.দ্র: 'র' এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুকুট : রাজার শিরোভূষণ। বরের ও কন্যার টোপর [মুনক্ (ভূষিত করা) + উট।] বি। তৎসম। (ভূষিত করা) ৬।১ বানান: ম্ + উ + ক্ + উ + ট্ + অ।

মুকুটমণি : মুকুটের মণি। বি। তৎসম। মুকুট ['মুকুট' দ্রষ্টব্য] + মণি [মণ্ + ই]। ৬।১ মুকুটের মণি = সম্বন্ধতৎ। ৩।৩ বা মুকুটস্থিত মণি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + উ + ক্ + উ + ট + অ + ম্ + অ + ণ্ + ই। বি.দ্র: 'মণি' 'র' 'ণ' স্বাভাবিক 'ণ'। ৪।১।ছ।

মুকুটী : মুকুটধারী। বিণ। তৎসম। মুকুট ['মুকুট' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।২ বানান: ম্ + উ + ক্ + উ + ট্ + ঈ। বি.দ্র: ট্ + ঈ = টী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মুকুন্দ : মুকুম্ [মুক্তি] + দা + অ। মুক্তিদাতা। বি। তৎসম। ৬।১ মুকুম্ [মুক্তি] দান করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + উ + ক্ + উ + ন্ + দ্ + অ। বি.দ্র: ন্ + দ্ + অ = ন্দ।

মুকুর : দর্পণ। বি। তৎসম। [মনক্ + উর] ৬।১ বানান: ম্ + উ + ক্ + উ + র্ + অ।

মুকুল: কুঁড়ি। বি। তৎসম। [মুচ্ (মোহন করা) + উল] ৬৷১ বানান: ম্ + উ + ক্ + উ + ল্ + অ।

মুকুলিকা: ছোট কুঁড়ি। বি। তৎসম। মুকুল ['মুকুল' দ্রষ্টব্য] + ইক + আ [স্ত্রী]। ৭৷১৷ক বানান: ম্ + উ + ক্ + উ + ল্ + ই + ক্ + আ।

মুকুলিত: মুকুলযুক্ত। বিণ। তৎসম। মুকুল [মুচ্ + উল] +ইত [ইতচ্]। ৬৷২ বানান: ম্ + উ + ক্ + উ + ল্ + ই + ত্ + অ।

মুকুলোদ্গম: কুঁড়ি ধরা। বি। তৎসম। মুকুল [মুচ্ + উল] + উদ্গম [উৎ + গম্ + অ]। ৬৷১ [সন্ধি] অ + উ = ও [লো]।২৷৫৷ক মুকুলের উদ্গম [বিকাশ] = সম্বন্ধতৎ। বানান: ম্ + উ + ক্ + উ + ল্ + ও + দ্ + গ্ + ম্ + অ। বি.দ্র: ল্ + ও = লো।

মুক্ত: মোক্ষপ্রাপ্ত, [মুচ্ + ত] নিষ্কৃতিপ্রাপ্ত, খোলা। বিণ। তৎসম। ৬৷১ বানান: ম্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র: ক্ + ত্ + অ = ক্ত।

মুক্তকচ্ছ: কাছা-খোলা। বিণ। তৎসম। মুক্ত [মুচ্ + ত] + কচ্ছ [ক + ছো (আচ্ছাদিত করা)]। ৬৷১ মুক্ত কচ্ছ যার = বহুব্রী। ৩৷৫ বানান: ম্ + উ + ক্ + ত্ + অ + ক্ + অ + চ্ + ছ্ + অ। বি.দ্র: ক্ + ত্ + অ = ক্ত, চ্ + ছ্ + অ = চ্ছ।

মুক্তকণ্ঠে: জোর গলায়। ক্রি বিণ। তৎসম। মুক্ত [মুচ্ + ত] + কণ্ঠ [কণ্ (শব্দ করানো) + ঠ]। ৬৷১ মুক্ত যে কণ্ঠ = কর্মধা। ৩৷২ + এ [অধিকরণ]। বানান: ম্ + উ + ক্ + ত্ + অ + ক্ + অ + ণ্ + ঠ্ + এ। বি.দ্র: ক্ + ত্ + অ = ক্ত, ণ্ + ঠ্ + এ = ণ্ঠে। 'ঠ'-এর আগে 'ণ্' হয়েছে। ৪৷১৷ক

মুক্তকর: দানে অকাতর। বিণ। তৎসম। মুক্ত [মুচ্ + ত] + কর [কৃ + অ]। ৬৷১ মুক্ত [খোলা] যে কর [হাত] = কর্মধা। ৩৷২ বানান: ম্ + উ + ক্ + ত্ + অ + ক্ + অ + র্ + অ।

মুক্তকেশ: আলুলায়িত কেশ। বি। তৎসম। মুক্ত [মুচ্ + ত] + কেশ [কে + শী (শয়ন করা) + অ]। ৬৷১ মুক্ত যে কেশ = কর্মধা।৩৷২ কে [মাথায়] শী [শয়ন করে] যা। বানান: ম্ + উ + ক্ + ত্ + অ + ক্ + এ + শ্ + অ।

মুক্তকেশী: আলুলায়িত কুন্তলা। বিণ। তৎসম। মুক্ত [মুচ্ + ত] + কেশী [কেশ (কে + শী + অ) + ঈ [স্ত্রী]। ৬৷১, ৭৷১৷গ মুক্ত কেশ যার [স্ত্রী]= বহুব্রী। ৩৷৫ বানান: ম্ + উ + ক্ + ত্ + অ + ক্ + এ + শ্ + ঈ। বি.দ্র: 'ঈ' স্ত্রীলিঙ্গ-জনিত।

মুক্তপুরুষ: সংসার-মায়ামুক্ত। বি। তৎসম। মুক্ত [মুচ্ + ত] + পুরুষ [পৃ + উষ]। ৬৷১ মুক্ত যে পুরুষ = কর্মধা ৩৷২ বানান: ম্ + উ + ক্ + ত্ + অ + প্ + উ + র্ + উ + ষ্ + অ। বি.দ্র: ক্ + ত্ + অ = ক্ত। উ-র পর 'ষ' হয়েছে। ৪৷২৷ক।

মুক্তবন্ধন: বন্ধন থেকে মুক্ত। বিণ। তৎসম। মুক্ত [মুচ্ + ত] + বন্ধন [বন্ধ্ + অন]। ৬৷১ মুক্ত বন্ধন যার = বহুব্রী। ৩৷৫ বানান: ম্ + উ + ক্ + ত্ + অ + ব্ + অ + ন্ + ধ্ + অ + ন্ + অ। বি.দ্র: ক্ + ত্ + অ = ক্ত, ন্ + ধ্ + অ = ন্ধ।

মুক্তবেণী: আলুলায়িত কেশ। বি। তৎসম। মুক্ত [মুচ্ + ত] + বেণী [বেণ্ + ঈ (স্ত্রী)]।৬৷১ মুক্ত যে বেণী = কর্মধা। ৩৷২ বানান: ম্ + উ + ক্ + ত্ + অ + ব্ + এ + ণ্ + ঈ। বি.দ্র: ক্ + ত্ + অ = ক্ত, ণ্ + ঈ = ণী, বি.দ্র: : বেণী-র 'ণ' স্বাভাবিক 'ণ'। 'বেণী'র বেণ্ + ই ='বেণি'বানানও শুদ্ধ।

মুক্তহস্ত: দানে অকাতর। বিণ। তৎসম। মুক্ত [মুচ্ + ত] + হস্ত [হস্ত + অ]। ৬৷২ মুক্ত [খোলা]

হস্ত যার = বহুব্রী। ৩৷৫ বানান: ম্ + উ + ক্ + ত্ + অ + হ্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত, স্ + ত্ + অ =স্ত।

মুক্তা: মোতি। বি। তৎসম। মুচ্ + ত + আ [স্ত্রী]। ৬৷১ বানান: ম্ + উ + ক্ + ত্ + আ। বি.দ্র: ক্ + ত্ + আ = ক্তা।

মুক্তি: পরিত্রাণ, মোক্ষ, বি। তৎসম। [মুচ্ + তি] বানান: ম্ + উ + ক্ + ত্ + ই। বি.দ্র: ক্ + ত্ + ই = ক্তি।

মুক্তিদাতা: যে মুক্তি দেয়। বি। তৎসম। মুক্তি [মুচ্ + তি] + দাতা [দা + তা (তৃচ্)]। ৬৷১ মুক্তি দান করেন যিনি = উপপদতৎ। ৩৷৩ বানান: ম্ + উ + ক্ + ত্ + ই + দ্ + আ + ত্ + আ। বি.দ্র: ক্ + ত্ + ই = ক্তি।

মুক্তিদাত্রী: যে দেবী মুক্তি দান করেন। বি। তৎসম। মুক্তি [মুচ্ + তি] + দাত্রী [দা + তা (তৃচ্) + ঈ (স্ত্রী)]। ৬৷১, ৭৷১৷ছ মুক্তি দান করেন যিনি [স্ত্রী] = উপপদতৎ। ৩৷৩ বানান: ম্ + উ + ক্ + ত্ + ই + দ্ + আ + ত্ + র্ + ঈ। বি.দ্র: ত্ + র্ + ঈ = ত্রী।

মুক্তিনামা: ছাড়পত্র [Passport]। বি। মিশ্র [তৎসম+ বিদেশী]+ মুক্তি [মুচ্ + তি] + নামা [<ফা. নামহ্]। ৬৷১ মুক্তি-সম্পর্কিত নামা [দলিল] = মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান: ম্ + উ + ক্ + ত্ + ই + ন্ + আ + ম্ + আ। বি.দ্র: ক্ + ত্ + ই = ক্তি।

মুক্তিপণ: মুক্তিলাভার্থ প্রদেয় অর্থাদি। বি। তৎসম। মুক্তি [মুচ্ + তি] + পণ [পণ্ + অ]। ৬৷১ মুক্তি নিমিত্ত পণ [মূল্য] = মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান: ম্ + উ + ক্ + ত্ + ই + প্ + অ + ণ্ + অ। বি.দ্র: ক্ + ত্ + ই = ক্তি। 'পণ' শব্দের 'ণ' স্বাভাবিক 'ণ'।

মুক্তিপত্র: মুক্তির নির্দেশযুক্ত লেখ্য। বি। তৎসম। মুক্তি [মুচ্ + তি] + পত্র [পত্ + ত্রৈ + অ]। ৬৷১ মুক্তি-বিষয়ক পত্র = মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান: ম্ + উ + ক্ + ত্ + ই + প্ + অ + ত্ + র্ + অ। বি.দ্র: ক্ + ত্ + ই = ক্তি, ত্ + র্ + অ = ত্র।

মুক্তিপদ: মুক্তি লাভের স্থান। বি। তৎসম। মুক্তি [মুচ্ + তি] + পদ [পদ্ + অ]। ৬৷১ মুক্তি-দায়ী পদ = মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান: ম্ + উ + ক্ + ত্ + ই + প্ + অ + দ্ + অ।

মুক্তিফৌজ: শত্রুর কবল থেকে দেশোদ্ধারকারী সেনাদল। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। মুক্তি [মুচ্ + তি] + ফৌজ [আ. ফৌজ]। ৬৷১ মুক্তি-কামী ফৌজ = মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান: ম্ + উ + ক্ + ত্ + ই + ফ্ + ঔ + জ। বি.দ্র: ক্ + ত্ + ই = ক্তি, ফ্ + ঔ = ফৌ, 'ক' এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুক্তিবাহিনী: শত্রুর কবল থেকে দেশোদ্ধারাকারী সেনাদল। বি। তৎসম। মুক্তি [মুচ্ + তি] + বাহিনী। [বহ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬৷১, ৭৷১৷চ মুক্তি বহন করে আনে যে = উপপদতৎ। ৩৷৩ বানান: ম্ + উ + ক্ + ত্ + ই + ব্ + আ + হ্ + ই + ন্ + ঈ। বি.দ্র: ক্ + ত্ + ই = ক্তি। শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মুক্তিমণ্ডপ: কাশীর বিশ্বেশ্বর ও পুরীর জগন্নাথ মন্দিরের দক্ষিণ পার্শ্বস্থ মণ্ডপ। বি। তৎসম। মুক্তি [মুচ্ + তি] + মণ্ডপ [মণ্ড + পা + অ]। ৬৷১ মুক্তির নিমিত্ত মণ্ডপ = মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান: ম্ + উ + ক্ + ত্ + ই + ম্ + অ + ন্ + ড্ + অ + প্ + অ। বি.দ্র: ক্ + ত্ + ই = ক্তি, ণ্ + ড্ + অ = ণ্ড। 'ড'-এর আগে 'ণ' হয়েছে। ৪৷২৷ক।

মুক্তিমার্গ: মোক্ষ-লাভের পথ। বি। তৎসম। মুক্তি [মুচ্ + তি] + মার্গ [মৃজ্ + অ]। ৬৷১ মুক্তির নিমিত্ত মার্গ = মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান: ম্

+ উ + ক্ + ত্ + ই্ + ম্ + আ + র্ + গ্ + অ। বি.দ্র: ক্ + ত্ + ই = ক্তি, র্ + গ্ + অ = র্গ।

মুক্তিস্নান: গ্রহণের পর অবগাহন। বি। তৎসম। মুক্তি [মুচ্ + তি] + স্নান [স্না + অন]। ৬।১ মুক্তির নিমিত্ত স্নান = মধ্যপা-কর্মধা। ৩।২ বানান: ম + উ + ক্ + ত্ + ই + স্ + ন্ + আ + ন্ + অ। বি.দ্র: ক্ + ত্ + ই = ক্তি, স্ + ন্ + আ = স্না।

মুখ: আনন, আস্য, ভেতরে যাবার ও বাইরে আসবার পথ, প্রারম্ভ। বি। তৎসম। খন্ [খনন করা] + অ। ৬।১ বানান: ম্ + উ + খ্ + অ।

মুখচন্দ্র: চন্দ্রের মতো সুন্দর মুখ। বি। তৎসম। মুখ [খন্ + অ] + চন্দ্র [চন্দ্ (আনন্দ দান করা) +র]। চন্দ্রের মতো মুখ = উপমিত-কর্মধা। ৩।২ বানান: ম্ + উ + খ্ + অ + চ্ + অ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র: ন্ + দ্ + র্ + অ = ন্দ্র।

মুখচন্দ্রিকা: বরকন্যার শুভদৃষ্টি। বি। তৎসম। মুখ [খন + অ] + চন্দ্রিকা [চন্দ্র + ইক + আ (স্ত্রী)। ৬।২, ৭।১।ক বানান: ম্ + উ + খ্ + অ + চ্ + অ + ন্ + দ্ + র্ + ই + ক্ +আ। বি.দ্র: ন্ + দ্ + র্ +ই = ন্দ্রি।

মুখচোরা: লাজুক। বিণ। তদ্ভব। মুখ + চোরা [চোরা + বাং.আ]। ৬।৩ চোরা মুখ যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + উ + খ্ + অ + চ্ + ও + র্ + আ।

মুখচ্ছবি: মুখশ্রী। বি। তৎসম। মুখ [খন্ + অ] + ছবি [ছো (দীপ্তি প্রকাশ করা) + ই]। ৬।১ [সন্ধি] + ছ = অচ্ছ [খচ্ছ]। ২।১৪ মুখের ছবি [দীপ্তি, শ্রী] = সম্বন্ধতৎ।৩।৩। বানান: ম্ + উ + খ্ + অ + চ্ + ছ্ + অ + ব্ + ই। বি.দ্র: চ্ + ছ্ + অ = চ্ছ।

মুখঝামটা: মুখভঙ্গিসহ তিরস্কার। বি। মিশ্র। [তৎসম + বিদেশী]। মুখ + ঝামটা [<হি. ঝামাকা]। বানান: ম্ + উ + খ্ + অ + ঝ্ + আ + ম্ + ট্ + আ।

মুখধাবন: মুখ প্রক্ষালন। বি। তৎসম। মুখ + ধাবন [ধাব্ + অন]। ৬।১ মুখের ধাবন [ধৌতকরণ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + উ + খ্ + অ + ধ্ + আ + ব্ + অ + ন্ + অ।

মুখপোড়া: গালি বিশেষ। বিণ। তদ্ভব। মুখ + পোড়া [পুড়্ (<সং. পুট্) বাং. + আ]। ৬।৩ পোড়া মুখ যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + উ + খ্ + অ + প্ + ও + ড়্ + আ।

মুখব্যাদান: হাঁ করা। বি। তৎসম। মুখ + ব্যাদান [বি + আ + দা + অন]। ৬।১ [সন্ধি] ই + আ [ব্যা]।২।৭।খ মুখের ব্যাদান [প্রসারণ] = সম্বন্ধতৎ।৩।৩ বানান: ম্ + উ + খ্ + অ + ব্ + য্ + আ + দ্ + আ + ন্ + অ। বি.দ্র: ব্ + য্ + আ = ব্যা।

মুখভঙ্গি: মুখ বাঁকানো। বি। তৎসম। মুখ + ভঙ্গি [ভঙ্ + ই]। ৬।১ মুখের ভঙ্গি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + উ + খ্ + অ + ভ্ + অ + ঙ্ + গ্ + ই। বি.দ্র: ঙ্ + গ্ + ই = ঙ্গি।

মুখমণ্ডল: আনন। বি। তৎসম। মুখ + মণ্ডল [মণ্ডল+ অ]। ৬।২ মুখের মণ্ডল = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র: ণ্ + ড্ + অ = ণ্ড। বি.দ্র: 'ড'-এর আগে 'ণ' হয়েছে। ৪।২।ক।

মুখমিষ্টি: মিষ্টভাষী। বিণ। তদ্ভব। মুখ + মিষ্টি [মিষ্ট (মিষ্ + ত) + বাং. ই]। ৬।৩ মিষ্টি মুখ যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + উ + খ্ + অ + ম্ + ই + ষ্ + ট্ + ই। বি.দ্র: ষ্ + ট্ + ই = ষ্টি। তদ্ভব শব্দেও 'ট'-এর আগে 'ষ' হয়েছে।

মুখরক্ষা: মর্যাদা অক্ষুণ্ণ থাকা। বি। তৎসম। মুখ + রক্ষা [রক্ষ্ + অ + আ]। ৬।১ মুখের

[মর্যাদার] রক্ষা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + উ + খ্ + অ + র্ + অ + ক্ + ষ্ + আ। বি.দ্র: ক্ + ষ্ + আ = ক্ষা।

মুখরোচক: সুস্বাদু। বিণ। তৎসম। মুখ + রোচক [রুচ্ + ণিচ্ + অক]। ৬।১ মুখে রুচি আনে যা = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + উ + খ্ + অ + র্ + ও + চ্ + অ + ক্ + অ।

মুখশুদ্ধি: ভোজনের পর পান ইত্যাদি চর্বণ। বি। তৎসম। মুখ + শুদ্ধি [শুধ্ + তি]। ৬।১ মুখের শুদ্ধি [শোধন] = সম্বন্ধতৎ।৩।৩ বানান: ম্ + উ + খ্ + অ + শ্ + উ + দ্ + ধ্ + ই। বি.দ্র: শ্ + উ = শু, দ্ + ধ্ + ই = দ্ধি।

মুখশ্রী: মুখের সৌন্দর্য। বি। তৎসম। মুখ + শ্রী [শ্রি + ক্বিপ্]। ৬।১ মুখের শ্রী [সৌন্দর্য] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + উ + খ্ + অ + শ্ + র্ + ঈ। বি.দ্র: শ্ + র্ + ঈ = শ্রী।

মুখ-সর্বস্ব: বাক্যবীর। বিণ। তৎসম। মুখ + সর্বস্ব [সর্ব + স্ব (সম্পদ)]। মুখই সর্বস্ব যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + উ + খ্ + অ + স্ + অ + র্ + ব্ + অ + স্ +ব্ + অ। বি.দ্র: র্ + ব্ + অ = র্ব। স্ + ব্ + অ = স্ব।

মুখাগ্নি: দাহকালে শবের মুখে অগ্নিপ্রদান। বি। তৎসম। মুখ + অগ্নি [অগ্ + নি + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [খা]। ২।১।ক মুখে প্রদত্ত অগ্নি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + উ + খ্ + আ + গ্ + ন্ + ই। বি.দ্র: গ্ + ন্ + ই = গ্নি।

মুখামৃত: থুতু। বি। তৎসম। মুখ + অমৃত [ন + মৃত (মৃ + ত)]। ৬।১ (সন্ধি) অ + অ = আ [খা]। ২।১।ক মুখ-নিঃসৃত অমৃত = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + উ + খ্ + আ + ম্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: ম্ + ঋ = মৃ।

মুখি: ওল ইত্যাদির অঙ্কুর। তদ্ভব। মুখ + বাং. ই। ৬।৩ বানান: ম্ + উ + খ্ + ই।

মুখী: অভিমুখী [সং. মুখ + ইন্]। বিণ। তৎসম। মুখ + ইন্ [ঈ]। ৬।২ বানান: ম্ + উ + খ্ + ঈ।

মুখী: মুখবিশিষ্টা [ম্লানমুখী]। বিণ। তৎসম। মুখ + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ম্ + উ + খ্ + ঈ।

মুখুজ্জে: মুখোপাধ্যায়। বি। অর্ধ-তৎসম। মুখুজ্জে < ইং. মুখার্জী [Mukherjee]। বানান: ম্ + উ + খ্ + উ + জ্ + জ্ + এ। বি.দ্র.: জ্ + জ্ + এ = জ্জে।

মুখো: মুখবিশিষ্ট। বিণ। তদ্ভব। মুখ + বাং. ও। ৬।৩ বানান: ম্ + উ + খ্ + ও।

মুখোপাধ্যায়: বাঙালী ব্রাহ্মণের পদবি। বি। তৎসম। মুখ + উপাধ্যায় [উপ + অধ্যায় (অধি + ই + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [খো]। ২।৫।ক মুখটী গ্রামে জাত উপাধ্যায় [শিক্ষক]। বানান: ম্ + উ + খ্ + ও + প্ + আ + ধ্ + য্ + আ + য় + অ। বি.দ্র.: ধ্ + য্ + আ = ধ্যা।

মুখোশ, মুখস: মুখের আবরক, নকল মুখ। বি। তদ্ভব। সং. মুখকোশ, মুখকোষ। বানান: ম্ + উ + খ্ + ও [অ] + শ্ [স্] + অ।

মুখ্য: প্রধান। বিণ। তৎসম। মুখ + য [ষ্ণ্য]। ৬।২ বানান: ম্ + উ + খ্ + য্ + অ। বি.দ্র.: খ্ + য্ + অ = খ্য।

মুখ্যতঃ: প্রধানতঃ। অব্য। তৎসম। মুখ্য [মুখ + য (ষ্ণ্য) + তঃ [তস্]। ৬।২ বানান: ম্ + উ + খ্ + য্ + অ + ত্ + অ + ঃ। বি.দ্র.: খ্ + য্ + অ = খ্য।

মুগ: এক প্রকারের ডাল। বি। তদ্ভব। < সং. মুদগ। বানান: ম্ + উ + গ্ + অ।

মুগা : মুগবর্ণ রেশম বা রেশমের কীট। বি। বিদেশী। <অসমীয়া। বানান : ম্ + উ + গ্ + আ।

মুগুর : গদা। বি। তদ্ভব। < সং. মুদগর। বানান : ম্ + উ + গ্ + উ + র্ + অ। বি.দ্র. : গ্ + উ = গু।

মুগ্ধ : মোহিত। বিণ। তৎসম। মুহ্ + ত। ৬।১ বানান : ম্ + উ + গ্ + ধ্ + অ। বি.দ্র. : গ্ + ধ্ + অ = গ্ধ।

মুগ্ধা : মোহিতা। বিণ। তৎসম। মুগ্ধ [মুহ্ + ত] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : ম্ + উ + গ্ + ধ্ + আ। বি.দ্র. : গ্ + ধ্ + আ = গ্ধা।

মুচকি : মৃদু [মুচকি হাসি]। বিণ। দেশী। বি.দ্র. : ম্ + উ + চ্ + ক্ + ই।

মুচড়ানো, মোচড়ানো : মোচড় দেওয়া। বি। তদ্ভব. মুচড়। < সং. মুচুটী] + বাং. আনো। ৬।৩ বানান : ম্ + উ [ও] + চ্ + অ + ড়্ + আ + ন্ + ও।

মুচমুচ : মৃদু মচমচ শব্দ। অব্য। দেশী। বানান : ম্ + উ +চ্ + ম্ + উ + চ্। বি.দ্র. : 'চ'-দুটির হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুচমুচে : মৃদু মচমচ শব্দ করার মতো ভাজা। বিণ। দেশী। বানান : ম্ + উ + চ্ + ম্ + উ + চ্ + এ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'চ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুচলেকা : অঙ্গীকার পত্র। বি। বিদেশী। < তুর্কী. মুচল্‌কা। বাংলা বানান : ম্ + উ + চ্ + ল্ + এ + ক্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের চ-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুচি : সোনা ইত্যাদি ধাতু গলাবার পাত্র। বি। তদ্ভব। < সং. মুষা। বানান : ম্ + উ + চ্ + ই।

মুচি : চর্মকার। বি। তদ্ভব। < প্রা. মোচী। মুচ্ [মোচন করা (চর্ম)] + বাং. ই। বানান : ম্ + উ + চ্ + ই।

মুচিনী : মুচি-জাতীয়া স্ত্রীলোক। বি। তদ্ভব। মুচি ['মুচি' দ্রষ্টব্য] + ইন্ + ঈ। ৬।২ বানান : ম্ + উ + চ্ + ই + ন্ + ঈ। শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে ঈ।

মুচুকুন্দ : স্বর্ণচাঁপা। বি। তৎসম। < সং. মুচুকুন্দ। বানান : ম্ + উ + চ্ + উ + ক্ + উ + ন্ + দ্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + অ = ন্দ।

মুছা, মোছা : ঘষে পরিষ্কার বা শুষ্ক করা। বি। তদ্ভব। মুছ্, মোছ্ [< সং. মৃজ্] + বাং. আ। ৬।৩ বানান : ম্ + উ [ও] + ছ্ + আ।

মুছান, মুছানো, মোছান, মোছানো : ঘষে পরিষ্কার করা বা শুকিয়ে নেওয়া। বি। তদ্ভব। মুছ্, মোছ্ [< সং. মৃজ্] + বাং. আন, আনো। ৬।৩

মুজরা, মুজরো : নাচগানের মহড়া। বি। বিদেশী। আ. মুজ্‌রা। বাংলা বানান : ম্ + উ + জ্ + র্ + আ, ও। বি. দ্র. : শব্দ-মধ্যের 'জ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুঞ্জরিত : মুকুলিত। বিণ। তদ্ভব। < সং. মঞ্জরিত। বানান : ম্ + উ + ঞ্ + জ্ + অ + র্ + ই + ত্ + অ। বি.দ্র. : ঞ্ + জ্ +অ =ঞ্জ।

মুটিয়া, মুটে : মোটবহনকারী। বি। বিদেশী। মোট [< মোট্‌টই] + বাং. ইয়া > এ। ৬।৩ বানান : ম্ + উ + ট্ + ই + য্ + আ, ম্ + উ + ট্ + এ।

মুঠ, মুঠা : মুষ্টি। বি। তদ্ভব। < সং. মুষ্টি। বানান : ম্ + উ + ঠ্ + অ, আ।

মুঠি : মুষ্টি। বি। তদ্ভব। মুঠ [< সং. মুষ্টি] + বাং. ই। ৬।৩ বানান : ম্ + উ + ঠ্ + ই।

মুঠো : মুষ্টি। বি। তদ্ভব। মুঠ [< সং. মুষ্টি] + বাং. ও। ৬।৩ বানান : ম্ + উ + ঠ + ও।

মুড়কি : গুড় বা চিনির রসে জারিত খই। বি। দেশী। বানান : ম্ + উ + ড়্ + ক্ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ড়' এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুড়মুড় : মৃদু মড় মড় শব্দ। অব্য। দেশী। বানান :

ম্ + উ + ড্ + ম্ + উ + ড়্। বি.দ্র.: শব্দ-মধ্যের ও শব্দান্তের 'ড়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুড়া, মোড়া : বেষ্টিত করা। ক্রি। তদ্ভব। মুড়্, মোড়্ [< সং. মণ্ড্] + বাং. আ। ৬।৩ বানান: ম্ + উ, ও + ড়্ + আ।

মুড়া, মুড়ো : মাথা। বি। তদ্ভব। <সং. মুণ্ড। বানান: ম্ + উ + ড়্ + আ, ও।

মুড়ান, মুড়ানো, মোড়ান, মোড়ানো : বেষ্টিত করান। বি। তদ্ভব। <সং. মুণ্ডন। বানান: ম্ + উ, ও + ড়্ + আ + ন্ + অ, ও।

মুড়ি : ভাজা চাল, মুণ্ড, কাপড়ের ভাঁজ করা কিনারা। বি। দেশী। বানান: ম্ + উ + ড়্ + ই।

মুড়িঘণ্ট : মৎস্যাদির মুড়ার দ্বারা প্রস্তুত ব্যঞ্জন। বি। তদ্ভব। মুড়ি [মুড় (<সং. মুণ্ড) বাং. ই + ঘণ্ট [<সং. ঘণ্ট)]। ৬।৩ বানান: ম্ + উ + ড়্ + ই + ঘ্ + অ + ণ্ + ট্ + অ। বি.দ্র.: ণ্ + ট্ + অ = ণ্ট, বি.দ্র. 'ট'-এর আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

মুড়ো, মুড়া : মুণ্ড। বি। তদ্ভব। < সং. মুণ্ড। বানান: ম্ + উ + ড়্ + ও, আ।

মুণ্ড : মাথা। বি। তৎসম। মুণ্ড্ + অ। বানান: ম্ + উ + ণ্ + ড্ + অ। বি.দ্র.: 'ড'-এর আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

মুণ্ডচ্ছেদ, মুণ্ডচ্ছেদন : মাথাকাটা। বি। তৎসম। মুণ্ড [মুণ্ড্ + অ] + ছেদ, ছেদন [ছিদ্ + অ, অন]। ৬।১ [সন্ধি] অ + ছে = অচ্ছে [ণ্ডচ্ছে]। ২।১৪ মুণ্ডের ছেদ, ছেদন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + উ + ণ্ + ড্ + অ + চ্ + ছ্ + এ + দ্ + অ, + ন্ + অ। বি.দ্র.: ণ্ + ড্ = ণ্ড, চ্ + ছ্ + এ = চ্ছে।

মুণ্ডন : মুড়ানো। বি। তৎসম। মুণ্ড্ + অন। ৬।১ বানান: ম্ + উ + ণ্ + ড্ + অ + ন্ + অ। বি.দ্র.: ণ্ + ড্ + অ = ণ্ড।

মুণ্ডমালা : নরমুণ্ডসমূহে গাঁথা মালা। বি। তৎসম। মুণ্ড [মুণ্ড্ + অ] + মালা [মা + লা + অ + আ]। ৬।১ মুণ্ডের মালা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + উ + ণ্ + ড্ + অ + ম্ + আ + ল্ + আ। বি.দ্র.: ণ্ + ড্ + অ = ণ্ড।

মুণ্ডমালিনী : মুণ্ডমালাধারিণী। বি। বিণ। তৎসম। মুণ্ডমালা ['মুণ্ডমালা' দ্রষ্টব্য] + ইন্ + ঈ [স্ত্রী]। ৭।১।চ বানান: ম্ + উ + ণ্ + ড্ + অ + ম্ + আ + ল্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ = 'ইনী'- প্রত্যয়ান্ত, তাই আগে 'ই'-পরে ঈ।

মুণ্ডি : গুটিকাকৃতি মিঠাই (যেমন: রসমুণ্ডি)। বি। তদ্ভব। বাং. মণ্ডা + ই [ক্ষুদ্র অর্থে]। বানান: ম্ + উ + ণ্ + ড্ + ই। বি.দ্র.: ণ্ + ড্ + ই = ণ্ডি। তদ্ভব শব্দেও 'ণ্ড' রক্ষিত আছে।

মুণ্ডিত : যার মাথা নেড়া করা হয়েছে। বিণ। তৎসম। মুণ্ড্ + ত। ৬।১ বানান: ম্ + উ + ণ্ + ড্ + ই + ত্ + অ। বি.দ্র.: ণ্ + ড্ + ই = ণ্ডি।

মুণ্ডিতকেশ : যার মাথা নেড়া করা হয়েছে। বিণ। তৎসম। মুণ্ডিত ['মুণ্ডিত' দ্রষ্টব্য] + কেশ [কে + শী + অ]। ৬।১ মুণ্ডিত কেশ যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + উ + ণ্ + ড্ + ই + ত্ + অ + ক্ + এ + শ্ + অ।

মুণ্ডু : মুণ্ড। বি। তদ্ভব। মুণ্ড + বাং. উ। ৬।৩ বানান: ম্ + উ + ণ্ + ড্ + উ। বি.দ্র.: ণ্ + ড্ + উ = ণ্ডু। তদ্ভব শব্দেও ণ্ + ড্ রক্ষিত আছে।

মুত : প্রস্রাব। বি। তদ্ভব। < সং. মূত্র। বানান: ম্ + উ + ত্ + অ। বি.দ্র.: শব্দান্তের 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুতা : প্রস্রাব করা। ক্রি। তদ্ভব। মুত [< সং. মূত্র] + বাং. আ। ৬।৩

মুতান, মুতানো : প্রস্রাব করানো। ক্রি। তদ্ভব। মুত [< সং. মূত্র] + বাং. আন, আনো। ৬।৩

মুৎসুদ্দি, মুৎসুদ্দী : প্রধান কেরানী। প্রতিনিধি। বি। বিদেশী। < আ. মুতসদ্দী। বাংলা বানান : ম্ + উ + ৎ + স্ + উ + দ্ + দ্ + ই, ঈ। বি.দ্র. : দ্ + দ্ + ই, ঈ = দ্দি, দ্দী।

মুথা : সুগন্ধি শিকড়যুক্ত ঘাস। বি। তদ্ভব। < সং. মুস্ত। বানান : ম্ + উ + থ্ + আ।

মুদা : মুদ্রিত। বিণ। তদ্ভব। মুদ্ [প্রা. মুদ্দ < সং. মুদ্রিত] + বাং. আ। বানান : ম্ + উ + দ্ + আ।

মুদারা : সঙ্গীতেব দ্বিতীয় স্ববগ্রাম। বি। তদ্ভব। < সং. মন্দ্র। বানান : ম্ + উ + দ্ + আ + ব্ + আ।

মুদি, মুদী : চাল, ডাল, তেল ইত্যাদি বিক্রেতা। বি। বিদেশী। < হি. মোদী। বানান : ম্ + উ + দ্ + ই, ঈ।

মুদিখানা, মুদীখানা : মুদিব দোকান। বি। বিদেশী। মুদি, মুদী [< হি. মোদী] + ফা. খানা। ৬।৪ বানান : ম্ + উ + দ্ + ই, ঈ + খ্ + আ + ন্ + আ।

মুদিত : মুদ্রিত। বিণ। তদ্ভব। < সং. মুদ্রিত। বানান : ম্ + উ + দ্ + ই + ত্ + অ।

মুদগর : মুগুব। বি। তৎসম। মুদ্ [আনন্দ পাওয়া] + গব [নাশক]। বানান : ম্ + উ + দ্ + গ্ + অ + ব্ + অ। বি.দ্র. : দ্ + গ্ + অ = দগ।

মুদ্দত, মুদ্দৎ : নির্দিষ্ট সময়। বি। বিদেশী। < আ. মুদ্দৎ। বাংলা বানান : ম্ + উ + দ্ + দ্ + অ + [ত্] ৎ। বি.দ্র. : দ্ + দ্ + অ = দ্দ।

মুদ্দতি, মুদ্দতী : নির্দিষ্ট সময়ের জন্যে বলবৎ, মেয়াদী। বিণ। বিদেশী। আ. মুদ্দৎ + বাং. ই, ঈ। ৬।৩ বাংলা বানান : ম্ + উ + দ্ + দ্ + অ + ত + ই, ঈ। বি.দ্র. : দ্ + দ্ + অ = দ্দ। শব্দান্তের 'ত' হসন্তবর্জিত।

মুদ্দাফরাশ, মুদ্দোফরাশ, মুর্দাফরাস : শবদাহকারী। বি। বিদেশী। মুদ্দা, মুদ্দো, মুর্দা। < ফা. মুর্দা] + ফবাশ, ফবাস [< ফা. ফবোশ]। বাংলা বানান : ম্ + উ + দ্ + দ্ + আ, ও [ম্ + উ + ব্ + দ্ + আ] + ফ্ + অ + ব্ + আ + শ্, স্। বি.দ্র. : 'শ' বা 'স'-ব হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুদ্রণ : ছাপানোব কাজ। বি। তৎসম। মুদ্রি + অন। ৬।১ বানান : ম্ + উ + দ্ + ব্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'ব্' ও ন'-ব মধ্যে অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মুদ্রা : টাকা সিকি পয়সা ইত্যাদি। বি। তৎসম। মুদ্ + ব্ + আ। ৬।১ বানান : ম্ + উ + দ্ + ব্ + আ। বি.দ্র. : দ্ + ব্ + আ = দ্রা।

মুদ্রাকর : ছাপাখানায় যে পুস্তকাদি ছাপে। বি। তৎসম। মুদ্রা [মুদ্ + ব + আ] + কব [কৃ + অ]। ৬।১ মুদ্রা [মুদ্রণ] করে যে = উপপদ তৎ। ৩।৩ বানান : ম্ + উ + দ্ + ব্ + আ + ক্ + অ + ব্ + অ। বি.দ্র. : দ্ + ব্ + আ = দ্রা।

মুদ্রাকরপ্রমাদ : ছাপাব ভুল। বি। তৎসম। মুদ্রাকব ['মুদ্রাকব' দ্রষ্টব্য] + প্রমাদ [প্র + মদ্ + অ]। ৬।১ মুদ্রাকবেব প্রমাদ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + উ + দ্ + ব্ + আ + ক্ + অ + ব্ + অ + প্ + ব্ + অ + ম্ + আ + দ্ + অ। বি.দ্র. : প্ + র্ + অ = প্র।

মুদ্রাক্ষর : ছাপার কাজে ব্যবহৃত ধাতুর অক্ষব [Printing type] । বি। তৎসম। মুদ্রা [মুদ্ + র্ + আ] + অক্ষর [ন্ + ক্ষর্ + অ]। ৬।১ [সন্ধি] আ + অ = আ [দ্রা]। ২।১।গ মুদ্রাঙ্কিত অক্ষর = মধ্যপদ-কর্মধা। ৩।২ বানান : ম্ + উ + দ্ + র্ + আ + ক্ + ষ্ + অ + র্ + অ। বি.দ্র. : দ্ + র্ + আ = দ্রা, ক্ + ষ্ + অ = ক্ষ।

মুদ্রাঙ্কন : ছাপ দেওয়া। বি। তৎসম। মুদ্রা [মুদ্ + র + আ] + অঙ্কন [অঙ্ক্ + অন]। ৬।১ [সন্ধি] আ + অ = আ [দ্রা]। ২।১।গ মুদ্রা দ্বারা অঙ্কন = করণতৎ। ৩।৩ বানান : ম্ + উ + দ্ + র্ + আ + ঙ্ + ক্ + অ + ন্ + অ। বি.দ্র. : দ্ + র্ + আ = দ্রা, ঙ্ + ক্ + অ = ঙ্ক।

মুদ্রাঙ্কিত : যাতে মুদ্রাঙ্কন করা হয়েছে। বিণ। তৎসম। মুদ্রা [মুদ্ + র্ + আ] + অঙ্কিত [অঙ্ক্ + ত]। ৬।১ [সন্ধি] আ + অ = আ [দ্রা]। ২।১।গ মুদ্রার দ্বারা অঙ্কিত = করণতৎ। ৩।৩ বানান : ম্ + উ + দ্ + র্ + আ + ঙ্ + ক্ + ই + ত্ + অ। বি.দ্র. : দ্ + র্ + আ = দ্রা, ঙ্ + ক্ + ই = ঙ্কি।

মুদ্রাদোষ : একই প্রকার কথা বলা ও অঙ্গভঙ্গি করবার বদভ্যাস। বি। তৎসম। মুদ্রা [মুদ্ + র + আ] + দোষ [দুষ্ + অ]। ৬।১ মুদ্রার [বাগ্‌ভঙ্গি, অঙ্গভঙ্গির] দোষ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + উ + দ্ + র্ + আ + দ্ + ও + ষ্ + অ। বি.দ্র. : 'ও'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

মুদ্রালিপি : ছাপার অক্ষর। বি। তৎসম। মুদ্রা [মুদ্ + র + আ] + লিপি [লিপ্ + ই]। ৬।১, মুদ্রাকৃত লিপি [অক্ষর] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + উ + দ্ + র্ + আ + ল্ + ই + প্ + ই।

মুদ্রাস্ফীতি : দেশের পণ্যের চেয়ে অর্থের বৃদ্ধি। বি। তৎসম। মুদ্রা [মুদ্ + র + আ] + স্ফীতি [স্ফায় + তি]। ৬।১ মুদ্রার স্ফীতি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + উ + দ্ + র্ + আ + স্ + ফ্ + ঈ + ত্ + ই। বি.দ্র. : দ্ + র্ + আ = দ্রা, স্ + ফ্ + ঈ = স্ফী, ত্ + ই = তি।

মুদ্রিত : ছাপযুক্ত, যা ছাপা হয়েছে। বিণ। তৎসম। মুদ্রা + ইত [ইতচ্]। ৬।২ বানান : ম্ + উ + দ্ + র্ + ই + ত্ + অ। বি.দ্র. : দ্ + র্ + ই = দ্রি।

মুনশীগিরি : কেরানীগিরি। বি। বিদেশী < আ. মুন্‌শী + ফা. গিরি। বানান : ম্ + উ + ন্ + শ্ + ঈ + গ্ + ই + র্ + ই।

মুনসিফ, মুনসেফ : দেওয়ানী আদালতের নিম্নতম বিচারক। বি। বিদেশী। < আ. মুন্‌সিফ্। বানান : ম্ + উ + ন্ + স্ + ই, এ + ফ্। বি.দ্র. : 'ন' ও 'ফ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুনাফা : লাভ। বি। বিদেশী। < আ. মুনাফা। বানান : ম্ + উ + ন্ + আ + ফ্ + আ।

মুন্সিয়ানা : নৈপুণ্য। বি বিদেশী। < আ. মুন্‌শী। বাং. আনা। ৬।৩ বাংলা বানান : ম্ + উ + ন্ + স্ + ই + য্ + আ + ন্ + আ।

মুরগি, মুর্গি : কুক্কুট। বি। বিদেশী। < ফা. মুর্গ্ + বাং. ই.। বাংলা বানান : ম্ + উ + র্ + গ্ + ই। বি.দ্র. : র্ + গ্ + ই = র্গি।

মুরগী : কুক্কুটী। বি। বিদেশী। < ফা. মুর্গ্ + বাং. ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : ম্ + উ + র্ + অ + গ্ + ঈ। বি.দ্র. : 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুরজ : মৃদঙ্গ। বি। তৎসম। মুর্ + জন্ + অ। ৬।১ বানান : ম্ + উ + র্ + অ + জ্ + অ।

মুরজা : কুবের-পত্নী। বি। তৎসম। মুর + জন্ + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : ম্ + উ + র্ + অ + জ্ + আ।

মুরদ, মুরোদ : পৌরুষ। বি। বিদেশী। < আ. মুরাদ। বাংলা বানান : ম্ + উ + র্ + অ, ও + দ্। বি.দ্র. : শব্দান্তের 'দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুরুব্বি, মুরুব্বী : অভিভাবক। বি। বিদেশী। < আ. মুরব্বী। বাংলা বানান : ম্ + উ + র্ + উ + ব্ + ব্ + ই, ঈ। বি.দ্র. : র্ + উ = রু, ব্ + ব্ + ই, ঈ = ব্বি, ব্বী।

মুরুব্বিগিরি : মাতব্বরি। বি। বিদেশী। < আ.

মুরব্বী + ফা. গিরি। বাংলা বানান : ম্ + উ + র্ + উ + ব্ + ব্ + ই + গ্ + ই + র্ + ই। বি.দ্র. : র্ + উ = রু, ব্ + ব্ + ই = ব্বি।

মুরুব্বিয়ানা : মাতব্বরি। বি। বিদেশী। < আ. মুরব্বী + বাং. আনা। বাংলা বানান : ম্ + উ + র্ + উ + ব্ + ব্ + ই +য্ + আ + ন্ + আ। বি.দ্র. : র্ + উ = রু, ব্ + ব্ + ই = ব্বি।

মুরলী : বংশী। বি। তৎসম। মুরল [মুর + লা + অ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান : ম্ + উ + র্ + অ + ল্ + ঈ। বি.দ্র. : ল্ + ঈ = লী।

মুরলীধর : কৃষ্ণ। বি। তৎসম। মুরলী [মুর + লা + অ + ঈ] + ধর [ধৃ + অ]। ৬।১ মুরলী ধরেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + উ + র্ + অ + ল্ + ঈ + ধ্ + অ + র্ + অ।

মুরশিদ, মুরশেদ, মোরশেদ : পীর। বি। বিদেশী। < আ. মুর্শিদ্। বাংলা বানান : ম্ + উ [ও] + র্ + শ্ + ই, এ + দ্।

মুর্দা : মৃতদেহ। বি। বিদেশী। < ফা. মুর্দহ্। বাংলা বানান : ম্ + উ + র্ + দ্ + আ। বি.দ্র. : র্ + দ্ + আ = র্দা।

মুর্দাফরাশ, মুর্দাফরাস : শবদাহকারী ডোম। বি। বিদেশী। < ফা. মুর্দহ্ + ফা. ফরোশ্। বাংলা বানান : ম্ + উ + র্ + দ্ + আ + ফ্ + অ + র্ + আ + শ্ + অ। বি.দ্র. : র্ + দ্ + আ = র্দা।

মুলতানী : মুলতানে জাত, রাগিণী। বিণ। তদ্ভব। মুলতান [< সং. মূলস্থান] + বাং. ঈ। ৬।৩ বানান : ম্ + উ + ল্ + ত্ + আ + ন্ + ঈ। শব্দ-মধ্যে 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুলা, মুলো : কন্দ, ব্যঞ্জনের উপকরণ। বি। তদ্ভব। < সং. মূলক। বানান : ম্ + উ + ল্ + আ, ও। বি.দ্র. : সংস্কৃতের 'মূ' তদ্ভবে 'মু' হয়েছে।

মুলাকাত, মোলাকাত : সাক্ষাৎকার। বি। বিদেশী। < আ. মুলাকাত্। বানান : ম্ + উ + ল্ + আ + ক্ + আ + ত্ + অ। বি.দ্র. : শব্দান্তের 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুলিবাঁশ : ফাঁপা সরু বাঁশ। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। মুলি [আ. মুলাইম্] + বাঁশ [সং. বংশ]। বাংলা বানান : ম্ + উ + ল্ + ই + বঁ + আ + শ্ + অ।

মুলুক : দেশ। বি। বিদেশী। < আ. মুল্‌ক্। বাংলা বানান : ম্ + উ + ল্ + উ + ক্। বি.দ্র. : শব্দান্তের 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুশকিল, মুস্কিল : বিপদ। বি। বিদেশী। < আ. মুশকিল। বাংলা বানান : ম্ + উ + শ্ + ক্ + ই + ল্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'শ্' ও শব্দান্তের 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। স্ + ক্ + ই = স্কি।

মুশায়েরা, মুসায়েরা : কবি সম্মেলন। বি। বিদেশী। < ফা. মুশায়রা। বাংলা বানান : ম্ + উ + শ্ [স্] + য় + এ + র্ + আ।

মুষল, মুশল : ঢেঁকির মোনা। বি। তৎসম। সং. মুষ্ + অল। ৬।১ বানান : ম্ + উ + ষ্ [শ্] + অ + ল্ + অ।

মুষলধারে বৃষ্টি : বড় বড় ফোঁটায় বৃষ্টিপাত। বি। তৎসম। মুষল [মুষ্ + অল] + ধারে [ধৃ + অ + এ (অধিকরণ)] + বৃষ্টি [বৃষ্ + তি]। ৬।১ বি.দ্র. : উ-র পর 'ষ' হয়েছে। বৃষ্টি = ব্ + ঋ + ষ্ + ট্ + ই। বি.দ্র. ব্ + = বৃ, 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক

মুষলী : মুষল অস্ত্র যাঁর, বলরাম। বি। তৎসম মুষল [মুষ্ + অল] + ইন্ [ঈ]। ৬।১ ৬। মুষল আছে যার। বানান : ম্ + উ + ষ্ · অ + ল্ + ঈ।

মুষ্ক : অণ্ডকোষ। বি। তৎসম। মুষ্ + ক। ৬।

বানান: ম্ + উ + ষ্ + ক্ + অ। বি.দ্র.: 'উ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক ষ্ + ক = ষ্ক।

মুষ্টামুষ্টি: পরস্পর মুষ্টির আঘাত। বি। তৎসম। মুষ্ট [মুষ্ + ত] + আ + মুষ্টি [মুষ্ + তি]। ৬।১ মুষ্টিতে মুষ্টিতে যে যুদ্ধ =ব্যতিহার বহুব্রী। ৩।৫ বানান: ম্ + উ + ষ্ + ট্ + আ + ম্ + উ + ষ্ + ট্ + ই। বি.দ্র.: ষ্ + ট্ + আ = ষ্টা, ষ্ + ট্ + ই = ষ্টি। 'উ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

মুষ্টি: মুঠা, মুঠি। বি। তৎসম। মুষ্ + তি। ৬।১ বানান: ম্ + উ + ষ্ + ট্ + ই। বি.দ্র.: 'উ'-র পর 'ষ্' হয়েছে। ষ্ + তি = ষ্টি। ২।২৪

মুসড়ানো: মনমরা হওয়া। ক্রি। তদ্ভব। বাং. মুসিড [< প্রা. মুসিদ < সং. মুষিত] + বাং. আনো। বানান: ম্ + উ + স্ + ড়্ + আ + ন্ + ও। বি.দ্র.: শব্দ-মধ্যের 'স'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুসলমান: হজরত মোহাম্মদ-প্রবর্তিত ধর্ম-সমাজের অন্তর্ভুক্ত ব্যক্তি। বি। বিদেশী। < আ. মুসলমান। বাংলা বানান: ম্ + উ + স্ + অ + ল্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ল' ও শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুসলমানী: মুসলমান-সমাজের রীতিসম্মত। বিণ। বিদেশী। মুসলমান ['মুসলমান' দ্রষ্টব্য] + বাং. ঈ। বানান: ম্ + উ + স্ + অ + ল্ + অ + ম্ + আ + ন্ + ঈ। বি.দ্র.: 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুসলিম: মুসলমান। বি। বিদেশী। < আ. মুস্‌লিম] বানান: ম্ + উ + স্ + ল্ + ই + ম্ + অ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'স' ও শব্দান্তের 'ম'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুসাফির: পর্যটক। বি। বিদেশী। < আ. মুসাফির। বানান: ম্ + উ + স্ + আ + ফ্ + ই + র্। বি.দ্র.: 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুসাফিরখানা: ধর্মশালা, সরাই। বি। বিদেশী। < আ. মুসাফির্ + ফা. খানা। বানান: ম্ + উ + স্ + আ + ফ্ + ই + র্ + খ্ + আ + ন্ + আ। বি.দ্র.: 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুসাবিদা: খসড়া [draft]। বি। বিদেশী। < আ. মুসব্‌দাহ্ বাংলা বানান: ম্ + উ + স্ + আ + ব্ + ই + দ্ + আ।

মুস্কিল [মুশকিল] আসান: সংকটমোচন। বি। বিদেশী। < আ. মুশ্‌কিল + < আ. অহ্‌সান্। বাংলা বানান: ম্ + উ + স্ [শ্] + ক্ + ই + ল্ + আ + স্ + আ + ন্। বি.দ্র.: স্ + ক্ + ই = স্কি। শব্দ-মধ্যের 'শ' এবং শব্দান্তের 'ল' ও 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুস্তাফি, মুস্তাফী: হিসাব-পরীক্ষক। বি। বিদেশী। < আ. মুস্‌তফী। বাংলা বানান: ম্ + উ + স্ + ত্ + আ + ফ্ + ই, ঈ। বি.দ্র.: স্ + ত্ + আ = স্তা।

মুহম্মদ: ইসলাম ধর্মের প্রবর্তক। বি। বিদেশী। < আ. মোহাম্মদ। বাংলা বানান: ম্ + উ + হ্ + অ + ম্ + ম্ + অ + দ্। বি.দ্র.: শব্দান্তের 'দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মুহুঃ: পুনঃপুনঃ। অব্য। তৎসম। < সং. মুহুস্। বানান: ম্ + উ + হ্ + উ + : [স্]। বি.দ্র.: হ্ + উ = হু।

মুহুর্মুহুঃ: পুনঃপুনঃ। অব্য। তৎসম। মুহুঃ [মুহুঃ দ্রষ্টব্য] + মুহুঃ। [সন্ধি] উঃ + মু = উর্মু। ২।৩৮ বানান: ম্ + উ + হ্ + উ + র্ + ম্ + উ + হ্ + উ + : । বি.দ্র.: র্ + ম্ + উ = র্মু, শব্দান্তে : [বিসর্গ] থাকবে। কিন্তু আধুনিক বাংলায় শব্দান্তের বিসর্গ বর্জন করা হয়।

মুহুরি, মুহুরী: কেরানী। বি। বিদেশী। < আ. মুহর্‌রির। বাংলা বানান: ম্ + উ + হ্ + উ + র্ + ই, ঈ। বি.দ্র.: হ্ + উ = হু, আধুনিক বাংলায় কেবল 'হু'-কারই ব্যবহৃত হয়।

মুহুরিগিরি: মুহুরির কাজ। বি। তৎসম। মুহুরি ['মুহুরি' দ্রষ্টব্য] + ফা. গিরি। বাংলা বানান: ম্ + উ + হ্ + উ + র্ + ই + গ্ + ই + র্ + ই।

মুহূর্ত: নিমেষ, ক্ষণ। বি। তৎসম। মূর্ছ্ (বেঁকে যাওয়া) + ত। মতান্তরে, হুর্চ্ছ্ + ত। বানান: ম্ + উ + হ্ + ঊ + র্ + ত্ + অ। বি.দ্র.: ১. ম্ + উ = মু, ২. হ্ + ঊ = হূ, ৩. র্ + ত্ + অ = র্ত।

মুহ্যমান, মোহ্যমান: অভিভূত। বিণ। তৎসম। মুহ্ + মান [শানচ্]—'য্'-এর আগম। ৬।১ বানান: ম্ + উ,ও + হ্ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: হ্ + য্ + অ = হ্য। বৈয়াকরণের দৃষ্টিতে 'মুহ্যমান' অশুদ্ধ, কিন্তু বহু-প্রচলিত। শুদ্ধ রূপ: 'মোহ্যমান' অথবা 'মুহ্যন্' অল্প-প্রচলিত কিংবা অপ্রচলিত।

মূক: বোবা। বিণ। তৎসম। মূ [বন্ধন করা] + ক। ৬।১ বানান: ম্ + ঊ + ক্ + অ। বি.দ্র.: ম্ + ঊ + ক্ + অ = মূক।

মূঢ়: নির্বোধ। বিণ। তৎসম। মুহ্ + ত। ৬।১ বানান: ম্ + ঊ + ঢ়্ + অ। বি.দ্র.: ম্ + ঊ = মূ, ঢ়্ + অ = ঢ়।

মূঢ়তা: নির্বুদ্ধিতা। বি। তৎসম। মূঢ় ['মূঢ়' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ম্ + ঊ + ঢ়্ + অ + ত্ + আ। বি.দ্র.: ম্ + ঊ = মূ। ঢ়্ + অ = ঢ়।

মূত্র: প্রস্রাব। বি। তৎসম। মূত্র [প্রস্রাব করা] + অ। ৬।১ বানান: ম্ + ঊ + ত্ + র্ + অ। বি.দ্র.: ম্ + ঊ = মূ। ত্ + র্ + অ = ত্র।

মূত্রকৃচ্ছ্র: মূত্ররোধ রোগ। বি। তৎসম। মূত্র [মূত্র + অ] + কৃচ্ছ্র [কৃচ্ছ্র + অ]। ৬।১ মূত্রের কৃচ্ছ্র [কষ্ট] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + ঊ + ত্ + র্ + অ + ক্ + ঋ + চ্ + ছ্ + র্ + অ। বি.দ্র.: ম্ + ঊ = মূ, ত্ + র্ + অ = ত্র, ক্ + ঋ = কৃ, চ্ + ছ্ + র্ + অ = চ্ছ্র।

মূর্খ: অশিক্ষিত। বিণ। তৎসম। মুহ্ [অজ্ঞানে আচ্ছন্ন থাকা] + খ। ৬।১ বানান: ম্ + ঊ + র্ + খ্ + অ। বি.দ্র.: ম্ + ঊ = মূ, র্ + খ্ + অ = র্খ।

মূর্খতা: মূঢ়তা। বি। তৎসম। মূর্খ ['মূর্খ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: ম্ + ঊ + র্ + খ্ + অ + ত্ + আ। বি.দ্র.: ম্ + ঊ = মূ।

মূর্ছন: মূর্ছিত হওয়া। বি। তৎসম। মূর্ছি + অন। ৬।১ বানান: ম্ + ঊ + র্ + ছ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ম্ + ঊ = মূ। 'র' ও 'ন'-এর মধ্যে 'ছ' থাকায় 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

মূর্ছনা: সুরের আরোহণ ও অবরোহণ। বি। তৎসম। মূর্ছি + অন + আ। ৬।১ বানান: ম্ + ঊ + র্ + ছ্ + অ + ন্ + আ। বি.দ্র.: ম্ + ঊ = মূ, র্ + ছ্ + অ = র্ছ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'ছ' থাকায় 'ন' 'ণ' হয়নি।

মূর্ছা: চেতনালোপ। [মূর্ছি + অ + আ]। বি। তৎসম। মূর্ছি + অ + আ। ৬।১ বানান: ম্ + ঊ + র্ + ছ্ + আ। বি.দ্র.: ম্ + ঊ = মূ, র্ + ছ্ + আ = র্ছা।

মূর্ছিত: হতচেতন। বিণ। তৎসম। মূর্ছি + ত। ৬।১ বানান: ম্ + ঊ + র্ + ছ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ম্ + ঊ = মূ, র্ + ছ্ + ই = র্ছি।

মূর্ছিতা: মূর্ছাগতা। বিণ। তৎসম। মূর্ছিত [মূর্ছি + ত] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ম্ + ঊ + র্ + ছ্ + ই + ত্ + আ। বি.দ্র.: ম্ + ঊ = মূ।

মূর্ত: মূর্তিমান। বিণ। তৎসম। মূর্ছ্ + ত। ৬।১ বানান: ম্ + ঊ + র্ + ত্ + অ। বি.দ্র.: ম্ + ঊ = মূ, র্ + ত্ + অ = র্ত।

মূর্তি: আকৃতি, প্রতিমা। বি। তৎসম। মূর্ছ্ + তি।

৬।১ বানান : ম্ + ঊ + র্ + ত্ + ই। বি.দ্র. : ম্ + ঊ = মূ, র্ + ত্ + ই = র্তি।

মূর্তিপরিগ্রহ : শরীর ধারণ। বি। তৎসম। মূর্তি [মূর্ছ্ + তি] + পরিগ্রহ [পরি + গ্রহ্ + অ]। ৬।১ মূর্তিকে পরিগ্রহ = কর্মতৎ। ৩।২ বানান : ম্ + ঊ + র্ + ত্ + ই + প্ + অ + র্ + ই + গ্ + র্ + অ + হ্ + অ। বি.দ্র. : ম্ + ঊ = মূ, র্ + ত্ + ই = র্তি, গ্ + র্ + অ = গ্র।

মূর্তিপূজা : প্রতিমা পূজা। বি। তৎসম। মূর্তি [মূর্ছ্ + তি] + পূজা [পূজ্ + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক মূর্তিকে পূজা = কর্মতৎ। ৩।৩ বানান : ম্ + ঊ + র্ + ত্ + ই + প্ + ঊ + জ্ + আ। বি.দ্র. : ম্ + ঊ = মূ, র্ + ত্ + ই = র্তি, প্ + ঊ = পূ।

মূর্তিমতী : সাকারা। বিণ। তৎসম। মূর্তি [মূর্ছ্ + তি] + মতী [মৎ (মতুপ্) + ঈ [স্ত্রী]]। ৬।১, ৬।২, ৭।১।ঝ বানান : ম্ + ঊ + র্ + ত্ + ই + ম্ + অ + ত্ + ঈ। বি.দ্র. : ম্ + ঊ = মূ, র্ + ত্ + ই = র্তি, ত্ + ঈ = তী।

মূর্তিমান : মূর্ত। বিণ। তৎসম। মূর্তি [মূর্ছ্ + তি] + মান [মৎ (মতুপ্)]। ৬।১, ৬।২ বানান : ম্ + ঊ + র্ + ত্ + ই + ম্ + আ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন বাংলায় নিষ্প্রয়োজন।

মূর্ধন্য : মূর্ধা থেকে উচ্চার্য। বিণ। তৎসম। মূর্ধন্ + য [ষ্ণ্য]। ৬।২ বানান : ম্ + ঊ + র্ + ধ্ + অ + ন্ + য্ + অ। বি.দ্র. : ম্ + ঊ = মূ, র্ + ধ্ + অ = র্ধ, ন্ + য্ + অ = ন্য। 'র' ও 'ন' এর মধ্যে 'ধ' [ত-বর্গ] থাকায় 'ন' 'ন'-ই থেকেছে, মূর্ধন্য [ণ] হয়নি। ৪।১।গ

মূর্ধা : মস্তক। বি। তৎসম। মূর্ধ্ + অন [মূর্ধন্] মূর্ধা। বানান : ম্ + ঊ + র্ + ধ্ + আ। বি.দ্র. : ম্ + ঊ = মূ, র্ + ধ্ = আ = র্ধা।

মূর্ধাভিষেক : রাজপদে আরোহণকালে মস্তকে তীর্থজলাভিষেক। বি। তৎসম। মূর্ধা [মূর্ধন্] + অভিষেক [অভি + সিচ্ + অ]। ৬।১ [সন্ধি] আ + অ = আ [ধা] ২।১।গ মূর্ধায় [মাথায়] অভিষেক = অধিকরণতৎ। ৩।৩ বানান : ম্ + ঊ + র্ + ধ্ + আ + ভ্ + ই + ষ্ + এ + ক্ + অ। বি.দ্র. : ম্ + ঊ = মূ, র্ + ধ্ + আ = র্ধা, ষ্ + এ = ষে। 'ই'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

মূল : শিকড়। বি। তৎসম। মূল্ + অ। ৬।১ বানান : ম্ + ঊ + ল্ + অ। বি.দ্র. : ম্ + ঊ = মূ।

মূলক : জনক। বিণ। তৎসম। মূল [মূল্ + অ] + ক। ৬।১, ৬।২ বানান : ম্ + ঊ + ল্ + অ + ক্ + অ। বি.দ্র. : ম্ + ঊ = মূ।

মূলগত : মৌলিক। বিণ। তৎসম। মূল [মূল্ + অ] + গত [গম্ + ত]। ৬।১ মূলকে গত = কর্মতৎ। ৩।২ বানান : ম্ + ঊ + ল্ + অ + গ্ + অ + ত্ + অ। বি.দ্র. : ম্ + ঊ = মূ।

মূলত : প্রকৃতপক্ষে। অব্য, ক্রি-বিণ। তৎসম। মূল [মূল্ + অ] + তঃ [তস্]। ৬।১ বানান : ম্ + ঊ + ল্ + অ + ত্ + অ + ঃ। বি.দ্র. : ম্ + ঊ = মূ। বাংলায় 'ত'-এরপর বিসর্গ দেওয়া হয় না।

মূলধন : পুঁজি। বি। তৎসম। মূল [মূল্ + অ] + ধন [ধন্ + অ]। ৬।১ মূল যে ধন = কর্মধা। ৩।২ বানান : ম্ + ঊ + ল্ + অ + ধ্ + অ + ন্ + অ। বি.দ্র. : ম্ + ঊ = মূ।

মূলনীতি : মৌলিক নীতি। বি। তৎসম। মূল [মূল্ + অ] + নীতি [নী + তি]। ৬।১ মূল যে নীতি = কর্মধা। ৩।২ বানান : ম্ + ঊ + ল্ + অ + ন্ + ঈ + ত্ + ই। বি.দ্র. : ম্ + ঊ = মূ, ন্ + ঈ = নী, ত্ + ই = তি।

অর্থাৎ, আগে 'ঈ', পরে 'ই'।

মূলভিত্তি : প্রধান আধার। বি। তৎসম। মূল [মূল্ + অ] + ভিত্তি [ভিদ্ + তি]। ৬।১ মূল যে ভিত্তি = কর্মধা। ৩।২ বানান : ম্ + ঊ + ল্ + অ + ভ্ + ই + ত্ + ত্ + ই। বি.দ্র. : ম্ + ঊ = মূ, ত্ + ত্ + ই = ত্তি।

মূলমন্ত্র : বীজমন্ত্র। বি। তৎসম। মূল [মূল্ + অ] + মন্ত্র [মন্ত্র্ + অ]। ৬।১ মূল যে মন্ত্র = কর্মধা। ৩।২ বানান : ম্ + ঊ + ল্ + অ + ম্ + অ + ন্ + ত্ + র্ + অ। বি.দ্র. : ম্ + ঊ = মূ, ন্ + ত্ + র্ + অ = ন্ত্র।

মূলসূত্র : আদি কারণ। বি। তৎসম। মূল [মূল্ + অ] + সূত্র [সূত্র + অ]। ৬।১, ৬।২ মূল যে সূত্র = কর্মধা। ৩।২ বানান : ম্ + ঊ + ল্ + অ + স্ + ঊ + ত্ + র্ + অ। বি.দ্র. : ম্ + ঊ = মূ, স্ + ঊ = সূ, ত্ + র্ + অ = ত্র। শব্দান্তের 'ন'-র হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মূলাকর্ষণ : শিকড় ধরে টান। বি। তৎসম। মূল [মূল্ + অ] + আকর্ষণ [আ + কৃষ্ + অন]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [লা]। ২।১।খ মূলকে আকর্ষণ = কর্মতৎ। ৩।৩ বানান : ম্ + ঊ + ল্ + আ + ক্ + অ + র্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ম্ + ঊ = মূ, র্ + ষ্ + অ = র্ষ, 'ষ্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

মূলাধার : মূল কারণ। বি। তৎসম। মূল [মূল্ + অ] + আধার [আ + ধৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [লা]। ২।১।খ মূল যে আধার = কর্মধা। ৩।২ বানান : ম্ + ঊ + ল্ + আ + ধ্ + আ + র্ + অ। বি.দ্র. : ম্ + ঊ = মূ।

মূলী : মূলযুক্ত। বিণ। তৎসম। মূল [মূল্ + অ] + ইন্ [ঈ]। ৬।১ মূল আছে যার। বানান : ম্ + ঊ + ল্ + ঈ। বি.দ্র. : ম্ + ঊ = মূ, ল্ + ঈ = লী। শব্দটি 'ইন্' [ঈ)-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

মূলীভূত : মূলগত। বিণ। তৎসম। মূল [মূল্ + অ] + ঈ [অভূততদ্ভাবে] + ভূত [ভূ + ত]। ৬।২ বানান : ম্ + ঊ + ল্ + ঈ + ভ্ + ঊ + ত্ + অ। বি.দ্র. : ম্ + ঊ = মূ, ল্ + ঈ = লী, ভ্ + ঊ = ভূ।

মূলে : গোড়ায়। ক্রি-বিণ। তৎসম। মূল [মূল্ + অ] + এ [অধিকরণ]। ৬।১ বানান : ম্ + ঊ + ল্ + এ।

মূলোচ্ছেদ : সম্পূর্ণ বিনাশ। বি। তৎসম। মূল [মূল্ + অ] + উচ্ছেদ [উৎ + ছেদ (ছিদ্ + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [লো]। ২।৫।ক মূলের উচ্ছেদ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + ঊ + ল্ + ও + চ্ + ছ্ + এ + দ্ + অ। বি.দ্র. : ম্ + ঊ = মূ, ল্ + ও = লো, চ্ + ছ্ + এ = চ্ছে।

মূলোৎপাটন : সম্পূর্ণ বিনাশ। বি। তৎসম। মূল [মূল্ + অ] + উৎপাটন [উৎ + পট্ + ণিচ্ + অন]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [লো]। ২।৫।ক মূলকে উৎপাটন = কর্মতৎ। ৩।৩ বানান : ম্ + ঊ + ল্ + ও + ৎ + প্ + আ + ট্ + অ + ন্ + অ। বি.দ্র. : ল্ + ও = লো।

মূল্য : দাম। বি। তৎসম। মূল [মূল্ + অ] + য [ষ্যৎ]। ৬।২ বানান : ম্ + ঊ + ল্ + য্ + অ। বি.দ্র. : ম্ + ঊ = মূ, ল্ + য্ + অ = ল্য।

মূল্যবান : দামী। বিণ। তৎসম। মূল্য [মূল + য (ষ্যৎ)] ৬।২ + বান [বৎ = বতুপ্]। ৬।২ বানান : ম্ + ঊ + ল্ + য্ + অ + ব্ + আ + ন্। বি.দ্র. : ম্ + ঊ = মূ, ল্ + য্ + অ = ল্য। শব্দান্তের 'ন'-র হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মূল্যহীন : তুচ্ছ। বিণ। তৎসম। মূল্য [মূল + য

(ষ্ণ্য)] + হীন [হা + ত]। ৬।২, ৬।১ মূল্যের দ্বারা হীন = করণতৎ। ৩।৩ বানান: ম্ + ঊ + ল্ + য্ + অ + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: ম্ + ঊ = মূ, ল্ + য্ + অ = ল্য, হ্ + ঈ = হী।

মূষ, মূষা: ধাতু গলাবার পাত্র, মুচি। বি। তৎসম। মূষ্ + অ, + আ। ৬।১ বানান: ম্ + ঊ + ষ্ + অ, আ। বি.দ্র.: ম্ + ঊ = মূ, ষ্ + আ = ষা। 'ঊ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

মূষিক: ইঁদুর। বি। তৎসম। মূষ্ + ইক [ষ্কিক]। ৬।১ বানান: ম্ + ঊ + ষ্ + ই + ক্ + অ। বি.দ্র.: ম্ + ঊ = মূ, ষ্ + ই = ষি। 'ঊ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

মৃগ: হরিণ, পশু। বি। তৎসম। মৃগ্ + অ। ৬।১ বানান: ম্ + ঋ + গ্ + অ। বি.দ্র.: ম্ + ঋ = মৃ।

মৃগচর্ম: হরিণের চামড়া, পশুর চামড়া। বি। তৎসম। মৃগ [মৃগ্ + অ] + চর্ম [সং.]। ৬।১ মৃগের চর্ম = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + ঋ + গ্ + অ + চ্ + র্ + ম্ + অ।

মৃগতৃষা: মরীচিকা। বি। তৎপুরুষ। মৃগ [মৃগ্ + অ] + তৃষা [তৃষ্ + কিপ্ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [জলের ভ্রমে] মৃগের তৃষা যাতে = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + ঋ + গ্ + অ + ত্ + ঋ + ষ্ + আ। বি.দ্র.: ম্ + ঋ = মৃ, ত্ + ঋ = তৃ, ঋ-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

মৃগতৃষিকা: মরীচিকা। বি। তৎসম। মৃগ [মৃগ্ + অ] + তৃষিকা [তৃষ্ + ইক + আ]। ৬।১, ৭।১।খ [জলের ভ্রমে] মৃগের তৃষ্ণা যাতে = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + ঋ + গ্ + অ + ত্ + ঋ + ষ্ + ই + ক্ + আ। 'ঋ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

মৃগতৃষ্ণা: মরীচিকা। বি। তৎসম। মৃগ [মৃগ্ + অ] + তৃষ্ণা [তৃষ্ + ন্ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [জলের ভ্রমে] মৃগের তৃষ্ণা যাতে = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + ঋ + গ্ + অ + ত্ + ঋ + ষ্ + ণ্ + আ। বি.দ্র.: 'ঋ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক 'ষ'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ

মৃগনয়না: হরিণের ন্যায় সুন্দর চক্ষুবিশিষ্টা। বিণ। তৎসম। মৃগ [মৃগ্ + অ] + নয়না [নয়ন (নী + অন) + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক মৃগের নয়নের মতো নয়ন যার = উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান: ম্ + ঋ + গ্ + অ + ন্ + অ + য় + অ + ন্ + আ। বি.দ্র.: ম্ + ঋ = মৃ।

মৃগনাভি: কস্তূরী। বি। তৎসম। মৃগ [মৃগ্ + অ] + নাভি [নহ্ + ই (হ্=ভ্)]। ৬।১ মৃগের নাভি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + ঋ + গ্ + অ + ন্ + আ + ভ্ + ই। বি.দ্র.: ম্ + ঋ = মৃ, ভ্ + ই = ভি।

মৃগনেত্রা: হরিণের ন্যায় সুন্দর চক্ষুবিশিষ্টা। বিণ। তৎসম। মৃগ [মৃগ্ + অ] + নেত্রা [নেত্র (নী + ত্র) + আ (স্ত্রী)]। ৬।১ মৃগের নেত্রের মতো নেত্র যার = উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান: ম্ + ঋ + গ্ + অ + ন্ + এ + ত্ + র্ + আ। বি.দ্র.: ম্ + ঋ = মৃ, ত্ + র্ + আ = ত্রা।

মৃগমদ: কস্তূরী। বি। তৎসম। মৃগ [মৃগ্ + অ] + মদ [মদ্ + অ]। ৬।১ মৃগের মদ [মৃগের নাভি-নিঃসৃত মাদকতাময় সুগন্ধ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + ঋ + গ্ + অ + ম্ + অ + দ্ + অ।

মৃগয়া: বন্য পশুপাখিশিকার। বি। তৎসম। মৃগ [মৃগ্ + অ] + য [যক্] + আ [স্ত্রী]। ৬।১ বানান: ম্ + ঋ + গ্ + অ + য্ + আ বি.দ্র.: ম্ + ঋ = মৃ।

মৃগরাজ: সিংহ। বি। তৎসম। মৃগ [মৃগ্ + অ] + রাজ [রাজন্]। ৬।১ মৃগদের [পশুদের] রাজা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + ঋ + গ্ +

অ + র্ + আ + ঙ্ + অ। বি.দ্র. : ম্ + ঋ = মৃ।

মৃগলোচনা : হরিণের ন্যায় সুন্দর চক্ষুবিশিষ্টা। বিণ। তৎসম। মৃগ [মৃগ্ + অ] + লোচনা [লোচন (লোচ্ + অন) + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক মৃগের লোচনের মতো লোচন যার = উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান : ম্ + ঋ + গ্ + অ + ল্ + ও + চ্ + অ + ন্ + আ। বি.দ্র. : ম্ + ঋ = মৃ।

মৃগশিরা : নক্ষত্র। বি। তৎসম। মৃগ [মৃগ্ + অ] + শিরাঃ [শিরস্]। ৬।১ মৃগের শিরের মতো শির [ঃ] যার = উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান : ম্ + ঋ + গ্ + অ + শ্ + ই + র্ + আ + ঃ। বি.দ্র. : ম্ + ঋ = মৃ।

মৃগশিরা : নক্ষত্র। বি। তৎসম। মৃগ [মৃগ্ + অ] + শিরা [শিরস্]। ৬।১ মৃগের শিরের মতো শির যার = উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান : ম্ + ঋ + গ্ + অ + শ্ + ই + র্ + আ।

মৃগশীর্ষ : নক্ষত্র। বি। তৎসম। মৃগ [মৃগ্ + অ] + শীর্ষ [শিরস্]। ৬।১ মৃগের শিরের মতো শির [ঃ] যার = উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান ; ম্ + ঋ + গ্ + অ + শ্ + ঈ + র্ + ষ্ + অ। বি.দ্র. : ম্ + ঋ = মৃ, শ্ + ঈ = শী, র্ + ষ্ + অ = র্ষ। 'র্'-এর পর 'ষ' হয়েছে। ৪।২।গ

মৃগাক্ষী : হরিণের ন্যায় সুন্দর চক্ষুবিশিষ্টা। বিণ। তৎসম। মৃগ [মৃগ্ + অ] + অক্ষী [অক্ষি + ঈ (স্ত্রী)] ৬।১, ৭।১।গ [সন্ধি] অ + অ = আ [গা] ২।১।ক মৃগের অক্ষির মতো অক্ষি যার [স্ত্রী] = উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান : ম্ + ঋ + গ্ + আ + ক্ + ষ্ + ঈ। বি.দ্র. : ম্ + ঋ = মৃ, ক্ + ষ্ + ঈ = ক্ষী। 'ক'-এর পর 'ষ' হয়েছে। ৪।২।গ

মৃগাঙ্ক : চন্দ্র। বি। তৎসম মৃগ [মৃগ্ + অ] + অঙ্ক [অঙ্ক্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [গা] ২।১।ক মৃগ অঙ্কে [কোলে] যার = বহুব্রী। ৩।৫ বানান : ম্ + ঋ + গ্ + আ + ঙ্ + ক্ +অ। বি.দ্র. : ম্ + ঋ = মৃ, ঙ্ + ক্ + অ = ঙ্ক।

মৃগাঙ্কশেখর : শিব। বি। তৎসম। মৃগাঙ্ক ['মৃগাঙ্ক' দ্রষ্টব্য] + শেখর [শিখর (শিখা+ র)]মতান্তরে, শিরে (পর্বতশিরে) শয়ন করেন অর্থে শে + খর। ৬।১ মৃগাঙ্ক [চন্দ্র] শেখরে যাঁর= বহুব্রী। ৩।৫ বানান : ম্ + ঋ + গ্ + আ + ঙ্ + ক্ + অ + শ্ + এ + খ্ + অ + র্ + অ। বি.দ্র. : ম্ + ঋ= মৃ, ঙ্ + ক্ + অ= ঙ্ক।

মৃগী : হরিণী, স্ত্রী-পশু, মূর্ছারোগ। বি। তৎসম। মৃগ [মৃগ্ + অ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ। বানান : ম্ + ঋ + গ্ + ঈ। বি.দ্র. : ম্ + ঋ= মৃ, গ্ + ঈ= গী।

মৃগেন্দ্র : পশুরাজ সিংহ। বি। তৎসম। মৃগ্ [মৃগ্ +অ] + ইন্দ্র [ইন্দ্ + র]। ৬।১ [সন্ধি] অ + ই= এ [গে]। ২।৪।ক মৃগদের ইন্দ্র= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + ঋ + গ্ + এ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র. : ম্ + ঋ = মৃ, ন্ + দ্ + র্ + অ= ন্দ্র।

মৃগেল : বড় মাছ বিশেষ। বি। দেশী। বানান : ম্ + ঋ + গ্ + এ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন। 'মিরগেল'-এই বানানও কেউ-কেউ লেখেন।

মৃড় : শিব। বি। তৎসম। মৃড্ + অ। ৬।১ যিনি হৃষ্ট। বানান : ম্ + ঋ + ড্ + অ। ম্ + ঋ= মৃ।

মৃড়ানী : বি। তৎসম। মৃড় [শিব] + আন + ঈ [স্ত্রী]। ৭।১।ঙ বানান : ম্ + ঋ + ড্ + আ + ন্ + ঈ। বি.দ্র. : ম্ + ঋ = মৃ, ন্ + ঈ= নী।

মৃণাল : পদ্মের ডাঁটা। বি। তৎসম। মৃণ্ [হিংসা করা] + আল। ৬।১ বানান : ম্ + ঋ + ণ্

+ আ + ল্ + অ। বি.দ্র.: 'ঋ'-র পর 'ণ' হয়েছে। ৪।১।খ

মৃণালিনী: পদ্মিনী। বি। তৎসম। মৃণাল [মৃণ্ + আল] + ইন + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান: ম্ + ঋ + ণ্ + আ + ল্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: 'ঋ'-র পর 'ণ' হয়েছে। ৪।১।খ শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মৃৎ: মাটি। বি। তৎসম। মৃদ্ + ক্বিপ্। ৬।১ বানান: ম্ + ঋ + ৎ। বি.দ্র.: ম্ + ঋ = মৃ।

মৃৎপাত্র: মাটির বাসন। বি। তৎসম। মৃৎ [মৃদ্ + ক্বিপ্] + পাত্র [পা + ত্র]। ৬।১ মৃৎ-নির্মিত পাত্র= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + ঋ + ৎ + প্ + আ + ত্ + র্ + অ। বি.দ্র.: ত্ + র্ + অ= ত্র।

মৃত: বিগতপ্রাণ। বিণ। তৎসম। মৃ + ত। ৬।১ বানান: ম্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: ম্ + ঋ= মৃ।

মৃতকল্প: মরণাপন্ন। বিণ। তৎসম। মৃত [মৃ + ত] + কল্প [ক্৯প্ + অ]। ৬।১ মৃতের কল্প [সদৃশ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + ঋ + ত্ + অ + ক্ + অ + ল্ + প্ + অ। বি.দ্র.: ল্ + প্ + অ= ল্প।

মৃতদার: বিপত্নীক। বিণ। তৎসম। মৃত [মৃ + ত] + দার [দৃ + অ]। ৬।১ মৃত দার [পত্নী] যার = বহুব্রী। ৩।৫ বানান: ম্ + ঋ + ত্ + অ + দ্ + আ + র্ + অ। বি.দ্র.: ম্ + ঋ= মৃ।

মৃতপ্রায়: মরণাপন্ন। বিণ। তৎসম। মৃত [মৃ + ত] + প্রায় [প্র + আয় (ই + ত)] ৬।১ প্রায় মৃত=কর্মধা। ৩।২ বানান: ম্ + ঋ + ত্ + অ + প্ + র্ + আ + য্ + অ। বি.দ্র.: প্ + র্ + আ= প্রা।

মৃতবৎসা: মড়ুঞ্চে। বিণ। তৎসম। মৃত [মৃ + ত] + বৎসা [বদ্ + স + আ (স্ত্রী)] ৬।১, ৭।১।ক মৃত বৎস যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + ঋ + ত্ + অ + ব্ + অ + ৎ + স্ + আ।

মৃতসঞ্জীবনী: যার দ্বারা মৃতকে পুনর্জীবিত করা যায়। বি। তৎসম। মৃত [মৃ + ত] + সঞ্জীবনী [সম্ + জীব্ + অন + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ [সন্ধি] ম্ + জী= ঞ্জী। বানান: ম্ + ঋ + ত্ + অ + স্ + অ + ঞ্ + জ্ + ঈ + ব্ + অ + ন্ + ঈ। বি.দ্র.: ঞ্ + জ্ + ঈ= ঞ্জী।

মৃতাশৌচ: মরণাশৌচ। বি। তৎসম। মৃত [মৃ + ত] +অশৌচ [ন + শৌচ (শুচি + অ)]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [তা]। ২।১।ক মৃতের নিমিত্ত অশৌচ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + ঋ + ত্ + আ + শ্ + ঔ + চ্ + অ। বি.দ্র.: শ্ + ঔ= শৌ।

মৃত্যু: মরণ। বি। তৎসম। মৃ + ত্যু। ৬।১ বানান: ম্ + ঋ + ত্ + য্ + উ। বি.দ্র.: ম্ + ঋ= মৃ, ত্ + য্ + উ= ত্যু।

মৃত্যুঞ্জয়: শিব। বি। তৎসম। মৃত্যুম্ + জয় [জি + অ]। ৬।১ [সন্ধি] ম্ + জ= ঞ্ + জ= ঞ্জ। ২।২৮ মৃত্যুকে জয় করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + ঋ + ত্ + য্ + উ + ঞ্ + জ্ + অ + য্ + অ। বি.দ্র.: ত্ + য্ + উ= ত্যু, ঞ্ + জ্ + অ= ঞ্জ।

মৃত্যুবাণ: হত্যার অমোঘ অস্ত্র। বি। তৎসম। মৃত্যু [মৃ + ত্যু] + বাণ [বণ্ + অ]। ৬।১ মৃত্যু-জনক বাণ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + ঋ + ত্ + য্ + উ + ব্ + আ + ণ্ + অ। বি.দ্র.: 'বাণ' শব্দের 'ণ' স্বাভাবিক 'ণ'।

মৃত্যুলোক: যমপুরী। বি। তৎসম। মৃত্যু [মৃ + ত্যু] + লোক [লোক্ + অ]। ৬।১ মৃত্যুপূর্ণ লোক= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + ঋ + ত্ + য্ + উ + ল্ + ও + ক্ + অ।

মৃত্যুশয্যা: মুমূর্ষু ব্যক্তির শেষশয্যা। বি। তৎসম।

মৃত্যু [মৃ + ত্যু] + শয্যা [শী (শয়ন করা) + য (যৎ) + আ]। ৬।১ মৃত্যুর নিমিত্ত শয্যা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + ঋ + ত্ + য্ + উ + শ্ + অ + য্ + য্ + আ। বি.দ্র.: ম্ + ঋ= মৃ, ত্ + য্ + উ= ত্যু, য্ + য্ + আ= য্যা।

মৃত্তিকা: মাটি। বি। তৎসম। মৃদ্ + তিক + আ [স্ত্রী]। ৬।১ বানান: ম্ + ঋ + ত্ + ত্ + ই + ক্ + আ।

মৃদঙ্গ: শ্রীখোল। বি। তৎসম। মৃদ্ + অঙ্গ [অঙ্গ্ + অ]। ৬।১ মৃন্ময় অঙ্গ যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + ঋ + দ্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ম্ + ঋ= মৃ, ঙ্ + গ্ + অ= ঙ্গ।

মৃদঙ্গী: মৃদঙ্গবাদক। বিণ। তৎসম। মৃদঙ্গ [মৃদ্ + অঙ্গ] + ঈ। ৬।২ মৃদঙ্গ বাজায় যে। বানান: ম্ + ঋ + দ্ + অ + ঙ্ + গ্ + ঈ। বি.দ্র.: ম্ + ঋ= মৃ, ঙ্ + গ্ + ঈ= ঙ্গী।

মৃদু: কোমল। বিণ। তৎসম। মৃদ্ + উ। ৬।১ বানান: ম্ + ঋ + দ্ + উ। বি.দ্র.: ম্ + ঋ= মৃ।

মৃদুগমনা: মৃদুগামিনী নারী। বিণ, বি। তৎসম। মৃদু [মৃদ্ + উ] + গমনা [গমন (গম্ + অন) + আ (স্ত্রী)]। ৬।১ মৃদু গমন যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + ঋ + দ্ + উ + গ্ + অ + ম্ + অ + ন্ + আ।

মৃদুজল: লবণ ক্ষার ইত্যাদি স্বল্প মিশ্রিত জল, soft water। মৃদু [মৃদ্ + উ] + জল [সং]। ৬।১ মৃদু যে জল= কর্মধা। ৩।২ বানান: ম্ + ঋ + দ্ + উ + জ্ + অ + ল্ + অ। বি.দ্র.: ম্ + ঋ= মৃ।

মৃদুতা: কোমলতা। বি। তৎসম। মৃদু [মৃদ্ + উ] + তা। ৬।২ বানান: ম্ + ঋ + দ্ + উ + ত্ + আ। বি.দ্র.: ম্ + ঋ= মৃ।

মৃদুমন্দ: মন্থর। বিণ। তৎসম। মৃদু [মৃদ্ + উ] + মন্দ [মন্দ্ + অ]। ৬।১ যা মৃদু, তাই মন্দ= কর্মধা। ৩।২ বানান: ম্ + ঋ + দ্ + উ + ম্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র.: ম্ + ঋ= মৃ, ন্ + দ্ + অ= ন্দ।

মৃদুল: কোমল। বিণ। তৎসম। মৃদু [মৃদ্ + উ] + ল। ৬।২ বানান: ম্ + ঋ + দ্ + উ + ল্ + অ। বি.দ্র.: ম্ + ঋ= মৃ।

মৃদুলা: কোমলা। বিণ। তৎসম। মৃদুল [মৃদু (মৃদ্ + উ) + ল] + আ [স্ত্রী]। ৬।২, ৭।১।ক বানান: ম্ + ঋ + দ্ + উ + ল্ + আ।

মৃদ্ভাণ্ড: মাটির ভাঁড়। বি। তৎসম। মৃদ্ + ভাণ্ড [ভণ্ড্ + অ]। ৬।১ মৃন্ময় ভাণ্ড= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + ঋ + দ্ + ভ্ + আ + ণ্ + ড্ + অ। বি.দ্র.: ম্ + ঋ= মৃ, দ্ + ভ্ + আ= দ্ভা, ণ্ + ড্ + অ= ণ্ড। ড্-এর আগে 'ণ্' হয়েছে।

মৃন্ময়: মেটে। বিণ। তৎসম। মৃদ্ + ময় [ময়ট্]। ৬।১ [সন্ধি] দ্ + ম= ন্ম। ২।২৫ বানান: ম্ + ঋ + ন্ + ম্ + অ + য়্ + অ।

মৃন্ময়ী: মাটির প্রতিমা। বিণ। তৎসম। মৃন্ময় [মৃদ্ + ময়] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: ম্ + ঋ + ন্ + ম্ + অ + য়্ + ঈ। বি.দ্র.: ম্ + ঋ = মৃ, ন্ + ম্ + অ= ন্ম।

মে: ইংরেজি বৎসরের পঞ্চম মাস। বি। বিদেশী। <ইং. May বাঙলা বানান: ম্ + এ।

মেও, ম্যাও: বিড়ালের ডাক। অব্য। দেশী। বানান: ম্ + এ + ও, ম্ + য্ + আ + ও।

মেওধরা: দায়িত্ব নেওয়া। ক্রি। দেশী। বানান: ম্ + এ + ও + ধ্ + অ + র্ + আ।

মেওয়া: বেদানা, আঙ্গুর ইত্যাদি শুষ্ক ও পুষ্টিকর ফল। বি। বিদেশী। <ফা. মেওয়াহ্। বাংলা বানান: ম্ + এ + ও + য়্ + আ।

মেকি, মেকী: কৃত্রিম, নকল। বিণ। বিদেশী। <আ. মক্র্। বাংলা বানান: ম্ + এ + ক্ + ই, ঈ।

মেকুর: বিড়াল। বি। তৎসম। মে ['মে' 'মে' শব্দ]

+ কুর [করে যে]। বানান: ম্ + এ + খ্ + উ + র্ + অ।

মেখলা: কটিভূষণ, চন্দ্রহার, কোমরের তাগা। বি। তৎসম। মি + খল + আ [স্ত্রী]। ৬।২ বানান: ম্ + এ + খ্ + অ + ল্ + আ।

মেঘ: জলধর, সঙ্গীতের রাগ। বি। তৎসম। মিহ্ + অ। হ্ = ঘ্। ৬।১ বানান: ম্ + এ + ঘ্ + অ।

মেঘগর্জন: মেঘের ডাক। বি। তৎসম। মেঘ ['মেঘ' দ্রষ্টব্য] + গর্জন [গর্জ্ + অন]। ৬।১ মেঘের গর্জন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + এ + ঘ্ + অ + গ্ + অ + র্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র.: র্ + জ্ + অ= র্জ। 'র' ও 'ন'-এর মধ্যে 'জ' [চ-বর্গ] থাকায় 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

মেঘজাল: পুঞ্জীভূত মেঘ। বি। তৎসম। মেঘ ['মেঘ' দ্রষ্টব্য] + জাল [জল + অ]। ৬।২ মেঘ-রূপ জাল= রূপক-কর্মধা। ৩।২

মেঘডুম্বুর শাড়ি: নীলাম্বরী শাড়ি। বি। তদ্ভব। মেঘ-ডুম্বুর [<মেঘডম্বর <সং. মেঘাড়ম্বর] + শাড়ি [<সং. শাটিকা]। বানান: ম্ + এ + ঘ্ + অ + ড্ + উ + ম্ + ব্ + উ + র্ + শ্ + আ + ড়্ + ই।

মেঘনাদ: মেঘগর্জন, রাবণপুত্র ইন্দ্রজিৎ। বি। তৎসম। মেঘ ['মেঘ' দ্রষ্টব্য] + নাদ [নদ্ + অ]। ৬।১ মেঘের নাদের মতো নাদ যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + এ + ঘ্ + অ + ন্ + আ + দ্ + অ।

মেঘনির্ঘোষ: মেঘগর্জন। বি। তৎসম। মেঘ ['মেঘ' দ্রষ্টব্য] + নির্ঘোষ [নির্ + ঘোষ (ঘুষ্ + অ)]। ৬।১ [সন্ধি] নিঃ [র্] + ঘোষ। ইঃ + ঘো= ইর্ঘো। ২।৩৮ মেঘের নির্ঘোষ [ভয়ঙ্কর গর্জন]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + এ + ঘ্ + অ + ন্ + ই + র্ + ঘ্ + ও + ষ্ + অ।

মেঘবাহন: ইন্দ্র। বি। তৎসম। মেঘ ['মেঘ' দ্রষ্টব্য] + বাহন [বহ্ + ণিচ্ + অন]। ৬।১ মেঘ বাহন যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + এ + ঘ্ + অ + ব্ + আ + হ্ + অ + ন্ + অ।

মেঘমন্দ্র: মেঘের গম্ভীর গর্জন। বি। তৎসম। মেঘ ['মেঘ' দ্রষ্টব্য] + মন্দ্র [মন্দ্র + অ]। ৬।২ মেঘের মন্দ্র [গুরুগর্জন]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ম্ + এ + ঘ্ + অ + ম্ + অ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + র্ + অ= ন্দ্র।

মেঘমল্লার: রাগ। বি। তৎসম। মেঘ ['মেঘ' দ্রষ্টব্য] + মল্লার। বানান: ম্ + এ + ঘ্ + অ + ম্ + অ + ল্ + ল্ + আ + র্ + অ। বি.দ্র.: ল্ + ল্ + আ = ল্লা।

মেঘমেদুর: মেঘাচ্ছন্নতা-হেতু স্নিগ্ধ। বিণ। তৎসম। মেঘ ['মেঘ' দ্রষ্টব্য] + মেদুর [মিদ্ + উর]। ৬।১ মেঘের দ্বারা মেদুর [স্নিগ্ধ]= করণতৎ। ৩।৩ বানান: ম্ + এ + ঘ্ + অ + ম্ + এ + দ্ + উ + র্ + অ।

মেঘরুচি: মেঘবর্ণ। বিণ। তৎসম। মেঘ ['মেঘ' দ্রষ্টব্য] + রুচি [রুচ্ + ই]। ৬।১ মেঘের রুচির [রং, শোভা] ন্যায় রুচি যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + এ + ঘ্ + অ + র্ + উ + চ্ + ই। বি.দ্র.: র্ + উ= রু।

মেঘলা: মেঘাচ্ছন্ন। বিণ। তদ্ভব। মেঘ ['মেঘ' দ্রষ্টব্য] + বাং. লা। বানান: ম্ + এ + ঘ্ + ল্ + আ। বি.দ্র.: 'ঘ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেঘাচ্ছন্ন: মেঘে-ঢাকা। বিণ। তৎসম। মেঘ ['মেঘ' দ্রষ্টব্য] + আচ্ছন্ন = [আ + ছদ্ + ত]। ৬।১ [সন্ধি] আ + আ= আ [ঘা]। ২।১।খ আ + ছ= আচ্ছ। ২।১৪ মেঘের দ্বারা আচ্ছন্ন=করণতৎ। ৩।৩ বানান: ম্ + এ + ঘ্ + আ + চ্ + ছ্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র.: চ্ + ছ্ + অ =চ্ছ, ন্ + ন্ + অ= ন্ন।

মেঘাড়ম্বর : মেঘডম্বর। বি। তৎসম। মেঘ ['মেঘ' দ্রষ্টব্য] + আড়ম্বর [আ + ডম্ব্ + অর]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [ঘা]। ২।১।খ মেঘের আড়ম্বর [ঘটা, গর্জন]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + এ + ঘ্ + আ + ড় + অ + ম্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র. : ম্ + ব্ + অ= ম্ব।

মেঘাত্যয় : শরৎকাল। বি। তৎসম। মেঘ ['মেঘ' দ্রষ্টব্য] + অত্যয় [অতি + অয় (ই + অ)]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ঘা]। ২।১।ক ই + অ= য [ত্য]। ২।৭।ক মেঘের অত্যয় [অতিক্রমণ, অবসান]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + এ + ঘ্ + আ + ত্ + য্ + অ + য় + অ। বি.দ্র. : ত্ + য্ + অ= ত্য।

মেঘাবৃত : মেঘে-ঢাকা। বিণ। তৎসম। মেঘ ['মেঘ' দ্রষ্টব্য] + আবৃত [আ + বৃ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [ঘা]। ২।১।খ মেঘের দ্বারা আবৃত= করণতৎ। ৩।৩ বানান : ম্ + এ + ঘ্ + আ + ব্ + ঋ + ত্ + অ। বি.দ্র. : ব্ + ঋ= বৃ।

মেচেতা : মুখমণ্ডলের কালো কালো দাগ। বি। দেশী। বানান : ম্ + এ + চ্ + এ + ত্ + আ।

মেছেতা : মুখমণ্ডলের কালো কালো দাগ। বি। দেশী। বানান : ম্ + এ + ছ্ + এ + ত্ + আ।

মেছুনী : জেলেনী, মৎস্যবিক্রেত্রী। বি। তদ্ভব। মেছো <মাছুয়া [মাছ (<সং. মৎস্য + উয়া)] + বাং. নী। ৭।১।ঘ বানান : ম্ + এ + ছ্ + উ + ন্ + ঈ।

মেছুয়া, মেছো : মৎস্যবিক্রেতা, জেলে, মৎস্য-বিক্রয়ের স্থান। মাছখেকো। বি। তদ্ভব। মাছ [<সং মৎস্য] + উয়া (>ও)]। ৬।১ বানান : ম্ + এ + ছ্ + উ + য় + আ, ম্ + এ + ছ্ + ও।

মেছোঘেরি : মাছচাষের জন্য বেষ্টিত জলাভূমি [fishery]। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। মেছো [<মাছুয়া (মাছ <সং. মৎস্য + উয়া)] + ঘেরি [<হি. ঘির্ + বাং. ই]। ৬।৩ মাছের নিমিত্ত ঘেরি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + এ + ছ্ + ও + ঘ্ + এ + র্ + ই।

মেজ : টেবিল। বি। বিদেশী। <ফা. মেজ্।

মেজ, মেজো : মধ্যম, দ্বিতীয়। বিণ। তদ্ভব। <প্রা.মজ্ঝ <সং. মধ্য।

মেজর : স্থলবাহিনীতে ক্যাপটেন-এর ঊর্ধ্বতন পদ। বি। বিদেশী। <ইং. major. বাংলা বানান : ম্ + এ + জ্ + অ + র্। বি.দ্র. : শব্দান্তের 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেজরাব, মিজরাব : সেতার ইত্যাদি বাজাবার তারের অঙ্গুলিত্রাণ। বি। বিদেশী। < আ. মিজ্‌রাব্। বাংলা বানান : ম্ + এ [ই] + জ্ + র্ + আ + ব্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'জ'-এব এবং শব্দান্তের 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেজাজ : মানসিক অবস্থা, প্রকৃতি। বি। বিদেশী। <আ. মিজাজ। বাংলা বানান : ম্ + এ + জ্ + আ + জ্। বি.দ্র. : শব্দান্তের 'জ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেজাজি, মেজাজী : মেজাজবিশিষ্ট, দাম্ভিক। বিণ। বিদেশী। মেজাজ [<আ. মিজাজ] + বাং. ই, ঈ। ৬।৩ বানান : ম্ + এ + জ্ + আ + জ্ + ই, + ঈ। বি.দ্র. : ম্ + এ= মে, জ্ + ই= জি, জ্ + ঈ= জী।

মেজিয়া : গৃহতল। তদ্ভব। <মাঝিয়া <সং. মধ্য। বানান : ম্ + এ + জ্ + ই + য় + আ।

মেজে : গৃহতল। বি। তদ্ভব। <মেঝে <মেঝিয়া <সং. মধ্য। বানান : ম্ + এ + জ্ + এ।

মেজেনটা, মেজেন্টা : গাঢ় বেগুনী রং। বি। বিদেশী। <ই. magenta. বাংলা বানান : ম্ + এ + জ্ + এ + ন্ + ট্ + আ। বি.দ্র. : ন্ + ট্ + আ= নটা, ন্টা। 'ন'-এর হসন্ত-চিহ্ন

নিষ্প্রয়োজন। বিদেশী শব্দ বলে 'ন্ট'-এর বদলে 'ন্ট' হয়েছে।

মেঝে : গৃহতল। বি। তদ্ভব। <মাঝিয়া <সং. মধ্য। বানান : ম্ + এ + ঝ্ + এ।

মেট : সরদার-খালাসি, সরদার-কয়েদি। বি। বিদেশী। <ইং. mate. বাংলা বানান : ম্ + এ + ট্। বি.দ্র. : শব্দান্তের 'ট'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেটা : মিটিয়ে দেওয়া। ক্রি। দেশী। বানান : ম্ + এ + ট্ + আ।

মেটান, মেটানো : মিটিয়ে দেওয়া। ক্রি। দেশী। বানান : ম্ + এ + ট্ + আ + ন্ + অ, ও।

মেটুলি, মেটুলী : পশুর যকৃৎ। বি। দেশী। বানান : ম্ + এ + ট্ + উ + ল্ + ই, ঈ।

মেটে : পশুর যকৃৎ। বি। দেশী। বানান : ম্ + এ + ট্ + এ।

মেটে : মাটির তৈরী। বিণ। তদ্ভব। <মাটি [<সং. মৃত্তিকা] + বাং. এ <ইয়া।

মেট্রন : হাসপাতালের নার্সদের কর্ত্রী। বি। বিদেশী। <ইং. matron বাংলা বানান : ম্ + এ + ট্ + র্ + অ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেঠাই : মিঠাই। বি। তদ্ভব। <মিঠা [<সং. মিষ্ট] + বাং. আই। ৬।৩ বাংলা বানান : ম্ + এ + ঠ্ + আ + ই।

মেঠো : মাঠে অবস্থিত, মাঠের উপযুক্ত। বিণ। তদ্ভব। বাং. মাঠ + উয়া > ও। বানান : ম্ + এ + ঠ্ + ও।

মেড়া : ভেড়া। বি। তদ্ভব। <সং. মেঢ্র (=মেষ)। বানান : ম্ + এ + ড়্ + আ।

মেডেল : শ্রেষ্ঠতার নিদর্শনস্বরূপ পদক। বি। বিদেশী। <ইং. medal. বাংলা বানান : ম্ + এ + ড্ + এ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেডেলধারী : পদকপ্রাপ্ত। বিণ। মিশ্র [বিদেশী + তৎসম] ইং. medal + সং. ধারী [ধৃ + ইন্ (ঈ)]। ৬।১ বানান : ম্ + এ + ড্ + এ + ল্ + ধ্ + আ + র্ + ঈ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেড়ো : মাড়োয়ারী। বি। তদ্ভব। [<বিদেশী]। <বাং. মাড়োয়ারী। বানান : ম্ + এ + ড়্ + ও।

মেথর : ঝাড়ুদার। বি। বিদেশী। <ফা. মেহ্‌তর্ বাংলা বানান : ম্ + এ + থ্ + অ + র্। বি.দ্র. : শব্দান্তের 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেথরগিরি : মেথরের বৃত্তি। বি। বিদেশী। মেথর ['মেথর' দ্রষ্টব্য] + ফা. গিরি। ৬।৪ বানান : ম্ + এ + থ্ + অ + র্ + গ্ + ই + র্ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেথরানী : ঝাড়ুদারনী। বি। বিদেশী। মেথর ['মেথর' দ্রষ্টব্য] + বাং. আনী [স্ত্রী]। ৭।১।৬ বানান : ম্ + এ + থ্ + অ + র্ + আ + ন্ + ঈ। বিদেশী শব্দে 'ন'।

মেথি : ফোড়নের মসলা। বি। তদ্ভব। <সং. মেথিকা। বানান : ম্ + এ + থ্ + ই।

মেদ : চর্বি। বি। তৎসম। <সং মেদস্, মিদ্ (স্নিগ্ধ হওয়া) + অ]। বানান : ম্ + এ + দ্ + অ।

মেদা : মর্দীব মতো। বিণ। বিদেশী। <ফা. মাদহ্ বানান : ম্ + এ + দ্ + আ।

মেদামারা : পৌরুষহীন। বিণ। বিদেশী। মেদা [<ফা. মাদহ্] + মারা [বাং. মার + আ]। বানান : ম্ + এ + দ্ + আ + ম্ + আ + র্ + আ।

মেদি : মেহেদি। বি। বিদেশী। <হি. মেহ্‌দী। বানান : ম্ + এ + দ্ + ই।

মেদিনী : পৃথিবী। বি। তৎসম। মেদ্ + ইন্ + ঈ (স্ত্রী)। বানান : ম্ + এ + দ্ + ই + ন্

+ ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মেদুর: স্নিগ্ধ। বিণ। তৎসম। মিদ্ (স্নিগ্ধ হওয়া) + উর। বানান: ম্ + এ + দ্ + উ + র্ + অ।

মেধ: যজ্ঞ। বি। তৎসম। মেধ্ [পশুহত্যা করা] + অ। ৬।১ যাতে পশুহত্যা করা হয়= যজ্ঞ। বানান: ম্ + এ + ধ্ + অ।

মেধা: স্মৃতিশক্তি। বি। তৎসম। মেধ্ [প্রজ্ঞান লাভ করা] + অ + আ। বানান: ম্ + এ + ধ্ + আ।

মেধাজিৎ: ঋষি কাত্যায়ন। বি। তৎসম। বানান: ম্ + এ + ধ্ + আ + জ্ + ই + ৎ।

মেধাতিথি: মনুসংহিতার টীকাকার। বি। তৎসম। বানান: ম্ + এ + ধ্ + আ + ত্ + ই + থ্ + ই।

মেধাবিনী: মেধাবান্। বিণ। তৎসম। মেধা + বিন্ + ঈ [স্ত্রী]। ৬।২ ৭।১।চ মেধা আছে যার [স্ত্রী]। বানান: ম্ + এ + ধ্ + আ + ব্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মেধাবতী: মেধাবান্। বিণ। তৎসম। মেধা + বৎ [বতুপ্] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।ঝ বানান: ম্ + এ + ধ্ + আ + ব্ + অ + ত্ + ঈ।

মেধাবান: মেধাবী। বিণ। তৎসম। < সং. মেধা + বান [< বৎ (বতুপ্)]। ৬।২ মেধা আছে যার। বানান: ম্ + এ + ধ্ + আ + ব্ + আ + ন। বি.দ্র.: শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেধাবী: ধীমান্। বিণ। তৎসম। < সং. মেধাবিন্ [মেধা + বিন্]। ৬।২ [বী= বিন্] বানান: ম্ + এ + ধ্ + আ + ব্ + ঈ। বি.দ্র.: ব্ + ঈ= বী।

মেধ্য: যজ্ঞীয়। বিণ। তৎসম। মেধ্ [পশুবলি সহ যজ্ঞানুষ্ঠান করা] + য [যৎ]। ৬।১ বানান: ম্ + এ + ধ্ + য্ + অ। বি.দ্র.: ধ্ + য্ + অ= ধ্য।

মেধ্যা: যজ্ঞে ব্যবহারযোগ্যা। বিণ। তৎসম। মেধ্ [পশুবলি সহ যজ্ঞ করা] + য [যৎ] + আ [স্ত্রী]। ৬।১ ৭।১।ক বানান: ম্ + এ + ধ্ + য্ + আ। বি.দ্র.: ধ্ + য্ + আ= ধ্যা।

মেনকা: হিমালয়ের পত্নী, শকুন্তলার মাতা [অপ্সরা, ইনি গৌরীজননী নন]। বি। তৎসম। মন্ + অক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ন্ + এ + ন্ + অ + ক্ + আ।

মেনা: মেনকা: বি। তদ্ভব। < মেনকা। বানান: ম্ + এ + ন্ + আ।

মেনি, মেনী: বিড়ালীর আদরের নাম। বি। দেশী। বানান: ম্ + এ + ন্ + ই, ঈ।

মেনীমুখো: মুখচোরা। বিণ। মিশ্র [দেশী + তদ্ভব]। মেনী + মুখো [মুখ + ও]। ৬।৩ মেনীর [বিড়ালের] মতো মুখ যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + এ + ন্ + ঈ + ম্ + উ + খ্ + ও।

মেম: ইয়োরোপীয় মহিলা। বি। বিদেশী। < ইং. ma'am < madam বাংলা বানান: ম্ + এ + ম্। বি.দ্র.: শব্দান্তের 'ম'-এর হসন্ত- চিহ্ন নিষ্প্রয়োজন।

মেমসাহেব: উচ্চমহিলা-কর্মচারী। বি। বিদেশী। মেম [< ইং. ma'am] + সাহেব [< আ. সাহিব]। বাংলা বানান: ম্ + এ + ম্ + স্ + আ + হ্ + এ + ব্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ম' ও শব্দান্তের 'ব'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেমান: অতিথি। বি। বিদেশী। < ফা. মেহ্মান। বাংলা বানান: ম্ + এ + ম্ + আ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেমান-দারি: অতিথি-আপ্যায়ন। বি। বিদেশী। মেমান [< ফা. মেহ্মান] + ফা. দার + ই।

৬।৪, ৬।৩ বানান : মেমান ['মেমান' দ্রষ্টব্য] + দ্ + আ + র্ + ই।

মেম্বর, মেম্বার : সভা-সমিতির সদস্য। বি। বিদেশী। < ইং. member.

মেয় : মাপযোগ্য। বিণ। তৎসম। মা + য [যৎ]। ৬।১ বানান : ম্ + এ + য্ + অ।

মেয়াদ : নির্দিষ্ট সময়ের চুক্তি। বি। বিদেশী। < আ. মিয়াদ্। বাংলা বানান : ম্ + এ + য্ + আ + দ্। বি.দ্র. : শব্দান্তের 'দ'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেয়ে : কন্যা। বি। তদ্ভব। বাং. মেয়ে < প্রা. মাইয়া < সং. মাতৃকা। বানান : ম্ + এ + য্ + এ।

মেয়েলী : নারীসুলভ। বি। তদ্ভব। মেয়ে ['মেয়ে' দ্রষ্টব্য] + বাং. লা। ৬।৩ বানান : ম্ + এ + য্ + এ + ল্ + ঈ।

মেরজাই : ফতুয়াজাতীয় জামা [ফা. মির্জাই]। < ফা. মির্জাই। বাংলা বানান : ম্ + এ + র্ + জ্ + আ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যস্থ 'র'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেরাপ : অস্থায়ী মণ্ডপ। বি। বিদেশী। < আ. মেহ্‌রাব্। বাংলা বানান : ম্ + এ + র্ + আ + প। বি.দ্র. : শব্দান্তের 'প'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেরাব : অস্থায়ী মণ্ডপ। বি। বিদেশী। < আ. মেহ্‌রাব। বাংলা বানান : ম্ + এ + র্ + আ + ব্। বি.দ্র. : শব্দান্তের 'ব'-এর হসন্ত চিহ্ন নিষ্প্রয়োজন।

মেরামত : সংস্কার। বি। বিদেশী। < আ. মরম্মত্ বাংলা বানান : ম্ + এ + র্ + আ + ম্ + অ + ত্। বি.দ্র. : শব্দান্তের 'ত'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেরামতি : মেরামতের কাজ। বি। বিদেশী। < আ. মরম্মত্] + বাং. ই। ৬।৩ বাংলা বানান : ম্ + এ + র্ + আ + ম্ + অ + ত্ + ই।

মেরু : পৃথিবীর উত্তর ও দক্ষিণ প্রান্ত (pole)। বি। তৎসম। মি (ক্ষেপণ করা) + রু। বানান : ম্ + এ + র্ + উ।

মেরুদণ্ড : শিরদাঁড়া। বি। তৎসম। মেরু [মি + রু] + দণ্ড [দণ্ + অ]। ৬।১ মেরু [উভয়] সংযোজক দণ্ড= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + এ + র্ + উ + দ্ + অ + ণ্ + ড্ + অ। বি.দ্র. : 'ড'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

মেরুদণ্ডী : শিরদাঁড়াযুক্ত। বিণ। তৎসম। মেরুদণ্ড ['মেরুদণ্ড' দ্রষ্টব্য] + ইন [ঈ]। ৬।২ মেরুদণ্ড আছে যার। বানান : ম্ + এ + র্ + উ + দ্ + অ + ণ্ + ড্ + ঈ। বি.দ্র. : র্ + উ= রু। ণ্ + ড্ + ঈ= ণ্ডী। ১. ড-এর আগে 'ণ্' হয়েছে। ২. শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

মেল : ডাকগাড়ী। বি। বিদেশী। < ইং. mail. বাংলা বানান : ম্ + এ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মেল : মিলন। বি। তদ্ভব। < সং. মিল [মিল্ + অ]। ৬।১ বানান : ম্ + এ + ল্ + অ।

মেলন : মিলন। বি। তদ্ভব। < সং. মিলন [মিল্ + অন]। ৬।১ বানান : ম্ + এ + ল্ + অ + ন্ + অ।

মেলা : সমাবেশ। বি। তদ্ভব। মেল [< সং. মিল্] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ম্ + এ + ল্ + আ।

মেলা : ঢের। বিণ। দেশী। বানান : ম্ + এ + ল্ + আ।

মেলানি, মেলানী : বিদায়, বিদায়কালীন সম্মান প্রদর্শন, সম্মানসূচক দ্রব্যাদি দান। [প্রাচীন বাংলা]। বি। তদ্ভব। মেল [< সং. মিল (মিলন)] + বাং. আনি, আনী। ৬।৩ বানান : ম্ + এ + ল্ + আ + ন্ + ই, ঈ।

মেলানো : মিলানো। ক্রি। তদ্ভব। মেল্ [< সং.

মিল্] + বাং. আনো [[ণিজন্ত] ৬৷৩ বানান: ম্ + এ + ল্ + আ + ন্ + ও।

মেলামেশা : দেখাসাক্ষাৎ। বি। তদ্ভব। মেল্ [< সং. মিল্] + বাং. আ + মেশ্ [< সং. মিশ্র] + বাং. আ। ৬৷৩ মেলা ও মেশা= দ্বন্দ্ব। ৩৷৪ বানান: ম্ + এ + ল্ + আ + ম্ + এ + শ্ + আ।

মেশা : মিশ্রিত হওয়া, সংসর্গে থাকা। ক্রি। তদ্ভব। <মেলা < মিশ্ [<সং. মিশ্র] + বাং. আ। ৬৷৩ বানান: ম্ + এ + শ্ + আ।

মেষ : ভেড়া। বি। তৎসম। মিষ্ (স্পর্ধা করা) + অ। বানান: ম্ + এ + ষ্ + অ। বি.দ্র.: 'এ'-র পর 'ষ' হয়েছে। ৪৷২৷ক

মেষিকা : ভেড়ী। বি। তৎসম। মেষ ['মেষ' দ্রষ্টব্য] + ইক + আ [স্ত্রী] ৬৷২, ৭৷১৷খ বানান: ম্ + এ + ষ্ + ই + ক্ + আ। বি.দ্র.: শব্দটি ইক + আ= 'ইকা'-প্রত্যয়ান্ত, তাই বানান তদনুযায়ী।

মেষী : ভেড়ী। বি। তৎসম। মেষ ['মেষ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭৷১৷গ বানান: ম্ + এ + ষ্ + ঈ।

মেশিন : যন্ত্র। বি। বিদেশী। < ইং. Machine. বাংলা বানান: ম্ + এ + শ্ + ই + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-চিহ্ন বর্জিত হবে।

মেস : নিঃসম্পর্কীয় লোকেদের একসঙ্গে বসবাসের বাসাবাড়ি। বি। বিদেশী। < ইং. mess. বাংলা বানান: ম্ + এ + স্। বি.দ্র.: শব্দান্তের 'স' হসন্ত-চিহ্ন বর্জিত হবে।

মেসিন : যন্ত্র। বি। বিদেশী। < ইং. machine. বাংলা বানান: ম্ + এ + স্ + ই + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-চিহ্ন বর্জিত।

মেসিনম্যান : কলের চালক। বি। বিদেশী। < ইং. machine man. বাংলা বানান: ম্ + এ + স্ + ই + ন্ + ম্ + য্ + আ + ন্। বি.দ্র.: ম্ + য্ + আ= ম্যা। শব্দটিতে 'শ' ও 'স'—দুইই প্রচলিত। শব্দ-মধ্যের এবং শব্দান্তের 'ন' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মেসো : মাসীর স্বামী। বি। তদ্ভব। মাসী [< সং. মাতৃস্বসৃ] + বাং. উয়া। ৬৷৩ বানান: ম্ + এ + স্ + ও।

মেহ : প্রস্রাবের পীড়া। বি। তৎসম। মিহ্ [মূত্র ত্যাগ করা] + অ। ৬৷১ বানান: ম্ + এ + হ্ + অ।

মেহগনি : মূল্যবান কাঠের বৃহৎ বৃক্ষ বিশেষ। বি। বিদেশী। < ইং. mahogany. বাংলা বানান: ম্ + এ + হ্ + অ + গ্ + অ + ন্ + ই।

মেহগেনি : মূল্যবান কাঠের বৃহৎ বৃক্ষ বিশেষ। বি। বিদেশী। < ইং. mahogany. বাংলা বানান: ম্ + এ + হ্ + অ + গ্ + এ + ন্ + ই।

মেহনত : পরিশ্রম। বি। বিদেশী। < আ. মিহ্নৎ। বাংলা বানান: ম্ + এ + হ্ + অ + ন্ + অ + ত্। বি.দ্র.: শব্দান্তের 'ত' হসন্ত-চিহ্ন -বর্জিত।

মেহনতি, মেহনতী : শ্রমজীবী। বিণ। বিদেশী। আ. মিহ্নৎ + বাং. ই, ঈ। ৬৷৩ বাংলা বানান: ম্ + এ + হ্ + অ + ন্ + অ + ত্ + ই, ঈ।

মেহমান : অতিথি। বি। বিদেশী। <ফা. মেহ্মান। বাংলা বানান: ম্ + এ + হ্ + ম্ + আ + ন্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'হ' এবং শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

মেহমানদারি : অতিথি-সৎকার। বি। বিদেশী। মেহ্মান ['মেহমান' দ্রষ্টব্য] + ফা. দার + বাং. ই ৬৷৪, ৬৷৩ বাংলা বানান: ম্ + এ + হ্ + ম্ + আ + ন্ + দ্ + আ + র্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'হ' ও 'ন' হসন্ত-বর্জিত।

মেহগিনী : মূল্যবান কাঠের বৃহৎ বৃক্ষ বিশেষ। বি। বিদেশী। < ইং. mahogany.। বাংলা বানান:

ম্ + এ + হ্ + আ + গ্ + ই + ন্ + ঈ।

মেহেদি : হেনাফুল বা তার গাছ অথবা পাতা। বি। বিদেশী। [হি. মেহ্দী < সং. মেন্ধী। বাংলা বানান : ম্ + এ + হ্ + এ + দ্ + ই।

মেহেরবান : দয়ালু। বিণ। বিদেশী। < ফা. মেহের্বান। বাংলা বানান : ম্ + এ + হ্ + এ + র্ + ব্ + আ + ন্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'র' ও শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

মেহেরবানি : দয়া। বি। বিদেশী। মেহেরবান। ['মেহেরবান' দ্রষ্টব্য] + বাং. ই। ৬।৩ বাংলা বানান : ম্ + এ + হ্ + এ + র্ + ব্ + আ + ন্ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের 'র' হসন্ত-চিহ্ন বর্জিত।

মৈত্র : মিত্রতা। বি। তৎসম। মিত্র + অ। বানান : ম্ + ঐ + ত্ + র্ + অ। বি.দ্র. : ম্ + ঐ= মৈ, ত্ + র্ + অ= ত্র।

মৈত্রী : মিত্রতা। বি। তৎসম। মৈত্র [মিত্র + অ] + ঈ। ৬।২ মৈত্রপূর্ণ ভাব। বানান : ম্ + ঐ + ত্ + র্ + ঈ। বি.দ্র. : ম্ + ঐ= মৈ, ত্ + র্ + ঈ= ত্রী।

মৈত্রেয় : বুদ্ধদেব, বারেন্দ্র ব্রাহ্মণের উপাধি। বি। তৎসম। মিত্র + এয় [ঞ্চেয়]। ৬।২ বানান : ম্ + ঐ + ত্ + র্ + এ + য্ + অ। বি.দ্র. : ম্ + ঐ= মৈ, ত্ + র + এ= ত্রে।

মৈত্রেয়ী : যাজ্ঞবল্ক্যের এক পত্নী। বি। তৎসম। মৈত্রেয় [মিত্র + এয় (ঞ্চেয়)] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান : ম্ + ঐ + ত্ + র্ + এ + য্ + ঈ। বি.দ্র. : ম্ + ঐ= মৈ, ত্ + র্ + এ= ত্রে, য্ + ঈ= য়ী।

মৈত্র্য : মিত্রের কর্ম। বি। তৎসম। মিত্র + য [ষ্ণ্য]। ৬।২ বানান : ম্ + ঐ= মৈ, ত্ + র্ + য্ + অ= ত্র্য।

মৈথিল : মিথিলাজাত। বিণ। তৎসম। মিথিলা + অ। ৬।২ বানান : ম্ + ঐ + থ্ + ই + ল্ + অ। বি.দ্র. : ম্ + ঐ= মৈ।

মৈথিলী : সীতা। বি। তৎসম। মৈথিলা [মিথিলা + অ] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ মিথিলায় জাত। বানান : ম্ + ঐ + থ্ + ই + ল্ + ঈ। বি.দ্র. : ম্ + ঐ= মৈ, ল্ + ঈ= লী।

মৈনাক : হিমালয় ও মেনকার পুত্র। বি। তৎসম। মেনকা + অ। ৬।২ মেনকার অপত্য। বানান : ম্ + ঐ + ন্ + আ + ক্ + অ। বি.দ্র. : ম্ + ঐ= মৈ।

মোওয়া : মোয়া। বি। তদ্ভব। < সং. মোদক। বানান : ম্ + ও + ও + য্ + আ। বি.দ্র. : ম্ + ও= মো।

মোং : মোকাম। বি। বিদেশী। < আ. মুকাম্। 'মোকাম'-এর সংক্ষিপ্ত রূপ।

মোকদ্দমা : মামলা। বি। বিদেশী। < আ. মুকদ্দমা। বাংলা বানান : ম্ + ও + ক্ + অ + দ্ + দ্ + অ + ম্ + আ। বি.দ্র. : ম্ + ও= মো, দ্ + দ্ + অ= দ্দ।

মোকান : বাসগৃহ। বি। বিদেশী। < আ. মকান্। বাংলা বানান : ম্ + ও + ক্ + আ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

মোকাবিলা : মুখামুখি বোঝাপড়া। বি। বিদেশী। < আ. মুকাবলা। বাংলা বানান : ম্ + ও + ক্ + আ + ব্ + ই + ল্ + আ। বি.দ্র. : ম্ + ও= মো।

মোকাম : আস্তানা। বি। বিদেশী। < আ. মুকাম্। বাংলা বানান : ম্ + ও + ক্ + আ + ম। বি.দ্র. : শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

মোকুফ : রহিত। বিণ। < আ. মৌকুফ। বাংলা বানান : ম্ + ও + ক্ + উ + ফ্। বি.দ্র. : শব্দান্তের 'ফ' হসন্ত-বর্জিত।

মোকুফি : রেহাই। বি। বিদেশী। মোকুফ [< আ. মৌকুফ] + বাং. ই। ৬।৩ বাংলা বানান : ম্ + ও + ক্ + উ + ফ্ + ই।

মোকুব, মকুব : রহিত। বিণ। বিদেশী। < আ.

মৌকুফ। বাংলা বানান: ম্ [+ও] + ক্ + উ + ব্। বি.দ্র.: শব্দান্তের 'ব' হসন্ত-বর্জিত।

মোক্তার: অপেক্ষাকৃত নিম্নশ্রেণীভুক্ত আইনজীবী। বি। বিদেশী। < আ. মুখ্‌তাআর। বাংলা বানান: ম্ + ও + ক্ + ত্ + আ + র্। বি.দ্র.: ক্ + ত্ + আ= ক্তা। শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

মোক্তারনামা: আমমোক্তারের নিয়োগপত্র। বি। বিদেশী। < আ. মুখ্‌তাআর + ফা. নামহ্। বাংলা বানান: ম্ + ও + ক্ + ত্ + আ + র্ + ন্ + আ + ম্ + আ। বি.দ্র.: ক্ + ত্ + আ= ক্তা। শব্দ-মধ্যের 'র' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোক্তারি: মোক্তারের বৃত্তি। বি। বিদেশী। মোক্তার [< আ. মুখ্‌তাআর] + বাং. ই। বাংলা বানান: ম্ + ও + ক্ + ত্ + আ + র্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + আ= ক্তা।

মোক্ষ: ভববন্ধন থেকে মুক্তি। বি। তৎসম। মোক্ষ্ + অ। ৫।১ বানান: ম্ + ও + ক্ + ষ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ। 'ক'-এর পর 'ষ' হয়েছে। ৪।২।গ

মোক্ষণ: মোচন। বি। তৎসম। মোক্ষ্ + অন। ৬।১ বানান: ম্ + ও + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ক্ + ষ্ + অ= ক্ষ।

মোক্ষদ: মোক্ষদায়ক। বি। তৎসম। মোক্ষ [মোক্ষ্ + অ] + দ [দা + অ]। ৬।১ মোক্ষ [মুক্তি] দান করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + ও + ক্ + ষ্ + অ + দ্ + অ। বি.দ্র: ক্ + ষ্ + অ= ক্ষ।

মোক্ষদা: মোক্ষদায়িনী। বি। তৎসম। মোক্ষ [মোক্ষ্ + অ] + দা [দা + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক মোক্ষ দান করেন যিনি [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + ও + ক্ + ষ্ + অ + দ্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

মোক্ষধাম: মুক্তিস্থান। বি। তৎসম। মোক্ষ [মোক্ষ্ + অ] + ধাম [ধা + মন্]। মোক্ষের নিমিত্ত ধাম= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + ও + ক্ + ষ্ + অ + ধ্ + আ + ম্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

মোক্ষম: উচিতমতো। বিণ। বিদেশী। < আ. মহ্‌কম্। বাংলা বানান: ম্ + ও + ক্ + ষ্ + অ + ম্। বি.দ্র.: শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

মোগল: মঙ্গোলিয়ার অধিবাসী তাতার জাতির শাখা। বি। বিদেশী। [< ফা. মুগল্।] বাংলা বানান: ম্ + ও + গ্ + অ + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোগলাই: মোগল-সুলভ। বিণ। বিদেশী। মোগল [< ফা. মুগল্] + বাং. আই। ৬।৩ বাংলা বানান: ম্ + ও + গ্ + ল্ + আ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'গ' হসন্ত-চিহ্ন বর্জিত।

মোঙ্গল: মঙ্গোলিয়ার অধিবাসী তাতার জাতির শাখা। বি। বিদেশী। < ফা. মুগল্। বাংলা বানান: ম্ + ও + ঙ্ + গ্ + অ + ল্। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ। শব্দান্তের 'ল' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোচ: কলমাদির অগ্রভাগ, গোঁফ বি। তদ্ভব। [< প্রা. মস্‌সু < সং. শ্মশ্রু।] বানান: ম্ + ও + চ্। বি.দ্র.: শব্দান্তের 'চ' হসন্ত-চিহ্ন -বর্জিত।

মোচড়: পাক। বি। তদ্ভব। <মুচড় < সং. মুচুটী। বানান: ম্ + ও + চ্ + অ + ড়্। বি.দ্র.: শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

মোচড়া: রাগে পেয়ে চাপ দেওয়া। ক্রি। তদ্ভব। মোচড় [< মুচড় < সং. মুচুটী] + বাং. আ। বানান: ম্ + ও + চ্ + ড়্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'চ' হসন্ত-বর্জিত।

মোচড়ান, মোচড়ানো: রাগে পেয়ে চাপ দেওয়া।

বাং. মোচড় [< বাং. মুচড় < সং. মুচুটী] + বাং. আন, আনো। বানান: ম্ + ও + চ্ + ড্ + আ + ন্ + অ [ও]। বি.দ্র.: শব্দ-মধ্যের 'চ' হসন্ত-বর্জিত।

মোচন: মুক্তিদান। বি। তৎসম। মুচ্ + ণিচ্ + অন। ৬।১ বানান: ম্ + ও + চ্ + অ + ন্ + অ।

মোচনীয়: মোচনযোগ্য। বিণ। তৎসম। মুচ্ + ণিচ্ + অনীয়। ৬।১ বানান: ম্ + ও + চ্ + অ + ন্ + ঈ + য্ + অ।

মোচিত: মুক্ত। বিণ। তৎসম। মুচ্ + ণিচ্ + ত। ৬।১ বানান: ম্ + ও + চ্ + ই + ত্ + অ।

মোচী: মোচনকারী। বিণ। তৎসম। মুচ্ + ইন্ [ঈ]। ৬।১ মোচন করে যে। বানান: ম্ + ও + চ্ + ঈ।

মোচা: কলার মঞ্জরী। বি। তৎসম। মোচ [মুচ্ + অ] + আ। বানান: ম্ + ও + চ্ + আ।

মোচাকৃতি: মোচার আকাব-বিশিষ্ট [conical]। বিণ। তৎসম। মোচা [মোচ (মুচ্ + অ) + আ] + আকৃতি [আ + কৃ + তি]। ৬।১ [সন্ধি] আ + আ= আ [চা]। ২।১।ঘ মোচার আকৃতি যার= বহুব্রী। ৩।৫ বানান: ম্ + ও + চ্ + আ + ক্ + ঋ + ত্ + ই।

মোচ্য: মোচনযোগ্য। বিণ। তৎসম। মুচ্ + য [যৎ]। ৬।১ বানান: ম্ + ও + চ্ + য্ + অ। বি.দ্র.: চ্ + য্ + অ= চ্য।

মোচ্ছব: মহোৎসব। বি। অর্ধ-তৎসম। < সং. মহোৎসব। বানান: ম্ + ও + চ্ + ছ্ + অ + ব্ + অ। বি.দ্র.: চ্ + ছ্ + অ= চ্ছ।

মোছা: কাপড় দিয়ে শুষ্ক করা বা করানো। ক্রি। তদ্ভব। মোছ্ [< মুছ্ < সং. মৃজ্] + বাং. আ। ৬।৩ বানান: ম্ + ও + ছ্ + আ।

মোছান, মোছানো: কাপড় দিয়ে শুষ্ক করা বা করানো। ক্রি। তদ্ভব। মোছ্ [< মুছ্ < সং. মৃজ্] + বাং. আন, আনো। বানান: ম্ + ও + ছ্ + আ + ন্ + অ, ও।

মোজা: সুতা রেশম পশম ইত্যাদির তৈরী পায়ের আবরণ। বি। বিদেশী। [< ফা. মোজহ্।] বাংলা বানান: ম্ + ও + জ্ + আ।

মোট: বোঝা। বি। বিদেশী। < তা. মোট্টই। বাংলা বানান: ম্ + ও + ট্। বি.দ্র.: শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

মোট: আসল, সর্বসমেত। বি। তদ্ভব। < সং. মূল, মতান্তরে, < সং. সমষ্টি। বানান: ম্ + ও + ট্। বি.দ্র.: শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

মোটঘাট: পোঁটলা-পুঁটলি। বি। বিদেশী। মোট [< তা. মোট্টই] + ঘাট [সহচর শব্দ]। বানান: ম্ + ও + ট্ + ঘ্ + আ + ট্। বি.দ্র.: শব্দ-মধ্যের ও শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

মোটবাহক: মুটে। বিণ। মিশ্র [বিদেশী+তৎসম] মোট [< তা. মোট্টই] + সং. বাহক [বহ্ + ণিচ্ + অক। ৬।১ মোট বহন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + ও + ট্ + ব্ + আ + হ্ + অ + ক্ + অ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ট' হসন্ত-বর্জিত।

মোটর: হাওয়া-গাড়ি, বিদ্যুৎ-চালিত যন্ত্র। বি। বিদেশী। < ইং. motor. বাংলা বানান: ম্ + ও + ট্ + অ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

মোটরগাড়ি: হাওয়া গাড়ি। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। < ইং. motor + তদ্ভব. গাড়ি [< সং. গন্ত্রী]। মোটর-চালিত গাড়ি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ম্ + ও + ট্ + অ + র্ + গ্ + আ + ড্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' হসন্ত-বর্জিত।

মোটা: স্থূল। বিণ। দেশী। বানান: ম্ + ও + ট্ + আ।

মোটান, মোটানো: মোটা হওয়া। ক্রি। দেশী।

বানান : ম্ + ও + ট্ + আ + ন্ + অ, ও।

মোটামুটি : মোটের ওপর, ক্রি-বিণ। তদ্ভব। মোট [<সং.সমষ্টি] + বাং. আ + মুট [<সং. সমষ্টি] + বাং. ই। ৬।৩। বানান: ম্ + ও + ট্ + আ + ম্ + উ + ট্ + ই।

মোটাসোটা : হৃষ্টপুষ্ট। বিণ। দেশী। মোটা ও সোটা [সহচর শব্দ] = দ্বন্দ্ব সমাস।৩।৪ বানান : ম্ + ও + ট্ + আ + স্ + ও + ট্ + আ।

মোটে : মাত্র। ক্রি - বিণ। তদ্ভব। মোট [<সং. সমষ্টি] + এ [অধিকরণ]। বানান : ম + ও + ট্ + এ।

মোটেই : একেবারেই। ক্রি-বিণ। তদ্ভব। মোটে ['মোটে' দ্রষ্টব্য] + বানান : ম + ও+ ট্ + এ + ই।

মোড় : বাঁক। বি। তদ্ভব। <সং.মুণ্ড। বানান : ম্ + ও + ড়্। বি.দ্র. শব্দান্তের 'ড়'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

মোড়ক : পুলিন্দা। বি। তদ্ভব। মোড়[<মুড়<সং. মুণ্ড] + বাং. আ। ৬।৩। বানান : ম্ + ও + ড়্ + অ + ক্। বি. দ্র. শব্দান্তের 'ক' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোড়ল : গ্রাম-প্রধান। বি। তদ্ভব। <সং. মণ্ডল। বানান : ম + ও + ড় + অ + ল্। বি.দ্র. শব্দান্তের 'ল' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোড়লি : মোড়লের কাজ। বি। তদ্ভব। মোড়ল [<সং. মণ্ডল] + বাং.ই।৬।৩ বানান : ম্ + ও + ড়্ + অ + ল্ + ই।

মোড়া : বেত্রাদি-নির্মিত টুলের মতো আসন, বাঁকানো বা ভাঁজ করা, পাতা বা কাগজে পুরে প্রান্ত ভাঁজ করে রাখা। বি। ক্রি। তদ্ভব। মোড়া<মুড় [<সং.মুণ্ড] + বাং. আ। ৬।১ বানান : ম + ও + ড়্ + আ।

মোড়ান, মোড়ানো : অগ্রভাগ বাঁকানো বা ভাঁজ করা। ক্রি। তদ্ভব। মোড়া ['মোড়া' দ্রষ্টব্য] + বাং. আন, আনো। ৬।১ বানান : ম্ + ও + ড়্ + আ + ন্ + অ, ও।

মোণ্ডা : মণ্ডা। বি। তদ্ভব।<সং মণ্ডল। বানান : ম্ + ও+ ণ্ + ড্ + আ। বি. দ্র. : তদ্ভব শব্দেও সংস্কৃতের ণ্ + ড্ = 'ণ্ড' রক্ষিত আছে। 'ণ্ড' লিখলে ভুল হবে না।

মোতা : প্রস্রাব করা। বি। তদ্ভব। মোত্ [মুত্ <সং. মূত্র] + বাং. আ। ৬।৩। বানান : ম + ও + ত্ + আ।

মোতানো : প্রস্রাব করানো। বি। তদ্ভব। মোত্ [<মুত্ <সং. মূত্র] + বাং.আনো। বানান : ম + ও + ত্ + আ + ন্ + ও।

মোতাবেক : অনুসারে। ক্রি-বিণ। বিদেশী। <আ. মুতাবিক্। বাংলা বানান : ম + ও + ত্ + আ + ব্ + এ + ক্। বি. দ্র. : শব্দান্তের 'ক' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোতি : মুক্তা বি। তদ্ভব। <সং. মৌক্তিক। বানান : ম + ও + ত্ + ই।

মোতিচুর : মিহিদানা। বি। তদ্ভব। মোতি [<সং. মৌক্তিক] + চুর [<সং. চূর্ণ]। চুর [চূর্ণ] যে মোতি = কর্মধা [পূর্বনিপাত]।৩।২ বানান : ম + ও + ত্ + ই + চ্ + উ + র্। বি. দ্র. শব্দান্তের 'র' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোতিম : মুক্তানির্মিত। বিণ। তদ্ভব। মোতি [<সং. মৌক্তিক] + ম। ৬।৩ বানান : ম্ + ও + ত্ + ই + ম্ + অ।

মোথা : গোড়া। বি। তদ্ভব।<সং. মস্ত। বানান : ম্ + ও + থ্ + আ।

মোদক : মোয়া।বি। তদ্ভব। মুদ্ + ণিচ্ + অক। ৬।১ বানান : ম্ + ও + দ্ + অ + ক্ + অ।

মোদা : ঢাকা। বিণ। তৎসম। [<সং. মুদ্ । ৬।১ বানান : ম্ + ও + দ্ + আ।

মোদিত : আমোদিত। বিণ। তদ্ভব। মুদ্ + ণিচ্ + ত। ৬।১, বানান : ম্ + ও + দ্ + ই + ত্ + অ।

মোদিতা : আমোদিতা। বিণ। তদ্ভব। মোদিত [মুদ্ + ণিচ্ + ত] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : ম্ + ও + দ্ + ই + ত্ + আ।

মোদিনী : হর্ষযুক্তা। বিণ। তৎসম। মুদ্ + ণিচ্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান : ম্ + ও + দ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

মোদী : আনন্দদায়ক। বিণ। তৎসম। মুদ্ + ণিচ্ + ইন্ [ঈ]। ৬।১ মোদন [আনন্দ দান] করে যে। বানান : ম্ + ও + দ্ + ঈ।

মোদ্দা : আসল। অব্য। বিদেশী। <আ. মুদ্দা + বাং. আ। বাংলা বানান : ম্ + ও + দ্ + দ্ + আ। বি.দ্র.: দ্ + দ্ + আ = দ্দা।

মোনা : ঢেঁকির মুষল। বি। দেশী। বানান : ম্ + ও + ন্ + আ।

মোম : মধুত্থ। বি। বিদেশী। <ফা. মোম্। বানান : ম্ + ও + ম্। বি.দ্র.: শব্দান্তের 'ম' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোমবাতি : প্যারাফিন চর্বি ইত্যাদি দিয়ে তৈরী বাতি। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। মোম [<ফা. মোম্] + বাতি [<সং. বর্তিকা]। মোম-নির্মিত বাতি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + ও + ম্ + ব্ + আ + ত্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ম' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোমিন : ধর্মনিষ্ঠ মুসলমান। বি। বিদেশী। <আ. মুমিন্। বাংলা বানান : ম্ + ও + ম্ + ই + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোয়া : নাড়ু। বি। তদ্ভব। <সং. মোদক। বানান : ম্ + ও + য্ + আ।

মোরগ : কুক্কুট। বি। বিদেশী। <ফা. মুরগ্। বাংলা বানান : ম্ + ও + র্ + অ + গ্। বি.দ্র.: শব্দান্তের 'গ' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোরগফুল : মোরগের ঝুঁটির আকারের রক্তবর্ণ ফুল। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। মোরগ [<ফা. মুরগ্] + ফুল [<সং. ফুল্ল]। মোরগের ঝুঁটির আকারযুক্ত ফুল = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + ও + র্ + অ + গ্ + ফ্ + উ + ল্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'গ' ও শব্দান্তের 'ল' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোরচা, মোর্চা : সংগ্রামের লক্ষ্য-সিদ্ধির জন্যে সংগঠিত বিভিন্ন দলের জোট। বি। বিদেশী। <হি. মোরচা। বাংলা বানান : ম্ + ও + র্ + চ্ + আ। বি.দ্র.: র্ + চ্ + আ = র্চা। 'চ' রেফযুক্ত না হলে শব্দমধ্যস্থিত 'র' হসন্ত-চিহ্ন-বর্জিত হবে।

মোরব্বা : চিনির রসে পাক-করা আম, বেল ইত্যাদি ফল। বি। বিদেশী। <আ. মুরব্বা। বাংলা বানান : ম্ + ও + র্ + অ + ব্ + ব্ + আ। বি.দ্র.: ব্ + ব্ + আ = ব্বা।

মোলাকাত, মুলাকাত : সাক্ষাৎ। বি। বিদেশী। <আ. মুলাকাত্। বাংলা বানান : ম্ + ও[উ] + ল্ + আ + ক্ + আ + ত্। বি.দ্র.: শব্দান্তের 'ত' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোলাম, মোলায়েম : কোমল ও মসৃণ। বিণ। বিদেশী। <আ. মুলাইম্। বাংলা বানান : ম্ + ও + ল্ + আ + ম্, ম্ + ও + ল্ + আ + য্ + এ + ম্। বি.দ্র.: শব্দান্তের 'ম' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোলাহেজা : বিশেষভাবে পরীক্ষা। বি। বিদেশী। <আ. মুলাহজ্। বাংলা বানান : ম্ + ও + ল্ + আ + হ্ + এ + জ্ + আ।

মোল্লা : মুসলমান পুরোহিত। বি। বিদেশী। তুর্কী. মুল্লা। বাংলা বানান : ম্ + ও + ল্ + ল্ + আ। বি.দ্র.: ল্ + ল্ + আ = ল্লা।

মোষ : মহিষ। বি। তদ্ভব। <সং. মহিষ। বানান : ম্ + ও + ষ্। বি.দ্র.: সংস্কৃত 'মহিষ'-এর 'ষ' রক্ষিত। শব্দান্তের 'ষ' হসন্ত-বর্জিত।

মোসম্বী : কমলাজাতীয় লেবু। বি। বিদেশী। <মোজাম্বিক [?]। বানান : ম্ + ও + স্ +

অ + ম্ + ব্ + ঈ। বি.দ্র.: ম্ + ব্ + ঈ = ম্বী।

মোসম্মৎ, মুসম্মৎ : সম্ভ্রান্ত মুসলমান মহিলা। বি। বিদেশী। <ফা. মুসম্মৎ। বাংলা বানান : ম্ + ও [উ] + স্ + অ + ম্ + ম্ + অ + ৎ। বি.দ্র.: ম্ + ম্ + অ = ম্ম।

মোসলেম : মুসলমান। বি। বিদেশী। <আ. মুস্‌লিম। বাংলা বানান : ম্ + ও + স্ + ল্ + এ + ম্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'স' ও শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

মোসাহেব : চাটুকার। বি। বিদেশী। <আ. মুসাহিব। বাংলা বানান : ম্ + ও + স্ + আ + হ্ + এ + ব্। বি.দ্র.: শব্দান্তের 'ব' হসন্ত-বর্জিত।

মোসাহেবি : চাটুকারিতা। বি। বিদেশী। মোসাহেব [<আ. মুসাহিব]। বাং. ই। ৬।৩ বানান : ম্ + ও + স্ + আ + হ্ + এ + ব্ + ই।

মোহ : মুগ্ধতা। বি। তৎসম। মুহ্ + অ। ৬।১ বানান : ম্ + ও + হ্ + অ।

মোহঘোর : আবেশ। বি। তৎসম। মোহ [মুহ্ + অ] + ঘোর [ঘুর্ + অ]। ৬।১ মোহের ঘোর = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + ও + হ্ + অ + ঘ্ + ও + র্ + অ।

মোহন : মোহকর। বি। তৎসম। মুহ্ + ণিচ্ + অন। ৬।১ বানান : ম্ + ও + হ্ + অ + ন্ + অ।

মোহন-চূড়া : শ্রীকৃষ্ণের সুদর্শন চূড়া। বি। তৎসম। মোহন [মুহ্ + ণিচ্ + অন] + চূড়া [সং]। ৬।১ মোহন [মনোমুগ্ধকর যে চূড়া = কর্মধা। ৩।২ বানান : ম্ + ও + হ্ + অ + ন্ + অ + চ্ + ঊ + ড়্ + আ। বি.দ্র.: চ্ + ঊ = চূ, ড়্ + আ = ড়া।

মোহন-ভোগ : সুজি ঘি দুধ চিনি দিয়ে তৈরী মিষ্টান্ন। বি। তৎসম। মোহন [মুহ্ +ণিচ্ + অন] + ভোগ [ভুজ্ + অ]। ৬।১ মোহন [মনোমুগ্ধকর] যে ভোগ = কর্মধা। ৩।২ বানান : ম্ + ও + হ্ + অ + ন্ + অ + ভ্ + ও + গ্ + অ। বি.দ্র.: ভ্ + ও = ভো।

মোহনিদ্রা : মোহের বশে চিত্তের বিকল অবস্থা। বি। তৎসম। মোহ [মুহ্ + অ] + নিদ্রা [নি + দ্রা + অ + আ]। ৬।১ মোহরূপ নিদ্রা = রূপক-কর্মধা। ৩।২ বানান : ম্ + ও + হ্ + অ + ন্ + ই + দ্ + র্ + আ। বি.দ্র.: দ্ + র্ + আ = দ্রা।

মোহনীয় : মোহকর। বিণ। তৎসম। মুহ্ + ণিচ্ + অনীয় । ৬।১ বানান : ম্ + ও + হ্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র.: শব্দটি 'অনীয়'-প্রত্যয়যুক্ত, তাই শব্দ-শেষে 'নীয়' হয়েছে। ন্ + ঈ = নী।

মোহন্ত, মোহান্ত : মঠ বা মন্দিরের অধ্যক্ষ। বি। তৎসম। মোহ [মুহ্ + অ] + অন্ত [অম্ + ত]। ৬।১ মোহের [মায়ার] অন্ত [শেষ] যার = বহুব্রী। ৩।৫ বানান : ম্ + ও + হ্ + অ [আ] + ন্ + ত্ + অ। বি.দ্র.: হ্ + অ = হ, হ্ + আ = হা, ন্ + ত্ + অ = ন্ত।

মোহপাশ : মোহের বন্ধন। বি। তৎসম। মোহ [মুহ্ + অ] + পাশ [পশ্ (বন্ধন করা) + অ]। ৬।১ মোহ-রূপ পাশ = রূপক-কর্মধা। ৩।২ বানান : ম্ + ও + হ্ + অ + প্ + আ + শ্ + অ। বি.দ্র.: প্ + আ = পা, শ্ + অ = শ।

মোহমন্ত্র : যে মন্ত্র মোহাচ্ছন্ন করে রাখে। বি। তৎসম। মোহ [মুহ্ + অ] + মন্ত্র [মন্ত্র্ + অ]। ৬।১ মোহকর যে মন্ত্র = কর্মধা। ৩।২ বানান : ম্ + ও + হ্ + অ + ম্ + অ + ন্ + ত্ + র্ + অ। বি.দ্র.: ম্ + ও = মো, ন্ + ত্ + র্ + অ = ন্ত্র।

মোহমুদগর : শঙ্করাচার্যের রচিত উপদেশাত্মক ষোড়শ শ্লোক-সমন্বিত কাব্য। বি। তৎসম। মোহ [মুহ্ + অ] + মুদগর [মুদ্ (আনন্দ পাওয়া)

+ গর (নাশ করে যে)। ৬।১ মোহকে যা সানন্দে নাশ করে = উপপদতৎ। ৩।৩ বানান : ম্ + ও + হ্ + অ + ম্ + উ + দ্ + গ্ + অ + র্ + অ। বি.দ্র.: ম্ + ও = মো, দ্ + গ্ + অ = দগ।

মোহর: সিল [Seal], স্বর্ণমুদ্রা। বি। বিদেশী। <ফা. মোহর্। বানান : ম্ + ও + হ্ + অ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

মোহানা, মোহনা: নদীর সমুদ্র-সঙ্গমস্থল। বি। বিদেশী। <হি. মুহনা। মুহ্ [<মুখ] + অনা, আনা। ৬।৩ বাংলা বানান : ম্ + ও + হ্ + আ [অ] + ন্ + আ।

মোহাফিজ: লেখ্য [নথি]-রক্ষক, সরকারী দলিল-পত্রাদি রক্ষার ভারপ্রাপ্ত কর্মচারী [record-keeper]। বি। বিদেশী। <আ. মুহাফীজ্। বাংলা বানান : ম্ + ও + হ্ + আ + ফ্ + ই + জ্। বি.দ্র.: শব্দান্তের 'জ' হসন্ত-চিহ্নবর্জিত।

মোহাফেজ: লেখ্য [নথি]-রক্ষক, সরকারী দলিল-পত্রাদি রক্ষার ভারপ্রাপ্ত কর্মচারী [record-keeper]। বি। বিদেশী। <আ. মুহাফীজ্। বাংলা বানান : ম্ + ও + হ্ + আ + ফ্ + এ + জ্। বি.দ্র.: শব্দান্তের 'জ' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোহাফেজখানা: যে গৃহে সরকারী দলিল-পত্রাদি রক্ষিত হয় [record-room]। বি। বিদেশী। <আ. মুহাফীজ্খানা। [খানা = ঘর]। বাংলা বানান : ম্ + ও + হ্ + আ + ফ্ + এ + জ্ + খ্ + আ + ন্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'জ' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মোহিত: মোহপ্রাপ্ত। বিণ। তৎসম। মুহ্ + ণিচ্ + ত, অথবা, মোহ [মুহ্ + অ] + ইত [ইতচ্]। ৬।১ বানান : ম্ + ও + হ্ + ই + ত্ + অ।

মোহিনী: মুগ্ধকারিণী। বিণ, বি। তৎসম। মুহ্ + ণিচ্ + ইন্ + ঈ। ৬।১, ৭।১।চ মোহিত করে যে। বানান : ম্ + ও + হ্ + ই + ন্ + ই। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে [হ্ +] 'ই', পরে [ন্ +] 'ঈ' হয়েছে।

মৌ: মধু। বি। তদ্ভব। <সং. মধু। বানান : ম্ + ঔ।

মৌক্তিক: মুক্তা। বি। তৎসম। মুক্তা + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : ম্ + ঔ + ক্ + ত্ + ই + ক্ + অ। বানান : ম্ + ঔ = মৌ, ক্ + ত্ + ই = ক্তি।

মৌখিক: মুখে মুখে, বাচনিক [oral]। বিণ। তৎসম। মুখ + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : ম্ + ঔ + খ্ + ই + ক্ + অ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ।

মৌজ: স্ফূর্তি। বি। বিদেশী। <আ. মব্জ্। বাংলা বানান : ম্ + ঔ + জ্। বি.দ্র.: ম্ + ঔ = মৌ। শব্দান্তের 'জ' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মৌজা: গ্রাম। বি। বিদেশী। <আ. মব্জা। বাংলা বানান : ম্ + ঔ + জ্ + আ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ।

মৌড়: মুকুট [সিঁথিমৌড়]। বি। তদ্ভব। <মউড় <মউডড <সং. মুকুট। বানান : ম্ + ঔ + ড়্ + অ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ।

মৌতাত: নেশা, নেশা উপভোগ। বি। বিদেশী। <আ. মৌতাদ্। বাংলা বানান : ম্ + ঔ + ত্ + আ + ত্। বি.দ্র.: ম্ + ঔ = মৌ। শব্দান্তের 'ত' হসন্ত-চিহ্ন-বর্জিত।

মৌতাতী: নেশায় মশগুল। বিণ। বিদেশী। মৌতাত [<আ. মৌতাদ্] + বাং. ঈ। ৬।৩ বাংলা বানান : ম্ + ঔ + ত্ + আ + ত্ + ঈ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ, ত্ + ঈ = তী।

মৌদগল্য: মুদগল ঋষির অপত্য। বি। তৎসম। মুদগল + য [ষ্ণ্য]। ৬।২ বানান : ম্ + ঔ + দ্ + গ্ + অ + ল্ + য্ + অ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ, দ্ + গ্ + অ = দগ। ল্ + য্ + অ = ল্য।

মৌন: নীরবতা। বি। তৎসম। মুনি + অ [ষ্ণ]। ৬।২ মুনির ভাব। বানান : ম্ + ঔ + ন্ + অ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ।

মৌনভঙ্গ: নীরবতা ভঙ্গ। বি। তৎসম। মৌন [মুনি + অ(ষ্ণ)] + ভঙ্গ [ভন্‌জ্ + অ]। ৬।১ মৌনের ভঙ্গ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ম্ + ঔ + ন্ + অ + ভ্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ, ঙ্ + গ্ + অ = ঙ্গ।

মৌনব্রত: কথা না-বলা, সঙ্কল্প। বি। তৎসম। মৌন [মুনি + অ (ষ্ণ)] + ব্রত [বৃ + অত]। ৬।১ মৌনপূর্ণ বা মৌনযুক্ত ব্রত = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + ঔ + ন্ + অ + ব্ + র্ + অ + ত্ + অ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ, ব্ + র্ + অ = ব্র।

মৌনী: নির্বাক। বিণ। তৎসম। মৌন [মুনি + অ (ষ্ণ)] + ঈ [ইন]। ৬।২ মুনির ভাব আছে যার। বানান : ম্ + ঔ + ন্ + ঈ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ, ন্ + ঈ = নী।

মৌমাছি: মধুমক্ষিকা। বি। তদ্ভব। মৌ [<সং. মধু] + মাছি [<সং. মক্ষিকা]। বানান : ম্ + ঔ + ম্ + আ + ছ্ + ই। বি.দ্র.: ম্ + ঔ = মৌ।

মৌরলা: সুস্বাদু ক্ষুদ্র মাছ। বি। তদ্ভব। <সং. মুরলা। বানান : ম্ + ঔ = মৌ, র্ + অ + ল্ + আ = রলা।

মৌরসী: উত্তরাধিকার-সূত্রে প্রাপ্ত। বিণ। বিদেশী। মৌরস [<আ. মউরূস্] + বাং. ঈ। ৬।৩ বানান : ম্ + ঔ + র্ + অ + স্ + ঈ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ, স্ + ঈ = সী।

মৌরসীপাট্টা: যে পাট্টার বলে মৌরসী স্বত্ব লাভ হয়। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। মৌরসী [মৌরস (<আ. মউরূস্) + বাং. ঈ] + পাট্টা [<সং. পট্টক]। মউরূসী [স্বত্ব = অধিকার]-প্রদত্ত পাট্টা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ম্ + ঔ + র্ + অ + স্ + ঈ + প্ + আ + ট্ + ট্ + আ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ, স্ + ঈ = সী, ট্ + ট্ + আ = ট্টা।

মৌরি, মৌরী: সুগন্ধি মসলা। বি। তদ্ভব। <সং. মধুরিকা। বানান : ম্ + ঔ = মৌ, র্ + ই = রি, র্ + ঈ = রী।

মৌর্বী: মূর্বার দ্বারা নির্মিত ধনুকের ছিলা। বি। তৎসম। মূর্বা [মূর্ব্ + অ + আ = মূর্বাতৃণ] + অ [ষ্ণ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান : ম্ + ঔ + র্ + ব্ + ঈ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ, র্ + ব্ + ঈ = র্বী।

মৌর্য: মুরার গর্ভজাত সন্তান। বি। তৎসম। মুরা + য [ষ্ণ]। ৬।২ বানান : ম্ + ঔ + র্ + য্ + অ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ, র্ + য + অ। 'রেফ' থাকায় 'য' -এর দ্বিত্ব বর্জিত।

মৌল: মৌলিক পদার্থ, মূলের অনুরূপ, মূলগত। বি, বিণ। তৎসম। মূল + অ [ষ্ণ]। ৬।২ বানান : ম্ + ঔ + ল্ + অ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ।

মৌলবী: মুসলমান - ধর্মশাস্ত্র সম্বন্ধে অভিজ্ঞ। বি। বিদেশী। <আ. মৌলবী। বাংলা বানান : ম্ + ঔ + ল্ + অ + ব্ + ঈ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ, ব্ + ঈ = বী।

মৌলানা: আরবী ও ফারসীতে পণ্ডিত। বি। বিদেশী। <আ. মৌলানা। বানান : ম্ + ঔ + ল্ + আ + ন্ + আ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ।

মৌলি: মস্তক, চূড়া। বি। তৎসম। সং. মূল + ই [ষ্ণি]। ৬।২ বানান : ম্ + ঔ + ল্ + ই। বি.দ্র.: ম্ + ঔ = মৌ, ল্ + ই। দৃষ্টান্ত : 'শঙ্করমৌলিনিবাসিনী' [গঙ্গা]। —শঙ্করাচার্য

মৌলিক: মূল থেকে আগত। বিণ। তৎসম। মূল + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : ম্ + ঔ + ল্ + ই + ক্ + অ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ।

মৌলিকতা : চিন্তায় ও রচনায় নূতনত্ব [originality]। বি। তৎসম। মৌলিক [মূল + ইক (ষ্ণিক)] + তা। ৬।২ বানান : ম্ + ঔ + ল্ + ই + ক্ + অ + ত্ + আ । বি.দ্র.: ম্ + ঔ = মৌ।

মৌলী : মুকুটে-ভূষিত। বিণ। তৎসম। মৌল [মূল + অ (ষ্ণ)] + ইন্ [ঈ]। ৬।২ মৌলি [মুকুট] আছে যার। বানান : ম্ + ঔ + ল্ + ঈ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ, ল্ + ঈ = লী।

মৌলীন্দু : মহাদেবের মস্তকের চন্দ্রকলা। বি। তৎসম। মৌলি [মূল + ই (ষ্ণি)] + ইন্দু [ইন্দ্ + উ]। ৬।২ [সন্ধি] ই + ই= ঈ [লী] ২।২।ক মৌলিতে [মস্তকে] ইন্দু [চন্দ্র] যাঁর [শিব] = বহুব্রী। ৩।৫ বানান : ম্ + ঔ + ল্ + ঈ + ন্ + দ্ + উ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ, ল্ + ঈ = লী, ন্ + দ্ + উ = ন্দু।

মৌষল : মুষল-বিষয়ক। বিণ। তৎসম। মুষল + অ [ষ্ণ]। ৬।২ বানান : ম্ + ঔ + ষ্ + অ + ল্ + অ। বি.দ্র.: ম্ + ঔ = মৌ, 'ঔ' [পূর্বে 'উ']-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

মৌসুমি, মৌসুমী : বর্ষাকালীন, মবসুমি। বিণ। বিদেশী। <আ. মৌসিম্। বাংলা বানান : ম্ + ঔ + স্ + উ + ম্ + ই [ঈ]। বি.দ্র.: ম্ + ঔ = মৌ, স্ + উ = সু, ম্ + ই = মি, ম্ + ঈ = মী।

ম্যাগাজিন : বারুদাগার, মাসিক পত্রিকাদি। বি। বিদেশী। <ইং. magazine. বাংলা বানান : ম্ + য্ + আ + গ্ + আ + জ্ + ই + ন্। বি.দ্র.: ম্ + য্ + আ = ম্যা। শব্দান্তের 'ন' হসন্ত-চিহ্ন-বর্জিত।

ম্যাচ : প্রতিদ্বন্দ্বিতা-মূলক খেলা। দিয়াশলাই। বি। বিদেশী। <ইং. match. বাংলা বানান : ম্ + য্ + আ + চ্। বি.দ্র. : ম্ + য্ + আ= ম্যা।

ম্যাজ-ম্যাজ : শরীরের শিথিল ও স্ফূর্তিহীন ভাব। অব্যয়। দেশী। বানান : ম্ + য্ + আ + জ্ + ম্ + য্ + আ + জ্। বি.দ্র. : শব্দ-মধ্যের ও শব্দান্তের 'জ'-দুটি হসন্ত-বর্জিত।

ম্যাজিস্ট্রেট : জেলার শাসনকর্তা। বি। বিদেশী। <ইং. magistrate. বাংলা বানান : ম্ + য্ + আ + জ্ + ই + স্ + ট্ + র্ + এ + ট্। বি.দ্র. : ম্ + য্ + আ = ম্যা, স্ + ট্ + র্ + এ= স্ট্রে। শব্দান্তের 'ট' হসন্ত-চিহ্ন-বর্জিত।

ম্যাজেন্টা : লালচে বেগনী বং। বি। বিদেশী। <ইং. magenta. বাংলা বানান : ম্ + য্ + আ + জ্ + এ + ন্ + ট্ + আ। বি.দ্র. : ম্ + য্ + আ= ম্যা, ন্ + ট্ + আ= ন্টা।

ম্যাট ম্যাট : মাটির মতো ঔজ্জ্বল্যহীন। অব্য। দেশী। বানান : ম্ + য্ + আ + ট্ + ম্ + য্ + আ + ট্। বি.দ্র. : ম্ + য্ + আ= ম্যা। শব্দ-মধ্যের ও শব্দান্তের 'ট'-দুটি হসন্ত-চিহ্ন-বর্জিত।

ম্যাটমেটে : মাটির মতো দীপ্তিহীন। বিণ। দেশী। বানান : ম্ + য্ + আ + ট্ + ম্ + এ + ট্ + এ। বি.দ্র. : ম্ + য্ + আ= ম্যা। শব্দ-মধ্যের 'ট' হসন্ত-চিহ্ন-বর্জিত।

ম্যাড়মেড়ে : মাটির মতো দীপ্তিহীন। বিণ। দেশী। বানান : ম্ + য্ + আ + ড়্ + ম্ + এ + ড়্ + এ। বি.দ্র. : ম্ + য্ + আ= ম্যা। শব্দ-মধ্যের 'ড়' হসন্ত-বর্জিত।

ম্যাড়ম্যাড় : মাটির মতো ঔজ্জ্বল্যহীন। অব্য। দেশী। বানান : ম্ + য্ + আ + ড়্ + ম্ + য্ + আ + ড়্। বি.দ্র. : ম্ + য্ + আ= ম্যা, শব্দ-মধ্যের ও শব্দান্তের 'ড়'-দুটি হসন্ত-বর্জিত।

ম্যানেজার : কার্যনির্বাহক। বি। বিদেশী। <ইং. manager. বাংলা বানান : ম্ + য্ + আ + ন্ + এ + জ্ + আ + র্। বি.দ্র. : শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

ম্লায়মান: যা ম্লান হয়ে আসছে। ম্লৈ + মান [শানচ্]। ৬।১ বানান: ম্ + ল্ + আ + য় + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: ম্ + ল্ + আ= ম্লা।

ম্যানেজারি: ম্যানেজারের পদ বা কাজ। বি। বিদেশী। <ইং. manager + বাং. ই। বাংলা বানান: ম্ + য্ + আ + ন্ + এ + জ্ + আ + র্ + ই। বি.দ্র.: ম্ + য্ + আ= ম্যা।

ম্যানেজারী: ম্যানেজারের ভাবযুক্ত। বি। বিদেশী। <ইং. manager + বাং. ই। বাংলা বানান: ম্ + য্ + আ + ন্ + এ + জ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: ম্ + য্ + আ= ম্যা, র্ + ঈ= রী।

ম্যাপ: মানচিত্র। বি। বিদেশী। <ইং.map বাংলা বানান: ম্ + য্ + আ + প্। বি.দ্র.: ম্ + য্ + আ= ম্যা। শব্দান্তের 'প' হসন্ত-বর্জিত।

ম্যালেরিয়া: কম্পজ্বর বিশেষ। বি। বিদেশী। <ইং. malaria বাংলা বানান: ম্ + য্ + আ + ল্ + এ + র্ + ই + য় + আ। বি.দ্র.: ম্ + য্ + আ= ম্যা।

ম্রিয়মাণ: মৃতপ্রায়, বিষণ্ণ। বিণ। তৎসম। মৃ + মান [শানচ্]। বানান: ম্ + র্ + ই + য় + অ + ম্ + আ + ণ্ + অ। বি.দ্র.: ম্ + র্ + ই= ম্রি। 'র' ও 'ন'-এর মধ্যে স্বরবর্ণ [ই, অ, আ] এবং 'য়' ও 'ম্' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

ম্লান: মলিন। বিণ। তৎসম। ম্লৈ + ত। ৬।১ বানান: ম্ + ল্ + আ + ন্ + অ। বি.দ্র.: ম্ + ল্ + আ= ম্লা।

ম্লানায়মান: যা ক্রমে ম্লান হচ্ছে। বিণ। তৎসম। ম্লানায় + মান [শানচ্]। ৬।১ বানান: ম্ + ল্ + আ + ন্ + আ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: ম্ + ল্ + আ= ম্লা।

ম্লানতা, ম্লানত্ব: মলিনতা। বি। তৎসম। ম্লান [ম্লৈ + ত] + তা, ত্ব। ৬।২ বানান: ম্ + ল্ + আ + ন্ + অ + ত্ + আ, ত্ + ব্ + অ। বি.দ্র.: ম্ + ল্ + আ= ম্লা, ত্ + ব্ + অ= ত্ব।

ম্লেচ্ছ: বেদাচারহীন। বিণ। তৎসম। ম্লেচ্ছ্ [(সংস্কৃত ভিন্ন অন্য ভাষায় কথা বলা) + অ]। বানান: ম্ + ল্ + এ + চ্ + ছ্ + অ। বি.দ্র.: ম্ + ল্ + এ= ম্লে, চ্ + ছ্ + অ= চ্ছ।

ম্লেচ্ছাচার: অহিন্দু আচার, কদাচার। বি। তৎসম। ম্লেচ্ছ [ম্লেচ্ছ্ + অ] + আচার [আ + চর্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [চ্ছা]। ২।১।খ ম্লেচ্ছ যে আচার= কর্মধা। ৩।২ বানান: ম্ + ল্ + এ + চ্ + ছ্ + আ + চ্ + আ + র্ + অ। বি.দ্র.: ম্ + ল্ + এ= ম্লে, চ্ + ছ্ + আ= চ্ছা।

ম্লেচ্ছাচারী: কদাচারী। বিণ। তৎসম। ম্লেচ্ছ [ম্লেচ্ছ্ + অ] + আচারী [আ + চর + ইন্ (ঈ)]। ৬।১ ম্লেচ্ছ [বেদব্রাহ্মণ-বিধি-বহির্ভূত] আচরণ করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ম্ + ল্ + এ + চ্ + ছ্ + আ + চ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: ম্ + ল্ + এ = ম্লে, চ্ + ছ্ + আ= চ্ছা। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

য

যক: যক্ষ। বি। তদ্ভব। <সং. যক্ষ। বানান: য্ + অ + ক্। বি.দ্র.: শব্দান্তের 'ক' হসন্ত-চিহ্ন-বর্জিত।

যক দেওয়া: ঠকিয়ে নেওয়া। ক্রি। তদ্ভব। যক ['যক' দ্রষ্টব্য] + দেওয়া [দে (<সং. দা) + বাং. ওয়া]। ৬।৩

যকের ধন: অতিশয় কৃপণের ধন। বি। মিশ্র [তদ্ভব + তৎসম]। যক ['যক' দ্রষ্টব্য] + এর [সম্বন্ধ পদ] + ধন [ধন্ + অ]। ৬।১ বানান: ধন: ধ্ + অ + ন্ + অ।

যকৃৎ : উদরের পিত্ত-নিঃসারক গ্রন্থিময় যন্ত্র [liver.]। বি। তৎসম। সং. যম [সংযমন= সংযতকরণ] + কৃৎ [কৃ + ক্বিপ্]। ৬।১ বানান: য্ + অ + ক্ + ঋ + ৎ। বি.দ্র.: ক্ + ঋ= কৃ।

যক্ষ : দেবযোনি, যক, অতি কৃপণ ব্যক্তি। বি। তৎসম। যক্ষ্ + অ। ৬।১ বানান: য্ + অ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

যক্ষপুরী : অলকাপুরী। বি। তৎসম। যক্ষ [যক্ষ্ + অ] + পুরী [পুর (পৃ + অ) + ঈ [স্ত্রী]]। ৬।১, ৭।১।গ যক্ষের পুরী= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: য্ + অ + ক্ + ষ্ + অ + প্ + উ + র্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ, প্ + উ= পু, র্ + ঈ= রী।

যক্ষরাজ : কুবের। বি। তৎসম। যক্ষ [যক্ষ্ + অ] + রাজ [<সং. রাজন্]। ৬।১ যক্ষদের রাজা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: য্ + অ + ক্ + ষ্ + অ + র্ + আ + জ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

যক্ষিণী, যক্ষী : যক্ষপত্নী। বি। তৎসম। যক্ষ [যক্ষ্ + অ] + ইন্ + ঈ [স্ত্রী], যক্ষ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান: য্ + অ + ক্ + ষ্ + ই + ণ্ + ঈ, য্ + অ + ক্ + ষ্ + ঈ। বি.দ্র.: 'ষ' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ক্ + ষ্ + ই= ক্ষি, ক্ + ষ্ + ঈ= ক্ষী। যক্ষিণী: আগে 'ই', পরে 'ঈ'।

যক্ষনি, যক্ষুনি : যেইমাত্র। ক্রি-বিণ। তদ্ভব। যক্ষন [<সং. যৎক্ষণ] + বাং. ই, উনি। ৬।২ বানান: য্ + অ + ক্ + ষ্ + অ [উ] + ন্ + ই। বি.দ্র.: ক্ + ষ্ + উ= ক্ষু।

যক্ষ্মা : কাশরোগ। বি। তৎসম। যক্ষ্ + মা [মন্]। ৬।২ বানান: য্ + অ + ক্ + ষ্ + ম্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + আ= ক্ষ্মা।

যক্ষ্মী : যক্ষ্মাগ্রস্ত। বিণ, বি। তৎসম। যক্ষ্ + মী [মিন্]। ৬।২ বানান: য্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + ঈ= ক্ষ্মী।

যক্ষ্মিণী : যক্ষ্মাগ্রস্তা। বিণ, বি। তৎসম। যক্ষ্ + মিন্ + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।চ বানান: য্ + অ + ক্ + ষ্ + ম্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: ১. ক্ + ষ্ + ম্ + ই= ক্ষ্মি। ২. 'ষ' ও 'ন'-এর মধ্যে 'ম' ও 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ৩. শব্দটি ইন্+ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

যখনই, যখনি : যেইমাত্র। ক্রি-বিণ। তদ্ভব। যখন [<সং. যৎক্ষণ] + বাং. ই। ৬।২

যখনকার : যে সময়ের। বিণ। তদ্ভব। যখন [<সং. যৎক্ষণ] + কার [সম্বন্ধ-বিভক্তি]।

যুতক : স্ত্রীলোকের বস্ত্রাঞ্চল। বি। তৎসম। যুত [যু + ত] + ক। বানান : য্ + উ + ত্ + অ + ক। বি.দ্র. : শব্দান্তের 'ক' হসন্ত-চিহ্ন বর্জিত।

যুতসই : সুবিধামতো। বিণ। মিশ্র। [তদ্ভব + বিদেশী]। যুত [সং. <যোক্ত] + সই [<হি. সহীহ্]। বাংলা বানান : য্ + উ + ত্ + স্ + অ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত- বর্জিত।

যুদ্ধ : লড়াই। বি। তৎসম। যুধ্ + ত। ৬।১ বানান : য্ + উ +দ্ + ধ্ + অ। বি.দ্র. : য্ + উ = যু, দ্ + ধ্ + অ= দ্ধ।

যুদ্ধনীতি : যুদ্ধ চালাবার কৌশল। বি। তৎসম। যুদ্ধ [যুধ্ + ত] + নীতি [নী + তি]। ৬।১ যুদ্ধ-সংক্রান্ত নীতি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : য্ + উ + দ্ + ধ্+ অ + ন্ + ঈ + ত্ + ই। বি.দ্র. : 'নীতি'র আগে ঈ [নী], পরে ই [তি]।

যুদ্ধবিগ্রহ : যুদ্ধ-ব্যাপার। বি। তৎসম। যুদ্ধ [যুধ্ + ত] + বিগ্রহ [বি + গ্রহ্ + অ]। ৬।১ যুদ্ধ ও বিগ্রহ। [যুদ্ধ]= দ্বন্দ্ব। ৩।৪ বানান : য্ + উ + দ্ + ধ্ + অ + ব্ + ই + গ্ + র্ + অ + হ্ + অ। বি.দ্র. : দ্ + ধ্ + অ= দ্ধ, গ্ + র্ + অ= গ্র।

যুদ্ধবিদ্যা : রণকৌশল। বি। তৎসম। যুদ্ধ [যুধ্ + ত] + বিদ্যা [বিদ্ (জানা) + য (যৎ) + আ]।

৬।১ যুদ্ধ-বিষয়ক বিদ্যা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: য্ + উ + দ্ + ধ্ + অ + ব্ + ই + দ্ + য্ + আ। বানান: দ্ + ধ্ + অ = দ্ধ, দ্ + য্ + আ= দ্যা।

যুদ্ধযাত্রা: যুদ্ধের জন্য যাত্রা। বি। তৎসম। যুদ্ধ [যুধ্ + অ] + যাত্রা [যা + ত্র + আ]। ৬।১ যুদ্ধের নিমিত্ত যাত্রা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: য্ + উ + দ্ + ধ্ + অ + য্ + আ + ত্ + র্ + আ। বি.দ্র.: দ্ + ধ্ + অ= দ্ধ, ত্ + র্ + আ।

যুদ্ধোন্মাদ: যুদ্ধ করবার জন্য উন্মাদ। বিণ। তৎসম। যুদ্ধ [যুধ্ + ত] + উন্মাদ [উৎ + মাদ (মদ্ + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [দ্ধো]। ২।৫।ক যুদ্ধের নিমিত্ত উন্মাদ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: য্ + উ + দ্ + ধ্ + ও + ন্ + ম্ + আ + দ্ + অ। বি.দ্র.: য্ + উ= যু, দ্ + ধ্ + ও= দ্ধো, ন্ + ম্ + আ।

যুধিষ্ঠির: যুদ্ধে অবিচলিত, জ্যেষ্ঠ পাণ্ডব। বিণ, বি। তৎসম। যুধি [যুধ্ + ই (অধিকরণ একবচন)] + স্থির [স্থা + ইর]। ৬।১ যুধি [যুদ্ধে] স্থির= অলুক্‌তৎ। ৩।৩ বানান: য্ + উ + ধ্ + ই + ষ্ + ঠ্ + ই + র্ + অ। বি.দ্র.: 'ই'-র পর 'ষ' এবং 'ষ্' + ঠ্ + ই= 'ষ্ঠি' হয়েছে। ৪।২।ক, ২।২৪

যুধ্যমান: যুদ্ধে রত। বিণ। তৎসম। যুধ্ + মান [শানচ্]। বানান: য্ + উ + ধ্ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: ধ্ + য্ + অ= ধ্য।

য়ুনান: বি। বিদেশী। <আ. Ionian [গ্রীক]। বাংলা বানান: য় + উ + ন্ + আ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-চিহ্ন-বর্জিত।

য়ুনানী: গ্রীসদেশীয়। বিণ। বিদেশী। <আ. Ionian. বাংলা বানান: য় + উ + ন্ + আ + ন্ + ঈ। বি.দ্র.: য় [য] + উ= য়ু, ন্ + ঈ= নী।

যুব, যুবা: যুবক। বি। তৎসম। যু + বন্ + অ, আ। 'ন্' লুপ্ত।

যুবক: যুবা। বি। তৎসম। যুবা [যু + বন্] + ক। বানান: য্ + উ + ব্ + অ + ক্ + অ। 'ন্' লুপ্ত

যুবজন: যুবক। বি। তৎসম। যুব [যুবা <যুবন্ (যু + বন্)] + জন [জন্ + অ]। ৬।১ যুব যে জন= কর্মধা। ৩।২ বানান: য্ + উ + ব্ + অ + জ্ + অ + ন্ + অ।

যুবজানি: যুবতীর স্বামী। বি। তৎসম। যুব [<যুবন্] + জানি [জায়া + নি]। ৬।২ যুবতী জায়া যার= বহুব্রী। ৩।৫ বানান: য্ + উ + ব্ + অ + জ্ + আ + ন্ + ই। শব্দটি পুংলিঙ্গ [অপ্রচলিত]-বাচক।

যুবতি, যুবতী: ষোল থেকে ত্রিশ বৎসর বয়স্কা নারী। বি। তৎসম। যুবন্ + তি [স্ত্রী], যু + অৎ [শতৃ] + ঈ [স্ত্রী]। বানান: য্ + উ + ব্ + অ + ত্ + ই, ঈ।

যুবত্ব: যৌবন। বি। তৎসম। যুবন্ [<যুবৎ (যু + অৎ)] + ত্ব। বানান: য্ + উ + ব্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র.: য্ + উ= যু। ত্ + ব্ + অ= ত্ব।

যুবনাশ্ব: মান্ধাতার পিতা। বি। তৎসম। বানান: য্ + উ + ব্ + অ + ন্ + আ + শ্ + ব্ + অ। বি.দ্র.: য্ + উ = যু, শ্ + ব্ + অ= শ্ব।

যুবসঙ্ঘ: যুবক বা যুবতীগণের সম্মেলন। বি। তৎসম। যুব [<যুবন্] + সঙ্ঘ= সম্ + ঘ [হন্ + অ]। ৬।১ যুবাদের সঙ্ঘ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: য্ + উ + ব্ + অ + স্ + অ + ঙ্ + ঘ্ + অ। বানান: ঙ্ + ঘ্ + অ= ঙ্ঘ।

যুবসম্মেলন: যুবক বা যুবতীগণের সম্মেলন্। বি। তৎসম। যুব [<যবুন্ (যুবা) + সম্মেলন [সম্ + মেলন (মিল্ = মেল্ + অন)]। ৬।১ যুবাদের সম্মেলন = সম্বন্ধতৎ। ৩।৩

যুযুৎসা : যুদ্ধ করবার ইচ্ছা। বি। তৎসম। যুধ্ + সন্ [ইচ্ছা অর্থে] + অ + আ]। ৬।১ বানান: য্ + উ + য্ + উ + ৎ + স্ + আ।

যুযুৎসু : সংগ্রামেচ্ছু। বিণ। তৎসম। যুধ্ + সন্ [ইচ্ছা অর্থে] + উ]। ৬।১ বানান: য্ + উ + য্ + উ + ৎ + স্ + উ।

যুযুধান : যুদ্ধে রত। বিণ। তৎসম। যুধ্ + আন [শানচ্]। বানান: য্ + উ + য্ + উ + ধ্ + আ + ন্ + অ।

যুঁই, জুঁই : যূথী। বি। তদ্ভব। <সং. যূথী। বানান: যঁ [<জ্ঁ] + উ + ই।

যূথ : দল। বি। তৎসম। যু [যুক্ত হওয়া] + থ [থক্]।- 'ঊ'-কার ৬।১ বানান: য্ + ঊ + থ্ + অ। বি.দ্র.: য্ + ঊ= যূ।

যূথনাথ : বুনো হাতির পালের প্রধান। বি। তৎসম। যূথ [যু + থ]। ৬।১ যূথের [হাতির দলের] নাথ [প্রধান]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: য্ + ঊ + থ্ + অ + ন্ + আ + থ্ + অ। বি.দ্র.: য্ + ঊ= যূ।

যূথপতি : বুনো হাতির পালের প্রধান। বি। তৎসম। যূথ [যু + থ] + পতি [পা (রক্ষা বা পালন করা) + অতি]। ৬।১ যূথের [হাতির দলের] পতি [প্রধান]= সম্বন্ধপদ। ৩।৩ বানান: য্ + ঊ + থ্ + অ + প্ + অ + ত্ + ই। বি.দ্র.: য্ + ঊ= যূ।

যূথভ্রষ্ট : দলছাড়া। বিণ। তৎসম। যূথ [যু + থ] + ভ্রষ্ট [ভ্রন্শ্ + ত]। ৬।১ যূথ থেকে ভ্রষ্ট= অপাদানতৎ। ৩।৩ বানান: য্ + ঊ + থ্ + অ + ভ্ + র্ + অ + ষ্ + ট্ + অ। বি.দ্র.: য্ + ঊ= যূ, ভ্ + র্ + অ= ভ্র, ষ্ + ট্ + অ= ষ্ট। 'ট'-এর আগে 'ষ' হয়েছে।

যূথিকা : যুঁই। বি। তৎসম। যূথ [দল, গুচ্ছ, পুষ্পবৃন্দ] + ইক + আ [স্ত্রী]। ৬।২; ৭।১।খ বানান: য্ + ঊ + থ্ + ই + ক্ + আ। বি.দ্র.: য্ + ঊ= যূ।

যূথী : যুঁই। বি। তৎসম। যূথ [দল, গুচ্ছ, পুষ্পবৃন্দ] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: য্ + ঊ + থ্ + ঈ। বি.দ্র.: য্ + ঊ, থ্ + ঈ= থী।

যূনী [অপ্রচলিত]: যুবতী। বি। তৎসম। যুবন্ [>যুবা] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: য্ + ঊ + ন্ + ঈ। বি.দ্র.: য্ + ঊ= যূ, ন্ + ঈ= নী।

যূপ : হাড়িকাঠ। বি। তৎসম। যু + প— ঊ-কার। ৬।১ বানান: য্ + ঊ + প্ + অ। বি.দ্র.: য্ + ঊ।

যূষ : ঝোল। বি। তৎসম। যূষ্ + অ। ৬।১ বানান: য্ + ঊ + ষ্ + অ। বি.দ্র.: য্ + ঊ= যূ। 'ঊ'-র পর 'ষ' হয়েছে।

যে : কোন নির্দিষ্ট ব্যক্তি বস্তু বা বিষয়। সর্ব। তদ্ভব। <সং. যদ্। বানান: য্ + এ।

যেই : যে, যখনই। সর্ব। তদ্ভব। <সং. যদ্ + বাং. ই <সং. হি। বানান: য্ + এ + ই।

যে-কেউ : যে-কোন লোক। সর্ব। তদ্ভব। যে [<সং. যদ্] + কেউ [<সং. কে <'কিম্' শব্দের প্রথমা বহুবচন] + উ [<হ <সং. হি]। বানান: য্ + এ + ক্ + এ + উ।

যে-কোন : বাছাবাছি না করেই যাকে ঠিক করা যায়। বিণ। মিশ্র [তদ্ভব + বিদেশী]। তদ্ভব. যে [<সং. যদ্] + কোন [<হি. কৌন]। বানান: য্ + এ + ক্ + ও + ন্ + অ।

যে-কে-সেই : পূর্ববৎ। অব্য। বিদেশী। <হি জ্যোঁ-কা-ত্যোঁ। বাংলা বানান: য্ + এ + ক্ + এ + স্ + এ + ই।

যেখান : যে স্থান। বি। তদ্ভব।

যেখানকার : যে-স্থানের। বিণ। তদ্ভব। যেখান [<সং. যৎস্থান] + কার [সম্বন্ধ-বিভক্তি]। বানান: য্ + এ + খ্ + আ + ন্ + ক্ + আ + র্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ন' ও শব্দান্তের 'র' হসন্ত-চিহ্নবর্জিত।

যেখানে : যে-স্থানে। বি। তদ্ভব। যেখান [<সং.

যৎস্থান] + বাং. এ [অধিকরণ]। বানান: য্ + এ + খ্ + আ + ন্ + এ।

যেখানে-সেখানে: বাছবিচার না করে সবখানে। ক্রি-বিণ। তদ্ভব। যেখানে ['যেখানে' দ্রষ্টব্য] + সেখানে [সং. তৎস্থান + এ]। বানান: য্ + এ + খ্ + আ + ন্ + এ + স্ + এ + খ্ + আ + ন্ + এ।

যেন: যে রূপ প্রায় সেই রূপ। অব্য। তদ্ভব। <সং. যদ্। করণ একবচন।

যেন-তেন-প্রকারেণ: যে উপায়েই হোক। ক্রি-বিণ। তৎসম। করণ একবচন। বানান: প্রকারেণ: প্ + র্ + অ + ক্ + আ + র্ + এ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'এ' [স্বরবর্ণ] থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

যেমন: যে প্রকার, যেইমাত্র। বিণ। তদ্ভব। যে [<সং. যদ্] + মন [সদৃশ]। বানান: য্ + এ + ম্ + অ + ন্ +অ।

যেমনি: যেমন, যখনই। ক্রি-বিণ। তদ্ভব। যে [<সং. 'যদ্'-কর্তা বহুবচন] + মন [সদৃশ] + বাং. ই।

যেরূপ: যেমন। বিণ। তদ্ভব। যে [<সং. 'যদ্'—কর্তা বহুবচন] + রূপ [মতো]। বানান: র্ + উ + প্ + অ। বি.দ্র.: র্ + উ= রু।

যে-সে: সাধারণ। সর্ব। তদ্ভব। যে [সং. 'যদ্'] + সে [<সং. তদ্]।

যেহেতু: যে জন্য। অব্য। তদ্ভব। যে [<সং. 'যদ্'] + হেতু [সং. হি + তু]। ৬।১ বানান: য্ + এ + হ্ + এ + ত্ + উ।

যো: উপায়। বি। তদ্ভব। <সং. যোগ। বানান: য্ + ও। অন্য শুদ্ধ বানান > জো: জ্ + ও।

যোক্ত্র: জোতদড়ি। বি। তৎসম। যুজ্ [যোগ করা] + ত্র। ৬।১ বানান: য্ + ও + ক্ + ত্ + র্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + র্ + অ= ক্ত্র।

যোগ: সংযোগ, জীবাত্মা ও পরমাত্মার সংযোগ, ঔষধের মিশ্রণ। বি। তৎসম। যুজ্ + অ। ৬।১ বানান: য্ + ও + গ্ + অ।

যোগকন্যা: যোগমায়া। বি। তৎসম। যোগ [যুজ্ + অ] + কন্যা [কন্ (কামনা করা) + য (যৎ) + আ [স্ত্রী]। যোগ [সত্ত্ব রজঃ তমঃ]-রূপ কন্যা= রূপক-কর্মধা। ৩।২ বানান: য্ + ও + গ্ + অ + ক্ + অ + ন্ + য্ + আ।

যোগক্ষেম: বি। তৎসম। যোগ [যুজ্ + অ] + ক্ষেম [ক্ষেম + অ]। ৬।১ [ক্ষেম = মঙ্গল] মঙ্গলার্থে যোগ [সঞ্চয়]। বানান: য্ + ও + গ্ + অ + ক্ + ষ্ + এ + ম্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + এ= ক্ষে।

যোগদান: সহযোগিতা। বি। তৎসম। যোগ [যুজ্ + অ] + দান [দা + অন]। ৬।১ বানান: য্ + ও + গ্ + অ + দ্ + আ + ন্ + অ।

যোগনিদ্রা: ব্রহ্মে মনঃ-সংযোগের ফলে দেহের নিদ্রিত অবস্থা। বি। তৎসম। যোগ [যুজ্+অ] + নিদ্রা [নি + দ্রা + অ + আ]। ৬।১ বানান: য্ + ও + গ্ + অ + ন্ + ই + দ্ + র্ + আ। বি.দ্র.: দ্ + র্ + আ= দ্রা।

যোগফল: যোগের ফল। বি। তৎসম। যোগ [যুজ্ + অ] + ফল [ফল্ + অ]। ৬।১ যোগের ফল= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: য্ + ও + গ্ + অ + ফ্ + অ + ল্ + অ।

যোগবল: যোগসাধনা দ্বারা লব্ধ অলৌকিক শক্তি। বি। তৎসম। যোগ [যুজ্ + অ] + বল [বল্ + অ]। ৬।১ বানান: য্ + ও + গ্ + অ + ব্ + অ + ল্ + অ।

যোগবাশিষ্ঠ, যোগবাসিষ্ঠ: রামচন্দ্রের প্রতি বশিষ্ঠের যোগ-উপদেশ-সম্পর্কিত গ্রন্থ। বি। তৎসম। যোগ [যুজ্ + অ] + বাশিষ্ঠ, বাসিষ্ঠ [বশিষ্ঠ, বসিষ্ঠ + অ]। ৬।১, ৬।২ যোগসাধনা সম্পর্কিত বশিষ্ঠ বা বসিষ্ঠের প্রদত্ত উপদেশ। বানান: য্

+ ও + গ্ + অ + ব্ + আ + শ্ [স্] + ই + ষ্ + ঠ্ + অ। বি.দ্র. : 'ই'-র পর এবং 'ঠ'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

যোগভ্রষ্ট : যোগসাধনা থেকে বিচ্যুত। বিণ। তৎসম। যোগ [যুজ্ + অ] + ভ্রষ্ট [ভ্রন্‌শ্ + ত]। ৬।১ যোগ [সাধনা] থেকে ভ্রষ্ট= অপাদানতৎ। ৩।৩ বানান : য্ + ও + গ্ + অ + ভ্ + র্ + অ + ষ্ + ট্ + অ। বি.দ্র. : ভ্ + র্ + অ= ভ্র, ষ্ + ট্ + অ= ষ্ট। 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ঙ

যোগমায়া : মহামায়া। বি। তৎসম। যোগ [যুজ্ + অ] + মায়া [মা + য (যৎ) + আ]। ৬।১ যোগ [সত্ত্ব রজঃ তমঃ]-রূপ মায়া= রূপক-কর্মধা। ৩।২ বানান : য্ + ও + গ্ + অ + ম্ + আ + য্ + আ।

যোগমার্গ : যোগ-সাধনার পথ। বি। তৎসম। যোগ [যুজ্ + অ] + মার্গ [মার্গ্ + অ] ৬।১ যোগ [সাধনা]-এর মার্গ [পথ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : য্ + ও + গ্ + অ + ম্ + আ + র্ + গ্ + অ। বি.দ্র. : র্ + গ্ + অ = র্গ।

যোগযুক্ত : অন্তরে পরমাত্মার সঙ্গে নিবিড় যোগে যুক্ত। বিণ। তৎসম। যোগ [যুজ্ + অ] + যুক্ত [যুজ্ + ত]। ৬।১ যোগের দ্বারা যুক্ত= করণ তৎ। ৩।৩ বানান : য্ + ও + গ্ + অ + য্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র. : ক্ + ত্ + অ= ক্ত।

যোগরূঢ় : বিভিন্ন শব্দ যোগে গঠিত বিশিষ্টার্থক শব্দ। বিণ। তৎসম। যোগ [যুজ্ + অ] + রূঢ় [রুহ্ + ত]। ৬।১ যোগের দ্বারা রূঢ় [উৎপন্ন]= করণ তৎ। ৩।৩ বানান : য্ + ও + গ্ + অ + র্ + ঊ + ঢ্ + অ।

যোগশাস্ত্র : যোগ-বিষয়ক গ্রন্থ। বি। তৎসম। যোগ [যুজ্ + অ] + শাস্ত্র [শাস্ + ত্র]। ৬।১ যোগ [সাধনা]-সম্পর্কিত শাস্ত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : য্ + ও + গ্ + অ + শ্ + আ + স্ + ত্ +র্ + অ। বি.দ্র. : স্ + ত্ + র্ + অ = স্ত্র।

যোগসাজশ : গোপনে ষড়যন্ত্র। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. যোগ [যুজ্ + অ] + সাজশ [<ফা. সাজিশ্]। যোগের দ্বারা [মিলিতভাবে] সাজশ [চক্রান্ত]= করণতৎ। ৩।৩ বানান : য্ + ও + গ্ + অ + স্ + আ + জ্ + অ + শ্। বি.দ্র. : শব্দান্তের 'শ' হসন্ত-বর্জিত।

যোগসিদ্ধি : যোগে অভীষ্ট লাভ। বি। তৎসম। যোগ [যুজ্ + অ] + সিদ্ধি [সিধ্ + ই]। ৬।১ যোগের দ্বারা সিদ্ধি= করণতৎ। ৩।৩ বানান : য্ + ও + গ্ + অ + স্ + ই + দ্ + ধ্ + ই। বি.দ্র. : দ্ + ধ্ + ই= দ্ধি।

যোগাড় : সংগ্রহ। বি। তদ্ভব। যোগ [সং] + বাং. আড়। [সন্ধি] অ + আ = আ [গা]। ২।১।খ বানান : য্ + ও + গ্ + আ + ড়্ + অ।

যোগাড়যন্ত্র : কর্ম-সম্পাদনের জন্য উপকরণ-সংগ্রহ। বি। তদ্ভব। যোগাড় ['যোগাড়' দ্রষ্টব্য] + যন্ত্র [যন্ত্র্ + অ]। ৬।১ যোগাড় ও যন্ত্র [সহচর শব্দ]= দ্বন্দ্ব।

যোগাড়ে : উদ্দেশ্য-সিদ্ধির জন্য উপকরণ-সংগ্রহে দক্ষ। বিণ। তদ্ভব। যোগাড় ['যোগাড়' দ্রষ্টব্য] + বাং. এ (<ইয়া)। ৬।৩ যে যোগাড় করে। বানান : য্ + ও + গ্ + আ + ড়্ + এ।

যোগান : সরবরাহ। বি। তদ্ভব। যোগা [যোগ + আ] + আন। ৬।১ [সন্ধি] আ + আ = আ [গা]। ২।১।ঘ বানান : য্ + ও + গ্ + আ + ন্ + অ।

যোগানদার : সরবরাহকারী। বি, বিণ। মিশ্র [তদ্ভব + বিদেশী]। তদ্ভব. যোগান [যোগা + আন] + ফা. দার। বানান : য্ + ও + গ্ + আ + ন্ + দ্ + আ + র্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ন' ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

যোগানিয়া : সরবরাহকারী। বিণ। তদ্ভব। যোগান

['যোগান' দ্রষ্টব্য + বাং. ইয়া। ৬।৩ যে যোগান দেয়। বানান: য্ + ও + গ্ + আ + ন্ + ই + য্ + আ।

যোগানে: সরবরাহকারী। বিণ। তদ্ভব। <যোগানিয়া [যোগান + ইয়া] বা যোগান + এ। বানান: য্ + ও + গ্ + আ + ন্ + এ।

যোগাযোগ: মিলন। বি। তৎসম। যোগ [যুজ্ + অ] + অযোগ [ন + যুজ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [গা]। ২।১।ক নয় যোগ= নঞ্ তৎ। ৩।৩ যোগ ও অযোগ= দ্বন্দ্ব। ৩।৪ বানান: য্ + ও + গ্ + আ + য্ + ও + গ্ + অ। অযোগের যোগ।

যোগাসীন: যোগ-সাধনায় উপবিষ্ট। বিণ। তৎসম। যোগ [যুজ্ + অ] + আসীন [আস্ + ঈন (শানচ্)]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [গা]। ২।১।খ যোগে আসীন= অধিকরণতৎ। ৩।৩ বানান: য্ + ও + গ্ + আ + স্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: স্ + ঈ= সী।

যোগিনী: যোগ-সাধনাকারিণী। বি। তৎসম। যুজ্ + ইন্ + ঈ। ৬।১ বানান: য্ + ও + গ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্ + ঈ'= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই গ্ + ই = গি এবং ন্ + ঈ= নী।

যোগী: যোগসাধক। বি। তৎসম। যুজ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান: য্ + ও + গ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

যোগীন্দ্র: শ্রেষ্ঠ যোগী। বি। তৎসম। যোগী [যুজ্ + ইন্ (ঈ)] + ইন্দ্র [ইন্দ্ + র]। ৬।১ [সন্ধি] ঈ + ই= ঈ [গী]। ২।২।গ যোগীদের ইন্দ্র= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: য্ + ও + গ্ + ঈ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র.: গ্ + ঈ = গী, ন্ + দ্ + র্ + অ= ন্দ্র।

যোগীশ: শ্রেষ্ঠ যোগী। বি। তৎসম। যোগী [যুজ্ + ইন্ (ঈ)]। + ঈশ [ঈশ্ + অ]। ৬।১ [সন্ধি] ঈ + ঈ= ঈ [গী]। ২।২।ঘ যোগীদের ঈশ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: য্ + ও + গ্ + ঈ + শ্ + অ। বি.দ্র.: গ্ + ঈ= গী।

যোগীশ্বর: শ্রেষ্ঠ যোগী। বি। তৎসম। যোগী [যুজ্ + ইন্ (ঈ)] + ঈশ্বর [ঈশ্ + বর]। ৬।১, ৬।২ [সন্ধি] ঈ + ঈ= ঈ [গী]। ২।২।ঘ যোগীদের ঈশ্বর= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: য্ + ও + গ্ + ঈ + শ্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র.: গ্ + ঈ= গী, শ্ + ব্ + অ= শ্ব।

যোগেশ: শ্রেষ্ঠ যোগী। বি। তৎসম। যোগ [যুজ্ + অ] + ঈশ [ঈশ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + ঈ= এ [গে]। ২।৪।খ যোগে ঈশ [অধিকরণ তৎ। ৩।৩ বানান: গ্ + এ = গে।

যোগেশ্বর: শ্রেষ্ঠ যোগী। বি। তৎসম। যোগ [যুজ্ + অ] + ঈশ্বর [ঈশ্ + বর]। ৬।১, ৬।২ [সন্ধি] অ + ঈ= এ [গে]। ২।৪।খ যোগে ঈশ্বর= অধিকরণতৎ। ৩।৩

যোগে: মারফত। ক্রি-বিণ। তৎসম। যোগ [যুজ্ + অ] + এ [অধিকরণ]। ৬।১

যোগেযাগে: কোনক্রমে। ক্রি-বিণ। তদ্ভব। যোগ [যুজ্ + অ] + এ + যাগে [সহচর শব্দ]। ৬।১ যোগে ও যাগে = অলুক্ দ্বন্দ্ব। ৩।৪ বানান: য্ + ও + গ্ + এ + য্ + আ + গ্ + এ।

যোগ্য: উপযুক্ত। বিণ। তৎসম। যুজ্ + য [যৎ]। ৬।১ বানান: য্ + ও + গ্ + য্ + অ। বি.দ্র.: গ্ + য্ + অ= গ্য।

যোগ্যতা: উপযুক্ততা। বি। তৎসম। যোগ্য [যুজ্ + য (যৎ)] + তা। ৬।১, ৬।২ বানান: য্ + ও + গ্ + য্ + অ + ত্ + আ। বি.দ্র.: গ্ + য্ + অ= গ্য।

যোগ্যা: উপযুক্তা। বিণ। তৎসম। যোগ্য [যুজ্ + য (যৎ)] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বি.দ্র.: য্ + ও + গ্ + য্ + আ।

যোজক: দুই বৃহৎ স্থলভাগের মধ্যে সংযোজক সঙ্কীর্ণ স্থলভাগ [isthmus]। বি। বিণ। তৎসম। যুজ্

+ ণিচ্ + অক। ৬।১ যা যুক্ত করে। বানান: য্ + ও + জ্ + অ + ক্ + অ।

যোজন: একত্রকরণ, চারক্রোশ পরিমাণ দৈর্ঘ্য। বি। তৎসম। যুজ্ + অন। ৬।১ বানান: য্ + ও + জ্ + অ + ন্ + অ।

যোজনগন্ধা: কস্তূরী, ব্যাসমাতা, সত্যবতী। বি। তৎসম। যোজন [যুজ্ + অন] + গন্ধা [গন্ধ্ + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক যোজন-গামী গন্ধ যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: য্ + ও + জ্ + অ + ন্ + অ + গ্ + অ + ন্ + ধ্ + আ। বি.দ্র.: ন্ + ধ্ + আ = ন্ধা।

যোজনা: সংযোগ। বি। তৎসম। যুজ্ + অন + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: য্ + ও + জ্ + অ + ন্ + আ।

যোজনীয়: যোজনার যোগ্য। বিণ। তৎসম। যুজ্ + অনীয়। ৬।১ বানান: য্ + ও + জ্ + অ + ন্ + ঈ + য্ + অ।

যোজিত: সংযুক্ত। বিণ। তৎসম। যুজ্ + ণিচ্ + ত। ৬।১ বানান: য্ + ও + জ্ + ই + ত্ + অ।

যোঝাযুঝি: প্রতিকূল অবস্থার বিরুদ্ধে কঠিন লড়াই। বি। তদ্ভব। যোঝা < যুঝ্ [সং. < যুধ্] + বাং. আ + যুঝ্ + বাং. ই। ৬।৩ বানান: য্ + ও + ঝ্ + আ + য্ + উ + ঝ্ + ই।

যোটক: যে বা যা মিলিয়ে দেয়। বি। তৎসম। যু + ট + ক। ৬।১ বানান: য্ + ও + ট্ + অ + ক্ + অ।

যোদ্ধা: যুদ্ধকারী। বি। তৎসম। যুধ্ [যুদ্ধ করা] + তা [তৃ (তৃচ্)]। ৬।১ বানান: য্ + ও + দ্ + ধ্ + আ।

যোদ্ধৃবর্গ: যুদ্ধে রত সৈনিকগণ। বি। তৎসম। যোদ্ধৃ [যুধ্ (যুদ্ধ করা) + তৃ (তৃচ্) + বর্গ [বৃজ্ + অ]। ৬।১ যোদ্ধাদের বর্গ [শ্রেণী] = সম্বন্ধপদ। বানান: য্ + ও + দ্ + ধ্ + ঋ + ব্ + অ + র্ + গ্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + ঋ = দ্ধৃ, র্ + গ্ + অ = র্গ

যোদ্ধৃবেশ: সৈনিকের পোশাক। বি। তৎসম। যোদ্ধৃ [যুধ্ + তৃ (তৃচ্] + বেশ [বিশ্ + অ]। ৬।১ যোদ্ধার বেশ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: য্ + ও + দ্ + ধ্ + ঋ + ব্ + এ + শ্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + ঋ = দ্ধৃ।

যোধ: যোদ্ধা। বি। তৎসম। যুধ্ + অ। ৬।১ বানান: য্ + ও + ধ্ + অ। বি.দ্র. য্ + ও = যো।

যোধন: যুদ্ধ। বি। তৎসম। যুধ্ + অন। ৬।১ বানান: য্ + ও + ধ্ + অ + ন্ + অ।

যোনি: স্ত্রী-জননেন্দ্রিয়। বি। তৎসম। যু + নি। বানান: য্ + ও + ন্ + ই। য্ + ও = যো, ন্ + ই = নি।

যোয়ান, জোয়ান: মসলাজাতীয় ক্ষুদ্র শস্য। বি। তদ্ভব। < সং. যমানী। বানান: য্ [জ্] + ও + য়্ + আ + ন্ + অ।

যোষা: নারী। বি। তৎসম। যুষ্ + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: য্ + ও + ষ্ + আ। বি.দ্র.: 'ও'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

যোষিৎ: নারী। বি। তৎসম। যুষ্ + ইৎ। ৬।১ বানান: য্ + ও + ষ্ + ই + ৎ। বি.দ্র.: 'ও'-র পব 'ষ্' হয়েছে। ৪।২।ক

যো-সো করে: যেমন-তেমন করে। ক্রি-বিণ। তদ্ভব। যো [< সং. যদ্]+সো [< সং. তদ্] + করে [কর্ (< সং. কৃ) + বাং. এ < ইয়া।

যো-হুকুমের দল: স্তাবকের দল। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। [যো < সং. যৎ] + [হুকুমের < আ. হুকুম] + বাং. এর [সম্বন্ধ] + দল [< সং. দল্ + অ]। ৬।১ বি.দ্র.: হ্ + উ = হু।

যৌক্তিক: যুক্তিসঙ্গত। বিণ। তৎসম। যুক্তি + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: য্ + ঔ + ক্ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র.: য্ + ঔ = যৌ, ক্ + ত্ + ই = ক্তি।

যৌক্তিকতা: যুক্তি। বি। তৎসম। যৌক্তিক [যুক্তি + ইক] + তা। ৬।১, ৬।২ বানান: য্ + ঔ

+ ক্ + ত্ + ই + ক্ + অ + ত্ + আ। বি.দ্র.: য্ + ঔ = যৌ, ক্ + ত্ + ই = ক্তি।

যৌগপদ্য: যুগপৎ সংঘটন। বি। তৎসম। যুগপৎ + য [ষ্ণ্য]। ৬।২ বানান: য্ + ঔ + গ্ + অ + প্ + অ + দ্ + য্ + অ। বি.দ্র.: য্ + ঔ = যৌ, দ্ + য্ + অ = দ্য।

যৌগিক: একাধিক উপাদানেব সংযোগে গঠিত। বিণ। তৎসম। যোগ + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: য্ + ঔ + গ্ + ই + ক্ + অ। বি.দ্র.: য্ + ঔ = যৌ।

যৌতুক: বিবাহকালে ববকন্যাকে প্রদত্ত ধন। বি। তৎসম। যুতক [যুত্ + ক] + অ [ষ্ণ]। ৬।২ বানান: য্ + ঔ + ত্ + উ + ক্ + অ, ত্ + উ = তু। 'যৌতিক'ও শুদ্ধ।

যৌথ: একাধিক ব্যক্তির মিলিতভাবে কৃত। বিণ। তৎসম। যূথ [যূথ (যু) + (উ) + থ] + অ (ষ্ণ)। বানান: য্ + ঔ + থ্ + অ। বি.দ্র.: য্ + ঔ = যৌ।

যৌন: স্ত্রী-পুরুষের সঙ্গম-সম্পর্কিত। বিণ। তৎসম। যোনি [যু + নি] + অ [ষ্ণ]। ৬।২ বানান: য্ + ঔ + ন্ + অ। বি.দ্র.: য্ + ঔ = যৌ।

যৌবন: যুবাবস্থা। বি। তৎসম। যুবন্ [যু + বন্] + অ [ষ্ণ]। ৬।২ বানান: য্ + ঔ + ব্ + অ + ন্ + অ। বি.দ্র.: য্ + ঔ = যৌ।

যৌবনবতী: যুবতী। বিণ। তৎসম। যৌবন [যুবন্ + অ (ষ্ণ)] + বতী [বৎ (বতুপ্) + ঈ স্ত্রী)। ৬।২, ৭।১।ঝ। বানান: য্ + ঔ + ব্ + অ + ন্ + অ + ব্ + অ + ত্ + ঈ।

যৌবনভার: যৌবনজনিত দৈহিক পুষ্টি। বি। তৎসম। যৌবন [যুবন্ + অ (ষ্ণ)] + ভার [ভৃ + অ]। ৬।২, ৬।১ যৌবনের ভার = সম্বন্ধ তৎ। ৩।৩ বানান: য্ + ঔ + ব্ + অ + ন্ + অ + ভ্ + আ + র্ + অ। বি.দ্র.: য্ + ঔ = যৌ।

যৌবনলক্ষণ: যৌবনজনিত শারীরিক পরিবর্তন। বি। তৎসম। যৌবন [যুবন্ + অ] + লক্ষণ [লক্ষ্ + অন]। ৬।২, ৬।১ যৌবনের লক্ষণ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: য্ + ঔ + ব্ + অ + ন্ + অ + ল্ + অ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: য্ + ঔ = যৌ, ক্ + ষ্ + অ = ক্ষ, 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

যৌবনসুলভ: তরুণ বয়সের পক্ষে স্বাভাবিক। বিণ। তৎসম। যৌবন [যুবন্ + অ] + সুলভ [সু + লভ্ + অ]। ৬।২, ৬।১ যৌবনে সুলভ = অধিকরণতৎ। ৩।৩ বানান: য্ + ঔ + ব্ + অ + ন্ + অ + স্ + উ + ল্ + অ + ভ্ + অ। বি.দ্র.: য্ + ঔ = যৌ

যৌবনাবস্থা: যৌবনকাল। বি। তৎসম। যৌবন [যুবন্ + অ] + অবস্থা [অব + স্থা + অ + আ]। ৬।২, ৬।১ [সন্ধি] অ + অ = আ [না] ২।১।ক যৌবনের অবস্থা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: য্ + ঔ + ব্ + অ + ন্ + আ + ব্ + অ + স্ + থ্ + আ। বি.দ্র.: য্ + ঔ = যৌ, স্ + থ্ + আ = স্থা।

যৌবরাজ্য: যুবরাজের পদ। বি। তৎসম। যুবরাজ + য [ষ্ণ্য]। ৬।২ বানান: য্ + ঔ + ব্ + অ + র্ + আ + জ্ + য্ + অ। বি.দ্র.: য্ + ঔ = যৌ, জ্ + য্ + অ = জ্য।

র

রওনা: যাত্রা, যাত্রার জন্য নিষ্ক্রমণ। [< ফা. রওয়ানা। বি। বিদেশী।] বাংলা বানান: র্ + অ + ও + ন্ + আ

রওয়া: থাকা। ক্রি। বিদেশী। < হি. রহ্না। বাংলা বানান: র্ + অ + ও + য্ + আ।

রংরুট: রিক্রুট। বি। বিদেশী। < ইং. recruit.

বাংলা বানান: র্ + অ + ং + র্ + উ + ট্। বি.দ্র.: শব্দান্তের 'ট' হসন্ত-চিহ্ন- বর্জিত।

রক: গৃহ-সম্মুখের খোলা বারান্দা। বি। বিদেশী। < তুর্কী. রওয়াক্। বাংলা বানান: র্ + অ + ক্। বি.দ্র.: শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত।

রকবাজ: রকে আড্ডা দিয়ে বৃথা সময় কাটাতে অভ্যস্ত। বিণ। বিদেশী। রক ['রক' দ্রষ্টব্য] + ফা. বাজ। বানান: র্ + অ + ক্ + ব্ + আ + জ্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ক' ও শব্দান্তের 'জ' হসন্ত-বর্জিত।

রকবাজি: রকে আড্ডা দেবার অভ্যাস। বি। বিদেশী। রক ['রক' দ্রষ্টব্য] + ফা. বাজ + বাং. ই। ৬।৪, ৬।৩ বানান: র্ + অ + ক্ + ব্ + আ + জ্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ক' হসন্ত-বর্জিত।

রকম: প্রকার। বিদেশী। < আ. রক্ম্। বাংলা বানান: র্ + অ + ক্ + অ + ম্। বি.দ্র.: শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

রকমফের: বৈচিত্র্য। বি। বিদেশী। রকম ['রকম' দ্রষ্টব্য] + ফের [< হি. ফের]। বাংলা বানান: র্ + অ + ক্ + অ + ম্ + ফ্ + এ + র্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ম' ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

রকম সকম: ভাবভঙ্গি। বি। বিদেশী। রকম ['রকম' দ্রষ্টব্য] + সকম [সহচর শব্দ]। বানান: র্ + অ + ক্ + অ + ম্ + স্ + অ + ক্ + অ + ম্। বি.দ্র.: শব্দমধ্যের ও শব্দান্তের 'ম'-দুটি হসন্ত-বর্জিত।

রকমারি: নানাপ্রকার। বি। বিদেশী। রকম ['রকম' দ্রষ্টব্য] + আরি [< হি. ওয়ারি (বারি)]। বাংলা বানান: র্ + অ + ক্ + অ + ম্ + আ + র্ + ই।

রক্ত: রঞ্জিত, শোণিত। বি। বিণ। তৎসম। রঞ্জ্ + ত। ৬।১ বানান: র্ + অ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত।

রক্তকমল: লালবর্ণ পদ্ম। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + কমল [কম্ (জলকে) + অল (অলংকৃত করে)]। ৬।১ রক্ত [লালবর্ণ] যে কমল = কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + ক্ + অ + ম্ + অ + ল্ + অ।

রক্তকরবী: লালবর্ণ করবী। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + করবী [< সং. করবীর]। রক্ত [লালবর্ণ] যে করবী = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + ক্ + অ + র্ + অ + ব্ + ঈ।

রক্তক্ষয়ী: যা বহু লোকের রক্তপাত ঘটায়। বিণ। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + ক্ষি + ইন্ [ঈ]। ৬।১ রক্ত ক্ষয় করে যা = উপপদতৎ। ৩।৩ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + ক্ + ষ্ + অ + য় + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' কারান্ত।

রক্তগঙ্গা: খুনোখুনি। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + গঙ্গা [গম্ + গ্ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক রক্ত-পূর্ণা গঙ্গা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + গ্ + অ + ঙ্ + গ্ + আ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত, ঙ্ + গ্ + আ = ঙ্গা।

রক্তচক্ষু: রোষদৃষ্টি। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + চক্ষু [< সং. চক্ষুঃ (স্)]। ৬।১ রক্ত যে চক্ষু = কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + চ্ + অ + ক্ + ষ্ + উ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত, ক্ + ষ্ + উ = ক্ষু।

রক্তচন্দন: লালবর্ণ চন্দনকাঠ। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + চন্দন [চন্দ্ (আনন্দ দেওয়া) + অন। ৬।১ রক্ত যে চন্দন = কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + চ্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত, ন্ + দ্ + অ = ন্দ।

রক্তজিহ্ব: যার জিহ্বা রক্তবর্ণ। বিণ। তৎসম। রক্ত

[রঞ্জ্ + ত] + জিহ্ব [লিহ্ (লেহন করা) + ব [লি = জি]। ৬।১ রক্ত জিহ্বা যার = বহুব্রী। ৩।৫ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + জ্ + ই + হ্ + ব্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত, হ্ + ব্ + অ = হ্ব।

রক্তদন্তিকা: রক্তদন্তা [চণ্ডী]। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + দন্তিকা [দন্ত [দম্ + ত] + ইক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ রক্ত [লাল বর্ণ] দন্ত যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + দ্ + অ + ন্ + ত্ + ই + ক্ + আ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত, ন্ + ত্ +ই = ন্তি।

রক্তদন্তী: রক্তদন্তা [চণ্ডী]। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + দন্ত [দম্ + ত] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ রক্ত দন্ত যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫

রক্তদুষ্টি: রক্তদোষ ব্যাধি। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + দুষ্টি [দুষ্ + তি]। ৬।১ রক্তের দুষ্টি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + দ্ + উ + ষ্ + ট্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত, ষ্ + ট্ + ই = ষ্টি। 'উ'-র পর ও 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

রক্তনদী: খুনোখুনি। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + নদী [নদ্ + অ + ঈ (স্ত্রী)]। ৬।১ রক্ত-পূর্ণা নদী = কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + ন্ + অ + দ্ + ঈ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত।

রক্তনিশান: লালপতাকা। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। রক্ত [সং. রঞ্জ্ + ত] + নিশান [< আ. নিশান]। বানান: র্ + অ + ক্ + ত্ + অ + ন্ + ই + শ্ + আ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-চিহ্ন-বিহীন।

রক্তনেত্র: রোষদৃষ্টি। বিণ। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + নেত্র (নী + ত্র]। ৬।১ রক্ত যে নেত্র = কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + ন্ + এ + ত্ + র্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত, ত্ + র্ + অ = ত্র।

রক্তপাত: শরীরের রক্ত বার করা। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + পাত [পত্ + অ]। ৬।১ রক্তের পাত [পতন] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + প্ + আ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত।

রক্তপায়ী: রক্তপানকারী। বিণ। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + পায়ী [পা + ইন্ [ঈ]। ৬।১ রক্ত পান করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + প্ + আ + য় + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত,তাই 'ঈ'-কারান্ত।

রক্তপিণ্ড: জমাট রক্তের ঢেলা। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + পিণ্ড [পিণ্ড্ + অ]। ৬।১ রক্তের পিণ্ড = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + প্ + ই + ণ্ + ড্ + অ। বি.দ্র.: ণ্ + ড্ + অ = ণ্ড। 'ড'-এর আগে 'ণ' হয়েছে।

রক্তপিত্ত: পিত্তবিকারের ফলে দূষিত রক্তবমন। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + পিত্ত [অপি + দা + ত]। ৬।১ রক্ত-মিশ্রিত পিত্ত = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + প্ + ই + ত্ + ত্ + অ। বি.দ্র.: ত্ +ত্ + অ = ত্ত।

রক্তপিপাসা: শত্রুর রক্তপান করার ইচ্ছা। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + পিপাসা [পা + সন্ + অ + আ]। ৬।১ রক্তের পিপাসা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + প্ + ই + প্ + আ + স্ + আ।

রক্তপ্রদর: রক্তস্রাবযুক্ত প্রদর রোগ। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + প্রদর [প্র + দৃ + অ]। ৬।১ রক্তযুক্ত প্রদর = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + প্

+ র্ + অ + দ্ + অ + র্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ = প্র।

রক্তবমন: শরীরের রক্ত উদ্‌গিরণ, রক্তবমি। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + বমন্ [বম্ + অন]। ৬।১ রক্তের বমন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + ব্ + অ + ম্ + অ + ন্ + অ।

রক্তবর্ণ: রক্তের ন্যায় লাল রং। বি। বিণ। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + বর্ণ [বর্ণ্ + অ]। ৬।১ রক্ত [লাল] যে বর্ণ = কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + ব্ + অ + র্ + ণ্ + অ। বি.দ্র.: ক্ +ত্ + অ = ক্ত। র + ণ + অ= র্ণ। 'র'-এর অব্যবহিত পরেই 'ণ' হয়েছে। ৪।১।খ

রক্তবাহী: শোণিত-বাহক। বিণ। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + বহ্ + ণিচ্ + ইন্ [ঈ]। ৬।১ রক্ত বহন করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: র্ + ক্ + ত্ + অ + ব্ + আ + হ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

রক্তবীজ: নিজের রক্তবিন্দু থেকে অসুর-সৃষ্টিকারী অসুর। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + বীজ [বি (বী) + জন্ + অ]। ৬।১ রক্তই বীজ যার = বহুব্রী। ৩।৫ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + ব্ + ঈ + জ্ + অ।

রক্তমোক্ষণ: চিকিৎসার জন্যে শরীরের রক্ত নিষ্কাশন। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + মোক্ষণ [মোক্ষ্ + অন]। ৬।১ রক্তের মোক্ষণ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র + অ + ক্ + ত্ + অ + ম্ + ও + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

রক্তরাগ: রক্তের ন্যায় লাল রং। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + রাগ [রঞ্জ্ + অ]। ৬।১ রক্তের মতো রাগ = উপমান-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + র্ + আ + গ্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত।

রক্তলোচন: রক্তচক্ষু। বিণ। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + লোচন [লোচ্ + অন]। ৬।১ রক্ত যে লোচন = কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + ল্ + ও + চ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত।

রক্তশোষণ: সর্বস্ব আত্মসাৎকরণ। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + শোষণ [শুষ্ + অন]। ৬।১ রক্তের শোষণ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + শ্ + ও + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ও'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

রক্তস্রবণ: শরীরের রক্ত নিষ্কাশন। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + স্রবণ [স্রু + অন]। ৬।১ রক্তের স্রবণ [ক্ষরণ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + স্ + র্ + অ + ব্ + অ + ণ্ + অ। বি.দ্র.: স্ + র্ + অ = স্র, 'র্' ও 'ন'-এর মধ্যে 'অ' 'ব' 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

রক্তস্রোত: রক্তের প্রবাহ। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + স্রোত [স্রু + অস্ — 'ত' আগম]। ৬।১ রক্তের স্রোত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + স্ + র্ + ও + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ = ক্ত, স্ + র্ + ও = স্রো।

রক্তহীন: রক্তশূন্য। বিণ। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + হীন [হা + ত]। ৬।১ রক্তের দ্বারা হীন = করণতৎ। ৩।৩ বানান: র্ + অ + ক্ + ত্ + অ + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: হ্ + ঈ = হী।

রক্তহীনতা: রক্তশূন্যতা (anaemia)। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + হীন [হা + ত]। ৬।১, ৬।২ রক্তের দ্বারা হীন = করণতৎ। ৩।৩

বানান: র্ + অ + ক্ + ত্ + অ + হ্ + ঈ + ন্ + অ + ত্ + আ। বি.দ্র.: হ্ + ঈ = হী।

রক্তাক্ত: রক্তে-মাখা। বিণ। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + অক্ত [অন্জ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ক্তা]। ২।১।ক রক্তের দ্বারা অক্ত [লিপ্ত] = করণতৎ। ৩।৩ বানান: র্ + অ + ক্ + ত্ + আ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + আ = ক্তা, ক্ + ত্ + অ = ক্ত।

রক্তাতিসার: রক্তস্রাবযুক্ত উদরাময় রোগ। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + অতিসার [অতি + সৃ + ণিচ্ + অ]। ৬।১ রক্তের অতিসার = সম্বন্ধতৎ। ৩।৩ [সন্ধি] অ + অ = আ [ক্তা] ২।১।ক বানান: র্ + অ + ক্ + ত্ + আ + ত্ + ই + স্ + আ + র্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + আ = ক্তা।

রক্তাধিক্য: শরীরের রক্তের পরিমাণবৃদ্ধি রোগ। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + আধিক্য[অধিক + য (ষ্ণ্য)]। ৬।২ [সন্ধি] অ + আ = আ [ক্তা]। ২।১।খ রক্তের আধিক্য = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ক্ + ত্ + আ + ধ্ + ই + ক্ + য্ + অ। বি.দ্র.: ক্ + য্ + অ = ক্য।

রক্তাম্বর: লাল কাপড়। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + অম্বর [অম্ব + রা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ক্তা]। ২।১।ক রক্ত যে অম্বর [বস্ত্র] = কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ত্ + আ + ম্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + আ = ক্তা, ম্ + ব্ + অ = ম্ব।

রক্তারক্তি: পরস্পরের রক্তপাত। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + আরক্তি [আ + রক্ত + ই]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [ক্তা]। ২।১।খ রক্তে [পরস্পরের রক্তপাত করে] রক্তে যে যুদ্ধ = ব্যতিহার বহুব্রী। ৩।৫ বানান: র্ + অ + ক্ + ত্ + আ + র্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + আ = ক্তা, ক্ + ত্ + ই = ক্তি।

রক্তিম: লাল আভাযুক্ত। বিণ। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + ইম [ইমন্]। ৬।১, ৬।২ বানান: র্ + অ + ক্ + ত্ + ই + ম্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + ই= ক্তি।

রক্তিমা: লাল আভা। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + ইমা [ইমন্]। ৬।১, ৬।২ বানান: র্ + অ + ক্ + ত্ + ই + ম্ + আ। বি.দ্র.: ক্ + ত্ + ই = ক্তি।

রক্তোৎপল: লালবর্ণ পুষ্প। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + উৎপল [উৎ + পল্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [ক্তো]। ২।১।ক রক্ত যে উৎপল [পদ্ম] = কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ত্ + ও + ৎ + প্ + অ + ল্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + ও = ক্তো।

রক্তোপল: গিরিমাটি। বি। তৎসম। রক্ত [রঞ্জ্ + ত] + উপল [উপ + লা + অ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [ক্তো]। ২।৫।ক রক্ত [লাল] যে উপল [পাথর] = কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ত্ + ও + প্ + অ + ল্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + ও = ক্তো।

রক্ষ: রাক্ষস। বি। তৎসম। রক্ষ্ + অ। ৬।১ বানান: র্ + অ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ।

রক্ষক: রক্ষাকর্তা। বিণ, বি। তৎসম। রক্ষ্ + অক। ৬।১ যে রক্ষা করে। বানান: র্ + অ + ক্ + ষ্ + অ + ক্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ।

রক্ষঃকুল: রাক্ষসবংশ। বি। তৎসম। রক্ষঃ [রক্ষস্ = রক্ষ্ + অস্ (ঃ)] + কুল [কুল্ + অ]।

৬।১ রক্ষঃদের কুল = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ক্ + ষ্ + অ + ক্ + উ + ল্ + অ। বি.দ্র.: ক্ + উ + ল্ + অ = কুল [বংশ], ক্ + ঊ + ল্ + অ = কূল [নদীর তীর]।

রক্ষণ: রক্ষা করা। বি। তৎসম। রক্ষ্ + অন। ৬।১ বানান: র্ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। ৬।১ বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ, 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

রক্ষণশীল: প্রাচিনপন্থী। বিণ। তৎসম। রক্ষণশীল ['রক্ষণ' দ্রষ্টব্য] + শীল [শীল্ + অ]। ৬।১ রক্ষণ শীল [স্বভাব] যার = বহুব্রী। ৩।৫ বানান: র্ + অ + ক্ + ষ্ + অ + ণ্ + অ + শ্ + ঈ + ল্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ, শ্ + ঈ = শী।

রক্ষণাবেক্ষণ: রক্ষা ও তত্ত্বাবধান। বি। তৎসম। রক্ষণ ['রক্ষণ' দ্রষ্টব্য] + অবেক্ষণ [অব + ঈক্ষণ (ঈক্ষ্ + অন)] ৬।১ [সন্ধি] অ + অ = আ [ণা]। ২।১।ক রক্ষণ [রক্ষা ও অবেক্ষণ (দেখাশোনা) = দ্বন্দ্ব। ৩।৪ বানান: র্ + অ + ক্ + ষ্ + অ + ণ্ + আ + ব্ + এ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ, ণ্ + আ = ণা, ১. 'ক্'-এর পর ষ্ [ক্ + ষ্ = ক্ষ] হয়েছে। ২. 'ষ্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।২।গ, ৪।১।গ

রক্ষণীয়: রক্ষা করবার যোগ্য। বিণ। তৎসম। রক্ষ্ + অনীয়। ৬।১ বানান: র্ + অ + ক্ + ষ্ + অ + ণ্ + ঈ + য্ + অ। বি.দ্র.: ১. ক্-এর পর 'ষ্' হয়েছে। ২. 'ষ্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।২।গ, ৪।১।গ

রক্ষপুরী: লঙ্কা। বি। তৎসম। রক্ষ ['রক্ষ' দ্রষ্টব্য] + পুরী ['পুরী' দ্রষ্টব্য]।

রক্ষা: পরিত্রাণ। বি। তৎসম। রক্ষ্ + অ + আ। ৬।১ বানান: র্ + অ + ক্ + ষ্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা।

রক্ষাকবচ: সংকটত্রাণের জন্য মন্ত্রপূত কবচ। বি। তৎসম। রক্ষা [রক্ষ্ + অ + আ] + কবচ [ক (বায়ু) + বন্চ্ (বঞ্চনা করা) + অ]। ৬।১ যা বায়ুকেও বঞ্চনা করে = কবচ। রক্ষার নিমিত্ত কবচ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ষ্ + আ + ক্ + অ + ব্ + অ + চ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা।

রক্ষাকর্তা: রক্ষক। বি। তৎসম। রক্ষা [রক্ষ্ + অ + আ] + কর্তা [কৃ + তৃ (তৃচ্)]। ৬।১ রক্ষার কর্তা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ক্ + ষ্ + আ + ক্ + অ + র্ + ত্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা, র্ + ত্ + আ = র্তা।

রক্ষাকালী: মহামারী থেকে রক্ষাকর্ত্রী। বি। তৎসম। রক্ষা ['রক্ষা' দ্রষ্টব্য] + কালী [কাল (শিব) + ঈ (স্ত্রী)] । ৭।১।গ রক্ষা করেন যে কালী বা রক্ষাকর্ত্রী যে কালী। বানান: র্ + অ + ক্ + ষ্ + আ + ক্ + আ + ল্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ + আ = ক্ষা, ল্ + ঈ = লী।

রক্ষামন্ত্র: বিপন্মুক্তির মন্ত্র। বি। তৎসম। রক্ষা ['রক্ষা' দ্রষ্টব্য] + মন্ত্র [মন্ত্র্ + অ]। ৬।১ রক্ষাকারী মন্ত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ক্ + ষ্ + আ + ম্ + অ + ন্ + ত্ + র্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + আ = ক্ষা, ন্ + ত্ + র্ + অ = ন্ত্র।

রক্ষিকা: রক্ষাকর্ত্রী। বি। তৎসম। রক্ষ্ + ইক [< অক] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ রক্ষা করেন যিনি [স্ত্রী]। বানান: র্ + অ + ক্ + ষ্ + ই + ক্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + ই = ক্ষি।

রক্ষিত: পরিত্রাত, পালিত। বিণ। তৎসম। রক্ষ্

+ ত। ৬।১ বানান: র্ + অ + ক্ + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র: ক্ + ষ্ + ই = ক্ষি।

রক্ষিতা: পালিতা, উপপত্নী। বিণ। তৎসম। রক্ষ্ + ত্ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: র্ + অ + ক্ + ষ্ + ই + ত্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + ই = ক্ষি।

রক্ষিণী: রক্ষিকা। বি। তৎসম। রক্ষ্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ যিনি রক্ষা করেন [স্ত্রী]। বানান: র্ + অ + ক্ + ষ্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ আগে 'ই', পরে 'ঈ'।

রক্ষী: রক্ষক, প্রহরী। বি, বিণ। তৎসম। রক্ষ্ + ইন [ঈ]। ৬।১ যে রক্ষা করে। বানান: র্ + অ + ক্ + ষ্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + ঈ = ক্ষী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

রক্ষ্য: রক্ষণীয়। বিণ। তৎসম। রক্ষ্ + য [যৎ]। ৬।১ বানান: র্ + অ + ক্ + ষ্ + য্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + য্ + অ = ক্ষ্য।

রগ: ললাটের পার্শ্বদেশ। বি। বিদেশী। < ফা. রগ্। বাংলা বানান: র্ + অ + গ্। বি.দ্র.: শব্দান্তের 'গ' হসন্তবর্জিত।

রগচটা: কোপনস্বভাব। বি। মিশ্র [বিদেশী + দেশী]। রগ [ফা.] + চটা [দেশী]। বানান: র্ + অ + গ্ + অ + চ্ + অ + ট্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'গ' হসন্ত-বর্জিত।

রগড়: মর্দন, তামাশা। বি। বিদেশী। < হি. রগড়্। বাংলা বানান: র্ + অ + গ্ + অ + ড়্। বি.দ্র.: শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

রগড়া: মর্দন। বি। বিদেশী। < হি. রগড়্ + বাং. আ। ৬।৩ বাংলা বানান: র্ + অ + গ্ + অ + ড়্ + আ।

রগড়ান, রগড়ানো: মর্দন। বি। বিদেশী। < হি. রগড়্ + বাং. আন, আনো। ৬।৩ বাংলা বানান: র্ + অ + গ্ + অ + ড়্ + আ + ন্ + অ [ও]। বি.দ্র.: শব্দ-মধ্যের 'গ' হসন্ত-বর্জিত।

রগড়া-রগড়ি: ঘষাঘষি। বি। বিদেশী। রগড়া [< হি. রগড়্ + বাং. আ] + রগড়ি [রগড়্ + বাং. ই]। বাংলা বানান: র্ + অ + গ্ + ড়্ + আ + র্ + অ + গ্ + ড়্ + ই। বি.দ্র.: ১. শব্দমধ্যের 'গ' [দুটি] হসন্ত-বর্জিত।

রগড়িয়া: কৌতুকপ্রিয়। বিণ। বিদেশী। রগড়্ [হি.] + বাং. ইয়া। ৬।৩ বাংলা বানান: র্ + অ + গ্ + অ + ড়্ + ই + য়্ + আ।

রগরগ: রঙের উগ্র প্রকাশ। অব্য। বি.। রগ [< সং. রঙ্গ] + রগ। বানান: র্ + অ + গ্ + র্ + অ + গ্। বি.দ্র.: শব্দ-মধ্যের ও শব্দান্তের 'গ' হসন্ত-বর্জিত।

রগরগে: টকটকে। বিণ। তদ্ভব। রগরগ ['রগরগ' দ্রষ্টব্য] + বাং. এ। ৬।৩ বানান: র্ + অ + গ্ + র্ + অ + গ্ + এ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'গ' হসন্ত-বর্জিত।

রগুড়ে: কৌতুকপ্রিয়। রগড় [রগড়] + বাং. উড়ে < উড়িয়া। ৬।৩ বানান: র্ + অ + গ্ + উ + ড়্ + এ। বি.দ্র.: গ্ + উ = গু।

রঘু: রামচন্দ্রের প্রপিতামহ। বি। তৎসম। লন্ঘ্ [ল=র, 'ন্' লুপ্ত] + উ। ৬।১ বানান: র্ + অ + ঘ্ + উ।

রঘুকুল: রঘুর বংশ। বি। তৎসম। রঘু ['রঘু' দ্রষ্টব্য] + কুল [কুল্ + অ]। ৬।১ রঘুর কুল [বংশ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ঘ্ + উ + ক্ + উ + ল্ + অ।

রঘুকুল-তিলক: রামচন্দ্র। বিণ, বি। তৎসম। রঘুকুল ['রঘুকুল' দ্রষ্টব্য] + তিলক [তিল + ক]। ৬।২ রঘুর কুল = সম্বন্ধতৎ। ৩।৩ রঘু কুলের তিলক = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ঘ্ + উ + ক্ + উ + ল্ + অ + ত্ + ই + ল্ + অ + ক্ + অ। বি.দ্র: কুল [ক্ + উ + ল্ + অ] = বংশ, কূল [ক্ + ঊ + ল্ + অ] = নদীর তীর।

রঘুকুলপতি: রামচন্দ্র। বি। তৎসম। রঘুকুল

['রঘুকুল' দ্রষ্টব্য] + পতি [পা + অতি]। ৬।১ রঘুর কুল = সম্বন্ধতৎ। ৩।৩ তার পতি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ঘ্ + উ + ক্ + উ + ল্ + অ + প্ + অ + ত্ + ই। বি.দ্র.: কুল [ক্ + উ + ল্ + অ] = বংশ।

রঘুনন্দন: রামচন্দ্র। বি। তৎসম। রঘু ['রঘু' দ্রষ্টব্য] + নন্দন [নন্দ্ (আনন্দ দান করা)] + অন]। ৬।১ রঘুর নন্দন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ঘ্ + উ + ন্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ = ন্দ।

রঘুনাথ: রামচন্দ্র। বি। তৎসম। রঘু ['রঘু' দ্রষ্টব্য] + নাথ [নাথ্ + অ]। ৬।১ রঘুর [রঘুবংশের] নাথ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + ঘ্ + উ + ন্ + আ + থ্ + অ।

রঘুপতি: রামচন্দ্র। বি। তৎসম। রঘু ['রঘু' দ্রষ্টব্য] + পতি [পা + অতি]। ৬।১ রঘুর [রঘুবংশের] পতি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + ঘ্ + উ + প্ + অ + ত্ + ই।

রঘুবংশ: রঘুকুল, মহাকবি কালিদাসের রচিত প্রসিদ্ধ মহাকাব্য— 'রঘুবংশম্'। বি। তৎসম। রঘু ['রঘু' দ্রষ্টব্য] + বংশ [বন্শ্ + অ]। ৬।১ রঘুর বংশ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + ঘ্ + উ + ব্ + অ + ং + শ্ + অ।

রঘুবর: রামচন্দ্র। বি। তৎসম। রঘু ['রঘু' দ্রষ্টব্য] + বর [বৃ + অ]। ৬।১ রঘুদের [রঘুবংশের] বর [শ্রেষ্ঠ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + ঘ্ + উ + ব্ + অ + র্ + অ।

রঘুমণি: রামচন্দ্র। বি। তৎসম। রঘু ['রঘু' দ্রষ্টব্য] + মণি [মণ্ + ই]। ৬।১ রঘুদের [রঘুবংশের] মণি [মণিতুল্য শ্রেষ্ঠপুরুষ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + ঘ্ + উ + ম্ + অ + ণ্ + ই। বি.দ্র.: 'মণি'র 'ণ' স্বাভাবিক 'ণ'। ৪।১।ছ।

রঙ, রং: বর্ণ। বি। তদ্ভব। <সং. রঙ্গ। বানান : র্ + অ + ঙ্ [ং]। বি.দ্র.: শব্দান্তের 'ঙ' হসন্ত-বর্জিত।

রঙকানা: বর্ণান্ধ। বিণ। তদ্ভব। রঙ [<সং. রঙ্গ] + কানা [<সং. কাণ + বাং. আ]। রঙে কানা [অন্ধ] = অধিকরণতৎ। ৩।৩ বানান : র্ + অ + ঙ্ + ক্ + + আ + ন্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ঙ' হসন্ত-বর্জিত।

রঙচঙ, রংচং: বিচিত্র বর্ণ। বি। তদ্ভব। রঙ, রং [<সং. রঙ্গ] + চং [সহচর শব্দ]। রঙ, রং ও চং = দ্বন্দ্ব। ৩।৪ বানান : র্ + অ + ঙ্ [ং] + চ্ + অ + ঙ্। বি.দ্র.: শব্দ-মধ্যের ও শব্দান্তের 'ঙ' হসন্ত-বর্জিত।

রঙঢঙ, রংঢং: অভিনয়পূর্ণ হাবভাব। বি। মিশ্র [বিদেশী + দেশী]। রঙ, রং [<ফা. রংগ] + ঢং [সহচর শব্দ]। রঙ ও ঢং = দ্বন্দ্ব। ৩।৪

রঙ্গদার: মজাদার। বিণ। মিশ্র [তৎসম + বিদেশী]।

রঙ্গপ্রিয়: কৌতুকপ্রিয়। বিণ। মিশ্র [বিদেশী + তৎসম]। রঙ্গ [<ফা. রংগ্ + প্রিয় [প্রী + অ]। ৬।১ রঙ্গ প্রিয় যার = বহুব্রী। ৩।৫ বানান : র্ + অ + ঙ্ + গ্ + অ + প্ + র্ + ই + য্ + অ।

রঙ্গপ্রিয়তা: কৌতুকপ্রিয়তা। বি। মিশ্র [বিদেশী + তৎসম]। রঙ্গ প্রিয় + তা। ৬।১ বানান : র্ + অ + ঙ্ + গ্ + অ + প্ + র্ + ই + য্ + অ + ত্ + আ। বি.দ্র.: ঙ্ + গ্ = ঙ্গ, প্ + র্ + ই = প্রি।

রঙচঙা, রঙচঙে: বিচিত্র বর্ণের। বিণ। তদ্ভব। রঙ [<সং. রঙ্গ] + চঙা, চঙে [সহচর শব্দ]। বানান : র্ + অ + ঙ্ + চ্ + অ + ঙ্ + আ, এ।

রঙদার: রঙিন। বিণ। বিদেশী। [তদ্ভব + বিদেশী]। রঙ [<সং. রং] + ফা. দার। ৩।৪ বানান : র + অ + ং + দ্ + আ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

রঙবেরঙ, রংবেরং : নানাবর্ণের। বিণ। তদ্ভব। রঙ্‌, রং [<সং. রঙ্গ] + বেরং [সহচর শব্দ] রঙ ও বেরং = দ্বন্দ্ব। ৩।৪ বানান : র্ + অ + ঙ্ [ং] + ব + এ + র্ + অ + ং, ঙ্।
বি.দ্র.: শব্দ-মধ্যের 'ঙ' হসন্ত-বর্জিত।

রঙমশাল : আতশবাজি। বি। বিদেশী। রঙ [<ফা. রঙ্গ] + মশাল [<আ. মশ্‌আল]। রঙ্গপূর্ণ মশাল = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : র্ + অ + ঙ্ + ম্ + অ + শ্ + আ + ল্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ঙ' এবং শব্দান্তের 'ল' হসন্তহীন।

রঙ্কিনী : দরিদ্রা। বিণ। তৎসম। রঙ্ক [সং] + ইন্ [ঈ]। ৬।১ বানান : র্ + অ + ঙ্ + ক্ + ই + ন্ + ঈ।

রঙ্কু : চিত্রমৃগ। বি। তৎসম। রম্ + কু। ৬।১ বানান : র্ + অ + ঙ্ + ক্ + উ। বি.দ্র.: ঙ্ + ক্ + উ = ঙ্কু।

রঙ্গ : নৃত্যগীতাভিনয়, কৌতুক, তামাশা। বি। বিদেশী। রঙ্গ [<ফা. রংগ]। বানান: র্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ = ঙ্গ।

রঙ্গন : চিত্রকরণ, রক্তবর্ণ পুষ্পবিশেষ। বি। তৎসম। রঙ্গ্ + অন। ৬।১ বানান : র্ + অ + ঙ্ + গ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ = ঙ্গ।

রঙ্গভূমি : মল্লভূমি। বি। তৎসম। রঙ্গ [রন্‌জ্ + অ] + ভূমি [ভূ + মি]। ৬।১ রঙ্গের নিমিত্ত ভূমি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : র্ + ঙ্ + গ্ + অ + ভ্ + ঊ + ম্ + ই। বি.দ্র.: ঙ্ + গ্ + অ = ঙ্গ, ভ্ + ঊ = ভূ।

রঙ্গভঙ্গ : কৌতুককর অঙ্গভঙ্গি। বি। তৎসম। রঙ্গ ['রঙ্গ' দ্রষ্টব্য] + ভঙ্গ [সহচর শব্দ]। রঙ্গ ও ভঙ্গ = দ্বন্দ্ব। ৩।৪ বানান : র্ + অ + ঙ্ + গ্ + অ + ভ্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ = ঙ্গ।

রঙ্গমঞ্চ : অভিনয়-মঞ্চ। বি। তৎসম। রঙ্গ ['রঙ্গ' দ্রষ্টব্য] + মঞ্চ [মঞ্চ্ + অ]। ৬।১ রঙ্গের নিমিত্ত মঞ্চ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : র্ + অ + ঙ্ + গ্ [+] অ + ম্ + অ + ঞ্ + চ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ = ঙ্গ, ঞ্ + চ্ + অ = ঞ্চ।

রঙ্গমহল, রঙমহল, রংমহল : বিলাসভবন। বি। বিদেশী। রঙ্গ [<ফা. রংগ] + মহল [<আ. মহ্‌ল্]। বানান : রঙ্গ [রঙ, রং] মহল : র্ + অ + ঙ্ + গ্ + অ, র্ + অ + ঙ্, র্ + অ + ং + ম্ + অ + হ্ + অ + ল্। 'ঙ' ও 'ল' হসন্তহীন।

রঙ্গরস : হাস্যকৌতুক। বি। তৎসম। রঙ্গ ['রঙ্গ' দ্রষ্টব্য] + রস [রস্ + অ]। ৬।১ রঙ্গ ও রস = দ্বন্দ্ব। ৩।৪ বানান : র্ + অ + ঙ্ + গ্ + অ + র্ + অ + স্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ = ঙ্গ।

রঙ্গশালা : নাট্যশালা। বি। তৎসম। রঙ্গ ['রঙ্গ' দ্রষ্টব্য] + শালা [শাল্ + অ + আ]। ৬।১ রঙ্গের নিমিত্ত শালা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : র্ + অ + ঙ্ + গ্ + অ + শ্ + আ + ল্ + আ।

রঙ্গা, রঙা : বর্ণবিশিষ্ট। বিণ। তদ্ভব। রঙ্গ, রঙ + বাং. আ। ৬।৩ বানান : র্ + অ + ঙ্ + [+গ্] + আ। বি.দ্র.: ঙ্ + গ্ + আ = ঙ্গা।

রঙ্গান, রঙানো : ছোপান। ক্রি। তদ্ভব। রঙ্গ [রঙ] + বাং. আ + বাং. ন, নো। ৬।৩ বানান : র্ + অ + ঙ্ [+ গ্] + আ + ন্ + অ [+ ও]।

রঙ্গালয় : নাট্যশালা। বি। তৎসম। রঙ্গ ['রঙ্গ' দ্রষ্টব্য] + আলয় [আ + লী + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [ঙ্গা]। ২।১।খ রঙ্গের নিমিত্ত আলয় = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : র্ + অ + ঙ্ + গ্ + আ + ল্ + অ + য্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + আ = ঙ্গা।

রঙ্গিন, রঙিন : রঞ্জিত। বিণ। তদ্ভব। রঙ্গ, রঙ

[<সং. রঙ্গ] + বাং. + ইন। ৬।৩ বানান : র্ + অ + ঙ্ [+ গ্] + ই + ন্ + অ।

রঙ্গিণী : লীলাময়ী। বিণ। তৎসম। রঙ্গ ['রঙ্গ' দ্রষ্টব্য] + ইন্ + ঈ। বানান : র্ + অ + ঙ্ + গ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ঙ্ + গ্ + ই = ঙ্গি। 'র' ও 'ণ'-এর মধ্যে 'অ' ও 'গ' এবং 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

রঙ্গিমা : রক্তিমা [সং. রঙ্গ + ইমন্ + আ] বি। তৎসম। রঙ্গ [<রঙ্গ] + ইমা [ইমন্]। ৬।২ বানান : র্ + অ + ঙ্ + গ্ + ই + ম্ + আ। বি.দ্র.: ঙ্ + গ্ + ই = ঙ্গি।

রঙ্গিলা : রাঙ্গা, রঙ্গকারী। বি, বিণ। বিদেশী। রঙ্গিল [<হি. রঙ্গিল্] + বাং. আ । ৬।৩ বানান : র্ + অ + ঙ্ + গ্ + ই + ল্ + আ। বি.দ্র.: ঙ্ + গ্ + ই = ঙ্গি।

রঙ্গী : লীলাময়। বিণ। তৎসম। রঙ্গ ['রঙ্গ' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।২ বানান : র্ + অ + ঙ্ + গ্ + ঈ। বি.দ্র.: ঙ্ + গ্ + ঈ = ঙ্গী। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' কারান্ত।

রঙ্গীন : রঙ্গিন। বিণ। তৎসম। রঙ্গ [< সং. রঙ্গ] + ঈন। ৬।২ বানান : র্ + অ + ঙ্ + গ্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + ঈ = ঙ্গী।

রচনা : রচন, রচিত বস্তু। বি। তৎসম। রচ্ + অন + আ [স্ত্রী]। ৬।১,৭।১।ক বানান : র্ + অ + চ্ + অ + ন্ + আ।

রচনা-কৌশল : রচনার বিশিষ্ট ধাবা। বি। তৎসম। রচনা [রচ্ + অন + আ] + কৌশল [কুশল + অ] । ৬।১, ৬।২ রচনার কৌশল = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + চ্ + অ + ন্ + আ + ক্ + ঔ + শ্ + অ + ল্ + অ।

রচনা-পদ্ধতি : রচনার বিশিষ্ট ধারা। বি। তৎসম। রচনা [রচ্ + অন + আ] + পদ্ + হৃতি [হন্ + তি]। ৬।১, [সন্ধি] দ্ + হ = দ্ধ। ২।২১ রচনার পদ্ধতি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + চ্ + অ + ন্ + আ + প্ + অ + দ্ + ধ্ + অ + ত্ + ই। বি.দ্র.: দ্ + ধ্ + অ = দ্ধ।

রচনা-প্রণালী : রচনার বিশিষ্ট ধারা। বি। তৎসম। রচনা [রচ্ + অন + আ] + প্রণালী [প্র + নল্ + ঈ]। ৬।১ রচনার প্রণালী = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + চ্ + অ + ন্ + আ + প্ + র্ + অ + ণ্ + আ + ল্ + ঈ। বি.দ্র.: 'র' ও 'ন' -এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

রচনাশৈলী : রচনার বিশিষ্ট ভঙ্গি। বি। তৎসম। রচনা [রচ্ + অন + আ] + শৈলী [শীল + অ (ষ্ণ) + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ রচনার শৈলী [ভঙ্গি] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + চ্ + অ + ন্ + আ + শ্ + ঐ + ল্ + ঈ। বি.দ্র.: শ্ + ঐ = শৈ, ল্ + ঈ = লী।

রচনীয় : যা রচনা কবতে হবে। বিণ। তৎসম। রচ্ + অনীয়। ৬।১ বানান : র্ + অ + চ্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র.: ন্ + ঈ = নী।

রচয়িতা : রচনাকারী। বি, বিণ। তৎসম। রচ্ + তৃ (তৃচ্)। ৬।১ যে রচনা করে। বানান : র্ + অ + চ্ + অ + য্ + ই + ত্ + আ।

রচয়িত্রী : রচনাকারিণী। বি, বিণ। তৎসম। রচ্ + তৃ [তৃচ্] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।ছ যে [নারী] রচনা করে। বানান : র্ + অ + চ্ + অ + য্ + ই + ত্ + র্ + ঈ। বি.দ্র.: য্ + ই = য়ি, ত্ + র + ঈ = ত্রী।

রচিত : যা রচনা করা হয়েছে। বিণ। তৎসম। রচ্ + ত। ৬।১ বানান : র্ + অ + চ্ + ই + ত্ + অ।

রজঃ, রজ : ধুলা, রজোগুণ। বি। তৎসম। রঞ্জ্ + অস্। ৬।২ বানান : র্ + অ + জ্ + অ + [ঃ]। বি.দ্র. : জ্ + অ + ঃ = জঃ।

রজঃকণা : ধূলিকণা। বি। তৎসম। রজঃ [রঞ্জ্ + অস্ (ঃ)] + কণা [কণ্ + অ + আ]। ৬।১ রজঃ-এর কণা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + জ্ + অ + ঃ + ক্ + অ + ণ্ + আ। বি.দ্র: 'কণা'-র 'ণ' স্বাভাবিক 'ণ'।

রজক : ধোপা। বি। তৎসম। রঞ্জ্ + অক। ৬।১ বানান: র্ + অ + জ্ + অ + ক্ + অ।

রজকিনী : ধোপানী। বি। তদ্ভব। রজক + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।চ বানান: র্ + অ + জ্ + অ + ক্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'। কিন্তু 'অক'-প্রত্যয়ান্ত শব্দে 'ইন্' প্রত্যয়ের যোগ অশুদ্ধ।

রজকী : ধোপানী। বি। তৎসম। রজক + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: র্ + অ + জ্ + অ + ক্ + ঈ।

রজত : রৌপ্য। বি। তৎসম। রঞ্জ্ + অত। ৬।১ বানান: র্ + অ + জ্ + অ + ত্ + অ।

রজতকান্তি : রৌপ্যের ন্যায় সুন্দর। বিণ। তৎসম। রজত [রঞ্জ্ + অত] + কান্তি [কম্ + তি]। ৬।১ রজত কান্তি [সৌন্দর্য] যার = বহুব্রী। ৩।৫ বানান: র্ + অ + জ্ + অ + ত্ + অ + ক্ + আ + ন্ + ত্ + ই। বি.দ্র.: ন্ + ত্ + ই = ন্তি।

রজতজয়ন্তী : পঁচিশ বছর পূর্তি উপলক্ষে উৎসব (silver jubilee)। বি। তৎসম। রজত [রঞ্জ্ + অত] + জয়ন্তী [জি + অৎ (শতৃ) + ঈ (স্ত্রী)। ৬।১, ৭।১।গ বানান: র্ + অ +জ্ + অ + ত্ + অ + জ্ + অ + য়্ + অ + ন্ + ত্ + ঈ।

রজতবর্ণ : রৌপ্যের ন্যায় সুন্দর। বিণ। তৎসম। রজত [রঞ্জ্ + অত] + বর্ণ [বর্ণ্ + অ]। ৬।১ রজতের ন্যায় বর্ণ যার = উপমাত্মক-বহুব্রী। ৩।৫ বানান: র্ + অ + জ্ + অ + ত্ + অ + ব্ + অ + র্ + ণ্ + অ। বি.দ্র.: র্ + ণ্ + অ = র্ণ। 'র্'-এর পর 'ণ্' হয়েছে। ৪।১।খ

রজতবর্ণা : শুভ্রবর্ণা। বিণ। তৎসম। রজতবর্ণ ['রজতবর্ণ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: র্ + অ + জ্ + অ + ত্ + অ + ব্ + অ + র্ + ণ্ + আ। বি.দ্র.: র্ + ণ্ + আ= র্ণা। 'র্'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।গ

রজনী : রাত্রি। বি। তৎসম। রজ্ [প্রীত হওয়া] + অনি + ঈ[স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান: র্ + অ + জ্ + অ + ন্ + ঈ। বি.দ্র.: ন্ + ঈ = নী।

রজনীকান্ত : চন্দ্র। বি। তৎসম। রজনী [রজ্ + অনি + ঈ] + কান্ত [কম্ + ত] ৭।১।গ, ৬।১ রজনীর কান্ত [স্বামী] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + জ্ + অ + ন্ + ঈ + ক্ + আ + ন্ + ত্ + অ।

রজনীগন্ধা : নিশিগন্ধা। বি। তৎসম। রজনী [রজ্ + অনি +ঈ] + গন্ধা [গন্ধ্ + অ + আ]। ৬।১, ৭।১।ক রজনীকে গন্ধময়ী করে যে [স্ত্রী] উপপদতৎ। ৩।৩ বানান: র্ + অ + জ্ + অ + ন্ +ঈ + গ্ + অ + ন্ + ধ্ + আ। বি.দ্র.: ন্ + ধ্ + আ = ন্ধা।

রজনীনাথ : চন্দ্র। বি. তৎসম। রজনী [রজ্ + অনি + ঈ] + নাথ [নাথ্ + অ]। ৭।১।গ, ৬।১ রজনীর নাথ [স্বামী] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + জ্ + অ + ন্ + ঈ + ন্ + আ + থ্ + অ।

রজ্জু : দড়ি। বি। তৎসম। সৃজ্ + উ। ৬।১ বানান: র্ + অ + জ্ + জ্ + উ। বি.দ্র.: জ্ + জ্ + উ = জ্জু।

রজস্বলা : ঋতুমতী। বিণ। তৎসম। রজস্ + বল + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: র্ + অ + জ্ + অ + স্ + ব্ + অ + ল্ + আ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব।

রজোদর্শন : স্ত্রীলোকের প্রথম ঋতু প্রকাশ। বি।

তৎসম। রজঃ [রজ্ + অস্ (ঃ)] + দর্শন [দৃশ্ + অন]। ৬।১ [সন্ধি] অঃ + দ = ওদ [জোদ]। ২।৩৯ রজঃ-এর দর্শন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + জ্ + ও + দ্ + অ + র্ + শ্ + অ + ন্ + অ। বি.দ্র.: জ্ + ও = জো, র্ + শ্ + অ= র্শ।

রঞ্জক: বারুদ, রঞ্জনকারী। বিণ। তৎসম। রঞ্জ্ + ণিচ্ + অক। ৬।১ বানান: র্ + অ + ঞ্ + জ্ + অ + ক্ + অ।

রঞ্জকঘর: বারুদঘর। বি। তদ্ভব। সং. রঞ্জক [রঞ্জ্ + ণিচ্ + অক] + তদ্ভব, ঘর [< গৃহ]। রঞ্জকের [বারুদের] নিমিত্ত ঘর বা রঞ্জক [বারুদ] রাখবার ঘর = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ব্ + অ + ঞ্ + জ্ + অ + ক্ + অ + ঘ্ + অ + র্ + অ। বি.দ্র.: ঞ্ + জ্ + অ = ঞ্জ।

রঞ্জন: রঙ করা। বি। তৎসম। রঞ্জ্ + ণিচ্ + অন। ৬।১ বানান: র্ + অ + ঞ্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঞ্ + জ্ + অ = ঞ্জ। 'র' ও 'ন'-এর মধ্যে 'জ' [চ-বর্গ] থাকায় 'ন' 'ন'-ই থেকেছে। 'ণ' হয়নি।

রঞ্জনরশ্মি: অস্বচ্ছ ও স্থূল বস্তুর অন্তরালের বস্তু দেখাতে সক্ষম তড়িৎচুম্বক রশ্মি। [Rontgen rays] বি। তৎসম। রঞ্জন [রঞ্জ্ + ণিচ্ + অন] + রশ্মি [অশ্ + মি — নিপাতনে]। ৬।১ বি.দ্র.: Rontgen rays'-এর ধ্বনি-সাদৃশ্যে শব্দটি নির্মিত।

রঞ্জনী: প্রীতিদায়িনী, যা দিয়ে রাঙানো হয়। বিণ। তৎসম। রঞ্জ্ + ণিচ্ + অন + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ যা দিয়ে রঞ্জিত করা হয়। বানান: র্ + অ + ঞ্ + জ্ + অ + ন্ + ঈ।

রঞ্জিকা: রঞ্জনকারিণী। বিণ। তৎসম। রঞ্জ্ + ণিচ্ + ইক [< অক] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ যা রঞ্জিত করে। বানান: র্ + অ + ঞ্ + জ্ + ই + ক্ + আ। বি.দ্র.: ঞ্ + জ্ + ই = ঞ্জি।

রঞ্জিত: চিত্রিত। বিণ। তৎসম। রঞ্জ্ + ণিচ্ + ত। ৬।১ বানান: র্ + অ + ঞ্ + জ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ঞ্ + জ্ + ই = ঞ্জি।

রঞ্জিতা: চিত্রিতা। বিণ। তৎসম। রঞ্জ্ + ণিচ্ + ত + আ। ৬।১, ৭।১।ক বানান: র্ + অ + ঞ্ + জ্ + ই + ত্ + আ। বি.দ্র.: ঞ্ + জ্ + ই = ঞ্জি।

রঞ্জিনী: রঞ্জনকারিণী। বিণ। তৎসম। রঞ্জ্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান: র্ + অ + ঞ্ + জ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ঞ্ + জ্ + ই = ঞ্জি। শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

রঞ্জী: রঞ্জনকারী। বিণ। তৎসম। রঞ্জ্ [রং করা] + ইন্ [ঈ]। ৬।১ যা বা যে রঞ্জিত করে। বানান: র্ + অ + ঞ্ + জ্ + ঈ।

রটন, রটনা: প্রচার। বি। তৎসম। রট্ + অন [+আ]। ৬।১ বানান: র্ + অ + ট্ + অ + ন্ + অ, আ।

রটন্তী: মাঘী কৃষ্ণা চতুর্দশী। বিণ। তৎসম। রট্ + অৎ [শতৃ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান: র্ + অ + ট্ + অ + ন্ + ত্ + ঈ। বি.দ্র.: ন্ + ত্ + ঈ = ন্তী।

রটা: প্রচারিত হওয়া, প্রচার করা। ক্রি। তদ্ভব। সং. রট্ + বাং. আ। ৬।৩ বানান: র্ + অ + ট্ + আ।

রটান, রটানো: প্রচার করা। ক্রি। তদ্ভব। সং. রট্ + বাং. আন, আনো। ৬।৩ বানান: র্ + অ + ট্ + আ + ন্ + অ [ও]।

রটিত: প্রচারিত। বিণ। তৎসম। সং. রট্ + ত। ৬।১ বানান: র্ + অ + ট্ + ই + ত্ + অ।

রড: লোহার ডাণ্ডা। বি। বিদেশী। < ইং. rod. বাংলা বানান: র্ + অ + ড্। বি.দ্র.: শব্দান্তের 'ড' হসন্ত-বর্জিত।

রণ: যুদ্ধ। বি। তৎসম। রণ্ [শব্দ করা] + অ। ৬।১ বানান: র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ

রণকৌশল: যুদ্ধকৌশল। বি। তৎসম। রণ [রণ্ + অ] + কৌশল [কুশল + অ]। ৬।১, ৬।২ রণের কৌশল = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ণ্ + অ + ক্ + ঔ + শ্ + অ + ল্ + অ। বি.দ্র.: 'র্'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ ক্ + ঔ = কৌ।

রণক্ষেত্র: যুদ্ধক্ষেত্র। বি। তৎসম। রণ [রণ্ + অ] + ক্ষেত্র [ক্ষি + ত্র]। ৬।১ রণের নিমিত্ত ক্ষেত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ণ্ + অ + ক্ + ষ্ + এ + ত্ + র্ + অ। বি.দ্র.: 'র'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ ক্ + ষ্ + এ = ক্ষে।

রণচণ্ডী: দানবদলনী চণ্ডী। বি। তৎসম। রণ [রণ্ + অ] + চণ্ডী [(চণ্ড্ + অ) + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ রণরঙ্গিণী চণ্ডী = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ণ্ + অ + চ্ + অ + ণ্ + ড্ + ঈ। বি.দ্র.: 'র'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ 'ড'-এর আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

রণজিৎ: যুদ্ধজয়ী। বিণ। তৎসম। রণ [রণ্ + অ] + জিৎ [জি (জয় করা) + ক্বিপ্]। ৬।১ রণে জয়লাভ করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: র্ + অ + ণ্ + অ + জ্ + ই + ৎ। বি.দ্র.: 'র্'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ

রণতরি, রণতরী: যুদ্ধজাহাজ। বি। তৎসম। রণ [রণ্ + অ] + তরি, তরী [তৃ + ই, ঈ]। ৬।১ রণের নিমিত্ত তরি, তরী = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ণ্ + অ + ত্ + অ + র্ + ই, ঈ। বি.দ্র.: 'র্'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ

রণন: ঝঙ্কার। বি। তৎসম। রণ্ + অন। ৬।১ বানান: র্ + অ + ণ্ + অ + ন্ + অ। বি.দ্র.: 'র'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ

রণপোত: যুদ্ধজাহাজ। বিণ। তৎসম। রণ [রণ্ + অ] + পোত [পূ + ত]। ৬।১ রণের নিমিত্ত পোত = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ণ্ + অ + প্ + ও + ত্ + অ। বি.দ্র.: 'র্'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ

রণবেশ: রণসাজ। বি। তৎসম। রণ [রণ্ + অ] + বেশ [বিশ্ + অ]। ৬।১ রণের নিমিত্ত বেশ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ণ্ + অ + ব্ + এ + শ্ + অ। বি.দ্র.; 'র্'-এর পর 'ণ' হয়েছে।

রণমত্ত: যুদ্ধের জন্য উন্মত্ত। বিণ, তৎসম। রণ [রণ্ + অ] + মত্ত [মদ্ + ত]। ৬।১ রণের নিমিত্ত মত্ত = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ণ্ + অ + ম্ + অ + ত্ + ত্ + অ। বি.দ্র.: 'র্'-এব পর 'ণ' হয়েছে। ৪।১।খ ত্ + ত্ + অ = ত্ত।

রণযাত্রা: অভিযান। বি। তৎসম। রণ [রণ্ + অ] + যাত্রা [যা + ত্র + আ]। ৬।১ রণের নিমিত্ত যাত্রা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ণ্ + অ + য্ + আ + ত্ + র্ + আ। বি.দ্র.: 'র্'-এর পর 'ণ' হয়েছে। ত্ + র্ + আ = ত্রা।

রণরঙ্গিণী: রণমত্তা। বিণ। তৎসম। রণ [রণ্ + অ] + রঙ্গিণী [রঙ্গ + ইন্ + ঈ]। ৬।১, ৬।২, ৭।১।চ রণের নিমিত্ত রঙ্গিণী = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ণ্ + অ + র্ + অ + ঙ্ + গ্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: ১. 'র'-এর পর 'ণ' হয়েছে। ২. ঙ্ + গ্ + ই = ঙ্গি। ৩. 'র' ও 'ন'-এর মধ্যে অ, ঙ্, গ, ই থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

রণসজ্জা: যোদ্ধবেশ। বি। তৎসম। রণ [রণ্ + অ] + সজ্জা [সজ্জ্ + অ + আ]। ৬।১ রণের নিমিত্ত সজ্জা [সাজ] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ণ্ + অ + স্ +

অ + জ্ + জ্ + আ। বি.দ্র.: 'র'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ জ্ + জ্ + আ = জ্জা।

রণসাজ : যুদ্ধের সাজ। বি। তদ্ভব। রণ [রণ্ + অ] সাজ [< সং. সজ্জা]। রণের নিমিত্ত সাজ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ণ্ + অ + স্ + আ + জ্ + অ। বি.দ্র.: 'র'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ

রণস্থল : রণক্ষেত্র। বি। তৎসম। রণ [রণ্ + অ] + স্থল [স্থল্ + অ] । ৬।১ রণের নিমিত্ত স্থল = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ণ্ + অ + স্ + থ্ + অ + ল্ + অ। বি.দ্র.: 'র'-এর পর 'ণ' হয়েছে। স্ + থ্ + অ = স্থ।

রণাঙ্গন : রণক্ষেত্র। বি। তৎসম। রণ [রণ্+ অ] + অঙ্গন [অঙ্গ্ + অন]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ণা]। ২।১।ক রণের নিমিত্ত অঙ্গন = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ণ্ + আ + ঙ্ + গ্ + অ + ন্ + অ। বি.দ্র.: 'র'-এর পব 'ণ' হয়েছে। ৪।১।খ ঙ্ + গ্ + অ = ঙ্গ। শব্দান্তেব 'ন' 'র্'-এর প্রভাবমুক্ত।

রণিত : শব্দিত। বিণ। তৎসম। রণ্ । ত বা রণ + ইত। ৬।১, ৬।২ বানান: র্ + অ + ণ্ + ই + ত্ + অ। 'র'-এর পব 'ণ' হয়েছে ৪।১।খ

রত : নিযুক্ত, আসক্ত। বিণ। তৎসম। রম্ + ত। ৬।১ বানান: র্ + অ + ত্ + অ।

রতন : রত্ন। বি। তৎসম। <সং. রত্ন [র্ + অ + ত + (অ) + ন্ + অ]। স্বরভক্তি বা বিপ্রকর্ষ [ত্ ও ন্ -এর মধ্যে অ-র অনুপ্রবেশ]।

রতনচুড় : হাতের এক প্রকার অলংকাব। বি। মিশ্র [তদ্ভব + দেশী]। রতন [রতন' দ্রষ্টব্য] + চুড় [দেশী।] রতনময় চুড় = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + ত্ + অ + ন্ + অ + চ্ + উ + ড্ । বি.দ্র.: শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

রতনচুর : হাতের এক প্রকার অলংকার। বি। মিশ্র [তদ্ভব + দেশী]। রতন ['রতন' দ্রষ্টব্য] + চুর [<দেশী. চুড়]। বানান: র্ + অ + ত্ + অ + ন্ + অ + চ্ + উ + র্ + অ। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

রতি : কন্দর্পের পত্নী। বি। তৎসম। রম্ + তি। বানান: র্ + অ + ত্ + ই।

রতি : কুঁচের সমান ওজন-বিশিষ্ট। বি। তদ্ভব। < সং. রক্তিকা। বানান: র্ + অ + ত্ + ই।

রতিকান্ত : কামদেব। বি। তৎসম। রতি [রম্ + তি] + কান্ত [কম্ + ত]। ৬।১ রতির কান্ত [স্বামী] = সম্বন্ধতৎ। ৩।৫ বানান: র্ + অ + ত্ + ই + ক্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ = ন্ত।

রতিপতি : কামদেব। বি। তৎসম। রতি [রম্ + তি] + পতি [পা + অতি]। ৬।১ রতির পতি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ত্ + ই + প্ + অ + ত্ + ই।

রতিশক্তি : রমণের ক্ষমতা। বি। তৎসম। রতি [রম্ + তি] + শক্তি [শক্ + তি]। ৬।১ রতির শক্তি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ত্ + ই + শ্ + অ + ক্ + ত্ +ই। বি.দ্র.: ক্ + ত্ + ই = ক্তি।

রত্তি : এক কুঁচের সমান ওজন-বিশিষ্ট। বিণ। অর্ধতৎসম। রতি < সং. রক্তিকা। বানান: র্ + অ + ত্ + ত্ + ই।

রত্ন : বহুমূল্য মণিমুক্তা। বি। তৎসম। রম্ + ন্। ৬।১ বানান: র্ + অ + ত্ + ন্ + অ। বি.দ্র.: ত্ + ন্ + অ = ত্ন।

রত্নখচিত : মণিময়। বিণ। তৎসম। রত্ন [রম্ + ন] + খচিত [খচ্ (যুক্ত করা) + ত]। ৬।১ রত্নের দ্বারা খচিত = করণতৎ। ৩।৩ বানান: র্ + অ + ত্ + ন্ + অ + খ্ + অ + চ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ত্ + ন্ + অ = ত্ন।

রত্নগর্ভ: সমুদ্র। বি। তৎসম। রত্ন [রমি + ন — মি = ত] + গর্ভ [গৃ (আবৃত করা) + ভ। ৬।১ রত্ন গর্ভে যার = বহুব্রী। ৩।৫ বানান: র্ + অ + ত্ + ন্ + অ + গ্ + অ + র্ + ভ্ + অ। বি.দ্র.: ত্ + ন্ + অ = ত্ন, র্ + ভ্ + অ = র্ভ।

রত্নগর্ভা: অসাধারণ গুণবান্ সন্তানের জননী। পৃথিবী। বি। তৎসম। রত্ন [রমি + ন—মি = ত] + গর্ভা [গৃ + ভ্ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক রত্ন গর্ভে যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: র্ + অ + ত্ + ন্ + অ + গ্ + অ + র্ + ভ্ + আ। বি.দ্র.: ত্ + ন্ + অ = ত্ন। র্ + ভ্ + আ = র্ভা।

রত্নপ্রভ: রত্নের ন্যায় দীপ্তিশালী। বিণ। তৎসম। রত্ন [রমি (মি=ত) + ন] + প্রভ [প্র + ভা + অ]। ৬।১ রত্ন প্রভায় যার = বহুব্রী। ৩।৫ বানান: র্ + অ + ত্ + ন্ + অ + প্ + র্ + অ + ভ্ + অ। বি.দ্র.: ত্ + ন্ + অ = ত্ন, প্ + র্ + অ = প্র।

রত্নপ্রভা: রত্নের ন্যায় দীপ্তিশালিনী। বিণ। তৎসম। রত্নপ্রভ ['রত্নপ্রভ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক রত্ন প্রভায় যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: র্ + অ + ত্ + ন্ + অ + প্ + র্ + অ + ভ্ + আ। বি.দ্র.: ত্ + ন্ + অ, প্ + র্ + অ = প্র, ভ্ + আ।

রত্নপ্রসবিত্রী: রত্নগর্ভা। বিণ। তৎসম। রত্ন [রমি (মি=ত) + ন] + প্রসবিত্রী [প্র + সূ + তৃ (তৃচ্) + ঈ]। ৬।১, ৭।১।ছ রত্নের প্রসবিত্রী বা রত্ন প্রসব করেন [স্ত্রী] যিনি = সম্বন্ধতৎ বা উপপদতৎ। ৩।৩ বানান: র্ + অ + ত্ + ন্ + অ + প্ + র্ + অ + স্ + অ + ব্ + ই + ত্ + র্ + ঈ।

রত্নপ্রসবিনী: রত্নগর্ভা। বিণ। তৎসম। রত্ন [রমি (মি=ত) + ন] + প্রসবিনী [প্র + সূ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ রত্ন প্রসব করেন যিনি [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বানান: র্ + অ + ত্ + ন্ + অ + প্ + র্ + অ + স্ + অ + ব্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

রত্নপ্রসূ: রত্নগর্ভা। বিণ। তৎসম। রত্ন [রমি (মি=ত) + ন] + প্রসূ [প্র + সূ + ক্বিপ্]। ৬।১ রত্ন প্রসব করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: র্ + অ + ত্ + ন্ + অ + প্ + র্ + অ + স্ + ঊ। বি.দ্র.: ত্ + ন্ + অ = ত্ন, প্ + র্ + অ = প্র, স্ + ঊ = সূ।

রত্নবণিক: মণিকার। বি। তৎসম। রত্ন [রমি (মি=ত) + ন] + বণিক [পণ্ + (প=ব) ইজ্ (=ক্)]। ৬।১ রত্নের বণিক = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ত্ + ন্ + অ + ব্ + অ + ণ্ + ই + ক্।শব্দান্তের 'ক'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

রত্নময়: রত্নপূর্ণ। বিণ। তৎসম। রত্ন [রমি (মি=ত) + ন] + ময় [ময়ট্)। ৬।১, ৬।২ রত্নের দ্বারা ময় [পূর্ণ] = করণতৎ। ৩।৩ বানান: র্ + অ + ত্ + ন্ + অ + ম্ + অ + য্ + অ। বি.দ্র.: ত্ + ন্ + অ = ত্ন।

রত্নময়ী: রত্নপূর্ণা। বিণ। তৎসম। রত্নময় ['রত্নময়' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ রত্নের দ্বারা ময়ী [পূর্ণা] = করণতৎ। ৩।৩ বানান: র্ + অ + ত্ + ন্ + অ + ম্ + অ + য্ + ঈ। বি.দ্র.: ত্ + ন্ + অ = ত্ন।

রত্নাকর: সমুদ্র, বাল্মীকির পূর্বনাম। বি। তৎসম। রত্ন [রমি (মি=ত) + ন] + আকর [আ + কৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [ত্না]। ২।১।খ রত্নের আকর = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + ত্ + ন্ + আ + ক্ + অ + র্ + অ। বি.দ্র.: ত্ + ন্ + অ = ত্না।

রত্নাবলী : রত্নহার। বি। তৎসম। রত্ন [রমি (মি=ত) + ন] + আবলী [আ + বল্ + ঈ]। ৬।১ রত্নের আবলী [সমষ্টি] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + ত্ + ন্ + আ + ব্ + অ + ল্ + ঈ [স্ত্রী]। বি.দ্র. : ত্ + ন্ + আ, ল্ + ঈ = লী।

রত্নাভরণ : জড়োয়া গয়না। বি। তৎসম। রত্ন [রমি (মি=ত) + ন] + আভরণ [আ + ভৃ + অন]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [ত্না]। ২।১।খ রত্ন-নির্মিত আভরণ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : র্ + অ + ত্ + ন্ + আ + ভ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।২।গ

রত্নালঙ্কার, রত্নালংকার : জড়োয়া গয়না। বি। তৎসম। রত্ন [রমি (মি=ত) + ন] + অলংকার, অলঙ্কার [অলম্ + কার (কৃ + অ)]। ৬।১ [সন্ধি] ম্ + কা = ঙ্কা, ংকা। ২।৩০ রত্ন-নির্মিত অলংকার [অলঙ্কার] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : র্ + অ + ত্ + ন্ + আ + ল্ অ + ঙ্ + ক্ + আ + র্ + অ।

রত্নি : মুটমহাত। বি। তৎসম। ঋ + অত্নি [ঋ = র]। ৬।১ বানান : র্ + অ + ত্ + ন্ + ই। বি.দ্র. : ত্ + ন্ + ই = ত্নি।

রথ : অশ্ববাহিত চক্রযুক্ত প্রাচীন যান। বি। তৎসম। রম্ + থ। ৬।১ বানান : র্ + অ + থ্ + অ।

রথচক্র : রথের চাকা। বি। তৎসম। রথ [রম্ +থ] + চক্র [কৃ + অ—[কম্] নিপাতনে। ৬।১ রথের চক্র= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + থ্ + অ + চ্ + অ + ক্ + র্ + অ। বি.দ্র. : ক্ + র্ + অ = ক্র।

রথযাত্রা : জগন্নাথ দেবের রথভ্রমণোৎসব। বি। তৎসম। রথ [রম্ + থ] + যাত্রা [যা + ত্র + আ]। ৬।১ রথে যাত্রা [জগন্নাথ দেবের] = অধিকরণতৎ। ৩।৩ বানান : র্ + অ + থ্ + অ + য্ + আ + ত্ + র্ + আ। বি.দ্র. : ত্ + র্ + আ = ত্রা।

রথাঙ্গ : রথের চাকা। বি। তৎসম। রথ [রম্ +থ] + অঙ্গ [অঙ্গ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [থা]। ২।১।ক রথের অঙ্গ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + থ্ + আ + ঙ্ + গ্ + অ। বি : দ্র : ঙ্ + গ্ + অ = ঙ্গ।

রথী : রথারূঢ় ব্যক্তি, যোদ্ধা। বি। তৎসম। রথ + ইন্ [ঈ]। ৬।১ বানান : র্ + অ + থ্ + ঈ। বি :দ্র : শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

রথো, রোথো : অত্যন্ত বাজে। বিণ। বিদেশী। <আ. রদ্দী। বাংলা বানান : র্ + অ [ও] + থ্ + ও।

রথ্যা : রাজপথ। বি। তৎসম। রথ [রম্ + থ] + য + আ। ৬।১ বানান : র্ + অ + থ্ + য্ + আ। বি.দ্র : থ্ + য্ + আ = থ্যা।

রদ : দাঁত। বি। তৎসম। রদ্ + অ। বানান : র্ + অ + দ্ + অ।

রদ : রহিত। বিণ। বিদেশী। <আ.রদ্। বাংলা বানান : র্ + অ + দ্। বি.দ্র : শব্দান্তের 'দ' হসন্ত-বর্জিত।

রদ-বদল : পরিবর্তন। বি। বিদেশী। <আ. রদ্ + আ. বদল্। বাংলা বানান : র্ + অ + দ্ + ব্ + অ + দ্ + অ + ল্। বি.দ্র : শব্দ-মধ্যের 'দ' এবং শব্দান্তের 'ল' হসন্ত-চিহ্ন-বর্জিত।

রদ্দা : বাহুদ্বারা ঘাড়ে ঘর্ষণ। বি। বিদেশী। <হি. রদ্দা। বাংলা বানান : র্ + অ + দ্ + দ্ + আ। বি.দ্র : দ্ + দ্ + আ = দ্দা।

রদ্দি, রদ্দী : নিকৃষ্ট। বিণ। বিদেশী। <আ. রদ্দী। বাংলা বানান : র্ + অ + দ্ + দ্ + ই [ঈ]। বি.দ্র : দ্ + দ্ + ই [ঈ] = দ্দি, দ্দী।

রনপা : দ্রুতগমনের জন্য ব্যবহৃত অতি দীর্ঘ যুগল দণ্ড। বি। তদ্ভব। রণ [সং.] পা [<সং. পদ]।

বানান : র্ + অ + ন্ + অ + প্ + আ। বি.দ্র : তদ্ভব শব্দে 'র'-এর পর 'ন' হয়েছে।

রনরন, রনরনি : ঝঙ্কার। বি। দেশী। ধ্বন্যাত্মক শব্দ.রনরন, রনরন + বাং.ই। বানান : র্ + অ + ন্ + অ + র্ + অ + ন্ + অ, র্ + অ + ন্ + অ + র্ + অ + ন্ + ই।

রন্ধন : রান্না। বি। তৎসম। রধ্ [পাক করা] + অন। ৬।১ বানান : র্ + অ + ন্ + ধ্ + অ + ন্ + অ। বি.দ্র : ন্ + ধ্ +অ = ন্ধ।

রন্ধনগৃহ : রান্নাঘর। বি। তৎসম। রন্ধন [রধ্ (পাক করা) + অন] + গৃহ [গ্রহ্ + অ]। ৬।১ রন্ধনের নিমিত্ত গৃহ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : র্ + অ + ন্ + ধ্ + অ + ন্ + অ + গ্ + ঋ + হ্ + অ। বি.দ্র : ন্ + ধ্ + অ = ন্ধ, গ্ + ঋ = গৃ।

রন্ধনশালা : রান্নাঘর। বি। তৎসম। রন্ধন [রধ্ (পাক করা) + অন] + শালা [শল্ + অ + আ]। ৬।১ রন্ধনের নিমিত্ত শালা [আলয়] =[নিমিত্ত তৎ] মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : র্ + অ + ন্ + ধ্ + অ + ন্ + অ + শ্ + আ + ল + আ। বি.দ্র : ন্ + ধ্ + অ = ন্ধ।

রন্ধ্র : ছিদ্র। বি। তৎসম। রধ্ + র—'ন' আগম। বানান : র্ + অ + ন্ + ধ্ + র্ + অ। বি.দ্র : ন্ + ধ্ + র্ + অ = ন্ধ্র।

রপ্ত : অভ্যস্ত। বিণ। বিদেশী। <আ. রবৎ। বাংলা বানান : র্ + অ + প্ + ত্ + অ। বি.দ্র : প্ + ত্ + অ = প্ত।

রপ্তানি : পণ্যদ্রব্য বিক্রয়ার্থে বিদেশে প্রেরণ। বি। বিদেশী। <ফা. রফ্‌তানী। বাংলা বানান : [বি] র্ + অ + প্ + ত্ + আ + ন্ + ই। বি.দ্র : প্ + ত্ + আ = প্তা। বি.দ্র : বিশেষ্য পদে ই-কার হবে।

রপ্তানী : রপ্তানি-করা। বিণ। বিদেশী। <ফা. রফ্‌তানী। বাংলা বানান : [বিণ] র্ + অ + প্ + ত্ + আ + ন্ + ঈ। বি.দ্র : বিশেষণ পদে ঈ-কার হবে।

রফা : নিষ্পত্তি। বি। বিদেশী। <আ. রফ্‌ফা। বাংলা বানান : র্ + অ + ফ্ + আ।

রফানামা : নিষ্পত্তির শর্তাদি-সংবলিত দলিল। বি। বিদেশী। <আ. রফ্‌ফা + <ফা. নামহ্। বাংলা বানান : র্ + অ + ফ্ + আ + ন্ + আ + ম্ + আ।

রব : ধ্বনি। বি। তৎসম। রু [শব্দ করা] অ। ৬।১ [সন্ধি] উ + অ = ব। ২।৮।ক বানান : র্ + অ + ব্ + অ।

রব-রবা : শোভা। বি। দেশী। ধ্বন্যাত্মক শব্দ রব-রব + বাং. আ। ৬।৩ বানান : র্ + অ + ব্ + র্ + অ + ব্ + আ। বি.দ্র : শব্দ-মধ্যের 'ব' হসন্ত-বর্জিত।

রবাব : বীণাজাতীয় বাদ্যযন্ত্র। বি। বিদেশী। <ফা. রবাব, রুবাব। বাংলা বানান : র্ + অ + ব্ + আ + ব্। বি.দ্র : শব্দান্তের 'ব' হসন্তবর্জিত।

রবার : বৃক্ষ-নির্যাস থেকে প্রস্তুত স্থিতিস্থাপক পদার্থ। বি। বিদেশী। <ইং. rubber. বাংলা বানান : র্ + অ + ব্ + আ + র্। বি.দ্র : শব্দান্তের 'র' হসন্তবর্জিত।

রবাহূত : অনিমন্ত্রিত আগন্তুক। বিণ। তৎসম। রব [রু + অ] + আহূত [আ + হ্বে + ত]। ৬।১ [সন্ধি] অ + আ = আ। [বা] ২।১।খ রবের দ্বারা আহূত = করণতৎ। ৩।৩ বানান : র্ + অ + ব্ + আ + হ্ + ঊ + ত্ + অ। বি.দ্র : হ্ + ঊ = হূ।

রবি : সূর্য। বি। তৎসম। রু [স্তব করা] + ই। ৬।১ যিনি স্তবের যোগ্য। বানান : র্ + অ + ব্ + ই।

রবিকর : সূর্যের কিরণ। বি। তৎসম। রবি [রু + ই] + কর [কৃ (কিরণ দেওয়া) + অ। ৬।১ রবির কর [কিরণ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + ব্ + ই + ক্ + অ + র্ + অ।

রবিখন্দ : বসন্তকালীন শস্য। বি। বিদেশী। <আ. রবী [বসন্তকাল] + খন্দ [< সং. কন্দ]। বসন্তকালের খন্দ [ফসল]। বাংলা বানান : র্ + অ + ব্ + ই + খ্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র : ন্ + দ্ + অ = ন্দ।

রবিচ্ছবি : সূর্যের শোভা। বি। তৎসম। রবি [রু + ই] + ছবি [ছো [দীপ্তি প্রকাশ করা] + ই। ৬।১ [সন্ধি] ই + ছ = ইচ্ছ। ২।১৪ রবির ছবি [দীপ্তি] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + ব্ + ই + চ্ + ছ্ + অ + ব্ + ই। বি.দ্র.: চ্ + ছ + অ = চ্ছ।

রবিবার : সপ্তাহের প্রথম দিন। বি। তৎসম। রবি [রু + ই] বার [বৃ + ণিচ্ (= বারি) + অ]। ৬।১ রবির বার= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + ব্ + ই + ব্ + আ + র্ + অ।

রবিবাসর : সপ্তাহের প্রথম দিন। বি। তৎসম। রবি [রু + ই] + বাসর [বস্ + ণিচ্ (=বাসি) + অর। ৬।১ রবির বাসর = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + ব্ + ই + ব্ + আ +স্ + অ + র্ + অ।

রবিরশ্মি : সূর্যের কিরণ। বি। তৎসম। রবি [রু + ই] + রশ্মি [অশ্ (অ = র) + মি]। ৬।১ রবির রশ্মি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + ব্ + ই + র্ + অ + শ্ + ম্ + ই। বি.দ্র : শ্ + ম্ + ই = শ্মি।

রবিশস্য : বসন্তকালীন শস্য। বি। মিশ্র [বিদেশী + তৎসম]। রবি [<আ. রবী (বসন্তকাল)] + শস্য [সং. শস্ + য (যৎ)]। ৬।১ রবির [রবীর = বসন্তকালের] শস্য = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + ব্ + ই + শ্ + অ + স্ + য্ + অ।

রভস : উল্লাস। বি। তৎসম। রভ্ [উল্লসিত হওয়া] + অস। ৬।১ বানান : র্ + অ + ভ্ + অ + স্ + অ।

রমজান : রোজার মাস। বি। বিদেশী। <আ. রমজান্। বাংলা বানান : র্ + অ + ম্ + অ + জ্ + আ + ন্। বি.দ্র : শব্দান্তের 'ন' হসন্ত-চিহ্ন-বর্জিত।

রমণ : মৈথুন, পতি। বি। তৎসম। রম্ [ক্রীড়া বা রতিক্রীড়া করা] + অন। ৬।১ বানান : র্ + অ + ম্ + অ + ণ্ + অ। বি.দ্র : 'র' ও 'ন'-এর মধ্যে অ, ম, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

রমণী : নারী। বি। তৎসম। রম্ [রতি ক্রীড়া করা] + অন + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১ বানান : র্ + অ + ম্ + অ + ণ্ + ঈ। বি.দ্র : 'র' ও 'ন'-এর মধ্যে অ, ম, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ণ + ঈ = ণী।

রমণীয় : সুন্দর। বিণ। তৎসম। রম্ [সুন্দর করা] অনীয়। ৬।১ বানান : র্ + অ + ম্ + অ + ণ্ + ঈ + য্ + অ। বি.দ্র : 'র' ও 'ন'-এর মধ্যে অ, ম, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে।৪।১।গ ণ্ + ঈ= ণী [অণীয়]।

রমরমা : জাঁকালো। বিণ। দেশী। রমরম [দেশী] + বাং. আ। ৬।৩ বানান : র্ + অ + ম্ + র্ + অ + ম্ + আ।

রমা : লক্ষ্মী। বি। তৎসম। রম্ + ণিচ্ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : র্ + অ + ম্ + আ।

রমাকান্ত : নারায়ণ। বি। তৎসম। রমা [রম্ + ণিচ্ + অ + আ [স্ত্রী]] + কান্ত [কম্ + ত]। ৬।১, ৭।১।ক রমার [লক্ষ্মীর] কান্ত [পতি] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + ম্ + আ + ক্ + আ + ন্ + ত্ + অ। বানান : ন্ + ত্ + অ = ন্ত।

রমানাথ : নারায়ণ। বি। তৎসম। রমা [রম্ + ণিচ্ + অ + আ (স্ত্রী)] + নাথ [নাথ্ + অ] ৬।১, ৭।১।ক রমার [লক্ষ্মীর] পতি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + ম্ + আ + ন্ + আ + থ্ + অ।

রমাপতি : নারায়ণ। বি। তৎসম। রমা [রম্ + ণিচ্ + অ + আ] + পতি [পা + অতি]। ৬।১, ৭।১।ক রমার [লক্ষ্মীর] পতি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + ম্ + আ + প্ + অ + ত্ + ই।

রমিত : ক্রীড়িত। বিণ। তৎসম। রম্ + ণিচ্ + ত। ৬।১ বানান : র্ + অ + ম্ + ই + ত্ + অ।

রমিতা : ক্রীড়িতা। বিণ। তৎসম। রম্ + ণিচ্ + ত + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : র্ + অ + ম্ + ই + ত্ + আ।

রমেশ : নারায়ণ। বি। তৎসম। রমা [রম্ + ণিচ্ + অ + আ (স্ত্রী)] + ঈশ [ঈশ্ + অ]। ৬।১ [সন্ধি] আ + ঈ = এ [মে]। ২।৪।খ বানান : র্ + অ + ম্ + এ + শ্ + অ।

রম্ভা : অপ্সরা, কদলী। বি। তৎসম। রম্ভ্ + অ + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : র্ + অ + ম্ + ভ্ + আ। বি.দ্র : ম্ + ভ্ + আ = ম্ভা।

রম্ভোরু : কদলীকাণ্ডের ন্যায় সুপুষ্ট ও সুন্দর উরু-বিশিষ্টা রমণী। বি। তৎসম। রম্ভা [রম্ভ্ + অ + আ (স্ত্রী)] + উরু [উর্ণ্ + উ + উ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ [সন্ধি] আ + উ= ও [ম্ভো] ২।৫।ঘ রম্ভাকাণ্ডের মতো উরু যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান : র্ + অ + ম্ + ভ্ + ও + র্ + উ। বি.দ্র : ম্ + ভ্ + ও = ম্ভো, র্ + উ = রু।

রম্য : রমণীয়। বিণ। তৎসম। রম্ + য [যৎ]। ৬।১ বানান : র্ + অ + ম্ + য্ + অ। বি.দ্র : ম্ + য্ + অ = ম্য।

রম্যা : রমণীয়া। বিণ। তৎসম। রম্ + য [যৎ] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : র্ + অ + ম্ + য্ + আ। বি.দ্র : ম্ + য্ + আ = ম্যা।

রয়ে-বসে : ধীরে সুস্থে। ক্রি-বিণ। তদ্ভব। রয়ে [<রহিয়া <রহ্ (<হি. রহনা) + ইয়া] + বসে [<বসিয়া <বস্ + বাং. ইয়া]। বানান : র্ + অ + য়্ +এ + ব্ + অ + স্ + এ।

রশনা, রসনা : স্ত্রীলোকের কটিভূষণ। বি। তৎসম। রশি [<সং. রশ্মি (রশ্ =শব্দ করা)] + অন + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : র্ + অ + শ্ [স্] + অ + ন্ = আ। বি.দ্র : 'রসনা' অতি বিরল।

রশারশি : ছোট-বড় দড়ি। বি। তদ্ভব। রশা [<সং. রশ্মি] + রশি [<সং. রশ্মি]। বানান : র্ + অ + শ্ + আ + র্ + অ + শ্ + ই।

রশি : দড়ি [সং. রশ্মি]।বি। তদ্ভব। <সং. রশ্মি। বানান : র্ + অ + শ্ + ই।

রশ্মি : কিরণ। লাগাম [সং. অশ্ + মি (র্তৃ) নি]। বি। তৎসম। সং. অশ্ [অ = র] + মি। ৬।১ বানান : র্ + অ + শ্ + ম্ + ই। বি.দ্র : শ্ + ম্ + ই = শ্মি।

রস : সং. √রস্ + অ (র্ম)]। বি। তৎসম। রস্ + অ। ৬।১ বানান : র্ + অ + স্ = অ।

রসকরা : চিনির রসে পাক-করা নারকেলের নাড়ু। বি। তদ্ভব। রস [রস্ + অ] + বাং. করা [কর্ + আ]। ৬।৩ বানান : র্ + অ + স্ + অ + ক্ + অ + র্ + আ।

রসকলি : বৈষ্ণবগণের কপালের পুষ্পকলির মতো তিলক। বি। তৎসম। রস [রস্ + অ] + কলি <হি.কলী]। ৬।১ বানান : র্ + অ + স্ + অ + ক্ + অ + ল্ + ই।

রসকষ : সামান্যতম রস। বি। তদ্ভব। রস [রস্ + অ] + কষ [সহচর শব্দ]। রস ও কষ = দ্বন্দ্ব। ৩।৪ বানান : র্ + অ + স্ + অ + ক্ + অ + ষ্ + অ। বি.দ্র : 'কষ'—এই তদ্ভব শব্দেও সংস্কৃতের মতো 'ষ' রক্ষিত।

রসগর্ভ : রসপূর্ণ। বিণ। তৎসম। রস [রস্ + অ] + গর্ভ [গৃ (আবৃত করা) + ভ]। ৬।১ গর্ভে [গভীরে] রস যার= বহুব্রী। ৩।৫ পরনিপাত। বানান : র্ + অ + স্ + অ + গ্ + অ

+ র্ + ভ্ + অ। বি.দ্র.: র্ + ভ্ + অ = র্ভ।

রসগোল্লা: চিনির রসে পাক-করা ছানার গোল্লা বিশেষ। বি। তদ্ভব। রস [রস্ + অ] + গোল্লা [<সং. গোল]। বানান: র্ + অ + স্ + অ + গ্ + ও + ল্ + ল্ + আ।

রসগ্রাহী: সমঝদার। বিণ। তৎসম। রস [রস্ + অ] + গ্রাহি [গ্রহ্ + ইন্ (ঈ)। ৬৷১ রস গ্রহণ করে যা বা যে = উপপদতৎ। ৩৷৩ বানান: র্ + অ + স্ + অ + গ্ + র্ + আ + হ্ + ঈ। বি.দ্র: গ্ + র্ + আ = গ্রা, হ্ + ঈ = হী।

রসঘন: প্রগাঢ় রসযুক্ত। বিণ। তৎসম। রস [রস্ + অ] + ঘন [হন্ + অ]। ৬৷১ ঘন [প্রগাঢ়] রস যাতে = বহুব্রী। ৩৷৫ বানান: র্ + অ + স্ + অ + ঘ্ + অ + ন্ + অ।

রসজ্ঞ: রসিক। বিণ। তৎসম। রস [রস্ + অ] + জ্ঞ [জ্ঞা + অ]। ৬৷১ রস জানেন [উপলব্ধি করেন] যিনি = উপপদতৎ। ৩৷৩ বানান: র্ + অ + স্ + অ + জ্ + ঞ + অ। বি.দ্র: জ্ + ঞ্ + অ = জ্ঞ।

রসজ্ঞান: রসবোধ। বি। তৎসম। রস [রস্ + অ] + জ্ঞান [জ্ঞা (জানা) + অন]। ৬৷১ রসের জ্ঞান [বোধ, অনুভূতি, উপলব্ধির ক্ষমতা] = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: র্ + অ + স্ + অ + জ্ + ঞ্ + আ + ন্ + অ। বি.দ্র: জ্ + ঞ্ + আ = জ্ঞা।

রসদ: খাদ্যদ্রব্য। বি। বিদেশী। <ফা. রসদ্। বাংলা বানান: র্ + অ + স্ + অ + দ্। বি.দ্র: শব্দান্তের 'দ' হসন্তবর্জিত।

রসনা: জিহ্বা [সং. রসন + আ]। বি। তৎসম। বানান: [রস + অন] + আ। ৬৷১ বানান: র্ + অ + স্ + অ + ন্ + আ।

রসবড়া: চিনির রসে পাক-করা ডালের বড়া। বি। তদ্ভব। রস [রস্ + অ] + বড়া [<সং. বটক]। রস [চিনির]-পক্ব বড়া = মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান: র্ + অ + স্ + অ + ব্ + অ + ড়্ + আ।

রসবতী: সুরসিকা। বিণ। তৎসম। রস [রস্ + অ] + বৎ [বতুপ] + ঈ [স্ত্রী]। ৬৷১, ৭৷১৷ক বানান: র্ + অ + স্ + অ + ব্ + অ + ত্ + ঈ।

রসবেত্তা: রসজ্ঞ। বিণ। তৎসম। রস [রস্ + অ] + বেত্তা [বিদ্ + তা (তৃ = তৃচ্)]। ৬৷১ রস জানেন যিনি = উপপদতৎ। ৩৷৩ বানান: র্ + অ + স্ + অ + ব্ + এ + ত্ + ত্ + আ। বি.দ্র: ত্ + ত্ + আ = ত্তা।

রসবোধ: রসজ্ঞান। বি। তৎসম। রস [রস্ + অ] + বোধ [বুধ্ + অ]। ৬৷১ রসের বোধ = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: র্ + অ + স্ + অ + ব্ + ও + ধ্ + অ।

রসভঙ্গ: সরস প্রসঙ্গে অপ্রত্যাশিত বাধা। বি। তৎসম। রস [রস্ + অ] + ভঙ্গ [ভন্‌জ্ + অ]। ৬৷১ রসের ভঙ্গ = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: র্ + অ + স্ + অ + ভ্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র: ঙ্ + গ্ + অ = ঙ্গ।

রসনেন্দ্রিয়। জিহ্বা [সং. রসন + ইন্দ্রিয়]। বি। তৎসম। রসনা [রস্ + অন + আ] + ইন্দ্রিয় [ইন্দ্র + ইয়= [<ঈয়]। ৬৷১ [সন্ধি] আ + ই.= এ [নে] । ২৷৪৷গ বানান: র্ + অ + স্ + অ + ন্ + এ + ন্ + দ্ + র্ + ই + য্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + র্ + ই= ন্দ্রি।

রসময়: রসিক। বিণ। তৎসম। রস [রস্ + অ] + ময় [ময়ট্]। ৬৷১, ৬৷২ রসের দ্বারা ময় [পূর্ণ] = করণতৎ। ৩৷৩ বানান: র্ + অ + স্ + অ + ম্ + অ + য্ +অ।

রসময়ী: রসিকা। বিণ। তৎসম। রস [রস্ + অ] + ময় [ময়ট্] + ঈ [স্ত্রী]। ৬৷১, ৭৷১৷গ রসের দ্বারা ময়ী [পূর্ণা] = করণতৎ। ৩৷৩ বানান: র্

+ অ + স্ + অ + ম্ + অ + য্ + ঈ।

রসমুণ্ডী : রসগোল্লার মতো ক্ষুদ্র মিঠাই। বি। তদ্ভব। রস [রস্ + অ] + মুণ্ডী [মণ্ডা + ঈ]। ৬।১, ৭।১।গ রসের তৈরী মুণ্ডি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + স্ + অ + ম্ + উ + ণ্ + ড্ + ঈ। বি.দ্র: ণ্ + ড্ + ঈ = ণ্ডী।

রসরঙ্গ : ঠাট্টা তামাসা। বি। তৎসম। রস [রস্ + অ] + রঙ্গ [রন্জ্ + অ]। ৬।১ রস ও রঙ্গ = দ্বন্দ্ব। ৩।৪ বানান: র্ + অ + স্ + অ + র্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র: ঙ্ + গ্ + অ = ঙ্গ।

রসাতল : পাতাল, অধঃপাত। বি। তৎসম। রসা [রস + অ + আ (স্ত্রী)] + তল [তল্ + অ]। রসার [পৃথিবীর] তল = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + স্ + আ + ত্ + অ + ল্ + অ।

রসরচনা : হাস্যরসাত্মক রচনা। বি। তৎসম। রস [রস্ + অ]+রচনা [রচ্ + অন + আ]। ৬।১ রসপূর্ণ রচনা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + স্ + অ + র্ + অ + চ্ + অ + ন্ + আ।

রসরাজ : রসিকশ্রেষ্ঠ। বিণ। তৎসম। রস [রস্ + অ] + রাজ [রাজন্]। ৬।১ রসের রাজা [আ-কারের লোপ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + স্ + অ + র্ + আ + জ্ + অ।

রসসাহিত্য : নির্মল আমোদ উদ্রেককারী রচনা। বি। তৎসম। রস [রস্ + অ] সাহিত্য [সহিত (হিতের সঙ্গে বর্তমান + য [ষ্ণ্য]। ৬।১, ৬।২ রসপূর্ণ সাহিত্য = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + স্ + অ + স্ + আ + হ্ + ই + ত্ + য্ + অ। বি.দ্র: ত্ + য্ + অ = ত্য।

রসসিন্দূর [সিন্দুর] : হিঙ্গুল। বি। তৎসম। রস [রস্ + অ] + সিন্দূর, সিন্দুর [স্যন্দ্ + ঊর (উর)]। ৬।১ রসপূর্ণ সিন্দূর [সিন্দুর]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + স্ + অ + স্ + ই + ন্ + দ্ + ঊ [উ] + র্ + অ। বি.দ্র: ন্ + দ্ + ঊ [উ]= ন্দূ [ন্দু]।

রসস্থ : শ্লেষ্মাপীড়িত। বিণ। তৎসম। রস [রস্ + অ] + স্থ [স্থা + অ]। ৬।১ রসে থাকে যে = উপপদতৎ। ৩।৩ বানান: র্ + অ + স্ + অ + স্ + থ্ + অ। বি.দ্র: স্ + থ্ + অ = স্থ।

রসহীন : নীরস। বিণ। তৎসম। রস [রস্ + অ] + হীন [হা + ত]। ৬।১ রসের দ্বারা হীন = করণতৎ। ৩।৩ বানান: র্ + অ + স্ + অ + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র: হ্ + ঈ = হী।

রসা : রসযুক্ত, অল্প ঝোলযুক্ত ব্যঞ্জন। বি। তদ্ভব। রস [রস্ + অ] +বাং. আ। বানান: র্ + অ + স্ + আ।

রসা : পৃথিবী। বি। তৎসম। বস্ + অ + আ [স্ত্রী]। ৬।১ , ৭।১।ক বানান: র্ + অ + স্ + আ।

রসাঞ্জন : সুর্মা। বি। তৎসম। রস [রস্ + অ] + অঞ্জন [অঞ্জ্ + অন]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [সা]। ২।১।ক রসসিক্ত অঞ্জন= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + স্ + আ + ঞ্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র: ঞ্ + জ্ + অ = ঞ্জ।

রসাত্মক : রসগর্ভ। বিণ। তৎসম। রস [রস্ + অ] আত্মন্ + ক]। ৬।১, ৬।২ [সন্ধি] অ + আ = আ [সা]। ২।১।খ রস আত্মা যার = বহুব্রী। ৩।৫ বানান: র্ + অ + স্ + আ + ত্ + ম্ + অ + ক্ + অ। বি.দ্র: ত্ + ম্ = অ = ত্ম।

রসাধিক্য : দেহে শরীরে শ্লেষ্মার আধিক্য। বি। তৎসম। রস [রস্ + অ] + আধিক্য [অধিক + য (ষ্ণ্য)]। ৬।১, ৬।২ [সন্ধি] অ + আ = আ [সা]। ২।১।খ রসের আধিক্য = সম্বন্ধতৎ।

৩।৩ বানান: র্ + অ + স্ + আ + ধ্ + ই + ক্ + য্ + অ। বি.দ্র: ক্ + য্ + অ = ক্য।

রসান, রসানো: রসযুক্ত করা, রসসিক্ত করা। বি। তদ্ভব। রস [রস্ + অ] + বাং আন, আনো বানান: র্ + অ + স্ +আ + ন্ + অ, ও।

রসাবেশ: প্রবল অনুরাগের সঞ্চার। বি। তৎসম। রস [রস্ + অ] + আবেশ [আ + বিশ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [সা]। ২।১।খ রসের আবেশ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + স্ + আ + ব্ + এ + শ্ + অ।

রসাভাস: অনুচিত রস। বি। তৎসম। রস [রস্ + অ] + আভাস [আ + ভাস্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [সা]। ২।১।খ। রসের আভাস [অনুচিত প্রকাশ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + স্ + আ + ভ্ + আ + স্ + অ।

রসায়ন: কিমিতি বিদ্যা (chemistry) বি। তৎসম। রস [বস্ + অ] + অয়ন [অয়্ (ই+ অ) অন। ৬।১ [সন্ধি]. অ + অ = আ [সা]। ২।১।ক বানান: র্ + অ + স্ + আ + য়্ + অ + ন্ + অ। 'র' ও 'ন'-এর মধ্যে 'স' থাকায় 'ন' 'ণ' হয়নি। 'ন' অপরিবর্তিত আছে।

রসায়নী: রসায়ন-বিষয়ক, রসায়নজ্ঞ, chemist. বি। তৎসম। রসায়ন [রস (রস্ + অ] অয়ন (অয়্ + অন)]। + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান: র্ + অ + স্ + আ + য়্ + অ + ন্ + ঈ। ['রাসায়ন' দ্রষ্টব্য]

রসাল: সরস, আমগাছ। বি। তৎসম। রস [রস্ + অ] + আল [আ + লা + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [সা]) ২।১।খ বানান: র্ + অ + স্ + আ + ল্ + অ।

রসালাপ: সরস কথাবার্তা। বি। তৎসম। রস [রস্ + অ] + আলাপ [আ + লপ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [সা]। ২।১।খ রসপূর্ণ আলাপ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + স্ + আ + ল্ + আ + প্ + অ।

রসাস্বাদ: রসের স্বাদ গ্রহণ। বি। তৎসম। রস [রস্ + অ] + আস্বাদ [আ + স্বদ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [সা]। ২।১।খ রসের আস্বাদ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + স্ + আ + স্ + ব্ + আ + দ্ + অ। বি.দ্র: স্ + ব্ + আ + স্বা।

রসাস্বাদন: রসের স্বাদ গ্রহণ। বি। তৎসম। রস [রস্ + অ] + আস্বাদন [আ + স্বদ্ + অন]। ৬।১ (সন্ধি) অ + আ = আ [সা]। ২।১।খ রসের আস্বাদন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + স্ + আ + স্ + ব + আ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র: স্ + ব্ + আ = স্বা।

রসোত্তীর্ণ: রস-পরিবেশনে সার্থক। বিণ। তৎসম। রস [রস্ + অ] উত্তীর্ণ [উৎ+তীর্ণ (তৃ + ত)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও। [সো]। ২।৫।ক ৎ + তী। রসে উত্তীর্ণ = অধিকরণতৎ। ৩।৩ বানান: র্ + অ + স্ + ও + ত্ + ত্ + ঈ = ত্তী, র্ + ণ্ + অ = র্ণ।

রসোদ্গার: আস্বাদিত সকল রসের স্মৃতিচারণা। বি। তৎসম। রস [রস্ + অ] + উদ্গার [উৎ + গৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [সো]। ২।৫।ক রসের উদ্গার [ঢেকুর] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + অ + স্ + ও + দ্ + গ্ + আ + র্ + অ। বি.দ্র: দ্ + গ্ + আ = দ্গা।

রসিক: রসজ্ঞ। বিণ। তৎসম। রস + ইক।৬।২ বানান: র্ + অ +স্ + ই + ক্ + অ।

রসিকা: রসজ্ঞা । বিণ। তৎসম। রসিক [রস + ইক] + আ [স্ত্রী] ৬।১, ৭।১।ক বানান: র্ + অ + স্ + ই + ক্ + আ।

রসিকতা: পরিহাস। বি। তৎসম। রসিক [রস +

ইক] +তা। ৬।১, ৬।২। বানান : র্ + অ + স্ + ই + ক্ + অ + ত্ + আ।

রসিদ : প্রাপ্তি-স্বীকার পত্র। বি। বিদেশী। < ফা. রসীদ্। বাংলা বানান : র্ + অ + স্ + ই + দ্। বি.দ্র. : শব্দান্তের 'দ' হসন্ত-বর্জিত।

রসুই : রন্ধন। বি। তদ্ভব। রসোই < সং. রসবতী [রন্ধনশালা]। বানান : র্ + অ + স্ + উ + ই।

রসুইঘর : রান্নাঘর। বি। তদ্ভব। রসুই [< রসোই < সং. রসবতী (রন্ধনশালা)] + ঘর [< সং. গৃহ]। রসুইর নিমিত্ত ঘর= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : র্ + অ + স্ + উ + ই + ঘ্ + অ + র্ + অ।

রসুইয়ে : রন্ধনকারী। বি। তদ্ভব। রসুই [< রসোই < সং. রসবতী] + বাং. ইয়ে [< ইয়া]। রসুই [রন্ধন] করে যে। বানান : র্ + অ + স্ + উ + ই + য্ + এ।

রসুন : থামুন। ক্রি। বিদেশী। < হি. রহনা। বাংলা বানান : র্ + অ + স্ + উ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

রসুন : পেঁয়াজের মতো আকারের তীব্রগন্ধ সাদা রঙের কন্দ। বি। তৎসম। < রসুন। বানান : র্ + অ + স্ + উ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

রসুল : ঈশ্বরের দূত। বিণ। বিদেশী। < আ. রসুল্। বাংলা বানান : র্ + অ + স্ + উ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

রসুয়ে : রন্ধনকারী। বি। তদ্ভব। < রসুইয়ে < রসুইয়া < রসুই [< রসোই < সং. রসবতী] + বাং. ইয়া। বানান : র্ + অ + স্ + উ + য্ + এ।

র'সো : থামো। ক্রি। তদ্ভব। < রও [< সং. রহ্] + সও [< সং. সহ্]। বানান : র্ + অ + স্ + ও।

রহমৎ : করুণা। বি। বিদেশী। < আ. রহ্মৎ। বাংলা বানান : র্ + অ + হ্ + অ + ম্ + অ + ৎ।

রহমান : করুণাময় [আ. রহ্মান]। বিণ। বিদেশী। < আ. রহ্মান। বাংলা বানান : র্ + অ + হ্ + অ + ম্ + আ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

রহস্য। গূঢ় তথ্য। বি। তৎসম। রহস্ + য [যৎ]। ৬।১ বানান : র্ + অ + হ্ + অ + স্ + য্ + অ। বি.দ্র. : স্ + য্ + অ= স্য।

রহস্যঘন : অত্যন্ত গূঢ়। বিণ। তৎসম। রহস্য [রহস্ + য (যৎ)] + ঘন [হন্ + অ (হ্= ঘ)]। ৬।১ রহস্যের দ্বারা ঘন= করণতৎ। ৩।৩ বানান : র্ + অ + হ্ + অ + স্ + য্ + অ + ঘ্ + অ + ন্ + অ। বি.দ্র. : স্ + য্ + অ= স্য।

রহস্যচ্ছলে : ঠাট্টার ছলে। ক্রি-বিণ। তৎসম। রহস্য [রহস্ + য (যৎ)] + ছল [ছল্ + অ] + এ [অধিকরণ]। ৬।১ [সন্ধি] অ + ছ= অচ্ছ। [২।১৫] রহস্যের ছলে= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + হ্ + অ + স্ + য্ + অ + চ্ + ছ্ + অ + ল্ + এ।

রহস্যপূর্ণ : গূঢ় তাৎপর্যপূর্ণ। বিণ। তৎসম। রহস্য [রহস্ + য (যৎ)] + পূর্ণ [পূর্ + ত]। ৬।৩ রহস্যের দ্বারা পূর্ণ= করণতৎ। ৩।৩ বানান : র্ + অ + হ্ + অ + স্ + য্ + অ + প্ + ঊ + র্ + ণ্ + অ।

রহস্যভেদ : গূঢ় তথ্য আবিষ্কার। বি। তৎসম। রহস্য [রহস্ + য (যৎ)] + ভেদ [ভিদ্ + অ] + ৬।১ রহস্যের ভেদ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + অ + হ্ + অ + স্ + য্ + অ + ভ্ + এ + দ্ + অ।

রহস্যময় : গূঢ় তাৎপর্যপূর্ণ। বিণ। তৎসম। রহস্য [রহস্ + য (যৎ)] + ময় [ময়ট্]। ৬।১, ৬।২ রহস্যের দ্বারা ময় [পূর্ণ]= করণতৎ। ৩।৩ বানান : র্ + অ + হ্ + অ + স্ + য্ +

অ + য্ + অ + য্ + অ। বি.দ্র.: স্ + য্ + অ= স্য।

রহস্যালাপ: হাস্য-পরিহাসযুক্ত কথাবার্তা। বি। তৎসম। রহস্য [রহস্ + য (ষ্যা)] + আলাপ [আ + লপ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [স্যা]। ২।১।খ রহস্যপূর্ণ আলাপ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + অ + হ্ + অ + স্ + য্ + আ + ল্ + আ + প্ + অ। বি.দ্র.: স্ + য্ + আ= স্যা।

রহিত: বাতিল। বিণ। তৎসম। রহ্ [বন্ধ করা] + ত। ৬।১ বানান: র্ + অ + হ্ + ই + ত্ + অ।

রা: রব। বি। তদ্ভব। < সং. রাব। বানান: র্ + আ।

রাই: সরিষা বিশেষ [mustard]। < বি। তদ্ভব। < সং. রাজিকা। বানান: র্ + আ + ই।

রাইফেল: বড় ও শক্তিশালী বন্দুক। বি। বিদেশী। < ইং. rifle. বাংলা বানান: র্ + আ + ই + ফ্ + এ + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

রাও, রাওল: রাজা, রাজার মতো সম্ভ্রান্ত ব্যক্তি। বি। তদ্ভব। < সং. রাজ, রাজকুল। বানান: র্ + আ + ও, র্ + আ + ও + ল্। 'রাওল'-এর 'ল' শব্দান্তের 'ল', বাংলায় তাই হসন্ত-বর্জিত।

রাং: নিহত পশুপক্ষীর জঙ্ঘা। বি। বিদেশী। < ফা. রান্। বাংলা বানান: র্ + আ + ং।

রাং: টিন। বি। তদ্ভব। < সং. রঙ্গ [রন্জ্ + অ]। বানান: র্ + আ + ং।

রাংচিতা: বেড়াচিতা। বি। তৎসম। < সং. রক্তচিত্রক। বানান: র্ + আ + ং + চ্ + ই + ত্ + আ।

রাংঝাল: ধাতু জোড়াবার জন্য রাং-সীসামেশানো পাইন। বি। তদ্ভব। রাং [< সং. রঙ্গ] + ঝাল [< সং. জ্বাল]। বানান: র্ + আ + ং + ঝ্ + আ + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

রাংতা: রাংয়ের তবক। বি। তদ্ভব। রাং [< সং. রঙ্গ] + তা। ৬।২ বানান: র্ + আ + ং + ত্ + আ।

রাঁড়: বিধবা, বেশ্যা, উপপত্নী। বি। তৎসম। বানান: র্ + আঁ + ড়্। বি.দ্র.: শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

রাঁড়া: ফলহীন বৃক্ষ, বন্ধ্যা নারী। বি। তদ্ভব। < সং. রণ্ডা। বানান: র্ঁ + অ + ড়্ + আ।

রাঁড়ী: বিধবা। বি। তদ্ভব। রাঁড় [< সং. রণ্ডা] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: র্ঁ + অ + ড়্ + ঈ।

রাঁধন: রন্ধন। রাঁধ্ + অন (ভা)]। রাঁধ্ + অন। ৬।১ বানান: র্ঁ + আ + ধ্ + অ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

রাঁধা: রন্ধন। ক্রি। তদ্ভব। রাঁধ্ [< সং. রন্ধন] + বাং. আ। বানান: র্ঁ + আ + ধ্ + আ।

রাঁধাবাড়া: রন্ধন ও পরিবেশন। বি। তদ্ভব। রাঁধা [রাঁধ্ (< সং. রন্ধন) + বাং. আ] + বাড়া [বাড়্ [< সং. বৃধ্] + বাং. আ। বানান: র্ঁ + আ + ধ্ + আ + ব্ + আ + ড়্ + আ।

রাঁধুনি: পক্ব ব্যঞ্জন সুগন্ধী করার এক প্রকার মশলা। বিণ, বি। তদ্ভব। বানান: র্ঁ + আ + ধ্ + উ + ন্ + ই।

রাঁধনী, রাঁধুনী: পাচিকা, রাঁধুনী বামুন। বিণ। বি। তদ্ভব। রাঁধ্ [< সং. রন্ধন] + বাং. নী, উনী। বানান: র্ঁ + আ + ধ্ + অ, উ + ন্ + ঈ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ধ' হসন্ত-বর্জিত।

রাকা: প্রতিপদযুক্ত পূর্ণিমা তিথি। বি। তৎসম। < রা + ক + আ [স্ত্রী] ৬।১ বানান: র্ + আ + ক্ + আ।

রাক্ষস: রক্ষঃ। বি। তৎসম। < রক্ষস্ + অ। বানান: র্ + আ + ক্ + ষ্ + অ + স্

+ অ। বি.দ্র. : ক্ + ষ্ + অ= ক্ষ।

রাক্ষসী : স্ত্রী-রাক্ষস। বি। তৎসম। রাক্ষস [রক্ষস্ + অ] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান : র্ + আ + ক্ + ষ্ + অ + স্ + ঈ। বি.দ্র. : ক্ + ষ্ + অ= ক্ষ, স্ + ঈ= সী।

রাক্কুসে : রাক্ষসের মতো ভয়ঙ্কর। বিণ। তদ্ভব। রাক্কুসে < সং. রাক্ষস + বাং. এ < ইয়া। ৬।৩ 'উ' আগম। বানান : র্ + আ + ক্ + ষ্ + উ + স্ + এ। বি.দ্র. : তদ্ভব শব্দেও 'ক্ষ'-এর সংস্কৃত বানান [ক্ + ষ] রক্ষিত আছে।

রাখা : রক্ষা করা। ক্রি। তদ্ভব। রাখ্ [< সং. রক্ষ্] + বাং. আ। ৬।৩ বানান : র্ + আ + খ্ + আ।

রাখাল : যে গোরু চরায় ও তত্ত্বাবধান করে। বি। তদ্ভব। রাখ্ [< সং. রক্ষ্] + বাং. আল। ৬।৩ বানান : র্ + আ + খ্ + আ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

রাখালরাজ : শ্রীকৃষ্ণ। বি। তদ্ভব। রাখাল [রাখ্ (< সং. রক্ষ্) + বাং. আল] + রাজ [< সং. রাজন্]। রাখালদের রাজা= সম্বন্ধতৎ। ৩।৩ অথবা,যিনি রাখাল, তিনিই রাজা= কর্মধা। ৩।২ বানান : র্ + আ + খ্ + আ + ল্ + র্ + আ + জ্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ল' এবং শব্দান্তের 'জ' হসন্ত-বর্জিত।

রাখালি : রাখালের কাজ। বি। তদ্ভব। রাখাল [রাখ্ (< সং. রক্ষ্) + বাং. আল] + বাং. ি। ৬।৩ বানান : র্ + আ + খ্ + আ + ল্ + ই।

রাখালিয়া : রাখালসুলভ। বিণ। তদ্ভব। রাখাল [রাখ্ (< সং. রক্ষ্) + বাং. আল] + বাং. ইয়া। ৬।৩ বানান : র্ + আ + খ্ + আ + ল্ + ই + য়্ + আ।

রাখালী : রাখালসুলভ। বিণ। তদ্ভব। রাখাল [রাখ্ (< সং. রক্ষ্) + বাং. আল] + বাং. ঈ। ৬।৩ বানান : র্ + আ + খ্ + আ + ল্ + ঈ।

রাখি, রাখী : বিপদ থেকে রক্ষা কামনায় প্রিয়জনের মণিবন্ধে বেঁধে দেওয়া মঙ্গলসূত্র। বি। তদ্ভব। রাখ্ [< সং. রক্ষ্] + বাং. ই, ঈ। ৬।৩ বানান : র্ + আ + খ্ + ই, ঈ।

রাখিপূর্ণিমা, রাখীপূর্ণিমা : শ্রাবণপূর্ণিমা। বি। তদ্ভব। রাখি, রাখী [রাখ্ (< সং. রক্ষ্) + ই, ঈ] + পূর্ণিমা [পূর্ণ + ইম + আ [স্ত্রী]]। ৬।১, ৭।১।ক বানান : র্ + আ + খ্ + ই [ঈ] + প্ + ঊ + র্ + ণ্ + ই + ম্ + আ। বি.দ্র. : 'র'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ

রাখিবন্ধন : শ্রাবণ-পূর্ণিমায় প্রিয়জনের হাতে রাখি দিয়ে বন্ধন। বি। তদ্ভব। রাখি [রাখ্ (< সং. রক্ষ্) + বাং. ই] + বন্ধন [সং. বন্ধ্ + অন]। ৬।৩, ৬।১ [মঙ্গল-কামনায় মণিবন্ধে] রাখি দিয়ে বন্ধন= করণতৎ। ৩।৩, বানান : র্ + আ + খ্ + ই + ব্ + অ + ন্ + ধ্ + অ + ন্ + অ। বি.দ্র. : ন্ + ধ্ + অ= ন্ধ।

রাগ : রক্তিমা। বি। তৎসম। রঞ্জ্ [রন্জ্] + অ। ৬।১ বানান : র্ + আ + গ্ + অ।

রাগত : ক্রুদ্ধ। বিণ। তদ্ভব। রাগ্ [< সং. রন্জ্] + ত। মতান্তরে, রাগত < রাগিত। বানান : র্ + আ + গ্ + অ + ত্ + অ। বি.দ্র. : বাংলায় 'রেগে লাল' কথাটি প্রচলিত। সং. 'রন্জ্' ধাতুর মূলে কথাটি নিহিত।

রাগা : রাগ করা। ক্রি। তদ্ভব। রাগ্ [< সং. রন্জ্] + বাং. আ। ৬।৩ বানান : র্ + আ + গ্ + আ। বি.দ্র. : বাংলায় 'রেগে লাল' কথাটি প্রচলিত। সং. 'রন্জ্' ধাতুর মূলে কথাটি নিহিত।

রাগাত্মক : রাগরাগিণীর প্রাধান্যপূর্ণ। বিণ। তৎসম। রাগ [< সং. রন্জ্ + অ] + আত্মক [আত্মন্ + ক]। ৬।১, ৬।২ [সন্ধি] অ + আ= আ [গা]। ২।১।খ রাগ [মনোরঞ্জন] আত্মা যার= বহুব্রী। ৩।৫ বানান : র্ + আ + গ্ + আ + ত্ + ম্ + অ + ক্ + অ। বি.দ্র. : ত্ + ম্ + অ= ত্ম।

রাগান, রাগানো : ক্রুদ্ধ করা। ক্রি। তদ্ভব। রাগ্ [< সং. রন্‌জ্] + বাং. আন, আনো। ৬।৩ বানান : র্ + আ + গ + আ + ন্ + অ, ও।

রাগান্ধ : ক্রোধে জ্ঞানশূন্য। বিণ। তৎসম। রাগ [< সং. রন্‌জ্ + অ] + অন্ধ [অন্ধ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [গা]। ২।১।ক রাগের দ্বারা অন্ধ= করণতৎ। ৩।৩ বানান : র্ + আ + গ্ + আ + ন্ + ধ্ + অ। বি.দ্র. : ন্ + ধ্ + অ= ন্ধ।

রাগান্বিত : ক্রুদ্ধ। বিণ। তৎসম। রাগ [< সং. রন্‌জ্ + অ] + অন্বিত [অনু + ইত (ই + ত)]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [গা]। ২।১।ক উ + ই= বি। ২।৮।গ রাগের দ্বারা অন্বিত= করণতৎ। ৩।৩ বানান : র্ + আ + গ্ + আ + ন্ + ব্ + ই + ত্ + অ। বি.দ্র. : ন্ + ব্ + ই= ন্বি।

রাগারাগি : ঝগড়াঝাটি। বি। তদ্ভব। রাগ [< সং. রন্‌জ্ + অ] + বাং. আ + রাগ + বাং. ই। ৬।৩ রেগে রেগে যে পারস্পরিক ব্যবহার= ব্যতিহার বহুব্রী। ৩।৫ বানান : র্ + আ + গ্ + আ + র্ + আ + গ্ + ই।

রাগিণী : ছয়টি মূল সুর থেকে উপজাত ছত্রিশটি প্রধান সুর। বি। তৎসম। বাগ [< রন্‌জ্ + অ] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান : র্ + আ + গ্ + ই + ণ্ + ঈ। বি.দ্র. : ১. 'র' ও 'ন'-এর মধ্যে আ, গ, ই থাকায় 'ন' 'ণ হয়েছে। ২. শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

রাগী : ক্রোধী। বিণ। তৎসম। রাগ [< সং. রন্‌জ্ + অ] + ইন্ [ঈ]। ৬।১ রাগ করে যে। বানান : র্ + আ + গ্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

রাঘব : রামচন্দ্র। বি। তৎসম। রঘু + অ [ষ্ণ]— অপত্য অর্থে। ৬।২ [সন্ধি] উ + অ= ব। রঘুর পুত্র। বানান : র্ + আ + ঘ্ + অ + ব্ + অ।

রাঘবপ্রিয়া : সীতা। বি। তৎসম। রাঘব [রঘু + অ (ষ্ণ)— অপত্য অর্থে] + প্রিয়া [প্রী [ভালোবাসা] + য + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক রাঘবের [রামচন্দ্রের] প্রিয়া= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + ঘ্ + অ + ব্ + অ + প্ + র্ + ই + য্ + আ।

রাঘববাঞ্ছা : সীতা। বি। তৎসম। রাঘব [রঘু + অ (ষ্ণ)— অপত্য অর্থে] + বাঞ্ছা [বাঞ্ছ্ (কামনা করা) + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক রাঘবের [রামচন্দ্রের] বাঞ্ছা [প্রিয়া]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + ঘ্ + অ + ব্ + অ + ব্ + আ + ঞ্ + ছ্ + আ। বি.দ্র. : ঞ্ + ছ্ + আ= ঞ্ছা।

রাঘবারি : রাবণ। বি। তৎসম। রাঘব [রঘু + অ (ষ্ণ)— অপত্য অর্থে] + অরি [ঋ + ই]। ৬।২, ৬।১ [সন্ধি] অ + অ= আ [বা]। ২।১।ক ঋ + অ= অর্ [+ই= অরি]। ২।৯।ক রাঘবের অরি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + ঘ্ + অ + ব্ + আ + র্ + ই।

রাঙ্গা, রাঙা : রক্তবর্ণ। বিণ। তৎসম। তদ্ভব। < রঙ্গ [রন্‌জ্ (রঞ্জিত করা) + অ] + বাং. আ। ৬।৩ রাঙা < রাঙ্গা। বানান : র্ + আ + ঙ্ + গ্ + আ, র্ + আ + ঙ্ + আ।

রাঙ্গাআলু : কন্দবিশেষ। বি। মিশ্র [তদ্ভব+দেশী]। রাঙ্গা [সং. রঙ্গ + বাং. আ] + আলু [দেশী]। রাঙ্গা যে আলু= কর্মধা। ৩।২ বানান : র্ + আ + ঙ্ + গ্ + আ + আ + ল্ + উ। বি.দ্র. : ঙ্ + গ্ + আ= ঙ্গা।

রাঙ্গান, রাঙ্গানো, রাঙান, রাঙানো : লালবর্ণে রঞ্জিত করা। ক্রি। তদ্ভব। সং. রঙ্গ [রন্‌জ্ + অ] + বাং. আন, আনো। ৬।৩ বানান : র্ + আ + ঙ্ [+গ্] + আ + ন্ + অ, ও।

বি.দ্র. : ঙ্ + গ্ + আ= ঙ্গা।

রাজ : রাজ্য, রাজন। বি। তদ্ভব। < সং. রাজ্য অথবা,রাজন্। বানান : র্ + আ + জ্ + অ।

রাজকন্যা : রাজার মেয়ে। বি। তৎসম। রাজ [< রাজন্ + কন্যা [কন্ [কামনা করা) + য (যৎ) + আ] ৬।১ রাজার কন্যা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + অ + ক্ + অ + ন্ + য্ + আ। বি.দ্র. : ন্ + য্ + আ= ন্যা।

রাজকবি : শ্রেষ্ঠ কবি। বি। তৎসম। রাজ [< রাজন্] + কবি [কব্ (বর্ণনা করা) + ই। ৬।১ রাজার [রাজসভার] কবি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + অ + ক্ + অ + ব্ + ই।

রাজকর : রাজাকে বা সরকারকে প্রদেয় খাজনা। বি। তৎসম। রাজ [< রাজন্] + কব [কৃ (বিক্ষিপ্ত করা) + অ]। ৬।১ রাজার প্রাপ্য কর= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : র্ + আ + জ্ + অ + ক্ + অ + র্ + অ।

রাজকর্ম : সরকারী কর্তব্য। বি। তৎসম। রাজ [< রাজন্] + কর্ম [কৃ + মন্]। রাজার কর্ম= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + অ + ক্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র. : র্ + ম্ + অ= র্ম।

রাজকর্মচারী : সরকারী চাকরে। বি। তৎসম। রাজ [< রাজন্] + কর্ম [কৃ + মন্] + চারী [চর্ + ইন্ (ঈ)]। ৬।১ রাজার কর্ম= সম্বন্ধতৎ। ৩।৩ রাজার কর্ম আচরণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + অ + ক্ + অ + র্ + ম্ + অ + চ্ + আ + র্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' (ঈ)-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

রাজকার্য : সরকারী কর্তব্য। বি। তৎসম। রাজ [< রাজন্] + কার্য [কৃ + য (ণ্যৎ)]। ৬।১ রাজার কার্য= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + অ + ক্ + আ + র্ + য্ + অ। বি.দ্র. : র্ + য্ + অ= র্য।

রাজকীয় : সরকারী [সং. রাজন্ + ক + ঈয়]। বিণ। তৎসম। রাজন্ + ক + ঈয়। ৬।২ বানান : র্ + আ + জ্ + অ + ক্ + ঈ + য্ + অ।

রাজকুমার : রাজার ছেলে। বি। তৎসম। রাজ [< রাজন্] + কুমার [কুমারি (ক্রীড়া করা) + অ]। ৬।১ রাজার কুমার= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + অ + ক্ + উ + ম্ + আ + র্ + অ।

রাজকুমারী : রাজার মেয়ে। বি। তৎসম। রাজ [< রাজন্] + কুমার [কুমারি (ক্রীড়া করা) + অ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ রাজার কুমারী= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + অ + ক্ + উ + ম্ + আ + র্ + ঈ।

রাজকুল : রাজার বংশ। বি। তৎসম। রাজ [< রাজন্] + কুল [কুল্ + অ]। ৬।১ রাজার কুল [বংশ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + অ + ক্ + উ + ল্ + অ।

রাজকোষ : রাজকীয় ধন-ভাণ্ডার। বি। তৎসম। রাজ [< রাজন্] + কোষ [কুষ্ + অ]। ৬।১ রাজার কোষ [ধনভাণ্ডার]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + অ + ক্ + ও + ষ্ + অ। বি.দ্র. : 'ও'-র 'ষ' হয়েছে। ৪।২।ক

রাজচ্ছত্র : রাজার মাথার ওপরে শোভিত ছাতা। বি। তৎসম। রাজ [< রাজন্] + ছত্র [ছদ্ + ণিচ্ + র]। ৬।১ [সন্ধি] অ + ছ= অচ্ছ। ২।১৪ রাজার ছত্র= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + অ + চ্ + ছ্ + অ + ত্ + র্ + অ। বি.দ্র. : চ্ + ছ্ + অ= চ্ছ, ত্ + র্ + অ= ত্র।

রাজটিকা : রাজ্যাভিষেক-কালে রাজার ললাটে অঙ্কিত তিলক। বি। তৎসম। রাজ [< রাজন্] + টিকা [< সং. তিলক]। রাজার কপালে অঙ্কিত টিকা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : র্ + আ

+ জ্ + অ + ট্ + ই + ক্ + আ।

রাজড়া : ক্ষুদ্র রাজা। তদ্ভব। রাজ [< রাজন্] + বাং. ড়া। বানান: র্ + আ + জ্ + ড়্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যস্থিত 'জ' হসন্ত-চিহ্ন-হীন।

রাজতক্ত : সিংহাসন। [সং. রাজ + ফা. তখ্ত]। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। রাজ [সং. রাজন্] + তক্ত [ফা. তক্ত]। রাজার বসবার তখ্ত= মধ্যপ-কর্মধা। ৩।২ বাংলা বানান: র্ + আ + জ্ + অ + ত্ + অ + ক্ + ত্ + অ।

রাজতন্ত্র : রাজার শাসন-ব্যবস্থা। বি। তৎসম। রাজ [রাজন্] + তন্ত্র [তন্ + ত্র]। ৬।১ রাজার তন্ত্র [শাসন-ব্যবস্থা]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ত্ + অ + ন্ + ত্ + র্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + র্ + অ= ন্ত্র।

রাজতরু : সোঁদালগাছ। বি। তৎসম। রাজ [রাজন্] + তরু [তৃ + উ]। ৬।১ তরুদের বাজা= সম্বন্ধতৎ। ['আ'-কার লুপ্ত]। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ত্ + অ + র্ + উ। বি.দ্র. : র্ + উ= রু।

রাজতিলক : রাজটিকা। বি। তৎসম। রাজ [বাজন্] + তিলক [তিল + ক]। ৬।২ রাজার [ললাটের] তিলক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ত্ + ই + ল্ + অ + ক্ + অ।

রাজত্ব : রাজার অধিকার বা আমল। বি। তৎসম। রাজ [রাজন্] + ত্ব। ৬।২ বানান: র্ + আ + জ্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র. : ত্ + ব্ + অ= ত্ব।

রাজদত্ত : রাজার প্রদত্ত। বিণ। তৎসম। রাজ [রাজন্] + দত্ত [দা + ত]। ৬।১ রাজার দ্বারা দত্ত= করণতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + দ্ + অ + ত্ + ত্ + অ। বি.দ্র. : ত্ + ত্ + অ= ত্ত।

রাজদম্পতি : রাজা ও তাঁর পত্নী। বি। তৎসম। রাজ [রাজন্] + দম্পতি [জায়া (জন্ + য + আ) + পতি [পা+অতি]। জায়া ও পতি= দ্বন্দ্ব। ৩।৪ রাজার দম্পতি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + দ্ + অ + ম্ + প্ + অ + ত্ + ই।

রাজদরবার : রাজসভা। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। রাজ [< সং. রাজন্] + দরবার [ফা. দর্বার]। রাজার দরবার= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + দ্ + অ + র্ + ব্ + আ + র্। বি.দ্র. : শব্দ-মধ্যের এবং শব্দান্তের 'র'-দুটি হসন্ত-বর্জিত।

রাজদর্শন : রাজার সঙ্গে সাক্ষাৎকার। বি। তৎসম। রাজ [রাজন্] + দর্শন [দৃশ্ + অন]। ৬।১ রাজার দর্শন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + দ্ + অ + র্ + শ্ + অ + ন্ + অ। বি.দ্র. : র্ + শ্ + অ= র্শ।

রাজদূত : সরকারী সংবাদবাহক, ভিন্ন রাষ্ট্রের সংবাদ আদান-প্রদানের জন্য নিযুক্ত রাজপুরুষ (ambassador]। বি। তৎসম। রাজ [রাজন্] + দূত [দূ+ত]। ৬।১ রাজার দূত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + দ্ + ঊ + ত্ + অ। বি.দ্র. : দ্ + ঊ= দূ।

রাজদ্রোহ : রাজ বা সরকারের বিরুদ্ধাচরণ। বি। তৎসম। রাজ [রাজন্] + দ্রোহ [দ্রুহ্ + অ]। ৬।১ রাজার বিরুদ্ধে দ্রোহ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + আ + জ্ + অ + দ্ + র্ + ও + হ্ + অ। বি.দ্র. : দ্ + র্ + ও = দ্রো।

রাজদ্রোহিতা : রাজা বা সরকারের বিরুদ্ধাচরণ। বি। তৎসম। রাজ [বাজন্] + দ্রোহিতা [দ্রুহ্ + ইত (< ইন্) + আ]। ৬।১ রাজার বিরুদ্ধে দ্রোহিতা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + আ + জ্ + অ + দ্ + র্ + ও + হ্ + ই + ত্ + আ। বি.দ্র. : দ্ + র্ + ও= দ্রো।

রাজদ্রোহী : রাজার বিরুদ্ধে বিদ্রোহকারী। বিণ, বি। তৎসম। রাজ [রাজন্] + দ্রোহী [দ্রুহ্ + ইন্

(ঈ)]। ৬।১ রাজার বিরুদ্ধে দ্রোহ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + দ্ + র্ + ও + হ্ + ঈ। বি.দ্র.: দ্ + র্ + ও= দ্রো। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

রাজদ্বার: রাজদরবার। বি। তৎসম। রাজ [রাজন্] + দ্বার [দ্বৃ (বোধ করা) + ণিচ্ + অ]। ৬।১ রাজার [রাজপ্রাসাদের] দ্বার= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + দ্ + ব্ + আ + র্ + অ। বি.দ্র.: দ্ + ব্ + আ= দ্বা।

রাজধর্ম: রাজার কর্তব্য। বি। তৎসম। রাজ [রাজন্] + ধর্ম [ধৃ + ম]। ৬।১ রাজার ধর্ম= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ধ্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র.: র্ + ম্ + অ= র্ম।

রাজধানী: রাজ্য শাসনের প্রধান নগর। বি। তৎসম। রাজ [রাজন্] + ধানী [ধা + অন + ঈ (স্ত্রী)]। ৬।১ রাজার বা রাজপুরুষের ধানী বাসস্থান= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ধ্ + আ + ন্ + ঈ। বি.দ্র.: ন্ + = নী।

রাজন্: হে রাজা। বি। তৎসম। রাজন্— সম্বোধন, একবচন। বানান: র্ + আ + জ্ + অ + ন্।

রাজনন্দন: রাজার ছেলে। বি। তৎসম। রাজ [রাজন্] + নন্দন [নন্দ্ + অন]। ৬।১ রাজার নন্দন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ন্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ।

রাজনন্দিনী: রাজার মেয়ে। বি। তৎসম। রাজ + নন্দিনী [নন্দ্ + ইন (< অন) + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।৮ রাজার নন্দিনী [কন্যা)= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ন্ + অ + ন্ + দ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ন্ + দ্ + ই= ন্দি, ন্ + ঈ = নী।

রাজনামা: রাজবংশের ইতিহাস। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। রাজ [< রাজন্] + নামা [< ফা. নামহ্]। বানান: র্ + আ + জ্ + অ + ন্ + আ + ম্ + আ।

রাজনীতি: রাষ্ট্রশাসন ও পরিচালন-নীতি [Politics]। বি। তৎসম। রাজ [রাজন্] + নীতি [নী + তি]। ৬।১ রাজার নীতি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ন্ + ঈ + ত্ + ই। বি.দ্র.: আগে 'ঈ', পরে 'ই'।

রাজনীতিজ্ঞ: রাজনীতিশাস্ত্রে পণ্ডিত। বিণ। তৎসম। রাজনীতি ['রাজনীতি' দ্রষ্টব্য] + জ্ঞা [জ্ঞা + অ]। ৬।১ রাজনীতি জানেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ন্ + ঈ + ত্ + ই + জ্ + ঞ্ + অ। বি.দ্র.: জ্ + ঞ্ + অ= জ্ঞ।

রাজনৈতিক: রাজনীতি-সংক্রান্ত, রাজনীতিজ্ঞ। বিণ। তৎসম। রাজনীতি ['রাজনীতি' দ্রষ্টব্য] + ইক (ষ্ণিক)]। ৬।২ বানান: র্ + আ + জ্ + অ + ন্ + ঐ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র.: ন্ + ঐ= নৈ।

রাজন্য: সামন্ত নৃপতি, রাজবংশের লোক। বি। তৎসম। রাজন্ + য [ষ্ণ্য]। ৬।২ বানান: র্ + আ + জ্ + অ + ন্ + য্ + অ। বি.দ্র.: ন্ + য্ + অ।

রাজপট্ট: রাজপাট। বি। তৎসম। রাজ [রাজন্] + পট্ট [পট্ + ত]। ৬।১ রাজার বসবার পট্ট [আসন]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + আ + জ্ + অ + প্ + অ + ট্ + ট্ + অ। বি.দ্র.: ট্ + ট্ + অ= ট্ট।

রাজপথ: সদর রাস্তা। বি। তৎসম। রাজ [রাজন্] + পথ [পথ্ + অ]। ৬।১ পথদের রাজা [শ্রেষ্ঠ]= সম্বন্ধতৎ [পরনিপাত]। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + প্ + অ + থ্ + অ।

রাজপাট : রাজাসন। বি। তৎসম। রাজ [রাজন্] + পাট [< সং. পট্ট]। রাজার বসবার পাট [পাটা= আসন]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + আ + জ্ + অ + প্ + আ + ট্ + অ।

রাজপুত : রাজপুতানার অধিবাসী। বি। তদ্ভব। রাজ [< রাজন্] + পুত [< সং. পুত্র]। রাজার পুত [পুত্র]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + প্ + উ + ত্ + অ।

রাজপুতানী : রাজপুতানার স্ত্রীলোক। বি। তদ্ভব। রাজপুত ['রাজপুত' দ্রষ্টব্য] + আনী [স্ত্রী]। ৭।২।ঙ বানান: র্ + আ + জ্ + অ + প্ + উ + ত্ + আ + ন্ + ঈ।

রাজপুত্র : রাজার ছেলে। বি। তৎসম। রাজ [< রাজন্] + পুত্র [পুৎ + ত্রৈ + অ]। ৬।১ রাজার পুত্র= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + প্ + উ + ত্ + র্ + অ। বি.দ্র.: ত্ + র্ + অ= ত্র।

রাজপুত্রী : রাজার মেয়ে। বি। তৎসম। রাজ [< রাজন্] + পুত্রী [পুত্র [পুৎ + ত্রৈ + অ) + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ রাজার পুত্রী- সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + প্ + উ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: ত্ + র্ + ঈ- ত্রী।

রাজপুরী : রাজধানী। বি। তৎসম। রাজ [< রাজন্] + পুরী [পুর (পৃ + ক্বিপ্) + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ রাজার পুরী= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + প্ + উ + র্ + ঈ।

রাজপুরুষ : সরকারী চাকুরে। বি। তৎসম। রাজ [< রাজন্] + পুরুষ [পৃ + উষ]। ৬।১ রাজার পুরুষ [প্রতিনিধি বা কর্মচারী]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + প্ + উ + র্ + উ + ষ্ + অ। বি.দ্র.: 'উ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

রাজপ্রসাদ : রাজার অনুগ্রহ। বি। তৎসম। রাজ [< রাজন্] + প্রসাদ [প্র+সদ্+অ]। ৬।১ রাজার প্রসাদ [অনুগ্রহ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + প্ + র্ + অ + স্ + আ + দ্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ= প্র।

রাজপ্রাসাদ : রাজবাটি, রাজবাড়ি, রাজভবন, রাজার অট্টালিকা। বি। তৎসম। রাজ [< রাজন্] + প্রাসাদ [প্র (আ) + সদ্ + অ]। ৬।১ রাজার প্রাসাদ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + প্ + র্ + আ + স্ + আ + দ্ + অ। বি.দ্র.: প্ + র্ + আ= প্রা।

রাজবংশ : রাজকুল। বি। তৎসম। রাজ [< রাজন্] + বংশ [বম্ + শ]। ৬।১ রাজার বংশ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ব্ + অ + ং + শ্ + অ।

রাজবংশী : এক শ্রেণীর হিন্দু জাতি। বি। তদ্ভব। < সং. বাজবংশ্য। বানান: র্ + আ + জ্ + অ + ব্ + অ + ং + শ্ + ঈ।

রাজবংশীয় : রাজবংশে জাত। বিণ। তৎসম। রাজ [< রাজন্] + বংশ + ঈয়। ৬।২ রাজার বংশীয়= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ব্ + অ + ং + শ্ + ঈ + য়্ + অ। বি.দ্র.: শ্ + ঈ= শী।

রাজবংশীয়া : রাজবংশে জাতা। বিণ। তৎসম। রাজবংশীয় ['রাজবংশীয়' দ্রষ্টব্য + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: র্ + আ + জ্ + অ + ব্ + অ + ং + শ্ + ঈ + য্ + আ। বি.দ্র.: শ্ + ঈ= শী।

রাজবর্ম্ম : রাজপথ [সং. বাজ + বর্ত্ম]। বি। তৎসম। রাজ [রাজন্] + বর্ত্ম [বৃৎ + মন্]। ৬।১ বর্ত্মদের রাজা= সম্বন্ধতৎ। [পরনিপাত]। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ব্ + অ + র্ + ত্ + ম্ + অ। বি.দ্র.: র্ + ত্ + ম্ + অ= র্ত্ম।

রাজবালা: রাজার মেয়ে। বি। তৎসম। রাজ [< রাজন্] + বালা [বাল + আ (স্ত্রী)]। ৭।১।ক রাজার বালা [বালিকা]= সম্বন্ধতৎ। ৩।৩

রাজবেশ: রাজার সাজসজ্জা। বি। তৎসম। রাজ [< রাজন্] + বেশ [বিশ্ + অ]। ৬।১ রাজার বেশ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ব্ + এ + শ্ + অ।

রাজভক্ত: রাজার অনুরক্ত। বিণ। তৎসম। রাজ [< রাজন্] + ভক্ত [ভজ্ + ত]। ৬।১ রাজার ভক্ত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ভ্ + অ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ= ক্ত।

রাজভক্তি: রাজার প্রতি আনুগত্য। বি। তৎসম। রাজ [< রাজন্] + ভক্তি [ভজ্ + তি]। ৬।১ রাজাকে [রাজার প্রতি] ভক্তি= কর্মতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ভ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + ই= ক্তি।

রাজভাষা: রাষ্ট্রভাষা। [সং. রাজ + ভাষা]। বি। তৎসম। রাজ [< বাজন্] + ভাষা [ভাষ্ + অ + আ]। ৬।১ রাজার ভাষা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ভ্ + আ + ষ্ + আ। বি.দ্র.: 'ভাষা'-র 'ষ' স্বাভাবিক।

রাজভৃত্য: রাজার চাকর। বি। তৎসম। রাজ [< রাজন্] + ভৃত্য [ভৃ + য(যৎ)]। ৬।১ রাজার ভৃত্য= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ভ্ + ঋ + ত্ + য্ + অ। বি.দ্র.: ভ্ + ঋ= ভৃ, ত্ + য্ + অ= ত্য।

রাজভোগ: রাজার যোগ্য খাদ্য, বৃহদাকার রসগোল্লা। বি। তৎসম। রাজ [< রাজন্] + ভোগ [ভুজ্ + অ]। ৬।১ রাজার ভোগ= সম্বন্ধতৎ। ৩।৩

রাজভোগ্য: নৃপতি কর্তৃক উপভোগের যোগ্য। বিণ। তৎসম। রাজ [< রাজন্] + ভোগ্য [ভুজ্ + য (যৎ)]। ৬।১ রাজার ভোগ্য= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ভ্ + ও + গ্ + য্ + অ। বি.দ্র.: গ্ + য্ + অ= গ্য।

রাজভোগ্যা: রাজার উপভোগের যোগ্যা। বিণ। তৎসম। রাজভোগ্য ['রাজভোগ্য' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক রাজার ভোগ্যা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ভ্ + ও + গ্ + য্ + আ। বি.দ্র.: গ্ + য্ + আ= গ্যা।

রাজমহিষী: পাটরানী। বি। তৎসম। রাজার মহিষী [রানী]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ম্ + অ + হ্ + ই + ষ্ + ঈ। বি.দ্র.: 'মহিষী'-র 'ই'-কারের পর 'ষ' হয়েছে এবং 'ঈ'-স্ত্রী-প্রত্যয় যোগের কারণে 'ষী' হয়েছে।

রাজমান্য: রাজার প্রাপ্য উপঢৌকনাদি। বি। তৎসম। রাজ [< রাজন্] + মান্য [মান্ + য (যৎ)]। ৬।১ রাজার মান্য= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ম্ + আ + ন্ + য্ + অ। বি.দ্র.: ন্ + য্ + অ= ন্য।

রাজমিস্ত্রি: অট্টালিকা-নির্মাণকারী দক্ষ কারিগর। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। রাজ [< সং. রাজন্] + মিস্ত্রি [< পো. mestre]। বাংলা বানান: র্ + আ + জ্ + অ + ম্ + ই + স্ + ত্ + র্ + ই। বি.দ্র.: স্ + ত্ + র্ + ই= স্ত্রি।

রাজমুকুট: রাজার শিরোভূষণ। বি। তৎসম। [< রাজন্] + মুকুট [মন্ক্ + উট]। ৬।১ রাজার মুকুট= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + ম্ + উ + ক্ + উ + ট্ + অ।

রাজযক্ষ্মা: কঠিনতম যক্ষ্মা। বি। তৎসম। রাজ [< রাজন্] + যক্ষ্মা [যক্ষ্ + মন্]। ৬।১ রাজার [চন্দ্রের] যক্ষ্মা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ +

অ + জ্ + অ + য্ + অ + ক্ + ষ্ + ম্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + ম্ + আ= ক্ষ্মা। যে যক্ষ্মা দুরারোগ্য।

রাজযোগ : যোগমার্গের এক প্রকার সাধন-পদ্ধতি [সং. রাজ + যোগ]। বি। তৎসম। রাজ [< রাজন্] + যোগ [যুজ্ + অ]। ৬।১ যোগের রাজা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + য্ + ও + গ্ + অ।

রাজযোটক : বরকন্যার অতি শুভসূচক মিল। বি। তৎসম। রাজ [< রাজন্] + যোটক [যু + ট + ক]। যোটকসমূহের রাজা [শ্রেষ্ঠ]= সম্বন্ধতৎ। [পরনিপাত]। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + য্ + ও + ট্ + অ + ক্ + অ। বি.দ্র. : য্ + ও= যো।

রাজ-রাজ : রাজার রাজা। বি। তৎসম। রাজ [< রাজন্] + রাজ [< রাজন্]। রাজার রাজা= সম্বন্ধতৎ। ৩।৩

রাজ-রাজড়া : রাজা ও সমতুল্য মান্য ব্যক্তি। বি। তদ্ভব। রাজ + রাজড়া [রাজ + বাং. ড়া]। ৬।১ ক্ষুদ্র রাজা= রাজড়া। রাজা ও রাজড়া= দ্বন্দ্ব। ৩।৪

রাজ-রাজেশ্বর : রাজার রাজা। বি। তৎসম। রাজ + রাজা + ঈশ্বর [ঈশ্ + বর (বৃ + অ)]। ৬।১ [সন্ধি] আ + ঈ= এ [জে]। ২।৪।ঘ রাজার রাজা= সম্বন্ধতৎ, তার ঈশ্বর [রাজা]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + র্ + আ + জ্ + এ + শ্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + অ= শ্ব।

রাজ-রাজেশ্বরী : সম্রাজ্ঞী। বি। তৎসম। রাজ-রাজেশ্বর ['রাজ-রাজেশ্বর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: র্ + আ + জ্ + অ + র্ + আ + জ + এ + শ্ + ব্ + অ + র্ + ঈ।

রাজরানী : পাটরানী। বি। তদ্ভব। রাজ [শ্রেষ্ঠ] + রানী [< সং. রাজ্ঞী]। রাজ [শ্রেষ্ঠা যে রানী]= কর্মধা। ৩।২ বানান: র্ + আ + জ্ + অ + র্ + আ + ন্ + ঈ।

রাজর্ষি : ঋষিতুল্য রাজা। বি। তৎসম। রাজ + ঋষি [ঋষ্ + ই]। ৬।১ [সন্ধি] অ + ঋ= অর্। ২।৬।ক অর্ + ষি= অর্ষি। যিনি রাজা, তিনিই ঋষি= কর্মধা। ৩।২ বানান: র্ + আ + জ্ + অ + র্ + ষ্ + ই। বি.দ্র. : র্ + ষ্ + ই= র্ষি।

রাজলক্ষ্মী : রাজ্যের অধিষ্ঠাত্রী দেবী। বি। তৎসম। রাজ + লক্ষ্মী [লক্ষ্ + ম + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক রাজ্যের অধিষ্ঠাত্রী লক্ষ্মী= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + আ + জ্ + অ + ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ। বি.দ্র. : ক্ + ষ্ + ম্ + ঈ= ক্ষ্মী।

রাজশক্তি : রাজার সৈন্যবল। বি। তৎসম। রাজ + শক্তি [শক্ + তি]। ৬।১ রাজার শক্তি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + শ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র. : ক্ + ত্ + ই= ক্তি।

রাজশেখর : রাজচক্রবর্তী। বি। তৎসম। রাজ + শেখর [শী + খর [শেতে শিরসি)]। রাজার শেখর [মুকুট]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + শ্ + এ + খ্ + অ + র্ + অ।

রাজসংস্করণ : পুস্তকাদির শোভন সংস্করণ [রাজ + সংস্করণ]। বি। তৎসম। রাজ + সংস্করণ [সম্ + করণ (কৃ + অন)]। ৬।১ [সন্ধি] ম্ + ক= ংস্ক। ২।২৯ রাজ [শ্রেষ্ঠ] সংস্করণ= কর্মধা। ৩।২ বানান: র্ + আ + জ্ + অ + স্ + অ + ং + স্ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

রাজসদন : রাজপ্রাসাদ। বি। তৎসম। রাজ + সদন [সদ্ + অন]। ৬।১ রাজার সদন [প্রাসাদ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ +

অ + স্ + অ + দ্ + অ + ন্ + অ।

রাজসভা : রাজদরবার। বি। তৎসম। রাজ + সভা [স(সহ) + ভা + অ + আ]। ৬।১ রাজার সভা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + স্ + অ + ভ্ + আ।

রাজসর্প: অতি বৃহৎ ও তীব্র বিষধর সাপ। বি। তৎসম। রাজ + সর্প [সৃপ্ + অ]। ৬।১ সর্পদের রাজা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + স্ + অ + র্ + প্ + অ। বি.দ্র.: র্ + প্ + অ= র্প।

রাজসাক্ষী: যে আসামী সরকার পক্ষের সাক্ষী [approver] বি। তৎসম। রাজ + সাক্ষী [সাক্ষাৎ + ইন্ (ঈ)]। ৬।২ রাজ [সরকার] পক্ষীয় সাক্ষী= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + আ + জ্ + অ + স্ + আ + ক্ + ষ্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + ঈ= ক্ষী।

রাজসিংহাসন: রাজার আসন। বি। তৎসম। রাজ + সিংহাসন [সিংহ (হিন্স্ + অ) + আসন [আস্ + অন)]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [হা]। ২।১।খ সিংহ চিহ্নিত আসন= মধ্যপ-কর্মধা। ৩।২ বাজাব সিংহাসন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + স্ + ই + ং + হ্ + আ + স্ + অ + ন্ + অ।

রাজসিক: সাড়ম্বর। বিণ। তৎসম। রাজস [রজস্ + অ] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: র্ + আ + জ্ + অ + স্ + ই + ক্ + অ।

রাজসূয়: রাজচক্রবর্তীর অনুষ্ঠেয় যজ্ঞ। বি। তৎসম। রাজ + সূ + য [যৎ]। ৬।১ যে যজ্ঞে রাজা মঙ্গলপূর্বক স্নান করেন= উপপদতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + স্ + ঊ + য্ + অ। বি.দ্র.: স্ + ঊ= সূ।

রাজসেবা: সরকারী চাকরি। বি। তৎসম। রাজ + সেবা [সেব্ + অ + আ] ৬।১ রাজার সেবা= সম্বন্ধতৎ। ৩।৩

রাজস্ব: রাজাকে বা সরকারকে দেয় খাজনা। বি। তৎসম। রাজ + স্ব। বানান: র্ + আ + জ্ + অ + স্ + ব্ + অ। বি.দ্র.: স্ + ব্ + অ= স্ব।

রাজহংস: মরাল। বি। তৎসম। রাজ + হংস [হন্ + [স-আগম] + অ]। ৬।১ হংসদের রাজা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + হ্ + অ + ং + স্ + অ।

রাজহস্তী: রাজাকে বহন করার উপযুক্ত হাতি। বি। তৎসম। রাজ + হস্তী [হস্ত + ইন্ (ঈ)]। ৬।২ রাজার হস্তী= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + হ্ + অ + স্ + ত্ + ঈ। বি.দ্র.: স্ + ত্ + ঈ= স্তী।

রাজহাঁস: মরাল। বি। তদ্ভব। রাজ + হাঁস [< সং. হংস] হাঁসদের বাজা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + অ + হ্ঁ + অ + স্ + অ।

রাজা: নৃপতি। বি। তৎসম। রাজা [< সং. রাজন্]। বানান: র্ + আ + জ্ + আ।

রাজা-উজির: ধনী ও প্রতিপত্তিশালী ব্যক্তিগণ। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। রাজা [< সং. রাজন্] + উজির [< আ. ওয়াজীর্]। বাংলা বানান: র্ + আ + জ্ + আ + উ + জ্ + ই + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

রাজাজ্ঞা: রাজার হুকুম। বি। তৎসম। রাজা [< সং. রাজন্] + আজ্ঞা [আ + জ্ঞা + অ + আ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [জা]। ২।১।গ রাজার আজ্ঞা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + আ + জ্ + ঞ্ + আ। বি.দ্র.: জ্ + ঞ্ + আ= জ্ঞা।

রাজাদেশ: রাজার হুকুম। বি। তৎসম। রাজ [< সং. রাজন্] + আদেশ [আ + দিশ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [জা]। ২।১।খ রাজার আদেশ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + আ + জ্ + আ + দ্ + এ + শ্ + অ।

রাজাধিরাজ : রাজাদের রাজা। বি। তৎসম। রাজ [< সং. রাজন্] + অধিরাজ [অধি + রাজ [< রাজন্]। [সন্ধি] অ + অ= আ [জা]। ২।১।ক অধিক রাজা= প্রাদি সমাস। রাজার অধিরাজ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + আ + ধ্ + ই + র্ + আ + জ্ + অ।

রাজানুকম্পা : রাজার দয়া। বি। তৎসম। রাজ [< সং. রাজন্] + অনুকম্পা [অনু + কম্প্ + অ + আ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [জা]। ২।১।ক রাজার অনুকম্পা [দয়া]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + আ + ন্ + উ + ক্ + অ + ম্ + প্ + আ। বি.দ্র. : ম্ + প্ + আ= ম্পা।

রাজানুগ্রহ : রাজার দয়া। বি। তৎসম। রাজ [< সং. রাজন্] + অনুগ্রহ [অনু + গ্রহ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [জা]। ২।১।ক রাজার অনুগ্রহ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + আ + ন্ + উ + গ্ + র্ + অ + হ্ + অ।

রাজান্তঃপুর : রাজবাড়ির অন্দরমহল। বি। তৎসম। রাজ [< সং. রাজন্] + অন্তঃপুর [অন্তঃ + পুর (পৃ + কিপ্)]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [জা]। ২।১।খ ঃ + পু= ঃপু। ২।৩৯ রাজার অন্তঃ+পুর= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + আ + ন্ + ত্ + অ + ঃ + প্ + উ + র্ + অ।

রাজাবলি, রাজাবলী : কোন রাজ্যের রাজাদের বংশতালিকা। বি। তৎসম। রাজ [< সং. রাজন্] + আবলি, আবলী [আ + বল্ + ই, ঈ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [জা]। ২।১।ক রাজাদের আবলি, আবলী [শ্রেণী]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + আ + ব্ + অ + ল্ + ই, ঈ।

রাজাসন : রাজার সিংহাসন। বি। তৎসম। রাজ [< সং. রাজন্] + আসন [আস্ + অন]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [জা]। ২।১।খ রাজার আসন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + আ + জ্ + আ + স্ + অ + ন্ + অ।

রাজি, রাজী : সারি। বিণ। তৎসম। রাজ্ + ই, ঈ। ৬।১ বানান : র্ + আ + জ্ + ই, ঈ।

রাজি, রাজী : সম্মত। বিণ। বিদেশী। < ফা. রাজী। বাংলা বানান : র্ + আ + জ্ + ই, ঈ।

রাজিত : বিরাজিত। বিণ। তৎসম। রাজ্ + ত। ৬।১ বানান : র্ + আ + জ্ + ই + ত্ + অ।

রাজিনামা, রাজীনামা : মকদ্দমার নিষ্পত্তিতে রাজী উভয়পক্ষের সম্মতি-পত্র। বি। বিদেশী। রাজি, রাজী [< ফা. রাজী] + নামা [< ফা. নামহ্]। বাংলা বানান : র্ + আ + জ্ + ই, ঈ + ন্ + আ + ম্ + আ।

রেস্তোরাঁ: বসে চা জলখাবার খাবার দোকান। বি। বিদেশী। <ফরাসী. restaurant. বাংলা বানান: র্ + এ + স্ + ত্ + ও + রঁ্ + আ। বি.দ্র.: স্ + ত্ + ও= স্তো, রঁ্ + আ= রাঁ।

রেহাই: নিষ্কৃতি, ছাড়। বি। বিদেশী। <ফা. রিহাঈ। বাংলা বানান: র্ + এ + হ্ + আ + ই।

রেহান: বন্ধক [mortgage]। বি। বিদেশী। <আ. রেহ্ন্। বাংলা বানান: র্ + এ + হ্ + আ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্তবর্জিত।

রৈখিক: রেখাদ্বারা অঙ্কিত। বিণ। তৎসম। রেখা + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: র্ + ঐ + খ্ + ই + ক্ + অ। বি.দ্র.: র্ + ঐ= রৈ, খ্ + ই= খি।

রৈ-রৈ: তুমুল জনকোলাহল [বাং. ধ্বন্যাত্মক শব্দ]। অব্য। দেশী। বানান: র্ + ঐ + র্ + ঐ।

রোঁদ: সীমিত এলাকায় সীমিত সময় জুড়ে ঘুরে ঘুরে পাহারা। বি। বিদেশী। <ইং. round. বাংলা বানান: রঁ্ + ও + দ্। বি.দ্র.: শব্দান্তের 'দ' হসন্তবর্জিত।

রোঁয়া: লোম। বি। তদ্ভব। <সং. রোমন্। বানান: রঁ্ + ও + য়্ + আ।

রোক: নগদটাকা [ready money]। বি। তৎসম। সং. রুচ্ + অ। বানান: র্ + ও + ক্ + অ। বি.দ্র.: র্ + ও= রো।

রোকড়: নগদ টাকাকড়ির হিসাব। বি। তদ্ভব। রোক [রুচ্ + অ] + বাং. ড়। বানান: র্ + ও + ক্ + অ + ড়্। বি.দ্র.: শব্দান্তের 'ড়' হসন্তবর্জিত।

রোকা: হাতচিটা। বি। বিদেশী। <আ. রুক্কা। বাংলা বানান: র্ + ও + ক্ + আ। বি.দ্র.: র্ + ও= রো।

রোখ: জিদ। বি। তদ্ভব। <সং. রোষ। [ষ>খ]। বানান: র্ + ও + খ। বি.দ্র.: র্ + ও= রো।

রোখা: দিক্‌যুক্ত [দো-রোখা], জেদী [বাং. রোখ + আ], গতিরোধ করা। বি। তদ্ভব। <সং. রুষ্ + বাং. অ। [ষ্ >খ্]। বানান: র্ + ও + খ্ + আ। বি.দ্র.: র্ + ও= রো।

রোগ: ব্যাধি। বি। তৎসম। রুজ্ + অ। ৬।১ বানান: র্ + ও + গ্ + অ।

রোগগ্রস্ত: রোগাক্রান্ত। বিণ। তৎসম। রোগ [রুজ্ + অ] + গ্রস্ত [গ্রস্ + ত]। ৬।১ রোগের দ্বারা গ্রস্ত= করণতৎ। ৩।৩ বানান: র্ + ও + গ্ + অ + গ্ + র্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: গ্ + র্ + অ = গ্র, স্ + ত্ + অ= স্ত।

রোগজীর্ণ : ব্যাধি-জনিত শীর্ণ। বিণ। তৎসম। রোগ [রুজ্ + অ] + জীর্ণ [জৃ + ত]। ৬।১ রোগের দ্বারা জীর্ণ= করণতৎ। ৩।৩ বানান: র্ + ও + গ্ + অ + জ্ + ঈ + র্ + ণ্ + অ। বি.দ্র.: জ্ + ঈ= জী, র্ + ণ্ + অ= র্ণ। 'র্'-এর ঠিক পরেই 'ণ্' হয়েছে। ৪।২।ক

রোগভোগ : রোগ-যন্ত্রণা সহন। বি। তৎসম। রোগ [রুজ্ + অ] + ভোগ [ভুজ্ + অ]। ৬।১ রোগের ভোগ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + ও + গ্ + অ + ভ্ + ও + গ্ + অ।

রোগমুক্ত : যে আরোগ্য লাভ করেছে। বিণ। তৎসম। রোগ [রুজ্ + অ] + মুক্ত [মুচ্ + ত]। ৬।১ রোগ থেকে মুক্ত = অপাদানতৎ। ৩।৩ বানান: র্ + ও + গ্ + অ + ম্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ম্ + উ= মু, ক্ + ত্ + অ= ক্ত।

রোগযন্ত্রণা : ব্যাধি-জনিত কষ্ট। বি। তৎসম। রোগ [রুজ্ + অ] + যন্ত্রণা [যন্ত্র্ + অন + আ]। ৬।১ রোগের যন্ত্রণা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + ও + গ্ + অ + য্ + অ + ন্ + ত্ + র + অ + ণ্ + আ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + অ= ন্ত্র, 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

রোগশয্যা : রোগীর বিছানা। বি। তৎসম। রোগ [রুজ্ + অ] + শয্যা [শী + য (যৎ) + আ]। ৬।১ রোগের নিমিত্ত শয্যা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + ও + গ্ + অ + শ্ + অ + য্ + য্ + আ। বি.দ্র.: য্ + য্ + আ= য্যা।

রোগশোক : ব্যাধি ও বিয়োগজনিত দুঃখ। বি। তৎসম। রোগ [রুজ্ + অ] + শোক [শুচ্ + অ]। ৬।১ রোগ ও শোক = দ্বন্দ্ব। ৩।৪ বানান: র্ + ও + গ্ + অ + শ্ + ও + ক্ + অ।

রোগা : শীর্ণ। বিণ। তদ্ভব। সং. রোগ [রুজ্ + অ] + বাং. আ। ৬।৩ বানান: র্ + ও + গ্ + অ।

রোগাটে : কৃশ। বিণ। তদ্ভব। রোগ [রুজ্ + অ] + বাংলা.আ + বাং. টে <টিয়া। ৬।৩ বানান: র্ + ও + গ্ + আ + ট্ + এ।

রোগা-পটকা : দুবলা-পাতলা। বিণ। মিশ্র [তদ্ভব + বিদেশী]। রোগা [সং. রোগ + বাং. আ] + পটকা [<হি. পটকানা]। রোগা ও পটকা [অতিশয় পাতলা] = দ্বন্দ্ব। ৩।৪ বানান: র্ + ও + গ্ + আ + প্ + অ + ট্ + ক্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ট' হসন্ত-বর্জিত।

রোগিণী : পীড়িতা। বিণ। তৎসম। রোগ + ইন্ + ঈ। ৬।১, ৭।১।চ রোগে পীড়িত যে [স্ত্রী]। বানান: র্ + ও + গ্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'ও' 'গ' 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

রোগী : রোগগ্রস্ত। বিণ। তৎসম। রোগ [রুজ্ + অ] + ইন্ [ঈ]। ৬।১ বানান: র্ + ও + গ্ + ঈ।

রোচক : রুচিকর। বিণ। তৎসম। রুচ্ + ণিচ্ + অক। ৬।১ বানান: র্ + ও + চ্ + অ + ক্ + অ।

রোচনা : গো-পিত্ত। বি। তৎসম। রুচ্ + অন + আ। ৬।১ বানান: র্ + ও + চ্ + অ + ন্ + আ।

রোচনী : পুদিনা শাক। বি। তৎসম। রুচ্ + অন + ঈ। ৬।১ বানান: র্ + ও + চ্ + অ + ন্ + ঈ।

রোচ্য : রুচিকর হওয়ার যোগ্য। বিণ। তৎসম। রুচ্ + য [যৎ]। ৬।১ বানান: র্ + ও + চ্ + য্ + অ। বি.দ্র.: র্ + ও + চ্ + য্ + অ। বি.দ্র.: চ্ + য্ + অ= চ্য।

রোজ : দিন, দৈনিক মজুরি [ফা.]। বি। বিদেশী। <ফা. রোজ। বাংলা বানান: র্ + ও + জ্। শব্দান্তের 'জ' হসন্ত-বর্জিত।

রোজগার : আয়। বি। বিদেশী। <ফা. রোজ্গার্। বাংলা বানান : র্ + ও + জ্ + গ্ + আ + র্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'জ' ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

রোজগারি : উপার্জনক্ষম। বি। বিদেশী। রোজগার ['রোজগার' দ্রষ্টব্য] + বাং. ই। ৬।৩ বানান : র্ + ও + জ্ + গ্ + আ + র্ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের 'জ' হসন্তবর্জিত।

রোজগেরে : উপার্জনক্ষম। বিণ। বিদেশী। রোজগেরে <রোজগারিয়া [ফা. রোজগার+ বাং. ইয়া (>এ)]। ৬।১ বানান : র্ + ও + জ্ + গ্ + এ + র্ + এ।

রোজনামচা : দিনলিপি [diary]। বি। বিদেশী। <ফা. রোজ্নাম্চহ্। বানান : র্ + ও + জ্ + ন্ + আ + ম্ + চ্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যে 'জ' হসন্ত-বর্জিত।

রোজনামা : দিনলিপি [diary]। বি। বিদেশী। <ফা. রোজ্নাম্চহ্। বানান : র্ + ও + জ্ + ন্ + আ + ম্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'জ' হসন্তবর্জিত।

রোজা : রমজান মাসব্যাপী মুসলমানগণের সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত নিরম্বু উপবাস। বি। বিদেশী। <ফা. রোজা। বানান : র্ + ও + জ্ + আ।

রোজা : ওঝা। বি। তদ্ভব। <ওঝা <উপাধ্যায়। বানান : র্ + ও + জ্ + আ।

রোটিকা : রুটি। বি। তৎসম। সং. রোটিকা। বানান : র্ + ও + ট্ + ই + ক্ + আ।

রোড : বড় রাস্তা। বি। বিদেশী। <ইং. road. বাংলা বানান : র্ + ও + ড্। বি.দ্র. : শব্দান্তের 'ড' হসন্তবর্জিত।

রোদ : রৌদ্র। বি। তদ্ভব। < সং. রৌদ্র [রুদ্র + অ]। বানান : র্ + ও + দ্। বি.দ্র. : শব্দান্তের 'দ' হসন্তবর্জিত।

রোদন : কান্না। বি। তৎসম। রুদ্ + অন। ৬।১ বানান : র্ + ও + দ্ + অ + ন্ + অ। বানান : র্ + ও + দ্ + অ + ন্ + অ।

রোদসী : পৃথিবী ও স্বর্গ একত্রে। বি। তৎসম। সং. রোদস্ + ঈ। বানান : র্ + ও + দ্ + অ + স্ + ঈ। বি.দ্র. : স্ + ঈ= সী।

রোদ্দুর : রৌদ্র। বি। অর্ধ-তৎসম। <সং. রৌদ্র [রুদ্র + অ]। বানান : র্ + ও + দ্ + দ্ + উ + র্। বি.দ্র. : দ্ + দ্ + উ= দ্দু। শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

রোধ : বাধাদান। বি। তৎসম। রুধ্ + অ। ৬।১ বানান : র্ + ও + ধ্ + অ।

রোধক : রোধকারী। বিণ। তৎসম। রুধ্ + অক। ৬।১ বানান : র্ + ও + ধ্ + অ + ক্ + অ। বি.দ্র. : র্ + ও= রো।

রোধিনী : রোধকারিণী। বিণ। তৎসম। রুধ্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ যে রোধ করে [স্ত্রী]। বানান : র্ + ও + ধ্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'ধ' [ত-বর্গ] থাকায় 'ন্' 'ণ্' না হয়ে 'ন্'-ই থেকেছে। ৪।১।গ

রোধী : রোধকারী। বিণ। তৎসম। রুধ্ + ইন্ [ঈ]। ৬।১ রোধ করে যে। বানান : র্ + ও + ধ্ + ঈ। বি.দ্র. : র্ + ও= রো, ধ্ + ঈ= ধী।

রোপণ : গাছের বীজ বা চারা মাটিতে পোঁতা বি। তৎসম। রুহ্ + ণিচ্ [= রোপি] + অন। ৬।১ বানান : র্ + ও + প্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে ও, প, অ থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

রোপিত : প্রোথিত। বিণ। তৎসম। রুহ্ + ণিচ্ [=রোপি] + ত। ৬।১ বানান : র্ + ও + প্ + ই + ত্ + অ। বি.দ্র. : র্ + ও= রো।

রুবাইয়াৎ, রোবাইয়াৎ : আরবী বা ফারসী চতুষ্পদী কবিতা। বি। বিদেশী। <আ. রুবাঈআৎ। বাংলা বানান : র্ + উ, ও + ব্ + আ + ই + য়্ + আ + ৎ। বি.দ্র. : র্ + উ= রু, র্ + ও =রো।

রোম : চুল। বি। তৎসম। রোমন্ [রু + মন্]। বানান : র্ + ও + ম্ + অ। বি.দ্র. : র্ + ও= রো।

রোমকূপ : লোমমূলের অতি ক্ষুদ্র ছিদ্র। বি। তৎসম। রোম ['রোম' দ্রষ্টব্য] + কূপ [কু (শব্দ করা, ভেকের শব্দ) + উপ]। ৬।১ [সন্ধি] উ + উ = ঊ [কূ]। ২।৩।ক রোমের কূপ [ছিদ্র] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + ও + ম্ + অ + ক্ + ঊ + প্ + অ। বি.দ্র. : র্ + ও = রো, ক্ + ঊ [উ + উ= ঊ]= কূ।

রোমক : রোম-সম্বন্ধীয়, রোমের অধিবাসী। বিণ। মিশ্র [বিদেশী + তৎসম]। রোম্ [<ইং. Rome] + অক। বানান : র্ + ও + ম্ + অ + ক্ + অ।

রোমজ : লোম থেকে উৎপন্ন। বিণ। তৎসম। রোম ['রোম' দ্রষ্টব্য] + জ [জন্ (উৎপন্ন হওয়া) + অ]। ৬।১ রোম থেকে জন্মে যা= উপপদ-তৎ। ৩।৩ বানান : র্ + ও + ম্ + অ + জ্ + অ।

রোমন্থ, রোমন্থন : জাবর কাটা। বি। তৎসম। রোগ + মন্থ্ + অ, অন। ৬।১ [পশুদের কর্তৃক গিলিত খাদ্য উদ্‌গিরণ করে পুনরায় চর্বণ]। বানান : র্ + ও + ম্ + অ + ন্ + থ্ + অ, + ন্ + অ। বি.দ্র. : ন্ + থ্ + অ= ন্থ।

রোমন্থক, রোমন্থিক : রোমন্থনকারী পশু। বিণ। তৎসম। রোগ + মন্থ্ + অক, ইক। ৬।১ [গিলিত খাদ্য উদ্‌গিরণ করে পুনরায় চর্বণ করে যে]। বানান : র্ + ও + ম্ + অ + ন্ + থ্ + অ, ই + ক্ + অ। বি.দ্র. : ন্ + থ্ + অ= ন্থ, ন্ + থ্ + ই= ন্থি।

রোমফোঁড়া : রোমকূপের মুখে উদ্‌গত স্ফোটক। বি। তদ্ভব। রোম ['রোম' দ্রষ্টব্য] + ফোঁড়া <সং. স্ফোটক]। বানান : র্ + ও + ম্ + অ + ফঁ + ও + ড্ + আ। বি.দ্র. : র্ + ও= রো, ফঁ + ও= ফোঁ।

রোমরাজি : লোমসমূহ। বি। তৎসম। রোম ['রোম' দ্রষ্টব্য] + রাজি [রাজ্ + ই]। ৬।১ [রাজি= শ্রেণী, সমূহ]। রোমের রাজি [সমূহ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + ও + ম্ + অ + র্ + আ + জ্ + ই।

রোমশ : লোমবহুল। বিণ। তৎসম। রোম ['রোম' দ্রষ্টব্য] + শ। ৬।২ বানান : র্ + ও + ম্ + অ + শ্ + অ। বি.দ্র. : র্ + ও।

রোমহর্ষ : গায়ে কাঁটা দেওয়া। বি। তৎসম। রোম ['রোম' দ্রষ্টব্য] + হর্ষ [হৃষ্ + অ]। ৬।১ রোমের হর্ষ [শিহরণ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + ও + ম্ + অ + ঁ + অ + র্ + ষ্ + অ। বি.দ্র. : র্ + ষ্ + অ= র্ষ।

রোমহর্ষক : অত্যন্ত ভীতিপ্রদ। বি। তৎসম। রোম ['রোম' দ্রষ্টব্য] + হর্ষক [হৃষ্ + অক]। ৬।১ রোমকে যা হৃষ্ট [শিহরিত] করে = উপপদতৎ। ৩।৩ বানান : র্ + ও + ম্ + অ + হ্ + অ + র্ + ষ্ + অ + ক্ + অ।

রোমহর্ষণ : লোমহর্ষ। বি। তৎসম। রোম ['রোম' দ্রষ্টব্য] + হর্ষণ [হৃষ্ + অন]। ৬।১ রোমের হর্ষণ [শিহরণ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : র্ + ও + ম্ + অ + হ্ + অ + র্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ১. র্ + ষ্ + অ = র্ষ, 'র্'-এর ঠিক পরেই 'ষ্' হয়েছে। ২. 'ষ' ও 'ন'-এর মাঝখানে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

রোমাঞ্চ : গায়ে কাঁটা দেওয়া। বি। তৎসম। রোম + অন্চ্ + অ। ৬।১ বানান : র্ + ও + ম্ + আ + ঞ্ + চ্ + অ। বি.দ্র. : ঞ্ + চ্ + অ= ঞ্চ।

রোমাঞ্চকর : রোমহর্ষক। বিণ। তৎসম। রোমাঞ্চ [রোম + অন্চ্ + অ] + কর [কৃ + অ]। ৬।১ রোমাঞ্চ করে যা= উপপদতৎ। ৩।৩ বানান : র্ + ও + ম্ + আ + ঞ্ + চ্ + অ +

ক্ + অ + র্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + অ= ঞ্চ।

রোমাঞ্চিত: শিহরিত। বিণ। তৎসম। রোমাঞ্চ [রোম + অন্চ্ + অ] + ইত। ৬।১ বানান: র্ + ও + ম্ + আ + ঞ্ + চ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + ই= ঞ্চি।

রোমাঞ্চিতা: শিহরিতা। বিণ। তৎসম। রোমাঞ্চিত [রোমাঞ্চ + ইত] + আ [স্ত্রী]। ৬।২, ৭।১।ক বানান: র্ + ও + ম্ + আ + ঞ্ + চ্ + ই + ত্ + আ। বি.দ্র.: ঞ্ + চ্ + ই= ঞ্চি।

রোমান ক্যাথলিক: রোমের আর্চবিশপে বিশ্বাসী খ্রিস্টান সম্প্রদায়। বি। বিদেশী। <ইং. Roman Catholic.বাংলা বানান: র্ + ও + ম্ + আ + ন্ + ক্ + য্ + আ + থ্ + অ + ল্ + ই + ক্। বি.দ্র.: ক্ + য্ + আ= ক্যা। শব্দ-মধ্যেব 'ন' ও শব্দান্তের 'ক' হসন্তবর্জিত।

রোমাবলি, রোমাবলী: রোমরাজি। বি। তৎসম। রোম + আবলি, আবলী [আ + বল্ + ই,ঈ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [মা]। ২।১।খ রোমের আবলি, আবলী [সারি, রাজি]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + ও + ম্ + আ + ব্ + অ + ল্ + ই, ঈ।

রোমীয়: রোমদেশীয়, রোমের অধিবাসী। বিণ। বিদেশী। <ইং. Rome + বাং. ঈয়। ৬।২ বাংলা বানান: র্ + ও + ম্ + ঈ + য্ + অ। বি.দ্র.: ম্ + ঈ= মী।

রোমোদগম: লোম গজান। বি। তৎসম। রোম + উদ্গম [উৎ + গম (গম্ + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [মো]। ২।৫।ক ৎ + গ= দ্গ = দগ। ২।১৫ রোমের উদ্গম [উদ্ভব]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: র্ + ও + ম্ + ও + দ্+ গ্ + অ + ম্ + অ। বি.দ্র.: ম্ + ও= মো, দ্ + গ্ + অ = দগ।

রোমোদ্ভেদ: লোম গজান। বি। তৎসম। রোম + উদ্ভেদ [উৎ + ভেদ (ভিদ্ + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [মো]। ২।৫।ক ৎ + ভে= দ্ + ভে = দ্ভে। ২।১৫ রোমের উদ্ভেদ = সম্বন্ধ-তৎ। ৩।৩ বানান: 'র্' + ও + ম্ + ও + দ্ + ভ্ + এ + দ্ + অ। বি.দ্র.: ম্ + ও= মো, দ্ + ভ্ + এ= দ্ভে।

রোয়া: রোপণ করা। ক্রি। তদ্ভব। <সং. রোপণ। বানান: র্ + ও + য়্ + আ।

রোয়াক: বাড়ির সম্মুখস্থ খোলা বারান্দা। বি। বিদেশী। <তুর্কী, রওয়াক্। বাংলা বানান: র্ + ও + য়্ + আ + ক্। বি.দ্র.: শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত।

রোয়ান, রোয়ানো: রোপণ করানো। ক্রি। তদ্ভব। রোয়া [<সং, রোপণ] + আন, আনো। ৬।৩ বানান: র্ + ও + য়্ + আ + ন্ + অ, ও।

রোয়েদাদ: ভাগ-বাটোয়ারা। বি। বিদেশী। <আ. রুএদাদ্। বাংলা বানান: র্ + ও + য়্ + এ + দ্ + আ + দ্। বি.দ্র.: শব্দান্তের 'দ' হসন্তবর্জিত।

রোরুদ্যমান: ক্রমাগত ক্রন্দনরত। বিণ। তৎসম। রুদ্ + যঙ্ + মান [শানচ্]। ৬।১ বানান: র্ + ও + র্ + উ + দ্ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: র্ + ও= রো, র্ + উ= রু, দ্ + য্ + অ= দ্য।

রোরুদ্যমানা: একটানা ক্রন্দনরতা। বিণ। তৎসম। রোরুদ্যমান [রুদ্ + যঙ্ + মান (শানচ্)] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: র্ + ও + র্ + উ + দ্ + য্ + অ + ম্ + আ + ন্ + আ। বি.দ্র.: র্ + ও = রো, র্ + উ= রু, দ্ + য্ + অ= দ্য।

রোল: শোরগোল। বি। তৎসম। বানান: র্ + ও + ল্ + অ। দৃষ্টান্ত: কলরোল।

রোল: নামের ক্রমিক তালিকা। বি। বিদেশী। <

ইং. roll. বাংলা বানান : র্ + ও + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

রোলার : পেষণ-যন্ত্র বা এন্‌জিন। বি। বিদেশী। < ইং. roller. বাংলা বানান : র্ + ও + ল্ + আ + র্। বি.দ্র. : শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

রোশনচৌকি : সানাই ইত্যাদি বাদ্যযন্ত্র-সহযোগে ঐকতানবাদ্য। বি। বিদেশী। < ফা. রোশন্ + হি. চৌকি।

রোশনাই : আলোকসজ্জা। বি। বিদেশী। < ফা. রোশ্‌নী। বাংলা বানান : র্ + ও + শ্ + ন্ + আ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের 'শ' হসন্ত-বর্জিত।

রোশনি : আলোকসজ্জা। বি। বিদেশী। < ফা. রোশ্‌নী। বাংলা বানান : র্ + ও + শ্ + ন্ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের 'শ' হসন্ত-বর্জিত।

রোষ : ক্রোধ। বি। তৎসম। < রুষ্ + অ। বানান : র্ + ও + ষ্ + অ। বি.দ্র. : 'ও'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক।

রোষকষায়িত : ক্রোধে আরক্ত। বিণ। তৎসম। রোষ [রুষ্ + অ] + কষায়িত [কষায় + ইত]। ৬।২ রোষের দ্বারা কষায়িত = করণতৎ। ৩।৩ বানান : র্ + ও + ষ্ + অ + ক্ + অ + ষ্ + আ + য্ + ই + ত্ + অ। বি.দ্র. : র্ + ও = রো, 'ও'-র পর 'ষ' হয়েছে। 'কষা'-র 'ষ' স্বাভাবিক 'ষ'।

রোষাগ্নি : তীব্র ক্রোধ। বি। তৎসম। রোষ [রুষ্ + অ] + অগ্নি [অগ্ + নি]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [া]। ২।১।ক রোষ-রূপ অগ্নি = রূপক-কর্মধা। ৩।২ বানান : র্ + ও + ষ্ +আ + গ্ + ন্ + ই। বি.দ্র. : র্ + ও = রো, 'ও'-র পর 'ষ' হয়েছে। গ্ + ন্ + ই = গ্নি।

রোষানল : তীব্র ক্রোধ। বি। তৎসম। রোষ [রুষ্ + অ] + অনল [অন্ + অল]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [া]। ২।১।ক রোষ-রূপ অনল = রূপক-কর্মধা। ৩।২ বানান : র্ + ও + ষ্ + আ + ন্ + অ + ল্ + অ। বি.দ্র. : 'ও'-র পর 'ষ' হয়েছে।

রোষাবিষ্ট : অত্যন্ত ক্রুদ্ধ। বিণ। তৎসম। রোষ [রুষ্ + অ] + আবিষ্ট [আ + বিশ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [া]। ২।১।খ রোষের দ্বারা আবিষ্ট = করণতৎ। ৩।৩ বানান : র্ + ও + ষ্ + আ + ব্ + ই + ষ্ + ট্ + অ। বি.দ্র. : 'ও'-র পর 'ষ' হয়েছে। 'ই'-র পর ও 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ ষ্ + ট = ষ্ট।

রোষাবিষ্টা : অত্যন্ত ক্রুদ্ধা। বিণ। তৎসম। রোষাবিষ্ট [রোষ (রুষ্ + অ) + আবিষ্ট [আ + বিশ্ + ত] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক রোষের দ্বারা আবিষ্ট = করণতৎ। ৩।৩ বানান : র্ + ও + ষ্ + আ + ব্ + ই + ষ্ + ট্ + আ। বি.দ্র. : 'ও'-র পর 'ষ' হয়েছে। 'ই'-র পর ও 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ, ষ্ + ট্ + আ = ষ্টা।

রোস, রোসো : থাম। ক্রি। তদ্ভব। রো [রও < সং. রহ্] + স, সো [সও < সং. সহ্]।

রোস্ট : মাংসাদি ঝলসিয়ে প্রস্তুত ব্যঞ্জন। বি। বিদেশী। < ইং. roast. বাংলা বানান : র্ + ও + স্ + ট্। বি.দ্র. : স্ + ট্ = স্ট। শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

রোহ : আরোহণ। বি। তৎসম। রুহ্ + অ। ৬।১ বানান : র্ + ও + হ্ + অ।

রোহণ : আরোহণ। বি। তৎসম। রুহ্ + অন। ৬।১ বানান : র্ + ও + হ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে ও, হ, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

রোহিণী : চন্দ্রপত্নী, বলরামের জননী। বি। তৎসম। রুহ্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান : র্ + ও + হ্ + ই + ণ্ + ঈ। বি.দ্র : 'র' ও 'ন'-এর মধ্যে ও, হ, ই থাকায় 'ন' 'ণ'

হয়েছে। ৪।১।গ শব্দটি ইন্ +ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত,তাই আগে 'ই', পরে ঈ।

রোহিত : রুইমাছ, রক্তবর্ণ। বি। তৎসম। রুহ্ + ইত। ৬।১ বানান: র্ + ও + হ্ + ই + ত্ + অ। বি.দ্র. : র্ + ও = রো।

রোহিতক : রুইমাছ, রক্তবর্ণ। বি। তৎসম। রুহ্ + ইত + ক [স্বার্থে]। ৬।১, ৬।২ বানান: র্ + ও + হ্ + ই + ত্ + অ + ক্ + অ। বি.দ্র : র্ + ও = রো।

রোহিতাশ্ব : রাজা হরিশ্চন্দ্রের পুত্র [সং. রোহিত + অশ্ব]। বি। তৎসম। রোহিত [রুহ্ + ইত] + অশ্ব [অশ্ (দ্রুত গমন করা) + ব]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [তা]। ২।১।ক রোহিত অশ্ব যার = বহুব্রী। ৩।৫ বানান: র্ + ও + হ্ + ই + ত্ + আ + শ্ + ব্ + অ। বি.দ্র. : র্ + ও = রো, ত্ + আ = তা, শ্ + ব্ + অ = শ্ব।

রোহী : আরোহী। বিণ। তৎসম। রুহ্ + ইন্ [ঈ]। ৬।১ যে আরোহণ করে। বানান: র্ + ও + হ্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ' কারান্ত।

রৌদ্র : রোদ। বি। তৎসম। রুদ্র [রুদ্ + র] + অ। ৬।১, ৬।২ বানান: র্ + ঔ + দ্ + র্ + অ। বি.দ্র. : র্ + ঔ = রৌ, দ্ + র্ + অ = দ্র।

রৌদ্রদগ্ধ : সূর্যতাপে ঝলসিত। বিণ। তৎসম। রৌদ্র [রুদ্র রুদ্ + র + অ] + দগ্ধ [দহ্ + ত] ৬।১ রৌদ্রের দ্বারা দগ্ধ = করণতৎ। ৩।৩ বানান : র্ + ঔ + দ্ + র্ + অ + দ্ + অ + গ্ + ধ্ + অ। বি.দ্র. : র্ + ঔ = রৌ, দ্ + র্ + অ = দ্র। গ্ + ধ্ + অ = গ্ধ।

রৌদ্রপক্ক : সূর্যতাপে সিদ্ধ। বিণ। তৎসম। রৌদ্র [রুদ্র (রুদ্ + র) + অ] + পক্ক [পচ্ + ত]। ৬।১, ৬।২, ৬।১ রৌদ্রের দ্বারা পক্ক = করণতৎ। ৩।৩ বানান: র্ + ঔ + দ্ + র্ + অ + প্ + ক্ + ক্ + অ। বি.দ্র. : র্ + ঔ = রৌ, দ্ + র্ +অ = দ্র।

রৌদ্রস্নান : সর্বাঙ্গে রৌদ্রতাপ সেবন [Sun-bath]। বি। তৎসম। রৌদ্র [রুদ্র + অ] + স্নান [স্না + অন]। ৬।২, ৬।১ রৌদ্রের দ্বারা স্নান = করণতৎ। ৩।৩ বানান: র্ +ঔ + দ্ + র্ + অ + স্ + ন্ + আ + ন্ + অ। বি.দ্র. : র্ + ঔ = রৌ, দ্ + র্ + অ = দ্র, স্ + ন্ + আ = স্না।

রৌদ্রোজ্জ্বল : সূর্যকিরণে উদ্ভাসিত। বিণ। তৎসম। রৌদ্র [রুদ্র + অ] + উজ্জ্বল [উৎ + জ্বল [জ্বল্ + অ] ৬।২, ৬।১ [সন্ধি] অ + উ = ও [দ্রো]। ২।৫।ক ৎ + জ্ব = জ্ + জ্ব = জ্জ্ব। ২।১৭ রৌদ্রের দ্বারা উজ্জ্বল = করণ তৎ। ৩।৩ বানান : র্ + ঔ + দ্ + র্ + ও + জ্ + জ্ + ব্ + অ + ল্ + অ। বিদ্র. : র্ + ঔ = রৌ, দ্ + র্ + ও= দ্রো।

রৌপ্য : রুপা। সং. রূপ্য + অ]। বি। তৎসম। রূপ্য + অ। ৬।২ বানান: র্ + ঔ + প্ + য্ + অ। বি.দ্র. : র্ + ঔ = রৌ, প্ + য্ + অ = প্য।

রৌপ্যময় : রুপার তৈরী। বিণ। তৎসম। রৌপ্য [রূপ্য + অ] + ময় [ময়ট্]। ৬।২ রৌপ্যের দ্বারা ময় [পূর্ণ] = করণতৎ। ৩।৩ বানান: র্ + ঔ + প্ + য্ + অ + ম্ + অ + য্ + অ। বি.দ্র. : র্ + ঔ = রৌ, প্ + য্ + অ = প্য।

রৌপ্যমুদ্রা : রৌপ্যনির্মিত মুদ্রা। বি। তৎসম। রৌপ্য [রূপ্য + অ] + মুদ্রা [মুদ্ + র্ + আ]। ৬।২, ৬।১ রৌপ্য-নির্মিত মুদ্রা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্ + ঔ + প্ + য্ + অ + ম্ + উ + দ্ + র্ + আ। বি.দ্র. : র্ + ঔ = রৌ, প্ + য্ + অ = প্য, ম্ + উ = মু। দ্ + র্ + আ = দ্রা।

রৌপ্যালঙ্কার, রৌপ্যালংকার : রুপার গহনা। বি।

তৎসম। রৌপ্য [রূপ্য + অ] + অলংকার, অলঙ্কার [অলম্‌ + কার (কৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [প্যা]। ২।১।ক ম্‌ + কা = ঙ্কা, ংকা। ২।২৮ রৌপ্য-নির্মিত অলঙ্কার, অলংকার = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: র্‌ + ঔ + প্‌ + য্‌ + আ + ল্‌ + অ + ঙ্‌ [ং] + ক্‌ + আ + র্‌ + অ।

রৌরব: মহাপাপীদের জন্য নির্দিষ্ট নরক। বি। তৎসম। রুরু + অ। ৬।২ বানান: র্‌ + ঔ + র্‌ + অ + ব্‌ + অ। বি.দ্র.: র্‌ + ঔ = রৌ।

র‍্যাপার: গরম চাদর। বি। বিদেশী। < ইং.wrapper. বাংলা বানান: র্‌ + য্‌ + আ + প্‌ + আ + র। বি.দ্র.: র্‌ + য্‌ + আ = র‍্যা। শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

ল

ল: আইন। বি। বিদেশী। < ইং. Law. বাংলা বানান: ল্‌ + অ।

লওয়া: গ্রহণ করা। ক্রি। তদ্ভব। < সং. লভ্‌ + বাং. আ। ৬।৩

লওয়াজিম: দরকারী জিনিস। বি। বিদেশী। < আ. লওয়াজিম্‌। বাংলা বানান: ল্‌ + অ + ও + য়্‌ + আ + জ্‌ + ই + ম্‌। বি.দ্র.: শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

লওয়ান, লওয়ানো: গ্রহণ করানো। ক্রি। তদ্ভব। লওয়া ['লওয়া' দ্রষ্টব্য] + আন, আনো। ৬।৩

লংক্লথ: ঠাসবোনা সুতী কাপড়। বি। বিদেশী। < ইং. long cloth. বাংলা বানান: ল্‌ + অ + ং + ক্‌ + ল্‌ + অ + থ্‌ + অ। বি.দ্র.: ক্‌ + ল্‌ + অ = ক্ল।

লকড়ি: জ্বালানি কাঠ। বি। বিদেশী। < হি. লকৃড়ি। বাংলা বানান: ল্‌ + অ + ক্‌ + ড়্‌ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ক' হসন্ত-বর্জিত।

লকলক: নমনীয় পদার্থের আন্দোলনের ভাবসূচক। অব্য। দেশী।

লকলকে: নমনীয়। বিণ। দেশী। লকলক + বাং. এ। ৬।৩

লকুচ: ডেহুয়া বা মাদার গাছ বা তার ফল। বি। তৎসম। লক্‌ + উচ। বানান: ল্‌ + অ + ক্‌ + উ + চ্‌ + অ।

লকেট: হারের সঙ্গে সংলগ্ন পদক। বি। বিদেশী। < ইং. locket. বাংলা বানান: ল্‌ + অ + ক্‌ + এ + ট্‌। বি.দ্র.: শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

লক্কা: বিস্তৃত পুচ্ছযুক্ত পায়রা, পোশাকপ্রিয় ব্যক্তি। বি। বিদেশী। < আ. লক্‌ক। বাংলা বানান: ল্‌ + অ + ক্‌ + ক্‌ + আ। বি.দ্র.: ক্‌ + ক্‌ + আ = ক্কা।

লক্ষ: ১০০০০০। অসংখ্য, নজর। বি। তৎসম। লক্ষ্‌ + অ। ৬।১ বানান: ল্‌ + অ + ক্‌ + ষ্‌ + অ। বি.দ্র.: ক্‌ + ষ্‌ + অ = ক্ষ।

লক্ষণ: চিহ্ন। বি। তৎসম। লক্ষ্‌ [দেখা] + অন। ৬।১ বানান: ল্‌ + অ + ক্‌ + ষ্‌ + অ + ণ্‌ + অ। বি.দ্র.: ক্‌ + ষ্‌ + অ = ক্ষ, 'ষ্‌' ও 'ন্‌'-এর মাঝখানে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

লক্ষণা: শব্দের বাচ্যার্থের সঙ্গে সম্বন্ধযুক্ত প্রকাশিত অন্য অর্থ। বি। তৎসম। লক্ষণ ['লক্ষণ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ল্‌ + অ + ক্‌ + ষ্‌ + অ + ণ্‌ + আ। বি.দ্র.: ক্‌ + ষ্‌ + অ = ক্ষ, 'ষ্‌' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

লক্ষণীয়: লক্ষ্য করবার যোগ্য। বিণ। তৎসম। লক্ষ্‌ + অনীয়। ৬।১ বানান: ল্‌ + অ + ক্‌ + ষ্‌ + অ + ণ্‌ + ঈ + য়। বি.দ্র.: ক্‌ + ষ্‌ + অ = ক্ষ, 'ষ' ও 'ন'-এর মধ্যে অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

লক্ষপতি: মহা ধনবান ব্যক্তি। বি। তৎসম। লক্ষ [লক্ষ্‌ + অ] + পতি [পা + অতি]। ৬।১

লক্ষের [লক্ষ টাকার] পতি = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: ল্ + অ + ক্ + ষ্ + অ + প্ + অ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ।

লক্ষলক্ষ: সংখ্যাহীন। বিণ। তৎসম। লক্ষ [লক্ষ্ + অ] + লক্ষ [লক্ষ্ + অ]। ৬৷১ বহুত্বব্যঞ্জক শব্দদ্বিত্ব। বানান: ল্ + অ + ক্ + ষ্ + অ + ল্ + অ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ।

লক্ষিত: দৃষ্ট। বিণ। তৎসম। লক্ষ্ + ত। ৬৷১ বানান: ল্ + অ + ক্ + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + ই = ক্ষি।

লক্ষিতা: দৃষ্টা। বিণ। তৎসম। লক্ষিত ['লক্ষিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭৷১৷ক বানান: ল্ + অ + ক্ + ষ্ + ই + ত্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + ই= ক্ষি।

লক্ষ্মণ: দশরথ ও সুমিত্রার পুত্র। বি। তৎসম। লক্ষ্মন্ + অ। ৬৷২ বানান: ল্ + অ + ক্ + ষ্ + ম্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + অ = ক্ষ্ম। 'ষ' ও 'ন' এর মধ্যে 'ম' ও 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪৷১৷গ

লক্ষ্মী: সৌভাগ্যের অধিষ্ঠাত্রী দেবী। বি। তৎসম। লক্ষ্ +ম্ + ঈ। বানান: ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + ঈ = ক্ষ্মী।

লক্ষ্মীকান্ত: বিষ্ণু। বি। তৎসম। লক্ষ্মী ['লক্ষ্মী' দ্রষ্টব্য] + কান্ত [কম্ + ত]। ৬৷১ লক্ষ্মীর কান্ত = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ + ক্ + আ + ন্ + ত্ + অ। বি. দ্র.: ক্ + ষ্ + ম্ + ঈ = ক্ষ্মী, ন্ + ত্ + অ = ন্ত।

লক্ষ্মীছাড়া: শ্রীভ্রষ্ট। বিণ। তদ্ভব। লক্ষ্মী ['লক্ষ্মী' দ্রষ্টব্য] + ছাড়া [ছাড় (< সং. ছৰ্দ্) + বাং. আ। ৬৷৩২ লক্ষ্মী ছেড়েছে যাকে = উপপদতৎ। ৩৷৩ বানান: ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ + ছ্ + আ + ড়্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + ঈ = ক্ষ্মী।

লক্ষ্মী-জনার্দন: লক্ষ্মী ও নারায়ণ। বি। তৎসম। লক্ষ্মী ['লক্ষ্মী' দ্রষ্টব্য] + জনার্দন [জন (জনাসুর) + অর্দন [অর্দ্ + অন)] ৬৷১ জনকে [জনাসুরকে] অর্দন [বিনাশ] করেন যিনি = উপপদতৎ। ৩৷৩ লক্ষ্মী ও জনার্দন = দ্বন্দ্ব। ৩৷৪ বানান: ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ + জ্ + অ + ন্ + আ + র্ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + ঈ = ক্ষ্মী। র্ + দ্ + অ = র্দ।

লক্ষ্মীটি: শান্তপ্রকৃতি ব্যক্তি। বি। তদ্ভব। সং. লক্ষ্মী + বাং. টি। বানান: ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ + ট্ + ই। বি.দ্র.: ক্ + ষ্ +ম্ + ঈ = ক্ষ্মী।

লক্ষ্মী নারায়ণ: লক্ষ্মী ও নারায়ণ। বি। তৎসম। লক্ষ্মী ['লক্ষ্মী' দ্রষ্টব্য] + নারায়ণ [নার + অয়ন (অয় + অন)]। ৬৷১ [সন্ধি] অ + অ = আ [রা]। ২৷১৷ক নার [জল] অয়ন [আশ্রয়] যাঁর = বহুব্রী। ৩৷৫ লক্ষ্মী ও নারায়ণ = দ্বন্দ্ব। ৩৷৪ বানান: ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ + ন্ + আ + র্ + আ + য়্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + ঈ = ক্ষ্মী, 'র' ও 'ন- এর মধ্যে আ, য়, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪৷১৷গ

লক্ষ্মীপতি: বিষ্ণু। বি। তৎসম। লক্ষ্মী ['লক্ষ্মী' দ্রষ্টব্য] + পতি [পা + অতি]। ৬৷১ লক্ষ্মীর পতি = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ + প্ + অ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + ঈ = ক্ষ্মী।

লক্ষ্মীবন্ত: সৌভাগ্যবান। বিণ। তৎসম। লক্ষ্মী ['লক্ষ্মী' দ্রষ্টব্য] + বন্ত। ৬৷২ বানান: ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ + ব্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + ঈ = ক্ষ্মী, ন্ + ত্ + অ = ন্ত।

লক্ষ্মীবান: সৌভাগ্যবান। বিণ। তৎসম। লক্ষ্মী ['লক্ষ্মী' দ্রষ্টব্য] + বান [বৎ=বতুপ্]। বানান: ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ + ব্ + আ + ন্। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + ঈ = ক্ষ্মী, শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

লক্ষ্মীবার: বৃহস্পতিবার। বি। তৎসম। লক্ষ্মী ['লক্ষ্মী' দ্রষ্টব্য] + বার [বৃ + অ]। ৬।১ লক্ষ্মী পূজার নিমিত্ত নির্দিষ্ট বার = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ + ব্ + আ + র্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + ঈ = ক্ষ্মী।

লক্ষ্মীবিলাস: কবিরাজী তেল। বি। তৎসম। লক্ষ্মী ['লক্ষ্মী' দ্রষ্টব্য] + বিলাস [বি + লস্ + অ]। ৬।১ লক্ষ্মীর বিলাস = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ + ব্ + ই + ল্ + আ + স্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + ঈ = ক্ষ্মী।

লক্ষ্মীমন্ত: সৌভাগ্যবান। বিণ। তৎসম। লক্ষ্মী ['লক্ষ্মী' দ্রষ্টব্য] + মন্ত। ৬।২ বানান: ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ + ম্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + ঈ = ক্ষ্মী। ন্ + ত্ + অ = ন্ত।

লক্ষ্মীশ্রী: সৌভাগ্যসূচক কান্তি। বি। তৎসম। লক্ষ্মী ['লক্ষ্মী' দ্রষ্টব্য] + শ্রী [শ্রি + ক্বিপ্]। ৬।১ লক্ষ্মীর শ্রী [সৌন্দর্য] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ + শ্ + র্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + ঈ = ক্ষ্মী, শ্ + র্ + ঈ = শ্রী।

লক্ষ্মীস্বরূপিণী: মূর্তিমতী লক্ষ্মীতুল্যা। বিণ। তৎসম। লক্ষ্মী ['লক্ষ্মী' দ্রষ্টব্য] + স্বরূপিণী [স্ব + রূপ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ স্ব-র রূপ = সম্বন্ধতৎ। ৩।৩ লক্ষ্মীর স্বরূপ = সম্বন্ধতৎ। ৩।৩ তা আছে যার। বানান: ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ + স্ + ব্ + অ + র্ + উ + প্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + ম্ + ঈ = ক্ষ্মী, স্ + ব্ + অ = স্ব, র্ + উ = রূ, 'র' ও 'ন'-এর মধ্যে উ, প, ই থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

লক্ষ্য: অভিপ্রেত, দর্শনযোগ্য, নজর, নিশানা। বি। তৎসম। লক্ষ্ + য (যৎ)। ৬।১ বানান: ল্ + অ + ক্ + ষ্ + য্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + য্ + অ = ক্ষ্য।

লক্ষ্যচ্যুত: নিশানা-ভ্রষ্ট। বিণ। তৎসম। লক্ষ্য [লক্ষ্ + য (যৎ)] + চ্যুত [চ্যু + ত]। ৬।১ লক্ষ্য থেকে চ্যুত = অপাদানতৎ। ৩।৩ বানান: ল্ + অ + ক্ + ষ্ + য্ + অ + চ্ + য্ + উ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + য্ + অ = ক্ষ্য, চ্ + য্ + উ = চ্যু।

লক্ষ্যবেধ: নিশানা-ভেদ। বি। তৎসম। লক্ষ্য ['লক্ষ্য' দ্রষ্টব্য] + বেধ [বিধ্ + অ]। ৬।১ লক্ষ্যের বেধ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + অ + ক্ + ষ্ + য্ + অ + ব্ + এ + ধ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + য্ + অ = ক্ষ্য।

লক্ষ্যভেদ: নিশানা-ভেদ। বি। তৎসম। লক্ষ্য ['লক্ষ্য' দ্রষ্টব্য] + ভেদ [ভিদ্ + অ]। ৬।১ লক্ষ্যের ভেদ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + অ + ক্ + ষ্ + য্ + অ + ভ্ + এ + দ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + য্ + অ = ক্ষ্য।

লক্ষ্যভ্রষ্ট: নিশানা-ভ্রষ্ট। বিণ। তৎসম। লক্ষ্য ['লক্ষ্য' দ্রষ্টব্য] + ভ্রষ্ট [ভ্রন্শ্ + ত]। ৬।১ লক্ষ্য থেকে ভ্রষ্ট = অপাদানতৎ। ৩।৩ বানান: ল্ + অ + ক্ + ষ্ + য্ + অ + ভ্ + র্ + অ + ষ্ + ট্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + য্ + অ = ক্ষ্য, ভ্ + র্ + অ = ভ্র, ষ্ + ট্ + অ = ষ্ট। 'ট'-এর ঠিক আগে 'ষ' হয়েছে। ৪।২।ঙ

লক্ষ্যহীন: উদ্দেশ্যহীন। বিণ। তৎসম। লক্ষ্য ['লক্ষ্য' দ্রষ্টব্য] + হীন [হা + ত]। ৬।১ লক্ষ্যের

দ্বারা হীন = করণতৎ। ৩।৩ বানান: ল্ + অ + ক্ + ষ্ + য্ + অ + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + য্ + অ = ক্ষ্য, হ্ + ঈ = হী।

লখ, লখলাইন: মাঞ্জা-দেওয়া রেশমী সুতো [ফা. নখ্ + ইং. Line]। বি। বিদেশী। < ফা. নখ্ + ইং. Line] বাংলা বানান: ল্ + অ + খ্, ল্ + অ + খ্ + অ + ল্ + আ + ই + ন্। বি.দ্র.: শব্দান্তের ও শব্দ-মধ্যের 'খ' ও 'ন' হসন্ত-বিহীন।

লখাই: চাঁদ সদাগব ও সনকার পুত্র। বি। তদ্ভব। সং. লক্ষ্মীন্দ্র [আদরে] বানান: ল্ + অ + খ্ + আ + ই।

লখিন্দর: চাঁদ সদাগর ও সনকার পুত্র। বি। তদ্ভব। < সং. লক্ষ্মীন্দ্র। বানান: ল্ + অ + খ্ + ই + ন্ + দ্ + অ + র্। বি.দ্র.: ন্ + দ্ + অ = ন্দ।

লগন: লগ্ন। বি। তদ্ভব। < সং. লগ্ন। ল্ + অ + গ্ + অ + ন্ + অ।

লগনসা: বহুলগ্নযুক্ত সময় (সং. লগ্ন = সময়)। বি। তদ্ভব। লগন [< সং. লগ্ন] + সা [< সং. সময়]। বানান: ল্ + অ + গ্ + অ + ন্ + অ + স্ + আ।

লগবগ: চঞ্চলতার ভাবপ্রকাশক। অব্য। দেশী। বানান: ল্ + অ + গ্ + ব্ + অ + গ্। বি.দ্র.: শব্দ-মধ্যের ও শব্দান্তের 'গ' হসন্ত-বর্জিত।

লগবগে: নমনীয়। বিণ। দেশী। লগবগ ['লগবগ' দ্রষ্টব্য] + বাং. এ। বানান: ল্ + অ + গ্ + ব্ + অ + গ্ + এ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'গ' হসন্ত-বর্জিত।

লগা: বংশদণ্ড। বি। তদ্ভব। লগ [< সং. লগ্ন] + বাং. আ। বানান: ল্ + অ + গ্ + আ।

লগি: নৌকা ঠেলে চালাবার বাঁশ। লগ [< সং. লগ্ন] + বাং. ই।

লগুড়: মোটা লাঠি [সং.]। বি। তৎসম। লগ্ + উল [< ড়]। ৬।১ বানান: ল্ + অ + গ্ + উ + ড্ + অ। বি.দ্র.: গ্ + উ = গু।

লগ্ন: সংযুক্ত। বিণ। তৎসম। লগ্ + ত। ৬।১ বানান: ল্ + অ + গ্ + ন্ + অ। বি.দ্র.: গ্ + ন্ + অ = গ্ন।

লগ্ন: শুভ [উপযুক্ত] মুহূর্ত। বি। তৎসম। লগ্ + ত। ৬।১ বানান: ল্ + অ + গ্ + ন্ + অ। বি.দ্র.: গ্ + ন্ + অ = গ্ন।

লগ্নভ্রষ্ট: যার শুভ সময় ব্যর্থ হয়ে গেছে। বিণ। তৎসম। লগ্ন [লগ্ + ত] + ভ্রষ্ট [ভ্রন্শ্ + ত]। ৬।১ লগ্ন থেকে ভ্রষ্ট = অপাদানতৎ। ৩।৩ বানান: ল্ + অ + গ্ + ন্ + অ + ভ্ + র্ + অ + ষ্ + ট্ + অ। বি.দ্র.: গ্ + ন্ + অ = গ্ন, ভ্ + র্ + অ= ভ্র, ষ্ + ট্ + অ = ষ্ট। 'ট'-এর ঠিক আগে 'ষ' হয়েছে। ৪।২।গু

লগ্না: সংযুক্ত। বিণ। তৎসম। লগ্ন [লগ্ + ত] + আ [স্ত্রী]। ৬।১ল ৭।১।ক বানান: ল্ + অ + গ্ + ন্ + আ। বি.দ্র.: গ্ + ন্ + আ = গ্না।

লগ্নি: সুদে টাকা খাটানো। বি। বিদেশী। < হি. লগানা। বাংলা বানান: ল্ + অ + গ্ + ন্ + ই। বি.দ্র.: গ্ + ন্ + ই = গ্নি [বিশেষ্য]।

লগ্নী: যা সুদে খাটানো হয়েছে। বিণ। বিদেশী। < হি. লগানা। বাংলা বানান: ল্ + অ + গ্ + ন্ + ঈ। বি.দ্র.: গ্ + ন্ + ঈ = গ্নী।

লঘিমা: লঘুতা, দেহ লঘু করবার অলৌকিক শক্তি। বি। তৎসম। লঘু [লন্ঘ্ + উ] + ইমা [ইমন্]। ৬।১, ৬।২ বানান: ল্ + অ + ঘ্ + ই + ম্ + আ।

লঘিষ্ঠ: সর্বাপেক্ষা হালকা। বিণ। তৎসম। লঘু [লন্ঘ্ + উ] + ইষ্ঠ। ৬।১, ৬।২ বানান: ল্ + অ + ঘ্ + ই + ষ্ + ঠ্ + অ। বি.দ্র.:

'ই'-র পর ও 'ঠ্'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

লঘীয়ান : দু'য়ের মধ্যে অপেক্ষাকৃত হালকা। বিণ। তৎসম। লঘু [লন্‌ঘ্ + উ] + ঈয়স্। বানান : ল্ + অ + ঘ + ঈ + য় + আ + ন্। বি.দ্র. : ঘ্ + ঈ = ঘী। 'ন্'-এর হসন্ত-চিহ্ন নিষ্প্রয়োজন।

লঘু : হালকা, অল্প। বিণ। তৎসম। লন্‌ঘ্ + উ। ৬।১ বানান : ল্ + অ + ঘ্ + উ।

লঘুক্রিয়া : সামান্য কাজ। বি। তৎসম। লঘু [লন্‌ঘ্ + উ] + ক্রিয়া [কৃ + অ + আ]। ৬।১ লঘু যে ক্রিয়া = কর্মধা। ৩।২ বানান : ল্ + অ + ঘ্ + উ + ক্ + র্ + ই + য় + আ। বি.দ্র. : ক্ + র্ + ই = ক্রি।

লঘুগামী : অনায়াসগামী। বিণ। তৎসম। লঘু [লন্‌ঘ্ + উ] + গামী [গম্ + ইন্ (ঈ)]। ৬।১ লঘুভাবে গমন করে যে = উপপদতৎ। ৩।৩ বানান : ল্ + অ + ঘ্ + উ + গ্ + আ + ম্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

লঘুগুরুজ্ঞান : ছোট-বড়র প্রতি যথাযথ তারতম্যবোধ। বি। তৎসম। লঘু [লন্‌ঘ্ + উ] + গুরু [গৃ + উ] + জ্ঞান [জ্ঞা + অন]। ৬।১ লঘু ও গুরু = দ্বন্দ্ব, ৩।৪ তার জ্ঞান = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ল্ + অ + ঘ্ + উ + গ্ + উ + র্ + উ + জ্ + ঞ + আ + ন্ + অ। বি.দ্র. : গ্ + উ = গু, র্ + উ = রু, জ্ + ঞ + আ = জ্ঞা।

লঘুগুরুবোধ : ছোট-বড়র প্রতি যথাযথ তারতম্যবোধ। বি। তৎসম। লঘু [লন্‌ঘ্ + উ] + গুরু [গৃ + উ] + বোধ [বুধ্ + অ]। ৬।১ লঘু ও গুরু = দ্বন্দ্ব, ৩।৪ তার বোধ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ল্ + অ + ঘ্ + উ + গ্ + উ + র্ + উ + ব্ + ও + ধ্ + অ। বি.দ্র. : গ্ + উ = গু, র্ + উ= রু।

লঘুচিত্ত : গাম্ভীর্যহীন বা ছেবলা। বিণ। তৎসম। লঘু [লন্‌ঘ্ + উ] + চিত্ত [চিত্ + ত্]। ৬।১ লঘু চিত্ত যার = বহুব্রী। ৩।৫ বানান : ল্ + অ + ঘ্ + উ + চ্ + ই + ত্ + ত্ + অ। বি.দ্র. : ত্ + ত্ + অ = ত্ত।

লঘুচেতাঃ : গাম্ভীর্যহীন বা ছেবলা। বিণ। তৎসম। লঘু [লন্‌ঘ্ + উ] + চেতাঃ [চেতস্]। লঘু চৈতন্য যার = বহুব্রী। ৩।৫ বানান : ল্ + অ + ঘ্ + উ + চ্ + এ + ত্ + আ + ঃ।

লঘুতা : ক্ষুদ্রত্ব, স্বল্পতা। বি। তৎসম। লঘু [লন্‌ঘ্ + উ] + তা। ৬।১, ৬।২ বানান : ল্ + অ + ঘ্ + উ + ত্ + আ।

লঘুত্ব : ক্ষুদ্রত্ব, স্বল্পতা। বি। তৎসম। লঘু [লন্‌ঘ্ + উ] + ত্ব। ৬।১, ৬।২ বানান : ল্ + অ + ঘ্ + উ + ত্ + ব্ + অ। বি.দ্র. : ত্ + ব্ + অ = ত্ব।

লঘুপাক : সহজপাচ্য। বিণ। তৎসম। লঘু [লন্‌ঘ্ + উ] + পাক [পচ্ + অ]। ৬।১, লঘু পাক [হজম] যার = বহুব্রী। ৩।৫ বানান : ল্ + অ + ঘ্ + উ + প্ + আ + ক্ + অ।

লঘূকরণ : ভারী জিনিসকে হালকা করা, মিশ্র রাশিকে অমিশ্র এবং অমিশ্র রাশিকে মিশ্র রাশিতে পরিণত করণ। বি। তৎসম। লঘু [লন্‌ঘ্ + উ] + ঈ [অভূততদ্ভাবে] + কৃ + অন। ৬।১ বানান : ল্ + অ + ঘ্ + উ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ঘ্ + ঊ = ঘূ। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

লঘূকৃত : যা হালকা করা হয়েছে। বিণ। তৎসম। লঘু [লন্‌ঘ্ + উ] + ঈ [অভূততদ্ভাবে] + কৃত [কৃ + ত]। ৬।১ বানান : ল্ + অ + ঘ্ + ঊ + ক্ + ঋ + ত্ + অ। বি.দ্র. : ঘ্ + ঊ = ঘূ, ক্ + ঋ = কৃ।

লঙ্কা : ঝালস্বাদযুক্ত লঙ্কামরিচ। বি। দেশী। বানান : ল্ + অ + ঙ্ + ক্ + আ। বি.দ্র. : ঙ্ + ক্ + আ = ঙ্কা।

লঙ্কা: রামায়ণে বর্ণিত রাবণের পুরী, বর্তমান শ্রীলঙ্কা। বি। তৎসম। রম্ [র=ল] ক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক [সন্ধি] ম্ + ক = ঙ্ + ক = ঙ্ক। ২।২৮ বানান: ল্ + অ + ঙ্ + ক্ + আ। বি.দ্র.: ঙ্ + ক্ + আ = ঙ্কা।

লঙ্কাকাণ্ড: লঙ্কা-ধ্বংসের মতো ঘটনা। বি। তৎসম। লঙ্কা ['লঙ্কা' দ্রষ্টব্য] + কাণ্ড [কন্ + ড]। ৬।১ লঙ্কার কাণ্ড [ঘটনা] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + অ + ঙ্ + ক্ + আ + ক্ + আ + ণ্ + ড্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + আ = ঙ্কা, ণ্ + ড্ + অ = ণ্ড। 'ড'-এর ঠিক আগে 'ণ্' হয়েছে। ৪।২।ঙ

লঙ্কাদাহন: হনুমানের তুল্য কাণ্ডজ্ঞানহীন ধ্বংস-কর্ম। বি। তৎসম। লঙ্কা ['লঙ্কা' দ্রষ্টব্য] + দাহন [দহ্ + ণিচ্ + অন]। ৬।১ লঙ্কার দাহন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + অ + ঙ্ + ক্ + আ + দ্ + আ + হ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + আ = ঙ্কা।

লঙ্কাধিপতি: রাবণ। বি। তৎসম। লঙ্কা ['লঙ্কা' দ্রষ্টব্য] + অধিপতি [অধি + পতি [পা + অতি]]। ৬।১ [সন্ধি] আ + অ = আ [স্ব.]। ২।১।গ লঙ্কার অধিপতি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + অ + ঙ্ + ক্ + আ + ধ্ + ই + প্ + অ + ত্ + ই।

লঙ্কাপতি: রাবণ। বি। তৎসম। লঙ্কা ['লঙ্কা' দ্রষ্টব্য] + পতি [পা + অতি]। ৬।১ লঙ্কার পতি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + অ + ঙ্ + ক্ + আ + প্ + অ + ত্ + ই।

লঙ্কাবাটা: বাটা লঙ্কা। বি। মিশ্র [দেশী + তদ্ভব]। দেশী. লঙ্কা + বাটা [বট্টন < সং. বর্তন]। বাটা যে লঙ্কা [পূর্বনিপাত] = কর্মধা। ৩।২ বানান: ল্ + অ + ঙ্ + ক + আ + ব্ + আ + ট্ + আ।

লঙ্কেশ: রাবণ। বি। তৎসম। লঙ্কা ['লঙ্কা' দ্রষ্টব্য] + ঈশ [ঈশ্ + অ]। ৬।১ [সন্ধি] আ + ঈ = এ [গু]। ২।৪।ঘ লঙ্কার ঈশ [ঈশ্বর] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + অ + ঙ্ + ক্ + এ + শ্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + এ = ঙ্কে।

লঙ্গর: নঙ্গর। বি। বিদেশী। < ফা. লঙ্গর। বাংলা বানান: ল্ + অ + ঙ্ + গ্ + অ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-চিহ্ন-বর্জিত।

লঙ্গরখানা: বিনামূল্যে অন্ন-বিতরণের স্থান। বি। বিদেশী। < ফা. লঙ্গরখানহ্। বাংলা বানান: ল্ + অ + ঙ্ + গ্ + অ + র্ + খ্ + আ + ন্ + আ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ = ঙ্গ। শব্দমধ্যের 'র্' হসন্ত-বর্জিত।

লঙ্ঘন: অতিক্রম। বি। তৎসম। লনঘ্ + অন। ৬।১ বানান: ল্ + অ + ঙ্ + ঘ্ + অ + ন্ + অ। বি দ্র.: ল্ + অ + ঙ্ + ঘ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঙ্ + ঘ্ + অ = ঙ্ঘ।

লঙ্ঘনীয়: লঙ্ঘনযোগ্য। বিশ। তৎসম। লনঘ্ + অনীয়। ৬।১ বানান: ল্ + অ + ঙ্ + ঘ্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র.: ঙ্ + ঘ্ + অ = ঙ্ঘ, 'নী' [ন্ + ঈ] 'অনীয়'-প্রত্যয়-জনিত।

লঙ্ঘিত: যা লঙ্ঘন করা হয়েছে। বিশ। তৎসম। লনঘ্ + ত। ৬।১ বানান: ল্ + অ + ঙ্ + ঘ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ঙ্ + ঘ্ + ই = ঙ্ঘি।

লছমী: লক্ষ্মী। বি। বিদেশী। < হি. লছমী < সং. লক্ষ্মী। বাংলা বানান: ল্ + অ + ছ্ + ম্ + ঈ। বি দ্র : শব্দ-মধ্যের 'ছ্' হসন্ত বর্জিত।

লছিমী: লক্ষ্মী। বি। বিদেশী। < হি. লছমী < সং. লক্ষ্মী। বানান: ল্ + অ + ছ্ + ই + ম্ + ঈ।

লজেঞ্চুস: চোষা বিলাতী মিঠাই। বি। বিদেশী। < ইং. lozenges বাংলা বানান: ল্ + অ + জ্ + এ + ঞ্ + চ্ + উ + স্। বি.দ্র.:

ঞ্ + চ্ + উ = ঞ্চু। বি.দ্র.: শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত।

লজ্জমান: যে লজ্জা বোধ করছে। বিণ। তৎসম। লজ্জ্ + মান [শানচ্]। বানান: ল্ + অ + জ্ + জ্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: জ্ + জ্ + অ = জ্জ।

লজ্ঝড়: ভগ্নপ্রায়। বিণ। দেশী। বানান: ল্ + অ + জ্ + ঝ্ + অ + ড়্। বি.দ্র.: জ্ + ঝ্ + অ = জ্ঝ। শব্দ-মধ্যের জ্ হসন্ত-যুক্ত ও শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

লজ্জমানা: যে লজ্জা বোধ করছে। বিণ। তৎসম। লজ্জ্ + মান [শানচ্] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ল্ + অ + জ্ + জ্ + অ + ম্ + আ + ন্ + আ। বি.দ্র.: জ্ + জ্ + অ = জ্জ।

লজ্জা: শরম। বি। তৎসম। লজ্জ্ + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ল্ + অ + জ্ + জ্ + আ। বি.দ্র.: জ্ + জ্ + আ = জ্জা।

লজ্জাকর: লজ্জার কারণ। বিণ। তৎসম। লজ্জা [লজ্জ্ + অ + আ (স্ত্রী)] + কর [কৃ + অ]। ৬।১ লজ্জা করে যাতে = উপপদতৎ। ৩।৩ বানান: ল্ + অ + জ্ + জ্ + আ + ক্ + অ + র্ + অ। বি.দ্র.: জ্ + জ্ + আ = জ্জা।

লজ্জাজনক: লজ্জার কারণ। বিণ। তৎসম। লজ্জা [লজ্জ্ + অ + আ [স্ত্রী)] + জনক [জন্ + অক]। ৬।১ লজ্জা জন্মে যা থেকে = অপাদান-তৎ। ৩।৩ বানান: ল্ + অ + জ্ + জ্ + আ + জ্ + অ + ন্ + অ + ক্ + অ। বি.দ্র.: জ্ + জ্ + আ= জ্জা।

লজ্জাবত্তা: লাজুক স্বভাব। বি। তৎসম। লজ্জা [লজ্জ্ + অ + আ [স্ত্রী] + বৎ [বতুপ্] + তা [তৃচ্]। ৬।১ বানান: ল্ + অ + জ্ + জ্ + আ + ব্ + অ + ত্ + ত্ + আ। বি.দ্র.: জ্ + জ্ + আ = জ্জা, ত্ + ত্ + আ = ত্তা।

লজ্জাবতীলতা: যে লতার পাতা স্পর্শমাত্র সঙ্কুচিত হয়। বি। তৎসম। লজ্জা [লজ্ + অ + আ] + বৎ + ঈ [স্ত্রী] + লতা [লত্ + অ + আ]। ৬।১ লজ্জাবতী যে লতা = কর্মধা। ৩।২ বানান: ল্ + অ + জ্ + জ্ + আ + ব্ + অ + ত্ + ঈ + ল্ + অ + ত্ + আ। বি.দ্র.: জ্ + জ্ + আ = জ্জা, ত্ + ঈ = তী।

লজ্জাবনত: লজ্জায় নতমুখ। বিণ। তৎসম। লজ্জা [লজ্জ্ + অ + আ (স্ত্রী)] + অবনত [অব + নম্ + ত]। ৬।১ [সন্ধি] আ + অ = আ [জ্জা]। ২।১।গ লজ্জার দ্বারা আনত = করণতৎ। ৩।৩ বানান: ল্ + অ + জ্ + জ্ + আ + ব্ + অ + ন্ + অ + ত্ + অ।

লজ্জাবান: লাজুক। বিণ। তৎসম। লজ্জা [লজ্জ্ + অ + আ (স্ত্রী) + বৎ [বান (বতুপ্)]। বানান: ল্ + অ + জ্ + জ্ + আ + ব্ + আ + ন্ + অ। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

লজ্জাশীল: লাজুক। বিণ। তৎসম। লজ্জা + শীল [শীল্ + অ]। ৬।১ লজ্জা শীল [স্বভাব] যার= বহুব্রী। ৩।৫ বানান: ল্ + অ + জ্ + জ্ + আ + শ্ + ঈ + ল্ + অ।। বি.দ্র.: জ্ + জ্ + অ= জ্জা, শ্ + ঈ= শী।

লজ্জাশীলতা: লাজুক স্বভাব। বি। তৎসম। লজ্জা + শীলতা [(শীল্ + অ) + তা]। ৬।১, ৬।২ ৩।৫ বানান: ল্ + অ + জ্ + জ্ + আ + শ্ + ঈ + ল্ + অ + ত্ + আ। বি.দ্র.: জ্ + জ্ + আ= জ্জা, শ্ + ঈ= শী।

লজ্জাশীলা: লাজবতী। বিণ। তৎসম। লজ্জা [লজ্জ্ + অ + আ] + শীলা [শীল্ + অ] + আ]। ৬।১, ৬।২ লজ্জা শীল যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: ল্ + অ + জ্ + জ্ + আ + শ্ + ঈ + ল্ + আ। বি.দ্র.: জ্ + জ্

+ আ = জ্জা। শ্ + ঈ = শী।

লজ্জালু : লাজুক। বিণ। তৎসম। লজ্জা [লজ্জ্ + অ + আ] + আলু। ৬১১, ৬১২ বানান : ল্ + অ + জ্ + জ্ + আ + ল্ + উ। বি.দ্র. : জ্ + জ্ + আ= জ্জা।

লজ্জাশূন্য : নির্লজ্জ। বিণ। তৎসম। লজ্জা [লজ্জ্ + অ + আ] + শূন্য [শু + ঊন + য]। ৬১১, ৬১২ লজ্জার দ্বারা শূন্য= করণতৎ। ৩৩৩ বানান : ল্ + অ + জ্ + জ্ + আ + শ্ + উ + ন্ + য্ + অ। বি.দ্র. : জ্ + জ্ + আ= জ্জা, শ্ + ঊ= শূ, ন্ + য্ + অ= ন্য।

লজ্জাশূন্যা : নির্লজ্জা। বিণ। তৎসম। লজ্জাশূন্য ['লজ্জাশূন্য' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৬১২ বানান : ল্ + অ + জ্ + জ্ + আ + শ্ + ঊ + ন্ + য্ + আ। বি.দ্র. : জ্ + জ্ + অ= জ্জা, শ্ + ঊ= শূ, ন্ + য্ + আ= ন্যা।

লজ্জাহীন : নির্লজ্জ। বিণ। তৎসম। লজ্জা [লজ্জ্ + অ + আ] + হীন [হা + ত]। ৬১১ লজ্জার দ্বারা হীন= করণতৎ। ৩৩৩ বানান : ল্ + অ + জ্ + জ্ + আ + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র. : জ্ + জ্ + আ= জ্জা, হ্ + ঈ= হী।

লজ্জাহীনতা : নির্লজ্জা। বি। তৎসম। লজ্জাহীন ['লজ্জাহীন' দ্রষ্টব্য] + তা। ৬১২ বানান : ল্ + অ + জ্ + জ্ + আ + হ্ + ঈ + ন্ + অ + ত্ + আ। বি.দ্র. : জ্ + জ্ + আ= জ্জা, হ্ + ঈ= হী।

লজ্জাহীনা : নির্লজ্জা। বিণ। তৎসম। লজ্জাহীন ['লজ্জাহীন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৬১২ বানান : ল্ + অ + জ্ + জ্ + আ + হ্ + ঈ + ন্ + আ। বি.দ্র. : জ্ + জ্ + আ= জ্জা, হ্ + ঈ= হী।

লজ্জিত : লজ্জাযুক্ত। বিণ। তৎসম। লজ্জা [লজ্জ্ + অ + আ] + ইত [ইতচ্]। ৬১১, ৬১২ বানান : ল্ + অ + জ্ + জ্ + ই + ত্ + অ। বি.দ্র. : জ্ + জ্ + ই= জ্জি।

লজ্জিতা : লজ্জাযুক্তা। বিণ। তৎসম। লজ্জা [লজ্জ + অ + আ] + ইত [ইতচ্] + আ [স্ত্রী]। ৬১১, ৬১২, ৭১১ক বানান : ল্ + অ + জ্ + জ্ + ই + ত্ + আ। বি.দ্র. : জ্ + জ্ + ই= জ্জি।

লটকা : ঝুলান। ক্রি। বিদেশী। < হি. লট্‌কা। বাংলা বানান : ল্ + এ + ট্ + ক্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ট' হসন্ত-বর্জিত।

লটকান, লটকানো : ঝুলান। ক্রি। বিদেশী। < হি. লট্‌কা + বাং. আন, আনো। ৬১৩ বাংলা বানান : ল্ + অ + ট্ + ক্ + আ + ন্ + অ, ও। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ট' হসন্ত-বর্জিত।

লটখট, লটখটি : ছোটখাটো ঝামেলা। বি। দেশী। বানান : ল্ + অ + ট্ + খ্ + অ + ট্, + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের ও শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

লটখটী : ছোটখাটো ঝামেলাপূর্ণ। বিণ। দেশী। বানান : ল্ + অ + ট্ + খ্ + অ + ট্ + ঈ। বি.দ্র. : শব্দ-মধ্যেব 'ট' হসন্ত-বর্জিত। দৃষ্টান্ত : 'লটখটী' ব্যাপার।

লটপট : লোটানো। অব্য। দেশী। বানান : ল্ + অ + ট্ + অ + প্ + অ + ট্ + অ। দৃষ্টান্ত : 'লটপট' বাঘছাল।

লটপটে : দোদুল্যমান। বিণ। দেশী। লটপট + বাং. এ। ৬১৩ বানান : ল্ + অ + ট্ + প্ + অ + ট্ + এ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ট' হসন্ত-বর্জিত।

লটবহর : যাত্রীদের সঙ্গের মালপত্র। বি। বিদেশী। হি. লট [< লাড, লাট] + বহর [< ভর]। বানান : ল্ + অ + ট্ + ব্ + অ + হ্ + অ + র্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ট' ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

লটরপটর : বিনাকাজে অলসভাবে চলাফেরা। বি। দেশী। বানান : ল্ + অ + ট্ + অ + র্

+ প্ + অ + ট্ + অ + র্। বি.দ্র.: শব্দ-মধ্যের ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

লটারি: ভাগ্য-পরীক্ষার খেলা। বি। বিদেশী। > ইং. lottery. বাংলা বানান: ল্ + অ + ট্ + আ + র + ই।

লড়া: যুদ্ধ করা। ক্রি। বিদেশী। < হি. লড়্ + বাং. আ। ৬।৩ বানান: ল্ + অ + ড়্ + আ।

লড়াই: যুদ্ধ। বি। বিদেশী। < হি. লড়্ + বাং. আই। ৬।৩ বানান: ল্ + অ + ড়্ + আ + ই।

লড়াকু: যুদ্ধপ্রিয়। বিণ। বিদেশী। < হি. লড়্ + বাং. আকু। ৬।৩ বানান: ল্ + অ + ড়্ + আ + ক্ + উ।

লড়ান, লড়ানো: লড়াই বাধিয়ে দেওয়া। ক্রি। বিদেশী। < হি. লড়্ + বাং. আন, আনো। ৬।৩ বাংলা বানান: ল্ + অ + ড়্ + আ + ন্ + অ, ও।

লড়ায়ে: লড়াইকারী, জঙ্গী। বিণ। বিদেশী। > হি. লড়্ + বাং. ইয়া < এ। ৬।৩ বানান: ল্ + অ + ড়্ + আ + য়্ + এ।

লড়ালড়ি: পরস্পর লড়াই। বি। বিদেশী। < হি. লড়্ + বাং. আ + লড়্ + বাং. ই। ৬।৩ বানান: ল্ + অ + ড়্ + আ + ল্ + অ + ড়্ + ই।

লড়িয়ে: লড়াইপ্রিয়। বিণ। বিদেশী। < হি. লড়্ + বাং. ইয়ে < ইয়া। ৬।৩ বানান: ল্ + অ + ড়্ + ই + য়্ + এ।

লড়ুয়ে: লড়াইপ্রিয়। বিণ। বিদেশী। < হি. লড়্ + বাং. উয়ে < উয়া। ৬।৩ বানান: ল্ + অ + ড়্ + উ + য়্ + এ।

লতা: বল্লরী, ব্রততী। বি। তৎসম। লত্ [বেষ্টন করা] + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ল্ + অ + ত্ + আ।

লতাগৃহ: লতামণ্ডপ। বি। তৎসম। লতা [লত্ (বেষ্টন করা) + অ + আ] + গৃহ [গ্রহ্ + অ]। ৬।১ লতা-নির্মিত বা লতা-বেষ্টিত গৃহ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ল্ + অ + ত্ + আ + গ্ + ঋ + হ্ + অ। বি.দ্র.: গ্ + ঋ = গৃ।

লতান, লতানো: লতার মতো প্রসারিত হওয়া। ক্রি। তদ্ভব। লতা [লত্ (বেষ্টন করা) + বাং. আন, আনো। ৬।৩ বানান: ল্ + অ + ত্ + আ + ন্ + অ, ও।

লতানিয়া: লতার মতো প্রসরণশীল। বিণ। তদ্ভব। লতান [লত্ + বাং. আন] + বাং. ইয়া। ৬।৩ বানান: ল্ + অ + ত্ + আ + ন্ + ই + য্ + আ।

লতানে: লতার মতো প্রসরণশীল। বিণ। তদ্ভব। লতান [লত্ + বাং. আন] + বাং. এ < ইয়া। বানান: ল্ + অ + ত্ + আ + ন্ + এ।

লতামণ্ডপ: লতাগৃহ। বি। তৎসম। লতা [লত্ (বেষ্টন করা) + অ + আ (স্ত্রী)] + মণ্ডপ [মণ্ড + পা + অ]। ৬।১ মণ্ড পান করা হয় যেখানে= উপপদতৎ। ৩।৩ লতা-নির্মিত মণ্ডপ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ল্ + অ + ত্ + আ + ম্ + অ + ণ্ + ড্ + অ + প্ + অ। বি.দ্র.: 'ড'-এর ঠিক আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

লতায়িত: লতার মতো প্রসারিত। বিণ। লতায় [লতা + কাঙ্] + ত। ৬।১ বানান: ল্ + অ + ত্ + আ + য্ + ই + ত্ + অ।

লতি: কানের নিম্নভাগের নরম মাংস। বি। তদ্ভব। লতা + বাং. ই। ৬।৩ বানান: ল্ + অ + ত্ + ই। বি.দ্র.: ত্ + ই= তি।

লতিকা: ক্ষুদ্র লতা। বি। তৎসম। লতা + ক + আ [স্ত্রী]। ৬।১

লণ্ঠন: কাচবেষ্টিত দীপাধার। বি। বিদেশী। < ইং. lantern. বাংলা বানান: ল্ + অ + ন্ + ঠ্ + অ + ন্। বি.দ্র.: ন্ + ঠ্ + অ= ন্ঠ। [বিদেশী শব্দ বলে 'ঠ্'-এর আগে 'ন্' হয়েছে।] শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

লন্ডভন্ড: তছনছ। অব্য। দেশী। বানান: ল্ +

অ + ন্ + ড্ + অ + ড্ + অ + ন্ + ড্ + অ। বি.দ্র. : ন্ + ড্ + অ= ন্ড। [দেশী শব্দে 'ড'-এর আগে 'ন্' হয়েছে]

লপটা : জড়ান। ক্রি। তদ্ভব। < সং. লিপ্ত। বানান : ল্ + অ + প্ + ট্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যে 'প' হসন্তবর্জিত।

লপটান, লপটানো : জড়ান। ক্রি। তদ্ভব। লপ্‌টা [< সং. লিপ্ত] + বাং. আন, আনো। ৬।৩ বানান : ল্ + অ + প্ + ট্ + আ + ন্ + অ, ও। বি.দ্র. : শব্দ-মধ্যের 'প' হসন্তবর্জিত।

লপ্‌সি : ডাল-ময়দা ইত্যাদির তরল মণ্ড, দুধ-দই থেকে প্রস্তুত ঘোল। বি। তদ্ভব। < সং. লপ্সিকা। বানান : ল্ + অ + প্ + স্ + ই। বি.দ্র. : 'প্' হসন্ত-যুক্ত

লপেটা : নাগবা ও পম্পশুর মাঝামাঝি আকারের জুতো। বি। তদ্ভব। < সং. লিপ্ত। বানান : ল্ + অ + প্ + এ + ট্ + আ।

লপ্ত : একটানা। বিণ। তদ্ভব। < সং. লিপ্ত। বানান : ল্ + অ + প্ + ত্ + অ। বি.দ্র. : প্ + ত্ + অ= প্ত।

লব : রামচন্দ্রের দ্বিতীয় পুত্র। বি। তৎসম। লূ + অ। ৬।১ উ + অ = ব। বানান : ল্ + অ + ব্ + অ।

লব : বিভাজ্য সংখ্যা। বি। তৎসম। লূ + অ। ৬।১ উ + অ = ব। বানান : ল্ + অ + ব্ + অ।

লবঙ্গ : মশলা-রূপে ব্যবহৃত শুষ্ক-ফুল বিশেষ। বি। তৎসম। লূ + অঙ্গ। ৬।১ [সন্ধি] উ + অ = ব। ২।৮ বানান : ল্ + অ + ব্ + অ + ঙ্ + গ্ + অ।

লবঙ্গলতা : গুণবতী ও নম্রা নারী। বি। তৎসম। লবঙ্গ [লূ + অঙ্গ] + লতা [লত্ + অ + আ]। ৬।১ লবঙ্গের লতা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ল্ + অ + ব্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + অ + ত্ + আ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ= ঙ্গ।

লবঙ্গলতিকা : গুণবতী ও নম্রা নারী। বি। তৎসম। লবঙ্গ [লূ + অঙ্গ] + লতিকা [লতা + ক + আ (স্ত্রী)]। ৬।১ লবঙ্গের লতিকা [ক্ষুদ্র লতা]= সম্বন্ধতৎ। ৩।৩

লবজ : কথার মাত্রারূপে ব্যবহৃত অর্থহীন শব্দ। বি। দেশী। বানান : ল্ + অ + ব্ + জ্ + অ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ব' হসন্ত-বর্জিত।

লবডঙ্কা : কিছুই না। বি। দেশী। বানান : ল্ + অ + ব্ + অ + ড্ + অ + ঙ্ + ক্ + আ। বি.দ্র. : ঙ্ + ক্ + আ= ঙ্কা।

লবণ : নুন। বি। তৎসম। লূ + অন। ৬।১ [সন্ধি] উ + অ= ব। ২।৮ বানান : ল্ + অ + ব্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'লবণ'-এর 'ণ' স্বাভাবিক 'ণ'। ৪।১।ছ

লবণপোড়া : অত্যন্ত লবণাক্ত। বিণ। তদ্ভব। লবণ [লূ + অন— 'লবণ' দ্রষ্টব্য] + পোড়া [তদ্ভব. পুড়্ (< সং. পুট্) + বাং. আ]। ৬।৩ লবণে পুড়েছে যা= উপপদতৎ। ৩।৩ বানান : ল্ + অ + ব্ + অ + ণ্ + অ + প্ + ও + ড়্ + আ।

লবণাক্ত : নোনা। বিণ। তৎসম। লবণ [লূ + অন— 'লবণ' দ্রষ্টব্য] + অক্ত [অন্‌জ্ + ত= লিপ্ত]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [া]। ২।১।ক লবণের দ্বারা অক্ত [লিপ্ত]= করণতৎ। বানান : ল্ + অ + ব্ + অ + ণ্ + আ + ক্ + ত্ + অ। বি.দ্র. : ক্ + ত্ + অ= ক্ত।

লবণাম্বুধি : লবণসমুদ্র। বি। তৎসম। লবণ [লূ + অন— 'লবণ' দ্রষ্টব্য] + অম্বুধি [অম্বু (জল) + ধা (ধারণ করা) + ই]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [া]। ২।১।ক অম্বু ধারণ করে যা [অম্বুধি= সমুদ্র]= উপপদতৎ। ৩।৩ লবণাক্ত অম্বুধি= কর্মধা। ৩।২ বানান : ল্ + অ + ব্ + অ + ণ্ + আ + ম্ + ব্ + উ + ধ্ + ই। বি.দ্র. : ম্ + ব্ + উ= ম্বু।

লবণাম্বুরাশি : লবণাক্ত জলরাশি। বি। তৎসম। লবণ [লূ + অন—'লবণ' দ্রষ্টব্য] + অম্বু [অম্ব্ + উ] + রাশি [অশ্ + ই (অ= র)]। ৬।১ অম্বুর রাশি= সম্বন্ধতৎ, লবণাক্ত অম্বুরাশি= কর্মধা। ৩।৩, ৩।২ বানান: ল্ + অ + ব্ + অ + ণ্ + আ + ম্ + ব্ + উ + র্ + আ + শ্ + ই। বি.দ্র.: ম্ + ব্ + উ= ম্বু।

লবনচুষ : লজেঞ্চুস, চোষ্য বিলাতী মিঠাই। বি। বিদেশী। < ইং. [lozenges.] বাংলা বানান: ল্ + অ + ব্ + অ + ন্ + চ্ + উ + ষ্। বি.দ্র.: বিদেশী শব্দে 'ন' হলেও 'চুষ্'-এ উ-র পর 'ষ্' বঙ্কিত আছে। শব্দ-মধ্যের 'ন' এবং শব্দান্তের 'ষ' হসন্তবিহীন।

লবেজান : যার প্রাণ ওষ্ঠাগত। বিণ। বিদেশী। < ফা. লব্- ই- জান্। বানান: ল্ + অ + ব্ + এ + জ্ + আ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্তবিহীন।

লব্ধ : প্রাপ্ত। বিণ। তৎসম। লভ্ + ত। ৬।১ বানান: ল্ + অ + ব্ + ধ্ + অ। বি.দ্র.: ব্ + ধ্ + অ= ব্ধ।

লব্ধকাম : চরিতার্থ, কৃতার্থ। বিণ। তৎসম। লব্ধ [লভ্ + ত] + কাম [কম্ + ণিচ্ + অ]। ৬।১ লব্ধ কাম [কামনা] যার= বহুব্রী। ৩।৫ বানান: ল্ + অ + ব্ + ধ্ + অ + ক্ + আ + ম্ + অ। বি.দ্র.: ব্ + ধ্ + অ= ব্ধ।

লব্ধকীর্তি : কীর্তিমান। বিণ। তৎসম। লব্ধ [লভ্ + ত] + কীর্তি [কৃত্ (কীর্তন করা) + তি]। ৬।১ লব্ধ কীর্তি যার= বহুব্রী। ৩।৫ বানান: ল্ + অ + ব্ + ধ্ + অ + ক্ + ঈ + র্ + ত্ + ই। বি.দ্র.: ব্ + ধ্ + অ= ব্ধ, ক্ + ঈ= কী, র্ + ত্ + ই= র্তি।

লব্ধপ্রতিষ্ঠ : প্রতিষ্ঠাবান। বিণ। তৎসম। লব্ধ [লভ্ + ত] + প্রতিষ্ঠ [প্রতি + স্থা + অ]। ৬।১ লব্ধ প্রতিষ্ঠা যার= বহুব্রী। ৩।৫ বানান: ল্ + অ + ব্ + ধ্ + অ + প্ + র্ + অ + ত্ + ই + ষ্ + ঠ্ + অ। বি.দ্র.: ব্ + ধ্ + অ= ব্ধ, প্ + র্ + অ= প্র, ষ্ + ঠ্ + অ= ষ্ঠ। 'ই'-র পর এবং 'ঠ'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

লব্ধা : প্রাপ্তা। বিণ। তৎসম। লব্ধ [লভ্ + ত] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ল্ + অ + ব্ + ধ্ + আ। বি.দ্র.: ব্ + ধ্ + আ= ব্ধা।

লভ্য : প্রাপ্য, লাভাংশ। বিণ। তৎসম। লভ্ + য্ (যৎ)]। ৬।১ বানান: ল্ + অ + ভ্ + য্ + অ। বি.দ্র.: ভ্ + য্ + অ= ভ্য।

লভ্যা : লাভের যোগ্যা। বিণ। তৎসম। লভ্য [লভ্ + য্ (যৎ)] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ল্ + অ + ভ্ + য্ + আ। বি.দ্র.: ভ্ + য্ + আ= ভ্যা।

লম্পট : কামুক। বিণ। তৎসম। সং. লম্পট। বানান: ল্ + অ + ম্ + প্ + অ + ট্ + অ। বি.দ্র.: ম্ + প্ + অ= ম্প। ব্যুৎপত্তির দিক থেকে, অনেকের অনুমান, শব্দটির উদ্ভব 'লম্বপট' থেকে।

লম্পটতা : কামুকতা। বি। তৎসম। লম্পট + তা। ৬।২ বানান: ল্ + অ + ম্ + প্ + অ + ট্ + অ + ত্ + আ। বি.দ্র.: ম্ + প্ + অ= ম্প।

লম্ফ : কেরোসিনের ডিবা [lamp]। লাফ [সং. <লম্ফ্ [=গতি) + অ (ভা)]। বি। তৎসম। লম্ফ্ + অ। ৬।১ বানান: ল্ + অ + ম্ + ফ্ + অ। বি.দ্র.: ম্ + ফ্ + অ= ম্ফ।

লম্ফঝম্প : লাফঝাঁপ। বি। তৎসম। লম্ফ [লম্ফ্ + অ] + ঝম্প [ঝম্প্ + অ]। ৬।১ লম্ফ ও ঝম্প= দ্বন্দ্ব। ৩।৪ বানান: ল্ + অ + ম্ + ফ্ + অ + ঝ্ + অ + ম্ + প্ + অ। বি.দ্র.: ম্ + ফ্ + অ= ম্ফ, ম্ + প্ + অ= ম্প।

লম্ব : লম্বমান, সমকোণে অবস্থিত রেখা। লম্ব্ + অ। ৬।১ বানান: ল্ + অ + ম্ + ব্ + অ। বি.দ্র.: ম্ + ব্ + অ= ম্ব।

লম্বকর্ণ: লম্বা কানযুক্ত। বি। তৎসম। [লম্ব + অ] + কর্ণ [কর্ণ + অ]। ৬।১ লম্ব [লম্বমান] কর্ণ যার= বহুব্রী। ৩।৫ বানান: ল্ + অ + ম্ + ব্ + অ + র্ক্ + অ + র্ + ণ্ + অ। বি.দ্র.: ম্ + ব্ + অ= ম্ব, 'র'-এর ঠিক পরেই 'ণ' হয়েছে। ৪।১।খ

লম্বমান: যা ঝুলছে। বিণ। তৎসম। লম্ব্ + মান [শানচ্]। ৬।১ বানান: ল্ + অ + ম্ + ব্ + অ + ম্ + আ + ন্। বি.দ্র.: ম্ + ব্ + অ= ম্ব। বাংলায় শব্দান্তের 'ন' হসন্তহীন।

লম্বশাট: প্রবঞ্চকের ছদ্মবেশ। বি। তৎসম। লম্ব [লম্ব্ + অ] + শাট [শাট্ + অ]। ৬।১ লম্ব, [লম্বমান] যে শাট [পোশাক]= কর্মধা। ৩।২ বানান: ল্ + অ + ম্ + ব্ + অ + শ্ + আ + ট্ + অ।

লম্বশাটপটাবৃত: জমকালো পোশাক-পরিহিত। বিণ। তৎসম। লম্বশাট ['লম্বশাট' দ্রষ্টব্য] + পটাবৃত [পট (পট্ + অ) + আবৃত [আ + বৃত্ + অ)]। ৬।১ শাট ও পট= দ্বন্দ্ব। ৩।৪ লম্ব যে শাটপট= কর্মধা। ৩।২ লম্বশাটপটের দ্বারা আবৃত= করণতৎ। ৩।৩ বানান: ল্ + অ + ম্ + ব্ + অ + শ্ + আ + ট্ + অ + প্ + অ + ট্ + আ + ব্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: ম্ + ব্ + অ= ম্ব, ট্ + আ= টা, ব্ + ঋ= বৃ।

লম্বা: দীর্ঘ, ঢেঙ্গা, দম্ভপূর্ণ। বি। তদ্ভব। লম্ব [লম্ব্ + অ] + বাং. আ। ৬।৩ বানান: ল্ + অ + ম্ + ব্ + আ। বি.দ্র.: ম্ + ব্ + আ= ম্বা।

লম্বাই: ঝুলের মাপ। বি। তদ্ভব। লম্ব [লম্ব্ + অ] + বাং. আই। ৬।৩ বানান: ল্ + অ + ম্ + ব্ + আ + ই। বি.দ্র.: ম্ + ব্ + আ= ম্বা।

লম্বা-ই-চওড়া: দৈর্ঘ্য ও প্রস্থের মাপ, দম্ভপূর্ণ উক্তি। বি। মিশ্র। [তদ্ভব + বিদেশী]। লম্বা [লম্ব + বাং. আ] + ই + চওড়া [< হি. চৌড়া। লম্বা ও চওড়া= দ্বন্দ্ব। ৩।৪ বানান: ল্ + অ + ম্ + ব্ + আ + ই + চ্ + অ + ও + ড়্ + আ। বি.দ্র.: ম্ + ব্ + আ= ম্বা।

লম্বাটে: সামান্য লম্বা। বিণ। তদ্ভব। লম্বা [লম্ব্ + বাং. আ] + বাং. টে। ৬।৩ বানান: ল্ + অ + ম্ + ব্ + আ + ট্ + এ। বি.দ্র.: ম্ + ব্ + আ= ম্বা।

লম্বালম্বি: দৈর্ঘ্যের দিকে। বি। তদ্ভব। লম্বা [লম্ব্ + বাং. আ] + লম্বি [লম্ব্ + ই] বাং. ই। ৬।৩ বানান: ল্ + অ + ম্ + ব্ + আ + ল্ + অ + ম্ + ব্ + ই। বি.দ্র.: ম্ + ব্ + আ= ম্বা, ম্ + ব্ + ই= ম্বি।

লম্বিত: লম্বমান। বিণ। তৎসম। লম্ব্ + ত। ৬।১ বানান: ল্ + অ + ম্ + ব্ + ই + ত্ + অ। বি.দ্র.: ম্ + ব্ + ই= ম্বি।

লম্বোদর: লম্বা পেটযুক্ত, গণেশ। বিণ, বি। তৎসম। লম্ব [লম্ব্ + অ] + উদর [উৎ + ঋ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [ম্বো]। ২।৫।ক লম্ব [লম্বমান] উদর যার= বহুব্রী। ৩।৫ বানান: ল্ + অ + ম্ + ব্ + ও + দ্ + অ + র্ + অ। বি.দ্র.: ম্ + ব্ + ও= ম্বো।

লয়: বিনাশ, তালের নির্দিষ্ট কাল-পরিমাণ। বি। তৎসম। লী + অ। ৬।১ বানান: ল্ + অ + য্ + অ।

ললনা: সুন্দরী নারী। বি। তৎসম। লল্ + অন + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ল্ + অ + ল্ + অ + ন্ + আ।

ললন্তিকা: আনাভি-লম্বিত হার। বি। তৎসম। লল্ + অন্তিক + আ [স্ত্রী]। ৬।২, ৭।১।ক বানান: ল্ + অ + ল্ + অ + ন্ + ত্ + ই + ক্ + আ। বি.দ্র.: ন্ + ত্ + ই= ন্তি।

ললাট: কপাল, ভাগ্য। বি। তৎসম। লল্ + আট। ৬।১ বানান: ল্ + অ + ল্ + আ + ট্ + অ।

ললাটিকা : ললাট-ভূষণ। বি। তৎসম। ললাট [লল্ + আট] + ইক + আ। ৬।১, ৬।২, ৭।১।খ বানান : ল্ + অ + ল্ + আ + ট্ + ই + ক্ + আ। বি.দ্র. : ট্ + ই= টি।

ললাম : তিলক। বি। তৎসম। ললাম + অ। ৬।২ বানান : ল্ + অ + ল্ + আ + ম্ + অ।

ললিত : কোমল, লাস্য। তৎসম। লল্ + ত। ৬।১ বানান : ল্ + অ + ল্ + ই + ত্ + অ।

ললিতকলা : গীতবাদ্য চিত্রাঙ্কন কাব্য সাহিত্য ইত্যাদি চারুকলা। বি। তৎসম। ললিত [লল্ + ত] + কলা [কল্ + অ + আ]। ৬।১ ললিত যে কলা [শিল্প] = কর্মধা। ৩।২ বানান : ল্ + অ + ল্ + ই + ত্ + অ + ক্ + অ + ল্ + আ।

ললিতা : মৃদু লাস্যময়ী। বিণ। তৎসম। ললিত [লল্ + ত] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : ল্ + অ + ল্ + ই + ত্ + আ।

লশকর, লস্কর : সৈন্য, জাহাজের খালাসী। বি। বিদেশী। < ফা. লশ্কর। বাংলা বানান : ল্ + অ + শ্ + [স্] + ক্ + অ + র্ + অ। বি.দ্র. : স্ + ক্ + অ= স্ক। শব্দ-মধ্যের 'শ' ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

লহনা : পাওনা। বি। তদ্ভব। লহ [< সং. লভ্ + অন + আ [স্ত্রী]। বানান : ল্ + অ + হ্ + অ + ন্ + আ।

লহমা : অতি অল্প সময়। বি। বিদেশী। < আ. > আ. লম্হহ্। বাংলা বানান : ল্ + অ + হ্ + অ + ম্ + আ।

লহর : ঢেউ। বি। তদ্ভব। < সং. লহরী। বানান : ল্ + অ + হ্ + অ + র্ + অ।

লহরি, লহরী : ঢেউ। বি। তৎসম। < সং. লহরী। বানান : ল্ + অ + হ্ + অ + র্ + ই, ঈ।

লহু : রক্ত। বি। তদ্ভব। < সং. লোহিত। বানান : ল্ + অ + হ্ + উ। বি.দ্র. : হ্ + উ= হু।

লা : স্ত্রীলোকদের অবজ্ঞাসূচক সম্বোধন পদ। অব্য। তদ্ভব। বাং. লা < অলা < শৌরসেনী প্রা. হলা।

লাইট : বাতি। বি। বিদেশী। < ইং. light. বাংলা বানান : ল্ + আ + ই + ট্। বি.দ্র. : শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

লাইন : রেখা। বি। বিদেশী। < ইং. line. বাংলা বানান : ল্ + আ + ই + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

লাইনিং : জামার ভেতরদিকের কাপড়ের অতিরিক্ত কাপড়ের আস্তরণ। < ইং. lining. বাংলা বানান : ল্ + আ + ই + ন্ + ই + ং।

লাইফবেলট, লাইফবেল্ট : ডুবন্ত ব্যক্তির ভেসে থাকবার সাহায্যার্থে নির্মিত বায়ুপূর্ণ চক্র। বি। বিদেশী। < ইং. life-belt. বাংলা বানান : ল্ + আ + ই + ফ্ + ব্ + এ + ল্ + ট্। বি.দ্র. : ল্ + ট্= ল্ট। শব্দ-মধ্যের ফ, ল ও শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

লাইফবোট : ডুবন্ত জাহাজের আরোহীর জীবনরক্ষার্থে ব্যবহৃত ক্ষুদ্র নৌকা। বি। বিদেশী। < ইং. life-boat. বাংলা বানান : ল্ + আ + ই + ফ্ + ব্ + ও + ট্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ফ' ও শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

লাইব্রেরি, লাইব্রেরী : গ্রন্থাগার। বি। বিদেশী। < ইং. library. বাংলা বানান : ল্ + আ + ই + ব্ + র্ + এ + র্ + ই, ঈ। বি.দ্র. : ব্ + র্ + এ= ব্রে, র্ + ই, ঈ= রি, রী।

লাইসেন্স : সরকারী অনুমতি। বি। বিদেশী। < ইং. licence. বাংলা বানান : ল্ + আ + ই + স্ + এ + ন্ + স্। বি.দ্র. : ন্ + স্= ন্স। শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত।

লাউ : কদু। বি। তদ্ভব। [< সং. অলাবু।] বানান : ল্ + আ + উ।

লাউডগা : লাউশাকের আগা, লাউডগা-সদৃশ সাপ। বি। তদ্ভব। লাউ [< সং. অলাবু] +

ডগা [< সং. ডঙ্গ]। লাউয়ের ডগা= সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: ল্ + আ + উ + ড্ + অ + গ্ + আ।

লাউমাচা: লাউগাছের জন্য নির্মিত মাচা। বি। তদ্ভব। লাউ [< সং. অলাবু] + মাচা [< সং. মঞ্চ] লাউ গাছের নিমিত্ত নির্মিত মাচা= মধ্যপ-কর্মধা। ৩৷২

লাক্ষণিক: লক্ষণযুক্ত, লক্ষণাগুণের দ্বারা বোধ্য। বিণ। তৎসম। লক্ষণ [লক্ষ্ + অন] + ইক [ষ্ণিক]। ৬৷১, ৬৷২ বানান: ল্ + আ + ক্ + ষ্ + অ + ণ্ + ই + ক্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ, ণ্ + ই = ণি। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪৷১৷গ

লাক্ষা: জতু। বি। তৎসম। লক্ষ্ + অ + আ। বানান: ল্ + আ + ক্ + ষ্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + আ= ক্ষা।

লাক্ষারস: আলতা। বি। তৎসম। লাক্ষা [লক্ষ্ + অ + আ] + রস [রস্ + অ]। ৬৷১ লাক্ষার রস= সম্বন্ধতৎ। বানান: ল্ + আ + ক্ + ষ্ + আ + র্ + অ + স্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + আ= ক্ষা।

লাখ: ১০০০০০ সংখ্যা। বি। তদ্ভব। < সং. লক্ষ। বানান: ল্ + আ + খ্ + অ।

লাখেরাজ: নিষ্কর জমি। বি। বিদেশী। < আ. লা-খি-রাজ। বাংলা বানান: ল্ + আ + খ্ + এ + র্ + আ + জ্। বি.দ্র.: শব্দান্তের 'জ' হসন্তবিহীন।

লাগসই: জুতসই। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী] + লাগ [< সং. লগ্ন] + সই [আ. সহীম্]। বানান: ল্ + আ + গ্ + স্ + অ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'গ' হসন্ত-বর্জিত।

লাগা: সংলগ্ন হওয়া, রত হওয়া। ক্রি। তদ্ভব। লাগ < সং. লগ্] + বাং. আ। ৬৷৩ বানান: ল্ + আ + গ্ + আ।

লাগাও: সংলগ্ন। বিণ। বিদেশী। < হি. লগাওয়্। বাংলা বানান: ল্ + আ + গ্ + আ + ও।

লাগোয়া: সন্নিহিত। বিণ। বিদেশী। < হি. লগাওয়্। বাংলা বানান: ল্ + আ + গ্ + ও + য় + আ।

লাগাতার: একটানা। বিণ। বিদেশী। < হি. লগাতার। বাংলা বানান: ল্ + আ + গ্ + আ + ত্ + আ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

লাগান, লাগানো: সংযুক্ত করা। ক্রি। তদ্ভব। লাগা ['লাগা দ্রষ্টব্য] + আন, আনো। ৬৷৩ বানান: ল্ + আ + গ্ + আ + ন্ + অ, ও। বি.দ্র.: ন্ + ও= নো।

লাগানি: চুকলি। বি। তদ্ভব। লাগা ['লাগা' দ্রষ্টব্য] + আনি। ৬৷৩ বানান: ল্ + আ + গ্ + আ + ন্ + ই।

লাগানি-ভাঙ্গানি: চুকলি কেটে শ্রোতার মন বিগড়ে দেওয়া। বি। তদ্ভব। লাগানি ['লাগানি' দ্রষ্টব্য] + ভাঙ্গানি [ভাঙ্গা (ভন্জ্ + বাং. আ) + বাং. আনি]। ৬৷৩ বানান: ল্ + আ + গ্ + আ + ন্ + ই + ভ্ + আ + ঙ্ + গ্ + আ + ন্ + ই।

লাগাম: ঘোড়ার বল্গা। বি। বিদেশী। < ফা. লগাম্। বাংলা বানান: ল্ + আ + গ্ + আ + ম্। বি.দ্র.: শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

লাগামছাড়া: নিয়ন্ত্রণের বহির্ভূত। বিণ। মিশ্র [বিদেশী + তদ্ভব]। লাগাম [< ফা. লগাম] + ছাড়া [> সং. ছর্দ্]। লাগাম [নিয়ন্ত্রণ] ছেড়েছে যা= উপপদতৎ। ৩৷৩ বানান: ল্ + আ + গ্ + আ + ম্ + ছ্ + আ + ড়্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ম' হসন্ত-বর্জিত।

লাগালাগি: সংলগ্ন। বিণ। তদ্ভব। লাগা [বাং. লাগ + বাং. আ] + লাগি [লাগ + বাং. ই]। ৬৷৩ বানান: ল্ + আ + গ্ + আ + ল্ + আ + গ্ + ই।

লাগি, লাগিয়া: জন্য। অব্য। তদ্ভব। [প্রাচীন কাব্যে

ব্যবহৃত] লাগ + ই, ইয়া। বানান: ল্ + আ + গ্ + ই, য্ + আ।

লাগেজ: যাত্রীদের সঙ্গের মালপত্র। বি। বিদেশী। < ইং. luggage বাংলা বানান: ল্ + আ + গ্ + এ + জ্। বি.দ্র.: শব্দান্তের 'জ' হসন্ত-বর্জিত।

লাগোয়া: সন্নিহিত। বিণ। বিদেশী। < হি. লগাওয়া। বাংলা বানান: ল্ + আ + গ্ + ও + য্ + আ।

লাঘব: লঘুতা। বি। তৎসম। সং. লঘু + অ। ৬।১ বানান: ল্ + আ + ঘ্ + অ + ব্ + অ।

লাঙ্গল, লাঙল: হল। বি। তৎসম। লঙ্গ + অল। ৬।১ বানান: ল্ + আ + ঙ্ + [গ্] + অ + ল্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ।

লাঙ্গলটানা: হলবহনকারী। বিণ। মিশ্র [তৎসম + তদ্ভব]। লাঙ্গল ['লাঙ্গল' দ্রষ্টব্য] + বাং. টান [< সং. তান] + বাং. আ। ৬।৩ বানান: ল্ + আ + ঙ্ [গ্] + অ + ল্ + অ + ট্ + আ + ন্ + আ।

লাঙ্গলী: বলরাম। বি। তৎসম। লাঙ্গল ['লাঙ্গল' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।২ লাঙ্গল আছে যার। বানান: ল্ + আ + ঙ্ + গ্ + অ + ল্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

লাঙ্গুল: লেজ। বি। তৎসম। লঙ্গ্ + উল। ৬।১ বানান: ল্ + আ + ঙ্ + গ্ + উ + ল্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + উ= ঙ্গু।

লাঙ্গুলী: লেজবিশিষ্ট। বিণ। তৎসম। লাঙ্গুল [লঙ্গ্ + উল] + ইন্ [ঈ]। ৬।১,৬।২ লাঙ্গুল আছে যার। বানান: ল্ + আ + ঙ্ + গ্ + উ + ল্ + ঈ। বি.দ্র.: ঙ্ + গ্ + উ= ঙ্গু। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

লাচাড়ি, লাচাড়ী: নৃত্যের উপযোগী ত্রিপদী ছন্দ বা ছন্দে রচিত গান। বি। তদ্ভব। লাচ [< তদ্ভব নাচ < সং. নৃত্য] + বাং. আড়ি, আড়ী। ৬।৩ বানান: ল্ + আ + চ্ + আ + ড়্ + ই, ঈ। ড়্ + ই= ড়ি, ড়্ + ঈ= ড়ী।

লাচার: নাচার। বিণ। বিদেশী। < আ. লা + ফা. চারা। বাংলা বানান: ল্ + আ + চ্ + আ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

লাজ: লজ্জা। বি। তদ্ভব। < সং. লজ্জা। বানান: ল্ + আ + জ্ + অ।

লাজ: খই। বি। তৎসম। লাজ্ + অ। বানান: ল্ + আ + জ্ + অ।

লাজবর্ষণ: শুভকর্মে খই-নিক্ষেপ। বি। তৎসম। লাজ [লাজ্ + অ (খই)] + বর্ষণ [বৃষ্ + অন]। ৬।১ লাজের বর্ষণ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + আ + জ্ + অ + ব্ + অ + র্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: র্ + ষ্ + অ= র্ষ, 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

লাজাঞ্জলি: খই-ভরতি অঞ্জলি। বি। তৎসম। লাজ [লাজ্ + অ (খই)] + অঞ্জলি (অঞ্জ্ + অলি]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [জা] ২।১।ক লাজের [খইয়ের] অঞ্জলি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + আ + জ্ + আ + ঞ্ + জ্ + অ + ল্ + ই। বি.দ্র.: ঞ্ + জ্ + অ= ঞ্জ।

লাজুক: লজ্জাশীল। বিণ। তদ্ভব। লাজ [< সং. লজ্জা] + উক। ৬।৩ বানান: ল্ + আ + জ্ + উ + ক্। বি.দ্র.: শব্দান্তের 'ক' হসন্তবর্জিত।

লাঞ্ছন: কলঙ্ক, চিহ্ন। বি। তৎসম। লাঞ্ছ্ [চিহ্ন বা দাগ দেওয়া] + অন। ৬।১ বানান: ল্ + আ + ঞ্ + ছ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঞ্ + ছ্ + অ= ঞ্ছ।

লাঞ্ছনা: উৎপীড়ন। বি। তৎসম। লাঞ্ছ্ [পীড়ন সহ অপদস্থ করা] + অন + আ। ৬।১ বানান: ল্ + আ + ঞ্ + ছ্ + অ + ন্ + আ। বি.দ্র.: ঞ্ + ছ্ + অ= ঞ্ছ।

লাঞ্ছিত : উৎপীড়িত। বিণ। তৎসম। লাঞ্ছ [পীড়নসহ অপদস্থ করা] + ত। ৬।১ বানান : ল্ + আ + ঞ্ + ছ্ + ই + ত্ + অ। বি.দ্র. : ঞ্ + ছ্ + ই= ঞ্ছি।

লাট : পাট-ভাঙ্গা, জীর্ণ বস্ত্রাদি। বি। দেশী। বানান : ল্ + আ + ট্। বি.দ্র. : শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

লাট : বিক্রয়ের জন্য পণ্য সমষ্টি। বি। বিদেশী। < ইং. lot বাংলা বানান : ল্ + আ + ট্। শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

লাট : গর্ভনর, রাজ্যপাল। বি। বিদেশী। < ইং. lord. বাংলা বানান : ল্ + আ + ট্। বি.দ্র. : শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

লাট খাওয়া : ঘুরে পতনোন্মুখ হওয়া। ক্রি। মিশ্র [দেশী + তদ্ভব। দেশী. লাট + তদ্ভব. খাওয়া [খা (< সং. খাদ্) + ওয়া] ৬।৩ বানান : ল্ + আ + ট্ + খ্ + আ + ও + য্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ট' হসন্ত-বর্জিত।

লাটবন্দি, লাটবন্দী : লাটের তালিকা-ভুক্ত। বিণ। মিশ্র [তৎসম + বিদেশী]। লাট [< ইং. lot]। বন্দি, বন্দী [সং. বন্দ্ + ই, ঈ]। ৬।১ লাটের মধ্যে বন্দি, বন্দী= অধিকরণতৎ। ৩।৩ বানান : ল্ + আ + ট্ + ব্ + অ + ন্ + দ্ + ই, ঈ। বি.দ্র. : ন্ + দ্ + ই, ঈ= ন্দি, ন্দী। শব্দ-মধ্যের 'ট' হসন্ত-বর্জিত।

লাটসাহেব : রাজ্যপাল। বি। বিদেশী। লাট [< ইং. lord] + সাহেব [< আ. সাহিব]। বাংলা বানান : ল্ + আ + ট্ + স্ + আ + হ্ + এ + ব্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ট' এবং শব্দান্তের 'ব' হসন্ত-বর্জিত।

লাটাই : বাঁশের ফালি দিয়ে তৈরী সুতা গোটাবার কাঠাম। বি। দেশী। বানান : ল্ + আ + ট্ + আ + ই।

লাটিম : দড়ি দিয়ে ঘোরাবার কাঠের খেলনা। বি। বিদেশী। < হি. লট্টু। বাংলা বানান : ল্ + আ + ট্ + ই + ম্। বি.দ্র. : শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

লাট্টু : দড়ি দিয়ে ঘোরাবার কাঠের খেলনা। বি। বিদেশী। < হি. লট্টু। বাংলা বানান : ল্ + আ + ট্ + ট্ + উ। বি.দ্র. : ট্ + ট্ + উ= ট্টু।

লাট্টুদার : লাট্টুর মতো পাকিয়ে চূড়া-করা। বিণ। বিদেশী। লাট্টু [< হি. লট্টু] + ফা. দার। বানান : ল্ + আ + ট্ + ট্ + উ + দ্ + আ + র্। বি.দ্র. : শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

লাঠালাঠি : লাঠিদ্বারা পরস্পর মারামারি [বাং. লাঠি + লাঠি]। বি। তদ্ভব। লাঠি [< সং. যষ্টি] + লাঠি [< সং. যষ্টি]। লাঠিতে লাঠিতে যে যুদ্ধ= ব্যতিহার বহুব্রী। ৩।৫ বানান : ল্ + আ + ঠ্ + আ + ল্ + আ + ঠ্ + ই।

লাঠি : যষ্টি [প্রা. লট্ঠি < সং. যষ্টি]। বি। তদ্ভব। লাঠি [< প্রা. লট্ঠি < সং. যষ্টি]। বানান : ল্ + আ + ঠ্ + ই।

লাঠি খেলা : ক্রীড়া-কৌশল প্রদর্শনার্থ পরস্পর লাঠি নিয়ে লড়াই। বি। তদ্ভব। লাঠি ['লাঠি' দ্রষ্টব্য] + খেলা [সং. খেল্ + বাং. আ]। ৬।৩ বানান : ল্ + আ + ঠ্ + ই + খ্ + এ + ল্ + আ।

লাঠিবাজি : লাঠি নিয়ে লড়াই। বি। মিশ্র। [তদ্ভব + বিদেশী]। তদ্ভব. লাঠি [< সং. যষ্টি] + ফা. বাজি। বানান : ল্ + আ + ঠ্ + ই + ব্ + আ + জ্ + ই।

লাঠিয়াল : লাঠি দ্বারা লড়াইয়ে পটু ব্যক্তি। বি। তদ্ভব। লাঠি [< সং. যষ্টি] + বাং. আল। ৬।৩ বানান : ল্ + আ + ঠ্ + ই + য় + আ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

লাঠিয়ালি : লাঠিয়ালের বৃত্তি। বি। তদ্ভব। লাঠিয়াল ['লাঠিয়াল' দ্রষ্টব্য] + বাং. ই। বানান : ল্ + আ + ঠ্ + ই + য় + আ + ল্ + ই।

লাঠ্যোষধি : স্বভাব-শোধনের জন্যে লাঠির দ্বারা

প্রহার-রূপ ঔষধ [লাঠি + ঔষধি। বি। মিশ্র. [তদ্ভব + তৎসম]। তদ্ভব. লাঠি [< সং. যষ্টি] + সং. ঔষধি [ওষধি + অ]। ৬।১ [সন্ধি] ই + ঔ= যৌ [ঠৌ]। ২।৭ লাঠি-রূপ ঔষধি= রূপক-কর্মধা। ৩।২ বানান: ল্ + আ + ঠ্ + য্ + ঔ + ষ্ + অ + ধ্ + ই। বি.দ্র.: ঠ্ + য্ + ঔ= ঠৌ। [ভুল সংস্কৃত শব্দ]

লাড়ু, নাড়ু: শুষ্ক গোলাকার মিঠাই, বি। তদ্ভব। < সং. লড্ডু। বানান: ল্ [ন্] + আ + ড়্ + উ।

লাড়ুগোপাল, নাড়ুগোপাল: হাতে লাড়ু নিয়ে হামাগুড়ি ভঙ্গিতে স্থিত শিশু-কৃষ্ণের মূর্তি। বি। তদ্ভব। তদ্ভব. লাড়ু [< সং. লড্ডু] + গোপাল [গো + পাল্ + অ]। ৬।১ লাড়ু হাতে গোপাল= মধ্যপ-কর্মধা। ৩।২

লাড্ডু: শুষ্ক গোলাকার মিঠাই। বি। তদ্ভব। সং. লড্ডু। বানান: ল্ + আ + ড্ + ড্ + উ।

লাথ: পায়ের দ্বারা আঘাত। বি। বিদেশী। < হি. লাত্। বাংলা বানান: ল্ + আ + থ্। বি.দ্র.: শব্দান্তের 'থ' হসন্ত-বর্জিত।

লাথি: পায়ের দ্বারা আঘাত। বি। বিদেশী। < হি. লাত্। বাংলা বানান: ল্ + আ + ল্ + ই।

লাদা: ভার চাপান। ক্রি। বিদেশী। < হি. লাদ্না। বাংলা বানান: ল্ + আ + দ্ + আ।

লাদান: প্রহার: বি। দেশী। বানান: ল্ + আ + দ্ + আ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

লাফ: লম্ফ। বি। তদ্ভব। < সং. লম্ফ। বানান: ল্ + আ + ফ্। বি.দ্র.: শব্দান্তের 'ফ' হসন্ত-বর্জিত।

লাফঝাঁপ: লম্ফ ও ঝম্প। বি। তদ্ভব। < সং. লম্ফঝম্প। বানান: ল্ + আ + ফ্ + ঝ্ঁ + অ + প্। বি.দ্র.: শব্দ-মধ্যের ও শব্দান্তের 'প' হসন্ত-বর্জিত।

লাফড়া, লাফরা: ঘ্যাঁট। বি। তদ্ভব। লাফ [< লাবু (< সং. অলাবু] + বাং. ড়া [রা]। বানান: ল্ + আ + ফ্ + ড়্ [র্] + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ফ' হসন্ত-বর্জিত।

লাফালাফি: ক্রমাগত লাফ দেওয়া, অত্যন্ত ছুটাছুটি। বি। তদ্ভব। লাফ [< সং. লম্ফ] + বাং. আ. + লাফ [< সং. লম্ফ] + বাং. ই। বানান: ল্ + আ + ফ্ + আ + ল্ + আ + ফ্ + ই।

লাবড়া: ঘ্যাঁট। বি। তদ্ভব। লাব [< লাবু < সং. অলাবু] + বাং. ড়া। বানান: ল্ + আ + ব্ + ড়্ + আ। বি.দ্র.: শব্দমধ্যের 'ব' হসন্তবর্জিত।

লাবণি: লাবণ্য। বি। তৎসম। লবণ [সং] + ই [ষ্ণি]। ৬।২ বানান: ল্ + আ + ব্ + অ + ণ্ + ই। বি.দ্র.: 'লাবণি'-র ['লবণ' জাত] 'ণ' স্বাভাবিক 'ণ'।

লাবণিক: লবণের বিক্রেতা। বিণ। তৎসম। লবণ [সং.] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: ল্ + আ + ব্ + অ + ণ্ + ই + ক্ + অ। বি.দ্র.: 'লাবণিক'-এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

লাবণ্য: সৌন্দর্য। বি। তৎসম। লবণ [সং.] + য [ষ্যঞ্]। ৬।২ বানান: ল্ + আ + ব্ + অ + ণ্ + য্ + অ। বি.দ্র.: ণ্ + য্ + অ= ণ্য। 'লাবণ্য' ['লবণ'-জাত]-এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

লাবণ্যময়: কান্তিযুক্ত। বিণ। তৎসম। লাবণ্য ['লাবণ্য' দ্রষ্টব্য] + ময় [ময়ট্]। ৬।২ লাবণ্যের দ্বারা ময় [পূর্ণ]= করণতৎ। ৩।৩ বানান: ল্ + আ + ব্ + অ + ণ্ + য্ + অ। বি.দ্র.: ণ্ + য্ + অ= ণ্য। 'ণ' স্বাভাবিক 'ণ'।

লাবণ্যময়ী: কান্তিযুক্তা। বানান: ল্ + আ + ব্ + অ + ণ্ + য্ + অ + ম্ + অ + য্ + ঈ। বি.দ্র.: ণ্ + য্ + অ= ণ্য। 'লাবণ্য'-এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

লাভ: মুনাফা। বি। তৎসম। লভ্ [পাওয়া] + অ। ৬।১ বানান: ল্ + আ + ভ্ + অ।

লাভবান : মুনাফাকারী। বিণ। তৎসম। লাভ [লভ্ (পাওয়া) + অ] + বান [বতুপ্]। ৬।২ বানান : ল্ + আ + ভ্ + অ + ব্ + আ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

লাভালাভ : লাভ ও ক্ষতি। বি। তৎসম। লাভ [লভ্ + অ] + অলাভ [ন + লভ্ + অ]। ৬।২ লাভ ও অলাভ= দ্বন্দ্ব। ৩।৪ বানান : ল্ + আ + ভ্ + আ + ল্ + আ + ভ্ + অ।

লামা : তিব্বতীয় বৌদ্ধ পুরোহিত। বি। বিদেশী। < তিব্বতী. Lama. বাংলা বানান : ল্ + আ + ম্ + আ।

লাম্পট্য : লম্পটের কাজ। কামুকতা। বি। তৎসম। লম্পট + য [ষ্ণ্য]। ৬।২ বানান : ল্ + আ + ম্ + প্ + অ + ট্ + য্ + অ। বি.দ্র. : ম্ + প্ + অ= ম্প, ট্ + য্ + অ= ট্য।

লায়েক : সাবালক, উপযুক্ত। বিণ। বিদেশী। < আ. লায়ক। বাংলা বানান : ল্ + আ + য্ + এ + ক্। বি.দ্র. : শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত।

লাল : লালা। বি। তদ্ভব। < সং. লালা।

লাল : রক্তবর্ণ। < ফা. লাল্। বাংলা বানান : ল্ + আ + ল্। শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

লাল : প্রিয়। বিণ। বিদেশী। < হি. লাল্। বাংলা বানান : ল্ + আ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

লালচ : লালসা। বি। বিদেশী। < হি. লালচ্। বাংলা বানান : ল্ + আ + ল্ + অ + চ্। বি.দ্র. : শব্দান্তের 'চ' হসন্ত-বর্জিত।

লালচে : ঈষৎ রক্তবর্ণ। বিণ। বিদেশী। ফা. লাল্ + বাং. চে। বাংলা বানান : ল্ + আ + ল্ + চ্ + এ। বি.দ্র. : শব্দমধ্যের 'ল' হসন্তবর্জিত।

লালন : সযত্নে পালন। বি। তৎসম। লভ্ [গভীর স্নেহে পালন করা] + ণিচ্ + অন। ৬।১ বানান : ল্ + আ + ল্ + অ + ন্ + অ।

লালন-পালন : প্রতিপালন। বি। তৎসম। লালন [লভ্ + ণিচ্ + অন] + পালন [পাল্ + ণিচ্ + অন। ৬।১ লালন ও পালন= দ্বন্দ্ব। ৩।৪ বানান : ল্ + আ + ল্ + অ + ন্ = অ + প্ + আ + ল্ + অ + ন্ + অ।

লালমুখ : রক্তবর্ণমুখ-যুক্ত। বিণ। মিশ্র [বিদেশী + তৎসম]। লাল [ফা] + মুখ [সং.]। লাল মুখ যার ['লালমুখো']= বহুব্রী। ৩।৫ বানান : ল্ + আ + ল্ + ম্ + উ + খ্ + অ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ল' হসন্ত-বর্জিত।

লালমোহন : মনোহারী ও প্রিয়। মিশ্র [বিদেশী + তৎসম]। লাল [হি.] + মোহন [মুহ্ + ণিচ্ + অন]। ৬।১ যে লাল [প্রিয়], সে-ই মোহন= কর্মধা। ৩।২ বানান : ল্ + আ + ল্ + ম্ + ও + হ্ + অ + ন্ + অ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ল' হসন্ত-বর্জিত।

লালস : লোলুপ। বিণ। তৎসম। লালসা [লস্ + যঙ্লুক্ + অ + আ] + অ [ষ্ণ]। ৬।১ বানান : ল্ + আ + ল্ + অ + স।

লালসা, লালস : লোলুপতা। বি। তৎসম। লস্ + যঙ্লুক্ + অ, + আ। ৬।১ বানান : ল্ + আ + ল্ + অ + স্ + আ, অ।

লালা : মুখজাত জল। বি। তৎসম। লল্ + ণিচ্ + অ + আ]। ৬।১ বানান : ল্ + আ + ল্ + আ।

লালাটিক : ললাটভূষণ। বি। তৎসম। ললাট + ইক [ষ্ণিক]। ৬।১ বানান : ল্ + আ + ল্ + আ + ট্ + ই + ক্ + অ।

লালাপোশ : শিশুর মুখের লালা যাতে জামা-কাপড়ে না লাগে সেজন্য আচ্ছাদন। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. লালা + ফা. পোশ। বানান : ল্ + আ + ল্ + আ + প্ + ও + শ্। বি.দ্র. : শব্দান্তের 'শ' হসন্তবর্জিত।

লালায়িত : পাবার জন্যে অত্যন্ত আগ্রহান্বিত। তৎসম। লালা + ণিচ্ [=লালয়] + ত। ৬।১ বানান : ল্ + আ + ল্ + আ + য্ + ই + ত্ + অ।

লালায়িতা : পাবার জন্যে আগ্রহান্বিতা। বিণ। তৎসম। লালায়িত ['লালায়িত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। বানান : ল্ + আ + ল্ + আ + য় + ই + ত্ + আ।

লালাস্রাব : মুখ থেকে ক্রমাগত লালার ক্ষরণ। বি। তৎসম। লালা ['লালা' দ্রষ্টব্য] + স্রাব [স্রু (ক্ষরণ হওয়া) + অ]। ৬।১ লালার স্রাব [ক্ষরণ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ল্ + আ + ল্ + আ + স্ + র্ + আ + ব্ + অ। বি.দ্র. : স্ + র্ + আ = স্রা।

লালিত : যাকে লালন করা হয়েছে। বিণ। তৎসম। লড্ + ণিচ্ + ত। ৬।১ বানান : ল্ + আ + ল্ + ই + ত্ + অ।

লালিতপালিত : প্রতিপালিত। বিণ। তৎসম। লালিত [লড্ + ণিচ্ + ত] + পালিত [পা + ণিচ্ + ত্]। ৬।১ লালিত ও পালিত = দ্বন্দ্ব। ৩।৪ বানান : ল্ + আ + ল্ + ই + ত্ + অ + প্ + আ + ল্ + ই + ত্ + অ।

লালিত্য : সৌন্দর্য। বি। তৎসম। ললিত ['ললিত' দ্রষ্টব্য] + য [ষ্ণ্য]। ৬।১ বানান : ল্ + আ + ল্ + ই + ত্ + য্ + অ। বি.দ্র. : ল্ + ই = লি, ত্ + য্ + অ = ত্য।

লালিমা : রক্তিমা। বি। তৎসম। লাল ['লাল'—রক্তবর্ণ দ্রষ্টব্য] + ইমা। ৬।১ বানান : ল্ + আ + ল্ + ই + ম্ + আ। বি.দ্র. : ল্ + ই = লি।

লাশ : মৃতদেহ। বি। বিদেশী। < ফা. লাশ্। বাংলা বানান : ল্ + আ + শ্। বি.দ্র. : শব্দান্তের 'শ' হসন্ত-বর্জিত।

লাস : স্ত্রীলোকের নৃত্য। বি। তৎসম। লস্ + অ। ৬।১ বানান : ল্ + আ + স্ + অ।

লাস্য : স্ত্রীলোকের নৃত্য। বি। তৎসম। লস্ + য। ৬।১ বানান : ল্ + আ + স্ + য্ + অ। বি.দ্র. : স্ + য্ + অ = স্য।

লাস্যময়ী : লীলায়িত ভাবভঙ্গিযুক্তা। বিণ। তৎসম। লাস্য [লস্ + য] + ময় [ময়ট্] + ঈ [স্ত্রী]। ৬।১, ৬।২, ৭।১।গ বানান : ল্ + আ + স্ + য্ + অ + ম্ + অ + য়্ + ঈ। বি.দ্র. : স্ + য্ + অ = স্য।

লিক : মাটিতে গাড়ির চাকার দাগ। বি। তদ্ভব। লিক < রেখ < রেখা [< সং. লেখা (লিখ্ + অ + আ)]। ৬।১ বানান : ল্ + ই + ক্। বি.দ্র. : শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত।

লিকলিক, লিক্‌লিক্ : কৃশতার ভাবসূচক। অব্যয়। দেশী।

লিকলিকে, লিক্‌লিকে : কৃশ ও দীর্ঘকায়। বিণ। দেশী। লিকলিক + বাং. এ। ৬।৩ বানান : ল্ + ই + ক্ + ল্ + ই + ক্ + এ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ক' হসন্ত-বর্জিত।

লিকি : উকুনের হিম। বি। তদ্ভব। লিকি [< সং. লিক্ষা। বানান : ল্ + ই + ক্ + ই।

লিখন : লেখা। বি। তৎসম। লিখ্ + অন। ৬।১ বানান : ল্ + ই + খ্ + অ + ন্ + অ।

লিখা : অক্ষর বিন্যাস করা। ক্রি। তদ্ভব। লিখ্ + বাং. আ। ৬।৩ বানান : ল্ + ই + খ্ + আ।

লিখান, লিখানো : কাউকে দিয়ে লেখার কাজ করান। বি। তদ্ভব। লিখ্ + বাং. আন, আনো। ৬।৩ বানান : ল্ + ই + খ্ + আ + ন্ + অ,ও।

লিখালিখি : ক্রমাগত পত্রপ্রেরণ। বি। তদ্ভব। লিখ্ + বাং. আ + লিখ্ + বাং. ই। ৬।৩ বানান : ল্ + ই + খ্ + আ + ল্ + ই + খ্ + ই।

লিখিত : যা লেখা হয়েছে। বিণ। তৎসম। লিখ্ + ত। ৬।১ বানান : ল্ + ই + খ্ + ই + ত্ + অ।

লিখিতব্য : যা লিখতে হবে বা লেখা উচিত। বিণ। তৎসম। লিখ্ + তব্য। ৬।১ বানান : ল্ + ই + খ্ + ই + ত্ + অ + ব্ + য্ + অ। বি.দ্র. : ব্ + য্ + অ = ব্য।

লিখিয়ে: যে লেখায় পটু। বিণ। তদ্ভব। লিখ্ + বাং. ইয়ে। ৬।৩ বানান: ল্ + ই + খ্ + ই + য্ + এ।

লিঙ্গ: পুরুষের জননেন্দ্রিয়, ব্যাকরণে শব্দের পুং-স্ত্রী-ক্লীবভেদ। বি। তৎসম। লিঙ্গ্ + অ। ৬।১ বানান: ল্ + ই + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ = ঙ্গ।

লিঙ্গায়েত: দক্ষিণ ভারতের শিবোপাসক সম্প্রদায়। বি। তৎসম। লিঙ্গায়ৎ < সং. লিঙ্গবৎ। বানান: ল্ + ই + ঙ্ + গ্ + আ + য্ + এ + ত্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + আ = ঙ্গা।

লিচু: সুমিষ্ট ক্ষুদ্র ফল। বি। বিদেশী। < চীনা. লি-চি। বাংলা বানান: ল্ + ই + চ্ + উ।

লিটার: তরল পদার্থের ওজন। বি। বিদেশী। < ইং. Litre. বাংলা বানান: ল্ + ই + ট্ + আ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

লিপস্টিক: ঠোঁট রাঙাবার জন্য রঙের কাঠি। বি। বিদেশী। < ইং. lipstick. বাংলা বানান: ল্ + ই + প্ + স্ + ট্ + ই + ক্। বি.দ্র.: স্ + ট্ + ই = স্টি। বিদেশী শব্দ, তাই 'ট'-এর আগে 'ষ' না হয়ে 'স্' হয়েছে। ৯।৪।১১

লিপি: চিঠি, বর্ণমালা। বি। তৎসম। লিপ্ + ই। ৬।১ বানান: ল্ + ই + প্ + ই।

লিপিকর: লেখক। বি। তৎসম। লিপি [লিপ্ + ই] + কর [কৃ + অ]। ৬।১ লিপি [দ্বারা লেখা] করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: ল্ + ই + প্ + ই + ক্ + অ + র্ + অ।

লিপিকা: ক্ষুদ্রপাত্র। বি। তৎসম। লিপিকা। লিপি + ক্ + আ। ৬।২ বানান: ল্ + ই + প্ +ই + ক্ + আ।

লিপিকার: লেখক। বি। তৎসম। লিপি [লিপ্ + ই] + কার [কৃ + অ]। ৬।১। ৬।১ লিপি করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: ল্ + ই + প্ + ই + ক্ + আ + র্ + অ।

লিপিকৌশল: লেখার কায়দা। বি। তৎসম। লিপি [লিপ্ + ই] + কৌশল [কুশল + অ]। ৬।১ লিপির [লেখার] কৌশল = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ই + প্ + ই + ক্ + ঔ + শ্ + অ + ল্ + অ। বি.দ্র.: ক্ + ঔ = কৌ।

লিপিচাতুর্য: পত্রাদি রচনায় নৈপুণ্য। বি। তৎসম। লিপি [লিপ্ + ই] + চাতুর্য [চতুর + য (ষ্ণ্য)] + ৬।১, ৬।২ লিপির [লেখার] চাতুর্য = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ই + প্ +ই + চ্ + আ + ত্ + উ + র্ + য্ + অ। বি.দ্র.: র্ + য্ + অ = র্য।

লিপিবদ্ধ: লিখিত। বিণ। তৎসম। লিপি [লিপ্ + ই] + বদ্ধ [বন্ধ্ + ত]। ৬।১ লিপির দ্বারা বদ্ধ = করণতৎ। ৩।৩ বানান: ল্ + ই + প্ + ই + ব্ + অ + দ্ + ধ্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + অ = দ্ধ।

লিপিভুক্ত: লিখিত। বিণ। তৎসম। লিপি [লিপ্ + ই] + ভুক্ত [ভুজ্ + ত]। ৬।১ লিপির দ্বারা ভুক্ত = করণতৎ। ৩।৩ বানান: ল্ + ই + প্ + ই + ভ্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ভ্ + উ = ভু, ক্ + ত্ + অ = ক্ত।

লিপ্ত: মাখানো, সংযুক্ত। বিণ। তৎসম। লিপ্ + ত। ৬।১ বানান: ল্ + ই + প্ + ত্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ = প্ত।

লিপ্যন্তর: এক ভাষার লেখ্যরূপকে অন্য ভাষার লিপিতে লিখন [transliteration]। বি। তৎসম। লিপি [লিপ্ + ই] + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ [সন্ধি] ই + অ = য [প্য]। ২।৭।ক অন্য লিপি = নিত্যসমাস। বানান: ল্ + ই + প্ + য্ + অ + ন্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র.: প্ + য্ + অ = প্য, ন্ + ত্ + অ = ন্ত।

লিপ্সা: পাবার প্রবল বাসনা। বি। তৎসম। লভ্ + সন্ ['ইচ্ছা' অর্থে] + অ + আ। বানান: ল্ + ই + প্ + স্ + আ। বি.দ্র.: ল্ +

ই = লি, প্ + স্ + আ = প্সা।

লিপ্সু : লোলুপ। বিণ। তৎসম। লভ্ + সন্ ['ইচ্ছা' অর্থে] + উ। ৬।১ বানান : ল্ + ই + প্ + স্ + উ। বি.দ্র. : প্ + স্ + উ = প্সু।

লিভার : যকৃৎ। বি। বিদেশী। < ইং. liver. বাংলা বানান : ল্ + ই + ভ্ + আ + র্। বি.দ্র. : শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

লিমনেড, লেমনেড : খনিজ পদার্থ মিশ্রিত অম্লমধুর পানীয়। বি। বিদেশী। < ইং. lemonade. বাংলা বানান : ল্ + ই , এ + ম্ + অ + ন্ + এ + ড্। বি.দ্র. : শব্দান্তের 'ড' হসন্ত-বর্জিত।

লিস্ট, লিস্টি : তালিকা। বি। বিদেশী। < ইং. list. বাংলা বানান : ল্ + ই + স্ + ট্ , ই। বি.দ্র. : বিদেশী শব্দ, তাই 'ই'-র পর এবং 'ট'-এর আগে 'স্' [স্ট] হয়েছে। শব্দান্তেব 'ট' ['ই'-হীন] হসন্ত-বর্জিত।

লীগ : সঙ্ঘ। বি। বিদেশী। < ইং. league. বাংলা বানান : ল্ + ঈ + গ। বি.দ্র. : শব্দান্তেব 'গ' হসন্ত-বর্জিত।

লীঢ় : যা লেহন কবা হয়েছে। বিণ। তৎসম। লিহ্ + ত। বানান : ল্ + ঈ + ঢ় + অ। বি.দ্র. : ল্ + ঈ = লী, ঢ় + অ = ঢ়।

লীন : লয়প্রাপ্ত। বিণ। তৎসম। লী + ত। ৬।১ বানান : ল্ + ঈ + ন্ + অ। বি.দ্র. : ল্ + ঈ = লী।

লীনা : লয়প্রাপ্তা। বিণ। তৎসম। লীন [লী + ত] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : ল্ + ঈ + ন + আ। বি.দ্র. : ল্ + ঈ = লী।

লীলা : বিলাস, দেবতার খেলা। বি। তৎসম। লী + লা + অ + আ। ৬।১ বানান : ল্ + ঈ + ল্ + আ। বি.দ্র. : ল্ + ঈ = লী।

লীলাকমল : কেলিপদ্ম। বি। তৎসম। লীলা [লী + লা + অ + আ] + কমল [কম্ [জলকে] + অল [অলংকৃত করা] + অ]। ৬।১ লীলার নিমিত্ত কমল = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ল্ + ঈ + ল্ + আ + ক্ + অ + ম্ + অ + ল্ + অ।

লীলাকানন : প্রমোদউদ্যান। বি। তৎসম। লীলা [লী + লা + অ + আ] + কানন [কানি (দীপ্তি পাওয়া) + অন]। ৬।১ লীলার নিমিত্ত কানন = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ল্ + ঈ + ল্ + আ + ক্ + আ + ন্ + অ + ন্ + অ।

লীলাক্ষেত্র : লীলার স্থান। বি। তৎসম। লীলা [লী + লা + অ + আ] + ক্ষেত্র [ক্ষি (বাস করা) + ত্র] । ৬।১ লীলার নিমিত্ত ক্ষেত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ল্ + ঈ + ল্ + আ + ক্ + ষ্ + এ + ত্ + ব্ + অ। বি.দ্র : ল্ + ঈ = লী, ক্ + ষ্ + এ = ক্ষে, ত্ + র্ + অ = ত্র।

লীলাখেলা : ক্রীড়াকৌতুক। বি। তৎসম। লীলা [লী + লা + অ + আ] + খেলা [খেল্ + অ + আ]। ৬।১ লীলা ও খেলা = দ্বন্দ্ব। ৩।৪ যা লীলা তাই খেলা = কর্মধা। ৩।২ বানান : ল্ + ঈ + ল্ + আ + খ্ + এ + ল্ + আ। বি.দ্র. : ল্ + ঈ = লী।

লীলাচঞ্চল : লীলাভরে চপলতাপূর্ণ। বিণ। তৎসম। লীলা [লী + লা + অ + আ] + চঞ্চল [চল্ + যঙ্লুক্ + অ + আ]। ৬।১ লীলার নিমিত্ত চঞ্চল = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ল্ + ঈ + ল্ + আ + চ্ + অ + ঞ্ + চ্ + অ + ল্ + অ। বি.দ্র. : ঞ্ + চ্ + অ = ঞ্চ।

লীলাপদ্ম : কেলিপদ্ম। বি। তৎসম। লীলা [লী + লা + অ + আ] + পদ্ম [পদ্ + ম]। ৬।১ লীলার নিমিত্ত পদ্ম = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ল্ + ঈ + ল্ + আ + প্ + অ + দ্ + ম্ + অ। বি.দ্র. : দ্ + ম্ + অ = দ্ম।

লীলাবতী : লীলাচঞ্চলা। বিণ। তৎসম। লীলা [লী + লা + অ + আ] + বৎ [বতুপ্] + ঈ

[স্ত্রী]। ৬।১, ৭।১।ঝ বানান: ল্ + ঈ + ল্ + আ + ব্ + অ + ত্ + ঈ।

লীলাভূমি: লীলার স্থান। বি। তৎসম। লীলা [লী + লা + অ + আ] + ভূমি [ভূ + মি]। ৬।১, ৬।২ লীলার নিমিত্ত ভূমি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ল্ + ঈ + ল্ + আ + ভ্ + ঊ + ম্ + ই। বি.দ্র,: ভ্ + ঊ = ভূ।

লীলাময়: অলৌকিক লীলাপূর্ণ। বিণ। তৎসম। লীলা [লী + লা + অ + আ] + ময় [ময়ট্]। ৬।১, ৬।২ বানান: ল্ + ঈ + ল্ + আ + ম্ + অ + য্ + অ।

লীলাময়ী: অলৌকিক লীলাপূর্ণা। বিণ। তৎসম। লীলাময় ['লীলাময়' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। বানান: ল্ + ঈ + ল্ + আ + ম্ + অ + য্ + ঈ।

লীলায়িত: মনোহর ভঙ্গিযুক্ত। বিণ। তৎসম। লীলায় [নামধাতু] + ত। ৬।১ বানান: ল্ + ঈ + ল্ + আ + য্ + ই + ত্ + অ। বি.দ্র.: ল্ + ঈ = লী, য্ + ই = য়ি।

লীলায়িতা: লাস্যভঙ্গিযুক্তা। বিণ। তৎসম। লীলায়িত ['লীলায়িত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ল্ + ঈ + ল্ + আ + য্ + ই + ত্ + আ।

লু: গ্রীষ্মকালের উত্তপ্ত বায়ুপ্রবাহ। বি। বিদেশী। < হি. লু। বাংলা বানান: ল্ + উ।

লুই: পশুলোম-নির্মিত শীতবস্ত্র। বি। বিদেশী। < হি. লোহি। বাংলা বানান: ল্ + উ + ই।

লুকা: লুকান। ক্রি। তদ্ভব। লুক্ [< সং. লুঞ্চ্] + বাং. আ। ৬।৩ বানান: ল্ + উ + ক্ + আ।

লুকাচুরি, লুকোচুরি: শিশুক্রীড়া, গোপনীয়তা। বাং. লুকা + চুরি]। বি। তদ্ভব. লুকা [লুক্ (< সং. লুঞ্চ্) + বাং. আ] + চুরি [< সং. চৌরী]। বানান: ল্ + উ + ক্ + আ, ও + চ্ + উ + র্ + ই।

লুকাছাপা: ঢাকাঢাকি। বি। তদ্ভব। লুকা [লুক্ (< লুঞ্চ্) + আ] + ছাপা [ছাপ্ (হি.) বাং. আ]।

লুকান, লুকানো: আত্মগোপন করা [বাং. লুকা + আন]। ক্রি। তদ্ভব। লুক্ [< সং. লুঞ্চ্] + বাং. আন, আনো। ৬।৩ বানান: ল্ + উ + ক্ + আ + ন্ + অ, ও।

লুক্কায়িত: গুপ্ত। বিণ। তৎসম। সং. লুক্কায় [< সং. লুক্ (অপনয়ন করা) + কায় (শরীর) + ইত (ইতচ্)]। ৬।২ বানান: ল্ + উ + ক্ + ক্ + আ + য্ + ই + ত্ + অ। বি.দ্র.: ক্ + ক্ + আ = ক্কা।

লুঙ্গি, লুঙ্গী, লুঙি, লুঙী: পুরুষদের পরিধেয় কাছা-কোঁচাহীন ধুতি। বি। বিদেশী। < বর্মী. লুনগ্গি [ফা. লুঙ্গী]। বাংলা বানান: ল্ + উ + ঙ্ + গ্ + ই, ঈ। বি.দ্র.: ঙ্ + গ্ = ই = ঙ্গি, ঙ্ + গ্ + ঈ = ঙ্গী।

লুচি: ঘিয়ে-ভাজা ময়দার পাতলা ও ছোট রুটি। বি। তদ্ভব। < সং. লোচিকা। বানান: ল্ + উ + চ্ + ই।

লুচ্চা: লম্পট। বিণ। বিদেশী। < ফা. লুচ্চা। বাংলা বানান: ল্ + উ + চ্ + চ্ + আ। বি.দ্র.: চ্ + চ্ + আ = চ্চা।

লুট, লুঠ: লুণ্ঠন। বি। তৎসম। সং. লুট্ , লুঠ্ + অ। ৬।১ বানান: ল্ + উ + ট, ঠ। বি.দ্র.: শব্দান্তের 'ট', 'ঠ' হসন্ত-বর্জিত।

লুটতরাজ, লুঠতরাজ: ব্যাপক লুণ্ঠন। বি। তদ্ভব। লুট, লুঠ + তরাজ। ৬।২ বানান: ল্ + উ + ট্, ঠ + অ + ত্ + অ + র্ + আ + জ্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ট্' 'ঠ' এবং শব্দান্তের 'জ' হসন্ত-বর্জিত।

লুটপাট, লুঠপাট: ব্যাপক লুণ্ঠন। বি। তদ্ভব। লুট, লুঠ [< সং, লুণ্ঠন] + পাট [পাটন < সং. পাতন]। বানান: ল্ + উ + ট, ঠ + প্ + আ + ট। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ট', 'ঠ' এবং শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

লুটা, লুঠা, লোটা : লুঠ করা [< সং. লুঠ্, লুন্ঠ্ + বাং. আ] ৬।৩ ক্রি। তদ্ভব। বানান : ল্ + উ, ও + ট্, ঠ্ + আ।

লুটান, লুটানো, লুঠান, লুঠানো : গড়াগড়ি দেওয়া বা দেওয়ানো। ক্রি। তদ্ভব। লুট্, লুঠ্ [< সং. লুঠ্, লুন্ঠ্] + বাং. আন, আনো। ৬।৩ বানান : ল্ + উ + ট্, ঠ্ + আ + ন্ + অ, ও।

লুটাপুটি, লুটোপুটি : গড়াগড়ি। বি। বিদেশী। < হি. লৌটপৌট। বাংলা বানান : ল্ + উ + ট্ + আ, ও + প্ + উ + ট্ + ই।

লুটেরা, লুঠেরা : লুন্ঠনকারী। বিণ। তদ্ভব। লুট্, লুঠ্ [<সং. লুঠ্] + বাং. এরা। ৬।৩ বানান : ল্ + উ + ট্, ঠ্ + এ + র্ + আ।

লুটেল, লুঠেল : লুন্ঠনকারী। বিণ। তদ্ভব। লুট্, লুঠ্ [< সং. লুঠ্] + বাং. এল। ৬।৩ বানান : ল্ + উ + ট্ + ঠ্ + এ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

লুন : নুন। বি। তদ্ভব। < সং. লবণ। বানান : ল্ + উ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

লুন্ঠক : লুন্ঠনকারী। বিণ। তৎসম। লুন্ঠ্ + অক। ৬।১ বানান : ল্ + উ + ণ্ + ঠ্ + অ + ক্ + অ। বি.দ্র. : ণ্ + ঠ্ + অ = ণ্ঠ। 'ঠ'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

লুন্ঠন : লুঠ। বি। তৎসম। লুন্ঠ্ + অন। ৬।১ বানান : ল্ + উ + ণ্ + ঠ্ + অ + ন্ + অ। বি.দ্র. : ণ্ + ঠ্ + অ = ণ্ঠ। 'ঠ্'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

লুন্ঠিকা : লুন্ঠনকারিণী। বিণ। তৎসম। লুন্ঠ্ + ইক [অক] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ বানান : ল্ + উ + ণ্ + ঠ্ + ই + ক্ + আ। বি.দ্র. : ণ্ + ঠ্ + ই = ণ্ঠি। 'ঠ্'-এর ঠিক আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

লুন্ঠিত : অপহৃত, যা গড়াগাড়ি দিচ্ছে। বিণ। তৎসম। লুন্ঠ্ + ত। ৬।১ বানান : ল্ + উ + ণ্ + ঠ্ + ই + ত্ + অ। বি.দ্র. : ণ্ + ঠ্ + ই = ণ্ঠি, 'ঠ্'-এর ঠিক আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

লুন্ঠিতা : অপহৃতা, মাটিতে যে-স্ত্রীলোক গড়াগড়ি দিচ্ছে। বিণ। তৎসম। লুন্ঠিত [লুন্ঠ্ + ত] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : ল্ + উ + ণ্ + ঠ্ + ই + ত্ + আ। বি.দ্র. : ণ্ + ঠ্ + ই = ণ্ঠি। 'ঠ'-এর ঠিক আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

লুপ্ত : বিলীন। বিণ। তৎসম। লুপ্ + ত। ৬।১ বানান : ল্ + উ + প্ + ত্ + অ। বি.দ্র. : প্ + ত্ + অ = প্ত।

লুপ্তপ্রায় : যা প্রায় বিনষ্ট। বিণ। তৎসম। লুপ্ত [লুপ্ + ত] + প্রায় [প্র + অয়্ + অ]। ৬।১ প্রায় লুপ্ত = লুপ্তপ্রায়। বানান : ল্ + উ + প্ + ত্ + অ + প্ + র্ + আ + য্ + অ। বি.দ্র. : প্ + ত্ + অ =প্ত, প্ + র্ + আ = প্রা।

লুপ্তি : লোপ। বি। তৎসম। লুপ্ + তি। ৬।১ বানান : ল্ + উ + প্ + ত্ + ই। বি.দ্র. : প্ + ত্ + ই = প্তি।

লুপ্তোদ্ধার : হারানো বস্তুর পুনরুদ্ধার। বি। তৎসম। লুপ্ত [লুপ্ + ত] + উদ্ধার [উৎ + হার [হৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [প্তো], ৎ + হা = দ্ + ধা = দ্ধা। ২।৫।ক, ২।২১ লুপ্তের উদ্ধার = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ল্ + উ + প্ + ত্ + ও + দ্ + ধ্ + আ + র্ + অ। বি.দ্র. : প্ + ত্ + ও = প্তো, দ্ + ধ্ + আ = দ্ধা।

লুফা : পতনোন্মুখ বস্তুকে ভূমি স্পর্শ করবার আগে ধরা। ক্রি। তদ্ভব। লুফ্ [< সং. লুপ্] + বাং. আ। ৬।৩ বানান : ল্ + উ + ফ্ + আ।

লুব্ধ : লোভী। বিণ। তৎসম। লুভ্ + ত। ৬।১ বানান : ল্ + উ + ব্ + ধ্ + অ। বি.দ্র. : ব্ + ধ্ + অ = ব্ধ।

লুব্ধক: লম্পট। বিণ। তৎসম। লুব্ধ [লুভ্ + ত] + ক [স্বার্থে]। ৬।১, ৬।২ বানান: ল্ + উ + ব্ + ধ্ + অ + ক্ + অ। বি.দ্র.: ব্ + ধ্ + অ = ব্ধ।

লুব্ধতা: লোভ। বি। তৎসম। লুব্ধ [লুভ্ + ত] + তা। ৬।১, ৬।২ বানান: ল্ + উ + ব্ + ধ্ + অ + ত্ + আ। বি.দ্র.: ব্ + ধ্ + অ = ব্ধ।

লুব্ধা: লোলুপা। বিণ। তৎসম। লুব্ধ [লুভ্ + ত] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ল্ + উ + ব্ + ধ্ + আ। বি.দ্র.: ব্ + ধ্ + আ = ব্ধা।

লুলিত: আন্দোলিত। বিণ। তৎসম। লুল্ + ত। ৬।১ বানান: ল্ + উ + ল্ + ই + ত্ + অ

লূতা: মাকড়সা। বি। তৎসম। লূ + ত + আ। ৬।১, ৭।১।ক বানান: ল্ + ঊ + ত্ + আ। বি.দ্র.: ল্ + ঊ = লূ।

লূতাতন্তু: মাকড়সার জাল। বি। তৎসম। [লূতা [লূ + ত + আ (স্ত্রী)] + তন্তু [তন্ + তু]। ৬।১, ৭।১।ক সূতার তন্তু= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ঊ + ত্ + আ + ত্ + অ + ন্ + ত্ + উ। বি.দ্র.: ল্ + ঊ = লূ, ন্ + ত্ + উ = ন্তু।

লেই: আঠাল মণ্ড। বি। তদ্ভব। < সং. লেপ [লিপ্ + অ]। বানান: ল্ + এ + ই।

লেং, ল্যাং: পা। বি। বিদেশী। < হি. টাঙ্গ। বাংলা বানান: ল্ + এ [ল্ + য্ + আ] + ং। বি.দ্র.: ল্ + য্ + আ= ল্যা।

লেংচা: লম্বা আকারের পানতুয়া। বি। দেশী। বানান: ল্ + এ + ং + চ্ + আ।

লেংচা: খোঁড়া। বিণ। তদ্ভব। লেং [< সং. লঙ্গ + বাং. চা। ৬।৩ বানান: ল্ + এ + ং + চ্ + আ।

লেংচান, লেংচানো: খোঁড়ান। ক্রি। তদ্ভব। লেংচা ['লেংচা' দ্রষ্টব্য] + বাং. আন, আনো। ৬।৩ বানান: ল্ + এ + ং + চ্ + আ + ন্ + অ, ও।

লেংটা, লেঙটা, ন্যাংটা: উলঙ্গ। বিণ। তদ্ভব। < সং. নগ্নবৃত্ত। বানান: ল্ + এ [য্ + আ] + ং [ঙ্] + ট্ + আ। বি.দ্র.: ন্ + য্ + আ= ন্যা। শব্দ-মধ্যের 'ঙ' হসন্ত-বর্জিত।

লেংটি, নেংটি: কৌপীন। বি। তদ্ভব। < সং. লিঙ্গপট্ট। বানান: ল্ [ন্] + এ + ং + ট্ + ই।

লেংড়া, ল্যাড়া: খোঁড়া। বিণ। তদ্ভব। লেং, ল্যাং [< সং. লঙ্গ] + বাং. ড়া। বানান: ল্ + এ + [য্ + আ] + ং + ড়্ + আ। বি.দ্র.: ল্ + য্ + আ= ল্যা।

লেংড়া, ন্যাংড়া: উৎকৃষ্ট আম। বি। দেশী। বানান: ল্ [ন্] + এ [য্ + আ] + ং + ড়্ + আ। বি.দ্র.: ল্ + য্ + আ= ল্যা, ন্ + য্ + আ= ন্যা।

লেকচার: বক্তৃতা। বি। বিদেশী। < ইং. lecture. বাংলা বানান: ল্ + এ + ক্ + চ্ + আ + র্। বি.দ্র.: শব্দ-মধ্যে 'ক' ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

লেখ: লিখন। বি। তৎসম। লিখ্ + অ। ৬।১ বানানা: ল্ + এ + খ্ + অ।

লেখক: গ্রন্থাদির রচয়িতা। বি। তৎসম। লিখ্ + অক। ৬।১ বানান: ল্ + এ + খ্ + অ + ক্ + অ।

লেখনী: কলম। বি। তৎসম। লিখ্ + অন + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ

লেখনীয়: লেখার উপযুক্ত। বিণ। তৎসম। লিখ্ + অনীয়। ৬।১ বানান: ল্ + এ + খ্ + অ + ন্ + ঈ + য়্ + অ।

লেখা: রচনা। বি। তৎসম। লিখ্ + অ + আ। ৬।১ বানান: ল্ + এ + খ্ + আ।

লেখাজোখা: হিসাব। বি। তদ্ভব। লেখা [লিখ্ +

অ + আ] + জোখা ['লেখার অনুচর শব্দ]। লেখা ও জোখা= দ্বন্দ্ব। ৩।৪ বানান: ল্ + এ + খ্ + আ + জ্ + ও + খ্ + আ।

লেখাপড়া: লিখন ও পঠন। বি। তদ্ভব। লেখা [লিখ্ + অ + আ] পড়া [পড়্ (< সং. পঠ্) + বাং. আ] ৬।১, ৬।৩ লেখা ও পড়া= দ্বন্দ্ব। ৩।৪ বানান: ল্ + এ + খ্ + আ + প্ + অ + ড়্ + আ।

লেখালেখি: ক্রমাগত লেখা। বি। তদ্ভব। লেখা [লিখ্ + অ + আ] + লেখি [লেখ (লিখ্ + অ) + বাং. ই]। ৬।১, ৬।৩ বানান: ল্ + এ + খ্ + আ + ল্ + এ + খ্ + ই।

লেখিকা: গ্রন্থাদিব রচয়িত্রী। বি। তৎসম। লিখ্ + ইক [< অক] + আ [স্ত্রী]। ৬।১ ৭।১।খ বানান: ল্ + এ + খ্ + ই + ক্ + আ।

লেখিত: বেখিত। বিণ। তৎসম। লিখ্ + ণিচ্ + ত। ৬।১ বানান: ল্ + এ + খ্ + ই + ত্ + অ।

লেখ্য: লেখনীয়, দলিল। বিণ। তৎসম। লিখ্ + য [যৎ]। ৬।১ বানান: ল্ + এ + খ্ + য্ + অ। বি.দ্র.: খ্ + য্ + অ= খ্য।

লেখ্যোপকরণ: লেখবার সরঞ্জাম। বি। তৎসম। লেখ্য [লিখ + য (যৎ)] + উপকরণ [উপ + করণ (কৃ + অন)]। ৬।১ [সন্ধি] + অ + উ= ও [খ্যো]। ২।৫।ক লেখ্য যে উপকরণ= কর্মধা। ৩।২ বানান: ল্ + এ + খ্ + য্ + ও + প্ + অ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

লেঙ্গট, ল্যাঙট: পুরুষের লজ্জাস্থান আবরণের কৌপীন। বি। তদ্ভব। < সং. লিঙ্গপট্ট। বানান: ল্ + এ [য্ + আ] + ঙ্ [+গ্] + অ + ট্। বি.দ্র.: ল্ + য্ + আ= ল্যা, ঙ্ + গ্ + অ= ঙ্গ, 'ঙ' এবং 'ট' হসন্ত-বর্জিত।.

লেঙ্গটি, নেংটি: ক্ষুদ্র লেঙ্গট। বি। তদ্ভব। < সং. লিঙ্গপট্ট + বাং. ই। ৬।৩ বানান: ল্ + এ + ঙ্ + গ্ + ট্ + ই। বি.দ্র.: ঙ্ + গ্= ঙ্গ ['ঙ্গ' হসন্ত-বর্জিত] ন্ + এ + ং + ট্ + ই= নেংটি।

লেঙ্গি: পা দিয়ে মেরে ফেলে দেওয়া। বি। বিদেশী। লেং [< হি. টাঙ্গ] + বাং. ই। বানান: ল্ + এ + ঙ্ + গ্ + ই। বি.দ্র.: ঙ্ + গ্ + ই= ঙ্গি।

লেঙ্গুড়, লেঙুড়: লেজ। বি। তদ্ভব। < সং. লাঙ্গুল। বানান: ল্ + এ + ঙ্ [+গ] + উ + ড়্। বি.দ্র.: ঙ্ + গ্ + উ = ঙ্গু। শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

লেচি: জল দিয়ে মাখা আটা ময়দার ডেলা। বি। বিদেশী। < হি. লচ্ছী। বাংলা বানান: ল্ + এ + চ্ + ই।

লেজ: লাঙ্গুল। বি। তদ্ভব। < সং. লঞ্জ। বানান: ল্ + এ + জ্। বি.দ্র.: শব্দান্তের 'জ' হসন্ত-বর্জিত।

লেজকাটা: বেহায়া লোক। বিণ। তদ্ভব। লেজ [< সং. লঞ্জ] + কাটা [কাট্ (< কৃৎ) + বাং. আ]। ৬।৩ লেজ কেটেছে যাব= উপপদতৎ। ৩।৩ বানান: ল্ + এ + জ্ + ক্ + আ + ট্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'জ' হসন্তবিহীন।

লেজঝোলা: ঝোলানো লেজযুক্ত, লেজওয়ালা। বি। তদ্ভব। লেজ [< সং. লঞ্জ] + ঝোলা [< সং. দোলা]। লেজ ঝোলে যার= উপপদতৎ। ৩।৩ বানান: ল্ + এ = জ্ + ঝ্ + ও + ল্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যেব 'জ' হসন্ত-বর্জিত।

লেজা: মাছের লেজ। বি। তদ্ভব। লেজ [< সং. লঞ্জ] + বাং. আ। বানান: ল্ + এ + জ্ + আ।

লেজামুড়া, লেজামুড়ো: আগাগোড়া। বি। তদ্ভব। লেজা ['লেজা' দ্রষ্টব্য] + মুড়া, মুড়ো [< সং. মুণ্ড]। বানান: ল্ + এ + জ্ + আ + ম্ + উ + ড়্ + আ [ও]।

লেজুড় : লেজ। বি। তদ্ভব। লেজ [< সং. লঙ্গু] + বাং. উড়। ৬।৩ বানান : ল্ + এ + জ্ + উ + ড়। বি.দ্র. : শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

লেজে-গোবরে : সম্পূর্ণ বিপর্যস্ত। বি। তদ্ভব। লেজ [< সং. লঙ্গু] + বাং. এ [অধিকরণ] + গোবর [< সং. গোবিষ্ঠা] + বাং. এ [অধিকরণ]। বানান : ল্ + এ + জ্ + এ + গ্ + ও + ব্ + অ + র্ + এ।

লেট : দেরি। বি। বিদেশী। < ইং. late. বাংলা বানান : ল্ + এ + ট্। বি.দ্র. : শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

লেটার-বক্স : চিঠির বাক্স। ডাকবাক্স। বি। বিদেশী। < ইং. letter-box. বাংলা বানান : ল্ + এ + ট্ + আ + র্ + ব্ + অ + ক্ + স্। বি.দ্র. : ক্ + স্= ক্স। শব্দ-মধ্যের 'র' এবং শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত।

লেঠা : ঝঞ্ঝাট, ন্যাটামাছ। বি। দেশী। বানান ; ল্ + এ + ঠ্ + আ।

লেঠেল : লাঠিদ্বারা লড়াইয়ে পটু ব্যক্তি, লাঠিয়ালের বৃত্তি। বি। তদ্ভব। < বাং. লাঠিয়াল। বানান : ল্ + এ + ঠ্ + এ + ল্। শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

লেড়কা : ছেলে। বি। বিদেশী। < হি. লড়্কা। বাংলা বানান : ল্ + এ + ড়্ + ক্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ড়' হসন্ত-বর্জিত।

লেড়কী : মেয়ে। বি। বিদেশী। < হি. লড়্কী। বাংলা বানান : ল্ + এ + ড়্ + ক্ + ঈ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ড়্' হসন্ত-বর্জিত।

লেডি : সম্ভ্রান্ত মহিলা। বি। বিদেশী। > ইং. lady. বাংলা বানান : ল্ + এ + ড্ + ই।

লেডিকেনি : পানতুয়ার মতো মিঠাই। বি। বিদেশী। < ইং. Lady Canning বাংলা বানান : ল্ + এ + ড্ + ই + ক্ + এ + ন্ + ই।

লেড়ে : নেড়ে, মুণ্ডিত। বি। তদ্ভব। < মেড়ে < সং. নণ্ডা।

লেত্তি, লেত্তি : লাট্টু ঘোরানোর দড়ি। বি। বিদেশী। < হি. লত্তী। বাংলা বানান : ল্ + এ + ত্ + ই, ত্ + ত্ + ই।

লেদাড়ু, লেদাড়ে : অলস। বিণ। দেশী। বানান : ল্ + এ + দ্ + আ + ড়্ + উ, এ।

লেনদেন, লেনাদেনা : আদান-প্রদান। বি। বিদেশী। < হি. লেনদেন। বাংলা বানান : ল্ + এ + ন্ [+আ] + দ্ + এ + ন্ [+আ]।

লেপ : শয্যায় শীত-নিবারক তুলোভরা গাত্রাবরণ।

লেপ : প্রলেপ। বি। তৎসম। লিপ্ + অ। ৬।১ বানান : ল্ + এ + প্ + অ।

লেপক : লেপনকারী। বিণ। তৎসম। লিপ্ + অক। ৬।১ বানান : ল্ + এ + প্ + অ + ক্ + অ।

লেপচা : হিমালয়-সান্নিধ্যে বাসকারী পার্বত্য জাতি। বি। দেশী। বানান : ল্ + এ + প্ + চ্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'প' হসন্ত-বর্জিত।

লেপটা : লেপটান। ক্রি। তদ্ভব। < সং. লিপ্ত + বাং. আ। ৬।৩ বানান : ল্ + এ + প্ + ট্ = আ। বি.দ্র. : শব্দান্তর্গত 'প' হসন্ত-বর্জিত।

লেপটান, লেপটানো : লিপ্ত হওয়া। ক্রি। তদ্ভব। লেপটা[< সং. লিপ্ত + বাং. আ] + বাং. আন, আনো। ৬।৩ বানান : ল্ + এ + প্ + ট্ + আ + ন্ + অ, ও। বি.দ্র. : শব্দান্তর্গত 'প' হসন্ত-বর্জিত।

লেপন : প্রলেপ। বি। তৎসম। লিপ্ + অন। ৬।১ বানান : ল্ + এ + প্ + অ + ন্ + অ।

লেপনীয় : লেপনযোগ্য। বিণ। তৎসম। লিপ্ + অনীয়। ৬।১ বানান : ল্ + এ + প্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র. : ন্ + ঈ= নীয় ['অনীয়'-প্রত্যয় যোগের কারণে।]

লেপা : লেপন করা। ক্রি। তদ্ভব। লিপ্ + বাং. আ। ৬।৩ বানান : ল্ + এ + প্ + আ।

লেপান, লেপানো : তরল পদার্থের আস্তরণের পোঁচ দেওয়ানো। ক্রি। তদ্ভব। লিপ্ + বাং. আন,

আনো। ৬।৩ বানান: ল্ + এ + প্ + আ + ন্ + অ, ও।

লেপ্য: লেপনযোগ্য। বিণ। তৎসম। লিপ্ [লেপন করা] + য্ [যৎ]। ৬।১ বানান: ল্ + এ + প্ + য্ + অ। বি.দ্র.: প্ + য্ + অ= প্য।

লেফটেন্যান্ট: স্থলবাহিনীর প্রধান সামরিক পুরুষের প্রথম সহকারী। বি। বিদেশী। < ইং. lieutenant. বাংলা বানান: ল্ + এ + ফ্ + ট্ + এ + ন্ + য্ + আ + ন্ + ট্। বি.দ্র.: শব্দান্তর্গত 'ফ' হসন্ত-বর্জিত। ন্ + য্ + আ= ন্যা। বিদেশী শব্দে 'ট'-এর আগে 'ন্' হওয়ায় 'ন্ট' হয়েছে।

লেফাফা: খাম। বি। বিদেশী। < ফা. লিফাফহ্। বাংলা বানান: ল্ + এ + ফ্ + আ + ফ্ + আ।

লেফাফাদুরস্ত, লেফাফাদোরস্ত: বাহ্যিক নিখুঁত। বিণ। বিদেশী। < ফা. লিফাফহ্দুরস্ত্। বাংলা বানান: ল্ + এ + ফ্ + আ + ফ্ + আ + দ্ + উ, ও + র্ + অ + স্ + ত্। বি.দ্র.: স্ + ত্= স্ত। শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

লেবু, নেবু: ফল বিশেষ। বি। তদ্ভব। < সং. [অর্বাচীন] নিম্বু। বানান: ল্ [ন্] + এ + ব্ + উ। বি.দ্র.: ল্ + এ = লে, ন্ + এ= নে।

লেবেল: জিনিসের গায়ে আঁটা বস্তুর পরিচয়-পত্র। বি। বিদেশী। < ইং. label. বাংলা বানান: ল্ + এ + ব্ + এ + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

লেভি: কর্তৃপক্ষকে নির্দিষ্ট মূল্যে বাধ্যতামূলকভাবে দেয় উৎপন্ন বস্তুর অংশ। বি। বিদেশী। < ইং. levy. বাংলা বানান: ল্ + এ + ভ্ + ই।

লেলা, লেলানো: আক্রমণে [বিশেষতঃ কুকুরকে] উৎসাহ দেওয়া। ক্রি। দেশী। 'লে' 'লে' [ধ্বন্যাত্মক শব্দ] + বাং. আ, আনো। ৬।৩ বানান: ল্ + এ + ল্ + আ + ন্ + ও।

লেলাক্ষ্যাপা, লেলাখেপা: পাগলাটে। বিণ। দেশী। বানান; ল্ + এ + ল্ + আ + ক্ + ষ্ + য্ + [খ্] + আ, এ + প্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + য্ + আ= ক্ষ্যা। খ্ + এ= খে।

লেলিহান: [বিশেষতঃ আগুনের] লকলকে জিহ্ব-বিশিষ্ট। বিণ। তৎসম। সং. [লিহ্ [লেহন করা] + যঙলুক্ + আন।] বানান: ল্ + এ + ল্ + ই + হ্ + আ + ন্ + অ।

লেশ: সামান্য অংশ। বি। তৎসম। < সং. লিশ্ + অ]। ৬।১ বানান: ল্ + এ + শ্ + অ।

লেশমাত্র: নামমাত্র। বি। তৎসম। লেশ [লিশ্ + অ] + মাত্র [মা + ত্র]। ৬।১

লেস: জামা-কাপড়ে লাগাবার নকশা-কাটা পাড় বিশেষ। বি। বিদেশী। < ইং. lace. বাংলা বানান: ল্ + এ + স্। বি.দ্র.: শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত।

লেহ, লেহন: জিহ্বাদ্বারা চাটা। বি। তৎসম। সং. লিহ্ [লেহন করা বা চাটা] + অ + অন। ৬।১ বানান: ল্ + এ + হ্ + অ, ন্ + অ।

লেহনীয়: যা চেটে খেতে হয়। বিণ। তৎসম। লিহ্ [লেহন করা বা চাটা] + অনীয়। ৬।১ বানান: ল্ + এ + হ্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র.: ন্ + ঈ= নী ['অনীয়' প্রত্যয় যোগের কারণে]।

লেহী: লেহনকারী। বিণ। তৎসম। লিহ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান: ল্ + এ + হ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

লেহ্য: যা চেটে খেতে হয়। বিণ। তৎসম। লিহ্ [লেহন করা বা চাটা] + য [যৎ]। ৬।১ বানান: ল্ + এ + হ্ + য্ + অ। বি.দ্র.: হ্ + য্ + অ= হ্য।

লৈখিক: লেখ্য। বিণ। তৎসম। লেখা + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: ল্ + ঐ + খ্ + ই + ক্ + অ।

লৈঙ্গ: লক্ষণ [চিহ্ন] অনুযায়ী। বিণ। তৎসম। লিঙ্গ [লক্ষণ, চিহ্ন] + অ [ষ্ণ]। ৬।২ বানান: ল্

+ ঐ + ঙ্ + গ্ + অ। বি.দ্র. : ল্ + ঐ= লৈ, ঙ্ + গ্ + অ= ঙ্গ।

লৈঙ্গিক : লক্ষণ অনুযায়ী। বিণ। তৎসম। লিঙ্গ [লক্ষণ, চিহ্ন] + ইক [ষ্ণিক]। ৬।১ বানান : ল্ + ঐ + ঙ্ + গ্ + ই + ক্ + অ। বি.দ্র. : ল্ + ঐ= লৈ, ঙ্ + গ্ + ই= ঙ্গি।

লো : স্ত্রীলোকদের সম্বোধনাত্মক শব্দ 'ওলো'। অব্য। তদ্ভব। বাং. লো [< শৌবসেনী প্রা. 'হলা'।] বানান : ল্ + ও।

লোক : মানুষ, জনসাধারণ, জগৎ। বি। তৎসম। লোক্ + অ। ৬।১ বানান : ল্ + ও + ক্ + অ।

লোকচক্ষু : সর্বসাধারণেব দৃষ্টি। বি। তৎসম। লোক্ [লোক্ + অ] + চক্ষু [< সং. চক্ষুস্]। ৬।১ লোকেব দৃষ্টি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ল্ + ও + ক্ + অ + চ্ + অ + ক্ + ষ্ + উ। বি.দ্র. : ক্ + ষ্ + উ= ক্ষু।

লোকগীতি : জনসাধারণের মধ্যে প্রচলিত গান। বি। তৎসম। লোক [লোক + অ] + গীতি [গৈ (গান কবা) + তি[। ৬।১ লোকদেব মধ্যে প্রচলিত গীত= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ল্ + ও + ক্ + অ + গ্ + ঈ + ত্ + ই।

লোকচরিত্র : মানবপ্রকৃতি। বি। তৎসম। লোক [লোক্ + অ] + চরিত্র [চর্ + ইত্র]। ৬।১ লোকের চরিত্র= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ল্ + ও + ক্ + অ + চ্ + অ + ব্ + ই + ত্ + র্ + অ। বি.দ্র. : ত্ + ব্ + অ= ত্র।

লোকজন : দলবল। বি। তৎসম। লোক [লোক + অ] + জন [জন্ + অ]। ৬।১ লোক ও জন= দ্বন্দ্ব। ৩।৪ বানান : ল্ + ও + ক্ + অ + জ্ + অ + ন্ + অ।

লোকধর্ম : প্রচলিত রীতিনীতি। বি। তৎসম। লোক [লোক্ + অ] + ধর্ম [ধৃ + ম]। ৬।১ লোকের ধর্ম [অনুসৃত রীতিনীতি]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ল্ + ও + ক্ + অ + ধ্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র. : র্ + ম্ + অ= র্ম। রেফ থাকায় 'ম'-এর দ্বিত্ব বর্জিত।

লোকনাথ : জগদীশ্বর, নৃপতি। বি। তৎসম। লোক [লোক্ + অ] + নাথ [নাথ্ + অ]। ৬।১ লোকের [পৃথিবীর, মানবজাতির] নাথ [পতি]= সম্বন্ধতৎ। ৩।৫ বানান : ল্ + ও + ক্ + অ + ন্ + আ + থ্ + অ।

লোকনিন্দা : জনসাধারণ কর্তৃক নিন্দা। বি। তৎসম। লোক [লোক্ + অ] + নিন্দা [নিন্দ্ (অপবাদ দেওয়া) + অ + আ]। ৬।১ লোক-প্রচলিত নিন্দা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : ল্ + ও + ক্ + অ + ন্ + ই + ন্ + দ্ + আ। বি.দ্র. : ন্ + দ্ + আ= ন্দা।

লোকপরম্পরা : মানুষেব ধারাক্রম। বি। তৎসম। লোক [লোক্ + অ] + পরম্পরা [পরম্ + পরা [স্ত্রী]। ৬।১ লোকের পরম্পরা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ল্ + ও + ক্ + অ + প্ + অ + র্ + অ + ম্ + প্ + অ + র্ + আ। বি.দ্র. : ম্ + প্ + অ= ম্প।

লোকপাল : বাজা। বি। তৎসম। লোক [লোক্ + অ] + পাল [পা + ণিচ্ [পালি] + অ]। ৬।১ লোকদের পাল [পালক, রক্ষক]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ল্ + ও + ক্ + অ + প্ + আ + ল্ + অ।

লোকপিতামহ : ব্রহ্মা। বি। তৎসম। লোক [(লোক + অ) + পিতামহ [পিতা (পা + তৃ= তৃচ্) ডামহ। ৬।১, ৬।২ লোকের [লোকজগতের] পিতামহ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : ল্ + অ + ক্ + অ + প্ + ই + ত্ + আ + ম্ + অ + হ্ + অ।

লোকপ্রবাদ : জনশ্রুতি। বি। তৎসম। লোক [লোক্ + অ] + প্রবাদ [প্র + বদ্ + অ]। ৬।১

লোক-প্রচলিত প্রবাদ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ল্ + ও + ক্ + অ + প্ + র্ + অ + ব্ + আ + দ্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ= প্র।

লোকপ্রসিদ্ধ: বিখ্যাত। বিণ। তৎসম। লোক [লোক্ + অ] + প্রসিদ্ধ= প্র + সিধ্ + ত]। ৬।১ লোক-জগতে প্রসিদ্ধ= অধিকরণতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + অ + প্ + র্ + অ + স্ + ই + দ্ + ধ্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ= প্র, দ্ + ধ্ + অ= দ্ধ।

লোকবল: জনবল। বি। তৎসম। লোক [লোক্ + অ] + বল [বল্ + অ]। ৬।১ লোকের [জনগণের] বল= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + অ + ব্ + অ + ল্ + অ।

লোকব্যবহার: সামাজিক আচার-ব্যবহার। বি। তৎসম। লোক [লোক্ + অ] + ব্যবহার [বি + অব + হৃ + অ]। ৬।১ লোকগণের ব্যবহার= সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: ল্ + ও + ক্ + অ + ব্ + য্ + অ + ব্ + অ + হ্ + আ + র্ + অ। বি.দ্র.: ব্ = য্ + অ= ব্য।

লোকলজ্জা: জনসাধারণের কাছে লজ্জা। বি। তৎসম। লোক [লোক্ + অ] + লজ্জা [লজ্জ্ + অ + আ]। ৬।১ লোকের কাছে লজ্জা= অধিকরণতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + অ + ল্ + অ + জ্ + জ্ + আ। বি.দ্র.: জ্ + জ্ + আ= জ্জা।

লোকলীলা: ভবলীলা। বি। তৎসম। লোক [লোক্ + অ + লীলা [লী + লী + অ + আ]। ৬।১ লোকে [লোকজগতে] লীলা= অধিকরণতৎ। ৩।৩ বানান: ল্ + অ + ক্ + অ + ল্ + ঈ + ল্ + আ। বি.দ্র.: ল্ + ঈ= লী।

লোকলৌকতা: লৌকিকতা। বি। তদ্ভব। লোক [লোক্ + অ] + লোকতা [< সং. লৌকিকতা]। ৬।১ লোকে [লোক-সমাজে] লৌকতা [লৌকিকতা]= অধিকরণতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + অ + ল্ + ঔ + ক্ + অ + ত্ + আ। বি.দ্র.: ল্ + ঔ= লৌ।

লোকশিক্ষা: জনসাধারণের জন্য শিক্ষা। বি। তৎসম। লোক [লোক্ + অ] + শিক্ষা [শিক্ষ্ + অ + আ]। ৬।১ লোক [সাধারণের]-শিক্ষা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ = অ + শ্ + ই + ক্ + ষ্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + আ= ক্ষা।

লোকসঙ্গীত: জনসাধারণের মধ্যে প্রচলিত গান (folk-song) বি। তৎসম। লোক [লোক্ + অ] + সঙ্গীত [সম্ + গৈ + ত]। ৬।১ লোক-প্রচলিত সঙ্গীত= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ল্ + ও + ক্ + অ + স্ + অ + ঙ্ + গ্ + ঈ + ত্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + ঈ= ঙ্গী।

লোকসভা: গণতান্ত্রিকভাবে নির্বাচিত সর্বোচ্চ আইনসভা (Parliament]। বি। তৎসম। লোক [লোক্ + অ] + সভা [স + ভা (দীপ্তি দেওয়া) + অ + আ]। ৬।১ লোকসাধারণের সভা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + অ + স্ + অ + ভ্ + আ।

লোকসমাজ: মনুষ্য-সমাজ। বি। তৎসম। লোক [লোক্ + অ] + সমাজ [সম্ + অজ্ + অ]। ৬।১ লোকের [লোক-সাধারণের] সমাজ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + অ + স্ + অ + ম্ + আ + জ্ + অ।

লোকস্থিতি: মনুষ্য-সমাজের অবস্থা। বি। তৎসম। লোক [লোক্ + অ] + স্থিতি [স্থা + তি]। ৬।১ লোকের স্থিতি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + অ + স্ + থ্ + ই + ত্ + ই। বি.দ্র.: স্ + থ্ + ই= স্থি।

লোকহাসাহাসি: জনসাধারণ কর্তৃক উপহাস। বি। তদ্ভব। লোক [লোক্ + অ] + হাসাহাসি [বাং.

হাস্ + আ + হাস্ + ই]। ৬।১, ৬।৩ লোকের হাসাহাসি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + অ + হ্ + আ + স্ + আ + হ্ + আ + স্ + ই।

লোকহিত: মানব-কল্যাণ। বি। তৎসম। লোক [লোক্ + অ] + হিত [ধা + ত]। ৬।১ লোকের হিত [কল্যাণ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + অ + হ্ + ই + ত্ + অ।

লোকহিতৈষী: মনুষ্য-জাতির কল্যাণকামী। বিণ। তৎসম। লোক [লোক্ + অ] + হিতৈষী [হিত (ধা + ত] + এষী [ইষ্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + এ= ঐ [তৈ]। ২।১১।ক লোকের হিত= সম্বন্ধতৎ। ৩।৩ লোকহিত ইচ্ছা করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + অ + হ্ + ই + ত্ + ঐ + ষ্ + ঈ। বি.দ্র.: ত্ + ঐ= তৈ। ষ্ + ঈ= ষী।

লোকসান: ক্ষতি। বি। বিদেশী। < আ. নুক্‌সান। বাংলা বানান: ল্ + ও + ক্ + স্ + আ + ন্। বি.দ্র.: শব্দমধ্যের 'ক' ও শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

লোকসানী: যাতে লোকসান স্বীকার করতে হয়। বিণ। বিদেশী। লোকসান [< আ. নুক্‌সান্] + বাং. ঈ। বাংলা বানান: ল্ + ও + ক্ + স্ + আ + ন্ + ঈ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ক' হসন্ত-বর্জিত।

লোকাকীর্ণ: ভিড়ে পূর্ণ। বিণ। তৎসম। লোক [লোক্ + আকীর্ণ [আ + কৃ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [কা]। ২।১।খ লোকের দ্বারা আকীর্ণ= করণতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + আ + ক্ + ঈ + র্ + ণ্ + অ। বি.দ্র.: ক্ + ঈ= কী, র্ + ণ্ + অ= র্ণ। 'র'-এর ঠিক পরেই 'ণ' হয়েছে। 'র' 'ণ'-এর মাথায় রেফ হয়ে গেছে। ৪।১।খ

লোকাচার: সামাজিক রীতিনীতি। বি। তৎসম। লোক [লোক্ + অ] + আচার [আ + চর্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [কা]। ২।১।খ লোকের [লোকসমাজের] আচার= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + আ + চ্ + আ + র্ + অ।

লোকাতীত: অলৌকিক। বিণ। তৎসম। লোক [লোক্ + অ] + অতীত [অতি + ইত [ই + ত]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [কা]। ২।১।ক ই + ই= ঈ। ২।২।ক লোকের [জগতের] অতীত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + আ + ত্ + ঈ + ত্ + অ। বি.দ্র.: ত্ + ঈ= তী।

লোকান্তর: ভিন্ন জগৎ। বি। তৎসম। লোক [লোক্ + অ] + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [কা]। ২।১।ক অন্য লোক= নিত্যসমাস। বি.দ্র.: ল্ + ও + ক্ + আ + ন্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ= ন্ত।

লোকান্তরিত: পরলোকগত। বিণ। তৎসম। লোক [লোক্ + অ] + অন্তর [অন্ত + রা + অ] + ইত। ৬।১, ৬।২ অন্য লোক= নিত্য সমাস। লোকে অন্তরিত= অধিকরণতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + আ + ন্ + ত্ + অ + র্ + ই + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ= ন্ত।

লোকান্তরিতা: পরলোকগতা। বিণ। তৎসম। লোকান্তরিত ['লোকান্তরিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। বানান: ল্ + ও + ক্ + আ + ন্ + ত্ + অ + র্ + ই + ত্ + আ। বি.দ্র.: ন্ + ত্ + অ= ন্ত।

লোকাপবাদ: লোকনিন্দা। বি। তৎসম। লোক [লোক্ + অ] + অপবাদ [অপ + বদ্ + অ]। ৬।১ লোকের [লোকসাধারণের] নিন্দা= সম্বন্ধতৎ। ৩।৫ বানান: ল্ + ও + ক্ + আ + প্ + অ + ব্ + আ + দ্ + অ।

লোকাভাব: কর্মীর অভাব। বি। তৎসম। লোক

[লোক্ + অ] + অভাব [অ + ভূ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [কা]। ২।১।ক লোকের অভাব= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + আ + ভ্ + আ + ব্ + অ।

লোকায়ত: চার্বাকের মত বা মতাবলম্বী। বিণ। তৎসম। লোক [লোক্ + অ] + আয়ত [আ + যম্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [কা]। ২।১।খ লোকে আয়ত [বিস্তৃত]= অধিকরণতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + আ + য়্ + অ + ত্ + অ।

লোকায়তিক: চার্বাকের মতাবলম্বী। বিণ। তৎসম। লোকায়ত [লোক (লোক + অ) + আয়ত [আ + যম্ + ত)] + ইক [ষ্ণিক]। ৬।১, ৬।২ [সন্ধি] অ + আ= আ [কা]। ২।১।খ লোকে আয়তিক [বিস্তৃত] = অধিকরণতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + আ + য়্ + অ + ত্ + ই + ক্ + অ।

লোকারণ্য: বহু লোকের সমাবেশ। বি। তৎসম। লোক [লোক্ + অ] + অরণ্য [ঋ + অন্য]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [কা]। ২।১।ক ঋ + অ= অর্। ২।৬।ক লোকের অরণ্য [অরণ্যবৎ জনসমাবেশ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + আ + র্ + অ + ণ্ + য্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ণ্ + য + অ= ন্য।

লোকালয়: জনপদ। বি। তৎসম। লোক [লোক্ + অ + আলয় [আ + লী + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [কা] ২।১।খ লোকদের আলয়= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + আ + ল্ + অ + য়্ + অ।

লোকেশ: জগদীশ্বর। বি। তৎসম। লোক ['লোক্ + অ] + ঈশ [ঈশ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + ঈ= এ [কে]। ২।৪।খ লোকের [জগতের] ঈশ [ঈশ্বর]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + এ + শ্ + অ।

লোকোত্তর: অলৌকিক। বিণ। তৎসম। লোক [লোক্ + অ] + উত্তর [উৎ + তৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [কো]। ২।৫।ক লোকের [জগতের] উত্তর [সীমাতিক্রম] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ক্ + ও + ত্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র.: ক্ + ও= কো, ত্ + ত্ + অ= ত্ত।

লোচন: চক্ষু। বি। তৎসম। লোচ্ + অন। ৬।১ বানান: ল্ + ও + চ্ + অ + ন্ + অ।

লোচ্চা: লম্পট। বিণ। বিদেশী। < ফা. লুচ্চা। বাংলা বানান: ল্ + ও + চ্ + চ্ + আ।

লোটন: মাটিতে গড়াগড়ি দেওয়া, ঝুটিওয়ালা পায়রা, ঢিলা করে বাঁধা খোঁপা বি। তদ্ভব। লুট্ + বাং. অন। বানান: ল্ + ও + ট্ + অ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

লোটা: ঘটি। বি। বিদেশী। < হি.। বাংলা বানান: ল্ + ও = ট্ + আ।

লোটা, লোটান: যথাক্রমে লুটা, লুটান, গড়াগড়ি দেওয়া। ক্রি। তদ্ভব। লুট্ + বাং. আ, আন। ৬।৩ বানান: ল্ + ও + ট্ + আ, ন্ + অ।

লোডশেডিং: বিদ্যুৎ-সরবরাহ কিছুকালের জন্য বন্ধ থাকা। বি। বিদেশী। < ইং. load-shedding. বাংলা বানান: ল্ + ও + ড্ + শ্ + এ + ড্ + ই + ং। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ড' হসন্ত-বর্জিত।

লোধ্র, লোধ: বৃক্ষবিশেষ। বি। তৎসম। রুধ্ + র। ৬।১ [চোখের জল রোধ করে যা]। বানান: ল্ + ও + ধ্ + র্ + অ। বি.দ্র.: ধ্ + র্ + অ= ধ্র, 'লোধ'-এ 'র' লুপ্ত। রো > লো।

লোধ্ররেণু, লোধরেণু: লোধ্রগাছের ছালের গুঁড়া। বি। তৎসম। লোধ্র, লোধ ['লোধ্র', লোধ'-দ্রষ্টব্য] + রেণু [রী + ণু]। ৬।১ লোধ্রের,

নাধের রেণু= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ় + ধ্ + [+র্] + অ + র্ + এ + ণ্ + উ। বি.দ্র.: ধ্ + র্ + অ= ধ্র, 'র' ও ন'-এর মধ্যে 'এ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ঃ।১।গ

না, নোনা: লবণাক্ত। বিণ। তদ্ভব। লোনা নানা [লুন বা নুন (< সং. লবণ) + বাং. আ]। ৬।২ বানান: ল্ [ন্] + ও + ন্ + আ।

াপ: বিনাশ। বি। তৎসম। লুপ্ + অ। ৬।১ বানান: ল্ + ও + প্ + অ।

াপত্র: চোরাই মাল। বি। তৎসম। লুপ্ [লোপ করা] + ত্র। ৬।১ বানান: ল্ + ও + প্ + ত্ + র্ + অ। বি.দ্র.: ল্ + ও= লো, ত্ + র্ + অ= ত্র। শব্দ-মধ্যের 'প্' হসন্তযুক্ত।

াপাট: সম্পূর্ণ লুণ্ঠিত, লুপ্ত [সং. লুপ্ত শব্দজ]। বিণ। তদ্ভব। লুপ্ [লোপ করা] + ত। ৬।১ স্বরাগমে [ল্ + উ + প্ [+আ] + ট্ + অ। বানান: ল্ + ও [< উ] + প্ + আ + ট্ [< ত্]। বি.দ্র.: শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

াফা, লুফা: পতনের আগে ধরা। ক্রি। তদ্ভব।

াফালুফি, লুফালুফি: পরস্পরের প্রতি ছুঁড়ে দেওয়া ও লোফা। বি। তদ্ভব। লুপ্ + বাং. আ। ল্ + ও [< উ] + ফ্ [< প্] + আ= লোফা। লোফা [লুফা] + লুফ্ + ই। বানান: ল্ + ও [< উ] + ফ্ + আ + ল্ + উ + ফ্ + ই।

াভ: পাবার প্রবল ইচ্ছা। বি। তৎসম। লুভ্ + অ। ৬।১ বানান: ল্ + ও + ভ্ + অ।

াভন: লোভজনক। বিণ। তৎসম। লুভ্ + অন। ৬।১ বানান: ল্ + ও + ভ্ + অ + ন্ + অ।

াভনীয়, লোভনীয়া: স্পৃহনীয়া। বিণ। তৎসম। লুভ্ + অনীয় [+ আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক বানান: ল্ + ও + ভ্ + অ + ন্ + ঈ + য্ + অ, আ। বি.দ্র.: শব্দ দুটি 'অনীয়'-প্রত্যয়ান্ত, তাই শব্দান্তে ঈ + য্।

লোভা: লোভী। বিণ। তদ্ভব। লুভ্ [লোভ করা বা আকর্ষণ করা] + অ + আ। ৬।১ দৃষ্টান্ত: মনোলোভা। বানান: ল্ + ও + ভ্ + আ।

লোভাতুর: অতিশয় লোলুপ। বিণ। তৎসম। লোভ [লুভ্ + অ] + আতুর [আ + তুর্ [অস্থির হওয়া] + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [ভা]। ২।১।খ লোভের দ্বারা আতুর= করণতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ভ্ + আ + ত্ + উ + র্ + অ।

লোভাতুরা: অত্যন্ত লোলুপা। বিণ। তৎসম। লোভাতুর ['লোভাতুর' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: ল্ + ও + ভ্ + আ + ত্ + উ + র্ + আ।

লোভী: লোলুপ। বিণ। তৎসম। লোভ + ইন্ [ঈ]। ৬।২ লোভ আছে যার। বানান: ল্ + ও + ভ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

লোম: রোম। বি। তৎসম। রুম্ [র্ > ল্] + অ। ৬।১ বানান: ল্ + ও + ম্ + অ।

লোমফোড়া: রোমফোড়া। বি। তদ্ভব। লোক [রুম্ (র্ > ল্) + অ] + তদ্ভব. ফোড়া [< সং. [স্ফোটক]। ৬।১ লোমকূপ থেকে উদ্ভূত ফোড়া= অপাদানতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ম্ + ফ্ + ও + ড়্ + আ।

লোমশ: রোমশ। বি। তৎসম। লোম [রুম্ (র্ > ল্) + অ] + শ। ৬।২ বানান: ল্ + ও + ম্ + অ + শ্ + অ।

লোমহর্ষ: রোমহর্ষ। বি। তৎসম। লোম ['রোম' দ্রষ্টব্য] + হর্ষ [হৃষ্ + অ]। ৬।১ লোমের হর্ষ [পুলক]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্ + ও + ম্ + অ + হ্ + অ + র্ + ষ্ + অ। বি.দ্র.: র্ + ষ্ + অ= র্ষ।

লোমাঞ্চ: রোমাঞ্চ। বি। তৎসম। লোম ['লোম'

দ্রষ্টব্য] + অঞ্চ [অন্‌চ্‌ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [মা]। ২।১।ক লোমের অঞ্চ [শিহরণ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্‌ + ও + ম্‌ + আ + ঞ্‌ + চ্‌ + অ। বি.দ্র.: ঞ্‌ + চ্‌ + অ= ঞ্চ।

লোমাবলি: রোমাবলি। বি। তৎসম। লোম ['লোম' দ্রষ্টব্য] + আবলি [আ + বল্‌ + ই]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [মা]। লোমের আবলি [শ্রেণী, সারি]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্‌ + ও + ম্‌ + আ + ব্‌ + অ + ল্‌ + ই।

লোমোদগম: রোমোদগম। বি। তৎসম। লোম ['লোম' দ্রষ্টব্য] + উদ্‌গম [উৎ + গম্‌ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [মো]। ২।৫।ক লোমের উদ্‌গম= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ল্‌ + ও + ম্‌ + অ + দ্‌ + গ্‌ + অ + ম্‌ + অ। বি.দ্র.: দ্‌ + গ্‌ = অ= দগ।

লোর: অশ্রু। বি। তদ্ভব। < সং. লোত্র। বি.দ্র.: ল্‌ + ও + র্‌। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

লোল: বিলোল, সতৃষ্ণ, ঢিলা। বিণ। তৎসম। লুড্‌ [> লুল্‌] + অ। ৬।১ ল্‌ + ও + ল্‌ + অ।

লোলা: নোলা। বিণ। তদ্ভব। লোল [লড্‌ (> লুল্‌) + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: ল্‌ + ও + ল্‌ + আ।

লোলায়মান: দোলায়মান। বিণ। তৎসম। লোলায় [লুড্‌ (> লুল্‌) + যঙ্‌] + মান [শানচ্‌]। ৬।১ বানান: ল্‌ + ও + ল্‌ + আ + য্‌ + অ + ম্‌ + আ + ন্‌ + অ।

লোলুপ: লোভাতুর। বিণ। তৎসম। লুপ্‌ + যঙ্‌লুক্‌ + অ। বানান: ল্‌ + ও + ল্‌ + উ + প্‌ + অ।

লোলুপতা: লুব্ধতা। বি। তৎসম। লোলুপ [লুপ্‌ + যঙ্‌লুক্‌ + অ] + তা। ৬।১, ৬।২ বানান: ল্‌ + ও + ল্‌ + উ + প্‌ + অ + ত্‌ + আ।

লোষ্ট্র: ঢিল। বি। তৎসম। লোষ্ট্‌ + র। বানান: ল্‌ + ও + ষ্‌ + ট্‌ + র্‌ + অ। বি.দ্র.: ষ্‌ + ট্‌ + র্‌ + অ= ষ্ট্র। 'ও'-র পর এবং 'ট্‌'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

লোহা: লৌহ, নোয়া। বি। তদ্ভব। সং. লোহ + বাং. আ। ৬।৩ বানান: ল্‌ + ও + হ্‌ + আ।

লোহালক্কড়: লোহা কাঠ প্রভৃতি দ্রব্যের সমষ্টি। বি। তদ্ভব। লোহা [লোহ + বাং. আ] + লক্কড় [< হি. লক্‌ড়ী] লোহা ও লক্কড়= দ্বন্দ্ব। ৩।৪ বানান: ল্‌ + ও + হ্‌ + আ + ল্‌ + অ + ক্‌ + ক্‌ + অ + ড়্‌। বি.দ্র.: শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

লোহার: কর্মকার। বি। তদ্ভব। < সং. লোহকার [যেমন: স্বর্ণকার]। বানান: ল্‌ + ও + হ্‌ + আ + র্‌। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

লোহিত: লাল। বিণ। তৎসম। লোহ [রক্ত] + ইত। ৬।২ বানান: ল্‌ + ও + হ্‌ + ই + ত্‌ + অ।

লোহিতসমুদ্র: আফ্রিকা ও এশিয়ার মধ্যবর্তী 'Red Sea'। বি। তৎসম। লোহিত ['লোহিত' দ্রষ্টব্য] + সমুদ্র [সম্‌ + উন্দ্‌ + র]। ৬।১ লোহিত যে সমুদ্র= কর্মধা। ৩।২ বানান: ল্‌ + ও + হ্‌ + ই + ত্‌ + অ + স্‌ + অ + ম্‌ + উ + দ্‌ + র্‌ + অ। বি.দ্র.: দ্‌ + র্‌ + অ= দ্র।

লোহিতসাগর: আফ্রিকা ও এশিয়ার মধ্যবর্তী Red Sea। বি। তৎসম। লোহিত ['লোহিত' দ্রষ্টব্য] + সাগর [সগর + অ]। ৬।২ লোহিত যে সাগর= কর্মধা। ৩।২ বানান: ল্‌ + ও + হ্‌ + ই + ত্‌ + অ + স্‌ + আ + গ্‌ + অ + র্‌ + অ।

লৌকিক : পার্থিব। বিণ। তৎসম। লোক [লোক্ + অ] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : ল্ + ঔ + ক্ + ই + ক্ + অ। বি.দ্র. : ল্ + ঔ= লৌ।

লৌকিকতা : সামাজিকতা। বি। তৎসম। লৌকিক [লোক + ইক] + তা। ৬।২ বানান : ল্ + ঔ + ক্ + ই + ক্ + অ + ত্ + আ।

লৌহ : লোহা। বি। তৎসম। লোহ + অ। ৬।২ বানান : ল্ + ঔ + হ্ + অ। বি.দ্র. : ল্ + ঔ= লৌ।

লৌহিত্য : ব্রহ্মপুত্র নদীর অন্য নাম। বি। তৎসম। লোহিত + য [ষ্ণ্য]। ৬।২ বানান : ল্ + ঔ + হ্ + ই + ত্ + য্ + অ। বি.দ্র. : ল্ + ঔ= লৌ, ত্ + য্ + অ= ত্য।

ল্যাংবোট : জাহাজের পেছনে বাঁধা নৌকা, অনুগৃহীত নিত্য অনুচর, [long-boat] বি। বিদেশী। < ইং. long boat. বাংলা বানান : ল্ + য্ + আ + ং + ব্ + ও + ট্। বি.দ্র. : ল্ + য্ + আ= ল্যা, শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

ল্যাজ : লেজ। বি। তদ্ভব। < সং. লঞ্জ। বানান ; ল্ + য্ + আ + জ্। বি.দ্র. : ল্ + য্ + আ= ল্যা, শব্দান্তের 'জ' হসন্ত-বর্জিত।

ল্যাঠা : লেঠা। বি। দেশী। বানান : ল্ + য্ + আ + ঠ্ + আ। বি.দ্র. : ল্ + য্ + আ= ল্যা।

ল্যাভেনডার, ল্যাভেন্ডার : ল্যাভেনডার বৃক্ষের সুগন্ধি নির্যাস। বি। বিদেশী। < ইং. lavender. বাংলা বানান : ল্ + য্ + আ + ভ্ + এ + ন্ + ড্ + আ + র্। বি.দ্র. : ল্ + য্ = আ= ল্যা, ন্ + ড্ + আ= ন্ডা। শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

ল্যাম্প : কেরোসিনের ডিবা। বি। বিদেশী। < ইং.lamp. বাংলা বানান : ল্ + য্ + আ + ম্ + প্। বি.দ্র. : ল্ + য্ + আ= ল্যা, ম্ + প্= ম্প। শব্দান্তের 'প' হসন্ত-বর্জিত।

শ

শ : শত [শ-খানেক, কিন্তু একশ বা এক-শো]। বি, বি। তদ্ভব। বানান : শ্ + অ= শ> শ্+ও= শো।

শংকর : শঙ্কর। বি। তৎসম। শম্ + কর [কৃ + অ]। ৬।১ বানান : ম্ + ক= ংক। ২।২৮ বানান : শ্ + অ + ং + ক্ + অ + র্ + অ।

শংসন : প্রশংসা। বি। তৎসম। শন্স্ [প্রশংসা করা] + অন। ৬।১ বানান : শ্ + অ + ং + স্ + অ + ন্ + অ।

শংসা : প্রশংসা। বি। তৎসম। শন্স্ [প্রশংসা করা] + অ + আ। ৬।১ বানান : শ্ + অ + ং + স্ + আ।

শংসাপত্র : প্রমাণপত্র। বি। তৎসম। শন্স্ [প্রশংসা করা] + অ + আ + পত্র [পত্ + ত্র]। ৬।১ শংসা-জ্ঞাপক পত্র : মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : শ্ + অ + ং + স্ + আ + প্ + অ + ত্ + র্ + অ। বি.দ্র. : ত্ + র্ + অ= ত্র।

শংসিত : প্রশংসিত। বিণ। তৎসম। শন্স্ [প্রশংসা করা] + ই [ণিচ্] বা শংসি [প্রশংসিত হওয়া] + ত। ৬।১ বানান : শ্ + অ + ং + স্ + ই + ত্ + অ। বি.দ্র. : স্ + ই= সি।

শক : মধ্য-এশিয়ার প্রচীন জাতি, শালিবাহন কর্তৃক প্রবর্তিত অব্দ। বি। তৎসম। শক্ + অ। ৬।১ বানান : শ্ + অ + ক্ + অ।

শকট : গাড়ি। বি। তৎসম। শক্ + অট। ৬।১ বানান : শ্ + অ + ক্ + অ + ট্ + অ।

শকট-চালক : গাড়োয়ান। বি। তৎসম। শকট [শক্ + অট] + চালক [চল্ + ণিচ (=চালি) + অক]। ৬।১ শকটের চালক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + অ + ক্ + অ + ট্ + অ + চ্ + আ + ল্ + অ + ক্ + অ।

শকটারি : শকট-হন্তা শ্রীকৃষ্ণ। বি। তৎসম। শকট

[শক্ + অট] + অরি [ঋ + ই]। ৬।১ শকটের [শকট নামক দৈত্যের] অরি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ক্ + অ + ট্ + আ + র্ + ই। বি.দ্র.: র্ + ই= রি।

শকটিকা: ছোট গাড়ি। বি। তৎসম। শকট [শক্ + অট] + ইক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ বানান: শ্ + অ + ক্ + অ + ট্ + ই + ক্ + আ।

শকল: মাছের আঁইশ, শল্ক। বি। তৎসম। শক্ + অল। ৬।১ বানান: শ্ + অ + ক্ + অ + ল্ + অ।

শকার-বকার: অশ্লীল গালাগালি। বি। তদ্ভব। শ + কার [যার আদ্যক্ষর 'শ'] + ব-কার [যার আদ্যক্ষর 'ব']।

শকারি: শক-বিজেতা, রাজা বিক্রমাদিত্য। বি। তৎসম। শক + অরি [ঋ + ই]। ৬।১ শকদের অরি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ক্ + আ + র্ + ই। বি.দ্র.: র্ + ই= রি।

শকুন: গৃধ্র। বি। তৎসম। শক্ + উন। ৬।১ বানান: শ্ + অ + ক্ + উ + ন্ + অ।

শকুনি: শকুনপাখি, দুর্যোধনের মাতুল। বি। তৎসম। শক্ + উনি। ৬।১ বানান: শ্ + অ + ক্ + উ + ন্ + ই। বি.দ্র.: ক্ + উ= কু।

শকুন্ত: পাখি। বি। তৎসম। শক্ + উন্ত। ৬।১ বানান: শ্ + অ + ক্ + উ + ন্ + ত্ + অ।

শকুন্তলা: মেনকা-বিশ্বামিত্রের কন্যা। বি। তৎসম। শকুন্ত [শক্ + উন্ত] + লা [লা + অ + আ (স্ত্রী)]। ৬।১ শকুন্তের দ্বারা পরিবারিতা= করণতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ক্ + উ + ন্ + ত্ + অ + ল্ + আ। বি.দ্র.: ন্ + ত্ + অ = ন্ত।

শক্ত: সমর্থ। বিণ। তৎসম। শক্ + ত। ৬।১ বানান: শ্ + অ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ= ক্ত।

শক্তি: বল। বি। তৎসম। শক্ + তি। ৬।১ বানান: শ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + ই= ক্তি।

শক্তিমতী: শক্তিসম্পন্না। বিণ। তৎসম। শক্তি [শক্ + তি] + মতী [মৎ (মতুপ্) + ঈ (স্ত্রী)]। ৬।১, ৬।২, ৭।১।ঝ বানান: শ্ + অ + ক্ + ত্ + ই + ম্ + অ + ত্ + ঈ।

শক্তিমত্তা: শক্তিসম্পন্নতা। বি। তৎসম। শক্তি [শক্ + তি] + মত্তা [মৎ + তা]। ৬।১, ৬।২ বানান: শ্ + অ + ক্ + ত্ + ই + ম্ + অ + ত্ + ত্ + আ। বি.দ্র.: ক্ + ত্ + ই= ক্তি, ত্ + ত্ + আ= ত্তা।

শক্তিমান্: শক্তিসম্পন্না। বিণ। তৎসম। শক্তি [শক্ + তি] + মান্ [মৎ= মতুপ্]। ৬।১, ৬।২ বানান: শ্ + অ + ক্ + ত্ + ই + ম্ + আ + ন্। বি.দ্র.: ক্ + ত্ + ই= ক্তি, সংস্কৃতে শব্দান্তের 'ন্' 'ন্' হসন্ত-চিহ্ন-যুক্ত, কিন্তু বাংলায় তা হসন্ত-বর্জিত।

শক্তিশালিতা: বলশালিতা। বি। তৎসম। শক্তি [শক্ + তি] + শালিতা [শাল্ + ইত (< ইন) + আ]। ৬।১, ৬।২ বানান: শ্ + অ + ক্ + ত্ + ই + শ্ + আ + ল্ + ই + ত্ + আ। বি.দ্র.: ক্ + ত্ + ই= ক্তি।

শক্তিশালিনী: শক্তিসম্পন্না। বিণ। তৎসম। শক্তি [শক্ + তি] + শালিনী [শাল্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৬।২, ৭।১।চ বানান: শ্ + অ + ক্ + ত্ + ই + শ্ + আ + ল্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ক্ + ত্ + ই= ক্তি, শব্দটি 'ইন্' + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে ই, পরে ঈ।

শক্তিশালী: শক্তিসম্পন্ন। বিণ। তৎসম। শক্তি [শক্ + তি] + শালী [শাল্ + ইন্ (ঈ)]। ৬।১, ৬।২ বানান: শ্ + অ + ক্ + ত্ + ই + শ্ + আ + ল্ + ঈ। বি.দ্র.: ক্ + ত্ +

ই= ক্তি। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শক্তিশেল: রাবণের অনিবার্য ও মারাত্মক অস্ত্র। বি। তৎসম। শক্তি [শক্ + তি] + শেল [< শাল (শল্ + অ)]। ৬।১ শক্তি অভিধাযুক্ত শেল= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + ক্ + ত্ + ই + শ্ + এ + ল্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + ই= ক্তি।

শক্তিসাধক: শক্তি-উপাসক। বিণ। তৎসম। শক্তি [শক্ + তি] + সাধক [সাধ্ + অক] ৬।১ শক্তির সাধক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ক্ + ত্ + ই + স্ + আ + ধ্ + অ + ক্ + অ।

শক্তিহীন: দুর্বল। বিণ। তৎসম। শক্তি [শক্ + তি] + হীন [হা + ত]। ৬।১ শক্তির দ্বারা হীন= করণতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ক্ + ত্ + ই + হ্ + ঈ + ন্ + অ।

শক্তিহীনতা: দুর্বলতা। বি। তৎসম। শক্তিহীন ['শক্তিহীন' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: শ্ + অ + ক্ + ত্ + ই + হ্ + ঈ + ন্ + অ + ত্ + আ।

শক্তিহীনা: দুর্বলা। বিণ। তৎসম। শক্তিহীন ['শক্তিহীন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: শ্ + অ + ক্ + ত্ + ই + হ + ঈ + ন্ + আ।

শক্তু: [অশুদ্ধ, কিন্তু প্রচলিত, শুদ্ধরূপ: সক্তু], ছাতু। বি। তৎসম। শক্তু [< সক্তু (সচ্ + তু)]। ৬।১ বানান: শ্ [স্] + অ + ক্ + ত্ + উ। বি.দ্র.: ক্ + ত্ + উ= ক্তু।

শক্র: দেবরাজ ইন্দ্র। বি। তৎসম। শক্ + র। ৬।১ বানান: শ্ + অ + ক্ + র্ + অ। বি.দ্র.: ক্ + র্ + অ= ক্র।

শখ: খেয়াল। বি। বিদেশী। < আ. শৌক। বাংলা বানান: শ্ + অ + খ্। বি.দ্র.: শব্দান্তের 'খ' হসন্ত-বর্জিত।

শঙ্কর: শিব। বি। তৎসম। শম্ [কল্যাণ বা শান্তি] + কর [কৃ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ক= ঙ্ক [ংক: 'শংকর' দ্রষ্টব্য]। ২।২৮ শম্ [কল্যাণ বা শান্তি] করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ঙ্ + ক্ + অ + র্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + অ= ঙ্ক। ভিন্ন বানান: শংকর ['শংকর' দ্রষ্টব্য]।

শঙ্করী: দুর্গা। বি। তৎসম। শঙ্কর ['শঙ্কর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: শ্ + অ +.ঙ্ + ক্ + অ + র্ + ঈ। বি.দ্র.: ঙ্ + ক্ + অ= ঙ্ক।

শঙ্কা: ভয়। বি। তৎসম। শঙ্ক্ + অ + আ। ৬।১ বানান: শ্ + অ + ঙ্ + ক্ + আ। বি.দ্র.: ঙ্ + ক্ + আ= ঙ্কা।

শঙ্কাহর: শঙ্কাদূরকারী। বিণ। তৎসম। শঙ্কা [শঙ্ক্ + অ + আ] + হর [হৃ (হরণ করা) + অ]। ৬।১ শঙ্কা হরণ [দূর] করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ঙ্ + ক্ + আ + হ্ + অ + র্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + আ= ঙ্কা।

শঙ্কাহরণ: শঙ্কাদূরকারী। বিণ। তৎসম। শঙ্কা [শঙ্ক্ + অ + আ] + হরণ [হৃ (হরণ করা) + অন]। ৬।১ শঙ্কা হরণ [দূর] করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ঙ্ + ক্ + আ + হ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + আ= ঙ্কা। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শঙ্কাহরা: ভয়হারিণী। বিণ। তৎসম। শঙ্কাহর ['শঙ্কাহর' দ্রষ্টব্য] + আ [স্ত্রী] ৭।১।ক বানান: শ্ + অ + ঙ্ + ক্ + আ + হ্ + অ + র্ + আ। বি.দ্র.: ঙ্ + ক্ + আ= ঙ্কা।

শঙ্কিত: ভীত। বিণ। তৎসম। শঙ্ক্ + ত। ৬।১ বানান: শ্ + অ + ঙ্ + ক্ + ই + ত্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + ই= ঙ্কি।

শঙ্কিতা : ভীতা। বিণ। তৎসম। শঙ্কিত ['শঙ্কিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: শ্ + অ + ঙ্ + ক্ + ই + ত্ + আ। বি.দ্র.: ঙ্ + ক্ + ই= ঙ্কি।

শঙ্কিল : বিপজ্জনক। বিণ। তৎসম। শঙ্ক + ইল। [শঙ্কাপূর্ণ] ৬।১ বানান: শ্ + অ + ঙ্ + ক্ + ই + ল্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + ই= ঙ্কি।

শঙ্কু : গোঁজ। বি। তৎসম। শঙ্ক্ + উ]। ৬।১ বানান: শ্ + অ + ঙ্ + ক্ + উ। বি.দ্র.: ঙ্ + ক্ + উ= ঙ্কু।

শঙ্খ : শাঁখ। বি। তৎসম। শম্ [কল্যাণ বা শান্তি] + খ। ৬।১ [সন্ধি] ম্ + খ = ঙ্খ। ২।২৮ যা কল্যাণ বা শান্তি করে। বানান: শ্ + অ + ঙ্ + খ্ + অ। বি.দ্র.: ঙ্ + খ্ + অ= ঙ্খ।

শঙ্খকার : শাঁখারী। বি। তৎসম। শঙ্খ [শম্ + খ] + কার [কৃ + অ]। ৬।১ শঙ্খ [শাঁখা] করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ঙ্ + খ্ + অ + ক্ + আ + র্ + অ।

শঙ্খচক্রগদাপদ্মধারী : বিষ্ণু। বি। তৎসম। শঙ্খ [শম্ + খ] + চক্র [কৃ + অ] + গদা [গদ্ + অ + আ] + পদ্ম [পদ্ + ম] + ধারী [ধৃ + ইন্ (ঈ)]। ৬।১ বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কাবান্ত।

শঙ্খচিল : শুভ্র বক্ষোদেশযুক্ত চিল। বি। তদ্ভব। সং. শঙ্খ [শম্ + খ] + তদ্ভব. চিল [< সং. চিল্ল]। ৬।১ শঙ্খচিহ্ন-যুক্ত চিল= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + ঙ্ + খ্ + অ + চ্ + ই + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

শঙ্খচূড় : বিষধর সর্প। বি। তৎসম। শঙ্খ [শম্ + খ] + চূড় [< সং. চূড়া]। ৬।১ চূড়ায় [মাথায়] শঙ্খ যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + অ + ঙ্ + খ্ + অ + চ্ + ঊ + ড়্ + অ। বি.দ্র.: ঙ্ + খ= ঙ্খ, চ্ + ঊ= চূ।

শঙ্খচূর্ণী : শাঁখচুন্নী। বি। তৎসম। শঙ্খ [শম্ + খ] + চূর্ণী [চূর্ণ্ + অ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ শঙ্খ [শাঁখা] চূর্ণ করে যে (স্ত্রী)]= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ঙ্ + খ্ + অ + চ্ + ঊ + র্ + ণ্ + ঈ। বি.দ্র.: ঙ্ + খ্ + অ= ঙ্খ, চ্ + ঊ= চূ, র্ + ণ্ + ঈ= র্ণী।

শঙ্খধ্বনি : শাঁখের শব্দ। বি। তৎসম। শঙ্খ [শম্ + খ] + ধ্বনি [ধ্বন্ + ই]। ৬।১ শঙ্খের ধ্বনি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ঙ্ + খ্ + অ + ধ্ + ব্ + অ + ন্ + ই। বি.দ্র.: ঙ্ + খ্ + অ= ঙ্খ, ধ্ + ব্ + অ= ধ্ব।

শঙ্খনাদ : শাঁখের শব্দ। বি। তৎসম। শঙ্খ [শম্ + খ] + নাদ [নদ্ + অ]। ৬।১ শঙ্খের নাদ [ধ্বনি]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ঙ্ + খ্ + অ + ন্ + আ + দ্ + অ।

শঙ্খবণিক : শাঁখারী। বি। তৎসম। শঙ্খ [শম্ + খ] + বণিক্ [< সং. বণিজ্ (বণ্ + ইজ্)]। ৬।১ শঙ্খের বণিক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ঙ্ + খ্ + অ + ব্ + অ + ণ্ + ই + ক্। বি.দ্র.: ঙ্ + খ্ + অ= ঙ্খ, 'বণিক' শব্দের 'ণ' স্বাভাবিক 'ণ', শব্দান্তের 'ক' বাংলায় হসন্ত-বর্জিত।

শঙ্খবলয় : শাঁখা। বি। তৎসম। শঙ্খ [শম্ + খ] + বলয় [বল্ (বেষ্টন করা) + অয়]। ৬।১, শঙ্খ-নির্মিত বলয় [বালা]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + ঙ্ + খ্ + অ + ব্ + অ + ল্ + অ + য়্ + অ।

শঙ্খবিষ : সেঁকোবিষ। বি। তৎসম। শঙ্খ [শম্ + খ] + বিষ [বিষ্ + অ]। ৬।১ শঙ্খ-সদৃশ সাদা বিষ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + ঙ্ + খ্ + অ + ব্ + ই + ষ্ + অ। বি.দ্র.: 'ই'-র পর 'ষ' হয়েছে। ঙ্ + খ্ + অ= ঙ্খ।

শঙ্খিনী : এক শ্রেণীর নায়িকা, শাঁকচুন্নী। বি।

তৎসম। শঙ্খ [শম্ + খ] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ শঙ্খ [শাঁখা] আছে যার। বানান: শ্ + অ + ঙ্ + খ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ঙ্ + খ্ + ই= ঙ্খি। শব্দটি 'ইন্' + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে ই, পরে ঈ।

শচি, শচী: ইন্দ্রের পত্নী। বি। তৎসম। শচ্ [কথা বলা] + অ + ই, ঈ [ঈ]। ৬।১, ৭।১।গ বানান: শ্ + অ + চ্ + ই, ঈ।

শচীনন্দন: শ্রীচৈতন্য। বি। তৎসম। শচী [শচ্ + অ + ঈ] + নন্দন [নন্দ্ + অন]। ৬।১ শচীর নন্দন [পুত্র]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + চ্ + ঈ + ন্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ।

শচীন্দ্র: ইন্দ্র। বি। তৎসম। শচী [শচ্ + অ + ঈ] + ইন্দ্র [ইন্দ্ + র]। ৬।১ [সন্ধি] ঈ + ই= ঈ [চী]। ২।১।গ শচীর ইন্দ্র [নাথ, পতি]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + চ্ + ঈ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র.: চ্ + ঈ= চী, ন্ + দ্ + র্ + অ= ন্দ্র।

শচীপতি: ইন্দ্র। বি। তৎসম। শচী [শচ্ + অ + ঈ] + পতি [পা + অতি]। ৬।১ শচীর পতি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + চ্ + ঈ + প্ + অ + ত্ + ই। বি.দ্র.: চ্ + ঈ= চী।

শচীবিলাস: ইন্দ্র। বি। তৎসম। শচী [শচ্ + অ + ঈ] + বিলাস [বি + লস্ + অ]। ৬।১ শচীর বিলাস [পতি] = সম্বন্ধতৎ। বানান: শ্ + অ + চ্ + ঈ + ব্ + ই + ল্ + আ + স্ + অ।

শচীমাতা: শ্রীচৈতন্যের জননী। বি। তৎসম। শচী [শচ্ + অ + ঈ] + মাতা [মা + তা (তৃ= তৃচ্)। ৬।১ যিনি শচী, তিনিই মাতা= কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + চ্ + ঈ + ম্ + আ + ত্ + আ।

শচীশ: ইন্দ্র। বি। তৎসম। শচী [শচ্ + অ + ঈ] + ঈশ [ঈশ্ + অ]। ৬।১ [সন্ধি] ঈ + ঈ= ঈ [চী]। ২।২।ঘ শচীর ঈশ [পতি]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + চ্ + ঈ + শ্ + অ।

শজনে: গাছ বিশেষ। বি। তদ্ভব। কথ্য. শজনে < বাং. সজিনা < সং. শোভাঞ্জন। বানান: শ্ + অ + জ্ + ন্ + এ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'জ' হসন্ত-বর্জিত।

শজারু: শল্লকী। বি। তদ্ভব। < সং. শল্লকী। বানান: শ্ + অ + জ্ + আ + র্ + উ। বি.দ্র.: র্ + উ= রু।

শজিনা: গাছ বিশেষ। বি। তদ্ভব। বাং. সজিনা < সং. শোভাঞ্জন। বানান: শ্ + অ + জ্ + ই + ন্ + আ।

শটকা: পালিয়ে যাওয়া। ক্রি। বিদেশী। < হি. সট্কান্। বাংলা বানান: শ্ + অ + ট্ + ক্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ট' হসন্ত-বর্জিত।

শটকান: পালানো। বি। বিদেশী। < হি. সট্কান। বাংলা বানান: শ্ + অ + ট্ + ক্ + আ + ন্ + অ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ট' হসন্ত-বর্জিত।

শটকে: শতকিয়া। বি। তদ্ভব। < সং. শতকিয়া। বানান: শ্ + অ + ট্ + ক্ + এ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ট' হসন্ত-বর্জিত।

শটি, শটী: হলুদ জাতীয় ওষধি যা থেকে পালো হয়। বি। তৎসম। শট্ + ই, ঈ। ৬।১ বানান: শ্ + অ + ট্ + ই, ঈ।

শঠ: প্রবঞ্চক। বিণ। তৎসম। শঠ্ + অ। ৬।১ বানান: শ্ + অ + ঠ্ + অ।

শঠতা: প্রবঞ্চনা। বি। তৎসম। শঠ [শঠ্ + অ] + তা। ৬।১, ৬।২ বানান: শ্ + অ + ঠ্ + অ + ত্ + আ।

শড়কি: বর্শা, বল্লম। বি। দেশী। বানান: শ্ + অ + ড়্ + ক্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ড়' হসন্ত-বর্জিত।

শণ: ক্ষুদ্র বর্ষজীবী গাছ [অতসী]। বি। তৎসম। শন্ + অ। ৬।১ সূত্র দান করে যে। বানান: শ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'শণ' শব্দের 'ণ' স্বাভাবিক 'ণ'।

শণসূত্র: শণের আঁশ দিয়ে তৈরী সুতো। বি। তৎসম। শণ [শণ্ + অ] + সূত্র [সূত্র্ + অ]। ৬।১ শণ দিয়ে তৈরী সূত্র= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + ণ্ + অ + স্ + উ + ত্ + র্ + অ। বি.দ্র.: 'শণ' শব্দের 'ণ' স্বাভাবিক 'ণ', স্ + উ= সূ। ত্ + র্ + অ= ত্র।

শত: ১০০। বি। তৎসম। বানান: শ্ + অ + ত্ + অ।

শতক: শত সংখ্যাযুক্ত, শতাব্দী। বিণ। তৎসম। শত + ক। বানান: শ্ + অ + ত্ + অ + ক্ + অ।

শতকরা: শতাংশ। বি। তৎসম। শত + করা [হিসেবে]। বানান: শ্ + অ + ত্ + অ + ক্ + অ + র্ + আ।

শতকিয়া: এক থেকে একশো। বি। তৎসম। শতক + ইয়া [হিসেবে]। বানান: শ্ + অ + ত্ + অ + ক্ + ই + য্ + আ।

শতক্রতু: ইন্দ্র। বি। তৎসম। শত + ক্রতু [কৃ (যজ্ঞ করা) + অতু]। ৬।১ শত ক্রতু যাঁর [ইন্দ্র]= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + অ + ত্ + অ + ক্ + র্ + অ + ত্ + উ। বি.দ্র.: ক্ + র্ + অ= ক্র, ত্ + উ= তু।

শতগ্রন্থি: গিঁঠযুক্ত। বিণ। তৎসম। শত + গ্রন্থি [গ্রন্থ্ + ই]। ৬।১ শত গ্রন্থি [গিঁঠ] যাতে= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + অ + ত্ + অ + গ্ + র্ + অ + ন্ + থ্ + ই। বি.দ্র.: গ্ + র্ + অ= গ্র, ন্ + থ্ + ই= ন্থি।

শতঘ্নী: এককালে শত শত্রু-হননে সমর্থ প্রাচীন অস্ত্র। বি। তৎসম। শত + ঘ্নী [হন্ + অ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ শত হনন করে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ত্ + অ + ঘ্ + ন্ + ঈ। বি.দ্র.: ঘ্ + ন্ + ঈ= ঘ্নী।

শতচ্ছদ: শতদল পদ্ম। বি। তৎসম। শত + ছদ [ছদ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + ছ= অচ্ছ। ২।১৪ শত ছদ [দল] যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + অ + ত্ + অ + চ্ + ছ্ + অ + দ্ + অ। বি.দ্র.: চ্ + ছ্ + অ= চ্ছ।

শতচ্ছিন্ন: বহুস্থানে ছিন্ন। বিণ। তৎসম। শত + ছিন্ন (ছিদ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + ছি= অচ্ছি। ২।১৪ শত [বহু] ছিন্ন হয়েছে যা= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ত্ + অ + চ্ + ছ্ + ই + ন্ + ন্ + অ। বি.দ্র.: চ্ + ছ্ + ই= চ্ছি, ন্ + ন্ + অ= ন্ন।

শততম: শত সংখ্যার পূরক। বিণ। তৎসম। শত + তম [অতিশায়ন]। ৬।২ বানান: শ্ + অ + ত্ + অ + ত্ + অ + ম্ + অ।

শতদল: পদ্মফুল। বি। তৎসম। শত + দল [দল্ + অ]। ৬।১ শত দল [পাপড়ি] যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + অ + ত্ + অ + দ্ + অ + ল্ + অ।

শতধা: শতভাগে। ক্রি-বিণ, অব্য। শত + ধা + ক্বিপ্। ৬।১ শত + ধা [ভাগে]।

শতধার: বহুস্রোতযুক্ত। বিণ। তৎসম। শত + ধার [ধৃ + অ]। ৬।১ শত ধারা যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + অ + ত্ + অ + ধ্ + আ + র্ + অ।

শতধারে: অজস্রধারায়। ক্রি-বিণ। তৎসম। শত + ধার [ধৃ + অ] + এ [অধিকরণ]। ৬।১ শত ধারার সমাহার= দ্বিগু। ৩।৬ + এ [অধিকরণ]। বানান: শ্ + অ + ত্ + অ + ধ্ + আ + র্ + এ।

শতপদী: বিছা। বি। তৎসম। শত + পদ + ইন্

[ঈ]। ৬।২ শত পদ যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + অ + ত্ + অ + প্ + অ + দ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শতভিষা: নক্ষত্র। বি। তৎসম। শত + ভিষ [ভিষক্ < ভিষজ্] + আ [স্ত্রী]। ৬।১ ৭।১।ক শত ভিষক্ [ভিষকের ন্যায় তারা] যাতে= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + অ + ত্ + অ + ভ্ + ই + ষ্ + আ। বি.দ্র.: 'ই'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

শতমারী: হাতুড়ে চিকিৎসক। বি। তৎসম। শত + মারী [মৃ + ণিচ্ + ইন্ (ঈ)]। ৬।১ শত মেরেছে যে [বৈদ্য]= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ত্ + অ + ম্ + আ + র্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শতমুখ: মুখর। বিণ। তৎসম। শত + মুখ। শতমুখ [মুখের কথন [প্রশংসা)] যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + অ + ত্ + অ + ম্ + উ + খ্ + অ।

শতমূলী: শতমূলী লতা বা তার শিকড়। বি। তৎসম। শত + মূল + ইন্ [ঈ]। শত মূল আছে যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + অ + ত্ + অ + ম্ + ঊ + ল্ + ঈ। বি.দ্র.: ম্ + ঊ + মূ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শতরঞ্জ, শতরঞ্চ: দাবা খেলা বি। তৎসম। [< আ. শৎরঞ্জ < সং. চতুরঙ্গ।] বাংলা বানান: শ্ + অ + ত্ + অ + র্ + অ + ঞ্ + জ, চ্। বি.দ্র.: ঞ্ + জ= ঞ্জ, ঞ্ + চ= ঞ্চ। শব্দান্তের 'জ' ও 'চ' হসন্ত-বর্জিত।

শতরঞ্জি, শতরঞ্চি: মোটা সুতোয় তৈরী বিস্তৃত চাদর। বি। বিদেশী। < আ. শৎরঞ্জ < সং. চতুরঙ্গ। বাংলা বানান: শ্ + অ + ত্ + অ + র্ + অ + ঞ্ + জ্, চ্ + ই। বি.দ্র.: ঞ্ + জ্ + ই= ঞ্জি, ঞ্ + চ্ + ই= ঞ্চি।

শতরূপা: সরস্বতী। বি। তৎসম। শত + রূপ + আ [স্ত্রী]। শত [অতি] রূপা [রূপবতী]= কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + ত্ + অ + র্ + ঊ + প্ + আ। বি.দ্র.: র্ + ঊ= রূ।

শতসহস্র: অসংখ্য। বিণ। তৎসম। শত + সহস্র [সহস্ + র]। ৬।২ শত যে সহস্র= কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + ত্ + অ + স্ + অ + হ্ + অ + স্ + র্ + অ। বি.দ্র.: স্ + র্ + অ= স্র।

শতাংশ: একশো ভাগের একভাগ। বি। তৎসম। শত + অংশ। [সন্ধি] অ + অ= আ [তা]। ২।১।ক শতের অংশ= সম্বন্ধতৎ। ৩।৩, বানান: শ্ + অ + ত্ + আ + ং + শ্ + অ।

শতাব্দ, শতাব্দী: শতক। বি। তৎসম। শত + অব্দ, অব্দী [অপ্ + দা + অ, + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ শত অব্দের [বর্ষের] সমাহার= দ্বিগু। ৩।৬ + ঈ [স্ত্রী]। বানান: শ্ + অ + ত্ + আ + ব্ + দ্ + অ, ঈ। বি.দ্র.: ব্ + দ্ + অ = ব্দ, ব্ + দ্ + ঈ= ব্দী।

শতায়ুঃ, শতায়ু: শতবর্ষজীবী, দীর্ঘজীবী। বিণ। তৎসম। শত + আয়ুস্ [ঃ], আয়ু। [সন্ধি] অ + আ= আ [তা]। ২।১।খ শত [বর্ষ] আয়ুঃ [আয়ু] যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + অ + ত্ + আ + য্ + উ [+ ঃ]। বি.দ্র.: বাংলায় শব্দান্তের ' ঃ' বর্জিত।

শতেক: একশত। বিণ। তদ্ভব। শত + এক [বাং. সন্ধি] অ + এ= এ [তে]। বানান: শ্ + অ + ত্ + এ + ক্ + অ।

শত্তুর: শত্রু। বি। অর্ধ-তৎসম। শত্রু > শ্ + অ + ত্ + র্ + উ > শ্ + অ + ত্ + ত্ + উ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

শত্রু: বৈরী। বি। তৎসম। শদ্ + রু। ৬।১ বানান:

শ্ + অ + ত্ + র্ + উ। বি.দ্র.: ত্ + র্ + উ= ত্রু।

শত্রুঘ্ন: শত্রুবিনাশী, দশরথের চতুর্থ পুত্র। বি। তৎসম। শত্রু [শদ্ + রু] + ঘ্ন [হন্ + অ]। ৬।১ শত্রু হনন [হত্যা] করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ত্ + র্ + উ + ঘ্ + ন্ + অ। বি.দ্র.: ত্ + র্ + উ= ত্রু। ঘ্ + ন্ + অ= ঘ্ন।

শত্রুজয়ী: শত্রুকে জয়কারী। বিণ। তৎসম। শত্রু [শদ্ + রু] + জয়ী [জয় (জি + অ) + ইন্ (ঈ)]। ৬।১ শত্রুকে জয় করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ত্ + র্ + উ + জ্ + অ + য্ + ঈ। বি.দ্র.: ত্ + র্ + উ= ত্রু। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শত্রুজিৎ: শত্রুকে জয়কারী। বিণ। তৎসম। শত্রু [শদ্ + রু] + জিৎ [জি + ক্বিপ্]। ৬।১ শত্রুকে জয় করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ত্ + র্ + উ + জ্ + ই + ৎ। বি.দ্র.: ত্ + র্ + উ= ত্রু।

শত্রুঞ্জয়: শত্রুকে জয়কারী। বিণ। তৎসম। শত্রুম্ [দ্বিতীয়া একবচন] + জয় [জি + অ]। ৬।১ [সন্ধি] ম্ + জ = ঞ্ + জ= ঞ্জ। ২।২৮ শত্রুকে জয় করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ত্ + র্ + উ + ঞ্ + জ্ + অ + য্ + অ। বি.দ্র.: ত্ + র্ + উ= ত্রু, ঞ্ + জ্ + অ= ঞ্জ।

শত্রুতা: বৈরিতা। বি। তৎসম। শত্রু [শদ্ + রু] + তা। ৬।১, ৬।২ বানান: শ্ + অ + ত্ + র্ + উ + ত্ + আ। বি.দ্র.: ত্ + র্ + উ= ত্রু।

শত্রুমিত্রভেদ: আত্মপর বিচার। বি। তৎসম। শত্রু [শদ্ + রু] + মিত্র [মি + ত্র] + ভেদ [ভিদ্ + অ]। ৬।১ শত্রু ও মিত্র= দ্বন্দ্ব। ৩।৪ শত্রু মিত্রের ভেদ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ত্ + র্ + উ + ম্ + ই + ত্ + র্ + অ + ভ্ + এ + দ্ + অ। বি.দ্র.: ত্ + র্ + উ= ত্রু। ত্ + র্ + অ= ত্র।

শনশন: বাতাস বাণ ইত্যাদির অতিক্রান্তগতি-সূচক। অব্য। দেশী। বানান: শ্ + অ + ন্ + শ্ + অ + ন্। বি.দ্র.: শব্দ-মধ্যের ও শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

শত্রুসঙ্কুল, শত্রুসংকুল: শত্রুপূর্ণ। বিণ। তৎসম। শত্রু [শদ্ + রু] + সঙ্কুল, সংকুল [সম্ + কুল্ + অ]। ৬।১ শত্রু দ্বারা সঙ্কুল [সংকুল]= করণতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ত্ + র্ + উ + স্ + অ + ঙ্ [ং] ক্ + উ + ল্ + অ। বি.দ্র.: ত্ + র্ + উ= ত্রু, ঙ্ + ক্ + উ= ঙ্কু।

শনাক্ত, সনাক্ত: নিশানদিহি, পরিচিত বলে নির্দেশ। বি। বিদেশী। < আ. শিনাখ্‌ৎ। বাংলা বানান: শ্ [স্] + অ + ন্ + আ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ= ক্ত।

শনি: অশুভ গ্রহ, সপ্তাহের বার। বি। তৎসম। বানান: শ্ + অ + ন্ + ই।

শনৈঃ: আস্তে। অব্য, ক্রি-বিণ। তৎসম। বানান: শ্ + অ + ন্ + ঐ + ঃ।

শনৈশ্চর: শনিগ্রহ। বি। তৎসম। শনৈঃ + চর [চর্ + অ]। ৬।১ শনৈঃ [আস্তে] চরে [বিচরণ করে] যে= উপপদতৎ।

শপ: বৃহৎ মাদুর। বি। দেশী। শ্ + অ + প্। বি.দ্র.: শব্দান্তের 'প' হসন্ত-বর্জিত।

শপথ: প্রতিজ্ঞা। বি। তৎসম। শপ্ + অথ। ৬।১

শপ্ত: অভিশপ্ত। বিণ। তৎসম। শপ্ [শাপ দেওয়া] + ত। ৬।১ বানান: শ্ + অ + প্ + ত্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত।

শফ: পশুর পায়ের ক্ষুর। বি। তৎসম। শম্ + অ। ৬।১ বানান: শ্ + অ + ফ্ + অ।

শফর: পুঁটিমাছ। শফ + রা + অ।৬।১বি। তৎসম। বানান: শ্ + অ + ফ্ + অ + র্ + অ।

শফরী : পুঁটিমাছ। বি। তৎসম। শফর [শফ + রা + অ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান : শ্ + অ + ফ্ + অ + র্ + ঈ।

শফেদ : সাদা। বি। বিদেশী। <ফা. শফেদ্। বাংলা বানান : শ্ + অ + ফ্ + এ + দ্। বি.দ্র. : শব্দান্তের 'দ' হসন্ত-বর্জিত।

শব : মৃতদেহ। বি। তৎসম। শব্ [বিকৃত হওয়া] + অ। ৬।১ বানান : শ্ + অ + ব্ + অ।

শবদহন : মৃতদেহ ভস্মীভূত করা। বি। তৎসম। শব [শব্ + অ] + দহন [দহ্ + অন]। ৬।১ শবের দহন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + অ + ব্ + অ + দ্ + অ + হ্ + অ + ন্ + অ।

শবদাহ : মৃতদেহ ভস্মীভূত করা। বি। তৎসম। শব [শব্ + অ] + দাহ [দহ্ + অ]। ৬।১ শবের দাহ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + অ + ব্ + অ + দ্ + আ + হ্ + অ।

শবদেহ : মড়া। বি। তৎসম। শব [শব্ + অ] + দেহ [দিহ্ + অ]। ৬।১ শব [প্রাণহীন, বিকৃত] যে দেহ= কর্মধা। ৩।২ বানান : শ্ + অ + ব্ + অ + দ্ + এ + হ্ + অ।

শবব্যবচ্ছেদ : মৃতদেহ অস্ত্রদ্বারা ছিন্নবিচ্ছিন্ন করে পরীক্ষা। বি। তৎসম। শব [শব্ + অ] + ব্যবচ্ছেদ [বি + অব + ছিদ্ + অ]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।ক শবের ব্যবচ্ছেদ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + অ + ব্ + অ + ব্ + য্ + অ + ব্ + অ + চ্ + ছ্ + এ + দ্ + অ। বি.দ্র. : ব্ + য্ + অ = ব্য, চ্ + ছ্ + এ= চ্ছে।

শবযাত্রা : সৎকারের জন্য মৃতদেহ নিয়ে গমন। বি। তৎসম। শব [শব্ + অ] + যাত্রা [যা + ত্র + আ]। ৬।১ সৎকারের [দাহক্রিয়ার] নিমিত্ত যাত্রা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : শ্ + অ + ব্ + অ + য্ + আ + ত্ + র্ + আ। বি.দ্র. : ত্ + র্ + আ= ত্রা।

শবযান : শবাধার বহন করবার গাড়ি। বি। তৎসম। শব [শব্ + অ] + যান [যা + অন]। ৬।১ শব বহনার্থ যান= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : শ্ + অ + ব্ + অ + য্ + আ + ন্ + অ।

শবর : ব্যাধ। বি। তৎসম। শব + রা + অ। ৬।১ বানান : শ্ + অ + ব্ + অ + র্ + অ।

শবরী : ব্যাধিনী। বি। তৎসম। শবর [শব + রা + অ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান : শ্ + অ + ব্ + অ + র্ + ঈ।

শবল : চিত্রবিচিত্র। বি। তৎসম। শবল + অ। ৬।২ বানান : শ্ + অ + ব্ + অ + ল্ + অ।

শবলা : বহুবর্ণা গাড়ী। বি। তৎসম। শবল [শবল + অ] + আ [স্ত্রী]। ৬।২, ৭।১।ক বানান : শ্ + অ + ব্ + অ + ল্ + আ।

শবলী : বহুবর্ণা গাভী। বি। তৎসম। শবল [শবল + অ] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান : শ্ + অ + ব্ + অ + ল্ + ঈ।

শবসৎকার : শবদাহ। বি। তৎসম। শব [শব্ + অ] + সৎকার [সৎ + কৃ + অ]। ৬।১ শবের সৎকার [অন্ত্যেষ্টিক্রিয়া]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + অ + ব্ + অ + স্ + অ + ৎ + ক্ + আ + র্ + অ।

শব-সাধনা : শবের ওপরে উপবেশনপূর্বক তান্ত্রিক সাধনা। বি। তৎসম। শব [শব্ + অ] + সাধনা [সাধ্ + অন + আ]। ৬।১ শবে উপবিষ্টের সাধনা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : শ্ + অ + ব্ + অ + স্ + আ + ধ্ + অ + ন্ + আ।

শবাধার : যে আধারে শবদেহ কবর দেওয়া হয়। বি। তৎসম। শব [শব্ + অ] + আধার [আ + ধৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [বা]। ২।১।খ শব সংরক্ষণের আধার= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : শ্ + অ + ব্ + আ + ধ্ + আ + র্ + অ।

শবানুগমন : মৃতের প্রতি সম্মান-প্রদর্শনার্থ শোক প্রকাশের জন্যে শবযাত্রায় অংশগ্রহণ। বি। তৎসম। শব [শব্ + অ] + অনুগমন [অনু + গম্ + অন]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [বা]। ২।১।ক [শবযাত্রায়] শবের অনুগমন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + অ + ব্ + আ + ন্ + উ + গ্ + অ + ম্ + অ + ন্ + অ।

শবানুযাত্রী : শবানুগমনকারী। বি। তৎসম। শব [শব্ + অ] + অনুযাত্রা [অনু + য্ + আ + ত্র + আ] + ইন্ [ঈ]। ৬।২ [সন্ধি] অ + অ= আ [বা]। ২।১।ক শবযাত্রায় শবের অনু [পশ্চাৎ] যাত্রা করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + অ + ব্ + আ + ন্ + উ + য্ + আ + ত্ + র্ + ঈ। বি.দ্র. : ত্ + র্ + ঈ= ত্রী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শবাসন : তান্ত্রিক সাধনায় আসনরূপে ব্যবহৃত মৃতদেহ। বি। তৎসম। শব [শব্ + অ] + আসন [আস্ + অন]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [বা]। ২।১।খ যা শব, তাই আসন= কর্মধা। ৩।২ বানান : শ্ + অ + ব্ + আ + স্ + অ + ন্ + অ।

শবাসনা : শবের ওপরে অবস্থিতা কালী। বি। তৎসম। শব [শব্ + অ] + আসনা [আস্ + অন + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক শব আসন যাঁর [কালীর] = বহুব্রী। ৩।৫ বানান : শ্ + অ + ব্ + আ + স্ + অ + ন্ + আ।

শবেবরাত : মুসলমান সম্প্রদায়ের পর্ব। বি। বিদেশী। < ফা. শব্ + ই + বরাত্। বাংলা বানান : শ্ + অ + ব্ + এ + ব্ + অ + র্ + আ + ত্। বি.দ্র. : শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

শব্দ : আওয়াজ, অর্থ-দ্যোতক ধ্বনি। বি। তৎসম। শব্দ্ + অ। ৬।১ বানান : শ্ + অ + ব্ + দ্ + অ। বি.দ্র. : ব্ + দ্ + অ= ব্দ।

শব্দকোষ : অভিধান। বি। তৎসম। শব্দ [শব্দ্ + অ] + কোষ [কুষ্ + অ]। ৬।১ শব্দের [শব্দ সমূহের] কোষ [ভাণ্ডার]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + অ + ব্ + দ্ + অ + ক্ + ও + ষ্ + অ। বি.দ্র. : 'ও'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

শব্দবহ : বাতাস। বি। তৎসম। শব্দ [শব্দ্ + অ] + বহ [বহ্ + অ]। ৬।১ শব্দকে বহন করে যা= উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + অ + ব্ + দ্ + অ + ব্ + অ + হ্ + অ।

শব্দবিন্যাস : বাক্যে যথাস্থানে শব্দ-স্থাপনা। বি। তৎসম। শব্দ [শব্দ্ + অ] + বিন্যাস [বি + নি + আস্ + অ] ৬।১ [সন্ধি] ই + আ= যা [ন্যা]। ২।৭।খ শব্দের বিন্যাস= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + অ + ব্ + দ্ + অ + ব্ + ই + ন্ + য্ + আ + স্ + অ। বি.দ্র. : ব্ + দ্ + অ= ব্দ, ন্ + য্ + আ= ন্যা।

শব্দবেধী : শব্দ শুনে লক্ষ্য ভেদে সমর্থ। বিণ। তৎসম। শব্দ [শব্দ্ + অ] + বেধী [বিধ্ + ইন্ (ঈ)]। ৬।১ শব্দ শুনে বিদ্ধ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + অ + ব্ + দ্ + অ + ব্ + এ + ধ্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শব্দব্রহ্ম : শব্দরূপে ব্রহ্ম। বি। তৎসম। শব্দ [শব্দ্ + অ] + ব্রহ্ম [< ব্রহ্মন্]। যা শব্দ, তাই ব্রহ্ম= কর্মধা। ৩।২ বানান : শ্ + অ + ব্ + দ্ + অ + ব্ + র্ + অ + হ্ + ম্ + অ। বি.দ্র. : ব্ + দ্ + অ= ব্দ, ব্ + র্ + অ= ব্র, হ্ + ম্ + অ= হ্ম।

শব্দভেদী : শব্দ শুনে লক্ষ্যভেদে সমর্থ। বিণ। তৎসম। শব্দ [শব্দ্ + অ] + ভেদী [ভিদ্ + ইন্ (ঈ)]। ৬।১ শব্দ শুনে ভেদ করে যে=

উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ব্ + দ্ + অ + ভ্ + এ + দ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত,তাই 'ঈ'-কারান্ত।

শব্দশক্তি: শব্দের অর্থবোধিকা শক্তি। বি। তৎসম। শব্দ [শব্দ্ + অ] + শক্তি [শক্ + তি]। ৬।১ শব্দের [অর্থদ্যোতিকা] শক্তি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ব্ + দ্ + অ + শ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ব্ + দ্ + অ= ব্দ, ক্ + ত্ + ই= ক্তি।

শব্দশাস্ত্র: শব্দ-বিষয়ক শাস্ত্র। বি। তৎসম। শব্দ [শব্দ্ + অ] + শাস্ত্র [শাস্ + ত্র]। ৬।১ শব্দ-বিষয়ক শাস্ত্র= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + ব্ + দ্ + অ + শ্ + আ + স্ + ত্ + র্ + অ। বি.দ্র.: ব্ + দ্ + অ= ব্দ, স্ + ত্ + র্ + অ = স্ত্র।

শব্দহীন: নিঃশব্দ। বিণ। তৎসম। শব্দ [শব্দ্ + অ] + হীন [হা + ত]। ৬।১ শব্দের দ্বারা হীন= করণতৎ। ৩।৩ বানান: ব্ + দ্ + অ= ব্দ, হ্ + ঈ= হী।

শব্দাতীত: অনির্বচনীয়। বিণ। তৎসম। শব্দ [শব্দ্ + অ] + অতীত [অতি + ইত (ই + ত)]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ব্দা]। ২।১।ক ই + ই= ঈ [তী]। ২।২।ক শব্দের অতীত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: ব্ + দ্ + অ= ব্দ, ত্ + ঈ= তী।

শব্দায়মান: যা শব্দ করছে। বিণ। তৎসম। শব্দায় [শব্দ + ক্যঙ্] + মান [শানচ্]। ৬।১ বানান: শ্ + অ + ব্ + দ্ + আ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: ব্ + দ্ + আ= ব্দা।

শব্দার্থ: শব্দের অর্থ। বি। তৎসম। শব্দ [শব্দ্ + অ] + অর্থ [অর্থ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ব্দা]। ২।১।ক শব্দের অর্থ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + ব্ + দ্ + আ + র্ + থ্ + অ। বি.দ্র.: ব্ + দ্ + আ= ব্দা, র্ + থ্ + অ= র্থ।

শব্দালঙ্কার, শব্দালংকার: অনুপ্রাস যমক শ্লেষ ইত্যাদি শব্দনির্ভর অলংকার। বি। তৎসম। শব্দ [শব্দ্ + অ] + অলঙ্কার, অলংকার [অলম্ + কার (কৃ + অ)]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ব্দা]। ২।১।ক ম্ + কা= ঙ্ক, ং + কা= ঙ্কা, ংকা। ২।২৮ শব্দভিত্তিক অলঙ্কার, অলংকার= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + ব্ + দ্ + আ + ল্ + অ + ঙ্, ং + ক্ + আ + র্ + অ। বি.দ্র.: ব্ + দ্ + আ= ব্দা, ঙ্ + ক্ + অ= ঙ্কা।

শব্দিত: ধ্বনিত। বিণ। তৎসম। শব্দ্ + ত। ৬।১ বানান: শ্ + অ + ব্ + দ্ + ই + ত্ + অ।

শব্দেন্দ্রিয়: কান। বি। তৎসম। শব্দ [শব্দ্ + অ] + ইন্দ্রিয় [ইন্দ্র + ইয়]। ৬।১, ৬।২ [সন্ধি] অ + ই= এ [ব্দে]। ২।৪।ক শব্দ-বিষয়ক ইন্দ্রিয়= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + ব্ + দ্ + এ + ন্ + দ্ + র্ + ই + য্ + অ। বি.দ্র. ব্ + দ্ + এ= ব্দে, ন্ + দ্ + র্ + ই= ন্দ্রি।

শম: শান্তি। বি। তৎসম। শম্ + অ। ৬।১ বানান: শ্ + অ + ম্ + অ। [যেমন: উপশম]।

শমন: মৃত্যুদেবতা। বি। তৎসম। শম্ + ণিচ্ + অন। ৬।১ বানান: শ্ + অ + ম্ + অ + ন্ + অ।

শমন-ভবন: মৃত্যুপুরী। বি। তৎসম। শমন [শম্ + অন] + ভবন [ভূ + অন]। ৬।১ শমনের ভবন [আলয়] = সম্বন্ধতৎ। বানান: শ্ + অ + ম্ + অ + ন্ + অ + ভ্ + অ + ব্ + অ + ন্ + অ।

শমন-সদন: মৃত্যুপুরী। বি। তৎসম। শমন [শম্ + অন] + সদন [সদ্ + অন]। ৬।১ শমনের সদন [আলয়] = সম্বন্ধতৎ। বানান: শ্ + অ + ম্ + অ + ন্ + অ + স্ + অ + দ্ + অ + ন্ + অ।

শময়িতা: উপশমকারী। বিণ। তৎসম। শম্ + ণিচ্

+ তা [তৃ (= তৃচ্)]। ৬।১ শান্তি করে যে। বানান: শ্ + অ + ম্ + অ + য়্ + ই + ত্ + আ।

শমি, শমী: সাঁইগাছ। বি। তৎসম। শম্ + ই, ঈ। ৬।১ বানান: শ্ + অ + ম্ + ই, ঈ।

শমিত: প্রশমিত। বি। তৎসম। শম্ + ণিচ্ + ত। ৬।১ বানান: শ্ + অ + ম্ + ই + ত্ + অ।

শমিতা [পুংলিঙ্গ]: যজ্ঞে পশুবধকারী। বিণ। তৎসম। শম্ + তা [< তৃ = তৃচ্]। বানান: শ্ + অ + ম্ + ই + ত্ + আ।

শমিতা: প্রশমিতা। বিণ। তৎসম। শম্ + ণিচ্ + ত + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: শ্ + অ + ম্ + ই + ত্ + আ।

শমী: শান্ত। বিণ। তৎসম। শম্ + ইন্ [ঈ]। ৬।১ বানান: শ্ + অ + ম্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [স্ত্রী]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শম্পা: বিদ্যুৎ। বি। তৎসম। বানান: শ্ + অ + ম্ + প্ + আ। বি.দ্র.: ম্ + প্ + আ= ম্পা।

শম্ব: মুদগরাদির মুখের লৌহাবরণ। বি। তৎসম। শম্ + ব। বানান: শ্ + অ + ম্ + ব্ + অ। বি.দ্র.: ম্ + ব্ + অ= ম্ব।

শম্বর: এক প্রকারের মৃগ। বি। তৎসম। শম্ব্ + অর। ৬।১ বানান: শ্ + অ + ম্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র.: ম্ + ব্ + অ= ম্ব।

শম্বরারি: শম্বরাসুরহন্তা কামদেব। বি। তৎসম। শম্বর [শম্ব্ + অর] + অরি [ঋ + ই]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [রা]। ২।১।ক ঋ + ই= অর্ + ই= অরি। ২।৯।গ শম্বরের অরি [শত্রু]= কামদেব [সম্বন্ধতৎ] ৩।৩ বানান: শ্ + অ + ম্ + ব্ + অ + র্ + আ + র্ + ই।

শম্বুক, শম্বূক: শামুক, শূদ্র-তাপস, তপস্যার করার অপরাধে রামচন্দ্র কর্তৃক নিহত। বি। তৎসম। শম্ব্ + উক, ঊক। বানান: শ্ + অ + ম্ + ব্ + উ, ঊ + ক্ + অ।

শম্বুকগতি, শম্বূকগতি: শামুকের ন্যায় অতি ধীর গতি, দীর্ঘসূত্রতা। বিণ। বি। তৎসম। শম্ব্ + উক, ঊক। বানান: শ্ + অ + ম্ + ব্ + উ, ঊ, ক্ + অ + গ্ + অ + ত্ + ই। বি.দ্র.: ম্ + ব্ + উ= ম্বু, ম্ + ব্ + ঊ= ম্বূ।

শম্ভু: শিব। বি। তৎসম। শম্ [কল্যাণ করা] + ভু [ভূ + উ]। ৬।১ বানান: শ্ + অ + ম্ + ভ্ + উ। বি.দ্র.: ম্ + ভ্ + উ= ম্ভু।

শয়তান: অতি দুর্বৃত্ত ব্যক্তি। বি। বিদেশী। < আ. শৈতান্। বাংলা বানান: শ্ + অ + য়্ + ত্ + আ + ন্। বি.দ্র.: শব্দ-মধ্যে 'য়' ও শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

শয়তানি: দুর্বৃত্ততা। বি। বিদেশী। < আ. শৈতান্ + বাং. ই। বাংলা বানান: শ্ + অ + য়্ + ত্ + আ + ন্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'য়' হসন্ত-বর্জিত।

শয়তানী: অতি দুষ্টা নারী। বি। বিণ। বিদেশী। < আ. শৈতান্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বাংলা বানান: শ্ + অ + য়্ + ত্ + আ + ন্ + ঈ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'য়' হসন্ত-বর্জিত। শব্দান্তের 'ঈ'-কার স্ত্রীলিঙ্গ-জনিত।

শয়ন: শোওয়া, বিছানা। বি। তৎসম। শী + অন। ৬।১ বানান: শ্ + অ + য়্ + অ + ন্ + অ।

শয়নকক্ষ: শোবার ঘর। বি। তৎসম। শয়ন [শী + অ] + কক্ষ [কষ্ + স]। ৬।১, শয়নের নিমিত্ত কক্ষ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + য়্ + অ + ন্ + অ + ক্ + অ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

শয়নগৃহ: শোবার ঘর। বি। তৎসম। শয়ন [শী + অন] + গৃহ [গ্রহ্ + অ]। ৬।১ শয়নের নিমিত্ত গৃহ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + য়্ + অ + ন্ + অ + গ্ + ঋ +

হ্ + অ। বি.দ্র. : গ্ + ঋ= গৃ।

শয়নমন্দির : শোবার ঘর। বি। তৎসম। শয়ন [শী + অন] + মন্দ্ + ইর। ৬৷১ শয়নের নিমিত্ত মন্দির [গৃহ, বাসভবন]= মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান : শ্ + অ + য়্ + অ + ন্ + অ + ম্ + অ + ন্ + দ্ + ই + র্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + ই= ন্দি।

শয়নাগার : শোবার ঘর। বি। তৎসম। শয়ন [শী + অন] + আগার [অগার + অ]। ৬৷১ ৬৷২ [সন্ধি] অ + আ= আ [না]। ২৷১৷খ শয়নের নিমিত্ত আগার [গৃহ]= মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান : শ্ + অ + য়্ + অ + ন্ + আ + গ্ + আ + র্ + অ।

শয়ান : যে মানুষ শুয়ে আছে। বিণ। তৎসম। শী + আন [শানচ্]। ৬৷১, ৭৷১৷ক বানান : শ্ + অ + য়্ + আ + ন্ + অ।

শয়ানা : যে স্ত্রীলোক শুয়ে আছে। বিণ। তৎসম। শয়ান [শী + আন (শানচ্)] + আ [স্ত্রী]। ৬৷১, ৭৷১৷ক বানান : শ্ + অ + য়্ + আ + ন্ + আ।

শয়িত : যে মানুষ শুয়ে আছে। বিণ। তৎসম। শী + ত। ৬৷১ বানান : শ্ + অ + য়্ + ই + ত্ + অ। বি.দ্র. : য়্ + ই= য়ি।

শয়িতা : যে স্ত্রীলোক শুয়ে আছে। বিণ। তৎসম। শয়িত [শী + ত] + আ [স্ত্রী]। ৬৷১, ৭৷১৷ক বানান : শ্ + অ + য়্ + ই + ত্ + আ।

শয্যা : বিছানা। বি। তৎসম। শী + য [যৎ] + আ। ৬৷১ বানান : শ্ + অ + য্ + য্ + আ। বি.দ্র. : য্ + য্ + আ= য্যা।

শয্যাকণ্টক, শয্যাকণ্টকী : যে রোগে বিছানায় কাঁটা বেঁধার অনুভূতি হয়। বি। তৎসম। শয্যা [শী + য (যৎ) + আ] + কণ্টক [কণ্ট্ + অক]। ৬৷১ শয্যা কণ্টক যাতে= বহুব্রী। ৩৷৫ বানান : শ্ + অ + য্ + য্ + আ + ক্ + অ + ণ্ + ট্ + অ + ক্ + অ + ঈ। বি.দ্র. : য্ + য্ + আ= য্যা, ণ + ট্ + অ= ণ্ট, 'ট'-এর আগে 'ণ্' হয়েছে। ৪৷১৷ক

শয্যাগত : রোগে শয্যাশায়ী [বিছানা থেকে উঠতে অসমর্থ]। বিণ। তৎসম। শয্যা [শী + য (যৎ) + আ] + গত [গম্ + ত]। ৬৷১ শয্যাকে গত= কর্মতৎ। ৩৷২ বানান : শ্ + অ + য্ + য্ + আ + গ্ + অ + ত্ + অ। বি.দ্র. : য্ + য্ + অ= য্যা।

শয্যাগতা : রোগে বিছানা থেকে উঠতে অসমর্থা। বিণ। তৎসম। শয্যাগত [শী + য (যৎ) + আ + গম্ + ত] + আ [স্ত্রী]। ৬৷১ ৭৷১৷ক শয্যাকে গতা= কর্মতৎ। ৩৷২ বানান : শ্ + অ + য্ + য্ + আ + গ্ + অ + ত্ + আ। বি.দ্র. : য্ + য্ + আ= য্যা।

শয্যাগার : শোবার ঘর। বি। তৎসম। শয্যা [শী য (যৎ) + আ] + আগার [অগার + অ]। ৬৷১ [সন্ধি] আ + আ= আ [য্যা]। ২৷১৷ঘ শয্যার নিমিত্ত আগার= মধ্যপ-কর্মধা ৩৷২ বানান : শ্ + অ + য্ + য্ + আ + গ্ + আ + র্ + অ। বি.দ্র. : য্ + য্ + আ= য্যা।

শয্যাগৃহ : শোবার ঘর। বি। তৎসম। শয্যা [শী + য (যৎ) + আ] + গৃহ [গ্রহ্ + অ]। ৬৷১ শয্যার নিমিত্ত গৃহ= মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান : শ্ + অ + য্ + য্ + আ + গ্ + ঋ + হ্ + অ। বি.দ্র. : য্ + য্ + আ= য্যা, গ্ + ঋ= গৃ।

শয্যাতল : বিছানার ওপর ভাগ। বি। তৎসম। শয্যা [শী + য (যৎ) + আ] + তল [তল্ + অ] ৬৷১ শয্যার তল [পৃষ্ঠ] = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : শ্ + অ + য্ + য্ + আ + ত্ + অ + ল্ + অ। বি.দ্র. : য্ + য্ + আ= য্যা।

শয্যাতুলুনি : বিবাহের পরদিন প্রাতে বরবধূর বাসরের শয্যা তোলার জন্যে বরের কাছে কন্যাপক্ষীয় নারীদের প্রাপ্য অর্থ। বি। তদ্ভব।

শয্যা [শী + য (যৎ) + আ] + তুলুনি [তুল্ + বাং. উনি]। ৬।১ শয্যার তোলার নিমিত্ত প্রাপ্য অর্থ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + য্ + য্ + আ + ত্ + উ + ল্ + উ + ন্ + ই। বি.দ্র.: য্ + য্ + আ= য্যা।

শয্যাতোলা: বিবাহের পরদিন প্রাতে বরবধূর বাসরের শয্যা তোলার স্ত্রী-আচার। বি। তদ্ভব। শয্যা [শী + য (যৎ) + আ] + তোলা [তুল্ + অ + আ]। ৬।১ শয্যাকে তোলা= কর্মতৎ। ৩।৩ বানান: শ্ + অ + য্ + য্ + আ + ত্ + ও + ল্ + আ। বি.দ্র.: য্ + য্ + আ= য্যা।

শয্যারচনা: বিছানা পাতা। বি। তৎসম। শয্যা [শী + য (যৎ) + আ] + রচনা [রচ্ + অন + আ]। ৬।১ শয্যাকে রচনা= কর্মতৎ। ৩।৩ বানান: শ্ + অ + য্ + য্ + আ + র্ + অ + চ্ + অ + ন্ + আ। বি.দ্র.: য্ + য্ + আ= য্যা।

শয্যাশায়িনী: শয্যায় শায়িতা। বিণ। তৎসম। শয্যা [শী + য (যৎ) + আ] + শায়িনী [শী +ইন্ + ঈ]। ৬।১, ৭।১।চ শয্যায় শয়ন করে আছে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + অ + য্ + য্ + আ + শ্ + আ + য়্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে ঈ।

শয্যাশায়ী: শয্যায় শায়িত। বি। তৎসম। শয্যা [শী + য (যৎ) + আ] + শায়ী [শী + ইন্ [ঈ]। ৬।১ শয্যায় শয়ন করে আছে যে= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + অ + য্ + য্ + আ + শ্ + আ + য়্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শয্যাসঙ্গিনী: স্ত্রী। বি। তৎসম। শয্যা [শী + য (যৎ) + আ] + সঙ্গিনী। [সঙ্গ (সম্ + গম্ + অ) + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ শয্যায় সঙ্গিনী= অধিকরণতৎ। ৩।৩ বানান: শ্ + অ + য্ + য্ + আ + স্ + অ + ঙ্ + গ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: য্ + য্ + আ= য্যা, শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

শয্যাস্তরণ: বিছানার চাদর। বি। তৎসম। শয্যা [শী + য (যৎ) + আ] + আস্তরণ [আ + স্তৃ + অন]। ৬।১ [সন্ধি] আ + আ= আ [য্যা]। ২।১।ঘ শয্যার আস্তরণ [আচ্ছাদন]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + য্ + য্ + আ + স্ + ত্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ।

শর: বাণ, খাগড়াগাছ। বি। তৎসম। শৃ [হিংসা করা] + অ। ৬।১ বানান: শ্ + অ + র্ + অ।

শরক্ষেপ, শরক্ষেপণ: নির্দিষ্ট লক্ষ্যে বাণ ছোঁড়া। বি। তৎসম। শর [শৃ + অ] + ক্ষেপ [ক্ষিপ্ + অ, অন]। ৬।১ শরের ক্ষেপ, ক্ষেপণ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + র্ + অ + ক্ + ষ্ + এ + প্ + অ, + ণ্ + অ। বি.দ্র.: 'ষ' ও 'ন'-এর মধ্যে এ, প, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শরচ্চন্দ্র: শরৎকালের চাঁদ। বি। তৎসম। শরৎ [শৃ + অৎ (অদ্)] + চন্দ্র [চন্দ্ + র]। ৬।১ [সন্ধি] ৎ + চ= চ্ + চ= চ্চ। ২।১৬ [নামের ক্ষেত্রে সন্ধি হবে না]। শরতের চন্দ্র= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + র্ + অ + চ্ + চ্ + অ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র.: চ্ + চ= চ্চ, ন্ + দ্ + র্ + অ = ন্দ্র।

শরজাল: একসঙ্গে নিক্ষিপ্ত বাণসমূহ। বি। তৎসম। শর [শৃ + অ] + জাল [জল্ + অ]। ৬।১ শরের জাল = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + র্ + অ + জ্ + আ + ল্ + অ।

শরণ: আশ্রয়। বি। তৎসম। শৃ + অ। ৬।১ বানান: শ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.:

'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শরণাগত : আশ্রয়প্রার্থী। বিণ। তৎসম। শরণ [শৃ + অন] + আগত [আ + গম্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [ণা]। ২।১।খ শরণকে আগত = কর্মতৎ। ৩।৩ বানান : শ্ + অ + র্ + অ + ণ্ + আ + গ্ + অ + ত্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।২।গ

শরণাগতা : আশ্রয়প্রার্থিনী। বিণ। তৎসম। শরণাগত ['শরণাগত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : শ্ + অ + র্ + অ + ণ্ + আ + গ্ + অ + ত্ + আ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শরণাপন্ন : আশ্রয়প্রার্থী। বিণ। তৎসম। শরৎ [শৃ + অন] + আপন [আ + পদ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [ণা]। ২।১।খ শরণকে আপন্ন [প্রাপ্ত]= কর্মতৎ। ৩।৩ বানান : শ্ + অ + র্ + অ + ণ্ + আ + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শরণাপন্না : আশ্রয়প্রার্থিনী। বিণ। তৎসম। শরণাপন্ন ['শরণাপন্ন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : শ্ + অ + র্ + অ + ণ্ + আ + প্ + অ + ন্ + ন্ + আ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শরণার্থিনী : আশ্রয়প্রার্থিনী। বিণ। তৎসম। শরণ [শৃ + অন] + অর্থিনী [অর্থ + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।চ [সন্ধি] অ + অ = আ [ণা]। ২।১।ক শরণ অর্থনা [প্রার্থনা] করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + অ + র্ + অ + ণ্ + আ + র্ + থ্ + ই + ন্ + ঈ। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। কিন্তু 'র' ও 'ন'-এর মধ্যে 'থ' [ত-বর্গ] থাকায় 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ শব্দটি 'ইন্' + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত ; তাই আগে 'ই', পরে 'ঈ'।

শরণার্থী : আশ্রয়প্রার্থী। বি। তৎসম। শরণ [শৃ + অন] + অর্থী [অর্থ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ণা]। ২।১।ক শরণ অর্থনা [প্রার্থনা] করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + অ + র্ + অ + ণ্ + আ + র্ + থ্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শরণ্য : রক্ষাকর্তা। বিণ। তৎসম। শরণ + য। ৬।১ বানান : শ্ + অ + র্ + অ + ণ্ + য্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ণ্ + য্ + অ= ণ্য।

শরণ্যা : দুর্গা। বিণ। তৎসম। শরণ + য + আ [স্ত্রী]। ৬।১ বানান : শ্ + অ + র্ + অ + ণ্ + য্ + আ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ণ্ + য্ + আ= ণ্যা।

শরৎ : ভাদ্র-আশ্বিনমাসব্যাপী শরৎ ঋতু। বি। তৎসম। শৃ [দীর্ণ করা] + অদ্। ৬।১ বানান : শ্ + অ + র্ + অ + ৎ।

শরদিন্দু : শরৎকালের চাঁদ। বি। তৎসম। শরৎ [শৃ + অদ্] + ইন্দু [ইন্দ্ + উ]। ৬।১ [সন্ধি] ৎ + ই= দি। ২।৩১ শরতের ইন্দু [চন্দ্র]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + অ + র্ + অ + দ্ + ই + ন্ + দ্ + উ। বি.দ্র. : ন্ + দ্ + উ= ন্দু।

শরত্যাগ : নির্দিষ্ট লক্ষ্যে বাণ ছোঁড়া। বি। তৎসম। শর [শৃ + অ] + ত্যাগ [ত্যজ্ + অ]। ৬।১ শরকে ত্যাগ= কর্মতৎ। ৩।২ বানান : শ্ + অ + র্ + অ + ত্ + য্ + আ + গ্ + অ। বি.দ্র. : ত্ + য্ + আ=ত্যা।

শরনিক্ষেপ : নির্দিষ্ট লক্ষ্যে বাণ ছোঁড়া। বি। তৎসম।

শর [শৃ (দীর্ণ করা) + অ] + নিক্ষেপ [নি + ক্ষিপ্ + অ]। ৬।১ শরের নিক্ষেপ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + র্ + অ + ন্ + ই + ক্ + ষ্ + এ + প্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + এ= ক্ষে।

শরবত, শরবৎ: চিনি বা ফলের রসে প্রস্তুত পানীয়। বি। বিদেশী। <আ. শরবত্। বাংলা বানান: শ্ + অ + র্ + ব্ + অ + ত্। বি.দ্র.: শব্দ-মধ্যে 'র' ও শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত [ৎ]।

শরবতি, শরবতী: লেবু। বি। বিদেশী। < আ. শরবত্ + বাং. ই, ঈ। বাংলা বানান: শ + অ + র্ + ব্ + অ + ত্ + ই , ঈ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' হসন্তবর্জিত।

শরবন: শরতৃণে পূর্ণ স্থান। বি। তৎসম। শর [শৃ + অ] + বন [বন্ + অ]। ৬।১ শরপূর্ণ বন= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + র্ + অ + ব্ + অ + ন্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে অ , ব, অ থাকা সত্ত্বেও 'শর' ও 'বন' শব্দ দুটিকে ভিন্ন শব্দ ধরে 'ন'-কে 'ন'-ই রাখা হয়েছে, 'ণ' হয় নি।

শরবর্ষণ: বৃষ্টির মতো বহু শর নিক্ষেপ। বি। তৎসম। শর [শৃ + অ] + বর্ষণ [বৃষ্ + অন]। ৬।১ শরের বর্ষণ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + র্ + অ + ব্ + অ + র্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: র্ + ষ্ + অ= র্ষ। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।ক

শরবিদ্ধ: নিক্ষিপ্ত তীরের দ্বারা বিদ্ধ। বিণ। তৎসম। শর [শৃ + অ] + বিদ্ধ [ব্যধ্ + ত]। ৬।১ শরের দ্বারা বিদ্ধ [ব্যধ্ + ত]। ৬।১ শরের দ্বারা বিদ্ধ= করণতৎ। ৩।৩ বানান: শ্ + অ + র্ + অ + ব্ + ই + দ্ + ধ্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + অ= দ্ধ।

শরভ: এক জাতের মৃগ, হস্তিশাবক। বি। তৎসম। শৃ + অভ। ৬।১ বানান: শ্ + অ + র্ + অ + ভ্ + অ।

শরম: লজ্জা। বি। বিদেশী। <ফা. শরম্। বাংলা বানান: শ্ + অ + র্ + অ + ম। বি.দ্র.: শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

শরশয্যা: অসংখ্য বাণের নির্মিত শয্যা। বি। তৎসম। শর [শৃ + অ] + শয্যা [শী + য (যৎ) + আ]। শর-নির্মিত শয্যা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + অ + র্ + অ + শ্ + অ + য্ + য্ + আ। বি.দ্র.: য্ + য্ + আ= য্যা।

শরসন্ধান: লক্ষ্যভেদের উদ্দেশ্যে ধনুকে বাণ যোজনা। বি। তৎসম। শর [শৃ + অ] + সন্ধান [সম্ + ধা + অন]। ৬।১ শরের সন্ধান = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + র্ + অ + স্ + অ + ন্ + ধ্ + আ + ন্ + অ। বি.দ্র.: ন্ + ধ্ + আ= ন্ধা।

শরা, সরা: মাটির তৈরী হাঁড়ি-কলসীর ঢাকনা। বি। তৎসম। <প্রা. সরাঅ <সং. সরাব। বানান: শ্ [স্] + অ + র্ + আ।

শরাব: মদ। বি। বিদেশী। <আ. শ্ [স্] + অ + রা + ব। বি.দ্র.: শব্দান্তের 'ব' হসন্তবর্জিত।

শরাসন: শর নিক্ষেপ, ধনু। বি। তৎসম। শর [শৃ + অ] + অসন [অস্ (নিক্ষেপ করা) + অন। ৬।১ [সন্ধি] অ + অ= আ [রা]। ২।১।ক শরের অসন [যার দ্বারা নিক্ষেপ করা হয়] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + অ + র্ + আ + স্ + অ + ন্ + অ।

শরাহত: নিক্ষিপ্ত বাণের দ্বারা আহত। বিণ। তৎসম। শর [শৃ + অ] + আহত [আ + হন্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [রা]। ২।১।খ শরের দ্বারা আহত= করণতৎ। ৩।৩ বানান: শ্ + অ + র্ + আ + হ্ + অ + ত্ + অ।

শরিক: অংশীদার। বি। বিদেশী। <ফা. শরীক্। বাংলা বানান: শ্ + অ + র্ + ই + ক্। বি.দ্র.: শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত।

শরিকানা : শরিকের প্রাপ্য অংশ। বি। বিদেশী। <ফা. শরীক্ + বাং. আনা। ৬।৩ বাংলা বানান : শ্ + অ + র্ + ই + ক্ + আ + ন্ + আ।

শরিফ, শরীফ : মহানুভব, প্রফুল্ল। বিণ। বিদেশী। <আ. শরীফ্। বাংলা বানান : শ্ + অ + র্ + ই, ঈ + ফ। বি.দ্র. : শব্দান্তের 'ফ' হসন্ত-বর্জিত।

শরিয়ৎ, শরীয়ৎ : মুসলিম ধর্মশাস্ত্র। বি। বিদেশী। < আ. শরীয়ৎ। বাংলা বানান : শ্ + অ + র্ + ই, ঈ + য্ + অ + ৎ।

শরীর : দেহ। বি। বিদেশী। শৃ [ছিন্ন, শীর্ণ বা রুগ্ণ হওয়া] + ঈর। ৬।১ [যা ছিন্ন, শীর্ণ বা রুগ্ণ হয়]। বানান : শ্ + অ + র্ + ঈ + র্ + অ।

শরীরিণী : দেহধারিণী। বিণ, বি। তৎসম। শরীর [শৃ + ঈর] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ যার শরীর আছে [স্ত্রী]। বানান : শ্ + অ + র্ + ঈ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র. : ১. 'র' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ২. শব্দটি 'ইন্' + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত। এখানে ইনী= ইণী [ণ-ত্ব বিধান]।

শরীরী : দেহধারী। বিণ, বি। তৎসম। শরীর [শৃ + ঈর—'শরীর' দ্রষ্টব্য] + ইন [ঈ]। ৬।২ শরীর আছে যার। বানান : শ্ + অ + র্ + ঈ + র্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শর্করা : চিনি। বি। তৎসম। শৃ [খণ্ড খণ্ড করা] + কর [কৃ + অ] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : শ্ + অ + র্ + ক্ + অ + র্ + আ। বি.দ্র. : র্ + ক্ + অ= র্ক।

শর্ত : চুক্তির নিয়ম, কড়ার। বি। বিদেশী। <আ. শর্ৎ। বাংলা বানান : শ্ + অ + র্ + ত্ + অ। বি.দ্র. : র্ + ত্ + অ= র্ত।

শর্ব : শিব। বি। তৎসম। শৃ + ব। ৬।১ সর্বজীবহন্তা। বানান : শ্ + অ + র্ + ব্ + অ। বি.দ্র. : র্ + ব্ + অ= র্ব।

শর্বরী : রাত্রি। বি। তৎসম। শৃ [ভেদ-ক্রিয়া] + বর [বৃ (আবৃত করা) + অ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ সর্ব ভেদ- ক্রিয়া [রতিবিহার ইত্যাদি] যে আবৃত করে। বানান : শ্ + অ + র্ + ব্ + অ + র্ + ঈ। বি.দ্র. : র্ + ব্ + অ= র্ব।

শর্বাণী : দুর্গা। বি। তৎসম। শর্ব ['শর্ব' দ্রষ্টব্য] + আনী [স্ত্রী]। ৭।১।ঙ বানান : শ্ + অ + র্ + ব্ + আ + ণ্ + ঈ। বি. দ্র : 'র' ও 'ন'-এর মধ্যে 'ব' ও 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শর্মা : ব্রাহ্মণের উপাধি। বি। তৎসম। শৃ + মন্। ৬।১ বানান : শ্ + অ + র্ + ম্ + আ। বি.দ্র. : র্ + ম্ + আ= র্মা।

শলা : গোপন মন্ত্রণা। বি। বিদেশী। <আ. শলাহ্। বাংলা বানান : শ্ + অ + ল্ + আ।

শলা : সরুকাঠি। বি। তদ্ভব। শল্ <সং. শলাকা। বানান্ : শ্ + অ + ল্ + আ।

শলাকা : কাঠি। বি। তৎসম। শল্ + অক + আ। ৬।১ বানান : শ্ + অ + ল্ + আ + ক্ + আ।

শলি, শলী : ধানের মাপ। বি। তদ্ভব <সং. শুল্ক। বানান : শ্ + অ + ল্ + ই, ঈ।

শুল্ক : আঁশ। বি। তৎসম। শল্ + ক। ৬।২ বানান : শ্ + উ + ল্ + ক্ + অ। বি.দ্র. : শ্ + উ= শু, ল্ + ক্ + অ= ল্ক।

শল্য : শলাকা। বি। তৎসম। শল্ + য [যৎ]। ৬।১ বানান : শ্ + অ + ল্ + য্ + অ। বি.দ্র. : ল্ + য্ + অ= ল্য।

শল্য-চিকিৎসা : দেহে অস্ত্রোপচার। বি। তৎসম। শল্য [শল্ + য (যৎ)] + চিকিৎসা [কিত্ + শন্ + অ + আ]। ৬।১ শল্য দ্বারা চিকিৎসা= করণতৎ। ৩।৩ বানান : শ্ + অ + ল্ + য্ + অ + চ্+ ই + ক্ + ই + ৎ + স্ + আ। বি.দ্র. : ল্ + য্ + অ= ল্য।

শল্ল, শল্লক : আঁশ। বি। তৎসম। শল্ল্ + অ, শল্ল্ + অক। ৬।১ বানান : শ্ + অ + ল্ + ল্ + অ, শ্ + অ + ল্ + ল্ + অ + ক্ + অ। বি.দ্র. : ল্ + ল্ + অ= ল্ল।

শল্লকী : শজারু। বি। তৎসম। শল্লক [শল্ল্ + অক] + ইন্ [ঈ]। ৬।১, ৬।২ শল্লক [আঁশ] আছে যার। বানান : শ্ + অ + ল্ + ল্ + অ + ক্ + ঈ। বি.দ্র. : ল্ + ল্ + অ= ল্ল। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শশ, শশক : খরগোশ। বি। তৎসম। শশ্ + অ, অক। ৬।২ বানান : শ্ + অ + শ্ + অ, + ক্ + অ।

শশধর : চন্দ্র। বি। তৎসম। শশ [শশ্ + অ= খরগোশ] + ধর [ধৃ + অ] ৬।১ শশ ধারণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + অ + শ্ + অ + ধ্ + অ + র্ + অ।

শশব্যস্ত : অতি ব্যস্ত। বিণ। তৎসম। শশ [শশ্ + অ= খরগোশ] + ব্যস্ত [বি + অস্ত (অস্ + ত)]। ৬।১ [সন্ধি] ই + অ= য [ব্য]। ২।৭।১ শশের [খরগোশের] মতো ব্যস্ত= উপমান কর্মধা। ৩।২ বানান : শ্ + অ + শ্ + অ + ব্ + য্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র. : ব্ + য্ + অ= ব্য, স্ + ত্ + অ= স্ত।

শশলাঞ্ছন : চন্দ্র। বি। তৎসম। শশ [শশ্ + অ= খরগোস] + লাঞ্ছন [লাঞ্ছ্ + অন]। ৬।১ শশের লাঞ্ছন [চিহ্ন] যার = বহুব্রী। ৩।৫ বানান : শ্ + অ + শ্ + অ + ল্ + আ + ঞ্ + ছ্ + অ + ন্ + অ। বি.দ্র. : ঞ্ + ছ্ + অ= ঞ্ছ।

শশাঙ্ক : চন্দ্র। বি। তৎসম। শশ [শশ্ + অ= খরগোশ] + অঙ্ক [অঙ্ক্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [শা]। ২।১।ক শশ অঙ্কে যার= বহুব্রী। ৩।৫।ক বানান : শ্ + অ + শ্ + আ + ঙ্ + ক্ + অ। বি.দ্র. : ঙ্ + ক্ + অ= ঙ্ক।

শশিকর : জ্যোৎস্না। বি। তৎসম। শশী [শশ্ + ইন্ (ঈ)] + কর [কৃ (কিরণ দেওয়া) + অ]। ৬।১ শশীর [চন্দ্রের] কর [কিরণ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + অ + শ্ + ই + ক্ + অ + র্ + অ। বি.দ্র.: 'শশী' ভিন্ন শব্দের সঙ্গে সমাসবদ্ধ হওয়ার 'ইন্'-প্রত্যয়ের 'ই'-র প্রত্যাবর্তন ঘটেছে [শ্ + ই= শি]।

শশিকলা : চন্দ্রের কলা। বি। তৎসম। শশী [শশ্ + ইন্ (ঈ)] + কলা [কল্ + আ]। ৬।১ শশীর [চন্দ্রের] কলা [চন্দ্রের ষোল ভাগের এক ভাগ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + অ + শ্ + ই + ক্ + অ + ল্ + আ। বি.দ্র. : 'শশী' ভিন্ন শব্দের সঙ্গে সমাসবদ্ধ হওয়ায় 'ইন্' প্রত্যয়ের 'ই'-র প্রত্যাবর্তন ঘটেছে। [শ্ + ই= শি]।

শশিকান্ত : কুমুদ। বি। তৎসম। শশী [শশ্ + ইন্ (ঈ)] + কান্ত [কম্ + ত]। ৬।১ শশী কান্ত যার= বহুব্রী। ৩।৫ বানান : শ্ + অ + শ্ + ই + ক্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র. : 'শশী' ভিন্ন শব্দের সঙ্গে সমাজবদ্ধ হওয়ায় 'ইন্'-প্রত্যয়েব 'ই'-র প্রত্যাবর্তন ঘটেছে। শ্ + ই= শি।

শশিভূষণ : শশী ভূষণ যাঁর, শিব। বি। তৎসম। শশী [শশ্ + ইন্ (ঈ)] + ভূষণ [ভূষ্ + অন]। ৬।১ শশী ভূষণ যাঁর= বহুব্রী। ৩।৫ বানান : শ্ + অ + শ্ + ই + ভ্ + ঊ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'শশী' ভিন্ন শব্দের সঙ্গে সমাসবদ্ধ হওয়ায় 'ইন্'-প্রত্যয়ের 'ই'-র প্রত্যাবর্তন ঘটেছে। [শ্ + ই= শি]। ভ্ + ঊ= ভূ, 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন', 'ণ' হয়েছে। ৪।১।গ

শশিশেখর : শশী শেখর যাঁর, শিব। বি। তৎসম। শশী [শশ্ + ইন্ (ঈ)] + শেখর [শী + খর— 'শেতে শিরসি' যৎ]। ৬।১ শশী শেখর [শিরোভূষণ] যাঁর = বহুব্রী। ৩।৫ বানান : শ্ + অ + শ্ + ই + শ্ + এ + খ্ + অ

+ র্ + অ। বি.দ্র. : 'শশী' ভিন্ন শব্দের সঙ্গে সমাসবদ্ধ হওয়ায় 'ইন্'-প্রত্যয়ের 'ই'-র প্রত্যাবর্তন ঘটেছে [শ্ + ই= শি]।

শশী : চন্দ্র। বি। তৎসম। শশ + ইন্ [ঈ]। ৬।১ শশ [খরগোশ] আছে যাতে। বানান : শ্ + অ + শ্ + ঈ। বি.দ্র. : শ্ + ঈ= শী।

শশ্বৎ : সর্বদা। অব্য। ক্রি-বিণ। তৎসম। বানান : শ্ + অ + শ্ + ব্ + অ + ৎ।

শষ্প : কচি ঘাস। বি। তৎসম। শস্ + প। ৬।১ বানান : শ্ + অ + ষ্ + প্ + অ। বি.দ্র. : ষ্ + প্ + অ= ষ্প। 'শষ্প'-এর 'ষ' স্বাভাবিক 'ষ'।

শষ্পাবৃত : কচি-ঘাসে ঢাকা। বিণ। তৎসম। শষ্প [শস্ + প] + আবৃত [আ + বৃ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [ষ্পা]। ২।১।খ শষ্প [কচি ঘাস] দ্বারা আবৃত= করণতৎ। ৩।৩ বানান : শ্ + অ + ষ্ + প্ + আ + ব্ + ঋ + ত্ + অ। বি.দ্র. : ষ্ + প্ + আ= ষ্পা। 'শষ্প' শব্দের 'ষ' স্বাভাবিক 'ষ'।

শসা : ক্ষীরিকা। বি। দেশী। বানান : শ্ + অ + স্ + আ।

শস্তা : সুলভ। বিণ। বিদেশী। <ফা. সস্ত্। বাংলা বানান : শ্ + অ + স্ + ত্ + আ। বি.দ্র. : স্ + ত্ + আ= স্তা।

শস্ত্র : অস্ত্র। বি। তৎসম। শস্ + ত্র। ৬।১ বানান : শ্ + অ + স্ + ত্ + র্ + অ। বি.দ্র. : স্ + ত্ + র্ + অ= স্ত্র।

শস্ত্রজীবী : যোদ্ধা। বিণ, বি। তৎসম। শস্ত্র [শস্ + ত্র] + জীবী [জীব্ + ইন্ (ঈ)]। ৬।১ শস্ত্র দ্বারা জীবিত থাকে যে= উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + অ + স্ + ত্ + র্ + অ + জ্ + ঈ + ব্ + ঈ। বি.দ্র. : স্ + ত্ + র্ + অ= স্ত্র। শব্দটি 'ইন্'-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত। [জ্ + ঈ + জী]।

শস্ত্রধর, শস্ত্রধারী : অস্ত্রধারী। বিণ, বি। তৎসম। শস্ত্র [শস্ + ত্র] + ধর, ধারী [ধৃ + অ, ইন্ (ঈ)]। ৬।১ শস্ত্র ধারণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + অ + স্ + ত্ + র্ + অ + ধ্ + অ + র্ + অ, ধ্ + আ + র্ + ঈ।

শস্ত্রপাণি : অস্ত্রধারী। বিণ, বি। তৎসম। শস্ত্র [শস্ + ত্র] + পাণি [পণ্ + ই]। ৬।১ শস্ত্র পাণিতে [হাতে] যার= বহুব্রী। ৩।৫ বানান : শ্ + অ + স্ + ত্ + র্ + অ + প্ + আ + ণ্ + ই। বি.দ্র. : 'পাণি' শব্দের 'ণ' স্বাভাবিক 'ণ'। ৪।১।ছ

শস্ত্রভৃৎ : অস্ত্রধারী। বিণ, বি। তৎসম। শস্ত্র [শস্ + ত্র] + ভৃৎ [ভৃ + ক্বিপ্]। ৬।১ শস্ত্র [ভৃৎ] ধারণ করে যে = উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + আ + স্ + ত্ + র্ + অ + ভ্ + ঋ + ৎ। বি.দ্র. : শ্ + ত্ + র্ + অ= স্ত্র।

শস্ত্রাজীব : যোদ্ধা। বি, বিণ। তৎসম। শস্ত্র [শস্ + ত্র] + আজীব [আ + জীব্ + অ]। ৬।১ শস্ত্রের দ্বারা জীবিত থাকে যে= উপপদতৎ ৩।৩ বা, শস্ত্র আজীব [জীবিকা] যার= বহুব্রী। ৩।৫ বানান : শ্ + অ + স্ + ত্ + র্ + আ + জ্ + ঈ + ব্ + অ।

শস্ত্রী : অস্ত্রধারী। বি, বিণ। তৎসম। শস্ত্র [শস্ + ত্র] + ইন্ [ঈ]। ৬।১ শস্ত্র আছে যার। বানান : শ্ + অ + স্ + ত্ + র্ + ঈ। বি.দ্র. : স্ + ত্ + র্ + ঈ = স্ত্রী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শস্প : কচি ঘাস। বি। তৎসম। শস্ + প। ৬।১ বানান : শ্ + অ + স্ + প্ + অ।

শস্পাবৃত : কচি-ঘাসে ঢাকা। বিণ। তৎসম। শস্প [শস্ + প] + আবৃত [আ + বৃ +ত]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [স্পা]। ২।১।খ শস্প [কচি ঘাস] দ্বারা আবৃত= করণতৎ। ৩।৩ বানান : শ্ + অ + স্ + প্ + আ + ব্ + ঋ + ত্ + অ।

শস্য : ফসল। বি। তৎসম। শস্ + য [যৎ]। ৬।১ বানান : শ্ + অ + স্ + য্ + অ। বি.দ্র. : স্ + য্ + অ= স্য।

শস্যক্ষেত্র : ফসলের জমি। বি। তৎসম। শস্য [শস্ + য (যৎ)] + ক্ষেত্র [ক্ষি + ত্র]। ৬।১ শস্যের ক্ষেত্র= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + অ + স্ + য্ + অ + ক্ + ষ্ + এ + ত্ + র + অ। বি.দ্র. : স্ + য্ + অ = স্য, ক্ + ষ্ + এ = ক্ষে, ত্ + র্ + অ = ত্র।

শস্যশ্যামল : সবুজ শস্যে পূর্ণ। বিণ। তৎসম। শস্য [শস্ + য (যৎ)] + শ্যামল [শ্যাম + ল]। ৬।১ শস্যের দ্বারা শ্যামল= করণতৎ। ৩।৩ বানান : শ্ + অ + স্ + য্ + অ + শ্ + য্ + আ + ম্ + অ + ল্ + অ। বি.দ্র. : স্ + য্ + অ= স্য, শ্ + য্ + আ= শ্যা।

শস্যশ্যামলা : সবুজ শস্যে পূর্ণা। বিণ। তৎসম। শস্যশ্যামল। ['শস্যশ্যামল' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৩।১।ক বানান : শ্ + অ + স্ + য্ + অ + শ্ + য্ + আ + ম্ + অ + ল্ + আ। বি.দ্র. : স্ + য্ + অ= স্য, শ্ + য্ + আ= শ্যা।

শস্যাগার : ফসলের গোলা। বি। তৎসম। শস্য [শস্য + য্ + অ] + আগর [অগার + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [স্যা]। ২।১।খ শস্যের নিমিত্ত আগার= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : শ্ + অ + স্ + য্ + আ + গ্ + আ + র্ + অ। বি.দ্র. : স্ + য্ + অ = স্য।

শহর : নগর। বি। বিদেশী। <ফা. শহর্। বাংলা বানান : শ্ + অ + হ্ + অ + র্। বি.দ্র. : শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

শহরতলি : শহরের উপকণ্ঠ। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব] ফা. শহর + তদ্ভব. তলি <সং. স্থলী। বানান : শ্ + অ + হ্ + অ + র্ + ত্ + অ + ল্ + ই।

শহুরে : শহরবাসী, শহরে জাত। বিণ। বিদেশী। শহর + বাং. এ <ইয়া। ৬।৩ বানান : শ্ + অ + হ্ + উ + র্ + এ। বি.দ্র. : হ্ + উ= হু।

শহিদ, শহীদ : ধর্মযুদ্ধে নিহত ব্যক্তি। বি। বিদেশী। < আ. শহীদ্। বাংলা বানান : শ্ + অ + হ্ + ই, ঈ + দ্। বি.দ্র. : শব্দান্তের 'দ' হসন্তবর্জিত।

শা : বাদশাহ্। বি। বিদেশী। <ফা. শাহ্। বাংলা বানান : শ্ + আ।

শাউড়ি, শাউড়ী : শাশুড়ি। বি। তদ্ভব। <শাশুড়ী <সং. শ্বশ্রূ। বানান : শ্ + আ + উ + ড়্ + ই, ঈ।

শাঁ, শাঁই : দ্রুতগতিসূচক। অব্য। দেশী। বানান : শঁ + অ, + ই।

শাঁই : শমীগাছ। বি। তদ্ভব। <সং. শমী। বানান : শঁ + অ + ই।

শাঁক আলু, শাঁখ আলু : রসপূর্ণ ভক্ষ্য কন্দ বিশেষ। বি। মিশ্র [তদ্ভব + দেশী]। তদ্ভব. শাঁক, শাঁখ [<সং. শঙ্খ] + দেশী. আলু।

শাঁখ : শঙ্খ। বি। তদ্ভব। <সং. শঙ্খ। বানান : শঁ + অ + খ্। বি.দ্র. : শব্দান্তের 'খ' হসন্ত-বর্জিত।

শাঁখচুন্নি, শাঁখচুন্নী : প্রেতযোনি-প্রাপ্ত সধবা নারী। বি। মিশ্র [তদ্ভব + অর্ধ-তৎসম]। তদ্ভব. শাঁখ [<সং.শঙ্খ] + অর্ধ-তৎসম. চুন্নি, চুন্নী [<সং. চূর্ণী]। বানান : শঁ + অ + খ্ + চ্ + উ + ন্ + ন্ + ই, ঈ। বি.দ্র. : ন্ + ন + ই= ন্নি, ন্ + ন্ + ঈ= ন্নী। শব্দ-মধ্যের 'খ' হসন্ত-বর্জিত।

শাঁখচূর্নী : প্রেতযোনিপ্রাপ্ত সধবা নারী। বি। মিশ্র [তদ্ভব + তৎসম]। তদ্ভব. শাঁখ [<সং. শঙ্খ] + সং. চূর্নী [চূর্ণ + ঈ (ভুল সংস্কৃত)। বানান : শঁ + অ + খ্ + চ্ + ঊ + র্ + ন্ + ঈ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'খ' হসন্ত-বর্জিত। 'র্'-এর ঠিক পরেই 'ণ' হয়েছে। ৪।১।খ

শাঁকিনী, শাঁখিনী : প্রেতযোনিপ্রাপ্ত সধবা নারী। বি। তদ্ভব। <সং. শঙ্খিনী। বানান : শ্ঁ + অ + ক্, খ্ + ই + ন্ + ঈ।

শাঁখা : শাঁখের বালা। বি। তদ্ভব। শাঁখ [<সং. শঙ্খ] + বাং. আ। ৬।৩ বানান : শ্ঁ + অ + খ্ + আ।

শাঁখারি, শাঁখারী : শাঁখের গয়না প্রস্তুত-কারী। বি। তদ্ভব। শাঁখা ['শাখা' দ্রষ্টব্য] + বাং. আরি, আরী। ৬।৩ বানান : শ্ঁ + আ + খ্ + আ + র্ + ই, ঈ।

শাঁড়া : বন্ধ্যা, নপুংসক। বি। তদ্ভব। <ষাঁড়া <সং. ষণ্ট। বানান : শ্ঁ + অ + ড়্ + আ।

শাঁস : ফলের ভেতরের নরম অংশ। বি। তদ্ভব। <সং. শস্য। বানান : শ্ঁ + অ + স্। বি. দ্র. : শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত।

শাঁসাল, শাঁসালো : শাঁসযুক্ত। বিণ। তদ্ভব। শাঁস [<সং. শস্য] + বাং. আল, আলো। ৬।৩ বানান : শ্ঁ + অ + স্ + আ + ল্ + অ, ও।

শাক : রেঁধে খাবার যোগ্য গাছ লতা ও পাতা। বি। তৎসম। শক্ + অ। ৬।১ যা দিয়ে ভোজন করতে পারা যায়। বানান : শ্ + আ + ক্ + অ।

শাকদ্বীপ : ভারতের উত্তর-পশ্চিমে অবস্থিত প্রাচীন দেশ। বি। তৎসম। শাক [শক + অ] + দ্বীপ [দ্বি + ঈপ]। ৬।১ বানান : শ্ + আ + ক + অ + দ্ + ব্ + ঈ + প্ + অ। বি.দ্র. : দ্ + ব্ + ঈ = দ্বী।

শাকদ্বীপী : শাকদ্বীপ থেকে আগত ব্রাহ্মণ। বিণ। তৎসম। শাকদ্বীপ ['শাকদ্বীপ' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।২ বানান : শ্ + আ + ক্ + অ + দ্ + ব্ + ঈ + প্ + ঈ।

শাকভাত : নামমাত্র ব্যঞ্জনযুক্ত খাদ্য। বি। তদ্ভব। শাক [শক্ + অ] + ভাত [<ভত্ত <সং. ভক্ত]। বানান : শ্ + আ + ক্ + ভ্ + আ + ত্।

বি.দ্র. : শব্দ-মধ্যের 'ক' এবং শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

শাকম্ভরী : দুর্গা। বি। তৎসম। শাক [ম্] + ভরী [ভৃ + অ + ঈ (স্ত্রী)]। ৬।১ [সন্ধি] ম্ + ভ = ম্ভ। বানান : শ্ + আ + ক্ + অ + ম্ + ভ্ + অ + র্ + ঈ। বি.দ্র. : ম্ + ভ্ + অ = ম্ভ, র্ + ঈ = রী।

শাকসবজি : তরিতরকারি। বি। মিশ্র [তৎসম + বিদেশী] সং শাক [শক্ + অ] + ফা. সব্‌জী। শাক ও সবজি = দ্বন্দ্ব। ৩।২ বাংলা বানান : শ্ + আ + ক্ + অ + স্ + অ + ব্ + জ্ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ব' হসন্ত-বর্জিত।

শাকান্ন : নামমাত্র ব্যঞ্জনযুক্ত খাদ্য। বি। তৎসম। শাক [শক্ + অ] + অন্ন [অদ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [কা]। ২।১।ক শাক-যুক্ত অন্ন = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : শ্ + আ + ক্ + আ + ন্ + ন্ + অ। বি.দ্র. : ন্ + ন্ + অ = ন্ন।

শাকুন : পশুপাখির ডাকের দ্বারা মানুষের শুভাশুভ নির্ণয়-শাস্ত্র বা শাস্ত্রজ্ঞ। বি, বিণ। তৎসম। সং. শকুন + অ। ৬।২ বানান : শ্ + আ + ক্ + উ + ন্ + অ।

শাকুনিক : পক্ষিশিকারী, শকুনজ্ঞ ব্যক্তি। বিণ। তৎসম। সং. শকুন + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : শ্ + আ + ক্ + উ + ন্ + ই + ক্ + অ।

শাক্ত : শক্তির উপাসক। বিণ। তৎসম। শক্তি + অ। ৬।২ বানান : শ্ + আ + ক্ + ত্ + অ। বি.দ্র. : ক্ + ত্ + অ = ক্ত।

শাক্য : ক্ষত্রিয় বংশ। বি। তৎসম। শক + য [ষ্ণ্য]। ৬।২ বানান : শ্ + আ + ক্ + য্ + অ। বি.দ্র. : ক্ + য্ + অ = ক্য।

শাক্যমুনি : বুদ্ধদেব। বি। তৎসম। শাক্য [শাক + য (ষ্ণ্য)] + মুনি [মন্ + ই]। ৬।১ শাক্য-বংশীয় মুনি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : শ্ + আ

+ ক্ + য্ + অ + ম্ + উ + ন্ + ই। বি.দ্র. : ক্ + য্ + অ= ক্য।

শাক্যসিংহ : বুদ্ধদেব। বি। তৎসম। শাক্য [শক + য (ঞ্য)] + মুনি [মন্ + ই]। ৬৷১ শাক্য-বংশীয় মুনি= মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান : শ্ + আ + ক্ + য্ + অ + ম্ + উ + ন্ + ই। বি.দ্র. : ক্ + য্ + অ= ক্য।

শাক্যসিংহ : বুদ্ধদেব। বি। তৎসম। শাক্য [শক + য (ঞ্য)] + সিংহ [হিন্স্ + অ]। ৬৷১, শাক্যদের সিংহ [শ্রেষ্ঠ ব্যক্তি]= সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : শ্ + আ + ক্ + য্ + অ + স্ + ই + ং + হ্ + অ। বি.দ্র. : ক্ + য্ + অ= ক্য।

শাখা : গাছের ডাল। বি। তৎসম। শাখ্ + অ + আ [স্ত্রী]। ৬৷১, ৭৷১৷ক বানান : শ্ + আ + খ্ + আ।

শাখাচ্যুত : বৃক্ষডাল থেকে পতিত। বিণ। তৎসম। শাখা [শাখ্ + অ + আ] + চ্যুত [চ্যু + ত]। ৬৷১ শাখা থেকে চ্যুত= অপাদানতৎ। ৩৷৩ বানান : শ্ + আ + খ্ + আ + চ্ + য্ + উ + ত্ + অ। বি.দ্র. : চ্ + য্ + উ= চ্যু।

শাখানদী : কোন নদী থেকে উৎপন্ন নদী। বি। তৎসম। শাখা [শাখ্ + অ + আ] + নদী [নদ্ + অ + ঈ]। ৬৷১, ৭৷১৷গ নদীর শাখা= সম্বন্ধতৎ। ৩৷৩ [পূর্ব নিপাত] বানান : শ্ + আ + খ্ + আ + ন্ + অ + দ্ + ঈ।

শাখান্তরাল : গাছের ডালের আড়াল। বি। তৎসম। শাখা [শাখ্ + অ + আ] + অন্তরাল [অন্ত + রা + অ + ল (লা + অ)]। [সন্ধি] আ + অ= আ [খা]। ২৷১৷গ শাখার অন্তরাল= সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : শ্ + আ + খ্ + আ + ন্ + ত্ + অ + র্ + আ + ল্ + অ।

শাখামৃগ : বানর। বি। তৎসম। শাখা [শাখ্ + অ + আ] + মৃগ [মৃগ্ + অ]। ৬৷১ শাখায় [বৃক্ষের] বাসকারী মৃগ [পশু]= মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান : শ্ + আ + খ্ + আ + ম্ + ঋ + গ্ + অ। ম্ + ঋ= মৃ।

শাখী : বৃক্ষ। বি। তৎসম। শাখা + ইন্ [ঈ]। ৬৷২ শাখা আছে যার। বানান : শ্ + আ + খ্ + ঈ।

শাখোট, শাখোটক : শেওড়া গাছ। বি। দেশী। বানান : শ্ + আ + খ্ + ও + ট্ + অ, ক্ + অ।

শাগরেদ : চেলা। বি। বিদেশী। <ফা. শার্গিদ। বাংলা বানান : শ্ + আ + গ্ + র্ + এ + দ্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'গ' এবং শব্দান্তের 'দ' হসন্ত-বর্জিত।

শাগরেদি : চেলাগিরি। বি। বিদেশী। ফা. শাগরেদ ['শাগরেদ' দ্রষ্টব্য] + বাং. ই। ৬৷৩ বাংলা বানান : স্ + আ + গ্ + র্ + এ + দ্ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের 'গ' হসন্ত-বর্জিত।

শাওন : শ্রাবণ। বি। তদ্ভব। <সং. শ্রাবণ। বানান : শ্ + আ + ও + ন্ + অ।

শাঙন : শ্রাবণ। বি। তদ্ভব। <সং. শ্রাবণ। বানান : শ্ + আ + ঙ্ + অ + ন্ + অ।

শাজাদা, শাহ্জাদা : বাদশাহের পুত্র। বি। বিদেশী। শা, শাহ্ [<ফা. শাহ্] + জাদা [<ফা. জাদ্‌হ্]। বাংলা বানান : শ্ + আ [+হ্] + জ্ + আ + দ্ + আ]।

শাজাদী, শাহ্জাদী : বাদশাহের কন্যা। বি। বিদেশী। শাজাদা, শাহ্জাদা ['শাজাদা', 'শাহ্জাদা' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭৷১৷গ বাংলা বানান : শ্ + আ + [+হ্] + জ্ + আ + দ্ + ঈ।

শাট : পোশাক। বি। তৎসম। শাট্ + অ। ৬৷১ বানান : শ্ + আ + ট্ + অ।

শাটিকা : শাড়ি। বি। তৎসম। শাট + ইক + আ [স্ত্রী]। ৬৷২, ৭৷১৷খ বানান : শ্ + আ + ট্ + ই + ক্ + আ।

শাটী : শাড়ি। বি। তৎসম। শাট + ঈ [স্ত্রী]। ৭৷১৷গ বানান : শ্ + আ + ট্ + ঈ।

শাঠ্য : শঠতা। বি। তৎসম। শঠ + য [ষ্ণ্য]। ৬।২ বানান: শ্ + আ + ঠ্ + য্ + অ। বি.দ্র.: ঠ্ + য্ + অ = ঠ্য।

শাড়ি : স্ত্রীলোকের পাড়যুক্ত পরিধেয় বস্ত্র। বি। তদ্ভব। <সং. শাটী। বানান: শ্ + আ + ড়্ + ই।

শাণ : অস্ত্র ধার দেবার পাথর। বি। তৎসম। শণ্ + অ। ৬।১ বানান: শ্ + আ + ণ্ + অ। ['শান' দ্রষ্টব্য]

শাণিত : ধারালো। বিণ। তৎসম। শাণ + ইত। ৬।২ বানান: শ্ + আ + ণ্ + ই + ত্ + অ। বি.দ্র.: 'শাণ' [সং]। এবং 'শান' [দেশী] দুই-ই শুদ্ধ। কিন্তু 'শানিত' হবে না। তখন 'শাণিত' অর্থে 'শান-দেওয়া' [ছুরি] ব্যবহার্য।

শাণ্ডিল্য : শণ্ডিল-প্রবর্তিত গোত্র। বি। তৎসম। শণ্ডিল + য [ষ্ণ্য]। ৬।২ বানান: শ্ + আ + ণ্ + ড্ + ই + ল্ + য্ + অ। বি.দ্র.: ণ্ + ড্ + ই= ণ্ডি, ল্ + য্ + অ= ল্য।

শাতন : ছেদন। বি। তৎসম। শদ্ [ছেদন করা] + ণিচ্ + অন। ৬।১ বানান: শ্ + আ + ত্ + অ + ন্ + অ।

শাদি, শাদী : বিবাহ। বি। বিদেশী <ফা. শাদী। বাংলা বানান: শ্ + আ + দ্ + ই, ঈ।

শাদ্বল : কচিঘাসে আবৃত জমি। বি। তৎসম। শাদ্ [কচি ঘাস] + বল ['আছে' অর্থে]। কচিঘাসে আবৃত। বানান: শ্ + আ + দ্ + ব্ + অ + ল্ + অ। বি.দ্র.: দ্ + ব্ + অ= দ্ব।

শান : পাকা মেঝে, অস্ত্র ধার দেবার পাথর। বি। দেশী। বানান: শ্ + আ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

শানওয়ালা : যে শানপাথরে অস্ত্র ইত্যাদিতে ধার দেওয়ার কাজ করে। শান [দেশী] + ওয়ালা [হি.]। বানান: শ্ + আ + ন্ + ও + য্ + আ + ল্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ন' হসন্ত-বর্জিত।

শানদেওয়া : শান পাথরে অস্ত্র ধার দেওয়া। ক্রি। তদ্ভব। শান [ধার] + তদ্ভব. দেওয়া [<সং. দা]। বানান: শ্ + আ + ন্ + দ্ + এ + ও + য় + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ন' হসন্ত-বর্জিত।

শান-পাথর : অস্ত্র ইত্যাদি ধার দেবার-পাথর। বি। [মিশ্র। তদ্ভব।] শান [দেশী] + তদ্ভব পাথর [<সং. প্রস্তর]। বানান: শ্ + আ + ন্ + প্ + আ + থ্ + অ + র্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ন' ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

শান-বাঁধানো : পাকা। বিণ। তদ্ভব। শান + বাঁধানো [বাঁধ্ (<সং. বন্ধ) + বাং. আনো। ৬।৩ শান দিয়ে বাঁধানো = করণতৎ। ৩।৩ বানান: শ্ + আ + ন্ + বঁ্ + অ + ধ্ + আ + ন্ + ও। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ন' হসন্ত-বর্জিত।

শানা : তাঁতযন্ত্রের চিরুনির মতো অংশ। বি। দেশী। বানান: শ্ + আ + ন্ + আ।

শানা : শান দেওয়া। ক্রি। তদ্ভব। শান্ + বাং. আ। ৬।৩ বানান: শ্ + আ + ন্ + আ।

শানানো, সানানো : ক্ষুধা-আকাঙ্ক্ষাদি মেটা। ক্রি। তদ্ভব। শান্, সান্ <সং. শম্ [শান্তি হওয়া] + বাং. আনো। ৬।৩ বানান: শ্ [স্] + আ + ন্ + আ + ন্ + ও।

শান্ত : অচঞ্চল, স্থির, ধীর। বিণ। তৎসম। শম্ + ত। ৬।১ বানান: শ্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ= ন্ত।

শান্তনু : পুরু-বংশীয় রাজা প্রতীপের পুত্র। বি। তৎসম। <শান্ততনু। বানান: শ্ + আ + ন্ + ত্ + অ + ন্ + উ।

শান্তভাব : প্রশান্তি। বি। তৎসম। শান্ত [শম্ + ত] + ভাব [ভূ + অ]। ৬।১ শান্ত যে ভাব= কর্মধা। ৩।২ বানান: শ্ + আ + ন্ + ত্ + অ + ভ্ + আ + ব্ + অ।

শান্তমূর্তি : সৌম্য আকৃতি-বিশিষ্ট। বিণ। তৎসম। শান্ত [শম্ + ত] + মূর্তি [মূর্ছ্ + তি]। ৬।১

শান্ত যে মূর্তি= কর্মধা। ৩।২ বানান: শ্ + আ + ন্ + ত্ + অ + ম্ + উ + র্ + ত্ + ই। বি.দ্র.: ন্ + ত্ + অ= ন্ত, ম্ + উ= মু, র্ + ত্ + ই= র্তি।

শান্তশিষ্ট: নম্র ও ভদ্র। বিণ। তৎসম। শান্ত [শম্ + ত] + শিষ্ট [শিষ্ + ত]। ৬।১ যে শান্ত, সেই শিষ্ট= কর্মধা। ৩।২ বানান: শ্ + আ + ন্ + ত্ + অ + শ্ + ই + ষ্ + ট্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ= ন্ত, ষ্ + ট্ + অ= ষ্ট। 'ই'-র পর এবং 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ঙ

শান্তস্বভাব: ধীর প্রকৃতি। বি। তৎসম। শান্ত [শম্ + ত] + স্বভাব [স্ব + ভূ + অ]। ৬।১ স্ব-র ভাব = সম্বন্ধতৎ। ৩।৩ শান্ত স্বভাব যার = বহুব্রী। ৩।৫ বানান: শ্ + আ + ন্ + ত্ + অ + স্ + ব্ + অ + ভ্ + আ + ব্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ= ন্ত, স্ + ব্ + অ।

শান্তি: প্রশান্তি। বি। তৎসম। শম্ + তি। ৬।১ বানান: শ্ + আ + ন্ + ত্ + ই। বি.দ্র.: ন্ + ত্ + ই= ন্তি।

শান্তিজল: শান্তি-কামনায় মন্ত্রপূত জল। বি। তৎসম। শান্তি [শম্ + তি] + জল [সং]। ৬।১ শান্তির নিমিত্ত জল= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + আ + ন্ + ত্ + ই + জ্ + অ + ল্ + অ।

শান্তিপাঠ: শান্তি-কামনায় মন্ত্রপাঠ। বি। তৎসম। শান্তি [শম্ + তি] + পাঠ [পঠ্ + অ]। ৬।১ শান্তি-মন্ত্র পাঠ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + আ + ন্ + ত্ +ই + প্ + আ + ঠ্ + অ।

শান্তিপুরী: শান্তিপুরে তৈরী তাঁতের কাপড়। বিণ। তদ্ভব। শান্তিপুর + বাং. ঈ। ৬।৩ শান্তিপুরে প্রস্তুত বা প্রচলিত। বানান: শ্ + আ + ন্ + ত্ + ই + প্ + উ + র্ + ঈ।

শান্তিপুরে: শান্তিপুরবাসী। বিণ। তদ্ভব। শান্তিপুরে <শান্তিপুরিয়া [শান্তিপুর + বাং. ইয়া]। ৬।৩ শান্তিপুরের অধিবাসী। বানান: শ্ + আ + ন্ + ত্ + ই + প্ + উ + র্ + এ।

শান্তিপ্রিয়: শান্তিকামী। বিণ। তৎসম। শান্তি [শম্ + তি] + প্রিয় [প্রী + অ]। ৬।১ শান্তি প্রিয় যার = বহুব্রী। ৩।৫ বানান: শ্ + আ + ন্ + ত্ + ই + প্ + র্ + ই + য্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + ই= ন্তি, প্ + র্ + ই= প্রি।

শান্তিরক্ষক: পুলিস। বি। তৎসম। শান্তি [শম্ + তি] + রক্ষক [রক্ষ্ + অক]। ৬।১ শান্তি রক্ষা করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + আ + ন্ + ত্ + ই + র্ + অ + ক্ + ষ্ + অ + ক্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + ই= ন্তি, ক্ + ষ্ + অ= ক্ষ।

শান্তিরক্ষা: উপদ্রব থেকে রক্ষা। বি। তৎসম। শান্তি [শম্ + তি] + রক্ষা [রক্ষ্ + অ + আ]। ৬।১ শান্তিকে রক্ষা= কর্মতৎ। ৩।৩ বানান: শ্ + আ + ন্ + ত্ + ই + র্ + অ + ক্ + ষ্ + আ। বি.দ্র.: ন্ + ত্ + ই=ন্তি, ক্ + ষ্ + আ= ক্ষা।

শান্তি-স্থাপন: যুদ্ধাদির অবসানে সন্ধি স্থাপন। বি। তৎসম। শান্তি [শম্ + তি] + স্থাপন [স্থা + ণিচ্ (= স্থাপি) + অন]। ৬।১ শান্তির স্থাপন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + আ + ন্ + ত্ + ই + স্ + থ্ + আ + প্ + অ + ন্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + ই= ন্তি, স্ + থ্ + আ= স্থা।

শান্তি-স্বস্ত্যয়ন: ব্যাধি-উপদ্রব মুক্তি-কামনায় পূজাপাঠ। বি। তৎসম। শান্ত [শম্ + তি] + স্বস্ত্যয়ন [স্বস্তি (সু + অস্তি= 'শান্তি হোক'—এই বাণী বা শান্তির স্থিতি) + অয়ন (অয় + অন বা ই + অন]। ৬।১ [সন্ধি] উ + অ= ব [স্ব]। ২।৮।ক ই + অ= য [স্ত্য]। ২।৭।ক শান্তি ও স্বস্ত্যয়ন= দ্বন্দ্ব। ৩।৪ বানান:

শ্ + আ + ন্ + ত্ + ই + স্ + ব্ + অ + স্ + ত্ + য্ + অ + য্ + অ + ন্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + ই= ন্তি, স্ + ব্ + অ= স্ব, স্ + ত্ + য্ + অ= স্ত্য।

শাপ: অভিশাপ। বি। তৎসম। শপ্ + অ। ৬।১ বানান: শ্ + আ + প্ + অ।

শাপগ্রস্ত: অভিশপ্ত। বিণ। তৎসম। শাপ [শপ্ + অ] + গ্রস্ত [গ্রস্ + ত]। ৬।১ শাপের দ্বারা গ্রস্ত= করণতৎ। ৩।৩ বানান: শ্ + আ + প্ + অ + গ্ + র্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: গ্ + র্ + অ= গ্র, স্ + ত্ + অ= স্ত।

শাপগ্রস্তা: অভিশপ্তা। বিণ। তৎসম। শাপগ্রস্ত ['শাপগ্রস্ত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: শ্ + আ + প্ + অ + গ্ + র্ + অ + স্ + ত্ + আ। বি.দ্র.: গ্ + র্ + অ= গ্র, স্ + ত্ + আ= স্তা।

শাপভ্রষ্ট: শাপের কারণে হীনজন্ম প্রাপ্ত। বিণ। তৎসম। শাপ [শপ্ + অ] + ভ্রষ্ট [ভ্রন্শ্ + ত]। ৬।১ শাপের দ্বারা ভ্রষ্ট [চ্যুত]= করণতৎ। ৩।৩ বানান: শ্ + আ + প্ + অ + ভ্ + র্ + অ + ষ্ + ট্ + অ। বি.দ্র.: ভ্ + র্ + অ= ভ্র। ষ্ + ট্ + অ= ষ্ট। 'ট'-এর ঠিক আগে 'ষ্' হয়েছে। ৪।২।৬

শাপভ্রষ্টা: শাপে স্বর্গচ্যুতা। বিণ। তৎসম। শাপভ্রষ্ট ['শাপভ্রষ্ট' দ্রষ্টব্য] + আ [স্ত্রী] ৭।১।ক বানান: শ্ + আ + প্ + অ + ভ্ + র্ + অ + ষ্ + ট্ + আ। বি.দ্র.: ভ্ + র্ + অ= ভ্র, ষ্ + ট্ + আ= ষ্টা। 'ট'-এর ঠিক আগে 'ষ্' হয়েছে।

শাপমুক্তি: অভিশাপ থেকে মুক্তি। বি। তৎসম। শাপ [শপ্ + অ] + মুক্তি [মুচ্ + তি]। ৬।১ শাপ থেকে মুক্তি= অপাদানতৎ। ৩।৩ বানান: শ্ + আ + প্ + অ + ম্ + উ + ক্ + ত্ + ই। বানান: ক্ + ত্ + ই= ক্তি।

শাপমোচন: অভিশাপ থেকে মুক্তি। বি। তৎসম। শাপ [শপ্ + অ] + মোচন [মুচ্ + অন]। ৬।১ শাপ থেকে মোচন= অপাদানতৎ। ৩।৩ বানান: শ্ + আ + প্ + অ + ম্ + ও + চ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ম্ + ও= মো।

শাপ-শাপান্ত: নানা অভিশাপ। বি। মিশ্র [তৎসম + তদ্ভব]। সং. শাপ [শপ্ + অ] + তদ্ভব. শাপান্ত [শাপ (শপ্ + অ) + বাং. অন্ত]। ৬।১, ৬।৩ শাপের অন্ত [শেষ]= সম্বন্ধতৎ। শাপ ও শাপান্ত= দ্বন্দ্ব। ৩।৩, ৩।৪ বানান: শ্ + আ + প্ + অ + শ্ + আ + প্ + আ + ন্ + ত্ + অ।

শাপা: অভিশাপ দেওয়া। ক্রি। তদ্ভব। শাপ [সং] + বাং. আ। ৬।৩ বানান: শ্ + আ + প্ + আ।

শাপিত: শাপগ্রস্ত। বিণ। তৎসম। শাপ [শপ্ + অ] + ইত। ৬।২ বানান: শ্ + আ + প্ + ই + ত্ + অ।

শাবক: ছানা। বি। তৎসম। শব [শব্ (গমন করা) + অ] + ক [অল্প বা ক্ষুদ্র অর্থে]। ৬।১, ৬।২ বানান: শ্ + আ + ব্ + অ + ক্ + অ।

শাবল: মাটি খোঁড়ার লৌহ অস্ত্র। বি। তদ্ভব। <সং. শর্বলা। বানান: শ্ + আ + ব্ + অ + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

শাবাশ, সাবাশ: প্রশংসাসূচক উক্তি। অব্য। বিদেশী। <ফা. সাবাশ্। বাংলা বানান: শ্ [স্] + আ + ব্ + আ + শ্। বি.দ্র.: শব্দান্তের 'শ' হসন্ত-বর্জিত।

শাব্দিক: শব্দশাস্ত্রজ্ঞ। বিণ। তৎসম। শব্দ + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: শ্ + আ + ব্ + দ্ + ই + ক্ + অ। বি.দ্র.: ব্ + দ্ + ই= ব্দি।

শামলা: কালো, শ্যামবর্ণ। বি। তদ্ভব। <সং. শ্যামল + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: শ্ +

আ + ম্ + ল্ + আ। বি.দ্র.: শব্দান্তর্গত 'ম' হসন্ত-বর্জিত।

শামলা: শালের পাগড়ি। বি। বিদেশী। <আ. শাম্লা। বানান: শ্ + আ + ম্ + ল্ + আ। বি.দ্র.: শব্দান্তর্গত 'ম' হসন্ত-বর্জিত।

শামা: বাতি। বি। বিদেশী। <আ. শাম্আ। বাংলা বানান: শ্ + আ + ম্ + আ।

শামা: মুদ্গরাদির মুখের লৌহাবরণী। বি। তদ্ভব। <সং. শম্ব। বানান: শ্ + আ + ম্ + আ।

শামাদান: দীপাধার। বি। বিদেশী। <আ. শামা [শাম্আ] + ফা. দান। বাংলা বানান: শ্ + আ + ম্ + আ + দ্ + আ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

শামাপোকা: দেওয়ালী পোকা। বি। তদ্ভব।< শামা [<সং. শ্যামা] + পোকা [<সং. পুলক]। শ্যামাপূজার সময় যে পোকার বিশেষ উপদ্রব ঘটে। বানান: শ্ + আ + ম্ + আ + প্ + ও + ক্ + আ।

শামিকাবাব: মুসলমানি রীতিতে প্রস্তুত মাংসের বড়া। বি। বিদেশী। <আ. শাম্-ই-কবাব্। বাংলা বানান: শ্ + আ + ম্ + ই + ক্ + আ + ব্ + আ + ব্। বি.দ্র.: শব্দান্তের 'ব' হসন্ত-বর্জিত।

শামিয়ানা: চাঁদোয়া। বি। বিদেশী। <ফা. শাম্-আনহ্। বাংলা বানান: শ্ + আ + ম্ + ই + য্ + আ + ন্ + আ।

শামিল: অন্তর্ভুক্ত। বি। বিদেশী। <আ. শামিল্। বানান: শ্ + আ + ম্ + ই + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

শামুক: শক্ত আবরণযুক্ত জলচর প্রাণী। বি। তদ্ভব। <সং. শম্বুক। বানান: শ্ + আ + ম্ + উ + ক্ + অ।

শায়ক: বাণ। বি। তৎসম। সং. শো [শায়িত করা (শত্রুকে)] + অক। ৬।১ যা শত্রুকে ধরাশায়ী করে। বানান: শ্ + আ + য্ + অ + ক্ + অ।

শায়িত: যাকে শোয়ানো হয়েছে। বিণ। তৎসম। শী + ণিচ্ + ত। ৬।১ বানান: শ্ + আ + য্ + ই + ত্ + অ।

শায়িতা: যে স্ত্রীলোককে শোয়ানো হয়েছে। বিণ। তৎসম। শায়িত ['শায়িত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: শ্ + আ + য্ + ই + ত্ + আ।

শায়িনী: শয়নকারিণী। বিণ। তৎসম। শী [শয়ন করা] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ যে শুয়ে আছে [স্ত্রী] বানান: শ্ + আ + য্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত,তাই আগে 'ই', পরে 'ঈ'।

শায়ী: শয়নকারী। বি। তৎসম। শী [শয়ন করা] + ইন্ [ঈ]। ৬।১ যে শুয়ে আছে। বানান: শ্ + আ + য্ + ঈ। বি.দ্র.: শ্ + আ + য্ + ঈ। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শায়েস্তা: শাস্তিপ্রাপ্ত। বি। বিদেশী। <ফা. শইস্তা। বাংলা বানান: শ্ + আ + য্ + এ + স্ + ত্ + আ।

শারঙ্গী, সারঙ্গী: বাদ্যযন্ত্র। বি। তৎসম। শারঙ্গ। [শৃ + অঙ্গ] + ঈ [স্ত্রী]। ৭।১।গ [সন্ধি] শৃ + অ= শার। বানান: শ্ + আ + র্ + অ + ঙ্ + গ্ + ঈ। বি.দ্র.: ঙ্ + গ্ + ঈ= ঙ্গী।

শারদ: শরৎকালীন। বিণ। তৎসম। সং. শরদ্ [শরৎ] + অ। ৬।২ বানান: শ্ + আ + র্ + অ + দ্ + অ।

শারদা: দুর্গা। বি। তৎসম। সং শরদ [শরৎ] + অ + আ [স্ত্রী]। ৬।২, ৭।১।ক বানান: শ্ + আ + র্ + অ + দ্ + আ।

শারদী: শরৎকালে সংঘটিতা। বিণ। তৎসম। সং. শরদ্ [শরৎ] + অ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান: শ্ + আ + র্ + অ + দ্ + ঈ।

শারদীয় : শরৎকালীন। বি। তৎসম। শরদ্ [শরৎ] + ঈয়। ৬।১ বানান : শ্ + আ + র্ + অ + দ্ + ঈ + য় + অ। বি. দ্র. : দ্ + ঈ= দী।

শারদীয়া : শরৎকালে সংঘটিতা। বি। তৎসম। শারদীয় [শরদ্ (শরৎ) + ঈয়] + আ [স্ত্রী]। ৬।২, ৭।১।ক বানান : শ্ + আ + র্ + অ + দ্ + ঈ + য় + আ। বি. দ্র. : দ্ + ঈ= দী।

শারি : স্ত্রী-শালিক, স্ত্রী-শুক। বি। তৎসম। শৃ + ই। বানান : শ্ + আ + র্ + ই।

শারিকা : স্ত্রী-শালিকা, স্ত্রী-শুক। বি। তৎসম। শৃ + ইক + আ। ৬।১, ৭।১।খ বানান : শ্ + আ + র্ + ই + ক্ + আ।

শারী : স্ত্রী-শালিক, স্ত্রী-শুক। বি। তৎসম। শৃ + ই + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান : শ্ + আ + র্ + ঈ।

শারীর : শরীর-সম্বন্ধীয়। বিণ। তৎসম। শরীর ['শরীর' দ্রষ্টব্য] + অ [ষ্ণ]। ৬।২ বানান : শ্ + আ + র্ + ঈ + র্ + অ।

শারীরবিদ্যা : শারীরস্থান ও শারীরবৃত্ত। বি। তৎসম। শরীর ['শরীর' দ্রষ্টব্য] + অ [ষ্ণ] + বিদ্যা [বিদ্ + য্ (যৎ) + আ (স্ত্রী)]। ৬।২, ৬।১ শারীর-বিষয়ক বিদ্যা= মধ্যপ-কর্মধা ৩।২

শারীরিক : শরীর-সম্বন্ধীয়। বিণ। তৎসম। শরীর + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : শ্ + আ + র্ + ঈ + র্ + ই + ক্ + অ। বি.দ্র. : 'শরীর' শব্দের 'র্' + 'ঈ'-র 'ঈ' রক্ষিত আছে। 'ইক'-প্রত্যয় যোগের কারণে 'শরীর' শব্দের ['শ' + আ এবং শব্দান্তের 'র্' + ই ['ইক'-এর] হয়েছে।

শার্ঙ্গ : শৃঙ্গজাত। বিণ। তৎসম। শৃঙ্গ + অ। ৬।২ বানান : শ্ + আ + র্ + ঙ্ + গ্ + অ। বি.দ্র. : শ্ + আ= শা, র্ + ঙ্ + গ্ + অ= র্ঙ্গ।

শার্ঙ্গধর : বিষ্ণু। বি। তৎসম। শার্ঙ্গ [শৃঙ্গ + অ] + ধর [ধৃ + অ]। ৬।১ শার্ঙ্গ [শৃঙ্গজাত বাদ্যযন্ত্র] ধারণ করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + আ + র্ + ঙ্ + গ্ + অ + ধ্ + অ + র্ + অ। বি.দ্র. : র্ + ঙ্ + গ্ + অ = র্ঙ্গ।

শার্ঙ্গপাণি : বিষ্ণু। বি। তৎসম। শার্ঙ্গ [শৃঙ্গ + অ] + পাণি [পণ্ + ই]। ৬।২, ৬।১ শার্ঙ্গ [শৃঙ্গজাত বাদ্যযন্ত্র] পাণিতে [হাতে] যার= বহুব্রী। ৩।৫ বানান : শ্ + আ + র্ + ঙ্ + গ্ + অ + প্ + আ + ণ্ + ই। বি.দ্র. : র্ + ঙ্ + গ্ + অ= শার্ঙ্গ, 'পাণি'র 'ণ' স্বাভাবিক 'ণ'।

শার্ঙ্গী : বিষ্ণু। বি। তৎসম। শার্ঙ্গ [শৃঙ্গ + অ] + ইন্ [ঈ]। ৬।২, ৬।১ শার্ঙ্গ [শৃঙ্গজাত বাদ্যযন্ত্র] আছে যাঁর। বানান : শ্ + আ + র্ + ঙ্ + গ্ + ঈ। বি.দ্র. : র্ + ঙ্ + গ্ + ঈ= র্ঙ্গী।

শার্ট : পুরুষের জামা। বি। বিদেশী। <ইং. shirt. বাংলা বানান : শ্ + আ + র্ + ট্। বি.দ্র. : র্ + ট্ = র্ট। শব্দান্তের 'র্ট' হসন্ত-বর্জিত।

শার্দূল : বাঘ। বি। তৎসম। শৃ + ['দ'-আগম] + উল। ৬।১ যে বিদারণ বা ছিন্নভিন্ন করে। বানান : শ্ + আ + র্ + দ্ + ঊ + ল্ + অ। বি.দ্র. : র্ + দ্ + ঊ= র্দূ।

শার্দূল-বিক্রীড়িত : সংস্কৃত ছন্দোবিশেষ। বি। তৎসম। শার্দূল ['শার্দূল] + বিক্রীড়িত [বি + ক্রীড়্ + ত]। ৬।১ শার্দূল ক্রীড়া করে যাতে [ভয়ঙ্কর, অথচ লাস্যময়] = [ছন্দ] বহুব্রী। ৩।৫ বানান : শ্ + আ + র্ + দ্ + ঊ + ল্ + অ + ব্ + ই + ক্ + র্ + ঈ + ড়্ + ই + ত্ + অ। বি.দ্র. : 'ক্রীড়্' ধাতুর 'ঈ'-কার এবং 'ইত' প্রত্যয়ের ই [ড়ি] লক্ষণীয়।

শার্দূলী : বাঘিনী। বি। তৎসম। শার্দূল + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : শ্ + আ + র্ + দ্ + ঊ + ল্ + ঈ। বি.দ্র. : র্ + দ্ + ঊ= র্দূ। ল্ + ঈ= লী।

শাল : বৃহৎ শূল। বি। তদ্ভব। <সং. শল্য। বানান : শ্ + অ + ল্ + য্ + অ। বি.দ্র. : ল্ + য্ +অ= ল্য।

শাল : গৃহ। বি। তদ্ভব। <সং. শালা [শাল্ + অ + আ]। ৬।১

শাল : বিশাল গাছ ও তার কাঠ, সর্জ। বি। তৎসম। শাল্ + অ। বানান : শ্ + আ + ল্ + অ।

শাল : দামী পশমী চাদর। বি। বিদেশী। <ফা. শাল। বাংলা বানান : শ্ + আ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল্' হসন্ত-বর্জিত।

শালওয়ালা : শাল-বিক্রেতা। বি। বিদেশী। শাল [<ফা. শাল] + ওয়ালা [<হি. ওয়ালা]। বাংলা বানান : শ্ + আ + ল্ + ও + য্ + আ + ল্ + আ। বি.দ্র. : শব্দান্তর্গত 'ল' [শাল] হসন্ত-বর্জিত।

শালকর : শালওয়ালা। বি। বিদেশী। শাল [<ফা. শাল্] + কর [কৃ + অ]। ৬।১ শাল [তৈরি ও বিক্রি] করে যে= উপপদতৎ। ৩।৩ বাংলা বানান : শ্ + আ + ল্ + ক্ + অ + র্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ল' ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

শালগম : রেঁধে খাবার কন্দ বিশেষ [আ.]। বি। বিদেশী। <আ. শল্‌গম্। বাংলা বানান : শ্ + আ + ল্ + অ + গ্ + অ + ম্। [ম্= ম]

শালগ্রাম : গণ্ডকী-নদীজাত বিষ্ণুর প্রতীক শিলা। বি। তৎসম। শাল [বৃক্ষ] + গ্রাম [গ্রাম্ + অ]। ৬।১ শালবৃক্ষযুক্ত পর্বতভিন্ন শিলা [গণ্ডকী নদী-জাত]। বানান : শ্ + আ + ল্ + অ + গ্ + র্ + আ + ম্ + অ। বি.দ্র. : গ্ + র্ + আ= গ্রা।

শালতি : শালগাছের গুঁড়িতে তৈরী ছোট দ্রুতগামী নৌকা। বি। তদ্ভব। <সং. শালতরি। বানান : শ্ + আ + ল্ + ত্ + ই। বি.দ্র. : শব্দান্তর্গত 'ল' হসন্ত-বর্জিত।

শাল-নির্যাস : ধুনা। বি। তৎসম। শাল [(বৃক্ষ) শাল্ + অ] + নির্যাস [নির্ + যস্ + অ]। ৬।১ শালের নির্যাস [রস]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + আ + ল্ + অ + ন্ + ই + র্ + য্ + আ + স্ + অ। বি.দ্র. : র্ + য্ + আ= র্যা।

শাল-প্রাংশু : শালগাছের মতো দীর্ঘাকার। বিণ। তৎসম। শাল [শাল্ + অ] + প্রাংশু [প্র + অংশু]। ৬।১ শালের ন্যায় প্রাংশু [দীর্ঘ] = উপমান-কর্মধা। ৩।২ বানান : শ + আ + ল্ + অ + প্ + র্ + আ + ং + শ্ + উ। বি.দ্র. : প্ + র্ + আ = প্রা, শ্ + উ= শু।

শালা : স্থান। বি। তৎসম। শল্ + অ। ৬।১ বানান : শ্ + আ + ল্ + আ।

শালা : শ্যালক, স্ত্রীর ভ্রাতা। <সং. শ্যালক। বানান : শ্ + আ + ল্ + আ।

শালাজ : শ্যালকের পত্নী। বি। তদ্ভব। শালা + জ [বাংলায় স্ত্রীলিঙ্গ]। বানান : শ্ + আ + ল্ + আ + জ্। বি.দ্র. : শব্দান্তের 'জ' হসন্ত-বর্জিত।

শালাবৌ : শ্যালকের পত্নী। বি। তদ্ভব। শালা [<সং. শ্যালক] + বৌ [<সং. বধূ]। শালার বৌ। বানান : শ্ + আ + ল্ + আ + ব্ + ঔ।

শালি : হৈমন্তিক ধান। বি। তৎসম। শাল্ + ই। ৬।১ বানান : শ্ + আ + ল্ + ই।

শালিক : পাখি। বি। তদ্ভব। <সং. সারিকা। বানান : শ্ + আ + ল্ + ই + ক্ + অ।

শালিনী : সম্পন্না। বিণ। তৎসম। শাল্ + ইন্ + ঈ। ৬।১, ৭।১।চ বানান : শ্ + আ + ল্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শালিবাহন : বহু কিংবদন্তীর নায়ক শক-নৃপতি। বি। তৎসম। বানান : শ্ + আ + ল্ + ই + ব্ + আ + হ্ + অ + ন্ + অ।

শালী : সম্পন্ন। বিণ। তৎসম। শাল্ + ইন্ [ঈ]। ৬।১ বানান : শ্ + আ + ল্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শালী : শ্যালিকা। বি। তদ্ভব। <সং. শালী। বানান : শ্ + আ + ল্ + ঈ।

শালীন : ভদ্র। বিণ। তৎসম। শালা [গৃহ] + ঈন। ৬।২ বানান : শ্ + আ + ল্ + ঈ + ন্ + অ।

শালীনতা : ভদ্রতা। বি। তৎসম। শালীন। [শাল্ + ঈন] + তা। ৬।১, ৬।২ বানান : শ্ + আ + ল্ + ঈ + ন্ + অ + ত্ + আ। বি.দ্র. : ল্ + ঈ= লী।

শালুক : কুমুদ। বি। তৎসম। শল্ + উক। ৬।১ বানান : শ্ + আ + ল্ + উ + ক্ + অ। বি.দ্র. : ল্ + উ= লু।

শাল্মল : শিমুলগাছ। বি। তৎসম। শাল্ + মল। ৬।১ বানান : শ্ + আ + ল্ + ম্ + অ + ল্ + অ। বি.দ্র. : ল্ + ম্ + অ= ল্ম।

শাল্মলি : শিমুলগাছ। বি। তৎসম। শাল্ + মল + ই [পুং]। ৬।১ বানান : শ্ + আ + ল্ + ম্ + অ + ল্ + ই। বি.দ্র. : ল্ + ম্ + অ= ল্ম।

শাল্মলী : শিমুলগাছ। বি। তৎসম। শাল্ + মল + ঈ[স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান : শ্ + আ + ল্ + ম্ + অ + ল্ + ঈ। বি.দ্র. : ল্ + ম্ + অ= ল্ম, ল্ + ঈ= লী।

শাশুড়ি, শাশুড়ী : শ্বশ্রূ। বি। তদ্ভব। <সং. শ্বশ্রূ। বানান : শ্ + আ + শ্ + উ + ড়্ + ই, ঈ। বি.দ্র. : শ্ + উ= শু, ড়্ + ই= ড়ি, ড়্ + ঈ= ড়ী।

শাশ্বত : চিরন্তন। বিণ। তৎসম। শশ্বৎ + অ। ৬।২ বানান : শ্ + আ + শ্ + ব্ + অ + ত্ + অ। বি.দ্র. : শ্ + আ = শা [প্রথম 'শ' ব-হীন], শ্ + ব্ + অ= শ্ব [দ্বিতীয় 'শ' ব-যুক্ত]।

শাশ্বতিক : চিরন্তন। বিণ। তৎসম। শশ্বৎ + ইক [ঞিক]। ৬।২ বানান : শ্ + আ + শ্ + ব্ + অ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র. : শ্ + আ= শা [প্রথম 'শ' ব-হীন], শ্ + ব্ + অ= শ্ব [দ্বিতীয় 'শ' ব-যুক্ত]।

শাশ্বতিকী : চিরন্তনী। বিণ। তৎসম। শশ্বৎ + ইক + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান : শ্ + আ + শ্ + ব্ + অ + ত্ + ই + ক্ + ঈ। বি.দ্র. : শ্ + আ= শা [প্রথম 'শ' ব-হীন], শ্ + ব্ + অ= শ্ব [দ্বিতীয় 'শ' ব-যুক্ত], ত্ + ই = তি, ক্ + ঈ= কী। 'ইক'-প্রত্যয়ের 'ই' আগে এবং 'ঈ'-স্ত্রী-প্রত্যয়ের 'ঈ' পরে।

শাশ্বতী : চিরন্তনী। বিণ। তৎসম। শাশ্বত [শশ্বৎ + অ] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান : শ্ + আ= শা [প্রথম 'শ' ব-হীন], শ্ + ব= শ্ব [দ্বিতীয় 'শ' ব-যুক্ত], ত্ + ঈ= তী।

শাসক : শাসনকর্তা। বি। তৎসম। শাস্ [শাসন করা] + অক। ৬।১ শাসন করেন যিনি। বানান : শ্ + আ + স্ + অ + ক্ + অ।

শাসন : দমন, পরিচালনা। বি। তৎসম। শাস্ [শাসন করা] + অন। ৬।১ বানান : শ্ + আ + স্ + অ + ন্ + অ।

শাসনকর্তা : যে শাসন করে। বি। তৎসম। শাসন [শাস্ + অন] + কর্তা [কৃ + তা (তৃ = তৃচ্)]। ৬।১ শাসন করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + আ + স্ + অ + ন্ + অ + ক্ + অ + র্ + ত্ + আ। বি.দ্র. : র্ + ত্ + আ= র্তা।

শাসনতন্ত্র : রাজ্যশাসন-প্রণালী। বি। তৎসম। শাসন [শাস্ + অন] + তন্ত্র [তন্ত্র্ + অ]। ৬।১ শাসনের তন্ত্র [পদ্ধতি]= সম্বন্ধতৎ। ৩।৫ বানান : শ্ + আ + স্ + অ + ন্ + অ + ত্ + অ + ন্ + ত্ + র্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + র্ + অ= ন্ত্র।

শাসনাধীন : শাসনের অন্তর্ভুক্ত। বিণ। তৎসম।

শাসন [শাস্ + অন] + অধীন [অধি + ইন]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [না]। ২।১।ক, ই + ই= ঈ [ধী]। ২।২।ক শাসনের অধীন = সম্বন্ধতৎ। ৩।৫ বানান: শ্ + আ + স্ + অ + ন্ + আ + ধ্ + ঈ + ন্ + অ।

শাসনীয়: শাসনের যোগ্য। বিণ। তৎসম। শাস্ [শাসন করা] + অনীয়। ৬।১ বানান: শ্ + আ + স্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র.: ন্ + ঈ= নী।

শাসা: ভয় দেখানো। ক্রি। তদ্ভব। শাস্ + বাং. আ। ৬।৩ বানান: শ্ + আ + স্ + আ।

শাসান, শাসানো: ভয় দেখানো। ক্রি। তদ্ভব। শাস্ [শাসন করা] + বাং. আন, আনো। ৬।৩ বানান: শ্ + আ + স্ + আ + ন্ + অ, ও।

শাসানি: প্রতিশোধ গ্রহণের ভীতি-প্রদর্শন। বি। তদ্ভব। শাস্ + বাং. আনি। ৬।৩ বানান: শ্ + আ + স্ + আ + ন্ + ই।

শাসি: কাচের জানালা। বি। বিদেশী। <ইং. sash. বাংলা বানান: শ্ + আ + স্ + ই।

শাসিত: পরিচালিত। বিণ। তৎসম। শাস্ [শাসন করা] + ত। ৬।১ বানান: শ্ + আ + স্ + ই + ত্ + অ।

শাসিতা: পরিচালিতা। বিণ। তৎসম। শাসিত [শাস্ + ত] + আ [স্ত্রী]। ৬।১ ৭।১।ক

শাস্য: শাসনযোগ্য। বিণ। তৎসম। শাস্ [শাসন করা] + য [যৎ]। ৬।১ বানান: শ্ + আ + স্ + য্ + অ। বি.দ্র.: স্ + য্ + অ= স্য।

শাস্তি: সাজা। বি। তৎসম। শাস্ [শাসন করা] + তি]। ৬।১ বানান: শ্ + আ + স্ + ত্ + ই। বি.দ্র.: স্ + ত্ + ই= স্তি।

শাস্তি-বিধান: সাজা দেওয়া। বি। তৎসম। শাস্তি [শাস্ + তি] + বিধান [বি + ধা + অন]। ৬।১ শাস্তির বিধান= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + ই + ব্ + ই + ধ্ + আ + ন্ + অ। বি.দ্র.: স্ + ত্ + ই= স্তি।

শাস্ত্র: বিধি-বিধান-সমন্বিত গ্রন্থ। বি। তৎসম। শাস্ [শাসন করা] + ত্র। ৬।১ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + অ। বি.দ্র.: স্ + ত্ + র্ + অ= স্ত্র।

শাস্ত্রকার: শাস্ত্র-প্রণেতা। বি। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + কার [কৃ + অ]। ৬।১ শাস্ত্র [প্রণয়ন] করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + অ + ক্ + আ + র্ + অ। বি.দ্র.: স্ + ত্ + র্ + অ= স্ত্র।

শাস্ত্রচর্চা: শাস্ত্রপাঠ ও আলোচনা। বি। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + চর্চা [চর্চ্ + অ + আ]। ৬।১ শাস্ত্রের চর্চা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + অ + চ্ + অ + র্ + চ্ + আ। বি.দ্র.: স্ + ত্ + র্ + অ = স্ত্র, র্ + চ্ + আ= র্চা।

শাস্ত্রজ্ঞ: শাস্ত্রবিৎ। বি। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + জ্ঞ [জ্ঞা + অ]। ৬।১ শাস্ত্র জানেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + অ + জ্ + ঞ্ + অ। বি.দ্র.: শ্ + ত্ + র্ + অ= স্ত্র, জ্ + ঞ্ + অ= জ্ঞ।

শাস্ত্রজ্ঞানী: শাস্ত্রবিৎ। বি। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + জ্ঞানী [জ্ঞা + অন + ইন্ (ঈ)]। ৬।১ শাস্ত্রজ্ঞান আছে যাঁর= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + অ + জ্ + ঞ্ + আ + ন্ + ঈ। বি.দ্র.: স্ + ত্ + র্ + অ= স্ত্র, জ্ + ঞ্ + আ= জ্ঞা। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শাস্ত্রদর্শী: শাস্ত্রবিৎ। বি। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + দর্শী [দৃশ্ + ইন্ (ঈ)]। ৬।১ শাস্ত্র দেখেছেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + অ + দ্ + অ + র্ + শ্ + ঈ। বি.দ্র.: স্ + ত্ + র্ + অ = স্ত্র, র্ + শ্ + ঈ= র্শী।

শাস্ত্রবিধি : শাস্ত্রের অনুশাসন। বি। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + বিধি [বি + ধা + ই]। ৬।১ শাস্ত্রের বিধি [নিয়ম]= সম্বন্ধতৎ ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + অ + ব্ + ই + ধ্ + ই। বি.দ্র. : স্ + ত্ + র্ + অ= স্ত্র।

শাস্ত্রবিহিত : শাস্ত্রনির্দিষ্ট। বিণ। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + বিহিত [বি + ধা + ত]। ৬।১ শাস্ত্রের দ্বারা বিহিত [নির্দিষ্ট]= করণতৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + অ + ব্ + ই + হ্ + ই + ত্ + অ। বি.দ্র. : স্ + ত্ + র্ + অ= স্ত্র।

শাস্ত্রব্যাখ্যা : তাৎপর্য বর্ণনা। বি। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + ব্যাখ্যা [বি + আ + খ্যা + অ + আ]। ৬।১ শাস্ত্রের ব্যাখ্যা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + অ + ব্ + য্ + আ + খ্ + য্ + আ। বি.দ্র. : স্ + ত্ + র্ + অ= স্ত্র, ব্ + য্ + আ = ব্যা, খ্ + য্ + আ= খ্যা।

শাস্ত্রসঙ্গত : শাস্ত্রনির্দিষ্ট। বিণ। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + সঙ্গত [সম্ + গত (গম্ + ত)]। ৬।১ [সন্ধি] ম্ + গ= ঙ্ + গ= ঙ্গ। ২।২৮ শাস্ত্রের সঙ্গত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + অ + স্ + অ + ঙ্ + গ্ + অ + ত্ + অ। বি.দ্র. : স্ + ত্ + র্ + অ= স্ত্র, ঙ্ + গ্ + অ= ঙ্গ।

শাস্ত্রসম্মত : শাস্ত্রনির্দিষ্ট। বিণ। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + সম্মত [সম্ + মন্ + ত]। ৬।১ শাস্ত্রের সম্মত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + অ + স্ + অ + ম্ + ম্ + অ + ত্ + অ। বি.দ্র. : স্ + ত্ + র্ + অ= স্ত্র, ম্ + ম্ + অ= ম্ম।

শাস্ত্রানুমত : শাস্ত্রনির্দিষ্ট। বিণ। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + অনুমত [অনু + মন্ + ত]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [স্ত্রা]। ২।১।ক শাস্ত্রের অনুমত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + আ + ন্ + উ + ম্ + অ + ত্ + অ। বি.দ্র. : স্ + ত্ + র্ + আ= স্ত্রা।

শাস্ত্রানুমোদিত : শাস্ত্রনির্দিষ্ট। বিণ। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + অনুমোদিত [অনু + মুদ্ + ণিচ্] [= মোদি] + ত। ৬।১ [সন্ধি] অ + অ= আ [স্ত্রা]। ২।১।ক শাস্ত্রের অনুমোদিত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + আ + ন্ + উ + ম্ + ও + দ্ + ই + ত্ + অ। বি.দ্র. : স্ + ত্ + র্ + আ= স্ত্রা।

শাস্ত্রানুশীলন : শাস্ত্রপাঠ ও আলোচনা। বি। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + অনুশীলন [অনু + শীল্ + অন]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [স্ত্রা]। ২।১।ক শাস্ত্রেব অনুশীলন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + আ + ন্ + উ + শ্ + ঈ + ল্ + অ + ন্ + অ। বি.দ্র. : স্ + ত্ + র্ + আ= স্ত্রা, শ্ + ঈ = শী।

শাস্ত্রার্থ : শাস্ত্রেব তাৎপর্য। বি। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + অর্থ [অর্থ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [স্ত্রা]। ২।১।ক শাস্ত্রের অর্থ= সম্বন্ধ-তৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + আ + র্ + থ্ + অ। বি.দ্র. : স্ + ত্ + র্ + আ= স্ত্রা, র্ + থ্ + অ= র্থ।

শাস্ত্রালোচনা : শাস্ত্রপাঠ ও আলোচনা। বি। তৎসম। শাস্ত্র [শস্ + ত্র] + আলোচনা [আ + লোচ্ + অন + আ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [স্ত্রা]। ২।১।খ শাস্ত্রের আলোচনা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + আ + ল্ + ও + চ্ + অ + ন্ + আ। বি.দ্র. : স্ + ত্ + র্ + আ= স্ত্রা, ল্ + ও= লো।

শাস্ত্রী : শাস্ত্রজ্ঞ। বি। তৎসম। শাস্ত্র [শস্ + ত্র] + ইন্ [ঈ]। ৬।১ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: স্ + ত্ + র্ + ঈ= স্ত্রী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শাস্ত্রীয় : শাস্ত্র-বিষয়ক। বিণ। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + ঈয় [ছীয়]। ৬।২ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + ঈ + য্ + অ। বি.দ্র.: স্ + ত্ + র্ + ঈ= স্ত্রী।

শাস্ত্রোক্ত : শাস্ত্রে কথিত। বিণ। তৎসম। শাস্ত্র [শাস্ + ত্র] + উক্ত [বচ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [স্ত্রো]। ২।৫।ক শাস্ত্রে উক্ত= অধিকরণতৎ। ৩।৩ বানান: শ্ + আ + স্ + ত্ + র্ + ও + ক্ + ত্ + অ। বি.দ্র.: স্ + ত্ + ব্ + ও= স্ত্রো, ক্ + ত্ + অ= ক্ত।

শাহ্ : বাদশাহ। বি। বিদেশী। <ফা. শাহ্। বাংলা বানান: শ্ + আ + হ্। শব্দান্তের 'হ' হসন্ত-বর্জিত।

শাহজাদা : বাদশাহ-পুত্র। বি। বিদেশী। শাহ [<ফা. শাহ্] + জাদা [<ফা. জাদ্হ্]। বাংলা বানান: শ্ + আ + হ্ + জ্ + আ + দ্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যবর্তী 'হ' হসন্ত-বর্জিত।

শাহজাদী : বাদশাহ-কন্যা। বি। বিদেশী। শাহজাদা ['শাহজাদা' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: শ্ + আ + হ্ + জ্ + আ + দ্ + ঈ। বি.দ্র.: শব্দান্তর্গত 'হ' হসন্ত-বর্জিত।

শাহানশাহ : রাজাধিরাজ। বি। তৎসম। <ফা. শাহন্‌শাহ্। বাংলা বানান: শ্ + আ + হ্ + আ + ন্ + শ্ + আ + হ্। বি.দ্র.: শব্দান্তর্গত 'ন' ও শব্দান্তের 'হ' হসন্ত-বর্জিত।

শাহানা : সঙ্গীতের রাগিণী। বি। বিদেশী। <ফা. সহানা। বাংলা বানান: শ্ [স্] + আ + হ্ + আ + ন্ + আ।

শাহী : রাজকীয়। বিণ। বিদেশী। <ফা. শাহ + বাং. ঈ। বাংলা বানান: শ্ + আ + হ্ + ঈ।

শিউরা : শিহরিত হওয়া। ক্রি। দেশী। বানান: শ্ + ই + উ + র্ + আ।

শিউরান : শিহরিত হওয়া। বি। দেশী। বানান: শ্ + ই + উ + র্ + আ + ন্ + অ।

শিউরানো : শিহরিত হওয়া। ক্রি। দেশী। বানান: শ্ + ই + উ + র্ + আ + ন্ + ও।

শিউলি : খেজুর গাছের রস সংগ্রহকারী। বি। দেশী। বানান: শ্ + ই + উ + ল্ + ই।

শিউলি : শেফালিকা: বি। তদ্ভব। < সং. শেফালি। বানান: শ্ + ই + উ + ল্ + ই।

শিউলিতলা : শিউলি গাছের তলদেশ। বি। তদ্ভব। শিউলি [<সং. শেফালি] + তলা [তল্ + অ + আ]। ৬।১ শিউলির [শিউলিগাছের] তলা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ই + উ + ল্ + ই + ত্ + অ + ল্ + আ।

শিং, শিঙ : শৃঙ্গ। বি। তদ্ভব। <সং. শৃঙ্গ। বানান: শ্ + ই + ং [ঙ্]। বি.দ্র.: শব্দান্তের 'ঙ' হসন্ত-বর্জিত।

শিংশপা : শিশুগাছ। বি। তৎসম। বানান: শ্ + ই + ং + শ্ + অ + প্ + আ।

শিক : শলাকা। বি। বিদেশী। <ফা. শীখ্। বাংলা বানান: শ্ + ই + ক্। বি.দ্র.: শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত।

শিকড় : গাছের মূল। বি। দেশী। বানান: শ্ + ই + ক্ + অ + ড়্। বি.দ্র.: শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

শিকনি : নাকের পোঁটা। বি। তদ্ভব। <সং. শিঙ্ঘাণ। বানান: শ্ + ই + ক্ + ন্ + ই। বি.দ্র.: শব্দান্তর্গত 'ক' হসন্ত-বর্জিত।

শিকল : শৃঙ্খল। বি। তদ্ভব। <সং. শৃঙ্খল। বানান: শ্ + ই + ক্ + অ + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

শিকলি : শৃঙ্খল। বি। তদ্ভব। শিকল [<সং. শৃঙ্খল] + বাং. ই। ৬৷৩ বানান : শ্ + ই + ক্ + ল্ + ই। বি.দ্র. : শব্দান্তর্গত 'ক' হসন্ত-বর্জিত।

শিকা : দড়ির তৈরী ঝুলন্ত আধার। বি। তৎসম। <সং. শিক্যা। বানান : শ্ + ই + ক্ + আ।

শিকায়ৎ : নালিশ। বি। বিদেশী। <আ. শিকায়ত্। বাংলা বানান : শ্ + ই + ক্ + আ + য়্ + অ + ৎ।

শিকায়েত : নালিশ। বি। বিদেশী। <আ. শিকায়ত্। বাংলা বানান : শ্ + ই + ক্ + আ + য়্ + এ + ত্। বি.দ্র. : শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

শিকার : মৃগয়া। বি। বিদেশী। <ফা. শিকার্। বাংলা বানান : শ্ + ই + ক্ + আ + র্। বি.দ্র. : শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

শিকারি, শিকারী : যে শিকার করে। বি। বিদেশী। <ফা. শিকার + বাং. ই, ঈ। ৬৷৩ বাংলা বানান : শ্ + ই + ক্ + আ + র্ + ই, ঈ। বি.দ্র. : র্ + ই= রি, র্ + ঈ= রী।

শিকে : দড়ির তৈরী ঝুলন্ত আধার। বি। তদ্ভব। <সং. শিক্যা। বানান : শ্ + ই + ক্ + এ।

শিক্ষক : শিক্ষাদাতা। বি। তৎসম। শিক্ষ্ + ণিচ্ + অক। ৬৷১ বানান : শ্ + ই + ক্ + ষ্ + অ + ক্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + অ= ক্ষ।

শিক্ষকতা : শিক্ষকের কাজ। বি। তৎসম। শিক্ষক [শিক্ষ্ + ণিচ্ + অক] + তা। ৬৷১, ৬৷২ বানান : শ্ + ই + ক্ + ষ্ + অ + ক্ + অ + ত্ + আ। বি.দ্র. : ক্ + ষ্ + অ= ক্ষ।

শিক্ষণ : শিক্ষাগ্রহণ, শিক্ষাদান। বি। তৎসম। শিক্ষ্ + অন। ৬৷১ বানান : শ্ + ই + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + অ = ক্ষ। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪৷১৷গ

শিক্ষণীয় : শিখবার যোগ্য। বিণ। তৎসম। শিক্ষ্ + অনীয়। ৬৷১ বানান : শ্ + ই + ক্ + ষ্ + অ + ণ্ + ঈ + য়্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + অ= ক্ষ। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪৷১৷গ

শিক্ষয়িতা : শিক্ষক। বি। তৎসম। শিক্ষ্ + ণিচ্ + তা [তৃ = তৃচ্]। ৬৷১ বানান : শ্ + ই + ক্ + ষ্ + অ + য়্ + ই + ত্ + আ। বি.দ্র. : ক্ + ষ্ + অ= ক্ষ।

শিক্ষয়িত্রী : শিক্ষিকা। বি। তৎসম। শিক্ষয়িতা [শিক্ষ্ + ণিচ্ + তা (তৃ = তৃচ্)] + ঈ [স্ত্রী]। ৬৷১, ৭৷১৷ছ বানান : শ্ + ই + ক্ + ষ্ + অ + য়্ + ই + ত্ + র্ + ঈ। বি.দ্র. : ক্ + ষ্ + অ= ক্ষ। ত্ + র্ + ঈ= ত্রী।

শিক্ষা : জ্ঞানলাভ। বি। তৎসম। শিক্ষ্ + অ + আ। ৬৷১ বানান : শ্ + ই + ক্ + ষ্ + আ। বি.দ্র. : ক্ + ষ্ + আ = ক্ষা।

শিক্ষাগুরু : শিক্ষক। বি। তৎসম। শিক্ষা [শিক্ষ্ + অ + আ] + গুরু [গুর্ + উ]। ৬৷১ শিক্ষার গুরু= সম্বন্ধতৎ। ৩৷৩ বানান : শ্ + ই + ক্ + ষ্ + আ + গ্ + উ + র্ + উ। বি.দ্র. : ক্ + ষ্ + আ= ক্ষা, গ্ + উ= গু, র্ + উ= রু।

শিক্ষাদাতা : শিক্ষক। বি। তৎসম। শিক্ষা [শিক্ষ্ + অ + আ] + দাতা [দা + তা (তৃ = তৃচ্)]। ৬৷১ শিক্ষা দান করেন যিনি= উপপদতৎ। ৩৷৩ বানান : শ্ + ই + ক্ + ষ্ + আ + দ্ + আ + ত্ + আ। বি.দ্র. : ক্ + ষ্ + আ= ক্ষা।

শিক্ষাদীক্ষা : শিক্ষা-সংস্কৃতি। বি। তৎসম। শিক্ষা [শিক্ষ্ + অ + আ] + দীক্ষা [দীক্ষ্ + অ + আ]। ৬৷১ শিক্ষা ও দীক্ষা= দ্বন্দ্ব। ৩৷৪ বানান : শ্ + ই + ক্ + ষ্ + আ + দ্ + ঈ + ক্ + ষ্ + আ। বি.দ্র. : ক্ + ষ্ + আ = ক্ষা। দ্ + ঈ= দী।

শিক্ষাধীন : শিক্ষানবিস। বিণ। তৎসম। শিক্ষা [শিক্ষ্ + অ + আ] + অধীন [অধি + ইন]। ৬।১ [সন্ধি] আ + অ= আ [ক্ষা]। ২।১।গ ই + ই= ঈ [ধী]। ২।২।ক বানান : শ্ + ই + ক্ + ষ্ + আ + ধ্ + ঈ + ন্ + অ। বানান : ক্ + ষ্ + আ = ক্ষা, ধ্ + ঈ= ধী।

শিক্ষানবিস [শ] : শিক্ষার্থী। বি। মিশ্র। [তৎসম + বিদেশী]। সং. শিক্ষা [শিক্ষ্ + অ + আ] + ফা. নবীস্, নবীশ্। বাংলা বানান : শ্ + ই +ক্ + ষ্ + আ + ন্ + অ + ব্ + ই + স্। বি.দ্র. : ক্ + ষ্ + আ= ক্ষা, শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত। ব্ + ই, ব্ + ঈ [=বী] এবং 'স' ও 'শ'— দু'রকম বানানই প্রচলিত।

শিক্ষাপ্রদ : নীতিমূলক। বিণ। তৎসম। শিক্ষা [শিক্ষ্ + অ + আ] + প্রদ [প্র + দা + অ]। ৬।১ যা শিক্ষা প্রদান করে = উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + ই + ক্ + ষ্ + আ + প্ + র্ + অ + দ্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + আ = ক্ষা, প্ + র্ + অ = প্র।

শিক্ষামূলক : শিক্ষাবিষয়ক। বিণ। তৎসম। শিক্ষা [শিক্ষ্ + অ + আ] + মূলক [মূল +ক]। ৬।১, ৬।২ শিক্ষা মূল যার= বহুব্রী। ৩।৫ বানান : শ্ + ই + ক্ + ষ্ + আ + ম্ + ঊ + ল্ + অ + ক্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + আ= ক্ষা, ম্ + ঊ= মূ।

শিক্ষিকা : শিক্ষাদাত্রী। বি। তৎসম। শিক্ষ্ + ণিচ্ + ইক [<অক] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ শিক্ষা দেন যিনি [স্ত্রী] । বানান : শ্ + ই + ক্ + ষ্ + ই + ক্ + আ। বি.দ্র. : ক্ + ষ্ + ই= ক্ষি।

শিক্ষিত : শিক্ষাপ্রাপ্ত। বিণ। তৎসম। শিক্ষ্ + ত। ৬।১ বানান : শ্ + ই + ক্ + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + ই= ক্ষি।

শিক্ষিতা : শিক্ষাপ্রাপ্তা। বিণ। তৎসম। শিক্ষিত [শিক্ষ্ + ত] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : শ্ + ই + ক্ + ষ্ + ই + ত্ + আ। বি.দ্র. : ক্ + ষ্ + ই= ক্ষি।

শিখ : শিখ ধর্মাবলম্বী। জাতি। বি। তদ্ভব। <সং. শিষ্য। ষ > খ। বানান : শ্ + ই + খ্। বি.দ্র. : শব্দান্তের 'খ' হসন্ত-বর্জিত।

শিখণ্ড, শিখণ্ডক : ময়ূর-পাখা। বি। তৎসম। শিখিন্ [শিখা + ইন্] + অণ্ড [অম্ + ড], + ক। ৬।২, ৬।১ বানান : শ্ + ই + খ্ + অ + ণ্ + ড্ + অ, + ক্ + অ। বি.দ্র. : ণ্ + ড্ + অ = ণ্ড, 'ড'-এর ঠিক আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক 'অম্' ধাতুর এক অর্থ : গমন করা। যার দ্বারা শিখী [ময়ূর] গমন করতে পারে। তাই শিখণ্ড বা শিখণ্ডক= ময়ূরের পাখা।

শিখণ্ডিক : মোরগ। বি। তৎসম। শিখণ্ড ['শিখণ্ড' দ্রষ্টব্য] + ইক। ৬।২ বানান : শ্ + ই + খ + অ + ণ্ + ড্ + ই + ক্ + অ। বি.দ্র. : ণ্ + ড্ + ই= ণ্ডি। 'ড'-এর ঠিক আগে 'ণ্' হয়েছে। [ময়ূর ও মোরগ সমগোত্রজ। তাই 'শিখণ্ডিক'। তাই 'মোরঙ্গী [মোর <ময়ূর) - পিচ্ছ পরহিণ শবরী'–চর্যাপদ]

শিখণ্ডিনী : ময়ূরী। বি। তৎসম। শিখণ্ড [ময়ূরের পাখা] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।খ বানান : শ্ + ই + খ্ + অ + ণ্ + ড্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : ণ্ + ড্ + ই= ণ্ডি। 'ড'-এর ঠিক আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক শব্দটি 'ইন্' + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই ণ্ড +ই= ণ্ডি, ন্ + ঈ = নী।

শিখণ্ডী : ময়ূর, দ্রুপদরাজের পুত্র। বি। তৎসম। শিখণ্ড + ইন্ [ঈ]। ৬।২ বানান : শ্ + ই + খ্ + অ + ণ্ + ড্ + ঈ। বি.দ্র. : ণ্ + ড্ + ঈ= ণ্ডী। 'ড'-এর ঠিক আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শিখর : চূড়া। বি। তৎসম। শিখা + র। ৬।২ বানান : শ্ + ই + খ্ + অ + র্ + অ।

শিখরিণী : উত্তমা স্ত্রী, শিখরযুক্তা। বিণ। তৎসম। শিখর ['শিখর' দ্রষ্টব্য] + ইন্ + ঈ। ৬।২ বানান : শ্ + ই + খ্ + অ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

শিখরী : পর্বত। বি। তৎসম। শিখর ['শিখর' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।২ বানান : শ্ + ই + খ্ + অ + র্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শিখা : শিক্ষা করা। ক্রি। তদ্ভব। শিখ্ [<সং. শিক্ষ্] + বাং. আ। ৬।৩ বানান : শ্ + ই + খ্ + আ।

শিখা : চূড়া, টিকি, আগুনের শিষ। বি। তৎসম। শী + খ + আ। শী > শি। ৬।১ বানান : শ্ + ই + খ্ + আ।

শিখান, শিখানো : জ্ঞানদান করা। ক্রি। তদ্ভব। শিখ্ [<সং. শিক্ষ্] + বাং. আন, আনো। ৬।৩ বানান : শ্ + ই + খ্ + আ + ন্ + অ, ও।

শিখিধ্বজ : কার্তিকেয়। বি। তৎসম। শিখী [শিখা + ইন্] + ধ্বজ [ধ্বজ্ + অ]। ৬।১ শিখী [ময়ূর] ধ্বজায় যার = বহুব্রী। ৩।৫ বানান : শ্ + ই + খ্ + ই + ধ্ + ব্ + অ + জ্ + অ। বি.দ্র. : ধ্ + ব্ + অ = ধ্ব। 'ইন্'-প্রত্যয়ান্ত 'শিখী' শব্দ 'ধ্বজ্' শব্দের সঙ্গে সমাসবদ্ধ হওয়ায় 'ইন্' প্রত্যয়ের 'ই'-র প্রত্যাবর্তন ঘটেছে।

শিখিনী : ময়ূরী। বি। তৎসম। শিখা + ইন্ + ঈ। ৬।২ বানান : শ্ + ই + খ্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : ইন্ + ঈ = ইনী-প্রত্যয়ান্ত শব্দে আগে 'ই' পরে 'ঈ'।

শিখিবাহন : কার্তিকেয়। বি। তৎসম। শিখী [শিখিন্] + বাহন [বহ্ + ণিচ্ + অন] । ৬।১ শিখী বাহন যাঁর = বহুব্রী। ৩।৫ বানান : শ্ + ই + খ্ + ই + ব্ + আ + হ্ + অ + ন্ + অ। বি. দ্র. : 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত 'শিখী' বাহন এর সঙ্গে সমাসবদ্ধ হওয়ায় 'ইন্'-প্রত্যয়ের 'ই'-র প্রত্যাবর্তন ঘটেছে।

শিখী : ময়ূর। বি। তৎসম। শিখা + ইন্ [ঈ]। ৬।২ বানান : শ্ + ই + খ্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শিগ্‌গির : শীঘ্র। ক্রি-বিণ। অর্ধ-তৎ। সং. শীঘ্র। বানান : শ্ + ই + গ্ + গ্ + ই + র্। বি.দ্র. : শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

শিঙা, শিঙ্গা, শিঙে : শৃঙ্গ-নির্মিত বাঁশী। বি। তদ্ভব। >সং. শৃঙ্গ। বানান : শ্ + ই + ঙ্ [গ্] + আ, এ। বি.দ্র. : ঙ্ + গ্ + আ = ঙ্গা।

শিঙাদার: শিঙাবাদক। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। শিঙ্ [<সং. শৃঙ্গ] + বাং. আ + ফা. দার। বানান : শ্ + ই + ঙ্ + আ + দ্ + আ + র্। বি.দ্র. : শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

শিঙাফোঁকা : মারা যাওয়া। ক্রি। তদ্ভব। শিঙ্ [<সং. শৃঙ্গ] + বাং. আ + ফোঁকা [<ফুঁকা <সং. ফুৎকার]।

শিঙাড়া, শিঙ্গাড়া : পানিফল, পুর-দেওয়া তেকোনা ঘৃত বা তৈল-পক্ব খাবার। বি। তদ্ভব। >সং. শৃঙ্গাটক। বানান : শ্ + ই + ঙ্ [গ্] + আ + ড়্ + আ। বি.দ্র. : ঙ্ + আ = ঙা, ঙ্ + গ্ + আ = ঙ্গা।

শিঙ্গার : নায়ক-নায়িকার মিলন-সাজ। বি। তৎসম। <সং. শৃঙ্গার। বানান : শ্ + ই + ঙ্ + গ্ + আ + র্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + আ = ঙ্গা।

শিঙি, শিঙ্গি : মাগুর জাতীয় মাছ। বি। তদ্ভব। <সং. শৃঙ্গী। বানান : শ্ + ই + ঙ্ [গ্] + ই। বি.দ্র. : ঙ্ + ই = ঙি, ঙ্ + গ্ + ই = ঙ্গি।

শিঞ্জন : নূপুর বা অলংকারের ধ্বনি। বি। তৎসম। শিঞ্জ্ + অন। ৬।১ বানান : শ্ + ই + ঞ্

+ জ্ + অ + ন্ + অ। বি.দ্র. : ঞ্ + জ্ + অ = ঞ্জ।

শিঞ্জিত : ধ্বনিত। বিণ। তৎসম। শিঞ্জা [অলংকার ধ্বনি] + ইত [ইতচ্]। ৬।২ বানান : শ্ + ই + ঞ্ + জ্ + ই + ত্ + অ। বি.দ্র. : ঞ্ + জ্ + ই = ঞ্জি।

শিঞ্জিনী : নূপুর। বি। তৎসম। শিঞ্জ্ + ইন্ + ঈ। ৬।১, ৭।১।চ বানান : শ্ + ই + ঞ্ + জ্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : ঞ্ + জ্ + ই = ঞ্জি, শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই' এবং পরে 'ঈ'-কার। ন্ + ঈ = নী।

শিটা, শিঠা : কাইট। বি। তদ্ভব। <সং. শিষ্ট [অবশিষ্ট]। বানান : শ্ + ই + ট্ [ঠ্] + আ। বি.দ্র. : শ্ + ই = শি, ট্ + আ = টা, ঠ্ + আ = ঠা।

শিটি, সিটি : শিস। বি। দেশী। বানান : শ্ [স্] + ই + ট্ + ই। শ্ + ই = শি, স্ + ই = সি, ট্ + ই = টি।

শিটে : কাইট। বি। তদ্ভব। <সং. শিষ্ট [অবশিষ্ট]। বানান : শ্ + ই + ট্ + এ [আ]। বি.দ্র. : শ্ +ই = শি, ট্ + এ = টে।

শিতান, শিথান : শিয়র দেশ। বি। তদ্ভব। < সং. শিরস্থান। বানান : শ্ + ই + ত্ [থ্] + আ + ন্ + অ। বি.দ্র. : শ্ + ই = শি, ত্ + আ = তা, থ্ + আ = থা।

শিতি : শুক্ল, কৃষ্ণ বা নীল। বি। তৎসম। শৎ [অ=ই] + ই। ৬।১ বানান : শ্ + ই + ত্ + ই। বি.দ্র. : শ্ + ই = শি, ত্ + ই= তি।

শিতিকণ্ঠ : শিব, ময়ূর। বি। তৎসম। শিতি ['শিতি' দ্রষ্টব্য] + কণ্ঠ [কণ্ + ঠ]। ৬।১ শিতি [সাদা বা নীল] কণ্ঠ যার = বহুব্রী। ৩।৫ বানান : শ্ + ই + ত্ + ই + ক্ + অ + ণ্ + ঠ্ + অ। বি.দ্র. : ণ্ + ঠ্ + অ = ণ্ঠ। 'ঠ'-এর ঠিক আগে 'ণ্' হয়েছে।

শিথিল : ঢিলা। বিণ। তৎসম। শ্লথ্ + ইর [র=ল]। ৬।১ বানান : শ্ + ই + থ্ + ই + ল্ + অ।

শিথিলতা : ঢিলাভাব। বি। তৎসম। শিথিল ['শিথিল' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : শ্ + ই + থ্ + ই + ল্ + অ + ত্ + আ।

শিন্নি, শিরনি : সত্যনারায়ণের ভোগ। বি। বিদেশী। < ফা. শীরীনী। বাংলা বানান : শ্ + ই + ন্ + ন্ + ই, শ্ + ই + র্ + ন্ + ই। বি.দ্র. : শব্দের মধ্যবর্তী 'র' হসন্ত-বর্জিত।

শিপ্রা : উজ্জয়িনীর পার্শ্বপ্রবাহিনী নদী। বি। তৎসম। < সং. ক্ষিপ্রা [?]। বানান : শ্ + ই + প্ + র্ + আ। বি.দ্র. : প্ + র্ + আ = প্রা।

শিব : কল্যাণ, মহাদেব। বি। তৎসম। শিব + অ। ৬।২ বানান : শ্ + ই + ব্ + অ।

শিব-চতুর্দশী : ফাল্গুন মাসের কৃষ্ণাচতুর্দশী। বি। তৎসম। শিব + চতুর্দশী [চতুর্ (ঃ] + দশ + ঈ (স্ত্রী)] ৬।২, ৭।১।গ [সন্ধি] ঃ [র্] + দ্ =র্দ। বানান : শ্ + ই + ব্ + অ + চ্ + অ + ত্ + উ + র্ + দ্ + অ + শ্ + ঈ। বি.দ্র. : র্ + দ্ + অ = র্দ, শ্ + ঈ = শী।

শিবজ্ঞান : শিবধারণা। বি। তৎসম। শিব + জ্ঞান [জ্ঞা + অন]। ৬।১ শিব রূপে-জ্ঞান বা শিব-সম্পর্কিত জ্ঞান = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : শ্ + ই + ব্ + অ + জ্ + ঞ্ + আ + ন্ + অ। বি.দ্র. : জ্ + ঞ্ + আ = জ্ঞা।

শিবত্ব : শিবপদ। বি। তৎসম। শিব + ত্ব। ৬।২ বানান : শ্ + ই + ব্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র. : ত্ + ব্ + অ = ত্ব।

শিবত্ব-প্রাপ্তি : মৃত্যু। বি। তৎসম। শিবত্ব [শিব + ত্ব] + প্রাপ্তি [প্র + আপ্ + তি]। ৬।১ শিবত্বকে প্রাপ্তি = কর্মতৎ। ৩।৩ বানান : শ্ + ই + ব্ + অ + ত্ + ব্ + অ + প্ + র্ +

আ + প্ + ত্ + ই। বি.দ্র. : ত্ + ব্ + অ = ত্ব। প্ + র্ + আ = প্রা, প্ + ত্ + ই = প্তি।

শিবনেত্র : ঊর্ধ্বনেত্র। বি। তৎসম। শিব + নেত্র [নী + ত্র]। ৬।১ শিবের নেত্রের [চোখের] ন্যায় নেত্র [চোখ] = উপমিতকর্মধা। ৩।২ বানান : শ্ +.ই + ব্ + অ + ন্ + এ + ত্ + র্ + অ। বি.দ্র. : ত্ + র্ + অ = ত্র।

শিবপুরী : শিবধাম। বি। তৎসম। শিব + পুরী [পুর্ (পৃ + ক্বিপ্ + ঈ)]। ৬।১ শিবের পুরী = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ই + ব্ + অ + প্ + উ + র্ + ঈ। বি. দ্র,: প্ + উ = পু, র্ + ঈ [স্ত্রী] = রী।

শিবপ্রিয়া : দুর্গা। বি। তৎসম। শিব + প্রিয়া [প্রী + অ + আ [স্ত্রী]। ৬।১ শিবের প্রিয়া [পত্নী] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ই + ব্ + অ + প্ + র্ + ই + য় + আ। বি.দ্র. : প্ + র্ + ই = প্রি।

শিববাহন : বৃষ। বি। তৎসম। শিব + বাহন [বহ্ + ণিচ্ + অন]। ৬।১ শিবের বাহন [বৃষ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ই + ব্ + অ + ব্ + আ + হ্ + অ + ন্ + অ।

শিবরাত্রি : শিব চতুর্দশীর রাত্রির। বি। তৎসম। শিব + রাত্রি [রা + ত্রি]। ৬।১ শিব পূজার নিমিত্ত নির্দিষ্ট রাত্রি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : শ্ + ই + ব্ + অ + র্ + আ + ত্ + র্ + ই। বি.দ্র. : ত্ + র্ + ই = ত্রি।

শিবলিঙ্গ : শিবের লিঙ্গমূর্তি। বি। তৎসম। শিব + লিঙ্গ [লিঙ্গ + অ]। ৬।১ শিবের লিঙ্গ [চিহ্ন, মূর্তি প্রতীক] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ই + ব্ + অ + ল্ + ই + ঙ্ + গ্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ = ঙ্গ।

শিবলোক : শিবধাম। বি। তৎসম। শিব + লোক [লোক্ + অ]। ৬।১ শিবের লোক [ধাম, বিরাজ স্থান] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ই + ব্ + অ + ল্ + ও + ক্ + অ।

শিবা : দুর্গা। বি। তৎসম। শিব + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : শ্ + ই + ব্ + আ। শিব = কল্যাণ, শিবা = কল্যাণকারিণী।

শিবানী : দুর্গা। বি। তৎসম। শিব + আনী [স্ত্রী]। ৭।১।ঙ বানান : শ্ + ই + ব্ + আ + ন্ + ঈ।

শিবালয় : শিবমন্দির। বি। তৎসম। শিব + আলয় [আ + লী + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [বা]। ২।১।খ শিবের আলয় = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ই + ব্ + আ + ল্ + অ + য় + অ।

শিবিকা : পালকি। বি। তৎসম। শিবি [শিব্ + ই (ণিচ্)] + অক + আ [স্ত্রী]। ৬।১ শিব = মঙ্গল, সেই অর্থে মঙ্গলকারিকা। বানান : শ্ + ই + ব্ + ই + ক্ + আ।

শিবির : ছাউনি। বি। তৎসম। শী [শয়ন করা] + ইর বা শিব + ইব। ৬।১ শয়নের [বিশ্রামের] স্থান। বানান : শ্ + ই + ব্ + ই + র্ +অ।

শিম : শিম্ব। বি। তদ্ভব। < সং, শিম্ব। বানান : শ্ + ই + ম্। বি.দ্র. : শব্দান্তের 'ম্' হসন্ত-বর্জিত।

শিমুল : তুলার গাছ। বি। তদ্ভব। < সং. শাল্মলী। বানান : শ্ + ই + ম্ + উ + ল্ + অ।

শিম্ব : শিম। বি। তৎসম। শম্ + ব। ['ই'-আগম] ৬।১ বানান : শ্ + ই + ম্ + ব্ + অ। বি.দ্র. : ম্ + ব্ + অ = ম্ব।

শিম্বা : শিম। বি। তৎসম। শম্ + ব্ + আ [স্ত্রী]-'ই' আগম। ৬।১, ৭।১।ক বানান : শ্ + ই + ম্ + ব্ + আ। বি.দ্র. : ম্ + ব্ + আ = ম্বা।

শিম্বি : শিম। বি। তৎসম। শম্ + ব্ + ই। 'ই' আগম। ৬।১ বানান : শ্ + ই + ম্ + ব্ + ই। বি.দ্র. : ম্ + ব্ + ই = ম্বি।

শিম্বিকা : শিম। বি। তৎসম। শম্ + ব্ + ইক + আ [স্ত্রী]-'ই'র আগম। ৬।১, ৭।১।খ বানান :

শ্ + ই + ম্ + ব্ + ই + ক্ + আ। বি.দ্র.: ম্ + ব্ + ই = শ্বি।

শিশ্বী: শিম। বি। তৎসম। শম্ + ব্ + ঈ— 'ই' আগম। ৬।১ বানান: শ্ + ই + ম্ + ব্ + ঈ। বি.দ্র.: ম্ + ব্ + ঈ = শ্বী।

শিয়র: শয়নকারীর মাথার দিক। বি। তদ্ভব। < সং. শয্যা [শী + য (যৎ) + আ]। বানান: শ্ + ই + য়্ + অ + র্ + অ।

শিয়া: মুসলমান সম্প্রদায়। বি। বিদেশী। < আ. শিঅহ্। বাংলা বানান: শ্ + ই + য়্ + আ।

শিয়াকুল: কুল-জাতীয় বুনো কাঁটা-গাছ। বি। তদ্ভব। < সং. শৃগালকোলি। বানান: শ্ + ই + য়্ + আ + ক্ + উ + ল্ + অ।

শিয়াল: শৃগাল। বি। তদ্ভব। < সং. শৃগাল। বানান: শ্ + ই + য়্ + আ + ল্ + অ।

শিয়ালকাঁটা: এক প্রকার বুনো কাঁটা গাছ। বি। তদ্ভব। শিয়াল [< সং. শৃগাল] + কাঁটা [সং. কণ্টক]। বানান: শ্ + ই + য়্ + আ + ল্ + ক্ + আঁ + ট্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ল' হসন্ত-বর্জিত।

শিয়ালপণ্ডিত: মূর্খ, কিন্তু পণ্ডিতবেশে অতি ধূর্ত ব্যক্তি। বি। তদ্ভব। শিয়াল [< সং. শৃগাল] + পণ্ডিত [পণ্ডা + ইত]। ৬।২ শিয়ালের ন্যায় পণ্ডিত = উপমিতকর্মধা। ৩।২ বানান: শ্ + ই + য়্ + আ + ল্ + প্ + অ + ণ্ + ড্ + ই + ত্ + অ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ল' হসন্ত-বর্জিত।

শিয়াল-ফাঁকি: মৃতের ভান করে মৃত্যু এড়ান। বি। তদ্ভব। শিয়াল < [সং. শৃগাল] + ফাঁকি [< সং. ফক্কিকা]। শিয়ালের মতো ফাঁকি = উপমান-কর্মধা। ৩।২ বানান: শ্ + ই + য়্ + আ + ল্ + ফ্ + আঁ + ক্ + ই।

শির: রগ [সং. শিরা] মাথা। বি। তদ্ভব। < সং. শিরা [রক্তবাহী শিরা]। বানান: শ্ + ই + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

শির: মাথা। বি। তৎসম। শ্রি + অস্ [ঃ]। ৬।১ বানান: শ্ + ই + র্ + অ + ঃ।

শিরঃপীড়া: মাথার যন্ত্রণা। বি। তৎসম। শিরঃ [শিরঃ দ্রষ্টব্য] + পীড়া [পীড্ + অ + আ]। ঃ + প [সন্ধি হবে না।] ৬।১ শিরের পীড়া = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ই + র্ + অ + ঃ + প্ + ঈ + ড্ + আ।

শিরঃশূল: মাথার যন্ত্রণা। বি। তৎসম। শিরঃ ['শিরঃ' দ্রষ্টব্য] + শূল [শূল্ + অ]। ৬।১ ঃ + শ [সন্ধি হবে না]। শিরের শূল [যন্ত্রণা] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ই + র্ + অ + ঃ + শ্ + ঊ + ল্ + অ।

শিরদাঁড়া: মেরুদণ্ড [শিরস্ + দণ্ড]। বি। তদ্ভব। শিরঃ ['শিরঃ' দ্রষ্টব্য] + দাঁড়া [< সং. দণ্ড]। 'ঃ' লুপ্ত। বানান: শ্ + ই + র্ + অ + দ্ + অ + ড্ + আ।

শিরনামা, শিরোনামা: পত্রশীর্ষের নাম-ঠিকানা, রচনার নাম। বি। বিদেশী। < ফা. সর্‌নামহ্। বাংলা বানান: শ্ + ই + র্ + অ + ন্ + আ + ম্ + আ।

শিরপেচ: পাগড়ি। বি। বিদেশী। < ফা. সর্‌পেচ। বাংলা বানান: শ্ + ই + র্ + প্ + এ + চ্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' এবং শব্দান্তের 'চ' হসন্ত-বর্জিত।

শিরশির: শিহরণের ভাব দ্যোতক। অব্য। দেশী। বানান্: শ্ + ই + র্ + শ্ + ই + র্। বি.দ্র.: শব্দ-মধ্যের ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

শিরশ্ছেদ, শিরশ্ছেদন: মস্তকচ্ছেদন। বি। তৎসম। শিরঃ ['শিরঃ' দ্রষ্টব্য] + ছেদ [ছিদ্ + অ]। ৬।১ [সন্ধি] ঃ + ঃছে= চ্ছে। ২।৩৪ বানান: শ্ + ই + র্ + অ + শ্ + ছ্ + এ + দ্ + অ। বি.দ্র.: শ্ + ছ্ + এ = শ্ছে।

শিরসিজ: মাথার চুল। বি। তৎসম। শিরসি ['শিরস্' শব্দের অধিকরণ একবচন] + জ [জন্ + অ]। ৬।১ শিরে [মাথায়] জন্মে যা [চুল] = উপপদতৎ [অলুক্]। ৩।৩ বানান: শ্ + ই

+ র্ + অ + স্ + ই + জ্ + অ।

শিরস্ক : পাগড়ি বা মাথার বর্ম। বি। তৎসম। শিরঃ ['শিরঃ' দ্রষ্টব্য] + ক। ৬৷২ [সন্ধি] : + ক = স্ক। ২৷৩৭ বানান: শ্ + ই + র্ + অ + স্ + ক্ + অ। বি.দ্র.: স্ + ক্ + অ = স্ক।

শিরস্ত্র, শিরস্ত্রাণ : পাগড়ি বা মাথার বর্ম। বি। তৎসম। শিরঃ ['শিরঃ' দ্রষ্টব্য] + ত্র, ত্রাণ [ত্রৈ + অ, অন]। ৬৷১ [সন্ধি] ঃ + ত্র, ত্রা = স্ত্র, স্ত্রা। ২৷৩৬ শিরকে [মাথাকে] ত্রাণ করে যে = উপপদতৎ। ৩৷৩ বানান: শ্ + ই + র্ + অ + স্ + ত্ + র্ + আ + ণ্ + অ। বি.দ্র.: স্ + ত্ + র্ + আ = স্ত্রা।

শিরা : ধমনী। বি। তৎসম। শৃ + অ + আ। ৬৷১ বানান: শ্ + ই + র্ + আ।

শিরাল : শিরাবহুল। বি। তদ্ভব। শিরা ['শিরা' দ্রষ্টব্য] + ল। ৬৷২ বানান: শ্ + ই + র্ + আ + ল্ + অ।

শিরিস : আঠা। বি। বিদেশী। < ফা. সিরীশ্, সিরেস্। বাংলা বানান: শ্ + ই + র্ + ই + স্। বি.দ্র.: শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত।

শিরীষ : বৃক্ষবিশেষ। বি। তৎসম। শৃ + ঈষ। ৬৷১ বানান: শ্ + ই + র্ + ঈ + ষ্ + অ। বি.দ্র.: 'ঈ'-র পর 'ষ' হয়েছে। ৪৷২৷ক শ্ + ই= শি, র্ + ঈ= রী।

শিরোদেশ : মাথা। বি। তৎসম। শিরস্ [ঃ] + দেশ [দিশ্ + অ]। ৬৷১ [সন্ধি] ঃ+দে= ওদে [শিরোদেশ]। ২৷৩৯ শিরের দেশ [স্থান]= সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: শ্ + ই + র্ + ও + দ্ + এ + শ্ + অ।

শিরোধার্য : মস্তকে ধারণীয়। বিণ। তৎসম। শিরস্ [ঃ] + ধার্য [ধৃ + য (ণ্যৎ)]। ৬৷১ [সন্ধি] ইঃ + ধা= ওধা। ২৷৩৯ শিরে ধার্য [ধারণীয়] = অধিকরণতৎ। ৩৷৩ বানান: শ্ + ই + র্ + ও + ধ্ + আ + র্ + য্ + অ।

শিরোপা : পারিতোষিক-রূপে প্রদত্ত উষ্ণীষ। বি। বিদেশী। < ফা. সর্ -ও - পা। বাংলা বানান: শ্ + ই + র্ + ও + প্ + আ। বি.দ্র.: র্ + ও= রো।

শিরোমণি : সংস্কৃত পণ্ডিতের উপাধি। বি। তৎসম। শিরস্ [ঃ] + মণি [মণ্ + ই] ৬৷১ [সন্ধি] ঃ + ম= ওম [শিরোমণি]। ২৷৩৯ শিরের মণি [তুল্য]= সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: শ্ + ই + র্ + ও + ম্ + অ + ণ্ + ই। বি.দ্র.: 'মণি'-র 'ণ' স্বাভাবিক 'ণ'। ৪৷১৷ছ

শিরোরত্ন : সংস্কৃত পণ্ডিতের উপাধি। বি। তৎসম। শিরস্ [ঃ] + রত্ন= ওর [শিরোরত্ন]। ২৷৩৯ শিরের রত্ন= সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: শ্ + ই + র্ + ও + র্ + অ + ত্ + ন্ + অ। বি.দ্র.: ত্ + ন্ + অ= ত্ন।

শিরোরুহ : মাথার চুল। বি। তৎসম। শিরস্ [ঃ] + রুহ [রুহ্ + অ]। ৬৷১ [সন্ধি] ঃ + রু= ওরু [শিরোরুহ]। ২৷৩৯ শিরে আরোহণ করে উৎপন্ন হয় যা= উপপদতৎ। ৩৷৩ বানান: শ্ + ই + র্ + ও + র্ + উ + হ্ + অ।

শিরোরোগ : মাথার যন্ত্রণা। বি। তৎসম। শিরস্ [ঃ] + রোগ [রুজ্ + অ]। ৬৷১ [সন্ধি] ঃ + রো= ওরো [শিরোরোগ] শিরের [মাথার] রোগ= সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: শ্ + ই + র্ + ও + র্ + ও + গ্ + অ।

শিল : মসলা ইত্যাদি বাটবার প্রস্তর-ফলক। বি। তদ্ভব। < সং. শিলা। বানান: শ্ + ই + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

শিলমোহর : সীলমোহর। বি। বিদেশী। < ইং. seal + ফা. মোহর্। বাংলা বানান: শ্ + ই + ল্ + ম্ + ও + হ্ + অ + র্। বি.দ্র.: শব্দ মধ্যের 'ল' ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

শিলা : পাথর। বি। তৎসম। শিল্ + অ + আ। ৬৷১ বানান: শ্ + ই + ল্ + আ।

শিলাজতু : পার্বত্য উপধাতু, প্রস্তরীভূত জান্তব

পদার্থ। বি। অম্বুব। < শিলাজন্তু। বানান: শ্ + ই + ল্ + আ + জ্ + অ + তৃ + উ।

শিলাপট্ট: বাটনা বাটবার শিল। বি। তৎসম। শিলা [শিল্ + অ + আ] + পট্ট [পট্ + ত]। ৬।১ শিলার [পাথরের] পট্ট [পাটা]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ই + ল্ + আ + প্ + অ + ট্ + ট্ + অ। বি.দ্র.: ট্ + ট্ + অ= ট্ট।

শিলাবৃষ্টি: করকাপাত। বি। তৎসম। শিলা [শিল্ + অ + আ] + বৃষ্টি [বৃষ্ + তি]। ৬।১ শিলা [তুষার]-ময় বৃষ্টি [পাত]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + ই + ল্ + আ + ব্ + ঋ + ষ্ + ট্ + ই। বি.দ্র.: ব্ + ঋ= বৃ, ষ্ + ট্ + ই= ষ্টি। 'ঋ'-এর পর ও 'ষ'-এর আগে 'ট্' হয়েছে। ৪।২।ঙ

শিলাময়: পাথরে তৈরী। বিণ। তৎসম। শিলা [শিল্ + অ + আ] + ময় [ময়ট্]। ৬।১ ৬।২ শিলার দ্বারা ময় [পূর্ণ]= করণতৎ। ৩।৩ বানান: শ্ + ই + ল্ + আ + ম্ + অ + য্ + অ।

শিলালিপি: পাষাণে খোদিত লেখন। বি। তৎসম। শিলা [শিল্ + অ + আ] + লিপি [লিপ্ + ই]। ৬।১ শিলায় [পাথরে] খোদিত লিপি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + ই + ল্ + আ + ল্ + ই + প্ + ই।

শিলীন্ধ্র: কলার মোচা, ছত্রাক, গোবরাট। বি। তৎসম। শিলী + ধৃ + অ। ৬।১ বানান: শ্ + ই + ল্ + ঈ + ন্ + ধ্ + র্ + অ। বি.দ্র.: ন্ + ধ্ + র্ + অ= ন্ধ্র।

শিলীন্ধ্রা: মৃত্তিকা, কলা। বি। তৎসম। শিলী + ধৃ + অ + আ [স্ত্রী]। ৬।১ বানান: শ্ + ই + ল্ + ঈ + ন্ + ধ্ + র্ + আ।

শিলীন্ধ্রী: ভেকী। বি। তৎসম। শিলী + ধৃ + অ + ঈ [স্ত্রী]। ৬।১ বানান: শ্ + ই + ল্ + ঈ + ন্ + ধ্ + র্ + ঈ।

শিলীপদ: শ্লীপদ। [সং. শিলী (= স্তম্ভশীর্ষ) + পদ]। বি। তৎসম। শিলী [থামের মাথা] + পদ [পদ্ + অ]। ৬।১ শিলীর [থামের মাথার] মতো পদ [পা]= উপমিত-কর্মধা। ৩।২ বানান: শ্ + ই + ল্ + ঈ + প্ + অ + দ্ + অ।

শিলীভূত: পাথরে পরিণত। বি। তৎসম। শিলা + ঈ (অভূততদ্ভাবে) + ভূত + ভূত [ভূ+ত]। ৬।১ বানান: শ্ + ই + ল্ + ঈ + ভ্ + ঊ + ত্ + অ। বি.দ্র.: ল্ + ঈ= লী, ভ্ + ঊ= ভূ।

শিলীমুখ: ভ্রমর বা মৌমাছি [সং. শিলী (শল্য) + মুখ]। বি। তৎসম। সং. শিলী [< শল্য] + মুখ। শিলীর [শল্যের] মতো মুখ যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + ই + ল্ + ঈ + ম্ + উ + খ্ + অ। বি.দ্র.: ল্ + ঈ= লী।

শিলোঞ্ছ: ক্ষেতের ঝরে-পড়া শস্যকণায় জীবনধারণ। বি। তৎসম। শিল [শিল্ + অ] + উঞ্ছ [উঞ্ছ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [লো]। ২।৫।ক শিল [ধানের মঞ্জরী চয়ন] ও উঞ্ছ [পতিত ধান সংগ্রহ] = দ্বন্দ্ব। ৩।৪ বানান: শ্ + ই + ল্ + ও + ঞ্ + ছ্ + অ। বি.দ্র.: ল্ + ও= লো, ঞ্ + ছ্ + অ= ঞ্ছ।

শিল্প: চারুকলা [সং.]। বি। তৎসম। শিল্প [শীল্ + প (ঈ= ই)]। ৬।১ [শীলের] অন্তর-প্রবৃত্তির দ্বারা সৃষ্টি। বানান: শ্ + ই + ল্ + প্ + অ। বি.দ্র.: ল্ + প্ + অ= ল্প।

শিল্পকলা: শিল্পবিদ্যা। বি। তৎসম। শিল্প [শীল্ + প (ঈ=ই)] + কলা [কল্ + অ + আ]। ৬।১ শিল্প শীলের অন্তর প্রবৃত্তির দ্বারা সৃষ্ট] যে কলা [কৃতি]= কর্মধা। ৩।২

শিল্পকার: শিল্পী। বি। তৎসম। শিল্প [শীল্ + প (ঈ= ই)] + কার [কৃ + অ]। ৬।১ শীলের [অন্তর-প্রবৃত্তির দ্বারা সৃষ্টির] কার [স্রষ্টা]=

সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ই + ল্ + প্ + অ + ক্ + আ + র্ + অ।

শিল্পকৌশল: শিল্পদ্রব্যাদি নির্মাণে দক্ষতা। বি। তৎসম। শিল্প [শীল্ + প (ঈ= ই)] + কৌশল [কুশল + ল]। ৬।১ শিল্পের ['শিল্প' দ্রষ্টব্য] কৌশল= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ই + ল্ + প্ + অ + ক্ + ঔ + শ্ + অ + ল্ + অ। বি.দ্র.: ল্ + প্ + অ= ল্প।

শিল্পবিদ্যালয়: শিল্পকর্ম শিক্ষার বিদ্যালয়। বি। তৎসম। শিল্প [শীল্ + প (ঈ= ই)] + বিদ্যালয় [বিদ্যা (বিদ্ + য্ + আ) + আলয় (আ + লী + অ)] ৬।১ [সন্ধি] আ + আ= আ [দ্যা]। ২।১।ঘ ['শিল্প' দ্রষ্টব্য] শিক্ষার বিদ্যালয়= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + ই + ল্ + প্ + অ + ব্ + ই + দ্ + য্ + আ + ল্ + অ + য্ + অ।

শিল্পরূপায়ণ: শিল্পরূপদান। বি। তৎসম। (শীল্ + প (ঈ= ই)] + রূপায়ণ] রূপ্ + অয়ন [অয্ + অন বা ই + অন]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [পা]। ২।১।ক শিল্পের রূপায়ণ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ই + ল্ + প্ + অ + র্ + ঊ + প্ + আ + য্ + অ + ণ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে ঊ, প, আ, য, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শিল্পশালা: শিল্পরূপদানের স্থান। বি। তৎসম। শিল্প [শীল্ + প (ঈ= ই)] + শালা [শল্ + অ + আ]। ৬।১ শিল্পের নিমিত্ত শালা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + ই + ল্ + প্ + অ + শ + আ + ল্ + আ।

শিল্পিত: শিল্পে-রূপায়িত। বিণ। তৎসম। শিল্প [শীল্ [ঈ= ই] + প] + ইত। ৬।২ বানান: শ্ + ই + ল্ + প্ + ই + ত্ + অ।

শিল্পী: শিল্প-রূপকার। বি, বিণ। তৎসম। শিল্প [শীল্ + প (ঈ= ই)] + ইন্ (ঈ)। ৬।১, ৬।২ শিল্প-প্রতিভা আছে যার। বানান: শ্ + ই + ল্ + প্ + ঈ। বি.দ্র.: ল্ + প্ + ঈ= ল্পী। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শিশমহল: কাচের বাড়ি। বি। বিদেশী। < ফা. শীশমহল। বাংলা বানান: শ্ + ই + শ্ + ম্ + অ + হ্ + অ + ল্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'শ' ও শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

শিশা: কাচ। বি। বিদেশী। < ফা. শীসহ্। বাংলা বানান: শ্ + ই + শ্ + আ।

শিশি: কাচের ছোট বোতল [ফা. শীসহ্]। বি। বিদেশী। < ফা. শীসহ্। বাংলা বানান: শ্ + ই + শ্ + ই।

শিশির: হিম। বি। তৎসম। শশ [প্লুত বা মৃদু গমন করা বা পতিত হওয়া] + ইর। ৬।১ বানান: শ্ + ই + শ্ + ই + র্ + অ।

শিশিরধৌত: শিশিরে সিক্ত। বিণ। তৎসম। শিশির [শশ্ + ইর] + ধাব [ধোওয়া] + ত। শিশিরের দ্বারা ধৌত= করণতৎ। ৩।৩ বানান: শ্ + ই + শ্ + ই + র্ + অ + ধ্ + ঔ + ত্ + অ।

শিশিরস্নাত: শিশিরে সিক্ত। বিণ। তৎসম। শিশির ['শিশির' দ্রষ্টব্য] + স্নাত [স্না + ত]। ৬।১ শিশিরের দ্বারা স্নাত= করণতৎ। ৩।৩ বানান: শ্ + ই + শ্ + ই + র্ + অ + স্ + ন্ + আ + ত্ + অ। বি.দ্র.: স্ + ন্ + আ= স্না।

শিশু: অতি অল্পবয়স্ক বালক। বি। তৎসম। শশ্ [মৃদুপায়ে গমন করা] + উ। ৬।১ বানান: শ্ + ই + শ্ + উ। বি.দ্র.: শ্ + উ= শু।

শিশু: শিংশপা গাছ। বি। তদ্ভব। বানান: শ্ + ই + শ্ + উ।

শিশুক: শুশুক [সং.]। বি। তৎসম। শিশু + ক [সদৃশ অর্থে]। ৬।২ বানান: শ্ + ই + শ্ + উ + ক্ + অ।

শিশুকাল : শৈশব। বি। তৎসম। শিশু [শিশ্ + উ] + কাল [কল্ + ণিচ্ + অ]। ৬।১ শিশুর [শিশু অবস্থার] কাল= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ই + শ্ + উ + ক্ + আ + ল্ + অ।

শিশুত্ব : শৈশব। বি। তৎসম। শিশু [শিশ্ + উ] + ত্ব। ৬।১, ৬।২ বানান : শ্ + ই + শ্ + উ + ত্ + ব্ + অ। বি.দ্র. : ত্ + ব্ + অ= ত্ব।

শিশুপাঠ : শিশুপাঠ্য গ্রন্থ। বি। তৎসম। শিশু [শশ্ + উ] + পাঠ [পঠ্ + অ] ৬।১ শিশুর পাঠ [পাঠ্য বিষয় বা পাঠ্যগ্রন্থ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ই + শ্ + উ + প্ + আ + ঠ্ + অ।

শিশুপাল : কৃষ্ণ কর্তৃক নিহত চেদিরাজ। বি। তৎসম। বানান : শ্ + ই + শ্ + উ + প্ + আ + ল্ + অ।

শিশুপ্রকৃতি : শিশুসুলভ স্বভাববিশিষ্ট, শিশুর স্বভাব। বি। তৎসম। শিশু [শিশ্ + উ] + প্রকৃতি [প্র + কৃ + তি]। ৬।১ শিশুর প্রকৃতি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ই + শ্ + উ + প্ + র্ + অ + ক্ + ঋ + ত্ + ই।

শিশুমার : শুশুক। বি। তৎসম। বানান : শ্ + ই + শ্ + উ + ম্ + আ + র্ + অ।

শিশুসাহিত্য : শিশুদের জন্য রচিত সাহিত্য। বি। তৎসম। শিশু [শিশ্ + উ] + সাহিত্য [সহিত + য (ষ্ণ)]। ৬।১, ৬।২ শিশুদের জন্য রচিত সাহিত্য= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : শ্ + ই + শ্ + উ + স্ + আ + হ্ + ই + ত্ + য্ + অ। বি.দ্র. : ত্ + য্ + অ= ত্য।

শিশুসুলভ : শিশুর মতো। বিণ। তৎসম। শিশু [শিশ্ + উ] + সুলভ [সু + লভ্ + অ]। ৬।১ শিশুতে সুলভ= অধিকরণতৎ। ৩।৩ বানান : শ্ + ই + শ্ + উ + স্ + উ + ল্ + অ + ভ্ + অ।

শিশুস্বভাব : শিশুসুলভ স্বভাববিশিষ্ট। শিশুর স্বভাব। বিণ। তৎসম। শিশু [শিশ্ + উ] + স্বভাব [স্ব + ভাব [ভূ + অ)]। ৬।১ শিশুর স্বভাব= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ই + শ্ + উ + স্ + ব্ + অ + ভ্ + আ + ব্ + অ। বি.দ্র. : স্ + ব্ + অ= স্ব।

শিশুহৃদয় : শিশুর ন্যায় সরল হৃদয়। বি, বিণ। তৎসম। শিশু [শিশ্ + উ] + হৃদয় [হৃ + অয় ('দ' আগম)]। ৬।২ শিশুর হৃদয়= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ই + শ্ + উ + হ্ + ঋ + দ্ + অ + য় + অ। বি.দ্র. : হ্ + ঋ= হৃ।

শিশ্ন : পুরুষেন্দ্রিয়। বি। তৎসম। শশ্ [মৃদুগতিতে গমন করা) + ন। ৬।২ বানান : শ্ + ই + শ্ + ন্ + অ। বি.দ্র. : শ্ + ন্ + অ= শ্ন।

শিশ্নোদরপরায়ণ : কাম ও তার তৃপ্তিই যার একমাত্র লক্ষ্য। বিণ। তৎসম। শিশ্ন ['শিশ্ন' দ্রষ্টব্য] + উদর [উৎ + ঋ + অ] + পরায়ণ [পরা + অয়ন (অয়্ + অন)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [শ্নো]। ২।৫।ক আ + অ= আ [রা]। ২।১।গ শিশ্ন ও উদর= দ্বন্দ্ব, তার পরায়ণ [একলক্ষ্য]= সম্বন্ধতৎ। ৩।৪, ৩।৩ বানান : শ্ + ই + শ্ + ন্ + ও + দ্ + অ + ব্ + অ + প্ + অ + র্ + আ + য়্ + অ + ণ্ + অ। বি.দ্র. : শ্ + ন্ + ও= শ্নো, 'র্' ও 'ন'-এর মধ্যে আ, য় ও অ থাকায় 'ন', 'ণ' হয়েছে। ৪।১।গ

শিষ, শীষ : শস্যমঞ্জরী, প্রদীপের শিখা। বি। তদ্ভব। < সং. শীর্ষ। বানান : শ্ + ই, ঈ + ষ্ + অ। বি.দ্র. : শ্ + ই= শি, শ্ + ঈ= শী, তদ্ভব শব্দেও সংস্কৃত ণত্ব-বিধান-সম্মতভাবে 'ষ' ['ই' এবং 'ঈ'-র পর 'ষ'] রক্ষিত আছে।

শিষ্ট : ভদ্র। বিণ। তৎসম। শাস্ + ত। ৬।১ বানান : শ্ + ই + ষ্ + ট্ + অ। বি.দ্র. : ষ্ + ট্

+ অ= ষ্ট। 'ই'-র পর এবং 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

শিষ্টতা : ভদ্রতা। বি। তৎসম। শিষ্টতা [শিষ্ট (শাস্ + ত) + তা]। ৬।১, ৬।২ বানান : শ্ + ই + ষ্ + ট্ + অ + ত্ + আ। বি.দ্র. : ষ্ + ট্ + অ= ষ্ট। 'ই'-র পর এবং 'ট্'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

শিষ্টা : মার্জিতা। বি। তৎসম। শিষ্ট [শাস্ + ত] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : শ্ + ই + ষ্ + ট্ + আ। বি.দ্র. : ষ্ + ট্ + আ= ষ্টা। 'ই'-ব পর এবং 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

শিষ্টাচার : ভদ্র আচরণ। বি। তৎসম। শিষ্ট [শাস্ + ত] + আচার [আ + চর্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [ষ্টা]। ২।১।গ শিষ্ট যে আচাব= কর্মধা। ৩।২ বানান : শ্ + ই + ষ্ + ট্ + আ + চ্ + আ + র্ + অ।

শিষ্য : ছাত্র, চেলা। বি। তৎসম। শাস্ + য [যৎ)। ৬।১ যে নির্দেশ বা নির্দেশ পালনের যোগ্য। বানান : শ্ + ই + ষ্ + য্ + অ। বি.দ্র. : ষ্ + য্ + অ= ষ্য। 'ই'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

শিষ্যত্ব : শিষ্যের ভাব। বি। তৎসম। শিষ্য [শাস্ + য (যৎ)] ত্ব। ৬।১, ৬।২ বানান : শ্ + ই + ষ্ + য্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র. : ষ্ + য্ + অ= ষ্য, ত্ + ব্ + অ= ত্ব। 'ই'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

শিষ্যা : ছাত্রী। বি। তৎসম। শিষ্য [শাস্ + য (যৎ)] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক যে নির্দেশ বা নির্দেশ পালনের যোগ্যা। বানান : শ্ + ই + ষ্ + য্ + আ। বি.দ্র. : ষ্ + য্ + আ= ষ্যা। 'ই'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

শিস, শিস্ : ঠোঁট, জিভের দ্বারা সৃষ্ট বাঁশির মতো শব্দ। বি। দেশী। বানান : শ্ + ই + স্ [+অ]।

শিহরণ, শিহরন : রোমাঞ্চ। বি। দেশী। বানান : শ্ + ই + হ্ + অ + র্ + অ + ণ্, ন্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় দেশী শব্দেও অনেকে 'ন'-এর স্থানে 'ণ' লেখেন। কিন্তু দেশী শব্দে 'ন' লেখাই উচিত।

শিহরা : রোমাঞ্চিত হওয়া। ক্রি। দেশী। বানান : শ্ + ই + হ্ + অ + র্ + আ।

শিহরান, শিহরানো : রোমাঞ্চিত হওয়া। ক্রি। দেশী। বানান : শ্ + ই + হ্ + অ + র্ + আ + ন্ + অ, ও। > শিউরান, শিউরানো।

শীকর : জলকণা। বি। তৎসম। শীক্ [সেচন করা বা জল ছিটানো] + অর। ৬।১ বানান : শ্ + ঈ + ক্ + অ + র্ + অ। বি.দ্র. : শ্ + ঈ= শী।

শীঘ্র : সত্বর। ক্রি-বিণ। তৎসম। শিঘ্ [ক্ষিপ্র গতিতে চলে যাওয়া] + র। ৬।১ বানান : শ্ + ঈ + ঘ্ + র্ + অ। বি.দ্র. : শ্ + ঈ= শী, ঘ + র্ + অ= ঘ্র।

শীঘ্রগতি : দ্রুতগামী। বিণ। তৎসম। শীঘ্র [শিঘ্ + র— 'শীঘ্র' দ্রষ্টব্য] + গতি [গম্ + তি]। ৬।১ শীঘ্র [দ্রুত] গতি যার= বহুব্রী। ৩।৫ বানান : শ্ + ঈ + ঘ্ + র্ + অ + গ্ + অ + ত্ + ই। বি.দ্র. : শ্ + ঈ= শী, ঘ্ + র্ + অ= ঘ্র।

শীঘ্রগামী : দ্রুতগামী। বিণ। তৎসম। শীঘ্র [শিঘ্ + র— 'শীঘ্র' দ্রষ্টব্য] + গামী [গম্ + ইন্ (ঈ)]। ৬।১ শীঘ্র গমন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + ঈ + ঘ্ + র্ + অ + গ্ + আ + ম্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শীঘ্রতা : ক্ষিপ্রতা। বি। তৎসম। শীঘ্র ['শীঘ্র' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : শ্ + ঈ + ঘ্ + র্ + অ + ত্ + আ। বি.দ্র. : শ্ + ঈ= শী, ঘ্ + র্ + অ= ঘ্র।

শীত : হিমঋতু। বি। তৎসম। শীত + অ। বানান :

শ্ + ঈ + ত্ + অ। বি.দ্র.: শ্ + ঈ= শী।

শীতকাতুরে: শীতকাতর। বিণ। তদ্ভব। শীত + কাতর + বাং. উরে [< উরিয়া]। ৬।৩ বানান: শ্ + ঈ + ত্ + অ + ক্ + আ + ত্ + উ + র্ + এ।

শীতপ্রধান: শীতের প্রাধান্য-বিশিষ্ট। বিণ। তৎসম। শীত + প্রধান [প্র + ধা + অন]। ৬।১ শীতই প্রধান যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + ঈ + ত্ + অ + প্ + র্ + অ + ধ্ + আ + ন্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ= প্র।

শীতবস্ত্র: শীত-নিবারক কাপড়-চোপড়। বি। তৎসম। শীত + বস্ত্র [বস্ + ত্র]। ৬।১ শীত-নিবারক বস্ত্র= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + ঈ + ত্ + অ + ব্ + অ + স্ + ত্ + র্ + অ। বি.দ্র.: স + ত্ + র্ = অ= স্ত্র।

শীতল: ঠাণ্ডা, দেবতার সায়ংকালীন ভোগ। শীত + ল। বিণ। তৎসম। বানান: শ্ + ঈ + ত্ + অ + ল্ + অ। বি.দ্র.: শ্ + ঈ= শী।

শীতলতা: ঠাণ্ডাভাব। বিণ। তৎসম। শীতল [শীত + ল] + তা। ৬।২ বানান: শ্ + ঈ + ত্ + অ + ল্ + অ + ত্ + আ। বি.দ্র.: শ্ + ঈ= শী।

শীতলপাটি: ঠাণ্ডা ও মসৃণ মাদুর। বি। মিশ্র [তৎসম + দেশী]। শীতল [শীত + ল] + পাটি [দেশী + শীতল যে পাটি [মাদুর]= কর্মধা। ৩।২ বানান: শ্ + ঈ + ত্ + অ + ল্ + অ + প্ + আ + ট্ + ই।

শীতলা: বসন্তরোগের দেবী। বি। তৎসম। শীতল [শীত + ল] + আ [স্ত্রী]। ৬।২, ৭।১।ক বানান: শ্ + ঈ + ত্ + অ + ল্ + আ।

শীতলাতলা: বারোয়ারি শীতলা পূজার স্থান। বি। তদ্ভব। শীতলা ['শীতলা' দ্রষ্টব্য] + তলা [তল (< সং. স্থল) + বাং. আ]। ৬।৩ শীতলার তলা [থান, স্থল]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ঈ + ত্ + অ + ল্ + আ + ত্ + অ + ল্ + আ।

শীৎকার: স্ত্রীলোকের রমণকালীন ধ্বনি বা শিহরন। বি। তৎসম। শীৎ + কৃ + অ। ৬।১ বানান: শ্ + ঈ + ৎ + ক্ + আ + র্ + অ।

শীতাংশু: চন্দ্র। বি। তৎসম। শীত [শীতল] + অংশু। [সন্ধি] অ + অ= আ [তা]। ২।১।ক শীত [শীতল] অংশু [কিরণ] যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + ঈ + ত্ + আ + ং + শ্ + উ। বি.দ্র.: শ্ + ঈ= শী, শ্ + উ= শু।

শীতাগম: শীতঋতুর আবির্ভাব। বি। তৎসম। শীত + আগম [আ + গম্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [তা]। ২।১।খ শীতের আগম= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ঈ + ত্ + আ + গ্ + অ + ম্ + অ।

শীতাতপ: শীত-গ্রীষ্ম। বি। তৎসম। শীত + আতপ [আ + তপ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [তা]। ২।১।খ শীত ও আতপ [সূর্যকিরণ, উত্তাপ]= দ্বন্দ্ব। ৩।৪ বানান: শ্ + ঈ + ত্ + আ + ত্ + অ + প্ + অ।

শীতাধিক্য: শীতের প্রাবল্য। বি। তৎসম। শীত + আধিক্য [অধিক + য (ষ্ণ্য)]। ৬।২ [সন্ধি] অ + আ= আ [তা]। ২।১।খ= শীতের আধিক্য= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ঈ + ত্ + আ + ধ্ + ই + ক্ + য্ + অ। বি.দ্র.: ক্ + য্ + অ= ক্য।

শীতার্ত: শীতকাতর। বিণ। তৎসম। শীত + ঋত [ঋ [পাওয়া, পীড়িত হওয়া) + ত]। ৬।১ [সন্ধি] অ + ঋ= আর্ [তার্ত]। ২।৬ শীতের দ্বারা ঋত [পীড়িত]= করণতৎ। ৩।৩ বানান: শ্ + ঈ + ত্ + আ + র্ + ত্ + অ। বি.দ্র.: র্ + ত্ + অ= র্ত।

শীতোষ্ণ: ঠাণ্ডা ও গরম। বিণ। তৎসম। শীত +

উষ্ণ [উষ্ + ণ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [তো]। ২।৫।ক শীত ও উষ্ণ= দ্বন্দ্ব। ৩।৪ বানান: শ্ + ঈ + ত্ + ও + ষ্ + ণ্ + অ। বি.দ্র.: শ্ + ঈ= শী, ত + ও= তো, ষ্ + ণ্ + অ= ষ্ণ। বি.দ্র.: 'ষ্'-এর পর 'ণ্' হয়েছে। ৪।১।খ

শীধু: মধু, আখের রসের মদ। বি। তৎসম। শী [শয়ন করা] + ধু। ৬।১ যা শয়ন করায়। বানান: শ্ + ঈ + ধ্ + উ। শ্ + ঈ= শী, ধ্ + উ= ধু।

শীর্ণ: রোগা। বিণ। তৎসম। শৄ [ছিন্ন ও কৃশ করা] + ত। ৬।১ বানান: শ্ + ঈ + র্ + ণ্ + অ। বি.দ্র.: শ্ + ঈ= শী, র্ + ণ্ + অ= র্ণ। বি.দ্র.: 'র্'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ

শীর্ণা: কৃশতা। বিণ। তৎসম। শীর্ণ [শৄ (ছিন্ন ও কৃশ করা) + ত] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: শ্ + ঈ + র্ + ণ্ + আ। বি.দ্র.: শ্ + ঈ= শী, র্ + ণ্ + আ= র্ণা।

শীর্ষ: চূড়া, অগ্রভাগ। বি। তৎসম। শীর্ষ < শিরস্ [নিপাতনে] বানান: শ্ + ঈ + র্ + ষ্ + অ। বি.দ্র.: শ্ + ঈ= শী, র্ + ষ্ + অ= র্ষ। 'র্'-এর পর 'ষ' হয়েছে। ৪।২।গ

শীর্ষক: শিরোনাম-যুক্ত। বিণ। তৎসম। শীর্ষ ['শীর্ষ' দ্রষ্টব্য] + ক। বানান: শ্ + ঈ + র্ + ষ্ + অ + ক্ + অ। বি.দ্র.: শ্ + ঈ= শী, র্ + ষ্ + অ= র্ষ। 'র্'-এর পর 'ষ' হয়েছে। ৪।২।গ

শীর্ষস্থান: মস্তক। বি। তৎসম। শীর্ষ ['শীর্ষ' দ্রষ্টব্য] + স্থান [স্থা + অন]। ৬।১ শীর্ষ-স্থিত স্থান= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + ঈ + র্ + ষ্ + অ + স্ + থ্ + আ + ন্ + অ। বি.দ্র.: র্ + ষ্ + অ= র্ষ। স্ + থ্ + আ= স্থা।

শীর্ষস্থানীয়: প্রধান। বিণ। তৎসম। শীর্ষস্থান ['শীর্ষ স্থান' দ্রষ্টব্য] + ঈয়। ৬।২ বানান: শ্ + ঈ + র্ + ষ্ + অ + স্ + থ্ + আ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র.: র্ + ষ্ + অ= র্ষ, স্ + থ্ + আ= স্থা।

শীর্ষস্থানীয়া: শ্রেষ্ঠা। বিণ। তৎসম। শীর্ষস্থানীয় ['শীর্ষস্থানীয়' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: শ্ + ঈ + র্ + ষ্ + অ + স্ + থ্ + আ + ন্ + ঈ + য্ + আ। বি.দ্র.: র্ + ষ্ + অ= র্ষ, স্ + থ্ + আ= স্থা।

শীল: স্বভাব। বি। তৎসম। শীল্ + অ। ৬।১ বানান: শ্ + ঈ + ল্ + অ। বি.দ্র.: শ্ + ঈ= শী।

শীলন: অনুশীলন। বি। তৎসম। শীল্ + অন। ৬।১ বানান: শ্ + ঈ + ল্ + অ + ন্ + অ। বি.দ্র.: শ্ + ঈ= শী।

শীলিত: অনুশীলিত। বিণ। তৎসম। শীল্ + ত। ৬।১ বানান: শ্ + ঈ + ল্ + ই + ত্ + অ। বি.দ্র.: শ্ + ঈ= শী, ল্ + ই= লি।

শুঁকা: গন্ধ নেওয়া। ক্রি। তদ্ভব। শুঁক্ [< সং. শিঙ্ঘ] + বাং. আ। ৬।৩ বানান: শঁ + উ + ক্ + আ। বি.দ্র.: শঁ + উ= শুঁ।

শুঁকান, শুঁকানো: গন্ধ নেওয়ান। বি। তদ্ভব। শুঁক্ [<সং শিঙ্ঘ] + বাং. আন, আনো। ৬।৩ বানান: শঁ + উ + ক্ + আ + ন্ + অ, ও।

শুঁটকা, শুঁটকো: শুষ্ক ও শীর্ণ। বিণ। তদ্ভব। শুঁটক [<সং. শুষ্ক] + আ, ও। ৬।৩ বানান: শঁ + উ + ট্ + ক্ + আ, ও। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ট' হসন্ত-বর্জিত।

শুঁটকি: শুঁটকো, শুষ্কীকৃত মৎস্য। বি। তদ্ভব। শুঁটক [<সং. শুষ্ক] + বাং. ই। ৬।৩ বানান: শঁ + উ + ট্ + ক্ + ই। বি.দ্র: শব্দ-মধ্যের 'ট' হসন্ত-বর্জিত।

শুঁটি: বীজকোষ। বি। দেশী। বানান: শঁ + উ + ট্ + ই। বি.দ্র: শঁ + উ + শুঁ।

শুঁঠ: শুষ্ক আদা। বি। তদ্ভব। <সং. শুণ্ঠি। বানান: শঁ + উ + ঠ্। বি.দ্র: শব্দান্তের 'ঠ' হসন্ত-বর্জিত।

শুঁড়: শুণ্ড। বি। তদ্ভব। <সং. শুণ্ড। বানান: শঁ

+ উ + ড় + অ। বি.দ্র: শঁ + উ = শুঁ।

শুঁড়ি: শুঁড়ের ন্যায় লম্বা ও সরু। বিণ। তদ্ভব। শুঁড় [<সং. শুণ্ড] + বাং. ই। বানান: শঁ + উ + ড় + ই।

শুঁড়ি, শুঁড়ী: মদ-বিক্রেতা। বি। তদ্ভব। <সং. শৌণ্ডিক। বানান: শঁ + উ + ড় + ই, ঈ।

শুঁয়া, শুঁয়ো: শুক। বি। তদ্ভব। <সং. শুঙ্গ। বানান: শঁ + উ + য় + আ, ও।

শুঁয়াপোকা, শুঁয়োপোকা: শূককীট। বি। তদ্ভব। শুঁয়া [<সং. শুঙ্গ] + পোকা [<সং. পুলক]। শুঁয়া-যুক্ত পোকা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শঁ + উ + য় + আ + প্ + ও + ক্ + আ।

শুক: টিয়াপাখি। বি। তৎসম। <সং. শুভ্ + ক [নিপাতনে]। ৬।১ বানান: শ্ + উ + ক্ + অ।

শুকতারা: শুক্রগ্রহ। বি। তদ্ভব। <সং. শুক্রগ্রহ। বানান: শ্ + উ + ক্ + অ + ত্ + আ + র্ + আ। বি.দ্র: শ্ + উ = শু।

শুকদেব: ব্যাসদেবের ব্রহ্মচারী-পুত্র। বি। তৎসম। শ্ + উ + ক্ + অ + দ্ + এ + ব্ + অ। বি.দ্র: শ্ + উ = শু।

শুকনা, শুকনো: শুষ্ক। বিণ। তদ্ভব। শুক্ [<সং. শুষ্ক] + বাং. না, নো। বানান: শ্ + উ + ক্ + ন্ + আ, ও। বি.দ্র: শব্দ-মধ্যের 'ক' হসন্ত-বর্জিত।

শুকনাস: টিয়াপাখির মতো নাক-বিশিষ্ট। বি। তৎসম। শুক [<সং. শুভ্ + ক] + নাস [<সং. নাস্ + অ + আ]। শুকের মতো নাস [নাক] আছে যার = বহুব্রী। ৩।৫ বানান: শ্ + উ + ক্ + অ + ন্ + আ + স্ + অ। বি.দ্র: শ্ + উ + ক্ + অ + ন্ + আ + স্ + অ।

শুকা: শুকান। ক্রি। তদ্ভব। শুক্ [<সং. শুষ্ক] + বাং. আ ৬।৩ বানান: শ্ + উ + ক্ + আ। বি.দ্র: শ্ + উ = শু।

শুকান, শুকানো: শুষ্ক করা। ক্রি তদ্ভব। শুক [<সং. শুষ্ক] + বাং. আন, আনো। ৬।৩ বানান: শ্ + উ + ক্ + আ + ন্ + অ, ও। বি.দ্র: শ্ + উ = শু।

শুক্ত: তিক্তস্বাদ বিশিষ্ট ব্যঞ্জন। বি। তদ্ভব। শুক্ত <সং. শুষ্কপত্র। বানান: শ্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র: শ্ + উ = শু, ক্ + ত্ + অ = ক্ত।

শুক্তনি, শুক্তুনি: তিক্তস্বাদ-বিশিষ্ট ব্যঞ্জন। বি। তদ্ভব। শুক্ত [<সং. শুষ্কপত্র] + বাং. নি, উনি। বানান: শ্ + উ + ক্ + ত্ + অ + ন্+ই, শ্ + উ + ক্ + ত্ + উ + ন্ + ই। বি.দ্র: শ্ + উ = শু, ক্ + ত্ + অ = ক্ত, ক্ + ত্ + উ = ক্তু।

শুক্তা: তিক্তস্বাদ-বিশিষ্ট ব্যঞ্জন। বি। তদ্ভব। শুক্ত [<সং. শুষ্কপত্র] + বাং. আ৷ ৬।৩ বানান: শ্ + উ + ক্ + ত্ + আ। বি.দ্র: শ্ + উ = শু, ক্ + ত্ + আ = ক্তা।

শুক্তি, শুক্তিকা: ঝিনুক। বি। তৎসম। শুক্তি [শুচ্ + ক্ত], শুক্তিকা [শুচ্ + তি + ক + আ]। বানান: শ্ + উ + ক্ + ত্ + ই, শ্ + উ + ক্ + ত্ + ই + ক্ + আ। বি.দ্র: শ্ + উ = শু, ক্ + ত্ + ই = ক্তি।

শুক্তো: তিক্তস্বাদ-বিশিষ্ট ব্যঞ্জন। বি। তদ্ভব। শুক্ত [<সং. শুষ্কপত্র] + বাং. ও। ৬।৩ বানান: শ্ + উ + ক্ + ত্ + ও। বি.দ্র: শ্ + উ = শু, ক্ + ত্ + ও = ক্তো।

শুক্র: শুকতারা, শুক্রাচার্য, বীর্য। বি। তৎসম। শুচ্ + র। ৬।১ বানান: শ্ + উ + ক্ + র্ + অ। বি.দ্র: শ্ + উ = শু, ক্ + র্ + অ = ক্র।

শুক্রবার: সপ্তাহের ষষ্ঠ দিবস। বি। তৎসম। শুক্র [<শুচ্ + র] + বার [বৃ + অ]। শুক্র নামিত বার [দিন] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + উ + ক্ + র্ + অ + ব্ + আ + র্ + অ।

শুক্রাচার্য: দৈত্যগুরু। বি। তৎসম। শুক্র [শুচ্ + র] + আচার্য [আ + চর্ + য (যৎ)]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [ক্রা]। ২।১।খ আচার্য [শিক্ষাগুরু] যে শুক্র = কর্মধা ৩।২ বানান: শ্ + উ + ক্ + র্ + আ + চ্ + আ + র্ + য্ + অ।

শুক্ল: সাদা। বিণ। তৎসম। <শুচ্ + ল্। ৬।১ বানান: শ্ + উ + ক্ + ল্ + অ। বি.দ্র: শ্ + উ = শু, ক্ + ল্ + অ = ক্ল। [শুচ্ ধাতু-জাত শুক্ল পবিত্রতার প্রতীক।]

শুক্লতা: শুভ্রতা। বি। তৎসম। শুক্ল [শুচ্ + ল্] + তা। ৬।২ বানান: শ্ + উ + ক্ + ল্ + অ + তা। বি.দ্র: শ্ + উ = শু, ক্ + ল্ + অ = ক্ল।

শুক্লত্ব: শুভ্রতা। বি। তৎসম। শুক্ল [শুচ্ + ল্] + ত্ব। ৬।২ শুক্ল [শুচ্ + ল] + ত্ব। ৬।২ বানান: শ্ + উ + ক্ + ল্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র: শ্ + উ = শু, ক্ + ল্ + অ = ক্ল, ত্ + ব্ + অ = ত্ব।

শুক্লপক্ষ: পূর্ণিমা তিথিতে যে-পক্ষের অবসান। বি। তৎসম। শুক্ল [শুচ্ + ল্] + পক্ষ [পক্ষ্ + অ]। ৬।২ বানান: শ্ + উ + ক্ + ল্ + অ + প্ + অ + ক্ + ষ্ + অ। বি.দ্র: শ্ + উ = শু, ক্ + ল্ + অ = ক্ল, ক্ + ষ্ + অ = ক্ষ।

শুক্লা: শুভ্রা। বিণ। তৎসম। শুক্ল [শুচ্ + ল] + আ [স্ত্রী]। শুক্ল [শুভ্র] - বর্ণযুক্তা। বানান: শ্ + উ + ক্ + ল্ + আ। বি.দ্র: শ্ + উ = শু, ক্ + ল্ + আ = ক্লা।

শুখা: নীরস, খরা, খোরপোষ-বর্জিত। বিণ। তদ্ভব। শুখ [<সং. শুষ্ক] + বাং. আ। ৬।৩ বানান: শ্ + উ + খ্ + আ। বি.দ্র: শ্ + উ = শু, খ্ + আ = খা।

শুখারুখা: শুষ্ক ও নীরস। বিণ। তদ্ভব। শুখ [শুখ্ (<সং. শুষ্ক) + বাং. আ] + রুখা [রুখ্ (<সং. রুক্ষ) + বাং. আ]। ৬।৩ শুখা ও রুখা = দ্বন্দ্ব। ৩।৪ বানান: শ্ + উ + খ্ + আ + র্ + উ + খ্ + আ। বি.দ্র: শ্ + উ = শু, র্ + উ = রু।

শুখো: নীরস, খরা, খোরপোষ-বর্জিত। বিণ। তদ্ভব। শুখ্ [<সং. শুষ্ক] + বাং. ও। ৬।৩ বানান: শ্ + উ + খ্ + ও। বি.দ্র: শ্ + উ = শু, খ্ + ও = খো।

শুচি: পবিত্র। বিণ। তৎসম। শুচ্ + ই। ৬।১ বানান: শ্ + উ + চ্ + ই। বি.দ্র: শ্ + উ = শু, চ্ + ই = চি।

শুচিতা: পবিত্রতা। বি। তৎসম। শুচি [শুচ্ + ই] + তা। ৬।১, ৬।২ বানান: শ্ + উ + চ্ + ই + ত্ + আ। বি.দ্র: শ্ + উ = শু, চ্ + ই = চি।

শুচিবাই: শুচিতা- রক্ষায় অতিরিক্ত বাতিক। বি। তদ্ভব। শুচি [শুচ্ + ই] + বাই [<সং. বায়ু (বায়ুরোগী বা বাতিক (বাত + ইক)]। শুচি বিষয়ক বাই [বায়ু যা বাতিক] = মধ্যপ -কর্মধা। ৩।২ বানান: শ্ + উ + চ্ + ই + ব্ + আ + ই। বি.দ্র: শ্ + উ = শু।

শুচিবায়ু: শুচিতা-রক্ষায় অতিরিক্ত বাতিক। বি। তৎসম। শুচি [শুচ্ + ই] + বায়ু [বা + উ]। ৬।১ শুচি-সম্পর্কিত বায়ু = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + উ + চ্ + ই + ব্ + আ + য়্ + উ। বি.দ্র: শ্ + উ = শু, য়্ + উ = য়ু।

শুচিস্মিত: নির্মল হাস্যযুক্ত। বিণ। তৎসম। শুচি [শুচ্ + ই] + স্মিত [স্মি (মৃদুহাস্য করা) + ত]। ৬।১ শুচি স্মিত [হাস্যযুক্ত] যে = বহুব্রী। ৩।৫ বানান: শ্ + উ + চ্ + ই + স্ + ম্ + ই + ত্ + অ। বি.দ্র: শ্ + উ = শু, স্ + ম্ + ই = স্মি।

শুচিস্মিতা : নির্মল হাস্যযুক্তা। বিণ। তৎসম। শুচি [শুচ্ + ই] + স্মিতা [স্মিত (মৃদুহাস্যযুক্ত) + আ [স্ত্রী]। ৬।১ শুচি স্মিতা যে [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান : শ্ + উ + চ্ + ই + স্ + ম্ + ই + ত্ + আ।

শুজনি, শুজনী : চিত্রিত বা রঙীন মোটা বিছানার চাদর। বি। তদ্ভব। শুজ্ [<সং. শয্যা] + বাং. নি, নী। ৬।৩ শয্যাচ্ছাদন। বানান : শ্ + উ + জ্ + ন্ + ই, ঈ। বি.দ্র : শ্ + উ = শু। শব্দ-মধ্যের 'জ' হসন্ত-বর্জিত।

শুট্‌কী : অত্যন্ত কৃশকায় ও লাবণ্য-বিরহিতা। বিণ। তদ্ভব। শুট্‌ক [সং. শুষ্ক] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : শ্ + উ + ট্ + ক্ + ঈ। বি.দ্র : শ্ + উ = শু। শব্দ-মধ্যের 'ট্' হসন্তযুক্ত।

শুণ্ঠি, শুণ্ঠী : শুকনো আদা। < সং.শুণ্ঠ। [শুষ্ক আদ্রক] + ই, ঈ। বি। তৎসম। ৬।১ বানান : শ্ + উ + ণ্ + ঠ্ + ই, ঈ। বি.দ্র : শ্ + উ = শু, ণ্ + ঠ্ +ই , ঈ = ণ্ঠি, ণ্ঠী।

শুণ্ড : শুঁড়। বি। তৎসম। শুণ্ড্ [প্রমর্দন করা] + অ। ৬।১ বানান : শ্ + উ + ন্ + ড্ + অ। বি.দ্র : শ্ + উ = শু, ণ্ + ড্ + অ = ণ্ড। 'উ'র পর এবং ড এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

শুণ্ডী : শুঁড়ী। বিণ। তৎসম। শুণ্ড [শুণ্ড্ (প্রমর্দন করা) + অ] + ইন্ (ঈ)। ৬।১ বানান : শ্ + উ + ণ্ + ড্ + ঈ। বি.দ্র : শ্ + উ = শু, ণ্ + ড্ + ঈ = ণ্ডী, 'ড'-এর আগে 'ণ্' হয়েছে। শব্দটি [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

শুদ্ধ : শুচি, নির্ভুল। বিণ। তৎসম। শুধ্ [শোধন বা শুদ্ধ করা] + ত। ৬।১ বানান : শ্ + উ + দ্ + ধ্ + অ। বি.দ্র : শ্ + উ = শু, দ্ + ধ্ + অ = দ্ধ।

শুদ্ধচিত্ত : পবিত্রহৃদয়। বিণ। তৎসম। শুদ্ধ [শুধ্ (শোধন করা) + ত] + চিত্ত [চিত্ + ত]। ৬।১ শুদ্ধ যে চিত্ত = কর্মধা। ৩।২ বা, শুদ্ধ চিত্ত যার = বহুব্রী ৩।৫ বানান : শ্ + উ + দ্ + ধ্ + অ + চ্ + ই + ত্ + ত্ + অ। বি.দ্র : শ্ + উ = শু, দ্ + ধ্ + অ = দ্ধ,।

শুদ্ধতা : পবিত্রতা, নির্ভুলতা। বি। তৎসম। শুদ্ধ [শুধ্ (শোধন করা) + ত] + তা। ৬।৩ বানান : শ্ + উ + দ্ + ধ্ + অ + ত্ + আ। বি.দ্র : শ্ + উ = শু, দ্ + ধ্ + অ = দ্ধ, ত্ + আ= তা।

শুদ্ধত্ব : পবিত্রতা, নির্ভুলতা। বি। তৎসম। শুদ্ধ [শুধ্ (শোধন করা) + ত] + ত্ব। ৬।৩ বানান : শ্ + উ + দ্ + ধ্ + অ + ত্ + ব + অ। বি.দ্র. : শ্ + উ= শু, দ্ + ধ্ + অ= দ্ধ, ত্ + ব্ + অ= ত্ব।

শুদ্ধমতি : পবিত্র হৃদয়। বিণ। তৎসম। শুদ্ধ [শুধ্ + অ] + মতি [মন্ + ক্তি]। ৬।১ শুদ্ধ মতি যার = বহুব্রী ৩।৫ বানান : শ্ + উ + দ্ + ধ্ + অ + ম্ + অ + ত্ + ই। বি.দ্র : শ্ + উ = শু, দ্ + ধ্ + অ = দ্ধ।

শুদ্ধা : পবিত্রা। বিণ। তৎসম। শুদ্ধ [শুধ্ + ত] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : শ্ + উ + দ্ + ধ্ + আ। বি.দ্র : শ্ + উ = শু , দ্ + ধ্ + আ = দ্ধা।

শুদ্ধাচার : পবিত্র আচরণ। বি। তৎসম। শুদ্ধ [শুধ্ + ত] + আচার [আ + চর্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [দ্ধা]। ২।১।খ শুদ্ধ যে আচার = কর্মধা। ৩।২ বানান : শ্ + উ + দ্ + ধ্ + আ + চ্ + আ + র্ + অ। বি.দ্র : দ্ + ধ্ + আ = দ্ধা।

শুদ্ধাচারী : পবিত্র আচরণকারী। বিণ। তৎসম। শুদ্ধাচার [শুদ্ধাচার দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।২ শুদ্ধ আচার [আচরণ করেন যিনি] = উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + উ + দ্ + ধ্ + আ + চ্ + আ + র্ + ঈ। বি.দ্র : শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শুদ্ধি : শোধন। বি। তৎসম। শুধ্ + তি। ৬।১ বানান: শ্ + উ + দ্ + ধ্ + ই। বি.দ্র: দ্ + ধ্ + ই = দ্ধি।

শুদ্ধিপত্র : গ্রন্থের ভ্রমসংশোধন পত্র। বি। তৎসম। শুদ্ধি [শুধ্ (সংশোধন করা) +তি] + পত্র [পত্+ ত্র]। ৬।১ শুদ্ধিপূর্ণ পত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + উ + দ্ + ধ্ + ই + প্ + অ + ত্ + র্ + অ। বি.দ্র: দ্ + ধ্ + ই = দ্ধি, ত্ + র্ + অ = ত্র।

শুদ্ধোদন : বুদ্ধদেবের পিতা। [শুদ্ধ (পবিত্র) ওদন (ভাত)]। বি। তৎসম। শুদ্ধ [শুধ্ + ত] + ওদন [উন্দ্ + অন]। ৬।১ [সন্ধি] অ + ও= ও [দ্ধো]— নিপাতনে; হওয়া উচিত ছিল: 'ঔ' [দ্ধৌ]। শুদ্ধ ওদন [ভাত] যার = বহুব্রী। ৩।৫ বানান: শ্ + উ + দ্ + ধ্ + ও + দ্ + অ + ন্ + অ। বি.দ্র: শ্ + উ = শু, দ্ + ধ্ + ও = দ্ধো।

শুদ্ধ্যশুদ্ধি : পবিত্রতা ও অপবিত্রতা, ভ্রমহীনতা ও ভ্রমযুক্ততা। বি। তৎসম। শুদ্ধি [শুধ্ + তি] + অশুদ্ধি [ন + শুদ্ধি (শুধ্ + তি)]। ৬।১ [সন্ধি] ই + অ = য [দ্ধ্য]। ২।৭।ক শুদ্ধি ও অশুদ্ধি = দ্বন্দ্ব। ৩।৪ বানান: শ্ + উ + দ্ + ধ্ + য্ + অ + শ্ + উ + দ্ + ধ্ + ই। বি.দ্র: দ্ + ধ্ + য্ + অ = দ্ধ্য, দ্ + ধ্ + ই = দ্ধি।

শুধরান, শুধরানো : সংশোধন করা। ক্রি। তদ্ভব। শুধ্‌রা [<সং. শুধ্] + বাং. আন, আনো। ৬।৩ বানান: শ্ + উ + ধ্ + র্ + আ + ন্, অ, ও। বি.দ্র: শব্দ-মধ্যে 'ধ' হসন্ত-বর্জিত।

শুধা : পরিশোধ করা। ক্রি। তদ্ভব। শুধ্ [<সং. শুধ্] + বাং. আ। ৬।৩

শুধা : জিজ্ঞাসা করা। ক্রি। বিদেশী। <হি. শুধা। বাংলা বানান: শ্ + উ + ধ্ + আ।

শুধান, শুধানো : জিজ্ঞাসা করা। ক্রি। বিদেশী। <হি. শুধা। বাংলা বানান: শ্ + উ + ধ্ + আ + ন্ + অ, ও।

শুধু : কেবল। অব্য। তদ্ভব। <সং. শুদ্ধ। বানান: শ্ + উ + ধ্ + উ।

শুধুশুধু : বৃথা। অব্য। তদ্ভব। শুধু ['শুধু' দ্রষ্টব্য] + শুধু। বানান: শ্ + উ + ধ্ + উ + শ্ + উ + ধ্ + উ।

শুন, শুনক : কুকুর। বি। তৎসম। শুন্ [<শ্বন্ (কুকুর)] + অ, অক। বানান: শ্ + উ + ন্ + অ, + ক্ + অ।

শুনা, শোনা : শ্রবণ করা, মান্য করা, শ্রুত। ক্রি। তদ্ভব। শুন্ [<সং. শ্রু] + বাং. আ >শোনা। বানান: শ্ + উ, ও + ন্ + আ।

শুনান, শুনানো : শ্রবণ করান। ক্রি। তদ্ভব। শুন্ [<সং. শ্রু] + বাং. আন। আনো। ৬।৩ বানান: শ্ + উ + ন্ + আ + ন্ + অ, ও।

শুনানি : বাদী ও প্রতিবাদীর বক্তব্য বিচারকের শ্রবণ। বি। তদ্ভব। শুন্ [<সং. শ্রু] + আনি। ৬।৩ বানান: শ্ + উ + ন্ + আ + ন্ + ই।

শুনী : কুকুরী। বি। তৎসম। শুনী [শ্বন্ (কুকুর) + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: শ্ + উ + ন্ + ঈ।

শুভ : মঙ্গল। বিণ। তৎসম। শুভ্ + অ। ৬।১ বানান: শ্ + উ + ভ্ + অ। বি.দ্র: শ্ + উ = শু।

শুভক্ষণ : কল্যাণকর সময়। বি। তৎসম। শুভ [শুভ্ (মঙ্গল হওয়া) + অ] + ক্ষণ [ক্ষণ্ (ক্ষয় হওয়া) + অ]। ৬।১ শুভ যে ক্ষণ = কর্মধা। ৩।২ বানান: শ্ + উ + ভ্ + অ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র: ক্ + ষ্ + অ = ক্ষ। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ।

শুভগ্রহ : কল্যাণপ্রদ গ্রহ। বি। তৎসম। শুভ [শুভ্ + অ] + গ্রহ [গ্রহ্ + অ]। ৬।১ শুভ যে গ্রহ= কর্মধা। ৩।২ বানান: শ্ + উ + ভ্ + অ + গ্ + র্ + অ + হ্ + অ। বি.দ্র.: শ্ + উ= শু, গ্ + র্ + অ= গ্র।

শুভঙ্কর, শুভংকর: কল্যাণপ্রদ। বিণ। তৎসম। শুভম্ [দ্বিতীয়া একবচন:শুভ্ + অ + ম্] + কর [কৃ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ক = ঙ্ + ক = ঙ্ক, ংক। ২।২৮ শুভ [ম্] করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + উ + ভ্ + অ + ঙ্ [ং] + ক্ + অ + র্ + অ।

শুভঙ্করী, শুভংকরী: কল্যাণময়ী। বিণ। তৎসম। শুভঙ্কর ['শুভঙ্কর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।খ শুভম্ করেন যিনি [স্ত্রী]= উপপদতৎ। ৬।৩ বানান: শ্ + উ + ভ্ + অ + ঙ্ [ং] + ক্ + অ + র্ + ঈ।

শুভদ: কল্যাণকারী। বিণ। তৎসম। শুভ [শুভ্ + অ] + দ [দা + অ]। ৬।১ শুভ [মঙ্গল] দান করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + উ + ভ্ + অ + দ্ + অ।

শুভদা: কল্যাণপ্রদা। বিণ। তৎসম। শুভ [শুভ্ + অ] + দা [দা + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক শুভ [মঙ্গল] দান করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + উ + ভ্ + অ + দ্ + আ।

শুভা: কল্যাণপ্রদা। বিণ। তৎসম। শুভ [শুভ্ + অ] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: শ্ + উ + ভ্ + আ।

শুভাকাঙ্ক্ষা: কল্যাণকামনা। বি। তৎসম। শুভ [শুভ্ + অ] + আকাঙ্ক্ষা [আ + কাঙ্ক্ষ +

[illegible] [কল্যাণ] আকাঙ্ক্ষা = কর্মধা। ৩।২ বানান: শ্ + উ + ভ্ + আ + ক্ + আ + ঙ্ + ক্ + ষ্ + আ। বি.দ্র: ঙ্ + ক্ + ষ্ + আ = ঙ্ক্ষা।

শুভাকাঙ্ক্ষিণী: মঙ্গলাকাঙ্ক্ষিণী। বিণ। তৎসম।

[illegible]

আ = আ [ভা]। ২।১।খ শুভ আকাঙ্ক্ষা করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + উ + ভ্ + আ + ক্ + আ + ঙ্ + ক্ + ষ্ + ই + ণ্ + ঈ। বি.দ্র: ঙ্ + ক্ + ষ্ + ই।

শুভাকাঙ্ক্ষী: কল্যাণকামী। বিণ। তৎসম। শুভ [শুভ্ + অ] + আকাঙ্ক্ষী [আ + কাঙ্ক্ষ্ + ইন্ [ঈ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [ভা]। ২।১।খ শুভাকাঙ্ক্ষা করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + উ + ভ্ + আ + ক্ + আ + ঙ্ + ক্ + ষ্ + ঈ। বি.দ্র: ঙ্ + ক্ + ষ্ + ঈ = ঙ্ক্ষী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শুভাননা: সুন্দর ও কল্যাণপ্রদ মুখ-বিশিষ্টা। বিণ। তৎসম। শুভ [শুভ্ + অ] + আননা [আ + অন্ (পানাহার করে বাঁচা) + অন + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক শুভ [সুন্দর ও মঙ্গলপ্রদ] আনন [মুখ] যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: শ্ + উ + ভ্ + আ + ন্ + অ + ন্ + আ।

শুভানুধ্যান: কল্যাণকামনা। বি। তৎসম। শুভ [শুভ্ + অ] + অনুধ্যান [অনু + ধ্যা + অন]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ভা] ২।১।ক ধ্যানের পশ্চাৎ= অব্যয়ীভাব। শুভ অনুধ্যান= কর্মধা। ৩।১, ৩।২ বানান: শ্ + উ + ভ্ + আ + ন্ + উ + ধ্ + য্ + আ + ন্ + অ। বি.দ্র: ধ্ + য্ + অ = ধ্যা।

শুভানুধ্যায়িনী: মঙ্গলাকাঙ্ক্ষিণী। বিণ। তৎসম।

[illegible]

[ভা]। ২।১।ক শুভ অনুধ্যান [অনুচিন্তা] করেন যিনি [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + উ + ভ্ + আ + ন্ + উ + ধ্ + য্ + আ + য্ + ই + ন্ + ঈ। বি.দ্র: ধ্ + য্ + আ = ধ্যা।

শুভানুধ্যায়ী: কল্যাণকামী। বি। তৎসম। শুভ [শুভ্

[illegible]

৬।১ [সন্ধি] অ + অ = আ [ভা]। ২।১।ক শুভ অনুধ্যান [অনুচিন্তা] করেন যিনি =

উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + উ + ভ্ + আ + ন্ + উ + ধ্ + য্ + আ + য্ + ঈ। বি.দ্র: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শুভানুষ্ঠান: মাঙ্গলিক অনুষ্ঠান। বি। তৎসম। শুভ [শুভ্ + অ] + অনুষ্ঠান [অনু + স্থা + অন]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ভা]। ২।১ শুভ অনুষ্ঠান = কর্মধা। ৩।২ বানান: শ্ + উ + ভ্ + আ + ন্ + উ + ষ্ + ঠ্ + আ + ন্ + অ। বি.দ্র: ষ্ + ঠ্ + আ = ষ্ঠা, 'উ'-র পর এবং 'ঠ' এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

শুভার্থিনী: মঙ্গলাকাঙ্ক্ষিণী। বিণ। তৎসম। শুভ [শুভ্ + অ] + অর্থী [অর্থ + ইন্ + ঈ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ভা]।২।১।ক শুভ অর্থ [কামনা] যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান: শ্ + উ + ভ্ + আ + র্ + থ্ + ই + ন্ + ঈ। বি.দ্র: 'র' ও 'ন' এর মধ্যে 'থ' [ত-বর্গ] থাকায় 'ন' 'ণ' না হয়ে 'ন'-ই থেকেছে।৪।১।গ

শুভার্থী: কল্যাণকামী। বিণ। তৎসম। শুভ [শুভ্ + অ] + অর্থী [অর্থ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ভা]। ২।১।ক শুভ অর্থ [কামনা] যার = বহুব্রী। ৩।৫ বানান: শ্ + উ + ভ্ + আ + র্ + থ্ + ঈ। বি.দ্র: র্ + থ্ + [illegible]

শুভাশিস্: মঙ্গলকামনাপূর্ণ আশীর্বাদ। বি। তৎসম। শুভ [শুভ্ + অ] + আশিস্ [আ + শাস্ + ক্বিপ্]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [ভা]। ২।১।খ শুভ যে আশিস্ = কর্মধা। ৩।২ বানান: শ্ + উ + ভ্ + আ + শ্ + ই + স্। বি.দ্র: শ্ + ই = শি। শব্দান্তের 'স' হসন্তযুক্ত।

শুভাশীর্বাদ: মঙ্গলকামনাপূর্ণ আশীর্বাদ। বি। [illegible] আশীঃ (<আশিস্) + বাদ [বদ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ভা] ২।১।খ শুভ যে আশীর্বাদ

= কর্মধা। ৩।২ বানান: শ্ + উ + ভ্ + আ + শ্ + ঈ + র্ + ব্ + আ + দ্ + অ। বি.দ্র: শ্ + ঈ = শী, র্ + ব্ + আ = র্বা।

শুভাশুভ: মঙ্গল ও অমঙ্গল। বিণ। তৎসম। শুভ [শুভ্ + অ] + অশুভ [ন + শুভ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ভা]। ২।১।ক নয় শুভ = নঞ্‌তৎ। ৩।৩ শুভ ও অশুভ = দ্বন্দ্ব, ৩।৪ বানান: শ্ + উ + ভ্ + আ + শ্ + উ + ভ্ + অ। বি.দ্র: শ্ + উ = শু।

শুভ্র: সাদা। বি। তৎসম। শুভ্ + র। ৬।১ বানান: শ্ + উ + ভ্ + র্ + অ। বি.দ্র: ভ্ + র্ + অ = ভ্র।

শুভ্রকেশ: পাকাচুলওয়ালা। বি। তৎসম। শুভ্র [শুভ্ + র] + কেশ [কে (ক = মাথা)-তে + শ (শী + অ)] = শয়ন করে যা। ৬।১ শুভ্র কেশ যার = বহুব্রী। ৩।৫ বানান: শ্ + উ + ভ্ + র্ + অ + ক্ + এ + শ্ + অ। বি.দ্র: ভ্ + র্ + অ = ভ্র।

শুভ্রতা: ধবলতা। বি। তৎসম। শুভ্র [শুভ্ + র] + তা। ৬।২ বানান: শ্ + উ + ভ্ + র্ + অ + ত্ + আ। বি.দ্র: ভ্ + র্ + অ = ভ্র।

[illegible] শুভ্র [শুভ্ + র] + ত্ব। ৬।২ বানান: শ্ + উ + ভ্ + র্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র: ভ্ + র্ + অ = ভ্র, ত্ + ব্ + অ = ত্ব।

শুভ্রা: শুক্লা। বিণ। তৎসম। শুভ্র [শুভ্ + র] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: শ্ + উ + ভ্ + র্ + আ। বি.দ্র: ভ্ + র্ + আ = ভ্রা।

শুভ্রাংশু: চন্দ্র। বি। তৎসম। শুভ্র [শুভ্ + র] + অংশু। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ভ্রা]। ২।১।ক শুভ্র অংশু যার = বহুব্রী। ৩।৫ বানান:

শ্ + উ + ভ্ + র্ + আ + ং + শ্ + উ। বি.দ্র: ভ্ + র্ + আ = ভ্রা, শ্ + উ = শু।

শুমার: গণনা। বি। বিদেশী <ফা. শুমার্। বাংলা বানান: শ্ + উ + ম্ + আ + র্। বি.দ্র: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

শুম্ভনিশুম্ভ: দুর্গার হস্তে নিহত শুম্ভ ও নিশুম্ভ। বি। তৎসম। শুম্ভ [শুম্ভ্ + অ] + নিশুম্ভ [নি + শুম্ভ্ + অ]। ৬।১ শুম্ভ ও নিশুম্ভ = দ্বন্দ্ব। ৩।৪ বানান: শ্ + উ + ম্ + ভ্ + অ + ন্ + ই + শ্ + উ + ম্ + ভ্ + অ। বি.দ্র: ম্ + ভ্ + অ = ম্ভ।

শুয়া, শোয়া: শয়ন করা। ক্রি। তদ্ভব। শু [<সং. শী] + আ [য়-শ্রুতি]। ৬।৩ [শু + আ>শু + য় + আ, শ্ + ওয় + আ = শুয়া, শোয়া।

শুয়ান, শোয়ান, শুয়ানো, শোয়ানো: শয়ন করান। বি। তদ্ভব। শু [<সং. শী] + বাং. আন, আনো। [য়-শ্রুতি] শু + য় + আন, আনো >শোয়ান, শোয়ানো।

শুয়াবসা, শোয়াবসা: বসবাস। ক্রি। তদ্ভব। শুয়া [শু (<সং.শী) +(য়) + সং.আ] + বসা [বস্ + বাং. আ]। ৬।৩ শুয়া [শোয়া] ও বসা = দ্বন্দ্ব। ৩।৪

শুয়ার, শুয়োর: শূকর। বি। তদ্ভব। শুয়ার, শুয়োর [<সং. শূকর]। বানান: শ্ + উ + য় + আ + র্, শ্ + উ + য় + ও + র্। বি.দ্র: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

শুরু: আরম্ভ। বি। বিদেশী। <আং. শুরূউ। বাংলা বানান: শ্ + উ + র্ + উ। বি.দ্র: শ্ + উ = শু, র্ + উ = রু।

শুরুয়া: মাংসের ঝোল। বি। বিদেশী। <ফা. শোর্ওয়া। বাংলা বানান: শ্ + উ + র্ + উ + য় + আ। বি.দ্র: শ্ + উ = শু, র্ + উ = রু।

শুল্ক: পণ্যের আমদানি-রপ্তানির মাসুল। বি। তৎসম। শুল্ক্ + অ। ৬।১ বানান: শ্ + উ + ল্ + ক্ + অ। বি.দ্র: শ্ + উ = শু, ল্ + ক্ + অ = ল্ক।

শুশুক: শিশুমার। বি। তদ্ভব। <সং. শিশুক। বানান: শ্ + উ + শ্ + উ + ক্ + অ। বি.দ্র: শ্ + উ = শু, শ্ + উ = শু।

শুশ্রূষা: সেবা, শুনবার ইচ্ছা। বি। তৎসম। শ্রু + সন্ [ইচ্ছা অর্থে] + অ + আ। বানান: শ্ + উ + শ্ + র্ + ঊ + ষ্ + আ। বি.দ্র: শ্ + উ = শু, শ্ + র্ + ঊ = শ্রূ, ষ্ + আ। 'ঊ'-র পর 'ষ' হয়েছে। ৪।১।ক

শুশ্রূষাকারিণী: সেবিকা। বিণ। তৎসম। শুশ্রূষা ['শুশ্রূষা' দ্রষ্টব্য] + কারিণী + [কৃ + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।চ শুশ্রূষা [সেবা] করে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + উ + শ্ + র্ + ঊ + ষ্ + আ + ক্ + আ + র্ + ই + ণ্ + ঈ। ঊ-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক 'র' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

শুশ্রূষাকারী: সেবাকারী। বিণ। তৎসম। শুশ্রূষা ['শুশ্রূষা' দ্রষ্টব্য] + কারী [কৃ + ইন্ (ঈ)]। ৬।১ শুশ্রূষা [সেবা] করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + উ + শ্ + র্ + ঊ + ষ্ + আ + ক্ + আ + র্ + ঈ। বি.দ্র: শ্ + উ = শু, শ্ + র্ + ঊ = শ্রূ, ষ্ + আ = ষা, শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শুশ্রূষু: সেবা করতে ইচ্ছুক, সেবক। বিণ। তৎসম। শ্রূ + সন্ [ইচ্ছা অর্থে] + উ। ৬।১ শুনতে ইচ্ছুক। বানান: শ্ + উ + শ্ + র্ + ঊ + ষ্ + উ। বি.দ্র: শ্ + উ = শু, শ্ + র্ + ঊ = শ্রূ, ষ্ + উ = ষু। ঊ-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

শুষা: রস টেনে শুষ্ক করা। ক্রি। তদ্ভব। শুষ্ + বাং. আ। ৬।১ বানান: শ্ + উ + ষ্ + আ। বি.দ্র: 'উ'- র পর 'ষ' হয়েছে।

শুষ্ক : শুকনো। বিণ। তৎসম। শুষ্ + ত। ৬।১ বানান: শ্ + উ + ষ্ + ক্ + অ। বি.দ্র: শ্ + উ = শু, ষ্ + ক্ + অ = ষ্ক। 'উ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

শুষ্কতা : নীরসতা। বি। তৎসম। শুষ্ক ['শুষ্ক' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: শ্ + উ + ষ্ + ক্ + অ + ত্ + আ। বি.দ্র: ষ্ + ক্ + অ = ষ্ক, 'উ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

শূক : শুঁয়া। বি। তৎসম। শো [সূক্ষ্ম করা] + ঊক। ৬।১ বানান: শ্ + ঊ + ক্ + অ। বি.দ্র: শ্ + ঊ = শূ।

শূককীট : শুঁয়াপোকা। বি। তৎসম। শূক [শো + ঊক—'শূক' দ্রষ্টব্য] + কীট [কীট্ (অর্বাচীন সং.) + অ]। ৬।১ শূক [শুঁয়াযুক্ত] যে কীট = কর্মধা। ৩।২ বানান: শ্ + ঊ + ক্ + অ + ক্ + ঈ + ট্ + অ। বি.দ্র: শ্ + ঊ = শূ, ক্ + ঈ = কী।

শূকর : শুয়োর। বি। তৎসম। শূক [শো + ঊক] + রা + অ। ৬।১ শূক-সদৃশ লোমযুক্ত, অব্যক্ত শব্দকারী। বানান: শ্ + ঊ + ক্ + অ + র্ +অ। বি.দ্র: শ্ + ঊ = শূ।

শূকরী : মাদী শুয়োর। বি। তৎসম। শূকর ['শূকর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ, বানান: শ্ + ঊ + ক্ + অ + র্ + ঈ। বি.দ্র: শ্ + ঊ = শূ, র্ + ঈ = রী।

শূদ্র : হিন্দুজাতির নিম্নতম বর্ণ। বি। তৎসম। শুচ্ + র্ [উ = ঊ, চ্ = দ্]। ৬।১ বানান: শ্ + ঊ + দ্ + র্ + অ। বি.দ্র: শ্ + ঊ = শূ, দ্ + র্ + অ = দ্র।

শূদ্রা : শূদ্র-জাতীয়া স্ত্রীলোক। বি। তৎসম। শূদ্র ['শূদ্র' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: শ্ + ঊ + দ্ + র্ + আ। বি.দ্র: শ্ + ঊ = শূ, দ্ + র্ + আ = দ্রা।

শূদ্রাণী : শূদ্র-জাতীয় স্ত্রীলোক, শূদ্রের পত্নী। বি। তৎসম। শূদ্র ['শূদ্র' দ্রষ্টব্য] + আনী [স্ত্রী]। ৭।১।ঙ বানান: শ্ + ঊ + দ্ + র্ + আ + ণ্ + ঈ। বি.দ্র: শ্ + ঊ = শূ, দ্ + র্ + আ = দ্রা, ণ্ + ঈ = ণী। 'র' ও 'ন'-এর মধ্যে 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শূদ্রী : শূদ্রের পত্নী। বি। তৎসম। শূদ্র ['শূদ্র' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: শ্ + ঊ + দ্ + র্ + ঈ। বি.দ্র: শ্ + ঊ = শূ, দ্ + র্ + ঈ = দ্রী।

শূন্য : খালি, ০— এই চিহ্ন, ফাঁকা। বি, বিণ। তৎসম। শু + ঊন্ [অতিশয় কম] + য [যৎ]। ৬।১ বানান: শ্ + ঊ + ন্ + য্ + অ। বি.দ্র: শ্ + ঊ = শূ, ন্ + য্ + অ = ন্য।

শূন্যকুম্ভ : জলহীন কলস। বি। তৎসম। শূন্য ['শূন্য' দ্রষ্টব্য] + কুম্ভ [কু (জল) + উন্ভ্ (পূর্ণ করা) + অ]। ৬।১ শূন্য যে কুম্ভ = কর্মধা। ৩।২ বানান: শ্ + ঊ + ন্ + য্ + অ + ক্ + উ + ম্ + ভ্ +অ। বি.দ্র: শ্ + ঊ = শূ, ন্ + য্ + অ = ন্য। ম্ + ভ্ + অ = ম্ভ।

শূন্যগর্ভ : অন্তঃসারহীন। বিণ। তৎসম। শূন্য ['শূন্য' দ্রষ্টব্য] + গর্ভ [গৃ (আবৃত করা) + ভ]। ৬।১ শূন্য গর্ভ [ভিতর] যার = বহুব্রী। ৩।৫ বানান: শ্ + ঊ + ন্ + য্ + অ + গ্ + অ + র্ + ভ্ + অ। বি.দ্র: শ্ + ঊ = শূ, ন্ + য্ + অ = ন্য, র্ + ভ্ + অ = র্ভ।

শূন্যতা : অন্তঃসারহীনতা। বি। তৎসম। শূন্য ['শূন্য' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: শ্ + ঊ + ন্ + য্ + অ + ত্ + আ। বি.দ্র: শ্ + ঊ = শূ, ন্ + য্ + অ = ন্য।

শূন্যতাপূরণ : শূন্যস্থান পূর্ণ করা। বি। তৎসম। শূন্যতা [শূন্য (শূন্য) দ্রষ্টব্য] + তা + পূরণ [পূর্ণ (পূর্ + ত)— স্বরাগম]। ৬।১ শূন্যতার পূরণ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ঊ + ন্ + য্ + অ + ত্ + আ + প্ + ঊ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র: শ্ + ঊ = শূ,

ন্ + য্ + অ = ন্য, প্ + ঊ = পূ। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ।

শূন্যদৃষ্টি : উদাস চাহনি। বি। তৎসম। শূন্য ['শূন্য' দ্রষ্টব্য] + দৃষ্টি [দৃশ্ + তি]। ৬।১ শূন্য যে দৃষ্টি = কর্মধা। ৩।২ বানান: শ্ + ঊ + ন্ + য্ + অ + দ্ + ঋ + ষ্ + ট্ + ই। বি.দ্র: শ্ + ঊ = শূ, ন্ + য্ + অ = ন্য, দ্ + ঋ = দৃ, ষ্ + ট্ + ই = ষ্টি। 'ঋ'-র পর এবং 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ।

শূন্যপথ : আকাশপথ। বি। তৎসম। শূন্য ['শূন্য' দ্রষ্টব্য] + পথ [পথ্ + অ]। ৬।১ শূন্য যে পথ = কর্মধা। ৩।২ বানান: শ্ + ঊ + ন্ + য্ + অ + প্ + অ + থ্ + অ। বি.দ্র.: শ্ + ঊ = শূ, ন্ + য্ + অ = ন্য।

শূন্যবাদ : নাস্তিক্য। বি। তৎসম। শূন্য ['শূন্য' দ্রষ্টব্য] + বাদ [বদ্ + অ]। ৬।১ শূন্য-বিষয়ক বাদ [মতবাদ]। মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + ঊ + ন্ + য্ + অ + ব্ + আ + দ্ + অ। বি.দ্র.: শ্ + ঊ = শূ, ন্ + য্ + অ = ন্য।

শূন্যময় : ফাঁকা। বিণ। তৎসম। শূন্য ['শূন্য' দ্রষ্টব্য] + ময় [ময়ট্]। ৬।২ শূন্যের দ্বারা ময় [পূর্ণ] = করণতৎ। ৩।৩ বানান: শ্ + ঊ + ন্ + য্ + অ + ম্ + অ + য্ + অ। বি.দ্র.: শ্ + ঊ = শূ, ন্ + য্ + অ = ন্য।

শূর : বীর। বি। তৎসম। শূর্ + অ। ৬।১ বানান: শ্ + ঊ + র্ + অ। বি.দ্র: শ্ + ঊ = শূ।

শূরসেন : মথুরা-সন্নিহিত অঞ্চলের প্রাচীন নাম। বি। তৎসম। শূর [শূর্ + অ] + সেন ['সেনাং নয়তি যঃ'— অমরকোষটীকা]। বানান: শ্ + ঊ + র্ + অ + স্ + এ + ন্ + অ। বি.দ্র.: শ্ + ঊ = শূ।

শূরা : বীরাঙ্গনা। বি। তৎসম। শূর [শূর্ + অ] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: শ্ + ঊ + র্ + আ। বি.দ্র: শ্ + ঊ = শূ।

শূর্প : কুলা। বি। তৎসম। শূর্প্ + অ। ৬।১ বানান: শ্ + ঊ + র্ + প্ + অ। বি.দ্র: শ্ + ঊ = শূ, র্ + প্ + অ = র্প।

শূর্পনখা : রাবণের ভগিনী। বি। তৎসম। শূর্প [শূর্প্ + অ] + নখা [নখ্ (বৃদ্ধি পাওয়া) + অ + আ]। ৬।১, ৭।১।ক শূর্পের [কুলার] মতো নখ যার= উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান: শ্ + ঊ + র্ + প্ + অ + ন্ + অ + খ্ + আ। বি.দ্র.: শ্ + ঊ = শূ, র্ + প্ + অ = র্প। 'র' ও 'ন' এর মধ্যে 'প' ও 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শূর্পী : ছোটকুলা। বি। তৎসম। শূর্প [শূর্প্ + অ] + ঈ [ক্ষুদ্র অর্থে]। ৬।১, ৭।১।গ বানান: শ্ + ঊ + র্ + প্ + ঈ। বি.দ্র.: শ্ + ঊ = শূ, র্ + প্ + ঈ = র্পী।

শূল : তীক্ষ্ণাগ্র অস্ত্র, বেদনা। বি। তৎসম। শূল্ [পীড়া দেওয়া] + অ। ৬।১ বানান: শ্ + ঊ + ল্ + অ। বি.দ্র.: শ্ + ঊ = শূ।

শূলঘ্ন : শূলবেদনানাশক। বিণ। তৎসম। শূল + ঘ্ন [হন্ + অ]। ৬।১ শূলকে [যন্ত্রণাকে] হনন করে যা = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + ঊ + ল্ + অ + ঘ্ + ন্ + অ। বি.দ্র.: শ্ + ঊ = শূ, ঘ্ + ন্ + অ = ঘ্ন।

শূলপক্ব : শিকে-পোড়ান। বিণ। তৎসম। শূল + পক্ব [পচ্ + ত]। ৬।১ শূলের দ্বারা পক্ব = করণতৎ। ৩।৩ বানান: শ্ + ঊ + ল্ + অ + প্ + অ + ক্ + ব্ + অ। বি.দ্র.: শ্ + ঊ = শূ, ক্ + ব্ + অ = ক্ব।

শূলপাণি : শিব। বি। তৎসম। শূল + পাণি [পণ্ + ই]। ৬।১ শূল পাণিতে যাঁর = বহুব্রী। ৩।৫ বানান: শ্ + ঊ + ল্ + অ + প্ + আ + ণ্ + ই। বি.দ্র.: শ্ + ঊ = শূ, 'পাণি'-র 'ণ' স্বাভাবিক 'ণ'। ৪।১।ছ।

শূলাগ্র: শূলের ডগা। বি। তৎসম। শূল + অগ্র [অন্‌গ্‌ + র —'ন্' লুপ্ত] ৬।১ [সন্ধি] অ + অ = আ [লা]। ২।১।ক শূলের অগ্র [আগা] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ঊ + ল্ + আ + গ্ + র্ + অ। বি.দ্র: শ্ + ঊ + শূ, গ্ + র্ + অ = গ্র।

শূলিনী: দুর্গা। বি। তৎসম। শূল + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ শূল আছে যাঁর [স্ত্রী]। বানান: শ্ + ঊ + ল্ + ই + ন্ + ঈ। বি.দ্র: শ্ + ঊ = শূ। শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

শূলী: শিব। বি। তৎসম। শূল + ইন্ [ঈ]। ৬।১ শূল আছে যাঁর। বানান: শ্ + ঊ + ল্ + ঈ। বি.দ্র: শ্ + ঊ = শূ, ল্ + ঈ = লী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শূল্য: শূলপক্ব। বিণ। তৎসম। শূল্ + য [যৎ]। ৬।১ বানান: শ্ + ঊ + ল্ + য্ + অ। বি.দ্র: শ্ + ঊ = শূ, ল্ + য্ + অ = ল্য।

শূল্যমাংস: শিক কাবাব। বি। তৎসম। শূল্য [শূল্ + য (যৎ) + মাংস [মন্ + স]। ৬।১ শূল্য [শূলপক্ব] যে মাংস = কর্মধা। ৩।২ বানান: শ্ + ঊ + ল্ + য্ + অ + ম্ + আ + ং + স্ + অ। বি.দ্র: শ্ + ঊ = শূ, ল্ + য্ + অ = ল্য।

শৃগাল: শিয়াল। বি। তৎসম। সৃজ্ + আল। [স্= শ্, জ্ = গ্]। ৬।১ বানান: শ্ + ঋ + গ্ + আ + ল্ + অ।

শৃগালী: শিয়ালী। বি। তৎসম। শৃগাল [সৃজ্ + আল (স্= শ্, জ্ = গ্) + ঈ (স্ত্রী)। ৬।১, ৭।১।গ বানান: শ্ + ঋ + গ্ + আ + ল্ + ঈ। বি.দ্র: শ্ + ঋ = শৃ।

শৃঙ্খল: শিকল। বি। তৎসম। শৃঙ্গ [শিকলের কড়া] খল্ [গ্রহণ করা] + অ। ৬।১ বানান: শ্ + ঋ + ঙ্ + খ্ + অ + ল্ + অ। বি.দ্র: শ্ + ঋ = শৃ, ঙ্ + খ্ + অ = ঙ্খ।

শৃঙ্খলা: নিয়মানুবর্তিতা। বি। তৎসম। শৃঙ্খল ['শৃঙ্খল' দ্রষ্টব্য] + আ। ৬।২ বানান: শ্ + ঋ + ঙ্ + খ্ + অ + ল্ + আ। বি.দ্র: শ্ + ঋ = শৃ, ঙ্ + খ্ + অ = ঙ্খ।

শৃঙ্খলাবদ্ধ: শিকলদ্বারা আবদ্ধ। বিণ। তৎসম। শৃঙ্খল ['শৃঙ্খল' দ্রষ্টব্য] + আবদ্ধ [আ + বন্ধ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [লা]। ২।১।খ শৃঙ্খলের দ্বারা আবদ্ধ = করণতৎ। ৩।৩ বানান: শ্ + ঋ + ঙ্ + খ্ + অ + ল্ + আ + ব্ + অ + দ্ + ধ্ + অ। বি.দ্র: শ্ + ঋ = শৃ, ঙ্ + খ্ + অ = ঙ্খ, দ্ + ধ্ + অ = দ্ধ।

শৃঙ্খলিত: শিকল দ্বারা আবদ্ধ। বিণ। তৎসম। শৃঙ্খল ['শৃঙ্খল' দ্রষ্টব্য] + ইত। ৬।২ বানান: শ্ + ঋ + ঙ্ + খ্ + অ + ল্ + ই + ত্ + অ। বি.দ্র: শ্ + ঋ = শৃ। ঙ্ + খ্ + অ = ঙ্খ।

শৃঙ্গ: পশুর শিং, শিঙা। বি। তৎসম। শৃ [ভেদ করা] + গ [ন্— আগম]। ৬।১ বানান: শ্ + ঋ + ঙ্ + গ্ + অ। বি.দ্র: শ্ + ঋ = শৃ, ঙ্ + গ্ + অ = ঙ্গ।

শৃঙ্গধর: পর্বত। বি। তৎসম। শৃঙ্গ [শৃঙ্গ দ্রষ্টব্য] + ধর [ধৃ + অ]। ৬।১ শৃঙ্গ ধরে বা ধারণ করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + ঋ + ঙ্ + গ্ + অ + ধ্ + অ + র্ + অ। বি.দ্র: শ্ + ঋ = শৃ, ঙ্ + গ্ + অ = ঙ্গ।

শৃঙ্গবের: আদা। বি। তৎসম। শৃঙ্গ [দ্রষ্টব্য 'শৃঙ্গ'] + বের [দেহ]। যার দেহে শৃঙ্গ = বহুব্রী। ৩।৫ বানান: শ্ + ঋ + ঙ্ + গ্ + অ + ব্ + এ + র্ + অ। বি.দ্র: ঙ্ + গ্ + অ = ঙ্গ।

শৃঙ্গাটক: পানিফল। বি। তৎসম। শৃঙ্গ ['শৃঙ্গ' দ্রষ্টব্য] + অট্ [পাওয়া] + অ + ক। ৬।১

[সন্ধি] অ + অ = আ [ঙ্গা]। ২।১।ক শৃঙ্গ প্রাপ্ত হয়েছে যা = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + ঋ + ঙ্ + গ্ + আ + ট্ + অ + ক্ + অ। বি.দ্র: শ্ + ঋ = শৃ, ঙ্ + গ্ + আ = ঙ্গা।

শৃঙ্গাটিকা: পানিফল। বি। তৎসম। শৃঙ্গাট [শৃঙ্গ + অট্ +অ] + ইক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ শৃঙ্গ প্রাপ্ত হয়েছে যা। [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + ঋ + ঙ্ + গ্ + আ + ট্ + ই + ক্ + আ। বি.দ্র: শ্ + ঋ = শৃ, ঙ্ + গ্ + আ = ঙ্গা।

শৃঙ্গার: আদিরস, রতিক্রিয়া। বি। তৎসম। শৃঙ্গ [শৃ (ভেদ করা) + (ন্ — আগম) + গ (গম্ + অ) + ঋ + অ]। ৬।১ বানান: শ্ + ঋ + ঙ্ + গ্ + আ + র্ + অ। বি.দ্র: শ্ + ঋ = শৃ, ঙ্ + গ্ + আ = ঙ্গা।

শৃঙ্গী, শৃঙ্গি: শিঙ্গি মাছ। বি। তৎসম। শৃঙ্গ + ই, ঈ। ৬।২ বানান: শ্ + ঋ + ঙ্ + গ্ + ই, ঈ। বি.দ্র: শ্ + ঋ = শৃ, ঙ্ + গ্ + ই, ঈ = ঙ্গি, ঙ্গী।

শৃঙ্গী: শৃঙ্গযুক্ত। বিণ। তৎসম। শৃঙ্গ + ইন্ [ঈ]। ৬।১ শৃঙ্গ আছে যার। বানান: শ্ + ঋ + ঙ্ + গ্ + ঈ। বি.দ্র: শ্ + ঋ = শৃ, ঙ্ + গ্ + ঈ = ঙ্গী।

শেওড়া: এক প্রকার বুনো গাছ। বি। তদ্ভব। <সং. শাখোটক। বানান: শ্ + এ + ও + ড় + আ।

শেওলা: শৈবাল। বি। তদ্ভব। <সং. শৈবাল। বানান: শ্ + এ + ও + ল্ +আ।

শেখ: সম্ভ্রান্ত মুসলমান সম্প্রদায়। বি। বিদেশী। <আ. শইখ্। বাংলা বানান: শ্+এ+খ্। বি.দ্র: শব্দান্তের 'খ' হসন্ত-বর্জিত।

শেখর: চূড়া। বি। তৎসম। [শী + খর — 'শেতে শিরসি']। বানান: শ্ + এ + খ্ + অ + র্ + অ।

শেখা: শিক্ষা করা। ক্রি। তদ্ভব। শেখা <শিখা [<সং. শিক্ষ্ + বাং. আ]। ৬।১

শেখান, শেখানো: শিক্ষা দেওয়া। ক্রি। তৎসম। শেখা ['শেখা' দ্রষ্টব্য] + বাং. আন, আনো।

শেজ: বিছানা। বি। তদ্ভব। <সং. শয্যা। বানান: শ্ + এ + জ্। বি.দ্র: শব্দান্তের 'জ্' হসন্ত-বর্জিত।

শেজ: শামাদান। বি। দেশী। বানান: শ্ + এ + জ্। বি.দ্র.: শব্দান্তের 'জ' হসন্ত-বর্জিত।

শেঠ: বণিক্। বি। তদ্ভব। <সং. শ্রেষ্ঠী। বানান: শ্ + এ + ঠ্। বি.দ্র.: শব্দান্তের 'ঠ' হসন্ত-বর্জিত।

শেতল: শীতল। বি। তদ্ভব। <সং. শীতল। বানান: শ্ + এ + ত্ + অ + ল্। বি.দ্র: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

শেতলা: শীতলা। বি। তদ্ভব। <সং. শীতলা। বানান: শ্ + এ + ত্ + অ + ল্ + আ।

শেফালি: শিউলি। বি। তৎসম। শেফ [শয়ন করা] + অলি। অলি [ভ্রমর] যাতে মধুপান করতে করতে শুয়ে পড়ে। বানান: শ্ + এ + ফ্ + আ + লি।

শেফালিকা: শিউলি। বি। তৎসম। শেফালি ['শেফালি' দ্রষ্টব্য] + ক + আ [স্ত্রী]। বানান: শ্ + এ + ফ্ + আ + ল + ই + ক্ + আ।

শেবধি, সেবধি: কুবেরের নিধি, গচ্ছিত ধন। বি। তৎসম। শেব [সেব= সেবা] + ধা + ই। ৬।১। বানান: শ্ [স্] + এ + ব্ + অ + ধ্ + ই।

শেমিজ: স্ত্রীলোকের লম্বা ও ঢিলা জামা। বি। বিদেশী। <ইং. [chemise].বাংলা বানান: শ্ + এ + ম্ + ই + জ্। বি.দ্র: শব্দান্তের 'জ' হসন্ত-বর্জিত।

শেয়াকুল: কুলজাতীয় বন্য কাঁটাগাছ। বি। তদ্ভব। <সং. শৃগালকোলি। বানান: শ্ + এ + য়্ +

আ + ক্ + উ + ল্। বি.দ্র: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

শেয়ার : অংশ। বি। বিদেশী। <ইং. share. বাংলা বানান: শ্ + এ + য় + আ + র্। বি.দ্র: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

শেয়ারমার্কেট : ফাটকা বাজার। বি। বিদেশী। <ইং.share-market. বাংলা বানান: শ্ + এ + য় + আ + র্ + ম্ + আ + র্ + ক্ + এ + ট্। বি.দ্র: র্ + ক্ + এ = র্কে। শব্দ-মধ্যের 'র' এবং শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

শেয়াল : শিয়াল। বি। তদ্ভব। <সং. শৃগাল। বানান: শ্ + এ + য় +আ + ল্। বি.দ্র: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

শের : বাঘ। বি। বিদেশী। <ফা. শের্। বাংলা বানান: শ্ + এ + র্। বি.দ্র: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

শেরওয়ানী : লম্বা কুর্তা বিশেষ। বি। বিদেশী। <হি. শেরওয়ানী। বাংলা বানান: শ্ + এ + র্ + ও + য় + আ + ন্ + ঈ। বি.দ্র: শব্দ-মধ্যের 'র' হসন্ত-বর্জিত।

শেল : শূল। শেলের মতো যন্ত্রণাদায়ক বস্তু। বি। তৎসম। <সং. শল্য। বানান: শ্ + এ + ল্ + অ।

শেল : কামানের গোলা। বি। বিদেশী। <ইং.shell. বাংলা বানান: শ্ + এ + ল্। বি.দ্র: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

শেষ : অন্ত। বি। তৎসম। শিষ্ + অ। ৬।১ বানান: শ্ + এ + ষ্ + অ। বি.দ্র: 'এ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

শেষাশেষি : যার সমাপ্তি আসন্ন। বি। তদ্ভব। শেষ [শিষ্ + অ] + বাং. আ + শেষ [শিষ্ + অ] + বাং. ই। ৬।১, ৬।৩ শেষের দিকে। বানান: শ্ + এ + ষ্ + আ + শ্ + এ + ষ্ + ই। বি.দ্র: 'এ'-র পর 'ষ' সংস্কৃত 'ষত্ব'-বিধান-সম্মত।

শেষোক্ত : সবার পরে উক্ত। বিণ। তৎসম। শেষ [শিষ্ + এ] + উক্ত [বচ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [ষো]। ২।৫।ক শেষে উক্ত = অধিকরণতৎ। ৩।৩ বানান: শ্ + এ + ষ্ + ও + ক্ + ত্ + অ। বি.দ্র: 'এ'-র পর 'ষ' হয়েছে।

শৈত্য : শীতলতা। বি। তৎসম। শীত + য [ষ্ণ্য]। ৬।২ বানান: শ্ + ঐ + ত্ + য্ +অ। বি.দ্র: শ্ + ঐ = শৈ, ত + য + অ= ত্য।

শৈথিল্য : শিথিলতা। বি। তৎসম। শিথিল ['শিথিল' দ্রষ্টব্য] + য [ষ্ণ্য]। ৬।২ বানান: শ্ + ঐ + থ্ + ই + ল্ + য্ + অ। বি.দ্র: ল্ + য্ +অ = ল্য।

শৈব : শিবসম্বন্ধীয়, শিবোপাসক। বি, বিণ। তৎসম। শিব + অ। ৬।২ বানান: শ্ + ঐ + ব্ + অ। বি.দ্র: শ্ + ঐ = শৈ।

শৈবলিনী : নদী। বি। তৎসম। শৈবাল + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।চ শৈবলবতী নদী। বানান: শ্ + ঐ + ব্ + অ + ল্ + ই + ন্ + ঈ। বি.দ্র: শ্ + ঐ = শৈ। শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

শৈবাল : শেওলা। বি। তৎসম। শেবাল + অ। ৬।২ বানান: শ্ + ঐ + ব্ + আ + ল্ + অ। বি.দ্র.: শ্ + ঐ = শৈ।

শৈল : পর্বত। বি। তৎসম। শিলা + অ। ৬।২ বানান: শ্ + ঐ + ল্ + অ। বি.দ্র: শ্ + ঐ = শৈ।

শৈলজ : পর্বতজাত। বি। তৎসম। শৈল [শিলা + অ]। ৬।২, ৬।১ শৈল [পর্বত] থেকে জন্মেছে যে = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + ঐ + ল্ + অ + জ্ + অ। বি.দ্র: শ্ + ঐ = শৈ।

শৈলজা : পার্বতী। বি। তৎসম। শৈলজ ['শৈলজ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: শ্ + ঐ + ল্ + অ + জ্ + আ। বি.দ্র: শ্ + ঐ = শৈ।

শৈলজায়া : হিমালয়-পত্নী মেনকা। বি। তৎসম। শৈল [শিলা + অ] + জায়া [জন্ (জন্ম দেওয়া) + য (যৎ) + আ (স্ত্রী)]। শৈলের [পর্বতের, হিমালয়ের] জায়া [পত্নী]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ঐ + ল্ + অ + জ্ + আ + য্ + আ। বি.দ্র : শ্ + ঐ = শৈ।

শৈলময় : পর্বতময়। বিণ। তৎসম। শৈল [শিলা + অ] + ময় [ময়ট্]। ৬।২ শৈলের দ্বারা ময় [পূর্ণ] = করণতৎ। ৩।৩ বানান : শ্ + ঐ + ল্ + অ + ম্ + অ + য্ + অ। বি.দ্র : শ্ + ঐ = শৈ।

শৈলরাজ : হিমালয়। বি। তৎসম। শৈল [শিলা + অ] + রাজ [<রাজন্]। ৬।২ শৈল [পর্বত]-দেব রাজা = সম্বন্ধতৎ ['আ' লুপ্]। ৩।৩ বানান : শ্ + ঐ + ল্ + অ + র্ + আ + জ্ + অ। বি.দ্র : শ্ + ঐ = শৈ।

শৈলসুতা : পার্বতী। বি। তৎসম। শৈল [শিলা + অ] + সুতা [সু (জন্মদান করা) + ত] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক শৈলের [পর্বতের হিমালয়ের] সুতা [জাতা, কন্যা] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান শ্ + ঐ + ল্ + অ + স্ + উ + ত্ + আ। বি.দ্র : শ্ + ঐ = শৈ।

শৈলেয় : পর্বতজাত। বিণ। তৎসম। শিলা + এয় [ঞ্চেয়] জাত অর্থে। ৬।২ বানান : শ্ + ঐ + ল্ + এ + য্ + অ। বি.দ্র : শ্ + ঐ = শৈ।

শৈলেন্দ্র : হিমালয়। বি। তৎসম। শৈল [শিলা + অ] + ইন্দ্র [ইন্দ্ + র]। ৬।২, ৬।১ [সন্ধি] অ + ই = এ [লে]। ২।৪।ক শৈল [পর্বত]-দের ইন্দ্র [রাজা] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ঐ + ল্ + এ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র : শ্ + ঐ = শৈ, ন্ + দ্ + র্ + অ = ন্দ্র।

শৈলেশ : হিমালয়। বি। তৎসম। শৈল [শিলা + অ] + ঈশ [ঈশ্ + অ]। ৬।২, ৬।১ [সন্ধি] অ + ই = এ [লে]। ২।৪।ক শৈলদের [পর্বতের] ঈশ [ঈশ্বর] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ঐ + ল্ + এ + শ্ + অ। বি.দ্র : শ্ + ঐ = শৈ।

শৈলী : রীতি [style]। বি। তৎসম। শৈল [শীল + অ] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান : শ্ + ঐ + ল্ + ঈ। বি.দ্র : শ্ + ঐ = শৈ, ল্ + ঈ = লী।

শৈল্পিক : শিল্পগত। বিণ। তৎসম। শিল্প + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : শ্ + ঐ + ল্ + প্ + ই + ক্ + অ। বি.দ্র : শ্ + ঐ = শৈ, ল্ + প্ + ই = ল্পি।

শৈশব : বাল্যকাল। বি। তৎসম। শিশু + অ। ৬।২ বানান : শ্ + ঐ + শ্ + অ + ব্ + অ। বি.দ্র : শ্ + ঐ = শৈ।

শৈশবসঙ্গী : ছেলেবেলার সাথী। বি। তৎসম। শৈশব [শিশু + অ] + সঙ্গ [সম্ + গম্ + অ] + ইন্ [ঈ]। ৬।২, ৬।১, শৈশবের সঙ্গী = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ঐ + শ্ + অ + ব্ + অ + স্ + অ + ঙ্ + গ্ + ঈ। বি.দ্র : শ্ + ঐ = শৈ, ঙ্ + গ্ + ঈ = ঙ্গী। শব্দটি 'ইন' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শৈশবস্মৃতি : বাল্যস্মৃতি। বি। তৎসম। শৈশব [শিশু + অ] + স্মৃতি [স্মৃ + তি]। ৬।২, ৬।১ শৈশবের স্মৃতি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ঐ + শ্ + অ + ব্ + অ + স্ + ম্ + ঋ + ত্ + ই। বি.দ্র : শ্ + ঐ = শৈ, স্ + ম্ + ঋ= স্মৃ।

শৈশবাবস্থা : ছেলেবেলা। বি। তৎসম। শৈশব [শিশু + অ] + অবস্থা [অব + স্থা + অ + আ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [বা]। ২।১।ক শৈশবের অবস্থা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ঐ + শ্ + অ + ব্ + আ + ব্ + অ + স্ + থ্ + আ। বি.দ্র : শ্ + ঐ = শৈ, ব্ + আ = বা, স্ + থ্ + আ = স্থা।

শোঁকা : শুঁকা। ক্রি। তদ্ভব। <শুঁক [<সং. শিঙ্ঘ্

[আঘ্রাণ নেওয়া] + আ। ৬।৩ শুঁকা >শোঁকা বানান : শ্ঁ + ও + ক্ + আ।

শোঁকান, শোঁকানো : শুঁকান। ক্রি। তদ্ভব। শোঁকা ['শোঁকা' দ্রষ্টব্য] + বাং. আন, আনো। ৬।৩ বানান : শ্ঁ + ও + ক্ + আ + ন্ + অ, ও।

শোঁ-শোঁ : বাতাসের প্রবল গতিসূচক। অব্য। দেশী। বানান : শ্ঁ + ও + শ্ঁ + ও।

শোক : কাউকে বা কোন-কিছু হারাবার মানসিক যন্ত্রণা। বি। তৎসম। শুচ্ + অ। ৬।১ বানান : শ্ + ও + ক্ + অ।

শোকগাথা : শোক-প্রকাশক গান। বি। তৎসম। শোক [শুচ্ + অ] + গাথা [গৈ + থ + আ]। ৬।১ শোকের গাথা [কাহিনী-গীতি বা কাহিনী-কাব্য] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ক্ + অ + গ্ + আ + থ্ + আ।

শোকগ্রস্ত : শোকমগ্ন। বিণ। তৎসম। শোক [শুচ্ + অ] + গ্রস্ত [গ্রস্ + ত]। ৬।১ শোকের দ্বারা গ্রস্ত = করণতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ক্ + অ + গ্ + র্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র : গ্ + র্ + অ = গ্র, স্ + ত্ + অ = স্ত।

শোকগ্রস্তা : শোকমগ্না। বিণ। তৎসম। শোক [শুচ্ + অ] + গ্রস্ত [গ্রস্ + ত + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক শোকের দ্বারা গ্রস্তা = করণতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ক্ + অ + গ্ + র্ + অ + স্ + ত্ + আ। বি.দ্র : গ্ + র্ + অ = গ্র, স্ + ত্ + আ = স্তা।

শোকসঙ্গীত : শোক-প্রকাশক গান। বি। তৎসম। শোক [শুচ্ + অ] + সঙ্গীত [সম্ + গীত (গৈ + ত)]। ৬।১ [সন্ধি] ম্ + গী = ঙ্ + গী = ঙ্গী। ২।২৮ শোক-বিষয়ক সঙ্গীত = মধ্যপ-কর্মধা। ৩।১ বানান : শ্ + ও + ক্ + অ + স্ + অ + ঙ্ + গ্ + ঈ + ত্ + অ। বি.দ্র : ঙ্ + গ্ + ঈ = ঙ্গী।

শোকাকুল : শোকে কাতর। বিণ। তৎসম। শোক [শুচ্ + অ] + আকুল [আ + কুল্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [কা]। ২।১।খ শোকের দ্বারা আকুল = করণতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ক্ + আ + ক্ + উ + ল্ + অ।

শোকাকুলা : শোকে কাতরা। বিণ। তৎসম। শোকাকুল ['শোকাকুল' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : শ্ + ও + ক্ + আ + ক্ + উ + ল্ + আ।

শোকাগ্নি : শোকদাহ। বি। তৎসম। শোক [শুচ্ + অ] + অগ্নি [অগ্ + নি]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [কা]। ২।১।ক শোক-রূপ অগ্নি = রূপক-কর্মধা। ৩।২ বানান : শ্ + ও + ক্ + আ + গ্ + ন্ + ই। বি.দ্র : শ্ + ও= শো, ক্ + আ = কা, গ্ + ন্ + ই = গ্নি।

শোকাতুর : শোকে কাতর। বিণ। তৎসম। শোক [শুচ্ + অ] + আতুর [আ + তুর্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [কা]। ২।১।খ শোকের দ্বারা আতুর= করণতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ক্ + আ + ত্ + উ + র্ + অ।

শোকাতুরা : শোকে কাতরা। বিণ। তৎসম। শোকাতুর ['শোকাতুর' দ্রষ্টব্য] + আ। ৭।১।ক বানান : শ্ + ও + ক্ + আ + ত্ + উ + র্ + আ।

শোকানল : শোকদাহ। বি। তৎসম। শোক [শুচ্ + অ] + অনল [সং.]। [সন্ধি] অ + অ = আ [কা]। ২।১।ক শোক-রূপ অনল = রূপক-কর্মধা। ৩।২ বানান : শ্ + ও + ক্ + আ + ন্ + অ + ল্ + অ।

শোকাবেগ : শোকের প্রবলতা। বি। তৎসম। শোক [শুচ্ + অ] + আবেগ [আ + বিজ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [কা]। ২।১।খ শোকের আবেগ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ক্ + আ + ব্ + এ + গ্ + অ।

শোকার্ত : শোকে কাতর। বিণ। তৎসম। শোক [শুচ্ + অ] + ঋত [ঋ (পীড়িত হওয়া) + ত]। ৬।২ [সন্ধি] অ + ঋ = অর্ ২।৬।ক অ + অ = আ [কা], ২।১।ক শোকের দ্বারা ঋত। করণতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ক্ + আ + র্ + ত্ + অ। বি.দ্র. : র্ + ত্ + অ= র্ত।

শোকার্তা : শোকে কাতরা। বিণ। তৎসম। শোকার্ত ['শোকার্ত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ২।১।ক [সন্ধি] অ + আ= আ [কা]। ২।১।খ শোকের দ্বারা আর্তা= করণতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ক্ + আ + র্ + ত্ + আ। বি.দ্র. : র্ + ত্ + আ= র্তা।

শোকোচ্ছ্বাস : শোকের প্রবলতা। বি। তৎসম। শোক [শুচ্ + অ] + উচ্ছ্বাস [উৎ + শ্বাস (শ্বস্ + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [কো]। ২।৫।ক, ৎ + শ্বা= চ্ + ছ্বা = চ্ছ্বা। ২।২১ শোকের উচ্ছ্বাস= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ক্ + ও + চ্ + ছ্ + ব্ + আ + স্ + অ। বি.দ্র. : শ্ + ও= শো, ক্ + ও= কো, চ্ + ছ্ + ব্ + আ= চ্ছ্বা।

শোচন : বিলাপ। বি। তৎসম। শুচ্ + অন। ৬।১ বানান : শ্ + ও + চ্ + অ + ন্ + অ।

শোচনা : বিলাপ। বি। তৎসম। শুচ্ + অন + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : শ্ + ও + চ্ + অ + ন্ + আ।

শোচনীয় : শোকের যোগ্য। বিণ। তৎসম। শুচ্ + অনীয়। ৬।১ বানান : শ্ + ও + চ্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র. : 'নী' 'অনীয়'-প্রত্যয়-হেতু।

শোচিত : যার জন্য শোক করা হয়েছে। বিণ। তৎসম। শুচ্ + ণিচ্ + ত। ৬।১ বানান : শ্ + ও + চ্ + ই + ত্ + অ।

শোচ্য : শোকের যোগ্য। বিণ। তৎসম। শুচ্ + য [যৎ]। ৬।১ বানান : শ্ + ও + চ্ + য্ + অ। বি.দ্র. : চ্ + য্ + অ= চ্য।

শোণ : রক্ত। বি। তৎসম। শোণ্ [রক্তবর্ণ ধারণ করা] + অ। ৬।১ বানান : শ্ + ও + ণ্ + অ। বি.দ্র. : 'শোণ'-এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

শোণিত : রক্ত। বি। তৎসম। শোণ [শোণ্ + অ] + ইত [ইতচ্]। ৬।১, ৬।২ বানান : শ্ + ও + ণ্ + ই + ত্ + অ। বি.দ্র. : 'শোণিত'-এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

শোণিতধারা : রক্তের স্রোত। বি। তৎসম। শোণিত ['শোণিত' দ্রষ্টব্য] + ধারা [ধৃ + ণিচ্ + অ + আ]। ৬।১ শোণিতের ধারা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ণ্ + ই + ত্ + অ + ধ্ + আ + র্ + আ। বি.দ্র. : 'শোণিত'-এর 'ণ' স্বাভাবিক 'ণ'।

শোণিতপ্রবাহ : রক্তের স্রোত। বি। তৎসম। শোণিত ['শোণিত' দ্রষ্টব্য] + প্রবাহ [প্র + বহ্ + অ]। ৬।১ শোণিতের প্রবাহ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ণ্ + ই + ত্ + অ + প্ + র্ + অ + ব্ + আ + হ্ + অ। বি.দ্র. : 'শোণিত'-এর 'ণ' স্বাভাবিক 'ণ', প্ + র্ + অ= প্র।

শোণিতমোক্ষণ : রোগ-নিরাময়ের জন্য দেহের রক্ত-নিষ্কাশন। বি। তৎসম। শোণিত ['শোণিত' দ্রষ্টব্য] + মোক্ষণ [নিষ্কাশন]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ণ্ + ই + ত্ + অ + ম্ + ও + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'শোণিত'-এর ণ স্বাভাবিক 'ণ', 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শোণিতরঞ্জিত : রক্তমাখা। বিণ। তৎসম। শোণিত ['শোণিত' দ্রষ্টব্য] + রঞ্জিত [রঞ্জ্ + ণিচ্ + ত]। ৬।১ শোণিতের দ্বারা রঞ্জিত= করণতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ণ্ + ই + ত্ + অ + র্ + অ + ঞ্ + জ্ + ই + ত্ + অ। বি.দ্র. : 'শোণিত'-এর 'ণ' স্বাভাবিক 'ণ' ঞ্ + জ্ + ই= ঞ্জি।

শোণিতাক্ত : রক্তমাখা। বিণ। তৎসম। শোণিত ['শোণিত' দ্রষ্টব্য] + অক্ত [অন্জ্ + ত]। ৬।১

[সন্ধি] অ + অ= আ [ত্ত]। ৬।১ শোণিতের দ্বারা অক্ত [লিপ্ত]= করণতৎ। ৩।৩ বানান: শ্ + ও + ণ্ + ই + ত্ + আ + ক্ + ত্ + অ। বি.দ্র.: 'শোণিত'-এর 'ণ' স্বাভাবিক 'ণ', ক্ + ত্ + অ= ক্ত।

শোণিমা: রক্তিমা। বি। তৎসম। শোণ [শোণ্ + অ] + ইমা [ইমন্]। ৬।২ বানান: শ্ + ও + ণ্ + ই + ম্ + আ। বি.দ্র.: 'শোণিমা'-ব 'ণ' স্বাভাবিক 'ণ'।

শোথ: জলসঞ্চারহেতু দেহের ফোলা রোগ (dropsy)।বি। তৎসম। শ্বি [বৃদ্ধি পাওয়া] + থ। অথবা, শু [গমন করা] + থ। বানান: শ্ + ও + থ্ + অ।

শোধ: পরিশোধ। বি। তৎসম। শুধ্ + অ। ৬।১ বানান: শ্ + ও + ধ্ + অ।

শোধক: শোধনকারী। বিণ। তৎসম। শুধ্ + ণিচ্ + অক। ৬।১ বানান: শ্ + ও + ধ্ + অ + ক্ + অ।

শোধন: শুদ্ধীকরণ। বি। তৎসম। শুধ্ + অন। ৬।১ বানান: শ্ + ও + ধ্ + অ + ন্ + অ।

শোধনী: ঝাঁটা। বি। তৎসম। শুধ্ + অন + ঈ [স্ত্রী]। ৬।১ ৭।১।গ বানান: শ্ + ও + ধ্ + অ + ন্ + ঈ।

শোধনীয়: শোধনের যোগ্য। বিণ। তৎসম। শুধ্ + অনীয়। ৬।১ বানান: শ্ + ও + ধ্ + অ + ন্ + ঈ + য্ + অ।

শোধ-বোধ: হিংসা ও প্রতিহিংসার মিটমাট। বি। তৎসম। শোধ [শুধ্ + অ] + বোধ [বুধ্ + অ]। ৬।১ শোধ ও বোধ= দ্বন্দ্ব। ৩।৪ বানান: শ্ + ও + ধ্ + অ + ব্ + ও + ধ্ + অ।

শোধরা, শোধরান, শোধরানো: সংশোধন করা। ক্রি। তদ্ভব। শোধরা [< সং. শুধ্] + বাং. আ, আন, আনো। ৬।৩ বানান: শ্ + ও + ধ্ + র্ + আ, ন্ + অ, ও। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ক' হসন্ত-বর্জিত।

শোধা: শোধ দেওয়া। ক্রি। তদ্ভব। শোধা < সং. শুধ্ + বাং. আ। ৬।৩ বানান: শ্ + ও + ধ্ + আ।

শোধিত: যা শোধন বা শোধ করা হয়েছে। বিণ। তৎসম। শুধ্ + ণিচ্ + ত। ৬।১ বানান: শ্ + ও + ধ্ + ই + ত্ + অ।

শোনা: শ্রবণ করা। ক্রি। তদ্ভব। শুন্ [< সং. শ্রু] + আ। ৬।৩ > শোনা। বানান: শ্ + ও + ন্ + আ।

শোনান, শোনানো: শ্রবণ করানো। ক্রি। তদ্ভব। শোনা [< শুনা (< সং. শ্রু)] + বাং. আন, আনো। ৬।৩ বানান: শ্ + ও + ন্ + আ + ন্ + অ, ও।

শোভন: সুন্দর। বিণ। তৎসম। শুভ্ + অন। ৬।১ বানান: শ্ + ও + ভ্ + অ + ন্ + অ।

শোভমান: বিরাজমান। বিণ। তৎসম। শুভ্ + মান [শানচ্]। ৬।১ বানান: শ্ + ও + ভ্ + অ + ম্ + আ + ন্ + অ।

শোভমানা: বিরাজমানা। বিণ। তৎসম। শুভ্ + মান [শানচ্] + আ [স্ত্রী] ৬।১, ৭।১।ক বানান: শ্ + ও + ভ্ + অ + ম্ + আ + ন্ + আ।

শোভা: সৌন্দর্য। বি। তৎসম। শুভ্ + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: শ্ + ও + ভ্ + আ।

শোভাকর: সুন্দর। বিণ। তৎসম। শোভা [শুভ্ + অ + আ] + কর [কৃ + অ]। ৬।১ শোভা করে যা= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + ও + ভ্ + আ + ক্ + অ + র্ + অ।

শোভাঞ্জন: শজিনাগাছ। বি। তৎসম। শোভাম্ [কর্ম একবচন] + জন [জন্ + অ]। ৬।১ 'শোভা জনয়তি' ইতি।

শোভাময় : শোভাপূর্ণ। বিণ। তৎসম। শোভা [শুভ্ + অ + আ] + ময় [ময়ট্]। ৬।১, ৬।২ শোভার দ্বারা ময় [পূর্ণ]= করণতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ভ্ + আ + ম্ + অ + য্ + অ।

শোভাময়ী : শোভাপূর্ণা। বিণ। তৎসম। শোভাময় ['শোভাময়' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : শ্ + ও + ভ্ + আ + ম্ + অ + য্ + ঈ।

শোভাযাত্রা : মিছিল। বি। তৎসম। শোভা [শুভ্ + অ + আ] + যাত্রা [যা + ত্র + আ]। ৬।১ শোভাপূর্ণ যাত্রা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : শ্ + ও + ভ্ + আ + য্ + আ + ত্ + র্ + আ। বি.দ্র. : ত্ + র্ + আ= ত্রা।

শোভাযাত্রী : মিছিলে অংশগ্রহণকারী। বি। তৎসম। শোভা [শুভ্ + অ + আ] + যাত্রা [যা + ত্র + আ] + ইন্ [ঈ]। ৬।১ বানান : শ্ + ও + ভ্ + আ + য্ + আ + ত্ + র্ + ঈ। বি.দ্র. : ত্ + র্ + ঈ= ত্রী। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শোভাশূন্য : সৌন্দর্যহীন। বিণ। তৎসম। শোভা [শুভ্ + অ + আ] + শূন্য [শু + ঊন [অতিশয় কম] + য [যৎ]। ৬।১ শোভা দ্বারা শূন্য= করণতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ভ্ + আ + শ্ + ঊ + ন্ + য্ + অ। বি.দ্র. : শ্ + ঊ= শূ, ন্ + য্ + অ= ন্য।

শোভাহীন : সৌন্দর্যহীন। বিণ। তৎসম। শোভা [শুভ্ + অ + আ] + হীন [হা + ত]। ৬।১ শোভা দ্বারা হীন= করণতৎ। ৩।৩ বানান : শ্ + ও + ভ্ + আ + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র. : হ্ + ঈ= হী।

শোভিত : ভূষিত। বিণ। তৎসম। শুভ্ + ণিচ্ + ত। ৬।১ বানান : শ্ + ও + ভ্ + ই + ত্ + অ।

শোভিতা : ভূষিতা। বিণ। তৎসম। শুভ্ + ণিচ্ + ত + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : শ্ + ও + ভ্ + ই + ত্ + আ।

শোভিনী : শোভিতা। বিণ। তৎসম। শুভ্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান : শ্ + ও + ভ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.। শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'। ভ্ + ই= ভি, ন্ + ঈ= নী।

শোভী : শোভাযুক্ত। বিণ। তৎসম। শুভ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান : শ্ + ও + ভ্ + ঈ। বি.দ্র. : শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শোয়া : শয়ন করা। ক্রি। তদ্ভব। শোয়া < শুয়া [< সং. শী [শয়ন করা] + বাং. আ। বানান : শ্ + ও + য্ + আ।

শোয়ান, শোয়ানো : শয়ন করানো। ক্রি। তদ্ভব। শোয়া ['শোয়া' দ্রষ্টব্য] + বাং. আন, আনো। ৬।৩ বানান : শ্ + ও + য্ + আ + ন্ + অ, ও।

শোয়াবসা : সহবাস, আলস্য। বি। তদ্ভব। শোয়া < শুয়া [< সং. শী + বাং. আ] + বসা [বস্ + আ]। ৬।১ শোয়া ও বসা= দ্বন্দ্ব। ৩।৪ বানান : শ্ + ও + য্ + আ + ব্ + অ + স্ + আ।

শোর : উচ্চরব। বি। বিদেশী। < ফা. শোর্। বাংলা বানান : শ্ + ও + র্। বি.দ্র. : শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

শোরগোল : তীব্র গোলমাল। বি। বিদেশী। < ফা. শোর্ + ফা. গোল্। বাংলা বানান : শ্ + ও + র্ + গ্ + ও + ল্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'র' ও শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

শোরা : যবক্ষার। বি। বিদেশী। < ফা. শোরা। বাংলা বানান : শ্ + ও + র্ + আ।

শোল : মাছ বিশেষ। বি। তদ্ভব। < শউল < সং. শকুল। বানান : শ্ + ও + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

শোলা : হালকা ও নরম কাণ্ড-বিশিষ্ট জলজ উদ্ভিদ।

বি। বিদেশী। < হি. শোলা [< সং. সলিলা]। বাংলা বানান: শ্ + ও + ল্ + আ।

শোষ: শুষ্কতা। বি। তৎসম। শুষ্ + অ। ৬।১ বানান: শ্ + ও + ষ্ + অ। বি.দ্র.: 'ও'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

শোষক: শোষণকারী। বিণ। তৎসম। শুষ্ + ণিচ্ + অক। ৬।১ বানান: শ্ + ও + ষ্ + অ + ক্ + অ। বি.দ্র.: 'ও'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

শোষকাগজ: ব্লটিং পেপার। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. শোষ [শুষ্ + অ] + কাগজ [< আ. < চী. কায়.গদ্]। বাংলা বানান: শ্ + ও + ষ্ + ক্ + আ + গ্ + অ + জ্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ষ' ও শব্দান্তের 'জ' হসন্ত-বর্জিত।

শোষণ: রস টেনে পান। বি। তৎসম। শুষ্ + ণিচ্ + অন। ৬।১ বানান: শ্ + ও + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ও'-র পর 'ষ' হয়েছে। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শোষা: চোষা। ক্রি। তদ্ভব। শুষ্ + বাং. আ। ৬।৩ বানান: শ্ + ও + ষ্ + আ। বি.দ্র.: তদ্ভব শব্দেও ষত্ব-বিধান-অনুযায়ী 'ল'-র পব 'ষ' রক্ষিত।

শোষান, শোষানো: চোষানো। ক্রি। তদ্ভব। শুষ্ + বাং. আন, আনো। ৬।৩ বানান: শ্ + ও + ষ্ + আ + ন্ + অ, ও। বি.দ্র.: তদ্ভব শব্দেও ষত্ব-বিধান-অনুযায়ী 'ও'-র পর 'ষ' রক্ষিত।

শোষিত: যাকে শোষণ করা হয়েছে। বিণ। তৎসম। শুষ্ + ণিচ্ + ত। ৬।১ বানান: শ্ + ও + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র.: 'ও'-র পর 'ষ' হয়েছে।

শোহরত: ঘোষণা। বি। বিদেশী। < আ. শুহ্‌রৎ। বাংলা বানান: শ্ + ও + হ্ + অ + র্ + অ + ত্। বি.দ্র.: শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

শোহিনী: রাগিণী। বি। তদ্ভব। < সং. শোভিনী [শুভ্ + ইন + ঈ]। বানান: শ্ + ও + হ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: মূল সং. শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই তদ্ভব শব্দেও আগে 'ই', পরে 'ঈ'।

শৌকর: শূকর-সম্বন্ধীয়। বিণ। তৎসম। শূকর + অ। ৬।২ বানান: শ্ + ঔ + ক্ + অ + র্ + অ। বি.দ্র.: শ্ + ঔ= শৌ।

শৌকর্য: শূকরত্ব। বি। তৎসম। শূকর + য [ষ্ণ্য]। ৬।২ বানান: শ্ + ঔ + ক্ + অ + র্ + য্ + অ। বি.দ্র.: শ্ + ঔ= শৌ, র্ + য্ + অ= র্য।

শৌক্তিকেয়: শুক্তি-সম্বন্ধীয়। বিণ। তৎসম। শুক্তিক [শুচ্ + তি + ক্ + আ (স্ত্রী)] + এয় (ঢক্‌ঞ্‌)]। ৬।২ বানান: শ্ + ঔ + ক্ + ত্ + ই + ক্ + এ + য়্ + অ। বি.দ্র.: শ্ + ঔ= শৌ, ক্ + ত্ + ই= ক্তি।

শৌক্তেয়: শুক্তি-সম্বন্ধীয়। বিণ। তৎসম। শুক্তি [শুচ্ + তি] + এয় [ঢক্‌ঞ্‌]। ৬।২ বানান: শ্ + ঔ + ক্ + ত্ + এ + য়্ + অ। বি.দ্র.: শ্ + ঔ = শৌ, ক্ + ত্ + এ= ক্তে।

শৌক্ল্য: শুক্লতা। বি। তৎসম। শুক্ল + য [ষ্ণ্য]। ৬।২ বানান: শ্ + ঔ + ক্ + ল্ + য্ + অ। বি.দ্র. শ্ + ঔ= শৌ, ক্ + ল্ + য্ + অ= ক্ল্য।

শৌখিন: শখযুক্ত। বিণ। বিদেশী। < আ. শৌকীন্। বাংলা বানান: শ্ + ঔ + খ্ + ঈ + ন্। বি.দ্র.: শ্ + ঔ= শৌ, খ্ + ঈ= খী। শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

শৌচ: শুচিতা, দেহ-মনের শুচিতা সাধন, মলদ্বার পরিষ্করণ। বি। তৎসম। শুচি + অ। ৬।২ বানান: শ্ + ঔ + চ্ + অ। বি.দ্র.: শ্ + ঔ= শৌ।

শৌচাগার: মলত্যাগাদির জন্য ঘর। বি। তৎসম। শৌচ [শুচি + অ] + আগার [অগার + অ]।

৬।২ [সন্ধি] অ + আ= আ [চা] ২।১।খ শৌচের নিমিত্ত আগার= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + ঔ + চ্ + আ + গ্ + আ + র্ + অ। বি.দ্র. : শ্ + ঔ= শৌ।

শৌণ্ড: মাতাল, বিখ্যাত। বিণ। তৎসম। শুণ্ডা [মদ] + অ। ৬।২ বানান: শ্ + ঔ + ণ্ + ড্ + অ। বি.দ্র. : শ্ + ঔ= শৌ। 'ড'-এর ঠিক আগে 'ন্' হয়েছে। ৪।১।ক

শৌণ্ডিক: মদ্য-ব্যবসায়ী বি। তৎসম। শুণ্ডা [মদ] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: শ্ + ঔ + ণ্ + ড্ + ই + ক্ + অ। বি.দ্র. : শ্ + ঔ= শৌ, ণ্ + ড্ + ই= ণ্ডি। 'ড'-এর ঠিক আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

শৌণ্ডিকালয়: মদের দোকান। বি। তৎসম। শৌণ্ডিক ['শৌণ্ডিক' দ্রষ্টব্য] + আলয় [আ + লী + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [কা]। ২।১।খ শৌণ্ডিকের [মদ-ব্যবসায়ীর] আলয় [এখানে দোকান বা বিক্রয়-ঘর]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ঔ + ণ্ + ড্ + ই + ক্ + আ + ল্ + অ + য়্ + অ। বি.দ্র. : শ্ + ঔ= শৌ, ণ্ + ড্ + ই= ণ্ডি। 'ড'-এর ঠিক আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক।

শৌণ্ডী: মদ্য-ব্যবসায়ী। বি। তৎসম। শুণ্ডা [মদ] + ইন্ [ঈ]। ৬।২, শুণ্ডা বা মদ বিক্রি করে যে। বানান: শ্ + ঔ + ণ্ + ড্ + ঈ। বি.দ্র. : শ্ + ঔ= শৌ, ণ্ + ড্ + ঈ= ণ্ডী। 'ড'-এর ঠিক আগে 'ণ্' হয়েছে। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শৌদ্র: শূদ্র-সুলভ। বিণ। তৎসম। শূদ্র + অ। ৬।২ বানান: শ্ + ঔ + দ্ + র্ + অ। বি.দ্র. : শ্ + ঔ= শৌ, দ্ + র্ + অ= দ্র।

শৌরসেনী: শূরসেন [মথুরা]-অঞ্চলে জাত প্রাচীন ভারতের প্রাকৃত ভাষা। বি। তৎসম। শূরসেন + অ [ষ্ণ] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান: শ্ + ঔ + র্ + অ + স্ + এ + ন্ + ঈ। বি.দ্র. : শ্ + ঔ= শৌ, ন্ + ঈ= নী।

শৌরি: শূর নৃপতির পৌত্র। বি। তৎসম। শূর + ই [ষ্ণি]। ৬।২ বানান: শ্ + ঔ + র্ + ই। বি.দ্র. : শ্ + ঔ= শৌ, র + ই= রি।

শৌর্য: বীরত্ব। বি। তৎসম। শূর + য [ষ্ণ্য]। ৬।২ বানান: শ্ + ঔ + র্ + য্ + অ। বি.দ্র. : শ্ + ঔ= শৌ, র্ + য্ + অ= র্য।

শৌর্যশালিনী: শৌর্যবতী। বিণ। তৎসম। শৌর্য [শূর + য [ষ্ণ] + শালিনী [শাল্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৬।২, ৭।১।চ বানান: শ্ + ঔ + র্ + য্ + অ + শ্ + আ + ল্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : শ্ + ঔ= শৌ, র্ + য্ + অ= র্য। শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

শৌর্যশালী: শৌর্যযুক্ত। বিণ। তৎসম। শৌর্য [শূর + য (ষ্ণ)] + শালী [শাল্ + ইন্ (ঈ)]। ৬।২, ৬।১ শৌর্য আছে যার। বানান: শ্ + ঔ + র্ + য্ + অ + শ্ + আ + ল্ + ঈ। বি.দ্র. : শ্ + ঔ= শৌ, র্ + য্ + অ= র্য। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শৌল্ক: শুল্ক-আদায়কারী। বিণ, বি। তৎসম। শুল্ক + অ। ৬।২ বানান: শ্ + ঔ + ল্ + ক্ + অ। বি.দ্র. : শ্ + ঔ= শৌ, ল্ + ক্ + অ= ল্ক।

শৌল্কিক: শুল্ক-আদায়কারী। বিণ, বি। তৎসম। শুল্ক + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: শ্ + ঔ + ল্ + ক্ + ই + ক্ + অ। বি.দ্র. : শ্ + ঔ= শৌ, ল্ + ক্ + ই= ল্কি।

শ্ব: আগামী দিবস। অব্য। তৎসম। বানান: শ্ + ব্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + অ= শ্ব।

শ্বদন্ত: কুকুরের দাঁতের মতো তীক্ষ্ণ দাঁত। বি। তৎসম। শ্ব [শ্বন্] + দন্ত [দম্ + ত]। ৬।১ শ্ব-র দন্ত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ব্ + অ + দ্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + অ= শ্ব, ন্ + ত্ + অ= ন্ত।

শ্ববৃত্তি : কুকুরের মতো আচরণ। বি। তৎসম। শ্ব [শ্বন্] + বৃত্তি [বৃৎ + তি]। ৬।১ শ্ব-র বৃত্তি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ব্ + অ + ব্ + ঋ + ত্ + ত্ + ই। বি.দ্র. : শ্ + ব্ + অ= শ্ব, ব্ + ঋ= বৃ, ত্ + ত্ + ই= ত্তি।

শ্বশুর : পতির বা পত্নীর পিতা। বি। তৎসম। শু [শীঘ্র] + অশ্ [খাওয়া] + উর। যিনি শীঘ্র খান। বানান : শ্ + ব্ + অ + শ্ + উ + র্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + অ= শ্ব, শ্ + উ= শু, র্ + অ।

শ্বশুরঘর : পতিগৃহ। বি। তৎসম। শ্বশুর ['শ্বশুর' দ্রষ্টব্য] + ঘর [< সং. গৃহ]। শ্বশুরের ঘর= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ব্ + অ + শ্ + উ + র্ + অ + ঘ্ + অ + র্ + অ। বি.দ্র. : শ্ + ব্= শ্ব, শ্ + উ= শু।

শ্বশুরবাড়ি : শ্বশুরের বাসভবন। বি। তৎসম। শ্বশুর ['শ্বশুব' দ্রষ্টব্য] + বাড়ি [< সং. বাটী]। শ্বশুরের বাড়ি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ব্ + অ + শ্ + উ + র্ + অ + ব্ + আ + ড়্ + ই।

শ্বশুরমন্দির : শ্বশুরের বাসভবন। বি। তৎসম। শ্বশুর ['শ্বশুর' দ্রষ্টব্য] + মন্দির [মন্দ্ + ইর]। শ্বশুরের মন্দিব [বাড়ি, গৃহ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ব্ + অ + শ্ + উ + র্ + অ + ম্ + অ + ন্ + দ্ + ই + র্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + অ= শ্ব, শ্ + উ= শু, ন্ + দ্ + ই= ন্দি।

শ্বশুরালয় : শ্বশুরের বাসভবন। বি। তৎসম। শ্বশুর ['শ্বশুর' দ্রষ্টব্য] + আলয় [আ + লী + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [রা] ২।১।খ শ্বশুরের আলয়= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ব্ + অ + শ্ + উ + র্ + আ + ল্ + অ + য্ + অ।

শ্বশুর্য : শ্বশুরের পুত্র। বি। তৎসম। শ্বশুর + য [ষ্ণ্য]। ৬।২ বানান : শ্ + ব্ + অ + শ্ + উ + র্ + য্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + অ= শ্ব, শ্ + উ= শু, র্ + য্ + অ= র্য।

শ্বশ্রূ : শ্বশুরের পত্নী। বি। তৎসম। শ্বশুর + ঊ [স্ত্রী]। বানান : শ্ + ব্ + অ + শ্ + র্ + ঊ। বি.দ্র. : শ্ + ব্ + অ= শ্ব, শ্ + র্ + ঊ= শ্রূ।

শ্বসন : শ্বাসগ্রহণ ও ত্যাগ। বি। তৎসম। শ্বস্ + অন। ৬।১ বানান : শ্ + ব্ + অ + স্ + অ + ন্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + অ= শ্ব।

শ্বসমান : বাসগ্রহণ ও ত্যাগে রত। বিণ। তৎসম। শ্বস্ + মান [শানচ্] ৬।১ বানান : শ্ + ব্ + অ + স্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + অ= শ্ব।

শ্বসিত : নিশ্বাস-প্রশ্বাসযুক্ত। বিণ। তৎসম। শ্বস্ + ত। ৬।১ বানান : শ্ + ব্ + অ + স্ + ই + ত্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + অ= শ্ব।

শ্বাপদ : মাংসাশী হিংস্র পশু। বি। তৎসম। শ্বন্ + পদ [পদ্ + অ]। ৬।১ শ্ব-র মত পদ যার= বহুব্রী। ৩।৫ বানান : শ্ + ব্ + আ + প্ + অ + দ্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + আ= শ্বা।

শ্বাপদসঙ্কুল, শ্বাপদসংকুল : হিংস্র জন্তুপূর্ণ। বিণ। তৎসম। শ্বা [শ্বন্] + পদ [পদ্ + অ] + সঙ্কুল, সংকুল [সম্ + কুল্ + অ]। ৬।১ শ্বা-র [কুকুরের] পদের মতো পদ যার= বহুব্রী। ৩।৫ তাদের দ্বারা সঙ্কুল, সংকুল [পূর্ণ]= করণতৎ। ৩।৩ বানান : শ্ + ব্ + আ + প্ + অ + দ্ + অ + স্ + অ + ঙ্ [ং] + ক্ + উ + ল্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + আ= শ্বা, ঙ্ + ক্ + উ= ঙ্কু, ং + ক্ + উ= ংকু।

শ্বাপদ-সমাকীর্ণ : হিংস্র জন্তুপূর্ণ। বিণ। তৎসম। শ্বা [শ্বন্] + পদ [পদ্ + অ] + সমাকীর্ণ [সম্ + আকীর্ণ (আ + কৃ + ত)]। ৬।১ [সন্ধি] ম্ + আ= মা। শ্ব-র পদের মতো পদ যার= বহুব্রী, শ্বাপদের দ্বারা সমাকীর্ণ= করণতৎ। ৩।৩

বানান: শ্ + ব্ + আ + প্ + অ + দ্ + অ + স্ + অ + ম্ + আ + ক্ + ঈ + র্ + ণ্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + আ= শ্বা, ক্ + ঈ= কী, র্ + ণ্ + অ= র্ণ। 'র্'-এর ঠিক পরে 'ণ্' হয়েছে। ৪।১।খ

শ্বাস: নিঃশ্বাস-প্রশ্বাস, মৃত্যুর পূর্বের শ্বাস। বি। তৎসম। শ্বস্ + অ। ৬।১ বানান: শ্ + ব্ + আ + স্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + আ= শ্বা।

শ্বাসকর্ম: শ্বাসগ্রহণ ও ত্যাগ। বি। তৎসম। শ্বাস [শ্বস্ + অ + কৃ + মন্]। ৬।১ শ্বাসের কর্ম= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ব্ + আ + স্ + অ + ক্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + আ= শ্বা, র্ + ম্ + অ= র্ম।

শ্বাসকষ্ট: শ্বাস ত্যাগ ও গ্রহণে কষ্টবোধ। বি। তৎসম। শ্বাস [শ্বস্ + অ] + কষ্ট [কষ্ + ত]। ৬।১ শ্বাসজনিত কষ্ট= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + ব্ + আ + স্ + অ + ক্ + অ + ষ্ + ট্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + আ= শ্বা, ষ্ + ট্ + অ= ষ্ট। 'ক'-এর পর এবং ট্-এর ঠিক আগে 'ষ্' হয়েছে। ৪।২।গ, ৪।২।ঙ

শ্বাসকার্য: শ্বাসগ্রহণ ও ত্যাগ। বি। তৎসম। শ্বাস [শ্বস্ + অ] + কার্য [কৃ + য (ণ্যৎ)]। ৬।১ শ্বাস-সংক্রান্ত কার্য= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + ব্ + আ + স্ + অ + ক্ + আ + র্ + য্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + আ= শ্বা, র্ + য্ + অ= র্য।

শ্বাসক্রিয়া: শ্বাসগ্রহণ ও ত্যাগ। বি। তৎসম। শ্বাস [শ্বস্ + অ] + ক্রিয়া [কৃ + অ + আ]। ৬।১ শ্বাস-সংক্রান্ত ক্রিয়া= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + ব্ + আ= শ্বা, ক্ + র্ + ই= ক্রি।

শ্বাসপ্রশ্বাস: শ্বাসগ্রহণ ও ত্যাগ। বি। তৎসম। শ্বাস [শ্বস্ + অ] + প্রশ্বাস [প্র + শ্বস্ + অ]। ৬।১ শ্বাস ও প্রশ্বাস= দ্বন্দ্ব। ৩।৪ বানান: শ্ + ব্ + আ + স্ + অ + প্ + র্ + অ + শ্ + ব্ + আ + স্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + আ= শ্বা, প্ + র্ + অ = প্র।

শ্বাসরোগ: হাঁপানি প্রভৃতি রোগ। বি। তৎসম। শ্বাস [শ্বস্ + অ] + রোগ [রুজ্ + অ]। ৬।১ শ্বাস-সংক্রান্ত রোগ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + ব্ + আ= শ্বা।

শ্বাসরোধ: শ্বাসবন্ধ। বি। তৎসম। শ্বাস [শ্বস্ + আ] + রোধ [রুধ্ + অ]। ৬।১ শ্বাসের রোধ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ব্ + আ + স্ + অ + র্ + ও + ধ্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + আ= শ্বা।

শ্বিত্র: শ্বেত কুষ্ঠ। বি। তৎসম। শ্বিৎ [সাদা রং] + র। ৬।১ শ্বিৎ বর্ণ যাব= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + ব্ + ই + ত্ + র্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + ই= শ্বি, ত্ + র্ + অ= ত্র।

শ্বেত: সাদা রং। বি, বিণ। তৎসম। শ্বিৎ + অ। ৬।১ বানান: শ্ + ব্ + এ + ত্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + এ= শ্বে।

শ্বেতকুষ্ঠ: ধবলরোগ। বি। তৎসম। শ্বেত [শ্বিৎ + অ] + কুষ্ঠ [কুষ্ + থ বা কু + স্থ [স্থা + অ)]। ৬।১ শ্বেত যে কুষ্ঠ= কর্মধা। ৩।২ বানান: শ্ + ব্ + এ + ত্ + অ + ক্ + উ + ষ্ + ঠ্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + এ= শ্বে, ষ্ + ঠ্ + অ= ষ্ঠ। 'উ'-র পর এবং 'ঠ্'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

শ্বেতচর্ম: সাদা চামড়া। বি। তৎসম। শ্বেত [শ্বিৎ + অ] + চর্ম [সং]। ৬।১ শ্বেত যে চর্ম= কর্মধা। ৩।২ বানান: শ্ + ব্ + এ + ত্ + অ + চ্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + এ= শ্বে, র্ + ম্ + অ= র্ম।

শ্বেতদ্বীপ: বিলাত। বি। তৎসম। শ্বেত [শ্বিৎ + অ] + দ্বীপ [দ্বি + ঈপ (জল)]। ৬।১, ৬।২ শ্বেত মানুষের দ্বীপ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + ব্ + এ + ত্ + অ + দ্ + ব্ +

ঈ + প্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + এ= শ্বে, দ্ + ব্ + ঈ= দ্বী।

শ্বেতপাথর: সাদা মর্মর-পাথর। বি। তৎসম। শ্বেত [শ্বিৎ + অ] + পাথর [< সং. প্রস্তর]। ৬।১ শ্বেত যে পাথর= কর্মধা। ৩।২ বানান: শ্ + ব্ + এ + ত্ + অ + প্ + আ + থ্ + অ + র্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + এ= শ্বে।

শ্বেতপ্রদর: স্ত্রী-ব্যাধি। বি। তৎসম। শ্বেত [শ্বিৎ + অ] + প্রদর [প্র + দৃ + অ]। ৬।১ শ্বেত যে প্রদর= কর্মধা। ৩।২ বানান: শ্ + ব্ + এ + ত্ + অ + প্ + র্ + অ + দ্ + অ + র্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + এ= শ্বে, প্ + র্ + অ= প্র।

শ্বেতপ্রস্তর: সাদা মর্মর-পাথর। বি। তৎসম। শ্বেত [শ্বিৎ + অ] + প্রস্তর [প্র + স্তৃ + অ]। ৬।১ শ্বেত যে প্রস্তর= কর্মধা। ৩।২ বানান: শ্ + ব্ + এ + ত্ + অ + প্ + র্ + অ + স্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + এ= শ্বে, প্ + র্ + অ= প্র, স্ + ত্ + অ= স্ত।

শ্বেতভুজা: সরস্বতী। বি। তৎসম। শ্বেত [শ্বিৎ + অ] + ভুজা [ভুজ্ + অ + আ (স্ত্রী)]। ৬।১ শ্বেত ভুজ [যা দিয়ে ভোজন করা হয়= হাত] যাঁর= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + ব্ + এ + ত্ + অ + ভ্ + উ + জ্ + আ। বি.দ্র.: শ্ + ব্ + এ= শ্বে, ভ্ + উ= ভু।

শ্বেতসার: খাদ্যশস্যের শ্বেতাংশ। বি। তৎসম। শ্বেত [শ্বিৎ + অ] + সার [সৃ (গমন করা) + অ]। ৬।১ শ্বেত যে সার= কর্মধা। ৩।২ বানান: শ্ + ব্ + এ + ত্ + অ + স্ + আ + র্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + এ= শ্বে।

শ্বেতা: শুক্লা, ধবলা। বিণ। তৎসম। শ্বেত [শ্বিৎ + অ] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: শ্ + ব্ + এ + ত্ + আ। বি.দ্র.: শ্ + ব্ + এ= শ্বে।

শ্বেতাভ: সাদা আভাযুক্ত। বিণ। তৎসম। শ্বেত [শ্বিৎ + অ] + আভ [আ + ভা (দীপ্তি দান করা) + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [তা]। ২।১।খ শ্বেত আভা যার= বহুব্রী। ['আ' লুপ্ত] ৩।৫ বানান: শ্ + ব্ + এ + ত্ + আ + ভ্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + এ= শ্বে।

শ্বেতাম্বর: শুভ্রবসনধারী জৈন-সম্প্রদায়। বি। তৎসম। শ্বেত [শ্বিৎ + অ] + অম্বর [অম্ব + রা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [তা]। ২।১।ক শ্বেত অম্বর যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + ব্ + এ + ত্ + আ + ম্ + ব্ + আ + র্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + এ= শ্বে, ত্ + আ= তা, ম্ + ব্ + অ= ম্ব।

শ্বেতি, শ্বেতী: ধবলরোগ। বি। তৎসম। শ্বেত [শ্বিৎ + অ] + বাং. ই, ঈ। ৬।১ বানান: শ্ + ব্ + এ + ত্ + ই, ঈ। বি.দ্র.: শ্ + ব্ + এ= শ্বে।

শ্মশান: শবদাহ স্থান। বি। তৎসম। শ্মন্ [শব] + শান [শয়ন-স্থান]। শ্মন্ [শব]-এর শান [শয়ন-স্থান]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + ম্ + অ + শ্ + আ + ন্ + অ। বি.দ্র.: শ্ + ম্ + অ= শ্ম।

শ্মশানকালী: শ্মশানচারিণী কালিকামূর্তি। বি। তৎসম। শ্মশান ['শ্মশান' দ্রষ্টব্য] + কালী [কাল + ঈ (স্ত্রী)]। ৭।১।গ শ্মশান-চারিণী কালী= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + ম্ + অ + শ্ + আ + ন্ + অ + ক্ + আ + ল্ + ঈ। বি.দ্র.: শ্ + ম্ + অ= শ্ম।

শ্মশানচারিণী: শ্মশানে বিচরণকারিণী বা বাসকারিণী। বিণ। তৎসম। শ্মশান ['শ্মশান' দ্রষ্টব্য] + চারিণী [চর্ + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।চ শ্মশানে বিচরণ বা বাস করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + ম্ + অ + শ্ + আ + ন + অ + চ্ + আ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: শ্ + ম্ + অ= শ্ম,

'র্' ও 'ন্'-এর মধ্যে 'ই' থাকায় 'ন্' 'ণ' হয়েছে। শব্দটি 'ইন্' + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

শ্মশানচারী : শ্মশানে বিচবণকারী বা বাসকারী। বি। তৎসম। শ্মশান। ['শ্মশান দ্রষ্টব্য] + চারী [চর্ + ইন্ (ঈ)]। ৬।১ শ্মশানে বিচরণ বা বাস করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + ম্ + অ + শ্ + আ + ন্ + অ + চ্ + আ + র্ + ঈ। বি.দ্র. : শ্ + ম্ + অ= শ্ম। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শ্মশানপুরী : জনশূন্য শ্মশানের মতো স্থান। বি। তৎসম। শ্মশান ['শ্মশান' দ্রষ্টব্য] + পুরী [পৃ [পূর্ণ করা] + অ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ শ্মশানের মতো পুরী= উপমিত-কর্মধা। ৩।২ বানান : শ্ + ম্ + অ + শ্ + আ + ন্ + অ + প্ + উ + র্ + ঈ। বি.দ্র. : শ্ + ম্ + অ= শ্ম।

শ্মশানবন্ধু : শবানুগমনকারী ও শবসৎকারে সাহায্যকারী ব্যক্তি। বি। তৎসম। শ্মশান ['শ্মশান' দ্রষ্টব্য + বন্ধু (বন্ধ্ + উ]। ৬।১ শ্মশানের বন্ধু= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : শ্ + ম্ + অ + শ্ + আ + ন্ + অ + ব্ + অ + ন্ + ধ্ + উ। বি.দ্র. : শ্ + ম্ + অ= শ্ম, ন্ + ধ্ + উ= ন্ধু।

শ্মশানবাসিনী : শ্মশানে বিচরণকারিণী বা বাসকারিণী। বিণ। তৎসম। শ্মশান ['শ্মশান' দ্রষ্টব্য] + বাসিনী [বস্ + ইন্ + ঈ]। ৬।১ ৭।১।চ শ্মশানে বাস করেন যিনি [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + ম্ + অ + শ্ + আ + ন্ + অ + ব্ + আ + স্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : শ্ + ম্ + অ= শ্ম। শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

শ্মশানবাসী : শ্মশানে বিচরণকারী বা বাসকারী। বিণ। তৎসম। শ্মশান ['শ্মশান' দ্রষ্টব্য] + বাসী [বস্ + ইন্ (ঈ)]। ৬।১ শ্মশানে বাস করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান : শ্ + ম্ + অ + শ্ + আ + ন্ + অ + ব্ + আ + স্ + ঈ। বি.দ্র. : শ্ + ম্ + অ= শ্ম। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শ্মশানভূমি : জনশূন্য শ্মশানের মতো স্থান। বি। তৎসম। শ্মশান ['শ্মশান' দ্রষ্টব্য] + ভূমি [ভূ + মি]। ৬।১ শ্মশানের মতো ভূমি= উপমিত কর্মধা। ৩।২ বানান : শ্ + ম্ + অ + শ্ + আ + ন্ + অ + ভ্ + ঊ + ম্ + ই। বি.দ্র. : শ্ + ম্ + অ= শ্ম, ভ্ + ঊ= ভূ।

শ্মশানবৈরাগ্য : শ্মশানে শবদাহকালে সাময়িক সংসার-বৈরাগ্য। বি। তৎসম। শ্মশান ['শ্মশান' দ্রষ্টব্য] + বৈরাগ্য [বিরাগ + য (ষ্ণ্য)]। ৬।২ শ্মশানের মতো সাময়িক বৈরাগ্য= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : শ্ + ম্ + অ + শ্ + আ + ন্ + অ + ব্ + ঐ + র্ + আ + গ্ + য্ + অ। বি.দ্র. : শ্ + ম্ + অ= শ্ম, ব্ + ঐ= বৈ, গ্ + য্ + অ= গ্য।

শ্মশ্রু : দাড়ি। বি। তৎসম। শ্মন্ [মুখ] + শ্রি [আশ্রয় করা] + উ। ৬।১ মুখকে যা আশ্রয় করে বা মুখে যা জন্মায়। বানান : শ্ + ম্ + অ + শ্ + র্ + উ। বি.দ্র. : শ্ + ম্ + অ= শ্ম, শ্ + র্ + উ= শ্রু।

শ্মশ্রুমণ্ডিত : দাড়িতে ঢাকা। বিণ। তৎসম। শ্মশ্রু [শ্মন্ + শ্রি + অ— 'শ্মশ্রু' দ্রষ্টব্য] + মণ্ডিত [মণ্ড্ + ত]। ৬।১ শ্মশ্রুর দ্বারা মণ্ডিত [আবৃত] = করণতৎ। ৩।৩ বানান : শ্ + ম্ + অ + শ্ + র্ + উ + ম্ + অ + ণ্ + ড্ + ই + ত্ + অ। বি.দ্র. : শ্ + ম্ + অ= শ্ম, শ্ + র্ + উ= শ্রু, ণ্ + ড্ + ই= ণ্ডি, 'ড'-এর আগে 'ণ্' হয়েছে। ৫।১।ক

শ্মশ্রুল : দাড়িতে ঢাকা। বিণ। তৎসম। শ্মশ্রু [শ্মন্ + শ্রি + উ— 'শ্মশ্রু' দ্রষ্টব্য] + ল। ৬।২ বানান : শ্ + ম্ + অ + শ্ + র্ + উ +

ল্ + অ। বি.দ্র.: শ্ + ম্ + অ= শ্ম, শ্ + র্ + = শ্রু।

শ্মশ্রুশোভিত : দাড়িতে ঢাকা। বিণ। তৎসম। শ্মশ্রু [শ্মন্ + শ্রি + অ — 'শ্মশ্রু' দ্রষ্টব্য] + শোভিত [শুভ্ + ণিচ্ + ত]। ৬।১ শ্মশ্রুর দ্বারা শোভিত= করণতৎ। ৩।৩ বানান: শ্ + ম্ + অ + শ্ + র্ + উ + শ্ + ও + ভ্ + ই + ত্ + অ। বি.দ্র.: শ্ + ম্ = অ= শ্ম, শ্ + র্ + উ= শ্রু, শ্ + ও= শো।

শ্যাম : ঘন নীলবর্ণ, শ্রীকৃষ্ণ। বিণ, বি। তৎসম। শ্যৈ [কঠিন বা শীতল হওয়া] + ম। বানান: শ্ + য্ + আ + ম্ + অ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা।

শ্যামচাঁদ : শ্রীকৃষ্ণ। বি। তদ্ভব। শ্যাম ['শ্যাম' দ্রষ্টব্য] + চাঁদ [< সং. চন্দ্র]। শ্যাম চাঁদের ন্যায়= উপমিত-কর্মধা। ৩।২ বানান: শ্ + য্ + আ + ম্ + অ + চঁ + আ + দ্ + অ।

শ্যামরায় : শ্রীকৃষ্ণ। বি। তৎসম। শ্যাম ['শ্যাম' দ্রষ্টব্য] + রায় [< সং. রাজন্]। যিনি শ্যাম, তিনিই রায়= কর্মধা। ৩।২ বানান: শ্ + য্ + আ + ম্ + অ + র্ + আ + য্ + অ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা।

শ্যামসুন্দর : শ্রীকৃষ্ণ। বি। তৎসম। শ্যাম ['শ্যাম' দ্রষ্টব্য] + সুন্দর [সু + উন্দ্ + অর]। ৬।১ যিনি শ্যাম, তিনিই সুন্দর= কর্মধা। ৩।২ বানান: শ্ + য্ + আ + ম্ + অ + স্ + উ + ন্ + দ্ + অ + র্ + অ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা, ন্ + দ্ + অ= ন্দ।

শ্যামল : শ্যাম-বর্ণযুক্ত। বিণ। তৎসম। শ্যাম ['শ্যাম' দ্রষ্টব্য] + ল। ৬।২ বানান: শ্ + য্ + আ + ম্ + অ + ল্ + অ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা।

শ্যামলতা : শ্যামকান্তি। বি। তৎসম। শ্যামল ['শ্যামল' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: শ্ + য্ + আ + ম্ + অ + ল্ + অ + ত্ + আ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা।

শ্যামলত্ব : শ্যামকান্তি। বি। তৎসম। শ্যামল + ত্ব। ৬।২ বানান: শ্ + য্ + আ + ম্ + অ + ল্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা, ত্ + ব্ + অ= ত্ব।

শ্যামলা : শ্যাম-বর্ণযুক্তা। বিণ। তৎসম। শ্যামল ['শ্যামল' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: শ্ + য্ + আ + ম্ + অ + ল্ + আ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা।

শ্যামলিমা : শ্যামকান্তি। বি। তৎসম। শ্যামল ['শ্যামল' দ্রষ্টব্য] + ইমা। ৬।২ বানান: শ্ + য্ + আ + ম্ + অ + ল্ + ই + ম্ + আ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা, ল + ই= লি, ম্ + আ= মা।

শ্যামলী : শ্যামবর্ণা গাভী। বি। তৎসম। শ্যামল ['শ্যামল' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী] ৭।১।গ বানান: শ্ + য্ + আ + ম্ + অ + ল্ + ঈ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা, ল্ + ঈ= লী।

শ্যামা : কালী। বি। তৎসম। শ্যাম। ['শ্যাম' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। কৃষ্ণবর্ণা দেবী কার্তিক-অমাবস্যায় পূজিতা [যে সময়ে শস্যহানিকর শ্যামা-পোকার আবির্ভাব ঘটে]। 'কালিকা পুরাণে' কালী অর্থে 'শ্যামা' শব্দের প্রথম প্রয়োগ। বাংলায় 'শ্যামা-মা'কে নিয়ে অসংখ্য 'শ্যামা-সঙ্গীত' রচিত হয়েছে। বানান: শ্ + য্ + আ + ম্ + আ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা।

শ্যামা : শীতকালে সুখোষ্ণা গ্রীষ্মকালে সুখ-শীতলা তপ্তকাঞ্চনবর্ণা সুন্দরী যুবতী, কৃষ্ণবর্ণা স্ত্রী। বি। তৎসম। শ্যাম ['শ্যাম' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: শ্ + য্ + আ + ম্ + আ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা।

শ্যামাক : এক জাতের নিম্নমানের ধান। শ্যাম ['শ্যাম' দ্রষ্টব্য] + আ + ক। বানান: শ্ + য্ + আ + ম্ + আ + ক্ + অ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা।

শ্যামাঙ্গ: কৃষ্ণবর্ণ-দেহযুক্ত। বিণ। তৎসম। শ্যাম ['শ্যাম' দ্রষ্টব্য] + অঙ্গ [অঙ্গ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [মা]। ২।১।ক শ্যাম অঙ্গ যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + য্ + আ + ম্ + আ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা, ঙ্ + গ্ + অ= ঙ্গ।

শ্যামাঙ্গা: কৃষ্ণকায়া। বিণ। তৎসম। শ্যামাঙ্গ ['শ্যামাঙ্গ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক শ্যাম অঙ্গ যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + য্ + আ + ম্ + আ + ঙ্ + গ্ + আ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা, ঙ্ + গ্ + আ= ঙ্গা।

শ্যামঙ্গিনী: কৃষ্ণকায়া। বিণ। তৎসম। শ্যামাঙ্গ ['শ্যামাঙ্গ' দ্রষ্টব্য] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ শ্যাম অঙ্গ যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + য্ + আ + ম্ + আ + ঙ্ + গ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা, ঙ্ + গ্ + ই= ঙ্গি, ন্ + ঈ= নী। শব্দটি ইন + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

শ্যামাঙ্গী: কৃষ্ণকায়া। বিণ। তৎসম। শ্যামাঙ্গ ['শ্যামাঙ্গ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ শ্যাম অঙ্গ যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + য্ + আ + ম্ + আ + ঙ্ + গ্ + ঈ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা, ঙ্ + গ্ + ঈ= ঙ্গী।

শ্যামাপোকা: দেওয়ালি পোকা। বি। তদ্ভব। শ্যামা ['শ্যামা' দ্রষ্টব্য] + পোকা [<পুলক + বাং. আ]। ৬।৩ বানান: শ্ + য্ + আ + ম্ + আ + প্ + এ + ন্ + ও + ক্ + আ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা, প্ + ও= পো।

শ্যামায়মান: ক্রমশঃ শ্যামবর্ণ ধারণকারী। বিণ। তৎসম। শ্যামায় [শ্যাম + ক্যঙ্] + মান [শানচ্]। ৬।১ বানান: শ্ + য্ + আ + ম্ + আ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা।

শ্যামায়মানা: ক্রমশঃ শ্যামবর্ণ ধারণকারিণী। বিণ। তৎসম। শ্যামায়মান ['শ্যামায়মান' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: শ্ + য্ + আ + ম্ + আ + য্ + অ + ম্ + আ + ন্ + আ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা।

শ্যালক: পত্নীর ভ্রাতা। বি। তৎসম। শ্যৈ + ল + ক। বানান: শ্ + য্ + আ + ল্ + অ + ক্ + অ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা।

শ্যালিকা: পত্নীর ভগিনী। বি। তৎসম। শ্যালক ['শ্যালক' দ্রষ্টব্য + ঈ (স্ত্রী) [=ই] + ক + আ। বানান: শ্ + য্ + আ + ল্ + ই + ক্ + আ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা। ল্ + ই= লি, ক্ + আ= কা।

শ্যালী: পত্নীর ভগিনী বি। তৎসম। শ্যৈ + ল + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: শ্ + য্ + আ + ল্ + ঈ। বি.দ্র.: শ্ + য্ + আ= শ্যা।

শ্যালীপতি: ভায়রা-ভাই। বি। তৎসম। শ্যালী ['শ্যালী' দ্রষ্টব্য] + পতি [পা + অতি]। ৬।১ শ্যালীর পতি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + য্ + আ + ল্ + ঈ + প্ + অ + ত্ + ই। বি.দ্র.: শ্ + য্ + আ + শ্যা।

শ্যেন: বাজপাখি। বি। তৎসম। শ্যৈ [(হিংসার্থে) গমন করা] + ইন। ৬।১ যে হিংসার্থে গমন করে। বানান: শ্ + য্ + এ + ন্ + অ। বি.দ্র.: শ্ + য্ + এ + শ্যে।

শ্যেনচক্ষু, শ্যেনচক্ষুঃ: বাজপাখির মতো তীক্ষ্ণ নজর যুক্ত। বি। তৎসম। শ্যেন [শ্যৈ + ইন] + চক্ষু, চক্ষুঃ [চক্ষুস্]। শ্যেনের [বাজপাখির] মতো চক্ষু যার= উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান: শ্ + য্ + এ + ন্ + অ + চ্ + অ + ক্ + ষ্ + উ + ঃ।

শ্যেনদৃষ্টি: বাজপাখির মতো তীক্ষ্ণ নজর। বি। তৎসম। শ্যেন [শ্যৈ + ইন] + দৃষ্টি [দৃশ্ + তি]। ৬।১ শ্যেনের দৃষ্টির মতো দৃষ্টি যার= উপমাত্মক বহুব্রী। ৩।৫ বানান: শ্ + য্ + এ

+ ন্ + অ + দ্ + ঋ + ষ্ + ট্ + ঈ। বি.দ্র.: শ্ + য্ + এ= শ্যেন, দ্ + ঋ= দৃ, ষ্ + ট্ + ই= ষ্টি। 'ঋ'-র ঠিক পরে এবং 'ট'-এর ঠিক আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

শ্যেনী: স্ত্রী-বাজপাখি। বি। তৎসম। শ্যেন ['শ্যেন' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: শ্ + য্ + এ + ন্ + ঈ। বি.দ্র.: শ্ + য্ + এ= শ্যে, ন্ + ঈ= নী।

শ্রদ্ধা: ভক্তি। বি। তৎসম। শ্রৎ + ধা + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: শ্ + র্ + অ + দ্ + ধ্ + আ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, দ্ + ধ্ + আ= দ্ধা।

শ্রদ্ধান্বিত: শ্রদ্ধাযুক্ত। বিণ। তৎসম। শ্রদ্ধা [শ্রৎ + ধা + অ + আ] + অন্বিত [অনু + ইত (ই + ত)]। ৬।১ [সন্ধি] আ + অ= আ [দ্ধা]। ২।১।গ উ + ই= বি [ন্বি]। ২।৮।গ শ্রদ্ধার দ্বারা অন্বিত [সম্বন্ধযুক্ত]= করণতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + দ্ + ধ্ + আ + ন্ + ব্ + ই + ত্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, দ্ + ধ্ + আ= দ্ধা, ন্ + ব্ + ই= ন্বি।

শ্রদ্ধাবান: শ্রদ্ধাযুক্ত। বিণ। তৎসম। শ্রদ্ধা [শ্রৎ + ধা + অ + আ] + বান [বতুপ্]। ৬।১ ৬।২ শ্রদ্ধা আছে যার। বানান: শ্ + র্ + অ + দ্ + ধ্ + আ + ব্ + আ + ন্। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, দ্ + ধ্ + আ= দ্ধা। শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

শ্রদ্ধাভাজন: শ্রদ্ধার পাত্র। বিণ। তৎসম। শ্রদ্ধা [শ্রৎ + ধা + অ + আ] + ভাজন [ভাজ্ + অন]। ৬।১ শ্রদ্ধার ভাজন [পাত্র]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + দ্ + ধ্ + আ + ভ্ + আ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, দ্ + ধ্ + আ= দ্ধা।

শ্রদ্ধাভাজনেষু: শ্রদ্ধেয় ব্যক্তির কাছে পত্রারম্ভের রীতি। বি। তৎসম। শ্রদ্ধা [শ্রৎ + ধা + অ + আ] + ভাজন [ভাজ্ + অন] + এষু [অধিকরণ বহুবচন]। ৬।১ শ্রদ্ধার ভাজন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + দ্ + ধ্ + আ + ভ্ + আ + জ্ + অ + ন্ + এ + ষ্ + উ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, দ্ + ধ্ + আ= দ্ধা। এ-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

শ্রদ্ধালু: শ্রদ্ধাযুক্ত। বিণ। তৎসম। শ্রদ্ধা [শ্রৎ + ধা + অ + আ] + আলু। ৬।১, ৬।২ শ্রদ্ধা আছে যার। বানান: শ্ + র্ + অ + দ্ + ধ্ + আ + ল্ + উ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, দ্ + ধ্ + আ= দ্ধা, ল্ + উ= লু।

শ্রদ্ধাস্পদ: শ্রদ্ধার পাত্র। বিণ। তৎসম। শ্রদ্ধা [শ্রৎ + ধা + অ + আ] + আস্পদ [আ + পদ্ + অ]। ৬।১ [সন্ধি] আ + আ= আ [দ্ধা]। ২।১।ঘ আ + [স্] প= আস্প ['স্' আগম] শ্রদ্ধার আস্পদ [পাত্র]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + দ্ + ধ্ + আ + স্ + প্ + অ + দ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, দ্ + ধ্ + আ= দ্ধা, স্ + প্ + অ= স্প। স্মরণীয়: পদ, [আ-] আস্পদ এবং শ্রদ্ধাপদ—শব্দগুলি 'পদ'— এই ক্লীবলিঙ্গ শব্দের যোগের কারণে ক্লীবলিঙ্গ।

শ্রদ্ধাস্পদেষু: শ্রদ্ধেয় ব্যক্তির কাছে পত্রারম্ভের রীতি। বি। তৎসম। শ্রদ্ধাস্পদ ['শ্রদ্ধাস্পদ' দ্রষ্টব্য] + এষু [অধিকরণ, বহুবচন]। বানান: শ্ + র্ + অ + দ্ + ধ্ + আ + স্ + প্ + অ + দ্ + এ + ষ্ + উ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, দ্ + ধ্ + আ= দ্ধা, স্ + প্ + অ= স্প, 'এ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক কিন্তু স্মরণীয়: 'পদ'— শব্দটি ক্লীবলিঙ্গ, 'আস্পদ' এবং 'শ্রদ্ধাস্পদ'—শব্দ দুটিও সেই হেতু ক্লীবলিঙ্গ। এদের স্ত্রীলিঙ্গ রূপ হয় না। তাই 'শ্রদ্ধাস্পদা' ও 'শ্রদ্ধাস্পদাসু'ও ভুল।

'শ্রদ্ধাস্পদেষু' ষত্ব-বিধানানুসারে ভুল। শুদ্ধ রূপ: [পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ= উভয় ক্ষেত্রেই] 'শ্রদ্ধাস্পদেষু'।

শ্রদ্ধেয়: শ্রদ্ধার যোগ্য। বিণ। তৎসম। শ্রৎ + ধা + য [যৎ]। ৬।১ বানান: শ্ + র্ + অ + দ্ + ধ্ + এ + য্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, দ্ + ধ্ + এ= দ্ধে।

শ্রদ্ধেয়া: শ্রদ্ধার যোগ্যা। বিণ। তৎসম। শ্রদ্ধেয় ['শ্রদ্ধেয়' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: শ্ + র্ + অ + দ্ + ধ্ + এ + য্ + আ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, দ্ + ধ্ + এ= দ্ধে, য্ + আ= য়া।

শ্রবণ: শোনা। বি। তৎসম। সং. শ্রু + অন। ৬।১ বানান: শ্ + র্ + অ + ব্ + অ + ণ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র। 'র' ও 'ন'-এর মধ্যে অ, ব, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শ্রবণপথ: কান। বি। তৎসম। শ্রবণ ['শ্রবণ' দ্রষ্টব্য] + পথ [পথ্ + অ]। ৬।১ শ্রবণের [কানের] পথ [ছিদ্র]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + ব্ + অ + ণ্ + অ + প্ + অ + থ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, 'ণ'-এর যৌক্তিকতার জন্যে 'শ্রবণ' দ্রষ্টব্য।

শ্রবণবিবর: কানের ছিদ্র। বি। তৎসম। শ্রবণ ['শ্রবণ' দ্রষ্টব্য] + বিবর [বি + বৃ + অ]। ৬।১ শ্রবণের [কানের] বিবর [ছিদ্র]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + ব্ + অ + ণ্ + অ + ব্ + ই + ব্ + অ + র্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র। 'র' ও 'ন্'-এর মধ্যে অ, ব, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শ্রবণবহির্ভূত: শোনার অসাধ্য। বিণ। তৎসম। শ্রবণ ['শ্রবণ' দ্রষ্টব্য] + বহির্ভূত [বহিঃ + ভূত [(ভূ + ত)]। ৬।১ [সন্ধি] ঃ + ভূ = র্ + ভূ= র্ভূ। শ্রবণের বহির্ভূত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + ব্ + অ + ণ্ + অ + ব্ + অ + হ্ + ই + র্ + ভ্ + উ + ত্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, র্ + ভ্ + উ= র্ভু। 'র' ও 'ন্'-এর মধ্যে অ, ব, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শ্রবণমধুর: শুনতে মধুর। বিণ। তৎসম। শ্রবণ ['শ্রবণ' দ্রষ্টব্য] + মধুর [মধু + র]। শ্রবণে মধুর= অধিকরণতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + ব্ + অ + ণ্ + অ + ম্ + অ + ধ্ + উ + র্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র। 'র' ও 'ন্'-এর মধ্যে অ, ব, ন থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শ্রবণসুখ: শ্রুতিমধুরতা। বি। তৎসম। শ্রবণ ['শ্রবণ' দ্রষ্টব্য] + সুখ [সুখ্ [হৃষ্ট করা) + অ]। ৬।১ শ্রবণের সুখ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + ব্ + অ + ণ্ + অ + স্ + উ + খ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, 'র' ও 'ন'-এর মধ্যে অ, ব, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শ্রবণসুখকর: শ্রুতিমধুর। বিণ। তৎসম। শ্রবণসুখ ['শ্রবণসুখ' দ্রষ্টব্য] + কর [কৃ + অ]। ৬।১ শ্রবণের সুখ= সম্বন্ধতৎ। ৩।৩ শ্রবণ সুখ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + ব্ + অ + ণ্ + অ + স্ + উ + খ্ + অ + ক্ + অ + র্ + অ। 'র' ও 'ন'-এর মধ্যে অ, ব, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শ্রবণা: দ্বাবিংশ নক্ষত্র। বি। তৎসম। শ্রু + অন + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: শ্ + র্ + অ + ব্ + অ + ণ্ + আ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, 'র্' ও 'ন'-এর মধ্যে অ, ব, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শ্রবণাতীত: শোনার অসাধ্য। বিণ। তৎসম। শ্রবণ ['শ্রবণ' দ্রষ্টব্য] + অতীত [অতি + ইত (ই + ত]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [া] ২।১।ক ই + ই= ঈ [ী]। ২।২।ক শ্রবণের অতীত=

সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + ব্ + অ + ণ্ + আ + ত্ + ঈ + ত্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র। 'র' ও 'ন'-এর মধ্যে অ, ব, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে।

শ্রবণীয়: শ্রবণযোগ্য। বিণ। তৎসম। শ্রু [শোনা] + অনীয়। ৬।১ বানান: শ্ + র্ + অ + ব্ + অ + ণ্ + ঈ + য্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, ণ্ + ঈ= ণী। 'র্' ও 'ন'-এর মধ্যে অ, ব, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শ্রব্য: শ্রবণযোগ্য। বি। তৎসম। + য [যৎ]। ৬।১ বানান: শ্ + র্ + অ + ব্ + য্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, ব্ + য্ + অ= ব্য।

শ্রব্যকাব্য: শ্রুতিকাব্য। বি। তৎসম। শ্রব্য [শ্রু + য (যৎ)] + কাব্য [কবি + য (ষ্ণ্য)]। ৬।১, ৬।২ শ্রব্য [শোনার যোগ্য] যে কাব্য= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + অ + ব্ + য্ + অ + ক্ + আ + ব্ + য্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, ব্ + য্ = অ= ব্য।

শ্রম: খাটুনি। বি। তৎসম। শ্রম্ + অ। ৬।১ বানান: শ্ + র্ + অ + ম্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র।

শ্রমকাতর: অনিচ্ছুক। বি। তৎসম। শ্রম [শ্রম্ + অ] + কাতর [কু (=কা) + তর (তৃ + অ]। ৬।১ শ্রমে কাতর= অধিকরণতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + ম্ + অ + ক্ + আ + ত্ + অ + র্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র।

শ্রমজীবী: শ্রমিক। বিণ। তৎসম। শ্রম [শ্রম্ + অ] + জীবী [জীব্ + ইন্ (ঈ)]। ৬।১ শ্রমের দ্বারা জীবিত থাকে যে= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + ম্ + অ + জ্ + ঈ + ব্ + ঈ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শ্রমণ: বৌদ্ধ ভিক্ষু। বি। তৎসম। শ্রম্ + অন। ৬।১ বানান: শ্ + র্ + অ + ম্ + অ + ণ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র। 'র্' ও 'ন্'-এর মধ্যে অ, ম, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শ্রমণা: বৌদ্ধ ভিক্ষুণী। বি। তৎসম। শ্রমণ [শ্রম্ + অন] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: শ্ + র্ + অ + ম্ + অ + ণ্ + আ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, 'র্' ও 'ন্'-এর মধ্যে অ, ম, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শ্রমবারি: ঘাম। বি। তৎসম। শ্রম [শ্রম্ + অ] + বারি [বারি + ই]। ৬।১ শ্রম-জনিত বারি [জল]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + অ + ম্ + অ + ব্ + আ + র্ + ই। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র।

শ্রমবিভাগ: মালের ভিন্ন ভিন্ন অংশ ভিন্ন ভিন্ন শ্রমিক দিয়ে তৈরী করানোর ব্যবস্থা। বি। তৎসম। শ্রম [শ্রম্ + অ] বিভাগ [বি + ভজ্ + অ]। শ্রমের বিভাগ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + ম্ + অ + ব্ + ই + ভ্ + আ + গ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র।

শ্রমবিমুখ: পরিশ্রম করতে অনিচ্ছুক। বিণ। তৎসম। শ্রম [শ্রম্ + অ] + বিমুখ [বি + মুখ]। ৬।১ শ্রমে বিমুখ= অধিকরণতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + ম্ + অ + ব্ + ই + ম্ + উ + খ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র।

শ্রমলব্ধ: পরিশ্রমের ফলে অর্জিত। বিণ। তৎসম। শ্রম [শ্রম্ + অ] + লব্ধ [লভ্ + ত]। ৬।১ শ্রমের দ্বারা লব্ধ= করণতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + ম্ + অ + ল্ + অ + ব্ + ধ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, ব্ + ধ্ + অ= ব্ধ।

শ্রমশীল: পরিশ্রমী। বিণ। তৎসম। শ্রম [শ্রম্ + অ] + শীল [শীল্ + অ]। ৬।১ শ্রম শীল [স্বভাব]

যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + র্ = অ + ম্ + অ + শ্ = ঈ + ল্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, শ্ + ঈ= শী।

শ্রমসাধ্য: পরিশ্রম-সম্ভব। বিণ। তৎসম। শ্রম [শ্রম্ + অ] + সাধ [সাধ্ + য (যৎ)]। ৬।১ শ্রমের দ্বারা সাধ্য= করণতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + শ্র, ধ্ + য্ + অ= ধ্য।

শ্রমিক: শ্রমজীবী। বি। তৎসম। শ্রম + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: শ্ + র্ + অ + ম্ + ই + ক্ + অ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র।

শ্রমিকা: শ্রমজীবিনী। বি। তৎসম। শ্রমিক ['শ্রমিক' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: শ্ + র্ + অ + ম্ + ই + ক্ + আ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র।

শ্রমিণী: পরিশ্রমকারিণী। বি। তৎসম। শ্রম্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান: শ্ + র্ + অ + ম্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে অ, ম, ই থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শ্রমী: পরিশ্রমী। বিণ। তৎসম। শ্রম্ + ইন্ [ঈ]। ৬।১ বানান: শ্ + র্ + অ + ম্ + ঈ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র, ম্ + ঈ= মী।

শ্রমোপজীবী: মেহনতী। বিণ। তৎসম। শ্রম + উপজীবী [উপ + জীব্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [মো]। ২।১।ক শ্রমের দ্বারা উপজীবিত থাকে যে= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + অ + ম্ + ও + প্ + অ + জ্ + ঈ + ব্ + ঈ। বি.দ্র.: শ্ + র্ + অ= শ্র। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

শ্রাদ্ধ: মৃত ব্যক্তির উদ্দেশ্যে সশ্রদ্ধ পিণ্ডদান ও শাস্ত্রসম্মত অন্যান্য অনুষ্ঠান। বি। তৎসম। শ্রদ্ধা + অ। ৬।১ বানান: শ্ + র্ + আ + দ্ + ধ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + আ= শ্রা, দ্ + ধ্ + অ= দ্ধ।

শ্রাদ্ধবাসর: শ্রাদ্ধদিবস। বি। তৎসম। শ্রাদ্ধ ['শ্রাদ্ধ' দ্রষ্টব্য] + বাসর [বাসি + অর]। ৬।১ শ্রাদ্ধ অনুষ্ঠেয় বাসর [দিবস]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + আ + দ্ + ধ্ + অ + ব্ + আ + স্ + অ + র্ + অ। বি.দ্র.: শ্ + র্ + আ= শ্রা, দ্ + ধ্ + অ= দ্ধ।

শ্রাদ্ধশান্তি: মৃতের আত্মার শান্তি-কামনায় শ্রাদ্ধ-অনুষ্ঠান। বি। তৎসম। শ্রাদ্ধ ['শ্রাদ্ধ' দ্রষ্টব্য] + শান্তি [শম্ + তি]। ৬।১ [মৃতের আত্মার] শান্তি কামনায় অনুষ্ঠেয় শ্রাদ্ধ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + আ + দ্ + ধ্ + অ + শ্ + আ + ন্ + ত্ + ই। বি.দ্র.: শ্ + র্ + আ= শ্রা, দ্ + ধ্ + অ= দ্ধ, ন্ + ত্ + ই= ন্তি।

শ্রাদ্ধিক: শ্রাদ্ধে প্রদেয় দ্রব্য। বিণ। তৎসম। শ্রাদ্ধ + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: শ্ + র্ + আ + দ্ + ধ্ + ই + ক্ + অ। বি.দ্র.: শ্ + র্ + আ= শ্রা, দ্ + ধ্ + ই= দ্ধি।

শ্রাদ্ধীয়: শ্রাদ্ধে প্রদেয় দ্রব্য। বিণ। তৎসম। শ্রাদ্ধ + ঈয়। ৬।২ বানান: শ্ + র্ + আ + দ্ + ধ্ + ঈ + য্ + অ। বি.দ্র.: শ্ + র্ + আ= শ্রা, দ্ + ধ্ + ঈ= দ্ধী।

শ্রান্ত: ক্লান্ত, অবসন্ন। বিণ। তৎসম। শ্রম্ + ত। ৬।১ বানান: শ্ + র্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র.: শ্ + র্ + আ= শ্রা, ন্ + ত্ + অ= ন্ত।

শ্রান্তি: ক্লান্তি। বি। তৎসম। শ্রম্ + তি। ৬।১ বানান: শ্ + র্ + আ + ন্ + ত্ + ই। বি.দ্র.: শ্ + র্ + আ= শ্রা, ন্ + ত্ + ই= ন্তি।

শ্রান্তিহীন: অবিশ্রান্ত। বিণ। তৎসম। শ্রান্তি ['শ্রান্তি' দ্রষ্টব্য] + হীন [হা + ত]। ৬।১ শ্রান্তির দ্বারা হীন= করণতৎ। ৩।৩ বানান: শ্ + র্

+ আ + ন্ + ত্ + ই + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: শ্ + র্ + আ= শ্রা, ন্ + ত্ + ই= ন্তি, হ্ + ঈ= হী।

শ্রাবণ: বাংলা বছরের চতুর্থ মাস। বি। তৎসম। শ্রবণা [শ্রু + অন + আ [দ্বাবিংশ নক্ষত্র]। ৬।১ [সন্ধি] উ + অ= ব। ২।৮।ক শ্রবণা + অ= শ্রাবণ। বানান: শ্ + র্ + আ + ব্ + অ + ণ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + আ= শ্রা। 'র্' ও 'ন'-এর মধ্যে আ, ব, অ থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

শ্রাব্য: শ্রবণযোগ্য। বিণ। তৎসম। শ্রু + য [যৎ]। ৬।১ বানান: শ্ + র্ + আ + ব্ + য্ + অ। বি.দ্র.: শ্ + র্ + আ= শ্রা, ব্ + য্ + অ= ব্য।

শ্রী: লক্ষ্মীদেবী, ঐশ্বর্য। বি। তৎসম। শ্রি [আশ্রয় গ্রহণ করা] + ক্বিপ্। ৬।১ বানান: শ্ + র্ + ঈ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী।

শ্রীকণ্ঠ: শিব। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + কণ্ঠ [কণ্ + ঠ]। শ্রী [কালকূটরূপা শ্রী] কণ্ঠে যাঁর [শিব]= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + র্ + ঈ + ক্ + অ + ণ্ + ঠ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী, 'ঠ্'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

শ্রীকান্ত: বিষ্ণু। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + কান্ত [কম্ + ত]। ৬।১ শ্রী [লক্ষ্মী]-র কান্ত [পতি]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + ঈ + ক্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী, ন্ + ত্ + অ= ন্ত।

শ্রীক্ষেত্র: পুরীধাম। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + ক্ষেত্র [ক্ষি (বাস করা) + ত্র]। ৬।১ শ্রী-মণ্ডিত ক্ষেত্র= মধ্যপ- কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + ঈ + ক্ + ষ্ + এ + ত্ + র্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী, ক্ + ষ্ + এ= ক্ষে, ত্ + র্ + অ= ত্র।

শ্রীখণ্ড: চন্দনকাঠ। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + খণ্ড [খণ্ড্ + অ] ৬।১ শ্রী-র [সৌন্দর্যের] খণ্ড যাতে= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + র্ + ঈ + খ + অ + ণ্ + ড্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী, ণ্ + ড্ + অ= ণ্ড। 'ড'-এর ঠিক আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

শ্রীখণ্ডী: মঙ্গল-বস্ত্র, বিবাহের পিঁড়ি। বি। তদ্ভব। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + খণ্ডী [খণ্ড্ + বাং. ঈ]। ৬।৩ বি.দ্র.: তদ্ভব শব্দেও সংস্কৃতের 'ণ্ড' রক্ষিত আছে।

শ্রীঘর: জেলখানা [বিদ্রূপে]। বি। তদ্ভব। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + ঘর [< সং. গৃহ]।

শ্রীচরণ: পূজ্য গুরুজনের চরণ। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + চরণ [চর্ + অন]। ৬।১ শ্রী [কল্যাণ]-যুক্ত চরণ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + ঈ + চ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী, 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শ্রীচরণকমল: পূজ্য গুরুজনের চরণ। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + চরণ [চর্ + অন] + কমল [কম্ + অল্ + অ]। ৬।১ শ্রী-যুক্ত চরণ= মধ্যপ- কর্মধা, ৩।২, শ্রীচরণ-রূপ কমল= রূপক-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + ঈ + চ্ + অ + র্ + অ + ণ্ + অ + ক্ + অ + ম্ + অ + ল্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

শ্রীচরণকমলেষু: পূজ্য ব্যক্তির কাছে পত্রারম্ভের পাঠ। বি। তৎসম। শ্রীচরণ কমল ['শ্রীচরণ-কমল' দ্রষ্টব্য] + এষু [অধিকরণ বহুবচন]। বানান: শ্ + র্ + ঈ + চ্ + অ + র্ + অ + ণ্ + অ + ক্ + অ + ম্ + অ + ল্ + এ + ষ্ + উ। বি.দ্র.: এ-র পর 'ষ' হয়েছে। ৪।১।ক

শ্রীচরণেষু: পূজ্য ব্যক্তির নিকট পত্রারম্ভের পাঠ। বি। তৎসম। শ্রী চরণ ['শ্রীচরণ' দ্রষ্টব্য] + এষু [অধিকরণ, বহুবচন]। বানান: শ্ + র্ + ঈ

+ চ্ + অ + র্ + অ + ণ্ + এ + ষ্ + উ। বি.দ্র.: 'এ'-র ঠিক পরে 'ষ' হয়েছে। ৪।২১ক

শ্রীছাঁদ: লাবণ্য। বি। তদ্ভব। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + ছাঁদ [< সং. ছন্দ]। বানান: শ্ + র্ + ঈ + ছ্ঁ + আ + দ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী, ছ্ঁ + আ= ছাঁ।

শ্রীধর: বিষ্ণু। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + ধর [ধৃ + অ]। ৬।১ শ্রীকে ধারণ করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + ঈ + ধ্ + অ + র্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী।

শ্রীনিবাস: বিষ্ণু। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + নিবাস [নি + বস্ + অ]। ৬।১ শ্রীতে নিবাস যাঁর= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + র্ + ঈ + ন্ + ই + ব্ + আ + স্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী।

শ্রীপঞ্চমী: মাঘী শুক্লা-পঞ্চমী। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + পঞ্চমী [পঞ্চ + ম + ঈ (স্ত্রী)]। শ্রী যুক্তা পঞ্চমী [মাঘী শুক্লা-পঞ্চমী সরস্বতী পূজার জন্য নির্দিষ্ট]= মধ্যপ-কর্মধা। বানান: শ্ + র্ + ঈ + প্ + অ + ঞ্ + চ্ + অ + ম্ + ঈ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী, ঞ্ + চ্ + অ= ঞ্চ।

শ্রীপতি: বিষ্ণু। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + পতি [পা + অতি]। ৬।১ শ্রী-র পতি [স্বামী]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + ঈ + প্ + অ + ত্ + ই। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী।

শ্রীপদ: শ্রীচরণ। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + পদ [পদ্ + অ]। ৬।১ শ্রী-যুক্ত পদ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + ঈ + প্ + অ + দ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী।

শ্রীপদপঙ্কজ: শ্রীচরণ। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + পদ [পদ্ + অ] + পঙ্কজ [পঙ্ক + জন্ + অ]। ৬।১ শ্রীযুক্ত পদ = মধ্যপ-কর্মধা। ৩।২ পঙ্কে জন্মে যা [পদ্ম]= উপপদ-তৎ। ৩।৩ শ্রীপদ-রূপ পঙ্কজ= রূপক-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + ঈ + প্ + অ + দ্ + অ + প্ + অ + ঙ্ + ক্ + অ + জ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী, ঙ্ + ক্ + অ= ঙ্ক।

শ্রীপদপল্লব: শ্রীচরণ। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + পদ [পদ্ + অ] + পল্লব [পৎ + লব (লূ + অ)]। ৬।১ পদ রূপ-পল্লব= রূপক-কর্মধা। ৩।২ শ্রীযুক্ত পদপল্লব= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + ঈ + প্ + অ + দ্ + অ + প্ + অ + ল্ + ল্ + অ + ব্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী, ল্ + ল্ + অ= ল্ল।

শ্রীপর্ণ: পদ্ম। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + পর্ণ [পৃ + ন বা পর্ণি + অ]। ৬।১ শ্রী-যুক্ত পর্ণ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + ঈ + প্ + অ + র্ + ণ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী, র্ + ণ্ + অ= র্ণ। 'র'-এর অব্যবহিত পরের 'ন্' 'ণ' হয়েছে। ৪।১।গ

শ্রীপাদ: শ্রীচরণ। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + পাদ [<পদ (পদ্ + অ)]। ৬।১ শ্রী-যুক্ত পাদ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + ঈ + প্ + আ + দ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী।

শ্রীপাদপদ্ম: শ্রীচরণ। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + পাদ [<পদ (পদ্ + অ)] + পদ্ম [পদ্ + ম]। ৬।১ পাদ-রূপ পদ্ম= রূপক-কর্মধা। ৩।২ শ্রীযুক্ত পাদপদ্ম= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + ঈ + প্ + আ + দ্ + অ + প্ + অ + দ্ + ম্ + অ। বি.দ্র.: শ্ + র্ +ঈ = শ্রী, প্ + অ + দ্ + অ, দ্ + ম্ + অ = দ্ম।

শ্রীফল: বেল। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য]

+ ফল [ফল্ + অ]। ৬।১ শ্রী-মণ্ডিত ফল= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + ঈ + ফ্ + অ + ল্ + অ।

শ্রীবৎস: শনি-লাঞ্ছিত পৌরাণিক রাজা। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + বৎস [বদ্ + স]। ৬।১ শ্রী-যুক্ত বৎস= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + ঈ + ব্ + অ + ৎ + স্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী।

শ্রীবৎসলাঞ্ছন: বিষ্ণু। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + বৎস [বদ্ + স] + লাঞ্ছন [লাঞ্ছ্ + অন]। ৬।১ শ্রীযুক্ত বৎস= মধ্যপ-কর্মধা, ৩।২ [বিষ্ণু-বক্ষের দক্ষিণাবর্ত লোমরাজি = শ্রীবৎস], তার লাঞ্ছন [চিহ্ন] আছে যাঁর [বিষ্ণু]= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + র্ + ঈ + ব্ + অ + ৎ + স্ + অ + ল্ + আ + ঞ্ + ছ্ + অ + ন্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী। ঞ্ + ছ্ + অ= ঞ্ছ।

শ্রীবৃদ্ধি: সমৃদ্ধি। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + বৃদ্ধি [বৃধ্ + তি]। ৬।১ শ্রী[ঐশ্বর্য]-র বৃদ্ধি =সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + ঈ= শ্রী। ব্ + ঋ= বৃ, দ্ + ধ্ + ই= দ্ধি।

শ্রীভ্রষ্ট: লক্ষ্মীছাড়া। বিণ। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + ভ্রষ্ট [ভ্রন্শ্ + ত]। ৬।১ শ্রী [লক্ষ্মী] থেকে ভ্রষ্ট [চ্যুত]= অপাদানতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + ঈ= শ্রী, ভ্ + র্ + অ = ভ্র, ষ্ + ট্ + অ = ষ্ট। 'ট'-এর অব্যবহিত আগে 'ষ' হয়েছে। ৪।২।ঙ

শ্রীমৎ: মহিমময়। বিণ। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + মৎ [মতুপ্]। ৬।১ শ্রী আছে যাঁর। বানান: শ্ + র্ + ঈ + ম্ + অ + ৎ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী।

শ্রীমতী: সৌভাগ্যবতী। বিণ। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + মতী [মৎ (মতুপ্) + ঈ]। ৬।২, ৭।১। ঝ। শ্রী মতী [আছে যার (স্ত্রী)]। বানান: শ্ + র্ + ঈ + ম্ + অ + ত্ + ঈ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী। ত্ + ঈ= তী।

শ্রীমত্যা: শ্রীমতী। [বিধবা স্ত্রীলোকগণের নামের পূর্বে ব্যবহৃত শব্দ]। বিণ। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + মত্যা [মত্যা: (সম্বন্ধ একবচন)] পূর্বে উচ্চবর্ণীয় বিধবা স্ত্রীলোকের নামের পূর্বে ব্যবহৃত হতো। বর্তমানে অপ্রচলিত। শ্রীমত্যা ষষ্ঠী একবচন [বিসর্গ লুপ্ত]। অনুরূপভাবে নিম্নবর্ণীয় স্ত্রীলোকগণের ক্ষেত্রে ব্যবহৃত হতো 'দাস্যা' [বর্তমানে অপ্রচলিত]।

শ্রীমন্ত: সৌভাগ্যবান। বিণ। তদ্ভব। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + বাং. মন্ত [<মৎ (মতুপ্)]। ৬।২ শ্রী [সৌভাগ্য] আছে যার= সৌভাগ্যবান। বানান: শ্ + র্ + ঈ + ম্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী, ন্ + ত্ + অ= ন্ত।

শ্রীমান: কান্তিমান, লক্ষ্মীমন্ত। বিণ। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + মান [মৎ (মতুপ্)] ৬।২ শ্রী [সৌভাগ্য] আছে যার= সৌভাগ্যবান। বানান: শ্ + র্ + ঈ + ম্ + আ + ন্। শ্ + র্ + ঈ = শ্রী। অধুনা শব্দান্তের 'ন' হসন্তবর্জিত।

শ্রীমুখ: সুন্দর মুখ। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + মুখ। শ্রী [সৌন্দর্য]- মণ্ডিত মুখ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + ঈ + ম্ + উ + খ্ + অ।

শ্রীযুক্ত: সৌভাগ্যযুক্ত। বিণ। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + যুক্ত [যুজ্ + ত] ৬।১ শ্রী [সৌভাগ্য]-র দ্বারা যুক্ত= করণতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + ঈ + য্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী, ক্ + ত্ + অ= ক্ত।

শ্রীযুক্তা: সৌভাগ্যযুক্তা। বিণ। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + যুক্তা [যুজ্ + ত + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক শ্রী [সৌভাগ্য]-র দ্বারা যুক্ত করণতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + ঈ + য্ + উ + ক্ + ত্ + আ। বি.দ্র.: শ্ + র্ + ঈ = শ্রী, ক্ + ত্ + আ= ক্তা।

শ্রীযুত: সৌভাগ্যযুক্ত। বিণ। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + যুত [যু + ত]। ৬।১ শ্রী [সৌভাগ্য]-দ্বারা যুত= করণতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + ঈ + য্ + উ + ত্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী।

শ্রীল: সৌভাগ্যবান্ [বিশেষভাবে মান্য]। বিণ। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + ল [লচ্]। শ্রী [সৌভাগ্য] + ল [বিশেষভাবে আছে যার]। বানান: শ্ + র্ + ঈ + ল্ + অ। বি.দ্র.: শ্ + র্ = শ্রী।

শ্রীশ: বিষ্ণু। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + শ [শী (শয়ন করা) + অ]। ৬।১ শ্রী-তে শয়ন করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + ঈ + শ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী।

শ্রীহস্ত: সুন্দর হস্ত। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + হস্ত [হস্ত্ + অ]। ৬।১ শ্রী-মণ্ডিত হস্ত = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: শ্ + র্ + ঈ + হ্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঈ= শ্রী, স্ + ত্ + অ = স্ত।

শ্রীহীন: অসুন্দর, কদর্য। বিণ। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + হীন [হা + ত]। ৬।১ শ্রী [সৌভাগ্য, সৌন্দর্য]-র দ্বারা হীন= করণতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + ঈ= শ্রী।

শ্রীহীনতা: অসুন্দরতা, কদর্যতা। বি। তৎসম। শ্রী ['শ্রী' দ্রষ্টব্য] + হীন [হা + ত] + তা। ৬।২ শ্রী [সৌভাগ্য, সৌন্দর্য]-র দ্বারা হীনতা [শূন্যতা]= করণতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + ঈ + হ্ + ঈ + ন্ + অ + ত্ + আ। বি.দ্র.: শ্ + র্ + ঈ = শ্রী।

শ্রুত: শোনা। বিণ। তৎসম। শ্রু [শোনা] + ত। ৬।১ যা শোনা হয়েছে। বানান: শ্ + র্ + উ + ত্ + অ। বি.দ্র.: শ্ + র্ + উ= শ্রু।

শ্রুতকীর্তি: বিখ্যাত। বিণ। তৎসম। শ্রুত [শ্রু + ত] + কীর্তি [কৃত্ (কীর্তন করা) + তি]। ৬।১ শ্রুত কীর্তি যাঁর= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + র্ + উ + ত্ + অ + ক্ + ঈ + র্ + ত্ + ই। বি.দ্র.: শ্ + র্ + উ= শ্রু, ক্ + ঈ= কী, র্ + ত্ + ই= র্তি।

শ্রুতধর: শ্রবণমাত্র মনে রাখতে সমর্থ। বিণ। তৎসম। শ্রুত [শ্রু + ত] + ধর [ধৃ + অ]। ৬।১ শ্রুত [বিষয়] ধারণ করে রাখতে পারেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + উ + ত্ + অ + ধ্ + অ + র্ + অ। বি.দ্র.: শ্ + র্ + উ= শ্রু।

শ্রুতপূর্ব: পূর্বে দ্রুত। বিণ। তৎসম। শ্রুত [শ্রু (শোনা) + ত] + পূর্ব [পূর্ব্ + অ]। ৬।১ পূর্বে শ্রুত [পরনিপাত]= অধিকরণতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + উ + ত্ + অ + প্ + ঊ + র্ + ব্ + অ। বি.দ্র.: শ্ + র্ + উ= শ্রু, প্ + ঊ= পূ, র্ + ব্ + অ= র্ব।

শ্রুতমাত্র: শোনামাত্র। অব্য, ক্রি-বিণ। তৎসম। শ্রুত [শ্রু (শোনা) + ত] + মাত্র [মা + ত্র]। ৬।১ মাত্র শ্রুত = নিত্য সমাস। বানান: শ্ + র্ + উ + ত্ + অ + ম্ + আ + ত্ + র্ + অ। বি.দ্র.: শ্ + র্ + উ= শ্রু, ত্ + র্ + অ= ত্র।

শ্রুতি: শ্রবণ, কর্ণ। বি। তৎসম। শ্রু [শোনা] + তি। ৬।১ বানান: শ্ + র্ + উ= শ্রু। যার সাহায্যে শোনা যায় = শ্রুতি [কর্ণ]।

শ্রুতিকটু: শুনতে কর্কশ। বিণ। তৎসম। শ্রুতি [শ্রু (শোনা) + তি] + কটু [কট্ (তিক্ত স্বাদ পাওয়া) + উ]। ৬।১ শ্রুতি [শুনতে] কটু [কর্কশ] যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + র্ + উ + ত্ + ই + ক্ + অ + ট্ + উ। বি.দ্র.: শ্ + র্ + উ= শ্রু, ট্ + উ= টু।

শ্রুতিকঠোর: শুনতে কর্কশ। বিণ। তৎসম। শ্রুতি [শ্রু (শোনা) + তি] + কঠোর [কঠ্ (কষ্ট দেয় যা) + ওর]। ৬।১ শ্রুতি কঠোর যার= বহুব্রী। ৩।৫ বানান: শ্ + র্ + উ + ত্ +

ই + ক্ + অ + ঠ্ + ও + র্ + অ। বি.দ্র.: শ্ + র্ + উ= শ্রু, ঠ্ + ও= ঠো।

শ্রুতিগম্য: যা শোনা যায়। বিণ। তৎসম। শ্রুতি [শ্রু (শোনা) + তি] + গম্য [গম্ + য (যৎ)]। ৬৷১ শ্রুতিতে [কানে] গম্য= অধিকরণতৎ। ৩৷৩ বানান: শ্ + র্ + উ + ত্ + ই + গ্ + অ + ম্ + য্ + অ। বি.দ্র.: শ্ + র্ + উ= শ্রু, ম্ + য্ + অ= ম্য।

শ্রুতিগোচর: যা শোনা যায়। বিণ। তৎসম। শ্রুতি [শ্রু + তি] + গোচর [গো + চর্ + অ]। ৬৷১ শ্রুতির গোচর [ইন্দ্রিয়ের দ্বারা প্রত্যক্ষ]= সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: শ্ + র্ + উ + ত্ + ই + গ্ + ও + চ্ + অ + র্ + অ। বি.দ্র.: শ্ + র্ + উ + ত্ + ই + গ্ + ও + চ্ + অ + র্ + অ। বি.দ্র.: শ্ + র্ + উ= শ্রু।

শ্রুতিধর: শ্রবণমাত্র মনে রাখতে সমর্থ। বিণ। তৎসম। শ্রুতি [শ্রু (শোনা) + তি] + ধর [ধৃ + অ]। ৬৷১ শ্রুতি [শ্রুত বিষয়] মনে ধরে রাখতে পারে যে= উপপদতৎ। ৩৷৩ বি.দ্র.: শ্ + র্ + উ= শ্রু।

শ্রুতিপথ: কানের ছিদ্র। বি। তৎসম। শ্রুতি [শ্রু (শোনা) + তি] + পথ [পথ্ + অ]। ৬৷১ শ্রুতির [কানের] পথ [ছিদ্র] = সম্বন্ধতৎ। ৩৷৩ বি.দ্র.: শ্ + র্ + উ= শ্রু।

শ্রুতিমধুর: শুনতে মধুর। বিণ। তৎসম। শ্রুতি [শ্রু (শোনা) + তি] + মধুর [মধু + র]। ৬৷১, ৬৷২ শ্রুতি [শ্রবণ = শোনা] মধুর যার= বহুব্রী। ৩৷৫ বি.দ্র.: শ্ + র্ + উ= শ্রু।

শ্রুতিমূল: কানের গোড়া। বি। তৎসম। শ্রুতি [শ্রু (শোনা) + তি] + মূল [মূল্ + অ]। ৬৷১ শ্রুতির [কানের] মূল [গোড়া]= সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: শ্ + র্ + উ + ত্ + ই + ম্ + ঊ + ল্ + অ। বি.দ্র.: শ্ + র্ + উ= শ্রু, ম্ + ঊ= মূ।

শ্রূয়মাণ: যা শোনা হচ্ছে। বি। তৎসম। শ্রু [শোনা] + মান [শানচ্]। ৬৷১ বানান: শ্ + র্ + ঊ + য্ + অ + ম্ + আ + ণ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + ঊ= শ্রূ। 'র' ও 'ন'-এর মধ্যে ঊ, য়, অ , ম, আ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪৷১৷গ

শ্রেঢ়ী: নির্দিষ্ট পার্থক্য বজায় রেখে ক্রমবৃদ্ধিমূলক সংখ্যার শ্রেণী। বি। তৎসম। <সং. শ্রেণী [ণী > ঢ়ী]। বানান: শ্ + র্ + এ + ঢ় + ঈ। বি.দ্র.: শ্ + র্ + এ= শ্রে, ঢ় + ঈ= ঢ়ী।

শ্রেণি, শ্রেণী: শ্রেণী। পঙ্ক্তি। বি। তৎসম। শ্রি [আশ্রয় বা স্থান গ্রহণ করা] + নি, নী। ৬৷১ বানান: শ্ + র্ + এ + ণ্ + ই, ঈ। বি.দ্র.: শ্ + র্ + এ= শ্রে, 'ন্' ও 'র্'-এর মধ্যে 'এ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪৷১৷গ

শ্রেণীবদ্ধ: সারবাঁধা। বিণ। তৎসম। শ্রেণী ['শ্রেণী' দ্রষ্টব্য] + বদ্ধ [বন্ধ্ + ত]। ৬৷১ শ্রেণীর দ্বারা বদ্ধ = করণতৎ। ৩৷৩ বানান: শ্ + র্ + এ + ণ্ + ঈ + ব্ + অ + দ্ + ধ্ + অ। বি.দ্র.: শ্ + র্ + এ= শ্রে, ণ্ + ঈ= ণী, দ্ + ধ্ + অ= দ্ধ।

শ্রেণীবিন্যাস: বিভিন্ন শ্রেণীতে সাজানো। বি। তৎসম। শ্রেণী [শ্রি + নী] + বিন্যাস [বি + ন্যাস (নি + অস্ + অ]। ৬৷১ শ্রেণীর বিন্যাস [সজ্জা]= সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: শ্ + র্ + এ + ণ্ + ঈ + ব্ + ই + ন্ + য্ + আ + স্ + অ। বি.দ্র.: শ্ + র্ + এ= শ্রে, 'র্' ও 'ন'-এর মধ্যে 'এ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪৷১৷গ ন্ + য্ + আ= ন্যা।

শ্রেণীভুক্ত: শ্রেণীর অন্তর্ভুক্ত। বিণ। তৎসম। শ্রেণী [শ্রি + নী] + ভুক্ত [ভুজ্ + ত]। ৬৷১ শ্রেণীতে ভুক্ত = অধিকরণতৎ। ৩৷৩ বানান: শ্ + র্ + এ + ণ্ + ঈ + ভ্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র.: শ্ + র্ + এ= শ্রে, 'র্' ও

'ন্'-এর মধ্যে 'এ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ভ্ + উ= ভু, ক্ + ত্ + অ= ক্ত।

শ্রেণীসংগ্রাম: বিভিন্ন মানব-সম্প্রদায়ের লড়াই। বি। তৎসম। শ্রেণী [শ্রি + নী] + সংগ্রাম [সম্ + গ্রাম্ + অ]। ৬।১ শ্রেণীর সংগ্রাম= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + এ + ণ্ + ঈ + স্ + অ + ং + গ্ + র্ + আ + ম্ + অ। বি.দ্র.: শ্ + র্ + এ= শ্রে, 'র' ও 'ন'-এর মধ্যে 'এ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ণ্ + ঈ= ণী, গ্ + র্ + আ = গ্রা।

শ্রেণী-সংঘাত, শ্রেণী - সঙ্ঘাত: বিভিন্ন মানব-সম্প্রদায়ের লড়াই। বি। তৎসম। শ্রেণী [শ্রি + নী] + সংঘাত, সঙ্ঘাত [সম্ + হন্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ঘা= ঙ্ঘা, ংঘা। ২।২৮ শ্রেণীর সংঘাত [সঙ্ঘাত]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + এ + ণ্ + ঈ + স্ + অ + ং (ঙ্) + ঘ্ + আ + ত্ + অ। বি.দ্র.: শ্ + র্ + এ = শ্রে, 'র' ও 'ন'-এর মধ্যে 'এ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ঙ্ + ঘ্ + আ= ঙ্ঘা।

শ্রেয়ঃ, শ্রেয়: মঙ্গল। বিণ। তৎসম। শ্র [<প্রকাশ্য] + ঈয়স্ [ঃ]। [সন্ধি] অ + ঈ= এ [শ্রে]। ২।৪।ক বানান: শ্ + র + এ + য্ + অ + ঃ (স্)। বি.দ্র.: শ্ + র্ + এ= শ্রে। 'স্' ' ঃ' [বিসর্গ]-তে রূপান্তরিত, চলিত বাংলায় ' ঃ' [বিসর্গ] বর্জিত।

শ্রেয়সী: কল্যাণী। বিণ। তৎসম। শ্রেয়স্ [শ্র (<প্রশস্য) + ঈয়স্] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ [সন্ধি] অ + ঈ= এ [শ্রে]। ২।৪।ক বানান: শ্ + র্ + এ + য্ + অ + স্ + ঈ। বি.দ্র.: শ্ + র্ + এ= শ্রে।

শ্রেয়স্কর: মঙ্গলজনক। বিণ [তৎসম] শ্রেয়ঃ [<প্রশস্য + ঈয়স্] + কর [কৃ + অ]। ৬।১ [সন্ধি] ঃ + ক= স্ক। ২।৩৭ শ্রেয় করে যা = উপপদতৎ। ৩।৩ বানান: শ্ + র্ + এ + য্ + অ + স্ + ক্ + অ + র্ + অ। বি.দ্র.: শ্ + র্ + এ= শ্রে, স্ + ক্ + অ= স্ক।

শ্রেয়স্করী: মঙ্গলকারিণী। বিণ। তৎসম। শ্রেয়স্কর ['শ্রেয়স্কর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: শ্ + র্ + এ + য্ + অ + স্ + ক্ + অ + র্ + ঈ। বি.দ্র.: শ্ + র্ + এ= শ্রে, স্ + ক্ + অ= স্ক।

সকুণ্ডল: কর্ণাভরণসহ। বিণ। তৎসম। স [= সহ] + কুণ্ডল [কুণ্ড + অল]। ৬।১ কুণ্ডলের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ক্ + উ + ণ্ + ড্ + অ + ল্ + অ। বি.দ্র.: ণ্ + ড্ + অ= ণ্ড। 'ড'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

সকুল্য: জ্ঞাতি। বি। তৎসম। স [=সমান] + কুল + য[যৎ]। ৬।১ স [সমান] কুল যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ক্ + উ + ল্ + য্ + অ। বি.দ্র.: ল্ + য্ + অ= ল্য।

সকৃৎ: একবার মাত্র। অব্য। তৎসম। বানান: স্ + অ + ক্ + ঋ + ৎ।

সকৌতুক: কৌতুকপূর্ণ। বিণ। তৎসম। স [=সহ] + কৌতুক [কুতুক + অ (ষ্ণ)]। ৬।২ কৌতুকের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ক্ + ঔ + ত্ + উ + ক্ + অ। বি.দ্র.: ক্ + ঔ= কৌ।

সক্ত: আসক্ত। বিণ। তৎসম। সন্‌জ্ + ত। ৬।১ বানান: স্ + অ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ= ক্ত।

সক্তি: আসক্তি। বি। তৎসম। সন্‌জ্ + তি। ৬।১ বানান: স্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + ই= ক্তি।

সক্তু: ছাতু। বি। তৎসম। সচ্ + তু। ৬।১ বানান: স্ + অ + ক্ + ত্ + উ। বি.দ্র.: ক্ + ত্ + উ = ক্তু।

সক্রিয়: ক্রিয়াশীল। বিণ। তৎসম। স [= সহ] + ক্রিয়া [কৃ + অ + আ]। ৬।১ ক্রিয়ার সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ক্ + র্ + ই + য়্ + অ। বি.দ্র.: ক্ + র্ + ই= ক্রি।

সক্রিয়তা: ক্রিয়াশীলতা। বি। তৎসম। সক্রিয় ['সক্রিয়' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + ক্ + র্ + ই + য়্ + অ + ত্ + আ। বি.দ্র.: ক্ + র্ + ই= ক্রি।

সক্ষম: সমর্থ। বিণ। তদ্ভব। স [বাং.] + ক্ষম [ক্ষম্ + অ]। ৬।১ ক্ষমতার সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। [অনুমতি] ৩।৫ বানান: স্ + অ + ক্ + ষ্ + অ + ম্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ।

সক্ষমতা: সামর্থ্য। বি। তৎসম। সক্ষম ['সক্ষম' দ্রষ্টব্য] + তা। বানান: স্ + অ + ক্ + ষ্ + অ + ম্ + অ + ত্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ।

সক্ষমা: সমর্থা। বিণ। তৎসম। সক্ষম ['সক্ষম' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + ক্ + ষ্ + অ + ম্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

সখা: বন্ধু। বি। তৎসম। স [= সমান] + খ্যা + ই। ৬।১ বানান: স্ + অ + খ্ + আ।

সখিতা: মিত্রতা। বি। তৎসম। সখি [পুংলিঙ্গ] + তা। ৬।২ বানান: স্ + অ + খ্ + ই + ত্ + আ।

সখিত্ব: মিত্রতা। বি। তৎসম। সখি [পুংলিঙ্গ] + ত্ব। ৬।২ বানান: স্ + অ + খ্ + ই + ত্ + ব্ + অ। বি.দ্র.: ত্ + ব্ + অ=ত্ব।

সখী: বান্ধবী। বি। তৎসম। সখি [পুংলিঙ্গ] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: স্ + অ + খ্ + ঈ। বি.দ্র.: খ্ + ঈ= খী।

সখীত্ব: সখীতুল্য আচরণ। বি। তৎসম। সখী [সখি + ঈ (স্ত্রী)] + ত্ব। ৬।২ বানান: স্ + অ + খ্ + ঈ + ত্ + ব্ + অ। বি.দ্র.: খ্ + ঈ = খী, ত্ + ব্ + অ= ত্ব।

সখীতত্ত্ব: শ্রীরাধার প্রেমাভিব্যক্তির সহায়ক সখীদের লীলাতত্ত্ব। বি। তৎসম। সখী [সখি + ঈ] + তত্ত্ব [তৎ + ত্ব]। ৬।১ সখীর [সখীলীলার] তত্ত্ব = সম্বন্ধতৎ, ৩।৩ [বা, মধ্যপ-কর্মধা]। ৩।২ বানান: স্ + অ + খ্ + ঈ + ত্ + অ + ত্ + ত্ + ব্ + অ। বি.দ্র.: খ্ + ঈ= খী, ত্ + ত্ + ব্ + অ= ত্ত্ব।

সখীভাব: সখীর মতো আচরণ। বি। তৎসম। সখী [সখি + ঈ (স্ত্রী)] + ভাব [ভূ + অ]। ৬।১ সখীর ভাব = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + খ্ + ঈ + ভ্ + আ + ব্ + অ।

সখীসংবাদ: মথুরায় শ্রীকৃষ্ণের কাছে বৃন্দাদূতী কর্তৃক বিরহপীড়িতা রাধিকার অবস্থা জ্ঞাপন। বি। তৎসম। সখী [সখি + ঈ (স্ত্রী)] + সংবাদ [সম্ + বাদ (বদ্ = বলা) + অ]। ৬।১ সখীর আনীত সংবাদ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + খ্ + ঈ + স্ + অ + ং + ব্ + আ + দ্ + অ।

সখেদ: খেদযুক্ত। বিণ। তৎসম। [=সহ] + খেদ [খিদ্ + অ]। ৬।১ খেদের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। বানান: স্ + অ + খ্ + এ + দ্ + অ।

সখেদে: খেদের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সখেদ ['সখেদ' দ্রষ্টব্য] + এ [অধিকরণ]। বানান: স্ + অ + খ্ + এ + দ্ + এ।

সখ্য: বন্ধুত্ব। বি। তৎসম। সখি + য [ষ্য]। ৬।২ বানান: স্ + অ + খ্ + য্ + অ। বি.দ্র.: খ্ + য্ + অ= খ্য।

সগর্ভা: গর্ভিণী। বিণ। তৎসম। স [=সহ] + গর্ভ [গৃ + ভ] + আ [স্ত্রী]। ৬।১ গর্ভের সঙ্গে বর্তমান [স্ত্রী] = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + গ্ + অ + র্ + ভ্ + আ। বি.দ্র.: র্ + ভ্ + আ= র্ভা।

সগুণ : গুণযুক্ত। বি। তৎসম। স [=সহ] + গুণ [গুণ্ + অ]। ৬।১ গুণের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + গ্ + উ + ণ্ + অ। বি.দ্র. : গ্ + উ= গু। 'গুণ' শব্দের 'ণ' স্বাভাবিক 'ণ'। ৪।১।ছ

সগোত্র : এক গোত্রীয়। বিণ। তৎসম। স [=সমান] + গোত্র [গো + ত্রৈ + অ] বা [গু (কীর্তন করা)+ ত্র]। ৬।১ সমান [স] গোত্র যাদের= বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + গ্ + ও + ত্ + র্ + অ। বি.দ্র. : ত্ + র্ + অ= ত্র।

সগোত্রা : এক গোত্রীয়া। বিণ। তৎসম। সগোত্র ['সগোত্র' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + অ + গ্ + ও + ত্ + র্ + আ। বি.দ্র. : ত্ + র্ + আ= ত্রা।

সঘন : মেঘাবৃত। বিণ। তৎসম। স [=সহ] + ঘন [হন্ + অ]। ৬।১ ঘনের [মেঘের] সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫

সঘন : ঘনঘন। বিণ, ক্রি-বিণ। তদ্ভব। বাং. স + সং. ঘন। বানান : স্ + অ + ঘ্ + অ + ন্ + অ।

সঘনে : ঘনঘন। ক্রি-বিণ। তদ্ভব। সঘন ['সঘন' দ্রষ্টব্য] + এ [অধিকরণ]। বানান : স্ + অ + ঘ্ + অ + ন্ + এ।

সঘর : বৈবাহিক সম্বন্ধস্থাপনের উপযুক্ত বংশ। বি। তদ্ভব। বাং. স + ঘর [< সং. গৃহ]। সমান [উপযুক্ত] ঘর= কর্মধা। ৩।২ বানান : স্ + অ + ঘ্ + অ + র্ + অ।

সঘৃণ : ঘৃণাপূর্ণ। বিণ। তৎসম। স [=সহ] + ঘৃণা [ঘৃণ্ + অ + আ]। ৬।১ ঘৃণার সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ঘ্ + ঋ + ণ্ + অ। বি.দ্র. : ঘ্ + ঋ= ঘৃ। 'ঋ'-র পর 'ণ্' হয়েছে। ৪।১।খ

সঘৃত : ঘৃতযুক্ত। বিণ। তৎসম। স [=সহ] + ঘৃত [ঘৃ + ত]। ৬।১ ঘৃতের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ঘ্ + ঋ + ত্ + অ। বি.দ্র. : ঘ্ + ঋ= ঘৃ।

সঙ, সং : অদ্ভুত পোশাকধারী হাস্যশিল্পী। বি। দেশী। বানান : স্ + অ + ঙ্ [ং]। বি.দ্র. : শব্দান্তের 'ঙ' হসন্ত-বর্জিত।

সঙ্কট, সংকট : সমস্যা, অতি সঙ্কীর্ণ পথ। (তৃ)]। বি। তৎসম। সম্ + কট্ + অ। ৬।১ [সন্ধি] ম্ + ক= ঙ্ক, ংক। ২।২৮ বানান : স্ + অ + ঙ্ [ং] + ক্ + অ + ট্ + অ। বি.দ্র. : ঙ্ + ক্ + অ= ঙ্ক।

সঙ্কটাপন্ন, সংকটাপন্ন : বিষম বিপদ্গ্রস্ত। বিণ। তৎসম। সঙ্কট, সংকট + আপন্ন [আ + পদ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [টা]। ২।১।খ সঙ্কট [সংকট]-কে আপন্ন= কর্মতৎ। ৩।৩ বানান : স্ + অ + ঙ্ [ং] + ক্ + অ + ট্ + আ + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র. : ঙ্ + ক= ঙ্ক, ন্ + ন্ + অ= ন্ন।

সঙ্কর, সংকর : ভিন্নজাতীয় স্ত্রী-পুরুষের মিলন-জাত প্রাণী বা জাতি [সং. সম্ + কৃ + অ [ভা)]। বি। তৎসম। সম্ + কর [কৃ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ক= ঙ্ক, ংক। ২।২৮ বানান : স্ + অ + ঙ্ [ং] + ক্ + অ + ব্ + অ। বি.দ্র. : ঙ্ + ক= ঙ্ক।

সঙ্কর্ষণ, সংকর্ষণ : কৃষিকর্ম, বলরাম [সং. সম্ + কর্ষণ]। বি। তৎসম। সম্ + কর্ষণ। [কৃষ্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + ক= ঙ্ক, র্ + ষ্ + অ= র্ষ। 'র'-এর পর 'ষ্' হয়েছে। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।২।গ, ৪।১।গ

সংঙ্কলক, সংকলক : সংকলনকারী। বি, বিণ। তৎসম। সম্ + কলক [কল্ (গ্রহণ করা) + অক]। ৬।১ [সন্ধি] ম্ + ক= ঙ্ক, ংক। ২।২৮ সংকলন। [সংগ্রহ] করেন যিনি। বানান : স্ + অ + ঙ্, ং + ক্ + অ + ল্ + অ + ক্ + অ। বি.দ্র. : ঙ্ + ক্ + অ= ঙ্ক।

সঙ্কলন, সংকলন: সংগ্রহ [সং. সম্ + কলন]। বি। তৎসম। সম্ + কলন [কল্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + ক= ঙ্ক, ংক। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + ক্ + অ + ল্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঙ্ + ক + অ= ঙ্ক।

সঙ্কলয়িতা, সংকলয়িতা: সংকলনকারী। বি, বিণ। তৎসম। সম্ + কলয়িতা [কল্ + তা < (তৃ= তৃচ্)]। ৬।১ [সন্ধি] ম্ + ক= ঙ্ক, ংক। ২।২৮ যিনি সংকলন করেছেন। বানান: স্ + অ + ঙ, ং + ক্ + অ + ল্ + অ + য্ + ই + ত্ + আ। বি.দ্র.: ঙ্ + ক= ঙ্ক।

সঙ্কলয়িত্রী, সংকলয়িত্রী: সংকলনকারিণী। বি, বিণ। তৎসম। সঙ্কলয়িতা ['সংকলয়িতা' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।ছ বানান: স্ + অ + ঙ্, ং + ক্ + অ + ল্ + অ + য় + ই + ত্ + র্ + ঈ। বি.দ্র.: ঙ্ + ক= ঙ্ক, য্ + ই= য়ি, ত্ + র্ + ঈ= ত্রী।

সঙ্কলিত, সংকলিত: একত্র সংগৃহীত। বিণ। তৎসম। সম্ + কলিত [কল্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + ক= ঙ্ক, ংক। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + ক্ + অ + ল্ + ই + ত্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + অ= ঙ্ক।

সঙ্কল্প, সংকল্প: উদ্দেশ্যে। বি। তৎসম। সম্ + ক্‌ৢপ্ + অ। ৬।১ [সন্ধি] ম্ + ক= ঙ্ক, ংক। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + ক্ + অ + ল্ + প্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + অ= ঙ্ক।

সঙ্কল্পিত, সংকল্পিত: অভিপ্রেত। বিণ। তৎসম। সম্ + কল্পিত [ক্‌ৢপ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + ক= ঙ্ক, ংক। বানান: স্ + অ + ঙ্, ং + ক্ + অ + ল্ + প্ + ই + ত্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + আ= ঙ্কা। ল্ + প্ + ই= ল্পি।

সঙ্কাশ, সংকাশ: সদৃশ। বিণ। তৎসম। সম্ + কাশ [কাশ্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + কা= ঙ্কা, ংকা। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + ক্ + আ + শ্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + আ= ঙ্কা।

সঙ্কীর্ণ, সংকীর্ণ: অপ্রশস্ত। বিণ। তৎসম। সম্ + কীর্ণ [কৃ + ত]। ৬।১ বানান: স্ + অ + ঙ্, ং + ক্ + ঈ + র্ + ণ্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + ঈ= ঙ্কী, র্ + ণ্ + অ= র্ণ। 'র'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ

সঙ্কীর্ণতা, সংকীর্ণতা: অপ্রশস্ততা। বি। তৎসম। সঙ্কীর্ণ, সংকীর্ণ ['সঙ্কীর্ণ', 'সংকীর্ণ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + ঙ্, ং + ক্ + ঈ + র্ + ণ্ + অ + ত্ + আ। বি.দ্র.: ঙ্ + ক্ + ঈ= ঙ্কী।

সঙ্কীর্তন, সংকীর্তন: মহিমা বর্ণন: বি। তৎসম। সম্ + কীর্তন [কৃত্ (কীর্তন করা) + অন]। ৬।১ [সন্ধি] ম্ + কী= ঙ্কী, ংকী। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + ক্ + ঈ + র্ + ত্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + ঈ= ঙ্কী, র্ + ত্ + অ= র্ত। 'র' ও 'ন'-এর মধ্যে 'ত' থাকায় 'ন' 'ন'-ই থেকেছে, 'ণ' হয়নি। ৪।১।গ

সঙ্কীর্তিত, সংকীর্তিত: মহিমা বর্ণিত। বিণ। তৎসম। সম্ + কীর্তিত [কৃত্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + কী= ঙ্কী, ংকী। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + ক্ + ঈ + র্ + ত্ + ই + ত্ + অ। বি.দ্র.: ক্ + ঈ= কী, র্ + ত্ + ই= র্তি।

সঙ্কুচিত, সংকুচিত: জড়সড়। বিণ। তৎসম। সম্ + কুচিত [কুচ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + কু= ঙ্কু, ংকু। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + ক্ + উ + চ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ঙ্ + কু= ঙ্কু।

সঙ্কুল, সংকুল: সমাকীর্ণ। বিণ। তৎসম। সম্ + কুল [কুল্ + অ]। ৬।১ [সন্ধি] ঙ্, ং + কু=

ঙ্কু, ংকু। ২।২৮ বানান: স্ + অ + ঙ্ + ক্ + উ + ল্ + অ। বি.দ্র.: ঙ্ + কু= ঙ্কু।

সঙ্কুলান, সংকুলান: পর্যাপ্তি। বি। তদ্ভব। সম্ + বাং. কুল্ + বাং. আন। ৬।৩ [সন্ধি] ম্ + কু= ঙ্কু, ংকু। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + ক্ + উ + ল্ + আ + ন্ + অ। বি.দ্র.: ঙ্ + কু= ঙ্কু।

সঙ্কেত, সংকেত: ইঙ্গিত। বি। তৎসম। সম্ + কেত [কিৎ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + কে= ঙ্কে, ংকে। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + ক্ + এ + ত্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + এ= ঙ্কে।

সঙ্কোচ, সংকোচ: অল্পীকরণ, কুণ্ঠা। বি। তৎসম। সম্ + কোচ [কুচ্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + কো= ঙ্কো, ংকো। ২।২৮ বানান: স্ + অ + ঙ, ং + ক্ + ও + চ্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + ও= ঙ্কো।

সঙ্কোচন, সংকোচন: হ্রস্বীকরণ। বি। তৎসম। সম্ + কোচন [কুচ্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + কো= ঙ্কো, ংকো। ২।২৮ বানান: স্ + অ + ঙ, ং + ক্ + ও + চ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + ও= ঙ্কো।

সঙ্কোচশূন্য, সংকোচশূন্য: অকুণ্ঠ। বিণ। তৎসম। সঙ্কোচ, সংকোচ [সম্ + কুচ্ + অ] + শূন্য [শু + ঊন (অতিশয় কম) + য (যৎ)]। ৬।১ [সন্ধি] ম্ + কো= ঙ্কো, ং কো। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + ক্ + ও + চ্ + অ + শ্ + ঊ + ন্ + য্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + ও= ঙ্কো, শ্ + ঊ= শূ, ন্ + য্ + অ= ন্য।

সংকোচহীন, সঙ্কোচহীন: অকুণ্ঠ। বিণ। তৎসম। সঙ্কোচ, সংকোচ [সম্ + কোচ (কুচ্ + অ) + হীন [হা + ত]। ৬।১ [সন্ধি] ম্ + কো= ঙ্কো, ংকো। ২।২৮ বানান: স্ + অ + ঙ, ং + ক্ + ও + চ্ + অ + হ্ + ঈ + ন্ + অ।

সঙ্গ: সংসর্গ। বি। তৎসম। সন্‌জ্ + অ। ৬।১ বানান: স্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ।

সঙ্গদোষ: কুসংসর্গ-জনিত চরিত্রদোষ। বি। তৎসম। সঙ্গ [সন্‌জ্ + অ] + দোষ [দুষ্ + অ]। ৬।১ সঙ্গ-জনিত দোষ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ঙ্ + গ্ + অ + দ্ + ও + ষ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ, দ্ + ও= দো, 'ও'-র পর 'ষ' হয়েছে। ৪।১।ক

সঙ্গতি, সংগতি: সংস্থান। বি। তৎসম। সম্ + গতি [গম্ + তি]। ৬।১ [সন্ধি] ম্ + গ= ঙ্গ, ংগ। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + গ্ + অ + ত্ + ই। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ।

সঙ্গতিপন্ন, সংগতিপন্ন: ধনবান। বিণ। তৎসম। সঙ্গতি, সংগতি [সম্ + গতি (গম্ + তি)] + পন্ন [পদ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + গ= ঙ্গ, ংগ। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + গ্ + অ + ত্ + ই + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্= ঙ্গ, ন্ + ন্ + অ= ন্ন।

সঙ্গতিশালী, সংগতিশালী: ধনবান। বিণ। তৎসম। সঙ্গতি, সংগতি [সম্ + গতি (গম্ + তি)] + শালী [শাল্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] ম্ + গ= ঙ্গ, ংগ। ২।২৮ বানান: স্ + অ + ঙ্ + গ্ + অ + ত্ + ই + শ্ + আ + ল্ + ঈ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সঙ্গতিশূন্য, সংগতিশূন্য: ধনহীন। বিণ। তৎসম। সঙ্গতি, সংগতি [সম্ + গতি (গম্ + তি)] + শূন্য [শু + ঊন + য (যৎ)]। ৬।১ [সন্ধি] ম্ + গ= ঙ্গ, ংগ। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + গ্ + অ + ত্ + ই + শ্ + ঊ + ন্ + য্ + অ। বি.দ্র.: ঙ্ + গ= ঙ্গ, শ্ + ঊ= শূ, ন্ + য্ + অ= ন্য।

সঙ্গতিসম্পন্ন, সংগতিসম্পন্ন: ধনবান। বিণ। তৎসম। সঙ্গতি, সংগতি [সম্ + গতি (গম্ + তি)] + সম্পন্ন [সম + পদ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + গ= ঙ্গ, ংগ। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + গ্ + অ + ত্ + ই + স্ + অ + ম + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ, ম্ + প্ + অ= ম্প। ন্ + ন্ + অ= ন্ন।

সঙ্গতিহীন, সংগতিহীন: ধনহীন। বিণ। তৎসম। সঙ্গতি, সংগতি [সম্ + গতি [গম্ + তি)] + হীন [হা + ত]। ৬।১ [সন্ধি] ঙ্ + গ= ঙ্গ, ংগ। ২।২৮ বানান: শ্ + অ + ঙ্, ং + গ্ + অ + ত্ + ই + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ, হ্ + ঈ= হী।

সঙ্গম: যৌনমিলন, একাধিক নদীর মিলনস্থান। বি। তৎসম। সম্ + গম [গম্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + গ= ঙ্গ। ২।২৮ বানান: স্ + অ + ঙ্ + গ্ + অ + ম্ + অ। বি.দ্র.: ম্ + গ্ + অ= ঙ্গ।

সঙ্গিন, সঙিন, সঙীন: বন্দুকের মুখ সংলগ্ন বেধনাস্ত্র, গুরুতর। বি। বিদেশী। < ফা. সঙ্গীন্। বাংলা বানান: স্ + অ + ঙ্ [+গ] + ই, ঈ + ন্। বি.দ্র.: ঙ্ + ই= ঙি, ঙ্ + ঈ= ঙী, ঙ্ + গ্ + ই= ঙ্গি, শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সঙ্গিনী: সহচরী। বি, বিণ। তৎসম। সম্ + গম্ + ইন্ + ঈ। ৬।১, ৭।১।চ [সন্ধি] ম্ + গি= ঙ্গি। ২।২৮ বানান: স্ + অ + ঙ্ + গ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ঙ্ + গ্ + ই= ঙ্গি, শব্দটি 'ইন্' + ঈ= ইনী-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সঙ্গী: সহচর। বি, বিণ। তৎসম। সম্ + গ [গম্ + অ] + ইন্ [ঈ]। ৬।১ [সন্ধি] ম্ + গ= ঙ্গ। ২।২৮ বানান: স্ + অ + ঙ্ + গ্ + ঈ। বি.দ্র.: ঙ্ + গ্ + ঈ= ঙ্গী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সঙ্গীত, সংগীত: গান। বি। তৎসম। সম্ + গীত [গৈ + ত]। ৬।৩ [সন্ধি] ম্ + গী= ঙ্গী, ংগী। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + গ্ + ঈ + ত্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + ঈ= ঙ্গী।

সঙ্গে: সহিত [সং. সঙ্গ + বাং. এ]। অব্য। তৎসম। সঙ্গ [সম্ + গ] + এ [অধিকরণ]। বানান: স্ + অ + ঙ্ + গ্ + এ। বি.দ্র.: ঙ্ + গ্ + এ= ঙ্গে।

সঙ্গোপন, সংগোপন: সম্পূর্ণ গোপন [সং. সম্ + গোপন]। বি। তৎসম। সম্ + গোপন [গুপ্ + অন] ৬।১ [সন্ধি] ম্ + গো= ঙ্গো, ংগো। ২।২৮ বানান: বানান: স্ + অ + ঙ্, ং + গ্ + ও + প্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + ও= ঙ্গো।

সঙ্গোপনে: একান্ত গোপনে। ক্রি-বিণ। তৎসম। সঙ্গোপন ['সঙ্গোপন' দ্রষ্টব্য] + এ [অধিকরণ]। বানান: স্ + অ + ঙ্ + গ + ও + প্ + অ + ন্ + এ। বি.দ্র.: ঙ্ + গ + ও= ঙ্গো।

সঙ্ঘ, সংঘ: দল [সং. সম্ + হন্ + অ (র্ম)]। বি। তৎসম। সম্ + ঘ (হন্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ঘ= ঙ্ঘ, ংঘ। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + ঘ্ + অ। বি.দ্র.: ঙ্ + ঘ্ + অ= ঙ্ঘ।

সঙ্ঘটন, সংঘটন: ঘটানোর কাজ। বি। তৎসম। সম্ + ঘটন [ঘট্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + ঘ= ঙ্ঘ, ংঘ। ২।২৮ বানান: স্ + অ + ঙ,ং + ঘ্ + অ + ট্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঙ্ + ঘ + অ= ঙ্ঘ।

সঙ্ঘটক, সংঘটক: সঙ্ঘটনকারী। বি, বিণ। তৎসম। সম্ + ঘটক [ঘট্ + অক]। ৬।১ [সন্ধি] ম্ + ঘ= ঙ্ঘ, ংঘ। ২।২৮ বানান: স্ + অ + ঙ্, ং + ঘ্ + অ + ট্ + অ + ক্ + অ। বি.দ্র.: ঙ্ + ঘ্ + অ= ঙ্ঘ।

সঙ্ঘটিত, সংঘটিত : যা ঘটেছে। বিণ। তৎসম। সম্ + ঘটিত [ঘট্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + ঘ= ঙ্ঘ, ংঘ। ২।২৮ বানান : স্ + অ + ঙ্, ং + ঘ্ + অ + ট্ + ই + ত্ + অ। বি.দ্র. : ঙ্ + ঘ্ + অ= ঙ্ঘ।

সঙ্ঘট্ট : পরস্পর ঘর্ষণ। বি। তৎসম। সম্ + ঘট্ট [ঘট্ট্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ঘ= ঙ্ঘ। ২।২৮ বানান : স্ + অ + ঙ্ + ঘ্ + অ + ট্ + ট্ + অ। বি.দ্র. : ঙ্ + ঘ্ + অ= ঙ্ঘ, ট্ + ট্ + ই= ট্টি।

সঙ্ঘর্ষ, সংঘর্ষ : পরস্পর বিবাদ। বি। তৎসম। সম্ + ঘর্ষ [ঘৃষ্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ঘ= ঙ্ঘ, ংঘ। ২।২৮ বানান : স্ + অ + ঙ্, ং + ঘ্ + অ + র্ + ষ্ + অ। বি.দ্র. : ঙ্ + ঘ্ + অ= ঙ্ঘ, র্ + ষ্ + অ= র্ষ। 'র্'-এর অব্যবহিত পরেই 'ষ্' হয়েছে। ৪।২।গ

সঙ্ঘর্ষণ, সংঘর্ষণ : পরস্পর বিবাদ। বি। তৎসম। সম্ + ঘর্ষণ [ঘৃষ্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + ঘ= ঙ্ঘ, ংঘ। ২।২৮ বানান : স্ + অ + ঙ্, ং + ঘ্ + অ + র্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ঙ্ + ঘ্ + অ= ঙ্ঘ। র্ + ষ্ + অ= র্ষ। 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ' হয়েছে। ৪।১।গ

সঙ্ঘাত, সংঘাত : পরস্পর আঘাত। বি। তৎসম। সম্ + ঘাত [হন্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ঘা= ঙ্ঘা, ংঘা। ২।২৮ বানান : স্ + অ + ঙ্, ং + ঘ্ + আ + ত্ + অ। বি.দ্র. : ঙ্ + ঘ্ + আ= ঙ্ঘা।

সঙ্ঘারাম : বৌদ্ধমঠ। বি। তৎসম। সঙ্ঘ [সম্ + ঘ (হন্ + অ)] + আরাম [আ + রম্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ঘ= ঙ্ + ঘ= ঙ্ঘ আ [ঙ্ঘা]। ২।২৮, ২।১।খ বানান : স্ + অ + ঙ্ + ঘ্ + আ + র্ + আ + ম্ + অ। বি.দ্র. : ঙ্ + ঘ্ + আ= ঙ্ঘা।

সঙ্ঘৃষ্ট, সংঘৃষ্ট : পরস্পর আঘাত প্রাপ্ত। বিণ। তৎসম। সম্ + ঘৃষ্ট [ঘৃষ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + ঘৃ= ঙ্ঘৃ, ংঘৃ। ২।২৮ বানান : স্ + অ + ঙ্, ং + ঘ্ + ঋ + ষ্ + ট্ + অ। বি.দ্র. : ঙ্ + ঘ্ + ঋ= ঙ্ঘৃ। ষ্ + ট্ + অ= ষ্ট। 'ঋ'-র পর এবং 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।গু

সচকিত : চমকিত। বিণ। তৎসম। স [=সহ] + চকিত [চক্ (আঘাতের প্রতিক্রিয়া প্রকাশ করা) + ত। ৬।১ চকিতের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + চ্ + অ + ক্ + ই + ত্ + অ।

সচকিতা : চমকিতা। বিণ। তৎসম। সচকিত ['সচকিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + অ + চ্ + অ + ক্ + ই + ত্ + আ।

সচন্দন : চন্দনযুক্ত। বি। তৎসম। স [=সহ] + চন্দ্ [আনন্দ দান করা] + অন। ৬।১ চন্দনের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + চ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + অ= ন্দ।

সচরাচর : সাধারণতঃ। বিণ। তৎসম। স [=সহ] + চরাচর [চর [চর্ + অ) + অচর (ন + চর্ + অ)। ৬।১ [সন্ধি] অ + অ= আ [বা]। ২।১।ক চরাচরের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + চ্ + অ + র্ + আ + চ্ + অ + র্ + অ।

সচল : গতিশীল। বিণ। তৎসম। স [=সহ] + চল [চল্ + অ]। ৬।১ চল-এর সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + চ্ + অ + ল্ + অ।

সচিত্র : চিত্রযুক্ত। বিণ। তৎসম। স [=সহ] + চিত্র [চিত্র্ + অ]। ৬।১ চিত্রের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + চ্ + ই + ত্ + র্ + অ। বি.দ্র. : ত্ + র্ + অ= ত্র।

সচিব : কর্মসম্পাদক [secretary]। বি। তৎসম। সচ্ + ইব। ৬।১ বানান : স্ + অ + চ্ + ই + ব্ + অ।

সচেতক : রাজনীতিক দলের শৃঙ্খলা-রক্ষক। বি, বিণ। তৎসম। স [=সম্যক্] + চেতক [চিত্ + অক]। ৬।১ বানান : স্ + অ + চ্ + এ + ত্ + অ + ক্ + অ।

সচেতন : চেতনাযুক্ত। বি। তৎসম। স [=সহ] + চেতন [চিত্ + অন]। ৬।১ চেতনার সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + চ্ + এ + ত্ + অ + ন্ + অ।

সচেতনতা : চেতনার বিদ্যমানতা। বি। তৎসম। স [=সহ] + চেতন [চিত্ + অন] + তা। ৬।১, ৬।২ চেতনতার সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + চ্ + এ + ত্ + অ + ন্ + অ + ত্ + আ।

সচেষ্ট : চেষ্টাযুক্ত। বিণ। তৎসম। স [=সহ] + চেষ্টা [চেষ্ট্ + অ + আ]। ৬।১ চেষ্টার সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। 'আ'-র লোপ। ৩।৫ বানান : স্ + অ + চ্ + এ + ষ্ + ট্ + অ। বি.দ্র. : ষ্ + ট্ + অ= ষ্ট। এ-র পর এবং 'ট'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

সচ্চরিত্র : সদাচারী। বিণ। তৎসম। সৎ [অস্ + অৎ (শতৃ)— 'অস্'-এর 'অ'-এর লোপ] + চরিত্র [চর্ + ইত্র]। ৬।১ [সন্ধি] ৎ + চ= চ্চ। ২।১৬ সৎ চরিত্র যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + চ্ + চ্ + অ + র্ + ই + ত্ + র্ + অ। বি.দ্র. : চ্ + চ্ + অ= চ্চ। ত্ + র্ + অ= ত্র।

সচ্চরিত্রতা : সদাচার। বি। তৎসম। সচ্চরিত্র ['সচ্চরিত্র' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : স্ + অ + চ্ + চ্ + অ + র্ + ই + ত্ + র্ + অ + ত্ + আ। বি.দ্র. : চ্ + চ্= চ্চ, ত্ + র্ = অ= ত্র।

সচ্চরিত্রা : সদাচারিণী। বিণ। তৎসম। সচ্চরিত্র ['সচ্চরিত্র'] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + অ + চ্ + চ্ + অ + র্ + ই + ত্ + র্ + অ। বি.দ্র. : চ্ + চ্ + অ= চ্চ, ত্ + র্ + আ= ত্রা।

সচ্চিদানন্দ : পরমেশ্বর [সৎ (অস্তিত্বশীল) + চিৎ (চৈতন্যময়) + আনন্দ (আনন্দের উৎস)। বি। তৎসম। সৎ [অস্ + অৎ (শতৃ)] + চিৎ [চিৎ + ক্বিপ্] + আনন্দ [আ + নন্দ্ + অ]। ৬।১ যিনি সৎ, চিৎ ও আনন্দের স্বরূপ। বানান : স্ + অ + চ্ + চ্ + ই + দ্ + আ + ন্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র. : চ্ + চ্ + ই= চ্চি, ন্ + দ্ + অ= ন্দ।

সচ্ছল : সঙ্গতিসম্পন্ন। বিণ। তৎসম। সৎ [অস্ + অৎ] + চল [চল্ + অ]। ৬।১ [সন্ধি] ৎ + চ= চ্চ > চ্ছ। ২।১৬ সৎভাবে চলে যায় যার। বানান : স্ + অ + চ্ + ছ্ + অ + ল্ + অ। বি.দ্র. : চ্ + ছ্ + অ= চ্ছ।

সচ্ছলতা : সঙ্গতিসম্পন্নতা। বি। তৎসম। সচ্ছল ['সচ্ছল' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : স্ + অ + চ্ + ছ্ + অ + ল্ + অ + ত্ + আ। বি.দ্র. : চ্ + ছ্ + অ= চ্ছ।

সচ্ছিদ্র : ছিদ্রযুক্ত। বিণ। তৎসম। স [=সহ] + ছিদ্র [ছিদ্ + র]। ৬।১ [সন্ধি] স + ছি= সচ্ছি। ২।১৪ ছিদ্রের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + চ্ + ছ্ + ই + দ্ + র্ + অ।

সজনী : সখী। বি। তদ্ভব। < সং. স্বজনী। বানান : স্ + অ + জ্ + অ + ন্ + ঈ। বি.দ্র. : স্ + অ= স, ন্ + ঈ= নী।

সজল : ভিজা। বিণ। তৎসম। স [=সহ] + জল [জল্ + অ]। ৬।১ জলের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + জ্ + অ + ল্ + অ।

সজাগ : জাগ্রৎ। বিণ। তদ্ভব। < সং. সজাগর। [স= সহ] + জাগর [জাগৃ + অ]। ৬।১ [স=

সহ] জাগ [< জাগৃ]। জাগের [জাগরণের] সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + জ্ + আ + গ্ + অ।

সজাতি: একই জাতির অন্তর্ভুক্ত মানুষ। বি, বিণ। তৎসম। স [=সমান] + জাতি [জন্ + তি]। ৬।১ স,অর্থাৎ,সমান জাতি যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + জ্ + আ + ত্ + ই।

সজাতীয়: সমশ্রেণীভুক্ত। বিণ। তৎসম। সজাতি ['সজাতি' দ্রষ্টব্য] + ঈয়। ৬।২ স [সমান] জাতি যাদের= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + জ্ + আ + ত্ + ঈ + য্ + অ। বি.দ্র.: ত্ + ঈ= তী। য্ + অ= য়।

সজাতীয়া: একই জাতীয়া। বিণ। তৎসম। সজাতীয় ['সজাতীয়' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + জ্ + আ + ত্ + ঈ + য্ + আ। বি.দ্র.: ত্ + ঈ= তী, য্ + আ= য়া।

সজীব: জীবন্ত। বিণ। তৎসম। স [=সহ] + জীব [জীব্ + অ]। ৬।১ জীবের [জীবনের] সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + জ্ + ঈ + ব্ + অ। বি.দ্র.: জ্ + ঈ= জী।

সজীবতা: সপ্রাণতা। বি। তৎসম। সজীব ['সজীব' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + জ্ + ঈ + ব্ + অ + ত্ + আ। বি.দ্র.: জ্ + ঈ= জী।

সজোর: জোরযুক্ত। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. স [=সহ] + ফা. জোর। জোরের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। বানান: স্ + অ + জ্ + ও + র্ + অ।

সজোরে: জোরের সঙ্গে। ক্রি-বিণ। মিশ্র [তৎসম + বিদেশী + তদ্ভব]। সজোর ['সজোর' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]। বানান: স্ + অ + জ্ + ও + র্ + এ।

সজ্জন: সাধু ব্যক্তি। বিণ। তৎসম। সৎ [অস্ + অৎ (শতৃ)— 'অ' লুপ্ত] + জন [জন্ + অ]। ৬।১ [সন্ধি] ৎ + জ= জ্জ। বানান: স্ + অ + জ্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র.: জ্ + জ্ + অ= জ্জ।

সজ্জা: সাজপোশাক। বি। তৎসম। সজ্জ্ + অ + আ। ৬।১ বানান: স্ + অ + জ্ + জ্ + আ। বি.দ্র.: জ্ + জ্ + আ= জ্জা।

সজ্জিত: সাজ-পরিহিত। বিণ। তৎসম। সজ্জা + ইত। ৬।১ বানান: স্ + অ + জ্ + জ্ + ই + ত্ + অ। বি.দ্র.: জ্ + জ্ + ই= জ্জি।

সজ্জিতা: সাজ-পরিহিতা। বিণ। তৎসম। সজ্জিত ['সজ্জিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। বানান: স্ + অ + জ্ + জ্ + ই + ত্ + আ। বি.দ্র.: জ্ + জ্ + ই= জ্জি।

সজ্ঞান: জ্ঞানযুক্ত। বিণ। তৎসম। স [সহ] + জ্ঞান [জ্ঞা + অন]। ৬।১ জ্ঞানের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স + অ + জ্ + ঞ্ + আ + ন্ + অ। বি.দ্র.: জ্ + ঞ্ + আ= জ্ঞা।

সজ্ঞানে: সচেতন অবস্থায়। ক্রি-বিণ। তৎসম। সজ্ঞান ['সজ্ঞান' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]। বানান: স্ + অ + জ্ + ঞ্ + আ + ন্ + এ। বি.দ্র.: জ্ + ঞ্ + আ= জ্ঞা।

সঞ্চয়: সংগ্রহ। বি। তৎসম। সম্ + চয় [চি + অ]। ৬।১ [সন্ধি] ম্ + চ= ঞ্ + চ= ঞ্চ। ২।২৫ বানান: স্ + অ + ঞ্ + চ্ + অ + য্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + অ= ঞ্চ।

সঞ্চয়ন: সংগ্রহ করা। বি। তৎসম। সম্ + চয়ন [চি + অন]। ৬।১ [সন্ধি] ম্ + চ= ঞ্ + চ= ঞ্চ। ২।২৫ বানান: স্ + অ + ঞ্ + চ্ + অ + য্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + অ= ঞ্চ।

সঞ্চয়িতা: কবিতাদির সংগ্রহ। বি। তৎসম। সঞ্চয় [সম্ + চয় (চি + অ)] + ইত + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: স্ + অ + ঞ্ + চ্ + অ + য্ + ই + ত্ + আ। বি.দ্র.: ঞ্ + চ্ + অ= ঞ্চ।

সঞ্চয়ী : সঞ্চয়কারী। বিণ। তৎসম। সঞ্চয় [সম্ + চয় (চি + অ)] + ইন্ [ঈ]। ৬।১ বানান: স্ + অ + ঞ্ + চ্ + অ + য্ + ঈ। বি.দ্র.: ঞ্ + চ্ + অ= ঞ্চ।

সঞ্চরণ : বিচরণ। বি। তৎসম। সম্ + চরণ [চর্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + চ = ঞ্ + চ= ঞ্চ। ২।২৫ বানান: স্ + অ + ঞ্ + চ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + অ= ঞ্চ, 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সঞ্চরমাণ : গতিশীল। বিণ। তৎসম। সম্ + চরমাণ [চর্ + মান (শানচ্)]। ৬।১ [সন্ধি] ম্ + চ= ঞ্ + চ= ঞ্চ। ২।২৫ বানান: স্ + অ + ঞ্ + চ্ + অ + র্ + অ + ম্ + আ + ণ্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + অ= ঞ্চ। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ', 'ম' 'আ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

স্মরণীয়: 'সঞ্চার' [শুদ্ধ] শব্দটির সঙ্গে অতি-পরিচিতির কারণে অনেকের মধ্যে সঞ্চারমান লেখার প্রবণতা লক্ষ্য করা যায়। কিন্তু তা ভুল। আবার অনেকে শব্দান্তে 'ন' দিয়ে থাকেন। তাও ভুল। 'ন' যে হবে না, 'ণ' হবে এবং কেন হবে, তা আগের অনুচ্ছেদে দেখানো হয়েছে। কাজেই, শব্দটির শুদ্ধ রূপ হলো: 'সঞ্চরমাণ'।

সঞ্চরিত : যে সঞ্চরণ করেছে। বিণ। তৎসম। সম্ + চরিত [চর্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + চ= ঞ্ + চ=ঞ্চ। ২।২৫ বানান: স্ + অ + ঞ্ + চ্ + অ + র্ + ই + ত্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + অ= ঞ্চ।

সঞ্চলন : কম্পন। বি। তৎসম। সম্ + চলন [চল্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + চ= ঞ্ + চ= ঞ্চ। ২।২৫ বানান: স্ + অ + ঞ্ + চ্ + অ + ল্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + অ= ঞ্চ।

সঞ্চলিত : কম্পিত। বিণ। তৎসম। সম্ + চলিত [চল্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + চ= ঞ্ + চ= ঞ্চ। ২।২৫ বানান: স্ + অ + ঞ্ + চ্ + অ + ল্ + ই + ত্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + অ= ঞ্চ।

সঞ্চার, সঞ্চারণ : সংক্রমণ। বি। তৎসম। সম্ + চার, চারণ [চর্ + অ, চর্ + ণিচ্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + চা= ঞ্ + চা= ঞ্চা। ২।২৫ বানান: স্ + অ + ঞ্ + চ্ + আ + র্ + অ, স্ + অ + ঞ্ + চ্ + আ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + আ= ঞ্চা। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ। এই প্রসঙ্গে 'সঞ্চরণ' ও 'সঞ্চারণ'—শব্দ দু'টির পার্থক্য প্রণিধানযোগ্য। 'সঞ্চারণ' ণিজন্ত [causative] ক্রিয়াজাত।

সঞ্চারক : সঞ্চারকারী। বি, বিণ। তৎসম। সম্ + চারক [চর্ + ণিচ্ + অক]। ৬।১ [সন্ধি] ম্ + চা= ঞ্ + চা= ঞ্চা। ২।২৫ যে সঞ্চার করে। বানান: স্ + অ + ঞ্ + চ্ + আ + র্ + অ + ক্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + আ= ঞ্চা।

সঞ্চারিকা : দূতী। বি। তৎসম। সম্ + চারিকা [চর্ + ণিচ্ + ইক (< অক) + আ (স্ত্রী)। ৬।১, ৭।১।খ [সন্ধি] ম্ + চা= ঞ্ + চা= ঞ্চা। ২।২৫ যে সঞ্চার করে [স্ত্রী]। বানান: স্ + অ + ঞ্ + চ্ + আ + র্ + ই + ক্ + আ। বি.দ্র.: ঞ্ + চ্ + আ= ঞ্চা। র্ + ই= রি।

সঞ্চারিত : যা সঞ্চার করা হয়েছে। বিণ। তৎসম। সম্ + চারিত [চর্ + ণিচ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + চা= ঞ্ + চা= ঞ্চা। বানান: স্ + অ + ঞ্ + চ্ + আ + র্ + ই + ত্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + আ= ঞ্চা।

সঞ্চারিণী : সঞ্চরণশীলা। বিণ। তৎসম। সম্ + চারিণী [চর্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ [সন্ধি] ম্ + চা= ঞ্ + চা= ঞ্চা। বানান:

স্ + অ + ঞ্ + চ্ + আ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র. : ঞ্ + চ্ + আ= ঞ্চা। 'র' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সঞ্চারী : সঞ্চরণশীল, অস্থায়ী। বিণ। তৎসম। সম্ + চারী [চর্ + ইন্ (ঈ)] ৬।১ [সন্ধি] ম্ + চা= ঞ্ + চা= ঞ্চা। বানান : স্ + অ + ঞ্ + চ্ + আ + র্ + ঈ। বি.দ্র. : ঞ্ + চ্ + আ= ঞ্চা, র্ + ঈ= রী। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

সঞ্চালক : সঞ্চালনকারী। বিণ। তৎসম। সম্ + চালক [চল্ + ণিচ্ + অক]। ৬।১ [সন্ধি] ম্ + চা= ঞ্ + চা= ঞ্চা। ২।২৫ বানান : স্ + অ + ঞ্ + চ্ + আ + ল্ + অ + ক্ + অ। বি.দ্র. : ঞ্ + চ্ + আ= ঞ্চা।

সঞ্চালন : চালনা। বি। তৎসম। সম্ + চালন [চল্ + ণিচ্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + চা= ঞ্ + চা= ঞ্চা। বানান : স্ + অ + ঞ্ + চ্ + আ + ল্ + অ + ন্ + অ। বি.দ্র. : ঞ্ + চ্ + আ= ঞ্চা।

সঞ্চালিত : চালিত। বিণ। তৎসম। সম্ + চালিত [চল্ + ণিচ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + চা= ঞ্ + চা= ঞ্চা। বানান : স্ + অ + ঞ্ + চ্ + আ + ল্ + ই + ত্ + অ। বি.দ্র. : ঞ্ + চ্ + আ= ঞ্চা।

সঞ্চিত : রাশীকৃত। বিণ। তৎসম। সম্ + চিত [চি (সংগ্রহ করা) + ত]। ৬।১ [সন্ধি] ম্ + চি= ঞ্ + চি= ঞ্চি। বানান : স্ + অ + ঞ্ + চ্ + ই + ত্ + অ। বি.দ্র. : ঞ্ + চ্ + ই= ঞ্চি।

সঞ্চিতা : কবিতাদির সংগ্রহ। বি। তৎসম। সঞ্চিত ['সঞ্চিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + অ + ঞ্ + চ্ + ই + ত্ + আ। বি.দ্র. : ঞ্ + চ্ + ই= ঞ্চি।

সঞ্চীয়মান : উপচীয়মান। বিণ। তৎসম। সম্ + চীয়মান [চি (সংগ্রহ করা) + মান [শানচ্]। ৬।১ [সন্ধি] ম্ + চী= ঞ্ + চী= ঞ্চী। ২।২৫ বানান : স্ + অ + ঞ্ + চ্ + ঈ + য়্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র. : ঞ্ + চ্ + ঈ= ঞ্চী।

সঞ্চেয় : সঞ্চয়যোগ্য। বিণ। তৎসম। সম্ + চেয় [চি (সংগ্রহ করা)] + য [যৎ)]। ৬।১ [সন্ধি] ম্ + চে = ঞ্ + চে= ঞ্চে। ২।২৫ বানান : স্ + অ + ঞ্ + চ্ + এ + য়্ + অ। বি.দ্র. : ঞ্ + চ্ + এ= ঞ্চে।

সঞ্জাত : উৎপন্ন। বিণ। তৎসম। সম্ + জাত [জন্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + জা= ঞ্ + জা= ঞ্জা। ২।২৫ বানান : স্ + অ + ঞ্ + জ্ + আ + ত্ + অ। বি.দ্র. : ঞ্ + জ্ + আ= ঞ্জা।

সঞ্জীবন : প্রাণধারণ, জীবন-সঞ্চার। বি। তৎসম। সম্ + জীবন [জীব্ (+ণিচ্) অন]। ৬।১ [ণিচ্-প্রত্যয় যোগে] জীবন বাঁচানো। [সন্ধি] ম্ + জী= ঞ্ + জী= ঞ্জী। ২।২৫ বানান : স্ + অ + ঞ্ + জ্ + ঈ + ব্ + অ + ন্ + অ। বি.দ্র. : ঞ্ + জ্ + ঈ= ঞ্জী।

সঞ্জীবনী : জীবনদায়িনী। বিণ। তৎসম। সম্ + জীবনী [জীব্ + ণিচ্ + অন + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ [সন্ধি] ম্ + জী= ঞ্ + জী= ঞ্জী। ২।২৫ বানান : স্ + অ + ঞ্ + জ্ + ঈ + ব্ + অ + ন্ + ঈ। বি.দ্র. : ঞ্ + জ্ + ঈ= ঞ্জী, ন্ + ঈ= নী।

সট : দ্রুত। বি। দেশী। বানান : স্ + অ + ট্। বি.দ্র. : শব্দান্তের 'ট' হসন্তবর্জিত। অনুরূপ শব্দ : ঝট।

সটকা : আলবোলার জল। বি। দেশী। বানান : স্ + অ + ট্ + ক্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ট' হসন্তবর্জিত।

সটকা : পালানো। ক্রি। বিদেশী। < হি. সটক। বাংলা বানান : স্ + অ + ট্ + ক্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ট' হসন্তবর্জিত।

সটকান, সটকানো : চম্পট, পলায়ন। বি। বিদেশী। < হি. সটক + বাং. আন, আনো। বাংলা বানান : স্ + অ + ট্ + ক্ + আ + ন্ + অ, ও। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ট' হসন্তবর্জিত।

সটান, সটাং : টানটান, সোজাসুজি। বিণ, ক্রি-বিণ। দেশী। স [=সহ] + টান [> টাং] < সং. তান [তন্ + অ]। ৬।১ বানান : স্ + অ + ট্ + আ + ন্ [ং]। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্তবর্জিত।

সটীক : টীকাযুক্ত। বিণ। তৎসম। স [=সহ] + টীকা [টীক্ + অ + আ]। ৬।১ টীকার সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ ['আ'-র লোপ। বানান : স্ + অ + ট্ + ঈ + ক্ + অ। বি.দ্র. : ট্ + ঈ= টী।

সঠিক : [অশুদ্ধ, শুদ্ধ : ঠিক]। বিণ। তদ্ভব। স [=সহ] + ঠিক [< সং. স্থিত]। বি.দ্র. : 'ঠিক' শব্দটির অর্থ : যথার্থ, প্রকৃত। তার পূর্বে 'স' [সহার্থক]-এর যোগ নিষ্প্রয়োজন। 'সঠিক' উত্তর নয়, 'ঠিক' উত্তর লেখা উচিত।

সডাক : ডাক মাসুলসহ। বিণ। তদ্ভব। স [=সহ] + ডাক [< হি. ডাক্]। ডাকমাসুল সহ। বানান : স্ + অ + ড্ + আ + ক্। বি.দ্র. : শব্দান্তের 'ক' হসন্তবর্জিত।

সড় : গুপ্ত, মন্ত্রণা, ষড়্যন্ত্র। বি। বিদেশী। < আ. সর < সলাহ্। বাংলা বানান : স্ + অ + ড়্। বি.দ্র. : শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

সড়ক : বড় রাস্তা। বি। তদ্ভব। < সং. সরক। বানান : স্ + অ + ড়্ + অ + ক্ + অ। বিদেশী। < আ. শরক্। বাংলা বানান : স্ + অ + ড়্ + অ + ক্। বি.দ্র. : শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত।

সড়কি : বল্লম। বি। দেশী। বানান : স্ + অ + ড়্ + ক্ + ই। বি.দ্র. : শব্দান্তের 'ড়' হসন্তবর্জিত।

সড়গড় : উত্তমরূপে আয়ত্ত। বিণ। দেশী। বানান : স্ + অ + ড়্ + অ + গ্ + অ + ড়্ + অ।

সড়সড় : সরীসৃপের দ্রুত গমনসূচক। অব্য। দেশী। বানান : স্ + অ + ড়্ + স্ + অ + ড়্। বি.দ্র. : শব্দমধ্যের ও শব্দান্তের 'ড়' হসন্তবর্জিত।

সড়াক্ : সর্পাদির দ্রুতগতির সূচক। অব্য। দেশী। বানান : স্ + অ + ড়্ + আ + ক্। বি.দ্র. : শব্দান্তের 'ক্'-এর উচ্চারণ তীব্রভাবে হসন্ত। তাই 'ক্' হসন্তযুক্ত।

সতত : সর্বদা। ক্রি-বিণ। তৎসম। সম্ + তন্ + ত। ৬।১ ['ম্' ও 'ন্' লুপ্ত] বানান : স্ + অ + ত্ + অ + ত্ + অ ।

সতরঞ্চ, সতরঞ্জ : দাবাখেলা। বি। বিদেশী। < আ. শত্‌রঞ্জ্ [< সং. চতুরঙ্গ]। বাংলা বানান : স্ + অ + ত্ + অ + র্ + অ + ঞ্ + চ্ [জ্]। শব্দান্তের 'চ' বা 'জ' হসন্তবর্জিত।

সতরঞ্চি, সতরঞ্জি : বি। বিদেশী। পেতে বসার জন্য বা বিছানার নীচে পাতবার জন্য রং-বেরঙের মোটা সুতোয় বোনা আস্তরণ। < আ. শত্‌রঞ্জ্। বাংলা বানান : স্ [শ্] + অ + ত্ + র্ + অ + ঞ্ + চ্ [জ্] + ই। বি.দ্র. : ঞ্ + চ [জ্] + ই= ঞ্চি, ঞ্জি। শব্দ-মধ্যের 'ত' হসন্তবর্জিত।

সতর্ক : সাবধান। বিণ। তৎসম। স [=সহ] + তর্ক [তর্ক্ + অ]। ৬।১ তর্কের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ত্ + অ + র্ + ক্ + অ। বি.দ্র. : র্ + ক্ + অ= র্ক।

সতর্কতা : সাবধানতা। বি। তৎসম। সতর্ক ['সতর্ক' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : স্ + অ + ত্ + অ + র্ + ক্ + অ + ত্ + আ। বি.দ্র. : র্ + ক্ + অ= র্ক।

সতর্কীকরণ : সাবধান করে দেওয়া। বি। তৎসম।

সতর্ক [স (=সহ) + তর্ক্ + অ] + ঈ [অভূততদ্ভাবে] + করণ [কৃ + অন]। ৬।১ বানান: স্ + অ + ত্ + অ + র্ + ক্ + ঈ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: র্ + ক্ + ঈ= র্কী। করণের 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

সতা: সতিন। বি। তদ্ভব। < সং. সপত্নী। বানান: স্ + অ + ত্ + আ।

সতাই: বিমাতা। বি। তদ্ভব। সতিন-মা। বানান: স্ + অ + ত্ + আ + ই।

সতাত, সতাতো: বৈমাত্রেয়। বিণ। তদ্ভব। সতিন-মা + তাত। বানান: স্ + অ + ত্ + আ + ত্ + অ, ও।

সতিন: পতির অপর পত্নী। বি। তদ্ভব। < সং. সপত্নী। বানান: স্ + অ + ত্ + ই + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্তবর্জিত।

সতিনকাঁটা: সতিনরূপ বিঘ্ন। বি। তদ্ভব। < সং. সপত্নীকণ্টক। সতিন-রূপ কাঁটা= রূপক-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ত্ + ই + ন্ + কঁ + আ + ট্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ন' হসন্তবর্জিত।

সতিন-ঝি: সতীনের মেয়ে। বি। তদ্ভব। < সং. সপত্নী-দুহিতা। সতিনের ঝি [দুহিতা]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ত্ + ই + ন্ + ঝ্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ন' হসন্তবর্জিত।

সতিন-পো: সতীনের ছেলে। বি। তদ্ভব। < সং. সতীন-পুত্র। সতিনের পো [পুত্র]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ত্ + ই + ন্ + প্ + ও। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ন' হসন্তবর্জিত।

সতী: দক্ষকন্যা ও শিবপত্নী, পতিব্রতা নারী, সহমৃতা নারী। বি। তৎসম। সৎ + ঈ। ৬।১ বানান: স্ + অ + ত্ + ঈ।

সতীত্বনাশ: পরপুরুষ-সঙ্গমে পাতিব্রত্য লোপ। বি। তৎসম। সতীত্ব [সতী + ত্ব] + নাশ [নশ্ + অ]। ৬।১ সতীত্বের নাশ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + + ত্ + ঈ + ত্ + ব্ + অ + ন্ + আ + শ্ + অ। বি.দ্র: ত্ + ব্ + অ = ত্ব।

সতীগিরি: সতীত্বের অতি অহংকার। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. সতী [সৎ + ঈ] + ফা. গিরি। ৬।৪ বানান: স্ + অ + ত্ + ঈ + গ্ + ই + র্ + ই।

সতীদাহ: সহমরণ। বি। তৎসম। সতী [সৎ + ঈ] + দাহ [দহ্ + অ]। ৬।১ সতীর দাহ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ত্ + ঈ + দ্ + আ + হ্ + অ।

সতীন, সতিন: সপত্নী। বি। তদ্ভব। <সং. সপত্নী। বানান: স্ + অ + ত্ + ঈ, ই + ন্। বি.দ্র: ত্ + ঈ = তী, ত্ + ই = তি। শব্দান্তের 'ন' হসন্তবর্জিত।

সতীন্দ্র: শিব। বি। তৎসম। সতী [সৎ + ঈ] + ইন্দ্র [ইন্দ্ + র]। ৬।১ [সন্ধি] ঈ + ই = ঈ [তী]। ২।১।গ. সতীর ইন্দ্র [পতি] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ত্ + ঈ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র: ত্ + ঈ = তী, ন্ + দ্ + র্ + অ = ন্দ্র।

সতীপতি: শিব। বি। তৎসম। সতী [সৎ + ঈ] + পতি [পা + অতি]]। ৬।১ সতীর পতি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ত্ + ঈ + প্ + অ + ত্ + ই।

সতীপনা: সতীত্বের অতি অহংকার। বি। মিশ্র [তৎসম + বাং. পনা]। সতী [সৎ + ঈ] + পনা। ৬।৩ বানান: স্ + অ + ত্ + ঈ + প্ + অ + ন্ + আ।

সতীলক্ষ্মী: অত্যন্ত সুলক্ষণা সাধ্বী নারী। বি। তৎসম। সতী [সৎ + ঈ] + লক্ষ্মী [লক্ষ্ [+ ম্—আগম] + ঈ। যিনি সতী তিনি লক্ষ্মী = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ত্ + ঈ +

ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ। বি.দ্র: ক্ + ষ্ + ম্ + ঈ = ক্ষ্মী।

সতীসাধ্বী: অত্যন্ত সাধ্বী স্ত্রী। বি। তৎসম। সতী [সৎ + ঈ] + সাধ্বী [সাধু + ঈ (স্ত্রী)]। ৭।১।গ যিনি সতী, তিনিই সাধ্বী = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ত্ + ঈ + স্ + আ + ধ্ + ব্ + ঈ। বি.দ্র: ধ্ + ব্ + ঈ = ধ্বী।

সতীশ: শিব। বি। তৎসম। সতী [সৎ + ঈ] + ঈশ [ঈশ্ + অ]। ৬।২ [সন্ধি] ঈ + ঈ = ঈ [তী]। ২।২।খ সতীর ঈশ [পতি] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ত্ + ঈ + শ্ + অ। বি.দ্র: ত্ + ঈ = তী।

সতীসাবিত্রী: সাবিত্রীর মতো সাধ্বী। বি। তৎসম। সতী [সৎ + ঈ] + সাবিত্রী [সবিতৃ + অ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ, ৭।১।ছ সাবিত্রীর মতো সতী = উপমান-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ত্ + ঈ + স্ + আ + ব্ + ই + ত্ + র্ + ঈ। বি.দ্র: ত্ + ঈ = তী, ত্ + র্ + ঈ = ত্রী।

সতীর্থ, সতীর্থ্য: সহপাঠী। বি। তৎসম। স [=সমান] + তীর্থ [তৃ + থ] সতীর্থ + অ,য [ষ্ণ্য]। ৬।১, ৬।২ সমান [একই] তীর্থ [গুরু] যার = বহুব্রী। বানান: স্ + অ + ত্ + ঈ + র্ + থ্ + অ, য্ + অ = সতীর্থ, সতীর্থ্য। বি.দ্র: র্ + থ্ + অ = র্থ, র্ + থ্ + য্ + অ = র্থ্য।

সতুষ: তুষযুক্ত। বিণ। তৎসম। স [সহ] + তুষ [তুষ্ + অ]। ৬।১ তুষের সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ত্ + উ + ষ্ + অ। বি.দ্র: 'উ'-র পর 'ষ' হয়েছে।

সতৃষ্ণ: পিপাসিত [সং. সহ + তৃষ্ণা]। বিণ। তৎসম। স [=সহ] + তৃষ্ণা [তৃষ্ + ন + আ]। ৬।১ তৃষ্ণার সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী ['আ' লুপ্ত]। ৩।৫ বানান: স্ + অ + ত্ + ঋ + ষ্ + ণ্ + আ। বি.দ্র: ঋ-র পর 'ষ' হয়েছে। এবং ষ্-এর পর 'ন্' 'ণ' হয়েছে।৪।২।খ

সতেজ: তেজস্বী। বিন। তদ্ভব। স[=সহ] + তিজ্ [তদ্ভব]। তেজের সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ত্ + এ + জ্ + অ।

সতের, সতেরো: ১৭ সংখ্যা বা সংখ্যক। বি,বিণ। তদ্ভব।<সং.সপ্তদশ।বানান: স্+অ + ত্ + এ + র্ + অ, স্ + অ + ত্ + এ + র্ + ও। বি.দ্র: র্ + ও = রো।

সতেরই, তেরোই: মাসের সতেরো তারিখ। বি, বিণ। তদ্ভব। <সং. সপ্তদশ। বানান: স্ + অ + ত্ + এ + র্ + অ + ই, স্ + অ + ত্ + এ + র্ + ও + ই। বি.দ্র: র্ + ও = রো।

সৎ: সাধু, সতিন সম্পর্কিত। বিণ। তৎসম। সং. অস্ + অৎ [শতৃ]। প্রারম্ভিক 'অ'-এর লোপ।

সৎকর্ম: লোকহিতকর কাজ। বি। তৎসম। সৎ. [সং (অ)স্ = অৎ [শতৃ] কর্ম [কৃ + মন্]। ৬।১ সৎ যে কর্ম = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ৎ + ক্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র: র্ + ম্ + অ = র্ম।

সৎকার্য: লোকহিতকর কাজ। বি। তৎসম। সৎ. সৎ [(অ)স্ + অৎ (শতৃ)]+ কার্য [কৃ + য (যৎ)]। ৬।১ সৎ যে কার্য = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ৎ + ক্ + আ + র্ + য্ + অ। বি.দ্র: র্ + য্ + অ = র্য।

সৎকার: অন্ত্যেষ্টিক্রিয়া। বি। তৎসম। সং. সৎ [অস্ + অৎ] + কার [কৃ + অ]। ৬।১ সৎ যে কার [কার্য] = কর্মধা। ৩।২ অন্তিম সংস্কার। বানান: স্ + অ + ৎ + ক্ + আ + র্ + অ।

সৎকৃত: যার সৎকার করা হয়েছে। বিণ। তৎসম। সৎ [অস্ + অৎ] + [কৃ + ত]। ৬।১ সৎ কৃত = কর্মধা। ৩।২ বানান: স্+অ+ৎ+ক্+ঋ+ত্+অ। বি.দ্র: ক্+ঋ= কৃ।

সংকৃতি : অন্ত্যেষ্টিক্রিয়া। বি। তৎসম। সং (অ)স্ + অৎ (শতৃ)] + কৃতি [কৃ + তি]। সৎ যে কৃতি [কাজ] = কর্মধা। ৩।২, বানান: স্ + অ + ৎ + ক্ + ঋ + ত্ + ই। বি.দ্র: ক্ + ঋ = কৃ।

সৎক্রিয়া : অন্ত্যেষ্টিক্রিয়া। বি। তৎসম। সৎ [(অস্) + অৎ [শতৃ] + ক্রিয়া [কৃ + অ + আ]। ৬।১ সৎ যে ক্রিয়া = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ৎ + ক্ + র্ + ই + য্ + আ। বি.দ্র: ক্ + র্ + ই = ক্রি।

সৎছেলে : সতীনের ছেলে। বি। তদ্ভব। সৎ [<সং. সপত্নী] + ছেলে [<সং. শাবক]। সৎ-এর ছেলে = সম্বন্ধতৎ। ৩।৩

সৎবোন : সৎ-মায়ের মেয়ে। বি। তদ্ভব। অৎ [<সপত্নী-সম্পর্কিত] বোন [ভগিনী]। সৎ-মা সম্পর্কিত বোন = কর্মধা। ৩।২

সৎভাই : সৎ-মায়ের ছেলে। বি। তদ্ভব। সৎ [সৎমা সম্পর্কিত] ভাই [<ভ্রাতৃ] = কর্মধা। ৩।২

সৎমা : বিমাতা। বি। তদ্ভব। সৎ [<সং. সপত্নী] + মা [<মাতা]। সৎ যে মা = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ৎ + ম্ + আ।

সৎমেয়ে : সতীনের মেয়ে। বি। তদ্ভব। সৎ [<সং. সপত্নী] + মেয়ে [<মাইয়া <সং. মাতৃকা]। সৎ [সপত্নী-সম্পর্কিত] যে মেয়ে = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ৎ + ম্ + এ + য্ + এ।

সৎশাশুড়ী : শাশুড়ীর সতিন। বি। তদ্ভব। সৎ [<সং. সপত্নী] + শাশুড়ী [<সং.শ্বশ্রূ] + সৎ [সপত্নী-সম্পর্কিত] যে শাশুড়ী = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ৎ + শ্ + আ + শ্ + উ + ড়্ +ঈ।

সত্তম : সর্বোৎকৃষ্ট। বিণ। তৎসম। সৎ [সং. (অস্ + অৎ (শতৃ)] + তম। ৬।২ [সন্ধি] সৎ+তম [ৎ+ত = ত্ত]। সবশ্রেষ্ঠ সৎ। বানান: স্ + অ + ত্ + ত্ + অ + ম্ + অ। বি.দ্র: ত্ + ত্ + অ= ত্ত।

সত্তর : ৭০ সংখ্যা বা সংখ্যক। বি। বিণ। তদ্ভব। <সং. সপ্ততি। বানান: স্ + অ + ত্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র: ত্ + ত্ + অ = ত্ত।

সত্তা : অস্তিত্ব। তৎসম। সৎ [(অ) স্ + অৎ (শতৃ)] + তা। ৬।১, ৬।২ বানান: স্ + অ + ত্ + ত্ + আ। বি.দ্র: ত্ + ত্ + আ = ত্তা।

সত্ত্ব : সত্তা। বি। তৎসম। সৎ [(অ)স্ + অৎ (শতৃ) + ত্ব। ৬।১,৬।২. বানান: স্ + অ + ত্ + ত্ + ব্ + অ। বি.দ্র: ত্ + ত্ + ব্ + অ = ত্ত্ব

সত্ত্বেও : কোন-কিছু ঘটলেও। অব্য। তদ্ভব। সত্ত্ব [সৎ + ত্ব] + বাং. এও। বানান: স্ + অ + ত্ + ত্ + ব্ + এ + ও। বি.দ্র.: ত্ + ত্ + ব্ + এ = ত্ত্বে।

সত্য : প্রকৃত, প্রতিজ্ঞা। বি; বিণ। তৎসম। সৎ [(অ) স্ + অৎ (শতৃ)] + য [যৎ]। ৬।১ বানান: স্ + অ + ত্ + য্ + অ। বি.দ্র: ত্ + য্ + অ = ত্য।

সত্যকার, সত্যকারের : যথার্থ। বিণ। তদ্ভব। সত্য ['সত্য' দ্রষ্টব্য] + কার, কারের <সং. সত্যকার। শপথকবা যথার্থতা।

সত্যতা : যথার্থতা। বি। তৎসম। সত্য ['সত্য' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + ত্ + য্ + অ + ত্ + আ। বি.দ্র: ত্ + য্ + অ = ত্য।

সত্যনারায়ণ : সত্যপীর। বি। তৎসম। সত্য ['সত্য' দ্রষ্টব্য] + নারায়ণ [নার (জল) অয়ন (অয় + অন = আশ্রয়)। ৬।১ নার (জল) অয়ন (আশ্রয়) যাঁর = বহুব্রী। ৩।৫ যিনি সত্য, তিনিই নারায়ণ = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ত্ + য্ + অ + ন্ + আ + র্ + আ + য়্ + অ + ণ্ + অ। বি.দ্র: ত্ + য্ + অ = ত্য। 'র' ও 'ন' এর মধ্যে আ, 'য়' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সত্যনিষ্ঠ: সত্যানুরাগী। বিণ। তৎসম। সত্য ['সত্য' দ্রষ্টব্য] + নিষ্ঠ [নি + স্থা + অ] ৬।১ সত্যে নিষ্ঠা যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ত্ + য্ + অ + ন্ + ই + ষ্ + ঠ্ + অ। বি.দ্র: ত্ + য্ + অ = ত্য, ষ্ + ঠ্ + অ = ষ্ঠ, ই-র পর এবং ঠ-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

সত্যপথ: প্রকৃত পথ। বি। তৎসম। সত্য ['সত্য' দ্রষ্টব্য] + পথ [পথ্ + অ]। ৬।১ সত্য-বিরাজিত বা নির্দিষ্ট পথ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ত্ + য্ + অ + প্ + অ + থ্ + অ। বি.দ্র: ত্ + য্ + অ = ত্য।

সত্যপরায়ণ: সত্যানুরাগী। বিণ। তৎসম। সত্য ['সত্য' দ্রষ্টব্য] + পরায়ণ [পর + অয়ন (অয্ + অন)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [বা]। ২।১।ক সত্য পরায়ণ [একমাত্র আশ্রয়] যাব = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ত্ + য্ + অ + প্ + অ + ব্ + আ + য্ + ণ্ + অ। বি.দ্র: 'র' ও 'ন' এর মধ্যে 'আ' ও 'য়' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ।

সত্যপীর: মুসলমান পীররূপী নারায়ণ। মিশ্র। তৎসম + বিদেশী। সং. সত্য + ফা. পীব। বানান: স্ + অ + ত্ + য্ + অ + প্ + ঈ + র্। বি.দ্র: শব্দান্তের 'র' হসন্তবর্জিত।

সত্যপ্রতিজ্ঞ: দৃঢ়প্রতিজ্ঞ। বিণ। তৎসম। সত্য ['সত্য'দ্রষ্টব্য] + প্রতিজ্ঞা [প্রতি + জ্ঞা + অ]। ৬।১ সত্যই প্রতিজ্ঞা যাব = বহুব্রী ['আ' লুপ্ত]। ৩।৫ বানান: স্ + অ + ত্ + য্ + অ + প্ + র্ + অ + ত্ + ই + জ্ + ঞ + অ। বি.দ্র: ত্ + য্ + অ = ত্য, প্ + র্ + অ = প্র, জ্ + ঞ + অ = জ্ঞ

সত্যপ্রিয়: সত্যনিষ্ঠ। বিণ। তৎসম। সত্য ['সত্য' দ্রষ্টব্য] + প্রিয় [প্রী + অ]। ৬।১ সত্য প্রিয় যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ত্ + য্ + অ + প্ + র্ + ই + য় + অ। বি.দ্র: ত্ + য্ + অ = ত্য, প্ + র্ + ই = প্রি।

সত্যবাদিতা: সত্যপ্রিয়তা, সত্যকথন। বি। তৎসম। সত্য [সত্য দ্রষ্টব্য] + বাদিতা [বাদ (বদ্ + অ) + ইত + আ। ৬।১ বানান: স্ + অ + ত্ + য্ + অ + ব্ + আ + দ্ + ই + ত্ + আ।

সত্যবাদিনী: সত্যভাষিণী। বিণ। তৎসম। সত্য ['সত্য' দ্রষ্টব্য] + বাদিনী [বাদ (বদ্ + অ) + ইন্ + ঈ (স্ত্রী) = উপপদতৎ। বানান: স্ + অ + ত্ + য্ + অ + ব্ + আ + দ্ + ই + ন্ + ঈ। বি.দ্র: শব্দটি ইন্ + ঈ = 'ইনী' প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

সত্যবাদী: সত্যভাষী। বিণ। তৎসম। সত্য ['সত্য' দ্রষ্টব্য] + বাদী [(বদ্ + অ)] + ইন্ (ঈ)]। ৬।১ বানান: স্ + অ + ত্ + য্ + অ + ব্ + আ + দ্ + ঈ। বি.দ্র: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সত্যবান: সত্যনিষ্ঠ, সাবিত্রীর স্বামী। বিণ। বি। তৎসম। সত্য ['সত্য' দ্রষ্টব্য] + বান [বতুপ্]। ৬।২ বানান: স্ + অ + ত্ + য্ + অ + ব্ + আ+ ন্। বি.দ্র: শব্দান্তের 'ন' হসন্তবর্জিত—আধুনিক বাংলায়]।

সত্যব্রত: যার কাছে সত্যপালন ব্রততুল্য। বিণ। তৎসম। সত্য ['সত্য' দ্রষ্টব্য] + ব্রত [বৃ + অত]। ৬।১ সত্য ব্রত যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ত্ + য্ + ব্ + র্ + অ + ত্ + অ। বি.দ্র: ত্ + য্ + অ = ত্য, ব্ + র্ + অ = ব্র।

সত্যভঙ্গ: বি। তৎসম। সত্য ['সত্য'দ্রষ্টব্য] + ভঙ্গ [ভন্জ্ + অ]। ৬।১ সত্যের ভঙ্গ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ত্ + য্ + অ + ভ্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র: ত্ + য্ + অ = ত্য, ঙ্ + গ্ + অ = ঙ্গ।

সত্যরক্ষা: প্রতিজ্ঞা পালন। বি। তৎসম। সত্য ['সত্য' দ্রষ্টব্য] + রক্ষা [রক্ষ্ + অ + আ]। ৬।১ সত্যের রক্ষা=সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ +অ+ ত্+ য্+অ + র্ + অ + ক্ + ষ্ + আ। বি.দ্র: ত্ + য্ + অ = ত্য, ক্ + ষ্ + আ = ক্ষা।

সত্যসন্ধ: প্রতিজ্ঞা-পালনে দৃঢ়সংকল্প। বিণ। তৎসম। সত্য ['সত্য' দ্রষ্টব্য] = সন্ধ [সম্ + ধা + অ]। ৬।১ সত্যের সন্ধান করে যে = উপপদতৎ। ৩।৩ স্ + অ + ত্ + য্ + অ + স্ + অ + ন্ + ধ্ + অ। বি.দ্র: ত্ + য্ + অ = ত্য, ন্ + ধ্ + অ = ন্ধ।

সত্যাগ্রহ: ন্যায়সঙ্গত অধিকার প্রতিষ্ঠার জন্য দুঃখ-কষ্ট-স্বীকার। বি। তৎসম। সত্য ['সত্য' দ্রষ্টব্য] + আগ্রহ [আ + গ্রহ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [ত্যা]। ২।১।খ সত্যে আগ্রহ = অধিকরণতৎ। ৩।৩ বানান: স্ + অ + ত্ + য্ + আ + গ্ + র্ + অ + হ্ + অ। বি.দ্র: ত্ + য্ + আ = ত্যা, গ্ + র্ + অ = গ্র।

সত্যাগ্রহী: সত্যাগ্রহপালনকারী। বিণ। তৎসম। সত্যাগ্রহ ['সত্যাগ্রহ' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।২ সত্যে আগ্রহ আছে যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ত্ + য্ + আ + গ্ + র্ + অ + হ্ + ঈ। বি.দ্র: ত্ + য্ + আ = ত্যা, গ্ + র্ + অ = গ্র, হ + ঈ = হী, শব্দটি 'ইন্'-[ঈ] প্রত্যয়ান্ত,তাই 'ঈ'-কারান্ত।

সত্যানুসন্ধান: প্রকৃত তথ্য জানবার জন্য অনুসন্ধান বা গবেষণা। বি। তৎসম। সত্য ['সত্য' দ্রষ্টব্য] + অনুসন্ধান [অনু + সম্ + ধা + অন]। ৬।২ সত্যের অনুসন্ধান = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ত্ + য্ + আ + ন্ + উ + স্ + অ + ন্ + ধ্ + আ + ন্ + অ। বি.দ্র: ত্ + য্ + আ = ত্যা, ন্ + ধ্ + আ = ন্ধা।

সত্যাসত্য: সত্য ও মিথ্যা। বি। তৎসম। সত্য ['সত্য' দ্রষ্টব্য] + অসত্য [ন্ + সত্য]। [সন্ধি] অ + অ = আ [ত্যা]। ২।১।ক সত্য ও অসত্য [মিথ্যা] = দ্বন্দ্ব। ৩।৪ বানান: স্ + অ + ত্ + য্ + আ + স্ + অ + ত্ + য্ + অ। বি.দ্র: ত্ + য্ + আ = ত্যা।

সত্যি: 'সত্য'-র কথ্য রূপ। বি, বিণ। অর্ধ-তৎ। সত্যি <সং. সত্য। বানান: স্ + অ + ত্ + য্ + ই। বি.দ্র: ত্ + য্ + ই = ত্যি।

সত্র: ছত্র। বি। তৎসম। সদ্ + ত্র। ৬।১ বানান: স্ + অ + ত্ + র্ + অ। বি.দ্র: ত্ + র্ + অ = ত্র।

সত্রাস: সভয়। বিণ। তৎসম। স [=সহ] + ত্রাস [ত্রস্ + অ]। ৬।১ ত্রাসের সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ত্ + র্ + আ + স্ + অ। বি.দ্র: ত্ + র্ + আ = ত্রা।

সত্রাসে: ভয়ের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সত্রাস ['সত্রাস' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]। বানান: স্ + অ + ত্ +র্ +আ + স্ + এ। বি.দ্র: ত্ + র্ + আ = ত্রা।

সত্বর: ত্বরাযুক্ত। ক্রি-বিণ। তৎসম। স [=সহ] + ত্বরা [ত্বর্ + আ]। ৬।১ ত্বরার সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ত্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র: ত্ + ব্ + অ = ত্ব।

সদ্গতি: মুক্তি। বি। তৎসম। সৎ + গতি [গম্ + তি]। ৬।১ সৎ যে গতি = কর্মধা ৩।২ বানান: স্ + অ + দ্ + গ্ + অ + ত্ + ই।

সদগোপ: বাঙালী জাতির এক নিম্ন সম্প্রদায়। বি। তদ্ভব। সৎ + গোপ [গো + পা [রক্ষা করা] + অ]। ৬।১ গো [গোরু]-কে পালন বা রক্ষা করে যে = উপপদতৎ। ৩।২ সৎ যে গোপ = কর্মধা। বানান: স্ + অ + দ্ + গ্ + ও + প্ + অ।

সদন : আলয়, নিকট। বি। তৎসম। সদ্ + অন্। ৬।১ বানান : স্ + অ + দ্ + অ + ন্ + অ।

সদনুষ্ঠান : সৎকার্য। বি। তৎসম। সৎ [(অ)স্ + অৎ (শতৃ)] + অনুষ্ঠান [অনু + স্থা + অন]। ৬।১ [সন্ধি] ৎ + অ = দ। ২।১৫ সৎ যে অনুষ্ঠান = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + দ্ + অ + ন্ + উ + ষ্ + ঠ্ + আ + ন্ + অ। বি.দ্র : ষ্ + ঠ্ + আ = ষ্ঠা। 'উ'-র পরে এবং 'ঠ'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ঙ

সদভিপ্রায় : সাধু সংকল্প। বি। তৎসম। সৎ + অভিপ্রায় [অভি + প্র + অয় (ই + অ)]। ৬।১ [সন্ধি] ৎ + অ = দ। ২।১৫ অ + অ = আ [প্রা]। ৩।২ বানান : স্ + অ + দ্ + অ + ভ্ + ই + প্ +র্ + আ + য্ + অ। বি.দ্র : প্ + র্ + আ = প্রা।

সদম্ভ : দাম্ভিক। তৎসম। স [=সহ] + দম্ভ [দম্ভ্ + অ]৬।১ দম্ভের সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + দ্ + অ + ম্ + ভ্ + অ। বি.দ্র : ম্ + ভ্ + অ = ম্ভ।

সদম্ভে : দম্ভভরে। ক্রি-বিণ। তৎসম। সদম্ভ ['সদম্ভ' দ্রষ্টব্য] + এ [অধিকরণ]। বানান : স্ + অ + দ্ + অ + ম্ + ভ্ + এ। বি.দ্র : ম্ + ভ্ + এ = ম্ভে।

সদয় : দয়াবান। বিণ। তৎসম। স [=সহ] + দয়া [দয়্ + আ]। ৬।১ দয়ার সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + দ্ + অ + য্ + অ।

সদ্যুক্তি : উত্তম যুক্তি। বি। তৎসম। সৎ ['সৎ' দ্রষ্টব্য] + যুক্তি [যুজ্ + তি]। ৬।১ [সন্ধি] ৎ + যু = দ্যু। ২।১৫ সৎ যে যুক্তি [পরামর্শ] = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + দ্ + য্ + উ + ক্ + ত্ + ই। বি.দ্র : ক্ + ত্ + ই = ক্তি।

সদর : জেলার প্রধান শহর, বহির্বাটী, বাইরের পিঠ। বি। বিদেশী। <আ. সদর। বাংলা বানান : স্ + অ + দ্ + অ + র্। বি.দ্র : শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

সদর্থক : অস্তিত্ববাচক। বিণ। তৎসম। সৎ + অর্থ [অর্থ্ + অ] + ক। ৬।১ [সন্ধি] ৎ + অ = দ। ২।১৫ সৎ অর্থ যার = বহুব্রী ৩।৫ + ক [স্বার্থিক]। বানান : স্ + অ + দ্ + অ + র্ + থ্ + অ + ক্ + অ।

সদর্প : দর্পযুক্ত, বিণ। তৎসম। স [=সহ] + দপ [দৃপ্ + অ]। ৬।১ দর্পের সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + দ্ + অ + র্ + প্ + অ। বি.দ্র : র্ + প্ + অ = র্প।

সদর্পে : দর্পের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সদর্প ['সদর্প' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণে]। বানান : স্ + অ + দ্ + অ + র্ + প্ + এ।

সদলে : দলবলের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। স [=সহ] + দল [দল্ + অ]। ৬।১ দলের সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ + এ [অধিকরণ]। বানান : স্ + অ + দ্ + অ + ল্ + এ।

সদসৎ : ন্যায় ও অন্যায়। বি। তৎসম। সৎ ['সৎ' দ্রষ্টব্য] + অসৎ [ন + সৎ]। [সন্ধি] ৎ + অ = দ। ২।১৫ সৎ ও অসৎ = দ্বন্দ্ব। ৩।৪ বানান : স্ + অ + দ্ + অ + স্ + অ + ৎ।

সদস্য : প্রতিষ্ঠান প্রভৃতির সভ্য। বি। তৎসম। সদস্ + য [ক্ষ]। ৬।১ বানান : স্ + অ + দ্ + অ + স্ + য্ + অ। বি.দ্র : স্ + য্ + অ = স্য।

সদা : সর্বদা। অব্য। তৎসম। স [<সর্ব] + দা। বানান : স্ + অ + দ্ + আ।

সদাগর : সওদাগর। বি। বিদেশী। <ফা. সওদাগর্। বাংলা বানান : স্ + অ + দ্ + আ + গ্ + অ + র্। শব্দান্তের 'র' হসন্তবর্জিত।

সদাচার : সৎ আচরণ। বি। তৎসম। সৎ ['সৎ' দ্রষ্টব্য] + আচার [আ + চর্ + অ]। ৬।১ [সন্ধি] ৎ + অ = দা। ২।১৫ সৎ যে আচার [আচরণ] = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + দ্ + আ + চ্ + আ + র্ + অ।

সদাচারী : সদাচার-সম্পন্ন। বিণ। তৎসম। সৎ + আচারি [আ + চর্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] ৎ + অ = দা। ২।১৫ সৎ আচরণ করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ + দ্ + আ + চ্ + আ + র্ + ঈ। বি.দ্র : র্ + ঈ = রী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সদানন্দ : চির-আনন্দময়। বিণ। তৎসম। সদা [সর্ব + দা] + আনন্দ [আ + নন্দ্ + অ]। ৬।১ [সন্ধি] আ + আ = আ [দা]। ২।১।ঘ সদা [সর্বদা] আনন্দ যার = বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + দ্ + আ + ন্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + অ = ন্দ।

সদানন্দময় : চির-আনন্দপূর্ণ। বিণ। তৎসম। সদা [স (র্ব) দা] + আনন্দ [আ + নন্দ্ + অ] + ময় [ময়ট্]। ৬।১, ৬।২ [সন্ধি] আ + আ = আ [দা]। ২।১।ঘ সদা আনন্দময় = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + দ্ + আ + ন্ + অ + ন্ + দ্ + অ + ম্ + অ + য্ + অ। বি.দ্র : ন্ + দ্ + অ = ন্দ।

সদাব্রত : অন্নসত্র। বি। তৎসম। সদা [স (র্ব) দা] + ব্রত [বৃ + অত]। ৬।১ সদা যে ব্রত [অন্নদান] = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + দ্ + আ + ব্ + র্ + অ + ত্ + অ। বি.দ্র : ব্ + র্ + অ = ব্র।

সদালাপ : প্রীতিকর কথোপকথন। বি। তৎসম। সৎ + আলাপ [আ + লপ্ + অ। ৬।১ [সন্ধি] ৎ + আ = দা। ২।১৫ সৎ যে আলাপ = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + দ্ + আ + ল্ + আ + প্ + অ।

সদালাপী : প্রীতিকর আলাপকারী। বি। তৎসম। সৎ + আলাপী [আ + লপ্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি]ৎ + আ = দা। ২।১৫ সৎ আলাপ করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ + দ্ + আ + ল্ + আ + প্ + ঈ। বি.দ্র : প্ + ঈ = পী, শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সদাশয় : সহৃদয়। বিণ। তৎসম। সৎ [(অ)স্ + অৎ (শতৃ)] + আশয় [অ + শী + অ]। ৬।১ [সন্ধি] ৎ + আ = দা ২।১৫ সৎ আশয় [অভিপ্রায়] যার = বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + দ্ + আ + শ্ + অ + য্ + অ।

সদাশয়তা : চারিত্রিক উদারতা। বি। তৎসম। সদাশয় ['সদাশয়' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : স্ + অ + দ্ + আ + শ্ + অ + য্ + অ + ত্ + আ।

সদাশয়া : সহৃদয়া। বিণ। তৎসম। সদাশয় ['সদাশয়' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।২।ক বানান : স্ + অ + দ্ + আ +শ্ + অ + য্ + আ।

সদাশিব : চিরকল্যাণময়। বিণ। তৎসম। সদা [স (র্ব) দা] + শিব [শিব + অ]। ৬।২ সদা শিব [মঙ্গলকারী] = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + দ্ + আ + শ্ + ই + ব্ + অ।

সদাশ্রুত : যা প্রায়ই শোনা যায়। বিণ। তৎসম। সদা [স (র্ব) + দা] + শ্রুত [শ্রু] (শোনা) + ত]। সদা শ্রুত = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + দ্ + আ + শ্ + র্ + উ + ত্ + অ। বি.দ্র : শ্ + র্ + উ = শ্রু।

সদিচ্ছা : শুভ কামনা। বি। তৎসম। সৎ [(অ) স্ + অৎ (শতৃ)] + ইচ্ছা [ইষ্ ('ইচ্ছা' আদেশ) + অ + আ]। ৬।১ [সন্ধি] ৎ + ই = দ্ + ই =দি। ২।১৫ সৎ যে ইচ্ছা = কর্মধা।৩।২ বানান : স্ + অ + দ্ + ই + চ্ + ছ্ +আ। বি.দ্র : দ্ + ই = দি, চ্ + ছ্ + আ = চ্ছা।

সদুত্তর : প্রশ্নের যথাযথ উত্তর। বি। তৎসম। সৎ [(অ) স্ + অৎ (শতৃ)] + উত্তর [উৎ + তর [(তৃ + অ)]। ৬।১ [সন্ধি] ৎ + উ = দ্ + উ = দু। ২।১৫ সৎ যে উত্তর = কর্মধা। ৩।১ বানান: স্ + অ + দ্ + উ + ত্ + ত্ +অ + র্ + অ। বি.দ্র: দ্ + উ = দু, ত্ + ত্ + অ = ত্ত।

সদুদ্দেশ্য সৎ অভিপ্রায়। বি। তৎসম। সৎ [(অ) স্ + অৎ (শতৃ) + উদ্দেশ্য [উৎ + দেশ্য[দিশ্ + য (যৎ)]। ৬।১ [সন্ধি] ৎ + উ = দ্ + উ = দু, ২।১৫ সৎ যে উদ্দেশ্য = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + দ্ + উ + দ্ + দ্ + এ + শ্ + য্ + অ। বি.দ্র: দ্ + উ = দু, দ্ + দ্ + এ = দ্দে, শ্ + য্ + অ = শ্য।

সদুপায় : সাধু উপায়। বি। তৎসম। সৎ [(অ) স্ + অৎ (শতৃ)] + উপায় [উপ + আয় [ই + অ]। ৬।১ [সন্ধি] ৎ + উ = দ্ + উ = দু। ২।১৫ সৎ যে উপায়= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + দ্ + উ + প্ + আ + য্ + অ। বি.দ্র: দ্ + উ = দু।

সদৃশ : তুল্য। বিণ। তৎসম। স [=সমান] + দৃশ্ + অ]। ৬।১ [একই রূপ] সমান দৃশ [দর্শন] যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + দ্ + ঋ + শ্ + অ। বি.দ্র: দ্ + ঋ = দৃ।

সদৃশতা : সাদৃশ্য। বি। তৎসম। সদৃশ ['সদৃশ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + দ্ + ঋ + শ্ + অ + ত্ + আ। বি.দ্র: দ্ + ঋ = দৃ।

সদোষ : দোষযুক্ত। বিণ। তৎসম। স[=সহ] + দোষ [দুষ্ + অ]। ৬।১ দোষের সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + দ্ + ও + ষ্ + অ। বি.দ্র: 'ও'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

সদ্ধর্ম : উত্তম ধর্ম, বৌদ্ধধর্ম। বি। তৎসম। সৎ ['সৎ' দ্রষ্টব্য] + ধর্ম [ধৃ + ম]। ৬।১ [সন্ধি] ৎ + ধ = দ্ + ধ্ = দ্ধ। ২।১৫ সৎ যে ধর্ম = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + দ্ + ধ্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র: দ্ + ধ্ + অ = দ্ধ, র্ + ম্ +অ = র্ম।

সদ্বংশ : উত্তম বংশ। বি। তৎসম। সৎ ['সৎ' দ্রষ্টব্য] + বংশ [বম্ + শ]। ৬।১ [সন্ধি] ৎ + ব = দ্ + ব = দ্ব। ২।১৫ সৎ যে বংশ = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + দ্ + ব্ + অ + ং + শ্ + অ। বি.দ্র: দ্ + ব্ + অ = দ্ব।

সদ্বংশজাত : যে উত্তম বংশে জন্মেছে। বিণ। তৎসম। সৎ ['সৎ' দ্রষ্টব্য] + বংশ [বম্ + শ] + জাত [জন্ + ত]। ৬।১ [সন্ধি] ৎ + ব = দ্ + ব = দ্ব। ২।১৫ সৎ যে বংশ = কর্মধা। ৩।২ তা থেকে জাত = অপাদানতৎ। ৩।৩ বানান: স্ + অ + দ্ + ব্ + অ + ং + শ্ + অ + জ্ + আ + ত্ + অ। বি.দ্র: দ্ + ব্ + অ = দ্ব।

সদ্বিচার : সুবিচার। বি। তৎসম। সৎ ['সৎ' দ্রষ্টব্য] + বিচার [বি + চর্ + অ]। ৬।১ [সন্ধি] ৎ + বি = দ্ + বি = দ্বি। ২।১৫ সৎ যে বিচার = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + দ্ + ব্ + ই + চ্ + আ + র্ + অ। বি.দ্র: দ্ + ব্ + ই = দ্বি।

সদ্বিবেচক : সদ্বিবেচনাকারী। বিণ। তৎসম। সৎ ['সৎ' দ্রষ্টব্য] বিবেচক [বি + বিচ্ + অক]। ৬।১ [সন্ধি] ৎ + বি = দ্ + বি = দ্বি। ২।১৫ সৎ বিবেচনা যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + দ্ + ব্ + ই + ব্ + এ + চ্ +অ + ক্ + অ। বি.দ্র: দ্ + ব্ + ই = দ্বি।

সদ্বিবেচনা : ন্যায়সঙ্গত বিচার-বিবেচনা। বি। তৎসম। সৎ ['সৎ' দ্রষ্টব্য] + বিবেচনা [বি + বিচ্ + অন + আ]। ৬।১ [সন্ধি] ৎ + বি = দ্ + বি = দ্বি। ২।১৫ সৎ যে বিবেচনা

= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + দ্ + ব্ + ই + ব্ + এ + চ্ + অ + ন্ + আ। বি.দ্র: দ্ + ব্ + ই = দ্বি।

সদুদ্বি, সদ্বুদ্ধি: শুভবুদ্ধি। বি। তৎসম। সৎ ['সৎ' দ্রষ্টব্য] + বুদ্ধি [বুধ্ + তি]। ৬।১ [সন্ধি] ৎ + বু = দ্ + বু = দ্বু। ২।১৫ সৎ যে বুদ্ধি = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + দ্ + ব্ + উ + দ্ + ধ্ + ই। বি.দ্র: দ্ + ব্ + উ = দ্বু, দ্বু।

সদ্ব্যবহার: উত্তম বা শিষ্ট ব্যবহার। বি। তৎসম। সৎ ['সৎ' দ্রষ্টব্য] + ব্যবহার [বি + অব + হৃ + অ]। ৬।১ [সন্ধি] ৎ + ব = দ্ব, দ্ + ব্য = দ্ব্য, বি + অব = ব্যব। ২।১৫, ২।৭।ক সৎ যে ব্যবহার = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + দ্ + ব্ + য্ + অ + ব্ + অ + হ্ + আ + র্ + অ। বি.দ্র.: দ্ + ব্ + য্ + অ = দ্ব্য।

সদ্ভাব: উত্তম সম্পর্ক। বি। তৎসম। সৎ ['সৎ' দ্রষ্টব্য] + ভাব [ভূ + অ]। ৬।১ [সন্ধি] ৎ + ভা = দ্ + ভা = দ্ভা। ২।১৫ সৎ যে ভাব = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + দ্ + ভ্ + আ + ব্ + অ। বি.দ্র: দ্ + ভ্ + আ = দ্ভা।

সদ্ম: গৃহ। বি। তৎসম। সদ্ + মন্। ৬।১ [সদন]। বানান: স্ + অ + দ্ + ম্ + অ। বি.দ্র: দ্ + ম্ + অ = দ্ম।

সদ্যঃ, সদ্য: এইমাত্র, টাটকা। অব্য। তৎসম। স [=সমান] + দ্যস্ [দিনে]। আধুনিক বাংলায় 'স্' [বিসর্গ] বর্জিত। বি.দ্র: দ্ + য্ + অ = দ্য।

সদ্যঃপক্ব: এইমাত্র পাক-করা। বিণ। তৎসম। সদ্যঃ ['সদ্যঃ' দ্রষ্টব্য] + পক্ব[পচ্ + ত]। ৬।১ সদ্যঃ পেকেছে যা = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + দ্ + য্ + অ + প্ +অ + ক্ + ব্ +অ। বি.দ্র: দ্ + য্ + অ = দ্য, ক্ + ব্ + অ = ক্ব।

সদ্যঃপাতী: ক্ষণস্থায়ী। বিণ। তৎসম। সদ্যঃ ['সদ্য' দ্রষ্টব্য] + পাতী [পাত্ + ইন্ (ঈ)]। ৬।১ সদ্যঃ পতিত হয়েছে যা = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + দ্ + য্ + অ + প্ +আ + ত্ + ঈ। বি.দ্র.: দ্ + য্ + অ = দ্য। ত্ + ঈ = তী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সদ্যপ্রসূত: সদ্যোজাত। বিণ। তৎসম। সদ্যঃ [সদ্য দ্রষ্টব্য] + প্রসূত [প্র + সূ (প্রসব করা) + ত]। ৬।১ [সন্ধি] ঃ+ প্র = ঃ[লুপ্ত] + প্র = প্র। সদ্যঃ প্রসব হয়েছে যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + দ্ + য্ + অ + প্ + র্ + অ + স্ + ঊ + ত্ + অ। বি.দ্র: দ্ + য্ + অ = দ্য, প্ + র্ + অ = প্র, স্ + ঊ = সূ।

সদ্যস্নাত: এইমাত্র যে স্নান করেছে। বিণ। তৎসম। সদ্য ['সদ্য' দ্রষ্টব্য] + স্নাত [স্না (স্নান করা) + ত]। ৬।১ [সন্ধি] ঃ +স্না = বিসর্গ লুপ্ত + স্না = স্না। সদ্য স্নান করেছে যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + দ্ + য্ + অ + স্ + ন্ + আ + ত্ + অ। বি.দ্র: দ্ + য্ + অ = দ্য, স্ + ন্ + আ = স্না।

সদ্যস্নাতা: এইমাত্র যে নারী স্নান করেছে। বিণ। তৎসম। সদ্যস্নাত ['সদ্যস্নাত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + দ্ + য্ + অ + স্ + ন্ + আ + ত্ + আ। বি.দ্র: দ্ + য্ +অ = দ্য, স্ + ন্ + আ = স্না।

সদ্যোজাগ্রৎ: এইমাত্র যে জেগেছে। বিণ। তৎসম। সদ্য ['সদ্য' দ্রষ্টব্য] + জাগ্রৎ [জাগৃ + শতৃ (অৎ)]। ৬।১ [সন্ধি] অঃ + জা = ওজা। ২।৩৯ সদ্য জেগেছে যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + দ্ + য্ + ও + জ্ + আ + গ্ + র্ + অ + ৎ। বি.দ্র: দ্ + য্ +ও = দ্যো, গ্ + র্ + অ = গ্র।

সদ্যোজাত: সদ্যপ্রসূত। বিণ। তৎসম। সদ্যঃ ['সদ্য' দ্রষ্টব্য] + জাত [জন্ + ত]। ৬।১ [সন্ধি]

অঃ + জা = ওজা। ২।৩৯ সদ্য জন্মেছে যে = উপপদতৎ ৩।৩ বানান: স্ + অ + দ্ + য্ + ও + জ্ + আ + ত্ + অ। বি.দ্র: দ্ + য্ + ও = দ্যো।

সদ্যোজীবী: ক্ষণজীবী। বিণ। তৎসম। সদ্যঃ ['সদ্যঃ' দ্রষ্টব্য] + জীবী [জীব্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অঃ + জী = ওজী। ২।৩৯ সদ্যঃ [ক্ষণমাত্র] জীবিত থাকে যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + দ্ + য্ + ও + জ্ + ঈ + ব্ + ঈ। বি.দ্র: দ্ + য্ + ও = দ্যো। জ্ + ঈ = জী। শব্দটি 'ইন' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সদ্যোমাংস: টাটকা মাংস। বি। তৎসম। সদ্যঃ [সদ্যঃ দ্রষ্টব্য] + মাংস [মন্ (মাং) + স]। [সন্ধি] অঃ + মা = ওমা। ২।৩৯ সদ্যঃ হত পশুমাংস = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + দ্ + য্ + ও + ম্ + আ + ং + স্ + অ। বি.দ্র: দ্ + য্ + ও = দ্যো।

সদ্যোমুক্ত: মৃত্যুর সঙ্গে সঙ্গে মুক্তিপ্রাপ্ত। বিণ। তৎসম। সদ্যঃ ['সদ্যঃ' দ্রষ্টব্য] + মুক্ত [মুচ্ + ত]। ৬।১ [সন্ধি] অঃ + মু = ওমু। ২।৩৯ সদ্যঃ মুক্তি লাভ করেছে যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + দ্ + য্ + ও + ম্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র: দ্ + য্ + ও = দ্যো। ক্ + ত্ + অ = ক্ত।

সদ্যোমৃত: যে এইমাত্র মারা গেছে। বিণ। তৎসম। সদ্যঃ ['সদ্যঃ' দ্রষ্টব্য] + মৃত [মৃ + ত]। ৬।১ [সন্ধি] অঃ + মৃ = ওমৃ। ২।৩৯ সদ্যঃ মারা গেছে যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + দ্ + য্ + ও + ম্ + ঋ + ত্ + অ। বি.দ্র: দ্ + য্ + ও = দ্যো, ম্ + ঋ = মৃ।

সদ্যোমৃতা: সদ্যোপ্রয়াতা। বিণ। তৎসম। সদ্যোমৃত ['সদ্যোমৃত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + দ্ + য্ + ও + ম্ + ঋ + ত্ + আ। বি.দ্র: দ্ + য্ + ও = দ্যো, ম্ + ঋ = মৃ।

সধবা: এয়োস্ত্রী। বি। তৎসম। স [= সহ [+ ধব [স্বামী] + আ [স্ত্রী]। স্বামীর [ধব] সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ধ্ + অ + ব্ + আ।

সধর্মা: একই ধর্মাবলম্বী। বিণ। তৎসম। স [=সমান] + ধর্মা [ধৃ + মন্]। ৬।১ স [সমান] ধর্ম যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ধ্ + অ + র্ + ম্ + আ। বি.দ্র: র্ + ম্ + আ = র্মা।

সন: শাল। বি। বিদেশী <আ. সন্। বাংলা বানান: স্ + অ + ন্। বি.দ্র: শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সনৎকুমার: ব্রহ্মার মানসপুত্র। বি। তৎসম। সনৎ [সন (দান করা) + অৎ (শতৃ) = ব্রহ্মা] + কুমার [কুমারি (ক্রীড়া করা) + অ]। ৬।১ সনৎ [ব্রহ্মা]-এর কুমার =সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ন্ + অ + ৎ + ক্ + উ + ম্ + আ + র্ + অ।

সনদ: হুকুমনামা। বি। বিদেশী। <আ. সনদ্। বাংলা বানান: স্ + অ + ন্ + অ + দ্। বি.দ্র: শব্দান্তের 'দ' হসন্তবর্জিত।

সনাক্ত: পরিচিত বলে নির্দেশ। বি। তৎসম। <আ. শিনাখ্ৎ। বাংলা বানান: স্ [শ্] + অ + ন্ + আ + ক্ + ত্ + অ। বি.দ্র: ক্ + ত্ + অ = ক্ত। 'শ' ও 'স'—দুই-ই হবে।

সনাতন: নিত্য। বিণ। তৎসম। সনা [নিত্য] + তন। ৬।১ বানান: স্ + অ + ন্ + আ + ত্ + অ + ন্ + অ।

সনাতনধর্ম: অপরিবর্তনীয় ও চিরস্থায়ী ধর্ম। বি। তৎসম। সনাতন [সনা (নিত্য) + তন] + ধর্ম [ধৃ + ম]। ৬।১ সনাতন [নিত্য কালের, চিরকালের] যে ধর্ম = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + আ + ত্ + অ + ন্ +

অ + ধ্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র: র্ + ম্ + অ = র্ম।

সনাতনী: নিত্যস্বরূপিণী। বিণ। তৎসম। সনাতন [সনা (নিত্য) + তন + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: স্ + অ + ন্ + আ + ত্ + অ + ন্ + ঈ।

সনাথ: প্রভুযুক্ত। বিণ। তৎসম। স [=সহ] নাথ [নাথ্ + অ]। ৬।১ নাথের [স্বামীর বা প্রভুর] সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ন্ + আ + থ্ + অ।

সনাথা: পতিযুক্তা। বিণ। তৎসম। সনাথ ['সনাথ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + ন্ + আ + থ্ + আ।

সনির্বন্ধ: সানুনয়। বিণ। তৎসম। স [=সহ] + নির্বন্ধ [নির্ + বন্ধ্ + অ]। ৬।১ [সন্ধি] নির্ (নিঃ) + ব = নির্ব। ২।৩৮ নির্বন্ধের [অনুনয়, বিনীত প্রার্থনা] সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ন্ + ই + র্ + ব্ + অ + ন্ + ধ্ + অ। বি.দ্র: র্ + ব্ + অ = র্ব।

সনে: সঙ্গে [প্রাচীন কাব্যে]। অব্য। তদ্ভব। <সঙ্গে। বানান: স্ + অ + ন্ + এ।

সনেট: চতুর্দশপদী কবিতা। বি। বিদেশী। <সং. Sonnet. বাংলা বানান: স্ + অ + ন্ + এ + ট্। বি.দ্র: শব্দান্তের 'ট' হসন্তবর্জিত।

সন্ত: সাধু। বি। বিদেশী। <হি. সন্ত্ < সং. 'সৎ' শব্দের প্রথমা বহুবচন 'সন্তঃ'। বাংলা বানান: স্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র: ন্ + ত্ +অ = ন্ত। সাদৃশ্য: <ইং.saint.

সন্তত: সতত। বিণ। তৎসম। সম্ + তন্ + ত। ৬।১ [সন্ধি] ম্ + ত = ন্ + ত = ন্ত। বানান: স্ + অ + ন্ + ত্ + অ + ত্ + অ। বি.দ্র: ন্ + ত্ + অ = ন্ত।

সন্ততি: সন্তান। বি। তৎসম। সম্ + তন্ + তি। ৬।১ [সন্ধি] ম্ + ত = ন্ + ত = ন্ত। ২।২৮ বানান: স্ + অ + ন্ + ত্ + অ + ত্ + ই। বি.দ্র: ন্ + ত্ = ন্ত।

সন্তপ্ত: সন্তাপযুক্ত। বিণ। তৎসম। সম্ + তপ্ + ত। ৬।১ [সন্ধি] ম্ + ত = ন্ + ত = ন্ত। ২।২৮ বানান: স্ + অ + ন্ + ত্ + অ + প্ + ত্ + অ। বি.দ্র: ন্ + ত্ + অ = ন্ত, প্ + ত্ + অ = প্ত।

সন্তরণ: সাঁতার। বি। তৎসম। সম্ + তরণ [তৃ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + ত = ন্ + ত = ন্ত। ২।২৮ বানান: স্ + অ + ন্ + ত্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র: ন্ + ত্ + অ = ন্ত, 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে।

সন্তরণদক্ষ: সাঁতারু। বিণ। তৎসম। সন্তরণ ['সন্তরণ' দ্রষ্টব্য] + দক্ষ [দক্ষ্ + অ]। ৬।১ সন্তরণে দক্ষ = অধিকরণতৎ। ৩।৩ বানান; স্ + অ + ন্ + ত্ + অ + র্ + অ + ণ্ + অ + দ্ + অ + ক্ + ষ্ + অ। 'র' ও 'ন'-এর মধ্যে অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ক্ + ষ্ + অ = ক্ষ।

সন্তরণপটু: সাঁতারু। বিণ। তৎসম। সন্তরণ ['সন্তরণ' দ্রষ্টব্য] + পটু [পট্ + উ]। ৬।১ [সন্ধি] ম্ + ত = ন্ত। ২।২৮ সন্তরণে পটু = অধিকরণতৎ। ৩।৩ বানান: স্ + অ + ন্ + ত্ + অ + র্ + অ + ণ্ + অ + প্ + অ + ট্ + উ। বি.দ্র: ন্ + ত্ + অ = ন্ত, 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সন্তর্পণ: তৃপ্তিদান। বি। তৎসম। সম্ = তর্পণ [তৃপ্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + ত = ন্ + ত = ন্ত। ২।২৮ সম্যক্ দৃপ্তিদান। বানান: স্ + অ + ন্ + ত্ + অ + র্ + প্ + অ + ণ + অ। বি.দ্র: ন্ + ত্ + অ = ন্ত। র্ + প্ + অ = র্প। বি.দ্র: 'র' ও 'ন'-এর মধ্যে 'প' ও 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সন্তর্পণে: সতর্কতার সঙ্গে। ক্রি-বিণ। তৎসম।

সন্তর্পণ ['সন্তর্পণ' দ্রষ্টব্য] + এ [অধিকরণ]। বানান: স্ + অ + ন্ + ত্ + অ + র্ + প্ + অ + ণ্ + এ। বি.দ্র: ন্ + ত্ + অ = ন্ত, র্ + প্ + অ = র্প, 'র' ও 'ন'-এর মধ্যে 'প' থাকায় 'ন' 'ণ' হয়েছে ৪।১।গ

সন্তাড়িত: সঞ্চালিত। বিণ। তৎসম। সম্ + তাড়িত [তাড়্ + ণিচ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + তা = ন্ + তা = ন্তা। ২।২৮ বানান: স্ + অ + ন্ + ত্ + আ + ড়্ + ই + ত্ + অ। বি.দ্র: ন্ + ত্ + আ = ন্তা।

সন্তান: পুত্র বা কন্যা। বি। তৎসম। সম্ + তান [তন্ (বিস্তার করা) +অ]। ৬।১ [সন্ধি] ম্ + তা = ন্ + তা = ন্তা। ২।২৮ বানান: স্ + অ + ন্ + ত্ + আ + ন্ + অ। বি.দ্র: ন্ + ত্ + আ = ন্তা।

সন্তানবতী: সন্তানযুক্তা। বিণ। তৎসম। সন্তান ['সন্তান' দ্রষ্টব্য] + বতী [বৎ (<বতুপ্) + ঈ (স্ত্রী)। ৭।১।ঝ সন্তান আছে যে নারীব। বানান: স্ + অ + ন্ + ত্ + আ + ন্ + ব্ + অ + ত্ + ঈ। বি.দ্র: ন্ + ত্ + আ = ন্তা।

সন্তান-বাৎসল্য: সন্তানস্নেহ। বি। তৎসম। সন্তান ['সন্তান' দ্রষ্টব্য] + বাৎসল্য [বৎসল (বৎস + ল) + য (ষ্ণ)]। ৬।২ সন্তানকে বাৎসল্য (স্নেহ) = কর্মতৎ। ৩।৩ বানান: স্ + অ + ন্ + ত্ + আ + ন্ + অ + ব্ + আ + ৎ + স্ + অ + ল্ + য্ + অ। বি.দ্র: ন্ + ত্ + আ = ন্তা, ল্ + য্ + অ = ল্য।

সন্তানবান: সন্তানযুক্ত। বিণ। তৎসম। সন্তান ['সন্তান' দ্রষ্টব্য] + বান [<বৎ <বতুপ্]। ৬।২ সন্তান আছে যার। বানান: স্ + অ + ন্ + ত্ + আ + ন্ + অ + ব্ + আ + ন্ + অ। বি.দ্র: ন্ + ত্ + আ = ন্তা।

সন্তান-সন্ততি: ছেলেমেয়ে। বি। তৎসম। সন্তান ['সন্তান' দ্রষ্টব্য + সন্ততি [সম্ + তন্ + তি]। ৬।১ [সন্ধি] ম্ + ত= ন্ত। ২।২৮ সন্তান ও সন্ততি =দ্বন্দ্ব। ৩।৪ বানান: স্ + অ + ন্ + ত্ + আ + ন্ + অ + স্ + অ + ন্ + ত্ + অ + ত্ + ই। বি.দ্র: ন্ + ত্ + অ =ন্ত।

সন্তান-সম্ভাবনা: অন্তঃসত্ত্বা অবস্থা। বি। তৎসম। সন্তান ['সন্তান' দ্রষ্টব্য] + সম্ভাবনা [সম্ + ভাবনা (ভূ + ণিচ্ + অন + আ]। ৬।১ সন্তানের সম্ভাবনা =সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ন্ + ত্ + আ + ন্ + অ + স্ + অ + ম্ + ভ্ + আ + ব্ + আ + ন্ + আ। বি.দ্র: ন্ + ত্ + আ =ন্তা, ম্ + ভ্ + আ =ম্ভা।

সন্তানহীন: নিঃসন্তান। বিন। তৎসম। সন্তান ['সন্তান' দ্রষ্টব্য] + হীন [হা + ত]। ৬।১ [সন্ধি] ম্ + তা =ন্তা। ২।২৮ সন্তানের দ্বারা হীন =করণতৎ। বানান: স্ + অ + ন্ + ত্ + আ + ন্ + অ + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র: ন্ + ত্ + আ =ন্তা।

সন্তানহীনা: নিঃসন্তানা। বিণ। তৎসম। সন্তানহীনা ['সন্তানহীন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + ন্ + ত্ + আ + ন্ + অ + হ্ + ঈ + ন্ + আ। বি.দ্র: ন্ + ত্ + আ =ন্তা।

সন্তানোচিত: সন্তানের উপযুক্ত। বিণ। তৎসম। সন্তান ['সন্তান' দ্রষ্টব্য] + উচিত [উচ্ + ত বা বচ্ + ইত]। ৬।১ [সন্ধি] অ + উ =ও [নো]। ২।৫।ক সন্তানের উচিত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ন্ + ত্ + আ + ন্ + ও + চ্ + ই + ত্ + অ।

সন্তানোৎপাদন: সন্তানের জন্মদান। বি। তৎসম। সন্তান ['সন্তান' দ্রষ্টব্য] + উৎপাদন [উৎ + পদ্ + ণিচ্ + অন]। ৬।১ [সন্ধি] অ

+ উ = ও [নো]। ২।৫ক সন্তানের উৎপাদন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ন্ + ত্ + আ + ন্ + ও + ৎ + প্ + আ + দ্ + অ + ন্ + অ। বি. দ্র: ন্ + ত্ + আ = ন্তা। ন্ + ও = নো।

সন্তাপ: মানসিক যন্ত্রণা। বি। তৎসম। সম্ + তাপ [তপ্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + তা = ন্ + তা = ন্তা। ২।২৮ বানান: স্ + অ + ন্ + ত্ + আ + প্ + অ। বি.দ্র: ন্ + ত্ + আ = ন্তা।

সন্তাপন: সন্তাপদান। বি। তৎসম। সম্ + তাপন [তপ্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + তা = ন্ + তা = ন্তা। ২।২৮ বানান: স্ + অ + ন্ + ত্ + আ + প্ + অ + ন্ + অ। বি.দ্র: ন্ + ত্ + আ = ন্তা।

সন্তাপিত: মনস্তাপযুক্ত। বিণ। তৎসম। সম্ + তাপিত [তপ্ + ণিচ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + তা = ন্ + তা = ন্তা। ২।২৮ বানান: স্ + অ + ন্ + ত্ + আ + প্ + ই + ত্ + অ। বি.দ্র: ন্ + ত্ + আ = ন্তা।

সন্তাপী: সন্তাপযুক্ত। বিণ। তৎসম। সম্ + তাপী। [তপ্ + ইন্ (ঈ)]।৬।১ [সন্ধি] ম্ + তা = ন + ত্ = ন্তা। ২।২৮ অত্যন্ত তাপিত হয়েছে যে। বানান: স্ + অ + ন্ + ত্ + আ + প্ + ঈ। বি. দ্র.: ন্ + ত্ + আ = ন্তা, প্ + ঈ = পী। শব্দটি 'ইন' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সন্তুষ্ট: সম্পূর্ণ তৃপ্ত বিণ। তৎসম। সম্ + তুষ্ট [তুষ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + তু = ন্ + তু = ন্তু। ২।২৮ সম্যগ্‌ভাবে তুষ্ট। বানান: স্ + অ + ন্ + ত্ + উ + ষ্ + ট্ + অ। বি.দ্র: ন্ + ত্ + উ = ন্তু, ষ্ + ট্ + অ = ষ্ট। 'উ'-র পর এবং 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ৪।১, ২।ক, ৪।২।গ ষ্ + ত = ষ্ট। ২।২৮

সন্তুষ্টা: সম্পূর্ণ তৃপ্তা। বিণ। তৎসম। সম্ + তুষ্টা [তুষ্ + ত + আ (স্ত্রী)]। ৬।২, ৭।১।ক [সন্ধি] ম্ + তু = ন্ + তু = ন্তু। ষ্ + ত = ষ্ট। ২।৪, ২।২৮ সম্যগ্‌ভাবে তুষ্টা। বানান: স্ + অ + ন্ + ত্ + উ + ষ্ + ট্ + আ। বি.দ্র: ন্ + ত্ + উ = ন্তু। ষ্ + ট্ + আ = ষ্টা। 'উ'-র পর এবং 'ট'-এর আগে 'ষ্' হয়েছে।

সন্তুষ্টি: সন্তোষ। বি। তৎসম। সম্ + তুষ্টি [তুষ্ + তি]। ৬।১ [সন্ধি] ম্ + তু = ন্ + তু = ন্তু। ২।২৮ ষ্ + তি = ষ্টি। ২।২৪ সম্যগ্‌ভাবে তুষ্টি। বানান: স্ + অ + ন্ + ত্ + উ + ষ্ + ট্ + ঈ। বি.দ্র: ন্ + ত্ + উ = ন্তু, ষ্ + ট্ + ই = ষ্টি। 'উ'-র পর এবং 'ট'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।১।গ

সন্তোলন, সন্তোলা: সাঁতলানো। বি। তৎসম। সম্ + তোলন [তল্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + তো = ন্ + তো = ন্তো।২।২৮ বানান: স্ + অ + ন্ + ত্ + ও + ল্ + অ + ন্ + অ। বি.দ্র: ন্ + ত্ +ও = ন্তো।

সন্তোষ: সন্তুষ্টি। বি। তৎসম। সম + তোষ [তুষ্ + অ]। ৬।১ [সন্ধি] স্ + তো = ন্ + তো = ন্তো। ২।২৮ বানান: স্ + অ + ন্ + ত্ +ও + ষ্ + অ। বি.দ্র: ন্ + ত্ + ও = ন্তো। বি.দ্র: 'ও'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

সন্ত্রস্ত: অত্যন্ত ভীত। বিণ। তৎসম। সম্ + ত্রস্ত [ত্রস্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + ত্র = ন্ + ত্র = ন্ত্র। ২।২৮ বানান: স্ + অ + ন্ + ত্ + র্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র: ন্ + ত্ + র্ + অ = ন্ত্র। স্ + ত্ + অ = স্ত।

সন্ত্রস্তা: অত্যন্ত ভীতা। বিণ। তৎসম। সম্ + ত্রস্তা [ত্রস্ + ত + আ]। ৬।১, ৭।১।ক বানান: স্ + অ + ন্ + ত্ + র্ + অ + স্ + ত + আ। বি.দ্র: ন্ + ত্ + র্ + অ = ন্ত্র, স্ + ত্ + আ = স্তা।

সন্ত্রাস: অতিশয় ত্রাস। বি। তৎসম। সম্ + ত্রাস

[ত্রস্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ত্রা = ন্ + ত্রা = ন্ত্রা। ২।২৮ বানান: স্ + অ + ন্ + ত্ + র্ + আ + স্ + অ। বি.দ্র: ন্ + ত্ + র্ + আ = ন্ত্রা।

সন্ত্রাসবাদ : রাজনীতিক ক্ষমতা-লাভের জন্য সন্ত্রাস সৃষ্টির নীতি [terrorism]। বি। তৎসম। সন্ত্রাস ['সন্ত্রাস' দ্রষ্টব্য] + বাদ [বদ্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ত্রা = ন্ + ত্রা = ন্ত্রা। ২।২৮ সন্ত্রাস-বিষয়ক বাদ [উক্তি, মতবাদ] = মধ্যপ-কর্মধা ৩।২ বানান: স্ + অ + ন্ + ত্ + র্ + আ + স্ + ব্ + আ + দ্ + অ। বি.দ্র: ন্ + ত্ + র্ + আ = ন্ত্রা।

সন্ত্রাসবাদী : সন্ত্রাসবাদে আস্থাশীল। বি, বিণ। তৎসম। সন্ত্রাসবাদ ['সন্ত্রাসবাদ' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।১ সন্ত্রাসবাদে বিশ্বাস আছে যাব = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + ন্ + ত্ + র্ + আ + স্ + অ + ব্ + আ + দ্ + ঈ। বি.দ্র: ন্ + ত্ + র্ + আ = ন্ত্রা। বি.দ্র: শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সন্দ : সন্দেহ। বি। অর্ধ-তৎ। <সং. সন্দেহ। বানান: স্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র: ন্ + দ্ + অ = ন্দ।

সন্দংশ : সাঁড়াশি। বি। তৎসম। সম্ + দংশ [দন্শ্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + দ = ন্ + দ = ন্দ, বানান: স্ + অ + ন্ + দ্ + অ + ং + শ্ + অ। বি.দ্র: ন্ + দ্ + অ = ন্দ।

সন্দংশিকা : সাঁড়াশি। বি। তৎসম। সম্ + দংশিকা [দন্শ্ + ইক (<অক) + আ [স্ত্রী]]। ৬।১, ৭।১।খ [সন্ধি] ম্ + দ = ন্ + দ = ন্দ। বানান: স্ + অ + ন্ + দ্ + অ + ং + শ্ + ই + ক্ + আ। বি.দ্র: ন্ + দ্ + ই = ন্দি।

সন্দংশী : সাঁড়শি। [দন্শ্ + অ + ঈ (স্ত্রী)]৬।১, ৭।১।ক [সন্ধি] ম্ + দ = ন্ + দ = ন্দ। ২।২৮ বানান: স্ + অ + ন্ + দ্ + অ + ং + শ্ + ঈ। বি.দ্র: ন্ + দ্ + অ = ন্দ, শ্ + ঈ = শী। শব্দান্তের 'ঈ' স্ত্রী-প্রত্যয় ঈ-সঞ্জাত।

সন্দর্ভ : রচনা। বি। তৎসম। সম্ + দৃভ্ [সুষ্ঠভাবে গ্রথিত করা] অ। ৬।১ [সন্ধি] ম্ + দ = ন্ + দ = ন্দ। ২।২৮ বানান: স্ + অ + ন্ + দ্ + অ + র্ + ভ্ + অ। বি.দ্র: ন্ + দ্ +অ = ন্দ, র্ + ভ্ + অ = র্ভ।

সন্দর্শন : সম্যক্ দর্শন। বি। তৎসম। সম্ + দর্শন [দৃশ্ + অন। ৬।১ [সন্ধি] ম্ + দ = ন্ + দ = ন্দ। ২।২৮ বানান: স্ + অ + ন্ + দ্ + অ + র্ + শ্ + অ + ন্ + অ। বি.দ্র: ন্ + দ্ + অ = ন্দ। র্ + শ্ + অ = র্শ।

সন্দিগ্ধ : সন্দেহযুক্ত। বিণ। তৎসম। সম্ + দিগ্ধ [দিহ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + দি = ন্ + দি = ন্দি। ২।২৮ বানান: স্ + অ + ন্ + দ্ + ই + গ্ + ধ্ + অ। বি.দ্র: ন্ + দ্ = ন্দি,গ্ + ধ্ = অ = গ্ধ।

সন্দিগ্ধতা : সংশয়াকুলতা। বি। তৎসম। সন্দিগ্ধ ['সন্দিগ্ধ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: শ্ + অ + ন্ + দ্ + ই + গ্ + ধ্ + অ + ত্ + আ। বি.দ্র: ন্ + দ্ + ই = ন্দি, গ্ + ধ্ + অ = গ্ধ।

সন্দিহান : সন্দেহযুক্ত। বিণ। তৎসম। সম্ + দিহান [দিহ্ + আন]। ৬।১ [সন্ধি] ম্ + দি = ন্ + দি = ন্দি। বানান: স্ + অ + ন্ + দ্ + ই + হ্ + আ + ন্+ অ। বি.দ্র: ন্ + দ্ + ই = ন্দি।

সন্দীপক : উত্তেজক। বিণ। তৎসম। সম্ + দীপক [দীপ্ + অক]। ৬।১ [সন্ধি] ম্ + দী = ন্ + দী = ন্দী। ২।২৮ বানান: স্ + অ + ন্ + দ্ + ঈ + প্ + অ + ক্ + অ। বি.দ্র: ন্ + দ্ + ঈ = ন্দী।

সন্দীপন : প্রজ্বালন। বি। তৎসম। সম্ + দীপন [দীপ্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + দী = ন্

+ দী = ন্দী। ২।২৮, বানান: স্ + অ + ন্ + দ্ + ঈ + প্ + অ + ন্ + অ। বি.দ্র: ন্ + দ্ + ঈ = ন্দী।

সন্দেশ: সংবাদ। মিঠাই। বি। তৎসম। সম্ + দেশ [দিশ্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + দে = ন্ + দে = ন্দে। ২।২৮ বানান: স্ + অ + ন্ + দ্ + এ + শ্ + অ। বি.দ্র: ন্ + দ্ + এ = ন্দে।

সন্দেহ: সংশয়। বি। তৎসম। সম্ + দেহ [দিহ্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + দে = ন্ + দে = ন্দে। বানান: স্ + অ + ন্ + দ্ + এ + হ্ + অ। বি.দ্র: ন্ + দ্ + এ = ন্দে।

সন্দেহভঞ্জন: সংশয়-মোচন। বি। তৎসম। সন্দেহ ['সন্দেহ' দ্রষ্টব্য] + ভঞ্জন [ভন্জ্ + অন]। ৬।১ বানান: স্ + অ + ন্ + দ্ + এ + হ্ + অ + ভ্ + অ + ঞ্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র: ন্ + দ্ + এ = ন্দে, ঞ্ + জ্ + অ = ঞ্জ।

সন্ধান: অন্বেষণ। বি। তৎসম। সম্ + ধান [ধা + অন]। ৬।১ [সন্ধি] ম্ + ধা = ন্ + ধা = ন্ধা। ২।২৮ বানান: স্ + অ + ন্ + ধ্ + আ + ন্ + অ। বি.দ্র: ন্ + ধ্ + আ = ন্ধা।

সন্ধানী: সন্ধানকারী। বিণ। তৎসম। সন্ধান ['সন্ধান' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।২ বানান: স্ + অ + ন্ + ধ্ + আ + ন্ + ঈ। বি.দ্র: ন্ + ধ্ + অ = ন্ধা। ন্ + ঈ = নী। শব্দটি 'ইন' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সন্ধায়ী: সন্ধানকারী। বি। তৎসম। সম্ + ধায়ী [ধা + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] ম্ + ধা = ন্ + ধা = ন্ধা ২।২৮ বানান: স্ + অ + ন্ + ধ্ + আ + য়্ + ঈ। বি.দ্র: ন্ + ধ্ + আ = ন্ধা, য় + ঈ = য়ী। শব্দটি ইন [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সন্ধি: মিলন, শান্তিস্থাপন, শরীরের অঙ্গ-প্রত্যঙ্গের মিলনস্থান, দিনরাত্রি বা দুই তিথির মিলনকাল। বি। তৎসম। সম্ + ধি [ধা + ই]।৬।১ [সন্ধি] ম্ + ধি = ন্ + ধি = ন্ধি। ২।২৮ বানান: স্ + অ + ন্ + ধ্ + ই। বি.দ্র: ন্ + ধ্ + ই = ন্ধি।

সন্ধিকাল: সংযোগকাল। বি। তৎসম। সন্ধি ['সন্ধি' দ্রষ্টব্য] + কাল [কাল্ + অ]। ৬।১ সন্ধির [মিলনের] কাল = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ন্ + ধ্ + ই + ক্ + আ + ল্ + অ। বি.দ্র: ন্ + ধ্ + ই = ন্ধি।

সন্ধিক্ষণ: সংযোগকাল। বি। তৎসম। সন্ধি ['সন্ধি' দ্রষ্টব্য] + ক্ষণ [ক্ষণ্ + অ]। ৬।১ সন্ধির [মিলনের বা সংযুক্তির] ক্ষণ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ন্ + ধ্ + ই + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র: ন্ + ধ্ + ই = ন্ধি, ক্ + ষ্ +অ = ক্ষ , 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে।

সন্ধিৎসা: সন্ধান [বা সন্ধি] করবার ইচ্ছা। বি। তৎসম। সম্ + ধিৎসা [ধা + সন্ + অ + আ]। ৬।১ [সন্ধি] ম্ + ধি = ন্ + ধি = ন্ধি। ২।২৮ সন্ধান বা সন্ধি করবার ইচ্ছা। বানান: স্ + অ + ন্ + ধ্ + ই + ৎ + স্ + আ। বি.দ্র: ন্ + ধ্ + ই = ন্ধি, স্ + আ।

সন্ধিৎসু: সন্ধিস্থাপনে ইচ্ছুক বা সন্ধান করতে ইচ্ছুক। বিণ। তৎসম। সম্ + ধিৎসু [ধা + সন্ উ]। ৬।১ [সন্ধি] ম্ + ধি + ন্ + ধি = ন্ধি। সন্ধান বা সন্ধি করতে ইচ্ছুক। বানান: স্ + অ + ন্ + ধ্ + ই + ৎ + স্ + উ। বি.দ্র: ন্ + ধ্ + ই = ন্ধি, স্ + উ = সু।

সন্ধিনী: বৃষাক্রান্ত গাভী। বিণ। তৎসম। সম্ + ধিনী [ধা + ইন্ + ঈ]। ৬।১ [সন্ধি] ম্ + ধি = ন্ + ধি = ন্ধি। ২।২৮ বানান: স্ + অ + ন্ + ধ্ + ই + ন্ + ঈ। বি.দ্র: ন্ + ধ + ই = ন্ধি, ন + ঈ = নী। শব্দটি

ইন্ (ঈ) = ইনী-প্রত্যয়ান্ত, তাই শব্দান্তে 'ইনী'—আগে 'ই', পরে 'ঈ' হয়েছে।

সন্ধিপত্র: বিবাদের মীমাংসার চুক্তিপত্র। বি। তৎসম। সন্ধি ['সন্ধি' দ্রষ্টব্য] + পত্র [পত্ + ত্র]। ৬।১ সন্ধিমূলক পত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ধ্ + ই + প্ + অ + ত্ + র্ + অ। বি.দ্র: ন্ + ধ্ + ই = ন্ধি, ত্ + র্ + ই = ত্রী।

সন্ধিপূজা: মহাষ্টমীর অবসান ও মহানবমীর সঞ্চার-কালের দুর্গাপূজা। বি। তৎসম। সন্ধি ['সন্ধি' দ্রষ্টব্য] + পূজা [পূজ্ + অ + আ]। ৬।১ সন্ধিকালীন পূজা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ধ্ + ই + প্ + ঊ + জ্ + আ। বি.দ্র: ন্ + ধ্ + ই = ন্ধি, প্ + ঊ = পূ।

সন্ধিবদ্ধ: চুক্তি-দ্বারা আবদ্ধ। বিণ। তৎসম। সন্ধি ['সন্ধি' দ্রষ্টব্য] + বদ্ধ [বন্ধ্ + ত]। ৬।১ সন্ধির দ্বারা বদ্ধ = করণতৎ। ৩।৩ বানান: স্ + অ + ন্ + ধ্ + ই + ব্ + অ + দ্ + ধ্ + অ। বি.দ্র: ন্ + ধ্ + ই = ন্ধি, দ্ + ধ্ = দ্ধ।

সন্ধিবাত: গেঁটে বাত। বি। তৎসম। সন্ধি ['সন্ধি' দ্রষ্টব্য] + বাত [বা + ত]। ৬।১ বানান: স্ + অ + ন্ + ধ্ + ই + ব্ + আ + ত্ + অ। বি.দ্র: ন্ + ধ্ + ই = ন্ধি।

সন্ধিবিগ্রহ: রাজনৈতিক সন্ধি ও যুদ্ধ। বি। তৎসম। সন্ধি ['সন্ধি' দ্রষ্টব্য] বিগ্রহ [বি + গ্রহ্ + অ]। ৬।১ সন্ধি ও বিগ্রহ [যুদ্ধ] = দ্বন্দ্ব। ৩।৪ বানান: স্ + অ + ন্ + ধ্ + ই + ব্ + ই + গ্ + র্ + অ + হ্ + অ। বি.দ্র: ন্ + ধ্ + ই = ন্ধি, গ্ + র্ + অ = গ্র।

সন্ধিভঙ্গ: শান্তি-চুক্তির শর্ত লঙ্ঘন। বি। তৎসম। সন্ধি ['সন্ধি' দ্রষ্টব্য] + ভঙ্গ [ভন্জ্ + অ]। ৬।১ সন্ধির ভঙ্গ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ন্ + ধ্ + ই + ভ্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র: ন্ + ধ্ + ই = ন্ধি, ঙ্ + গ্ + অ = ঙ্গ।

সন্ধ্যা: দিন ও রাত্রির মিলনকাল। বি। তৎসম। সম্ + ধ্যা [ধ্যৈ + অ + আ]।৬।১ [সন্ধি] ম্ + ধ্যা = ন্ + ধ্যা = ন্ধ্যা, ২।২৮ বানান: স্ + অ + ন্ + ধ্ + য্ + আ। বি.দ্র: ন্ + ধ্ + য্ + আ = ন্ধ্যা।

সন্ধ্যাতারা: শুকতারা। বি। তৎসম। সন্ধ্যা ['সন্ধ্যা' দ্রষ্টব্য] + তারা [তৃ + ণিচ্ + অ + আ]। ৬।১ সন্ধ্যা-কালীন তারা = মধ্যপ-কর্মধা ৩।২ বানান: স্ + অ + ন্ + ধ্ + য্ + আ + ত্ + আ + র্ + আ। বি.দ্র: ন্ + ধ্ + য্ + আ = ন্ধ্যা।

সন্ধ্যাদীপ: সন্ধ্যারতির প্রদীপ। বি। তৎসম। সন্ধ্যা ['সন্ধ্যা' দ্রষ্টব্য] + দীপ [দীপ্ + অ]। ৬।১ সন্ধ্যাকালীন দীপ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ধ্ + য্ + আ + দ্ + ঈ + প্ + অ। বি.দ্র: ন্ + ধ্ + য্ + আ = ন্ধ্যা, দ্ + ঈ = দী।

সন্ধ্যাবন্দনা: সায়ংকালীন ঈশ্বরবন্দনা। বি। তৎসম। সন্ধ্যা ['সন্ধ্যা' দ্রষ্টব্য] + বন্দনা [বন্দ্ + অন + আ]। ৬।১ সন্ধ্যা-কালীন বন্দনা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: অ + স্ + ন্ + ধ্ + য্ + আ + ব্ + অ + ন্ + দ্ + অ + ন্ + আ। বি. দ্র.: ন্ + ধ্ + য্ + আ= ন্ধ্যা, ন্ + দ্ + অ= ন্দ।

সন্ধ্যাবেলা: দিন ও রাত্রির অন্তর্বর্তী সময়। বি। তৎসম। সন্ধ্যা ['সন্ধ্যা' দ্রষ্টব্য] + বেলা [বেলা + অ + আ]। ৬।১ সন্ধ্যাকালীন বেলা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ধ্ + য্ + আ + ব্ + এ + ল্ + আ। বি. দ্র.: ন্ + ধ্ + য্ + আ= ন্ধ্যা।

সন্ধ্যাভাষা: চর্যাপদ-এর ভাষা। বি। তৎসম। সন্ধ্যা ['সন্ধ্যা' দ্রষ্টব্য] + ভাষা [ভাষ্ + অ + আ]। ৬।১ সন্ধ্যার মতো [অস্পষ্ট] ভাষা= উপমিত

কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ধ্ + য্ + আ + ভ্ + আ + ষ্ + আ। বি. দ্র.: ন্ + ধ্ + য্ + আ= ন্ধ্যা।

সন্ধ্যামণি: রক্তবর্ণ পুষ্প। বি। তৎসম। সন্ধ্যা ['সন্ধ্যা' দ্রষ্টব্য] + মণি [মণ্ + ই]। ৬।১ সন্ধ্যার মণি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ন্ + ধ্ + য্ + আ + ম্ + অ + ণ্ + ই। বি.দ্র.: ন্ + ধ্ + য্ + আ= ন্ধ্যা। 'মণি' শব্দের 'ণ' স্বাভাবিক 'ণ'।

সন্ধ্যারাগ: অস্তগামী সূর্যের আলোকচ্ছটা। বি। তৎসম। সন্ধ্যা ['সন্ধ্যা' দ্রষ্টব্য] + রাগ (রঞ্জ্ + অ]। ৬।১ সন্ধ্যাকালীন রাগ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ধ্ + য্ + আ + র্ + আ + গ্ + অ। বি. দ্র.: ন্ + ধ্ + য্ + আ= ন্ধ্যা।

সন্ধ্যালোক: অস্তগামী সূর্যের ক্ষীণ আলো। বি। তৎসম। সন্ধ্যা ['সন্ধ্যা' দ্রষ্টব্য] + আলোক [আ + লোক্ + অ]। ৬।১ [সন্ধি] আ + আ= আ [ন্ধ্যা]। ২।১।ক সন্ধ্যার বা সন্ধ্যাকালীন আলোক= সম্বন্ধতৎ বা মধ্যপ-কর্মধা। ৩।৩ বা ৩।২ বানান: স্ + অ + ন্ + ধ্ + য্ + আ + ল্ + ও + ক্ + অ। বি. দ্র.: ন্ + ধ্ + য্ + আ= ন্ধ্যা।

সন্ধ্যাহ্নিক: সায়ংকালীন ঈশ্বরবন্দনা। বি। তৎসম। সন্ধ্যা ['সন্ধ্যা' দ্রষ্টব্য] + আহ্নিক [অহন্ + ইক]। ৬।১ [সন্ধি] আ + আ [ন্ধ্যা]। ২।১।ঘ সন্ধ্যাকালীন আহ্নিক [পূজাবন্দনা]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ধ্ + য্ + আ + হ্ + ন্ + ই + ক্ + অ। বি. দ্র.: ন্ + ধ্ + য্ + আ= ন্ধ্যা, হ্ + ন্ + ই= হ্নি।

সন্নত: প্রণত। বিণ। তৎসম। সম্ + নত [নম্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + ন= ন্ + ন= ন্ন। ২।২৮ সম্যক্ নত= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + অ + ত্ + অ। বি. দ্র.: ন্ + ন্ + অ= ন্ন।

সন্নতি: প্রণাম, নম্রতা। বি। তৎসম। সম্ + নতি [নম্ + তি]। ৬।১ [সন্ধি] ম্ + ন= ন্ + ন= ন্ন। ২।২৮ সম্যক্ নত= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + অ + ত্ + ই। বি.দ্র.: ন্ + ন্ + অ= ন্ন।

সন্নদ্ধ: বিন্যস্ত। বিণ। তৎসম। সম্ + নদ্ধ [নহ্ (শ্রেণীতে সাজানো) + ত]। ৬।১ ম + ন = ন্ + ন= ন্ন। ২।২৮ সম্যক্ নদ্ধ [শ্রেণীবদ্ধ]= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + অ + দ্ + ধ্ + অ। বি.দ্র: ন্ + ন্ + অ= ন্ন। দ্ + ধ্ + অ= দ্ধ।

সন্না: ক্ষুদ্র চিমটা। বি। তদ্ভব। < সং. সন্দংশ। বানান: শ্ + অ + ন্ + ন্ + আ। বি. দ্র.: ন্ + ন্ + আ= ন্না।

সন্নিকট: অতি নিকটবর্তী। বিণ। তৎসম। সম্ + নিকট [নি + কট্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। ২।২৮ অত্যন্ত নিকট= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + ক্ + অ + ট্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + ই= ন্নি।

সন্নিকটে: অতি নিকটে। ক্রি-বিণ। তৎসম। সন্নিকট ['সন্নিকট' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]। বানান: স্ + অ + ন্ + ন্ + ই + ক্ + অ + ট্ + এ। বি. দ্র.: ন্ + ন্ + ই= ন্নি।

সন্নিকর্ষ: অতি নৈকট্য। বিণ। তৎসম। সম্ + নিকর্ষ [নি + কৃষ্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। সম্যক্ নিকর্ষ [নৈকট্য]= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + ক্ + অ + র্ + ষ্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + ই= ন্নি, র্ + ষ্ + অ= র্ষ। 'র্'-এর পর 'ষ' হয়েছে। ৪।২।গ

সন্নিকর্ষণ: নিকটে অবস্থান। বি। তৎসম। সম্ + নিকর্ষণ [নি + কৃষ্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। ২।২৮ সম্যক্ নিকর্ষণ [নিকটে অবস্থান]= কর্মধা। ৩।২ বানান: স্ +

অ + ন্ + ন্ + ই + ক্ + অ + র্ + ষ্ + অ + ণ্ + অ। বি. দ্র.: ন্ + ন্ + ই= ন্নি। 'র'-এর পর 'ষ্' হয়েছে। 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।২।গ, ৪।১।গ

সন্নিকৃষ্ট : সমীপবর্তী। বিণ। তৎসম। সম্ + নিকৃষ্ট [নি + কৃষ্ + ত]। ৫।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। ২।২৮ সম্যক্ নিকৃষ্ট [নিকটে অবস্থিত]= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + ক্ + ঋ + ষ্ + ট্ + অ। বি. দ্র.: ন্ + ন্ + ই= ন্নি, ক্ + ঋ= কৃ, ষ্ + ট্ + অ= ষ্ট। 'ঋ'-র পর এবং 'ট্'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ ষ্ + ত= ষ্ট। ২।২৪

সন্নিধান : নৈকট্য। বি। তৎসম। সম্ + নিধান [নি + ধা + অন]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। ২।২৮ সম্যক্ নিধান [নিকটে অবস্থান]= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + ধ্ + আ + ন্ + অ। বি. দ্র.: ন্ + ন্ + ই= ন্নি।

সন্নিধি : নৈকট্য। বি। তৎসম। সম্ + নিধি [নি + ধা + ই]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। ২।২৮ সম্যক্ নিধি [নিকটে অবস্থান] = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + ধ্ + ই। বি. দ্র.: ন্ + ন্ + ই= ন্নি।

সন্নিপাত : সম্পূর্ণ বিনাশ, দোষযুক্ত বিকার। বি। তৎসম। সম্ + নিপাত [নি + পাত (পত্ + অ)]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। সম্পূর্ণ [সম্] নিপাত= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + প্ + আ + ত্ + অ। বি. দ্র.: ন্ + ন্ + ই= ন্নি।

সন্নিবদ্ধ : দৃঢ়ভাবে গ্রথিত। বিণ। তৎসম। সম্ + নিবদ্ধ [নি + বন্ধ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। সম্ [সম্পূর্ণ] নিবদ্ধ= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + ব্ + অ + দ্ + ধ্ + অ। বি. দ্র.: ন্ + ন্ + ই= ন্নি, দ্ + ধ্ + অ= দ্ধ।

সন্নিবন্ধন : দৃঢ়বন্ধন। বি। তৎসম। সম্ + নিবন্ধন [নি + বন্ধন (বন্ধ্ + অন)]। ৬।১ সম্ [সম্পূর্ণ] নি = [নিশ্ছিদ্র] বন্ধন= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + ব্ + অ + ন্ + ধ্ + অ + ন্ + অ। বি. দ্র.: ন্ + ন্ + ই= ন্নি, ন্ + ধ্ + অ= ন্ধ।

সন্নিবর্তন : সম্পূর্ণ নিবৃত্তি। বি। তৎসম। সম্ + নিবর্তন [নি + বর্তন (বৃত্ + অন)]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি ২।২৮ সম্ [সম্পূর্ণ] নিবর্তন [নিবৃত্তি] = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + ব্ + অ র্ + ত্ + অ + ন্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + ই= ন্নি, র্ + ত্ + অ= র্ত। 'র্' ও 'ন'-এব মধ্যে 'ত' থাকার 'ন' 'ণ' হয়নি।

সন্নিবিষ্ট : সংস্থাপিত। বিণ। তৎসম। সম্ + নিবিষ্ট [নি + বিশ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। ২।২৮ সম্ [সম্যক্] নিবিষ্ট= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + ব্ + ই + ষ্ + ট্ + অ। বি. দ্র.: ন্ + ন্ + ই= ন্নি, ষ্ + ট্ + অ= ষ্ট। 'ই'-র পর এবং 'ট্'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

সন্নিবৃত্ত : সম্পূর্ণ নিবৃত্ত। বিণ। তৎসম। সম্ + নিবৃত্ত [নি + বৃত্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। ২।২৮ সম্ [সম্পূর্ণ] নিবৃত্ত= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + ব্ + ঋ + ত্ + ত্ + অ। বি. দ্র.: ন্ + ন্ + ই= ন্নি, ব্ + ঋ= বৃ, ত্ + ত্ + অ= ত্ত।

সন্নিবেশ : সংস্থাপন। বি। তৎসম। সম্ + নিবেশ [নি + বিশ্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। ২।২৮ সম্ [সম্যক্] নিবেশ=

কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + ব্ + এ + শ্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + ই= ন্নি।

সন্নিবেশিত: সংস্থাপিত। বিণ। তৎসম। সম্ + নিবেশিত [নি + বিশ্ + ণিচ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। ২।২৮ সম্ [সম্যক্] নিবেশিত= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + ব্ + এ + শ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + ই= ন্নি।

সন্নিভ: মতো। বিণ। তৎসম। সম্ + নিভ [নি + ভা + অ]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। ২।২৮ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + ভ্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + ই= ন্নি।

সন্নিয়োগ: সম্যক্ নিয়োগ [সং. সম্ + নিয়োগ]। বি। তৎসম। সম্ + নিয়োগ [নি + যুজ্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। ২।২৮ সম্ [সম্যক্] নিয়োগ= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + য়্ + ও + গ্ + অ। বি. দ্র.: ন্ + ন্ + ই= ন্নি।

সন্নিহিত: নিকটে স্থাপিত। বিণ। তৎসম। সম্ + নিহিত [নি + ধা + ত]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। ২।২৮ সম্ [সম্যক্] নিহিত= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + হ্ + ই + ত্ + অ। বি. দ্র.: ন্ + ন্ + ই= ন্নি।

সন্নিহিত: নিকটে স্থাপিত। বিণ। তৎসম। সম্ + নিহিত [নি + ধা + ত]। ৬।১ [সন্ধি] ম্ + নি= ন্ + নি= ন্নি। ২।২৮ সম্ [সম্যক] নিহিত= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + ই + হ্ + ই + ত্ + অ। বি. দ্র.: ন্ + ন্ + ই= ন্নি।

সন্ন্যাস: সম্পূর্ণ সংসার-বাসনা ত্যাগ, রোগবিশেষ। বি। তৎসম। সম্ + ন্যাস [নি + আস (অস্ + অ)]। ৬।১ [সন্ধি] ম্ + ন্যা= ন্ + ন্যা= ন্ন্যা। ২।২৮ ই + আ= যা [ন্যা]। ২।৭।খ সম্ [সম্পূর্ণ] ন্যাস [ত্যাগ]= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ন্ + য্ + আ + স্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + য্ + আ= ন্ন্যা।

সন্ন্যাসিনী: সন্ন্যাস অবলম্বনকারিণী। বিণ, বি। তৎসম। সম্ + ন্যাসিনী [ন্যাস (নি + অস্ + অ)] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১ ৭।১।চ [সন্ধি] ম্ + ন্যা= ন্ + ন্যা= ন্ন্যা। সম্ [সম্যক্] ত্যাগ করেছেন যিনি [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + ন্ + ন্ + য্ + আ + স্ + ই + ন্ + ঈ। বি. দ্র.: ন্ + ন্ + য্ + আ= ন্ন্যা, স্ + ই= সি, ন্ + ঈ= নী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

সন্ন্যাসী: সন্ন্যাস অবলম্বনকারী। বি, বিণ। তৎসম। সম্ + ন্যাসী [নি + আসী (অস্ + ইন্= ঈ)]। ৬।১ [সন্ধি] ম্ + ন্যা= ন্ + ন্যা= ন্ন্যা। ২।২৮ ই + আ= যা [ন্যা]। ২।৭।খ সম্ [সমস্ত] ত্যাগ করেছেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + ন্ + ন্ + য্ + আ + স্ + ঈ। বি.দ্র.: ন্ + ন্ + য্ + আ= ন্যা, স্ + ঈ= সী, শব্দটি 'ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সন্মার্গ: সৎ পথ। বি। তৎসম। সৎ + মার্গ [মৃজ্ + অ]। ৬।১ [সন্ধি] ৎ + মা = ন্ + মা= ন্মা। ২।২৫ সৎ যে মার্গ [পথ]= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ম্ + আ + র্ + গ্ + অ। বি.দ্র.: ন্ + ম্ + আ= ন্মা, র্ + গ্ + অ= র্গ।

সন্মিত্র: সৎ বন্ধু। বি। তৎসম। সৎ + মিত্র [মিদ্ (স্নেহ বা প্রীতি করা) + ত্র]। ৬।১ [সন্ধি] ৎ + মি= ন্ + মি= ন্মি। সৎ যে মিত্র [বন্ধু]= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ন্ + ম্ +

ই + ত্ + র্ + অ। বি.দ্র.: ন্ + ম্ + ই= ন্মি, ত্ + র্ + অ= ত্র।

সপ: বড় মাদুর। বি। বিদেশী। < আ. সফ্। বাংলা বানান: স্ + অ + প্। শব্দান্তের 'প' হসন্তবর্জিত।

সপক্ষ: পক্ষযুক্ত। এক পক্ষাবলম্বী। বিণ। তৎসম। স [=সহ] + পক্ষ [পক্ষ্ + অ]। ৬।১ [একই] পক্ষের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + প্ + অ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

সপক্ষতা: পক্ষযুক্ততা, এক পক্ষ অবলম্বন। বি। তৎসম। সপক্ষ ['সপক্ষ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + প্ + অ + ক্ + ষ্ + অ + ত্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

সপত্ন: শত্রু। বি, বিণ। তৎসম। সপত্নী [সমান পতি যার (স্ত্রী)] + অ [ষ্ণ]। ৬।২ বানান: স্ + অ + প্ + অ + ত্ + ন্ + অ। বি.দ্র.: ত্ + ন্ + অ= ত্ন। সপত্নীদের শত্রুতা ছাড়া পতি অর্থে প্রভু [রাজা] গৃহীত হলে শত্রুতাই প্রকট হয়।

সপত্নী: সতিন। বি। তৎসম। স [সমান= একই] পতি + 'ন'—আগম] + ঈ [স্ত্রী]। ৭।১।গ সমান [একই] পতি যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + প্ + অ + ত্ + ন্ + ঈ। বি.দ্র.: ত্ + ন্ + ঈ= ত্নী।

সপত্নীক: পত্নীসহ। বিণ। তৎসম। স [=সহ] + পত্নী [পতি + 'ন'—আগম + ঈ (স্ত্রী)] + ক। ৬।২, ৭।১।গ পত্নীর সঙ্গে বর্তমান= বহুব্রী। [সমাসান্ত প্রত্যয় 'ক'] ৬।৫ বানান: স্ + অ + প্ + অ + ত্ + ন্ + ঈ + ক্ + অ।

সপরিবার: স্ত্রী-পুত্র-কন্যাদিসহ। বিণ। তৎসম। স [=সহ] + পরিবার ['পরিবার' দ্রষ্টব্য]। পরিবারের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + প্ + অ + র্ + ই + ব্ + আ + র্ + অ।

সপরিবারে: পরিবারবর্গের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সপরিবার ['সপরিবার' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]। বানান: স্ + অ + প্ + অ + র্ + ই + ব্ + আ + র্ + এ।

সপসপ: তরল দ্রব্য খাওয়ার শব্দ। ধ্বন্যাত্মক শব্দ। অব্য। দেশী। বানান: স্ + অ + প্ + স্ + অ + প্। বি.দ্র.: শব্দ-মধ্যের এবং শব্দান্তের 'প' হসন্তবর্জিত।

সপসপে: সিক্ততার ধ্বনিরূপ। বিণ। দেশী। বানান: স্ + অ + প্ + স্ + অ + প্ + এ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'প্' হসন্তবর্জিত।

সপাং, সপাৎ: সজোরে বেত ইত্যাদি দিয়ে প্রহারের শব্দ। অব্য। দেশী। বানান: স্ + অ + প্ + আ + ং, ৎ।

সপাং-সপাং, সপাৎ-সপাৎ: ক্রমাগত বেত দিয়ে প্রহারের শব্দ। অব্য। দেশী। বানান: স্ + অ + প্ + আ + ং, ৎ।

সপাদ: সওয়া, পা-যুক্ত। বিণ। তৎসম। স [=সহ] + পাদ [এক-চতুর্থাংশ, পা]। পাদেব [পা বা সিকি ভাগ] সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + প্ + আ + দ্ + অ।

সপাসপ: এক নাগাড়ে সপাসপ শব্দ করে। অব্য। দেশী। বানান: স্ + অ + প্ + আ + স্ + অ + প্। বি.দ্র.: শব্দান্তের 'প' হসন্ত-বর্জিত।

সপিণ্ড: পিণ্ডাধিকারী। বিণ, বি। তৎসম। স [=সমান] পিণ্ড [পিণ্ডদানের অধিকার] যাদের= বহুব্রী। ৩।৫ স্ + অ + প্ + ই + ণ্ + ড্ + অ। বি.দ্র.: ণ্ + ড= ণ্ড। 'ড'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

সপিণ্ডতা: পিণ্ডাধিকার। বি। তৎসম। সপিণ্ড ['সপিণ্ড' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + প্ + ই + ণ্ + ড্ + অ + ত্ + আ। বি.দ্র.: ণ্ + ড্ + অ= ণ্ড। বি.দ্র.: 'ড'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

সপিণ্ডীকরণ: মৃত্যুর এক বছর পরে কৃত শ্রাদ্ধ। বি। তৎসম। সপিণ্ড ['সপিণ্ড' দ্রষ্টব্য] + ঈ

[অভূততদ্ভাবে] + করণ [কৃ + অন]। ৬।১ বানান: স্ + অ + প্ + ই + ণ্ + ড্ + ঈ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ণ + ড্ + ঈ= ণ্ডী। 'ড'-এর আগে 'ণ' হয়েছে। তাছাড়া, 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।ক, ৪।১।ঙ, ৪।১।গ

সপিনা: আদালতের পরওয়ানা। বি। বিদেশী। < আ. সফীনা। বাংলা বানান: স্ + অ + প্ + ই + ন্ + আ।

সপেটা: সফেদা। বি। বিদেশী। < পো. zapota. বাংলা বানান: স্ + অ + প্ + এ + ট্ + আ।

সপ্ত: সাত। বিণ। তৎসম। < সপ্তন্ [সপ্ (+ত্—আগম)+অন্]। বানান: স্ + অ + প্ + ত্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত।

সপ্তক: সপ্তসংখ্যক, একসঙ্গে সাতটি। বিণ। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + ক। বানান: স্ + অ + প্ + ত্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত।

সপ্তক: সপ্তসংখ্যক, একসঙ্গে সাতটি। বিণ। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + ক। বানান: স্ + অ + প্ + ত্ + অ + ক্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত।

সপ্তগ্রাম: সাতগাঁ। বি। তৎসম। সপ্ত [সপ্ত' দ্রষ্টব্য] + গ্রাম [গ্রাম্ + অ]। ৬।১ সপ্ত গ্রাম যার= বহুব্রী। ৩।৫ ৩।৬ বানান: স্ + অ + প্ + ত্ + অ + গ্ + র্ + আ + ম্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত, গ্ + র্ + আ= গ্রা।

সপ্তচত্বারিংশ: সাতচল্লিশ স্থানীয়। বিণ। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + চত্বারিংশ। সপ্ত অধিক চত্বারিংশ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + প্ + ত + অ + চ্ + অ + ত্ + ব্ + আ + র্ + ই + ং + শ্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত, ত্ + ব্ + আ= ত্বা।

সপ্তচ্ছদ: ছাতিম গাছ। বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + ছদ [ছদ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + ছ= অচ্ছ। ২।১৪ সপ্ত ছদ [পাতা] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + প্ + ত্ + অ + চ্ + ছ + অ + দ্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত, চ্ + ছ্ + অ= চ্ছ।

সপ্ততল: সাততলা। বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + তল [তল্ + অ]। ৬।১ সপ্ত তল [তলা] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + প্ + ত্ + অ + ত্ + অ + ল্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত।

সপ্ততি: ৭০ সংখ্যক, সত্তর। বি, বিণ। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + ['দশৎ' (নিপাতিত) + তি]। সাতের দশগুণ সংখ্যক [৭X১০= ৭০]। বানান: স্ + অ + প্ + ত্ + অ + ত্ + ই। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত।

সপ্ততিতম: সত্তর সংখ্যার পূরক। বিণ। তৎসম। সপ্ততি ['সপ্ততি' দ্রষ্টব্য] + তম। ৬।২ বানান: স্ + অ + প্ + ত্ + অ + ত্ + ই + ত্ + অ + ম্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত।

সপ্তদশ: সতের। বি, বিণ। তৎসম। সপ্ [+'ত'—আগম]+ দশ্ + অন্। সপ্ত 'অধিক' দশ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + প্ + ত্ + অ + দ্ + অ + শ্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত।

সপ্তদশী: সতের বৎসর বয়স্কা। বিণ। তৎসম। সপ্তদশ ['সপ্তদশ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।জ বানান: স্ + অ + প্ + ত্ + অ + দ্ + অ + শ্ + ঈ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত।

সপ্তদ্বীপ: পৃথিবীর পুরাণোক্ত সাতটি দ্বীপ। বি। তৎসম। সপ্ত ['সপ্ত'দ্রষ্টব্য] + দ্বীপ [দ্বি + ঈপ (জল)]। ৬।২ সপ্ত দ্বীপ যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + প্ + ত্ + অ + দ্ + ব্ + ঈ + প্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত, দ্ + ব্ + ঈ= দ্বী।

সপ্তদ্বীপা : সপ্তদ্বীপযুক্তা, পৃথিবী। বিণ। তৎসম। সপ্তদ্বীপ ['সপ্ত দ্বীপ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক সপ্ত দ্বীপ যার [স্ত্রী] = বহুব্রী। বানান: স্ + অ + প্ + ত্ + অ + দ্ + ব্ + ঈ + প্ + আ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত, দ্ + ব্ + ঈ= দ্বী, প্ + আ= পা।

সপ্তধা : সাত বিভাগ। অব্য, ক্রি-বিণ। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + ধা < সং. ধাচ্]। সপ্ত ধা [প্রকার] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + প্ + ত্ + অ + ধ্ + আ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত, ধ্ + আ= ধা।

সপ্তপদী : হিন্দু-বিবাহে বরবধূর একত্রে সপ্তপদ গমন অনুষ্ঠান, সাতখানি পদযুক্তা। বি, বিণ। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + পদী [পদ (পদ্ + অ) + ঈ]। ৬।১, ৭।১।গ সপ্ত পদ গমন যে অনুষ্ঠানে বা সপ্ত পদ যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + প্ + ত্ + অ + প্ + অ + দ্ + ঈ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত, দ্ + ঈ= দী।

সপ্তপর্ণ, সপ্তপর্ণী : ছাতিম গাছ। বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + পর্ণ, পর্ণী [পৃ + ন বা পর্নি + অ। ৬।১ সপ্ত পর্ণ [পাতা] যার= বহুব্রী। ৩।৫, + ঈ [স্ত্রী]। বানান: স্ + অ + প্ + ত্ + অ + প্ + অ + র্ + ণ্ + অ, ঈ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত, র্ + ণ্ + অ= র্ণ, র্ + ণ্ + ঈ= র্ণী।

সপ্তপাতাল : সাত রকমের পাতাল। বিণ। বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + পাতাল [পত্ + আল]। ৬।১ সপ্ত [সাত] পাতালের সমাহার= দ্বিগু। ৩।৬ বানান: স্ + অ + প্ + ত্ + অ + প্ + আ + ত্ + আ + ল্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত।

সপ্তবিংশতি : সাতাশ। বিণ, বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + বিংশতি [দ্বি দশৎ শতি]। সপ্ত অধিক বিংশতি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + প্ + ত্ + অ + ব্ + ই + ং + শ্ + অ + ত্ + ই। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত।

সপ্তবিংশতিতম : সাতাশ সংখ্যক। বিণ। তৎসম। সপ্তবিংশতি ['সপ্তবিংশতি' দ্রষ্টব্য] + তম। সপ্ত অধিক বিংশতি সংখ্যক। সাতাশ সংখ্যক। বানান: ব্ + ই + ং + শ্ + অ + ত্ + ই + ত্ + অ + ম্ + অ।

সপ্তমী : সপ্তম-এর স্ত্রীলিঙ্গের রূপ। তিথি বিশেষ। বিণ। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + ম + ঈ [স্ত্রী]। ৭।১।৫ বানান: স্ + অ + প্ + ত্ + অ + ম্ + ঈ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত, ম্ + ঈ= মী।

সপ্তরথী : অভিমন্যুকে বধকারী সপ্তবীর। বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + রথী [রথ + ইন্ (ঈ)]। ৬।২ সপ্ত রথীর সমাহার= দ্বিগু। ৩।৬ বানান: স্ + অ + প্ + ত্ + অ + র্ + অ + থ্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সপ্তর্ষি : ব্রহ্মার মানসপুত্ররূপে খ্যাত সাত ঋষিশ্রেষ্ঠ, প্রসিদ্ধ নক্ষত্রপুঞ্জ। বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + ঋষি [ঋষ্ (উচ্চমার্গে গমন করা) + ই। ৬।১ [সন্ধি] অ + ঋ= অর্। ২।৬।ক সপ্ত ঋষির সমাহার= দ্বিগু। ৩।৬ বানান: স্ + অ + প্ + ত্ + অ + র্ + ষ্ + ই। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত, র্ + ষ্ + ই= র্ষি।

সপ্তর্ষিমণ্ডল : সপ্তর্ষি নামে নক্ষত্রপুঞ্জ। বি। তৎসম। সপ্তর্ষি ['সপ্তর্ষি' দ্রষ্টব্য] + মণ্ডল [মণ্ড্ + অল]। ৬।১ সপ্তর্ষির মণ্ডল [একত্র সমাবেশ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + প্ + ত্ + অ + র্ + ষ্ + ই + ম্ + অ + ণ্ + ড্ + অ + ল্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত, র্ + ষ্ + ই= র্ষি, ণ্ + ড্ + অ= ণ্ড। 'ড্'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।২।ক

সপ্তলোক: পুরাণোক্ত সপ্ত ঊর্ধ্বলোক। বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + লোক [লোক্ + অ]। ৬।১ সপ্ত লোকের সমাহার= দ্বিগু। ৩।৬ বানান: স্ + অ + প্ + ত্ + অ + ল্ + ও + ক্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত, ল্ + ও= লো।

সপ্তশতী: সাত শতের সমবায়। বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + শত [শ (দশ দশৎ) + ত + ঈ [স্ত্রী]। ৭।১।গ সপ্ত শতের সমাহার [স্ত্রী] = দ্বিগু। ৩।৬ বানান: স্ + অ + প্ + ত্ + অ + শ্ + অ + ত্ + ঈ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত, ত্ + ঈ= তী।

সপ্তষষ্টি: সাতষট্টি। বি, বিণ। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + ষষ্টি [ষষ্ট (ষট্ দশৎ] + তি। ৬।২ সপ্ত অধিক ষষ্টি [ষাট]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + প্ + ত্ + অ + ষ্ + অ + ষ্ + ট্ + ই। বি.দ্র.: ষ্ + তি= ষ্টি। ২।২৪

সপ্তসমুদ্র: পুরাণোক্ত সাত সমুদ্র। বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + সমুদ্র [সম্ + উন্দ্ + র]। ৬।১ সপ্ত সমুদ্রের সমাহার= দ্বিগু। ৩।৬ বানান: স্ + অ + প্ + ত্ + অ + স্ + অ + ম্ + উ + দ্ + র্ + অ। বি.দ্র.: দ্ + র্ + অ= দ্র।

সপ্তসাগর: পুরাণোক্ত সাত সমুদ্র। বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + সাগর [সগর + অ [ষ্ণ]। ৬।২ সপ্ত সাগরের সমাহার= দ্বিগু। ৩।৬ বানানা: স্ + অ + প্ + ত্ + স্ + আ + গ্ + অ + র্ + অ।

সপ্তসিন্ধু: পুরাণোক্ত সাত সমুদ্র। বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + সিন্ধু [স্যন্দ্ (দ্ = ধ্) + উ। ৬।২ সপ্ত সিন্ধুর সমাহার= দ্বিগু। ৩।৬ বানান: স্ + অ + প্ + ত্ + অ + স্+ই+ন্+ধ্+উ। বি.দ্র.: ন্+ধ্+উ= ন্ধু।

সপ্তসুর: সঙ্গীতে সাতটি সুর। বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + সুর [সুর্ + অ]। ৬।১ সপ্ত সুরের সমাহার= দ্বিগু। ৩।৬ বানান: স্ + অ + প্ + ত্ + অ + স্ + র্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত।

সপ্তস্বরা: জলতরঙ্গবাদ্য। বি। তৎসম। সপ্তস্বর ['সপ্তস্বর' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক সপ্ত স্বরের সমাহার [স্ত্রী]= দ্বিগু। ৩।৬ বা, সপ্ত স্বর যাতে [স্ত্রী]-বাদ্যযন্ত্র= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + প্ + ত্ + অ + স্ + ব্ + অ + র্ + আ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত, স্ + ব্ = অ= স্ব, র্ + আ= রা।

সপ্তস্বর্গ: পুরাণোক্ত সপ্ত ঊর্ধ্বলোক। বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + স্বর্গ [সু + ঋজ্ (থাকা) + অ]। ৬।১ সপ্ত স্বর্গের সমাহার= দ্বিগু। ৩।৬ বানান: স্ + অ + প্ + ত্ + অ + স্ + ব্ + অ + র্ + গ্ + অ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব, র্ + গ্ + অ= র্গ।

সপ্তা: সপ্তাহ। বি। তদ্ভব। < সং. সপ্তাহ্। বানান: স্ + অ + প্ + ত্ + আ। বি.দ্র.: প্ + ত্ + আ= প্তা।

সপ্তাশ্ব: সূর্য। বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + অশ্ব [অশ্ (দ্রুতগতিতে গমন করা) + ব। ৬।১ সপ্ত অশ্ব যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + প্ + ত্ + আ + শ্ + ব্ + অ। বি.দ্র.: শ্ + ব্ + অ= শ্ব।

সপ্তাহ: পরপর সাতদিন। বি। তৎসম। সপ্ত ['সপ্ত' দ্রষ্টব্য] + অহন্। [সন্ধি] অ + আ= আ [প্তা] সপ্ত অহনের সমাহার= দ্বিগু। ৩।৬ বানান: স্ + অ + প্ + ত্ + আ + হ্ + অ। বি.দ্র.: প্ + ত্ + আ= প্তা।

সপ্রতিভ: প্রতিভাযুক্ত, যে ঘাবড়ায় না। বিণ। তৎসম। স [=সহ] + প্রতিভা [প্রতি + ভা

+ অ + আ]। ৬।১ প্রতিভার সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী [সপ্রতিভ 'আ' -কার লোপ]। ৩।৫ বানান: স্ + অ + প্ + র্ + অ + ত্ + ই + ভ্ + অ।

সপ্রমাণ: প্রমাণযুক্ত। বিণ। তৎসম। স [=সহ] + প্রমাণ [প্র + মা + অন]। ৬।১ প্রমাণের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + প্ + র্ + অ + ম্ + আ + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে অ, ম, আ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সফর: পরিদর্শনের উদ্দেশ্যে ভ্রমণ। বি। বিদেশী। < আ. সফর্। বাংলা বানান: স্+অ+ ফ্ +অ +র্। বি.দ্র. :শব্দান্তের 'র' বাংলায় হসন্ত-বর্জিত।

সফরি: সমুদ্র-সফর-সম্পর্কিত, বাণিজ্য-পোতে বাহিত । বিণ। বিদেশী <আ. সফর্ + বাং. ই। ৬।৩ বাংলা বানান: স্ + অ + ফ্ + অ + র্ + ই।

সফরিয়া: সমুদ্র-সফর-সংক্রান্ত, বাণিজ্য পোতারোহী। বিদেশী। <আ. সফর্ + বাং. ইয়া। ৬।৩ বাংলা বানান: স্ + অ + ফ্ + অ + র্ + ই + য্ + আ।

সফরী: পুঁটিমাছ। বি। তৎসম। <প্রোষ্ঠী। বানান: স্ + অ + ফ্ + অ + র্ + ঈ। বি.দ্র.: র্ + ঈ= রী।

সফল: সফলতাযুক্ত। বিণ। তৎসম। স [= সহ] + ফল [ফল্ + অ]। ৬।১ ফলের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ফ্ + অ + ল্ + অ।

সফলতা: সাফল্য। বি। তৎসম। সফল ['সফল' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + ফ্ + অ + ল্ + অ + ত্ + আ।

সফেদ: সাদা। বিণ। বিদেশী। <ফা. সফেদ্। বাংলা বানান: স্ + অ + ফ্ + এ + দ্। বি.দ্র.: শব্দান্তের 'দ' বাংলায় হসন্ত-বর্জিত।

সফেদা: সীসা থেকে প্রস্তুত সাদা রঙ, চালের গুঁড়ো। বি। বিদেশী। <উর্দু. সফেদা। বাংলা বানান: স্ + অ + ফ্ + এ + দ্ + আ। বি.দ্র.: সফেদা >সপেটা। <পো. zapata. বাংলা বানান: স্ + অ + ফ্ + এ + দ্ + আ।

সফেন: ফেনাযুক্ত। বিণ। তৎসম। স [= সহ] + ফেন। ফেনের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ফ্ + এ+ ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সব: সমস্ত। বিণ। তদ্ভব <সং. সর্ব। বানান: স্ + অ + ব্ + অ।

সবংশ: বংশের সমস্ত ব্যক্তির সঙ্গে বর্তমান। বি। তৎসম। স [= সহ] + বংশ [বম্ (পুত্র-পৌত্রাদি উৎপাদন করা) + শ] ৬।১ বংশের সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ব্ + অ + ং + শ্ + অ।

সবংশে: বংশের সমস্ত ব্যক্তির সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সবংশ ['সবংশ' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]। বানান: স্ + অ + ব্ + অ + ং + শ্ + এ।

সবজান্তা (ব্যঙ্গে): সর্বজ্ঞ। বিণ। অর্ধ তৎ। <সং. সর্বজ্ঞ। সব [<সং. সর্ব] + জান্তা [বাং. জান্ (<সং. জ্ঞা) + হি. তা। বানান: স্ + অ + ব্ + অ + জ্ + আ + ন্ + ত্ + আ।

সবজি, সবজী: তরকারি, আনাজ। বি। বিদেশী। >ফা. সব্জী। বাংলা বানান: স্ + অ + ব্ + জ্ + ই, ঈ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ব' হসন্ত-বর্জিত।

সবৎস: বাছুর-সমেত। বিণ। তৎসম। স [= সহ] বৎস [বদ্ + স]। ৬।১ বৎসের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ব্ + অ + ৎ + স্ + অ।

সবৎসা: বাছুর-সমেত গাভী। বিণ। তৎসম। সবৎস ['সবৎস' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। বানান: স্ + অ + ব্ + অ + ৎ + স্ + আ।

সবন্ধু : বন্ধুর সঙ্গে। বিণ। তৎসম। স [= সহ] + বন্ধু [বন্ধ্ (বন্ধন করা) + উ। ৬।১ বন্ধুর সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ব্ + অ + ন্ + ধ্ + উ। বি.দ্র.: ন্ + ধ্ + উ= ন্ধু।

সবরিকলা : মর্তমান কলা। বি। দেশী। বানান: স্ + অ + ব্ + র্ + ই + ক্ + অ + ল্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ব' হসন্ত-বর্জিত।

সবর্ণ : একই বর্ণ যাদের। বিণ। তৎসম। স [= সমান] + বর্ণ [বর্ণ্ + অ]। ৬।১ সমান [স] বর্ণ যাদের= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ব্ + অ + র্ + ণ্ + অ। বি.দ্র.: 'র্'-এব ঠিক পরেই 'ণ্' হয়েছে। ৪।১।খ

সবল : শক্তিশালী [সং. সহ + বল]। বিণ। তৎসম। স [= সহ] + বল [বল্ + অ]। ৬।১ বলের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ব্ + অ + ল্ + অ।

সবলা : শক্তিশালিনী। বিণ। তৎসম। সবল ['সবল' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + ব্ + অ + ল্ + আ।

সবলে : সজোরে। ক্রি-বিণ। তৎসম। স [সহ] + বল [বল্ + অ] + বাং. এ [অধিকরণ]। বানান: স্ + অ + ব্ + অ + ল্ + এ।

সবলোট : যে সমস্ত লুঠ করে। বিণ। তদ্ভব। সব [<সং. সর্ব] + লোট [<বাং. লুট্ <লুঠ <সং. লুণ্ঠ্]। বানান: স্ + অ + ব্ + অ + ল্ + ও + ট্। বি.দ্র.: শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

সবসুদ্ধ : মোট। বিণ, ক্রি-বিণ। তদ্ভব। সব [<সং. সর্ব] + সুদ্ধ [<হি. সুদ্ধা (সহিত, সমেত]। বানান: স্ + অ + ব্ + অ + স্ + উ + দ্ + ধ্ + অ। বি.দ্র.: স্ ['শ' হবে না] + উ= সু, দ্ + ধ্ + অ= দ্ধ।

সবসে : সর্বাপেক্ষা। ক্রি-বিণ। বিদেশী। <হি. সব্‌সে। বাংলা বানান: স্ + অ + ব্ + স্ + এ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ব' হসন্ত-বর্জিত।

সবাই : সকলেই। সর্ব। তদ্ভব। সবা [<সং. সর্বে] + বাং. ই। বানান: স্ + অ + ব্ + আ + ই।

সবাক্ : বাক্‌যুক্ত। বিণ। তৎসম। স [= সহ] + বাক্ (বচ্ + ক্বিপ্)। ৬।১ বাক্-এর সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ব্ + আ + ক্।

সবাকার : সকলের। সর্ব। তদ্ভব। সবা [<সং. সর্বে] + বাং. কাব [সম্বন্ধপদ-বিভক্তি]। বানান: স্ + অ + ব্ + আ + ক্ + আ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

সবান্ধব : বন্ধুর সঙ্গে। বিণ। তৎসম। স [= সহ] + বান্ধব [বন্ধু + অ]। ৬।১ বান্ধবের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ব্ + আ + ন্ + ধ্ + অ + ব্ + অ। বি. দ্র.: ন্ + ধ্ + অ= ন্ধ।

সবার : সকলের। সর্ব। তদ্ভব। সবা [<সং. সর্বে] + র [সম্বন্ধপদ-বিভক্তি]। বানান: স্ + অ + ব্ + আ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

সবিকল্প : বিকল্পযুক্ত। বিণ। তৎসম। স [= সহ] বিকল্প [বি + কৢপ্ + অ]। ৬।১ বিকল্পের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ব্ + ই + ক্ + অ + ল্ + প্ + অ। বি.দ্র.: ল্ + প্ + অ = ল্প।

সবিকল্প সমাধি : এক প্রকার যোগ। বি। তৎসম। সবিকল্প ['সবিকল্প' দ্রষ্টব্য] সমাধি [সম্ + আ + ধা + ই]। ৬।১ সবিকল্প যে সমাধি= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ব্ + ই + ক্ + অ + ল্ + প্ + অ + স্ + অ + ম্ + আ + ধ্ + ই।

সবিতা : সূর্য। বি। তৎসম। সূ [প্রসব করা] + তা [<তৃ (তৃচ্)]। ৬।১ পুংলিঙ্গ। যিনি বিশ্বকে প্রসব করেছেন। বানান: স্ + অ + ব্ + ই + ত্ + আ।

সবিত্রী : প্রসবকারিণী। বিণ। তৎসম। সবিতৃ + ঈ [স্ত্রী]। ৭।১।ছ প্রসবিত্রী, প্রসবকর্ত্রী। বানান : স্ + অ + ব্ + ই + ত্ + র্ + ঈ। বি.দ্র. : ত্ + র্ + ঈ= ত্রী।

সবিনয় : বিনয়সহ। বিণ। তৎসম। স [= সহ] + বিনয়= [বি + নী + অ]। ৬।১ বিনয়ের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ব্ + ই + ন্ + অ + য্ + অ।

সবিনয়ে : বিনয়ের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সবিনয় ['সবিনয়' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]। বানান : স্ + অ + ব্ + ই + ন্ + অ + য্ + এ।

সবিরাম : বিরতিযুক্ত। বিণ। তৎসম। স [= সহ] + বিরাম [বি + রম্ + অ]। ৬।১ বিরামের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ব্ + ই + র্ + আ + ম্ + অ।

সবিশেষ : বিশেষপ্রকার। বিণ। তৎসম। স [= সহ] + বিশেষ [বি + শিষ্ + অ]। ৬।১ বিশেষের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ব্ + ই + শ্ + এ + ষ্ + অ। বি.দ্র. : 'এ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

সবিষ : বিষযুক্ত। বিণ। তৎসম। স [= সহ] + বিষ [বিষ্ + অ]। ৬।১ বিষের সঙ্গের বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ব্ + ই + ষ্ + অ। বি.দ্র. : 'ই'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

সবিস্তার : বিস্তারযুক্ত। বিণ। তৎসম। স [= সহ] + বিস্তার [বি + স্তৃ + অ]। ৬।১ বিস্তারের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ব্ + ই + স্ + ত্ + আ + র্ + অ। বি.দ্র. : স্ + ত্ + আ = স্তা।

সবিস্তারে : বিস্তারিতভাবে। ক্রি-বিণ। তৎসম। সবিস্তার ['সবিস্তার' দ্রষ্টব্য] +বাং. এ [অধিকরণ]। বানান : স্ + অ + ব্ + ই + স্ + ত্ + আ + র্ + এ। বি.দ্র. : স্ + ত্ + আ= স্তা।

সবিস্ময় : বিস্ময়যুক্ত। বিণ। তৎসম। স [= সহ] + বিস্ময় [বি +স্মি + অ]। ৬।১ বিস্ময়ের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ব্ + ই + স্ + ম্ + অ + য্ + অ। বি.দ্র. : স্ + ম্ + অ= স্ম।

সবিস্ময়ে : বিস্ময়ের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সবিস্ময় ['সবিস্ময়' দ্রষ্টব] + বাং. এ [অধিকরণ]। বানান : স্ + অ + ব্ + ই + স্ + ম্ + অ + য্ + এ। বি.দ্র. : স্ + ম্ + অ= স্ম।

সবুজ : হরিৎ। বিণ, বি। বিদেশী। <ফা. সব্জ্। বাংলা বানান : স্ + অ + ব্ + উ + জ্। বি.দ্র. : শব্দান্তের 'জ' হসন্ত-বর্জিত।

সবুর : ধৈর্য অবলম্বন। বি। বিদেশী। <আ. সব্র্। বাংলা বানান : স্ + ব্ + উ + র্। বি.দ্র. : শব্দান্তের 'র্' হসন্ত-বর্জিত।

সবে : মোটে, কেবল। সকলে। সর্ব। তদ্ভব। সব [<সং. সর্ব] + বাং. এ.। বানান : স্ + অ + ব্ + এ।

সবেবরাত : শবেবরাত, মৃতদের উদ্দেশ্যে খাদ্যাদি উৎসর্গের অনুষ্ঠান। বি। বিদেশী। <ফা. শব্-ই-বরাৎ। বাংলা বানান : স্ [শ্] + অ + ব্ + এ + ব্ + অ + র্ + আ + ত্। বি.দ্র. : শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

সবেমাত্র : এইমাত্র। অব্য। তদ্ভব। সব [<সং. সর্ব] + এ + মাত্র [মা + ত্র]। ৬।১ বানান : স্ + অ + ব্ + এ + ম্ + আ + ত্ + র্ + অ। বি.দ্র. : ত্ + র্ + অ= ত্র।

সব্য : বাম, ডান ও বাম দুই। বি। তৎসম। সূ [জয় করা] + য [যৎ]। ৬।১ বানান : স্ + অ + ব্ + য্ + অ। বি.দ্র. : ব্ + য্ + অ= ব্য।

সব্যসাচী : উভয় হস্তদ্বারাই শর-নিক্ষেপে সমর্থ, অর্জুন। বি। তৎসম। সব্য ['সব্য' দ্রষ্টব্য] +

সাচী [সচ্ + ইন্ (ঈ)]। ৬।১ সব্য [বাম্, বাম ও ডান উভয় হাতে] সচন [তীর নিক্ষেপ] করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + ব্ + য্ + অ + স্ + আ + চ্ + ঈ।

সভক্তি: ভক্তিসহ। বিণ। তৎসম। স [= সহ] + ভক্তি [ভজ্ + তি]। ৬।১ ভক্তির সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ভ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + ই= ক্তি।

সভয়: ভীত। বিণ। তৎসম। স [= সহ] + ভয় [ভী + অ]। ৬।১ ভয়ের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ভ্ + অ + য্ + অ।

সভয়ে: ভয়ের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সভয় ['সভয়' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]। বানান: স্ + অ + ভ্ + অ + য্ + এ।

সভর্তৃকা: স্বামীর সঙ্গে। বিণ। তৎসম। স [= সহ] + ভর্তৃক [ভৃ + তৃ (তৃচ্) + ক + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক ভর্তাব সঙ্গে বর্তমান [স্ত্রী]= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ভ্ + অ + র্ + ত্ + ঋ + ক্ + আ। বি.দ্র.: র্ + ত্ + ঋ= র্তৃ।

সভা: সমিতি। বি। তৎসম। স [= সহ] + ভা [ভা + অ + আ]। ৬।১ ভা [দীপ্তি]-র সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ভ্ + আ।

সভাকক্ষ: সভার অধিবেশন-স্থান। বি। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + কক্ষ [কষ্ + স]। ৬।১ সভার নিমিত্ত কক্ষ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ভ্ + আ + ক্ + অ + ক্ + ষ্ + অ। বি. দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

সভাকবি: রাজসভার নিযুক্ত কবি। বি। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + কবি [কব্ (বর্ণনা করা) + ই]। ৬।১ সভার কবি: সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ভ্ + আ + ক্ + অ + ব্ + ই।

সভাগৃহ: সভার অধিবেশন-স্থান। বি। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + গৃহ [গ্রহ্ + অ]। ৬।১ সভার নিমিত্ত গৃহ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ভ্ + আ + গ্ + ঋ + হ্ + অ। বি.দ্র.: গ্ + ঋ = গৃ।

সভাজন: সভাসদ্। বি। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + জন [জন্ + অ]। ৬।১ সভার জন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ভ্ + আ + জ্ + অ + ন্ + অ।

সভাতল: সভার অধিবেশন-স্থান। বি। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + তল [তল্ + অ]। ৬।১ সভার তল [<সং. স্থল] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ভ্ + আ + ত্ + অ + ল্ + অ।

সভানেত্রী: সভার পরিচালিকা। বি। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + নেত্রী [নেতৃ (নী + তৃচ্) + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ছ সভার নেত্রী= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ভ্ + আ + ন্ + এ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: ত্ + র্ + ঈ= ত্রী।

সভাপতি: সভার পরিচালক। বি। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + পতি [পা (রক্ষা করা) + অতি]। ৬।১ সভার পতি [পালক বা রক্ষক] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ভ্ + আ + প্ + অ + ত্ + ই।

সভাভঙ্গ: সভার কার্য শেষ। বি। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + ভঙ্গ [ভন্জ্ + অ]। ৬।১ সভার ভঙ্গ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ভ্ + আ + ভ্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ।

সভামণ্ডপ: সভার অধিবেশন-স্থান। বি। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + মণ্ডপ [মণ্ড + পা + অ]। ৬।১ সভার নিমিত্ত মণ্ডপ [মঞ্চ]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ভ্ +

আ + ম্ + অ + ণ্ + ড্ + অ + প্ + অ। বি.দ্র. : ণ্ + ড্ + অ= ণ্ড। 'ড্'-এর আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

সভারম্ভ : সভার আরম্ভ। বি। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + আরম্ভ [আ + রভ্ + অ]। ৬।১ [সন্ধি] আ + আ= আ [ভা]। ২।১।খ সভার আরম্ভ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + অ + ভ্ + আ + র্ + অ + ম্ + ভ্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + অ= ম্ভ।

সভাসদ্ : সভার সদস্য। বি। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + সদ্ [সদ্ (গমন করা) + ক্বিপ্]। ৬।১ সভায় গমন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ + ভ্ + আ + স্ + অ + দ্।

সভা-সমিতি : সভা। বি। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + সমিতি [সম্ + ই + তি]। ৬।১ সভা ও সমিতি= দ্বন্দ্ব। ৩।৪ বানান : স্ + অ + ভ্ + আ + স্ + অ + ম্ + ই + ত্ + ই।

সভা-সাহিত্য : রাজসভাদির পৃষ্ঠপোষকতায় রচিত সাহিত্য। বি। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + সাহিত্য [সহিত (স + হিত) + য (ষ্ণ)]। ৬।১ সভার নিমিত্ত রচিত সাহিত্য = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + অ + ভ্ + আ + স্ + আ + হ্ + ই + ত্ + য্ + অ। বি.দ্র. : ত্ + য্ + অ = ত্য।

সভা-সাহিত্যিক : রাজসভায় নিযুক্ত সাহিত্যিক। বি। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + সাহিত্যিক [সাহিত্য + ইক (ষ্ণিক)]। ৬।২ সভায় নিযুক্ত সাহিত্যিক= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + অ + ভ্ + আ + স্ + আ + হ্ + ই + ত্ + য্ + ই + ক্ + অ। বি.দ্র. : ত্ + য্ + ই= ত্যি।

সভাসীন : সভায় উপবিষ্ট। বিণ। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + আসীন [আস্ + ঈন [শানচ্]। ৬।১ [সন্ধি] আ + আ= আ [ভা]। ২।১।ঘ সভায় আসীন [উপবিষ্ট]= অধিকরণতৎ। ৩।৩ বানান : স্ + অ + ভ্ + আ + স্ + ঈ + ন্ + অ। বি.দ্র. : স্ + ঈ= সী।

সভাস্থ : সভায় উপস্থিত। বিণ। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + স্থ [স্থা + অ]। ৬।১ সভায় থাকে যে= উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ + ভ্ + আ + স্ + থ্ + অ। বি.দ্র. : স্ + থ্ + অ= স্থ।

সভাস্থল : সভার অধিবেশন-স্থান। বি। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + স্থল [স্থল্ + অ]। ৬।১ সভার স্থল= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + অ + ভ্ + আ + স্ + থ্ + অ + ল্ + অ।

সভ্য : সভার সদস্য। বি, বিণ। তৎসম। সভা ['সভা' দ্রষ্টব্য] + য [ষ্ণ]। ৬।২ বানান : স্ + অ + ভ্ + য্ + অ। বি. দ্র. : ভ্ + য্ + অ = ভ্য।

সভ্যতা : মার্জিত রুচি ও চিত্তের উৎকর্ষ এবং তদনুসারী জীবন-যাপন। বি। তৎসম। সভ্য [সভা + য (ষ্ণ)] + তা। ৬।২ বানান : স্ + অ + ভ্ + য্ + অ + ত্ + আ। বি.দ্র. : ভ্ + য্ + অ= ভ্য।

সভ্যতাভিমানিনী : উন্নত সভ্যতার গর্বে গর্বিতা। বিণ। তৎসম। সভ্যতা [সভ্য + তা] + অভিমানিনী [অভি + মান + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ সভ্যতার অভিমান করে যে (স্ত্রী)= উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ + ভ্ + য্ + অ + ত্ + আ + ভ্ + ই + ম্ + আ + ন্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : ভ্ + য্ + অ= ভ্য, শব্দটি 'ইন্' + 'ঈ' = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

সভ্যতাভিমানী : উন্নত সভ্যতার গর্বে গর্বিত। বি। তৎসম। সভ্যতা [সভ্য + তা] + অভিমানী [অভি + মান্ + ইন্ (ঈ)]। ৬।১ সভ্যতার অভিমান করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ

+ ভ্ + য্ + অ + ত্ + আ + ভ্ + ই + ম্ + আ + ন্ + ঈ। বি. দ্র.: ভ্ + য্ + অ = ভ্য, ন্ + ঈ= নী। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সভ্যভব্য : শিষ্ট ও ভদ্র। বিণ। তৎসম। সভ্য ['সভ্য' দ্রষ্টব্য] + ভব্য [ভূ + য (যৎ)]। ৬।১ সভ্য ও ভব্য= দ্বন্দ্ব। ৩।৪ বানান: স্ + অ + ভ্ + য্ + অ + ভ্ + অ + ব্ + য্ + অ। বি.দ্র.: ভ্ + য্ + অ= ভ্য, ব্ + য্ + অ= ব্য।

সভ্যসমাজ : সমাজের অপেক্ষাকৃত মার্জিত-রুচি সম্প্রদায়। বি। তৎসম। সভ্য ['সভ্য' দ্রষ্টব্য] + সমাজ [সম্ + অজ্ + অ]। ৬।১ সভ্যদের সমাজ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ভ্ + য্ + অ + স্ + অ + ম্ + আ + জ্ + অ। বি.দ্র.: ভ্ + য্ + অ = ভ্য।

সভ্যা : সভার সদস্যা। বি। তৎসম। সভ্য ['সভ্য' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + ভ্ + য্ + আ। বি. দ্র.: ভ্ + য্ + আ= ভ্যা।

সম্ : সম্পূর্ণ, সম্যক্, সহিত, অত্যন্ত সমান ইত্যাদি অর্থসূচক। অব্য [উপসর্গ]।

সম : সমান। বিণ। তৎসম। সম্ + অ। ৬।১

সমকক্ষ : তুল্য। বিণ। তৎসম। সম [সম্ + অ] + কক্ষ [কষ্ + স]। ৬।১ সমান কক্ষ [কোমরের জোর (?)] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + অ + ক্ + অ + ক্ + ষ্ + অ। বি. দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

সমকক্ষতা : তুল্যতা। বি। তৎসম। সমকক্ষ ['সমকক্ষ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + ম্ + অ + ক্ + অ + ক্ + ষ্ + অ + ত্ + আ। বি. দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

সমকক্ষা : তুল্যা। বিণ। তৎসম। সমকক্ষ ['সমকক্ষ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + ম্ + অ + ক্ + অ + ক্ + ষ্ + আ। বি.দ্র.: ক্ + ষ্ + আ= ক্ষা।

সমকাল : একই সময়। বি। তৎসম। সম [সম্ + অ] + কাল [কাল্ + অ]। ৬।১ সম [একই] যে কাল = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + অ + ক্ + আ + ল্ + অ।

সমকালিক : একই সময়ের। বিণ। তৎসম। সমকাল ['সমকাল' দ্রষ্টব্য] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: স্ + অ + ম্ + অ + ক্ + আ + ল্ + ই + ক্ + অ। বি. দ্র.: ল্ + ই= লি।

সমকালীন : একই সময়ের। বিণ। তৎসম। সমকাল ['সমকাল' দ্রষ্টব্য] + ঈন। ৬।২ বানান: স্ + অ + ম্ + অ + ক্ + আ + ল্ + ঈ + ন্ + অ। বি. দ্র.: ল্ + ঈ =লী।

সমকেন্দ্রিক : একই কেন্দ্রযুক্ত। বিণ। তৎসম। সম [সম্ + অ] + কেন্দ্রিক [কেন্দ্র + ইক (ষ্ণিক)]। ৬।২ সমান [একই] কেন্দ্র যাদের = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + অ + ক্ + এ + ন্ + দ্ + র্ + ই + ক্ + অ। বি. দ্র.: ন্ + দ্ + র্ + ই= ন্দ্রি।

সমক্ষ : দৃষ্টির সম্মুখে। বিণ। তৎসম। সম্ + অক্ষি + অ। ৬।২ অক্ষির সম্মুখে= অব্যয়ীভাব। ৩।১ বানান: স্ + অ + ম্ + অ + ক্ + ষ্ + অ। বি. দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

সমক্ষে : সামনে। ক্রি-বিণ। তৎসম। সমক্ষ [সম্ + অক্ষি + অ] + বাং. এ [অধিকরণ]। অক্ষির সম্মুখে= অব্যয়ীভাব। ৩।১ বানান: স্ + অ + ম্ + অ + ক্ + ষ্ + এ। বি. দ্র.: ক্ + ষ্ + এ= ক্ষে।

সমগ্র : সম্পূর্ণ। বিণ। তৎসম। সম্ + অনগ্ ['ন্' লুপ্ত] + র। ৬।১ সমান [একই] অগ্র যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + অ + গ্ + র্ + অ। বি.দ্র.: গ্ + র্ + অ= গ্র।

সমগ্রতা : সম্পূর্ণতা। বি। তৎসম। সমগ্র ['সমগ্র' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + ম্

+ অ + গ্ + র্ + অ + ত্ + আ। বি. দ্র.: গ্ + র্ + অ= গ্র।

সমজাতীয় : একই জাতির অন্তর্ভুক্ত। বিণ। তৎসম। সম [সম্ + ত] + জাতীয় [জাতি (জন্ + তি) + ঈয়]। ৬।১ সম [একই] জাতি যাদের = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + অ + জ্ + আ + ত্ + ঈ + য্ + অ। বি.দ্র.: ত্ + ঈ = তী।

সমজাতীয়তা : এক জাতীয়ের ভাব। বি। তৎসম। সমজাতীয় ['সমজাতীয়' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + ম্ + অ + জ্ + আ + ত্ + ঈ + য্ + অ + ত্ + আ। বি. দ্র.: ত্ + ঈ= তী।

সমজাতীয়া : একই জাতির অন্তর্ভুক্তা। বিণ। তৎসম। সম [সম্ + অ] + জাতীয়া [জাতি + ঈয়]। ৬।২ সম [একই] জাতি যার বা যাদেব [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + অ + জ্ + আ + ত্ + ঈ + য্ + আ। বি.দ্র.: ত্ + ঈ= তী।

সমঝ : উপলব্ধি। বি। বিদেশী। <হি. সমঝ্। বাংলা বানান: স্ + অ + ম্ + অ + ঝ্। বি.দ্র.: শব্দান্তের 'ঝ' হসন্ত-বর্জিত।

সমঝদার : রসজ্ঞ। বিণ। বিদেশী। <হি. সমঝ + ফা. দার। বাংলা বানান: স্ + অ + ম্ + অ + ঝ্ + দ্ + আ + র্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ঝ' এবং শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

সমঝা : সমঝান। ক্রি। বিদেশী। <হি. সমঝ্ + বাং. আ। বাংলা বানান: স্+অ+ম্+অ+ঝ্+আ।

সমঝান : বুঝান। ক্রি। বিদেশী। >হি. সমঝ্ + বাং. আন। ৬।৩ বাংলা বানান: স্ + অ + ম্ + অ + ঝ্ + আ + ন্ + অ।

সমঞ্জস : সম্পূর্ণ উপযুক্ত। সং. সম্ + অঞ্জস্ + অ]। বিণ। তৎসম। সম্ + অঞ্জস্ + অ। ৬।২ বানান: স্ + অ + ম্ + অ + ঞ্ + জ্ + অ + স্ + অ। বি.দ্র.: ঞ্+জ্+অ=ঞ্জ।

সমতট : পূর্ববঙ্গ। বি। তৎসম। সম [সম্ + অ] + তট [তট্ + অ]। ৬।১ বানান: স্ + অ + ম্ + অ + ত্ + অ + ট্ + অ।

সমতল : অবন্ধুর। বিণ। তৎসম। সম [সম্ + অ] + তল [তল্ + অ]। ৬।১ সমান তল যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + অ + ত্ + অ +ল্ + অ।

সমতুল : সমান সমান, সদৃশ। বিণ। তৎসম। সম [সম্ + অ] + তুল [<সং. তুল্য]। বানান: স্ + অ + ম্ + অ + ত্ + উ + ল্ + অ।

সমতুল্য [অশুদ্ধ] : সমান সমান, সমকক্ষ। **বিণ**। তৎসম। সম [সমান] + তুল্য [সমান]। বানান: স্ + অ + ম্ + অ + ত্ + উ + ল্ + য্ + অ। বি.দ্র.: ল্ + য্ + অ = ল্য।

সমদর্শন : নিরপেক্ষ বিচাব। বি। তৎসম। সম [সম্ + অ] + দর্শন [দৃশ্ + অন]। ৬।১ সম [সমান] যে দর্শন = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + অ + দ্ + অ + র্ + শ্ + অ + ন্ + অ। বি.দ্র.: র্ + শ্ + অ = র্শ।

সমদর্শিনী : ন্যায্যবিচারকারিণী। বিণ। তৎসম। সম্ [সম + অ] + দৃশ্ [দেখা] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।৮ সম [সমান] দেখেন যিনি [স্ত্রী] = উপপদতৎ। বানান: স্ + অ + ম্ + অ + দ্ + অ + র্ + শ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: র্ + শ্ + ই = র্শি, ন্ + ঈ = নী। শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

সমদর্শী : নিরপেক্ষ। বিণ। তৎসম। সম [সম্ + অ] + দর্শী [দৃশ্ + ইন্ (ঈ)]। ৬।১ সম [সমান] দেখেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + অ + দ্ + অ + র্ + শ্ + ঈ। বি.দ্র.: র্ + শ্ + ঈ = র্শী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সমদুঃখ : সমান দুঃখ। বি। তৎসম। সম [সম্ + অ] + দুঃখ [দুস্ + খন্ + অ]। ৬।সম [সমান] যে দুঃখ = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + ম্ + অ + দ্ + উ + ঃ + খ্ + অ।

সমদুঃখিনী : সমব্যথিনী। বি। তৎসম। সমদুঃখ ['সমদুঃখ' দ্রষ্টব্য] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।চ সম [সমান] দুঃখ যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ম্ + অ + দ্ + উ + ঃ+ খ্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : খ্ + ই = খি, ন্ + ঈ = নী। শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত তাই আগে 'ই', পরে 'ঈ'।

সমদুঃখী : সমব্যথী। বিণ। তৎসম। সম [সম্ + অ] + দুঃখী [দুঃখ+ইন্ (ঈ)]। ৬।১, ৬।২, সম [সমান] দুঃখ যার = বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ম্ + অ + দ্ + উ + ঃ + খ্ + ঈ। বি.দ্র. : খ্ + ঈ = খী। শব্দটি 'ইন্'[ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সমদূরবর্তিতা : সমান দূরে অবস্থিতি। বি। তৎসম। সম [সম্ + অ] + দূরবর্তিতা [দূর + বৃৎ + ইত্ [ইন্] + আ। ৬।১ সম [সমান] দূরবর্তিতা = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + ম্ + অ + দ্ + ঊ + র্ + অ + ব্ + অ + র্ + ত্ + ই + ত্ + আ। বি.দ্র. : দ্ + ঊ = দূ।

সমদূরবর্তিনী : সমান দূরে অবস্থিতা। বিণ। তৎসম। সম [সম্ + অ] + দূর + বৃৎ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ সম [সমান] দূরে থাকে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ + ম্ + অ + দ্ + ঊ + র্ + অ + ব্ + অ + র্ + ত্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : দ্ + ঊ= দূ, শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

সমদূরবর্তী : সমান দূরে অবস্থিত। বি। তৎসম। সম [সম্ + অ] + দূর + বৃৎ + ইন্ [ঈ]। ৬।১ সমান দূরে থাকে যে = উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ + ম্ + অ + দ্ + ঊ + র্ + অ + ব্ + অ + র + ত্ + ঈ। বি.দ্র. : দ্ + ঊ = দূ, শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সমদৃষ্টি : নিরপেক্ষ বিচারের ক্ষমতা। বি। তৎসম। সম + দৃষ্টি [দৃশ্ + তি]। ৬।১, সম [সমান] যে দৃষ্টি = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + ম্ + অ + দ্ + ঋ + ষ্ + ট্ + ই। বি.দ্র. : দ্ + ঋ = দৃ, ষ্ + ট্ + ই = ষ্টি। 'ঋ'-র পর এবং 'ট'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ ষ্ + তি = ষ্টি।

সমধর্মা : একরূপ গুণযুক্ত, একই ধর্মাবলম্বী। বিণ। তৎসম। সম + ধর্মা [ধৃ + মন]। ৬।১ সম [সমান] ধর্ম যার = বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ম্ + অ + ধ্ + অ + র্ + ম্ + আ। বি.দ্র. : র্ + ম্ + আ = র্মা।

সমধিক : ঢের বেশি। বিণ। তৎসম। সম্ + অধিক [অধি + ক (স্বার্থে)]। বানান : স্ + অ + ম্ + অ + ধ্ + ই + ক্ + অ।

সমন : আদালতে হাজির হবার হুকুমনামা। বি। বিদেশী। <ইং. Sumnons. বাংলা বানান : স্ + অ + ম্ + অ + ন্। শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সমন্বয় : মিলন। বি। তৎসম। সম্ + অন্বয় [অনু + অয়]। ৬।১ [সন্ধি] উ + অ = ব [ন্ব]। ২।৮।ক বানান : স্ + অ + ম্ + অ + ন্ + ব্ + অ + য্ + অ। বি.দ্র. : ন্ + ব্ + অ = ন্ব।

সমন্বিত : বিশিষ্ট। বিণ। তৎসম। সম্ + অন্বিত [অনু + ইত]। ৬।১ [সন্ধি] উ + ই = বি [ন্বি]। ২।৮।গ । বানান : স্ + অ + ম্ + অ + ন্ + ব্ + ই + ত্ + অ। বি.দ্র. : ন্ + ব্ + ই = ন্বি।

সমন্বিতা: বিশিষ্টা। বিণ। তৎসম। সমন্বিত ['সমন্বিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + ম্ + অ + ন্ + ব্ + ই + ত্ + আ। বি.দ্র.: ন্ + ব্ + ই = ন্বি।

সমপদস্থ: সমান পদে অধিষ্ঠিত। বিণ। তৎসম। সম + পদস্থ [পদ + স্থা + অ]। ৬।১ সম [সমান] পদে থাকে [আছে] যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + অ + প্ + অ + দ্ + অ + স্ + থ্ + অ। বি.দ্র.: স্ + থ্ + অ = স্থ।

সমপদস্থা: সমান পদে অধিষ্ঠিতা। বিণ। তৎসম। সমপদস্থ ['সমপদস্থ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + ম্ + অ + প্ + অ + দ্ + অ + স্ + থ্ + আ। বি.দ্র.: স্ + থ্ + আ = স্থা।

সমবয়সী: একবয়সী। বিণ। তৎসম। সম + বয়স্ + ইন্ [ঈ]। ৬।১ সম [সমান] বয়স যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + অ + ব্ + অ + য়্ + অ + স্ + ঈ। বি.দ্র.: স্ + ঈ = সী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সমবয়স্ক: একবয়সী। বিণ। তৎসম। সম + বয়স্ (ঃ)+ ক। ৬।২ সম [সমান] বয়স যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + অ + ব্ + অ + য়্ + অ + স্ + ক্ + অ। বি.দ্র.: স্ + ক্ + অ = স্ক।

সমবয়স্কা: একই বয়সবিশিষ্টা। বি। তৎসম। সমবয়স্ক ['সমবয়স্ক' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + ম্ + অ + ব্ + অ + য়্ + অ + স্ + ক্ + আ। বি.দ্র.: স্ + ক্ + আ = স্কা।

সমবর্তিতা: সমানভাবে অবস্থান। বি। তৎসম। সম + বৃৎ + ইত্ [ইন্] + আ। ৬।১ বানান: স্ + অ + ম্ + অ + ব্ + অ + র্ + ত্ + ই + ত্ + আ বি.দ্র.: র্+ত্+ই= র্তি।

সমবর্তিনী: সমানভাবে অবস্থিতা। বিণ। তৎসম। সম + বৃৎ + ইন্ + ঈ [স্ত্রী[। ৬।১, ৭।১।চ সম [সমান] অবস্থান করে যে [স্ত্রী] = উপপদ তৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + অ + ব্ + অ + র্ + ত্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

সমবর্তী: সমানভাবে অবস্থিত। বিণ। তৎসম। সম + বৃৎ + ইন্ [ঈ]। ৬।১ সম [সমান] অবস্থান করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + অ + ব্ + অ + র্ + ত্ + ঈ। বি.দ্র.: র্ + ত্ + ঈ = র্তী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সমবস্থ: একই অবস্থাযুক্ত। বিণ। তৎসম। সম্ + অবস্থ [অব+স্থা+অ]। ৬।১ সম [সমান] অবস্থা যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + অ + ব্ + অ + স্ + থ্ + অ। বি.দ্র.: স্ + থ্ + অ = স্থ।

সমবায়: মিলন, যৌথ কর্মপ্রচেষ্টা। বি। তৎসম। সমব [সম্ + অব (বিস্তৃতভাবে)] + আয় [ই (গমন করা) + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [বা] ২।১।খ সমব [মিলিতভাবে] + আয় [একত্র কর্ম-গমন বা কর্ম-প্রয়াস। বানান: স্ + অ + ম্ + অ + ব্ + আ + য়্ + অ।

সমবেত: সম্মিলিত। বিণ। তৎসম। সম্ + অব (বিস্তৃতভাবে) + ই (গমন করা) + ত। ৬।১ সমব + ইত। [সন্ধি] অ + ই = এ (বে]। ২।৪।ক সম্মিলিতভাবে একত্র গমন। বানান: স্ + অ + ম্ + অ + ব্ + এ + ত্ + অ।

সমবেদনা: পরদুঃখকাতরতা। বি। তৎসম। সম + বেদনা [বিদ্ + অন্ + আ]। ৬।১ সমান যে বেদনা = কর্মধা। ৩।২ অপরের সমান দুঃখানুভব। বানান: স্ + অ + ম্ + অ + ব্ + এ + দ্ + অ + ন্ + আ।

সমব্যথা : পরদুঃখকাতরতা। বি। তৎসম। সম + ব্যথা [ব্যথ্ + অ + আ]। ৬।১ সমান যে ব্যথা = কর্মধা। ৩।২ অপরের সমান ব্যথানুভব। বানান: স্ + অ + ম্ + অ + ব্ + য্ + অ + থ্ + আ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য।

সমব্যথিনী : দরদী [স্ত্রী]। বিণ। তৎসম। সম + ব্যথিনী [ব্যথ্ + ইন্ (<অন) + ঈ (স্ত্রী)] সমান ব্যথা যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ অপরের সমান ব্যথা অনুভবকারিণী। বানান: স্ + অ + ম্ + অ + ব্ + য্ + অ + থ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য। শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

সমব্যথী : দরদী। বিণ। তৎসম। সম + ব্যথী [ব্যথ্ + ইন্ (ঈ)]। ৬।১ সমান ব্যথা যার = বহুব্রী। ৩।৫ অপরের সমান ব্যথা অনুভবকারী। বানান: স্ + অ + ম্ + অ + ব্ + য্ + অ + থ্ + ঈ। বি.দ্র.: ব্ + য্ + অ = ব্য, থ্ + ঈ = থী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সমভাব : সমানভাব। বি। তৎসম। সম + ভাব [ভূ + অ]। ৬।১ সম [সমান] যে ভাব = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + অ + ভ্ + আ + ব্ + অ।

সমভিব্যাহার : একত্র গমন। বি। তৎসম। সম্ + অভি + বি + আ + হৃ + অ। ৬।১ [সন্ধি] ই + আ = যা [ব্যা]। ২।৭।খ সমভি [একত্র] যে ব্যাহার [অবস্থান, গমন] = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + অ + ভ্ + ই + ব্ + য্ + আ + হ্ + আ + র্ + অ। বি.দ্র.: ব্ + য্ + আ = ব্যা।

সমভিব্যাহারী : সঙ্গী। বিণ। তৎসম। সম্ + অভি + বি + + আ + হৃ + ইন্ [ঈ]। ৬।১ সমভি [একত্র] + ব্যাহারী [গমন করা]। [সন্ধি] ই + আ = যা [ব্যা]। ২।৭।খ একত্র গমন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + অ + ভ্ + ই + ব্ + য্ + আ + হ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: ব্ + য্ + আ = ব্যা। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সমভিব্যাহারে : সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সম্ + অভি + বি + আ + হার [হৃ + অ]। বাং. এ [অধিকরণ]। ৬।১ সমভি [একত্র] + ব্যাহারী [গমন করা]। [সন্ধি] ই + আ = যা [ব্যা]। ২।৭।খ একত্র গমন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + অ + ভ্ + ই + ব্ + য্ + আ + হ্ + আ + র্ + এ। বি.দ্র.: ব্ + য্ + আ = ব্যা। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সমভূমি : সমতলভূমি। বি। তৎসম। সম + ভূমি [ভূ + মি]। ৬।১ সম [উচ্চনীচহীন সমান=] সমতল যে ভূমি = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + অ + ভ্ + ঊ + ম্ + ই। বি.দ্র.: ভ্ + ঊ = ভূ।

সমমূল্য : সমান মূল্য-বিশিষ্ট। বিণ। তৎসম। সম + মূল + য (ষ্ণ্য)। ৬।২ সম [সমান] যে মূল্য = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + অ + ম্ +ঊ + ল্ + য্ + অ। বি.দ্র.: ম্ + ঊ = মূ, ল্ + য্ + অ = ল্য।

সময় : কাল। বি। তৎসম। সম্ + অয় [ই+অ]। ৬।১ বানান: স্ + অ + ম্ + অ+ য় + অ।

সময়নিষ্ঠ : সময়ানুবর্তী। বিণ। তৎসম। সময় ['সময়' দ্রষ্টব্য] + নিষ্ঠ [নি + স্থ + অ]। ৬।১ সময়ে নিষ্ঠা যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + অ + য় + অ + ন্ + ই + ষ্ + ঠ্ + অ। বি.দ্র.: ষ্ + ঠ্ + অ + ষ্ঠ। 'ই'-র পর এবং 'ঠ'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

সময়নিষ্ঠা : সময়ানুবর্তিতা। বি। তৎসম। সময় ['সময়' দ্রষ্টব্য] + নিষ্ঠা [নি + স্থা + অ + আ]। ৬।১ বানান: স্ + অ + ম্ + অ + য় + অ + ন্ + ই + ষ্ + ঠ্ + আ। বি.দ্র. : ষ্ + ঠ্ + আ = ষ্ঠা। 'ই'-র পর এবং 'ঠ'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

সময়সারণি : সময়নির্ঘণ্ট। বি। তৎসম। সময় ['সময়' দ্রষ্টব্য] + সারণি [সৃ + ণিচ্ + অনি]। ৬।১ সময়ের সারণি [কার্যক্রমের ধারাবাহিক তালিকা, নিঘণ্ট] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + অ + য় + অ + স্ + আ + র্ + অ + ণ্ + ই। বি.দ্র. : ণ্ + ই = ণি। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সময়োচিত : সময়ের পক্ষে উপযুক্ত। বিণ। তৎসম। সময় [সম্ + অয় (ই + অ)] + উচিত [বচ্ + ইত বা উচ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [য়ো]। ২।৫।ক সময়ের উচিত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + অ + য় + ও + চ্ + ই + ত্ + অ। বি.দ্র.: য় + ও = য়ো।

সময়োপযোগী : সময়ের পক্ষে উপযুক্ত। বিণ। তৎসম। সময় [সম্ + অয় (ই+অ)] + উপযোগী [উপ + যুজ্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [য়ো]। ২।৫।ক সময়ের উপযোগী = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + য় + ও + প্ + অ + য্ + ও + গ্ + ঈ। বি.দ্র. : য় + ও = য়ো। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সমর : যুদ্ধ। বি। তৎসম। সম্ + ঋ [গমন করা] + অ। ৬।১ [সন্ধি] সম্ + [ঋ+অ] অর = সমর। বানান: স্ + অ + ম্ + অ + র্ + অ।

সমরশয্যা : রণশয্যা। বি। তৎসম। সমর ['সমর' দ্রষ্টব্য] + শয্যা [শী (শয়ন করা) + য (যৎ) + আ]। ৬।১ সমরে [সমর-ক্ষেত্রে] শয্যা = অধিকরণতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + অ + র্ + অ + শ্ + অ + য্ + য্ + আ। বি.দ্র. : য্ + য্ + আ = য্যা।

সমরশায়ী : যুদ্ধস্থলে নিহত। বিণ। তৎসম। সমর ['সমর' দ্রষ্টব্য] + শায়ী [শী + ইন্ (ঈ)]। ৬।১ সমরে শয়ন করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + অ + র্ + শ্ + আ + য় + ঈ। বি.দ্র. : শ্ + আ = শা। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সমরস : একই রসযুক্ত। বিণ। তৎসম। সম [সমান, একই] + রস [রস্ + অ]। ৬।১ সম [সমান একই] রস যাতে = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + অ + র্ + অ + স্ + অ।

সমরসজ্জা : সৈনিকের পোশাক, যুদ্ধের আয়োজন। বি। তৎসম। সমর ['সমর' দ্রষ্টব্য] + সজ্জা [সজ্জ্ + অ + আ]। ৬।১ সমরের নিমিত্ত সজ্জা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + অ + র্ + অ + স্ + অ + জ্ + জ্ + আ। বি.দ্র. : জ্ + জ্ + আ = জ্জা।

সমরাঙ্গন : যুদ্ধক্ষেত্র। বি। তৎসম। সমর ['সমর' দ্রষ্টব্য] + অঙ্গন [অঙ্গ্ + অন]। ৬।১ [সন্ধি] অ + অ [রা]। ২।১।ক সমরের নিমিত্ত অঙ্গন = মধ্যপ কর্মধা। বানান: স্ + অ + ম্ + র্ + আ + ঙ্ + গ্ + অ + ন্ + অ। বি.দ্র. : র্ + আ = রা, ঙ্ + গ্ + অ = ঙ্গ।

সমরানল : যুদ্ধ-রূপ আগুন। বি। তৎসম। সমর ['সমর' দ্রষ্টব্য] + অনল [অন্ + অল]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [রা]। ২।১।ক সমর-রূপ অনল [আগুন] = রূপক-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + অ + র্ + আ + ন্ + অ + ল্ + অ।

সমর্থ : সক্ষম, উপযুক্ত। বিণ। তৎসম। সম্ + অর্থ্ + অ। ৬।১ বানান: স্ + অ + ম্ + অ + র্ + থ্ + অ। বি.দ্র. : র্ + থ্ + অ = র্থ।

সমর্থক : সমর্থনকারী। বিণ। তৎসম। সম্ + অর্থক [অর্থ্ + অক]। ৬।১ সমর্থন করে যে =উপপদ-তৎ। বানান : স্ + অ + ম্ + অ + র্ + থ্ + অ + ক্ + অ। বি.দ্র. : র্ + থ্ + অ = র্থ।

সমর্থন : পক্ষাবলম্বন। বি। তৎসম। সম্ + অর্থন [অর্থ্ + অন]। ৬।১ একই [সমান] উদ্দেশ্য সাধনের জন্য পক্ষগ্রহণ। বানান : স্ + অ + ম্ + অ + র্ + থ্ + অ + ন্ + অ। বি.দ্র. : র্ + থ্ + অ = র্থ।

সমর্থা : উপযুক্তা। বিণ। তৎসম। সম্ + অর্থ্ + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : স্ + অ + ম্ + অ + র্ + থ্ + আ। বি.দ্র. : র্ + থ্ + আ = র্থা।

সমর্থিত : সমর্থনপ্রাপ্ত। বিণ। তৎসম। সম্ + অর্থিত [অর্থ্ + ত]। ৬।১ বানান : স্ + অ + ম্ + অ + র্ + থ্ + ই + ত্ + অ। বি.দ্র. : র্ + থ্ + ই = র্থি।

সমর্থিতা : সমর্থনপ্রাপ্তা। বিণ। তৎসম। সম্ + অর্থিতা [অর্থ্ + ত + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : স্ + অ + ম্ + অ + র্ + থ্ + ই + ত্ + আ। বি.দ্র. : র্ + থ্ + ই = র্থি।

সমর্পণ : সম্প্রদান। বি। তৎসম। সম্ + অর্পণ [অর্পি + অন]। ৬।১ বানান : স্ + অ + ম্ + অ + র্ + প্ + অ + ণ্ + অ। বি.দ্র. : র্ + প্ + অ = র্প। 'র' ও 'ন'-এর মধ্যে 'প' ও 'ন' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সমর্পিত : সম্প্রদত্ত। বিণ। তৎসম। সম্ + অর্পিত [অর্পি + ত]। ৬।১ বানান : স্ + অ + ম্ + অ + র্ + প্ + ই + ত্ + অ। বি.দ্র. : র্ + প্ + ই = র্পি।

সমর্পিতা : সম্প্রদত্তা। বিণ। তৎসম। সম্ + অর্পিতা [অর্পি + ত + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক বানান : স্ + অ + ম্ + অ + র্ + প্ + ই + ত্ + আ। বি.দ্র. : র্ + প্ + ই = র্পি।

সমল : ময়লাযুক্ত। বিণ। তৎসম। স [সহ] + মল [মল্ + অ]। ৬।১ মলের [ময়লার] সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ম্ + অ + ল্ + অ।

সমলঙ্কৃত : উপযুক্ত বেশভূষা-পরিহিত। বিণ। তৎসম। সম্ + অলঙ্কৃত, অলংকৃত [অলম্ + কৃ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + কৃ = ঙ্, ং + কৃ = ঙ্কৃ, ংকৃ। ২।২৮, সম্যগ্‌ভাবে অলঙ্কৃত, অলংকৃত। বানান : স্ + অ + ম্ + অ + ল্ + অ + ঙ্, ং + ক্ + ঋ + ত্ + অ। বি.দ্র. : ঙ্ + ক্ + ঋ = ঙ্কৃ, ংকৃ।

সমশ্রেণী : একই দলভুক্ত জাতি। বি। তৎসম। সম [সম্ + অ] + শ্রেণী [শ্রি + ণি + ঈ (স্ত্রী)]। ৬।১ সম [একই] শ্রেণী যার = বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ম্ + অ + শ্ + র্ + এ + ণ্ + ঈ। বি.দ্র. : শ্র্ + র + এ = শ্রে, 'র' ও 'ন' এর মধ্যে 'এ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সমষ্টি : যোগফল। বি। তৎসম। সম্ + অষ্টি [অশ্ (ব্যাপ্ত হওয়া) + তি]। ৬।১ বানান : স্ + অ + ম্ + অ + ষ্ + ট্ + ই। বি.দ্র. : ষ্ + ট্ + ই = ষ্টি। বি.দ্র. : 'ট'-এর আগে 'ষ্' হয়েছে। ষ্ + তি = ষ্টি। ২।২৪

সমসাময়িক : একইকালে বিদ্যমান। বিণ। তৎসম। সম [সম্ + অ] + সাময়িক [সময় (সম্ + অয়) + ইক (ষ্ণিক)]। ৬।১, ৬।২ সম [একই] সময় যার = বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ম্ + অ + স্ + আ + ম্ + অ + য় + ই + ক্ + অ।

সমসূত্র : একই উপায়। বি। তৎসম। সম [সম্ + অ]+ সূত্র [সূত্র + অ বা সিব্ + ত্র]। ৬।১ সম [সমান বা একই] + সূত্র = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + ম্ + অ + স্ + উ + ত্ + র্ + অ। বি.দ্র. : স্+উ= সু, ত্+র্+অ= ত্র।

সমস্ত : সকল, সমাসবদ্ধ। বিণ। তৎসম। সম্ + অস্ত [অস্ + ত]। ৬।১ বানান: স্ + অ + ম্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: স্ + ত্ + অ = স্ত।

সমস্বরে : মিলিত কণ্ঠে। ক্রি-বিণ। তৎসম। সম [সম্ + অ] + স্বর [স্বৃ + অ] + বাং. এ [অধিকরণ]। ৬।১ সম [মিলিত] যে স্বর = কর্মধা। ৩।২, তাতে। বানান: স্ + অ + ম্ + অ + স্ + ব্ + অ + র্ + এ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব।

সমস্বামিত্ব : সমান অধিকার। বি। তৎসম। সম [সম্ + অ] + স্বামিত্ব [স্বামী (স্ব + আমি + ইন্) + ত্ব] ৬।১, ৬।২ [সন্ধি] অ + আ = আ [স্বা]। ২।১।খ সম [সমান] স্বামিত্ব = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + অ + স্ + ব্ + আ + ম্ + ই + ত্ + ব্ + অ। বি.দ্র.: স্ + ব্ + আ = স্বা, ত্ + ব্ + অ = ত্ব।

সমস্যমান : যাদের সমাসবদ্ধ করা হচ্ছে। বিণ। তৎসম। সম্ + অস্যমান [অস্ + মান (শানচ্)]। ৬।১ বানান: স্ + অ + ম্ + অ + স্ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: স্ + য্ + অ = স্য।

সমস্যা : সঙ্কট। বি। তৎসম। সম্ + অস্যা [অস্ + য (যৎ) + আ] ৬।১ বানান: স্ + অ + ম্ + অ + স্ + য্ + আ। বি.দ্র.: স্ + য্ + আ = স্যা।

সমস্যাপূরণ : সমস্যার সমাধান। বি। তৎসম। সমস্যা ['সমস্যা' দ্রষ্টব্য] + পূরণ [পূর্ + অন]। ৬।১ বানান: স্ + অ + ম্ + অ + স্ + য্ + আ + প্ + ঊ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: স্ + য্ + আ = স্যা, 'র্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সমা : তুল্যা। বিণ। তৎসম। সম [সম্ + অ] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: স্ + অ + ম্ + আ।

সমাংশ : সমানভাগ। বি। তৎসম। সম + অংশ। [সন্ধি] অ + অ = আ [মা] ২।১।ক সম [সমান] যে অংশ = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + আ + ং + শ্ + অ।

সমাকর্ষণ : সম্যক্ আকর্ষণ। বি। তৎসম। সম্ + আকর্ষণ [আ+কৃষ্ + অন]। ৬।১ সম্যক্ আকর্ষণ = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + আ + ক্ + অ + র্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: র্ + ষ্ + অ = র্ষ। 'র'-এর পর 'ষ' হয়েছে এবং 'ষ্' ও 'ন' এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।২।গ, ৪।১।গ

সমাকীর্ণ : সঙ্কুল। বিণ। তৎসম। সম্ + আকীর্ণ [আ + কৃ + ত]। ৬।১ সম্যক্ আকীর্ণ = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + আ + ক্ + ঈ + র্ + ণ্ + অ। বি.দ্র.: র্ + ণ্ + অ = র্ণ। 'র'-এর ঠিক পরেই 'ণ' হয়েছে। ৪।১।খ

সমাকুল : অত্যন্ত আকুল। বিণ। তৎসম। সম্ + আকুল [আ + কুল্ + অ]। ৬।১ সম্যক্ আকুল = কর্মধা। ৩।২ বানান: আ + ক্ + উ + ল্ + অ।

সমাকুলতা : পরিপূর্ণতা। বি। তৎসম। সমাকুল ['সমাকুল' দ্রষ্টব্য] + তা]। ৬।২ বানান: স্ + অ + ম্ + আ + ক্ + উ + ল্ + অ + তা।

সমাক্রান্ত : আক্রান্ত। বিণ। তৎসম। সম্ + আক্রান্ত [আ + ক্রম্ + ত]। ৬।১ সম্যক্ আক্রান্ত = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + আ + ক্ + র্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + র্ + আ = ক্রা, ন্ + ত্ + অ= ন্ত।

সমাক্রান্তা : আক্রান্তা। বিণ। তৎসম। সমাক্রান্ত ['সমাক্রান্ত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১ক সম্যক্ আক্রান্ত = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + আ + ক্ + র্ + আ + ন্ + ত্ +

আ। বি.দ্র. : ক্+র্+আ= ক্রা, ন্+ত্+আ= ন্তা।

সমাক্ষ : সমান অক্ষবিশিষ্ট। বিণ। তৎসম। সম + অক্ষ [অক্ষ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [মা]। ২।১।ক সম [সমান] অক্ষ যার = বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ম্ + আ + ক্ + ষ্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + অ = ক্ষ।

সমাক্ষর : সমান-সংখ্যক অক্ষরযুক্ত। বিণ। তৎসম। সম + অক্ষব [ন + ক্ষর্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [মা]। ২।১।ক সম [সমান] অক্ষর যার = বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ম্ + আ + ক্ + ষ্ + অ + র্ +অ। বি.দ্র. : ক্ + ষ্ + অ = ক্ষ।

সমাক্ষরেখা : নিরক্ষরেখার সমান্তরালবর্তী ভূপৃষ্ঠস্থ কাল্পনিক রেখা। বি। তৎসম। সম + অক্ষবেখা [অক্ষ্ + অ] + [লিখ্ + অ + আ] ল্ = র্। ৬।১ [সন্ধি] অ + অ = আ [মা] ২।১।ক অক্ষ-নির্দেশক রেখা = মধ্যপ-কর্মধা। সম [সমদূরবর্তী] অক্ষরেখা = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + ম্ + আ + ক্ + ষ্ + অ + র্ + এ + খ্ + আ। বি.দ্র. : ক্ + ষ্ + অ = ক্ষ।

সমাগত : সমুপস্থিত। বিণ। তৎসম। সম্ + আগত [আ + গম্ + ত]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + গ্ + অ + ত্ + অ।

সমাগতা : সমুপস্থিতা। বিণ। তৎসম। সমাগত ['সমাগত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + গ্ + অ + ত্ + আ।

সমাগম : উপস্থিতি। বি। তৎসম। সম্ + আগম [আ + গম্ + অ]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + গ্ + অ + ম্ + অ।

সমাঘ্রাত : বিশেষভাবে ঘ্রাত। বিণ। তৎসম। সম্ + আঘ্রাত [আ + ঘ্রা + ত]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + ঘ্ + র্ + আ + ত্ + অ। বি.দ্র. : ঘ্ + র্ + আ = ঘ্রা।

সমাচার : খবর। বি। তৎসম। সম্ + আচার [আ + চর্ + অ]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + চ্ + আ + র্ + অ।

সমাচ্ছন্ন : সম্পূর্ণ আচ্ছন্ন। বিণ। তৎসম। সম্ + আচ্ছন্ন [আ + ছদ্ + ত]। ৬।১ [সন্ধি] আ + ছ= আচ্ছ। ২।১৪ সম্যক্ আচ্ছন্ন= কর্মধা। ৩।২ বানান : স্ + অ + ম্ + আ + চ্ + ছ্ + অ + ন্ + ন্ + অ। বি. দ্র. : চ্ + ছ্ + অ= চ্ছ, ন্ + ন্ + অ= ন্ন।

সমাচ্ছন্নতা : সম্পূর্ণ আচ্ছন্নতা। বি। তৎসম। সমাচ্ছন্ন ['সমাচ্ছন্ন' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : স্ + অ + ম্ + আ + চ্ + ছ্ + অ + ন্ + ন্ + অ + ত্ + আ। বি. দ্র. : চ্ + ছ্ + অ= চ্ছ, ন্ + ন্ + অ= ন্ন।

সমাচ্ছন্না : সম্পূর্ণ আচ্ছন্না। বিণ। তৎসম। সমাচ্ছন্ন ['সমাচ্ছন্ন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + অ + ম্ + আ + চ্ + ছ্ + অ + ন্ + ন্ + আ। বি.দ্র. : চ্ + ছ্ + আ= চ্ছ, ন্ + ন্ + আ= ন্না।

সমাজ : সদ্ভাবে একত্রে অবস্থানকারী মনুষ্য-সঙ্ঘ। বি। তৎসম। সম্ + অজ্ + অ। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + জ্ + অ। বি. দ্র. : ম্ + আ= মা।

সমাজচ্যুত : একঘরে। বিণ। তৎসম। সমাজ [সম্ + অজ্ + অ] + চ্যুত [চ্যু+ ত]। ৬।১ সমাজ থেকে চ্যুত= অপাদানতৎ। ৩।৩ বানান : স্ + অ + ম্ + আ + জ্ + অ + চ্ + য্ + উ + ত্ + অ। বি. দ্র. : ম্ + আ = মা, চ্ + য্ + উ= চ্যু।

সমাজতত্ত্ব : সমাজবিজ্ঞান, সমাজবিদ্যা, মানব সমাজের ইতিহাস, গঠন ও উন্নতি-বিধান সম্পর্কিত শাস্ত্র। বি। তৎসম। সমাজ [সম্ +

অজ্ + অ] + তত্ত্ব [তৎ + ত্ব]। ৬।১, ৬।২, [সন্ধি] ৎ + ত্ব= ত্ + ত্ব= ত্ত্ব। সমাজ-বিষয়ক তত্ত্ব= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + আ + জ্ + অ + ত্ + অ + ত্ + ত্ + ব্ + অ। বি. দ্র.: ত্ + ত্ + ব্ + অ= ত্ত্ব।

সমাজতন্ত্র: সমাজস্থ সকল ব্যক্তির কল্যাণার্থে রাষ্ট্রায়ত্তমূলক শাসন-ব্যবস্থা। বি। তৎসম। সমাজ [সম্ + অজ্ + অ] + তন্ত্র [তন্ত্র্ + অ]। ৬।১ সমাজ-সম্পর্কিত তন্ত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + আ + জ্ + অ + ত্ + অ + ন্ + ত্ + র্ + অ। বি. দ্র.: ন্ + ত্ + র্ + অ = ন্ত্র।

সমাজতন্ত্রী: সমাজতন্ত্রে বিশ্বাসী। বিণ। তৎসম। সমাজ [সম্ + অজ্ + অ] + তন্ত্রী [তন্ত্র্ + ইন্ (ঈ)]। ৬।১ সমাজতন্ত্রে বিশ্বাস করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + আ + জ্ + অ + ত্ + অ + ন্ + ত্ + র্ + ঈ। বি. দ্র.: ন্ + ত্ + র্ + ঈ= ন্ত্রী।

সমাজতাত্ত্বিক: সমাজবিজ্ঞানী। বিণ। তৎসম। সমাজ [সম্ + অজ্ + অ] + তাত্ত্বিক [তত্ত্ব (তৎ + ত্ব) + ইক (ষ্ণিক)]। ৬।১, ৬।২ সমাজতত্ত্ব বিষয়ে চিন্তাশীল। বানান: স্ + অ + ম্ + আ + জ্ + অ + ত্ + আ + ত্ + ত্ + ব্ + ই + ক্ + অ। বি. দ্র.: ত্ + ত্ + ব্ + ই= ত্ত্বি।

সমাজপতি: সমাজনেতা। বি। তৎসম। সমাজ [সম্ + অজ্ + অ] + পতি [পা + অতি]। ৬।১ সমাজের পতি [রক্ষক] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + আ + জ্ + অ + প্ + অ + ত্ + ই।

সমাজবদ্ধ: সমাজে একত্র বাসকারী। বিণ। তৎসম। সমাজ [সম্ + অজ্ + অ] + বদ্ধ [বন্ধ্ + ত]। ৬।১ সমাজের দ্বারা বদ্ধ= করণ-তৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + আ + জ্ + অ + ব্+অ+দ্+ধ্+অ। বি.দ্র. দ্+ধ্+অ= দ্ধ।

সমাজ-বিধি: সমাজের নিয়মকানুন। বি। তৎসম। সমাজ [সম্ + অজ্ + অ] + বিধি [বি + ধা + ই]। ৬।১ সমাজের বিধি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + আ + জ্ + অ + ব্ + ই + ধ্ + ই।

সমাজ-বিরোধী: সমাজের আইন-শৃঙ্খলাভঙ্গকারী, দুষ্কৃতকারী। বি, বিণ। তৎসম। সমাজ [সম্ + অজ্ + অ] + বিরোধী [বি + রুধ্ + ইন্ (ঈ)]। ৬।১ সমাজের বিরোধী= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + আ + জ্ + অ + ব্ + ই + র্ + ও + ধ্ + ঈ। বি. দ্র.: র্ + ও = রো, ধ্ + ঈ= ধী।

সমাজ-শাসন: সমাজের নিয়ম-কানুন। সমাজ [সম্ + অজ্ + অ] + শাসন [শাস্ + অন]। ৬।১ সমাজের শাসন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + আ + জ্ + অ + শ্ + আ + স্ + অ + ন্ + অ। বি. দ্র.: শ্ + আ= শা।

সমাজ-সংস্কার: সমাজের দোষত্রুটি দূরীকরণ। বি। তৎসম। সমাজ [সম্ + অজ্ + অ] + সংস্কার [সম্ + কার (কৃ + অ)]। ৬।১ [সন্ধি] ম্ + কা = ং + স্ + কা= ংস্কা। ২।২৯ সমাজের সংস্কার= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + আ + জ্ + অ + স্ + অ + ং + স্ + ক্ + আ + র্ + অ। বি. দ্র.: স্ + ক্ + আ= স্কা।

সমাজ-সংস্কারক: সমাজ-সংস্কারকারী। বি, বিণ। তৎসম। সমাজ [সম্ + অজ্ + অ] + সংস্কারক [সম্ + কারক (কৃ + অক)]। ৬।১ [সন্ধি] ম্ + কা= ং + স্ + কা= ংস্কা। ২।২৯ সমাজের সংস্কারক = সম্বন্ধতৎ বা সমাজের সংস্কার করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + আ + জ্ + অ + স্ + অ + ং + স্ + ক্ + আ + র্ + অ + ক্ + অ।

সমাজ-সেবা : সমাজের হিতসাধন। বি। তৎসম। সমাজ [সম্ + অজ্ + অ] + সেবা [সেব্ + অ + আ]। ৬।১ সমাজের সেবা= সম্বন্ধ-তৎ। ৩।৩ বানান : স্ + অ + ম্ + আ + জ্ + অ + স্ + এ + ব্ + আ।

সমাজ-হিতৈষী : সমাজের কল্যাণ-ব্রতী। বিণ। তৎসম। সমাজ [সম্ + অজ্ + অ] + হিতৈষী [হিত (ধা + ত) + এষী [ইষ্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + এ = ঐ [তৈ]। সমাজের হিত করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ + ম্ + আ + জ্ + অ + হ্ + ই + ত্ + ঐ + ষ্ + ঈ। বি. দ্র. : ত্ + ঐ= তৈ, ষ্ + ঈ= ষী।

সমাদর : অতিশয় আদর ও যত্ন। বি। তৎসম। সম্ + আদর [আ + দৃ + অ]। ৬।১ সম [সমান] আদর = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + ম্ + আ + দ্ + অ + র্ + অ।

সমাদৃত : সমাদর-প্রাপ্ত। বিণ। তৎসম। সম্ + আদৃত [আ + দৃ + ত]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + দ্ + ঋ + ত্ + অ। বি.দ্র. : ম্ + আ = মা, দ্ + ঋ= দৃ।

সমাদৃতা : সমাদর-প্রাপ্তা। বিণ। তৎসম। সমাদৃত ['সমাদৃত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + অ + ম্ + আ + দ্ + ঋ + ত্ + অ। বি. দ্র. : দ্ + ঋ= দৃ।

সমাধা : সমাপন। বি। তৎসম। সম্ + আধা [আ + ধা + অ + আ]। বানান : স্ + অ + ম্ + আ + ধ্ + আ। বি. দ্র. : ম্ + আ = মা, ধ্ + আ = ধা।

সমাধান : মীমাংসা। বি। তৎসম। সম্ + আধান [আ + ধা + অন]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + ধ্ + আ + ন্ + অ। বি. দ্র. : ম্ + আ= মা, ধ্ + আ= ধা।

সমাধি : বাহ্যজ্ঞানহীন ধ্যানের চরম অবস্থা। বি। তৎসম। সম্ + আধি [আ + ধা + ই]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + ধ্ + ই। বি. দ্র. : ম্ + আ = মা, ধ্ + ই = ধি।

সমাধিক্ষেত্র : কবরখানা। বি। তৎসম। সমাধি [সম্ + আ + ধা + ই] + ক্ষেত্র [ক্ষি + ত্র]। ৬।১ সমাধির নিমিত্ত ক্ষেত্র= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + অ + ম্ + আ + ধ্ + ই + ক্ + ষ্ + এ + ত্ + র্ + অ। বি. দ্র. : ধ্ + ই = ধি, ক্ + ষ্ + এ= ক্ষে, ত্ + র্ + অ= ত্র।

সমাধিপ্রস্তর : কবরের ওপরে স্থাপিত স্মৃতি-ফলক। বি। তৎসম। সমাধি [সম্ + আ + ধা + ই] + প্রস্তর [প্র + স্তৃ + অ]। ৬।১ সমাধিতে স্থাপিত প্রস্তর= মধ্যপ-কর্মদা। ৩।২ বানান : স্ + অ + ম্ + আ + ধ্ + ই + প্ + র্ + স্ + ত্ + র্ + অ। বি. দ্র. : প্ + র্ + অ= প্র, স্ + ত্ + অ = স্ত।

সমাধিমগ্ন : সমাধিতে নিমগ্ন। বিণ। তৎসম। সমাধি [সম্ + আ + ধা + ই] + মগ্ন [মস্জ্ + ত]। ৬।১ সমাধিতে মগ্ন= অধিকরণতৎ। ৩।৩ বানান : স্ + অ + ম্ + আ + ধ্ + ই + ম্ + অ + গ্ + ন্ + অ। বি. দ্র. : গ্ + ন্ + অ= গ্ন।

সমাধি-মন্দির : সমাধিস্থানের ওপরে নির্মিত স্মৃতি-মন্দির। বি। তৎসম। সমাধি [সম্ + আ + ধা + ই] + মন্দির [মন্দ + ইর]। ৬।১ সমাধিতে স্থাপিত মন্দির= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + অ + ম্ + আ + ধ্ + ই + ম্ + অ + ন্ + দ্ + ই + র্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + ই = ন্দি।

সমাধি-স্তম্ভ : সমাধি-স্থানের ওপরে নির্মিত স্মৃতি-স্তম্ভ। বি। তৎসম। সমাধি [সম্ + অ + ধা + ই] + স্তম্ভ [স্তম্ভ্ + অ]। ৬।১ সমাধিতে স্থাপিত স্তম্ভ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + অ + ম্ + আ + ধ্ + ই + স্ + ত্ + অ + ম্ + ভ্ + অ। বি. দ্র. : স্ + ত্ + অ = স্ত, ম্ + ভ্ + অ = ম্ভ।

সমাধিস্থ : সমাধিতে নিমগ্ন। বিণ। তৎসম। সমাধি [সম্ + আ + ধা + ই] + স্থ [স্থা + অ]। ৬।১ সমাধিতে থাকেন যিনি= উপপদ-তৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + আ + ধ্ + ই + স্ + থ্ + অ। বি. দ্র.: স্ + থ্ + অ= স্থ।

সমাধিস্থল : কবরখানা। বি। তৎসম। সমাধি [সম্ + আ + ধা + ই] + স্থল [স্থল্ + অ]। ৬।১ সমাধির নিমিত্ত স্থল= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + আ + ধ্ + ই + স্ + থ্ + অ + ল্ + অ। বি. দ্র.: স্ + থ্ + অ= স্থ।

সমাধিস্থান : কবরখানা। বি। তৎসম। সমাধি [সম্ + আ + ধা + ই] + স্থান [স্থা + অন]। ৬।১ সমাধির নিমিত্ত স্থান = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + আ + ধ্ + ই + স্ + থ্ + আ + ন্ + অ। বি. দ্র.: স্ + থ্ + আ= স্থা।

সমাধ্যায়ী : সহপাঠী। বি। তৎসম। সম + অধ্যায়ী [অধি + আয়ী (ই + ইন্ > ঈ)]। ৬।১ [সন্ধি] ম + অ= মা, ই + আ= যা [ধ্যা]। ২।৭।খ সম [সঙ্গে] অধ্যয়ন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + ম্ + আ + ধ্ + য্ + আ + য় + ঈ। বি. দ্র.: ধ্ + য্ + আ = ধ্যা, শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সমান : একরূপ। বি। তৎসম। সম + অন [অন্ + অ]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + ন্ + অ।

সমানাধিকরণ : এক-জাতীয় সাধারণ গুণ। বি। তৎসম। সমান [সম + অন্ + অ] + অধিকরণ [অধি + কৃ + অন]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [না]। ২।১।ক সমান অধিকরণ [আধার] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + আ + ন্ + আ + ধ্ + ই + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি. দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে।

সমানাধিকার : রাষ্ট্রে ধনী-দরিদ্র- জাতি-ধর্ম-' নির্বিশেষে সকল প্রজার সমান অধিকার। বি। তৎসম। সমান [সম্ + অন্ + অ] + অধিকার [অধি + কৃ + অ]। ৬।১ সমান যে অধিকার= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + আ + ন্ + আ + ধ্ + ই + ক্ + আ + র্ + অ। বি. দ্র.: ম্ + আ= মা, ন্ + আ = না।

সমানুপাত : আনুপাতিক সমতা। বি। তৎসম। সম + অনুপাত [অনু + পত্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [মা]। ২।১।ক সম যে অনুপাত = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + আ + ন্ + উ + প্ + আ + ত্ + অ। বি.দ্র.: ম্ + আ = মা, ন্ + উ= নু।

সমান্তর : সমান দূরত্ব-বিশিষ্ট। বিণ। তৎসম। সম + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [মা]। ২।১।ক সম [সমান] অন্তর [ব্যবধান] যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + আ + ন্ + ত্ + অ + র্ + অ। বি. দ্র.: ম্ + আ = মা, ন্ + ত্ + অ= ন্ত।

সমান্তরাল : সর্বত্র সমান ব্যবধান-বিশিষ্ট। বি। তৎসম। সম + অন্তরাল [অন্ত + রা + অ + ল]। সম [সমান] অন্তরাল [ব্যবধান] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + আ + ন্ + ত্ + অ + র্ + আ + ল্ + অ। বি. দ্র.: ন্ + ত্ + অ= ন্ত।

সমাপতন : আকস্মিকভাবে একাধিক ঘটনার যুগপৎ সংঘটন। বি। তৎসম। সম্ + আপতন [আ + পত্ + অন]। ৬।১ সম [একই সময়ে] আপতন [সংঘটন]= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + ম্ + আ + প্ + অ + ত্ + অ + ন্ + অ।

সমাপক : সমাপনকারী। বিণ। তৎসম। সম্ + আপক [আপ্ + ণিচ্ + অক]। ৬।১ যে সমাপন [সমাপ্ত] করে। বানান : স্ + অ + ম্ + আ + প্ + অ + ক্ + অ।

সমাপন : সমাধা। বি। তৎসম। সম্ + আপন [আপ্ + ণিচ্ + অন]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + প্ + অ + ন্ + অ।

সমাপিকা : সমাপনকারিণী। বিণ। তৎসম। সম্ + আপিকা [আপ্ + ণিচ্ + ইক + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।খ সমাপন করে যে [স্ত্রী]। বানান : স্ + অ + ম্ + আ + প্ + ই + ক্ + আ। বি. দ্র. : প্ + ই= পি, ক্ + আ= কা।

সমাপিত : সম্পাদিত। বিণ। তৎসম। সম্ + আপিত [আপ্ + ণিচ্ + ত]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + প্ + ই + ত্ + অ। বি.দ্র. : ম্ + আ= মা, প্ + ই = পি।

সমাপ্ত : সম্পূর্ণ। বিণ। তৎসম। সম্ + আপ্ত [আপ্ + ত]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + প্ + ত্ + অ। বি. দ্র. : প্ + ত্ + অ= প্ত।

সমাপ্তি : শেষ। বি। তৎসম। সম্ + আপ্তি [আপ্ + তি]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + প্ + ত্ + ই। বি. দ্র. : প্ + ত্ + ই = প্তি।

সমাবর্তন : ব্রহ্মচর্য-পালনের পর গুরুগৃহ থেকে গার্হস্থ্য-জীবনে প্রত্যাগমন। বি। তৎসম। সম্ + আবর্তন [আ + বৃত্ + অন]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + ব্ + অ + র্ + ত্ + অ + ন্ + অ। বি. দ্র. : র্ + ত্ + অ= র্ত। 'র' ও 'ন'-এর মধ্যে 'ত্' থাকায় 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

সমাবিষ্ট : অভিনিবিষ্ট। বিণ। তৎসম। সম্ + আবিষ্ট [আ + বিশ্ + ত]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + ব্ + ই + ষ্ + ট্ + অ। বি. দ্র. : 'ই'-র পর এবং 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ষ্ + ত= ষ্ট। ২।২৪

সমাবিষ্টা : অভিনিবিষ্টা। বিণ। তৎসম। সমাবিষ্ট ['সমাবিষ্ট' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + অ + ম্ + আ + ব্ + ই + ষ্ + ট্ + আ। বি. দ্র. : ষ্ + ট্ + আ= ষ্টা। 'ই'-র পর এবং 'ট্'-এর আগে 'ষ্' হয়েছে। ষ্ + তা= ষ্টা। ২।২৪

সমাবৃত : সম্পূর্ণ আচ্ছন্ন। বিণ। তৎসম। সম্ + আবৃত [আ + বৃত্ + অ]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + ব্ + ঋ + ত্ + অ। বি. দ্র. : ব্ + ঋ = বৃ।

সমাবৃত্ত : ব্রহ্মচর্য-পালনের পর গৃহধর্মে প্রত্যাগত। বিণ। তৎসম। সম্ + আবৃত্ত [আ + বৃত্ + ত]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + ব্ + ঋ + ত্ + ত্ + অ। বি. দ্র. : ব্ + ঋ= বৃ, ত্ + ত্ + অ= ত্ত।

সমাবেশ : একত্র উপস্থিতি। বি। তৎসম। সম্ + আবেশ [আ + বিশ্ + অ] ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + ব্ + এ + শ্ + অ। বি.দ্র. : ব্ + এ= বে।

সমাবেশিত : নিবেশিত। বিণ। তৎসম। সম্ + আবেশিত [আ + বিশ্ + ণিচ্ + ত]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + ব্ + এ + শ্ + ই + ত্ + অ। বি. দ্র. : ব্ + এ= বে, শ্ + ই= শি।

সমারম্ভ : আরম্ভ। বি। তৎসম। সম্ + আরম্ভ [আ + রভ্ + অ]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + র্ + অ + ম্ + ভ্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + অ= ম্ভ।

সমারূঢ় : বিশেষভাবে অধিষ্ঠিত। বিণ। তৎসম। সম্ + আরূঢ় [আ + রুহ্ + ত]। ৬।১ বানান : স্ + অ + ম্ + আ + র্ + ঊ + ঢ়্ + অ। বি. দ্র. : র্ + ঊ= রূ।

সমারূঢ়া : বিশেষভাবে অধিষ্ঠিতা। বিণ। তৎসম। সম্ + আরূঢ়া [আ + রুহ্ + ত]। ৬।১ বানান :

স্ + অ + ম্ + আ + র্ + উ + ঢ্ + আ। বি. দ্র. : র্ + উ= রূ, ঢ্ + আ।

সমারোহ : ঘটা। বি। তৎসম। সম্ + আরোহ [আ + রুহ্ + অ]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + র্ + ও + হ্ + অ। বি. দ্র. : র্ + ও = রো।

সমারোহণ : বিশেষভাবে আরোহণ। বি। তৎসম। সম্ + আরোহণ [আ + রুহ্ + অন]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + র্ + ও + হ্ + অ + ণ্ + অ। বি. দ্র. : র্ + ও= রো। 'র' ও 'ন'-এর মধ্যে 'ও', 'হ' 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সমার্থ : একার্থবোধক। বিণ। তৎসম। সম + অর্থ [অর্থ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [মা]। ২।১।ক সমান অর্থ যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + আ + র্ + থ্ + অ। বি. দ্র. : র্ + থ্ + অ= র্থ।

সমার্থক : একার্থবোধক। বিণ। তৎসম। সম + অর্থ [অর্থ্ + অ] + ক। ৬।১ [সন্ধি] অ + অ= আ [মা]। ২।১।ক সমান অর্থ যার= বহুব্রী। ['ক'—সমাসান্ত প্রত্যয়]। ৩।৫ বানান: স্ + অ + ম্ + আ + র্ + থ্ + অ + ক্ + অ। বি. দ্র. : ম্ + আ= মা, র্ + থ্ + অ= র্থ।

সমালোচক : সমালোচনাকারী। বিণ। তৎসম। সম্ + আলোচক [আ + লোচ্ + অক]। ৬।১ সমালোচনা করে যে। বানান: স্ + অ + ম্ + আ + ল্ + ও + চ্ + অ + ক্ + অ। বি. দ্র. : ল্ + ও= লো।

সমালোচন, সমালোচনা : দোষগুণ সম্পর্কে সম্যক্ আলোচনা। বি। তৎসম। সম্ + আলোচন, আলোচনা [আ + লোচ্ + অন, + আ]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + ল্ + ও + চ্ + অ + ন্ + অ, আ। বি. দ্র. : ল্ + ও= লো, ন্ + আ= না।

সমালোচনীয় : সমালোচনার যোগ্য। বিণ। তৎসম। সম্ + আলোচনীয় [আ + লোচ্ + অনীয়]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + ল্ + ও + চ্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র. : ল্ + ও= লো, ন্ + ঈ= নী। শব্দটি 'অনীয়' প্রত্যয়ান্ত, তাই 'নী' হয়েছে।

সমালোচিকা : সমালোচনাকারিণী। বি, বিণ। তৎসম। সম্ + আলোচিকা [আ + লোচ্ + ইক + আ]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + ল্ + ও + চ্ + ই + ক্ + আ। বি. দ্র. : ল্ + ও= লো, চ্ + ই= চি।

সমালোচিত : যার সমালোচনা করা হয়েছে। বিণ। তৎসম। সম্ + আলোচিত [আ + লোচ্ + ত]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + ল্ + ও + চ্ + ই + ত্ + অ। বি. দ্র. : ল্ + ও= লো, চ্ + ই= চি।

সমালোচ্য : সমালোচনার যোগ্য। বিণ। তৎসম। সম্ + আলোচ্য [আ + লোচ্ + য (যৎ)]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + ল্ + ও + চ্ + য্ + অ। বি. দ্র. : ল্ + ও= লো, চ্ + য্ + অ= চ্য।

সমাশ্রিত : সম্যক্ আশ্রয়প্রাপ্ত। বিণ। তৎসম। সম্ + আশ্রিত [আ + শ্রি + ত]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + শ্ + র্ + ই + ত্ + অ। বি. দ্র. : শ্ + র্ + ই= শ্রি।

সমাস : পরস্পর-সম্বন্ধবিশিষ্ট একাধিক পদের একপদে পরিণতি। বি। তৎসম। সম্ + আস [অস্ + অ]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + স্ + অ।

সমাসক্ত : অতিশয় আসক্ত। বি। তৎসম। সম্ + আসক্ত [আ + সন্জ্ + ত]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + স্ + অ + ক্ + ত্ + অ। বি. দ্র. : ম্ + আ= মা, ক্ + ত্ + অ= ক্ত।

সমাসক্তি: অতিশয় আসক্তি। বি। তৎসম। সম্ + আসক্তি [আ + সন্জ্ + তি]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + স্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + ই = ক্তি।

সমাসন্ন: যার সংঘটন অতি আসন্ন। বিণ। তৎসম। সম্ + আসন্ন [আ + সদ্ + ত]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + স্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + অ = ন্ন।

সমাসীন: উপবিষ্ট। বিণ। তৎসম। সম্ + আসীন [আস + ঈন] (শানচ্)]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + স্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: স্ + ঈ = সী।

সমাসোক্তি: যে অলঙ্কারে অচেতনের ওপর চেতনের আচরণ আরোপিত। বি। তৎসম। সমাস [সম্ + আস (অস্ + অ)] + উক্তি [ব্রূ বা বচ্ + তি]। ৬।১ [সন্ধি] অ + উ = ও[সো]। ২।৫।ক বানান: স্ + অ + ম্ + আ + স্ + ও + ক্ + ত্ + ই। বি.দ্র.: স্ + ও = সো, ক্ + ত্ + ই = ক্তি।

সমাহরণ: একত্র সংগ্রহ করা। বি। তৎসম। সম্ + আহরণ [আ + হরণ (হৃ + অন)]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + হ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ম্ + আ = মা, 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সমাহর্তা: সংগ্রহকারী। বিণ। তৎসম। সম্ + আহর্তা [আ + হৃ + তা < তৃ (তৃচ্)]। সম্যক্ আহরণকারী। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + হ্ + অ + র্ + ত্ + আ। বি.দ্র.: র্ + ত্ + আ = র্তা।

সমাহর্ত্রী: সংগ্রহকারিণী। বিণ। তৎসম। সম্ + আহর্ত্রী [আ + হৃ + তৃ (তৃচ্) + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ছ বানান: স্ + অ + ম্ + আ + হ্ + অ + র্ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: র্ + ত্ + র্ + ঈ = র্ত্রী।

সমাহার: সমষ্টি। বি। তৎসম। সম্ + আহার [আ + হৃ + অ]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + হ্ + আ + র্ + অ। বি.দ্র.: ম্ + আ = মা, হ্ + আ = হা।

সমাহিত: ধ্যাননিবিষ্ট। বিণ। তৎসম। সম্ + আহিত [আ + ধা + ত]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + হ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ম্ + আ + মা, হ + ই =হি।

সমাহিতা: ধ্যাননিবিষ্টা। বিণ। তৎসম। সম্ + আহিতা [আ + ধা + ত + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক বানান: স্ + অ + ম্ + আ + হ্ + ই + ত্ + আ। বি.দ্র.: ম্ + আ + মা, হ্ + ই =হি।

সমাহৃত: সংগৃহীত। বিণ। তৎসম। সম্ + আহৃত [আ + হৃ + ত]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + হ্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: ম্ + আ = মা, হ্ + ঋ = হৃ।

সমাহৃতি: সংগ্রহ। বিণ। তৎসম। সম্ + আহৃতি [আ + হৃ + তি]। ৬।১ বানান: স্ + অ + ম্ + আ + হ্ + ঋ + ত্ + ই। বি.দ্র.: ম্ + আ = মা, হ্ + ঋ = হৃ, ত্ + ই = তি।

সমিতি: সভা। বি। তৎসম। সম্ + ইতি [ই + তি]। ৬।১ বানান: স্ + অ + ম্ + ই + ত্ + ই।

সমিধ্: হোমকাষ্ঠ। বি। তৎসম। সম্ + ইধ্[ইন্ধ্ + ক্বিপ্]। ৬।১ বানান: স্ + অ + ম্ + ই + ধ্। বি.দ্র.: ম্ + ই = মি।

সমিৎ: হোমকাষ্ঠ। বিণ। তৎসম। সম্ + ইৎ [ইন্ধ্ + ক্বিপ্। ৬।১ বানান: স্ + অ + ম্ + ই + ৎ।

সমীকরণ: এক জাতীয়করণ। বি। তৎসম। সম + ঈ [অভূততদ্ভাবে] + করণ [কৃ + অন্]। ৬।১ বানান: স্ + অ + ম্ + ঈ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ম্ +

ঈ = মী, 'র' ও 'ন' -এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সমীক্ষণ : সবিশেষ পর্যালোচনা। বি। তৎসম। সম্ + ঈক্ষণ [ঈক্ষ্ + অন]। ৬।১ বানান : স্ + অ + ম্ + ঈ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ম্ + ঈ = মী, ক্ + ষ্ + অ = ক্ষ, 'ষ' ও 'ন' এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সমীক্ষা : সবিশেষ পর্যালোচনা। বি। তৎসম। সম্ + ঈক্ষা [ঈক্ষ্ + আ]। ৬।১ বানান : স্ + অ + ম্ + ঈ + ক্ + ষ্ + আ। বি.দ্র. : ম্ + ঈ = মী, ক্ + ষ্ + আ = ক্ষা।

সমীক্ষিত : সম্যক্ পর্যালোচিত। বিণ। তৎসম। সম্ + ঈক্ষিত [ঈক্ষ্ + ত]। ৬।১ বানান : স্ + অ + ম্ + ঈ + ক্ + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র. : ম্ + ঈ = মী, ক্ + ষ্ + ই = ক্ষি।

সমীচীন : সঙ্গত। বিণ। তৎসম। সম্যচ্ + ঈন। ৬।২ বানান : স্ + অ + ম্ + ঈ + চ্ + ঈ + ন্ + অ। বি.দ্র. : ম্ + ঈ =মী, চ্ + ঈ = চী।

সমীপ : নিকট। বিণ। তৎসম। সম্ + ঈপ [অপ্ = জল]। সম্ [সঙ্গত] ঈপ [অপ্ = জল] যেখানে = বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ম্ + ঈ + প্ + অ। বি.দ্র. : ম্ + ঈ = মী।

সমীপবর্তিনী : নিকটবর্তিনী।বিণ। তৎসম। সমীপ ['সমীপ' দ্রষ্টব্য] + বর্তিনী [বৃত্ + ইন্ + ঈ]। ৬।১ সমীপে বিদ্যমান থাকে যে = উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ + ম্ + ঈ + প্ + অ + ব্ + অ + র্ + ত্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : ম্ + ঈ = মী, র্ + ত্ + ই = র্তি, ন্ + ঈ = নী। শব্দটি 'ইন্' + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

সমীপবর্তী : নিকটবর্তী। বিণ। তৎসম। সমীপ ['সমীপ' দ্রষ্টব্য] + বর্তী [বৃত্ + ইন্ [ঈ]]। ৬।১ সমীপে থাকে যে = উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ + ম্ + ঈ + প্ + অ + ব্ + অ + র্ + ত্ + ঈ। বি.দ্র. : ম্ + ঈ = মী, র্ + ত্ + ঈ = র্তী । শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সমীপস্থ : নিকটবর্তী। বিণ। তৎসম। সমীপ ['সমীপ' দ্রষ্টব্য] + স্থ [স্থা + অ]। ৬।১ সমীপে থাকে যে = উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ + ম্ + ঈ + প্ + অ + স্ + থ্ + অ। বি.দ্র. : ম্ + ঈ = মী, স্ + থ্ + অ = স্থ।

সমীপস্থা : নিকটবর্তিনী। বিণ। তৎসম। সমীপস্থ ['সমীপস্থ' দ্রষ্টব্য] + আ (স্ত্রী)। ৭।১।ক বানান : স্ + অ + ম্ + ঈ + প্ + অ + স্ + থ্ + আ। বি.দ্র. : ম্ + ঈ = মী, স্ + থ্ + আ = স্থা।

সমীর : বায়ু। বি। তৎসম। সম্ + ঈর্ + অ। ৬।১ যা সর্বত্র গমন করতে পারে। বানান : স্ + অ + ম্ + ঈ + র্ + অ। বি.দ্র. : ম্ + ঈ = মী।

সমীরণ : বায়ু। বি। তৎসম। সম্ + ঈর্ + অন। ৬।১ যা সর্বত্র গমনশীল। বানান : স্ + অ + ম্ + ঈ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ম্ + ঈ = মী। 'র' ও 'ন' -এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সমীহ : খাতির। বি। তৎসম। সম্ + ঈহ [ঈহ্ + অ]। ৬।১ সম্যক্ প্রযত্ন। বানান : স্ + অ + ম্ + ঈ + হ্ + অ। বি.দ্র. : ম্ + ঈ = মী।

সমীহা : ইচ্ছা। বি। তৎসম। সম্ + ঈহা [ঈহ্ + অ + আ]। ৬।১ সম্যক্ ঈহা [বাসনা, অভিলাষ]। বানান : স্ + অ + ম্ + ঈ + হ্ + আ। বি.দ্র. : ম্ + ঈ = মী।

সমুখ, সুমুখ : সম্মুখ-এর কোমল রূপ। বি। তদ্ভব। <সং সম্মুখ [সম্ + মুখ]। বানান : স্ + অ, উ

+ ম্ + উ + খ্ + অ। বি.দ্র.: স্ + উ = সু, ম্ + উ = মু।

সমুচিত : সম্পূর্ণ উপযুক্ত। বিণ। তৎসম। সম্ + উচিত [বচ্ + ইত বা উচ্ + ত]। ৬।১ বানান: স্ + অ + ম্ + উ + চ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ম্ + উ = মু, চ্ + ই = চি।

সমুচ্চ : অত্যন্ত উঁচু। বিণ। তৎসম। সম্ + উচ্চ [উৎ + চি + অ]। ৬।১ সম্যক্ উচ্চ। বানান: স্ + অ + ম্ + উ + চ্ + চ্ + অ= চ্চ। বি.দ্র.: ম্ + উ = মু, চ্ + চ্ + অ।

সমুচ্চয় : সংগ্রহ। বি। তৎসম। সম্ + উচ্চয় [উৎ + চয়] [চি + অ]। ৬।১ বি.দ্র.: বানান: স্ + অ + ম্ + উ + চ্ + চ্ + অ + য্ + অ। বি.দ্র.: ম্ + উ = মু, চ্ + চ্ + অ = চ্চ।

সমুচ্ছেদ : সম্যক্ উচ্ছেদ। সম্ + উচ্ছেদ [উৎ + ছেদ (ছিদ্ + অ)]। ৬।১ [সন্ধি] উ + ছে = উ + চ্ + ছে = উচ্ছে [উচ্ছেদ]। ২।১৪ সম্পূর্ণ উচ্ছেদ। বানান: স্ + অ + ম্ + উ + চ্ + ছ্ + এ + দ্ + অ। বি.দ্র.: ম্ + উ =মু, চ্ + ছ্ + এ = চ্ছে।

সমুচ্ছ্রয় : অতি স্ফীতি। বি। তৎসম। সম্ + উচ্ছ্রয় [উৎ + শ্রয় (শ্রি + অ)]। ৬।১ [সন্ধি] ৎ + শ্র = চ্ছ্র। ২।২৬ অত্যন্ত স্ফীতি। বানান: স্ + অ + ম্ + উ + চ্ + ছ্ + র্ + অ + য্ + অ। বি.দ্র.: ম্ + উ = মু, চ্ + ছ্ + র্ + অ = চ্ছ্র।

সমুচ্ছ্রায় : অতি স্ফীতি। বি। তৎসম। সম্ + উচ্ছ্রায় [উৎ + শ্রায় (শ্রি + অ)]। ৬।১ [সন্ধি] ৎ + শ্রা = চ্ছ্রা। ২।২৬ । বানান: স্ + অ + ম্ + উ + চ্ + ছ্ + র্ + আ + য্ + অ। বি.দ্র.: চ্ + ছ্ + র্ + আ = চ্ছ্রা।

সমুচ্ছ্রিত : অতিশয় স্ফীত। বিণ। তৎসম। সম্ + উচ্ছ্রিত [উৎ + শ্রি (শ্রি + ত)]। ৬।১ [সন্ধি] উৎ + শ্রি = উচ্ + ছ্রি = উচ্ছ্রি। ১।২।৬ অত্যন্ত স্ফীত। বানান: স্ + অ + ম্ + উ + চ্ + ছ্ + র্ + ই + ত্ + অ। বি.দ্র.: ম্ + উ = মু, চ্ + ছ্ + র্ + ই = চ্ছ্রি।

সমুচ্ছ্বাস : প্রবল উচ্ছ্বাস। বি। তৎসম। সম্ + উচ্ছ্বাস [উৎ + শ্বাস (শ্বস্ + অ)] । ৬।১ [সন্ধি] ৎ + শ্বা = চ্ + ছ্ + ব্ + আ = চ্ছ্বা। ২।২২ প্রবল উচ্ছ্বাস। বানান: স্ + অ + ম্ + উ + চ্ + ছ্ + ব্ + আ + স্ + অ। ম্ + উ = মু, চ্ + ছ্ + ব্ + আ = চ্ছ্বা।

সমুজ্জ্বল : অত্যন্ত উজ্জ্বল। বিণ। তৎসম। সম্ + উজ্জ্বল [উৎ + জ্বল (জ্বল্ + অ)]। ৬।১ [সন্ধি] ৎ + জ্ব = জ্ + জ্ব = জ্জ্ব। ২।১৭ অত্যন্ত উজ্জ্বল। বানান: স্ + অ + ম্ + উ + জ্ + জ্ + ব্ + অ + ল্ + অ। বি.দ্র.: জ্ + জ্ + ব্ + অ = জ্জ্ব।

সমুত্থান : সম্যক্ উত্থান। বি। তৎসম। সম্ + উত্থান [উৎ + স্থান (স্থা + অন)]। ৬।১ [সন্ধি] ৎ + স্থা = ত্ + থা ['স' লুপ্ত] = ত্থা। ২।২৭ বানান: স্ + অ + ম্ + উ + ত্ + থ্ + আ + ন্ + অ। বি.দ্র.: ম্ + উ = মু, ত্ + থ্ + আ = ত্থা।

সমুত্থিত : সম্যগ্‌ভাবে উত্থিত। বিণ। তৎসম। সম্ + উত্থিত [উৎ + স্থিত (স্থা + ত)]। ৬।১ [সন্ধি] ৎ + স্থি = ত্ + থ্ + ই = ত্থি ['স্' লুপ্ত]। ২।২৭ বানান: স্ + অ + ম্ + উ + ত্ + থ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ম্ + উ = মু, ত্ + থ্ + ই = ত্থি।

সমুত্থিতা : সম্যগ্‌ভাবে উত্থিতা। বিণ। তৎসম। সমত্থিত ['সমুত্থিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + ম্ + উ + ত্ + থ্ + ই + ত্ + আ। বি.দ্র.: ম্ + উ = মু, ত্ + থ্ + ই = ত্থি।

সমুৎপত্তি : উদ্ভব। বি। তৎসম। সম্ + উৎপত্তি [উৎ + পদ্ + তি]। ৬।১ বানান: স্ + অ + ম্ + উ + ৎ + প্ + অ + ত্ + ত্ + ই। বি.দ্র.: ম্+উ= মু, ত্+ত্+ই= ত্তি।

সমুৎপন্ন : উদ্ভূত। বিণ। তৎসম। সম্ + উৎপন্ন [উৎ + পন্ন (পদ্ + ত)]। ৬।১ বানান : স্ + অ + ম্ + উ + ৎ + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু, ন্ + ন্ + অ = ন্ন।

সমুৎপাটন : সম্পূর্ণ নির্মূলন। উৎপাটন। বি। তৎসম। সম্ + উৎপাটন [উৎ + পাটন] (পট্ + ণিচ্ + অন)]। ৬।১ বানান : স্ + অ + ম্ + উ + ৎ + প্ + আ + ট্ + অ + ন্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু।

সমুৎপাটিত : সম্পূর্ণ উন্মূলিত। বিণ। তৎসম। সম্ + উৎপাটিত [উৎ + পাটিত (পট্ + ণিচ্ + ত)]। ৬।১ বানান : স্ + অ + ম্ + উ + ৎ + প্ + আ + ট্ + ই + ত্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু।

সমুৎসাদন : সম্পূর্ণ নির্মূলন। বি। তৎসম। সম্ + উৎসাদন [উৎ + সাদন (সদ্ + ণিচ্ + অন)]। ৬।১ বানান : স্ + অ + ম্ + উ + ৎ + স্ + আ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু।

সমুৎসাদিত : সম্পূর্ণ উন্মূলিত। বিণ। তৎসম। সম্ + উৎসাদিত [উৎ + সদ্ + ণিচ্ + ত]। ৬।১ বানান : স্ + অ + ম্ + উ + ৎ + স্ + আ + দ্ + ই + ত্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু।

সমুৎসুক : অতিশয় আগ্রহযুক্ত। বিণ। তৎসম। সম্ + উৎসুক [উৎ + সু + ক]। ৬।১ বানান : স্ + অ + ম্ + উ + ৎ + স্ + উ + ক্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু, স্ + উ = সু।

সমুদয় : সমষ্টি। বি। তৎসম। সম্ + উদয় [উৎ + ই + অ]। ৬।১ বানান : স্ + অ + ম্ + উ + দ্ + অ + য্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু।

সমুদায় : সমষ্টি। বি। তৎসম। সম্ + উদায় [উৎ + আয় (ই + অ)]। ৬।১ বানান : স্ + অ + ম্ + উ + দ্ + আ + য্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু, দ্ + আ = দা।

সমুদিত : উদিত, উৎপন্ন। বিণ। তৎসম। সম্ + উদিত [উৎ + ইত (ই + ত)]। ৬।১ বানান : স্ + অ + ম্ + উ + দ্ + ই + ত্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু, দ্ + ই = দি।

সমুদ্দুর : সমুদ্র-এর গ্রাম্য রূপ। বি। অর্ধ-তৎ। <সং. সমুদ্র [স্ + অ + ম্ + উ + দ্ + 'দ্' (অতিরিক্ত 'দ্'-এর আগম) + উ] + র্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু, দ্ + দ্ + উ = দ্দু।

সমুদ্ধরণ : অন্যের রচনা বা উক্তি থেকে আহরণ। বি। তৎসম। সম্ + উদ্ধরণ [উৎ + হরণ (হৃ + অন)]। ৬।১ [সন্ধি] ম্ + উ= মু, ৎ + হ= দ্ + ধ = দ্ধ। ২।২১ বানান : স্ + অ + ম্ + উ + দ্ + ধ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু, দ্ + ধ্ + অ = দ্ধ,'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সমুদ্ধৃত : অন্যের রচনা বা উক্তি থেকে উদ্ধৃত। বিণ। তৎসম। সম্ + উদ্ধৃত [উৎ + হৃ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + উ= মু, ৎ + হৃ= দ্ + ধৃ= দ্ধৃ। ২।২১ বানান : স্ + অ + ম্ + উ + দ্ + ধ্ + ঋ + ত্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু, দ্ + ধ্ + ঋ = দ্ধৃ।

সমুদ্ধৃতি : অন্যের রচনা বা উক্তি থেকে আহরণ। বি। তৎসম। সম্ + উদ্ধৃতি [উৎ + হৃতি (হৃ + তি)]। ৬।১ [সন্ধি] ৎ + হৃ = দ্ + ধৃ = দ্ধৃ। ২।২১ বানান : স্ + অ + ম্ + উ + দ্ + ধ্ + ঋ + ত্ + ই। বি.দ্র. : ম্ + উ = মু, দ্ + ধ্ + ঋ = দ্ধৃ।

সমুদ্ভব : উৎপত্তি। বি। তৎসম। সম্ + উদ্ভব [উৎ + ভব (ভূ + অ)]। ৬।১ [সন্ধি] ৎ + ভ = দ্ + ভ্ = দ্ভ। ২।৩১ বানান : স্ + অ

+ ম্ + উ + দ্ + ভ্ + অ + ব্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু, দ্ + ভ্ + অ = দ্ভ।

সমুদ্ভাসন : সম্যক্ শোভাধারণ। বি। তৎসম। সম্ + উদ্ভাসন [উৎ + ভাসন (ভাস্ + অন)]। ৬।১ [সন্ধি] ৎ + ভা = দ্ + ভা = দ্ভা। বানান : স্ + অ + ম্ + উ + দ্ + ভ্ + আ + স্ + অ + ন্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু, দ্ + ভ্ + আ = দ্ভা। স্মরণীয় : ভাসন : বিকাশ, ভাষণ : কথন, বক্তৃতা।

সমুদ্ভাসিত : সম্পূর্ণ উদ্ভাসিত। বিণ। তৎসম। সম্ + উদ্ভাসিত [উৎ + ভাসিত (ভাস্ + ত)]। ৬।১ [সন্ধি] ৎ + ভা = দ্ + ভা = দ্ভা। ২।৩১ বানান : স্ + অ + ম্ + উ + দ্ + ভ্ + আ + স্ + ই + ত্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু, দ্ + ভ্ + আ = দ্ভা, স্ + ই = সি।

সমুদ্ভূত : উৎপন্ন। বিণ। তৎসম। সম্ + উদ্ভূত [উৎ + ভূত (ভূ + ত)]। ৬।১ [সন্ধি] ৎ + ভূ = দ্ + ভূ = দ্ভূ। ২।৩১ বানান : স্ + অ + ম্ + উ + দ্ + ভ্ + ঊ + ত্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু , দ্ + ভ্ + ঊ = দ্ভূ।

সমুদ্যত : সম্যক্ উদ্যত। বিণ। তৎসম। সম্ + উদ্যত [উৎ + যত (যম্ + ত)]। ৬।১ [সন্ধি] ৎ + য = দ্ + য = দ্য। ২।৩১ বানান : স্ + অ + ম্ + উ + দ্ + য্ + অ + ত্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু, দ্ + য্ + অ = দ্য।

সমুদ্যম : বিশেষ প্রয়াস। বি। তৎসম। সম্ + উদ্যম [উৎ + যম (যম্ + অ)]। ৬।১ [সন্ধি] ৎ + য = দ্ + য = দ্য। ২।৩১ বানান : স্ + অ + ম্ + উ + দ্ + য্ + অ + ম্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু, দ্ + য্ + অ = দ্য।

সমুদ্র : সাগর। বি। তৎসম। সম্ + উন্দ্ [(চন্দ্রোদয়ে)] ক্লিন্ন বা বিচলিত হওয়া] + র। ৬।১ বানান : স্ + অ + ম্ + উ + দ্ + র্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু, দ্ + র্ + অ = দ্র।

সমুদ্রগর্ভ : সমুদ্রের তলদেশ। বি। তৎসম। সমুদ্র ['সমুদ্র' দ্রষ্টব্য] + গর্ভ [গৃ (আবৃত করা) + ভ]। ৬।১ সমুদ্রের গর্ভ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + অ + ম্ + উ + দ্ + র্ + অ + গ্ + অ + র্ + ভ্ + অ। বি.দ্র. : দ্ + র্ + অ = দ্র, র্ + ভ্ + অ = র্ভ।

সমুদ্র-মন্থন : অমৃত-লাভের জন্য দেবাসুরগণের সমুদ্র-আলোড়ন। বি। তৎসম। সমুদ্র ['সমুদ্র' দ্রষ্টব্য] + মন্থন [মন্থ্ + অন]। ৬।১ সমুদ্রের মন্থন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + অ + ম্ + উ + দ্ + র্ + অ + ম্ + অ + ন্ + থ্ + অ + ন্ + অ। বি.দ্র. : দ্ + র্ + অ = দ্র, ন্ + থ্ + অ = ন্থ।

সমুদ্র-যাত্রা : সমুদ্র-পর্যটন। বি। তৎসম। সমুদ্র ['সমুদ্র' দ্রষ্টব্য] যাত্রা [যা + ত্র + আ]। ৬।১ সমুদ্রে যাত্রা = অধিকরণতৎ। ৩।৩ বানান : স্ + অ + ম্ + উ + দ্ + র্ + অ + য্ + আ + ত্ + র্ + আ। বি.দ্র. : ম্ + উ =মু, দ্ + র্ + অ = দ্র, ত্ + র্ + আ = ত্রা।

সমুদ্র-যান : জাহাজ। বি। তৎসম। সমুদ্র ['সমুদ্র' দ্রষ্টব্য] + যান [যা + অন]। ৬।১ সমুদ্রগামী যান = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + অ + ম্ + উ + দ্ + র্ + অ + য্ + আ + ন্ + অ। বি.দ্র. : ম্ + উ = মু, দ্ + র্ + অ = দ্র।

সমুন্নত : অতি উচ্চ। বিণ। তৎসম। সম্ + উন্নত [উৎ + নত (নম্ + ত)]। ৬।১ সম্যক্ উন্নত। বানান : ম্ + উ = মু, ন্ + ন্ + অ = ন্ন। [সন্ধি] ৎ + ন = ন্ + ন = ন্ন। ২।২৫

সমুন্নতি : অত্যন্ত উন্নত অবস্থা। বি। তৎসম। সম্ + উন্নতি [উৎ + নতি (নম্ + তি)]। ৬।১ [সন্ধি] ৎ + ন = ন্ + ন্ = ন্ন। ২।২৫ সম্যক্

উন্নতি। বানান: স্ + অ + ম্ + উ + ন্ + ন্ + অ + ত্ + ই। বি.দ্র.: ম্ + উ = মু, ন্ + ন্ + অ = ন্ন।

সমুন্নয়ন: সম্যক্ উন্নয়ন। বি। তৎসম। সম্ + উন্নয়ন [উৎ + নয়ন (নী + অন)]। ৬।১ [সন্ধি] ৎ + ন = ন্ + ন = ন্ন, ই + অ = য়। ২।২৫ ২।৭।ক বানান: স্ + অ + ম্ + উ + ন্ + ন্ + অ + য়্ + অ + ন্ + অ। বি.দ্র.: ম্ + উ = মু, ন্ + ন্ + অ = ন্ন।

সমূল: মূলসহ। বি। তৎসম। স [=সহ] + মূল [মূল্ + অ]। ৬।১ মূলের সঙ্গে বর্তমান: সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ম্ + ঊ + ল্ + অ। বি.দ্র.: ম্ + ঊ = মূ।

সমূলে: মূলের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সমূল ['সমূল' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]। বানান: স্ + অ + ম্ + ঊ + ল্ + এ। বি.দ্র.: ম্ + ঊ =মূ।

সমূহ: গণ। বি। তৎসম। সম্ [উহ্ (উহ + অ)]। ৬।১ বানান: স্ + অ + ম্ + ঊ + হ্ + অ। বি.দ্র.: ম্ + ঊ = মূ।

সমৃদ্ধ: ঐশ্বর্যযুক্ত। বিণ। তৎসম। সম্ + ঋধ্ + ত। ৬।১ বানান: স্ + অ + ম্ + ঋ + দ্ + ধ্ + অ। বি.দ্র.: ম্ + ঋ = মৃ, দ্ + ধ্ + অ = দ্ধ।

সমৃদ্ধা: ঐশ্বর্যযুক্তা। বিণ। তৎসম। সমৃদ্ধ ['সমৃদ্ধ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + ম্ + ঋ + দ্ + ধ্ + আ। বি.দ্র.: ম্ + ঋ = মৃ, দ্ + ধ্ + আ = দ্ধা।

সমৃদ্ধি: ঐশ্বর্যবৃদ্ধি। বি। তৎসম। সম্ + ঋদ্ধি [ঋধ্ + তি]। ৬।১ বানান: স্ + অ + ম্ + ঋ + দ্ + ধ্ + ই। ম্ + ঋ = মৃ, দ্ + ধ্ + ই = দ্ধি।

সমৃদ্ধিশালী: ঐশ্বর্যযুক্ত। বিণ। তৎসম। সমৃদ্ধি ['সমৃদ্ধি' দ্রষ্টব্য] + শালী [শাল্ + ই [ঈ]। ৬।১ বানান: স্ + অ + ম্ + ঋ + দ্ + ধ্ + ই + শ্ + আ + ল্ + ঈ। বি.দ্র.: ম্ + ঋ = মৃ, দ্ + ধ্ + ই = দ্ধি। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সমেত: সহিত। বিণ। তৎসম। সম্ + আ + ই + ত। ৬।১ বি.দ্র.: আ + ই = এ [মে]। ২।২৪।গ বানান: স্ + অ + ম্ + এ + ত্ + অ। বি.দ্র.: ম্ + এ = মে।

সম্পত্তি: সম্পদ। বি। তৎসম। সম্ + পত্তি [পদ্ + তি]। ৬।১ বানান: স্ + অ + ম্ + প্ + অ + ত্ + ত্ + ই। বি.দ্র.: ম্ + প্ + অ = ম্প, ত্ + ত্ + ই = ত্তি।

সম্পত্তিশালী: ঐশ্বর্যশালী। বিণ। তৎসম। সম্পত্তি ['সম্পত্তি' দ্রষ্টব্য] + শালী [শাল্ + ইন্ (ঈ)]। ৬।১ বানান: স্ + অ + ম্ + প্ + অ + ত্ + ত্ + ই + শ্ + আ + ল্ + ঈ। বি.দ্র.: ম্ + প্ + অ = ম্প, ত্ + ত্ + ই = ত্তি। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সম্পৎ, (চলিত) **সম্পদ:** ঐশ্বর্য। বি। তৎসম। সম্ + পদ্ + ক্বিপ্। ৬।১ বানান: স্ + অ + ম্ + প্ + অ + ৎ, দ্। বি.দ্র.: ম্ + প্ + অ = ম্প। চলিত বাংলায় 'দ' হসন্তহীন।

সম্পদ্: ঐশ্বর্য। বি। তৎসম। সম্পদ্ ['সম্পদ' দ্রষ্টব্য]

সম্পদশালী: ঐশ্বর্যশালী। বিণ। তৎসম। সম্পদ ['সম্পদ' দ্রষ্টব্য] + শালী [শাল্ + ইন্ (ঈ)]। ৬।১ বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সম্পন্ন: সম্পূর্ণ। বিণ। তৎসম। সম্ + পদ্ + ত। ৬।১ বানান: স্ + অ + ম্ + প্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র.: ম্ + প্ + অ = ম্প, ন্ + ন্ + অ = ন্ন।

সম্পন্না: বিশিষ্টা। বিণ। তৎসম। সম্পন্ন ['সম্পন্ন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৬।১ বানান: স্ + অ + ম্ + প্ + অ + ন্ + ন্ + আ। বি.দ্র.: ম্ + প্ + অ = ম্প, ন্ + ন্ + আ = ন্না।

সম্পর্ক: সম্বন্ধ। বি। তৎসম। সম্ + পৃচ্ [সংযোগ করা] + অ। ৬।১ বানান: স্ + অ + ম্ + প্ + অ + র্ + ক্ + অ। বি.দ্র.: ম্ + প্ + অ= ম্প, র্ + ক্ + অ= র্ক।

সম্পর্কিত: সম্পর্কযুক্ত। বিণ। তৎসম। সম্পর্ক ['সম্পর্ক' দ্রষ্টব্য] + ইত]। ৬।২ বানান: স্ + অ + ম্ + প্ + অ + র্ + ক্ + ই + ত্ + অ। বি.দ্র.: ম্ + প্ + অ= ম্প, র্ + ক্ + ই= র্কি।

সম্পর্কিতা: সম্পর্কযুক্তা। বিণ। তৎসম। সম্পর্কিত ['সম্পর্কিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + ম্ + প্ + অ + র্ + ক্ + ই + ত্ + আ। বি.দ্র.: ম্ + প্ + অ= ম্প, র্ + ক্ + ই= র্কি।

সম্পর্কীয়: সম্পর্কযুক্ত। বিণ। তৎসম। সম্পর্ক *['সম্পর্ক' দ্রষ্টব্য]* + ঈয়। ৬।২ বানান: স্ + অ + ম্ + প্ + অ + র্ + ক্ + ঈ + য় + অ। বি.দ্র.: ম্ + প্ + অ= ম্প, র্ + ক্ + ঈ= র্কী ['ঈয়'-প্রত্যয় যোগের কারণে 'ঈ'-কার]।

সম্পর্কীয়া: সম্পর্কযুক্তা। বিণ। তৎসম। সম্পর্কীয় ['সম্পর্কীয়' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + ম্ + প্ + অ + র্ + ক্ + ঈ + য় + আ। বি.দ্র.: ম্ + প্ + অ= ম্প, র্ + ক্ + ঈ= র্কী, য় + আ= য়া।

সম্পা: বিদ্যুৎ। বি। তৎসম। বানান: স্ + অ + ম্ + প্ + আ। বি.দ্র.: ম্ + প্ + আ= ম্পা। সম্পা ও শম্পা— দুই বানানই শুদ্ধ।

সম্পাত: পতন। বি। তৎসম। সম্ + পাত [পত্ + অ]। ৬।১ বানান: স্ + অ + ম্ + প্ + আ + ত্ + অ। বি.দ্র.: ম্ + প্ + আ= ম্পা।

সম্পাদক: প্রধান কর্ম-নির্বাহক, সংবাদপত্রাদির পরিচালক, সংকলক [editor]। বি। তৎসম। সম্ + পদ্ + ণিচ্ + অক। ৬।১ বানান: স্ + অ + ম্ + প্ + আ + দ্ + অ + ক্ + অ। বি.দ্র.: ম্ + প্ + আ= ম্পা।

সম্পাদকীয়: সম্পাদক-কর্তৃক লিখিত নিবন্ধ। বি, বিণ। তৎসম। সম্পাদক ['সম্পাদক' দ্রষ্টব্য] + ঈয়। ৬।২ বানান: স্ + অ + ম্ + প্ + আ + দ্ + অ + ক্ + ঈ + য় + অ। বি.দ্র.: ম্ + প্ + আ= ম্পা, ক্ + ঈ। শব্দটি 'ঈয়'-প্রত্যয়ান্ত।

সম্পাদন, সম্পাদনা: সংবাদ-পত্রাদির পরিচালন। বি। তৎসম। সম্ + পদ্ + ণিচ্ + অন, + আ। ৬।১ বানান: স্ + অ + ম্ + প্ + আ + দ্ + অ + ন্ + অ, আ। বি.দ্র.: ম্ + প্ + আ= ম্পা।

সম্পাদিকা: প্রধান কর্ম-নির্বাহিকা। বি। তৎসম। সম্ + পদ্ + ণিচ্ + ইক্ [< অক] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ বানান: স্ + অ + ম্ + প্ + আ + দ্ + ই + ক্ + আ। বি.দ্র.: ম্ + প্ + আ= ম্পা, দ্ + ই= দি, ক্ + আ= কা।

সম্পাদিত: সম্পাদনা-কৃত। বিণ। তৎসম। সম্ + পদ্ + ণিচ্ + ত। ৬।১ বানান: স্ + অ + ম্ + প্ + আ + দ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ম্ + প্ + আ= ম্পা, দ্ + ই= দি।

সম্পাদ্য: সম্পাদনীয়। বিণ। তৎসম। সম্ + পদ্ + ণিচ্ + য [যৎ]। ৬।১ বানান: স্ + অ + ম্ + প্ + আ + দ্ + য্ + অ। বি.দ্র.: ম্ + প্ + আ= ম্পা, দ্ + য্ + অ= দ্য।

সম্পুট, সম্পুটক: ক্ষুদ্র আধার, সংগ্রহ। বি। তৎসম। সম্ + পুট্ + অ, অক। ৬।১ বানান: স্ + অ + ম্ + প্ + উ + ট্ + অ, + ক্ + অ। বি.দ্র.: ম্ + প্ + উ= ম্পু।

সম্পুটে: করজোড়ে। ক্রি-বিণ। তৎসম। সম্পুট ['সম্পুট' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]। বানান: স্ + অ + ম্ + প্ + উ + ট্ + এ। বি.দ্র.: ম্ + প্ + উ= ম্পু।

সম্পূরক : সম্পূর্ণকারী। বিণ। তৎসম। সম্ + পূরক [পূর্ + অক]। ৬।১ [সন্ধি] ম্ + পূ= ম্পূ। যা সম্পূর্ণ করে। বানান: স্ + অ + ম্ + প্ + ঊ + র্ + অ + ক্ + অ। বি.দ্র.: ম্ + প্ + ঊ= ম্পূ।

সম্পূরণ : পরিপূরণ। বি। তৎসম। সম্ + পূরণ [পূর্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + পূ= ম্পূ। বানান: স্ + অ + ম্ + প্ + ঊ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ম্ + প্ + ঊ= ম্পূ। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সম্পূরিত : পরিপূরিত। বিণ। তৎসম। সম্ + পূরিত। [পূর্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + পূ= ম্পূ। বানান: স্ + অ + ম্ + প্ + ঊ + র্ + ই + ত্ + অ। বি.দ্র.: ম্ + প্ + ঊ= ম্পূ।

সম্পূর্ণ : সমাপ্ত, সমগ্র। বিণ। তৎসম। সম্ + পূর্ণ [পূর্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + পূ= ম্পূ। বানান: স্ + অ + ম্ + প্ + ঊ + র্ + ণ্ + অ। বি.দ্র.: ম্ + প্ + ঊ= ম্পূ, র্ + ণ্ + অ= র্ণ।

সম্পূর্ণতা : পরিপূর্ণতা। বি। তৎসম। সম্পূর্ণ ['সম্পূর্ণ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + ম্ + প্ + ঊ + র্ + ণ্ + অ + ত্ + আ। বি.দ্র.: ম্ + প্ + ঊ= ম্পূ, র্ + ণ্ + অ= র্ণ।

সম্পৃক্ত : সংশ্লিষ্ট। বিণ। তৎসম। সম্ + পৃক্ত [পৃচ্ (সংযোগ করা) + ত]। ৬।১ বানান: স্ + অ + ম্ + প্ + ঋ + ক্ + ত্ + অ। বি.দ্র.: ম্ + প্ + ঋ= ম্পৃ, ক্ + ত্ + অ= ক্ত।

সম্পৃক্তা : সংশ্লিষ্টা। বিণ। তৎসম। সম্পৃক্ত ['সম্পৃক্ত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + ম্ + প্ + ঋ + ক্ + ত্ + আ। বি.দ্র.: ম্ + প্ + ঋ= ম্পৃ, ক্ + ত্ + আ= ক্তা।

সম্পোষ্য : প্রতিপালনের উপযোগী। বিণ। তৎসম। সম্ + পুষ্ + য [যৎ)। ৬।১ [সন্ধি] ম্ + পো= ম্পো। বানান: স্ + ম্ + প্ + ও + ষ্ + য্ + অ। বি.দ্র.: ম্ + প্ + ও= ম্পো, ষ্ + য্ + অ= ষ্য।

সম্প্রচার : সর্বত্র অবাধে প্রচার। বি। তৎসম। সম্ + প্রচার [প্র + চর্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + প্র= ম্প্র। বানান: স্ + অ + ম্ + প্ + র্ + অ + চ্ + আ + র্ + অ। বি.দ্র.: ম্ + প্ + র্ + অ= ম্প্র।

সম্প্রচারিত : সর্বত্র অবাধে প্রচারিত। বিণ। তৎসম। সম্ + প্রচারিত [প্র + চর্ + ণিচ্ + ত]। ৬।১ বানান: স্ + অ + ম্ + প্ + র্ + অ + চ্ + আ + র্ + ই + ত্ + অ। বি.দ্র.: ম্ + প্ + র্ + অ= ম্প্র।

সম্প্রতি : ইদানীং। অব্য, ক্রি-বিণ। সম্ + প্রতি। [সন্ধি] ম্ + প্র= ম্প্র। বানান: স্ + অ + ম্ + প্ + র্ + অ + ত্ + ই। বি.দ্র.: ম্ + প্ + র্ + অ= ম্প্র।

সম্প্রদাতা : সম্প্রদানকারী। বি, বিণ। তৎসম। সম্ + প্রদাতা [প্র + দা + তা (< তৃ= তৃচ্)]। ৬।১ [সন্ধি] ম্ + প্র= ম্প্র। যিনি সম্প্রদান করেন। বানান: স্ + অ + ম্ + প্ + র্ + অ + দ্ + আ + ত্ + আ। বি.দ্র.: ম্ + প্ + র্ + অ= ম্প্র।

সম্প্রদান : স্বত্বত্যাগপূর্বক প্রদান। বি। তৎসম। সম্ + প্রদান [প্র + দা + অন]। ৬।১ [সন্ধি] ম্ + প্র= ম্প্র। বানান: স্ + অ + ম্ + প্ + র্ + অ + দ্ + আ + ন্ + অ। বি.দ্র.: ম্ + প্ + র্ + অ= ম্প্র।

সম্প্রদায় : দল, সমাজ। বি। তৎসম। সম্ + প্রদায় [প্র + দা + অ]। ৬।১ [সন্ধি] ম্ + প্র= ম্প্র। বানান: স্ + অ + ম্ + প্ + র্ + অ + দ্ + আ + য়্ + অ। বি.দ্র.: ম্ + প্ + র্ + অ= ম্প্র।

সম্প্রসারক : সম্প্রসারণকারী। বিণ। তৎসম। সম্ + প্রসারক [প্র + সৃ + ণিচ্ + অক]। ৬।১ [সন্ধি] ম্ + প্র= ম্প্র। সম্প্রসারণ করে যে। বানান : স্ + অ + ম্ + প্ + র্ + অ + স্ + আ + র্ + অ + ক্ + অ। বি.দ্র. : ম্ + প্ + র্ + অ= ম্প্র।

সম্প্রসারণ : বিস্তারণ। বি। তৎসম। সম্ + প্রসারণ [প্র + সৃ + ণিচ্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + প্র= ম্প্র। বানান : স্ + অ + ম্ + প্ + র্ + অ + স্ + আ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ম্ + প্ + র্ + অ= ম্প্র। 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সম্প্রসারিত : সম্যগ্‌ভাবে প্রসারিত। বিণ। তৎসম। সম্ + প্রসারিত [প্র + সৃ + ণিচ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + প্র = ম্প্র। বানান : স্ + অ + ম্ + প্ + র্ + অ + স্ + আ + র্ + ই + ত্ + অ। বি.দ্র. : ম্ + প্ + র্ + অ= ম্প্র।

সম্প্রাপ্ত : সম্যক্‌রূপে প্রাপ্ত। বিণ। তৎসম। সম্ + প্রাপ্ত [প্র + আপ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + প্রা= ম্প্রা। বানান : স্ + অ + ম্ + প্ + র্ + আ + প্ + ত্ + অ। বি.দ্র. : ম্ + প্ + র্ + আ= ম্প্রা, প্ + ত্ + অ= প্ত।

সম্প্রাপ্তি : সম্যক্ প্রাপ্তি। বি। তৎসম। সম্ + প্রাপ্তি [প্র + আপ্ + তি]। ৬।১ [সন্ধি] ম্ + প্রা= ম্প্রা। বানান : স্ + অ + ম্ + প্ + র্ + আ + প্ + ত্ + ই। বি.দ্র. : ম্ + প্ + র্ + আ = ম্প্রা, প্ + ত্ + ই= প্তি।

সম্প্রীত : সদ্ভাবযুক্ত। বিণ। তৎসম। সম্ + প্রীত [প্রী + ত]। ৬।১ [সন্ধি] ম্ + প্রী= ম্প্রী। বানান : স্ + অ + ম্ + প্ + র্ + ঈ + ত্ + অ। বি.দ্র. : ম্ + প্ + র্ + ঈ= ম্প্রী।

সম্প্রীতি : সদ্ভাব। বি। তৎসম। সম্ + প্রীতি [প্রী + তি]। ৬।১ [সন্ধি] ম্ + প্রী= ম্প্রী। বানান : স্ + অ + ম্ + প্ + র্ + ঈ + ত্ + ই। বি.দ্র. : ম্ + প্ + র্ + ঈ= ম্প্রী, ত্ + ই= তি।

সম্বদ্ধ : দৃঢ়রূপে বদ্ধ। বিণ তৎসম। সম্ + বদ্ধ [বন্ধ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + ব= ম্ব। বানান : স্ + অ + ম্ + ব্ + অ + দ্ + ধ্ + অ। বি.দ্র. : ম্ + ব্ + অ= ম্ব, দ্ + ধ্ + অ= দ্ধ।

সম্বন্ধ : সম্পর্ক। বি। তৎসম। সম্ + বন্ধ [বন্ধ্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ব্ + অ= ম্ব। বানান : স্ + অ + ম্ + ব্ + অ + ন্ + ধ্ + অ। বি.দ্র. : ম্ + ব + অ= ম্ব, ন্ + ধ্ + অ= ন্ধ।

সম্বন্ধী : কুটুম্ব, শ্যালক। বি। তৎসম। সম্ + বন্ধী [বন্ধ্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] ম্ + ব = ম্ব। বানান : স্ + অ + ম্ + ব্ + অ + ন্ + ধ্ + ঈ। বি.দ্র. : ম্ + ব্ + অ= ম্ব, ন্ + ধ্ + ঈ= ন্ধী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

সম্বন্ধীয় : বিষয়ক। বিণ। তৎসম। সম্বন্ধ [সম্ + বন্ধ্ + অ] + ঈয়। ৬।২ [সন্ধি] ম্ + ব= ম্ব। বানান : স্ + অ + ম্ + ব্ + অ + ন্ + ধ্ + ঈ + য্ + অ। বি.দ্র. : ম্ + ব্ + অ= ম্ব, ন্ + ধ্ + ঈ= ন্ধী।

সম্বর : সংযম। বি। তৎসম। সম্ + বর [বৃ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ব= ম্ব। বানান : স্ + অ + ম্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র. : ম্ + ব্ + অ= ম্ব।

সম্বরণ : সংযমন। বি। তৎসম। সম্ + বরণ [বৃ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + ব= ম্ব। বানান : স্ + অ + ম্ + ব্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ম্ + ব্ + অ= ম্ব। 'র' ও 'ন'-এর মধ্যে অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সম্বরা : ফোড়ন। বি। তদ্ভব। <সং. সম্ভার। বানান : স্ + অ + ম্ + ব্ + অ + র্ + আ। বি.দ্র. : ম্ + ব্ + অ= ম্ব।

সম্বল : পুঁজি। বি। তৎসম। সম্ + বল্ + অ। ৬।১ বানান : স্ + অ + ম্ + ব্ + অ + ল্ + অ।

সম্বলহীন : নিঃস্ব। বিণ। তৎসম। সম্বল ['সম্বল' দ্রষ্টব্য] + হীন [হা + ত]। ৬।১ সম্বল দ্বারা হীন= করণতৎ। ৩।৩ বানান : স্ + অ + ম্ + ব্ + অ + ল্ + অ + হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র. : ম্ + ব্ + অ= ম্ব, হ্ + ঈ = হী।

সম্বলহীনা : নিঃস্ব। বিণ। তৎসম। সম্বলহীন ['সম্বলহীন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + অ + ম্ + ব্ + অ + ল্ + অ + হ্ + ঈ + ন্ + আ। বি.দ্র. : ম্ + ব্ + অ= ম্ব। হ্ + ঈ= হী।

সম্বলিত, সংবলিত : সমন্বিত। বিণ। তৎসম। সম্বল, সংবল [সম্ + বল্ + অ] + ইত। ৬।১ [সন্ধি] ম্ + ব= ম্ব, ংব। ২।২৮ বানান : স্ + অ + ম্, ং + ব্ + অ + ল্ + ই + ত্ + অ। বি.দ্র. : ম্ + ব্ + অ= ম্ব, ং + ব্ + অ= ংব।

সম্বিৎ, সংবিৎ : চেতনা। বি। তৎসম। সম্ + বিদ্ + কিপ্। [সন্ধি] ম্ + বি= ম্বি, ং বি। ২।২৮ বানান : স্ + অ + ম্, ং + ব্ + ই + ৎ। বি.দ্র. : ম্ + ব্ + ই= ম্বি, ং + ব্ + ই = ংবি। 'সম্বিত' বা 'সংবিত'—অশুদ্ধ বানান।

সম্বুদ্ধ : সম্যক্ চেতনাপ্রাপ্ত [সং. সম্ + বুদ্ধ] বি, বিণ। তৎসম। সম্ + বুদ্ধ [বুধ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + বু= ম্বু। ২।২৮ বানান : স্ + অ + ম্ + ব্ + উ + দ্ + ধ্ + অ। বি.দ্র. : ম্ + ব্ + উ= ম্বু, দ্ + ধ্ + অ= দ্ধ।

সম্বোধন : দূর থেকে আহ্বান। বি। তৎসম। সম্ + বোধন [বুধ্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + বো= ম্বো। ২।২৮ বানান : স্ + অ + ম্ + ব্ + ও + ধ্ + অ + ন্ + অ। বি.দ্র. : ম্ + ব্ + ও= ম্বো।

সম্বোধি : সম্যক্ চেতনা। বি। তৎসম। সম্ + বোধি [বুধ্ + ই]। ৬।১ [সন্ধি] ম্ + বো= ম্বো। ২।২৮ বানান : স্ + অ + ম্ + ব্ + ও + ধ্ + ই। বি.দ্র. : ম্ + ব্ + ও= ম্বো, ধ্ + ই= ধি।

সম্ভব : জন্ম, সম্ভাবনাযুক্ত। বি, বিণ। তৎসম। সম্ + ভব [ভূ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ভ= ম্ভ। ২।২৮ বানান : স্ + অ + ম্ + ভ্ + অ + ব্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + অ= ম্ভ।

সম্ভবতঃ : হয়ত। অব্য। তৎসম। সম্ভব ['সম্ভব' দ্রষ্টব্য] + তঃ [স্]। ৬।২ বানান : স্ + অ + ম্ + ভ্ + অ + ব্ + অ + ত্ + অ + ঃ। বি.দ্র. : ম্ + ভ্ + অ= ম্ভ। আধুনিক বাংলায় ' ঃ' বর্জিত।

সম্ভবপর : যা ঘটতে পারে। বিণ। তৎসম। সম্ভব ['সম্ভব' দ্রষ্টব্য] + পর [পৃ+ অ]। ৬।১ সম্ভব পর [একমাত্র গতি বা আশ্রয়] যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ম্ + ভ্ + অ + ব্ + অ + প্ + অ + র্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + অ= ম্ভ।

সম্ভবাতীত : অসম্ভব। বিণ। তৎসম। সম্ভব [সম্ + ভূ + অ] + অতীত [অতি + ইত]। [সন্ধি] ম্ + ভ= ম্ভ, অ + অ= আ [বা]। ২।২৮, ২।১।ক সম্ভবের অতীত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + অ + ম্ + ভ্ + অ + ব্ + আ + ত্ + ঈ + ত্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + অ= ম্ভ, ব্ + আ= বা, ত্ + ঈ = তী।

সম্ভাবন, সম্ভাবনা : ভবিষ্যতে ঘটার আশা। বি। তৎসম। সম্ + ভাবন, ভাবনা [ভূ + ণিচ্ + অন, + আ]। ৬।১ [সন্ধি] ম্ + ভা= ম্ভা। ২।২৮ বানান : স্ + অ + ম্ + ভ্ + আ

+ ব্ + অ + ন্ + অ, + আ। বি.দ্র. : ম্ + ভ্ + আ= ম্ভা।

সম্ভাবনীয় : ভবিষ্যতে ঘটতে পারে। বিণ। তৎসম। সম্ + ভাবনীয় [ভূ + ণিচ্ + অনীয়] ৬।১ [সন্ধি] ম্ + ভা= ম্ভা। ২।২৮ বানান : স্ + অ + ম্ + ভ্ + আ + ব্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + আ= ম্ভা। শব্দটি 'অনীয়'-প্রত্যয়ান্ত, তাই অন্তে 'নীয়'।

সম্ভাবিত : সম্ভব। বিণ। তৎসম। সম্ + ভাবিত [ভূ + ণিচ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + ভা= ম্ভা। ২।২৮ বানান : স্ + অ + ম্ + ভ্ + আ + ব্ + ই + ত্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + আ= ম্ভা, ব্ + ই= বি।

সম্ভার : রাশি। বি। তৎসম। সম্ + ভার [ভৃ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ভা= ম্ভা। ২।২৮ বানান : স্ + অ + ম্ + ভ্ + আ + র্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + আ= ম্ভা।

সম্ভাষ, সম্ভাষণ : সম্বোধন। বি। তৎসম। সম্ + ভাষ, ভাষণ [ভাষ্ + অ, অন]। ৬।১ [সন্ধি] ম্ + ভা= ম্ভা। ২।২৮ বানান : স্ + অ + ম্ + ভ্ + আ + ষ্ + অ, + ণ্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + আ= ম্ভা। 'ভাষ্'-এর 'ষ্' স্বাভাবিক 'ষ'। ৪।২।ছ 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সম্ভাষিত : সম্বোধিত। বিণ। তৎসম। সম্ + ভাষিত [ভাষ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + ভা= ম্ভা। বানান : স্ + অ + ম্ + ভ্ + আ + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + আ= ম্ভা। 'ভাষ্'-এর 'ষ্' স্বাভাবিক 'ষ'।

সম্ভাষী : সম্ভাষণকারী। বিণ। তৎসম। সম্ + ভাষী [ভাষ্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] ম্ + ভা= ম্ভা। ২।২৮ বানান : স্ + অ + ম্ + ভ্ + আ + ষ্ + ঈ। বি.দ্র. : ম্ + ভ্ + আ= ম্ভা, ষ্ + ঈ= ষী। 'ভাষ'-এর 'ষ' স্বাভাবিক 'ষ', শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সম্ভূত : জাত। বিণ। তৎসম। সম্ + ভূত [ভূ+ত]। ৬।১ [সন্ধি] ম্ + ভূ= ম্ভূ। ২।২৮ বানান : স্ + অ + ম্ + ভ্ + ঊ + ত্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + ঊ= ম্ভূ।

সম্ভূতা : জাতা। বিণ। তৎসম। সম্ভূত ['সম্ভূত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৬।১ বানান : স্ + অ + ম্ + ভ্ + ঊ + ত্ + আ। বি.দ্র. : ম্ + ভ্ + ঊ= ম্ভূ, ত্ + আ= তা।

সম্ভূয়সমুত্থান : যৌথ প্রতিষ্ঠান। বি। তৎসম। সম্ভূয় [সম্ + ভূ + য(যৎ)] + সমুত্থান [সম্ + উত্থান (উৎ + স্থান)]। ৬।১ [সন্ধি] ম্ + ভূ= ম্ভূ, ম্ + উ= মু, ৎ+স্থা= ত্ + থা= ত্থা। ২।২৮, ২।২৭ সম্ভাব্যের সংঘটন বা সম্মিলিত হয়ে কার্যসাধন। বানান : স্ + অ + ম্ + ভ্ + ঊ + য্ + অ + স্ + অ + ম্ + উ + ত্ + থ্ + আ + ন্ + অ।

সম্ভোগ : উপভোগ। বি। তৎসম। সম্ + ভোগ [ভুজ্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ভো= ম্ভো। বানান : স্ + অ + ম্ + ভ্ + ও + গ্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + ও= ম্ভো।

সম্ভ্রম : মর্যাদা। বি। তৎসম। সম্ + ভ্রম [ভ্রম্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ভ্র= ম্ভ্র। ২।২৮ সম [বিশেষ] + ভ্রম [সম্মান]। বানান : স্ + অ + ম্ + ভ্ + র্ + অ + ম্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + র্ + অ= ম্ভ্র।

সম্ভ্রান্ত : মর্যাদাশালী। বিণ। তৎসম। সম্ + ভ্রান্ত [ভ্রম্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + ভ্রা = ম্ভ্রা। ২।২৮ সম্ [বিশেষ] ভ্রান্ত [সম্মানিত]। বানান : স্ + অ + ম্ + ভ্ + র্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + র্ + আ= ম্ভ্রা, ন্ + ত্ + অ= ন্ত।

সম্মত, সম্মতা : রাজি। বিণ। তৎসম। সম্ + মত [মন্ + ত], + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক [সন্ধি] ম্ + ম= ম্ম। বানান : স্ + অ + ম্ + ম্

+ অ + ত্ + অ, আ। বি.দ্র.: ম্ + ম্ + অ= ম্ম, ত্ + আ= তা।

সম্মতি: অনুমতি, সমর্থন। বি। তৎসম। সম্ + মতি [মন্ + তি]। ৬।১ [সন্ধি] ম্ + ম= ম্ম। বানান: স্ + অ + ম্ + ম্ + অ + ত্ + ই। বি.দ্র.: ম্ + ম্ + অ= ম্ম।

সম্মান: মর্যাদা। বি। তৎসম। সম্ + মান [মান্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + মা= ম্মা। বানান: স্ + অ + ম্ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: ম্ + ম্ + আ= ম্মা।

সম্মানন, সম্মাননা: সম্মান করা। বি। তৎসম। সম্ + মানন, মাননা [মান্ + অন, + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক [সন্ধি] ম্ + মা= ম্মা। বানান: স্ + অ + ম্ + ম্ + আ + ন্ + অ+ ন + অ, আ। বি.দ্র.: ম্ + ম্ + আ= ম্মা, ন্ + আ= না।

সম্মানিত, সম্মানিতা: সমাদৃত। বিণ। তৎসম। সম্ + মানিত, মানিতা [মান্ + ণিচ্ + ত], + আ। ৬।১, ৭।১।ক [সন্ধি] ম্ + মা= ম্মা। বানান: স্ + অ + ম্ + ম্ + আ + ন্ + ই + ত্ + অ, আ। বি.দ্র.: ম্ + ম্ + আ= ম্মা।

সম্মার্জনী: ঝাঁটা। বি। তৎসম। সম্ + মার্জনী [মৃজ্ + অন + ঈ]। ৬।১, ৭।১।গ [সন্ধি] ম্ + মা= ম্মা। যার দ্বারা মার্জনা [পরিষ্কার] করা হয়। বানান: স্ + অ + ম্ + ম্ + আ + র্ + জ্ + অ + ন্ + ঈ। বি.দ্র.: ম্ + ম্ + আ= ম্মা, র্ + জ্ + অ= র্জ, ন্ + ঈ= নী।

সম্মার্জিত: পরিষ্কৃত। বিণ। তৎসম। সম্ + মার্জিত [মৃজ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + মা= ম্মা। ২।২৮ বানান: স্ + অ + ম্ + ম্ + আ + র্ + জ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ম্ + ম্ + আ= ম্মা, র্ + জ্ + ই= র্জি।

সম্মিলন: বহু লোকের একত্র সমাবেশ। বি। তৎসম। সম্ + মিলন [মিল্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + মি= ম্মি। বানান: স্ + অ + ম্ + ম্ + ই + ল্ + অ + ন্ + অ। বি.দ্র.: ম্ + ম্ + ই= ম্মি।

সম্মিলনী: সমিতি। বি। তৎসম। সম্ + মিলনী [মিল্ + অন + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ [সন্ধি] ম্ + মি= ম্মি। বানান: স্ + অ + ম্ + ম্ + ই + ল্ + অ + ন্ + ঈ। বি.দ্র.: ম্ + ম্ + ই= ম্মি, ন্ + ঈ= নী।

সম্মিলিত, সম্মিলিতা: একত্র মিলিত। বিণ। তৎসম। সম্ + মিলিত, মিলিতা [মিল্ + ত, আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।খ [সন্ধি] ম্ + মি= ম্মি। বানান: স্ + অ + ম্ + ম্ + ই + ল্ + ই + ত্ + অ, আ। বি.দ্র.: ম্ + ম্ + ই= ম্মি।

সম্মুখ: মুখামুখি, অভিমুখ। বি। তৎসম। সম্ + মুখ। [সন্ধি] ম্ + মু= ম্মু। বানান: স্ + অ + ম্ + ম্ + উ + খ্ + অ। বি.দ্র.: ম্ + মু= ম্মু।

সম্মুখবর্তিনী: সম্মুখে উপস্থিত। বিণ। তৎসম। সম্মুখ [সম্ + মুখ] + বর্তিনী [বৃৎ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ [সন্ধি] ম্ + মু= ম্মু। বানান: স্ + অ + ম্ + ম্ + উ + খ্ + অ + ব্ + অ + র্ + ত্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: ম্ + ম্ + উ= ম্মু, র্ + ত্ + ই= র্তি, ন্ + ঈ= নী। শব্দটি ইন্ + ঈ [স্ত্রী]= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই 'বর্তিনী'তে আগে 'ই', পরে 'ঈ'।

সম্মুখবর্তী: সম্মুখে উপস্থিত। বিণ। তৎসম। সম্মুখ [সম্ + মুখ] + বর্তী [বৃৎ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] ম্ + মু= ম্মু। বানান: স্ + অ + ম্ + ম্ + উ + খ্ + অ + ব্ + অ + র্ + ত্ + ঈ। বি.দ্র.: ম্ + ম্ + উ= ম্মু, র্ + ত্ + ঈ = র্তী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সম্মুখীন : সম্মুখে উপস্থিত। বিণ। তৎসম। সম্মুখ [সম্ + মুখ] + ঈন। ৬।২ [সন্ধি] ম্ + মু= ম্মু। বানান : স্ + অ + ম্ + ম্ + উ + খ্ + ঈ + ন্ + অ। বি.দ্র. : ম্ + ম্ + উ= ম্মু, খ + ঈ= খী।

সম্মূঢ় : অতিশয় নির্বোধ। বিণ। তৎসম। সম্ + মূঢ় [মুহ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + মূ= ম্মূ। বানান : স্ + অ + ম্ + ম্ + ঊ + ঢ়্ + অ। বি.দ্র. : ম্ + ম্ + = ম্মূ।

সম্মেলন : সভা। বি। তৎসম। সম্ + মেলন [মিল্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + মে= ম্মে। বানান : স্ + অ + ম্ + ম্ + এ + ল্ + অ + ন্ + অ। বি.দ্র. : ম্ + ম্ + এ= ম্মে।

সম্মোহ : অতিশয় মোহ। বি। তৎসম। সম্ + মোহ [মুহ্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + মো= ম্মো। বানান : স্ + অ + ম্ + ম্ + ও + হ্ + অ। বি.দ্র. : ম্ + ম্ + ও= ম্মো।

সম্মোহন : জাদু বলে অন্যের নিয়ন্ত্রণাধীন করা। বি। তৎসম। সম্ + মোহন [মুহ্ + অন]। ৬।১ [সন্ধি] ম্ + মো= ম্মো। বানান : স্ + অ + ম্ + ম্ + ও + হ্ + অ + ন্ + অ।

সম্মোহনী : মোহাবিষ্ট করার শক্তি-বিশিষ্টা। বিণ। তৎসম। সম্ + মোহিনী [মুহ্ + অন + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [সন্ধি] ম্ + মো= ম্মো। বানান : স্ + অ + ম্ + ম্ + ও + হ্ + অ + ন্ + ঈ। বি.দ্র. : ম্ + ম্ + ও= ম্মো, ন্ + ঈ= নী।

সম্মোহিত, সম্মোহিতা : সম্পূর্ণ মোহিত, মোহিতা। বিণ। তৎসম। সম্ + মোহিত, মোহিতা [মুহ্ + ত, আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক বানান : স্ + অ + ম্ + ম্ + ও + হ্ + ই + ত্ + আ। বি.দ্র. : ম্ + ম্ + ও= ম্মো। হ্ + ই= হি, ত্ + আ= তা।

সম্যক্ : উপযুক্তভাবে। অব্য, ক্রি-বিণ। সম্ + অনচ্ + ক্বিপ্। ৬।১ বানান : স্ + অ + ম্ + য্ + অ + ক্। বি.দ্র. : ম্ + য্ + অ = ম্য, শব্দান্তের 'ক্' হসন্ত-যুক্ত।

সম্রাজ্ঞী : সম্রাটের পত্নী। বি। তৎসম। সম্ + রাজ্ঞী [রাজ্ + নী]। ৭।১।ঘ [সন্ধি] ম্ + রা = ম্রা। বানান : স্ + অ + ম্ + র্ + আ + জ্ + ঞ + ই। বি.দ্র. : ম্ + র্ + আ = ম্রা, জ্ + ঞ + ঈ = জ্ঞী।

সম্রাট্, সম্রাট : সার্বভৌম নৃপতি। বি। তৎসম। সম্ + রাট্ [রাজ্ + ক্বিপ্]। ৬।১ [সন্ধি] ম্ + রা = ম্রা। বানান : স্ + অ + ম্ + র্ + আ + ট্। বি.দ্র. : ম্ + র্ + আ = ম্রা। শব্দান্তের 'ট্'-এর হসন্ত-চিহ্ন আধুনিক বাংলায় বর্জিত।

সযত্ন : যত্নের সঙ্গে। বিণ। তৎসম। স [সহ] + যত্ন [যত্ + ন]। ৬।১ যত্নের সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + য্ + অ + ত্ + ন্ + অ। বি.দ্র. : ত্ + ন্ + অ = ত্ন।

সযত্নে : যত্ন-সহকারে। ক্রি-বিণ। তৎসম। সযত্ন ['সযত্ন' দ্রষ্টব্য] + বাং. [অধিকরণ]। বানান : স্ + অ + য্ + অ + ত্ + ন্ + এ। বি.দ্র. : ত্ + ন্ + এ = ত্নে।

সয় : সহ্য হয়। ক্রি। তদ্ভব। < সাধু বাং. সহে [<সং. সহ্]। বানান : স্ + অ + য়্। বি.দ্র. : শব্দান্তের 'য়' হসন্ত-বর্জিত।

সয়তান : শয়তান। বি। বিদেশী। <আ. শয়্তান্। বাংলা বানান : শ্ [স্] + অ + য়্ + ত্ + আ + ন্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'য়' এবং শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সয়া : সখীর স্বামী। বি। তদ্ভব। <প্রা. বাং. সহী. < সং. সখী [পুংলিঙ্গ]। বানান : স্ + অ + য়্ + আ।

সরঃ : সরোবর। বি। তৎসম। সৃ + অস্ [ঃ]। ৬।১ বানান : স্ + অ + র্ + অ + ঃ।

সর : দুধ ও দই ইত্যাদির ওপরে ঘন ও নরম আস্তরণ। বি। তৎসম। সৃ+অ। ৬।১ বানান : স্+অ+র্+অ।

সরকার : শাসনকর্তা। বি। বিদেশী। >ফা. সর্‌কার্‌। বাংলা বানান: স্‌ + অ + র্‌ + অ + ক্‌ + আ + র্‌। বি.দ্র.: শব্দ-মধ্যের এবং শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

সরকারী : সরকার-সম্পর্কিত। বিণ। বিদেশী। >ফা. সর্‌কার + বাং. ঈ। ৬।৩ বানান: স্‌ + অ + র্‌ + ক্‌ + আ + র্‌ + ঈ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' হসন্ত-বর্জিত।

সরগম : সা রে গা মা। বি। বিদেশী। >হি. সর্‌গম্‌। বাংলা বানান: স্‌ + অ + র্‌ + গ্‌ + অ + ম্‌। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' এবং শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

সরগরম : খুব জমজমাট। বিণ। বিদেশী। >ফা. সর্‌গরম্‌। বাংলা বানান: স্‌ + অ + র্‌ + গ্‌ + অ + র্‌ + অ + ম্‌ + অ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' এবং শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

সরজমিন, সরেজমিন : ঘটনাস্থল। বি। বিদেশী। >ফা. সর্‌জমীন্‌। বাংলা বানান: স্‌ + অ + র্‌ + অ + জ্‌ + অ + ম্‌ + ই + ন্‌ + অ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' হসন্ত-বর্জিত। [কখনও কখনও এ-কার যুক্ত] এবং শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সরঞ্জাম : উপকরণ [ফা. সর্‌ + অন্‌জাম্‌]। বি। বিদেশী। >ফা. সর্‌ + অন্‌ + জাম্‌। বাংলা বানান: সরঞ্জাম = স্‌ + অ + র্‌ + অ + ঞ্‌ + জ্‌ + আ + ম্‌। বি.দ্র.: ঞ্‌ + জ্‌ + আ = ঞ্জা। শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

সরণি, সরণী : পথ। তৎসম। সৃ [গমন করা] + অন + ই, ঈ। ৬।১ যাতে গমন করা যায়। বানান: স্‌ + অ + র্‌ + অ + ণ্‌ + ই, ঈ = সরণি, সরণী। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সরপুঁটি : সরলপুঁটি। বি। তদ্ভব। সং. সরল + প্রোষ্ঠী। বানান: স্‌ + অ + র্‌ + পঁ্‌ + উ + ট্‌ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' হসন্ত-বর্জিত। পঁ্‌ + উ = পুঁ।

সর-পুরিয়া : ভাজা সরের মধ্যে পুরযুক্ত মিষ্টান্ন। বি। তদ্ভব। সর >সং. সর ['সর' দ্রষ্টব্য] + পুরিয়া [পুর + বাং. ইয়া]। ৬।৩ সরের মধ্যে পুর যাতে [মিষ্টান্ন] = বহুব্রী। ৩।৫ বানান: স্‌ + অ + র্‌ + প্‌ + উ + র্‌ + ই + য়্‌ + আ। বি.দ্র.: 'সর'-এর 'র' হসন্ত-বর্জিত।

সরপোশ : ঢাকনি। বি। বিদেশী। >ফা. সর্‌পোষ। বাংলা বানান: স্‌ + অ + র্‌ + প্‌ + ও + শ্‌। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' এবং শব্দান্তের 'শ' হসন্ত-বর্জিত।

সরফরাজ : বাংলার জনৈক নবাব, [ব্যঙ্গে] মোড়ল। বি। বিদেশী। >ফা. সর্‌ফরাজ্‌। বাংলা বানান: স্‌ + অ + র্‌ + ফ্‌ + অ + র্‌ + আ + জ্‌। বি.দ্র.: 'সর্‌'-এর 'র' এবং শব্দান্তের 'জ' হসন্ত-বর্জিত।

সরফরাজি : [ব্যঙ্গে] মোড়লি। বি। বিদেশী। সরফরাজ [< ফা.] + বাং. ই। বাংলা বানান: স + অ + র্‌ + ফ্‌ + অ + র্‌ + আ + জ্‌ + ই। বি.দ্র.: 'সর্‌'-এর 'র' হসন্ত-বর্জিত।

সরবরাহ : যোগান। বি। বিদেশী। <ফা. সরবরাহ্‌। বাংলা বানান: স্‌ + অ + র্‌ + ব্‌ + অ + র্‌ + আ + হ্‌ + অ। বি.দ্র.: 'সর্‌'-এর 'র' হসন্ত-বর্জিত।

সরবরাহকারী : যোগানদার। বি, বিণ। মিশ্র [বিদেশী + তৎসম] <ফা. সরবরাহ্‌ ['সরবরাহ' দ্রষ্টব্য] + সং. কারী [কৃ + ইন্‌ (ঈ)]। ৬।১ সরবরাহ করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্‌ + অ + র্‌ + ব্‌ + অ + র্‌ + আ + হ্‌ + অ + ক্‌ + আ ÷ র্‌ + ঈ। 'সর্‌'-এর 'র' হসন্ত-বর্জিত।

সরভাজা : ঘিয়ে-ভাজা সরে প্রস্তুত মিষ্টান্ন। বি। তদ্ভব। >সং. সর্‌ + ভাজা [সং. ভ্রস্‌জ্‌ + বাং.

আ]। সর দিয়ে যে ভাজা = করণতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ভ্ + আ + জ্ + আ। বি.দ্র.: 'সর'-এর 'র' হসন্ত-বর্জিত।

সরম [শরম]: লজ্জা। বি। বিদেশী। <ফা. শরম্। বাংলা বানান: স্ [শ্] + অ + র্ + অ + ম্। বি.দ্র.: 'ম' হসন্তচিহ্ন-বর্জিত।

সরমা: বিভীষণ-পত্নী, কুক্কুরী। বি। তৎসম। সৃ + অম + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: স্ + অ + র্ + অ + ম্ + আ।

সরযূ: অযোধ্যার নদী। বি। তৎসম। সৃ + অযু + ঊ [স্ত্রী]। বানান: স্ + অ + র্ + অ য্ + উ, ঊ। বি.দ্র.: য্ + ঊ = যূ।

সরল, সরলা: সোজা, অকপট। বি। তৎসম। সৃ + অল + আ [স্ত্রী]। বানান: স্ + অ + র্ + অ + ল্ + আ।

সরলপুঁটি, সরপুঁটি: বড় আকারের পুঁটিমাছ। বি। তদ্ভব। <সং. সরলপ্রোষ্ঠী। বানান: স্ + অ + র্ [অ + ল] + পঁ + উ + ট্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' ও 'ল' হসন্ত-বর্জিত।

সরলতা: সরলভাব। বি। তৎসম। সরল [সৃ + অল] + তা। ৬।১, ৬।২ বানান: স্ + অ + র্ + অ + ল্ + অ + ত্ + আ।

সরলীকরণ: এক জাতিকে পরিণত করণ। বি। তৎসম। সরল [সৃ + অল] + ঈ [অভূততদ্ভাবে] + করণ [কৃ + অন]। ৬।১ বানান: স্ + অ + র্ + অ + ল্ + ঈ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ল্ + ঈ = লী। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে।

সরষে: সরিষা। বি। তদ্ভব। <সরিষা <সং. সর্ষপ। বানান: স্ + অ + র্ + ষ্ + এ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' হসন্ত-বর্জিত। 'সরিষা'-র 'ষ্' আধুনিক কথ্য বাংলায়ও রক্ষিত আছে।

সরস: রসাল। বিণ। তৎসম। স [সহ] + রস [রস্ + অ]। ৬।১ রসের সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + র্ + অ + স্ + অ।

সরসতা: রসপূর্ণতা। বি। তৎসম। সরস ['সরস' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + র্ + অ + স্ + অ + ত্ + আ।

সরসর: দ্রুতগতিজ্ঞাপক ধ্বন্যাত্মক শব্দ। অব্য। দেশী। বানান: স্ + অ + র্ + স্ + অ + র্। বি.দ্র.: শব্দ-মধ্যের ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

সরসা: রসযুক্তা। বিণ। তৎসম। সরস ['সরস' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + র্ + অ + স্ + আ।

সরসিজ: পদ্ম। বি। তৎসম। সরসি ['সরস্' শব্দের অধিকরণ একবচন] + জ [জন্ + অ]। ৬।১ 'সরস্'-এ [সরোবরে] জন্মে যা = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + অ + স্ + ই + জ্ + অ।

সরসী: সরোবর। বি। তৎসম। সরস্ + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: স্ + অ + র্ + অ + স্ + ঈ। বি.দ্র.: স্ + ঈ = সী।

সরস্বতী: বাগ্দেবী। বি। তৎসম। সরস্ + বৎ [বতুপ্] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।ঝ বানান: স্ + অ + র্ + অ + স্ + ব্ + অ + ত্ + ঈ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব, ত্ + ঈ = তী। স্মরণীয়: প্রারম্ভের 'স' 'ব'-ফলাহীন।

সরহদ্দ: চৌহদ্দি। বি। বিদেশী। <আ. সর্হদ্। বাংলা বানান: স্ + অ + র্ + হ্ + অ + দ্ + দ্ + অ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' হসন্ত-বিহীন।

সরা: হাঁড়ি-কলসীর মাটির তৈরী ঢাকনা, স্থান পরিবর্তন করা। বি। ক্রি-তদ্ভব। সর <সং. সৃ + বাং. আ। বানান: স্ + অ + র্ + আ।

সরাই: পান্থশালা। বি। বিদেশী। >ফা. সরায়্। বাংলা বানান: স্ + অ + র্ + আ + ই।

সরান, সরানো : স্থানান্তরিত করা। ক্রি। তদ্ভব। সর্ [<সং. সৃ] + বাং. আন, আনো।

সরাব [শরাব] : মদ। বি। বিদেশী। <ফা. সরাব্। বানান: স্ [শ্] + অ + র্ + আ + ব্। বি.দ্র. : শব্দান্তের 'ব' হসন্ত-বর্জিত।

সরাসরি : সোজাসুজি। বি। বিদেশী। <ফা. সরাসর্ + বাং. ই। ৬।৩ বাংলা বানান: স্ + অ + র্ + আ + স্ + অ + র্ + ই।

সরিক, সরিকানা : শরিক, শরিকানা। বি। বিদেশী। <আ. শরীক, বাং. আনা। বাংলা বানান : স্ [শ্] + অ + র্ + ই + ক্ + আ + ন্ + আ।

সরিৎ : নদী। বি। তৎসম। সৃ + ইৎ। ৬।১ বানান: স্ + অ + র্ + ই + ৎ।

সরিষা, সরিসা : সর্ষপ। বি। তদ্ভব। <সং. সর্ষপ। বানান: স্ + অ + র্ + ই + ষ্ [স্] + আ।

সরীসৃপ : যে সব প্রাণী বুকে ভর দিয়ে চলে। বি। তৎসম। সৃপ্ [বুকে ভর দিয়ে গমন করা] + যঙ্লুক + অ। বানান: স্ + অ + র্ + ঈ + স্ + ঋ + প্ + অ।

সরু : কৃশ। বিণ। দেশী। বানান: স্ + অ + র্ + উ।

সরুঙ্গে : সরু ও লম্বা। বিণ। দেশী। বানান: স্ + অ + র্ + উ + ঙ্ + গ্ + এ। বি.দ্র. : ঙ্ + গ্ + এ = ঙ্গে।

সরুচাকলি : চালের গুঁড়ো ও কলাইয়ের ডাল-বাটা মিশিয়ে রুটির মতো এক রকমের পিঠে। বি। দেশী। বানান: স্ + অ + র্ + উ + চ্ + আ + ক্ + ল্ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ক' হসন্ত-বর্জিত।

সরূপ : অনুরূপ রূপযুক্ত। বিণ। তৎসম। স [সমান] + রূপ [রূপ্ + অ]। ৬।১ সমান রূপ যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + র্ + ঊ + প্ + অ। বি.দ্র. : র্ + ঊ = রূ।

সরূপতা : একই রূপ-বিশিষ্টতা। বি। তৎসম। সরূপ ['সরূপ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + র্ + ঊ + প্ + অ + ত্ + আ। বি.দ্র. : র্ + ঊ = রূ।

সরেস : উৎকৃষ্ট। বিণ। তদ্ভব। <সং. সরস। বানান: স্ + অ + র্ + এ + স্। বি.দ্র. : শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত।

সরোজ : পদ্মফুল। বি। তৎসম। সরঃ [স] + জ [জন্ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + জ = ওজ। ২।৩৯ সরঃ-তে জন্মে যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ও + জ্ + অ। বি.দ্র. : র্ + ও = রো।

সরোজিনী : পদ্মের ঝাড়, পদ্মিনী। বি। তৎসম। সরোজ ['সরোজ' দ্রষ্টব্য] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।চ বানান: স্ + অ + র্ + ও + জ্ + ই + ন্ + ঈ।

সরোদ : বীণাজাতীয় বাদ্যযন্ত্র। বি। বিদেশী। <ফা. সরোদ। ফা. দিল্‌রুবা থেকে জাত বাদ্যযন্ত্র। বাংলা বানান: স্ + অ + র্ + ও + দ্ + অ। বি.দ্র. : শব্দান্তের 'দ' হসন্ত-বর্জিত।

সরোবর : বড় পুকুর। বি। তৎসম। সরঃ [স্] + বর [বৃ + অ]। ৬।১ [সন্ধি] অঃ + ব = ওব [রোব]। ২।৩৯ বানান: স্ + অ + র্ + ও + ব্ + অ + র্ + অ। বি.দ্র. : র্ + ও = রো।

সরোরুহ : পদ্মফুল। বি। তৎসম। সরঃ + রুহ [রুহ্ + অ]। ৬।১ সরোবরে জন্মে যে [রুহ্ = জন্মানো] = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ও + র্ + উ + হ্ + অ। বি.দ্র. : র্ + ও = রো, র্ + উ = রু।

সরোষ : ক্রোধযুক্ত। বিণ। তৎসম। স [=সহ] + রোষ [রুষ্ + অ] ৬।১ রোষের সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + র্ + ও + ষ্ + অ। বি.দ্র. : 'ও'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

সরোষে : ক্রোধের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সরোষ

['সরোষ' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]। বানান: স্ + অ + র্ + ও + ষ্ + এ।

সর্গ: সৃষ্টি, গ্রন্থাদির অধ্যায়। বি। তৎসম। সৃজ্ + অ। ৬।১ বানান: স্ + অ + র্ + গ্ + অ। বি.দ্র.: র্ + গ্ + অ = র্গ।

সর্জ: শালগাছ। বি। তৎসম। সৃজ্ + অ। ৬।১ বানান: স্ + অ + র্ + জ্ + অ। বি.দ্র.: র্ + জ্ + অ = র্জ।

সর্জরস: ধুনা। বি। তৎসম। সর্জ ['সর্জ' দ্রষ্টব্য] + রস [রস্ + অ]। ৬।১ সর্জের [শালগাছের] রস [থেকে জাত পদার্থ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + জ্ + অ + র্ + অ + স্ + অ। বি.দ্র.: র্ + জ্ + অ = র্জ।

সর্জন: বিসর্জন। বি। তৎসম। সৃজ্ + অন। ৬।১ বানান: স্ + অ + র্ + জ্ + অ + ন্ + অ। বি.দ্র.: র্ + জ্ + অ = র্জ। ['সৃজন' ভুল]

সর্জ্য: ধুনা। বিণ। তৎসম। সর্জ [সৃজ্ + অ] + য [ষ্ণ্য]। ৬।১, ৬।২ বানান: স্ + অ + র্ + জ্ + য্ + অ। বি.দ্র.: র্ + জ্ + য্ + অ = র্জ্য।

সর্ত, শর্ত: শর্ত। বি। বিদেশী। <আ. শরৎ। বাংলা বানান: স্ [শ্] + অ + র্ + ত্ + অ। বি.দ্র.: র্ + ত্ + অ = র্ত।

সর্দার: দলপতি। বি। বিদেশী। <ফা. সর্‌দার্। বাংলা বানান: স্ + অ + র্ + দ্ + আ + র্। বি.দ্র.: র্ + দ্ + আ = র্দা। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

সর্দারনী: সর্দারের স্ত্রী, মহিলা-দলের নেত্রী। বি। বিদেশী। সর্দার ['সর্দার' দ্রষ্টব্য] + নী [স্ত্রী]। ৭।১।ঘ বানান: স্ + অ + র্ + দ্ + আ + র্ + ন্ + ঈ। বি.দ্র.: র্ + দ্ + আ = র্দা। শব্দ-মধ্যের 'র' হসন্ত-বর্জিত।

সর্দার-পড়ুয়া, সর্দার-পোড়ো: মনিটার। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব] সর্দার ['সর্দার' দ্রষ্টব্য] + পড়ুয়া [পড়্ (<সং. পঠ) + বাং. উয়া >ও] বানান: স্ + অ + র্ + দ্ + আ + র্ + প্ + অ, ও + ড়্ + [উ+য়্+আ] + ও। বি.দ্র.: র্ + দ্ + আ = র্দা।

সর্দারি: মোড়লি। বি। বিদেশী। সর্দার ['সর্দার' দ্রষ্টব্য] + বাং. ই। ৬।৩ বানান: স্ + অ + র্ + দ্ + আ + র্ + ই। বি.দ্র.: র্ + দ্ + আ = র্দা।

সর্দি: কফজনিত রোগ। বি। বিদেশী। <ফা. সর্‌দী। বাংলা বানান: স্ + অ + র্ + দ্ + ই। বি.দ্র.: র্ + দ্ + ই = র্দি।

সর্দিগরমি, সর্দিগর্মি: অতিরিক্ত তাপ-হেতু কফ-জনিত রোগ। বি। বিদেশী। <ফা. সর্‌দী + < হি. গর্মী। বাংলা বানান: স্ + অ + র্ + দ্ + ই + গ্ + অ + র্ + ম্ + ই। বি.দ্র.: র্ + দ্ + ই = র্দি, র্ + ম্ + ই = র্মি। সন্ধি না হলে শব্দ-মধ্যের 'র' হসন্ত-বর্জিত হবে।

সর্প: সাপ। বি। তৎসম। সৃপ্ + অ। ৬।১ বানান: স্ + অ + র্ + প্ + অ। বি.দ্র.: র্ + প্ + অ = র্প।

সর্পাঘাত: সাপের কামড়। বি। তৎসম। সর্প ['সর্প' দ্রষ্টব্য] + আঘাত [আ + হন্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [র্পা]। ২।১।খ সর্পের আঘাত [কামড়] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + প্ + আ + ঘ্ + আ + ত্ + অ। বি.দ্র.: র্ + প্ + আ = র্পা।

সর্পিণী: স্ত্রী-সাপ। বি। তৎসম। সর্প ['সর্প' দ্রষ্টব্য] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।চ বানান: স্ + অ + র্ + প্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: র্ + প + ই = র্পি, ণ্ + ঈ = ণী। 'র' ও 'ন'-এর মধ্যে 'প' ও 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সর্পিল: সাপের গতির ন্যায় আঁকাবাঁকা। বিণ। তৎসম। সর্প ['সর্প' দ্রষ্টব্য] + ইল। বানান:

স্ + অ + র্ + প্ + ই + ল্ + অ। বি.দ্র.: র্ + প্ + ই = র্পি।

সর্পী: স্ত্রী-সাপ, গমনশীল। বি। তৎসম। সর্প ['সর্প' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: স্ + অ + র্ + প্ + ঈ। বি.দ্র.: র্ + প্ + ঈ = র্পী।

সর্ব: সব। বিণ। তৎসম। সর্ব্ + অ। ৬।১ বানান: স্ + অ + র্ + ব্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ = র্ব।

সর্বংসহ: যে সব-কিছু সহ্য করে। বিণ। তৎসম। সর্বম্ ['সর্ব' দ্রষ্টব্য] + সহ [সহ্ + অ]। বিণ। তৎসম। ৬।১ [সন্ধি] ম্ + স = ংস। ২।৩০ সর্বম্ সহ্য করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ং + স্ + অ + হ্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ = র্ব।

সর্বংসহা: সব-কিছু সহ্যকারিণী। বিণ। তৎসম। সর্বংসহ ['সর্বংসহ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + র্ + ব্ + অ + ং + স্ + অ + হ্ + আ। বি.দ্র.: র্ + ব্ + অ = র্ব, হ্ + আ = হা।

সর্বকালীন: চিরন্তন। বিণ। তৎসম। সর্ব ['সর্ব' দ্রষ্টব্য] + কালীন [কাল + ঈন]। ৬।২ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ক্ + আ + ল্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ = র্ব।

সর্বগ: সর্বত্র গমনকারী। বিণ। তৎসম। সর্ব ['সর্ব' দ্রষ্টব্য] + গ [গম্ + অ]। ৬।১ সর্ব [সর্বত্র] গমন করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + গ্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ = র্ব।

সর্বগামিনী: সর্বত্র গমনকারিণী। বিণ। তৎসম। সর্ব ['সর্ব' দ্রষ্টব্য] + গামিনী [গম্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ সর্ব [সর্বত্র] গমন করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + গ্ + আ + ম্ + ই + ন্ + ঈ। শব্দটি 'ইন্' + ঈ = ইনী-প্রত্যয়ান্ত তাই আগে 'ই', পরে 'ঈ'।

সর্বগামী: সর্বত্র গমনকারী। বি। তৎসম। সর্ব ['সর্ব' দ্রষ্টব্য] + গামী [গম্ + ইন্ (ঈ)]। ৬।১ সর্ব [সর্বত্র] গমন করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + গ্ + আ + ম্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত তাই 'ঈ'-কারান্ত।

সর্বগ্রাস: পূর্ণগ্রাস। বি। তৎসম। সর্ব ['সর্ব' দ্রষ্টব্য] + গ্রাস [গ্রস্ + অ]। ৬।১ সর্বের গ্রাস = সম্বন্ধ তৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + গ্ + র্ + আ + স্ + অ। বি.দ্র.; র + ব্ + অ = র্ব, গ্ + র্ + আ = গ্রা।

সর্বগ্রাসিনী: সমস্ত-কিছু গ্রাসকারিণী। বিণ। তৎসম। সর্বগ্রাস ['সর্বগ্রাস' দ্রষ্টব্য] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ সর্বগ্রাস করে যে [স্ত্রী] = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + গ্ + র্ + আ + স্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: গ্ + র্ + আ = গ্রা। 'র্' ও 'ন'-এর মধ্যে 'স্' থাকায় 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

সর্বগ্রাসী: যে সমস্ত কিছু গ্রাস করে। বিণ। তৎসম। সর্বগ্রাস ['সর্বগ্রাস' দ্রষ্টব্য] + ইন্ + ঈ [স্ত্রী]। ৭।১।চ সর্বগ্রাস করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + গ্ + র্ + আ + স্ + ঈ। বি. দ্র.: শব্দটি ইন্ [ঈ] প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সর্বজন: সমস্ত নরনারী। বি। তৎসম। সর্ব জন [জন্ + অ]। ৬।১ সর্বজন = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + র্ + ব্ + অ + জ্ + অ + ন্ + অ। বি. দ্র.: র্ + ব্ + অ = র্ব।

সর্বজনীন: সকলের পক্ষে হিতকর। বিণ। তৎসম। সর্বজন ['সর্বজন' দ্রষ্টব্য] + ঈন। ৬।২ বানান: স্ + অ + র্ + ব্ + অ + জ্ + অ +

ন্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ = র্ব, ন্ + ঈ= নী।

সর্বজনীনতা : সকলের হিত। বি। তৎসম। সর্বজনীন ['সর্বজনীন' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + র্ + ব্ + অ + জ্ + অ + ন্ + ঈ + ন্ + অ + ত্ + আ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, ন্ + ঈ= নী।

সর্বজয়া : দুর্গা। বি। তৎসম। সর্ব + জয় [জি + অ] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক সর্ব জয় করেন যিনি [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + জ্ + অ + য্ + আ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব।

সর্বজ্ঞ : সবজান্তা। বিণ। তৎসম। সর্ব [সর্ব্ + অ] + জ্ঞ [জ্ঞ + অ]। ৬।১ সর্ব জানেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + জ্ + ঞ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, জ্ + ঞ + অ= জ্ঞ।

সর্বতঃ, সর্বত : সকল প্রকারে। ক্রি-বিণ, অব্য। তৎসম। সর্ব + তস্ (ঃ)। ৬।২ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ত্ + অ + ঃ। বি.দ্র.: শব্দান্তের ' ঃ' আধুনিক বাংলায় বর্জিত।

সর্বতোভদ্র : সর্ববিষয়ে মঙ্গলজনক কর্ম। বি। তৎসম। সর্বতঃ [সর্ব + তঃ] + ভদ্র [ভন্দ্ (ন্ লোপ) + র]। ৬।২, ৬।১ [সন্ধি] তঃ + ভ= তোভ। ২।৩৯ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ত্ + ও + ভ্ + অ + দ্ + র্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, ত্ + ও= তো, দ্ + র্ + অ= দ্র।

সর্বতোভাবে : সকল প্রকারে। ক্রি-বিণ। তৎসম। সর্বতঃ + ভাব [ভূ + অ] + এ [অধিকরণ]। ৬।১ [সন্ধি] তঃ + ভা= তোভা। ২।৩৯ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ত্ + ও + ভ্ + আ + ব্ + এ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, ত্ + ও= তো।

সর্বতোমুখী : বহুমুখী। বিণ। তৎসম। সর্বতঃ + মুখ + ইন্ [ঈ]। ৬।১ [সন্ধি] তঃ + মু= তোমু। ২।৩৯ সর্বতঃ [সবদিকে] মুখ আছে যার= উপপদতৎ, ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ত্ + ও + ম্ + উ + খ্ + ঈ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সর্বত্যাগী : সব বিষয়ে বিরাগী। বিণ। তৎসম। সর্ব + ত্যাগী [ত্যজ্ + ইন্ (ঈ)]। ৬।১ সর্ব ত্যাগ করেছে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ত্ + য্ + আ + গ্ + ঈ। বি.দ্র.: র্ + ব্ + অ = র্ব, ত্ + য্ + আ = ত্যা। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সর্বত্র : সকল স্থানে। অব্য, ক্রি-বিণ। তৎসম। সর্ব + ত্র [স্থানে]। বানান: স্ + অ + র্ + ব্ + অ + ত্ + র্ + অ।

সর্বথা : সর্বপ্রকারে। অব্য, ক্রি-বিণ। তৎসম। সর্ব + থা [প্রকারে]। বানান: স্ + অ + র্ + ব্ + অ + থ্ + আ।

সর্বদর্শী : সমস্ত কিছু যিনি দেখতে পান। বিণ। তৎসম। সর্ব + দৃশ্ + ইন্ [ঈ]। ৬।১ সর্ব দেখতে পান যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + দ্ + অ + র্ + শ্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সর্বদা : সব সময়। ক্রি-বিণ, অব্য। তৎসম। সর্ব + দা [সময়]। বানান: স্ + অ + র্ + ব্ + অ + দ্ + আ।

সর্বদেশীয় : সকল দেশ সম্পর্কিত। বিণ। তৎসম। সর্বদেশ + ঈয়। ৬।১ বানান: স্ + অ + র্ + ব্ + অ + দ্ + এ + শ্ + ঈ + য্ + অ।

সর্বধর্ম : সকল ধর্ম। বি। তৎসম। সর্ব [সর্ব্ + অ] + ধর্ম [ধৃ + ম]। ৬।১ সর্ব ধর্ম= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + র্ + ব্ + অ +

ধ্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ = র্ব, র্ + ম্ + অ= র্ম।

সর্বনাম: বিশেষ্যের পরিবর্ত নাম। বি। তৎসম। সর্ব [সর্ব্ + অ] + নাম [< নামন্]। ৬।১ যে নাম [শব্দ] সকলের পরিবর্তে ব্যবহার্য। বানান: স্ + অ + র্ + ব্ + অ + ন্ + আ + ম্ + অ।

সর্বনাশ: ঘোর বিপদ্। বি। তৎসম। সর্ব + নাশ [নশ্ + অ]। ৬।১ সর্বের নাশ [বিনষ্টি]= সম্বন্ধ তৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ন্ + আ + শ্ + অ।

সর্বনাশিনী: সর্বনাশকারিণী। বিণ। তৎসম। সর্বনাশ ['সর্বনাশ' দ্রষ্টব্য] + ইন্ + ঈ। ৬।১, ৭।১।চ সর্বনাশ করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ন্ + আ + শ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সর্বনাশী: সর্বনাশকারী। বিণ। তৎসম। সর্বনাশ ['সর্বনাশ' দ্রষ্টব্য] + ইন্ [ঈ] ৬।১ সর্ব নাশ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ন্ + আ + শ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সর্বনিয়ন্তা: সমস্ত-কিছুর নিয়ন্ত্রক। বিণ। তৎসম। সর্ব + নিয়ন্তা [নি + যম্ (নিয়ন্ত্রণ করা) + তা (< তৃ = তৃচ্)]। ৬।১ সর্ব নিয়ন্ত্রণ করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ন্ + ই + য্ + অ + ন্ + ত্ + আ।

সর্বনিয়ন্ত্রী: সমস্ত-কিছু নিয়ন্ত্রণকারিণী। বিণ। তৎসম। সর্বনিয়ন্তৃ ['সর্বনিয়ন্তা' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।ছ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ন্ + ই + য্ + অ + ন্ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: ন্+ত্+র্+ঈ= স্ত্রী।

সর্বনেশে: সর্বনাশকারী। বিণ। তদ্ভব। < সর্বনাশিয়া < সং. সর্বনাশ + বাং. ইয়া। ৬।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ন্ + এ + শ্ + এ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব।

সর্বপ্রকার: সমস্ত রকম। বি। তৎসম। সর্ব + প্রকার [প্র + কৃ + অ]। ৬।১ সর্ব প্রকার = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + র্ + ব্ + অ + প্ + র্ + অ + ক্ + আ + র্ + অ।

সর্বপ্রকারে: সমস্ত রকমে। ক্রি-বিণ। তৎসম। সর্ব প্রকার ['সর্বপ্রকার' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]। বানান: স্ + অ + র্ + ব্ + অ + প্ + র্ + অ + ক্ + আ + র্ + এ।

সর্বপ্রথম: সর্বাগ্রবর্তী। বিণ। তৎসম। সর্ব + প্রথম [প্রথ্ + অম]। ৬।১ সকলের মধ্যে প্রথম = অধিকরণতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + প্ + র্ + অ + থ্ + অ + ম্ + অ।

সর্বপ্রথমে: সবার আগে। ক্রি-বিণ। তৎসম। সর্বপ্রথম ['সর্বপ্রথম' দ্রষ্টব্য] + বাং. এ। বানান: স্ + অ + র্ + ব্ + অ + প্ + র্ + অ + থ্ + অ + ম্ + এ।

সর্বপ্রধান: সকলের সেরা। বিণ। তৎসম। সর্ব + প্রধান [প্র + ধা + অন]। ৬।১ সর্বের মধ্যে প্রধান = অধিকরণতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + প্ + র্ + অ + ধ্ + আ + ন্ + অ।

সর্বপ্রযত্ন: সমস্ত রকম চেষ্টা। বি। তৎসম। সর্ব + প্রযত্ন [প্র + যত্ন [যত্ + ন]]। ৬।১ সর্ব প্রযত্ন= কর্মধা। বানান: স্ + অ + র্ + ব্ + অ + প্ + র্ + অ + য্ + অ + ত্ + ন্ + অ।

সর্বপ্রিয়: সর্বজনের প্রিয়। বিণ। তৎসম। সর্ব + প্রিয় [প্রী + অ]। ৬।১ সর্বের প্রিয়= সম্বন্ধ-তৎ।

৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + প্ + র্ + ই + য্ + অ।

সর্ববাদিসম্মত: সমস্ত লোক কর্তৃক স্বীকৃত। বিণ। তৎসম। সর্ববাদী [সর্ববাদ + ইন্ (ঈ) + সম্মত [সম্ + মন্ + ত]। ৬।১ সর্ববাদীদের দ্বারা সম্মত [স্বীকৃত]= করণতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ব্ + আ + দ্ + ই + স্ + অ + ম্ + ম্ + অ + ত্ + অ। বি.দ্র.: 'সর্ববাদী'-এই 'ইন্'-প্রত্যয়ান্ত শব্দ 'সম্মত' শব্দের সঙ্গে সমাসবদ্ধ হওয়ায় 'ইন্'-প্রত্যয়ের 'ই' [দি < দী]-র প্রত্যাবর্তন ঘটেছে।

সর্বব্যাপিনী: সর্বত্র বিদ্যমান। বিণ। তৎসম। সর্ব + ব্যাপিনী [বি + আপ্ + ইন্ + ঈ]। ৬।১ [সন্ধি] ই + আ = যা [ব্যা]। ২।৭।খ সর্ব ব্যাপ্ত করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ব্ + য্ + আ + প্ + ই + ন্ + ঈ। শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সর্বব্যাপী: সর্বত্র ব্যাপ্ত। বিণ। তৎসম। সর্ব + ব্যাপী [বি + আপ্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ব্যা]। ২।৭।খ সর্ব ব্যাপ্ত করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ব্ + য্ + আ + প্ + ঈ। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সর্বভক্ষ: সমস্ত-কিছুই ভক্ষণকারী। বিণ। তৎসম। সর্ব + ভক্ষ [ভক্ষ্ + অ]। ৬।১ সর্ব ভক্ষণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ভ্ + অ + ক্+ ষ্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, ক্ + ষ্ + অ= ক্ষ।

সর্বভক্ষ্য: সমস্ত-কিছুই ভক্ষণকারী। বিণ। তৎসম। সর্ব + ভক্ষ্য [ভক্ষ্ + য (যৎ)]। ৬।১ সর্ব ভক্ষ্য যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ভ্ + অ + ক্ + ষ্ + য্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, ক্ + ষ্ + য্ + অ= ক্ষ্য।

সর্বভুক্: সমস্ত-কিছুই ভক্ষণকারী। বিণ। তৎসম। সর্ব + ভুক্ [ভুজ্ + কিপ্]। ৬।১ সর্ব ভোজন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ভ্ + উ + ক্। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, ভ্ + উ + ক্ = ভুক্।

সর্বভূত: সমস্ত জীব। বি। তৎসম। সর্ব + ভূত [ভূ + ত]। ৬।১ সর্ব যে ভূত [প্রাণী] = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ভ্ + ঊ + ত্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, ভ্ + ঊ = ভূ।

সর্বমঙ্গলা: দুর্গা। বি। তৎসম। সর্ব + মঙ্গলা [মঙ্গল + অ + আ]। ৬।১ সর্ব মঙ্গল করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ম্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + আ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব। ঙ্ + গ্ + অ= ঙ্গ।

সর্বমঙ্গল্য: সর্বশুভকর। বিণ। তৎসম। সর্ব + মঙ্গল্য [মঙ্গল + য (যৎ)]। ৬।১ সর্ব মঙ্গল্য= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ম্ + ঙ্ + গ্ + অ + ল্ + য্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ= ব, ঙ্ + গ্ + অ = ঙ্গ, ল্ + য্ + অ= ল্য।

সর্বমঙ্গল্যা: সর্ব শুভকারিণী। বিণ। তৎসম। সর্বমঙ্গল্য ['সর্বমঙ্গল্য' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। বানান: স্ + অ + র্ + ব্ + অ + ম্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + য্ + আ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, ঙ্ + গ্ + অ= ঙ্গ, ল্ + য্ + আ= ল্যা।

সর্বময়: সর্বব্যাপী। বিণ। তৎসম। সর্ব + ময় [ময়ট্]। ৬।২ সর্ব দ্বারা ময় [পূর্ণ]= করণতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ম্ + অ + য় + অ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব।

সর্বময়ী: সর্বশক্তিময়ী। বিণ। তৎসম। সর্বময় ['সর্বময়' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। বানান: স্ + অ + র্ + ব্ + অ + ম্ + অ + য়্ + ঈ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, য়্ + ঈ= য়ী।

সর্বলোক: সমগ্র বিশ্ব-ব্রহ্মাণ্ড, সর্বজন। বি। তৎসম। সর্ব + লোক [লোক্ + অ]। ৬।১ সর্ব যে লোক = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + র্ + ব্ + অ + ল্ + ও + ক্ + অ।

সর্বশক্তিমান: সকল শক্তির অধিকারী। বিণ। তৎসম। সর্ব + শক্তি [শক্ + তি] + মান [মৎ (মতুপ্)]। ৬।১, ৬।২ সর্ব শক্তিমান্ = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + র্ + ব্ + অ + শ্ + অ + ক্ + ত্ + ই + ম্ + আ + ন্। বি.দ্র.: ক্ + ত্ + ই= ক্তি। শব্দান্তের 'ন' আধুনিক বাংলায় হসন্তবিহীন।

সর্বশুদ্ধ: সব-সমেত। ক্রি-বিণ। তৎসম। সর্ব + শুদ্ধ [শুধ্ + ত]। ৬।১ সর্ব শুদ্ধ = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + র্ + ব্ + অ + শ্ + উ + দ্ + ধ্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, শ্ + উ= শু। দ্ + ধ্ + অ= দ্ধ।

সর্বশ্রেষ্ঠ: সর্বপ্রধান। বিণ। তৎসম। সর্ব + শ্রেষ্ঠ [শ্রেয়স্ (প্রশংসা) + ইষ্ঠ]। ৬।২ সর্বের শ্রেষ্ঠ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + শ্ + র্ + এ + ষ্ + ঠ্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, শ্ + র্ + এ= শ্রে, ষ্ + ঠ্ + অ= ষ্ঠ।

সর্বশ্রেষ্ঠা: সর্বোত্তমা। বিণ। তৎসম। সর্বশ্রেষ্ঠ ['সর্বশ্রেষ্ঠ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + র্ + ব্ + অ + শ্ + র + এ + ষ্ + ঠ্ + আ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, শ্ + র্ + এ= শ্রে, ষ্ + ঠ্ + আ= ষ্ঠা।

সর্বসমক্ষে: সকলের সামনে। ক্রি-বিণ। তৎসম। সর্ব + সমক্ষ [সম্ + অক্ষি + অ]। ৬।১ অক্ষির সমীপে= অব্যয়ীভাব। ৩।১ সর্বের সমক্ষে= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + স্ + অ + ম্ + অ + ক্ + ষ্ + এ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, ক্ + ষ্ + এ= ক্ষে।

সর্বসম্মত: সকলের অনুমোদিত। বিণ। তৎসম। সর্ব + সম্মত [সম্ + মত (মন্ + ত)]। ৬।১ সর্বের সম্মত [অনুমোদিত]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + স্ + অ + ম্ + ম্ + অ + ত্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ = র্ব। ম্ + ম্ + অ= ম্ম।

সর্বসম্মতি: সকলের অনুমোদন। বি। তৎসম। সর্ব + সম্মতি [সম্ + মতি [(মন্ + তি)] ৬।১ সর্বের সম্মতি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + স্ + অ + ম্ + ম্ + অ + ত্ + ই। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব। ম্ + ম্ + অ= ম্ম।

সর্বসম্মতিক্রমে: সকলের অনুমোদনে। ক্রি-বিণ। তৎসম। সর্বসম্মতি ['সর্বসম্মতি' দ্রষ্টব্য] + ক্রম [ক্রম্ + অ] + বাং. এ [অধিকরণ]। ৬।১ সর্বসম্মতির ক্রম= সম্বন্ধতৎ, তাতে। বানান: স্ + অ + র্ + ব্ + অ + স্ + অ + ম্ + ম্ + অ + ত্ + ই + ক্ + র্ + অ + ম্ + এ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, ম্ + ম্ + অ = ম্ম। ক্ + র্ + অ= ক্র।

সর্বসাধারণ: সর্বজন। বি। তৎসম। সর্ব + সাধারণ [স (= সহ) + আধারণ [আ + ধৃ + অন]। ৬।১ আধারণের সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + র্ + ব্ + অ + স্ + আ + ধ্ + আ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, 'র' ও 'ণ'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সর্বসিদ্ধি: সকল প্রকার সাফল্য। বি। তৎসম। সর্ব

+ সিদ্ধি [সিধ্ + তি]। ৬।১ সর্ব যে সিদ্ধি= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + র্ + ব্ + অ + স্ + ই + দ্ + ধ্ + ই। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, স্ + ই= সি, দ্ + ধ্ + ই= দ্ধি।

সর্বস্ব: সমস্ত সম্পদ্। বি। তৎসম। সর্ব + স্ব [সু (উ-কার লোপ) + ব]। ৬।২ সর্ব যে স্ব [ধন]= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + র্ + ব্ + অ + স্ + ব্ + অ। বি.দ্র.: স্ + ব্ + অ= স্ব।

সর্বস্বান্ত: নিঃস্ব। বিণ। তৎসম। সর্ব + স্বান্ত [স্ব + অন্ত]। ৬।১ [সন্ধি] অ + অ= আ। [স্বা]। ২।১।ক সর্ব যে স্ব= কর্মধা, তার অন্ত [শেষ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + অ + স্ + ব্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ= র্ব, স্ + ব্ + আ= স্বা, ন্ + ত্ + অ= ন্ত।

সর্বাঙ্গ: সমস্ত শরীর। বি। তৎসম। সর্ব + অঙ্গ [অঙ্গ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [র্বা]। ২।১।ক সর্ব যে অঙ্গ= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + র্ + ব্ + আ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: র্ +ব্ + আ= র্বা, ঙ্ + গ্ + অ= ঙ্গ।

সর্বাঙ্গসুন্দর: নিখুঁত। বিণ। তৎসম। সর্বাঙ্গ ['সর্বাঙ্গ' দ্রষ্টব্য] + সুন্দর [সুন্দ্ + অর]। ৬।১ সর্বাঙ্গ সুন্দর যার বা যাতে = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + র্ + ব্ + আ + ঙ্ + গ্ + অ + স্ + উ + ন্ + দ্ + অ + র্ + অ। বি.দ্র.: র্ + ব্ + আ= র্বা, ঙ্ + গ্ + অ= ঙ্গ, ন্ + দ্ + অ= ন্দ।

সর্বাঙ্গীণ: সম্পূর্ণ। বিণ। তৎসম। সর্বাঙ্গ ['সর্বাঙ্গ' দ্রষ্টব্য] + ঈন। ৬।২ বানান: স্ + অ + র্ + ব্ + আ + ঙ্ + গ্ + ঈ + ণ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + ঈ = ঙ্গী, 'র' ও 'ন'-এর মধ্যে ব, আ, ঙ, গ, ঈ— এই অনুকূল বর্ণগুলি থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সর্বাত্মক: সর্বত্র ব্যাপ্ত। বিণ। তৎসম। সর্ব + আত্মক [আত্মন্ + ক]। ৬।২ [সন্ধি] অ + আ= আ [র্বা]। ২।১।খ বানান: স্ + অ + র্ + ব্ + আ + ত্ + ম্ + অ + ক্ + অ। বি.দ্র.: র্ +ব্ + আ= র্বা, ত্ + ম্ + অ = ত্ম।

সর্বাদৃত: সকলের আদৃত। বিণ। তৎসম। সর্ব + আদৃত [আ + দৃ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [র্বা]। ২।১।খ সর্বের দ্বারা আদৃত= করণতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + আ + দ্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: র্ + ব্ + আ= র্বা, দ্ + ঋ = দৃ।

সর্বাধার: সকল প্রাণী ও অপ্রাণীর আশ্রয়। বি। তৎসম। সর্ব + আধার [আ + ধৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [র্বা]। ২।১।খ সর্বের আধার = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + আ + ধ্ + আ + র্ + অ। বি.দ্র.: র্ + ব্ + আ= র্বা

সর্বাধিকারী: সার্বভৌম কর্তা। বিণ। তৎসম। সর্ব + অধিকারী [অধি + কৃ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [র্বা]। ২।১।ক বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

সর্বাধ্যক্ষ: সকল জন ও সব-কিছুর কর্তা। বি। তৎসম। সর্ব + অধ্যক্ষ [অধি + অক্ষ (অক্ষি + অ)]। ৬।২ [সন্ধি] অ + অ= আ। ২।১।ক সর্বের অধ্যক্ষ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + আ + ধ্ + য্ + অ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: র্ + ব্ + আ = র্বা, ধ্ + য্ + অ = ধ্য, ক্ + ষ্ + অ = ক্ষ।

সর্বানুভূত: সকলের অনুভূত। বিণ। তৎসম। সর্ব + অনুভূত [অনু + ভূ + ত]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [র্বা]। ২।১।ক সর্বের অনুভূত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + আ + ন্ + উ + ভ্ + ঊ + ত্ +

অ। বি.দ্র. : র্ + ব্ + আ = র্বা, ভ্ + ঊ = ভূ।

সর্বানুভূতি : সকল বিষয়ের অনুভূতি। বি। তৎসম। সর্ব + অনুভূতি [অনু + ভূ + তি]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [র্বা]। ২।১।ক সর্ব যে অনুভূতি = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + র্ + ব্ + আ + ন্ + উ + ভ্ + ঊ + ত্ + ই। বি.দ্র. : র্ + ব্ + আ = র্বা, ভ্ + ঊ = ভূ।

সর্বান্তর্যামী : সকলের অন্তর নিয়ন্ত্রণকারী। বিণ। তৎসম। সর্ব + অন্তর্যামী [অন্তঃ + যামী (যম্ + ইন্ = ঈ)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [র্বা]। ২।১।ক ঃ + যা = র্যা। ২।৩৮ সর্বের অন্তর = সম্বন্ধতৎ। ৩।৩ সর্বের অন্তরকে যিনি নিয়ন্ত্রণ [যম্] করেন = উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ + র্ + ব্ + আ + ন্ + ত্ + অ + র্ + য্ + আ + ম্ + ঈ। বি.দ্র. : র্ + ব্ + আ = র্বা, ন্ + ত + অ = ন্ত, র্ + য্ + আ = র্যা, ম্ + ঈ = মী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সর্বাবস্থায় : সকল অবস্থায়। ক্রি-বিণ। তৎসম। সর্ব + অবস্থায় [অব্ + স্থা + অ + আ (+য়—অধিকরণে]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [র্বা]। ২।১।ক সর্ব যে অবস্থা = কর্মধা। ৩।২, বানান : স্ + অ + র্ + ব্ + আ + ব্ + অ + স্ + থ্ + আ + য্ + অ। বি.দ্র. : র্ + ব্ + আ = র্বা, স্ + থ্ + আ = স্থা।

সর্বার্থ : সকল অভীষ্ট। বি। তৎসম। সর্ব + অর্থ [অর্থ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [র্বা]। ২।১।ক সর্ব যে অর্থ [অভীষ্ট] = কর্মধা। ৩।২ বানান : স্ + অ + র্ + ব্ + আ + র্ + থ্ + অ। বি.দ্র. : র্ + ব্ + আ = র্বা, র্ + থ্ + অ = র্থ।

সর্বার্থসাধক : সকল অভীষ্ট পূর্ণকারী। বিণ। তৎসম। সর্বার্থ ['সর্বার্থ' দ্রষ্টব্য] + সাধক [সাধ + অক]। ৬।১ সর্বার্থ সাধন করে যা = উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ + র্ + ব্ + আ + র্ + থ্ + অ + স্ + আ + ধ্ + অ + ক্ + অ। বি.দ্র. : র্ + ব্ + আ = র্বা, র্ + থ্ + অ = র্থ।

সর্বার্থসাধিকা : সকল অভীষ্ট পূর্ণকারিণী। বিণ। তৎসম। সর্বার্থসাধক ['সর্বার্থ সাধক' দ্রষ্টব্য]। সাধিকা [সাধ্ + ইক (<অক) + আ (স্ত্রী)]। ৬।১ বানান : স্ + অ + র্ + ব্ + আ + র্ + থ্ + অ + স্ + আ + ধ্ + ই + ক্ + আ। বি.দ্র. : র্ + ব্ + আ = র্বা, র্ + থ্ + অ = র্থ, ধ্ + ই = ধি।

সর্বার্থসিদ্ধি : সকল প্রকার অভীষ্টলাভ। বি। তৎসম। সর্বার্থ ['সর্বার্থ' দ্রষ্টব্য] + সিদ্ধি [সিধ্ + তি]। ৬।১ সর্ব যে অর্থ = কর্মধা। ৩।২ সর্বার্থের সিদ্ধি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + অ + র্ + ব্ + আ + র্ + থ্ + অ + স্ + ই + দ্ + ধ্ + ই। বি.দ্র. : র্ + ব্ + আ = র্বা, র্ + থ্ + অ = র্থ, দ্ + ধ্ + ই = দ্ধি।

সর্বালঙ্কারভূষিতা : সমস্ত রকম অলংকার-পরিহিতা। বিণ। তৎসম। সর্ব + অলঙ্কার [অলম্ + কৃ + অ] + ভূষিতা [ভূষ্ + ত + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [সন্ধি] অ + অ = আ [র্বা]। ২।১।ক, ম্ + কা = ঙ্কা। ২।১ সর্ব অলঙ্কার = কর্মধা। ৩।২ তার দ্বারা ভূষিতা = করণতৎ। ৩।৩ বানান : স্ + অ + র্ + ব্ + আ + ল্ + অ + ঙ্ + ক্ + আ + র্ + অ + ভ্ + ঊ + ষ্ + ই + ত্ + আ।

সর্বেশ্বর : সকলের ঈশ্বর। বি। তৎসম। সর্ব + ঈশ্বর [ঈশ্ + বর]। ৬।১ সর্বের ঈশ্বর = সম্বন্ধতৎ। ৩।৩ বাবান : স্ + অ + র্ + ব্ + এ + শ্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র. : র্ + ব্ + এ = র্বে, শ্ + ব্ + অ = শ্ব।

সর্বেসর্বা : সর্বময় কর্তা। বিণ। তৎসম। সর্বে

[অধিকরণ একবচন (পুং)] + সর্বাঃ [কর্তা, বহুবচন (স্ত্রী)] all-in-all. যিনি সর্বে ও সর্বাঃ [সকল পুরুষ ও সকল শক্তির কর্তা] = দ্বন্দ্ব। ৩।৪ বানান: স্ + অ + র্ + ব্ + এ + স্ + অ + র্ + ব্ + আ + ঃ। বি.দ্র.: বিসর্গ বর্জিত।

সর্বোত্তম: সবসেরা। বিণ। তৎসম। সর্ব + উত্তম [উৎ + তম]। ৬।২ বানান: অ + উ = ও [র্বো]। ২।৫।ক সর্বের উত্তম [শ্রেষ্ঠ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + ও + ত্ + ত্ + অ + ম্ + অ। বি.দ্র.: র্ + ব্ + ও = র্বো, ত্ + ত্ + অ = ত্ত।

সর্বোত্তর: সর্বপ্রধান, উত্তরদিকে সর্বাপেক্ষা দূরবর্তী স্থান। বি, বিণ। তৎসম। সর্ব + উত্তর [উৎ + তৃ + অ]। ২।৫।ক সর্বের উত্তর [অতিক্রান্ত] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + ও + ত্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র.: র্ + ব্ + ও = র্বো, ত্ + ত্ + অ = ত্ত।

সর্বোপরি: সকলের ওপর। ক্রি-বিণ। তৎসম। সর্ব + উপরি। [সন্ধি] অ + উ = ও [র্বো]। ২।৫।ক সর্বের উপরি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + অ + র্ + ব্ + ও + প্ + অ + র্ + ই। বি.দ্র.: র্ + ব্ + ও = র্বো।

সর্বোপায়ে: সকল উপায়ে। ক্রি-বিণ। তৎসম। সর্ব + উপায় [উপ + আয় (ই + অ)] + এ [অধিকরণ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [(র্বো)]। ২।৫।ক, অ + আ = আ [পা]। ২।১।ক সর্ব উপায় = কর্মধা। ৩।২, তাতে। বানান স্ + অ + র্ + ব্ + ও + প্ + আ + য্ + এ। বি.দ্র.: র্ + ব্ + ও= র্বো।

সর্বৌষধি: সকল ওষধি। বি। তৎসম। সর্ব + ওষধি [ওষ (দীপ্তি) + ধা + ই]। ৬।১ [সন্ধি] অ + ও = ঔ [র্বৌ]। ২।১২।ক সর্ব ওষধি = কর্মধা। ৩।২ বানান: স্ + অ + র্ + ব্ + ঔ + ষ্ + অ + ধ্ + ই। বি.দ্র.: র্ + ব্ + ঔ = র্বৌ, 'ঔ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

সর্ষপ: সরিষা। বি। তৎসম। সৃ + অপ—'ষ' আগম। ৬।১ বানান: স্ + অ + র্ + ষ্ + অ + প্ + অ। বি.দ্র.: 'র'-এর পর 'ষ' হয়েছে। ৪।২।গ র্ + ষ্ + অ = র্ষ।

সলজ্জ: লজ্জাযুক্ত। বিণ। তৎসম। স [=সহ] + লজ্জা [লজ্জ্ + অ + আ]। ৬।১ লজ্জার সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ল্ + অ + জ্ + জ্ + অ। বি.দ্র.: জ্ + জ্ + অ = জ্জ। শব্দান্তের 'আ'-কার লুপ্ত।

সলতে: সলিতা। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী] <শলি [<সং. শুল্ব] + পলিতা [<ফা. পলীতাহ্]। বানান: সলতে [<সলিতা]: স্ + অ + ল্ + ত্ +এ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ল' হসন্তবর্জিত।

সলা: শলা, গোপন পরামর্শ। বি• বিদেশী। <আ. সলাহ্। বাংলা বানান: স্ + অ +ল্ + আ।

সলাজ: লজ্জাযুক্ত। বিণ। তদ্ভব। স [=সং] + লাজ [<সং. লজ্জা]। লজ্জার সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + ল্ + আ + জ্। বি.দ্র.: শব্দান্তের 'জ' হসন্তহীন।

সলি: ধানের মাপ। বি। তদ্ভব। <সং. শুল্ব। বানান: স্ + অ + ল্ + ই।

সলিতা: প্রদীপের সরু পলিতা। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। <শলি [<সং. শুল্ব] + পলিতা [<ফা. পলীতাহ্]। বানান: স্ + অ + ল্ + ই + ত্ + আ।

সলিল: জল। বি। তৎসম। সল্ [গমন করা] + ইল। বানান: স্ + অ + ল্ + ই + ল্ + অ।

সলিল-সমাধি: জলে ডুবে মৃত্যু। বি। তৎসম। সলিল [সল্ + ইল] + সমাধি [সম্ + আ + ধা + ই]। ৬।১ সলিলে সমাধি = অধিকরণতৎ। ৩।৩ বানান: স্ + অ + ল্ + ই + ল্ + অ + স্ + অ + ম্ + আ + ধ্ + ই।

সলীল : লীলাযুক্ত। বিণ। তৎসম। স [=সহ] + লীল [লী + লা + অ]। ৬।১ লীলার সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + ল্ + ঈ + ল্ + অ।

সল্মা, সল্‌মা : সোনা বা রূপার তারে বোনা বুটি। বি। বিদেশী। <হি. শল্‌মা <আ. সল্‌মা। বাংলা বানান : স্ + অ + ল্ + ম্ + আ। বি.দ্র. : ল্ + ম্ + আ = ল্মা বা ল্‌মা। সন্ধিবদ্ধ না হলে 'ল্' হসন্তচিহ্নযুক্ত হবে।

সশঙ্ক : ভীত, বিণ। তৎসম। স [=সহ + শঙ্ক [শঙ্ক্ + অ + আ]।৬।১ শঙ্কার সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ আ-কার লুপ্ত। বানান : স্ + অ + শ্ + অ + ঙ্ + ক্ + অ। বি.দ্র. : ঙ্ + ক্ + অ = ঙ্ক।

সশঙ্কে : শঙ্কার সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। স [=সহ + শঙ্ক (শঙ্ক্ + অ) + এ (অধিকরণ)]। ৬।১ শঙ্কার সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ তাতে। বানান : স্ + অ + শ্ + অ + ঙ্ + ক্ + এ। বি.দ্র. : ঙ্ + ক্ + এ = ঙ্কে।

সশব্দ : শব্দের সঙ্গে বর্তমান। বিণ। তৎসম। স [=সহ] + শব্দ (শব্দ্ + অ)। ৬।১ শব্দের সঙ্গে বর্তমান = সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + শ্ + অ + ব্ + দ্ + অ। বি.দ্র. : ব্ + দ্ + অ = ব্দ।

সশব্দে : শব্দ করে। ক্রি-বিণ। তৎসম। স [=সহ + শব্দ (শব্দ + অ) + এ। ৬।১ শব্দের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ তাতে। বানান : স্ + অ + শ্ + অ + ব্ + দ্ + এ। বি.দ্র. : ব্ + দ্ + এ = ব্দে।

সশরীর : শরীর সহ। বিণ। তৎসম। স + শরীর [শৃ (শীর্ণ হওয়া) + ঈর। ৬।১ শরীরের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + শ্ + অ + র্ + ঈ + র্ + অ। বি.দ্র. : র্ + ঈ= রী।

সশরীরে : শরীর নিয়েই। ক্রি-বিণ। তৎসম। স + শরীর ['শরীর' দ্রষ্টব্য] + এ [অধিকরণ]। শরীরের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ + এ। বানান : স্ + অ + শ্ + অ + র্ + ঈ + র্ + এ। বি.দ্র. : র্ + ঈ= রী।

সশস্ত্র : অস্ত্রের দ্বারা সজ্জিত। বিণ। তৎসম। স + শস্ত্র [শস্ + ত্র]। ৬।১ শস্ত্রের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান : স + অ + শ্ + অ + স্ + ত্ + র্ + অ। বি.দ্র. : স্ + ত্ + র্ + অ= স্ত্র।

সশিষ্য : শিষ্যের সঙ্গে বর্তমান। বিণ। তৎসম। স + শিষ্য [শাস্ + য (যৎ)]। ৬।১ শিষ্যের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + শ্ + ই + ষ্ + য্ + অ। বি.দ্র. : ষ্ + য্ + অ= ষ্য।

সশ্রদ্ধ : শ্রদ্ধার সঙ্গে বর্তমান। বিণ। তৎসম। স + শ্রদ্ধ [শ্রৎ + ধা + অ]। ৬।১ শ্রদ্ধার সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + শ্ + র্ + অ + দ্ + ধ্ + অ। বি.দ্র. : শ্ + র্ + অ= শ্র, দ্ + ধ্ + অ= দ্ধ।

সসজ্জিত [অশুদ্ধ] : সজ্জিত। বিণ। তৎসম। স + সজ্জিত [সজ্জ্ + ত]। ৬।১ সজ্জার সঙ্গে বর্তমান [সসজ্জ]= বহুব্রী। ৩।৫

সসম্ভ্রম : শ্রদ্ধামিশ্রিত। বি। তৎসম। স + সম্ভ্রম [সম্ + ভ্রম্ + অ]। ৬।১ সম্ভ্রমের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + স্ + অ + ম্ + ভ্ + র্ + অ + ম্ + অ। বি.দ্র. : ম্ + ভ্ + র্ + অ= ম্ভ্র।

সসম্ভ্রমে : সম্ভ্রমের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। স + সম্ভ্রমে [সম্ + ভ্রম্ + অ + এ (অধিকরণ)]। ৬।১ সম্ভ্রমের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + স্ + অ + ম্ + ভ্ + র্ + অ + ম্ + এ। বি.দ্র. : ম্ + ভ্ + র্ + অ= ম্ভ্র।

সসম্মান : সম্মানপূর্ণ। বিণ। তৎসম। স + সম্মান [সম্ + মান্ + অ]। ৬।১ সম্মানের সঙ্গে

বর্তমান। = বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + স্ + অ + ম্ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: ম্ + ম্ + আ= ম্মা।

সসম্মানে: সম্মানের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম।স + সম্মানে [সম্ + মান্ + অ + এ (অধিকরণ)। ৬।১ সম্মানের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ + এ (অধিকরণ)। বানান: স্ + অ + স্ + অ + ম্ + ম্ + আ + ন্ + এ। বি.দ্র.: ম্ + ম্ + আ= ম্মা।

সসাগরা: সমুদ্রসহ বিদ্যমানা। বিণ। তৎসম। স + সাগরা [সগর + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক সাগরের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + স্ + আ + গ্ + অ + র্ + আ।

সসীম: সীমাযুক্ত। বিণ। তৎসম। স + সীমা [সীমন্]। সীমার সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ ['আ' লুপ্ত] বানান: স্ + অ + স্ + ঈ + ম্ + অ। বি.দ্র.: স্ + ঈ= সী।

সসেমিরা: কিংকর্তব্যবিমূঢ়, সংকটাপন্ন।বিণ। তৎসম। স-সে-মি-রা। চারটি শ্লোকের প্রতি-শ্লোকের প্রথম বর্ণ দিয়ে গঠিত এই শব্দ। বানান: স্ + অ + স্ + এ + ম্ + ই + র্ + আ।

সসৈন্য: সৈন্যসহ। বিণ। তৎসম। স + সৈন্য [সেনা + য (ষ্ণ্য)]। ৬।১ সৈন্যের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + স্ + ঐ + ন্ + য্ + এ। বি.দ্র.: স্ + ঐ= সৈ, ন্ + য্ + অ= ন্য।

সসৈন্যে: সৈন্যযুক্ত হয়ে। ক্রি-বিণ। তৎসম। স + সৈন্য [সেনা + য (ষ্ণ্য] + এ [অধিকরণ]। ৬।১ সৈন্যের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + স্ + ঐ + ন্ + য্ + এ। বি.দ্র.: স্ + ঐ= সৈ, ন্ + য্ + এ= ন্যে।

সস্তা: কম দামি। বিণ। বিদেশী। < ফা. সস্ত্। বাংলা বানান: স্ + অ + স্ + ত্ + আ। বি.দ্র.: স্ + ত্ + আ= স্তা।

সস্ত্রীক: স্ত্রীর সঙ্গে। বিণ। তৎসম। স + স্ত্রী [স্তৈ (গর্ভ সংহত হওয়া) + র + ঈ (স্ত্রী)] + ক [সমাসান্ত প্রত্যয়]। ৬।১, ৬।২ স্ত্রীর সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + স্ + ত্ + র্ + ঈ + ক্ + অ। বি.দ্র.: স্ + ত্ + র্ + ঈ = স্ত্রী।

সস্নেহ: স্নেহপূর্ণ। বিণ। তৎসম। স + স্নেহ [স্নিহ্ + অ]। ৬।১ স্নেহের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + স্ + ন্ + এ + হ্ + অ। বি.দ্র.: স্ + ন্ + এ= স্নে।

সস্নেহে: স্নেহের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সস্নেহ ['সস্নেহ' দ্রষ্টব্য] + এ [অধিকরণ]। বানান: স্ + অ + স্ + ন্ + এ + হ্ + এ। বি.দ্র.: স্ + ন্ + এ= স্নে।

সস্পৃহ: স্পৃহাযুক্ত। বিণ। তৎসম। স + স্পৃহ [স্পৃহ্ + অ]। ৬।১ স্পৃহার সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + স্ + প্ + ঋ + হ্ + অ। বি.দ্র.: স্ + প্ + ঋ = স্পৃ।

সস্মিত: ঈষৎ হাস্যযুক্ত। বিণ। তৎসম। স + স্মিত [স্মি + ত[। ৬।১ স্মিতের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + স্ + ম্ + ই + ত্ + অ। বি.দ্র.: স্ + ম্ + ই= স্মি।

সহ: সঙ্গে, সহযোগী। অব্য। তৎসম। সহ্ + অ। ৬।১ বানান: স্ + অ + হ্ + অ।

সহকর্মী: একত্র কর্মনিযুক্ত। বিণ। তৎসম। সহ + কর্মী [কর্ম + ইন্ (ঈ)]। ৬।১ সহ [সঙ্গে, একত্রে] কর্ম করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + হ্ + অ + ক্ + অ + র্ + ম্ + ঈ। বি.দ্র.: র্ + ম্ + ঈ= র্মী।

সহকার: আম গাছ। বি। তৎসম। সহ + কার [কৃ + ণিচ্ + অ]। ৬।১ বানান: স্ + অ + হ্ + অ + ক্ + আ + র্ + অ।

সহকারশাখা : আমগাছের ডাল। বি। তৎসম। সহকার ['সহকার' দ্রষ্টব্য] + শাখা [শাখ্‌ + অ + আ]। ৬।১ সহকারের শাখা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্‌ + অ + হ্‌ + অ + ক্‌ + আ + র্‌ + অ + শ্‌ + আ + খ্‌ + আ।

সহকারিতা : সহায়তা। বি। তৎসম। সহ + কৃ + ইন > ইত + আ= সহ + কারিত + আ। ৬।১ বানান: স্‌ + অ + হ্‌ + অ + ক্‌ + আ + র্‌ + ই + ত্‌ + আ।

সহকারিণী : কর্মে সাহায্যকারিণী। বিণ। তৎসম। সহ+কারিণী [কৃ + ইন্‌ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ বানান: স্‌ + অ + হ্‌ + অ + ক্‌ + আ + র্‌ + ই + ণ্‌ + ঈ। বি.দ্র.: 'র্‌' ও 'ন্‌'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সহকারী : সহকর্মী। বিণ, বি। তৎসম। সহ + কারী [কৃ + ইন্‌ (ঈ)]। ৬।১ বানান: স্‌ + অ + হ্‌ + অ + ক্‌ + আ + র্‌ + ঈ।

সহকারে : সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সহ + কার [কৃ + অ] + এ [অধিকরণ]। বানান: স্‌ + অ + হ্‌ + অ + ক্‌ + আ + র্‌ + এ।

সহগমন : একত্রে গমন, সহমরণ। বি। তৎসম। সহ + গমন [গম্‌ + অন]। ৬।১ বানান: স্‌ + অ + হ্‌ + অ + গ্‌ + অ + ম্‌ + অ + ন্‌ + অ।

সহগামিনী : সঙ্গিনী। বিণ। তৎসম। সহ [গম্‌ + ইন্‌ + ঈ (স্ত্রী)]। ৬।১ সহ [সঙ্গে] গমন করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: স্‌ + অ + হ্‌ + অ + গ্‌ + আ + ম্‌ + ই + ন্‌ + ঈ। শব্দটি 'ইন্‌ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

সহগামী : সঙ্গী। বিণ। তৎসম। সহ + গামী [গম্‌ + ইন্‌ (ঈ)]। সহ [সঙ্গে] গমন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্‌ + অ + হ্‌ + অ + গ্‌ + আ + ম্‌ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্‌' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সহচর : একত্রে বিচরণকারী। বি, বিণ। তৎসম। সহ + চর [চর্‌ + অ]। ৬।১ সহ [সঙ্গে] বিচরণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্‌ + অ + হ্‌ + অ + চ্‌ + অ + র্‌ + অ।

সহচরী : সঙ্গে বিচরণকারিণী। বি, বিণ। তৎসম। সহ + চরী [চর্‌ + অ + ঈ (স্ত্রী)]। ৬।১ সহ [সঙ্গে] বিচরণ করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: স্‌ + অ + হ্‌ + অ + চ্‌ + অ + র্‌ + ঈ।

সহচারিণী : সঙ্গে বিচরণকারিণী। বি, বিণ। তৎসম। সহ + চারিণী [চর্‌ + ইন্‌ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ সহ [সঙ্গে] চারণা করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্‌ + অ + হ্‌ + অ + চ্‌ + আ + র্‌ + ই + ণ্‌ + ঈ। বি.দ্র.: 'র্‌' ও 'ন্‌'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সহচারী : একত্রে বিচরণকারী। বি, বিণ। তৎসম। সহ + চারী [চর্‌ + ইন্‌ (ঈ)]। ৬।১ সহ [সঙ্গে] চারণা করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্‌ + অ + হ্‌ + অ + চ্‌ + আ + র্‌ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্‌' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সহজ : সহজাত, স্বভাবজ, বাং. সরল। বিণ। তৎসম। সহ + জ [জন্‌ + অ]। ৬।১ সহ [সঙ্গে] জন্মে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্‌ + অ + হ্‌ + অ + জ্‌ + অ।

সহজার্থ : শব্দের আভিধানিক অর্থ। বি। তৎসম। সহজ ['সহজ' দ্রষ্টব্য] + অর্থ [অর্থ্‌ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [জা]। ২।১।ক সহজ যে অর্থ= কর্মধা। ৩।২ বানান: স্‌ + অ + হ্‌ + অ + জ্‌ + আ + র্‌ + থ্‌ + অ। বি.দ্র.: র্‌ + থ্‌ + অ= র্থ।

সহজজ্ঞান : সহজাত জ্ঞান। বি। তৎসম। সহজ ['সহজ' দ্রষ্টব্য] + জ্ঞান [জ্ঞা + অন]। ৬।১ সহজ যে জ্ঞান= কর্মধা। ৩।২ বানান: স্‌ +

অ + হ্ + অ + জ্ + অ + জ্ + ঞ্ + আ + ন্ + অ। বি.দ্র. : জ্ + ঞ্ + আ= জ্ঞা।

সহজপ্রবৃত্তি : জন্মগত প্রবৃত্তি। বি। তৎসম। সহজ ['সহজ' দ্রষ্টব্য] + প্রবৃত্তি [প্র + বৃৎ + তি]। ৬।১ সহজ [সহজাত] যে প্রবৃত্তি= কর্মধা। ৩।২ বানান : স্ + অ + হ্ + অ + জ্ + অ + প্ + র্ + অ + ব্ + ঋ + ত্ + ত্ + ই। বি.দ্র. : প্ + র্ + অ= প্র, ব্ + ঋ= বৃ, ত্ + ত্ + ই= ত্তি।

সহজসাধ্য : অনায়াসে সম্পাদন-যোগ্য। বিণ। তৎসম। সহজ ['সহজ' দ্রষ্টব্য] + সাধ্য [সাধ্ + য (যৎ)]। ৬।১ সহজে সাধ্য। বানান : স্ + অ + হ্ + অ + জ্ + অ + স্ + আ + ধ্ + য্ + অ। বি.দ্র. : ধ্ + য্ + অ= ধ্য।

সহজাত : জন্মলব্ধ। বিণ। তৎসম। সহ + জাত [জন্ + ত]। ৬।১ সহ [সঙ্গে] জাত। বানান : স্ + অ + হ্ + অ + জ্ + আ + ত্ + অ।

সহজিয়া : সহজ মতের সাধক। বি। তদ্ভব। সং. সহজ ['সহজ' দ্রষ্টব্য] + বাং. ইয়া। ৬।৩ বানান : স্ + অ + হ্ + অ + জ্ + ই + য্ + আ।

সহজে : অনায়াসে। ক্রি-বিণ। তৎসম। সহজ ['সহজ' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]।

সহধর্মিণী : স্ত্রী। বিণ, বি। তৎসম। সহ + ধর্মিণী [ধর্ম (ধৃ + ম)+ ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ সহ [সমান] ধর্ম যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + হ্ + অ + ধ্ + অ + র্ + ম্ + ই + ণ্ + ঈ। বি.দ্র. : র্ + ম্ + ই= র্মি, 'র' ও 'ন'-এর মধ্যে 'ম' ও 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সহধর্মী : সমান-ধর্মবিশিষ্ট। বিণ। তৎসম। সহ + ধর্ম [ধৃ + ম] + ইন্ [ঈ]। ৬।১ সহ [সমান] ধর্ম যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + অ + হ্ + অ + ধ্ + অ + র্ + ম্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সহপাঠিনী : সতীর্থা। বিণ। তৎসম। সহ + পাঠিনী [পঠ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ সহ [সঙ্গে] পাঠ করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ + হ্ + অ + প্ + আ + ঠ্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

সহপাঠী : সতীর্থ। বিণ। তৎসম। সহ + পাঠী [পঠ্ + ইন্ (ঈ)]। ৬।১ সহ [সঙ্গে] পাঠ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : স্ + অ + হ্ + অ + প্ + আ + ঠ্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সহন : সহ্য করা। বি। তৎসম। সহ্ + অন। ৬।১ বানান : স্ + অ + হ্ + অ + ন্ + অ।

সহনীয় : সহনযোগ্য। বিণ। তৎসম। সহ্ + অনীয়। ৬।১ যা সহনের যোগ্য। স্ + অ + হ্ + অ + ন্ + ঈ + য্ + অ।

সহবত, সহবৎ : সংসর্গ থেকে শিক্ষা। বি। বিদেশী। < আ. সোহ্‌বৎ। বাংলা বানান : স্ + অ + হ্ + অ + ব্ + অ + ৎ, ত্ + অ।

সহবাস : একত্রে পতি-পত্নীরূপে বাস। বি। তৎসম। সহ + বাস [বস্ + অ]। ৬।১ সহ [একত্রে স্বামী-স্ত্রী রূপে বাস]। বানান : স্ + অ + হ্ + অ + ব্ + আ + স্ + অ।

সহমরণ : স্বামীর চিতায় জীবন-ত্যাগ। বি। তৎসম। সহ + মরণ [মৃ + অন]। ৬।১ সহ [মৃত স্বামীর চিতায়] + মরণ। বানান : স্ + অ + হ্ + অ + ম্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সহমৃতা : স্বামীর চিতায় মৃতা। বিণ। তৎসম। সহ + মৃতা [মৃ + ত + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক

সহ [মৃত স্বামীর চিতায়] মৃতা। বানান: স্ + অ + হ্ + অ + ম্ + ঋ + ত্ + আ। বি.দ্র.: ম্ + ঋ= মৃ।

সহযাত্রিণী: সহগামিনী। বিণ। তৎসম। সহ + যাত্রিণী [যাত্রা + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।২, ৭।১।চ সহ [সঙ্গে] যাত্রা করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + হ্ + অ + য্ + আ + ত্ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'। ত্ + র্ + ই= ত্রি, ণ্ + ঈ= ণী। 'র' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সহযাত্রী: সহগামী। বিণ। তৎসম। সহ + যাত্রী [যাত্রা + ইন্ (ঈ)]। ৬।২ সহ [সঙ্গে, একত্রে] যাত্রা করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + হ্ + অ + য্ + আ + ত্ + ব্ + ঈ। বি.দ্র.: ত্ + র্ + ঈ= ত্রী।

সহযোগ: সংযোগ। বি। তৎসম। সহ + যোগ [যুজ্ + অ]। ৬।১ বানান: স্ + অ + হ্ + অ + য্ + ও + গ্ + অ।

সহযোগিতা: সাহায্য। বি। তৎসম। সহ + যোগিতা [যুজ্ + ইত (< ইন) + আ]। ৬।১ বানান: স্ + অ + হ্ + অ + য্ + ও + গ্ + ই + ত্ + আ। বি.দ্র.: গ্ + ই= গি।

সহযোগী: সহকারী। বিণ। তৎসম। সহ + যোগী [যুজ্ + ইন্ (ঈ)]। ৬।১ বানান: স্ + অ + হ্ + অ + য্ + ও + গ্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সহর: শহর। বি। বিদেশী। < ফা. শহ্‌র্। বাংলা বানান: স্ [শ] + অ + হ্ + অ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র্' হসন্ত-বর্জিত।

সহরৎ: ঘোষণা। বি। বিদেশী। < আ. শুহ্‌রৎ। বাংলা বানান: স্ [শ্] + অ + হ্ + অ + র্ + অ + ৎ।

সহর্ষ: হর্ষযুক্ত। বিণ। তৎসম। স [=সহ] + হর্ষ [হৃষ্ + অ]। ৬।১ হর্ষের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + হ্ + অ + র্ + ষ্ + অ। বি.দ্র.: 'র্'-এর পর 'ষ' হয়েছে। ৪।২।গ

সহর্ষে: হেসে। ক্রি-বিণ। তৎসম। সহর্ষ ['সহর্ষ' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]। বানান: স্ + অ + হ্ + অ + র্ + ষ্ + এ।

সহসা: হঠাৎ। অব্য। তৎসম। সহস + আ। বানান: স্ + অ + হ্ + অ + স্ + আ।

সহস্র: হাজার। বি, বিণ। তৎসম। সহস্ + র। ৬।২ বানান: স্ + অ + হ্ + অ + স্ + র্ + অ। বি.দ্র.: স্ + র্ + অ= স্র।

সহস্রকর: সূর্য। বি। তৎসম। সহস্র ['সহস্র' দ্রষ্টব্য] + কর [কৃ+ অ]। ৬।১ সহস্র কর [কিরণ] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + হ্ + অ + স্ + র্ + অ + ক্ + অ + র্ + অ। বি.দ্র.: স্ + র্ + অ= স্র।

সহস্রকিরণ: সূর্য। বি। তৎসম। সহস্র ['সহস্র' দ্রষ্টব্য] + কিরণ [কৃ + অন]। ৬।১ সহস্র কিরণ যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + হ্ + অ + স্ + র্ + অ + ক্ + ই + র্ + অ + ণ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সহস্রকিরণমালী: সূর্য। বি। তৎসম। সহস্র {(সহস্ + র) + কিরণ [কৃ + অন] + মালী [মালা + ইন্ (ঈ)]। ৬।১, ৬।২ সহস্র কিরণমালা যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + হ্ + অ + স্ + র্ + অ + ক্ + ই + র্ + অ + ণ্ + অ + ম্ + আ + ল্ + ঈ। বি.দ্র.: স্ + র্ + অ= স্র, 'র' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সহস্রদল: হাজার পাপড়ি-যুক্ত [পদ্ম]। বিণ। তৎসম। সহস্র ['সহস্র' দ্রষ্টব্য] + দল [দল্ +

অ]। ৬।১ সহস্র দল [পাপড়ি] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + হ্ + অ + স্ + র্ + অ + দ্ + অ + ল্ + অ।

সহস্রনয়ন: দেবরাজ ইন্দ্র। বি। তৎসম। সহস্র ['সহস্র' দ্রষ্টব্য] + নয়ন [নী + অন]। ৬।১ সহস্র নয়ন যার [ইন্দ্র]= বহুব্রী। ৩।৫

সহস্রলোচন: দেবরাজ ইন্দ্র। বি। তৎসম। সহস্র ['সহস্র' দ্রষ্টব্য] + লোচন [লোচ্ + অন]। ৬।১ সহস্র লোচন [চক্ষু] যার [ইন্দ্র]= বহুব্রী। ৩।৫

সহস্রাংশু: সূর্য। বি। তৎসম। সহস্র ['সহস্র' দ্রষ্টব্য] + অংশু। [সন্ধি] অ + অ= আ [স্রা]। ২।১।ক সহস্র অংশু [কিরণ] যার [সূর্য]= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + হ্ + অ + স্ + র্ + আ + ং + শ্ + উ। বি.দ্র.: স্ + র্ + আ= স্রা, শ্ + উ= শু।

সহস্রাক্ষ: দেবরাজ ইন্দ্র। বি। তৎসম। সহস্র ['সহস্র' দ্রষ্টব্য] + অক্ষ [অক্ষি। [সন্ধি] অ + অ= আ [স্রা]। ২।১।ক সহস্র অক্ষি [চক্ষু] যার [ইন্দ্র]= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + হ্ + অ + স্ + র্ + আ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: স্ + র্ + আ= স্রা, ক্ + ষ্ + অ= ক্ষ।

সহস্রার: সুষুম্না নাড়ীতে স্থিত মাথার সহস্রদল পদ্ম [যোগশাস্ত্র]। বি। তৎসম। সহস্র ['সহস্র' দ্রষ্টব্য] + আর [ঋ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [স্রা]। ২।১।খ সহস্র আর [চক্রাঙ্গ] যার= বহুব্রী ৩।৫ বানান: স্ + অ + হ্ + অ + স্ + র্ + আ + র্ + অ। বি.দ্র.: স্ + র্ + আ= স্রা।

সহা, সওয়া: সহ্য করা। ক্রি। তদ্ভব। < সং. সহ্ + বাং. আ।

সহাধ্যায়িনী: সহপাঠিনী। বি। তৎসম। সহ [সঙ্গে] অধ্যায়িনী [অধি + ই + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ [সন্ধি] অ + অ= আ [হা]। ২।১।ক সং. [সঙ্গে] অধ্যয়ন করে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ শব্দটি ইন্ + ঈ= ইনী-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

সহাধ্যায়ী: সহপাঠী। বি। তৎসম। সহ + অধ্যয়ন [অধি + ই + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [হা]। ২।১।ক সহ [সঙ্গে] অধ্যয়ন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + অ + হ্ + আ + ধ্ + য্ + আ + য্ + ঈ। বি.দ্র.: ধ্ + য্ + আ= ধ্যা।

সহান, সহানো: সহ্য করানো। ক্রি। তদ্ভব। সহা [< সং. সহ্] + বাং. আন, আনো। ৬।৩

সহানুভূতি: সমব্যথা। বি। তৎসম। সহ + অনুভূতি [অনু + ভূ + তি]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [হা]। ২।১।ক সহ [সমান] যে অনুভূতি= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + হ্ + আ + ন্ + উ + ভ্ + উ + ত্ + ই। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ।

সহানুভূতিশীল: সমব্যথী। বিণ। তৎসম। সহানুভূতি ['সহানুভূতি' দ্রষ্টব্য] + শীল [শীল্ + অ]। ৬।১ সহানুভূতি শীল [স্বভাব] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + হ্ + আ + ন্ + উ + ভ্ + ঊ + ত্ + ই + শ্ + ঈ + ল্ + অ। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ।

সহাবস্থান: শান্তিপূর্ণভাবে একত্র অবস্থান। বি। তৎসম। সহ + অবস্থান [অব + স্থা + অন]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [হা]। ২।১।ক সহ [একত্র] অবস্থান= কর্মধা। ৩।২ বানান: স্ + অ + হ্ + আ + ব্ + অ + স্ + থ্ + আ + ন্ + অ। বি.দ্র.: স্ + থ্ + আ= স্থা।

সহায়: অবলম্বন। বি। তৎসম। সহ + আয় [আ + ই+অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [হা]। ২।১।খ বানান: স্ + অ + হ্ + আ + য় + অ।

সহায়ক: সাহায্যকারী। বিণ। তৎসম। সহ + আয়ক

[ই + অক]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [হা]। ৬।১ বানান: স্ + অ + হ্ + আ + য় + অ + ক্ + অ।

সহায়তা: সাহায্য। বি। তৎসম। সহায় + তা। ৬।২ বানান: স্ + অ + হ্ + আ + য়্ + অ + ত্ + আ।

সহায়সম্পত্তি: লোকবল ও অর্থবল। বি। তৎসম। সহায় ['সহায়' দ্রষ্টব্য] + সম্পত্তি [সম্ + পদ + ক্তি]। ৬।১ সহায় ও সম্পত্তি= দ্বন্দ্ব। ৩।৪ বানান: স্ + অ + হ্ + আ + য়্ + অ + স্ + অ + ম্ + প্ + অ + ত্ + ত্ + ই। বি.দ্র.: ম্ + প্ + অ= ম্প, ত্ + ত্ + ই= ত্তি।

সহায়সম্পদ্: লোকবল ও অর্থবল। বি। তৎসম। সহায় ['সহায়' দ্রষ্টব্য] + সম্পদ [সম্ + পদ + ক্বিপ্]। ৬।১ সহায় ও সম্পত্তি= দ্বন্দ্ব। ৩।৪ বানান: স্ + অ + হ্ + আ + য়্ + অ + স্ + অ + ম্ + প্ + অ + দ্। বি.দ্র.: আধুনিক বাংলায় শব্দান্তের 'দ' হসন্ত-বর্জিত।

সহাস্য: হাস্যযুক্ত। বিণ। তৎসম। স [=সহ] + হাস্য [হস্ + য (যৎ)]। ৬।১ হাস্যের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + হ্ + আ + স্ + য্ + অ। বি.দ্র.: স্ + য্ + অ= স্য।

সহাস্যে: হাস্যের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সহাস্য ['সহাস্য' দ্রষ্টব্য] + বাং. এ।

সহি, সই: স্বাক্ষর। বি। বিদেশী। < আ. সহীহ্। বাংলা বানান: স্ + অ + হ্ + ই, স্ + অ + ই।

সহিত: সঙ্গে, হিতযুক্ত। বিণ। তৎসম স [=সহ] + হিত [ধা + ক্ত]। ৬।১ হিতের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + হ্ + ই + ত্ + অ।

সহিষ্ণু: সহনশীল। বিণ। তৎসম। সহ্ + ইষ্ণু। ৬।১ বানান: স্ + অ + হ্ + ই + ষ্ + ণ্ + উ। বি.দ্র.: 'ই'-র পর 'ষ' হয়েছে এবং 'ষ'-এর ঠিক পরেই 'ণ' হয়েছে। ৪।২।ক, ৪।১।খ

সহিষ্ণুতা: সহনশীলতা। বি। তৎসম। সহিষ্ণু ['সহিষ্ণু' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + হ্ + ই + ষ্ + ণ্ + উ + ত্ + আ। বি.দ্র.: 'ই'-র পর 'ষ' এবং 'ষ'-এর পর 'ণ' হয়েছে। ৪।২।ক, ৪।১।খ

সহিস: সইস। বি। বিদেশী। < ফা. সাইস্। বাংলা বানান: স্ + অ + হ্ + ই + স্। বি.দ্র.: শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত।

সহুরে: শহুরে। বিণ। বিদেশী। < ফা. সহর্ + বাং. উরিয়া > উরে। বানান: শ্ + অ + হ্ + উ + র্ + এ। বি.দ্র.: হ্ + উ= হু।

সহৃদয়: হৃদয়বান। বিণ। তৎসম। স [=সহ] + হৃদয় [হৃ ('দ'-আগম) + অয়]। ৬।১ হৃদয়ের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + হ্ + ঋ + দ্ + অ + য়্ + অ।

সহৃদয়তা: হৃদয়বত্তা। বি। তৎসম। সহৃদয় ['সহৃদয়' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + অ + হ্ + ঋ + দ্ + অ + য়্ + অ + ত্ + আ।

সহৃদয়া: গুণগ্রাহিণী। বিণ। তৎসম। সহৃদয় ['সহৃদয়' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + হ্ + ঋ + দ্ + অ + য়্ + আ।

সহোদর: এক মাতৃগর্ভজাত ভ্রাতা। বি। তৎসম। সহ [সমান, একই] + উদর [উৎ + ঋ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [হো]। ২।৫।ক সমান বা একই] উদর যার [উদরে জাত যে]= বহুব্রী। ৩।৫ বানান: স্ + অ + হ্ + ও + দ্ + অ + র্ + অ।

সহোদরা: এক মাতৃগর্ভজাতা ভগিনী। বি। তৎসম। সহোদর ['সহোদর' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + অ + হ্ + ও + দ্ + অ + র্ + আ।

সহ্য : সহনীয়, সহন। বি। তৎসম। সহ্ + য [যৎ]। ৬।১ বানান : স্ + অ + হ্ + য্ + অ। বি.দ্র. : হ্ + য্ + অ = হ্য।

সহ্যাদ্রি : সহ্য নামক পর্বতমালা। বি। তৎসম। সহ্য ['সহ্য' দ্রষ্টব্য] + অদ্রি [অদ্ + রি]। ৬।১ সহ্য নামক অদ্রি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + অ + হ্ + য্ + আ + দ্ + র্ + ই। বি.দ্র. : হ্ + য্ + আ = হ্যা, দ্ + র্ + ই = দ্রি।

সাইকেল : দ্বিচক্রযান। বি। বিদেশী। <ইং. bi-cycle. বাংলা বানান : স্ + আ + ই + ক্ + এ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

সাইজ : মাপ। বি। বিদেশী। <ইং. size. বাংলা বানান : স্ + আ + ই + জ্। বি.দ্র. : শব্দান্তের 'জ' হসন্ত-বর্জিত।

সাইনবোর্ড : ব্যবসায়-প্রতিষ্ঠানের পরিচয়-ফলক। বি। বিদেশী। <ইং. signboard. বাংলা বানান : স্ + আ + ই + ন্ + ব্ + ও + র্ + ড্। বি.দ্র. : র্ + ড্ = র্ড। শব্দ-মধ্যের 'ন' ও শব্দশেষের 'র্ড' হসন্ত-বর্জিত।

সাউ : মহাজন। বি। তদ্ভব। <সং. সাধু। বানান : স্ + আ + উ।

সাংখ্য : কপিল মুনিকৃত দর্শনশাস্ত্র। বি। তৎসম। সং. সংখ্যা [সম্যক্ জ্ঞান] + অ। ৬।১ বানান : স্ + আ + ং + খ্ + য্ + অ। বি.দ্র. : খ্ + য্ + অ = খ্য।

সাংখ্যিক : সংখ্যা-বিষয়ক। বিণ। তৎসম। সংখ্যা + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : স্ + আ + ং + খ্ + য্ + ই + ক্ + অ। বি.দ্র. : খ্ + য্ + ই = খ্যি।

সাংগঠনিক : সংগঠন-বিষয়ক। বিণ। তৎসম। সংগঠন + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : স্ + আ + ং + গ্ + অ + ঠ্ + অ + ন্ + ই + ক্ + অ।

সাংবৎসর, সাংবৎসরিক : বার্ষিক। বিণ। তৎসম। সংবৎসর + অ , ইক। ৬।২ বানান : স্ + আ + ং + ব্ + অ + ৎ + স্ + অ + র্ + অ, স্ + আ + ং + ব্ + অ + ৎ + স্ + অ + র্ + ই + ক।

সাংবাদিক : সংবাদিকতায় নিযুক্ত। বিণ। তৎসম। সংবাদ + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : স্ + আ + ং + ব্ + আ + দ্ + ই + ক্ + অ।

সাংবাদিকতা : সাংবাদিকের কাজ। বি। তৎসম। সাংবাদিক + তা। ৬।২

সাংসর্গিক : সংসর্গজাত। বিণ। তৎসম। সংসর্গ + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : স্ + আ + ং + স্ + অ + র্ + গ্ + ই + ক্ + অ।

সাংসারিক : পারিবারিক। বিণ। তৎসম। সংসার + ইক [ষ্ণিক]। ৬।১ বানান : স্ + আ + ং + স্ + আ + র্ + ই + ক্ + অ।

সাংস্কৃতিক : সংস্কৃতি-বিষয়ক। বিণ। তৎসম। সংস্কৃতি + ইক [ষ্ণিক]। ৬।১ বানান : স্ + আ + ং + স্ + ক্ + ঋ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র. : স্ + ক্ + ঋ = স্কৃ।

সাঁই : গুরু, বাউল। বি। তদ্ভব। <সং. স্বামী। বানান : সঁ্ + আ + ই।

সাঁইত্রিশ : ৩৭ সংখ্যা বা ৩৭-সংখ্যক। বিণ, বি। তদ্ভব। <সং. সপ্তত্রিংশৎ। বানান : সঁ্ + আ + ই + ত্ + র্ + ই + শ্ + অ। বি.দ্র. : ত্ + র্ + ই = ত্রি।

সাঁইসাঁই, শাঁ-শাঁ : ধ্বন্যাত্মক শব্দ। অব্য। দেশী। বানান : সঁ্ + আ + ই + সঁ্ + আ + ই, শঁ্ + আ + শঁ্ + আ।

সাঁওতাল : ভারতের এক আদিবাসী সম্প্রদায়। বি। তদ্ভব। <সং. সামন্তপাল। বানান : সঁ্ + আ + ও + ত্ + আ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

সাঁওতালনী : স্ত্রী-সাঁওতাল। বি। তদ্ভব। সাঁওতাল ['সাঁওতাল' দ্রষ্টব্য] + নী। ৭।১।ঘ বানান : সঁ্ + আ + ও + ত্+আ+ল্+ন্+ঈ।

সাঁওতালী : সাঁওতালদের আচরিত, সাঁওতালদের মধ্যে প্রচলিত। বিণ। তদ্ভব। সাঁওতাল + বাং. ঈ। ৬।৩ বানান : স্ঁ + আ + ও + ত্ + আ + ল্ + ঈ।

সাঁকো : সেতু। বি। তদ্ভব। <প্রা. বাং. সাঙ্কম <সং. সংক্রম। বানান : স্ঁ + আ + ক্ + ও।

সাঁচ, সাচা : খাঁটি। বিণ। তদ্ভব। <সচ্চ <সং. সত্য। বানান : স্ঁ [স্] + আ + চ্ + আ।

সাঁচি : উৎকৃষ্ট। বিণ। বিদেশী। <হি. সাঁচী। বাংলা বানান : স্ঁ + আ + চ্ + ই।

সাঁচ্চা, সাচ্চা : খাঁটি। বিণ। বিদেশী। <হি. সাচ্চা। বাংলা বানান : স্ঁ [স্] + আ + চ্ + চ্ + আ।

সাঁজা : দখল। বি। তদ্ভব। <সং. সন্ধান। বানান : স্ঁ + আ + জ্ + আ।

সাঁজাল : সন্ধ্যাকালের খড় ইত্যাদির ধোঁয়া। বি। তদ্ভব। <সং. সন্ধ্যাজ্বাল। বানান : স্ঁ + আ + জ্ + আ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

সাঁজোয়া : বর্ম। বি। তদ্ভব। <সং. সংযোজক। মতান্তরে, [রণ] সজ্জ। বানান : স্ঁ + আ + জ্ + ও + য় + আ।

সাঁঝ, সাঁজ : সন্ধ্যাবেলা। বি। তদ্ভব। <সং. সন্ধ্যা। বানান : স্ঁ + আ + ঝ্, জ্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ঝ' বা 'জ' হসন্ত-বর্জিত।

সাঁট : দৃঢ়রূপে আটকানো। বি। তদ্ভব। [যেমন : আঁটসাঁট]। <সং. সন্নদ্ধ। বানান : স্ঁ + আ + ট্। বি.দ্র. : শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

সাঁটা : আটকানো। ক্রি। তদ্ভব। <সং. সন্নদ্ধ। বানান : স্ঁ + আ + ট্ + আ।

সাঁড়াশি : চিমটা-জাতীয় যন্ত্র। বি। তদ্ভব। <সং. সন্দংশিক। বানান : স্ঁ + আ + ড়্ + আ + শ্ + ই।

সাঁতরা : সাঁতরান, সাঁতার কাটা। ক্রি। তদ্ভব। <সং. সন্তরণ। বানান : স্ঁ + আ + ত্ + র্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

সাঁতলা : সাঁতলান। ক্রি। তদ্ভব। <সং. সন্তোলন। বানান : স্ঁ + আ + ত্ + ল্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

সাঁতার : সন্তরণ। বি। তদ্ভব। <সং. সন্তরণ। বানান : স্ঁ + আ + ত্ + আ + র্। বি.দ্র. : শব্দশেষের 'র' হসন্ত-বর্জিত।

সাঁতারু : সন্তরণ-দক্ষ। বিণ। তদ্ভব। সাঁতার [সং. সন্তরণ] + বাং. উ। ৬।৩ বানান : স্ঁ + আ + ত্ + আ + র্ + উ।

সাকরেদ, শাগরেদ : চেলা। বি। বিদেশী। <ফা. শার্গিদ। বাংলা বানান : স্ [শ্] + আ + ক্ [গ্] + র্ + এ + দ্। বি.দ্র. : শব্দ-মধ্যের ক [গ] এবং শব্দান্তের 'দ' হসন্ত-বর্জিত।

সাকল্য : সমষ্টি। বি। তৎসম। সং. সকল + য [ষ্ণ্য]। ৬।১ বানান : স্ + আ + ক্ + অ + ল্ + য্ + অ। বি.দ্র. : ল্ + য্ + অ = ল্য।

সাকার : আকার-যুক্ত। বিণ। তৎসম। স [সহ] + আকার [আ + কৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ। ২।১।ক আকারের সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান : স্ + আ + ক্ + আ + র্ + অ।

সাকারোপাসনা : মূর্তিপূজা। বি। তৎসম। সাকার ['সাকার' দ্রষ্টব্য] + উপাসনা [উপ + আস্ + অন + আ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [রো]। ২।৫।ক সাকারের উপাসনা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + আ + ক্ + আ + র্ + ও + প্ + আ + স্ + অ + ন্ + আ। বি.দ্র. : র্ + ও = রো।

সাকি, সাকী : প্রীতিভাজন। বি। বিদেশী। <আ. সাকী। বাংলা বানান : স্ + আ + ক্ + ই, ঈ।

সাকিন : ঠিকানা। বি। বিদেশী। <আ. সাকিন। বানান : স্ + আ + ক্ + ই + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সাক্ষর : অক্ষরজ্ঞান-বিশিষ্ট। বি। তৎসম। স [সহ] + অক্ষর। [সন্ধি] অ + অ = আ। ২।১।ক অক্ষরের [অক্ষরজ্ঞানের] সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান : স্ + আ + ক্ + ষ্ + অ + র্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + অ = ক্ষ। লক্ষণীয় : সাক্ষর ['অক্ষরজ্ঞান-বিশিষ্ট] শব্দে 'স'-এর সঙ্গে 'ব' ফলা যুক্ত নেই।

সাক্ষাৎ : দর্শন। বি, বিণ। তৎসম। <সং. সাক্ষ [স (=সহ) + অক্ষ (অক্ষি) + অৎ + ক্বিপ্। ৬।১ বানান : স্ + আ + ক্ + ষ্ + আ + ৎ। বি.দ্র. : ক্ + ষ্ + আ = ক্ষা।

সাক্ষাৎকর্তা : প্রত্যক্ষকারী। বিণ। তৎসম। সাক্ষাৎ ['সাক্ষাৎ' দ্রষ্টব্য] + কর্তা [কৃ + তা (<তৃ=তৃচ্)]। ৬।১ সাক্ষাৎ করেন যিনি। বানান : স্ + আ + ক্ + ষ্ + আ + ৎ + ক্ + অ + র্ + ত্ + আ। বি.দ্র. : ক্ + ষ্ + আ = ক্ষা।

সাক্ষাৎকার : মোলাকাত। বি। তৎসম। সাক্ষাৎ ['সাক্ষাৎ' দ্রষ্টব্য] + কার [কৃ+অ]। ৬।১ বানান : স্ + আ + ক্ + ষ্ + আ + ৎ + ক্ + আ + র্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + আ = ক্ষা।

সাক্ষিগোপাল : প্রত্যক্ষকারী অথচ নিষ্ক্রিয় ব্যক্তি। বি। তৎসম। সাক্ষিন্ [সাক্ষাৎ + ইন্] + গোপাল [গো + পাল্ + অ]। ৬।১ সাক্ষী যে গোপাল = কর্মধা। ৩।২ বানান : স্ + আ + ক্ + ষ্ + ই + গ্ + ও + প্ + আ + ল্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + ই = ক্ষি। সমাসবদ্ধ হওয়ায় 'ইন্'-প্রত্যয়ের 'ই'-র প্রত্যাবর্তন ঘটেছে।

সাক্ষী : প্রত্যক্ষদর্শী। বিণ। তৎসম। সাক্ষাৎ + ইন্। ৬।১ বানান : স্ + আ + ক্ + ষ্ + ঈ। বি.দ্র. : ক্ + ষ্ + ঈ = ক্ষী।

সাক্ষ্য : আদালতে ঘটনা-প্রত্যক্ষণের বর্ণনা। বি। তৎসম। সাক্ষিন্ + য (ষ্ণ্য)]। ৬।২ বানান : স্ + আ + ক্ + ষ্ + য্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + য্ + অ = ক্ষ্য।

সাগর : সমুদ্র। বি। তৎসম। সাগর + অ [ষ্ণ]। ৬।১ বানান : স্ + আ + গ্ + অ + র্ + অ।

সাগরগামী : সমুদ্রগামী। বিণ। তৎসম। সাগর [সগর + অ] + গামী [গম্ + ইন্ (ঈ)]। ৬।২, ৬।১ সাগরে গমন করে যে = উপপদতৎ। ৩।৩ বানান : স্ + আ + গ্ + অ + র্ + অ + গ্ + আ + ম্ + ঈ।

সাগর-সঙ্গম : সমুদ্র ও নদীর [গঙ্গার] সংযোগস্থান। বি। তৎসম। সাগর [সগর + অ] + সঙ্গম [সম্ + গম্ + অ]। ৬।১ বানান : স্ + আ + গ্ + অ + র্ + অ + স্ + অ + ঙ্ + গ্ + অ + ম্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ = ঙ্গ।

সাগু, সাবু : বৃক্ষ-বিশেষের মজ্জাজাত দানাদার পালো। বি। বিদেশী। <পো. sagu. বাংলা বানান : স্ + আ + গ্ [ব্] + উ। বি.দ্র. : গ্ + উ = গু, ব্ + উ = বু।

সাগ্নিক : নিয়ত যজ্ঞকারী। বি। তৎসম। স [সহ] + অগ্নি + ক। ৬।২ [সন্ধি] অ + অ = আ [সা] ২।১।ক যিনি প্রভাতসন্ধ্যা অগ্নিতে হোম করেন। বানান : স্ + আ + গ্ + ন্ + ই + ক্। বি.দ্র. : গ্ + ন্ + ই = গ্নি।

সাগ্রহ : আগ্রহপূর্ণ। বি। তৎসম। স [সহ] + আগ্রহ [আ + গ্রহ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [সা] ২।১।খ আগ্রহের সঙ্গে বর্তমান = বহুব্রী। বানান : স্ + আ + গ্ + র্ + অ + হ্ + অ।

সাগ্রহে : আগ্রহের সঙ্গে। ক্রি-বিণ। সাগ্রহ ['সাগ্রহ' দ্রষ্টব্য] + বাং. এ। বানান : স্ + আ + গ্ + র্ + অ + হ্ + এ।

সাঙ্কেতিক, সাংকেতিক : ইঙ্গিতের দ্বারা ব্যক্ত। বি। তৎসম। সঙ্কেত, সংকেত + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: স্ + আ + ঙ্ [ং] + ক্ + এ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + এ = ঙ্কে।

সাঙ্গ : অঙ্গযুক্ত, সমাপ্ত। বিণ। তৎসম। স [সহ] + অঙ্গ। [সন্ধি] অ + অ = আ [সা]। ২।১।ক অঙ্গের সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান: স্ + আ + ঙ্ + গ্ + অ । বি.দ্র.: ঙ্ + গ্ + অ = ঙ্গ।

সাঙ্গা, সাঙা : নিম্নজাতির মধ্যে বিবাহ। বি। তদ্ভব। সং. সাঙ্গ [স + অঙ্গ] + বাং. আ। বানান: স্ + আ + ঙ্ [গ্] + আ। বি.দ্র.: ঙ্ + গ্ + আ = ঙ্গা।

সাঙ্গা, সাঙা : বাঁশের আলনা। বি। দেশী। বানান: স্ + আ + ঙ্ [গ্] + আ। বি.দ্র.: ঙ্ + গ্ + আ = ঙ্গা।

সাঙ্গাত, সাঙাত : বন্ধু। বি। তদ্ভব। <সং. সঙ্গত + অ। ৬।১ বানান: স্ + আ + ঙ্ [গ্] + আ + ত। বি.দ্র.: ঙ্ + গ্ + আ = ঙ্গা। শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

সাঙ্গাতনী, সাঙাতনী : বন্ধুপত্নী। বি। তদ্ভব। সাঙ্গাত, সাঙাত ['সাঙ্গাত' , সাঙাত দ্রষ্টব্য] + নী [স্ত্রী]। ৭।১।ঘ বানান: স্ + আ + ঙ্ [গ্] + আ + ত্ + অ + ন্ + ঈ। বি.দ্র.: ঙ্ + গ্ + আ = ঙ্গা।

সাঙ্গাতি, সাঙাতি : বন্ধুত্ব। বি। তদ্ভব। সাঙ্গাত, সাঙাত + বাং. ই। ৬।৩ বানান: স্ + আ + ঙ্ [গ্] + আ + ত্ + ই। বি.দ্র.: ঙ্ + গ্ + আ = ঙ্গা।

সাঙ্গোপাঙ্গ : সদলবল। বি। তৎসম। স [সহ] + অঙ্গ + উপ + অঙ্গ। [সন্ধি] অ + অ = আ [সা, পা]। ২।১।ক অ + উ = ও [ঙ্গো]। ২।৫।ক অঙ্গ ও উপাঙ্গের সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান: স্ + আ + ঙ্ + গ্ + ও + প্ + আ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + ও = ঙ্গো।

সাঙ্ঘাতিক, সাংঘাতিক : মারাত্মক। বিণ। তৎসম। সঙ্ঘাত, সংঘাত + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: স্ + আ + ঙ [ং] + ঘ্ + আ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র.: ঙ্ + ঘ্ + আ = ঙ্ঘা।

সাচ্চা : সত্য। বিণ। বিদেশী। <হি. সচ্চা <সং. সত্য। বাংলা বানান: স্ + আ + চ্ + চ্ + আ। বি.দ্র.: চ্ + চ্ + আ।

সাজ : পোশাক। বি। তদ্ভব। <সং. সজ্জা। বানান: স্ + আ + জ্ + অ।

সাজগোছ, সাজগোজ : বেশভূষা-পরিধান ও তার পরিপাট্য। বি। তদ্ভব। সাজ [<সং. সজ্জা] + সহচর শব্দ: গোছ, গোজ। বানান: স্ + আ + জ্ + গ্ + ও + ছ্, জ্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'জ' এবং শব্দান্তের 'ছ' ও 'জ' হসন্ত-বর্জিত।

সাজঘর : নটনটীদের পোশাক পরবার ঘর। বি। তদ্ভব। <সং. সজ্জাগৃহ। সাজের নিমিত্ত ঘর = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + আ + জ্ + ঘ্ + অ + র্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'জ' ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

সাজসজ্জা : সাজগোছ, সাজসরঞ্জাম। বি। তদ্ভব। সাজ [<সং. সজ্জা] + সজ্জা [সং]। যা সাজ, তাইই সজ্জা = কর্মধা। ৩।২ বানান: স্ + আ + জ্ + স্ + অ + জ্ + জ্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'জ' হসন্ত-বর্জিত।

সাজ-সরঞ্জাম : পোশাক ও উপকরণ। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। তদ্ভব সাজ [< সং. সজ্জা] + ফা. সং. + অন্‌জাম্। বাংলা বানান: স্ + আ + জ্ + স্ + অ + র্ + অ + ঞ্ + জ্ + আ + ম্। বি.দ্র.: ঞ্ + জ্ + আ = ঞ্জা। শব্দ-মধ্যের 'জ' এবং শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

সাজিশ : কুমন্ত্রণা। বি। বিদেশী। <ফা. সাজিশ।

বাংলা বানান: স্ + আ + জ্ + ই + শ্। বি.দ্র.: শব্দান্তের 'শ' হসন্ত-বর্জিত।

সাজা: শাস্তি। বি। বিদেশী। ফা. সজ্জা। বাংলা বানান: স্ + আ + জ্ + আ।

সাজা: সজ্জিত হওয়া। ক্রি। তদ্ভব। সাজা [< সং. সজ্জ] + বাং. আ। ৬।৩ বানান: স্ + আ + জ্ + আ।

সাজাত্য: একজাতীয়তা। বি। তৎসম। সজাতি + য [ষ্ণ্য]। ৬।১ বানান: স্ + আ + জ্ + আ + ত্ + য্ + অ। বি.দ্র.: ত্ + য্ + অ = ত্য।

সাজান, সাজানো: সাজ-পোশাক পরান। ক্রি। তদ্ভব। সাজ [<সং. সজ্জ] + বাং. আন, আনো। বানান: স্ + আ + জ্ + আ + ন্ + অ, ও।

সাজি: ফুলের ডালি। বি। দেশী। বানান: স্ + আ + জ্ + ই।

সাজিমাটি: ক্ষারমাটি। বি। তদ্ভব। সাজি [< সং. সর্জিকা] + মাটি [সং. মৃত্তিকা]। বানান: স্ + আ + জ্ + ই + ম্ + আ + ট্ + ই।

সাজো: টাটকা। বিণ। তদ্ভব। <সং. সদ্যঃ। বানান: স্ + আ + জ্ + ও।

সাট: সড়। বি। বিদেশী। বানান: স্ + আ + ট্। বি.দ্র.: শব্দ-শেষের 'ট' হসন্ত-বর্জিত।

সাটিন: চিক্কণ ও মসৃণ রেশমী। বিণ। বিদেশী। <ইং. satin. বাংলা বানান: স্ + আ + ট্ + ই + ন্ + অ। শব্দ-শেষের 'ন' হসন্ত-বর্জিত।

সাড়: চেতনা। বি। তদ্ভব। <সং. সংজ্ঞা। বানান: স্ + আ + ড়্ + অ।

সাড়া: শব্দ, চেতনাজ্ঞাপক প্রতিক্রিয়া। বি। তদ্ভব। <সং. স্বর। বানান: স্ + আ + ড়্ + আ।

সাড়াশব্দ: সচেতনতার লক্ষণ ও শব্দ। বি। তদ্ভব। সাড়া [<স্বর] + শব্দ [শব্দ্ + অ]। ৬।১ সাড়া ও শব্দ = দ্বন্দ্ব। ৩।৪ বানান: স্ + আ + ড়্ + আ + শ্ + অ + ব্ + দ্ + অ। বি.দ্র.: ব্ + দ্ + অ = ব্দ।

সাড়ে: অর্ধের সঙ্গে। বিণ। তদ্ভব। <সং. সার্ধ [স + অর্ধ]। অর্ধসহ এক। বানান: স্ + আ + ড়্ + এ।

সাত: ৭ সংখ্যা বা ৭-সংখ্যক। বি, বিণ। তদ্ভব। <সং. সপ্ত। বানান: স্ + আ + ত্ + অ। বি.দ্র.: শব্দ-শেষের 'ত' হসন্ত-বর্জিত।

সাতই, সাতুই: সাত তারিখ। বি। তদ্ভব। সাত + ই, উই। বানান: স্ + আ + ত্ + অ [উ] + ই।

সাতকাণ্ডরামায়ণ: বৃহৎ ব্যাপার। বি। তদ্ভব। সাত [< সপ্ত] + কাণ্ড [কন্ + ড] + রাম [রম্ + অ] + আয়ন। বানান: স্ + আ + ত্ + অ + ক্ + আ + ণ্ + ড্ + অ + র্ + আ + ম্ + আ + য্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'ড'-এর আগে 'ণ' হয়েছে, 'র' ও 'ন'-এর মধ্যে আ, ম, আ, য্, অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।ক, ৪।১।গ

সাতখুন মাপ: সমস্ত অপরাধ বরদাস্ত করা। ক্রি। মিশ্র [তদ্ভব + বিদেশী] + তদ্ভব. সাত [< সং. সপ্ত] + খুন [ফা.] + মাপ [<আ. মুআফ্]। বানান: স্ + আ + ত্ + খ্ + উ + ন্ + ম্ + আ + প্। বি.দ্র.: 'ত', 'ন' ও 'প' হসন্ত-বর্জিত।

সাতনর, সাতনরী: সাত পেঁচওয়ালা কণ্ঠহার। বিণ। তদ্ভব। <সং. সপ্তলহর, সপ্তলহরী। বানান: স্ + আ + ত্ + ন্ + অ + র্ + অ, [+ঈ]। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ত' ও শব্দ-শেষের 'র' হসন্ত-বর্জিত।

সাতনলা: সাতটি নলবিশিষ্ট। বিণ। তদ্ভব। সাত [>সং. সপ্ত] + নল [নল্ + অ] + বাং. আ।

সাতপাঁচ: নানা। বিণ। তদ্ভব। সাত [<সং. সপ্ত] + পাঁচ [<সং. পঞ্চ]।

সাতপুরুষ: পিতাসহ ঊর্ধ্বতন সপ্তপুরুষ। বি। তদ্ভব। সাত [<সং. সপ্ত] + পুরুষ [পৃ + উষ]। ৬।১ বানান: স্ + আ + ত্ + প্ + উ +

র্ + উ + ষ্ + অ। পুরুষ [সং.] শব্দে 'উ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

সাতষট্টি: ৬৭-সংখ্যা, ৬৭ সংখ্যক। বি, বিণ। তদ্ভব। < সং. সপ্তষষ্টি। বানান: স্ + আ + ত্ + অ + ষ্ + অ + ট্ + ট্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত। 'ষ' তদ্ভব শব্দেও 'ষট্টি'র রক্ষিত আছে। ট্ + ট্ + ই= ট্টি।

সাত-সতেরো: আনুষঙ্গিক অপ্রীতিকর কথা। বি। তদ্ভব। <সং. সপ্ত-সপ্তদশ। বানান: স্ + আ + ত্ + অ + স্ + অ + ত্ + এ + র্ + ও। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

সাতা: সাত-ফোঁটা-চিহ্নিত তাস। বি। তদ্ভব। সাত [<সং. সপ্ত] + বাং. আ। ৬।৩ বানান: স্ + আ + ত্ + আ।

সাতাত্তর: ৭৭ সংখ্যা, ৭৭-সংখ্যক। বি, বিণ। তদ্ভব। <সং. সাতাত্তর। বানান: স্ + আ + ত্ + আ + ত্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র.: ত্ + ত্ + অ = ত্ত।

সাতান্ন: ৫৭ সংখ্যা, ৫৭-সংখ্যক। বি, বিণ। তদ্ভব। <সং. সপ্তপঞ্চাশৎ। বানান: স্ + আ + ত্ + আ + ন্ + ন্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + অ = ন্ন।

সাতাশ: ২৭ সংখ্যা, ২৭-সংখ্যক। বি, বিণ। তদ্ভব। <সং. সপ্তবিংশতি। বানান: স্ + আ + ত্ + আ + শ্ + অ। বি.দ্র.: শব্দান্তের 'শ' হসন্ত-বর্জিত।

সাতাশি, সাতাশী: ৮৭ সংখ্যা, ৮৭-সংখ্যক। বি, বিণ। তদ্ভব। <সং. সপ্তাশীতি। বানান: স্ + আ + ত্ + আ + শ্ + ই, ঈ। বি.দ্র.: শ্ + ই = শি, শ্ + ঈ= শী। দুই বানানই শুদ্ধ।

সাতাশে: মাসের সাতাশ তারিখ। বিণ। তদ্ভব। সাতাশ [< সং. সপ্তবিংশতি] + বাং. এ। বানান: স্ + আ + ত্ + আ + শ্ + এ।

সাতিশয়: অত্যধিক। বিণ। তৎসম। স + অতি + শয় [শী + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [সা]। ২।১।ক বানান: স্ + আ + ত্ + ই + শ্ + অ + য্ + অ।

সাত্ত্বিক: সত্ত্বগুণবিশিষ্ট। বিণ। তৎসম। সত্ত্ব + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: স্ + আ + ত্ + ত্ + ব্ + ই + ক্ + অ। বি.দ্র.: ত্ + ত্ + ব্ + ই = ত্ত্বি।

সাথ: সঙ্গ। বি। তদ্ভব। <সং. সার্ধম্। বানান: স্ + আ + থ। বি.দ্র.: শব্দান্তে 'থ' হসন্ত-বর্জিত।

সাথী: সঙ্গী। বি। তদ্ভব। সাথ [<সং. সার্ধম্] + বাং. ঈ। ৬।৩ বানান: স্ + আ + থ্ + ঈ।

সাথুয়া, সেথুয়া, সেথো: সঙ্গী। বিণ, বি। তদ্ভব। সাথ [<সং. সার্ধম্] + উয়া >ও। ৬।৩ বানান: স্ + আ + থ্ + উ + য্ + আ, স্ + এ + থ্ + উ + য্ + আ, স্ + এ + থ্ + ও।

সাথে: সঙ্গে। অব্য। তদ্ভব। সাথ [<সং. সার্ধম্] + বাং. এ। গ্রাম্য বা প্রাদেশিক বাংলায় শব্দটি প্রচলিত। ভদ্র বাংলায় তার পরিবর্তে 'সঙ্গে' ব্যবহৃত হওয়াই বাঞ্ছনীয়।

সাদর: আদরযুক্ত। বিণ। তৎসম। স [সহ] + আদর [আ + দৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [সা]। ২।১।খ আদরের সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান: স্ + আ + দ্ + অ + র্ + অ।

সাদরে: আদরের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সাদব ['সাদর' দ্রষ্টব্য] + বাং. এ। বানান: স্ + আ + দ্ + অ + র্ + এ।

সাদা: শুভ্র। বিণ। বিদেশী। <ফা. সাদাহ্। বাংলা বানান: স্ + আ + দ্ + আ।

সাদাটে: ঈষৎ সাদা। বিণ। বিদেশী। সাদা [<ফা. সাদাহ্] + বাং. টে <টিয়া। বানান: স্ + আ + দ্ + আ + ট্ + এ।

সাদামাঠা: সাধারণ। বিণ। মিশ্র [বিদেশী + দেশী]। সাদা [<ফা. সাদাহ্] + মাঠা ['সাদা'র সহচর শব্দ]। বানান: স্ + আ + দ্ + আ + ম্ + আ + ঠ্ + আ।

সাদাসিধা : সরল। বিণ। বিদেশী। সাদা [<ফা. সাদাহ্] + সিধা [< হি. সীধা]। বানান : স্ + আ + দ্ + আ + স্ + ই + ধ্ + আ।

সাদাসিধে : আড়ম্বরহীন। বিণ। বিদেশী। সাদাসিধে [<'সাদাসিধা' দ্রষ্টব্য]। সিধে <সিধা।

সাদি : বিবাহ। বি। বিদেশী। <ফা. সাদী। বাংলা বানান : স্ [শ] + আ + দ্ + ঈ।

সাদি, সাদী : অশ্ব বা হস্তী বা রথের আরোহী। বি। তৎসম। সদ্ + ই, সদ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান : স্ + আ + দ্ + ই, স্ + আ + দ্ + ঈ। 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত শব্দ 'সাদী' ঈ-কারান্ত হয়েছে।

সাদৃশ্য : একরূপতা। বি। তৎসম। সদৃশ + য [ষ্ণ্য]। ৬।২ বানান : স্ + আ + দ্ + ঋ + শ্ + য্ + অ। বি.দ্র. : দ্ + ঋ = দৃ, শ্ + য্ + অ = শ্য।

সাধ : শখ, দোহদ। বি। তদ্ভব। <সং.শ্রদ্ধা। বানান : স্ + আ + ধ্ + অ।

সাধক : সাধনকর্তা। বিণ, বি। তৎসম। সাধ্ + ণিচ্ + অক। বানান : স্ + আ + ধ্ + অ + ক্ + অ।

সাধন : সাধনা। বি। তৎসম। সাধ্ + অন। ৬।১ বানান : স্ + আ + ধ্ + অ + ন্ + অ।

সাধনা : আরাধনা, মিনতি। বি। তৎসম। সাধ্ + অন + আ। ৬।১ বানান : স্ + আ + ধ্ + অ + ন্ + আ।

সাধনীয় : সাধনার যোগ্য। বিণ। তৎসম। সাধ্ [সাধনা বা আরাধনা করা] + অনীয়। ৬।১ বানান : স্ + আ + ধ্ + অ + ন্ + ঈ + য়্ + অ।

সাধর্ম্য : সমান-ধর্ম-বিশিষ্টতা। বি। তৎসম। সধর্ম + য [ষ্ণ্য]। ৬।২ বানান : স্ + আ + ধ্ + অ + র্ + ম্ + য্ + অ। বি.দ্র. : র্ + ম্ + য্ + অ = র্ম্য।

সাধা : সাধনা করা। ক্রি। তদ্ভব। সাধ্ + বাং. আ। ৬।৩ বানান : স্ + আ + ধ্ + আ।

সাধাসাধি : ক্রমাগত অনুনয়। বি। তদ্ভব। সাধ্ + বাং. আ + সাধ্ + বাং. ই। বানান : স্ + আ + ধ্ + আ + স্ + আ + ধ্ + ই।

সাধারণ : মামুলি। বিণ। তৎসম। স [সহ] + আধারণ [আ + ধৃত + অন]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [সা]। ২।১।খ আধারণের সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান : স্ + আ + ধ্ + আ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে।

সাধারণতঃ : প্রায়ই। ক্রি-বিণ। অব্য। তৎসম। সাধারণ ['সাধারণ' দ্রষ্টব্য] + তস্ [ঃ]। বানান : স্ + আ + ধ্ + আ + র্ + অ + ণ্ + অ + ত্ + অ + ঃ। 'র্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সাধারণত্ব : বিশেষত্বহীনতা। বি। তৎসম। সাধারণ ['সাধারণ' দ্রষ্টব্য] + ত্ব। ৬।২ বানান : স্ + আ + ধ্ + আ + র্ + অ + ণ্ + অ + ত্ + ব্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সাধারণী : সাধারণ-এর স্ত্রীলিঙ্গ। বি। তৎসম। সাধারণ ['সাধারণ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : স্ + আ + ধ্ + আ + র্ + অ + ণ্ + ঈ। 'র্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সাধারণ্য : জনসাধারণের বৈশিষ্ট্য। বি। তৎসম। সাধারণ ['সাধারণ' দ্রষ্টব্য] + য [ষ্ণ্য]। ৬।২ বানান : স্ + আ + ধ্ + আ + র্ + অ + ণ্ + য্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন' এর মধ্যে'অ'থাকায় 'ন' 'ণ' হয়েছে।

সাধিকা: সাধনকর্ত্রী। বিণ। তৎসম। সাধ্ + ণিচ্ + ইক [< অক] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ বানান : স্ + আ + ধ্ + ই + ক্ + আ।

সাধিত : সম্পাদিত। বিণ। তৎসম। সাধ্ [সাধনা বা আরাধনা করা] সাধ্ + ণিচ্ + ত। ৬।১ বানান : স্ + আ + ধ্ + ই + ত্ + অ।

সাধিত্র : যন্ত্রপাতি। বি। তৎসম। সাধ্ + ণিচ্ + ত্র। ৬।১ বানান : স্ + আ + ধ্ + ই + ত্ + র্ + অ। বি.দ্র. : ত্ + র্ + অ = ত্র।

সাধু : সৎ। বিণ। তৎসম। সাধ্ [সাধনা বা আরাধনা করা] + উ। ৬।১ বানান : স্ + আ + ধ্ + উ।

সাধুগিরি : ধার্মিকতার ভান। বি। মিশ্র [বিদেশী + তৎসম] সাধু [সাধ্ + উ] + ফা. গিরি। ৬।৪ বানান : স্ + আ + ধ্ + উ + গ্ + ই + র্ + ই।

সাধুতা : ধার্মিকতা। বি। তৎসম। সাধু [সাধ্ + উ] + তা। ৬।২ বানান : স্ + আ + ধ্ + উ + ত্ + আ।

সাধুবাদ : প্রশংসাবাদ। বি। তৎসম। সাধু [সাধ্ + উ] + বাদ [বদ্ + অ]। ৬।১ বানান : স্ + আ + ধ্ + উ + ব্ + আ + দ্ + অ।

সাধে : সাধ করে। অব্য, ক্রি-বিণ। তদ্ভব। সাধ [সাধ্ + অ] + বাং. এ। বানান : স্ + আ + ধ্ + এ।

সাধ্বস : সম্ভ্রম, ভয়। বি। তৎসম। সাধু [সাধ্ + উ] + আস্ + অ। ৬।১ [সন্ধি] উ + অ = ব [ধ্ব]। ২।৮।ক বানান : স্ + আ + ধ্ + ব্ + অ + স্ + অ। বি.দ্র. : ধ্ + ব্ + অ = ধ্ব।

সাধ্বী : পতিব্রতা। বি। তৎসম। সাধু [সাধ্ + উ] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ [সন্ধি] উ + ঈ = বী। ২।৮।ঙ বানান : স্ + আ + ধ্ + ব্ + ঈ। বি.দ্র. : ধ্ + ব্ + ঈ = ধ্বী।

সাধ্য : সাধনযোগ্য। বিণ। তৎসম। সাধ্ + য [যৎ]। ৬।১ বানান : স্ + আ + ধ্ + য্ + অ। বি.দ্র. : ধ্ + য্ + অ = ধ্য।

সাধ্যতা : সাধনযোগ্যতা। বি। তৎসম। সাধ্য [সাধ্ + য (যৎ)] + তা। ৬।১, ৬।২ বানান : স্ + আ + ধ্ + য্ + অ + ত্ + আ। বি.দ্র. : ধ্ + য্ + অ = ধ্য।

সাধ্যবহির্ভূত : অসাধ্য। বিণ। তৎসম। সাধ্য [সাধ্ + য (যৎ)] + বহির্ভূত [বহিঃ + ভূ + ত]। ৬।১ [সন্ধি] ঃ + ভূ = র্ভূ। ২।৩৮ সাধ্যের বহির্ভূত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + আ + ধ্ + য্ + অ + ব্ + অ + হ্ + ই + র্ + ভ্ + ঊ + ত্ + অ। বি.দ্র. : ধ্ + য্ + অ = ধ্য, র্ + ভ্ + ঊ = র্ভূ।

সাধ্যমতো : যথাসাধ্য। বিণ। তদ্ভব। সাধ্য [সাধ্ + য (যৎ)] + মতো। বানান : স্ + আ + ধ্ + য্ + অ + ম্ + অ + ত্ + ও।

সাধ্য-সাধনা : সাধ্যসাধি। বি। তৎসম। সাধ্য [সাধ্ + য (যৎ)] + সাধনা [সাধ্ + অন + আ]। ৬।১ সাধ্যের সাধনা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + আ + ধ্ + য্ + অ + স্ + আ + ধ্ + অ + ন্ + আ।

সাধ্যাতিরিক্ত : অসাধ্য। বিণ। তৎসম। সাধ্য [সাধ্ + য (যৎ)] + অতিরিক্ত [অতি + রিচ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ধ্যা]। ২।১।ক সাধ্যের অতিরিক্ত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + আ + ধ্ + য্ + আ + ত্ + ই + র্ + ই + ক্ + ত্ + অ। বি.দ্র. : ধ্ + য্ + আ = ধ্যা, ক্ + ত্ + অ = ক্ত।

সাধ্যাতীত : অসাধ্য। বিণ। তৎসম। সাধ্য [সাধ্ + য (যৎ)] + অতীত [অতি + ই + ত]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ধ্যা]। ২।১।ক ই + ই = ঈ [তী]। ২।২।ক সাধ্যের অতীত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + আ + ধ্ + য্ + আ + ত্ + ঈ + ত্ + অ। বি.দ্র. : ধ্ + য্ + আ = ধ্যা।

সাধ্যানুযায়ী : যথাসাধ্য। বিণ। তৎসম। সাধ্য [সাধ্ + য (যৎ)] + অনুযায়ী [অনু + যা + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ধ্যা] ২।১।ক সাধ্যের অনুযায়ী= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + আ + ধ্ + য্ + আ + ন্ + উ + য্ + আ + য়্ + ঈ। বি.দ্র. : ধ্

+ য্ + আ = ধ্যা। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত [য়ী]।

সাধ্যানুরূপ : যথাসাধ্য। বিণ। তৎসম। সাধ্য [সাধ্ + য (যৎ)] + অনুরূপ [অনু + রূপ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ধ্যা]। ২।১।ক সাধ্যের অনুরূপ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + আ + ধ্ + য্ + আ + ন্ + উ + র্ + উ + প্ + অ। বি.দ্র. : ধ্ + য্ + আ = ধ্যা।

সানকি : ক্ষুদ্র থালা। বি। বিদেশী। <আ. সহ্নক। বাংলা বানান : স্ + আ + ন্ + ক্ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ন' হসন্ত-বর্জিত।

সানন্দ : আনন্দযুক্ত। বিণ। তৎসম। স [সহ্] + আনন্দ [আ + নন্দ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [সা]। ২।১।খ আনন্দের সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান : স্ + আ + ন্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র. : ন্ + দ্ + অ = ন্দ।

সানন্দে : আনন্দের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সানন্দ ['সানন্দ' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]। বানান : স্ + আ + ন + অ + ন্ + দ্ + এ।

সানাই : কাঠের বাঁশি। বি। বিদেশী। <ফা. সাহ্নাঈ। বাংলা বানান : স্ + আ + ন্ + আ + ই।

সানু : অধিত্যকা, চূড়া। বি। বিদেশী। তৎসম। সন্ + উ। ৬।১ বানান : স্ + আ + ন্ + উ।

সানুকম্প : অনুকম্পাযুক্ত। বিণ। তৎসম। স [সহ্] + অনুকম্পা [অনু + কম্প্ + অ + আ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [সা]। ২।১।ক অনুকম্পার সঙ্গে বর্তমান = বহুব্রী [নিষ্পন্ন শব্দে অন্তিম 'আ'-কার বর্জিত।]। ৩।৫ বানান : স্ + আ + ন্ + উ + ক্ + অ + ম্ + প্ + অ। বি.দ্র. : ম্ + প্ + অ = ম্প।

সানুজ : ছোট ভায়ের সঙ্গে। বিণ। তৎসম। স [সহ্] + অনুজ [অনু + জন্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [সা]। ২।১।ক অনুতে জন্মেছে যে = উপপদতৎ। ৩।৩ বানান : স্ + আ + ন + উ + জ্ + অ।

সানুনয় : অনুনয়পূর্ণ। বিণ। তৎসম। স [সহ্] + অনুনয় [অনু + নী + অ] ৬।১ [সন্ধি] অ + অ = আ [সা]। ২।১।ক অনুনয়ের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান : স্ + আ + ন + উ + ন্ + অ + য্ + অ।

সানুনয়ে : অনুনয় সহকারে। ক্রি-বিণ। তৎসম। সানুনয় ['সানুনয়' দ্রষ্টব্য] + বাং. এ [অধিকরণ]। বানান : স্ + আ + ন্ + উ + ন্ + অ + য্ + এ।

সানুনাসিক : নাকীসুরযুক্ত। বিণ। তৎসম। স [সহ্] + অনুনাসিক [অনু + নাসা + ক]। ৬।২ [সন্ধি] অ + অ = আ [সা]। ২।১।ক নাসিকের সদৃশ [উচ্চারণ] = অব্যয়ীভাব [অঁনুনাসিক]। ৩।১ অনুনাসিকের সঙ্গে বর্তমান= সহার্থক বহুব্রী। ৩।৫ বানান : স্ + আ + ন্ + উ + ন্ + আ + স্ + ই + ক্ + অ।

সানুরাগ : অনুরাগপূর্ণ। বিণ। তৎসম। স [সহ্] + অনুরাগ [অনু + রঞ্জ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [সা]। ২।১।ক অনুরাগের সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান : স্ + আ + ন + উ + র্ + আ + গ্ + অ।

সান্ত : অন্তযুক্ত। বিণ। তৎসম। স [সহ্] + অন্ত [অম্ + ত]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [সা]। ২।১।ক অন্তের সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান : স্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + অ = ন্ত।

সান্তর : ফাঁক-ফাঁক। বিণ। তৎসম। স [সহ্] + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [সা]। ২।১।ক অন্তরের [ব্যবধানের] সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান : স্ + আ + ন্ + ত্ + অ + র্ + অ।

সান্ত্বনা : প্রবোধ। বি। তৎসম। সান্ত্ব্ + অন +

আ। ৬।১ বানান: স্ + আ + ন্ + ত্ + ব্ + অ + ন্ + আ। বি.দ্র.: ন্ + ত্ + ব্ + অ = ন্ত্ব। [কোন কোন অর্বাচীন মনে করেন, 'সান্ত্বনা' শব্দের 'ন্ত্ব'-এর 'ব'-ফলা নিষ্প্রয়োজন, বাহুল্য মাত্র। কিন্তু জানা উচিত, 'সান্ত্ব্' ধাতুর অর্থ: 'অতি মধুর কাব্যের দ্বারা প্রবোধ দান করা' এবং 'সান্ত' শব্দের অর্থ: 'অন্তের সঙ্গে বর্তমান', 'সসীম'। কাজেই, 'ব'-ফলা যোগের প্রয়োজন যে অসীম, তা সহজেই অনুমেয়।]

সান্ত্রী: প্রহরী। বি। বিদেশী। <ইং. sentry. সান্ত্রী 'sentry' শব্দের লিপ্যন্তর মাত্র। বানান: স্ + আ + ন্ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: ন্ + ত্ + র্ + ঈ = ন্ত্রী।

সান্দীপনি: সন্দীপন মুনির পুত্র। বি। তৎসম। সন্দীপন + ই [ষ্ণি]। ৬।২ বানান: স্ + আ + ন্ + দ্ + ঈ + প + অ + ন্ + ই। বি.দ্র.: ন্ + দ্ + ঈ = ন্দী।

সান্ধিবিগ্রহিক: সন্ধিবিগ্রহ-সংক্রান্ত। বিণ। তৎসম। সন্ধিবিগ্রহ [সন্ধি + বিগ্রহ] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: স্ + আ + ন্ + ধ্ + ই + ব্ + ই + গ্ + র্ + অ + হ্ + ই + ক্ + অ। বি.দ্র.: ন্ + ধ্ + ই = ন্ধি, গ্ + র্ + অ = গ্র।

সান্ধ্য: সন্ধ্যাকালীন। বিণ। তৎসম। সন্ধ্যা + অ। ৬।২ বানান: স্ + আ + ন্ + ধ্ + য্ + অ। বি.দ্র.: ন্ + ধ্ + য্ + অ = ন্ধ্য।

সান্নিধ্য: নৈকট্য। বি। তৎসম। সন্নিধি + য [ষ্ণ্য]। ৬।২ বানান: স্ + আ + ন্ + ন্ + ই + ধ্ + য্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + ই = ন্নি, ধ্ + য্ + অ = ধ্য।

সান্নিপাতিক: বাত-পিত্ত-কফ-মিলন-জনিত। বিণ। তৎসম। সন্নিপাত + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: স্ + আ + ন্ + ন্ + ই + প্ + আ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + ই = ন্নি।

সাপ: সর্প। বি। তদ্ভব। সাপ [<সং. সর্প]। বানান: স্ + আ + প্ + অ।

সাপিনী: স্ত্রী-সাপ। বি। তদ্ভব। সাপ + ইন্ + ঈ। ৬।২, ৭।১।চ বানান: স্ + আ + প্ + ই + ন্ + ঈ। শব্দটি ইন্ + ঈ (স্ত্রী) = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে ঈ। কিন্তু লক্ষণীয়: তদ্ভব 'সাপ' শব্দের সঙ্গে সংস্কৃত 'ইন্' + ঈ = 'ইনী' প্রত্যয় যুক্ত হয়েছে।

সাপট: ঝাপটা। বি। দেশী। বানান: স্ + আ + প্ + অ + ট্ + অ। বি.দ্র.: শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

সাপটা: যা সকলের জন্য [রান্না], একসঙ্গে। বিণ। দেশী। বানান: স্ + আ + প্ + অ + ট্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'প' হসন্ত-বর্জিত।

সাপ্টা: সাপটানো। ক্রি। দেশী। বানান: স্ + আ + প্ + ট্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'প' হসন্তচিহ্ন-হীন।

সাপটান, সাপটানো: জড়িয়ে রাখা। ক্রি। দেশী। বানান: স্ + আ + প্ + ট্ + আ + ন + অ, ও। বি.দ্র.: শব্দ-মধ্যের 'প' হসন্ত-বর্জিত।

সাপত্ন, সাপত্ন্য: শত্রুতা। বি। তৎসম। সপত্ন + অ [ষ্ণ], সপত্ন + য [ষ্ণ্য]। ৬।২ বানান: স্ + আ + প্ + অ + ত্ + ন্ + অ, য্ + অ। বি.দ্র.: স্ + আ = সা, ত্ + ন্ + অ = ত্ন, ত্ + ন্ + য্ + অ = ত্ন্য।

সাপুড়া: কৌটা। বি। তদ্ভব। <সং. সম্পুট। বানান: স্ + আ + প্ + উ + ড়্ + আ।

সাপুড়িয়া, সাপুড়ে: সাপ ধরা ও খেলা দেখানো যার পেশা। বি। তদ্ভব। সাপ [< সং. সর্প] + বাং. উড়িয়া >উড়ে। ৬।৩ বানান: স্ + আ + প্ + উ + ড়্ + ই + য়্ + আ, স্ + আ + প্ + উ + ড়্ + এ।

সাপেক্ষ: অন্য-কিছুর ওপর নির্ভরশীল। বিণ। তৎসম। স [সহ] + অপেক্ষা [অপ + ঈক্ষা [ঈক্ষ্ + অ + আ]]। ৬।১ [সন্ধি] অ + ঈ

= এ [পে]। ২।৪।খ অপেক্ষার সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান: স্ + আ + প্ + এ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: ক্ + ষ্ + অ = ক্ষ।

সাফ: পরিষ্কৃত। বিণ। বিদেশী। <আ. সাফ্। বাংলা বানান: স্ + আ + ফ্। বি.দ্র.: শব্দান্তের 'ফ' হসন্ত-বর্জিত।

সাফল্য: সফলতা। বি। তৎসম। সফল + য [ষ্ণ্য]। ৬।২ বানান: স্ + আ + ফ্ + অ + ল্ + য্ + অ। বি.দ্র.: ল্ + য্ + অ = ল্য।

সাফ-সাফাই: সাফ করা। ক্রি। বিদেশী। <আ. সাফ্ + সাফ্ + বাং. আই। ৬।৩ বানান: স্ + আ + ফ্ + স্ + আ + ফ্ + আ + ই। বি.দ্র.: শব্দান্তর্গত স্বরবর্ণহীন 'ফ' হসন্ত-বর্জিত।

সাফসুতরা, সাফশুতরা: পরিষ্কার-পরিচ্ছন্ন। বিণ। বিদেশী। <আ. সাফ্ + সুতরা, শুতরা [সহচর শব্দ]। বানান: স্ + আ + ফ্+ স্, শ্ + উ + ত্ + র্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ফ' ও 'ত' হসন্তবর্জিত।

সাব: অবর। বিণ। বিদেশী। <ইং. sub. বাংলা বানান: স্ + আ + ব্। বি.দ্র.: শব্দান্তের 'ব' হসন্ত-বর্জিত।

সাবকাশ: অবকাশযুক্ত। বি। তৎসম। স [সহ] + অবকাশ [অব + কাশ] + অ। ৬।১ [সন্ধি] অ + অ = আ [সা]। ২।১।ক অবকাশের সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান: স্ + আ + ব্ + অ + ক্ + আ + শ্ + অ।

সাবড়া, সাবড়ান, সাবড়ানো: শেষ করা। ক্রি। দেশী। বানান: স্ + আ + ব্ + ড়্ + আ, ন্ + অ , ও। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ব' হসন্ত-বর্জিত।

সাবধান: সতর্ক। বিণ। তৎসম। স [সহ] + অবধান [অব + ধা + অন]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [সা]। ২।১।ক অবধানের সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান: স্ + আ + ব্ + অ + ধ্ + আ + ন্ + অ।

সাবধানতা: সতর্কতা। বি। তৎসম। সাবধান ['সাবধান' দ্রষ্টব্য] + তা। ৬।৩ বানান: স্ + আ + ব্ + অ + ধ্ + আ + ন্ + অ + ত্ + আ।

সাবধানী: অতি সতর্ক। বিণ। তৎসম। সাবধান [স + অবধান (মনঃসংযোগ)] + বাং. ঈ। ৬।৩ বানান: স্ + আ + ব্ + অ + ধ্ + আ + ন্ + ঈ।

সাবধানে: সতর্কতার সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সাবধান [স + অবধান] + বাং. এ [অধিকরণ]। বানান: স্ + আ + ব্ + অ + ধ্ + আ + ন্ +এ।

সাবমেরিন: ডুবো জাহাজ। বি। বিদেশী। <ইং. submarine. বাংলা বানান: স্ + আ + ব্ + অ + ম্ + এ + র্ + ই + ন্ + অ। বি.দ্র.: শব্দ-মধ্যবর্তী 'ব' ও শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সাবর্ণ: দ্বিতীয় মনু। বি। তৎসম। সবর্ণ + অ [ষ্ণ]। ৬।২ বানান: স্ + আ + ব্ + অ + র্ + ণ্ + অ। বি.দ্র.: র্ + ণ্ + অ = র্ণ। 'র্'-এর পর 'ণ্' হয়েছে। ৪।১।খ

সাবর্ণি: সূর্যপুত্র অষ্টম মনু। বি। তৎসম। সবর্ণ + ই [ষ্ণি]। ৬।১ বানান: স্ + আ + ব্ + অ + র্ + ণ্ + ই। বি.দ্র.: 'র্'-এর ঠিক পরেই 'ণ্' হয়েছে। ৪।১।খ

সাবল: মাটি খোঁড়ার লৌহাস্ত্র। বি। তদ্ভব। <সং. সর্বলা। বানান: স্ + আ + ব্ + অ + ল্ + অ। বি.দ্র.: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

সাবলীল: অনায়াস। বি। তৎসম। স [সহ] + অবলীলা [অব + লী + লা + অ + আ] ৬।১ [সন্ধি] অ + অ = আ [সা] ২।১।ক অবলীলার সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান: স্ + আ + ব্ + অ + ল্ + ঈ + ল্ + অ।

সাবাড়: শেষ। বিণ। দেশী। বানান: স্ + আ + ব্ + আ + ড়্। বি.দ্র.: শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

সাবান: ময়লা পরিষ্কার করার ক্ষার-নির্মিত দ্রব্য। বি। বিদেশী। <পো. sabao. বাংলা বানান: স্ + আ + ব্ + আ + ন্ + অ। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সাবালক: প্রাপ্তবয়স্ক। বিণ। বিদেশী। 'নাবালিগ' [নাবালক]-এর অনুকরণে গঠিত 'সাবালক'। বানান: স্ + আ + ব্ + আ + ল্ + অ + ক্ + অ। বি.দ্র.: শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত।

সাবিত্রী: বেদমন্ত্রের উৎস-রূপা দেবী। বি। তৎসম। সাবিত্র [সবিতৃ + অ] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান: স্ + আ + ব্ + ই + ত্ + র্ + ঈ। বি.দ্র.: ত্ + র্ + ঈ = ত্রী।

সাবুদ: প্রমাণ। বি। বিদেশী। <আ. সুবুৎ। বাংলা বানান: স্ + আ + ব্ + উ + দ্। বি.দ্র.: শব্দান্তের 'দ' হসন্ত-বর্জিত।

সাবেক: প্রাচিন। বিণ। বিদেশী। <আ. সাবিক। বাংলা বানান: স্ + আ + ব্ + এ + ক্। বি.দ্র.: শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত।

সাবেকী: প্রাচিনকালের। বিণ। বিদেশী। >আ. সাবিক। বাংলায়: সাবেক + বাং. ঈ = সাবেকী। বানান: স্ + আ + ব্ + এ + ক্ + ঈ। বি.দ্র.: ক্ + ঈ = কী।

সাব্যস্ত: নির্ণীত। বিণ। তদ্ভব। <সং. সব্যবস্থ। বানান: স্ + আ + ব্ + য্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: স্ + আ = সা, ব্ + য্ + অ = ব্য, স্ + ত্ + অ = স্ত।

সাম: সামবেদ। বি। তৎসম। সো + মন্। বানান: স্ + আ + ম্ + অ।

সামগ্রিক: (অশু): সম্পূর্ণ। বিণ। তৎসম। সমগ্র + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: স্ + আ + ম্ + অ + গ্ + র্ + ই + ক্ + অ। বি.দ্র.: গ্ + র্ + ই = গ্রি।

সামগ্রী: [বাং.] জিনিস, [সং.] সমূহ। বি। তৎসম। সামগ্র [সমগ্র + অ] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান: স্ + আ + ম্ + অ + গ্ + র্ + ঈ। বি.দ্র.: গ্ + র্ + ঈ = গ্রী।

সামঞ্জস্য: সঙ্গতি। বি। তৎসম। সমঞ্জস্ + য [ষ্যঞ]। ৬।২ বানান: স্ + আ + ম্ + অ + ঞ্ + জ্ + অ + স্ + য্ + অ। বি.দ্র.: স্ + আ = সা, ঞ্ + জ্ + অ = ঞ্জ, স্ + য্ + অ = স্য।

সামনা: সম্মুখে। বি। বিদেশী। <হি. সামনে। বাংলা বানান: স্ + আ + ম্ + ন্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ম' হসন্ত-বর্জিত।

সামনা-সামনি: মুখামুখি। ক্রি-বিণ। <হি. সামনে। বাংলা বানান: স্ + আ + ম্ + ন্ + আ + স্ + আ + ম্ + ন্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যবর্তী 'ম' হসন্ত-বর্জিত।

সামনে: সম্মুখে। ক্রি-বিণ। বিদেশী। <হি. সামনে। বাংলা বানান: স্ + আ + ম্ + অ + ন্ + এ। বি.দ্র.: শব্দ-মধ্যবর্তী 'ম' হসন্ত-বর্জিত।

সামন্ত: অধীন রাজা। বি। তৎসম। সমন্ত [সম্ + অন্ত = সীমান্ত] + অ। ৬।২ বানান: স্ + আ + ম্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র.: স্ + আ = সা, ন্ + ত্ + অ = ন্ত।

সামন্ত-তন্ত্র: সামন্তদের দ্বারা চালিত শাসন-ব্যবস্থা। [feudalism]। বি। তৎসম। সামন্ত ['সামন্ত' দ্রষ্টব্য] + তন্ত্র [তন্ত্র্ + অ]। ৬।১ সামন্ত 'রাজক' তন্ত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + আ + ম + অ + ন্ + ত্ + অ + ত্ + অ + ন + ত্ + র্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ = ন্ত, ন্ + ত্ + র্ + অ = ন্ত্র।

সামবায়িক: সমবায়-বিশিষ্ট। বিণ। তৎসম। সমবায় + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: স্ + আ + ম্ + অ + ব্ + আ + য্ + ই + ক্ + অ।

সাময়িক : স্বল্পকালস্থায়ী। বিণ। তৎসম। সময় + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : স্ + আ + ম্ + অ + য় + ই + ক্ + অ।

সাময়িকী : সাময়িক প্রসঙ্গ। বি। তৎসম। সাময়িক [সময় + ইক [ষ্ণিক] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান : স্ + আ + ম্ + অ + য় + ই + ক্ + ঈ। বি.দ্র. : য় + ই = য়ি, ক্ + ঈ = কী।

সামরিক : যুদ্ধ-সংক্রান্ত, যুদ্ধপ্রিয়। বিণ। তৎসম। সমর + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : স্ + আ + ম্ + অ + র্ + ই + ক্ + অ। বি.দ্র. : র্ + ই = রি।

সামর্থ্য : শক্তি। বি। তৎসম। সমর্থ + য [ষ্ণ্য]। ৬।২ বানান : স্ + আ + ম্ + অ + র্ + থ্ + য্ + অ। বি.দ্র. : র্ + থ্ + য্ + অ = র্থ্য।

সামলা : সামলান। ক্রি। বিদেশী। <হি. সঁভাল। বাংলা বানান : স্ + আ + ম্ + ল্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'স' হসন্ত-বর্জিত।

সামলান, সামলানো : সংবরণ করা। ক্রি। বিদেশী। <হি. সঁভাল। বাংলা বানান : স্ + আ + ম্ + ল্ + আ + ন + অ, ও। বি.দ্র. : শব্দ-মধ্যবর্তী 'ম' হসন্তবর্জিত।

সামাজিক : সমাজে প্রচলিত, সমাজবদ্ধ। বিণ। তৎসম। সমাজ + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : স্ + আ + ম্ + আ + জ্ + ই + ক্ + অ।

সামাজিকতা : সামাজিক ব্যবহার, লৌকিকতা। বি। তৎসম। সামাজিক ['সামাজিক' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : স্ + আ + ম্ + আ + জ্ + ই + ক্ + অ + ত্ + আ।

সামান্তরিক : দু'জোড়া সমান্তরাল রেখা-বেষ্টিত চতুর্ভুজ [parallelogram]। বি। তৎসম। সমান্তর + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : স্ + আ + ম্ + আ + ন্ + ত্ + অ + র্ + ই + ক্ + অ। বি.দ্র. : স্ + আ = সা, ন্ + ত্ + অ = ন্ত।

সামান্য : সাধারণ, তুচ্ছ। বিণ। তৎসম। সমান + য [ষ্ণ্য]। ৬।২ বানান : স্ + আ + ম্ + আ + ন + য্ + অ। বি.দ্র. : ন্ + য্ + অ = ন্য।

সামান্যা : নগণ্যা। বিণ। তৎসম। সামান্য ['সামান্য' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + আ + ম্ + আ + ন্ + য্ + আ। বি.দ্র. : ন্ + য্ + আ = ন্যা।

সামাল : সংবরণ। বি। বিদেশী। >হি. সঁভাল। বাংলা বানান : স্ + আ + ম্ + আ + ল। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

সামিল : অন্তর্ভুক্ত। বিণ। বিদেশী। <আ. শামিল্। বাংলা বানান : স্ + আ + ম্ + ই + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

সামীপ্য : নৈকট্য। বি। তৎসম। সমীপ + য [ষ্ণ্য]। ৬।২ বানান : স্ + আ+ ম্ + ঈ + প্ + য্ + অ। বি.দ্র. : স্ + আ = সা, ম্ + ঈ = মী, প্ + য্ + অ = প্য।

সামুদ্র, সামুদ্রিক : সমুদ্রজাত। বিণ। তৎসম। সমুদ্র + অ, সমুদ্র + ইক। ৬।১ বানান : স্ + আ + ম্ + উ + দ্ + র্ + অ, স্ + আ + ম্ + উ + দ্ + র্ + ই + ক্ + অ। বি.দ্র. : দ্ + র্ + ই = দ্রি।

সাম্পান : সমুদ্রগামী নৌকা। বি। বিদেশী। <চীনা. সাং-পাং। বাংলা বানান : স্ + আ + ম্ + প্ + আ + ন্। বি.দ্র. : ম্ + প্ + আ = ম্পা। শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সাম্প্রতিক : ইদানীং কালের। বিণ। তৎসম। সম্প্রতি + ইক। ৬।২ বানান : স্ + আ + ম্ + প্ + র্ + অ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র. : ম্ + প্ + র্ + অ = ম্প্র।

সাম্প্রদায়িক : সম্প্রদায়, সম্প্রদায়গত ভেদ-বুদ্ধিসম্পন্ন। বিণ। তৎসম। সম্প্রদায় +

ইক। ৬।২ বানান: স্ + আ + ম + প্ + র্ + অ + দ্ + আ + য্ + ই + ক্ + অ। বি.দ্র.: ম্ + প্ + র্ + অ = ম্প্র।

সাম্প্রদায়িকতা: সম্প্রদায়গত ভেদবুদ্ধি। বি। তৎসম। সাম্প্রদায়িক ['সাম্প্রদায়িক' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + আ + ম্ + প্ + র্ + অ + দ্ + আ + য্ + ই + ক্ + অ + ত্ + আ। বি.দ্র.: ম্ + প্ + র্ + অ = ম্প্র।

সাম্মানিক: বিশেষ সম্মানের নিদর্শনসূচক। বিণ। তৎসম। সম্মান + ইক। ৬।২ বানান: স্ + আ + ম্ + ম্ + আ + ন + ই + ক্ + অ। বি.দ্র.: ম্ + ম্ + আ = ম্মা।

সাম্য: সমতা। বি। তৎসম। সম + য [ষ্ণ্য]। ৬।২ বানান: স্ + আ + ম্ + য্ + অ। বি.দ্র.: ম্ + য্ + অ = ম্য।

সাম্যবাদ: রাষ্ট্রের সকল মানুষের সমান অধিকারের মতবাদ [communism]। বি। তৎসম। সাম্য [সম + য] + বাদ [বদ্ + অ]। ৬।২, ৬।১ সাম্য-বিষয়ক বাদ [মতবাদ]। মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + আ + ম্ + য্ + অ + ব্ + আ + দ্ + অ। বি.দ্র.: ম্ + য্ + অ = ম্য।

সাম্যবাদী: সাম্যবাদে বিশ্বাসী। বিণ। তৎসম। সাম্যবাদ ['সাম্যবাদ' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।২ বানান: স্ + আ + ম্ + য্ + অ + ব্ + আ + দ্ +ঈ। বি.দ্র.: ম্ + য্ + অ = ম্য, দ্ + ঈ = দী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সাম্রাজ্য: বিস্তৃত রাজ্য। বি। তৎসম। সম্রাজ্ + য [ষ্ণ্য]। ৬।২ বানান: স্ + আ + ম্ + র্ + আ + জ্ + য্ + অ। বি.দ্র.: ম্ + র্ + আ = ম্রা, জ্ + য্ + অ = জ্য।

সাম্রাজ্যবাদ: পররাজ্যে অধিকার-বিস্তারের আগ্রাসী নীতি। বি। তৎসম। সাম্রাজ্য ['সাম্রাজ্য' দ্রষ্টব্য] + বাদ [বদ্ + অ]। ৬।১ সাম্রাজ্য-বিস্তারের বাদ [মতবাদ] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + আ + ম্ + র্ + আ + জ্ + য্ + অ + ব্ + আ + দ্ + অ। বি.দ্র.: ম্ + র্ + আ = ম্রা, জ্ + য্ + অ = জ্য।

সাম্রাজ্যবাদী: সাম্রাজ্যবাদের সমর্থক। বিণ। তৎসম। সাম্রাজ্যবাদ ['সাম্রাজ্যবাদ' দ্রষ্টব্য] + ইন্ [ঈ]। ৬।২ সাম্রাজ্যবাদ সমর্থন করে যে। বানান: স্ + আ + ম্ + র্ + আ + জ্ + য্ + অ + ব্ + আ + দ্ + ঈ। বি.দ্র.: ম্ + র্ + আ = ম্রা, জ্ + য্ + অ = জ্য, দ্ + ঈ = দী, শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সায়: সমর্থন। বি। দেশী। বানান: স্ + আ + য়্। বি.দ্র.: শব্দান্তের 'য়' হসন্ত-বর্জিত।

সায়: অবসান। বি। তৎসম। সো + অ। ৬।১ বানান: স্ + আ + য়্ + অ।

সায়ংকাল: সন্ধ্যাকাল। বি। তৎসম। সায়ম্ + কাল [কাল্ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + কা = ংকা। ২।২৮ সায়ম্ যে কাল = কর্মধা। ৩।২ বানান: স্ + আ + য়্ + অ + ং + ক্ + আ + ল্ + অ।

সায়ংকৃত্য: সন্ধ্যাকালে করণীয় কর্ম। বি। তৎসম। সায়ম্ + কৃত [কৃ + য (ক্যপ্)]। ৬।১ [সন্ধি] ম্ + কৃ = ংকৃ। ২।২৮ সায়ংকালে কৃত্য [করণীয়] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + আ + য়্ + অ + ং + ক্ + ঋ + ত্ + য্ + অ। বি.দ্র.: ক্ + ঋ = কৃ, ত্ + য্ + অ = ত্য।

স্বায়ংসন্ধ্যা: সন্ধ্যাকালীন আহ্নিক। বি। তৎসম। সায়ম্ + সন্ধ্যা [সম্ + ধৈ + অ + আ]। ৬।১ [সন্ধি] ম্ + স = ংস। ২।২৮ সায়ংকালীন সন্ধ্যা [আহ্নিক] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + আ + য়্ + অ + ং + স্ + অ + ন্ + ধ্ + য্ + আ। বি.দ্র.: ন্ + ধ্ + য্ + আ = ন্ধ্যা।

সায়ক : বাণ। বি। তৎসম। সো [নাশ করা] + অক। ৬।১ যা নাশ করে। বানান : স্ + আ + য় + অ + ক্ + অ।

সায়ন্তন : সন্ধ্যাকালীন। বিণ। তৎসম। সায়ম্ + তন। ৬।২ [সন্ধি] ম্ + ত = ন্ + ত= ন্ত। ২।২৮ বানান : স্ + আ + য় + অ + ন্ + ত্ + অ + ন্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + অ = ন্ত।

সায়বানা : শামিয়ানা। বি। বিদেশী। <ফা. সাএবান্ + বাং. আ। বাংলা বানান : স্ + আ + য় + ব্ + আ + ন্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'য়' হসন্ত-বর্জিত।

সায়র : সমুদ্র, সরোবর। বি। তদ্ভব। <সং. সাগর। বানান : স্ + আ + য় + অ + র্ + অ।

সায়া : শাড়ির নীচে পরিধেয় অন্তর্বাস। বি। বিদেশী। <পো. saia. বাংলা বানান : স্ + আ + য় + আ।

সায়াহ্ন : সন্ধ্যা। বি। তৎসম। সায় [সো (নাশ করা) + অন = অবসান] + অহন্ ['অহ্ন' আদেশ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [য়া] ২।১।ক অহনের সায় [অবসান] = সম্বন্ধতৎ। ৩।৩ [পর্বনিপাত]। বানান : স্ + আ + য় + আ + হ্ + ন্ + অ।

সায়াহ্নকৃত্য : সায়ংকৃত। বি। তৎসম। সায়াহ্ন ['সায়াহ্ন' + কৃ [কৃ + য (ক্যপ্)]। ৬।১ সায়াহ্নকালীন কৃত্য [করণীয়] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + আ + য় + আ + হ্ + ন্ + অ + ক্ + ঋ + ত্ + অ। বি.দ্র. : হ্ + ন্ + অ = হ্ন, ক্ + ঋ = কৃ, ত্ + য্ + অ = ত্য।

সাযুজ্য : পরমাত্মার সঙ্গে জীবাত্মার একত্ব। বি। তৎসম। সযুজ্ [স (সহ) + যুজ্ + ক্বিপ্] + য [ষ্ণ্য]। ৬।২ বানান : স্ + আ + য্ + উ + জ্ + য্ + অ। বি.দ্র. : জ্ + য্ + অ = জ্য।

সার : শ্রেণী। বি। তদ্ভব। <সং. সারি [সৃ + ণিচ্ (গমন করানো) + ই] ৬।১

সার : শ্রেষ্ঠ অংশ। বি। তৎসম। সার + অ। ৬।২ সার অংশ।

সার : জমির উর্বরতা বৃদ্ধিকর পদার্থ। বি। তৎসম। সৃ [গমন করা] + অ। ৬।১

সারক : জোলাপ। বি। তৎসম। সৃ + ণিচ্ [গমন করানো] + অক। ৬।১ যা [মল] নিঃসরণ ঘটায়।

সারগর্ভ : অন্তঃসার-বিশিষ্ট। বিণ। তৎসম। সার [সার + অ = শ্রেষ্ঠ অংশ] গর্ভে [গৃ (আবৃত করা) + ভ] যার = বহুব্রী। ৩।৫ বানান : স্ + আ + র্ + অ + গ্ + অ + র্ + ভ্ + অ। বি.দ্র. : র্ + ভ্ + অ = র্ভ।

সারঙ্গ : চিত্রবিচিত্র চিহ্নযুক্ত হরিণ। তৎসম। সার [রংবেরং, চিত্রবিচিত্র] অঙ্গ [অঙ্গ্ + অ] যার = বহুব্রী। ৩।৫ বানান : স্ + আ + র্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ = ঙ্গ।

সারঙ্গা : স্ত্রী-সারঙ্গ। বি। তৎসম। সারঙ্গ ['সারঙ্গ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + আ + র্ + অ + ঙ্ + গ্ + আ। বি.দ্র. : ঙ্ + গ্ + আ = ঙ্গা।

সারঙ্গী : স্ত্রী-সারঙ্গ। বি। তৎসম। সারঙ্গ ['সারঙ্গ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : স্ + আ + র্ + অ + ঙ্ + গ্ + ঈ। বি.দ্র. : ঙ্ + গ্ + ঈ = ঙ্গী।

সারঙ্গী : সারঙ্গবাদক। বি। তৎসম। সারঙ্গ [তন্ত্রীযুক্তবাদ্যযন্ত্র] + ইন্ [ঈ]। বি.দ্র. : শব্দটি "ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সারণ : চালন। বি। তৎসম। সৃ [গমন করা] + ণিচ্ + অন। ৬।১ বানান : স্ + আ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন' এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সারণি, সারণী : ক্ষুদ্র নদী, তালিকা। বি। তৎসম। সৃ [গমন করা] + ণিচ্ + অন + ই, ঈ [স্ত্রী]।

৬।১, ৭।১।গ বানান: স্ + আ + র্ + অ + ণ্ + ই, ণ্ + ঈ। বি.দ্র.: 'র্' ও 'ন' এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সারথি: রথের চালক। বি। তৎসম। সৃ [গমন করা] + ণিচ্ + অথি। ৬।১ যে [রথকে] চালায় বা গমন করায়। বানান: স্ + আ + র্ + অ + থ্ + ই। বি.দ্র.: 'রথী' [রথ্ + ইন্ (ঈ)]- 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত। কিন্তু 'সারথি' 'অথি'-প্রত্যয়ান্ত, তাই 'ই'-কারান্ত]।

সারথ্য: সারথির কাজ। বি তৎসম। সারথি ['সারথি' দ্রষ্টব্য] + য [ষ্ণ্য] ৬।২ বানান: স্ + আ + র্ + অ + থ্ + য্ + অ। বি.দ্র.: থ্ + য্ + অ = থ্য।

সারদা: দুর্গা, সরস্বতী। বি। তৎসম। সার [শ্রেষ্ঠ অংশ = জ্ঞান, মুক্তি] + দা [দান করা] + অ + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক সার দান করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + আ + র্ + অ + দ্ + আ।

সারবত্তা: সারোৎকর্ষ। বি। তৎসম। সার [শ্রেষ্ঠ অংশ] + বৎ [বান <বতুপ্] + তা। ৬।২ [সন্ধি] ৎ + তা = ত্ + তা = ত্তা। বানান: স্ + আ + র্ + অ + ব্ + অ + ত্ + ত্ + আ। বি.দ্র.: ত্ + ত্ + আ = ত্তা।

সারবন্দী: শ্রেণীবদ্ধ। বিণ। তৎসম। সার [<সারি (সৃ +ণিচ্ + ই)] + বন্দী [বন্দ্ + ইন্ (ঈ)]। ৬।১ সারির দ্বারা বন্দী = করণতৎ। ৩।৩ বানান: স্ + আ + র্ + অ + ব্ + অ + ন্ + দ্ + ঈ বি.দ্র.: শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সারবান: সারযুক্ত। বিণ। তৎসম। সার [শ্রেষ্ঠ অংশ] + বান্ [< বতুপ্]। ৬।২ সার আছে যাতে। বানান: স্ + আ +র্ + অ + ব্ + আ + ন্। বি.দ্র.: আধুনিক বাংলায় শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সারমাটি: সারযুক্ত মাটি। বি। তদ্ভব। সার [উর্বরতা বৃদ্ধির উপকরণ] + মাটি [<প্র. মট্টিআ <সং. মৃত্তিকা]। সার-যুক্ত বা মিশ্রিত মাটি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + আ + র্ + ম্ + আ + ট্ + ই।

সারমেয়: কুকুর। বি। তৎসম। সরমা [এ রামায়ণের বিভীষণ-পত্নী 'সরমা' নয়, এ হলো স্বর্গের কুকুর 'সরমা' দক্ষকন্যা এবং কশ্যপ-পত্নী] + এয় (ঢেয়)। ৬।২ বানান: স্ + আ + র্ + অ + ম্ + এ + য্ + অ।

সারল্য: সরলতা। বি। তৎসম। সরল + য [ষ্ণ্য]। ৬।২ বানান: স্ + আ + র্ + অ + ল্ + য্ + অ। বি.দ্র.: ল্ + য্ + অ = ল্য।

সারশূন্য: অসার। বিণ। তৎসম। সার [শ্রেষ্ঠ অংশ] + শূন্য [সু <শু (অতিশয়) + ঊন (কম) + য (যৎ)]। ৬।১ সারের দ্বারা শূন্য = করণতৎ। ৩।৩ বানান: স্ + আ + র্ + অ + শ্ + ঊ + ন্ + য্ + অ। বি.দ্র.: শ্ + ঊ = শূ, ন্ + য্ + অ = ন্য।

সারস: বকজাতীয় বৃহৎ জলচর পক্ষী। বি। তৎসম। সরস্ [জলময় স্থান, সরোবর] + অ [ষ্ণ] জাত অর্থে। ৬।২ বানান: স্ + আ + র্ + অ + স্ + অ।

সার-সংগ্রহ: সার-সংকলন, প্রকৃত তাৎপর্য গ্রহণ। বি। তৎসম। সার [সার্ + অ] + সংগ্রহ [সম্ + গ্রহ্ + অ]। ৬।১ সারের সংগ্রহ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + আ + র্ + অ + স্ + অ + ং + গ্ + র্ + অ + হ্ + অ। বি.দ্র.: গ্ + র্ + অ = গ্র।

সরসী: স্ত্রী-সারস। বি। তৎসম। সারস [সরস্ + অ] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান: স্ + অ + র্ + অ + স্ + ঈ।

সারস্বত: বিদ্যা-সম্বন্ধীয়। বিণ। তৎসম। সরস্বতী [সরস্ + বৎ [বতুপ্] + ঈ + অ]। ৬।২ বানান: স্ + আ + র্ + অ + স্ + ব্ + অ + ত্ + অ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব।

সারস্বত-সমাজ : পণ্ডিত-সমাজ, সাহিত্যিক-বৃন্দ। বি। তৎসম। সারস্বত ['সারস্বত' দ্রষ্টব্য] + সমাজ [সম্ + অজ্ + অ]। ৬।১ সারস্বতগণের সমাজ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + আ + র্ + অ + স্ + ব্ + অ + ত্ + অ + স্ + অ + ম্ + আ + জ্ + অ। বি.দ্র. : স্ + ব্ + অ = স্ব।

সারহীন : অসার। বিণ। তৎসম। সার [সার্ + অ] + হীন [হা + ত]। ৬।১ সারের দ্বারা হীন = করণতৎ। ৩।৩ বানান : স্ + আ + র্ + অ + হ্ + ঈ + ন্ + অ।

সারা : শেষ করা। ক্রি। তদ্ভব। < সং. সৃ + বাং. আ। ৬।১ বানান : স্ + আ + র্ + আ।

সারা : হয়রান, আকুল। বিণ। তদ্ভব। < সং. সৃ + বাং. আ। ৬।৩ বানান : স্ + আ + র্ + আ।

সারান, সারানো : মেরামত করান। ক্রি। তদ্ভব। < সং. সৃ + বাং. আন, আনো। ৬।৩ বানান : স্ + আ + র্ + আ + ন্ + অ , ও।

সারাল, সারালো : সারযুক্ত। বিণ। তদ্ভব। সার [সার্ + অ] + বাং. আল, আলো। ৬।৩ বানান : স্ + আ + র্ + আ + ল্ + অ, ও।

সারি : মাঝিমাল্লাদের গান, শ্রেণী, স্ত্রী-শুক। বি। তদ্ভব। < সং. সৃ + ণিচ্ [গমন করানো] + বাং. ই। ৬।৩ বানান : স্ + আ + র্ + ই।

সারিকা : স্ত্রী-শুক [শালিক]। বি। তৎসম। সৃ + ণিচ্ + ক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : স্ + আ + র্ + ই + ক্ + আ।

সারিগামা : স্বরগ্রাম। বি। বিদেশী। <হি. সরগম্। বাংলা বানান : স্ + আ + র্ + ই + গ্ + আ + ম্ + আ।

সারূপ্য : সমরূপতা, ঈশ্বরের সমান রূপ-প্রাপ্তি। বি। তৎসম। সরূপ [স=সহ + রূপ] + য [ষ্ণ্য]। ৬।২ বানান : স্ + আ + র্ + ঊ + প্ + য্ + অ। বি.দ্র. : র্ + ঊ = রূ, প্ + য্ + অ = প্য।

সারেং : নদী বা সমুদ্রগামী জাহাজের প্রধান মাঝি। বি। বিদেশী। <ফা. সর্‌হঙ্। বাংলা বানান : স্ + আ + র্ + এ + ং।

সারেগামা : সারিগামা। বি। বিদেশী <হি. সরগম্। বাংলা বানান : স্ + আ + র্ + এ + গ্ + আ + ম্ + আ।

সারেঙ, সারেঙ্গ : সারেং। বি। বিদেশী। <ফা. সর্‌হঙ্। বাংলা বানান : স্ + আ + র্ + এ + ঙ্ [গ্]। বি.দ্র. : শব্দান্তের 'ঙ' বা 'ঙ্গ' হসন্ত-বর্জিত।

সারেঙ্গী : সারঙ্গীবাদক। বি। তদ্ভব। সারেঙ্গ [<সারঙ্গ : তন্ত্রীর বাদ্যযন্ত্র] + ইন্ [ঈ]। ৬।২ বানান : স + আ + র্ + এ + ঙ্ + গ্ + ঈ। বি.দ্র. : ঙ্ + গ্ + ঈ = ঙ্গী। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সারোদ্ধার : মূল তাৎপর্য আবিষ্কার। বি। তৎসম। সার [সার্ + অ] + উদ্ধার [উৎ + হার (হৃ + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [রো] ৎ + হ = দ্ + ধ = দ্ধ। ২।৫।ক, ২।২।১ সারের উদ্ধার = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + আ + র্ + ও + দ্ + ধ্ + আ + র্ + অ। বি.দ্র. : র্ + ও = রো, দ্ + ধ্ + আ = দ্ধা।

সার্কাস : জন্তু-জানোয়ার সহ ব্যায়াম-কৌশল প্রদর্শন। বি। বিদেশী। <ইং. circus বাংলা বানান : স্ + আ + র্ + ক্ + আ + স্। বি.দ্র. : র্ + ক্ + আ = র্কা। শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত।

সার্জন : শল্য-চিকিৎসক। বি। বিদেশী। <ইং. surgeon. বাংলা বানান : স্ + আ + র্ + জ্ + অ + ন্। বি.দ্র. : র্ + জ্ + অ = র্জ, শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সার্জেন্ট : কনস্টেবলদের ঊর্ধ্বতন পুলিস কর্মচারী। বি। বিদেশী। <ইং. sergeant বাংলা বানান : স্ + আ + র্ + জ্ + এ + ন্ + ট্। বি.দ্র. :

র্ + জ্ + এ = র্জে, ন্ + ট্ = ন্ট [বিদেশী শব্দে 'ট'-এর আগে 'ন্'], ন্ট হসন্ত-বর্জিত।

সার্টিফিকেট: প্রশংসাপত্র। বি। বিদেশী। <ইং. certificate. বাংলা বানান: স্ + আ + র্ + ট্ + ই + ফ্ + ই + ক্ + এ + ট্। বি.দ্র.: র্ + ট্ + ই = র্টি, শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

সার্থ: বণিকসমূহ। বি। তৎসম। স [সহ] + অর্থ [অর্থ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [সা]। ২।১।ক অর্থের সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫

সার্থক: সফল। বিণ। তৎসম। স [সহ] + অর্থ + ক। ৬।২, [সন্ধি] অ + অ = আ [সা] ২।১।ক অর্থের সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান: স্ + আ + র্ + থ্ + অ + ক্ + অ।

সার্থকতা: সফলতা। বি। তৎসম। সার্থক [স + অর্থ + ক] + তা। ৬।২ বানান: স্ + আ + র্ + থ্ + অ + ক্ + অ + ত্ + আ। বি.দ্র.: র্ + থ্ + অ = র্থ।

সার্ধ: দেড়। বিণ। তৎসম। স [=সহ] + অর্ধ। [সন্ধি] অ + অ = আ [সা]। ২।১।ক অর্ধের সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান: স্ + আ + র্ + ধ্ + অ। বি.দ্র.: র্ + ধ্ + অ = র্ধ।

সার্ব: সর্ব-সম্পর্কিত। বিণ। তৎসম। সর্ব + অ। ৬।২ বানান: স্ + আ + র্ + ব্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ।

সার্বকালিক: সকলকালের। বিণ। তৎসম। সর্বকাল + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: স্ + আ + র্ + ব্ + অ + ক্ + আ + ল্ + ই + ক্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ = র্ব।

সার্বজনিক: সকলজনের। বিণ। তৎসম। সর্বজন + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: স্ + আ + র্ + ব + অ + জ্ + অ + ন + ই + ক্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ = র্ব।

সার্বজনীন: সকলের জন্য। বিণ। তৎসম। সর্বজন + ঈন। ৬।২ বানান: স্ + আ + র্ + ব্ + অ + জ্ + অ + ন্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ = র্ব, ন্ + ঈ = নী।

সার্বভৌম: সম্রাট। বিণ, বি। তৎসম। সর্বভূমি + অ [ষ্ণ]। ৬।২ বানান: স্ + আ + র্ + ব্ + অ + ভ্ + ঔ + ম্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ = র্ব, ভ্ + ঔ = ভৌ।

সার্বভৌমিক: দেশকালের সীমানা বহির্ভূত [universal]। বিণ। তৎসম। সর্বভূমি + ইক। ৬।২ বানান: স্ + আ + র্ + ব্ + অ + ভ্ + ঔ + ম্ + ই + ক্ + অ। বি.দ্র.: র্ + ব্ + অ = র্ব, ভ্ + ঔ = ভৌ।

সার্বিক: সর্ববিষয়ব্যাপী, সর্বজন-সম্পর্কিত। বিণ। তৎসম। সর্ব + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: স্ + আ + র্ + ব্ + ই + ক্ + অ। বি.দ্র.: র্ + ব্ + ই = র্বি।

সার্ষপ: সরিষা থেকে উৎপন্ন। বি। তৎসম। সর্ষপ + অ। ৬।২ বানান: স্ + আ + র্ + ষ্ + অ + প্ + অ। বি.দ্র.: র্ + ষ্ + অ = র্ষ। 'র্'-এর পর 'ষ্' হয়েছে। ৪।২।গ

সার্ষ্টি: ঈশ্বরের সমান শক্তিলাভ। বি। তৎসম। স [সমান] + ঋষ্টি [ঋষ্ + তি]। ৬।১ [সন্ধি] = অ + ঋ = আর্। ২।৬।খ সমান ঋষ্টি যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + আ + র্ + ষ্ + ট্ + ই। বি.দ্র.: র্ + ষ্ + ট্ + ই = র্ষ্টি। বি.দ্র.: 'র'-এর পর 'ষ্' হয়েছে। ৪।২।গ

সাল: অব্দ। বি। বিদেশী। <ফা. সাল্। বাংলা বানান: স্ + আ + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

সালঙ্কার, সালংকার: অলংকার-পরিহিত। বিণ। তৎসম। স [সহ] + অলঙ্কার, অলংকার [অলম্ + কৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [সা], ম্ + কা = ঙ্কা, ংকা। ২।২৮, অলঙ্কারের [অলংকারের] সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫

বানান: স্ + আ + ল্ + অ + ঙ্ + ক্ + আ + র্ + অ।

সালঙ্কারা, সালংকারা: অলংকার-পরিহিতা। বিণ। তৎসম। সালঙ্কার, সালংকার ['সালংকার দ্রষ্টব্য] + আ [স্ত্রী] ৭।১।ক বানান: স্ + আ + ল্ + অ + ঙ্, ং+ ক্ + আ + র্ + আ। বি.দ্র.: ঙ্ + ক্ + আ = ঙ্কা, ং + ক + আ = ংকা।

সালতামামি: বর্ষশেষের হিসাব-নিকাশ। বি। তৎসম। <ফা. সাল [বছর] + তামাম [শেষ] + ই [ব্যাপার]। বানান: স্ + আ + ল্ + ত্ + আ + ম্ + আ + ম্ + ই।

সালতি: শালগাছের গুঁড়িতে তৈরী ছোট দ্রুতগামী নৌকা। বি। তদ্ভব। < সং. শাল + তরি। বানান: স্ [শ] + আ + ল্ + + ত্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ল' হসন্ত-বর্জিত।

সালসা; রক্তশোধক ঔষধ। বি। বিদেশী। <পো. salsa.

সালাম: সেলাম। বি। বিদেশী। <আ. সলাম্। বাংলা বানান: স্ + আ +ল্ + আ + ম্। বি.দ্র.: শব্দান্তের 'ম' হসন্তবর্জিত।

সালিয়ানা: বার্ষিক খাজনা। বি। বিদেশী। <ফা. সাল-আনাহ্। বাংলা বানান: স্ + আ + ল্ + ই + য়্ + আ + ন্ + আ।

সালিশ, সালিস: মধ্যস্থ। বিণ। বিদেশী। <আ. সালিস্। বাংলা বানান: স্ + আ + ল্ + ই + স্, শ্। বি.দ্র.: শব্দান্তের 'শ' বা 'স' হসন্ত-বর্জিত।

সালিসি, সালিসী, সালিশি, সালিশী: মধ্যস্থতা। বি। বিদেশী। সালিস, সালিশ ['সালিস্', 'সালিশ' দ্রষ্টব্য] + ই, ঈ। বাংলা বানান: স্ + আ + ল্ + ই + স্ + ই, ঈ অথবা স্ + আ + ল্ + ই + শ্ + ই, ঈ।

সালু, শালু: লালরঙের সুতী কাপড়। বি। বিদেশী। < হি. শাল্ + বাং. উ। বাংলা বানান: স্ [শ্] + আ + ল্ + উ।

সালোক্য: ঈশ্বরের সঙ্গে একলোকে বাস। বি। তৎসম। [সলোক (স= সমান) + লোক] + য [ষ্ণ্য]। ৬।২ বানান: স্ + আ + ল্ + ও + ক্ + য্ + অ। বি. দ্র.: ক্ + য্ + অ= ক্য।

সাশ্রয়: ব্যয়-লাঘব। বি। তৎসম। স [=সহ] + আশ্রয় [আ + শ্রি + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [সা]। ২।১।খ আশ্রয়ের সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান: স্ + আ + শ্ + র্ + অ + য়্ + অ। বি. দ্র.: শ্ + র্ + অ = শ্র।

সাশ্রু: অশ্রুপূর্ণ। বিণ। তৎসম। স [= সহ] + অশ্রু [অশ্ + রু]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [সা]। ২।১।ক অশ্রুর সঙ্গে বর্তমান = বহুব্রী। ৩।৫ বানান: স্ + আ + শ্ + র্ + উ। বি. দ্র.: শ্ + র্ + উ = শ্রু।

সাষ্টাঙ্গ: অষ্ট অঙ্গের সঙ্গে কৃত। বিণ। তৎসম। স [= সহ] + অষ্ট + অঙ্গ। [সন্ধি] অ + অ= আ [সা, ষ্টা]। ২।১।ক অষ্ট অঙ্গের সমাহার= দ্বিগু। ৩।৬ অষ্টাঙ্গের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + আ + ষ্ + ট্ + আ + ঙ্ + গ্ + অ। বি. দ্র.: ট্-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ঙ ঙ্ + গ্ + অ= ঙ্গ।

সাষ্টাঙ্গে: অষ্টাঙ্গের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সাষ্টাঙ্গ ['সাষ্টাঙ্গ' দ্রষ্টব্য] + বাং. এ। বানান: স্ + আ + ষ্ + ট্ + আ + ঙ্ + গ্ + এ। বি. দ্র.: ষ্ + ট্ + আ= ষ্টা, ঙ্ + গ্ + এ= ঙ্গে।

সাহঙ্কার, সাহংকার: অহঙ্কারপূর্ণ। বিণ। তৎসম। স [= সহ] + অহঙ্কার, অহংকার [অহম্ + কার (কৃ + অ)] [সন্ধি] অ + অ= আ [সা]। ২।১।ক, ম্ + কা= ঙ্কা, ংকা। ২।২৮ অহঙ্কার বা অহংকারের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + আ + হ্ + অ + ঙ্ [ং]

+ ক্ + আ + র্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + আ= ঙ্কা।

সাহঙ্কারে, সাহংকারে: অহঙ্কারের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সাহঙ্কার, সাহংকার ['সাহঙ্কার', 'সাহংকার' দ্রষ্টব্য] + বাং. এ। বানান: স + আ + হ্ + অ + ঙ্ + [ং] + ক্ + আ + র্ + এ। বি.দ্র.: ঙ্ + ক্ + আ= ঙ্কা।

সাহচর্য: সঙ্গ। বি। তৎসম। সহচর + য [ষ্ণ্য]। ৬।২ বানান: স্ + আ + হ্ + অ + চ্ + অ + র্ + য্ + অ। বি.দ্র.: র্ + য্ + অ= র্য।

সাহজিক: স্বাভাবিক। বিণ। তৎসম। সহজ + ইক। ৬।২ বানান: স্ + আ + হ্ + অ + জ্ + ই + ক্ + অ।

সাহস: নির্ভীকতা। বি। তৎসম। সহস [= বল্ + বা তেজ] + অ [ষ্ণ]। বানান: স্ + আ + হ্ + অ + স্ + অ।

সাহসিক: সাহসযুক্ত। বিণ। তৎসম। সাহস ['সাহস' দ্রষ্টব্য] + ইক। ৬।২ বানান: স্ + আ + হ্ + অ + স্ + ই + ক।

সাহসিকতা: নির্ভীকতা। বি। তৎসম। সাহসিক ['সাহসিক' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + আ + হ্ + অ + স্ + ই + ক্ + অ + ত্ + আ।

সাহসী: নির্ভীক। বিণ। তৎসম। সাহস + ইন্ [ঈ]। ৬।২ বানান: স্ + আ + হ্ + অ + স্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সাহা: মদ্য ব্যবসায়ী সম্প্রদায়ের পদবি। বি। তদ্ভব, সাহা < সাহু < সং সাধু। বানান: স্ + আ + হ্ + আ।

সাহানা: সঙ্গীতের রাগিণী। বি। বিদেশী। < ফা. শাহানা। বাংলা বানান: স্ [শ্] + আ + হ্ + আ + ন্ + আ।

সাহায্য: সহায়তা। বি। তৎসম। সহায় + য [ষ্ণ্য] ৬।২ বানান: স্ + আ + হ্ + আ + য্ + য্ + অ। বি.দ্র.: য্ + য্ + অ= য্য।

সাহিত্য: কাব্য-উপন্যাস ইত্যাদি রসাত্মক রচনা। বি। তৎসম। সহিত [স + হিত] + য [ষ্ণ]। ৬।২ বানান: স্ + আ + হ্ + ই + ত্ + য্ + অ। বি.দ্র.: ত্ + য্ + অ= ত্য।

সাহিত্যচর্চা: সাহিত্য রচনাও আলোচনা। বি। তৎসম। সাহিত্য ['সাহিত্য' দ্রষ্টব্য] + চর্চা [চর্চ্ [আলোচনা বিচার ও উপভোগ করা] + অ + আ]।

সাহিত্য-রচনা: বি। তৎসম। ['সাহিত্য' দ্রষ্টব্য] + রচনা [রচ্ (সৃষ্টি করা) + অন + আ]। ৬।১ সাহিত্যের রচনা [সৃষ্টি] = সম্বন্ধতৎ। ৩।৩

সাহিত্য-সভা: সাহিত্য-সংক্রান্তসভা। বি। তৎসম। সাহিত্য ['সাহিত্য' দ্রষ্টব্য] + সভা [স + ভা (দীপ্তি দান করা) + অ + আ। ৬।১ সাহিত্য-সংক্রান্ত সভা= মধ্যপ-কর্মধা। বানান: স্ + আ + হ্ + ই + ত্ + য্ + অ + স্ + অ + ভ্ + আ।

সাহিত্য-সমাজ: সাহিত্যিক-সম্প্রদায়। বি। তৎসম। সাহিত্য ['সাহিত্য' দ্রষ্টব্য] + সমাজ [সম্ + অজ্ + অ]। ৬।১ সাহিত্য-সাধক গণের সমাজ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + আ + হ্ + ই + ত্ + য্ + অ + স্ + অ + ম্ + আ + জ্ + অ।

সাহিত্য-সাধক: সাহিত্য-ব্রতী। বি। তৎসম। সাহিত্য ['সাহিত্য' দ্রষ্টব্য] + সাধক [সাধ্ (সাধনা করা) + অক]। ৬।২ সাহিত্যের সাধক [সাধনা করেন যিনি]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + আ + ধ্ + অ + ক্ + অ।

সাহিত্য-সাধনা: সাহিত্য-রচনা। বি। তৎসম। সাহিত্য ['সাহিত্য' দ্রষ্টব্য] + সাধনা [সাধ্ + অন + আ]। ৬।১ সাহিত্যের সাধনা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + আ + হ্ + ই + ত্ +

য্ + অ + স্ + আ + ধ্ +অ+ন্+আ।

সাহিত্যসেবা : সাহিত্যের উন্নতিকল্পে সাহিত্য-রচনা। বি। তৎসম। সাহিত্য ['সাহিত্য' দ্রষ্টব্য] + সেবা [সেব্ + অ + আ]। ৬।১ সাহিত্যের সেবা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + আ + হ্ + ই + ত্ + য্ + অ + স্ + এ + ব্ + আ।

সাহিত্যসেবক, সাহিত্যসেবী : সাহিত্য-রচয়িতা। বিণ। তৎসম। সাহিত্য ['সাহিত্য' দ্রষ্টব্য] + সেবক, সেবী [সেব্ + অক্, ইন্ (ঈ)]। ৬।১ সাহিত্যের সেবক = সম্বন্ধতৎ। ৩।৩ সাহিত্যের সেবা করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + আ + হ্ + ই + ত্ + য্ + অ + স্ + এ + ব্ + অ + ক্ + অ [স্ + এ + ব্ + ঈ]। বি.দ্র.: 'সাহিত্যসেবী' শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সাহিত্যাকাশ : সাহিত্যিক-সমাজ। বি। তৎসম। সাহিত্য ['সাহিত্য' দ্রষ্টব্য] + আকাশ [আ + কাশ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [ত্যা]। ২।১।খ সাহিত্য-রূপ আকাশ= রূপক-কর্মধা। ৩।২ বানান: স্ + আ + হ্ + ই + ত্ + য্ + আ + ক্ + আ + শ্ + অ। বি.দ্র.: ত্ + য্ + আ= ত্যা।

সাহিত্যাচার্য : সাহিত্য বিষয়ে প্রগাঢ় পণ্ডিত। বিণ। তৎসম। সাহিত্য ['সাহিত্য' দ্রষ্টব্য] + আচার্য [আ + চর্ + য]যৎ)]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [ত্যা]। ২।১।খ সাহিত্যের আচার্য [শিক্ষাগুরু]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + আ + হ্ + ই + ত্ + য্ + আ + চ্ + আ + র্ + য্ + অ। বি.দ্র.: ত্ + য্ + আ= ত্যা, র্ + য্ + অ= র্য।

সাহিত্যানুশীলন : সাহিত্যরচনা-আলোচনা। বিণ। তৎসম। সাহিত্য ['সাহিত্য' দ্রষ্টব্য] + অনুশীলন [অনু + শীল্ + অন]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [ত্যা]। ৬।১।ক সাহিত্যের অনুশীলন [চর্চা] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + আ + হ্ + ই + ত্ + য্ + আ + ন্ + উ + শ্ + ঈ + ল্ + অ + ন্ + অ। বি.দ্র.: ত্ + য্ + আ= ত্যা।

সাহিত্যিক : সাহিত্য-সাধক। বিণ। তৎসম। সাহিত্য ['সাহিত্য' দ্রষ্টব্য] + ইক [ষ্ণিক]। ৬।১ বানান: স্ + আ + হ্ + ই + ত্ + য্ + ই + ক্ + অ। বি.দ্র.: ত্ + য্ + ই= ত্যি।

সাহিত্যিকা : সাহিত্য-সভা। বি। তৎসম। সাহিত্য ['সাহিত্য' দ্রষ্টব্য] + ইক + আ। ৬।১, ৭।১।খ বানান: স্ + আ + হ্ + ই + ত্ + য্ + ই + ক্ + আ। বি.দ্র.: ত্ + য্ + ই= ত্যি।

সাহু, সাহুকার : বণিক। বি। তদ্ভব। <সং. সাধু [বণিক] বানান: স্ + আ + হ্ + উ [+ক + আ + র্ + অ]।

সাহুকারি : বণিগ্‌বৃত্তি। বি। তদ্ভব। সাহুকার [সাহু (<সং. সাধু) + কারি [কৃ + অ + ই] ৬।১ সাহুর পেশা। বানান: স্ + আ + হ্ + উ + ক্ + আ + র্ + ই।

সাহেব : সম্ভ্রান্ত ব্যক্তি। বি। বিদেশী। <আ. সাহিব্। বাংলা বানান: স্ + আ + হ্ + এ + ব্। শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

সাহেবান : সম্ভ্রান্ত ব্যক্তিগণ। বি। বিদেশী। সাহেব [<আ. সাহিব্] + আন [বহুবচন]। বানান: স্ + আ + হ্ + এ + ব্ + আ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্তবর্জিত।

সাহেবানি : সম্ভ্রান্ত মহিলা। বি। বিদেশী। সাহেব [<আ. সাহিব্ + আনি [স্ত্রী]। ৬।৪ বানান: স্ + আ + হ্ + এ + ব্ + আ + ন্ + ই।

সাহেবি, সাহেবিয়ানা : য়ুরোপীয়গণের মতো আদব-কায়দা। বি। বিদেশী। সাহেব [<আ. সাহিব্] + ই, ইয়ানা। বানান: স্ + আ + হ্ + এ + ব্ + ই + য্ + আ + ন্ + আ।

সাহেবি, সাহেবী : য়ুরোপীয়দের অনুরূপ : বিণ। বিদেশী। সাহেব [<আ. সাহিব্] + বাং. ই, ঈ। বানান : স্ + আ + হ্ + এ + ব্ + ই, ঈ।

সিউলি, সিউলী : খেজুরগাছের রস বার করে গুড় প্রস্তুতকারী হিন্দু-সম্প্রদায়। বি। দেশী। বানান : স্ + ই + উ + ল্ + ই, ঈ।

সিংদরজা, সিংহদরজা : সিংহদ্বার। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। সিং. [<সং. সিংহ] + দরজা [<ফা. দরওয়াজহ্]। বাংলা বানান : স্ + ই + ং + দ্ + র্ + অ + জ্ + আ।

সিংহ : পশুরাজ। বি। তৎসম। হিন্‌স্ [হিংসা করা] + অ। ৬।১ বানান : স্ + ই + ং + হ্ + অ।

সিংহদ্বার : অট্টালিকার সিংহমূর্তি-যুক্ত দ্বার। বি। তৎসম। সিংহ [হিন্‌স্ (হিংসা করা) + অ] + দ্বার [দ্বৃ (রোধ করা) + ণিচ্ + অ]। ৬।১ সিংহ-চিহ্নিত দ্বার= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + ই + ং + হ্ + অ + দ্ + ব্ + আ + র্ + অ।

সিংহনাদ : সিংহগর্জন। বি। তৎসম। সিংহ [হিন্‌স্ (হিংসা করা) + অ] + নাদ [নদ্ (শব্দ করা) + অ]। ৬।১ সিংহের নাদ [শব্দ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ই + ং + হ্ + অ + ন্ + আ + দ্ + অ।

সিংহবাহিনী : দুর্গা। বি। তৎসম। সিংহ [হিন্‌স্ (হিংসা করা) + অ] + বাহিনী [বহ্ (বহন করা) ণিচ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ সিংহ বহন করে যাঁকে= উপপদতৎ। ৩।৩ বানান : স্ + ই + ং + হ্ + অ + ব্ + আ + হ্ + ই + ন্ + ঈ। শব্দটি ইন্ + ঈ ['ইনী']-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

সিংহশাবক, সিংহশিশু : সিংহের বাচ্ছা। বি। তৎসম। সিংহ [হিন্‌স্ + অ] + শাবক [শাব (<শব) + ক], শিশু [শিশ্ (গমন করা) + উ]। ৬।১ সিংহের শাবক, শিশু= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ই + ং + হ্ + অ + শ্ + আ + ব্ + অ + ক, শ্ + ই + শ্ + উ। শ্ + উ= শু।

সিংহল : প্রাচীন লঙ্কাদ্বীপ। বি। তৎসম। সিংহ [হিন্‌স্ (হিংসা করা) + অ] + ল। ৬।২ বানান : স্ + ই + ং + হ্ + অ + ল্ + অ।

সিংহলী : সিংহলের অধিবাসী। বি। তদ্ভব। সিংহল + ঈ। ৬।২ বানান : স্ + ই + ং + হ্ + অ + ল্ + ঈ।

সিংহাবলোকনন্যায় : শিকারে গমনকালে শিকারে বারংবার সম্মুখে ও পশ্চাতে দৃষ্টিপাত। বি। তৎসম। সিংহ [হিন্‌স্ + অ] + অবলোকন [অব + লোক্ + অন] + ন্যায় [নি + আয় (ই + অ)]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [হা]। ২।১।ক সিংহের অবলোকন= সম্বন্ধতৎ। ৩।৩ তার মতো ন্যায়= উপমিত কর্মধা। ৩।২ বানান : স্ + ই + ং + হ্ + আ + ব্ + অ + ল্ + ও + ক্ + অ + ন্ + অ + ন্ + য্ + আ + য্ + অ।

সিংহাসন : রাজাসন। বি। তৎসম। সিংহ [হিন্‌স্ (হিংসা করা) + অ] + আসন [আস্ + অন]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [হা]। ২।১।খ সিংহ-চিহ্নিত আসন= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + ই + ং + হ্ + আ + স্ + অ + ন্ + অ।

সিংহিনী, সিংহী : স্ত্রী-সিংহ। বি। তৎসম। সিংহ [হিন্‌স্ (হিংসা করা) + অ] + ইন্ + ঈ, ঈ। ৬।১, ৭।১।চ, ৭।১।গ বানান : স্ + ই + ং + হ্ + ই + ন্ + ঈ, ঈ। বি.দ্র. : 'সিংহিনী' শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে ই, পরে ঈ।

সিঁটা : সিটকানো। ক্রি। দেশী। বানান : সঁ + ই + ট্ + আ।

সিঁড়ি : মই, সিঁড়ির ধাপ। বি। তদ্ভব। <সং. শ্রেণী

বা শ্রেণী। বানান: স্ঁ + ই + ড় + ই।

সিঁথা, সিঁথি, সাঁথি: সীমন্ত, টেড়ি। বি। তদ্ভব। <সং. সীমন্ত। বানান: স্ঁ + ই + থ্ + আ, স্ঁ + ই + থ্ + ই।

সিঁদ, সিঁধ: চুরির উদ্দেশ্য ঘরের দেওয়ালে কাটা সুড়ঙ্গ। বি। তদ্ভব। <সং. সন্ধি। বানান: স্ঁ + ই + দ্, স্ঁ + ই + ধ্। বি.দ্র.: শব্দান্তের 'দ্' বা 'ধ্' হসন্ত-চিহ্ন-বর্জিত।

সিঁদকাঠি: সিঁধ কাটবার ছোট শাবল। বি। তদ্ভব। সিঁদ [<সং. সন্ধি] + কাঠি [কাঠ (<সং. কাষ্ঠ) + ক্ষুদ্রার্থে ই]। ৬৷১ সিঁদ কাটবার কাঠি= মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান: স্ঁ + ই + দ্ + ক্ + আ + ঠ্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'দ' হসন্ত-বর্জিত।

সিঁধেল: সিঁধকাটা চোর। বিণ। তদ্ভব। সিঁধ [<সং. সন্ধি] + বাং. এল। ৬৷৩ বানান: স্ঁ + ই + ধ্ + এ + ল্ + অ।

সিক: শলাকা। বি। বিদেশী। <ফা. শীখ্। বাংলা বানান: স্ + ই + ক্। বি.দ্র.: শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত।

সিকতা: বালুকা। বি। তৎসম। সিচ্ + অত + আ [সং. বহুবচন]। ৬৷১ বানান: স্ + ই + ক্ + অ + ত্ + আ।

সিকা, শিকা: দড়ির তৈরী ঝুলন্ত দ্রব্যাধার। বি। দেশী। বানান: স্ [শ্] + ই + ক্ + আ।

সিকা, সিকে: সিকি, চার আনা। বি। বিদেশী। <ফা. সিক্কহ্। বাংলা বানান: স্ + ই + ক্ + আ, এ।

সিকনি, শিকনি: নাকের পোঁটা। বি। তদ্ভব। <সং. শিঙ্ঘাণ। বানান: স্ [শ্] + ই + ক্ + ন্ + ই। বি.দ্র.: শব্দান্তর্গত 'ক' হসন্ত-বর্জিত।

সিক্ত: ভিজা। বিণ। তৎসম। সিচ্ + ত। ৬৷১ বানান: স্ + ই + ক্ + ত্ + অ। বি.দ্র.: ক্ + ত্ + অ= ক্ত।

সিক্ততা: আর্দ্রতা। বি। তৎসম। সিক্ত [সিচ্ + ত] + তা। ৬৷১, ৬৷২ বানান: স্ + ই + ক্ + ত্ + অ + ত্ + আ। বি.দ্র.: ক্ + ত্+অ= ক্ত।

সিগন্যাল: রেলগাড়ি যাতায়াত নিয়ন্ত্রণের সংকেত। বি। বিদেশী। <ইং.signal. বাংলা বানান: স্ + ই + গ্ + ন্ + য্ + আ + ল্। বি.দ্র.: ন্ + য্ + আ= ন্যা, শব্দান্তের 'ল' হসন্তবর্জিত।

সিগারেট: কাগজে মোড়া ক্ষুদ্র চুরুট। বি। বিদেশী। <ইং. cigarette. বাংলা বানান: স্ + ই + গ্ + আ + র্ + এ + ট্। বি.দ্র.: শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

সিঙাড়া, সিঙ্গাড়া: পানিফল, পুর-দেওয়া তেকোনা তৈল বা ঘৃতপক্ক খাবার। বি। তদ্ভব। <সং. শৃঙ্গাটক। বানান: স্ + ই + ঙ্ [+গ্] + আ + ড্ + আ।

সিঙ্গার: নায়ক-নায়িকার মিলন-সাজ। বি। তদ্ভব। <সং. শৃঙ্গার। বানান: স্ + ই + ঙ্ + গ্ + আ + র্ + অ।

সিজ: মনসাগাছ। বি। দেশী। বানান: স্ + ই + জ্ + অ।

সিজা: জলে ও তাপে সেদ্ধ হওয়া। ক্রি। তদ্ভব। সিজ্ [<সং. সিধ্] + বাং. আ। ৬৷৩ বানান: স্ + ই + জ্ + আ।

সিজান, সিজানো: জলে ও তাপে সেদ্ধ করা। ক্রি। তদ্ভব। সিজ্ [<সং. সিধ্] + বাং. আন, আনো। ৬৷৩

সিঞ্চন: বি। তৎসম। সিঞ্চ্ + অন। ৬৷১ বানান: স্ + ই + ঞ্ + চ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + অ= ঞ্চ।

সিঞ্চা: সিঞ্চন করা। ক্রি। তদ্ভব। সিঞ্চ্ + বাং. আ। ৬৷৩ বানান: স্ + ই + ঞ্ + চ্ + আ। বি.দ্র.: ঞ্ + চ্ + আ= ঞ্চা।

সিঞ্চিত: আর্দ্রীকৃত। বিণ। তৎসম। সিঞ্চ্ + ইত। ৬৷১ বানান: স্ + ই + ঞ্ + চ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ঞ্ + চ্ + ই= ঞ্চি।

সিঞ্চিতা : আর্দ্রীকৃতা। বিণ। তৎসম। সিঞ্চ + ইত + আ [স্ত্রী] ৬।১ বানান : স্ + ই + ঞ্ + চ্ + ই + ত্ + আ।

সিট, সীট : বসার আসন। বি। বিদেশী। <ইং. seat. বাংলা বানান : স্ + ই + ট, স্ + ঈ + ট্। বি.দ্র. : শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

সিটকা : সিটকান। ক্রি। দেশী। বানান : স্ + ই + ট্ + ক্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ট' হসন্ত-বর্জিত।

সিটকান, সিটকানো : ঘৃণা-অবজ্ঞায় সঙ্কুচিত করা। ক্রি। দেশী। বানান : স্ + ই + ট্ + ক্ + আ + ন্ + অ, ও।

সিত : সাদা। বিণ। তৎসম। সি [চিত্তাকর্ষণ করা] + ত। ৬।১ বানান : স্ + ই + ত্ + অ।

সিতকণ্ঠ : ডাকপাখি। বিণ। তৎসম। সিত [সি [চিত্তাকর্ষণ করা) + ত] + কণ্ঠ [কণ্ (শব্দ করানো) + ঠ]। ৬।১ সিত [চিত্তাকর্ষক] কণ্ঠ যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + ই + ত্ + অ + ক্ + অ + ণ্ + ঠ্ + অ। বি.দ্র. : ণ্ + ঠ্ + অ= ণ্ঠ। 'ঠ'-এর আগে 'ণ' হয়েছে।

সিতাংশু : চন্দ্র। বি। তৎসম। সিত [সি + ত] + অংশু [কিরণ]। [সন্ধি] অ + অ= আ [তা]। ২।১।ক সিত [শ্বেত] অংশু [কিরণ] যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + ই + ত্ + আ + ং + শ্ + উ। বি.দ্র. : শ্ + উ= শু।

সিতি : সাদা রঙের। বিণ। তৎসম। সি + তি। ৬।১ বানান : স্ + ই + ত্ + ই।

সিতিকণ্ঠ : মহাদেব। বি। তৎসম। সিতি [সি + তি] + কণ্ঠ [কণ্ + ঠ]। ৬।১ সিতি [সাদা] কণ্ঠ যাঁর= [শিব]= বহুব্রী। ৩।৫ বানান : স্ + ই + ত্ + ই + ক্ + অ + ণ্ + ঠ্ + অ। বি.দ্র. : ণ্ + ঠ্ + অ= ণ্ঠ।

সিথান, শিথান : শিয়র। বি। তদ্ভব। <সং. শিরস্থান। বানান : স্ [শ্] ই + থ্ + আ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্তবর্জিত।

সিদ্ধ : গরম জলে বা আগুনে পক্ক, সাধনায় সফল। বিণ। তৎসম। সিধ্ + ত। ৬।১ বানান : স্ + ই + দ্ + ধ্ + অ। বি.দ্র. : দ্ + ধ্ + অ= দ্ধ।

সিদ্ধকাম : চরিতার্থ। বিণ। তৎসম। সিদ্ধ [সিধ্ + ত] + কাম [কম্ + ণিচ্ + অ]। ৬।১ সিদ্ধ [সফল] কাম [বাসনা] যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + ই + দ্ + ধ্ + অ + ক্ + আ + ম্ + অ। বি.দ্র. : দ্ + ধ্ + অ= দ্ধ।

সিদ্ধপীঠ : বলি, হোম এবং জপতপের ফলে অতি পবিত্র স্থান। বি। তৎসম। সিদ্ধ [সিধ্ + ত] + পীঠ [পিঠ্ + অ]। ৬।১ সিদ্ধ যে পীঠ= কর্মধা। ৩।২ বানান : স্ + ই + দ্ + ধ্ + অ + প্ + ঈ + ঠ্ + অ। বি.দ্র. : দ্ + ধ্ + অ= দ্ধ, প্ + ঈ= পী।

সিদ্ধপুরুষ : মন্ত্র-সিদ্ধ মহাপুরুষ। বি। তৎসম। সিদ্ধ [সিধ্ + ত] + পুরুষ [পৃ + উষ]। ৬।১ সিদ্ধ যে পুরুষ= কর্মধা। ৩।২ বানান : স্ + ই + দ্ + ধ্ + অ + প্ + উ + র্ + উ + ষ্ + অ। বি.দ্র. : দ্ + ধ্ + অ= দ্ধ, 'উ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

সিদ্ধহস্ত : অতিশয় দক্ষ। বিণ। তৎসম। সিদ্ধ [সিধ্ + ত] + হস্ত [হস্ত্ + অ]। ৬।১ সিদ্ধ হস্ত যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + ই + দ্ + ধ্ + অ + হ্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র. : দ্ + ধ্ + অ= দ্ধ, স্ + ত্ + অ= স্ত।

সিদ্ধাই : যোগলব্ধ শক্তি। তদ্ভব। সিদ্ধ [সিধ্ (সাধনা করা) + ত] + বাং. আই। ৬।৩ বানান : স্ + ই + দ্ + ধ্ + আ + ই। বি.দ্র. : দ্ + ধ্ + আ= দ্ধা।

সিদ্ধান্ত : মীমাংসা। বি। তৎসম। সিদ্ধ [সিধ্ + ত] + অন্ত [শেষ]। [সন্ধি] অ + অ= আ. [দ্ধা]। ২।১।ক সিদ্ধ অন্ত যার দ্বারা= বহুব্রী। ৩।৫ বানান : স্ + ই + দ্ + ধ্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র. : দ্ + ধ্ + আ= দ্ধা, ন্ + ত্ + অ= ন্ত।

সিদ্ধান্তবাগীশ: শ্রেষ্ঠ পণ্ডিতের উপাধি। বি। তৎসম। সিদ্ধান্ত [সিদ্ধ + অন্ত] + বাগীশ [বাক্ + ঈশ]। [সন্ধি] অ + অ= আ [দ্ধা], ক্ + ঈ= গী। ২।১।ক, ২।১৫ সিদ্ধ অন্ত যার দ্বারা= বহুব্রী, সিদ্ধান্তপূর্ণ বাক্= কর্মধা, তাতে ঈশ [শ্রেষ্ঠ]= অধিকরণতৎ। ৩।৫, ৩।২, ৩।৩, বানান: স্ + ই + দ্ + ধ্ + আ + ন্ + ত্ + অ + ব্ + আ + গ্ + ঈ + শ্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + আ= দ্ধা, ন্ + ত্ + অ= ন্ত, গ্ + ঈ= গী।

সিদ্ধান্ন: সিদ্ধ চাল। বি। তৎসম। সিদ্ধ [সিধ্ + ত] + অন্ন [অদ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [দ্ধা]। ২।১।ক সিদ্ধ যে অন্ন [চাল] = কর্মধা। ৩।২ বানান: স্ + ই + দ্ + ধ্ + আ + ন্ + ন্ + অ= ন্ন।

সিদ্ধার্থ: বুদ্ধদেব। বি। তৎসম। সিদ্ধ [সিধ্ + ত] + অর্থ [অর্থ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [দ্ধা]। ২।১।ক সিদ্ধ [সফল] অর্থ [মনোবাঞ্ছা] যাতে= বহুব্রী। ৩।৫ বানান: স্ + ই + দ্ + ধ্ + আ + র্ + থ্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + আ= দ্ধা, র্ + থ্ + অ= র্থ।

সিদ্ধি: সাফল্য, যোগলব্ধ ঐশ্বর্য। বি। তৎসম। সিধ্ + তি। ৬।১ বানান: স্ + ই + দ্ + ধ্ + ই। বি.দ্র.: দ্ + ধ্ + ই= দ্ধি।

সিদ্ধিদাতা: সাফল্যদায়ক। বিণ। তৎসম। সিদ্ধি [সিধ্ + তি] + দাতা [দা + তৃচ্]। ৬।১ সিদ্ধি [সফলতা] দান করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: দ্ + ধ্ + ই= দ্ধি।

সিদ্ধেশ্বরী: দেবী সিদ্ধেশ্বরী। বি। তৎসম। সিদ্ধা [সিধ্ + ত্ + আ [স্ত্রী] + ঈশ্বরী [ঈশ্ + বর্ + ঈ]। ৬।১, ৭।১।ক [সন্ধি] আ + ঈ= এ [দ্ধে]। ২।৪।ঘ সিদ্ধা [সিদ্ধিদাত্রী] যে ঈশ্বরী= কর্মধা। ৩।২ বানান: স্ + ই + দ্ + ধ্ + এ + শ্ + ব্ + অ + র + ঈ। বি.দ্র.: দ্ + ধ্ + এ= দ্ধে, শ্ + ব্ + অ= শ্ব।

সিধা, সিধে: রান্না করে খাওয়ার জন্য কাঁচা তরি-তরকারি ও চাল ডাল ইত্যাদি। বিণ। তদ্ভব। <সং. সিদ্ধ। বানান: স্ + ই + ধ্ + আ, এ।

সিধা, সিধে: সোজা। বিণ। বিদেশী। <হি. সীধা। বাংলা বানান: স্ + ই + ধ্ + আ, এ।

সিনা: বুকের প্রস্থ। বি। বিদেশী। <ফা. সিনাহ্। বাংলা বানান: স্ + ই + ন্ + আ।

সিনান: স্নান। বি। তদ্ভব। [কাব্যে] <সং. স্নান। বানান: স্ + ই + ন্ + আ + ন্ + অ [স্বরাগম]।

সিনেমা: চলচ্চিত্র। বি। বিদেশী। <ইং. cinema. বাংলা বানান: স্ + ই + ন্ + এ + ম্ + আ।

সিন্দুক: বড় বাক্স। বি। বিদেশী। <ফা., আ. সন্দুক। বাংলা বানান: স্ + ই + ন্ + দ্ + উ + ক্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + উ= ন্দু।

সিন্দূর, সিঁদুর: রক্তবর্ণ। বি। তৎসম। সিঁদুর [তদ্ভব]। স্যন্দ্ + ঊর [সিন্দূর]। সিঁদুর <সং. সিন্দূর। বানান: স্ + ই + ন্ + দ্ + ঊ + র্ + অ [সিন্দূর], সঁ + ই + দ্ + উ + র্ [সিঁদুর]; শব্দান্তের 'র' হসন্তবর্জিত।

সিন্দূরে, সিঁদুরে: সিঁদুরের মতো লাল। বিণ। তদ্ভব। সিন্দূর [সং] + বাং. এ, সিঁদুর + বাং. এ। বানান: স্ + ই + ন্ + দ্ + ঊ + র্ + এ [সিন্দূরে], সঁ + ই + দ্ + উ + র্ + এ [সিঁদুরে]।

সিন্ধি, সিন্ধী: সিন্ধুপ্রদেশের অধিবাসী। বি। তদ্ভব। সিন্ধু + বাং. ই, ঈ। বানান: স্ + ই + ন্ + ধ্ + ই, স্ + ই + ন্ + ধ্ + ঈ।

সিন্ধিয়া: গোয়ালিয়রের হিন্দু রাজার উপাধি। বি। বিদেশী। <মরাঠী. সিন্‌ধিয়া। বানান: স্ + ই + ন্ + ধ্ + ই + য্ + আ। বি.দ্র.: ন্ + ধ্ + ই= ন্ধি।

সিন্ধু : সমুদ্র। বি। তৎসম। স্যন্দ্ + উ [দ্ = ধ্] ৬।১ বানান : স্ + ই + ন্ + ধ্ + উ। বি.দ্র. : ন্ + ধ্ + উ= ন্ধু।

সিন্ধু-ঘোটক : সীল-জাতীয় বৃহদাকার জলচর মাংসাশী জন্তু। বি। তৎসম। সিন্ধু [স্যন্দ্ + উ (দ্= ধ্)] + ঘোটক <দ্রা. ঘোটক। সিন্ধু-জাত ঘোটক= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + ই + ন্ + ধ্ + উ + ঘ্ + ও + ট্ + অ + ক্ + অ। বি.দ্র. : ন্ + ধ্ + উ= ন্ধু।

সিন্নি : শিরনি। বি। বিদেশী। <ফা. শীরনী। বাংলা বানান : স্ + ই + ন্ + ন্ + ই। বি.দ্র. : ন্ + ন্ + ই= ন্নি।

সিপাই, সিপাহি, সিপাহী : সৈনিক। বি। বিদেশী। <ফা. সিপাই। বাংলা বানান : স্ + ই + প্ + আ + ই, হ্ + ই, ঈ।

সিপাহ্-সলার : প্রধান সেনাপতি। বি। বিদেশী। <ফা. সিপাহ্-সলার্। বানান : স্ + ই + প্ + আ + হ্ + স্ + অ + ল্ + আ + র্।

সিপ্রা : উজ্জয়িনীর পার্শ্ব-প্রবাহিনী নদী। বি। তৎসম। বানান : স্ + ই + প্ + র্ + আ। বি.দ্র. : প্ + র্ + আ= প্রা।

সিভিল কোর্ট : দেওয়ানি আদালত। বি। বিদেশী। <ইং. civil court. বাংলা বানান : স্ + ই + ভ্ + ই + ল্ + ক্ + ও + র্ + ট্। বি.দ্র. : র্ + ট= র্ট। শব্দান্তের 'ল' ও 'ট' হসন্তবর্জিত।

সিভিল সার্জন : জেলার প্রধান সরকারী চিকিৎসক। বি। বিদেশী। <ইং. civil surgeon. বাংলা বানান : স্ + ই + ভ্ + ই + ল্ + স্ + আ + র্ + জ্ + অ + ন্। বি.দ্র. : র্ + জ্ + অ= র্জ। শব্দান্তের 'ল' ও 'ন' হসন্তবর্জিত।

সিম : শিম্ব। বি। তদ্ভব। <সং. শিম্ব। বানান : স্ + ই + ম্। বি.দ্র. : শব্দান্তের 'স' হসন্তবর্জিত।

সিমেন্ট : বিলাতী মাটি। বি। বিদেশী। <ইং. cement. বাংলা বানান : স্ + ই + ম্ + এ + ন্ + ট্। বি.দ্র. : ন্ + ট= ন্ট। শব্দান্তের 'ন্ট' হসন্তবর্জিত। বিদেশী শব্দে 'ট'-এর আগে 'ন' হয়েছে।

সিয়ান, সিয়ানো : সেলাই করা। ক্রি। তদ্ভব। <সং. সীবন। বানান : স্ + ই + য় + আ + ন্ + অ, ও।

সিরসির, শিরশির : [ধ্বন্যাত্মক শব্দ]। অব্য। দেশী। বানান : স্ [শ্] + ই + র্ + স্ [শ্]+ ই + র্। বি.দ্র. : শব্দ-মধ্যের ও শব্দান্তের 'র' হসন্তবর্জিত।

সিরিশ : পশুর শিং চামড়া হাড় ইত্যাদি যোগে প্রস্তুত আঠা। বি। বিদেশী। <ফা. সিরীশ্। বাংলা বানান : স্ + ই + র্ + ই + শ্। বি.দ্র. : শব্দান্তের 'শ' হসন্তবর্জিত।

সিল্ক : রেশম। বি। বিদেশী। <ইং. silk. বাংলা বানান : স্ + ই + ল্ + ক্। বি.দ্র. : ল্ + ক্= ল্ক। শব্দান্তের 'ল্ক' হসন্তবর্জিত।

সিসৃক্ষা : সৃজনের ইচ্ছা। বি। তৎসম। সৃজ্ [সৃষ্টি করা] + সন্ + অ + আ। ৬।১ বানান : স্ + ই + স্ + ঋ + ক্ + ষ্ + আ। বি.দ্র. : স্ + ঋ= সৃ, ক্ + ষ্ + আ= ক্ষা।

সিসৃক্ষু : সৃজনে ইচ্ছুক। বিণ। তৎসম। সৃজ্ [সৃষ্টি করা] + সন্ + উ। ৬।১ বানান : স্ + ই + স্ + ঋ + ক্ + ষ্ + উ। বি.দ্র. : স্ + ঋ= সৃ, ক্ + ষ্ + উ= ক্ষু।

সীকর : জলকণা। বি। তৎসম। সীক্ + অর। ৬।১ বানান : স্ + ঈ + ক্ + অ + র্ + অ। বি.দ্র. : স্ + ঈ= সী

সীতা : জমিতে লাঙলের রেখা, জানকী। বি। তৎসম। সি [জমি খনন করা] + ত + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক 'সি' নাম অর্থে 'ঈ'-কার। বানান : স্ + ঈ + ত্ + আ। বি.দ্র. : স্ + ঈ= সী।

সীতাকুণ্ড : মুঙ্গের ও চট্টগ্রামের উষ্ণ প্রস্রবণ। বি। তৎসম। সীতা + কুণ্ড [কুণ্ড্ + অ]। ৬।১ কুণ্ড : তীর্থ- জলাশয়। বানান : স্ + ঈ + ত্ + আ

+ ক্ + উ + ণ্ + ড্ + অ। বি.দ্র. : স্ + ঈ= সী, ণ্ + ড্ + অ= ণ্ড।

সীতাপতি : রামচন্দ্র। বি। তৎসম। সীতা [সি (জমি খনন করা) + ত্ + আ] + পতি [পা (পালন করা) + অতি]। ৬।১ সীতার পতি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ঈ + ত্ + আ + প্ + অ + ত্ + ই। বি.দ্র. : স্ + ঈ= সী।

সীতাভোগ : এক ধরনের মিষ্টান্ন। বি। তৎসম। সীতা [সি (জমি খনন করা) + ত্ + আ] + ভোগ [ভুজ্ (ভোজন করা) + অ]। ৬।১ সীতার ভোগ, সীতা যা ভোজন করতেন। বানান : স্ + ঈ + ত্ + আ + ভ্ + ও + গ্ + অ।

সীতশাল, সীতশালি, সীতাশালী : উৎকৃষ্ট ধান। বি। তদ্ভব। সীতা ['সীতা' দ্রষ্টব্য] + শাল [<শালি (শাল্ + ই)]। ৬।১ বানান : স্ + ঈ + ত্ + আ + শ্ + আ + ল্ + অ, ই, ঈ। উৎকৃষ্ট জাতের হৈমন্তিক ধান্য।

সীৎকার : স্ত্রীলোকের রমণকালীন মুখধ্বনি। বি। তৎসম। সীৎ [<শীৎ] + কার [কৃ + অ]। ৬।১ রমণজনিত একই সঙ্গে তৃপ্তি ও কষ্টের মিলিত ধ্বনি। বানান : স্ + ঈ + ৎ + ক্ + আ + র্ + অ।

সীধু : আখের রসের মদ। বি। তৎসম। সী [<শী (শয়ন করা)] + ধু। যা পান করে নেশাগ্রস্ত হয়ে শয়ন করতে হয়। বানান : স্ + ঈ + ধ্ + উ। বি.দ্র. : স্ + ঈ= সী।

সীন, সিন : অভিনয়-মঞ্চের অঙ্কিত দৃশ্যপট। বি। বিদেশী। <ইং. scene. বাংলা বানান : স্ + ঈ, ই + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সীবন : সেলাই। বি। তৎসম। সিব্ [সেলাই করা] + অন। ৬।১ বানান : স্ + ঈ + ব্ + অ + ন্ + অ। বি.দ্র. : স্ + ঈ= সী।

সীবনী : সুচ। বি। তৎসম। সিব্ [সেলাই করা] + অন + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ 'সিব্' ধাতুর 'সি' > 'সী'। যা দিয়ে সেলাই করা হয়। বানান : স্ + ঈ + ব্ + অ + ন্ + ঈ। বি.দ্র. : স্ + ঈ= সী, ন্ + ঈ= নী।

সীমন্ত : সিঁথি। বি। তৎসম। সীমন্ [সীমা] + অন্ত। [সিমন্ >সীমা— 'সি' দীর্ঘতা-প্রাপ্ত >সী]। [নিপাতনে সন্ধি] সীমন্ + অন্ত= সীমন্ত। সীমার অন্ত= সম্বন্ধতৎ। ৩।৩ কেশ রচনা অর্থে। বানান : স্ + ঈ + ম্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র. : স্ + ঈ= সী।

সীমন্তক : সিঁদুর। বি। তৎসম। সীমন্ত ['সীমন্ত' দ্রষ্টব্য] + ক। ৬।২ যা সীমন্তে [সিঁথিতে] পরা হয়। বানান : স্ + ঈ + ম্ + অ + ন্ + ত্ + অ + ক্ + অ। বি.দ্র. : স্ + ঈ= সী, ন্ + ত্ + অ= ন্ত।

সীমন্তিনী : সধবা নারী। বি। তৎসম। সীমন্ত [সিঁথি] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ সীমন্তে [সিঁথিতে] সিঁদুর-পরিহিতা নারী। বানান : স্ + ঈ + ম্ + অ + ন্ + ত্ + ই + ন্ + ই। বি.দ্র. : স্ + ঈ= সী, ন্ + ত্ + ই= ন্তি, ন্ + ঈ= নী। শব্দটি 'ইন্' + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

সীমন্তোন্নয়ন : গর্ভ-সঞ্চারের ষষ্ঠ মাসে কৃত্য সংস্কার। বি। তৎসম। সীমন্ত ['সীমন্ত' দ্রষ্টব্য] + উন্নয়ন [উৎ + নয়ন]। [সন্ধি] অ + উ= ও [ন্তো], ৎ + ন= ন্ + ন= ন্ন। ২।৫।ক, ২।২৫ সীমন্তের [সিঁথির] উন্নয়ন যাতে= বহুব্রী। ৩।৫ বানান : স্ + ঈ + ম্ + অ + ন্ + ত্ + ও + ন্ + ন্ + অ + য্ + অ + ন্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + ও= ন্তো, ন্ + ন্ + অ= ন্ন।

সীমা : সীমানা। বি। তৎসম। সি + ইমন্ + আ। ৬।২ বানান : স্ + ঈ + ম্ + আ। বি.দ্র. : স্ + ঈ= সী।

সীমান্ত : শেষ সীমা। বি। তৎসম। সীমা [সি + ইমন্] + অন্ত। [সন্ধি] আ + অ = আ [মা]। ২।১।খ সীমার অন্ত= সম্বন্ধতৎ। ৩।৩ বানান :

স্ + ঈ + ম্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র.: স্ + ঈ= সী, ম্ + আ= মা, ন্ + ত্ + অ= ন্ত।

সীমান্ত-পরিসীমা: অবধি। বি। তৎসম। সীমান্ত [সীমা+অন্ত] + পরিসীমা [পরি + সীমা (সি + ইমন্)]। ৬।২ [সন্ধি] আ + অ= আ [মা]। ২।১।গ সীমান্তের পরিসীমা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ঈ + ম্ + আ + ন্ + ত্ + অ + প্ + অ + র্ + ই + স্ + ঈ + ম্ + আ। বি.দ্র.: ন্ + ত্ + অ= ন্ত।

সীমানা: চৌহদ্দি। বি। তৎসম। <সীমন্ + বাং. আ। ৬।৩ বানান: স্ + ঈ + ম্ + আ + ন্ + আ। বি.দ্র.: স্ + ঈ= সী।

সীমিত: সীমাবদ্ধ। বিণ। তৎসম। সীমা [সি + ইমন্ বা সীমন্ + আ] + ইত] ৬।১ বানান: স্ + ঈ + ম্ + ই + ত্ + অ। বি.দ্র.: স্ + ঈ= সী।

সীল: নাম বা অন্য কোন নিদর্শনের ছাপ দেবার যন্ত্র। বি। বিদেশী। <ইং. seal. বাংলা বানান: স্ + ঈ + ল্। বি.দ্র.: স্ + ঈ= সী, শব্দান্তের 'ল' হসন্তবর্জিত।

সীল-মোহর: নাম বা অন্য কোন নিদর্শনের ছাপ। বি। বিদেশী। <ইং. seal + ফা. মোহর্। বাংলা বানান: স্ + ঈ + ল্ + ম্ + ও + হ্ + অ + র্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ল' ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

সীস: পেনসিলের ভেতরকার সীসা। বি। তদ্ভব। <সং. সীসা [সীসক]। বানান: স্ + ঈ + স্। বি.দ্র.: শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত।

সীসক: সীসা। বি। তৎসম। <সং. সীসক [সীস + ক]। বানান: স্ + ঈ + স্ + অ + ক্ + অ। বি.দ্র.: স্ + ঈ= সী।

সীসা, সীসে: সীসক। বি। তদ্ভব। সীসা [<সং. সীস + বাং. আ] > সীসে। বানান: স্ + ঈ + স্ + আ, স্ + ঈ + স্ + এ। বি.দ্র.: স্ + ঈ।

সুই, সুঁই: সূচ। বি। তদ্ভব। <সং. সূচী। বানান: স্, সঁ্ + উ + ই। বি.দ্র.: স্ + উ= সু, সঁ্ + উ= সুঁ।

সুঁটকি, শুঁটকি: শুকনো মাছ। বি। দেশী। বানান: সঁ্ [শঁ্] + উ + ট্ + ক্ + ই। বি.দ্র.: সঁ্ + উ= সুঁ, শঁ্+উ= শুঁ।

সুঁদরি, সুঁদরী: সুন্দরবন- জাত সুন্দরী গাছ। <সং. সুন্দরী। বানান: সঁ্ + উ + দ্ + র্ + ই, ঈ।

সুঁদি, সুঁদী: শালুক ফুল বি। তদ্ভব। <সং. সৌগন্ধিক। বানান: সঁ্ + উ+দ্ + ই, ঈ। বি.দ্র.: দ্ + ই= দি, দ্ + ঈ= দী।

সু: শুভ, ভালো। বিণ। তৎসম। সং. উপসর্গ। অর্থ: শুভ বা ভালো। বানান: স্ + উ।

সুকঠিন: অত্যন্ত কঠিন। বিণ। তৎসম। সু + কঠিন [কঠ্ (কষ্টকর জীবন যাপন করা) + ইন]। ৬।১ সু [অতি] কঠিন= সুপ্সুপা। বানান: স্ + উ + ক্ + অ + ঠ্ + ই + ন্ + অ।

সুকণ্ঠ: মধুর কণ্ঠস্বর-বিশিষ্ট। বিণ। তৎসম। সু [মধুর] + কণ্ঠ [কণ্ (শব্দ করান) + ঠ]। ৬।১, সু [মধুর] কণ্ঠ যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ক্ + অ + ণ্ + ঠ্ + অ। বি.দ্র.: ণ্ + ঠ্ + অ= ণ্ঠ।

সুকবি: উৎকৃষ্ট কবি। বি। তৎসম। সু [উত্তম] + কবি [কব্ (বর্ণনা করা) + ই]। ৬।১ সু [উত্তম] কবি= সুপ্সুপা। বানান: স্ + উ + ক্ + অ + ব্ + ই।

সুকতলা, সুখতলা: জুতার আরামপ্রদ কোমল বাড়তি চামড়া। বি। তদ্ভব। সুখতলা [সুখ + তলা (তল্ + আ)] >সুকতলা। বানান: স্ + উ + ক, খ্ + ত্ + অ + ল্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ক' বা 'খ' হসন্তবর্জিত।

সুকর: অনায়াসসাধ্য। বিণ। তৎসম। সু + কর [কৃ + অ]। ৬।১ যা সুন্দরভাবে [সহজভাবে] করার যোগ্য। বানান: স্+উ+ক্+অ+র্+অ।

সুকরতা : অনায়াস-সাধ্যতা। বি। তৎসম। সুকর [সু + কৃ + অ] + তা। ৬।২ বানান : স্ + উ + ক্ + অ + র্ + অ + ত্ + আ।

সুকর্ম : সৎ কাজ। বি। তৎসম। সু + কর্ম [কৃ + মন্]। সু যে কর্ম= কর্মধা। ৩।২ বানান : স্ + উ + ক্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র. : র্ + ম্ + অ= র্ম।

সুকল্পিত : ভালোভাবে ভেবেচিন্তে রচিত, উত্তমরূপে কল্পিত। বিণ। তৎসম। সু + কৢপ্ + ণিচ্ + ত। ৬।১ সু কল্পিত= সুপ্‌সুপা। বানান : স্ + উ + ক্ + অ + ল্ + প্ + ই + ত্ + অ। বি.দ্র. : ল্ + প্ + ই= ল্পি।

সুকানি, সুকানী : জাহাজের কর্ণধার। বি। বিদেশী। <ফা. সুকান। বাংলা বানান : স্ + উ + ক্ + আ + ন্ + ই, ঈ।

সুকান্ত : উত্তম কান্তিযুক্ত। বিণ। তৎসম। সু + কান্ত [কম্ + ত]। ৬।১ সু কান্তি যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + ক্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + অ= ন্ত।

সুকীর্তি : অতি গৌরবময়, উত্তম যশের অধিকারী। বি। তৎসম। সু + কীর্তি [কৃত্ + তি। ৬।১ সু কীর্তি= সুপ্‌সুপা। সু কীর্তি যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + ক্ + ঈ + র্ + ত্ + ই। বি.দ্র. : ক্ + ঈ= কী, র্ + ত্ + ই= র্তি।

সুকুমার : অতি কোমল, খুব অল্পবয়স্ক। বি, বিণ। তৎসম। সু + কুমার [কুমারি + অ]। ৬।১ সু কুমার= সুপ্‌সুপা। বানান : স্ + উ + ক্ + উ + ম্ + আ + র্ + অ।

সুকুমারী : অতি কোমলা, খুব অল্পবয়স্কা, নবমল্লিকা। বিণ, বি। তৎসম। সুকুমার ['সুকুমার' দ্রষ্টব্য + ঈ (স্ত্রী)]। ৭।১।গ সু কুমারী= সুপ্‌সুপা। সু যে কুমারী= কর্মধা। ৩।২ বানান : স্ + উ + ক্ + উ + ম্ + আ + র্ + ঈ। বি.দ্র. : র্ + ঈ= রী।

সুকৃত : সুসম্পন্ন। বিণ। তৎসম। সু + কৃত [কৃ + ত]। ৬।১ সু কৃত= সুপ্‌সুপা। বানান : স্ + উ + ক্ + ঋ + ত্ + অ। বি.দ্র. : ক্ + ঋ= কৃ।

সুকৃতি : সৎকর্ম, সৌভাগ্য। বি। তৎসম। সু + কৃতি [কৃ + তি]। ৬।১ সু কৃতি [কর্ম]= সুপ্‌সুপা। বানান : স্ + উ + ক্ + ঋ + ত্ + ই। বি.দ্র. : ক্ + ঋ= কৃ।

সুকৃতী : পুণ্যবান। বিণ। তৎসম। সু + কৃতী [কৃত্ + ইন্ (ঈ)]। ৬।১ সু কৃতী= সুপসুপা। বানান : স্ + উ + ক্ + ঋ + ত্ + ঈ। বি.দ্র. : ক্ + ঋ= কৃ, ত্ + ঈ= তী।

সুকেশ : সুন্দর কেশযুক্ত। বিণ। তৎসম। সু + কেশ [ক (মাথা)-তে শী [শয়ন করা] + অ] ৬।১ সু [সুন্দর] কেশ যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + ক্ + এ + শ্+ অ।

সুকেশা, সুকেশিনী, সুকেশী : সুন্দর কেশযুক্তা। বিণ। তৎসম। সু-কেশ ['সু-কেশ' দ্রষ্টব্য] + আ, [ইন্ + ঈ], ঈ [স্ত্রী]। সু কেশ যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + ক্ + এ + শ্ + আ, ই + ন্ + ঈ, ঈ। বি.দ্র. : ইন্ + ঈ= 'ইনী'- প্রত্যয় যুক্ত হওয়ায় আগে 'ই', পরে 'ঈ'।

সুকোমল : অতিশয় কোমল। বিণ। তৎসম। সু + কোমল [কম্ + অল]। ৬।১ সু কোমল= সুপ্‌সুপা। বানান : স্ + উ + ক্ + ও + ম্ + অ + ল্ + অ।

সুকৌশলে : নিপুণ কৌশলের সঙ্গে। ক্রি-বিণ। তৎসম। সু + কৌশল [কুশল + অ] + বাং. এ। ৬।১ সু কৌশল = সুপ্‌সুপা। বানান : স্ + উ + ক্ + ঔ + শ্ + অ + ল্ + এ। বি.দ্র. : ক্ + ঔ= কৌ।

সুক্তা, সুক্ত, সুক্তানি, শুক্তা, শুক্ত, শুক্তানি : তিক্ত স্বাদযুক্ত ব্যঞ্জন [সং. সু. তিক্ত, সং. শুক্ত + বাং. আ]। বি তদ্ভব। শুক্ত [সু + তিক্ত, স্=

শ্] + বাং. আ। বানান: স্ + উ + ক্ + ত্ + অ, আ, আনি। বি.দ্র.: স্= শ্।

সুক্রিয়া: সৎকাজ। বি। তৎসম। সু + ক্রিয়া [কৃ + অ + আ]। ৬৷১ ৭৷১৷ক সু ক্রিয়া= সুপ্সুপা। বানান: স্ + উ + ক্ + র্ + ই + য় + আ। বি.দ্র.: ক্ + র্ + ই= ক্রি।

সুখ: আরাম, তৃপ্তি। বি। তৎসম। সুখ্ [হৃষ্ট করা] + অ। ৬৷১ বানান: স্ + উ + খ্ + অ।

সুখকর: সুখদায়ক। বিণ। তৎসম। সুখ [সুখ্ + অ] + কর [কৃ + অ]। ৬৷১ সুখ [দান] করে যে= উপপদতৎ। ৩৷৩ বানান: স্ + উ + খ্ + অ + ক্ + অ + র্ + অ।

সুখজনক: সুখদায়ক। বিণ। তৎসম। সুখ [সুখ্ + অ] + জনক [জন্ (জন্ম দেওয়া) + অক। ৬৷১ বানান: স্ + উ + খ্ + অ + জ্ + অ + ন্ +অ + ক্ + অ।

সুখদ: সুখদায়ক। বিণ। তৎসম। সুখ [সুখ্ + অ] + দ [দা (দান করা) + অ]। ৬৷১ সুখ দান করে যে= উপপদতৎ। ৩৷৩ বানান: স্ + উ + খ্ + অ + দ্ + অ।

সুখদা: সুখদায়িনী। বিণ। তৎসম। সুখদা ['সুখদ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। বানান: স্ + উ + খ্ + অ + দ্ + আ।

সুখশয়ন: আরামদায়ক বিছানা। বি। তৎসম। সুখ [সুখ্ + অ] + শয়ন [শী + অন]। ৬৷১ সুখদায়ক শয়ন= কর্মধা। ৩৷২ বানান: স্ + উ + খ্ + অ + শ্ + অ + য় + অ + ন্ + অ।

সুখশয্যা: আরামদায়ক বিছানা। বি। তৎসম। সুখ [সুখ্ + অ] + শয্যা [শী + য (যৎ) + আ]। ৬৷১ সুখকব শয্যা= কর্মধা। ৩৷২ বানান: স্ + উ + খ্ + অ + শ্ - অ + য্ + য্ + আ। বি.দ্র.: য্ + য্ + আ= য্যা।

সুখসংবাদ: সুখবর। বি। তৎসম। সুখ [সুখ্ + ত] + সংবাদ [সম্ + বদ্ + অ]। ৬৷১ সুখ-দায়ক সংবাদ= মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান: স্ + উ + খ্ + অ + স্ + অ + ং + ব্ + আ + দ্ + অ।

সুখসূর্য: সুখ-রূপ সূর্য। বি। তৎসম। সুখ [সুখ্ + অ] + সূর্য [সৃ (কাজে প্রেরণা দেওয়া) + য]। ৬৷১ সুখ-রূপ সূর্য= রূপক-কর্মধা। ৩৷২ বানান: স্ + উ + খ্ + অ + স্ + ঊ + র্ + য্ + অ]। বি.দ্র.: স্ + ঊ= সূ, র্ + য্ + অ= র্য।

সুখস্পর্শ: সুখকর স্পর্শ, যার স্পর্শ আরামদায়ক। বি, বিণ। তৎসম। সুখ [সুখ্ + অ] + স্পর্শ [স্পৃশ্ + অ]। ৬৷১ সুখ-দায়ক স্পর্শ= মধ্যপ-কর্মধা। ৩৷২ সুখকর স্পর্শ যার= বহুব্রী। ৩৷৫ বানান: স্ + উ + খ্ + অ + স্ + প্ + অ + র্ + শ্ + অ। বি.দ্র.: স্ + প্ + অ= স্প, র্ + শ্ + অ= র্শ।

সুখস্মৃতি: সুখদায়ক স্মৃতি। স্মৃ [স্মরণ করা) + তি]। ৬৷১ সুখদায়ক স্মৃতি= মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান: স্ + উ + খ্ + অ + স্ + ম্ + ঋ + ত্ + ই। বি.দ্র.: স্ + ম্ + ঋ= স্মৃ।

সুখস্বপ্ন: আনন্দজনক স্বপ্ন, সুখদায়ক স্মৃতি। বি। তৎসম। সুখ [সুখ্ + অ] + স্বপ্ন [স্বপ্ (ঘুমানো) + ন]। ৬৷১ সুখ-দায়ক স্বপ্ন= মধ্যপ-কর্মধা। ৩৷২ বানান: স্ + উ + খ্ + অ + স্ + ব্ + অ + প্ + ন্ + অ। বি.দ্র.: স্ + ব্ + অ= স্ব, প্ + ন্ + অ= প্ন।

সুখানুভব: সুখবোধ। বি। তৎসম। সুখ [সুখ্ + অ] + অনুভব [অনু + ভূ + অ] ৬৷১ [সন্ধি] অ + অ= আ [খা]। সুখের অনুভব= সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: স্ + উ + খ্ + আ + ন্ + উ + ভ্ + অ + ব্ + অ।

সুখানুভূতি: সুখবোধ। বি। তৎসম। সুখ [সুখ্ + অ] + অনুভূতি [অনু + ভূ + তি]। ৬৷১ অ + অ= আ [খা]। ২৷১৷ক সুখের অনুভূতি=

সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + খ্ + আ + ন্ + উ + ভ্ + ঊ + ত্ + ই। বি.দ্র.: ভ্ + ঊ= ভূ।

সুখান্বেষণ: সুখের সন্ধান। বি। তৎসম। সুখ [সুখ্ + অ] + অন্বেষণ [অনু + এষণ (ইষ্ + অন)]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [খা]। ২।১।ক উ + এ= বে [ন্বে] সুখের অন্বেষণ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + খ্ + আ + ন্ + ব্ + এ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'এ'-র পর 'ষ' হয়েছে। 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সুখাবহ: সুখদায়ক। বিণ। তৎসম। সুখ + আবহ [আ + বহ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [খা]। ২।১।খ সুখ বহন করে আনে যা= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + খ্ + আ + ব্ + অ + হ্ + অ।

সুখাসন: আরামপ্রদ আসন। বি। তৎসম। সুখ [সুখ + অ] + আসন [আস্ + অন]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [খা]। ২।১।খ সুখকর আসন= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + উ + খ্ + আ + স্ + অ + ন্ + অ।

সুখাসীন: আরামে উপবিষ্ট। বিণ। তৎসম। সুখ [সুখ্ + অ] + আসীন [আস্ + ঈন (শানচ্)]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [খা]। ২।১।খ সুখে আসীন= অধিকরণতৎ। ৩।৩ বানান: স্ + উ + খ্ + আ + স্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: স্ + ঈ= সী।

সুখাসীনা: আরামে উপবিষ্টা। বিণ। তৎসম। *সুখাসীন ['সুখাসীন' দ্রষ্টব্য]* + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + উ + খ্ + আ + স্ + ঈ + ন্ + আ। বি.দ্র.: স্ + ঈ= সী।

সুখোদক: উষ্ণজল। বি। তৎসম। সুখ [সুখ্ + অ] + উদক [উদ্ + অক]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [খো]। ২।৫।ক সুখ-দায়ক উদক= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + উ + খ্ + ও + দ্ + অ + ক্। বি.দ্র.: শব্দান্তের 'ক' আধুনিক বাংলায় হসন্ত-বর্জিত।

সুখী: সুখে অভ্যস্ত। বিণ। তৎসম। সুখ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান: স্ + উ + খ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সুখিনী: সুখে অভ্যস্তা। বিণ। তৎসম। সুখ্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১ ৭।১।চ বানান: স্ + উ + খ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' + ঈ [স্ত্রী]= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

সুখৈশ্বর্য: সুখ ও ধন সম্পদ। বি। তৎসম। সুখ [সুখ্ + অ] + ঐশ্বর্য [ঈশ্বর + য]। ৬।১ [সন্ধি] অ + ঐ= ঐ [খৈ]। ২।১১।খ সুখ ও ঐশ্বর্য= দ্বন্দ্ব। ৩।৪ বানান: স্ + উ + খ্ + ঐ + শ্ + ব্ + অ + র্ + য্ + অ। বি.দ্র.: খ্ + ঐ= খৈ, শ্ + ব্ + অ= শ্ব, র্ + য্ + অ= র্য।

সুখোদয়: সুখবোধ, সুখের সূচনা। বি। তৎসম। সুখ [সুখ্ + অ] + উদয় [উৎ + ই + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [খো]। ২।৫।ক সুখের উদয়= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + খ্ + ও + দ্ + অ + য্ + অ।

সুখ্যাতি: গৌরব। বিণ। তৎসম। সু + খ্যা + তি। ৬।১ সু খ্যাতি= সুপ্‌সুপা। বানান: স্ + উ + খ্ + য্ + আ + ত্ + ই। বি.দ্র.: খ্ + য্ + আ= খ্যা।

সুগঠন: সুন্দর গড়ন। বি। তৎসম। সু + গঠন [গঠ্ (নির্মাণ করা) + অন]। ৬।১ সু গঠন= সুপ্‌সুপা। বানান: স্ + উ + গ্ + অ + ঠ্ + অ + ন্ + অ।

সুগঠনা: সুগঠিতা। বিণ। তৎসম। সু + গঠনা [গঠ্ (নির্মাণ করা) + অক + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক সু [সুন্দর] গঠন যার [স্ত্রী]= বহুব্রী।

৩।৫ বানান: স্ + উ + গ্ + অ + ঠ্ + অ + ন্ + আ।

সুগঠিত: সুন্দরভাবে নির্মিত। বিণ। তৎসম। সু + গঠিত [গঠ্ (নির্মাণ করা) + ত]। ৬।১ সু গঠিত = সুপ্‌সুপা। বানান: স্ + উ + গ্ + অ + ঠ্ + ই + ত্ + অ।

সুগত: বুদ্ধদেব, সুন্দর গতিসম্পন্ন। বি, বিণ। তৎসম। সু + গত [গম্ + ত]। ৬।১ সু গতি [গমনভঙ্গি] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + গ্ + অ + ত্ + অ।

সুগতি: মনোহর গতি। বি। তৎসম। সু + গতি [গম্ + তি]। ৬।১ সু [সুন্দর] গতি যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + গ্ + অ + ত্ + ই।

সুগন্ধ: সুন্দর গন্ধ, সুবাসিত। বি, বিণ। তৎসম। সু + গন্ধ [গন্ধ্ + অ]। ৬।১ সু [প্রীতিকর] গন্ধ = সুপসুপা; সু [প্রীতিকর] গন্ধ যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + গ্ + অ + ন্ + ধ্ + অ। বি.দ্র.: ন্ + ধ্ + অ= ন্ধ।

সুগন্ধবহ: বায়ু। বি। তৎসম। সুগন্ধ ['সুগন্ধ' দ্রষ্টব্য] + বহ [বহ্ + অ]। ৬।১ সুগন্ধ বহন করে যে [বায়ু]= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + উ + গ্ + অ + ন্ + ধ্ + অ + ব্ + অ + হ্ + অ। বি.দ্র.: ন্ + ধ্ + অ= ন্ধ।

সুগন্ধি: মধুর গন্ধযুক্ত। বিণ। তৎসম। সু + গন্ধি [গন্ধ + অ + ই]। ৬।১ সু গন্ধ যার= বহুব্রী [+'ই'-সমাসান্ত প্রত্যয়]। ৩।৫ বানান: স্ + উ + গ্ + অ + ন্ + ধ্ + ই। বি.দ্র.: ন্ + ধ্ + ই= ন্ধি।

সুগন্ধী: সুবাসিত। বিণ। তৎসম। সু + গন্ধী [সু + গন্ধী [গন্ধ্ + ইন্ (ঈ)]। ৬।১ সু গন্ধ আছে যার= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + উ + গ্ + অ + ন্ + ধ্ + ঈ। বি.দ্র.: ন্ + ধ্ + ঈ= ন্ধী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সুগভীর: অতি গভীর। বিণ। তৎসম। সু + গভীর [গম্ + ঈর (ম্= ভ্)]। ৬।১ সু গভীর= সুপ্‌সুপা। বানান: স্ + উ + গ্ + অ + ভ্ + ঈ + র্ + অ। বি.দ্র.: ভ্ + ঈ= ভী।

সুগম: সহজে গমনযোগ্য। বিণ। তৎসম। সু + গম [গম্ + অ]। ৬।১ সু গম [গমনযোগ্য]= সুপ্‌সুপা। বানান: স্ + উ + গ্ + অ + ম্ + অ।

সুগম্ভীর: অত্যন্ত গম্ভীর। বিণ। তৎসম। সু + গম্ভীর [গম্ + ঈর ('ভ্'-এর আগম)] ৬।১ সু গম্ভীর= সুপ্‌সুপা। বানান: স্ + উ + গ্ + অ + ম্ + ভ্ + ঈ + র্ + অ। বি.দ্র.: ম্ + ভ্ + ঈ= ম্ভী।

সুগুপ্ত: সম্পূর্ণরূপে গুপ্ত। বিণ। তৎসম। সু + গুপ্ত [গুপ্ + ত]। ৬।১ সু গুপ্ত= সুপ্‌সুপা। বানান: স্ + উ + গ্ + উ + প্ + ত্ + অ। বি.দ্র.: প্ + ত্ + অ= প্ত।

সুগৃহীতনামা: পুণ্যশ্লোক। বিণ। তৎসম। সু + গৃহীত [গ্রহ্ (গ্রহণ করা) + ত] + নামা [<নামন্]। ৬।১ সু গৃহীত নাম যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + গ্ + ঋ + হ্ + ঈ + ত্ + অ + ন্ + আ + ম্ + আ। বি.দ্র.: হ্ + ঈ= হী।

সুগোল: নিটোল। বিণ। তৎসম। সু + গোল [<গোড়<গুড্ + অ]। ৬।১ সু গোল= সুপ্‌সুপা। বানান: স্ + উ + গ্ + ও + ল্ + অ।

সুচ, সূচ: ছুচ। বি। তদ্ভব। <সং. সূচী। বানান: স্ + উ, ঊ + চ্। বি.দ্র.: শব্দান্তের 'চ' হসন্তবর্জিত।

সুচন্দন: উৎকৃষ্ট চন্দনবৃক্ষ। বি। তৎসম। সু + চন্দন [চন্দ্ + অন]। ৬।১ সু চন্দন= সুপ্‌সুপা। বানান: স্ + উ + চ্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ।

সুচরিত, সুচরিত্র: সচ্চরিত্র। বিণ। তৎসম। সু + চরিত, চরিত্র [চর্ + ত, চর্ + ইত্র]। ৬।১,

সু চরিত, চরিত্র যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + চ্ + অ + র্ + ই + ত্ + অ, স্ + উ + চ্ + অ + র্ + ই + ত্ + র্ + অ। বি.দ্র.: ত্ + র্ + অ= ত্র।

সুচরিতা, সুচরিত্রা: সচ্চরিত্রা। বিণ। তৎসম। সুচরিত, সুচরিত্র ['সুচরিত', 'সুচরিত্র' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + উ + চ্ + অ + র্ + ই + ত্ + আ, ত্ + র্ + আ। বি.দ্র.: ত্ + র্ + আ= ত্রা।

সুচরিতাসু: সুচরিতাসমীপে। বিণ। তৎসম। সু + চরিতাসু [চরিত (চর্ + ত) + আ [স্ত্রী] + সু [আ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের অধিকরণ বহুবচন (গৌরবে)]। বানান: স্ + উ + চ্ + অ + র্ + ই + ত্ + আ + স্ + উ।

সুচরিতেষু: সুচরিতসমীপে। বিণ। তৎসম। সু + চরিতেষু [চরিত (চর্ + ত) + এষু [অ-কারান্ত পুংলিঙ্গ শব্দের অধিকরণ বহুবচন (গৌরবে)]। বানান: স্ + উ + চ্ + অ + র্ + ই + ত্ + এ + ষ্ + উ। বি.দ্র.: 'এ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

সুচারু: অতি সুন্দর। বিণ। তৎসম। সু + চারু [চর্ + উ]। ৬।১ সু চারু= সুপ্‌সুপা।বানান: স্ + উ + চ্ + আ + র্ + উ। বি.দ্র.: র্ + উ= রু।

সুচিক্কণ: অতিশয় মসৃণ। বিণ। তৎসম। সু + চিক্কণ [চিৎ + কণ]। ৬।২ সু চিক্কণ= সুপ্‌সুপা। বানান: স্ + উ + চ্ + ই + ক্ + ক্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ক্ + ক্ + অ= ক্ক। 'চিক্কণ' শব্দের 'ণ' স্বাভাবিক 'ণ'।

সুচিত্রিত: সুন্দরভাবে অঙ্কিত। বিণ। তৎসম। সু + চিত্রিত [চিত্র + ত]। ৬।১ সু চিত্রিত= সুপ্‌সুপা। বানান: স্ + উ + চ্ + ই + ত্ + র্ + ই + ত্ + অ। বি.দ্র.: ত্ + র্ + ই= ত্রি।

সুচিন্তিত: বিশেষভাবে বিবেচিত। বিণ। তৎসম। সু + চিন্তিত [চিন্ত্ + ত]। ৬।১ বানান: স্ + উ + চ্ + ই + ন্ + ত্ + ই + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + ই= ন্তি।

সুচির: খুব দীর্ঘস্থায়ী। বিণ। তৎসম। সু + চির [চি (চয়ন করা)] + র [অনাদি অনন্ত কাল]। বানান: স্ + উ + চ্ + ই + র্ + অ।

সুচেতাঃ, সুচেতা: সন্তুষ্টচিত্ত। বিণ। তৎসম। সু + চেতাঃ, চেতা [চিৎ + অস্ (ঃ)]। ৬।১ সু চেত [চিত্ত] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + চ্ + এ + ত্ + আ [ঃ]। বি.দ্র.: শব্দান্তের ' ঃ' আধুনিক বাংলায় বর্জিত।

সুছাঁদ: সৌষ্ঠবমণ্ডিত। বিণ। তদ্ভব। সু + ছাঁদ [<সং. ছন্দ]। সু [উত্তম] ছাঁদ= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ছ্ঁ + আ + দ্। বি.দ্র.: শব্দান্তের 'দ' বিসর্গ-বর্জিত।

সুজনি, সুজনী: কারুকার্য-করা বিছানার মোটা চাদর। বি। বিদেশী। <ফা. সোজনী। বাংলা বানান: স্ + উ + জ্ + ন্ + ই, ঈ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'জ' হসন্তবর্জিত।

সুজন: সজ্জন। বিণ। তৎসম। সু + জন [জন্ + অ]। ৬।১ সু [সৎ] জন= সুপ্‌সুপা। বানান: স্ + উ + জ্ + অ + ন্ + অ।

সুজলা: প্রচুর নদীজলে সমৃদ্ধিশালিনী। বিণ। তৎসম। সু [প্রচুর] জল যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + জ্ + অ + ল্ + আ।

সুজাত: সদ্বংশজাত। বিণ। তৎসম। সু + জাত [জন্ + ত]। ৬।১ সু জাত= সুপ্‌সুপা। বানান: স্ + উ + জ্ + আ + ত্ + অ।

সুজাতা: সদ্বংশজাতা। বিণ। তৎসম। সুজাত ['সুজাত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + উ + জ্ + আ + ত্ + আ।

সুজি: মোটা গোধূম-চূর্ণ। বি। দেশী। বানান: স্ + উ + জ্ + ই।

সুট : প্রস্থ, কেতা। বি। বিদেশী। <ইং. suit. বাংলা বানান : স্ + উ + ট্। বি.দ্র. : স্ + উ= সু, শব্দান্তের 'ট' হসন্তবর্জিত।

সুটকেস : হালকা ছোট বাক্স। বি। বিদেশী। <ইং. suitcase. বাংলা বানান : স্ + উ + ট্ + ক্ + এ + স। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ট' এবং শব্দান্তের 'ক' হসন্তবর্জিত।

সুঠাম : সৌষ্ঠবময়। বিণ। তদ্ভব। সু ঠাম [<ধামন্]। সু ঠাম= সুপ্‌সুপা। বানান : স্ + উ + ঠ্ + আ + ম্। বি.দ্র. : শব্দান্তের 'ম' হসন্তবর্জিত।

সুডোল, সুডৌল : সৌষ্ঠবময় আকার-বিশিষ্ট। বিণ। বিদেশী। সু ডোল, ডৌল <হি. ডৌল। বানান : স্ + উ + ড্ + ও, ঔ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্তবর্জিত।

সুড়ঙ্গ : সুরঙ্গ। বি। তৎসম। <সং. সুরঙ্গ। বানান : স্ + উ + র্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ= ঙ্গ।

সুড়সুড় : মৃদু সিড়সিড় ভাবসূচক। অব্য। দেশী। বানান : স্ + উ + ড় + স্ + উ + ড়্। বি.দ্র. : শব্দমধ্যের ও শব্দান্তের 'ড়' হসন্তবর্জিত।

সুড়সুড়ি : কাতুকুতু। বি। দেশী। বানান : স্ + উ + ড়্ + স্ + উ + ড়্ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ড়' হসন্তবর্জিত।

সুত : ছেলে। বি। তৎসম। সু + ত। ৬।২ বানান : স্ + উ + ত্ + অ।

সুতনু : সুন্দর দেহ-বিশিষ্ট। বিণ। তৎসম। সু + তনু [তন্ (বিস্তার করা) + উ]। ৬।১ সু [উত্তম] তনু যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + ত্ + অ + ন্ + উ।

সুতপাঃ, সুতপা : মহাতপাঃ। বিণ। তৎসম। সু + তপ্ (তপস্যা করা] + অস্ [ঃ]। সু [মহা] তপস্ [ঃ] যার= বহুব্রী। ৬।৫ বানান : স্ + উ + ত্ + অ + প্ + আ + ঃ। বি.দ্র. : বাংলায় শব্দান্তের বিসর্গ [ঃ] বর্জিত।

সুতপ্ত : অতিতপ্ত। বিণ। তৎসম। সু + তপ্ত [তপ্ + ত]। ৬।১ সু [অতি] তপ্ত= সুপ্‌সুপা। বানান : স্ + উ + ত্ + অ + প্ + ত্ + অ। বি.দ্র. : প্ + ত্ + অ= প্ত।

সুতরাং : কাজেই। অব্য। তৎসম। সু + তরাম্ [তর + আম্]। ৬।২ সু [অধিক] + তর + আম্ [ভাবে]। বানান : স্ + উ + ত্ + অ + র্ + আ + ং।

সুতল : ষষ্ঠ পাতাল [সং. সু + তল]। বি। তৎসম। সু + তল [তল্ + অ]। ৬।১ সু [শোভন, সুগভীর] তল যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + ত্ + অ + ল্ + অ।

সুতলি : সুতা বা সরু দড়ি। বি। তদ্ভব। সুতা [<সং. সূত্র] + লি। >সুতলি। বানান : স্ + উ + ত্ + অ + ল্ + ই।

সুতহিবুক : বিবাহানুষ্ঠানের প্রশস্ত যোগ [জ্যোতিষ-শাস্ত্রে ব্যবহৃত]। বি। তৎসম। বানান : স্ + উ + ত্ + অ + হ্ + ই + ব্ + উ + ক্ + অ।

সুতা : কন্যা। বি। তৎসম। সুত [সু + ত] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + উ + ত্ + আ।

সুতা : সূত্র। বি। তদ্ভব। <সং: সূত্র। বানান : স্ + উ + ত্ + আ।

সুতি, সুতী : কার্পাসসূত্রে প্রস্তুত। বিণ। তদ্ভব। সুতা [<সং. সূত্র] + ই, ঈ। বানান : স্ + উ + ত্ + ই, ঈ।

সুতীক্ষ্ণ : অত্যন্ত শানিত। বিণ। তৎসম। সু + তীক্ষ্ণ [তিজ্ + স্ন, তি= তী]। ৬।১ সু [অতি] তীক্ষ্ণ= সুপ্‌সুপা। বানান : স্ + উ + ত্ + ঈ + ক্ + ষ্ + ণ্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + ণ্ + অ= ক্ষ্ণ। 'ষ'-এর ঠিক পরেই 'ণ' হয়েছে। ৪।১।খ

সুতীব্র : অতি তীব্র। বিণ। তৎসম। সু + তীব্র [তীব্ + র]। ৬।১ সু [অতি] তীব্র= সুপ্‌সুপা। বানান : স্ + উ + ত্ + ঈ + ব্ + র্ + অ। বি.দ্র. : ত্ + ঈ= তী, ব্+র্+অ= ব্র।

সুতো : সুতা। বি। অস্তব। <সং. সূত্র। বানান : স্ + উ + ত্ + ও।

সুদ : ঋণের বৃদ্ধি। বি। বিদেশী। <ফা. সূদ। বাংলা বানান : স্ + উ + দ্। শব্দান্তের 'দ' হসন্তবর্জিত।

সুদক্ষ : সুনিপুণ। বিণ। তৎসম। সু + দক্ষ [দক্ষ্ + অ]। ৬।১ সু [অতি] দক্ষ [নিপুণ]= সুপ্‌সুপা। বানান : স্ + উ + দ্ + অ + ক্ + ষ্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + অ= ক্ষ।

সুদক্ষিণ : অতি সরল। বিণ। তৎসম। সু + দক্ষিণ। [দক্ষ + ইন]। ৬।২ সু [অতি] দক্ষিণ [উদার, নিপুণ]= সুপ্‌সুপা। বানান : স্ + উ + দ্ + অ + ক্ + ষ্ + ই + ণ্ + অ। বি.দ্র. : ক্ + ষ্ + ই= ক্ষি। 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'ই' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

সুদক্ষিণা : অতি সরলা। বিণ। তৎসম। সুদক্ষিণ ['সুদক্ষিণ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + উ + দ্ + অ + ক্ + ষ্ + ই + ণ্ + আ। বি.দ্র. : ক্ + ষ্ + ই= ক্ষি। 'ষ্' ও 'ন্'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সুদখোর : সুদে ঋণদানকারী। বিণ। বিদেশী। সুদ্ ['সুদ্' দ্রষ্টব্য] + খোর (ফা.)। স্ + উ + দ্ + খ + ও + র।

সুদতী : সুন্দর দন্তযুক্তা। বিণ। তৎসম। সং. সুদন্ত + ঈ [স্ত্রী]= সুদন্তী, বিকল্পে, সুদতী। সু [সুন্দর] দন্ত যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + দ্ + অ + ত্ + ঈ।

সুদন্ত : সুন্দর দন্তযুক্ত। বিণ। তৎসম। সু + দন্ত [দম্ + ত]। ৬।১ সু [সুন্দর] দন্ত যার= বহুব্রী। ৩।৫ স্ + উ + দ্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + অ।

সুদর্শন : নয়নরঞ্জন, বিষ্ণুর চক্র। বি। তৎসম। সু + দর্শন [দৃশ্ + অন]। ৬।১ সু [সুন্দর] দর্শন যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + দ্ + অ + র্ + শ্ + অ + ন্ + অ। বি.দ্র. : র্ + শ্ + অ= র্শ।

সুদিন : শুভদিন। বি। তৎসম। সু + দিন [দো (দ্বিখণ্ডিত করে) + ইন]। ৬।১ সু দিন= সুপ্‌সুপা।

সুদীর্ঘ : অতি দীর্ঘ। বিণ। তৎসম। সু দীর্ঘ [দৃ + ঘ]। ৬।১ সু দীর্ঘ= সুপ্‌সুপা। বানান : স্ + উ + দ্ + ঈ + র্ + ঘ্ + অ। বি.দ্র. : দ্ + ঈ= দী, র্ + ঘ্ + অ= র্ঘ।

সুদূর : অতি দূরবর্তী। বিণ। তৎসম। সু + দূর [দুর্ + ই (গমন করা) + র— উ >ঊ]। ৬।১ সু দূর= সুপ্‌সুপা। বানান : স্ + উ + দ্ + ঊ + র্ + অ। বি.দ্র. : দ্ + ঊ= দূ।

সুদূরপরাহত : প্রায় অসম্ভব। বিণ। তৎসম। সুদূর ['সুদূর' দ্রষ্টব্য] + পরাহত [পরা + হন্ + ত]। ৬।১ সুদূর পরাহত যার কাছে= বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + দ্ + ঊ + র্ + অ + প্ + অ + র্ + আ + হ্ + অ + ত্ + অ।

সুদূরবর্তী : অতি দূরবর্তী। বিণ। তৎসম। সুদূর ['সুদূর' দ্রষ্টব্য] + বর্তী [বৃত্ + ইন্ (ঈ)]। ৬।১ সুদূরে বর্তমান থাকে যে বা যার বিদ্যমানতা সুদূরবর্তী। বানান : স্ + উ + দ্ + ঊ + র্ + অ + ব্ + অ + র্ + ত্ + ঈ। বি.দ্র. : দ্ + ঊ= দূ, র্ + ত্ + ঈ= র্তী। শব্দটি ইন্ [ঈ-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত]।

সুদৃঢ় : অত্যন্ত দৃঢ়। বিণ। তৎসম। সু + দৃঢ় [দৃহ্ (বৃদ্ধি পাওয়া] + ত]। ৬।১ সু দৃঢ়= সুপ্‌সুপা বানান : স্ + উ + দ্ + ঋ + ঢ় + অ। বি.দ্র. : দ্ + ঋ= দৃ।

সুদৃশ্য : দৃষ্টিনন্দন। বিণ। তৎসম। সু + দৃশ্য [দৃশ্ + য (যৎ)]। ৬।১ সু [সুন্দর] দৃশ্য [দেখার যোগ্য]= সুপ্‌সুপা। বানান : স্ + উ + দ্ +

ঋ + শ্ + য্ + অ। বি.দ্র. : দ্ + ঋ= দৃ, শ্ + য্ + অ= শ্য।

সুদৃষ্টি : অনুকূল দৃষ্টি। বি। তৎসম। সু + দৃষ্টি [দৃশ্ + তি]। ৬।১ সু [শুভ] দৃষ্টি = সুপ্‌সুপা। বানান : স্ + উ + দ্ + ঋ + ষ্ + ট্ + ই। বি.দ্র. : দ্ + ঋ= দৃ, ষ্ + ট্ + ই= ষ্টি। 'ঋ'-র পর 'ষ্' হয়েছে। ষ্ + ত= ষ্ট। ২।২৪

সুদ্ধ : সমেত। অব্য। বিদেশী। <হি. সুদ্ধাঁ। বাংলা বানান : স্ + উ + দ্ + ধ্ + অ। বি.দ্র. : স্ + উ= সু, দ্ + ধ্ + অ= দ্ধ।

সুধন্বা, সুধন্বী : নিপুণ ধনুর্ধর, পৌরাণিক রাজা। বিণ, বি। তৎসম। সু + ধনু + অন্, ইন্ [ঈ]। ৬।২ [সন্ধি] ন্ + উ + অন্= ন্ + বন্= ন্বা, ন্ + উ + ঈ= ন্ + ব্ + ঈ= ন্বী। ২।৮।ক, ২।৮।ঙ সু [উৎকৃষ্ট] ধনু যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + ধ্ + অ + ন্ + ব্ + আ, ঈ। বি.দ্র. : ন্ + ব্ + আ= ন্বা, ন্ + ব্ + ঈ= ন্বী।

সুধা : অমৃত, চুন। বি। তৎসম। সু + ধে [পান করা] অথবা ধা [চুন করা] + অ + আ। ৬।১ সুখে যা পান করা যায় [সুধা], যা দিয়ে গৃহ ধবলিত করা হয় [সুধা]। বানান : স্ + উ + ধ্ + আ।

সুধাংশু : চন্দ্র। বি। তৎসম। সুধা ['সুধা' দ্রষ্টব্য] + অংশু। [সন্ধি] আ + অ= আ [ধা]। ২।১।গ সুধা [অমৃত] অংশুতে [কিরণ] যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + ধ্ + আ + ং + শ্ + উ। বি.দ্র. : শ্ + উ= শু।

সুধাকর : চন্দ্র। বি। তৎসম। সুধা ['সুধা' দ্রষ্টব্য] আকর [আ + কৃ + অ] ৬।১ [সন্ধি] আ + আ= আ [ধা]। ২।১।ঘ সুধার [অমৃত] আকর [খনি]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + ধ্ + আ + ক্ + অ + র্ + অ।

সুধাধবলিত : চুনকাম-করা। বিণ। তৎসম। সুধা ['সুধা' দ্রষ্টব্য] + ধবলিত [ধবল + ইত]। ৬।২ সুধার দ্বারা ধবলিত= করণতৎ। ৩।৩ বানান : স্ + উ + ধ্ + আ + ধ্ + অ + ব্ + অ + ল্ + ই + ত্ + অ।

সুধাপাত্র : অমৃত-ভাণ্ড। বি। তৎসম। সুধা ['সুধা' দ্রষ্টব্য] + পাত্র [পা + ত্র]। ৬।১ সুধার পাত্র= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + ধ্ + আ + প্ + আ + ত্ + র্ + অ। বি.দ্র. : ত্ + র্ + অ= ত্র।

সুধাপান : অমৃতপান। বি। তৎসম। সুধা ['সুধা' দ্রষ্টব্য] + পান [পা + অন]। ৬।১ সুধাকে পান= কর্মতৎ। ৩।৩ বানান : স্ + উ + ধ্ + আ + প্ + আ + ন্ + অ।

সুধাময় : অমৃতপূর্ণ। বিণ। তৎসম। সুধা ['সুধা' দ্রষ্টব্য] + ময় [ময়ট্]। ৬।২ সুধার দ্বারা ময় [পূর্ণ]= করণতৎ। ৩।৩ বানান : স্ + উ + ধ্ + আ + ম্ + অ + য্ + অ।

সুধাময়ী : অমৃতময়ী। বিণ। তৎসম। সুধা ['সুধা' দ্রষ্টব্য] + ময় [ময়ট্] + ঈ [স্ত্রী]। ৭।১।গ সুধার দ্বারা ময়ী [পূর্ণা]= করণতৎ। ৩।৩ বানান : স্ + উ + ধ্ + আ + ম্ + অ + য্ + ঈ।

সুধামাখা : অমৃতলিপ্ত। বিণ। তদ্ভব। সুধা ['সুধা' দ্রষ্টব্য] + মাখা [<সং. ম্রক্ষ্ + বাং. আ]। ৬।৩ সুধার দ্বারা মাখা= করণতৎ। ৩।৩ বানান : স্ + উ + ধ্ + আ + ম্ + আ + খ্ + আ।

সুধামুখ : সুন্দর মুখবিশিষ্ট। বিণ। তৎসম। সুধা ['সুধা' দ্রষ্টব্য] + মুখ। সুধা [অমৃত]-পূর্ণ মুখ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + উ + ধ্ + আ + ম্ + উ + খ্ + অ।

সুধারুচি : অমৃতের মতো। বিণ। তৎসম। সুধা ['সুধা' দ্রষ্টব্য] + রুচি [রুচ্ + ই]। ৬।১ সুধার মতো রুচি= উপমান-কর্মধা। ৩।২ বানান : স্ + উ + ধ্ + আ + র্ + উ + চ্ + ই। বি.দ্র. : র্ + উ= রু।

সুধাসমুদ্র : অমৃতসাগর। বি। তৎসম। সুধা ['সুধা' দ্রষ্টব্য] + সমুদ্র [সম্ + উন্দ্ + র। ৬।১ সুধার সমুদ্র= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + ধ্ + আ + স্ + অ + ম্ + উ + দ্ + র্ + অ। বি.দ্র. : দ্ + র্ + অ= দ্র।

সুধাসার : অমৃতবৃষ্টি। বি। তৎসম। সুধা ['সুধা' দ্রষ্টব্য] + আসার [আ + সৃ + অ]। ৬।১ [সন্ধি] আ + আ= আ [ধা]। ২।১।ঘ সুধার আসার [বৃষ্টিপাত] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + ধ্ + আ + স্ + আ + র্ + অ।

সুধাসিন্ধু : অমৃতসাগর। বি। তৎসম। সুধা ['সুধা' দ্রষ্টব্য] + সিন্ধু [স্যন্দ্ + উ, দ্= ধ্]। ৬।১ সুধার সিন্ধু [সমুদ্র]। সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + ধ্ + আ + স্ + ই + ন্ + ধ্ + উ। বি.দ্র. : ন্ + ধ্ + উ= ন্ধু।

সুধী : বিদ্বান, সুবুদ্ধি। বিণ। তৎসম। সু + ধী [ধ্যৈ + ক্বিপ্]। ৬।১ সুধী [মেধা, মতি] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ধ্ + ঈ। বি.দ্র. : ধ্ + ঈ= ধী।

সুধীর : অত্যন্ত ধীরস্বভাব। বিণ। তৎসম। সু + ধী [ধ্যৈ + ক্বিপ্] + রা + অ। ৬।১ সু [উত্তম] ধী [মেধা, মতি] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ধ্ + ঈ + র্ + অ। বি.দ্র. : ধ্ + ঈ= ধী।

সুনজর : সুদৃষ্টি। বি। বিদেশী। সু + নজর [আ. নজর]। সু নজর [দৃষ্টি]= সুপ্‌সুপা, বানান: স্ + উ + ন্ + অ + জ্ + অ + র্। বি.দ্র. : শব্দান্তের 'র' হসন্তবর্জিত।

সুনয়ন : সুন্দর চক্ষুবিশিষ্ট। বিণ। তৎসম। সু + নয়ন [নী + অন]। ৬।১ সু নয়ন যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ন্ + অ + য্ + অ + ন্ + অ।

সুনয়না, সুনয়নী : সুন্দর চক্ষুবিশিষ্টা। বিণ। তৎসম। সুনয়ন ['সুনয়ন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী], ঈ [স্ত্রী]। ৭।১।ক, ৭।১।গ সু [সুন্দর] নয়ন যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ন্ + অ + য্ + অ + ন্ + আ, ঈ।

সুনাভ : সুন্দর নাভিযুক্ত। বিণ। তৎসম। সু + নাভি [নহ্ (বন্ধন করা, যেমন : নাড়ির বন্ধন) + ই]। ৬।১ সু [সুন্দর] নাভি যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ন্ + আ + ভ্ + অ।

সুনাম : যশ। বি। তৎসম। সু [খ্যাতিযুক্ত] নাম [নামন্]। সু [খ্যাতিযুক্ত] নাম= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ন্ + আ + ম্ + অ।

সুনিপুণ : অতি নিপুণ। বিণ। তৎসম। সু + নিপুণ [নি + পুণ্ [শুভকর্ম করা) + অ]। ৬।১ সু নিপুণ= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ন্ + ই + প্ + উ + ণ্ + অ। বি.দ্র. : 'নিপুণ' শব্দের 'ণ' স্বাভাবিক 'ণ'।

সুনিপুণা : অতি নিপুণা। বিণ। তৎসম। সুনিপুণ ['সুনিপুণ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + উ + ন্ + ই + প্ + উ + ণ্ + আ। বি.দ্র. : 'নিপুণ' শব্দের 'ণ' স্বাভাবিক 'ণ'।

সুনিয়ন্ত্রণ : সুষ্ঠু নিয়ন্ত্রণ। বি। তৎসম। সু + নিয়ন্ত্রণ [নি + যন্ত্র্ + অন]। ৬।১ সু [সুষ্ঠু] নিয়ন্ত্রণ= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ন্ + ই + য্ + অ + ন্ + ত্ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + র্ + অ= ন্ত্র। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সুনিয়ন্ত্রিত : সংযমিত। বিণ। তৎসম। সু + নি + যন্ত্র্ + ত। ৬।১ সু [সুষ্ঠুভাবে] নিয়ন্ত্রিত= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ন্ + ই + য্ + অ + ন্ + ত্ + র্ + ই + ত্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + র্ + ই= ন্ত্রি।

সুনিয়ম : উত্তম নিয়ম। বি। তৎসম। সু + নিয়ম [নি + যম্ (দমন করা) + অ]। ৬।১ সু নিয়ম = সুপ্‌সুপা। বানান: স্ + উ + ন্ + ই + য্ + অ + ম্ + অ।

সুনির্দিষ্ট : স্পষ্টভাবে। উল্লেখিত বিণ। তৎসম। সু

+ নির্দিষ্ট [নির্ + দিশ্ + ত]। ৬।১ [সন্ধি]: [র্] + দি= র্দি। ২।৩৮ সু নির্দিষ্ট= সুপ্সুপা। বানান: স্ + উ + ন্ + ই + র্ + দ্ + ই + ষ্ + ট্ + অ। বি.দ্র.: র্ + দ্ + ই= র্দি, ষ্ + ট্ + অ= ষ্ট, 'ই'-র পর 'ষ' হয়েছে এবং ষ্ + ত= ষ্ট হয়েছে। ২।২৪

সুনিশ্চয়: নিঃসন্দেহ, সুনিশ্চিত। বি, বিণ, ক্রি-বিণ। সু + নিশ্চয় [নিঃ + চয়্ (চি + অ)]। ৬।১ [সন্ধি] ঃ+চ= শ্চ। ২।৩৪ সু নিশ্চয়= সুপ্সুপা। বানান: স্ + উ + ন্ + ই + শ্ + চ্ + অ + য্ + অ।

সুনীতি: উৎকৃষ্টনীতি। বি। তৎসম। সু + নীতি [নী + তি]। ৬।১ সু [উৎকৃষ্ট] নীতি= সুপ্সুপা। বানান: স্ + উ + ন্ + ঈ + ত্ + ই। 'নী' ধাতুর সঙ্গে 'তি' প্রত্যয় যুক্ত হয়েছে। আগে 'ঈ', পরে 'ই'।

সুনীল: গাঢ়নীল। বিণ। তৎসম। সু + নীল [নীল + অ]। ৬।২ সু [অতি] নীল= সুপ্সুপা। বানান: স্ + উ + ন্ + ঈ + ল্ + অ। বি.দ্র.: ন্ + ঈ= নী।

সুন্দ: অসুর। বি। তৎসম। সুন্দ্ + অ। ৬।১ বানান: স্ + উ + ন্ + দ্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ।

সুন্দর: শোভন, রূপবান। বিণ। তৎসম। সুন্দ্ + অর। ৬।১ বানান: স্ + উ + ন্ + দ্ + অ + র্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ।

সুন্দরী: রূপবতী, সুন্দরবন-জাত গাছ। বিণ। তৎসম। সুন্দ্ + অর + ঈ [স্ত্রী] ৬।১, ৭।১।গ বানান: স্ + উ + ন্ + দ্ + অ + র্ + ঈ।

সুন্নত, সুন্নৎ: মুসলমান ও ইহুদীদের লিঙ্গত্বক্‌ছেদন। বি। বিদেশী। <আ. সুন্নৎ। বাংলা বানান: স্ + উ + ন্ + ন্ + অ + [ত্ + অ], ৎ। বি.দ্র.: ন্ + ন্ + অ= ন্ন।

সুন্নি, সুন্নী: হজরত আলীর আগের তিনজন খলিফার অনুগামী মুসলমান সম্প্রদায়। বি। বিদেশী। <আ. সুন্নি। বাংলা বানান: স্ + উ + ন্ + ন্ + ই, ঈ। বি.দ্র.: ন্ + ন্ + ই= ন্নি, ন্ + ন্ + ঈ= ন্নী।

সুপ: ঝোল। বি। বিদেশী। <ইং. soup. বাংলা বানান: স্ + উ + প্। বি.দ্র.: শব্দান্তের 'প্' হসন্তবর্জিত।

সুপক্ক: সম্পূর্ণ বা উত্তমরূপে পক্ক। বিণ। তৎসম। সু + পক্ক [পচ্ (পেকে যাওয়া) + ত। ৬।১ সু [পরিপূর্ণ] পক্ক= সুপ্সুপা। বানান: স্ + উ + প্ + অ + ক্ + ব্ + অ। বি.দ্র.: ক্ + ব্ + অ= ক্ক।

সুপথ: সৎপথ। বি। তৎসম। সু + পথ [পথ্ + অ]। ৬।১ সু [সৎ] পথ= সুপ্সুপা। বানান: স্ + উ + প্ + অ + থ্ + অ।

সুপর্ণ: সুন্দর পত্রযুক্ত, ডানাযুক্ত। বিণ। তৎসম। সু + পর্ণ [পৃ + ন] অথবা [পর্ণি + অ]। ৬।১ সু [সুন্দর] পর্ণ যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + প্ + অ + র্ + ণ্ + অ। বি.দ্র.: 'র্'-এর পর 'ণ' হয়েছে এবং র্ + ণ= র্ণ।

সুপাচ্য: লঘুপাক। বিণ। তৎসম। সু + পাচ্য [পচ্ [হজম হওয়া] + য [যৎ]। ৬।১ সু [সহজে] পাচ্য [হজমের যোগ্য]= সুপ্সুপা। ৬।১ বানান: স্ + উ + প্ + আ + চ্ + য্ + অ। বি.দ্র.: চ্ + য্ + অ= চ্য।

সুপাত্র: বিবাহের উত্তম পাত্র। বি। তৎসম। সু + পাত্র [পা + ত্র]। ৬।১ সু [সৎ] পাত্র = সুপ্সুপা। বানান: স্ + উ + প্ + আ + ত্ + র্ + অ। বি.দ্র.: ত্ + র্ + অ= ত্র।

সুপাত্রী: বিবাহের উৎকৃষ্টা পাত্রী। বি। তৎসম। সুপাত্র ['সুপাত্র' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। বানান: স্ + উ + প্ + আ + ত্ + র্ + ঈ। বি.দ্র.: ত্ + র্ + ঈ= ত্রী।

সুপারি: গুবাক। বি। দেশী। বানান: স্ + উ + প্ + আ + র্ + ই।

সুপারিন্টেন্ডেন্ট : তত্ত্বাবধায়ক। বি। বিদেশী। <ই. Superintendent. বাংলা বানান : স্ + উ + প্ + আ + র্ + ই + ন্ + ট্ + এ + ন্ + ড্ + এ + ন্ + ট্। বি.দ্র. : ন্ + ট্ + এ= ন্টে, ন্ + ড্ + এ= ন্ডে, ন্ + ট্ = ন্ট। বিদেশী শব্দে 'ট' ও 'ড'-এর আগে 'ন' হয়েছে। শব্দান্তের 'ন্ট' হসন্তবর্জিত।

সুপারিশ : পরের জন্য অনুরোধ। বি। বিদেশী। <ফা. সিফারিশ্। বাংলা বানান : স্ + উ + প্ +আ + র্ + ই + শ্। বি.দ্র. : শব্দান্তের 'শ' হসন্তবর্জিত।

সুপুত্র : গুণবান্ ছেলে। বি। তৎসম। সু + পুত্র [পুৎ + ত্রৈ + অ]। ৬।১ সু [গুণবান] পুত্র= সুপ্‌সুপা। বানান : স্ + উ + প্ + উ + ত্ + র্ + অ।

সুপুরুষ : সুন্দর পুরুষ। বি। তৎসম। সু + পুরুষ [পৃ + উষ]। ৬।১ সু [উত্তম] পুরুষ= সুপ্‌সুপা। বানান : স্ + উ + প্ + উ + র্ + উ + ষ্ + অ। বি.দ্র. : র্ + উ= রু, উ-র পর ষ হয়েছে।

সুপ্ত : নিদ্রিত। বিণ। তৎসম। স্বপ্ [নিদ্রা যাওয়া] + ত। ৬।১ বানান : স্ + উ + প্ + ত্ + অ। বি.দ্র. : প্ + ত্ + অ= প্ত।

সুপ্তা : নিদ্রিতা। বিণ। তৎসম। সুপ্ত ['সুপ্ত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + উ + প্ + ত্ + আ। বি.দ্র. : প্ + ত্ + আ= প্তা।

সুপ্তি : নিদ্রা। বি। তৎসম। স্বপ্ [নিদ্রা যাওয়া] + তি। ৬।১ বানান : স্ + উ + প্ + ত্ + ই। বি.দ্র. : প্ + ত্ + ই= প্তি।

সুপ্তোত্থিত : ঘুম থেকে জাগরিত। বিণ। তৎসম। সুপ্ত [স্বপ্ + ত] + উত্থিত [উৎ + স্থিত (স্থা +ত)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [প্তো]। ২।৫।ক উৎ + স্থি= উৎ + থি= উত্থি। ২।২৭ পূর্বে সুপ্ত পশ্চাৎ উত্থিত= কর্মধা। ৩।২ বানান : স্ + উ + প্ + ত্ + ও + ত্ + থ্ + ই + ত্ + অ। প্ + ত + ও= প্তো, ত্ + থ্ + ই= ত্থি।

সুপ্তোত্থিতা : ঘুম থেকে জাগরিতা। বিণ। তৎসম। সুপ্তোত্থিত ['সুপ্তোত্থিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + উ + প্ + ত্ + ও + ত্ + থ্ + ই + ত্ + আ। বি.দ্র. : প্ + ত্ + ও= প্তো, ত্ + থ্ + ই= ত্থি, ত্ + আ= তা।

সুপ্রকাশ : স্পষ্টভাবে প্রকাশিত। বিণ। তৎসম। সু [উত্তমরূপে] + প্রকাশ [সু + প্র + কাশ্ + অ]। ৬।১ সু [উজ্জ্বল] প্রকাশ= সুপ্‌সুপা। বানান : স্ + উ + প্ + র্ + অ + ক্ + আ + শ্। প্ + র্ + অ= প্র।

সুপ্রতিষ্ঠ : উত্তমরূপে স্থাপিত। বিণ। তৎসম। সু + প্রতিষ্ঠ [প্রতি + স্থা + অ]। ৬।১ সু [উত্তমরূপে] প্রতিষ্ঠ= সুপ্‌সুপা। বানান : স্ + উ + প্ + র্ + অ + ত্ + ই + ষ্ + ঠ্ + অ। বি.দ্র. : প্ + র্ + অ= প্র, ষ্ + ঠ্ + অ= ষ্ঠ। ঠ-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ঙ

সুপ্রভ : উজ্জ্বল প্রভাযুক্ত। বিণ। তৎসম। সু + প্রভ [প্র + ভা + অ]। ৬।১ সু [উজ্জ্বল] প্রভ [প্রভাযুক্ত]= সুপ্‌সুপা। বানান : স্ + উ + প্ + র্ + অ + ভ্ + অ। বি.দ্র. : প্ + র্ + অ= প্র।

সুপ্রভা : উজ্জ্বল প্রভাযুক্তা। বিণ। তৎসম। সুপ্রভ ['সুপ্রভ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৪।১।ক বানান : স্ + উ + প্ + র্ + অ + ভ্ + আ। বি.দ্র. : প্ + র্ + অ= প্র।

সুপ্রভাত : শুভ প্রভাত। বি। তৎসম। সু + প্রভাত [প্র + ভা + ত]। ৬।১ সু [শুভ] প্রভাত= সুপ্‌সুপা। বানান : স্ + উ + প্ + র্ + অ + ভ্ + আ + ত্ + অ।

সুপ্রযুক্ত : উত্তমরূপে প্রযুক্ত। বিণ। তৎসম। সু + প্রযুক্ত [প্র + যুজ্ + ত]। ৬।১ সু প্রযুক্ত [প্র + যুজ্ + ত]। ৬।১ স [উত্তমরূপে] প্রযুক্ত=

সুপ্সুপা। বানান: স্ + উ + প্ + র্ + অ + য্ + উ + ক্ + ত্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ= প্র, ক্ + ত্ + অ= ক্ত।

সুপ্রয়োগ: উত্তমরূপে প্রয়োগ। বি। তৎসম। সু + প্রয়োগ [প্র + যোগ (যুজ্ + অ)]। ৬।১ সু [উত্তমরূপে] প্রয়োগ= সুপ্সুপা। বানান: স্ + উ + প্ + র্ + অ + য্ + ও + গ্ + অ।

সুপ্রশস্ত। সুযোগ্য, খুব চওড়া। বিণ। তৎসম। সু + প্রশস্ত [প্র + শন্স্ + ত]। ৬।১ সু [অতিশয়] প্রশস্ত= সুপ্সুপা। বানান: স্ + উ + প্ + র্ + অ + শ্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ= প্র, স্ + ত্ + অ= স্ত।

সুপ্রসন্ন: অতি প্রসন্ন। বিণ। তৎসম। সু প্রসন্ন [প্র + সদ্ + ত]। ৬।১ সু [অতিশয়] প্রসন্ন= সুপ্সুপা। বানান: স্ + উ + প্ + র্ + অ + স্ + অ + ন্ + ন্ + অ। বি.দ্র.: ন্ + ন্ + অ= ন্ন।

সুপ্রসব: নির্বিঘ্নে প্রসব। বি। তৎসম। সু + প্রসব [প্র + সূ [প্রসব করা) + অ]। ৬।১ সু [নির্বিঘ্নে] প্রসব= সুপ্সুপা। বানান: স্ + উ + প্ + র্ + অ + স্ + অ + ব্ + অ। বি.দ্র.: প্ + র্ + অ + স্ + অ + ব্ + অ।

সুপ্রসিদ্ধ: অতি বিখ্যাত। বিণ। তৎসম। সু + প্রসিদ্ধ [প্র + সিধ্ + ত]। ৬।১ সু [অতিশয়] প্রসিদ্ধ= সুপ্সুপা। বানান: স্ + উ + প্ + র্ + অ + স্ + ই + দ্ + ধ্ + অ। বি.দ্র.: দ্ + ধ্ + অ= দ্ধ।

সুপ্রাপ্য: সুলভ। বিণ। তৎসম। সু + প্রাপ্য [প্র + আপ্ + য (যৎ)]। ৬।১ সু [সহজে] প্রাপ্য= সুপ্সুপা। বানান: স্ + উ + প্ + র্ + আ + প্ + য্ + অ। বি.দ্র.: প্ + র্ = আ= প্রা, প্ + য্ + অ= প্য।

সুপ্রিয়: অতি প্রিয়। বিণ। তৎসম। সু + প্রিয় [প্রী + অ]। ৬।১ সু [অতি] প্রিয়= সুপ্সুপা। বানান: স্ + উ + প্ + র্ + ই + য্ + অ। বানান: প্ + র্ + ই= প্রি।

সুপ্রিয়া: অতি প্রিয় স্ত্রীলোক। বি। তৎসম। সুপ্রিয় ['সুপ্রিয়' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + উ + প্ + র্ + ই + য্ + আ। বি.দ্র.: প্ + র্ + ই= প্রি।

সুপ্রীম কোর্ট: রাষ্ট্রের সর্বোচ্চ বিচারালয়। বি। বিদেশী। < ইং. Superme Court. বাংলা বানান: স্ + উ + প্ + র্ + ঈ + ম্ + ক্ + ও + র্ + ট্। বি.দ্র.: শব্দান্তের 'ম' এবং 'ট' হসন্তবর্জিত। প্ + র্ + ঈ= প্রী।

সুফল: শুভ ফল। বি। তৎসম। সু + ফল [ফল্ + অ]। ৬।১ সু [আশানুরূপ বা আশাতিরিক্ত] ফল = সুপ্সুপা। বানান: স্ + উ + ফ্ + অ + ল্ + অ।

সুফলদায়ক: শুভ ফলদায়ক। বিণ। তৎসম। সুফল ['সুফল' দ্রষ্টব্য] + দায়ক [দা (দেওয়া) + অক]। ৬।১ সুফল দেয় যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + উ + ফ্ + অ + ল্ + অ + দ্ + আ + য্ + অ + ক্ + অ।

সুফলপ্রসূ: শুভ ফলদায়ক। বিণ। তৎসম। সুফল ['সুফল' দ্রষ্টব্য] + প্রসূ [প্র + সূ + ক্বিপ্]। ৬।১ সুফল প্রসব করে যা= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + উ + ফ্ + অ + ল্ + অ + প্ + র্ + অ + স্ + ঊ। বি.দ্র.: প্ + র্ + অ= প্র, স্ + ঊ= সূ।

সুফলা: শ্রেষ্ঠ ফলপ্রসবিনী। বিণ। তৎসম। সুফল ['সুফল' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক সু [আশাতিরিক্ত] ফল যার [স্ত্রী]= বহুব্রী। বানান: স্ + উ + ফ্ + অ + ল্ + আ।

সুফি, সুফী: অজ্ঞেয়-সন্ধানী [mystic] মুসলমান ধর্মসম্প্রদায়। বি। বিদেশী। < আ. সূফী। বাংলা বানান: স্ + উ + ফ্ + ই, ঈ। বি.দ্র.: ফ্ + ই= ফি, ফ্ + ঈ= ফী।

সুবচন: হিতকর কথা। বি। তৎসম। সু + বচন

[বচ্ + অন]। ৬।১ সু [হিতকর] বচন= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ব্ + অ + চ্ + অ + ন্ + অ।

সুবচনী : শুভচণ্ডী। বি। তদ্ভব। < সং. শুভসূচনী। বানান: স্ + উ + ব্ + অ + চ্ + অ + ন্ + ঈ।

সুবচনী : মধুরভাষিণী। বি। তদ্ভব। সু + বচন + বাং. ঈ [স্ত্রী]। সু [মধুর] বচন [কথা] যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ব্ + অ + চ্ + অ + ন্ + ঈ।

সুবদনা : সুন্দর মুখশ্রীযুক্তা। বিণ। তৎসম। সু + বদনী [বদ্ + অন + আ] ৬।১, ৭।১।গ সু [সুন্দর] বদন [মুখ] যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ব্ + অ + দ্ + অ + ন্ + আ।

সুবন্ত : 'সুপ্' শব্দবিভক্তিযুক্ত। বিণ। তৎসম। সুপ্ + অন্ত। ৬।২ অন্তে সুপ্ [শব্দ-বিভক্ত] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ব্ + অ + ন্ + ত্ + অ।

সুবন্দোবস্ত : উত্তম বন্দোবস্ত। বি। মিশ্র। তৎসম + বিদেশী]। সং. সু + ফা. বন্দ্-ও-বস্ত্। বাংলা বানান: স্ + উ + ব্ + অ + ন্ + দ্ + ও + ব্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + ও= ন্দো, স্ + ত্ + অ= স্ত।

সুবর্ণ : সোনা। বি। তৎসম। সু + বর্ণ [বর্ণ্ + অ]। ৩।৫ বানান: স্ + উ + ব্ + অ + র্ + ণ্ + অ। বি.দ্র.: 'র্'-এর পর 'ণ' হয়েছে, র্ + ণ্ + অ= র্ণ।

সুবর্ণকার : সেকরা। বি। তৎসম। সুবর্ণ ['সুবর্ণ' দ্রষ্টব্য] + কার [কৃ + অ]। ৬।১ সুবর্ণ [সুবর্ণের কাজ] করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + উ + ব্ + অ + র্ + ণ্ + অ + ক্ + আ + র্ + অ। বি.দ্র.: র্ + ণ্ + অ= র্ণ।

সুবর্ণজয়ন্তী : পঞ্চাশ বর্ষ-পূর্তি উৎসব। বি। তৎসম। সুবর্ণ ['সুবর্ণ' দ্রষ্টব্য] + জয়ন্তী [জি + অৎ (শতৃ) + ঈ]। ৬।১ বানান: স্ + উ + ব্ + অ + র্ + ণ্ + অ + জ্ + অ + য্ + অ + ন্ + ত্ + ঈ। বি.দ্র.: ন্ + ত্ + ঈ= ন্তী।

সুবর্ণবণিক : সোনার বেনে। বি। তৎসম। সুবর্ণ ['সুবর্ণ' দ্রষ্টব্য] + বণিক্ [বণ্ + ইজ্]। সুবর্ণের [সোনার] বণিক [ব্যবসায়ী]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + ব্ + অ + র্ + ণ্ + অ + ব্ + অ + ণ্ + ই + ক্। বি.দ্র.: শব্দান্তের 'ক' বাংলায় হসন্তবর্জিত।

সুবর্ণময় : সোনায় তৈরী। বিণ। তৎসম। সুবর্ণ ['সুবর্ণ' দ্রষ্টব্য] + ময় [ময়ট্]। ৬।২ সুবর্ণের দ্বারা ময় [পূর্ণ]= করণতৎ। ৩।৩ বানান: স্ + উ + ব্ + অ + র্ + ণ্ + অ + ম্ + অ + য় + অ।

সুবলিত : সুগঠিত। বিণ। তৎসম। সুবল [(সুগঠন) সু + বল্ + অ] + ইত। ৬।১, ৬।২ বানান: স্ + উ + ব্ + অ + ল্ + ই + ত্ + অ।

সুবা : প্রদেশ। বি। বিদেশী। < আ. সূবা। বাংলা বানান: স্ + উ + ব্ + আ।

সুবাক্য : মধুর কথা। বি। তৎসম। সু + বাক্য [বচ্ + য (যৎ)]। ৬।১ সু [মধুর] বাক্য= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ব্ + আ + ক্ + য্ + অ। বি.দ্র.: ক্ + য্ + অ= ক্য।

সুবিচার : নিরপেক্ষ বিচার। বি। তৎসম। সু + বিচার [বি + চর্ + ণিচ্ + অ]। ৬।১ সু [নিরপেক্ষ] বিচার= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ব্ + ই + চ্ + আ + র্ + অ।

সুবিচারক : যিনি সুবিচার করেন। বি, বিণ। তৎসম। সু + বিচারক [বি + চর্ + ণিচ্ + ক]। ৬।১ সু [নিরপেক্ষ] বিচারক= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ব্ + ই + চ্ + আ + র্ + অ + ক্ + অ।

সুবিদিত : সুপরিজ্ঞাত। বিণ। তৎসম। সু + বিদিত [বিদ্ (জানা) + ত]। ৬।১ সু [উত্তমরূপে] বিদিত= সুপ্সুপা। বানান: স্ + উ + ব্ + ই + দ্ + ই + ত্ + অ।

সুবিধা : সহজ উপায়। বি। তৎসম। সু + বিধা [বিধ্ + অ + আ]। ৬।১ সু [উত্তম] বিধা [উপায়]= সুপ্সুপা। বানান: স্ + উ + ব্ + ই + ধ্ + আ।

সুবিধাবাদী : নীতিহীন ভাগ্যান্বেষী। বিণ। তৎসম। সুবিধা ['সুবিধা' দ্রষ্টব্য] + বাদী [বদ্ (বলা) + ইন্ (ঈ)]। ৬।১ সুবিধাবাদ অনুসরণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + উ + ব্ + ই + ধ্ + আ + ব্ + আ + দ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কাবান্ত।

সুবিনীত : অত্যন্ত বিনীত। বিণ। তৎসম। সু + বিনীত [বি + নী (আনা) + ত]। ৬।১ সু [অতিশয়] বিনীত= সুপ্সুপা। বানান: স্ + উ + ব্ + ই + ন্ + ঈ + ত্ + অ। বি.দ্র.: ব্ + ই= বি, ন্ + ঈ= নী।

সুবিনীতা : অত্যন্ত নম্রা। বিণ। তৎসম। সুবিনীত ['সুবিনীত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + উ + ব্ + ই + ন্ + ঈ + ত্ + আ। বি.দ্র.: ব্ + ই= বি, ন্ + ঈ= নী।

সুবিন্যস্ত : সুসজ্জিত। বিণ। তৎসম। সু + বিন্যস্ত [বি + নি + অস্ + ত]। ৬।১ সু [অতিশয়] বিন্যস্ত = সুপ্সুপা। বানান: স্ + উ + ব্ + ই + ন্ + য্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র.: ন্ + য্ + অ= ন্য, স্ + ত্ + অ= স্ত।

সুবিন্যাস : সুন্দরভাবে সাজানো। বি। তৎসম। সু + বিন্যাস [বি + নি + আস + (অস্+অ)]। ৬।১ [সন্ধি] ই + আ= যা [ন্যা]। ২।৭।খ সু [সুন্দর] বিন্যাস [সজ্জা]= সুপ্সুপা। বানান: স্ + উ + ব্ + ই + ন্ + য্ + আ + স্ + অ। বি.দ্র.: ন্ + য্ + আ= ন্যা।

সুবিপুল : অতি বিশাল। বিণ। তৎসম। সু + বিপুল [বি + পুল (বৃদ্ধি পাওয়া) + অ]। ৬।১ সু [অতিশয়] বিপুল [বিশাল]= সুপ্সুপা। বানান: স্ + উ + ব্ + ই + প্ + উ + ল্ + অ।

সুবিপুলা : অতিকায়া। বিণ। তৎসম। সুবিপুল ['সুবিপুল' দ্রষ্টব্য] আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: স্ + উ + ব্ + ই + প্ + উ + ল্ + আ।

সুবিমল : অতিশয় নির্মল। বিণ। তৎসম। সু + বিমল [বি + মল্ + অ]। ৬।১ সু [অতিশয়] বিমল [নির্মল]= সুপ্সুপা। বানান: স্ + উ + ব্ + ই + ম্ + অ + ল্ + অ।

সুবিশাল : অতি প্রকাণ্ড। বিণ। তৎসম। সু + বিশাল [বি + শাল্ + অ]। ৬।১ সু [অতিশয়] বিশাল [বৃহৎ]= সুপ্সুপা। বানান: স্ + উ + ব্ + ই + শ্ + আ + ল্ + অ।

সুবিস্তীর্ণ : অতি বিস্তৃত। বিণ। তৎসম। সু + বিস্তীর্ণ [বি + স্তৃ + ত]। ৬।১ সু [অত্যন্ত] বিস্তীর্ণ = সুপ্সুপা। বানান: স্ + উ + ব + ই + স্ + ত্ + ঈ + র্ + ণ্ + অ। বি.দ্র.: স্ + ত্ + ঈ= স্তী, র্ + ণ্ + অ= র্ণ।

সুবিস্তৃত : অতি বিস্তৃত। বিণ। তৎসম। সু + বিস্তৃত [বি + স্তৃ + ত]। ৬।১ সু [অতিশয়] বিস্তৃত= সুপ্সুপা। বানান: স্ + উ + ব্ + ই + স্ + ত্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: স্ + ত্ + ঋ= স্তৃ।

সুবিহিত : যথাবিহিত। বিণ। তৎসম। সু + বিহিত [বি + ধা + ত]। ৬।১ সু [সম্যগ্‌ভাগে] বিহিত= সুপ্সুপা। বানান: স্ + উ + ব্ + ই + হ্ + ই + ত্ + অ।

সুবুদ্ধি : উত্তম বুদ্ধিযুক্ত। বিণ। তৎসম। সু + বুদ্ধি [বুধ্ + তি]। ৬।১ সু [উত্তম] বুদ্ধি যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ব্ + উ + দ্ + ধ্ + ই। বি.দ্র.: দ্ + ধ্ + ই= দ্ধি।

সুবৃষ্টি : সুপরিমিত বর্ষণ। বি। তৎসম। সু + বৃষ্টি [বৃষ্ + তি]। ৬।১ সু [পরিমিত] বৃষ্টি= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ব্ + ঋ + ষ্ + ট্ + ই। বি.দ্র.: ব্ + ঋ = বৃ, ষ্ + তি= ষ্টি। ২।২৪

সুবৃহৎ : অতি বৃহৎ। বিণ। তৎসম। সু + বৃহৎ [বৃহ্ (বৃদ্ধি পাওয়া)] + অৎ [শতৃ]। ৬।১ সু [অতি] বৃহৎ= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ব্ + ঋ + হ্ + অ + ৎ। বি.দ্র.: ব্ + ঋ = বৃ।

সুবে : সুবা। বি। বিদেশী। < আ. সুবা। বাংলা বানান: স্ + উ + ব্ + আ। সুবা > সুবে [স্ + উ + ব্ + এ]।

সুবেশ : উত্তম পোশাকে সজ্জিত। বিণ। তৎসম। সু + বেশ [বিশ্ + অ]। ৬।১ সু [উত্তম] বেশ যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ব্ + এ + শ্ + অ।

সুবেশা : উত্তম সাজে সজ্জিতা। বিণ। তৎসম। সুবেশ ['সুবেশ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৬।১ ৭।১।ক বানান: স্ + উ + ব্ + এ + শ্ + আ।

সুবোধ : সুবুদ্ধি। বিণ। তৎসম। সু + বোধ [বুধ্ + অ]। ৬।১ সু [সূক্ষ্ম] বোধ [বোধশক্তি] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ব্ + ও + ধ্ + অ।

সুবোধ্য : সহজ বোধ। বিণ। তৎসম। সু + বোধ্য [বুধ্ + য (যৎ)]। ৬।১ সু [সহজে] বোধ্য= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ব্ + ও + ধ্ + য্ + অ। বি.দ্র.: ধ্ + য্ + অ= ধ্য।

সুব্যবস্থা : নিখুঁত ব্যবস্থা। বি। তৎসম। সু + ব্যবস্থা [বি + অব + স্থা + অ + আ]। ৬।১ সু [ত্রুটিহীন] ব্যবস্থা= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ব্ + য্ + অ + ব্ + অ + স্ + থ্ + আ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, স্ + থ্ + আ= স্থা।

সুব্যবস্থিত : উত্তম ব্যবস্থাযুক্ত। বিণ। তৎসম। সু + ব্যবস্থিত [বি + অব + স্থা + ত]। ৬।১ সু [ত্রুটিহীন] ব্যবস্থিত= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ব্ + য্ + অ + ব্ + অ + স্ + থ্ + ই + ত্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য, স্ + থ্ + ই= স্থি।

সুব্রত : নিষ্ঠা সহকারে ব্রতপালনকারী। বি। তৎসম। সু + ব্রত [বৃ + অত]। ৬।১ সু [যথাবিধি] ব্রত যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ব্ + র্ + অ + ত্ + অ। বি.দ্র.: ব্ + র্ + অ= ব্র।

সুব্রতা : নিষ্ঠা সহকারে ব্রতপালনকারিণী। বিণ। তৎসম। সুব্রত ['সুব্রত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + উ + ব্ + র্ + অ + ত্ + আ। বি.দ্র.: ব্ + র্ + অ= ব্র, ত্ + আ= তা।

সুব্রাহ্মণ : সৎ ব্রাহ্মণ। বি। তৎসম। সু + ব্রাহ্মণ [ব্রহ্মণ্ + অ]। ৬।১ সু [নিষ্ঠাবান] ব্রাহ্মণ= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ব্ + র্ + আ + হ্ + ম্ + অ + ণ্ + অ। বি.দ্র.: ব্ + র্ + আ= ব্রা, হ্ + ম্ + অ= হ্ম, ণ্ + অ= ণ। 'র্' ও 'ন্'-এর মধ্যে আ, হ্, ম্, ও অ থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

সুভগ : সৌভাগ্যশালী। বিণ। তৎসম। সু + ভগ [ভজ্ + অ]। ৬।১ সু [অতি প্রসন্ন] ভগ [ভাগ্য] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ভ্ + অ + গ্ + অ।

সুভগা : সৌভাগ্যশালিনী। বিণ। তৎসম। সুভগ ['সুভগ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + উ + ভ্ + অ + গ্ + আ।

সুভদ্র : অতিশয় শিষ্ট। বিণ। তৎসম। সু + ভদ্র [ভন্দ্ (কল্যাণ করা) + র]। ৬।১ সু [অতিশয়] ভদ্র= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ভ্ + অ + দ্ + র্ + অ। বি.দ্র.: দ্ + র্ + অ= দ্র।

সুভদ্রা : অতিশয় শিষ্টা। বিণ। তৎসম। সুভদ্র ['সুভদ্র' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + উ + ভ্ + অ + দ্ + র্ + আ। বি.দ্র.: দ্ + র্ + আ= দ্রা।

সুভাষ : মধুরভাষী। বি। তৎসম। সু + ভাষ [ভাষ্ (কথা বলা) + অ। ৬।১ সু [মধুর] ভাষ [কথা] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ভ্ + আ + ষ্ + অ। বি.দ্র.: 'ভাষ' শব্দের 'ষ্' স্বাভাবিক 'ষ'।

সুভাষিত : সুন্দরভাবে কথিত। বিণ। তৎসম। সু + ভাষিত [ভাষ্ [কথা বলা] + ত। ৬।১ সু [সুন্দরভাবে] ভাষিত [উক্ত]= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ভ্ + আ + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র.: 'ভাষ' শব্দে 'ষ' স্বাভাবিক 'ষ'।

সুভাষিণী : মধুরভাষিণী। বিণ। তৎসম। সু + ভাষিণী [ভাষ্ (কথা বলা) + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ সু [সুন্দরভাবে] কথা বলে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + উ + ভ্ + আ + ষ্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: 'ভাষ' শব্দে 'ষ' স্বাভাবিক 'ষ'। শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সুভাষী : মধুরভাষী। বিণ। তৎসম। সু + ভাষী [ভাষ্ + ইন্ (ঈ)]। ৬।১ সু [সুন্দরভাবে] কথা বলে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + উ + ভ্ + আ + ষ্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সুমঙ্গল : সুকল্যাণ। বি। তৎসম। সু + মঙ্গল [মঙ্গ্ (শুভ যাত্রা করা) + অল]। ৬।১ সু [অতিশয়] মঙ্গল= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ম্ + অ + ঙ্ + গ্ + অ + ল্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ= ঙ্গ।

সুমতি : সুমন। বি। তৎসম। সু + মতি [মন্ + ক্তি]। ৬।১ সু [সৎ] মতি যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ম্ + অ + ত্ + ই।

সুমধুর : অতি মধুর। বিণ। তৎসম। সু + মধুর [মধু + র]। ৬।২ সু [অতি] মধুর= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ম্ + অ + ধ্ + উ + র্ + অ।

সুমধ্যমা : সরু ও সুগঠিত কোমর-বিশিষ্টা। বিণ। তৎসম। সু + মধ্যমা [মধ্য + ম + আ (স্ত্রী)]। ৬।১ সু [সরু ও সুগঠিত] মধ্য [কোমর] যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ম্ + অ + ধ্ + য্ + অ + ম্ + আ। বি.দ্র.: ধ্ + য্ + অ= ধ্য।

সুমন : পুষ্প। বি। তৎসম। সু + মনস্ [ঃ], সু + মন্ + অ। ৬।১ যা শ্রী ধারণ করে মনকে প্রীত করে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + উ + ম্ + অ + ন্ + অ + ঃ। বি.দ্র.: আধুনিক বাংলায় বিসর্গ [ঃ] বর্জিত।

সুমনাঃ : উদারচেতা। বিণ। তৎসম। সু + মনস্ [নাঃ]। সু [অতি উদার] মন যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ম্ + অ + ন্ + আ + ঃ।

সুমন্ত্রণা : সৎ পরামর্শ। বি। তৎসম। সু + মন্ত্রণা [মন্ত্র + অন + আ]। ৬।১ সু [সৎ] মন্ত্রণা [পরামর্শ]= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ম্ + অ + ন্ + ত্ + র্ + অ + ণ্ + আ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ ন্ + ত্ + র্ + অ= ন্ত্র।

সুমন্দ : মৃদুমন্দ। বিণ। তৎসম। সু + মন্দ [মন্দ্ + অ]। ৬।১ সু [অতি] মন্দ [মৃদু]= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ম্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + অ= ন্দ।

সুমহৎ : অতি মহৎ। বিণ। তৎসম। সু + মহৎ [মহ্ (পূজা করা) + অৎ (শতৃ)]। ৬।১ সু [অতি] মহৎ = সুপ্‌সুপা। বানান: স্ + উ + ম্ + অ + হ্ + অ + ৎ।

সুমহতী : অতি মহিমাবিশিষ্টা। বিণ। তৎসম। সুমহৎ ['সুমহৎ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান:

স্ + উ + ম্ + অ + হ্ + অ + ত্ + ঈ।

সুমহান : অতি মহৎ। বিণ। তৎসম। সু + মহান [< মহৎ] সু [অতি] মহান= সুপ্সুপা। বানান : স্ + উ + ম্ + অ + হ্ + আ + ন্। বি.দ্র. : আধুনিক বাংলায় শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সুমার : গণনা। বি। বিদেশী। < ফা. শুমার্। বাংলা বানান : স্ + উ + ম্ + আ + র্ + অ।

সুমিতি : সামঞ্জস্যপূর্ণ পরিমাণ। [সং. সু + মিতি]। বি। তৎসম। সু + মিতি [মা + তি]। ৬।১ সু [উপযুক্ত] মিতি [পরিমিতি]= সুপ্সুপা। বানান : স্ + উ + ম্ + ই + ত্ + ই।

সুমিষ্ট : অতি মিষ্ট। বিণ। তৎসম। সু + মিষ্ট [মিষ্ + ত]। ৬।১ সু [অতিশয়] মিষ্ট= সুপ্সুপা। বানান : স্ + উ + ম্ + ই + ষ্ + ট্ + অ। বি.দ্র. : ষ্ + ত= ষ্ট। ২।২৪

সুমুখ : সম্মুখ। বি। তদ্ভব। < সম্মুখ। বানান : স্ + উ + ম্ + উ + খ্ + অ।

সুমুন্দি, সুমুন্দী : সম্বন্ধী। বি। অর্ধতৎ। < সম্বন্ধী। বানান : স্ + উ + ম্ + উ + ন্ + দ্ + ই, ঈ।

সুমেধাঃ : অতি মেধাবী। বিণ। তৎসম। সু + মেধাঃ [মেধস্]। সু মেধা যার = বহুব্রী। ৩।৫ 'অস্' —সমাসান্ত প্রত্যয়। বানান : স্ + উ + ম্ + এ + ধ্ + আ + ঃ।

সুমেরু : পৌরাণিক পর্বত, উত্তর মেরু। বি। তৎসম। সু + মেরু [মি (প্রক্ষেপণ করা) + রু]। ৬।১ সু [উত্তম] মেরু= সুপ্সুপা। উচ্চতার কারণে উজ্জ্বল জ্যোতি প্রক্ষেপণ করে। বানান : স্ + উ + ম্ + এ + র্ + উ।

সুমেরুবৃত্ত : উত্তরমেরু বেষ্টিত কল্পিত বৃত্তরেখা। বি। তৎসম। সুমেরু ['সুমেরু' দ্রষ্টব্য] + বৃত্ত [বৃত্ (বর্তমান থাকা) + ত]। ৬।১ সুমেরু-বেষ্টিত কল্পিত বৃত্ত= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + উ + ম্ + এ + র্ + উ + ব্ + ঋ + ত্ + ত্ + অ। বি. দ্র. : ব্ + ঋ= বৃ, + ত্ + ত্ + অ= ত্ত।

সুয়া, সুয়ো : সৌভাগ্যবতী। বিণ। তদ্ভব। < সং. সুভগা। বানান : স্ + উ + য়্ + আ, ও।

সুযুক্তি : উত্তম যুক্তি। বি। তৎসম। সু যুক্তি [যুজ্ (যোগ করা) + তি]। ৬।১ সু [উত্তম] যুক্তি= সুপ্সুপা। বানান : স্ + উ + য্ + উ + ক্ + ত্ + ই। বি. দ্র. : ক্ + ত্ + ই= ক্তি।

সুযোগ : অনুকূল সময়। তৎসম। সু + যোগ [যুজ্ (যোগ করা) + অ]। ৬।১ সু [উত্তম, শুভ, অনুকূল] যোগ = সুপ্সুপা। বানান : স্ + উ + য্ + ও + গ্ + অ।

সুযোগ-সন্ধানী : সুযোগান্বেষী। বিণ। তৎসম। সুযোগ ['সুযোগ' দ্রষ্টব্য] + সন্ধানী [সন্ধান (সম + ধা + অন) + ইন্ (ঈ)]। ৬।১ সু [অনুকূল] যোগ= সুপ্সুপা, সুযোগের সন্ধান জানে যে= উপপদতৎ। ৩।৩ বানান• স্ + উ + য্ + ও + গ্ + অ + স্ + অ + ন্ + ধ্ + আ + ন্ + ঈ। বি. দ্র. : ন্ + ধ্ + আ= ন্ধা, শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সুযোগ্য : উত্তম যোগ্যতাসম্পন্ন। বিণ। তৎসম। সু + যোগ্য [যুজ্ + য (যৎ)]। ৬।১ সু [উত্তম] যোগ্য [যোগ্যতাসম্পন্ন]= সুপ্সুপা বানান : স্ + উ + য্ + ও + গ্ + য্ + অ। বি.দ্র. : গ্ + য্ + অ= গ্য।

সুযোগ্যা : যথাযোগ্য। বিণ। তৎসম। সুযোগ্য ['সুযোগ্য' দ্রষ্টব্য] + আ [স্ত্রী] ৭।১।ক বানান : স্ + উ + য্ + ও + গ্ + য্ + আ। বি. দ্র. : গ্ + য্ + আ= গ্যা।

সুর : দেবতা। বি। তৎসম। সুর্ (আধিপত্য করা) + অ বা সু (উত্তম গুণ প্রকাশ করা) + র বা সুরা [মদ্য পান করা] + অ। বানান : স্ + উ + র্ + অ।

সুর : স্বর। বি। তৎসম। < সং. স্বর। বানান : স্ + উ + র্ + অ।

সুরকন্যা : দেবকন্যা। বি। তৎসম। সুর ['সুর' দ্রষ্টব্য] + কন্যা [কন্ (কামনা করা) + য (যৎ) + আ (স্ত্রী)। ৬।১ সুরের [দেবতার] কন্যা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + র্ + অ + ক্ + অ + ন্ + য্ + আ। বি. দ্র. : ন্ + য্ + আ= ন্যা।

সুরকি : ইটের গুঁড়া। বি। বিদেশী। < ফা. শুর্খী। বাংলা বানান: স্ + উ + র্ + ক্ + ই। বি. দ্র. : শব্দ-মধ্যের 'র' হসন্ত-বর্জিত।

সুরক্ষিত : উত্তমরূপে রক্ষিত। বিণ। তৎসম। সু + রক্ষিত [রক্ষ্ (রক্ষা করা) + ত]। ৬।১ সু [উত্তমরূপে] রক্ষিত = সুপ্‌সুপা। বানান : স্ + উ + র্ + অ + ক্ + ষ্ + ই + ত্ + অ। বি. দ্র. : ক্ + ষ্ + ই= ক্ষি।

সুরক্ষিতা : উত্তমরূপে রক্ষিতা। বিণ। তৎসম। সুরক্ষিত ['সুরক্ষিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক সু [উত্তমরূপে] রক্ষিতা= সুপ্‌সুপা। বানান: স্ + উ + র্ + অ + ক্ + ষ্ + ই + ত্ + আ। বি. দ্র. : ক্ + ষ্ + ই= ক্ষি।

সুরগুরু : বৃহস্পতি। বি। তৎসম। সুর [সুর্ (আধিপত্য করা) + অ] + গুরু [গৃ (স্তুতি করা) + উ = গুর্ + উ। ৫।১ সুরদের গুরু [বৃহস্পতি]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + র্ + অ + গ্ + উ + র্ + উ। বি. দ্র. : গ্ + উ = গু।

সুরঙ্গ : সুড়ঙ্গ। বি। তৎসম। সু + রঙ্গ [রন্‌জ্ + অ]। ৬।১ সু [উত্তম] রঙ্গ [রং] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + র্ + অ + ঙ্ + গ্ + অ। বি. দ্র. : ঙ্ + গ্ + অ= ঙ্গ।

সুরঞ্জিত : সুন্দররূপে রঞ্জিত। বিণ। তৎসম। সু + রঞ্জিত [রন্‌জ্ + ত]। ৬।১ সু [উত্তমরূপে রঞ্জিত= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + র্ + অ + ঞ্ + জ্ + ই + ত্ + অ। বি. দ্র. : ঞ্ + জ্ + ই = ঞ্জি।

সুরত : রতিক্রীড়া। (রতিক্রীড়া করা) বি। তৎসম। সু + রত [রম্ + ত]। ৬।১ সু [উত্তম] রতি [আসক্তি] যাতে = বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + র্ + অ + ত্ + অ।

সুরতহাল : ঘটনার প্রকৃত অবস্থা। বি। বিদেশী। সুরত [< আ. সুরৎ] + হাল [< আ. হাল্] সুরতের [ঘটনার] + হাল [প্রকৃত অবস্থা]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + র্ + অ + ত্ + হ্ + আ + ল্। বি. দ্র. : শব্দমধ্যের 'ত' এবং শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

সুরতি, সুর্তি : তামাকচূর্ণ-মিশ্রিত পান-মশলা। বি। বিদেশী। < হি. সূতী। বাংলা বানান: স্ + উ + র্ + ত্ + ই। বি. দ্র. : শব্দ-মধ্যের 'র' হসন্ত-বর্জিত।

সুরতি : রতিকেলি। বি। তৎসম। সু + রতি [রম্ (রতিকেলি করা) + তি]। ৬।১ সু [উত্তম] রতি [কামকেলি]= সুপ্‌সুপা। বানান: স্ + উ + র্ + অ + ত্ + ই।

সুরধুনী : গঙ্গা। বি। তৎসম। সুর [সুর্ + অ]। + ধুনী [নদী]। সুরদের ধুনী [নদী]= সম্বন্ধ-তৎ [গঙ্গা]। ৩।৫ বানান: স্ + উ + র্ + অ + ধ্ + উ + ন্ + ঈ।

সুরনদী : গঙ্গা। বি। তৎসম। সুর [সুর্ + অ] + নদী [নদ্ (শব্দ করা) + অ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ সুরদের নদী= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + র্ + অ + ন্ + অ + দ্ + ঈ।

সুরপতি : ইন্দ্র। বি। তৎসম। সুর [সুর্ (আধিপত্য করা) + অ] + পতি [পা (রক্ষা করা) + অতি]। ৬।১ সুরদের পতি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + র্ + অ + প্ + অ + ত্ + ই।

সুরপুর : স্বর্গ। বি। তৎসম। সুর [সুর্ + অ] + পুর [পৃ (পূর্ণ করা) + উ]। ৬।১ সুরদের পুর [বসতিপূর্ণ স্থান]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্

+ উ + র্ + অ + প্ + উ + র্ + অ।

সুরপুরী : স্বর্গ। বি। তৎসম। সুরপুর ['সুরপুর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : স্ + উ + র্ + অ + প্ + উ + র্ + ঈ।

সুরবল্লী : আয়ুর্বেদীয় ঔষধে ব্যবহৃত কষায় রসযুক্ত গুল্ম। বি। তৎসম। সুর + বল্লী [বল্ল্ + ই + ঈ (স্ত্রী)= লতা [তুলসী]। বানান : স্ + উ + র্ + অ + ব্ + অ + ল্ + ল্ + ঈ। বি. দ্র. : ল্ + ল্ + ঈ= ল্লী।

সুরবালা : দেবকন্যা। বি। তৎসম। সুর [সুর্ + অ] + বালা [সং. বাল + আ (স্ত্রী)]। ৭।১।ক সুরদের বালা= সম্বন্ধ-তৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + অ + ব্ + আ + ল্ + আ।

সুরবাহার : এক প্রকার বাদ্যযন্ত্র। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. সুর + ফা. বাহার। বাংলা বানান : স্ + উ + র্ + অ + ব্ + আ + হ্ + আ + র্। বি. দ্র. : শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

সুরবোধ : সুরের জ্ঞান। বি। তৎসম। সুর ['সুর' দ্রষ্টব্য] + বোধ [বুধ্ (জানা) + অ]। ৬।১ সুরের বোধ [জ্ঞান]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + অ + ব্ + ও + ধ্ + অ।

সুরভি : সুগন্ধ। স্বর্গের কামধেনু। বি। তৎসম। সু + রভ্ [আরম্ভ করা, হৃষ্ট হওয়া] + ই। ৬।১ বানান : স্ + উ + র্ + অ + ভ্ + ই।

সুরভিত : সুবাসিত। বিণ। তৎসম। সুরভ [সু + রভ্ (হৃষ্ট হওয়া) + অ] + ইত। ৬।১ বানান : স্ + উ + র্ + অ + ভ্ + ই + ত্ + অ।

সুরভী : স্বর্গের কামধেনু। বি। তৎসম। সু + রভ্ + ই + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান : স্ + উ + র্ + অ + ভ্ + ঈ।

সুরমা : অতি রমণীয়া। বিণ। তৎসম। সু + রমা [রম্ + অ + আ (স্ত্রী)] ৬।১ সু [অতি] রমা [রমণীয়া]= সুপ্‌সুপা। বানান : স্ + উ + র্ + অ + ম্ + আ।

সুরম্য : অতি রমণীয়। বিণ। তৎসম। সু + রম্য [রম্ (উপভোগ করা) + য (যৎ)]। ৬।১ সু [অতিশয়] রম্য [উপভোগের যোগ্য]= সুপ্‌সুপা। বানান : স্ + উ + র্ + ম্ + য্ + অ। বি. দ্র. : ম্ + য্ + অ = ম্য।

সুরলোক : স্বর্গ। বি। তৎসম। সুর [সুর্ + অ] + লোক [লোক্ + অ]। ৬।১ সুর [দেবতা] দের লোক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + অ + ল্ + ও + ক্ + অ।

সুরসপ্তক : স্বরগ্রামের সাতটি ধ্বনি। বি। তৎসম। সুর [< স্বর] + সপ্তক [সপ্ত + ক]। ৬।২ সুরের সপ্তক [সা রে গা মা ইত্যাদি সাতটি সুর] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + অ + স্ + অ + প্ + ত্ + অ + ক্ + অ।

সুরসাল : স্বাদুরসযুক্ত। বিণ। তৎসম। সু + রসাল [রস + আল]। ৬।২ সু [অতি মিষ্ট] রস যার = বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + র্ + অ + স্ + আ + ল্ + অ।

সুরসিক : উত্তম রসবোধযুক্ত। বিণ। তৎসম। সু + রসিক [রস + ইক]। ৬।২ সু [অতি দক্ষ, অতি নিপুণ] + রসিক = সুপ্‌সুপা। বানান : স্ + উ + র্ + অ + স্ + ই + ক্ + অ।

সুরসিকা : উত্তম রসবোধসম্পন্না। বিণ। তৎসম। সুরসিক ['সুরসিক' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + উ + র্ + অ + স্ + ই + ক্ + আ।

সুরসুন্দরী : অপ্সরা। বি। তৎসম। সুর [সুর্ + অ] + সুন্দরী [সু + উন্দ্ + অর + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ সুরদের সুন্দরী= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + অ + স্ + উ + ন্ + দ্ + অ + র্ + ঈ। বি.দ্র. : ন্ + দ্ + অ = ন্দ। র্ + ঈ= রী।

সুরা : মদ্য। বি। তৎসম। সু + র + আ [স্ত্রী]। ৬।২, ৭।১।ক বানান : স্ + উ + র্ + আ।

সুরাঙ্গনা : অপ্সরা। বি। তৎসম। সুর [সুর্ + অ] + অঙ্গনা [অঙ্গ্ + অন + আ]। ৬।১, ৭।১।ক [সন্ধি] অ + অ= আ [রা]। ২।১।ক সুরদের অঙ্গনা [রমণী]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + আ + ঙ্ + গ্ + অ + ন্ + আ।

সুরাজীব, সুরাজীবী : শুঁড়ী। বি। তৎসম। সুরা [সু + র + আ] + আজীব [আ + জীব্ + অ], জীবী [জীব্ + ইন্ [ঈ]। ৬।১ সুরার [প্রস্তুত ও বিক্রয়] দ্বারা জীবিত থাকে যে= উপপদতৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + আ + জ্ + ঈ + ব্ + অ, ঈ। ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত 'জীবী' অবশ্যই ঈ-কারান্ত।

সুরাসার : কোহল। বি। তৎসম। সুরা [সু + র + আ (স্ত্রী)] + সার [সার্ + অ]। ৬।১ সুরার সার = সম্বন্ধতৎ। ৩।৪ বানান : স্ + উ + র্ + আ + স্ + আ + র্ + অ।

সুরাসুর : দেবতা ও দানব। বি। তৎসম। সুর [সুর্ + অ]। অসুর [নয় + সুর]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [রা] ২।১।ক সুর + অসুর= দ্বন্দ্ব। ৩।৪ বানান : স্ + উ + র্ + আ + স্ + উ + র্ + অ।

সুরাহা : উপযুক্ত প্রতিবিধান। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. সু + ফা. রাহ্ + আ। সু [উত্তম] রাহা [উপায়]= সুপ্‌সুপা। বানান : স্ + উ + র্ + আ + হ্ + আ।

সুরুক, সুলুক : সূত্র। বি। বিদেশী। < ফা. সুরাগ্। বাংলা বানান : স্ + উ + র্ [+ ল্] + উ + ক্। বি. দ্র. : শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত।

সুরুচি : উন্নত রুচি, সুরুচিসম্পন্ন। বিণ। তৎসম। সু + রুচি [রুচ্ + ই]। ৬।১ সু [উত্তম] + রুচি= সুপ্‌সুপা, সু [উন্নত] রুচি যার= বহুব্রী। ৩।৫ বানান : স্+উ+র্+উ+চ্+ই।

সুরুয়া, শুরুয়া : মাংসের ঝোল [ফা]। বি। বিদেশী। < আ. শোর্‌য়া। বাংলা বানান : স্ [শ্] + উ + র্ + উ + য্ + আ।

সুরূপ : রূপবান। বিণ। তৎসম। সু + রূপ [রূপ্ + অ]। ৬।১ সু [সুন্দর] রূপ যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + র্ + ঊ + প্ + অ। বি. দ্র. : র্ + ঊ= রূ।

সুরূপা : সুন্দর রূপবতী। বিণ। তৎসম। সুরূপ ['সুরূপ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + উ + র্ + ঊ + প্ + আ। বি. দ্র. : র্ + ঊ= রূ।

সুরেন্দ্র : দেবরাজ ইন্দ্র। বি। তৎসম। সুর [সুর্ (আধিপত্য করা) + অ] + ইন্দ্র [ইন্দ্ (প্রভুত্ব করা) + র]। ৬।১ [সন্ধি] অ + ই= এ [রে]। ২।৪।ক সুরদের ইন্দ্র [নাথ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + এ + ন্ + দ্ + র্ + অ। বি. দ্র. : ন্ + দ্ +র্ + অ = ন্দ্র।

সুরেশ : দেবরাজ ইন্দ্র। বি। তৎসম। সুর [সুর্ (আধিপত্য করা) + অ] + ঈশ [ঈশ্ (প্রভুত্ব করা) + অ]। ৬।১ [সন্ধি] অ + ঈ= এ [রে]। ২।৪।খ সুরদের ঈশ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + এ + শ্ + অ।

সুরেলা : সুরাশ্রিত। বিণ। বিদেশী। > হি. সুরীলা। বাংলা বানান : স্ + উ + র্ + এ + ল্ + আ।

সুরেশ্বর : শিব, ইন্দ্র। বি। তৎসম। সুর [সুর্ (আধিপত্য করা) + অ] + ঈশ্বর [ঈশ্ (প্রভুত্ব করা) + বর [ব্ + অ]। ৬।১ [সন্ধি] অ + ঈ = এ [রে]। ২।৪।ক সুরদের ঈশ্বর [প্রভু, রাজা]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + এ + শ্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + অ = শ্ব।

সুরেশ্বরী: দুর্গা, গঙ্গা। বি। তৎসম। সুরেশ্বর ['সুরেশ্বর' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: স্ + উ + র্ + এ + শ্ + ব্ + অ + র্ + ঈ। বি. দ্র.: শ্ + ব্ + অ= শ্ব।

সুর্মা: কাজল। বি। বিদেশী। < ফা. সুর্মা। বাংলা বানান: স্ + উ + র্ + ম্ + আ। বি. দ্র.: র্ + ম্ + আ= র্মা।

সুর্ষা, সুর্শা, সুর্ষো, সুর্শো: শিকল আলতারাফ আটকাবার আংটা। বি। দেশী। বানান: স্ + উ + র্ + ষ্, শ্ + আ, ও। বি. দ্র.: র্ + ষ্ + আ= র্ষা, র্ + শ্ + আ= র্শা, র্ + ষ্ + ও= র্ষো, র্ + শ্ + ও= র্শো।

সুলক্ষণ: উত্তম লক্ষণ, উত্তম লক্ষণযুক্ত। বি, বিণ। তৎসম। সু + লক্ষণ [লক্ষ্ + অন]। ৬।১ সু [উত্তম] লক্ষণ= সুপ্‌সুপা। সু [উত্তম] লক্ষণ যাব= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ল্ + অ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। ক্ + ষ্ + অ= ক্ষ। 'ষ্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সুলক্ষণা: উত্তম লক্ষণযুক্তা। বিণ। তৎসম। সুলক্ষণ ['সুলক্ষণ' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক। বানান: স্ + উ + ল্ + অ + ক্ + ষ্ + অ + ণ্ +আ। বি. দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ, 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সুলতান: তুরস্কের প্রচিন নৃপতিদের উপাধি। বি। বিদেশী। < তুর্কী. সুলতান। বাংলা বানান: স্ + উ + ল্ + ত্ + আ + ন্। শব্দ-মধ্যের 'ল' এবং শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সুলতানা: সুলতানের পত্নী। বি। বিদেশী। সুলতান ['সুলতান' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + উ + ল্ + ত্ + আ + ন্ + আ। বি. দ্র.: শব্দ-মধ্যের 'ল' হসন্ত-বর্জিত।

সুলতানি, সুলতানী: সুলতানের পদ। বি। বিদেশী। বাংলা বানান: স্ + উ + ল্ + ত্ + আ + ন্ + ই, ঈ। বি. দ্র.: শব্দমধ্যের 'ল' হসন্ত-বর্জিত।

সুলভ: সস্তা। বিণ। তৎসম। সু + লভ [লভ্ (পাওয়া) + অ]। ৬।১ সু [সহজে] যা পাওয়া যায়= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + উ + ল্ + অ + ভ্ + অ।

সুললিত: অতি কোমল। বিণ। তৎসম। সু + ললিত [লল্ + ত]। ৬।১ সু [অতি] ললিত [কোমল] = সুপ্‌সুপা। বানান: স্ + উ + ল্ + অ + ল্ + ই + ত্ + অ।

সুলিখিত: সুরচিত। বিণ। তৎসম। সু লিখিত [লিখ্ + ত]। ৬।১ সু [নিপুণভাবে, সুন্দরভাবে] লিখিত = সুপ্‌সুপা। বানান: স্ + উ + ল্ + ই + খ্ + ই + ত্ + অ।

সুলুক-সন্ধান: সূত্রের খোঁজ। বি। মিশ্র [বিদেশী + তৎসম]। < ফা. সুরাগ্ + সং. সন্ধান [সম্ + ধা + অন]। ৬।১ বাংলা বানান: স্ + উ + ল্ + উ + ক্ + স্ + অ + ন্ + ধ্ + আ + ন্ + অ। বি. দ্র.: শব্দ-মধ্যের 'ক' হসন্ত-বর্জিত।

সুলেখক: সুসাহিত্যিক। বি। তৎসম। সু + লেখক [লিখ্ + অক]। ৬।১ সু [উৎকৃষ্ট] লেখক= সুপ্‌সুপা। বানান: স্ + উ + ল্ + এ + খ্ + অ + ক্ + অ।

সুলেখিকা: সুসাহিত্যিকা। বি। তৎসম। সু + লেখিকা [লিখ্ + ইক (< অক) + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।খ সু [উৎকৃষ্টা] লেখিকা = সুপ্‌সুপা। বানান: স্ + উ + ল্ + এ + খ্ + ই + ক্ + আ।

সুলোচন: সুনেত্র। বিণ তৎসম। সু + লোচন [লোচ্ + অন]। ৬।১ সু [সুন্দর] লোচন যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + ল্ + ও + চ্ + অ + ন্ + অ।

সুলোচনা: সুনয়না। বিণ। তৎসম। সুলোচন ['সুলোচন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী] ৭।১।ক বানান: স্ + উ + ল্ + ও + চ্ + অ + ন্ + আ।

সুলোহিত: গাঢ় লাল। বি। তৎসম। সু + লোহিত [লোহ (রক্ত) + ইত]। ৬।২ সু [গাঢ়] লোহিত = সুপ্সুপা। বানান: স্ + উ + ল্ + ও + হ্ + ই + ত্ + অ।

সুশাসক: সুশাসনকর্তা। বি। তৎসম। সু + শাসক [শাস্ + অক]। ৬।১ সু [দক্ষ] শাসক = সুপ্সুপা। বানান: স্ + উ + শ্ + আ + স্ + অ + ক্ + অ।

সুশাসন: নিরপেক্ষ শাসন। বি। তৎসম। সু + শাসন [শাস্ + অন]। ৬।১ সু [দক্ষতাপূর্ণ] শাসন= সুপ্সুপা। বানান: স্ + উ + শ্ + আ + স্ + অ + ন্ + অ।

সুশাসিত: ন্যায়সঙ্গতভাবে শাসিত। বিণ। তৎসম। সু + শাসিত [শাস্ + ত]। ৬।১ সু [ন্যায়-সঙ্গতভাবে] শাসিত= সুপ্সুপা। বানান: স্ + উ + শ্ + আ + স্ + ই + ত্ + অ।

সুশিক্ষক: উত্তম শিক্ষা-দানকারী। বি। তৎসম। সু + শিক্ষক [শিক্ষ্ + অক্]। ৬।১ সু [উত্তম] শিক্ষক = সুপ্সুপা। বানান: স্ + উ + শ্ + ই + ক্ + ষ্ + অ + ক্ + অ। বি. দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

সুশিক্ষা: উত্তম শিক্ষা। বি। তৎসম। সু + শিক্ষা [শিক্ষ্ + অ + আ]। ৬।১ সু [উত্তম] শিক্ষা= সুপ্সুপা। বানান: স্ + উ + শ্ + ই + ক্ + ষ্ + আ। বি. দ্র.: ক্ + ষ্ + আ= ক্ষা।

সুশিক্ষিত: উত্তম শিক্ষাপ্রাপ্ত। বিণ। তৎসম। সু + শিক্ষিত [শিক্ষ্ + ত্]। ৬।১ সু [উত্তমভাবে] শিক্ষিত= সুপ্সুপা। বানান: স্ + উ + শ্ + ই + ক্ + ষ্ + ই + ত্ + অ। বি. দ্র.: ক্ + ষ্ + ই= ক্ষি।

সুশিক্ষিতা: উত্তম শিক্ষাপ্রাপ্তা। বিণ। তৎসম। সুশিক্ষিত ['সুশিক্ষিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক সু [উত্তমভাবে] শিক্ষিতা = সুপ্সুপা। বানান: স্ + উ + শ্ + ই + ক্ + ষ্ + ই + ত্ + আ। বি. দ্র.: ক্ + ষ্ + ই= ক্ষি।

সুশীতল: অতিশয় শীতল। বিণ। তৎসম। সু + শীতল [শীত + ল]। ৬।২ সু [অতিশয়] শীতল= সুপ্সুপা। বানান: স্ + উ + শ্ + ঈ + ত্ + অ + ল্ + অ। বি. দ্র.: শ্ + ঈ= শী।

সুশীল: সচ্চরিত্র। বিণ। তৎসম। সু + শীল [শীল্ + অ]। ৬।১ সু শীল [চরিত্র] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + শ্ + ঈ + ল্ + অ। বি. দ্র.: শ্ + ঈ = শী।

সুশীলা: সচ্চরিত্রা। বিণ। তৎসম। সুশীল ['সুশীল' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + উ + শ্ + ঈ + ল্ + আ। বি. দ্র.: শ্ + ঈ = শী।

সুশৃঙ্খল: সুনিয়ন্ত্রিত। বিণ। তৎসম। সু + শৃঙ্খল [শৃঙ্গ (শেকলের কড়া) + খল্ + অ]। সু [উত্তম] শৃঙ্খলা যাতে= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + শ্ + ঋ + ঙ্ + খ্ + অ + ল্ + অ। বি. দ্র.: শ্ + ঋ= শৃ, ঙ্ + খ্ + অ= ঙ্খ।

সুশৃঙ্খলা: উত্তম নিয়ম। বি। তৎসম। সু + শৃঙ্খলা [শৃঙ্গ (শেকলের কড়া) + খল্ + অ + আ। ৬।১ সু [উত্তম] শৃঙ্খলা [নিয়ম- বদ্ধ ব্যবস্থা]= সুপ্সুপা বানান: স্ + উ + শ্ + ঋ + ঙ্ + খ্ + অ + ল্ + আ। বি. দ্র.: শ্ + ঋ = শৃ, ঙ্ + খ্ + অ= ঙ্খ।

সুশোভন: অতি সুন্দর। বিণ। তৎসম। সু + শোভন [শুভ্ + অন]। ৬।১ সু [অতিশয়] শোভন [সুন্দর]= সুপ্সুপা। বানান: স্ + উ + শ্ + ও + ভ্ + অ + ণ্ + অ।

সুশোভনা : অতি সুন্দরী। বিণ। তৎসম। সুশোভন ['সুশোভন' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + উ + শ্ + ও + ভ্ + অ + ন্ + আ।

সুশোভিত : সুন্দরভাবে সজ্জিত। বিণ। তৎসম। সু + শোভিত [শুভ্ + ত]। ৬।১ সু [সুচারুভাবে] সজ্জিত= সুপ্‌সুপা। বানান : স্ + উ + শ্ + ও + ভ্ + ই + ত্ + অ।

সুশোভিতা : সুন্দরভাবে সু-শোভিতা। বিণ। তৎসম। সুশোভিত ['সুশোভিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + উ + শ্ + ও + ভ্ + ই + ত্ + আ।

সুশ্রাব্য : শ্রুতিমধুর। বিণ। তৎসম। সু + শ্রাব্য [শ্রু + য (যৎ)]। ৬।১ সু [মধুর রূপে] শ্রাব্য= সুপ্‌সুপা। বানান : স্ + উ + শ্ + র্ + আ + ব্ + য্ + অ। বি. দ্র. : শ্ + র্ + আ= শ্রা, ব্ + য্ + অ= ব্য।

সুশ্রী : সুন্দর লাবণ্যযুক্ত। বিণ। তৎসম। সু + শ্রী [শ্রি + কিপ্]। ৬।১ সু [সুন্দর] শ্রী যার = বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + শ্ + র্ + ঈ। বি. দ্র. : শ্ + র্ + ঈ= শ্রী।

সুশ্রুত : আয়ুর্বেদ-গ্রন্থ রচয়িতা ঋষি। বি। তৎসম। সু + শ্রুত [শ্রু (শোনা) + ত]। ৬।১ সু [উত্তম রূপে] শ্রুত= সুপ্‌সুপা। বানান : স্ + উ + শ্ + র্ + উ + ত্ + অ। বি.দ্র. : শ্ + র্ + উ= শ্রু।

সুষনি : জলজ শাক। বি। তদ্ভব। < সং. সুনিষণ্ণক। বানান : স্ + উ + ষ্ + ন্ + ই। বি. দ্র. : তদ্ভব শব্দেও 'উ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক শব্দ-মধ্যস্থ 'ষ' হসন্ত-বর্জিত।

সুষম : সমতাযুক্ত। বিণ। তৎসম। সু + সম [সম্ + অ]। ৬।১ সু [সামঞ্জস্যপূর্ণভাবে] সম [সমতাযুক্ত]= সুপ্‌সুপা। বানান : স্ + উ + ষ্ + অ + ম্ + অ। বি. দ্র. : 'উ'-র পর 'স্' 'ষ' হয়েছে। ৪।২।ক

সুষমতা : সুসঙ্গতি। বি। তৎসম। সুষম ['সুষম' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : স্ + উ + ষ্ + অ + ম্ + অ + ত্ + আ। বি. দ্র. : 'উ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক

সুষমা : লাবণ্য। বি। তৎসম। সু + সমা [সম্ + অ + আ]। ৬।১, ৭।১।ক সু [সামঞ্জস্যপূর্ণরূপে] সমা [সমতা] যার [স্ত্রী] = বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + ষ্ + অ + ম্ + আ। বি. দ্র. : 'উ'-র পর 'স্' 'ষ্' হয়েছে। ৪।২।ক

সুষুপ্ত : গভীরভাবে নিদ্রামগ্ন। বিণ। তৎসম। সু + সুপ্ত [স্বপ্ (ঘুমানো) + ত]। ৬।১ সু [গভীর ভাবে] সুপ্ত = সুপ্‌সুপা। বানান : স্ + উ + ষ্ + উ + প্ + ত্ + অ। বি. দ্র. : 'উ'-র পর 'স্' 'ষ্' হয়েছে। ৪।২।ক প্ + ত্ + অ= প্ত।

সুষুপ্তি : গভীর নিদ্রা। বিণ। তৎসম। সু + সুপ্তি [স্বপ্ (ঘুমানো) + তি]। ৬।১ সু [গভীর] সুপ্তি [নিদ্রা]= সুপ্‌সুপা। বানান : স্ + উ + ষ্ + উ + প্ + ত্ + ই। বি. দ্র. : 'উ'-র পর 'স্' 'ষ্' হয়েছে। ৪।২।ক প্ + ত্ + ই= প্তি।

সুষুম্না : নাড়িত্রয়ের মধ্যে মেরুদণ্ডের সঙ্গে সংলগ্ন মধ্যনাড়ি। বি। তৎসম। সুষু [অব্যক্ত শব্দ] + ম্না + অ + আ [স্ত্রী] ৬।১, ৭।১।ক বানান : স্ + উ + ষ্ + উ + ম্ + ন্ + আ। বি. দ্র. : 'উ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক ম্ + ন্ + আ= ম্না।

সুষুম্নাকাণ্ড : মেরুদণ্ড-সংলগ্ন শিরাগুচ্ছ। বি। তৎসম। সুষুম্না ['সুষুম্না' দ্রষ্টব্য] + কাণ্ড [কন্ (দীপ্তি পাওয়া) + ড]। ৬।১ বানান : স্ + উ + ষ্ + উ + ম্ + ন্ + আ + ক্ + আ + ণ্ + ড্ + অ। বি. দ্র. : 'উ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক 'ড্'-এর আগে 'ণ্' হয়েছে। ৪।১।ক

সুষ্ঠু : নিখুঁত। বিণ। তৎসম। সু + স্থা + উ। ৬।১

বানান : স্ + উ + ষ্ + ঠ্ + উ। বি. দ্র.: 'উ'-র পর 'স্' 'ষ্' হয়েছে। ৪।২।ক ষ্ + ঠ্ + উ= ষ্ঠু।

সুসংবাদ : শুভ খবর। বি। তৎসম। সু + সংবাদ [সম্ + বাদ (বদ্ + অ)]। ৬।১ [সন্ধি] ম্ + বা= ংবা। ২।২৮ সু [শুভ] সংবাদ = সুপ্‌সুপা। বানান : স্ + উ + স্ + অ + ং + ব্ + আ + দ্ + অ।

সুসংবৃত : উত্তমরূপে আচ্ছাদিত। বিণ। তৎসম। সু + সংবৃত [সম্ + বৃত (বৃ + ত)]। ৬।১ [সন্ধি] ম্ + বৃ= ংবৃ। ২।২৮ সু [উত্তমরূপে] বৃত [আবৃত]= সুপ্‌সুপা। বানান : স্ + উ + স্ + ং + ব্ + ঋ + ত্ + অ। বি. দ্র.: ব্ + ঋ = বৃ।

সুসংবৃতা : উত্তমরূপে আচ্ছাদিত। বিণ। তৎসম। সুসংবৃত ['সুসংবৃত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + উ + স্ + অ + ং + ব্ + ঋ + ত্ + আ। বি. দ্র.: ব্ + ঋ = বৃ।

সুসংযত : অত্যন্ত সংযমযুক্ত। বিণ। তৎসম। সু + সংযত [সম্ + যম্ (নিয়ন্ত্রিত করা) + ত]। ৬।১ [সন্ধি] ম্ + য= ংয। ২।২৮ সু [কঠোরভাবে] সংযত = সুপ্‌সুপা। বানান : স্ + উ + স্ + অ + ং + য্ + অ + ত্ + অ।

সুসংলগ্ন : সুষ্ঠুভাবে সংযুক্ত। বিণ। তৎসম। সু + সংলগ্ন [সম্ + লগ্ন (লগ্ + ত)]। ৬।১ [সন্ধি] ম্ + ল= ংল। ২।২৮ সু [উত্তমভাবে] সংযুক্ত= সুপ্‌সুপা। বানান : স্ + উ + স্ + অ + ং + ল্ + অ + গ্ + ন্ + অ। বি. দ্র.: গ্ + ন্ + অ= গ্ন।

সুসভ্য : অতিশয় সভ্য। বিণ। তৎসম। সু + সভ্য [সভা + য (ষ্ণ্য)]। ৬।২ সু [অত্যন্ত সভ্য= সুপ্‌সুপা। বানান : স্ + উ + স্ + অ + ভ্ + য্ + অ। বি. দ্র.: ভ্ + য্ + অ= ভ্য।

সুসমঞ্জস : অত্যন্ত সামঞ্জস্যপূর্ণ। বিণ। তৎসম। সু + সমঞ্জস [সম্ + অঞ্জস্ + অ]। ৬।১ সু [অত্যন্ত] সমঞ্জস [সামঞ্জস্যপূর্ণ]= সুপ্‌সুপা। বানান : স্ + উ + স্ + অ + ম্ + অ + ঞ্ + জ্ + অ + স্ + অ। বি. দ্র.: ঞ্ + জ্ + অ= ঞ্জ।

সুসময় : সুদিন। বি। তৎসম। সু + সময়। সম্ + অয় [ই (গমন করা) + অ]। ৬।১ সু [অনুকূল] সময় = সুপ্‌সুপা। বানান : স্ + উ + স্ + অ + ম্ + অ + য়্ + অ।

সুসম্পন্না : উত্তমরূপে নিষ্পন্ন। বিণ। তৎসম। সু + সম্পন্না [সম্ + পদ্ + ত + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক সু [অতিশয়] সম্পন্না= সুপ্‌সুপা। বানান : স্ + উ + স্ + অ + ম্ + প্ + অ + ন্ + ন্ + আ। বি. দ্র.: ম্ + প্ + অ= ম্প, ন্ + ন্ + আ= ন্না।

সুসম্পাদিত : উত্তমরূপে সম্পাদিত। বিণ। তৎসম। সু + সম্পাদিত [সম্ + পদ্ + ণিচ্ + ত]। ৬।১ সু [সুষ্ঠুভাবে] সম্পাদিত= সুপ্‌সুপা। বানান : স্ + উ + স্ + অ + ম্ + প্ + আ + দ্ + ই + ত্ + অ। বি. দ্র.: ম্ + প্ + আ= ম্পা।

সুসহ : অনায়াসে সহনীয়। বিণ। তৎসম। সু + সহ [সহ্ + অ]। ৬।১ সু [অনায়াসে] সহ [সহনীয়]= সুপ্‌সুপা। বানান : স্ + উ + স্ + অ + হ্ + অ। বি. দ্র.: 'উ'-র পরেও 'স্' 'ষ' হয়নি, কারণ 'সু' পৃথক্ শব্দ-রূপে পরিগণিত।

সুসাধ্য : অনায়াসে সম্পাদন-যোগ্য। বিণ। তৎসম। সু + সাধ্য [সাধ্ + য (যৎ)]। ৬।১ সু [সহজে] সাধ্য= সুপ্‌সুপা। বানান : স্ + উ + স্ + আ + ধ্ + য্ + অ। বি. দ্র.: ধ্ + য্ + অ= ধ্য। 'উ'-র পর 'স্' 'ষ্' হয়নি। কারণ 'সু' পৃথক্ শব্দরূপে পরিগণিত।

সুস্মিত : সুন্দর মৃদুহাস্যযুক্ত। বিণ। তৎসম। সু + স্মিত [স্মি (মৃদু হাস্য করা) + ত]। ৬।১ সু [সুন্দর] স্মিত [হাস্যযুক্ত]= সুপ্সুপা। বানান: স্ + উ + স্ + ম্ + ই + ত্ + অ। বি.দ্র.: স্ + ম্ + ই= স্মি। 'উ'-র পর 'স্' 'ষ্' হয়নি, কারণ 'সু' পৃথক্ শব্দরূপে পরিগণিত।

সুস্থ : নীরোগ। বিণ। তৎসম। সু + স্থ [স্থা + অ]। ৬।১ [শরীরের] সু [নীরোগ] স্থ [অবস্থা]= সুপ্সুপা। বানান: স্ + উ + স্ + থ্ + অ। বি.দ্র.: স্ + থ্ + অ= স্থ, 'উ'-র পর 'স্' 'ষ্' হয়নি, কারণ 'সু' পৃথক্ শব্দরূপে পরিগণিত।

সুস্থতা : রোগহীনতা। বি। তৎসম। সুস্থ ['সুস্থ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + উ + স্ + থ্ + অ + ত্ + আ।

সুস্নিগ্ধ : অতি স্নিগ্ধ। বিণ। তৎসম। সু + স্নিগ্ধ [স্নিহ্ + ত]। ৬।১ সু [অতিশয়] স্নিগ্ধ = সুপ্সুপা। বানান: স্ + উ + স্ + ন্ + ই + গ্ + ধ্ + অ। বি.দ্র.: স্ + ন্ + ই= স্নি, গ্ + ধ্ + অ= গ্ধ, 'উ'-র পর 'স্' 'ষ' হয়নি, কারণ 'সু' পৃথক্ শব্দরূপে পরিগণিত।

সুস্পষ্ট : অত্যন্ত স্পষ্ট। বিণ। তৎসম। সু + স্পষ্ট [স্পশ্ + ত]। ৬।১ সু [অতিশয়] স্পষ্ট = সুপ্সুপা। বানান: স্ + উ + স্ + প্ + অ + ষ্ + ট্ + অ। বি.দ্র.: 'ট'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ঙ কিন্তু 'উ'-র পব 'স্' 'ষ্' হয়নি, কারণ 'সু' পৃথক শব্দরূপে পরিগণিত।

সুস্বন : মধুর ধ্বনি। বি। তৎসম। সু + স্বন [স্বন্ (শব্দ করা) + অ]। ৬।১ সু [মধুর] স্বন [শব্দ]= সুপ্সুপা। বানান: স্ + উ + স্ + ব্ + অ + ন্ + অ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব। 'উ'-র 'স্' 'ষ্' হয়নি, কারণ 'সু' পৃথক্ শব্দরূপে পরিগণিত।

সুস্বপ্ন : শুভসূচক, সুখস্বপ্ন। বি। তৎসম। সু + স্বপ্ন [স্বপ্ (ঘুমানো) + ন]। ৬।১ সু [শুভ বা সুখকর] স্বপ্ন = সুপ্সুপা। বানান: স্ + উ + স্ + ব্ + অ + প্ + ন্ + অ। বি.দ্র.: স্ + ব্ + অ= স্ব, প্ + ন্ + অ = প্ন, 'উ'-র পর 'স্' 'ষ্' হয়নি, কারণ 'সু' পৃথক্ শব্দরূপে পরিগণিত।

সুস্বর : স্বর বা ধ্বনি। বি। তৎসম। সু + স্বর [স্বর্ + অ]। ৬।১ সু [মধুর] স্বর= সুপ্সুপা। বি.দ্র. স্ + ব্ + অ= স্ব, 'উ'-র পর 'স্' 'ষ্' হয় নি, কারণ 'সু' পৃথক্ শব্দরূপে পরিগণিত।

সুস্বাদ : উত্তম স্বাদ, সুস্বাদু। বি। তৎসম। সু + স্বাদ [স্বদ্ + অ]। ৬।১, সু [উত্তম] স্বাদ= সুপ্সুপা। বানান: স্ + উ + স্ + ব্ + আ + দ্ + অ। বি.দ্র.: স্ + ব্ + আ = স্বা। 'উ'-র পর 'স্' 'ষ্' হয়নি, কারণ 'সু' পৃথক্ শব্দরূপে পরিগণিত।

সুস্বাদু : মধুর স্বাদযুক্ত। বিণ। তৎসম। সু + স্বাদু [স্বদ্ + উ]। ৬।১ সু [মধুর] স্বাদু = সুপ্সুপা। বানান: স্ + উ + স্ + ব্ + আ + দ্ + উ। বি.দ্র.: স্ + ব্ + আ= স্বা। 'উ'-র পর 'স্' 'ষ্' হয়নি, কারণ 'সু' পৃথক্ শব্দরূপে পরিগণিত।

সুস্মিতা : সুন্দর স্মিত হাস্যময়ী। বিণ। তৎসম। সু + স্মিতা [স্মি + ত + আ (স্ত্রী)] ৬।১, ৭।১।ক সু [সুন্দর] স্মিত হাস্য যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + স্ + ম্ + ই + ত্ + আ। বি.দ্র.: স্ + ম্ + ই= স্মি, 'উ'-র পর 'স্' 'ষ্' হয়নি, কারণ 'সু' পৃথক্ শব্দরূপে পরিগণিত।

সুহাস : সুন্দর হাস্যপূর্ণ। বিণ। তৎসম। সু + হাস [হস্ + অ]। ৬।১ সু [সুন্দর] হাস [হাস্য] যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + হ্ + আ + স্ + অ।

সুহাসিনী : সুন্দর হাস্যময়ী। বিণ। তৎসম। সু + হাসিনী [হাস্ + ইন্ + ঈ]। ৬।১, ৭।১।চ সু [মধুর] হাসিনী [হাস্যময়ী]= সুপ্সুপা। বানান: স্ + উ + হ্ + আ + স্ + ই + ন্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়যুক্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

সুহৃৎ, সুহৃদ্ : বন্ধু। বি। তৎসম। সু + হৃৎ। সু [শোভন] হৃদ্ যার [পুং] বহুব্রী। ৩।৫ সু + হৃদ্। সু [শোভন] হৃদয় যার। [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: স্ + উ + হ্ + ঋ + ৎ, দ্। বি.দ্র. : অন্তে 'ৎ' থাকলে পুংলিঙ্গ, 'দ্' থাকলে স্ত্রীলিঙ্গ।

সুহৃদ্বর : বন্ধুবর। বি। তৎসম। সুহৃৎ + বর। [বৃ + অ]। ৬।১ [সন্ধি] ৎ + ব= দ্ব। ২।১৫ বানান: স্ + উ + হ্ + ঋ + দ্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র. : হ্ + ঋ = হৃ, দ্ + ব্ + অ= দ্ব।

সূক্ত : ঋক্-মন্ত্র। বি। তৎসম। সু + উক্ত [বচ্ + ত]। ৬।১ [সন্ধি] উ + উ= ঊ [সূ]। ২।৩।ক সু [উৎকৃষ্টভাবে] উক্ত= সুপ্‌সুপা। বানান: স্ + ঊ + ক্ + ত্ + অ। বি.দ্র. : স্ + ঊ = সূ।

সূক্তি : সুভাষিত। বি। তৎসম। সু + উক্তি [বচ্ + তি]। ৬।১ [সন্ধি] উ + উ= ঊ [সূ]। ২।৩।ক সু [শ্রেষ্ঠ] উক্তি= সুপ্‌সুপা। বানান: স্ + ঊ + ক্ + ত্ + ই। বি.দ্র. : স্ + ঊ= সূ।

সূক্ষ্ম : মিহি, অত্যন্ত ক্ষুদ্র। বিণ। তৎসম। সূচ্ + স্ম। ৬।১ বানান: স্ + ঊ + ক্ + ষ্ + ম্ + অ। বি.দ্র. : স্ + ঊ= সূ, ক্ + ষ্ + ম্ + অ= ক্ষ্ম।

সূক্ষ্মতা : সূক্ষ্মের ভাব। বি। তৎসম। সূক্ষ্ম ['সূক্ষ্ম' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + ঊ + ক্ + ষ্ + ম্ + অ + ত্ + আ। বি.দ্র. : স্ + ঊ= সূ, ক্ + ষ্ + ম্ + অ= ক্ষ্ম।

সূক্ষ্মাতিসূক্ষ্ম : অত্যন্ত সূক্ষ্ম। বিণ। তৎসম। সূক্ষ্ম ['সূক্ষ্ম' দ্রষ্টব্য] + অতি সূক্ষ্ম। [সন্ধি] অ + অ= আ [ক্ষ্মা]। ২।১।ক সূক্ষ্ম ও অতিসূক্ষ্ম= দ্বন্দ্ব। ৩।৪ বানান: স্ + ঊ + ক্ + ষ্ + ম্ + আ + ত্ + ই + স্ + ঊ + ক্ + ষ্ + ম্ + অ। বি.দ্র. : স্ + ঊ = সূ, ক্ + ষ্ + ম্ + আ = ক্ষ্মা, স্ + ঊ= সূ, ক্ + ষ্ + ম্ + অ= ক্ষ্ম।

সূচক : বোধক। বিণ। তৎসম। সূচ্ + ণিচ্ + অক। ৬।১ বানান: স্ + ঊ + চ্ + অ + ক্ + অ। বি.দ্র. : স্ + ঊ= সূ।

সূচন : জ্ঞাপন। বি। তৎসম। সূচ্ + অন। ৬।১ বানান: স্ + ঊ + চ্ + অ + ন্ + অ। বি.দ্র. : স্ + ঊ= সূ।

সূচনা : উপক্রম। বি। তৎসম। সূচ্ + অন + আ। ৬।১ বানান: স্ + ঊ + চ্ + অ + ন্ + আ।

সূচনীয় : জ্ঞাপনীয়। বিণ। তৎসম। সূচ্ + অনীয়। ৬।১ বানান: স্ + ঊ + চ্ + অ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র. : স্ + ঊ= সূ, ন্ + ঈ= নী [অনীয়]।

সূচি, সূচিকা, সূচী : ছুঁচ। বি। তৎসম। সিব্ [ইব্ = ঊ] + চ + ই, ঈ [স্ত্রী]। সূচি + ক্ + আ [স্ত্রী]। ৬।১ বানান: স্ + ঊ + চ্ + ই, [ঈ] + ক্ + অ + আ। বি.দ্র. : স্ + ঊ= সূ, চ্ + ই = চি, চ্ + ঈ= চী।

সূচিকর্ম, সূচীকর্ম : সেলাইয়ের কাজ। বি। তৎসম। সূচি, সূচী ['সূচি', 'সূচী' দ্রষ্টব্য] + কর্ম [কৃ + মন্]। ৬।১ সূচির, সূচীর দ্বারা কর্ম= করণতৎ। ৩।৩ বানান: স্ + ঊ + চ্ + ই, ঈ + ক্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র. : 'স্' + ঊ= সূ, র্ + ম্ + অ = র্ম।

সূচিকাভরণ : সূচিকার সাহায্যে প্রদেয় সর্পবিষ-ঘটিত আয়ুর্বেদীয় ঔষধ। বি। তৎসম। সূচিকা ['সূচিকা' দ্রষ্টব্য] + ভরণ [ভৃ + অন]। ৬।১ সূচিকার দ্বারা ভরণ = করণতৎ। ৩।৩ বানান: স্ + ঊ + চ্ + ই + ক্ + আ + ভ্ + অ + র্ + অ + ণ + অ। বি.দ্র. : 'র্'-এর ঠিক পরেই 'ণ' হয়েছে। ৪।১।খ।

সূচিত : জ্ঞাপিত। বিণ। তৎসম। সূচ্ + ত। ৬।১ বানান: স্ + ঊ + চ্ + ই + ত্ + অ। বি.দ্র. : স্ + ঊ= সূ।

সূচিপত্র: পৃষ্ঠাঙ্কসহ বিষয়-তালিকার পৃষ্ঠা। বি। তৎসম। সূচি ['সূচি' দ্রষ্টব্য] + পত্র [পত্ + ত্র]। ৬।১ সূচি-জ্ঞাপক পত্র= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + ঊ + চ্ + ই + প্ + অ + ত্ + র্ + অ। বি.দ্র.: স্ + ঊ= সূ, ত্ + র্ + অ= ত্র।

সূচিভেদ্য: ঘন, জমাট। বিণ। তৎসম। সূচি ['সূচি' দ্রষ্টব্য] + ভেদ্য [ভিদ্ + য (যৎ)]। ৬।১ সূচির দ্বারা ভেদ্য= করণতৎ। ৩।৩ বানান: স্ + ঊ + চ্ + ই + ভ্ + এ + দ্ + য্ + অ। বি.দ্র: স্ + ঊ= সূ, দ্ + য্ + অ= দ্য।

সূচিমুখ: ছুঁচলো। বিণ। তৎসম। সূচি ['সূচি' দ্রষ্টব্য] + মুখ। সূচির মতো মুখ= উপমিত কর্মধা। ৩।২ বানান: স্ + ঊ + চ্ + ই + ম্ + উ + খ্ + অ। বি.দ্র.: স্ + ঊ= সূ।

সূচী: তালিকা। বি। তৎসম। সূচ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান: স্ + ঊ + চ্ + ঈ। বি.দ্র.: স্ + ঊ= সূ, চ্ + ঈ= চী।

সূচীপত্র: পৃষ্ঠাঙ্কসহ বিষয়-তালিকার পৃষ্ঠা। বি। তৎসম। সূচী ['সূচী' দ্রষ্টব্য] + পত্র [পত্ + ত্র]। ৬।১ সূচী-নির্দেশক পত্র= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + ঊ = সূ, ত্ + র্ + অ= ত্র।

সূচ্যগ্র: সুচের আগা। বি। তৎসম। সূচি, সূচী ['সূচি', 'সূচী' দ্রষ্টব্য] + অগ্র [অন্‌গ্ + র্—'ন্' লুপ্ত]। ৬।১ [সন্ধি] ই, ঈ + অ= য [চ্য]। ২।৭।ক, ছ সূচির, সূচীর অগ্র = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ঊ + চ্ + য্ + অ + গ্ + র্ + অ। বি.দ্র.: স্ + ঊ= সূ, চ্ + য্ + অ= চ্য, গ্ + র্ + অ= গ্র।

সূত: সারথি। বি। তৎসম। সূ [জন্ম দান করা] + ত। ৬।১ বানান: স্ + ঊ + ত্ + অ। বি.দ্র.: স্ + ঊ = সূ।

সূতপুত্র: সারথির পুত্র। বি। তৎসম। সূত ['সূত' দ্রষ্টব্য] + পুত্র [পুৎ + ত্রৈ + অ]। ৬।১ সূতের পুত্র= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ঊ + ত্ + অ + প্ + উ + ত্ + র্ + অ। বি.দ্র.: স্ + ঊ = সূ, ত্ + র্ + অ= ত্র।

সূতি: প্রসব। বি। তৎসম। সূ [প্রসব করা] + তি]। ৬।১ বানান: স্ + ঊ + ত্ + ই। বি.দ্র.: স্ + ঊ= সূ।

সূতিকা: নবপ্রসূতা স্ত্রী, প্রসূতির উদরাময় রোগ। বি। তৎসম। সূ [প্রসব করা] + ত + ক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: স্ + ঊ + ত্ + ই + ক্ + আ। বি.দ্র.: স্ + ঊ= সূ।

সূতিকাগার, সূতিকাগৃহ, সূতিগৃহ: আঁতুড় ঘর। বি। তৎসম। সূতিকা, সূতি ['সূতিকা', 'সূতি' দ্রষ্টব্য] + আগার [অগার্ + অ], গৃহ [গ্রহ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আঁ [কা]। ২।১।খ সূতিকা বা সূতির নিমিত্ত আগার [গৃহ]= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + ঊ + ত্ + ই, ক্ + আ + গ্ + আ + র্ + অ, গ্ + ঋ + হ্ + অ।

সূত্র: সুতা। বি। তৎসম। সূত্র + অ। ৬।১ বানান: স্ + ঊ + ত্ + র্ + অ। বি.দ্র.: স্ + ঊ= সূ, ত্ + র্ + অ= ত্র।

সূত্রকার: মূল সূত্রগ্রন্থের রচয়িতা। বি। তৎসম। সূত্র ['সূত্র' দ্রষ্টব্য] + কার [কৃ + অ]। ৬।১ সূত্র [রচনা] করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + ঊ + ত্ + র্ + অ + ক্ + আ + র্ + অ। বি.দ্র.: স্ + ঊ= সূ, ত্ + র্ + অ= ত্র।

সূত্রধর: ছুতার। বি। তৎসম। সূত্র ['সূত্র' দ্রষ্টব্য] + ধর [ধৃ + অ]। ৬।১ সূত্র ধরে যে= উপপদ তৎ। ৩।৩ বানান: স্ + ঊ + ত্ + র্ + অ + ধ্ + অ + র্ + অ। বি.দ্র.: স্ + ঊ = সূ, ত্ + র্ + অ= ত্র।

সূত্রধার: সংস্কৃত নাটকে নাট্য-প্রযোজক প্রধান

নট। বি। তৎসম। সূত্র ['সূত্র' দ্রষ্টব্য] + ধার [ধৃ + অ]। ৬।১ সূত্র [নাটকের] ধারণ করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + উ + ত্ + র্ + অ + ধ্ + আ + র্ + অ। বি.দ্র.: স্ + উ = সু, ত্ + র্ + অ= ত্র।

সূত্রপাত: আরম্ভ। বি। তৎসম। সূত্র ['সূত্র' দ্রষ্টব্য] + পাত [পত্ + ণিচ্ + অ]। ৬।১ সূত্রের পাত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + ত্ + র্ + অ + প্ + আ + ত্ + অ + অ= ত্র।

সূত্রপিটক: ত্রিপিটকের অন্যতম অংশ। বি। তৎসম। সূত্র ['সূত্র' দ্রষ্টব্য] + পিটক [পিট (পিট্ + অ) + ক]। ৬।১ সূত্রের পিটক [আধার]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + ত্ + র্ + অ + প্ + ই + ট্ + অ + ক্ + অ। বি.দ্র.: স্ + উ= সু, ত্ + র্ + অ= ত্র।

সূদন: বধ, বধকারী। বি। তৎসম। সূদ্ [হিংসা করা] + ণিচ্ + অন। ৬।১ বানান: স্ + উ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র.: স্ + উ= সু।

সূনু: পুত্র। বি। তৎসম। সূ [প্রসব করা] + নু [পুংলিঙ্গ]। বানান: স্ + উ + ন্ + উ। বি.দ্র.: স্ + উ = সূ।

সূনু: তনয়া। বি। তৎসম। সূ [প্রসব করা] + নু + উ [স্ত্রী]। ৬।১ বানান: স্ + উ + ন্ + উ। বি.দ্র: স্ + উ= সু, ন্ + উ = নূ।

সূনৃত: সত্য বাক্য। বি। তৎসম। সূ + নৃত [নৃৎ + অ]। ৬।১ সু [সত্য ও প্রিয়] নৃত = সুপ্‌সুপা। অর্থ-ব্যাপ্তির কারণে 'উ' 'ঊ' হয়েছে। বানান: স্ + উ + ন্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: স্ + উ= সু, ন্ + ঋ= নৃ।

সূপ: ঝোল। বি। তৎসম। সূ [রন্ধন করা] + প। বানান: স্ + উ + প্ + অ।

সূপকার: পাচক। বি। তৎসম। সূপ [সূ + প] + কার [কৃ + অ] । ৬।১ সূপ [প্রস্তুত] করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + উ + প্ + অ + ক্ + আ + র্ + অ।

সূর: সূর্য। বি। তৎসম। সূ [প্রসব করা] + র। ৬।১ 'প্রসবিতা'। বানান: স্ + উ + র্ + অ।

সূর: পণ্ডিত। বি। তৎসম। সূর্ [বধ করা (অজ্ঞানকে)] + অ। ৬।১ যিনি অজ্ঞানের নাশ করেন। বানান: স্ + উ + র্ + অ। বি.দ্র.: স্ + উ = সূ।

সূরি: কবি, পণ্ডিত। বি। তৎসম। সূ [প্রসব করা (সৃষ্টি, জ্ঞান)] + রি। ৬।১ যিনি কাব্য, জ্ঞান সৃষ্টি করেন। বানান: স্ + উ + র্ + ই। বি.দ্র.: স্ + উ = সূ।

সূরী: জ্ঞানী। [সং. সূব= সূর্য + ইন্ (র্ত্)], সূর [সূর্য] + ইন্ [ঈ]। ৬।১ সূর্যের উপাসক, অন্ধকার দূবকারী। বানান: স্ + উ + র্ + ঈ। বি.দ্র.: স্ + উ = সূ। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সূরী: কুন্তী, সূর্যপত্নী। বি। তৎসম। সূর্য + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: স্ + উ + র্ + ঈ। বি.দ্র.: স্ + উ = সূ, র্ + ঈ = রী।

সূর্প, শূর্প: কুলো। বি। তৎসম। সূর্প্, শূর্প্ [মাপা] + অ। ৬।১ বানান: স্, শ্ + উ + র্ + প্ + অ। বানান: স্ + উ = সূ, শ্ + উ= শূ, র্ + প্ + অ= র্প।

সূর্য: রবি। বি। তৎসম। সৃ [কর্মে প্রেরণা দান করা] + য [যৎ]। ৬।১ যিনি কর্মে প্রেরণা দান করেন। বানান: স্ + উ + র্ + য্ + অ। বি.দ্র.: স্ + উ= সূ, র্ + য্ + অ = র্য।

সূর্যকর: রৌদ্র। বি। তৎসম। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + কর [কৃ (কিরণ দান করা) + অ]। ৬।১ সূর্যের কর [কিরণ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + র্ + য্ + অ + ক্ + অ +

র্ + অ। বি.দ্র. : স্ + উ = সু, র্ + য্ + অ= র্য।

সূর্যকরোজ্জ্বল : সূর্যকিরণে উজ্জ্বল। বিণ। তৎসম। সূর্যকর ['সূর্যকর' দ্রষ্টব্য] + উজ্জ্বল [উৎ + জ্বল্ + অ] । ৬।১ [সন্ধি] অ + উ = ও [রো]। ২।৫।ক, ২ + জ্ব = জ্ + জ্ব= জ্জ্ব। ২।১৭ সূর্য করের দ্বারা উজ্জ্বল = করণ-তৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + য্ + অ + ক্ + অ + র্ + ও + জ্ + জ্ + ব্ + অ + ল্ + অ। বি.দ্র. : স্ + উ= সু, র্ + য্ + অ = র্য, র্ + ও= রো, জ্ + জ্ + ব্ + অ= জ্জ্ব।

সূর্যকান্ত : আতশী কাচ। বি। তৎসম। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + কান্ত [কম্ + ত]। ৬।১ সূর্য কান্ত [প্রিয়] যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + উ + র্ + য্ + অ + ক্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র. : স্ + উ = সু, র্ + য্ + অ = র্য, ন্ + ত্ + অ= ন্ত।

সূর্যকিরণ : রৌদ্র। বি। তৎসম। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + কিরণ [কৃ (কিরণ দান করা) + অন। ৬।১ সূর্যের কিরণ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + য্ + অ + ক্ + ই + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

সূর্যগ্রহণ : সূর্য ও পৃথিবীর মাঝখানে চন্দ্রের সঞ্চারের ফলে পৃথিবী-পৃষ্ঠে সূর্যালোকপাতে বাধা। বি। তৎসম। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + গ্রহণ [গ্রহ্ + অন]। ৬।১ সূর্যের গ্রহণ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + য্ + অ + গ্ + র্ + অ + হ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে অ, হ্, অ থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

সূর্যঘড়ি : রৌদ্র ও ছায়ার পরিমাপের সাহায্যে সময় নির্ধারণ করবার যন্ত্র। বি। তদ্ভব। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + ঘড়ি [<সং. ঘটী]। সূর্য-চালিত ঘড়ি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + উ + র্ + য্ + অ + ঘ্ + অ + ড়্ + ই।

সূর্যতনয় : শনি, যম, কর্ণ। বি। তৎসম। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + তনয় [তন্ (বিস্তার করা) + অয়]। ৬।১ সূর্যের তনয়= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + য্ + অ + ত্ + অ + ন্ + অ + য়্ + অ। বি.দ্র. : স্ + উ = সু।

সূর্যতনয়া : যমুনা, তপতী। বি। তৎসম। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + তনয়া [তন্ (বিস্তার করা) + অয় + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১। সূর্যের তনয়া= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + য্ + অ + ত্ + অ + ন্ + অ + য়্ + আ। বি.দ্র. : স্ + উ= সু।

সূর্যপুত্র : শনি, যম, কর্ণ। বি। তৎসম। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + পুত্র [পুৎ + ত্রৈ + অ]। ৬।১ সূর্যের পুত্র= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + য্ + অ + প্ + উ + ত্ + র্ + অ। বি.দ্র. : স্ + উ= সু, ত্ + র্ + অ= ত্র।

সূর্যবংশ : অযোধ্যার পৌরাণিক রাজবংশ। বি। তৎসম। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + বংশ [বম্ (পুত্রপৌত্রাদিক্রমে বিস্তার করা) + শ। ৬।১ সূর্যের বংশ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + উ + র্ + য্ + অ + ব্ + অ + ং + শ্ + অ। বি.দ্র. : স্ + উ= সু।

সূর্যমণি : আতশী কাচ। বি। তৎসম। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + মণি [মণ্ + ই]। ৬।১ সূর্য-প্রিয় [কান্ত] মণি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + উ + র্ + য্ + অ + ম্ + অ + ণ্ + ই। বি.দ্র. : 'মণি'র 'ণ' স্বাভাবিক 'ণ'।

সূর্যমুখী : হলুদ রঙের এক প্রকার ফুল। বি। তৎসম। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + মুখী [মুখ + ঈ (স্ত্রী)]। ৭।১।গ বানান : স্ + উ + র্ + য্ + অ + ম্ + উ + খ্ + ঈ। বি.দ্র. : স্ + উ = সু, র্ + য্ + অ = র্য, ম্ + উ = মু, খ্ + ঈ= খী।

সূর্যরশ্মি : রৌদ্র। বি। তৎসম। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য]

+ রশ্মি [অশ্ = রশ্ + মি]। ৬।১ সূর্যের রশ্মি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + র্ + য্ + অ + র্ + অ + শ্ + ম্ + ই। বি.দ্র.: স্ + উ = সু, র্ + য্ + অ = র্য, শ্ + ম্ + ই =শ্মি।

সূর্যসারথি: গরুড়ের ভ্রাতা অরুণ। বি। তৎসম। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + সারথি [সাব (সৃ + ণিচ্ + অ) + অথি]। ৬।১ সূর্যের সারথি= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + র্ + য্ + অ + স্ + আ + র্ + অ + থ্ + ই। বি.দ্র.: স্ + উ = সু, র্ + য্ + অ = র্য, থ্ + ই= থি।

সূর্যসিদ্ধান্ত: জ্যোর্তির্বিজ্ঞান গ্রন্থ। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + সিদ্ধান্ত [সিদ্ধ + অন্ত]। [সন্ধি] অ + অ= [দ্ধা]। ২।১।ক সূর্য বিষয়ক সিদ্ধান্ত= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + উ + র্ + য্ + অ + স্ + ই + দ্ + ধ্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র.: স্ + উ= সু, র্ + য্ + অ = র্য, দ্ + ধ্ + আ= দ্ধা, ন্ + ত্ + অ= ন্ত।

সূর্যস্নান: নগ্নদেহে রৌদ্রসেবন। সূর্য ['সূর্য' দ্রষ্টবা] + স্নান [স্না + অন]। ৬।১ সূর্য [সূর্যালোক] দ্বারা স্নান= করণতৎ। ৩।৩ বানান: স্ + উ + র্ + য্ + অ + স্ + ন্ + আ + ন্ + অ। বি.দ্র.: স্ + উ = সু, র্ + য্ + অ= র্য, স্ + ন্ + আ= স্না।

সূর্যালোক: সূর্যের আলো। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + আলোক [আ + লোক্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ + আ [র্যা]। ২।১।খ সূর্যের আলোক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + র্ + য্ + আ + ল্ + ও + ক্ + অ। বি.দ্র.: স্ + উ = সু, র্ + য্ + আ= র্যা।

সূর্যাস্ত: দিবাশেষে সূর্যের অস্তগমন। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + অস্ত [অস্ + ত্]। ৬।১ [সন্ধি] অ + অ = আ। [র্যা]। ২।১।ক সূর্যের অস্ত= সম্বন্ধতৎ। বানান: স্ + উ + র্ + য্ + আ + স্ + ত্ + অ। বি.দ্র.: স্ + উ= সু, র্ + য্ + আ = র্যা, স্ + ত্ + অ= স্ত।

সূর্যেন্দুসঙ্গম, সূর্যেন্দুসংগম: অমাবস্যা। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + ইন্দু [ইন্দ্ + উ]। সঙ্গম, সংগম [সম্ + গম্ + অ]। ৬।১ [সন্ধি] অ + ই = এ [র্যে]। ২।৪।১ ম্ + গ= ঙ্গ, ংগ। ২।২৮ বানান: স্ + উ + র্ + য্ + এ + ন্ + দ্ + উ + স্ + অ + ঙ্ (ং) + গ্ + অ + ম্ + অ।

সূর্যোদয়: সূর্যের উদয়। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + উদয় = উৎ + ই + অ]। [সন্ধি] অ + উ = ও [র্যো]। ২।৪।ক, সূর্যের উদয় = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + র্ + য্ + ও + দ্ + অ + য্ + অ। বি.দ্র.: স্ + উ= সু, র্ + য্ + ও= র্যো।

সূর্যোপাসনা: সূর্যের বন্দনা। সূর্য ['সূর্য' দ্রষ্টব্য] + উপাসনা [উপ + আসনা [আস্ + অন + আ]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [র্যো]। ২।৫।ক সূর্যের উপাসনা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + উ + র্ + য্ + ও + প্ + আ + স্ + অ + ন্ + আ। বি.দ্র.: স্ + উ= সু, র্ + য্ + ও= র্যো।

সৃক, সৃক্কনী, সৃক: মুখের কশ (সং)। সৃক্ক, সক্ক [সৃক্ (সৃজ্ + ক্বিপ) + ক, কণী, ব]। বানান: শ্ + ঋ + ক্ + ক্ + অ, ক্ + ক্ + অ + ন্ + ঈ, ক্ + ব।

সৃজন: সৃষ্টি। বি। তদ্ভব। <সৃজ্ + অন। ৬।১ [বাং]। সংস্কৃতে সৃজ্ + অন= 'সর্জন' হয়।

সৃজনধর্মী: সৃষ্টিধর্মী। বিণ। তদ্ভব। সৃজন ['সৃজন' দ্রষ্টব্য] + ধর্মী [ধর্ম + ইন্ (ঈ)]। ৬।২ সৃজন ধর্ম যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + ঋ + জ্ + অ + ন্ + অ + ধ্ + অ + র্ + ম্ + ঈ। বি.দ্র.: শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সৃজনীশক্তি : সৃজন করবার ক্ষমতা। বি। তদ্ভব। সৃজন ['সৃজন' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী] + শক্তি [শক্ + তি]। ৬।১ সৃজনী [সৃষ্টিকারিণী] শক্তি = কর্মধা। ৩।২ বানান : স্ + ঋ + জ্ + অ + ন্ + ঈ + শ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র. : স্ + ঋ= সৃ, ক্ + ত্ + ই= ক্তি।

সৃজিত : সৃষ্ট। বিণ। তদ্ভব। সৃজ্ + ত [বাংলায়]। বানান : স্ + ঋ + জ্ + ই + ত্ + অ। সংস্কৃতে সৃজ্ + ত= সৃষ্ট।

সৃতি : পথ। বি। তৎসম। সৃ [যাওয়া] + তি। ৬।১ বানান : স্ + ঋ + ত্ + ই। বি.দ্র. : স্ + ঋ= সৃ।

সৃষ্ট : নির্মিত। বিণ। তৎসম। সৃজ্ + ত। ৬।১ বানান : স্ + ঋ + ষ্ + ট্ + অ। বি.দ্র. : স্ + ঋ = সৃ, ষ্ + ট্ + অ = ষ্ট। 'ঋ'-র পর 'ষ্' হয়েছে এবং 'ত' 'ষ্'-সংযোগে ট্ হয়েছে। ৪।২।ক ; ২।২।৪

সৃষ্টি : সৃজন। বি। তৎসম। সৃজ্ + তি। ৬।১ বানান : স্ + ঋ + ষ্ + ট্ + ই। বি.দ্র. : স্ + ঋ= সৃ, 'ঋ'-র পর 'ষ্' হয়েছে। ষ্ + তি= ষ্টি। ৪।২।ক, ২।২৪

সৃষ্টিক্রিয়া : সৃজনের কাজ। বি। তৎসম। সৃষ্টি ['সৃষ্টি' দ্রষ্টব্য] + ক্রিয়া [কৃ + অ + আ]। ৬।১ সৃষ্টির ক্রিয়া= সম্বন্ধতৎ। ৩।৫ বানান : স্ + ঋ + ষ্ + ট্ + ই + ক্ + র্ + ই + য্ + আ। বি.দ্র. : স্ + ঋ= সৃ, ষ্ + ট্ + ই= ষ্টি, ক্ + র্ + ই= ক্রি। 'ঋ'-র পর 'ষ্' হয়েছে। ৪।২।ক ষ্ + তি= ষ্টি। ২।২৪

সৃষ্টিছাড়া : অদ্ভুত। বিণ। তদ্ভব। সৃষ্টি ['সৃষ্টি' দ্রষ্টব্য] + ছাড়া [ছাড় (<ছড্ড <সং. ছর্দ্) + বাং., আ]। ৬।৩ সৃষ্টি ছেড়েছে যে = উপপদতৎ। ৩।৩ বানান : স্ + ঋ + ষ্ + ট্ + ই + ছ্ + আ + ড়্ + আ।

সৃষ্টিতত্ত্ব : বিশ্বসৃষ্টি-বিষয়ক গভীর জ্ঞান। বি। তৎসম। সৃষ্টি ['সৃষ্টি' দ্রষ্টব্য] + তত্ত্ব [তৎ + ত্ব]। ৬।২ সৃষ্টি-বিষয়ক তত্ত্ব = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + ঋ + ষ্ + ট্ + ই + ত্ + অ + ত্ + ত্ + ব্ + অ বি.দ্র. : ত্ + ত্ + ব্ + অ= ত্ত্ব।

সৃষ্টিধর : ব্রহ্মা। বি। তৎসম। সৃষ্টি ['সৃষ্টি' দ্রষ্টব্য] + ধর [ধৃ + অ]। ৬।১ সৃষ্টি ধারণ করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান : স্ + ঋ + ষ্ + ট্ + ই + ধ্ + অ + র্ + অ।

সৃষ্টিধর্মিতা : সৃজনধর্মিতা। বি। তৎসম। সৃষ্টি ['সৃষ্টি' দ্রষ্টব্য] + ধর্মিতা [ধর্ম + ইত (<ইন) + আ]। ৬।২ বানান : স্ + ঋ + ষ্ + ট্ + ই + ধ্ + অ + র্ + ম্ + ই + ত্ + আ। বি.দ্র. : র্ + ম্ + ই= র্মি।

সৃষ্টিধর্মী : সৃজনধর্মী। বিণ। তৎসম। সৃষ্টি ['সৃষ্টি' দ্রষ্টব্য] + ধর্মী [ধর্ম + ইন্ (ঈ)]। ৬।২ সৃষ্টি ধর্ম যার= বহুব্রী। ৩।৫ বানান : স্ + ঋ + ষ্ + ট্ + ই + ধ্ + অ + র্ + ম্ + ঈ। বি.দ্র. : র্ + ম্ + ঈ= র্মী।

সৃষ্টিনাশা : সর্বনাশা। বিণ। তদ্ভব। সৃষ্টি ['সৃষ্টি' দ্রষ্টব্য] + নাশা [নশ্ + অ + বাং. আ]। ৬।১, ৬।৩ সৃষ্টি নাশ করে যে = উপপদতৎ। ৩।৩ বানান : স্ + ঋ + ষ্ + ট্ + ই + ন্ + আ + শ্ + আ।

সৃষ্টিরক্ষা : বিশ্বজগতের সংরক্ষণ। বি। তৎসম। সৃষ্টি ['সৃষ্টি' দ্রষ্টব্য] + রক্ষা [রক্ষ্ + অ + আ]। ৬।১ সৃষ্টির রক্ষা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ঋ + ষ্ + ট্ + ই + র্ + অ + ক্ + ষ্ + আ। বি.দ্র. : ক্ + ষ্ + আ= ক্ষা।

সৃষ্টিস্থিতিলয় : বিশ্বের উৎপত্তি, অবস্থিতি ও ধ্বংস। বি। তৎসম। সৃষ্টি ['সৃষ্টি' দ্রষ্টব্য] + স্থিতি [স্থা + তি] + লয় [লী + অ]। ৬।১ সৃষ্টি, স্থিতি ও লয়= দ্বন্দ্ব। ৩।৪ বানান : স্ + ঋ + ষ্ + ট্ + ই + স্+থ্+ই+ত্+ই+ল্+অ+য়্+অ। বি.দ্র. : স্+থ্+ই= স্থি।

সেঁউতি, সেঁউতী : নৌকার জল সেচবার সেচনী। বি। তদ্ভব। <সং. সেকপাত্রী। মতান্তরে, দেশী। বানান : সঁ্ + এ + উ + ত্ + ই, ঈ।

সেঁকো : শঙ্খবিষ [পো. arsenico]। বি। তদ্ভব। <সং. শঙ্খ। বানান : সঁ্ + এ + ক্ + ও।

সেঁজতি, সেঁজুতি : সন্ধ্যাপ্রদীপ। বি। তদ্ভব। <সং. সন্ধ্যাবর্তি। বানান : সঁ্ + এ + জ্ + অ [উ] + ত্ + ই।

সেঁতসেঁত, সেঁৎসেঁৎ : ঈষৎ সিক্ত হওয়া। অব্য। তদ্ভব। <সং. সিক্ত। বানান : সঁ্ + এ + ত্ [ৎ] + সঁ্ + এ + ত্ [ৎ]। বি.দ্র. : শব্দ-মধ্যের ও শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

সেঁতসেঁতে : ভিজা-ভিজা। বিণ। তদ্ভব। সেঁতসেঁত ['সেঁতসেঁত' দ্রষ্টব্য] + বাং. এ। ৬।৩ বানান : সঁ্ + এ + ত্ + সঁ্ + এ + ত্ + এ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

সেঁতান, সেঁতানো : সেঁতসেঁতে হয়ে যাওয়া। ক্রি। তদ্ভব। সেঁত [<সং. সিক্ত] + বাং. আন, আনো।

সেঁধান, সেঁধানো : প্রবেশ করা। ক্রি। তদ্ভব। <সং. সন্ধা [<সম্ + ধা] + বাং. আন, আনো।

সেক : [বাংলায়] ধীরে ধীরে তাপপ্রয়োগ। বি। তৎসম। <সং. সিচ্ + অ। ৬।১, সংস্কৃত 'সেক' শব্দটির অর্থ জলসিঞ্চন বা জলসেচন। কিন্তু বাংলায় তার সম্পূর্ণ অর্থান্তর ঘটে গেছে।

সেকরা : স্বর্ণকার। বি। বিদেশী। <প্রাচীন পারসীক Sekka-Kara. বাংলা বানান : স্ + এ + ক্ + র্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ক' হসন্ত-বর্জিত। মতান্তরে, <সং. স্বর্ণকার।

সেকরানী : স্বর্ণকারের স্ত্রী। বি। বিদেশী। সেকরা ['সেকরা' দ্রষ্টব্য] + বাং. নী। ৭।১।৩

সেকা, সেঁকা : মৃদু তাপ প্রয়োগদ্বারা প্রস্তুত। বিণ। তদ্ভব। সেক ['সেক' দ্রষ্টব্য] + বাং. আ। ৬।৩ বানান : স্ [সঁ্] + এ + ক্ + আ।

সেকাল : প্রাচীনকাল। বি। তদ্ভব। <সং. সঃ কালঃ। বাংলা বানান : স্ + এ + ক্ + আ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

সেকেন্ড : মিনিটের ৬০ ভাগের এক ভাগ, দ্বিতীয়। বি। বিদেশী। <ইং. second. বাংলা বানান : স্ + এ + ক্ + এ + ন্ + ড্। বি.দ্র. : ন্ + ড্ = ন্ড। শব্দান্তের 'ড' হসন্ত-বর্জিত।

সেকেন্দর : আলেকজান্দার। বি। বিদেশী। <ফা. সিকন্দর <গ্রীক. Alexandros. বাংলা বানান : স্ + এ + ক্ + এ + ন্ + দ্ + অ + র্। বি.দ্র. ন্ + দ্ + অ= ন্দ। শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

সেকেলে : প্রাচীনকালের। বিণ। তদ্ভব। সেকাল ['সেকাল' দ্রষ্টব্য] + বাং. এ। বানান : স্ + এ + ক্ + এ + ল্ + এ।

সেক্রেটারি : কর্মসচিব। বি। বিদেশী। <ইং. secretary. বাংলা বানান : স্ + এ + ক্ + র্ + এ + ট্ + আ + র্ + ই। বি.দ্র. : ক্ + র্ + এ= ক্রে।

সেখান : সেই স্থান। বি। তদ্ভব। <সং. সঃ স্থানঃ। বাংলা বানান : স্ + এ + খ্ + আ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সেখানকার, সেখানের : সেই স্থানের। বিণ। তদ্ভব। তদ্ভব, সেখান + এর, কার [সম্বন্ধ পদের বিভক্তি]।

সেগুন : মূল্যবান গাছ ও তার কাঠ [সাগরুন]। বি। বিদেশী। <হি. সাগরুন। বাংলা বানান : স্ + এ + গ্ + উ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সেঙাত, সেঙাৎ : সাঙাত। বি। তদ্ভব। <সং. সঙ্গত + অ। ৬।১ বানান : স্ + এ + ঙ্ [+গ্] + আ + ত, ৎ। বি.দ্র. : ঙ্ + গ্ + আ= ঙ্গা।

সেচ : সেচন। বি। তৎসম। সিচ্ + অ। ৬।১ বানান : স্ + এ + চ্ + অ।

সেচন: সিঞ্চন। বি। তৎসম। সিচ্ + অন। ৬।১ বানান: স্ + এ + চ্ + অ + ন্ + অ।

সেচক: সেচনকারী। বিণ। তৎসম। সিচ্ + অক। ৬।১ বানান: স্ + এ + চ্ + অ + ক্ + অ।

সেচা, সেঁচা: সেচন করা। ক্রি। তদ্ভব। <সং. সিচ্। বানান: স্ [সঁ] + এ + চ্ + আ।

সেজ: শয্যা। বি। তদ্ভব। <সং. শয্যা। বানান: স্ + এ + জ্। বি.দ্র.: শব্দান্তে 'জ' হসন্ত-বর্জিত।

সেজো, সেজ: পরিবারের তৃতীয় জাতক। মিশ্র [বিদেশী + তৎসম]। [<ফা. সে + সং. জ (জন্ + অ)]। বাংলা বানান: স্ + এ + জ্ + ও, অ।

সেজান, সেজানো: সিদ্ধ করা। ক্রি। তদ্ভব। সেজ [<সং. সিধ্] + বাং. আন, আনো। বানান: স্ + এ + জ্ + আ + ন্ + অ, ও।

সেট: প্রস্থ। বি। বিদেশী। <ইং. set. বাংলা বানান: স্ + এ + ট্। বি.দ্র.: শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

সেতার: তিনতারযুক্ত বাদ্যযন্ত্র। বি। বিদেশী। <ফা. সিতার। বাংলা বানান: স্ + এ + ত্ + আ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

সেতারী: সেতারবাদক। বি, বিণ। বিদেশী। সেতার ['সেতার' দ্রষ্টব্য] + বাং. ঈ। বাংলা বানান: স্ + এ + ত্ + আ + র্ + ঈ।

সেতু: সাঁকো। তৎসম। সং. সি + তু। বানান: স্ + এ + ত্ + উ।

সেতুবন্ধ: রামেশ্বরের দক্ষিণস্থ দ্বীপশ্রেণী, সংযোগ। বি। তৎসম। সেতু [সি +তু] + বন্ধ [বন্ধ্ + অ]। ৬।১ সেতু দিয়ে বন্ধ [বন্ধন]= করণতৎ। ৩।৩ বানান: স্ + এ + ত্ + উ + ব্ + অ + ন্ + ধ্ + অ। বি.দ্র.: ন্ + ধ্ + অ= ন্ধ।

সেথা, সেথায়: সেখানে। ক্রি-বিণ। তদ্ভব। <সং. সঃ স্থানঃ। বানান: স্ + এ + থ্ + আ [+ য়]।

সেন: বাঙালী হিন্দুর পদবী। বি। তদ্ভব। <সং. সেনা। বি.দ্র.: সমাসবদ্ধ পদে পরপদরূপে 'সেনা' শব্দের রূপ। বানান: স্ + এ + ন্। শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সেনা: সৈন্য। বি। তৎসম। সি + ন + আ। বানান: স্ + এ + ন্ + আ।

সেনাধ্যক্ষ: সৈন্যদলের পরিচালক। বি। তৎসম। সেনা ['সেনা' দ্রষ্টব্য] + অধ্যক্ষ [অধি + অক্ষ। [সন্ধি] ই + অ= য [ধ্য]। ২।৭।ক সেনাদলের অধ্যক্ষ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + এ + ন্ + আ + ধ্ + য্ + অ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: ধ্ + য্ + অ = ধ্য, ক্ + ষ্ + অ= ক্ষ।

সেনানায়ক: সৈন্যদলের পরিচালক। বি। তৎসম। সেনা ['সেনা' দ্রষ্টব্য] + নায়ক [নী + অক]। ৬।১ সেনাদলের নায়ক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + এ + ন্ + আ + ন্ + আ + য্ + অ + ক্ + অ।

সেনানিবাস: ছাউনি। বি। তৎসম। সেনা ['সেনা' দ্রষ্টব্য] + নিবাস [নি + বস্ (বাস করা) + অ]। ৬।১ সেনাদলের নিবাস = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + এ + ন্ + আ + ন্ + ই + ব্ + আ + স্ + অ।

সেনানিবেশ: ছাউনি। বি। তৎসম। সেনা ['সেনা' দ্রষ্টব্য] + নিবেশ [নি + বিশ্ + অ]। সেনাদলের নিবেশ [স্থায়ী ঘাঁটি] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + এ + ন্ + আ + ন্ + ই + ব্ + এ + শ্ + অ।

সেনানী: সেনাপতি। বি। তৎসম। সেনা ['সেনা' দ্রষ্টব্য] + নী + ক্বিপ্। ৬।১ সেনাদলের নেতা [পরিচালক] = সম্বন্ধতৎ। ৩।৩

সেনাপতি: সৈন্যদলের পরিচালক। বি। তৎসম। সেনা ['সেনা' দ্রষ্টব্য] + পতি [পা + ডতি]।

৬।১ সেনাদলের পতি [অধ্যক্ষ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + এ + ন্ + আ + প্ + অ + ত্ + ই।

সেনাশিবির: ছাউনি। বি। তৎসম। সেনা ['সেনা' দ্রষ্টব্য] + শিবির [শী অথবা শব + ইর]। সেনাদের শিবির [ছাউনি] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + এ + ন্ + আ + শ্ + ই + ব্ + ই + র্ + অ।

সেপাই: সিপাই। বি। বিদেশী। <ফা. সিপাহ্। বাংলা বানান: স্ + এ + প্ + আ + ই।

সেপ্টেম্বর: ইংরেজী বর্ষের নবম মাস। বি। বিদেশী। <ইং. September. বাংলা বানান: স্ + এ + প্ + ট্ + এ + ম্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র.: প্ + ট্ + এ= প্টে, ম্ + ব্ + অ= ম্ব।

সেবক: সেবাকারী। বি, বিণ। তৎসম। সেব্ + অক। ৬।১ বানান: স্ + এ + ব্ + অ + ক্ + অ।

সেবকা: সেবাকারিণী। বি, বিণ। তৎসম। সেব্ + অক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: স্ + এ + ব্ + অ + ক্ + আ।

সেবন: পান,ভোজন বা উপভোগ। বি। তৎসম। সেব্ + অন। ৬।১ বানান: স্ + এ + ব্ + অ + ন্ + অ।

সেবনীয়: সেবন বা সেবা করবার যোগ্য। বিণ। তৎসম। সেব্ + অনীয়। ৬।১ বানান: স্ + এ + ব্ + অ + ন্ + ঈ + য় + অ। বি.দ্র.: 'অনীয়'-প্রত্যয় যোগের কারণে ন্ + ঈ= 'নী' হয়েছে।

সেবমান: সেবারত। বিণ। তৎসম। সেব্ + মান [শানচ্]। ৬।১ বানান: স্ + এ + ব্ + অ + ম্ + আ + ন্ + অ।

সেবা: পরিচর্যা, পূজা, (বাং.) ভোজন। বি। তৎসম। সেব্ + অ + আ। ৬।১ বানান: স্ + এ + ব্ + আ।

সেবাইত: মন্দিরাদির স্থায়ী সেবক। বি। তৎসম। সেবা ['সেবা' দ্রষ্টব্য] + ইত। বানান: স্ + এ + ব্ + আ + ই + ত্ + অ।

সেবাদাসী: পরিচর্যাকারিণী দাসী। বি। তৎসম। সেবা ['সেবা' দ্রষ্টব্য] + দাসী [দাস্ + অ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ সেবাকারিণী দাসী= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + এ + ব্ + আ + দ্ + আ + স্ + ঈ।

সেবাধর্ম: সেবারূপ ধর্ম। বি। তৎসম। সেবা ['সেবা' দ্রষ্টব্য] + ধর্ম [ধৃ + ম]। ৬।১ সেবা-রূপ ধর্ম= রূপক-কর্মধা। ৩।২ বানান: স্ + এ + ব্ + আ + ধ্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র.: র্ + ম্ + অ= র্ম।

সেবায়ত, সেবায়েত: মন্দিরাদির স্থায়ী সেবক। বি। তৎসম। সেবা ['সেবা' দ্রষ্টব্য] + আয়ত, আয়েত। বানান: স্ + এ + ব্ + আ + য় + অ [এ] + ত্ + অ।

সেবিকা: সেবাকারিণী। বি, বিণ। তৎসম। সেব্ + ইক [<অক] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।খ বানান: স্ + এ + ব্ + ই + ক্ + আ।

সেবিত: যার সেবা বা সেবন করা হয়েছে। বিণ। তৎসম। সেব্ + ত। ৬।১ বানান: স্ + এ + ব্ + ই + ত্ + অ।

সেবী: সেবনকারী। বিণ। তৎসম। সেব্ + ইন্ [ঈ]। ৬।১ বানান: স্ + এ + ব্ + ঈ। বি.দ্র.: শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সেব্য: সেবন বা সেবা করবার যোগ্য। বিণ। তৎসম। সেব্ + য [যৎ]। ৬।১ বানান: স্ + এ + ব্ + য্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য।

সেব্যমান: যে সেবিত হচ্ছে। বিণ। তৎসম। সেব্ + মান [শানচ্] —'য' আগম। বানান: স্ + এ + ব্ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য।

সেমই, সেমাই: ময়দায় তৈরী সুতার মতো সরু

খাদ্য। বি। বিদেশী। <হি. সিমাই। বাংলা বানান: স্ + এ + ম্ + অ [আ] + ই।

সেমিকোলন: বাক্যের অর্ধ যতি-চিহ্ন। বি। বিদেশী। <ইং. semi colon. বাংলা বানান: স্ + এ + ম্ + ই + ক্ + ও + ল্ + অ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সেমিজ: শেমিজ। বি। বিদেশী। <ইং. chemise. বাংলা বানান: স্ + এ + ম্ + ই + জ্। বি.দ্র.: শব্দান্তের 'জ' হসন্ত-বর্জিত।

সেয়ান, সেয়ানা: চালাক। বি। তদ্ভব। <সং. সজ্ঞান। বানান; স্ + এ + য় + আ + ন্, আ। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সের: ওজনের মাপ। বি। তৎসম। সং. সের। বানান: স্ + এ + র্ + অ।

সেরা: শ্রেষ্ঠ। বি। তৎসম। <ফা. সর্। বাংলা বানান: স্ + এ + র্ + আ।

সেরেফ: কেবল। বিণ। বিদেশী। <আ. সির্ফ। বাংলা বানান: স্ + এ + র্ + এ + ফ্। বি.দ্র.: শব্দান্তের 'ফ' হসন্ত-বর্জিত।

সেরেস্তা: দফতর। বি। বিদেশী। <ফা. সিরিস্তা। বাংলা বানান: স্ + এ + র্ + এ + স্ + ত্ + আ। বি.দ্র.: স্ + ত্ + আ= স্তা।

সেরেস্তাদার: দফতরের প্রধান কেরানী। বি। বিদেশী। সেরেস্তা ['সেরেস্তা' দ্রষ্টব্য] + ফা. দার। বাং. ৬।৪ বাংলা বানান: স্ + এ + র্ + এ + স্ + ত্ + আ + দ্ + আ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

সেলাই: সীবন। বি। বিদেশী। <হি. সিলাই। বাংলা বানান: স্ + এ + ল্ + আ + ই।

সেলাম: মুসলমানী প্রথায় নমস্কার। বি। বিদেশী। <আ. সলাম্। বাংলা বানান: স্ + এ + ল্ + আ + ম্। বি.দ্র.: শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত।

সেলামত: সুস্থ। বিণ। বিদেশী। <আ. সলামত। বাংলা বানান: স্ + এ + ল্ + আ + ম্ + অ + ত্। বি.দ্র.: শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

সেলামতি, সেলামতী: সুস্থতা। বি। বিদেশী। <আ. সলামতী। বাংলা বানান: স্ + এ + ল্ + আ + ম্ + অ + ত্ + ই, ঈ।

সেলামি, সেলামী: নজরানা। বি। বিদেশী। <আ. সলামী। বাংলা বানান: স্ + এ + ল্ + আ + ম্ + ই, ঈ।

সেলুলয়েড: স্থিতিস্থাপক রাসায়নিক পদার্থ। বি। বিদেশী। <ইং. celluloid. বাংলা বানান: স্ + এ + ল্ + উ + ল্ + অ + য় + এ + ড্। বি.দ্র.: শব্দান্তের 'ড' হসন্ত-বর্জিত।

সেশন: ফৌজদারি মামলার বিচারের জন্যে গঠিত আদালত। বি। বিদেশী। <ইং. session বাংলা বানান: স্ + এ + শ্ + অ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সৈকত: নদী বা সমুদ্রের বালুকাময় তীর। বি। তৎসম। সং. সিকতা + অ। ৬।২ বানান: স্ + ঐ + ক্ + অ + ত্ + অ।

সৈনাপত্য: সেনাপতির পদ। বি। তৎসম। সেনাপতি + য [ষ্ণ্য]। ৬।২ বানান: স্ + ঐ + ন্ + আ + প্ + অ + ত্ + য্ + অ। বি.দ্র.: ত্ + য্ + অ= ত্য।

সৈনিক: যোদ্ধা। বি। তৎসম। সেনা + ইক [ষ্ণিক]। ৬।২ বানান: স্ + ঐ + ন্ + ই + ক্ + অ।

সৈন্ধব: সমুদ্রজাত, সিন্ধুপ্রদেশজাত। বিণ। তৎসম। সিন্ধু + অ। ৬।১ বানান: স্ + ঐ + ন্ + ধ্ + অ + ব্ + অ। বি.দ্র.: ন্ + ধ্ + অ= ন্ধ।

সৈন্য: সৈনিক। বি। তৎসম। সেনা + য [ষ্ণ্য]। ৬।২ বানান: স্ + ঐ + ন্ + য্ + অ। বি.দ্র.: ন্ + য্ + অ= ন্য।

সৈন্য-সামন্ত: সৈন্য ও সামন্ত-নৃপতি। বি। তৎসম। সৈন্য ['সৈন্য' দ্রষ্টব্য] + সামন্ত [সমন্ত (সম্ + অন্ত) + অ]। ৬।২ সৈন্য ও সামন্ত [অধীন রাজা] = দ্বন্দ্ব। ৩।৪ বানান: স্ + ঐ + ন্

+ য্ + অ + স্ + আ + ম্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + অ= ন্ত।

সৈন্যাধ্যক্ষ: সেনাপতি। বি। তৎসম। সৈন্য [সৈন্য দ্রষ্টব্য] + অধ্যক্ষ [অধি + অক্ষ]। [সন্ধি] অ + অ= আ [ন্যা], ই + অ= য [ধ্য]। ২।১।ক ২।৭।ক সৈন্যদের অধ্যক্ষ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ঐ + ন্ + য্ + আ + ধ্ + য্ + অ + ক্ + ষ্ + অ। বি.দ্র.: ন্ + য্ + আ= ন্যা, ধ্ + য্ + অ= ধ্য, ক্ + ষ্ + অ= ক্ষ।

সৈয়দ: ইমাম হুসেনের বংশীয় সম্ভ্রান্ত মুসলমানদের পদবি। বি। বিদেশী। <আ. সইইদ্। বাংলা বানান: স্ + ঐ + য়্ + অ + দ্। বি.দ্র.: শব্দান্তের 'দ' হসন্ত-বর্জিত।

সৈরন্ধ্রী, সৈরিন্ধ্রী: পরগৃহবাসিনী-স্বাধীন জীবিকা নির্বাহকারিণী নারী। বি। তৎসম। স্বৈর [স্ব + ঈর] + ইন্ধ্ + র + ঈ [স্ত্রী]। ৬।১, ৬।২, ৭।১।গ— 'ব' লুপ্ত। বানান: স্ + ঐ + র্ + অ [ই] +ন্ + ধ্ + র্ + ঈ। বি.দ্র.: ন্ + ধ্ + র্ + ঈ= ন্ধ্রী।

সোঁ, শোঁ: দ্রুতগতির সূচক, ধ্বন্যাত্মক শব্দ। অব্য। দেশী। বানান: সঁ্ + ও, শঁ্ + ও।

সোঁটা: মোটা লাঠি। বি। তদ্ভব। <সং. শুণ্ড। বানান: সঁ্ + ও + ট্ + আ।

সোঁতা: ক্ষীণ স্রোত। বি। তদ্ভব। সং. স্রোত। বানান: সঁ্ + ও + ত্ + আ।

সোঁদা: জলসিক্ত শুষ্ক বা পোড়া মাটির গন্ধের মতো। বিণ। তদ্ভব। সোঁদ [<সং. সৌগন্ধ] + বাং. আ। ৬।৩ বানান: সঁ্ + ও + দ্ + আ।

সোঁদাল: কর্ণিকার। বি। দেশী। বানান: সঁ্ + ও + দ্ + আ + ল্। শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

সোচ্চার: অত্যন্ত মুখর। বিণ। তৎসম। স [=সহ] + উচ্চার [উৎ + চর্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [সো]। ২।৫ক উচ্চারণের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + ও + চ্ + চ্ + আ + র্ + অ। বি.দ্র.: চ্ + চ্ + আ= চ্চা।

সোজা: সরল। বিণ। তদ্ভব। <সহজ। বানান: স্ + ও + জ্ + আ।

সোজাসুজি: সরাসরি। ক্রি-বিণ। তদ্ভব। সোজা [<সং. সহজ] + সুজি [বিকৃত সহচর শব্দ]। বানান: স্ + ও + জ্ + আ + স্ + উ + জ্ + ই।

সোডা: ক্ষার বিশেষ। বি। বিদেশী। <ইং. soda. বাংলা বানান: স্ + ও + ড্ + আ।

সোৎকণ্ঠ: উৎকণ্ঠাযুক্ত। [সং. সহ + উৎকণ্ঠা]। বিণ। তৎসম। স [=সহ] + উৎকণ্ঠা [উৎ + কণ্ঠ্ + অ + আ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [সো]। ২।৫।ক উৎকণ্ঠার সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + ও + ৎ + ক্ + অ + ণ্ + ঠ্ + অ। বি.দ্র.: ণ্ + ঠ্ + অ= ণ্ঠ। 'ঠ'-এর আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

সোৎসাহ: উৎসাহযুক্ত। বিণ। তৎসম। স [=সহ] + উৎসাহ [উৎ + সহ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [সো] ২।৫।ক উৎসাহের সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + ও + ৎ + স্ + আ + হ্ + অ।

সোৎসুক: (অশু.) অতিশয় উৎসুক। [বাং. স [অতিশয়) + সং. উৎসুক]। বি। বিণ। তৎসম। স + উৎসুক [উৎ + সু + ক]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [সো]। ২।৫।ক বানান: স্ + ও + ৎ + স্ + উ + ক্ + অ। বি.দ্র.: বিশেষণ পদের সঙ্গে 'সহ' [স] শব্দযোগে সহার্থক বহুব্রীহি সমাস হয় না। হলে অশুদ্ধ হবে।

সোদর, সোদরা: সহোদর, সহোদরা। বি। তৎসম। স + দর [উৎ + ঋ + অ] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক [সন্ধি] অ + উ= ও [সো]। ২।৫।ক স [সম= একই] উদর যার= বহুব্রী।

৩।৫ +আ [স্ত্রী]। বানান: স্ + ও + দ্ + অ + র্ + অ, আ।

সোনা: স্বর্ণ। বি। তদ্ভব। <সং. স্বর্ণ। বানান: স্ + ও + ন্ + আ। বি.দ্র.: সংস্কৃতের 'ণ' তদ্ভবে 'ন' হয়েছে।

সোনাদানা: সোনার গয়না ইত্যাদি। বি। তদ্ভব। সোনা [<সং. স্বর্ণ] + দানা [সহচর শব্দ]। বানান: স্ + ও + ন্ + আ + দ্ + আ + ন্ + আ।

সোনামুখী: উজ্জ্বল গৌরবর্ণ মুখাবিশিষ্টা। বিণ। তদ্ভব। সোনা [<সং. স্বর্ণ] + মুখ + ঈ [স্ত্রী]। সোনার মতো উজ্জ্বল মুখ যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: স্ + ও + ন্ + আ + ম্ + উ + খ্ + ঈ।

সোনামুখী: সোঁদাল গাছ। বি। বিদেশী। <আ. সেনা-ই-মক্কী। বাংলা বানান: স্ + ও + ন্ + আ + ম্ + উ + খ্ + ঈ।

সোনামুগ: উজ্জ্বল পীতবর্ণ মুগ দাল। বি। তদ্ভব। সোনা [<সং. স্বর্ণ] + মুগ [<সং. মুদ্গ]। সোনার মতো রংবিশিষ্ট মুগ= কর্মধা। ৩।২

সোনালি, সোনালী: স্বর্ণাভ। বিণ। তদ্ভব। সোনা [<সং. স্বর্ণ] + বাং. আলি, আলী। ৬।৩ বানান: স্ + ও + ন্ + আ + ল্ + ই, ঈ।

সোপকরণ: উপকরণসহ। [সং. সহ + উপকরণ]। বিণ। তৎসম। স [=সহ] উপকরণ [উপ + কৃ + অন]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [সো] ২।৫।ক উপকরণসহ বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + ও + প্ + অ + ক্ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

সোপচার: উপচারসহ। [সং. সহ + উপচার]। বিণ। তৎসম। স [=সহ] + উপচার [উপ + চর্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [সো]। ২।৫।ক উপচারসহ বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + ও + প্ + অ + চ্ + আ + র্ + অ।

সোপর্দ: বিচারার্থ প্রেরণ। বি। বিদেশী। <ফা. সুপুর্‌দ্। বাংলা বানান: স্ + ও + প্ + অ + র্ + দ্ + অ। বি.দ্র.: র্ + দ্ + অ= র্দ।

সোপাধি, সোপাধিক: একই উপাধিযুক্ত। বিণ। তৎসম। স [=সহ] উপাধি, উপাধিক [উপ + আ + ধা + ই [+ক]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [সো]। ২।৫।ক উপাধির সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + ও + প্ + আ + ধ্ + ই, + ক।

সোপান: সিঁড়ি। বি। তৎসম। স [=সহ] + উপান [উপ + অন্ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [সো]। ২।৫।ক উপানের [ঊর্ধ্বগমনের] সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ বানান: স্ + ও + প্ + আ + ন্ + অ।

সোম: সোমলতার রস, চন্দ্র। বি। তৎসম। সু + ম। ৬।১ বানান: স্ + ও + ম্ + অ।

সোমতীর্থ: প্রভাস-তীর্থ। বি। তৎসম। সোম [স [(=সহ) + উমা] + তীর্থ [তৃ+থ]। ৬।১ উমার সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ সোমতীর্থ সেদিক থেকে শিবধাম। যেখানে পাপ-দুঃখ-মায়া-বন্ধন থেকে পার হওয়া যায়। সোমনাথ অধিষ্ঠিত তীর্থ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + ও + ম্ + অ + ত্ + ঈ + র্ + থ্ + অ।

সোমনাথ: শিব। বি। তৎসম। সোম [স + উম) + নাথ [নাথ্ + অ]। ৬।১ সোমদেবতা প্রতিষ্ঠিত শিবলিঙ্গ যেখানে। সোমের নাথ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ও + ম্ + অ + ন্ + আ + থ্ + অ।

সোমলতা: মাদক রসযুক্ত লতা। বি। তৎসম। সোম [সু + ম] + লতা [লত্ (বেষ্টন করা) + অ + আ [স্ত্রী] ৬।১ সোম নাম্নী লতা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + ও + ম্ + অ + ল্ + অ + ত্ + আ।

সোমলতিকা : মাদক রসযুক্ত লতা। বি। তৎসম। সোম [সু + ম] + লতিক [লত্ (বেষ্টন করা) + ইক [(< অক) + আ]। ৬।১, ৭।১।চ সোম নাম্নী লতিকা= মধ্যপ কর্মধা। ৩।২ বানান: স্ + ও + ম্ + অ + ল্ + অ + ত্ + ই + ক্ + আ।

সোমত্ত : যৌবনপ্রাপ্ত। বিণ। অর্ধ-তৎ। < সমর্থ। বানান: স্ + ও + ম্ + অ + ত্ + ত্ + অ। বি.দ্র. : ত্ + ত্ + অ= ত্ত।

সোমেশ্বর : শিব। বি। তৎসম। সোম [স(=সহ)+উমা] + ঈশ্বর [ঈশ্ + বর (বৃ + অ)]। ৬।১ [সন্ধি] অ + ঈ= এ [মে]। ২।৪।খ। উমার সঙ্গে বর্তমান= বহুব্রী। ৩।৫ তার ঈশ্বর [আরাধ্য দেবতা]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: সোমেশ্বর: স্ + ও + ম্ + এ + শ্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র. : শ্ + ব্ + অ= শ্ব।

সোয়াদ : স্বাদ। বি। অর্ধতৎ। < সং. স্বাদ। বানান: স্ + ব [ও + য়] + আ + দ্ + অ।

সোয়ামি, সোয়ামী : স্বামী। বি। অর্ধ-তৎ। < সং. স্বামী। বানান: স্ + ব্ [ও + য়] + আ + ম্ + ই, ঈ।

সোয়ার : সওয়ার। বি। বিদেশী। < ফা. সওয়ার্। বাংলা বানান: স্ + ও + য্ + আ + র্। বি.দ্র. : শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

সোয়াস্তি : স্বস্তি। বি। অর্ধতৎ। < সং. স্বস্তি। বানান: স্ + ব্ [ও + য়] + অ [আ] + স্ + ত্ + ই। বি.দ্র. : স্ + ত্ + ই= স্তি।

সোর, সোরগোল : হল্লা। বি। বিদেশী। < ফা. শোর্। < ফা. গোল্। বাংলা বানান: স্ + ও + র্, গ্ + ও + ল্। বি.দ্র. : শব্দান্তের 'র' এবং 'ল্' হসন্ত-বর্জিত।

সোরাই : জলের কুঁজা। বি। বিদেশী। < আ. সুরাহী। বাংলা বানান: স্ + ও + র্ + আ + ই।

সোলা : হালকা ও নরম জলজ উদ্ভিদ। বি। বিদেশী। < হি. শোলা। বাংলা বানান: স্ [শ্] + ও + ল্ + আ।

সোলে : আপস-মীমাংসা। বি। বিদেশী। < আ. সল্হ্। বাংলা বানান: স্ + ও + ল্ + এ।

সোলেনামা : আপস-মীমাংসার দলিল। বি। বিদেশী। < আ. সোলে + < ফা. নামহ্। বাংলা বানান: স্ + ও + ল্ + এ + ন্ + আ + ম্ + আ।

সোল্লাস : উল্লাসযুক্ত। বিণ। তৎসম। স + উল্লাস [উৎ + লাশ [লস্ + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [সো], ৎ + লা= ল্ + লা= ল্লা। ২।৫।ক ২।২০ বানান: স্ + ও + ল্ + ল্ + আ + স্ + অ।

সোল্লাসে : উল্লাসের সঙ্গে। বি। তৎসম। সোল্লাস ['সোল্লাস' দ্রষ্টব্য] + এ [বিভক্তি]। বানান: স্ + ও + ল্ + ল্ + আ + স্ + এ।

সোহাগ : আদর। বি। তদ্ভব। < সং. সৌভাগ্য। বানান: স্ + ও + হ্ + আ + গ্ + অ।

সোহাগা : ক্ষারলবণ। বি। তদ্ভব। < সং. সৌভাগ্য। বানান: স্ + ও + হ্ + আ + গ্ + আ।

সোহাগিনী : আদরিণী। বিণ। তদ্ভব। সোহাগ ['সোহাগ' দ্রষ্টব্য] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।চ বানান: স্ + ও + হ্ + আ + গ্ + ই + ন্ + ঈ।

সোহাগী : আদরিণী। বিণ। তদ্ভব। সোহাগ ['সোহাগ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান: স্ + ও + হ্ + আ + গ্ + ঈ।

সোহিনী, শোহিনী : সঙ্গীতের রাগিণী। বি। তদ্ভব। < সং. শোহিনী। বানান: স্ [শ্] + ও + হ্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : মূল শব্দটি [শোভিনী] 'ইন্' + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত হওয়ায় উৎপন্ন শব্দে আগে 'ই', পরে 'ঈ'।

সৌকর্য : সুসাধ্যতা। বি। তৎসম। সং. সুকর [সু + কর [কৃ + অ)] + য। ৬।১, ৬।২ বানান: স্ + ঔ + ক্ + অ + র্ + য্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, র্ + য্ + অ= র্য।

সৌকুমার্য : লালিত্য। বি। তৎসম। সং. সুকুমার। য। ৬।২ বানান : স্ + ঔ + ক্ + উ + ম্ + আ + র্ + য্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, র্ + য্ + অ= র্য।

সৌক্ষ্ম্য : সূক্ষ্মতা। বি। তৎসম। সং. সূক্ষ্ম [সূচ্ + স্ম] + য [ষ্ণ্য]। ৬।১ বানান : স্ + ঔ + ক্ + ষ্ + ম্ + য্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, ক্ + ষ্ + ম্ + য্ + অ= ক্ষ্ম্য।

সৌখিন, সৌখীন, শৌখিন : বিলাসী। বিণ। বিদেশী। <আ. শৌকীন্। বাংলা বানান : স্[শ্] + ঔ + খ্ + ই, ঈ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সৌগত : বৌদ্ধ। বি। তৎসম। সং. সুগত [বুদ্ধ] + অ। বানান : স্ + ঔ + গ্ + অ + ত্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ।

সৌগন্ধ, সৌগন্ধ্য : সৌরভ। বি। তৎসম। সং. সুগন্ধ + অ। ৬।১ বানান : স্ + ঔ + গ্ + অ + ন্ + ধ্ + অ, য্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, ন্ + ধ্ + অ= ন্ধ, ন্ + ধ্ + য্ + অ= ন্ধ্য।

সৌগন্ধিক : গন্ধদ্রব্যব্যবসায়ী। তৎসম। সুগন্ধ + ইক [ষ্ণিক] বানান : স্ + ঔ + গ্ + অ + ন্ + ধ্ + ই + ক্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, ন্ + ধ্ + ই= ন্ধি।

সৌচি, সৌচিক : দরজী। বি। তৎসম। সং. সূচী + ই [ষ্ণি], ইক [ষ্ণিক]। ৬।২ বানান : স্ + ঔ + চ্ + ই, ক্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ।

সৌজন্য : ভদ্রতা। বি। তৎসম। সং. সুজন + য [ষ্ণ্য]। ৬।২ বানান : স্ + ঔ + জ্ + অ + ন্ + য্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, ন্ + য্ + অ= ন্য।

সৌজাত্য : জন্মোৎকর্ষ। বি। তৎসম। সং. সুজাত [সু + জাত] + য [ষ্ণ্য]। ৬।২ বানান : স্ + ঔ + জ্ + আ + ত্ + য্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, ত্ + য্ + অ= ত্য।

সৌদামিনী : বিদ্যুৎ। বি। তৎসম। সং. সুদামন্ + অ [ষ্ণ] + ঈ [স্ত্রী]। বানান : স্ + ঔ + দ্ + আ + ম্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, ন্ + ঈ= নী।

সৌধ : চুনকাম-করা অট্টালিকা। বি। তৎসম। সং. সুধা [চুন] + অ [ষ্ণ]। ৬।১ বানান : স্ + ঔ + ধ্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ।

সৌন্দর্য : শোভা। বি। তৎসম। সং. সুন্দর + য [ষ্ণ্য]। ৬।১ বানান : স্ + ঔ + ন্ + দ্ + অ + র্ + য্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, ন্ + দ্ + অ= ন্দ, র্ + য্ + অ= র্য।

সৌপ্তিক : নৈশযুদ্ধ। বি। তৎসম। সং. সুপ্ত [স্বপ্ (ঘুমানো) + ত] + ইক [ষ্ণিক]। ৬।১, ৬।২ বানান : স্ + ঔ + প্ + ত্ + ই + ক্ + অ। বি.দ্র. : স্ + ঔ = সৌ, প্ + ত্ + ই= প্তি।

সৌবর্ণ : সুবর্ণময়। বিণ। তৎসম। সং. সুবর্ণ + অ [ষ্ণ]। ৬।২ বানান : স্ + ঔ + ব্ + অ + র্ + ণ্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, র্ + ণ্ + অ= র্ণ। 'র'-এর ঠিক পরেই 'ণ' হয়েছে এবং 'র্' রেফ হয়ে 'ণ'-এর মাথায় গেছে।

সৌভাগিনেয় : সৌভাগ্যবতীর পুত্র। বি। তৎসম। সং. সুভগা + ইন + এয় [ষ্ণয় (অপত্য অর্থে)]। ৬।২ বানান : স্ + ঔ + ভ্ + আ + গ্ + ই + ন্ + এ + য়্ + অ।

সৌভাগিনেয়ী : সৌভাগ্যবতীর কন্যা। বি। তৎসম। সৌভাগিনেয়। ['সৌভাগিনেয়' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : স্ + ঔ + ভ্ + আ + গ্ + ই + ন্ + এ + য়্ + ঈ।

সৌভাগিন্য : ভগিনীদের মধ্যে পরস্পর সদ্ভাব। বি। তৎসম। সং. সুভগিনী [সু + ভগিনী + য [ষ্ণ্য]। ৬।২ বানান : স্ + ঔ + ভ্ + আ + গ্ + ই + ন্ + য্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, ন্ + য্ + অ= ন্য।

সৌভাগ্য : অনুকূল ভাগ্য। বি। তৎসম। সং. সুভগ + য [ষ্ণ্য]। ৬।২ বানান: স্ + ঔ + ভ্ + আ + গ্ + য্ + অ। বি.দ্র.: স্ + ঔ = সৌ, গ্ + য্ + অ= গ্য।

সৌভাগ্যবতী : সৌভাগ্যশালিনী। বিণ। তৎসম। সৌভাগ্য ['সৌভাগ্য' দ্রষ্টব্য] + বতী [বৎ (বতুপ্) + ঈ (স্ত্রী)]। ৬।২, ৭।১।ঝ বানান: স্ + ঔ + ভ্ + আ + গ্ + য্ + অ + ব্ + অ + ত্ + ঈ। বি.দ্র.: স্ + ঔ= সৌ, গ্ + য্ + অ= গ্য, ত্ + ঈ= তী।

সৌভাগ্যবান : সৌভাগ্যশালী। বিণ। তৎসম। সৌভাগ্য ['সৌভাগ্য' দ্রষ্টব্য] + বান [বৎ (বতুপ্) + ঈ (স্ত্রী)]। ৬।২ বানান: স্ + ঔ + ভ্ + আ + গ্ + য্ + অ + ব্ + আ + ন্। বি.দ্র.: শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

সৌভিক : যাদুকর। বি। তৎসম। সৌভ [সুভ (সু + ভা + অ) + অ] + ইক [ষ্ণিক]। ৬।১, ৬।২ বানান: স্ + ঔ + ভ্ + ই + ক্ + অ। বি.দ্র.: স্ + ঔ= সৌ।

সৌভ্রাত্র : ভ্রাতৃপ্রীতি। বি। তৎসম। সুভ্রাতৃ + অ। ৬।২ বানান: স্ + ঔ + ভ্ + র্ + আ + ত্ + র্ + অ। বি.দ্র.: স্ + ঔ= সৌ, ভ্ + র্ + আ= ভ্রা, ত্ + র্ + অ= ত্র।

সৌমনস্য : প্রীতি। বি। তৎসম। সুমনস্ + য [ষ্ণ্য]। ৬।২ বানান: স্ + ঔ + ম্ + অ + ন্ + অ + স্ + য্ + অ। বি.দ্র.: স্ + ঔ= সৌ, স্ + য্ + অ= স্য।

সৌমিত্র, সৌমিত্রি : সুমিত্রাপুত্র। বি। তৎসম। সুমিত্রা + অ [ষ্ণ], ই [ষ্ণি]। ৬।২ বানান: স্ + ঔ + ম্ + ই + ত্ + র্ + অ, ই। বি.দ্র.: স + ঔ = সৌ, ত্ + র্ + অ= ত্র, ত্ + র্ + ই= ত্রি।

সৌম্য : প্রশান্ত। বিণ। তৎসম। সোম + য [ষ্ণ্য]। ৬।২ বানান: স্ + ঔ + ম্ + য্ + অ। বি.দ্র.: স্ + ও= সৌ, ম্ + য্ + অ= ম্য।

সৌম্যতা : প্রশান্তি। বি। তৎসম। সৌম্য ['সৌম্য' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + ঔ + ম্ + য্ + অ + ত্ + আ। বি.দ্র.: স্ + ঔ = সৌ, ম্ + য্ + অ= ম্য।

সৌম্যা : শান্তশীলা। বিণ। তৎসম। সৌম্য ['সৌম্য' + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + ঔ + ম্ + য্ + আ। বি.দ্র.: স্ + ঔ= সৌ, ম্ + য্ + আ= ম্যা।

সৌর : সূর্য-সম্পর্কিত। বিণ। তৎসম। সূর [=সূর্য] + অ। ৬।২ বানান: স্ + ঔ + র্ + অ। বি.দ্র.: স্ + ঔ= সৌ।

সৌরকর : সূর্যকিরণ। বি। তৎসম। সৌর [সূর (=সূর্য) + অ] + কর [কৃ (কিরণ দেওয়া) + অ]। ৬।২, ৬।১ বানান: স্ + ঔ + র্ + অ + ক্ + অ + র্ + অ। বি.দ্র.: স্ + ঔ= সৌ।

সৌরজগৎ : সূর্য ও পরিবার। বি। তৎসম। সৌর [সূর (=সূর্য) + অ] + জগৎ [গম্ + ক্বিপ]। ৬।২, ৬।১ সৌর যে জগৎ= কর্মধা। ৩।২ বানান: স্ + ঔ + র্ + অ + জ্ + অ + গ্ + অ + ৎ।

সৌরভ : সুগন্ধ। বি। তৎসম। সুরভি + অ। ৬।২ বানান: স্ + ঔ + র্ + অ + ভ্ + অ। বি.দ্র.: স্ + ঔ।

সৌরভী : সৌরভযুক্ত। বিণ। তৎসম। সৌরভ [সুরভি + অ] + ইন্ [ঈ]। ৬।২ বানান: স্ + ঔ + র্ + অ + ভ্ + ঈ। বি.দ্র.: স্ + ঔ= সৌ, ভ্ + ঈ= ভী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

সৌরাষ্ট্র : কাথিয়াওআড়ের অন্তর্গত রাজ্যসমূহ। বি। তৎসম। সুরাষ্ট্র + অ। ৬।২ বানান: স্ + ঔ + র্ + আ + ষ্ + ট্ + র্ + অ। বি.দ্র.: স্ + ঔ= সৌ, ষ্ + ট্ + র্ + অ= ষ্ট্র। 'ট'-এর ঠিক আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক

সৌরি : সূর্যপুত্র। বি। তৎসম। সূর [=সূর্য] + ই [ষ্ণি]-অপত্য অর্থে। ৬।২ বানান : স্ + ঔ + র্ + ই। বি.দ্র. : স্ + ঔ = সৌ, র্ + ই= রি।

সৌরিক : মদ্য-বিক্রয়কারী। বি। তৎসম। সুরা [মদ] + ইক [ষ্ণিক]। ৬।২ বানান : স্ + ঔ + র্ + ই + ক্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ।

সৌষম্য : সুসামঞ্জস্য। বি। তৎসম। সুষম [সুষম দ্রষ্টব্য] + য [ষ্ণ্য]। ৬।২ বানান : স্ + ঔ + ষ্ + অ + ম্ + য্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, 'ঔ'-র পর 'ষ' হয়েছে, ম্ + য্ + অ= ম্য।

সৌষ্ঠব : সুগঠন। বি। তৎসম। সং. সুষ্ঠু + অ [ষ্ণ্য]। ৬।১ বানান : স্ + ঔ + ষ্ + ঠ্ + অ + ব্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, ষ্ + ঠ্ + অ= ষ্ঠ, ঔ-র পর এবং 'ঠ'-এর ঠিক আগে 'ষ' হয়েছে। ৪।২।ক, ৪।২।গু

সৌসাদৃশ্য : সম্পূর্ণ মিল। বি। তৎসম। সুসদৃশ [সু + সদৃশ] + য [ষ্ণ]। ৬।২ বানান : স্ + ঔ + স + আ + দ্ + ঋ + শ্ + য্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, দ্ + ঋ= দৃ, শ্ + য্ + অ= শ্য।

সৌহার্দ, সৌহার্দ্য : বন্ধুত্ব। বি। তৎসম। সং. সুহৃদ্ + অ, য। ৬।২ বানান : স্ + ঔ + হ্ + আ + র্ + দ্ + অ, স্ + ঔ + হ্ + আ + র্ + দ্ + য্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, র্ + দ্ + অ= র্দ, র্ + দ্ + য্ + অ= র্দ্য।

সৌহৃদ্য : বন্ধুত্ব। বি। তৎসম। সং. সুহৃদ্ + য। ৬।২ বানান : স্ + ঔ + হ্ + ঋ + দ্ + য্ + অ। বি.দ্র. : স্ + ঔ= সৌ, হ্ + ঋ = হৃ, দ্ + য্ + অ= দ্য।

স্কন্দ : কার্তিকেয়। বি। তৎসম। স্কন্দ্[শূন্যে ভেসে গমন করা] + অ। ৬।১ বানান : স্ + ক্ + অ + ন্ + দ্ + অ। বি.দ্র. : স্ + ক্ + অ= স্ক, ন্ + দ্ + অ= ন্দ।

স্কন্ধ : কাঁধ। বি। তৎসম। স্কন্দ্ [আরোহণ করা] + অ। ৬।১ বানান : স্ + ক্ + অ + ন্ + ধ্ + অ। বি.দ্র. : স্ + ক্ + অ= স্ক, ন্ + ধ্ + অ= ন্ধ।

স্কন্ধাবার : ছাউনি। বি। তৎসম। স্কন্ধ [যাদের ওপরে রাজ্যরক্ষার ভার ন্যস্ত] + আবার [আ + বৃ + অ (=আবরণ)]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [ন্ধা]। ২।১।খ স্কন্ধের আবার [আবরণ]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ক্ + অ + ন্ + ধ্ + আ + ব্ + আ + র্ + অ। বি.দ্র. : স্ + ক্ + অ= স্ক, ন্ + ধ্ + আ= ন্ধা।

স্কলারশিপ : বৃত্তি। বি। বিদেশী। <ইং. scholarship. বাংলা বানান : স্ + ক্ + অ + ল্ + আ + র্ + শ্ + ই + প্। বি.দ্র. : স্ + ক্ + অ= স্ক, শব্দ-মধ্যের 'র' এবং শব্দান্তের 'প' হসন্ত-বর্জিত।

স্কুল : বিদ্যালয়। বি। বিদেশী। <ইং. school. বাংলা বানান : স্ + ক্ + উ + ল্। বি.দ্র. : স্ + ক্ + উ= স্কু, শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

স্কুল ফাইনাল : মাধ্যমিক শেষ পরীক্ষা। বি। বিদেশী। <ইং. School Final. বাংলা বানান : স্ + ক্ + উ + ল্ + ফ্ + আ + ই + ন্ + আ + ল্। বি.দ্র. : স্ + ক্ + উ= স্কু, শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

স্কুল মাস্টার : বিদ্যালয়ের শিক্ষক। বি। বিদেশী। <ইং. school master. বাংলা বানান : স্ + ক্ + উ + ল্ + ম্ + আ + স্ + ট্ + আ + র্। বি.দ্র. : স্ + ক্ + উ= স্কু, স্ + ট্ + আ= স্টা [বিদেশী শব্দে 'ট'-এর আগে 'স' হয়েছে] শব্দান্তের 'ল' ও 'র' হসন্ত-বর্জিত।

স্ক্রু : পেঁচযুক্ত ধাতব, ইস্ক্রুপ বি। বিদেশী। <ইং. screw. বাংলা বানান : স্ + ক্ + র্ + উ।

স্খলন : পতন। বি। তৎসম। স্খল্ [পড়ে যাওয়া] + অন। ৬।১ বানান : স্ + খ্ + অ + ল্ + অ + ন্ + অ। বি.দ্র. : স্ + খ্ + অ= স্খ।

স্খলিত : পতিত। বিণ। তৎসম। স্খল্ [পড়ে যাওয়া] + ত। ৬।১ বানান : স্ + খ্ + অ + ল্ + ই + ত্ + অ। বি.দ্র. : স্ + খ্ + অ= স্খ।

স্টাইল : বিশিষ্ট রীতি বা শৈলী। বি। বিদেশী। <ইং. style বাংলা বানান : স্ + ট্ + আ + ই + ল্। বি.দ্র. : স্ + ট্ + আ= স্টা। শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

স্টীমার : বাষ্পীয় জাহাজ। বি। বিদেশী। <ইং. steamer. বাংলা বানান : স্ + ট্ + ঈ + ম্ + আ + র্। বি.দ্র. : স্ + ট্ + ঈ= স্টী। শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

স্টেশন : রেল, স্টীমার, জাহাজ ভেড়াবার নির্দিষ্ট স্থান। বি। বিদেশী। <ইং. station. বাংলা বানান : স্ + ট্ + এ + শ্ + অ + ন্। বি.দ্র. : স্ + ট্ + এ= স্টে। শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

স্টেশনমাস্টার : স্টেশনের অধ্যক্ষ। বি। বিদেশী। <ইং. station-master. বাংলা বানান : স্ + ট্ + এ + শ্ + অ + ন্ + ম্ + আ + স্ + ট্ + আ + র্। বি.দ্র. : স্ + ট্ + এ= স্টে। শব্দান্তের 'র্' হসন্ত-বর্জিত।

স্ট্যাম্প : মাসুলবাবদ দলিল বা চিঠিপত্রে লাগানো টিকিট। বি। বিদেশী। <ইং. stamp. বাংলা বানান : স্ + ট্ + য্ + আ + ম্ + প্। বি.দ্র. : স্ + ট্ + য্ + আ= স্ট্যা, ম্ + প= ম্প। শব্দান্তের 'প' হসন্ত-বর্জিত।

স্তন : পয়োধর। বি। তৎসম। স্তন্ [তারুণ্যোদয় প্রকাশ করা] + অ। ৬।১ বানান : স্ + ত্ + অ + ন্ + অ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত।

স্তনন : শব্দ। বি। তৎসম। স্তন্ [গর্জন করা] + অন। ৬।১ [যেমন : সমুদ্র 'স্তনিত' পৃথ্বী]। বানান : স্ + ত্ + অ + ন্ + অ + ন্ + অ। বি.দ্র. : স্ + ত্ = অ= স্ত।

স্তনাগ্র : চুচুক। বি। তৎসম। স্তন [স্তন্ + অ] + অগ্র [অন্গ্ + র — 'ন্' লুপ্ত]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [না]। ২।১।ক স্তনের অগ্র [বোঁটা]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ত্ + অ + ন্ + আ + গ্ + র্ + অ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত, গ্ + র্ + অ= গ্র।

স্তনিত : শব্দিত। বিণ। তৎসম। স্তন্ [গর্জন করা] + ত। ৬।১ [যেমন : সমুদ্র-'স্তনিত' পৃথ্বী]। বানান : স্ + ত্ + অ + ন্ + ই + ত্ + অ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত।

স্তন্য : মাতৃস্তনের দুগ্ধ। বি। তৎসম। স্তন + য [ষ্ণ্য]। ৬।২ বানান : স্ + ত্ + অ + ন্ + য্ + অ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত, ন্ + য্ + অ= ন্য।

স্তন্যজীবী : শৈশবে মাতৃদুগ্ধ-পানকারী। বি। তৎসম। স্তন্য ['স্তন্য' দ্রষ্টব্য] [জীব + ইন্ (ঈ)]। ৬।১ স্তন্যে জীবিত থাকে যে= উপপদতৎ। ৩।৩ বানান : স্ + ত্ + অ + ন্ + য্ + অ + জ্ + ঈ + ব্ + ঈ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত, ন্ + য্ + অ= ন্য, জ্ + ঈ= জী, ব্ + ঈ = বী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

স্তন্যপান : মাই খাওয়া। বি। তৎসম। স্তন্য ['স্তন' দ্রষ্টব্য] + পান [পা (পান করা) + অন]। ৬।১ স্তন্যকে পান= কর্মতৎ। ৩।৩ বানান : স্ + ত্ + অ + ন্ + য্ + অ + প্ + আ + ন্ + অ।

স্তন্যপায়ী : শৈশবে মাতৃদুগ্ধ-পানকারী। বি। তৎসম। স্তন্য ['স্তন্য' দ্রষ্টব্য] + পায়ী [পা (পান করা) + ইন্ [ঈ]। ৬।১ স্তন্য পান করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : স্ + ত্ + অ + ন্ + য্ + অ + প্ + আ + য্ + ঈ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত, ন্ + য্ + অ= ন্য, য্ + ঈ= য়ী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

স্তব: স্তুতি। বি। স্তু [স্তুতি বা পূজা করা] + অ। ৬।১ বানান: স্ + ত্ + অ + ব্ + অ। বি.দ্র.: স্ + ত্ + অ= স্ত।

স্তবক: স্তব, ফুলের তোড়া, কবিতার stanza. তৎসম। স্তু + অক। ৬।১ [সন্ধি] উ + অ= ব। ২।৮।ক বানান: স্ + ত্ + অ + ব্ + অ + ক্ + অ। বি.দ্র.: স্ + ত্ + অ= স্ত।

স্তবকিত: তোড়াবাঁধা। বিণ। তৎসম। স্তবক ['স্তবক' দ্রষ্টব্য] + ইত। ৬।২ বানান: স্ + ত্ + অ + ব্ + অ + ক্ + ই + ত্ + অ। বি.দ্র.: স্ + ত্ + অ = স্ত।

স্তব্ধ: নিশ্চল। বিণ। তৎসম। স্তম্ভ্ + ত। ৬।১ বানান: স্ + ত্ + অ + ব্ + ধ্ + অ। বি.দ্র.: স্ + ত্ + অ = স্ত, ব্ + ধ্ + অ = ব্ধ।

স্তব্ধীকৃত: নিশ্চলতা প্রাপ্ত। বিণ। তৎসম। স্তব্ধ [স্তম্ভ্ + ত] + ঈ [অভূততদ্ভাবে] + কৃত [কৃ + ত]। ৬।১ বানান: স্ + ত্ + অ + ব্ + ধ্ + ঈ + ক্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: স্ + ত্ + অ = স্ত, ব্ + ধ্ + ঈ = ব্ধী, ক্ + ঋ = কৃ।

স্তব্ধীভূত: যে স্তব্ধ হয়েছে। বিণ। তৎসম। স্তব্ধ [স্তম্ভ্ + অ] + ঈ [অভূততদ্ভাবে] + ভূত [ভূ + ত]। ৬।১ বানান: স্ + ত্ + অ + ব্ + ধ্ + ঈ + ভ্ + ঊ + ত্ + অ। বি.দ্র.: স্ + ত্ + অ = স্ত, ব্ + ধ্ + ঈ = ব্ধী। ভ্ + ঊ = ভূ।

স্তম্ব: কাণ্ডহীন গাছ। বি। তৎসম। স্তম্ভ্ [ভ=ব] + অ। ৬।১ বানান: স্ + ত্ + অ + ম্ + ব্ + অ। বি.দ্র.: স্ + ত্ + অ = স্ত, ম্ + ব্ + অ = ম্ব।

স্তম্ভ: গাছের গুঁড়ি। বি। তৎসম। স্তম্ভ্ + অ। ৬।১ বানান: স্ + ত্ + অ + ম্ + ভ্ + অ। বি.দ্র.: স্ + ত্ + অ = স্ত, ম্ + ভ্ + অ = ম্ভ।

স্তম্ভন: দৃঢ়ীকরণ। বি। তৎসম। স্তম্ভ্ + অন। ৬।১ বানান: স্ + ত্ + অ + ম্ + ভ্ + অ + ন্ + অ। বি.দ্র.: স্ + ত্ + অ = স্ত, ম্ + ভ্ + অ = ম্ভ।

স্তম্ভিত: বিস্ময়ে স্তব্ধ। বিণ। তৎসম। স্তম্ভ্ + ত। ৬।১ বানান: স্ + ত্ + অ + ম্ + ভ্ + ই + ত্ + অ। বি.দ্র.: স্ + ত্ + অ = স্ত, ম্ + ভ্ + ই = ম্ভি।

স্তর: থাক। বি। তৎসম। স্তৃ [বিস্তার করা বা বাড়ানো] + অ। ৬।১ বানান: স্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র.: স্ + ত্ + অ = স্ত।

স্তরিত: স্তরে স্তরে বিন্যস্ত। বিণ। তৎসম। স্তর + ইত। ৬।২ বানান: স্ + ত্ + অ + র্ + ই + ত্ + অ। বি.দ্র.: স্ + ত্ + অ = স্ত।

স্তাবক: খোসামোদকারী। বি। তৎসম। স্তু [স্তুতি বা প্রশস্তি করা] + অক। ৬।১ বানান: স্ + ত্ + আ + ব্ + অ + ক্ + অ। বি.দ্র.: স্ + ত্ + আ = স্তা।

স্তাবকতা: খোশামোদ। বি। তৎসম। স্তাবক [স্তু + অক] + তা। ৬।২ বানান: স্ + ত্ + আ + ব্ + অ + ক্ + অ + ত্ + আ। বি.দ্র.: স্ + ত্ + আ = স্তা।

স্তিমিত: ক্ষীণ, অনুজ্জ্বল। বিণ। তৎসম। স্তিম্ + ত। ৬।১ বানান: স্ + ত্ + ই + ম্ + ই + ত্ + অ। বি.দ্র.: স্ + ত্ + ই = স্তি।

স্তুত: যার স্তুতি করা হয়েছে। বিণ। তৎসম। স্তু + ত। ৬।১ বানান: স্ + ত্ + উ + ত্ + অ। বি.দ্র.: স্ + ত্ + উ = স্তু।

স্তুতি: স্তব। বি। তৎসম। স্তু + তি। ৬।১ বানান: স্ + ত্ + উ + ত্ + ই। বি.দ্র.: স্ + ত্ + উ = স্তু।

স্তুতিবাদ : প্রশংসাবাক্য। বি। তৎসম। স্তুতি [স্তু + তি] + বাদ [বদ্ + অ]। ৬।১ স্তুতি পূর্ণ বাদ [উক্তি] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + ত্ + উ + ত্ + ই + ব্ + আ + দ্ + অ। বি.দ্র. : স্ + ত্ + উ = স্তু।

স্তূপ : ঢিপি। বি। তৎসম। স্তূপ্ [রাশীকৃত করা] + অ বা স্তু + প। ৬।১ বানান : স্ + ত্ + ঊ + প্ + অ। বি.দ্র. : স্ + ত্ + ঊ = স্তূ।

স্তূপাকার, স্তূপাকৃতি : গাদা করা। বিণ। তৎসম। স্তূপ [স্তূপ্ + অ] + আকার [আ + কৃ + অ (তি)]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [পা]। ২।১।খ স্তূপের আকার [আকৃতি] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ত্ + ঊ + প্ + আ + ক্ + আ + র্ + অ, স্ + ত্ + ঊ + প্ + আ + ক্ + ঋ + ত্ + ই। বি.দ্র. : স্ + ত্ + ঊ = স্তূ।

স্তূপীকৃত : গাদা-করা। বিণ। তৎসম। স্তূপ [স্তূপ্ + অ] + ঈ [অভূততদ্ভাবে] + কৃত [কৃ + ত] ৬।১ বানান : স্ + ত্ + ঊ + প্ + ঈ + ক্ + ঋ + ত্ + অ। বি.দ্র. : স্ + ত্ + ঊ = স্তূ, প্ + ঈ = পী।

স্তূয়মান : যার স্তুতি করা হচ্ছে। বিণ। তৎসম। স্তু + আন [শানচ্ (উ=ঊ, 'য়' ও 'ম'-এর আগম)]। ৬।১ বানান : স্ + ত্ + ঊ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র. : স্ + ত্ + ঊ = স্তূ।

স্তোক : মিথ্যা প্রবোধ। বি। তৎসম। স্তু [মিথ্যা প্রবোধ দেওয়া] + অ। ৬।১ বানান : স্ + ত্ + ও + ক্ + অ। বি.দ্র. : স্ + ত্ + ও = স্তো।

স্তোতা : স্তবকারী। বিণ। তৎসম। স্তু + তা [তৃ=তৃচ্]। ৬।১ বানান : স্ + ত্ + ও + ত্ + আ। বি.দ্র. : স্ + ত্ + ও = স্তো।

স্তোত্র : স্তব। বি। তৎসম। স্তু + ত্র। ৬।১ বানান : স্ + ত্ + ও + ত্ + র্ + অ। বি.দ্র. : স্ + ত্ + ও = স্তো, ত্ + র্ + অ = ত্র।

স্ত্রী : পত্নী। বি। তৎসম। স্ত্যৈ [গর্ভ সংহত হওয়া] + র + ঈ [স্ত্রী]। ৬।১ বানান : স্ + ত্ + র্ + ঈ।

স্ত্রীত্ব : নারীধর্ম। বি। তৎসম। স্ত্রী ['স্ত্রী' দ্রষ্টব্য] + ত্ব। ৬।২ বানান : স্ + ত্ + র্ + ঈ + ত্ + ব্ + অ। বি.দ্র. : স্ + ত্ + র্ + ঈ = স্ত্রী, ত্ + ব্ + অ = ত্ব।

স্ত্রী-দ্বেষী : নারী-বিদ্বেষী। বিণ। তৎসম। স্ত্রী ['স্ত্রী' দ্রষ্টব্য] + দ্বেষী [দ্বিষ্ (দ্বেষ করা) + ইন্ (ঈ)]। ৬।১ স্ত্রী [জাতি]-কে দ্বেষ করে যে = উপপদতৎ। ৩।৩ বানান : স্ + ত্ + র্ + ঈ + দ্ + ব্ + এ + ষ্ + ঈ। বি.দ্র. : দ্ + ব্ + এ = দ্বে, 'এ'-র পর 'ষ্' হয়েছে। শব্দটি 'ইন্'-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

স্ত্রী-ধন : বিবাহকালে স্ত্রীর প্রাপ্ত সম্পত্তি। বি। তৎসম। স্ত্রী ['স্ত্রী' দ্রষ্টব্য] + ধন [ধন্ + অ]। ৬।১ স্ত্রীর ধন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ত্ + র্ + ঈ + ধ্ + অ + ন্ + অ।

স্ত্রী-ধর্ম : স্ত্রীলোকের কর্তব্য। বি। তৎসম। স্ত্রী ['স্ত্রী' দ্রষ্টব্য] + ধর্ম [ধৃ + ম]। ৬।১ স্ত্রীর ধর্ম = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ত্ + র্ + ঈ + ধ্ + অ + র্ + ম্ + অ। বি.দ্র. : স্ + ত্ + র্ + ঈ = স্ত্রী, র্ + ম্ + অ = র্ম।

স্ত্রী-বশ্য : স্ত্রৈণ। বিণ। তৎসম। স্ত্রী ['স্ত্রী' দ্রষ্টব্য] + বশ্য [বশ্ + য (যৎ)]। ৬।১ স্ত্রীর বশ্য = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ত্ + র্ + ঈ + ব্ + অ + শ্ + য্ + অ। বি.দ্র. : স্ + ত্ + র্ + ঈ = স্ত্রী, শ্ + য্ + অ = শ্য।

স্ত্রী-রত্ন : রমণীশ্রেষ্ঠা। বি। তৎসম। স্ত্রী ['স্ত্রী' দ্রষ্টব্য] + রত্ন [রমি (মি=ত) + ন। ৬।১ স্ত্রী-রূপ

রত্ন = রূপক-কর্মধা। ৩।২ বানান: স্ + ত্ + র্ + ঈ + র্ + অ + ত্ + ন্ + অ। বি.দ্র.: স্ + ত্ + র্ + ঈ = স্ত্রী, ত্ + ন্ + অ = ত্ন।

স্ত্রী-লক্ষণ: নারীসুলভ বৈশিষ্ট্য। বি। তৎসম। স্ত্রী ['স্ত্রী' দ্রষ্টব্য] + লক্ষণ [লক্ষ্ + অন]। ৬।১ স্ত্রীর ['স্ত্রীলোকের] লক্ষণ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ত্ + র্ + ঈ + ল্ + অ + ক্ + ষ্ + অ + ণ্ + অ। ক্ + ষ্ + অ = ক্ষ। 'ষ্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

স্ত্রীলোক: নারী। বি। তৎসম। স্ত্রী ['স্ত্রী' দ্রষ্টব্য] + লোক [লোক্ + অ]। ৬।১ যে স্ত্রী, সেই লোক = কর্মধা। ৩।২ বানান: স্ + ত্ + র্ + ঈ + ল্ + ও + ক্ + অ।

স্ত্রী-সংসর্গ, স্ত্রী-সঙ্গম: স্ত্রী-সম্ভোগ। বি। তৎসম। স্ত্রী ['স্ত্রী' দ্রষ্টব্য] + সংসর্গ [সম্ + সৃজ্ + অ], সঙ্গম [সম্ + গম্ + অ]। ৬।১ স্ত্রীর সংসর্গ = সম্বন্ধতৎ। ৩।৩ স্ত্রীতে সঙ্গম = অধিকরণতৎ। ৩।৩ বানান: স্ + ত্ + র্ + ঈ, স্ + অ + ং + স্ + অ + র্ + গ্ + অ, স্ + অ + ঙ্ + গ্ + অ + ম্ + অ।

স্ত্রী-সহবাস: স্ত্রীসম্ভোগ। বি। তৎসম। স্ত্রী ['স্ত্রী' দ্রষ্টব্য] + সহবাস [সহ + বস্ + অ]। ৬।১ স্ত্রীর সহবাস = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ত্ + র্ + ঈ + স্ + অ + হ্ + অ + ব্ + আ + স্ + অ।

স্ত্রী-সুলভ: মেয়েলী। বিণ। তৎসম। স্ত্রী ['স্ত্রী' দ্রষ্টব্য] + সুলভ [সু + লভ্ + অ]। ৬।১ স্ত্রীতে সুলভ = অধিকরণতৎ। ৩।৩ বানান: স্ + ত্ + র্ + ঈ + স্ + উ + ল্ + অ + ভ্ + অ।

স্ত্রী-স্বাধীনতা: নারীমুক্তি। বি। তৎসম। স্ত্রী ['স্ত্রী' দ্রষ্টব্য] + স্বাধীনতা [স্ব + অধীনতা]। [সন্ধি] অ + অ = আ [স্বা]। ২।১।ক স্ত্রীর স্বাধীনতা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ত্ + র্ + ঈ + স্ + ব্ + আ + ধ্ + ঈ + ন্ + অ + ত্ + আ। বি.দ্র.: স্ + ব্ + আ = স্বা, ধ্ + ঈ = ধী।

স্ত্রী-হরণ: নারী-অপহরণ। বি। তৎসম। স্ত্রী ['স্ত্রী' দ্রষ্টব্য] + হরণ [হৃ (হরণ করা + অন)]। ৬।১ স্ত্রীকে হরণ = কর্মতৎ। ৩।৩ বানান: স্ + ত্ + র্ + ঈ + হ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

স্ত্রৈণ: স্ত্রীর অতিশয় বাধ্য। বিণ। তৎসম। স্ত্রী ['স্ত্রী' দ্রষ্টব্য] + ন + অ। বানান: স্ + ত্ + র্ + ঐ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন'-এর মধ্যে 'ঐ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

স্ত্রৈণতা: স্ত্রীর অতি-বাধ্যতা। বি। তৎসম। স্ত্রৈণ ['স্ত্রৈণ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + ত্ + র্ + ঐ + ণ্ + অ + ত্ + আ। বি.দ্র.: 'র্' ও 'ন'-এর মধ্যে 'ঐ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

স্থগিত: মুলতবী। বিণ। তৎসম। স্থগ্ + ত। ৬।১ বানান: স্ + থ্ + অ + গ্ + ই + ত্ + অ। বি.দ্র.: স্ + থ্ + অ = স্থ।

স্থণ্ডিল: যজ্ঞের নিমিত্ত পরিষ্কৃত সমতল স্থল। বি। তৎসম। স্থা + অণ্ডিল। ৬।১ বানান: স্ + থ্ + অ + ণ্ + ড্ + ই + ল্ + অ। বি.দ্র.: স্ + থ্ + অ = স্থ।

স্থণ্ডিলশায়ী: যজ্ঞস্থলের মৃত্তিকায় শয়নকারী। বিণ। তৎসম। স্থণ্ডিল ['স্থণ্ডিল' দ্রষ্টব্য] + শায়ী [শী + ইন্ (ঈ)]। স্থণ্ডিলে শয়ন করে যে = উপপদ তৎ। ৩।৩ বানান: স্ + থ্ + অ + ণ্ + ড্ + ই + ল্ + অ + শ্ + আ + য্ + ঈ। বি.দ্র.: 'ড্'-এর আগে 'ণ্' হয়েছে। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

স্থপতি : গৃহাদি নির্মাণকারী। বি। তৎসম। স্থ [স্থান] + পতি [পা + অতি]। ৬।১ বানান : স্ + থ্ + অ + প্ + অ + ত্ + ই। বি.দ্র. : স্ +থ্ + অ = স্থ।

স্থবির : চলচ্ছক্তিহীন, বৃদ্ধ বৌদ্ধ সন্ন্যাসী। বিণ, বি। তৎসম। স্থা + ইর। ৬।১ বানান : স্ + থ্ + অ + ব্ + ই + র। বি.দ্র. : স্ + থ্ + অ = স্থ, ব্ + ই = বি।

স্থবিরা : চলচ্ছক্তিহীনা। বিণ। তৎসম। স্থবিরা ['স্থবির' দ্রষ্টব্য] + আ [স্ত্রী] ৭।১।ক বানান : স্ + থ্ + অ + ব্ + ই + র্ + আ। বি.দ্র. : স্ + থ্ + অ = স্থ, ব্ + ই = বি।

স্থবিরতা, স্থবিরত্ব : বার্ধক্যের চলচ্ছক্তিহীনতা। বি। তৎসম। স্থবির ['স্থবির' দ্রষ্টব্য] + তা, ত্ব। ৬।২ বানান : স্ + থ্ + অ + ব্ + ই + র্ + অ + ত্ + আ [ত্ + ব্ + অ]। বি.দ্র. : স্ + থ্ + অ = স্থ, ব্ + ই = বি।

স্থল : স্থান, ডাঙ্গা। বি। তৎসম। স্থল্ + অ। ৬।১ বানান : স্ + থ্ + অ + ল্ + অ। বি.দ্র. : স্ + থ্ + অ = স্থ।

স্থলচর : ডাঙায় বাসকারী। বিণ। তৎসম। স্থল [স্থল্ + অ] + চর [চর্ + অ]। ৬।১ স্থলে চরে যে = উপপদ-তৎ। ৩।৩ বানান : স্ + থ্ + অ + ল্ + অ + চ্ + অ + র্ + অ। বি.দ্র. : স্ + থ্ + অ = স্থ।

স্থলপথ : ডাঙা পথ। বি। তৎসম। স্থল [স্থল্ + অ] + পথ [পথ্ + অ]। ৬।১ স্থলে গমনা-গমনের পথ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + থ্ + অ + ল্ + অ + প্ + অ + থ্ + অ। বি.দ্র. : স্ + থ্ + অ = স্থ।

স্থলপদ্ম : স্থলজ পদ্ম। বি। তৎসম। স্থল [স্থল্ + অ] + পদ্ম [পদ্ + ম]। ৬।১ স্থলে জাত পদ্ম = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + থ্ + অ + ল্ + অ + প্ + অ + দ্ + ম্ + অ। বি.দ্র. : স্ + থ্ + অ = স্থ, দ্ + ম্ + অ = দ্ম।

স্থলবাণিজ্য : স্থলপথে পরিচালিত বাণিজ্য। বি। তৎসম। স্থল [স্থল্ + অ] + বাণিজ্য [বণিজ্ + য (ষ্ণ্য)]। ৬।১, ৬।২ স্থলপথে পরিচালিত বাণিজ্য = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + থ্ + অ + ল্ + অ + ব্ + আ + ণ্ + ই + জ্ + য্ + অ। বি.দ্র. : স্ + থ্ + অ = স্থ, জ্ + য্ + অ = জ্য, 'বাণিজ্য' শব্দের 'ণ্' স্বাভাবিক 'ণ'।

স্থলাভিষিক্ত : স্থানে অধিষ্ঠিত। বিণ। তৎসম। স্থল [স্থল্ + অ] + অভিষিক্ত [অভি + সিচ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [লা] ২।১।ক স্থলে অভিষিক্ত = অধিকরণতৎ। ৩।৩ বানান : স্ + থ্ + অ + ল্ + আ + ভ্ + ই + ষ্ + ই + ক্ + ত্ + অ। বি.দ্র. : স্ +থ্ + অ = স্থ, ক্ + ত্ + অ = ক্ত, 'ই'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

স্থলী : স্বাভাবিক ভূমি। থলে। বি। তৎসম। স্থল + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : স্ + থ্ + অ + ল্ + ঈ। বি.দ্র. : স্ + থ্ + অ = স্থ, ল্ + ঈ = লী।

স্থাণু : নিশ্চল, শিব। বি। তৎসম। স্থা [থাকা] + ণু। ৬।১ বানান : স্ + থ্ + আ + ণ্ + উ। বি.দ্র. : স্ +থ্ + আ = স্থা, ণ্ + উ = ণু। 'স্থাণু'-র 'ণ' স্বাভাবিক 'ণ'।

স্থাণুবৎ : নিশ্চল। বিণ। তৎসম। স্থাণু [স্থা + ণু] + বৎ [বতি (সাদৃশ্য)]। স্থাণুর সদৃশ [মতো]। বানান : স্ + থ্ + আ + ণ্ + উ + ব্ + অ + ৎ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা, ণ্ + উ = ণু।

স্থাতব্য : স্থিতির যোগ্য। বিণ। তৎসম। স্থা [থাকা] + তব্য। ৬।১ থাকার যোগ্য। বানান : স্ + থ্ + আ + ত্ + অ + ব্ + য্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা, ব্ + য্ + অ = ব্য।

স্থাতা : অবস্থানকারী। বিণ। তৎসম। স্থা [থাকা] + তা [< তৃ (তৃচ্)]। ৬।১ যে থাকে। বানান : স্ + থ্ + আ + ত্ + আ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা।

স্থান : জায়গা। বি। তৎসম। স্থা [থাকা] + অন। ৬।১ বানান : স্ + থ্ + আ + ন্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা।

স্থানচ্যুত : বাসভূমি থেকে উৎখাত। বিণ। তৎসম। স্থান [স্থা + অন] + চ্যুত [চ্যু + ত]। ৬।১ স্থান থেকে চ্যুত [স্খলিত, পতিত] = অপাদান-তৎ। ৩।৩ বানান : স্ + থ্ + আ + ন্ + অ + চ্ + য্ + উ + ত্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা, চ্ + য্ + উ = চ্যু।

স্থান-পরিবর্তন : জায়গা বদল। বি। তৎসম। স্থান [স্থা + অন] + পরিবর্তন [পরি + বৃৎ + অন]। ৬।১ স্থানের পরিবর্তন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + থ্ + আ + ন্ + অ + প্ + অ + র্ + ই + ব্ + অ + র্ + ত্ + অ + ন্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা, র্ + ত্ + অ = র্ত।

স্থানভ্রষ্ট : বাসভূমি থেকে উৎখাত। বিণ। তৎসম। স্থান [স্থা + অন] + ভ্রষ্ট [ভ্রন্শ্ + ত]। ৬।১ স্থান থেকে ভ্রষ্ট = অপাদানতৎ। ৩।৩ বানান : স্ + থ্ + আ + ন্ + অ + ভ্ + র্ + অ + ষ্ + ট্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা, ভ্ + র্ + অ = ভ্র, ষ্ + ট্ + অ = ষ্ট। 'ট্'-এর ঠিক আগে 'ষ্' হয়েছে। ৪।২।ঙ

স্থানান্তর : অন্য স্থান। বি। তৎসম। স্থান [স্থা + অন] + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [না]। ২।১।ক অন্য স্থান = নিত্যসমাস। বানান : স্ + থ্ + আ + ন্ + আ + ন্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা, ন্ + ত্ + অ = ন্ত।

স্থানান্তরিত : অন্যস্থানে নীত। বিণ। তৎসম। স্থান [স্থা + অন] + অন্তরিত [অন্তর + ইত]। ৬।১, ৬।২ [সন্ধি] অ + অ = আ [না]। ২।১।ক অন্য স্থান = নিত্যসমাস + ইত। বানান : স্ + থ্ + আ + ন্ + আ + ন্ + ত্ + অ + র্ + ই + ত্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা, ন্ + ত্ + অ = ন্ত।

স্থানান্তরিতা : স্থানান্তরে নীতা। বিণ। তৎসম। স্থানান্তরিত ['স্থানান্তরিত' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : স্ + থ্ + আ + ন্ + আ + ন্ + ত্ + অ + র্ + ই + ত্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা, ন্ + ত্ + অ = ন্ত।

স্থানাভাব : জায়গার কমতি। বি। তৎসম। স্থান [স্থা + অন] + অভাব [ন + ভূ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [না]। ২।১।ক স্থানের অভাব = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + থ্ + আ + ন্ + আ + ভ্ + আ + ব্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা।

স্থানিক : স্থানীয়। বিণ। তৎসম। স্থান + ইক। ৬।২ বানান : স্ + থ্ + আ + ন + ই + ক্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা।

স্থানীয় : স্থান-বিশেষে সীমাবদ্ধ। বিণ। তৎসম। স্থান + ঈয়। ৬।১ বানান : স্ + থ্ + আ + ন্ + ঈ + য্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা।

স্থানে অস্থানে : নির্বিচারে যোগ্য ও অযোগ্য স্থানে। ক্রি-বিণ। তৎসম। স্থানে [স্থান + এ] অস্থানে [ন + স্থান + এ] বি.দ্র. : স্ + থ্ + আ + ন্ + এ = স্থানে।

স্থানেস্থানে : নানা জায়গায়। ক্রি-বিণ। তৎসম। স্থানে [স্থান + এ]। বি.দ্র. : স্ + থ্ + আ + ন্ + এ।

স্থাপক : স্থাপনকারী। বিণ। বি। তৎসম। স্থা + ণিচ্ + অক। ৬।১ বানান : স্ + থ্ + আ + প্ + অ + ক্ + অ।

স্থাপত্য : স্থপতির কাজ। [architecture] বি। তৎসম। স্থপতি [স্থা + পতি (পা+অতি) + য]। ৬।২৯ বানান : স্ + থ্ + আ + প্ + অ + ত্ + য্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা। ত্ + য্ + অ = ত্য।

স্থাপন, স্থাপনা : প্রতিষ্ঠা। বি। তৎসম। স্থা + ণিচ্ + অন, আ। ৬।১ বানান : স্ + থ্ + আ + প্ + অ + ন্ + অ, আ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা।

স্থাপয়িতা : স্থাপনকারী। বিণ। তৎসম। স্থা + ণিচ্ + তা [< তৃ=তৃচ্]। ৬।১ বানান : স্ + থ্ + আ + প্ + অ + য্ + ই + ত্ + আ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা।

স্থাপয়িত্রী : স্থাপনকারিণী। বিণ। তৎসম। স্থাপয়িতা ['স্থাপয়িতা' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। বানান : স্ + থ্ + আ + প্ + অ + য় + ই + ত্ + র্ + ঈ। বি.দ্র. : য্ + ই = য়ি, ত্ + র্ + ঈ = ত্রী।

স্থাপিত : প্রতিষ্ঠিত। বিণ। তৎসম। স্থা + ণিচ্ + ত। ৬।১ বানান : স্ + থ্ + আ + প্ + ই + ত্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা।

স্থাপিতা : প্রতিষ্ঠিতা। বিণ। তৎসম। স্থা+ ণিচ্ + তা। ৬।১ , ৭।১।ক বানান : স্ + থ্ + আ + প্ + ই + ত্ + আ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা।

স্থাপ্য : স্থাপনের যোগ্য। বিণ। তৎসম। স্থা + ণিচ্ + য (যৎ)]। ৬।১ বানান : স্ + থ্ + আ + প্ + য্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা, প্ + য্ + অ = প্য।

স্থাবর : স্থিতিশীল। বিণ। তৎসম। স্থা + বর। ৬।১ বানান : স্ + থ্ + আ + ব্ + অ + র্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা।

স্থায়িতা, স্থায়িত্ব : স্থিতিশীলতা। বি। তৎসম। স্থা + ইত [< ইন] + আ, স্থা + ইন্ + ত্ব। ৬।২ বানান : স্ + থ্ + আ + য্ + ই + ত্ + আ, স্ + থ্ + আ + য্ + ই + ত্ + ব্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা, য্ + ই = য়ি, ত্ + ব্ + অ = ত্ব।

স্থায়িভাব : মূলরস। বি। তৎসম। স্থায়ী [স্থা + ইন্] + ভাব [ভূ + অ]। ৬।১ স্থায়ী ভাব = কর্মধা। ৩।২ [সমাসবদ্ধ হওয়ায় ইন্-প্রত্যয়ান্ত শব্দের 'ই'-তে প্রত্যাবর্তন ঘটেছে]। বানান : স্ + থ্ + আ + য্ + ই + ভ্ + আ + ব্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা, য্ + ই = য়ি।

স্থায়ী : অপরিবর্তনীয়। বিণ। তৎসম। স্থা + ইন্। ৬।১ বানান : স্ + থ্ + আ + য্ + ঈ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা, য্ + ঈ = য়ী।

স্থাল : থালা। বি। তৎসম। স্থা + আল। ৬।১ বানান : স্ + থ্ + আ + ল্ + অ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা।

স্থালী : থালী। বি। তৎসম। স্থা + আল + ঈ [স্ত্রী]। ৬।১ বানান : স্ + থ্ + আ + ল্ + ঈ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা, ল্ + ঈ = লী।

স্থিত : অবস্থিত। বিণ। তৎসম। স্থা + ত। ৬।১ বানান : স্ + থ্ + ই + ত্ + অ। বি.দ্র. : স্ + থ্ + ই = স্থি।

স্থিতধী : সুখে দুঃখে অবিচল ব্রহ্মনিষ্ঠ জ্ঞানী। বি। তৎসম। স্থিত [স্থা + ত] + ধী [ধ্যৈ + ক্বিপ্]। ৬।১ বানান : স্ + থ্ + ই + ত্ + অ + ধ্ + ঈ। বি.দ্র. : স্ + থ্ + ই = স্থি, ধ্ + ঈ = ধী।

স্থিতপ্রজ্ঞ : সুখে দুঃখে অবিচল ব্রহ্মনিষ্ঠ জ্ঞানী। বিণ। তৎসম। স্থিত [স্থা + ত] + প্রজ্ঞ [প্র + জ্ঞা + অ]। ৬।১ স্থিত প্রজ্ঞা যার = বহুব্রী। ৩।৫ বানান : স্ + থ্ + ই + ত্ + অ + প্ + র্ + অ + জ্ + ঞ + অ। বি.দ্র. :

স্ + থ্ + ই = স্থি, প্ + র্ + অ = প্র, জ্ + ঞ + অ = জ্ঞ।

স্থিতাবস্থা: বর্তমান অবস্থা। বি। তৎসম। স্থিত [স্থা + ত] + অবস্থা [অব + স্থা + অ + আ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [তা]। ২।১।ক স্থিত অবস্থা = কর্মধা। ৩।২ বানান: স্ + থ্ + ই + ত্ + আ + ব্ + অ + স্ + থ্ + আ । বি.দ্র.: স্ + থ্ + ই = স্থি, স্ + থ্ + আ = স্থা।

স্থিতি: অবস্থান। বি। তৎসম। স্থা + তি। ৬।১ বানান: স্ + থ্ + ই + ত্ + ই। বি.দ্র.: স্ + থ্ + ই = স্থি।

স্থিতিশীল: স্থির। বিণ। তৎসম। স্থিতি [স্থা + তি] + শীল [শাল্ + অ]। ৬।১ স্থিতি শীল যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + থ্ + ই + ত্ + ই + শ + ঈ + ল্ + অ। বি.দ্র.: স্ + থ্ + ই = স্থি, ত্ + ই = তি, শ্ + ঈ = শী।

স্থিতিস্থাপক: নমনীয়। বিণ। তৎসম। স্থিতি [স্থা + তি] + স্থাপক [স্থা + ণিচ্ + অক]। ৬।১ স্থিতির [পূর্ব অবস্থার] স্থাপক = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + থ্ + ই + ত্ + ই + স্ + থ্ + আ + প্ + অ + ক্ + অ । বি.দ্র.: স্ + থ্ + ই = স্থি, স্ + থ্ + আ = স্থা।

স্থিতিস্থাপকতা: নমনীয়তা। বি। তৎসম। স্থিতিস্থাপক ['স্থিতিস্থাপক' দ্রষ্টব্য] + তা। ৬।২ স্থিতির [পূর্ব অবস্থার] স্থাপকতা। সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + থ্ + ই + ত্ + ই + স্ + থ্ + আ + প্ + অ + ক্ + অ + ত্ + আ।

স্থির: অচঞ্চল। বিণ। তৎসম। স্থা + ইর। ৬।১ বানান: স্ + থ্ + ই + র্ + অ। বি.দ্র.: স্ + থ্ + ই = স্থি।

স্থিরতা: স্থিরভাব। বি। তৎসম। স্থির [স্থা + ইর] + তা। ৬।১ বানান: স্ + থ্ + ই + র্ + অ + ত্ + আ । বি.দ্র.: স্ + থ্ + ই = স্থি।

স্থিরত্ব: অপলক দৃষ্টি। বি। তৎসম। স্থির [স্থা + ইর] + ত্ব। ৬।১, ৬।২ বানান: স্ + থ্ + ই + র্ + অ + ত্ + ব্ + অ। বি. দ্র.: স্ + থ্ + ই= স্থি, ত্ + ব্ + অ= ত্ব।

স্থিরদৃষ্টি: অপলক দৃষ্টি। বি। তৎসম। স্থির [স্থা + ইর] + দৃষ্টি [দৃশ্ + তি]। ৬।১ স্থির যে দৃষ্টি= কর্মধা। ৩।২ বানান: স্ + থ্ + ই + র্ + অ + দ্ + ঋ + ষ্ + ট্ + ই। বি. দ্র.: স্ + থ্ + ই= স্থি, ষ্ + ট্ + ই= ষ্টি। 'ট্'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ঙ

স্থিরনিশ্চয়: দৃঢ়সঙ্কল্পযুক্ত, দৃঢ়সঙ্কল্প। বিণ। তৎসম। স্থির [স্থা + ইব] + নিশ্চয় [নিঃ + চয় (চি + অ)]। ৬।১ [সন্ধি] ঃ + চ= শ্চ। ২।৩৪ যা স্থির, তাই নিশ্চয়= কর্মধা। ৩।২ বানান: স্ + থ্ + ই + র্ + অ + ন্ + ই + শ্ + চ্ + অ + য্ + অ। বি. দ্র.: স্ + থ্ + ই= স্থি, শ্ + চ্ + অ= শ্চ।

স্থিরীকরণ: নির্ধারণ। বি। তৎসম। স্থির [স্থা + ইর্] + ঈ [অভূততদ্ভাবে] + করণ [কৃ + অন]। ৬।১ বানান: স্ + থ্ + ই + র্ + ঈ + ক্ + অ + র্ + অ + ণ্ + অ। বি. দ্র.: স্ + থ্ + ই= স্থি, র্ + ঈ= রী, 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

স্থিরীকৃত: নির্ধারিত। বিণ। তৎসম। স্থির [স্থা + ইর] + ঈ [অভূততদ্ভাবে] + কৃত [কৃ + ত]। ৬।১ বানান: স্ + থ্ + ই= স্থি, র্ + ঈ= রী, ক্ + ঋ= কৃ।

স্থূল: মোটা। বিণ। তৎসম। স্থূল্ + অ। ৬।১ বানান: স্ + থ্ + ঊ + ল্ + অ। বি. দ্র.: স্ + থ্ + ঊ= স্থূ।

স্থূলতা: মোটার ভাব। বি। তৎসম। স্থূল [স্থূল

+ অ] + তা। ৬।২ বানান: স্ + থ্ + উ + ল্ + অ + ত্ + আ। বি.দ্র.: স্ + থ্ + উ= স্থূ।

স্থূলত্ব: মোটার ভাব। বি। তৎসম। স্থূল [স্থূল্ + অ] + ত্ব। বানান: স্ + থ্ + উ + ল্ + অ + ত্ + ব্ + অ। বি. দ্র.: স্ + থ্ + উ= স্থূ, ত্ + ব্ + অ= ত্ব।

স্থূলদর্শী: অগভীর দৃষ্টিসম্পন্ন। বিণ। তৎসম। স্থূল [স্থূল্ + অ] + দর্শী [দৃশ্ + ইন্ (ঈ)]। ৬।১ স্থূল [বিষয়] দেখে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + থ্ + উ + ল্ + অ + দ্ + অ + র্ + শ্ + ঈ। বি. দ্র.: স্ + থ্ + উ= স্থূ, র্ + শ্ + ঈ= র্শী। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

স্থূলদৃষ্টি: সাধারণ দৃষ্টি। বি। তৎসম। স্থূল [স্থূল্ + অ] + দৃষ্টি [দৃশ্ + তি]। ৬।১ স্থূল যে দৃষ্টি= কর্মধা। ৩।২ বানান: স্ + থ + উ + ল্ + অ + দ্ + ঋ + ষ্ + ট্ + ই। বি.দ্র.: স্ + থ্ + উ= স্থূ, ষ্ + ট্ + ই= ষ্টি। 'ট্'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ঙ

স্থূলোদর: পেটমোটা। বিণ। তৎসম। স্থূল [স্থূল্ + অ] + উদর [উৎ + ঋ + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [লো] + ২।৫।ক স্থূল উদর যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + থ্ + উ + ল্ + ও + দ্ + অ + র্ + অ। বি. দ্র.: স্ + থ্ + উ= স্থূ, ল্ + ও= লো।

স্থৈর্য: স্থিরতা। বি। তৎসম। স্থির [স্থা + ইর] + য [ষ্ণ্য]। ৬।১, ৬।২ বানান: স্ + থ্ + ঐ + র্ + য্ + অ। বি. দ্র.: স্ + থ্ + ঐ= স্থৈ, র্ + য্ + অ= র্য।

স্নাত: যে স্নান করেছে। বিণ। তৎসম। স্না [স্নান করা] + ত। ৬।১ বানান: স্ + ন্ + আ + ত্ + অ। বি. দ্র.: স্ + ন্ + আ= স্না।

স্নাতক: গুরুগৃহে বিদ্যাশিক্ষান্তে যে স্নান করেছে, গ্রাজুয়েট, স্নানার্থী। বি। তৎসম। স্না + ত + ক। ৬।১ শিক্ষান্তিক স্নানাভিলাষী। বানান: স্ + ন্ + আ + ত্ + অ + ক্ + অ। বি.দ্র.: স্ + ন্ + আ= স্না।

স্নাতকোত্তর: গ্রাজুয়েট হবার পরবর্তী [Post-graduate] বিণ। তৎসম। স্নাতক [স্না + ত + ক] + উত্তর [উৎ + তর [তৃ + অ)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [কো]। ২।৫।ক স্নাতকের উত্তর [পরবর্তী]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ন্ + আ + ত্ + অ + ক্ + ও + ত্ + ত্ + অ + র্ + অ। বি. দ্র.: স্ + ন্ + আ= স্না, ক্ + ও= কো, ত্ + ত্ + অ= ত্ত।

স্নাতা: যে স্ত্রীলোক স্নান করেছে। বিণ। তৎসম। স্নাত [স্না + ত] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান: স্ + ন্ + আ + ত্ + আ।

স্নাতানুলিপ্ত: স্নানান্তে অঙ্গে চন্দনাদি লিপ্ত। বিণ। তৎসম। স্নাত[স্না + ত] + অনুলিপ্ত [অনু + লিপ্ + ত] ৬।১ [সন্ধি] অ + অ= আ [তা]। ২।১।ক আগে স্নাত, পরে অনুলিপ্ত= কর্মধা। ৩।২ বানান: স্ + ন্ + আ + ত্ + আ + ন্ + উ + ল্ + ই + প্ + ত্ + অ। বি. দ্র.: স্ + ন্ + আ= স্না, প্ + ত্ + অ= প্ত।

স্নান: অবগাহন। বি। তৎসম। স্না + অন। ৬।১ বানান: স্ + ন্ + আ + ন্ + অ। বি. দ্র.: স্ + ন্ + আ= স্না।

স্নানযাত্রা: জগন্নাথদেবের স্নানোৎসব। বি। তৎসম। স্নান [স্না + অন] + যাত্রা [যা + ত্র + আ]। ৬।১ স্নান উপলক্ষে যাত্রা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + ন্ + আ + ন্ + অ + য্ + আ + ত্ + র্ + আ। বি.দ্র.: স্ + ন্ + আ= স্না, ত্ + র্ + আ= ত্রা।

স্নানাগার: স্নানঘর। বি। তৎসম। স্নান [স্না + অন] + আগার [অগার + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [না]। ২।১।খ স্নানের নিমিত্ত আগার= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + ন্

+ আ + ন্ + আ + গ্ + আ + র্ + অ। বি. দ্র.: স্ + ন্ + আ= স্না।

স্নানীয়: স্নানের জল। বিণ। তৎসম। স্না + অনীয়। ৬।১ বানান: স্ + ন্ + আ + ন্ + ঈ + য্ + অ। বানান: স্ + ন্ + আ= স্না। বি.দ্র.: শব্দটি 'অনীয়'-প্রত্যয়ান্ত, তাই শব্দান্তে 'নীয়'।

স্নানোদক: স্নানের জল। বি। তৎসম। স্নান [স্না + অন] + উদক [উদ্ + অন্‌চ্ + ক্বিন্]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [নো]। ২।৫।ক স্নানের নিমিত্ত উদক্= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + ন্ + আ + ন্ + ও + দ্ + অ + ক্। বি. দ্র.: স্ + ন্ + আ= স্না, ন্ + ও= নো, বাংলায় শব্দান্তের 'ক' হসন্তবর্জিত।

স্নাপক: যে স্নান করায়। বিণ। তৎসম। স্না + ণিচ্ + অক। ৬।১ বানান: স্ + ন্ + আ + প্ + অ + ক্ + অ। বি. দ্র.: স্ + ন্ + আ= স্না।

স্নাপন: স্নান করানো। বি। তৎসম। স্না + ণিচ্ + অন। ৬।১ বানান: স্ + ন্ + আ + প্ + অ + ন্ + অ।

স্নাপিত: যাকে স্নান করানো হয়েছে। বিণ। তৎসম। স্না + ণিচ্ + ত। ৬।১ বানান: স্ + ন্ + আ + প্ + ই + ত্ + অ।

স্নায়বিক: স্নায়ু-বিষয়ক। বিণ। তৎসম। স্নায়ু [স্না + উ] + ইক। ৬।১ বানান: স্ + ন্ + আ + য্ + অ + ব্ + ই + ক্ + অ। বি. দ্র.: স্ + ন্ + আ= স্না।

স্নায়বীয়: স্নায়ু-বিষয়ক। বিণ। তৎসম। স্নায়ু [স্না + উ] + ঈয়। ৬।১ [সন্ধি] উ + ঈ= বী। ২।৮।ঙ বানান: স্ + ন্ + আ + য্ + অ + ব্ + ঈ + য্ + অ। বি. দ্র.: স্ + ন্ + আ= স্না, ব্ + ঈ = বী।

স্নায়বিক দৌর্বল্য: স্নায়ুর দুর্বলতা-ব্যাধি। বিণ। তৎসম। স্নায়বিক ['স্নায়বিক' দ্রষ্টব্য] + দৌর্বল্য [দুর্বল + য (ষ্ণ্য)]। ৬।১ বানান: স্ + ন্ + আ + য্ + অ + ব্ + ই + ক্ + অ + দ্ + ঔ + র্ + ব্ + অ + ল্ + য্ + অ। বি. দ্র.: স্ + ন্ + আ= স্না, দ্ + ঔ= দৌ, র্ + ব্ + অ= র্ব। ল্ + য্ + অ= ল্য।

স্নায়ী: স্নানকারী। বিণ। তৎসম। স্না + ইন্ [ঈ]। ৬।১ বানান: স্ + ন্ + আ + য্ + ঈ। বি. দ্র.: স্ + ন্ + আ= স্না, য্ + ঈ= য়ী। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

স্নায়ু: দেহের পেশীবন্ধনী। বি। তৎসম। স্না + উ। ৬।১ বানান: স্ + ন্ + আ + য্ + উ= 'য়'-শ্রুতি। বি. দ্র.: স্ + ন্ + আ= স্না, য্ + উ= য়ু।

স্নায়ু-দৌর্বল্য: স্নায়ুর দুর্বলতা ব্যাধি। বি। তৎসম। স্নায়ু [স্না + উ] + দৌর্বল্য [দুর্বল + য (ষ্ণ্য)]। ৬।১ স্নায়ুর দৌর্বল্য= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ন্ + আ + য্ + উ + দ্ + ঔ + র্ + ব্ + অ + ল্ + য্ + অ। বি. দ্র.: স্ + ন্ + আ= স্না, দ্ + ঔ= দৌ, র্ + ব্ + অ= র্ব, ল্ + য্ + অ= ল্য।

স্নায়ুযুদ্ধ: ভীতি-প্রদর্শন, মিথ্যাগুজব, আতঙ্কসৃষ্টি ইত্যাদির সাহায্যে প্রতিপক্ষের মনোবলহরণ। বি। তৎসম স্নায়ু [স্না + উ] + যুদ্ধ [যুধ্ + ত]। স্নায়ুর সাহায্যে যুদ্ধ= করণতৎ। ৩।৩ বানান: স্ + ন্ + আ + য্ + উ + য্ + উ + দ্ + ধ্ + অ। বি. দ্র.: স্ + ন্ + আ= স্না, দ্ + ধ্ + অ= দ্ধ।

স্নায়ুশূল: স্নায়ুর বেদনা। বি। তৎসম। স্নায়ু [স্না + উ] + শূল [শূল্ + অ]। ৬।১ স্নায়ুর শূল [যন্ত্রণা]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ন্ + আ + য্ + উ + শ্ + ঊ + ল্ + অ। বি. দ্র.: স্ + ন্ + আ= স্না, শ্ + ঊ= শূ।

স্নিগ্ধ : স্নেহপূর্ণ, আরামদায়ক। বিণ। তৎসম। স্নিহ্ + ত। ৬।১ বানান: স্ + ন্ + ই + গ্ + ধ্ + অ। বি. দ্র.: স্ + ন্ + ই= স্নি, গ্ + ধ্ + অ= গ্ধ।

স্নিগ্ধতা : শীতলতা। বি। তৎসম। স্নিগ্ধ [স্নিহ্ + ত] + তা। ৬।১, ৬।২ বানান: স্ + ন্ + ই + গ্ + ধ্ + অ + ত্ + আ। বি. দ্র.: স্ + ন্ + ই= স্নি, গ্ + ধ্ + অ= গ্ধ।

স্নিগ্ধা : স্নেহপূর্ণা। বিণ। তৎসম। স্নিগ্ধ [স্নিহ্ + ত] + আ [স্ত্রী]। ৬।১ বানান: স্ + ন্ + ই + গ্ + ধ্ + আ। বি.দ্র.: স্ + ন্ + ই= স্নি, গ্ + ধ্ + আ= গ্ধা।

স্নেহ : বাৎসল্য, তৈল-জাতীয় পদার্থ। বি। তৎসম। স্নিহ্ + অ। ৬।১ বানান: স্ + ন্ + এ + হ্ + অ। বি. দ্র.: স্ + ন্ + এ= স্নে।

স্নেহপুত্তলি : অত্যন্ত স্নেহের পাত্র। বি। তৎসম। স্নেহ [স্নিহ্ + অ] + পুত্তলি [<প্রা. পুত্তলিআ <সং. পুত্রিকা]। ৬।১ স্নেহসিক্ত পুত্তলি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + ন্ + এ + হ্ + অ + প্ + উ + ত্ + ত্ + অ + ল্ + ই। বি. দ্র.: স্ + ন্ + এ= স্নে, ত্ + ত্ + অ= ত্ত।

স্নেহালিঙ্গন : স্নেহযুক্ত আলিঙ্গন। বি। তৎসম। স্নেহ [স্নিহ্ + আলিঙ্গন [আ + লিন্‌গ্ + অন]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [হ্র]। ২।১।খ স্নেহপূর্ণ আলিঙ্গন= করণতৎ। ৩।৩ বানান: স্ + ন্ + এ + হ্ + আ + ল্ + ই + ঙ্ + গ্ + অ + ন্ + অ।

স্নেহাশিস্ : স্নেহযুক্ত আশীর্বাদ। বি। তৎসম। স্নেহ [স্নিহ্ + অ] + আশিস্ [আ + শাস্ + ক্বিপ্। ৬।১ [সন্ধি] অ + আ= আ [হ্র]। ২।১।খ স্নেহযুক্ত আশিস্= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + ন্ + এ + হ্ + আ + শ্ + ই + স। বি. দ্র.: স্ + ন্ + এ= স্নে। শব্দান্তের 'স্' হসন্তযুক্ত।

স্নেহাশীর্বাদ : স্নেহযুক্ত আশীর্বাদ। বি। তৎসম। স্নেহ [স্নিহ্ + অ] + আশীর্বাদ [আশীঃ + বাদ (বদ্ + অ)]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [হ্র]। ২।১।খ ঃ + বা= র্বা। ২।৩৮ বানান: স্ + ন্ + এ + হ্ + আ + শ্ + ঈ + র্ + ব্ + আ + দ্ + অ। বি.দ্র.: স্ + ন্ + এ= স্নে, র্ + ব্ + আ= র্বা।

স্পঞ্জ : এক প্রকার জলচর প্রাণীর বহুচ্ছিদ্রময় নরম শরীর। বি। বিদেশী। <ইং. sponge. বাংলা বানান: স্ + প্ + অ + ঞ্ + জ্ + অ। বি. দ্র.: স্ + প্ + অ= স্প, ঞ্ + জ্ + অ= ঞ্জ।

স্পন্দ, স্পন্দন : মৃদু কম্পন। বি। তৎসম। স্পন্দ্ + অ, স্পন্দ্ + অন। ৬।১ বানান: স্ + প্ + অ + ন্ + দ্ + অ, ন্ + অ। বি. দ্র.: স্ + প্ + অ= স্প, ন্ + দ্ + অ= ন্দ।

স্পন্দন-রহিত : নিস্পন্দ। বিণ। তৎসম। স্পন্দন [স্পন্দ্ + অন] + রহিত [রহ্ + ত] ৬।১ স্পন্দনের দ্বারা রহিত [বর্জিত] = করণতৎ। ৩।৩ বানান: স্ + প্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ + র্ + অ + হ্ + ই + ত্ + অ। বি. দ্র.: স্ + প্ + অ + স্প, ন্ + দ্ + অ= ন্দ।

স্পন্দনশূন্য : নিস্পন্দ। বিণ। তৎসম। স্পন্দন [স্পন্দ্ + অন] + শূন্য [সু= শু + ঊন + য(যৎ)]। ৬।১ স্পন্দনের দ্বারা শূন্য= করণতৎ। ৩।৩ বানান: স্ + প্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ + শ্ + ঊ + ন্ + য্ + অ। বি. দ্র.: স্ + প্ + অ= স্প, ন্ + দ্ + অ= ন্দ। শ্ + ঊ= শূ, ন্ + য্ + অ= ন্য।

স্পন্দনহীন : নিস্পন্দ। বিণ। তৎসম। স্পন্দন [স্পন্দ্ + অন] + হীন [হা + ত]। ৬।১ স্পন্দনের দ্বারা হীন= করণতৎ। ৩।৩ বানান: স্ + প্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ + হ্ + ঈ + ন্ + অ। বি. দ্র.: স্ + প্ + অ= স্প, ন্ + দ্ + অ= ন্দ, হ্ + ঈ= হী।

স্পন্দিত : স্পন্দনযুক্ত। বিণ। তৎসম। স্পন্দ্ + ত। ৬।১ বানান : স্ + প্ + অ + ন্ + দ্ + ই + ত্ + অ। বি. দ্র. : স্ + প্ + অ + স্প, ন্ + দ্ + ই= ন্দি।

স্পর্ধা : দর্পিত আস্ফালন। বি। তৎসম। স্পর্ধ্ + অ + আ। ৬।১ বানান : স্ + প্ + অ + র্ + ধ্ + আ। বি. দ্র. : স্ + প্ + অ= স্প, র্ + ধ্ + আ= র্ধা।

স্পর্ধিত : স্পর্ধাযুক্ত, দর্পকারী। বিণ। তৎসম। স্পর্ধ্ + ত। ৬।১ বানান : স্ + প্ + অ + র্ + ধ্ + ই + ত্ + অ। বি. দ্র. : স্ + প্ + অ= স্প, র্ + ধ্ + ই= র্ধি।

স্পর্ধিতা : দর্পিতা। বিণ। তৎসম। স্পর্ধিত [স্পর্ধ্ + ত] + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : স্ + প্ + অ + র্ + ধ্ + ই + ত্ + আ। বি. দ্র. : স্ + প্ + অ= স্প, র্ + ধ্ + ই= র্ধি।

স্পর্ধী : স্পর্ধাযুক্ত, দর্পকারী। বিণ। তৎসম। স্পর্ধ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান : স্ + প্ + অ + র্ + ধ্ + ঈ। বি. দ্র. : স্ + প্ + অ= স্প, র্ + ধ্ + ঈ= র্ধী।

স্পর্শ : ছোঁয়া। বি। তৎসম। স্পৃশ্ + অ। ৬।১ বানান : স্ + প্ + অ + র্ + শ্ + অ। বি. দ্র. : স্ + প্ + অ= স্প, র্ + শ্ + অ= র্শ।

স্পর্শক : স্পর্শকারী। বিণ। তৎসম। স্পৃশ্ + অক। ৬।১ বানান : স্ + প্ + অ + র্ + শ্ + অ + ক্ + অ। বি. দ্র. : স্ + প্ + অ= স্প, র্ + শ্ + অ= র্শ।

স্পর্শকাতর : অনুভূতিপ্রবণ। বিণ। তৎসম। স্পর্শ [স্পৃশ্ + অ] + কাতর [কা (<কু) + তর (তৃ + অ)]। ৬।১ স্পর্শের নিমিত্ত কাতর= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + প্ + অ + র্ + শ্ + অ + ক্ + আ + ত্ + অ + র্ + অ। বি. দ্র. : স্ + প্ + অ= স্প, র্ + শ্ + অ= র্শ।

স্পর্শ কাতরতা : অনুভূতিপ্রবণতা। বি। তৎসম। স্পর্শকাতর ['স্পর্শকাতর' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান : স্ + প্ + অ + র্ + শ্ + অ + ক্ + আ + ত্ + অ + র্ + অ + ত্ + আ। বি. দ্র. : স্ + প্ + অ= স্প, র্ + শ্ + অ= র্শ।

স্পর্শন : স্পর্শ করা। বি। তৎসম। স্পৃশ্ + অন। ৬।১ বানান : স্ + প্ + অ + র্ + শ্ + অ + ন্ + অ। বি. দ্র. : স্ + প্ + অ= স্প, র্ + শ্ + অ= র্শ।

স্পর্শনীয় : স্পর্শনযোগ্য। বিণ। তৎসম। স্পৃশ্ + অনীয়। ৬।১ বানান : স্ + প্ + অ + র্ + শ্ + অ + ন্ + ঈ +•য় + অ। বি. দ্র. : স্ + প্ + অ= স্প, র্ + শ্ + অ= র্শ, ন্ + ঈ= নী। শব্দান্তভাগের 'নীয়' 'অনীয়' প্রত্যয়-যোগের কারণে।

স্পর্শবর্ণ : বর্গীয় বর্ণ। বি। তৎসম। স্পর্শ [স্পৃশ্ + অ] + বর্ণ [বর্ণ্ + অ]। ৬।১ স্পর্শের দ্বারা উচ্চারিত বর্ণ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + প্ + অ + র্ + শ্ + অ + ব্ + অ + র্ + ণ্ + অ। বি. দ্র. : স্ + প্ = অ= স্প, র্ + শ্ + অ= র্শ, র্ + ণ্ + অ= র্ণ, 'র'-এর পর 'ণ' হয়েছে। ৪।১।খ

স্পর্শমণি : পরশপাথর। বি। তৎসম। স্পর্শ [স্পৃশ্ + অ] + মণি [মণ্ + ই]। ৬।১ স্পর্শের নিমিত্ত মণি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + প্ + অ + র্ + শ্ + অ + ম্ + অ + ণ্ + ই। বি. দ্র. : স্ + প্ + অ= স্প, র্ + শ্ + অ= র্শ। 'মণি'-র 'ণ' স্বাভাবিক 'ণ'।

স্পর্শিনী : স্পর্শকারিণী। বিণ। তৎসম। স্পৃশ্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান : স্ + প্ + অ + র্ + শ্ + ই + ন্ + ঈ। বি.

দ্র.: স্ + প্ + অ= স্প, র্ + শ্ + ই= র্শি, ন্ + ঈ= নী।

স্পর্শী: স্পর্শকারী। বিণ। তৎসম। স্পৃশ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান: স্ + প্ + অ + র্ + শ্ + ঈ। বি. দ্র.: স্ + প্ + অ= স্প, র্ + শ্ + ঈ= র্শী।

স্পর্শেন্দ্রিয়, স্পর্শনেন্দ্রিয়: ত্বক। বি। তৎসম। স্পর্শ [স্পৃশ্ + অ], স্পর্শন [স্পৃশ্ + অন] + ইন্দ্রিয় [ইন্দ্র + ইয়]। ৬।১ বানান: স্ + প্ + অ + র্ + শ্ + এ, স্ + প্ + অ + র্ + শ্ + অ + ন্ + এ, + ন্ + দ্ + র্ + ই + য্ + অ। স্ + প্ + অ= স্প, র্ + শ্ + এ= র্শে, ন্ + দ্ + র্ + ই= ন্দ্রি।

স্পষ্ট: পরিস্ফুট। বিণ। তৎসম। স্পশ্ + ত। ৬।১ বানান: স্ + প্ + অ + ষ্ + ট্ + অ। বি. দ্র.: স্ + প্ + অ= স্প, ষ্ + ট্ + অ= ষ্ট। 'ট'-এর আগের 'ষ্' হয়েছে। ৪।২।ঙ

স্পষ্টতঃ, স্পষ্টত: স্পষ্টভাবে। অব্য, ক্রি-বিণ। তৎসম। স্পষ্ট [স্পশ্ + ত] + তস্, ত। ৬।১, ৬।২ বানান: স্ + প্ + অ + ষ্ + ট্ + অ + ত্ + অ [+ ঃ]। বি. দ্র.: স্ + প্ + অ= স্প, ষ্ + ট্ + অ= ষ্ট। ট্-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ঙ। আধুনিক বাংলায় শব্দান্তের ' ঃ' বর্জিত।

স্পষ্টবক্তা: মুখফোড়। বিণ। তৎসম। স্পষ্ট ['স্পষ্ট' দ্রষ্টব্য] + বক্তা [বচ্ + তা (< তৃ= তৃচ্)। ৬।১ স্পষ্ট বলে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + প্ + অ + ষ্ + ট্ + অ + ব্ + অ + ক্ + ত্ + আ। বি. দ্র.: ক্ + ত্ + আ= ক্তা।

স্পষ্টবাদিতা: রাখঢাক না-রেখে খোলাখুলি কথা বলা। বি। তৎসম। স্পষ্ট ['স্পষ্ট' দ্রষ্টব্য] + বাদিতা [বদ্ + ইত (<ইন) + আ]। ৬।১ বানান: স্ + প্ + অ + ষ্ + ট্ + অ + ব্ + আ + দ্ + ই + ত্ + আ। বি. দ্র.: বাদিতা= ব্ + আ + দ্ + ই + ত্ + আ।

স্পষ্টবাদিনী: যে স্ত্রীলোক স্পষ্ট কথা বলে। বিণ। তৎসম। স্পষ্ট ['স্পষ্ট' দ্রষ্টব্য] + বাদিনী [বদ্ + ইন্ + ঈ]। ৬।১ স্পষ্ট বলে যে [স্ত্রী]= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + প্ + অ + ষ্ + ট্ + অ + ব্ + আ + দ্ + ই + ন্ + ঈ। বি. দ্র.: শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

স্পষ্টবাদী: মুখফোড়। বিণ। তৎসম। স্পষ্ট ['স্পষ্ট' দ্রষ্টব্য] + বাদী [বদ্ + ইন্ (ঈ)]। ৬।১ স্পষ্ট বলে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + প্ + অ + ষ্ + ট্ + অ + ব্ + আ + দ্ + ঈ।

স্পষ্টভাষিণী: যে স্ত্রীলোক স্পষ্ট কথা বলে। বিণ। তৎসম। স্পষ্ট ['স্পষ্ট' দ্রষ্টব্য] + ভাষিণী [ভাষ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ স্পষ্ট বলে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + প্ + অ + ষ্ + ট্ + অ + ভ্ + আ + ষ্ + ই + ণ্ + ঈ। বি. দ্র.: 'ভাষ্'-এর 'ষ' স্বাভাবিক 'ষ্'। 'ষ্' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

স্পষ্টভাষী: মুখফোড়। বিণ। তৎসম। স্পষ্ট ['স্পষ্ট' দ্রষ্টব্য] + ভাষী [ভাষ্ + ইন্ (ঈ)]। ৬।১ স্পষ্ট বলে যে= উপপদতৎ। ৩।৩ বানান: স্ + প্ + অ + ষ্ + ট্ + অ + ভ্ + আ + ষ্ + ঈ। বি. দ্র.: 'ভাষ'-এর 'ষ' স্বাভাবিক 'ষ', শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

স্পষ্টাক্ষরে: স্পষ্টভাবে। বিণ। তৎসম। স্পষ্ট ['স্পষ্ট' দ্রষ্টব্য] + অক্ষরে [ন + ক্ষর্ + অ + এ (বিভক্তি)]। ৬।১ অ + অ = আ [ষ্টা]। ২।১।ক বানান: স্ + প্ + অ + ষ্ + ট্ + আ + ক্ + ষ্ + অ + র্ + এ। বি.দ্র.: ক্ + ষ্ + অ= ক্ষ।

স্পষ্টাস্পষ্টি : খোলাখুলি। বিণ। তদ্ভব। স্পষ্ট ['স্পষ্ট' দ্রষ্টব্য] + অস্পষ্টি [সন্ধি] অ + অ= আ [ষ্টা]। ২।১।ক বানান: স্ + প্ + অ + ষ্ + ট্ + আ + স্ + প্ + অ + ষ্ + ট্ + ই। বি. দ্র.: ষ্ + ট্ + ই= ষ্টি।

স্পিরিট : সুরাসার। বি। বিদেশী। <ইং. spirit. বাংলা বানান: স্ + প্ + ই + র্ + ই + ট্। বি. দ্র.: স্ + প্ + ই= স্পি। শব্দান্তের 'ট' হসন্তবর্জিত।

স্পৃষ্ট : স্পর্শ করা হয়েছে। বিণ। তৎসম। স্পৃশ্ + ত। ৬।১ বানান: স্ + প্ + ঋ + ষ্ + ট্ + অ। বি. দ্র.: স্ + প্ + ঋ= স্পৃ, ষ্ + ট্ + অ= ষ্ট। 'ট্'-এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ঙ

স্পৃশ্য : স্পর্শনয়োগ্য। বিণ। তৎসম। স্পৃশ্ + য [যৎ]। ৬।১ বানান: স্ + প্ + ঋ + শ্ + য্ + অ। বি. দ্র.: স্ + প্ + ঋ= স্পৃ। শ্ + য্ + অ= শ্য।

স্পৃহণীয় : স্পৃহার যোগ্য। বিণ। তৎসম। স্পৃহ্ [আকাঙ্ক্ষা করা] + অনীয়। ৬।১ বানান: স্ + প্ + ঋ + হ্ + অ + ণ্ + ঈ + য্ + অ। বি. দ্র.: স্ + প্ + ঋ= স্পৃ, শব্দান্তের 'নীয়' 'অনীয়'-প্রত্যয়ান্ত।

স্পৃহা : রুচি। বি। তৎসম। স্পৃহ্ + ণিচ্ + অ + আ। ৬।১ বানান: স্ + প্ + ঋ + হ্ + আ। বি. দ্র.: স্ + প্ + ঋ= স্পৃ।

স্প্রিং : স্থিতিস্থাপক ধাতব বলয়। বি। বিদেশী। <ইং. spring বাংলা বানান: স্ + প্ + র্ + ই + ং। বি. দ্র.: স্ + প্ + র্ + ই= স্প্রি।

স্ফটিক : স্বচ্ছ ও শুভ্র প্রস্তর। বি। তৎসম। স্ফট্ + ইক। ৬।১ বানান: স্ + ফ্ + অ + ট্ + ই + ক্ + অ। বি. দ্র.: স্ + ফ্ + অ= স্ফ।

স্ফাটিক : স্ফটিক-নির্মিত। বিণ। তৎসম। স্ফটিক [স্ফট্ + ইক] + অ। ৬।২ বানান: স্ + ফ্ + আ + ট্ + ই + ক্ + অ। বি. দ্র.: স্ + ফ্ + আ= স্ফা।

স্ফার : বিস্তার। বি। তৎসম। স্ফর্ + ণিচ্ + অ। ৬।১ বানান: স্ + ফ্ + আ + র্ + অ। বি. দ্র.: স্ + ফ্ + আ= স্ফা।

স্ফারিত : বিস্তারিত। বিণ। তৎসম। স্ফর্ + ণিচ্ + ত। ৬।১ বানান: স্ + ফ্ + আ + র্ + ই + ত্ + অ। বি. দ্র.: স্ + ফ্ + আ= স্ফা। র্ + ই= রি।

স্ফীত : ফুলে-ফেঁপে ওঠা। বিণ। তৎসম। স্ফায্ + ত। ৬।১ বানান: স্ + ফ্ + ঈ + ত্ + অ। বি. দ্র.: স্ + ফ্ + ঈ= স্ফী।

স্ফীতা : মত্তা। বিণ। তৎসম। স্ফীত [স্ফায়+ত] + আ [স্ত্রী]। ৬।১ ৭।১।ক বানান: স্ + ফ্ + ঈ + ত্ + আ। বি. দ্র.: স্ + ফ্ + ঈ= স্ফী।

স্ফীতি : বৃদ্ধি। বি। তৎসম। স্ফায্ + তি। ৬।১ বানান: স্ + ফ্ + ঈ + ত্ + ই। বি. দ্র.: স্ + ফ্ + ঈ= স্ফী।

স্ফুট : বিকশিত। বিণ। তৎসম। স্ফুট্ + অ। ৬।১ বানান: স্ + ফ্ + উ= স্ফু।

স্ফুটন : স্ফুট হওয়া। বি। তৎসম। স্ফুট্ + অন। ৬।১ বানান: স্ + ফ্ + উ + ট্ + অ + ন্ + অ। বি. দ্র.: স্ + ফ্ + উ= স্ফু।

স্ফুটনাঙ্ক : স্ফুটনের তাপমান। বি। তৎসম। স্ফুটন [স্ফুট্ + অন] + অঙ্ক [অঙ্ক্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [না]। ২।১।ক স্ফুটনের অঙ্ক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ফ্ + উ + ট্ + অ + ন্ + আ + ঙ্ + ক্ + অ। বি. দ্র.: স্ + ফ্ + উ= স্ফু, ন্ + আ= না, ঙ্ + ক্ + অ= ঙ্ক।

স্ফুটনোন্মুখ : ফুটতে উদ্যত। বিণ। তৎসম। স্ফুটন [স্ফুট্ + অন] + উন্মুখ [উৎ + মুখ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [নো]। ২।৫।ক ৎ + মু= ন্মু। ২।২৫ স্ফুটনে উন্মুখ= অধিকরণতৎ।

৩।৩ বানান: স্ + ফ্ + উ + ট্ + অ + ন্ + ও + ন্ + ম্ + উ + খ্ + অ। বি. দ্র.: স্ + ফ্ + উ= স্ফু, ন্ + ও= নো, ন্ + ম্ + উ= ন্মু।

স্ফুটবাক্: যার মুখে সবে বোল ফুটেছে। বিণ। তৎসম। স্ফুট [স্ফুট্ + অ] + বাক্ [বচ্ + কিপ্]। ৬।১ স্ফুট বাক্ যার= বহুব্রী। ৩।৫ বানান: স্ + ফ্ + উ + ট্ + অ + ব্ + আ + ক্। বি. দ্র.: স্ + ফ্ + উ= স্ফু।

স্ফুটিত: স্পষ্টীকৃত। বিণ। তৎসম। স্ফুট্ + ত। ৬।১ বানান: স্ + ফ্ + উ + ট্ + ই + ত্ + অ। বি. দ্র.: স্ + ফ্ + উ= স্ফু।

স্ফুরণ: প্রকাশ। বি। তৎসম। স্ফুর্ + অন। ৬।১ বানান: স্ + ফ্ + উ + র্ + অ + ণ্ + অ। বি. দ্র.: স্ + ফ্ + উ= স্ফু। 'র' ও 'ন'-এব মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

স্ফুরিত: কম্পিত। বিণ। তৎসম। স্ফুর্ + ত। ৬।১ বানান: স্ + ফ্ + উ + র্ + ই + ত্ + অ। বি. দ্র.: স্ + ফ্ + উ= স্ফু।

স্ফুলিঙ্গ: আগুনের ফুলকি। বি। তৎসম। স্ফুৎ [স্ফুৎকার] + লিঙ্গ [লিনগ্ (গমন করা) + অ]। ৬।১ স্ফুৎ দ্বারা গমন করে যা [অগ্নিকণা] = উপপদ তৎ। ৩।৩ বানান: স্ + ফ্ + উ + ল্ + ই + ঙ্ + গ্ + অ। বি. দ্র.: স্ + ফ্ + উ = স্ফু, ল্ + ই = লি, ঙ্ + গ্ + অ = ঙ্গ।

স্ফূর্ত: বিকশিত। বিণ। তৎসম। স্ফুর্ [প্রকাশিত হওয়া] + ত। ৬।১ 'উ'-কার দীর্ঘতা প্রাপ্ত হয়ে 'ঊ'। বানান: স্ + ফ্ + ঊ + র্ + ত্ + অ। বি. দ্র.: স্ + ফ্ + ঊ = স্ফূ, র্ + ত্ + অ = র্ত।

স্ফূর্তি: বিকাশ। বি। তৎসম। স্ফুর্ [প্রকাশিত হওয়া] + তি। ৬।১ ঊ-কার। বানান: স্ + ফ্ + ঊ + র্ + ত্ + ই। বি. দ্র.: স্ + ফ্ + ঊ = স্ফূ, র্ + ত্ + ই = র্তি।

স্ফোট: ফোড়া। বি। তৎসম। স্ফুট্ [ফাটা] + অ। ৬।১ বানান: স্ + ফ্ + ও + ট্ + অ। বি. দ্র.: স্ + ফ্ + ও = স্ফো।

স্ফোটক: ফোড়া। বি। তৎসম। স্ফুট্ [ফাটা] + অক। ৬।১ বানান: স্ + ফ্ + ও + ট্ + অ + ক্ + অ। বি.দ্র.: স্ + ফ্ + ও = স্ফো।

স্ফোটন: ফোটা। বি। তৎসম। স্ফুট্ + ণিচ্ + অন। ৬।১ বানান: স্ + ফ্ + ও + ট্ + অ + ন + অ। বি. দ্র.: স্ + ফ্ + ও = স্ফো।

স্ব: সর্ব, নিজের। সর্ব। তৎসম। সু + ব — 'উ' লুপ্ত। ধন ভিন্ন অন্য অর্থে সর্বনাম। বানান: স্ + ব্ + অ = স্ব।

স্ব স্ব: নিজ নিজ। সর্ব। তৎসম। 'স্ব' দ্রষ্টব্য। বানান: স্ + ব্ + অ + স্ + ব্ + অ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব।

স্বঃ: স্বর্গ। বি। তৎসম। <স্বর্ <সৃ [স্তুতি করা]। ৬।১ বানান: স্ + ব্ + ঃ।

স্বকপোলকল্পিত: মনগড়া। বিণ। তৎসম। স্ব + কপোল [কপ্ + ওল] + কল্পিত [কৢপ্ + ত]। ৬।১ স্বকপোলের দ্বারা কল্পিত = করণতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + ক্ + অ + প্ + ও + ল্ + অ + ক্ + অ + ল্ + প্ + ই + ত্ + অ। বি. দ্র.: ল্ + প্ + ই = ল্পি।

স্বকর্ম: নিজের করণীয় কাজ। বি। তৎসম। স্ব + কর্ম [কৃ + মন্]। ৬।১ স্ব-র কর্ম= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + ক্ + অ + র্ + ম্ + অ।

স্বকীয়: নিজের। বিণ। তৎসম। স্ব ['ক' স্বার্থে] + ঈয়। ৬।১ বানান: স্ + ব্ + অ + ক্ + ঈ + য্ + অ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব, ক্ + ঈ = কী।

স্বকীয়তা: নিজস্বতা। বি। তৎসম। স্বকীয় ['স্বকীয়'

দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + ব্ + অ + ক্ + ঈ + য্ + অ + ত্ + আ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব, ক্ + ঈ = কী।

স্বকৃত: নিজে কৃত। বি। তৎসম। স্ব + কৃত [কৃ + ত]। ৬।১ স্ব-র দ্বারা কৃত = করণতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + ক্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব, ক্ + ঋ = কৃ।

স্বকৃতভঙ্গ: কৌলীন্যপ্রথা-লঙ্ঘনকারী। বিণ। তৎসম। স্ব + কৃত [কৃ + ত] + ভঙ্গ [ভন্জ্ + অ]। ৬।১ স্ব-র দ্বারা কৃত = করণতৎ। ৩।৩ স্বকৃত ভঙ্গ [কৌলীন্য] যার দ্বারা = বহুব্রী। ৩।৫ বানান: স্ + ব্ + অ + ক্ + ঋ + ত্ + অ + ভ্ + অ + ঙ্ + গ্ + অ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, ক্ + ঋ + ত্ + অ = কৃত, ঙ্ + গ্ + অ = ঙ্গ।

স্বখাত: নিজের দ্বারা খনন কৃত। বিণ। তৎসম। স্ব + খাত [খন্ + ত]। ৬।১ স্ব-র দ্বারা খাত = করণতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + খ্ + আ + ত্ + অ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব।

স্বখাত-সলিল: স্বীয় কৃতকর্মের ফল। বি। তৎসম। স্ব + খাত [খন্ + ত] + সলিল [সল্ + ইল]। ৬।১ স্ব-র দ্বারা খাত = করণতৎ। ৩।৩ তার সলিল = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + খ্ + আ + ত্ + অ + স্ + অ + ল্ + ই + ল্ + অ।

স্বগত: আত্মগত। বিণ। তৎসম। স্ব + গত [গম্ + ত]। ৬।১ স্ব-কে গত = কর্মতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + গ্ + অ + ত্ + অ। বি.দ্র.: স্ +ব্ + অ = স্ব।

স্বগতোক্তি: অন্যের অশ্রাব্য উক্তি। বি। তৎসম। স্বগত [স্ব + গত (গম্ + ত)] + উক্তি [বচ্ + তি]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [তো]। ২।৫।ক স্ব-কে গত = কর্মতৎ। ৩।৩ স্বগত যে উক্তি = কর্মধা। ৩।২ বানান: স্ + ব্ + অ + গ্ + অ + ত্ + ও + ক্ + ত্ + ই। বি.দ্র.: ক্ + ত্ + ই = ক্তি।

স্বগৃহ: নিজের বাড়ি। বি। তৎসম। স্ব + গৃহ [গ্রহ্ + অ]। ৬।১ স্ব-র গৃহ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + গ্ + ঋ + হ্ + অ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, গ্ + ঋ = গৃ।

স্বগ্রাম: নিজের গ্রাম। বি। তৎসম। স্ব + গ্রাম [গ্রাম্ + অ]। ৬।১ স্ব-র গ্রাম = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + গ্ + র্ + আ + ম্ + অ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, গ্ + র্ + আ = গ্রা।

স্বচক্ষে: নিজের চোখে। ক্রি-বিণ। তৎসম। স্ব + চক্ষে [চক্ষ (<সং. চক্ষুঃ) + বাং. এ]। স্ব-র চক্ষে = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + চ্ + অ + ক্ + ষ্ + এ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, ক্ + ষ্ + এ = ক্ষে।

স্বচ্ছ: দৃষ্টিভেদ্য। বিণ। তৎসম। সু + অচ্ছ। [সন্ধি] উ + অ = স্ব। ২।৮।ক সু অচ্ছ [দৃষ্টি ভেদনক্ষম] = সুপ্‌সুপা। বানান: স্ + ব্ + অ + চ্ + ছ্ + অ। বি. দ্র.: চ্ + ছ্ + অ = চ্ছ।

স্বচ্ছতা, স্বচ্ছত্ব: দৃষ্টিভেদ্যতা। বি। তৎসম। স্বচ্ছ ['স্বচ্ছ' দ্রষ্টব্য] + তা, ত্ব। ৬।২ বানান: স্ + ব্ + অ + চ্ + ছ্ + অ + ত্ + আ [ত্ +ব্ + অ]। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, চ্ + ছ্ + অ = চ্ছ, ত্ + ব্ + অ = ত্ব।

স্বচ্ছন্দ: অবাধ। বিণ। তৎসম। স্ব + ছন্দ [ছন্দ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + ছ = অচ্ছ। ২।১৪ স্ব-র ছন্দ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + চ্ + ছ্ + অ + ন্ + দ্ + অ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, চ্ + ছ্ + অ = চ্ছ, ন্ + দ্ + অ = ন্দ।

স্বচ্ছন্দতা: স্বাচ্ছন্দ্য। বি। তৎসম। স্বচ্ছন্দ ['স্বচ্ছন্দ' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: স্ + ব্ + অ

+ চ্ + ছ্ + অ + ন্ + দ্ + অ + ত্ + আ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব, চ্ + ছ্ + অ = চ্ছ, ন্ + দ্ + অ = ন্দ, ত্ + আ = তা।

স্বচ্ছন্দে: অবাধে। ক্রি-বিণ। তৎসম। স্বচ্ছন্দ ['স্বচ্ছন্দ' দ্রষ্টব্য] + এ। বানান: স্ + ব্ + অ + চ্ + ছ্ + অ + ন্ + দ্ + এ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব, চ্ + ছ্ + অ = চ্ছ, ন্ + দ্ + এ = ন্দে।

স্বজন: জাতি-কুটুম্ব-বন্ধু-বান্ধব ইত্যাদি নিজের লোক। বি। তৎসম। স্ব + জন [জন্ + অ]। ৬।১ স্ব-র জন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + জ্ + অ + ন্ + অ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব।

স্বজনী: অন্তরঙ্গ সখী। বি। তৎসম। স্ব + জনী [জন্ + অ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ স্ব-র জনী [সখী] = সম্বন্ধতৎ। [সজনী] ৩।৩ বানান: স্ + ব্ + অ + জ্ + অ + ন + ঈ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব, ন্ + ঈ = নী।

স্বজাতি: নিজেব জাতির অন্তর্ভুক্ত লোক। বি। তৎসম। স্ব + জাতি [জন্ + তি] ৬।১ স্ব-র জাতি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + জ্ + আ + ত্ + ই। বি. দ্র.: স + ব্ + অ = স্ব, জ্ + আ = জা।

স্বজাতীয়: নিজের জাতির অন্তর্ভুক্ত। বিণ। তৎসম। স্ব + জাতীয় [জাতি (জন্ + তি) + ঈয়। ৬।১, ৬।২ স্ব-র জাতীয় = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + জ্ + আ + ত্ + ঈ + য্ + অ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, ত্ + ঈ = তী।

স্বজাতীয়া: নিজের জাতির অন্তর্ভুক্তা। বিণ। তৎসম। স্ব জাতীয় ['স্বজাতীয়' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + ব্ + অ + জ্ + আ + ত্ + ঈ + য্ + আ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, ত্ + ঈ = তী।

স্বতঃ: আপনা থেকে। অব্য। তৎসম। স্ব + তস্ [ঃ]। ৬।২ স্ব [আপনা] + তঃ [থেকে]। বানান: স্ + ব্ + অ + ত্ + অ + ঃ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, ত্ + অ + ঃ = তঃ।

স্বতঃপ্রবৃত্ত: স্বেচ্ছায় প্রবৃত্ত। বিণ। তৎসম। স্বতঃ ['স্বতঃ' দ্রষ্টব্য] + প্রবৃত্ত [প্র + বৃৎ + ত]। ৬।১ অঃ + প্র [সন্ধি নিষিদ্ধ]। স্বতঃ [আপনা থেকে] প্রবৃত্ত। বানান: স্ + ব্ + অ + ত্ + অ + ঃ + প্ + র্ + অ + ব্ + ঋ + ত্ + ত্ + অ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, ত্ + অ + ঃ = তঃ, প্ + র্ + অ = প্র, ব্ + ঋ = বৃ, ত্ + ত্ + অ = ত্ত।

স্বতঃপ্রমাণিত: প্রমাণ-নিরপেক্ষ সত্য। বিণ। তৎসম। স্বতঃ ['স্বতঃ' দ্রষ্টব্য] + প্রমাণিত [প্রমাণ (প্র+মা+অন) + ইত (যুক্ত)]। ৬।১, ৬।২ স্বতঃ আপনা থেকেই প্রমাণিত। বানান: প্ + র্ + অ + ম্ + আ + ণ্ + ই + ত্ + অ। বি. দ্র.: প্ + র্ + অ = প্র, 'র' ও 'ন'-এর মধ্যে অ, ম, আ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

স্বতঃসিদ্ধ: প্রমাণ-নিরপেক্ষ সত্য। বিণ। তৎসম। স্বতঃ ['স্বতঃ' দ্রষ্টব্য] + সিদ্ধ [সিধ্ + ত]। ৬।১ স্বতঃ [আপনা থেকেই] সিদ্ধ। বানান: স্ + ব্ + অ + ত্ + অ + ঃ + স্ + ই + দ্ + ধ্ + অ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, দ্ + ধ্ + অ = দ্ধ।

স্বতন্ত্র: পৃথক। বিণ। তৎসম। স্ব + তন্ত্র [তন্ + ত্র]। ৬।১ স্ব-র তন্ত্র = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + ত্ + অ + ন্ + ত্ + র্ + অ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, ন্ + ত্ + র্ + অ = ন্ত্র।

স্বতোবিরোধ, স্বতোবিরুদ্ধতা: অন্তর্নিহিত অসঙ্গতি। বি। তৎসম। স্বতঃ ['স্বতঃ' দ্রষ্টব্য] + বিরোধ [বি + রুধ্ + অ]। ৬।১ [বি +

রুধ্ + ত] + তা। ৬।২ [সন্ধি] অঃ + বি = ওবি। ২।৩৯ বানান: স্ + ব্ + অ + ত্ + ও + ব্ + ই + র্ + ও + ধ্ + অ [র্ + উ + দ্ + ধ্ + অ + ত্ + আ]। বি. দ্র.: স্ +ব + অ = স্ব, ত্ + ও = তো, র্ + উ = রু, দ্ + ধ্ + অ = দ্ধ।

স্ববিরোধ, স্ববিরোধিতা, স্ববিরুদ্ধতা: অন্তর্নিহিত অসঙ্গতি। বি। তৎসম। স্ব + বিরোধ, বিরোধিতা, বিরুদ্ধতা [বি + রুধ্ + অ, বিরোধ + ইত + আ, বিরুদ্ধ + তা]। ৬।১, ৬।২ স্ব-র বিরোধ, বিরোধিতা, বিরুদ্ধতা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + ব্ + ই + র্ + ও + ধ্ + অ, ধ্ + ই + ত্ + আ, ব্ + ই + র্ + উ + দ্ + ধ্ + অ + ত্ + আ। বি.দ্র.: র্ + উ = রু, দ্ + ধ্ + অ = দ্ধ।

স্বত্ব: মালিকানা। বি। তৎসম। স্ব [নিজের] + ত্ব। ৬।২ বানান: স্ + ব্ + অ + ত্ + ব্ + অ। বি. দ্র.: স্ +ব্ + অ = স্ব, ত্ + ব্ + অ = ত্ব।

স্বত্বাধিকার: মালিকানা। বি। তৎসম। স্বত্ব ['স্বত্ব' দ্রষ্টব্য] + অধিকার [অধি + কৃ + অ]। [সন্ধি] অ + অ = আ [ত্বা]। ২।১।ক ৬।১ স্বত্বের অধিকার = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + ত্ + ব্ + আ + ধ্ + ই + ক্ + আ + র্ + অ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, ত্ + ব্ + আ = ত্বা।

স্বত্বাধিকারিণী: [সম্পত্তির] মালিকানার ন্যায়সঙ্গত অধিকারিণী। বিণ। তৎসম। স্বত্ব ['স্বত্ব' দ্রষ্টব্য] + অধিকারিণী [অধিকার (অধি + কৃ + অ) + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ত্বা]। ২।১।ক স্বত্বের অধিকারিণী = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ +অ + ত্ + ব্ + আ + ধ্ + ই + ক্ + আ + র্ + ই + ণ্ + ঈ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, ত্ + ব্ + আ = ত্বা, 'র্' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন্' 'ণ' হয়েছে। ৪।১।গ তাছাড়া, ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, হওয়ায় শব্দান্তের আগে 'ই', পরে 'ঈ'।

স্বত্বাধিকারী: মালিক। বিণ। তৎসম। স্বত্ব ['স্বত্ব' দ্রষ্টব্য] + অধিকারী [অধি + কৃ + ইন্ [ঈ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ত্বা]। ২।১।ক স্বত্বের অধিকারী = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + ত্ + ব্ + আ + ধ্ + ই + ক্ + আ + র্ + ঈ। বি. দ্র.: শব্দটি 'ইন্'[ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

স্বদল: নিজের দল। বি। তৎসম। স্ব + দল [দল্ + অ]। ৬।১ স্ব-র দল = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + দ্ + অ + ল্ + অ।

স্বদলীয়: নিজের দলের অন্তর্ভুক্ত। বিণ। তৎসম। স্ব + দলীয় [দল + ঈয়]। ৬।২ স্ব-র দলীয় = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + দ্ + অ + ল্ + ঈ + য্ + অ।

স্বদেশ: নিজের দেশ। বি। তৎসম। স্ব + দেশ [দিশ্ + অ]। ৬।১ স্ব-র দেশ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ = স্ব, দ্ + এ = দে।

স্বদেশী: নিজের দেশে জাত। বিণ। তৎসম। স্ব + দেশী [দেশ (দিশ্ + অ) + ঈ। ৬।১, ৬।২ স্ব-র দেশী = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + দ্ + এ + শ্ + ঈ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, শ্ + ঈ = শী।

স্বদেশীয়: নিজের দেশে জাত। বিণ। তৎসম। স্ব + দেশীয় [দেশ (দিশ্ + অ) + ঈয়]। ৬।১, ৬।২ স্ব-র দেশীয় = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + দ্ + এ + শ্ + ঈ + য্ + অ। বি. দ্র.: শ্ + ঈ = শী।

স্বধর্ম: নিজের ধর্ম, নিজের স্বাভাবিক বৃত্তি। বি। তৎসম। স্ব + ধর্ম [ধৃ + ম]। ৬।১ স্ব-র ধর্ম = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + ধ্ + অ + র্ + ম্ + অ। বি. দ্র.: র্ + ম্ + অ = র্ম।

স্বধা : দক্ষকন্যা ও অগ্নির পত্নী, মাতৃকাবিশেষ। পিতৃপুরুষের উদ্দেশ্যে প্রদত্ত জল পিণ্ড যা তার মন্ত্র। বি। তৎসম। স্বদ্ + আ বা স্ব + ধা + অ + আ। [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : স্ + ব্ + অ + ধ্ + আ।

স্বন : ধ্বনি। বি। তৎসম। স্বন্ [শব্দ করা] + অ। ৬।১ বানান : স্ + ব্ + অ + ন্ + অ। বি.দ্র. : স্ + ব্ + অ = স্ব।

স্বনন : শব্দ। বি। তৎসম। স্বন্ [শব্দ করা] + অন। ৬।১ বানান : স্ + ব্ + অ + ন্ + অ + ন্ + অ। বি. দ্র. : স + ব্ + অ = স্ব।

স্বনাম : নিজের নাম। বি। তৎসম। স্ব + নাম [নামন্]। স্ব-র নাম = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ব্ + অ + ন্ + আ + ম্ + অ। বি.দ্র. : স্ + ব্ + অ = স্ব।

স্বনামে : নিজেকেই মালিক বলে পরিচয়ে। ক্রি-বিণ। তৎসম। স্ব + নাম + এ।

স্বনিত : শব্দিত। বিণ। তৎসম। স্বন্ + ত। ৬।১ বানান : স্ + ব্ + অ + ন্ + ই + ত্ + অ। বি. দ্র. : স্ + ব্ + অ = স্ব।

স্বপক্ষ : আত্মপক্ষ। বি। তৎসম। স্ব [নিজের] + পক্ষ [পক্ষ্ + অ]। ৬।১ স্ব-র পক্ষ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ব্ + অ + প্ + অ + ক্ + ষ্ + অ। বি. দ্র. : স্ + ব্ + অ = স্ব, ক্ + ষ্ + অ = ক্ষ।

স্বপক্ষীয় : স্বপক্ষভুক্ত। বিণ। তৎসম। স্ব [নিজের] + পক্ষীয় [পক্ষ + ঈয়]। ৬।২ স্ব-র পক্ষীয় [পক্ষভুক্ত] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ +ব্ + অ + প্ + অ + ক্ + ষ্ + ঈ + য্ + অ। বি. দ্র. : স্ + ব্ + অ = স্ব, ক্ + ষ্ + ঈ = ক্ষী।

স্বপদ : নিজের অধিকৃত পদ বা কর্মভার। বি। তৎসম। স্ব [নিজের] + পদ [পদ্ + অ]। ৬।১ স্ব-র পদ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ +ব + অ + প্ + অ + দ্ + অ। বি. দ্র. : প্ + অ + দ্ + অ।

স্বপ্ন, স্বপন : ঘুমন্ত অবস্থায় প্রত্যক্ষের মতো অনুভূত বিষয়। সং [স্বপ্ + ন]। বি। তৎসম। স্বপ্ [ঘুমানো] + ন। স্বপ্ + অন। ৬।১ বানান : স্ + ব্ + অ + প্ + ন + অ, স্ + ব্ + অ + প্ + অ + ন্ + অ।

স্বপ্ন-জড়িমা : স্বপ্নঘোর। বি। তৎসম। স্বপ্ন [স্বপ্ [ঘুমানো] + ন] + জড়িমা [জড়্ + ইমা]। ৬।১, ৬।২ স্বপ্নের জড়িমা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ব্ + অ + প্ + ন্ + অ + জ্ + অ + ড়্ + ই + ম্ + আ।

স্বপ্ন-জাল : স্বপ্নরূপ জাল। বি। তৎসম। স্বপ্ন [স্বপ্ (ঘুমানো) + ন] + জাল [জল্ (আচ্ছাদন করা) + অ]। ৬।১ স্বপ্ন-রূপ জাল = রূপক-কর্মধা। ৩।২ বানান : স্ + ব্ + অ + প্ + ন্ + অ + জ্ + আ + ল্ + অ।

স্বপ্নদোষ : নিদ্রিতাবস্থায় স্বপ্নঘোরে রেতঃস্খলন। বি। তৎসম। স্বপ্ন [স্বপ্ + ন] + দোষ [দুষ্ + অ]। ৬।১ স্বপ্নাবস্থায় সংঘটিত দোষ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + ব্ + অ + প্ + ন্ + অ + দ্ + ও + ষ্ +অ। বি. দ্র. : 'ও'-র পর 'ষ্' হয়েছে।

স্বপ্নবৎ : স্বপ্নের মতো অলীক, সুন্দর। বিণ। তৎসম। স্বপ্ন [স্বপ্ + ন] + বৎ [তুল্য, সদৃশ, মতো]। ৬।১ বানান : স্ + ব্ + অ + প্ + ন্ + অ + ব্ + অ + ৎ।

স্বপ্নবৃত্তান্ত : স্বপ্নেদেখা ঘটনার বিবরণ। বি। তৎসম। স্বপ্ন [স্বপ্ + ন] + বৃত্তান্ত [বৃত্ত + অন্ত]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [ত্তা]। ২।১।ক স্বপ্নের বৃত্তান্ত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ব্ + অ + প্ + ন্ + অ + ব + ৃ + ত্ + ত্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র. : প্ +ন্ + অ = প্ন, ত্ + ত্ + আ = ত্তা।

স্বপ্নময় : স্বপ্নে সৃষ্ট। বিণ। তৎসম। স্বপ্ন [স্বপ্ + ন] + ময় [ময়ট্]। ৬।২ স্বপ্নের দ্বারা ময় [পূর্ণ] = করণতৎ। ৩।৩ বানান : স্ + ব্ + অ + প্ + ন্ + অ + ম্ + অ + য্ + অ। বি.দ্র. : স্ + ব্ + অ = স্ব, প্ + ন্ + অ = প্ন।

স্বপ্নময়ী : স্বপ্নে সৃষ্টা। বিণ। তৎসম। স্বপ্নময় ['স্বপ্নময়' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ২।১।গ বানান : স্ + ব্ + অ + প্ + ন্ + অ + ম্ + অ + য্ + ঈ।

স্বপ্নরাজ্য : স্বপ্নে-দেখা অলীক অথচ সুন্দর দেশ। বি। তৎসম। স্বপ্ন [স্বপ্ + ন] + রাজ্য [রাজন্ + য (ষ্ণ্য)]। ৬।১, ৬।২ স্বপ্নময় বা স্বপ্নে-দেখা রাজ্য = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + ব্ + অ + প্ + ন্ + অ + র্ + আ + জ্ + য্ + অ। বি. দ্র. : জ্ + য্ + অ = জ্য।

স্বপ্নাদিষ্ট : স্বপ্নাদেশ-প্রাপ্ত। বিণ। তৎসম। স্বপ্ন [স্বপ্ + ন] + আদিষ্ট [আ + দিশ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [প্না] ২।১।ক স্বপ্নে আদিষ্ট = অধিকরণতৎ। ৩।৩ বানান : স্ + ব্ + অ + প্ + ন্ + আ + দ্ + ই + ষ্ + ট্ + অ। বি. দ্র. : 'ই'-র পর এবং 'ট' এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

স্বপ্নাদেশ : স্বপ্নে-প্রাপ্ত দৈবাদেশ। বি। তৎসম। স্বপ্ন [স্বপ্ + ন] + আদেশ [আ + দিশ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [প্না]। ২।১।খ স্বপ্নে-প্রাপ্ত আদেশ = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : স্ + ব্ + অ + প্ + ন্ + আ + দ্ + এ + শ্ + অ। বি.দ্র. : স্ + ব্ + অ = স্ব, প্ +ন্ + আ = প্না।

স্বপ্নাবিষ্ট : স্বপ্নঘোরে আচ্ছন্ন। বি। তৎসম। স্বপ্ন [স্বপ্ + ন] + আবিষ্ট [আ + বিশ্ + ত]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [প্না]। ২।১।খ স্বপ্নের দ্বারা আবিষ্ট = করণতৎ। ৩।৩ বানান : স্ + ব্ + অ + প্ + ন্ + আ + ব্ + ই + ষ্ + ট্ + অ। বি.দ্র : প্ + ন্ + আ = প্না, 'ই'-র পর এবং 'ট' এর আগে 'ষ্' হয়েছে। ৪।২।ক, ৪।২।ঙ

স্বপ্নোত্থিত : স্বপ্ন-নিদ্রা থেকে জাগরিত। বিণ। তৎসম। স্বপ্ন [স্বপ্ + ন] + উত্থিত [উৎ + স্থিত (স্থা + ত)]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [প্নো]। ২।৫।ক ৎ + স্থি = ত্থি। ২।২৭ স্বপ্ন [স্বপ্ন নিদ্রা] থেকে উত্থিত = অপাদানতৎ। ৩।৩ বানান : স্ + ব্ + অ + প্ + ন্ + ও + ত্ + থ্ + ই + ত্ + অ। বি. দ্র. : প্ + ন্ + ও = প্নো, ত্ + থ্ + ই = ত্থি।

স্বপ্রকাশ : আপনা থেকে প্রকাশ। বি। তৎসম। স্ব + প্রকাশ [প্র + কাশ্ + অ]। ৬।১ স্ব [আপনা] থেকে প্রকাশ = অপাদানতৎ। ৩।৩ বানান : স্ + ব্ + অ + প্ + র্ + অ + ক + আ + শ্ + অ। বি. দ্র. : প্ + র্ + অ = প্র।

স্ববশ : স্বাধীন। বি। তৎসম। স্ব + বশ [বশ্ + অ]। ৬।১ স্ব-র বশ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ব্ + অ + ব্ + অ + শ্ + অ।

স্বভাব : নিজের প্রকৃতি। বি। তৎসম। স্ব + ভাব [ভূ + অ]। ৬।১ স্ব-র ভাব = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : স্ + ব্ + অ + ভ্ + আ + ব্ + অ।

স্বভাবকুলীন : নৈকষ্য-কুলীন। বিণ। তৎসম। স্বভাব [স্ব+ভূ+অ] + কুলীন [কুল + ঈন]। ৬।১, ৬।২ স্বাভাবিক কুলীন = কর্মধা। ৩।২ বানান : স্ + ব্ + অ + ভ্ + আ + ব্ + অ + ক্ + উ + ল্ + ঈ + ন্ + অ। বি.দ্র. : স্ + ব্ + অ = স্ব, ল্ + ঈ = লী।

স্বভাবকৃপণ : কৃপণতাই যার প্রকৃতি। বিণ। তৎসম। স্বভাব [স্ব+ভূ+অ] + কৃপণ [কৃপ্ + অন]। ৬।১ স্বাভাবিক কৃপণ = কর্মধা। ৩।২ বানান : স্ + ব্ + অ + ভ্ + আ + ব্ + অ + ক্ + ঋ + প্ + অ + ণ্ + অ। বি. দ্র. : 'ঋ' ও 'ন'-এর মধ্যে প্ ও অ থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

স্বভাবগত : সহজাত। বিণ। তৎসম। স্বভাব [স্ব + ভূ + অ] + গত [গম্ + ত]। ৬।১ স্বভাবকে গত = কর্মতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + ভ্ + আ + ব্ + অ + গ্ + অ + ত্ + অ।

স্বভাবচরিত্র : প্রকৃতি ও চালচলন। বি। তৎসম। স্বভাব [স্ব + ভূ + অ]+ চরিত্র [চর্ + ইত্র]। ৬।১ স্বভাব ও চরিত্র = দ্বন্দ্ব। ৩।২ বানান: স্ + ব্ + অ + ভ্ + আ + ব্ + অ + চ্ + অ + র্ + ই + ত্ + র্ + অ। বি.দ্র.: ত্ + র্ + অ = ত্র।

স্বভাবজ : স্বাভাবিক। বিণ। তৎসম। স্বভাব [স্ব + ভূ + অ] + জ [জন্ + অ]। ৬।১ স্বভাব থেকে জাত = অপাদানতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + ভ্ + আ + ব্ + অ + জ্ + অ।

স্বভাবত, স্বভাবতঃ : স্বাভাবিকভাবে। অব্যয়। তৎসম। স্বভাব [স্ব+ভূ+অ] + তস্ [ঃ]। ৬।১, ৬।২ বানান: স্ + ব্ + অ + ভ্ + আ + ব্ + অ + ত্ + অ + ঃ। বি. দ্র.: আধুনিক বাংলায় বিসর্গ বর্জিত।

স্বভাব বিরুদ্ধ : স্বভাবের প্রতিকূল। বিণ। তৎসম। স্বভাব [স্ব+ভূ+অ] + বিরুদ্ধ [বি + রুধ্ + ত]। ৬।১ স্বভাবের বিরুদ্ধ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + ভ্ + আ + ব্ + অ + ব্ + ই + র্ + উ + দ্ + ধ্ + অ। বি. দ্র.: র্ + উ = রু।

স্বভাব-সিদ্ধ : প্রকৃতিগত। বিণ। তৎসম। স্বভাব [স্ব+ভূ+অ] + সিদ্ধ [সিধ্ + ত]। ৬।১ স্বভাব দ্বারা সিদ্ধ = করণতৎ। ৩।৩ বি. দ্র.: স্ + ব্ + অ + ভ্ + আ + ব্ + অ + স্ + ই + দ্ + ধ্ + অ। বি. দ্র.: দ্ + ধ্ + অ = দ্ধ।

স্বভাব-সুলভ : প্রকৃতিগত। বিণ। তৎসম। স্বভাব [স্ব+ভূ+অ] + সুলভ [সু + লভ্ +অ]। ৬।১ স্বভাবে সুলভ = অধিকরণতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + ভ্ + আ + ব্ + অ + স্ + উ + ল্ + অ + ভ্ + অ।

স্বভাবোক্তি : কোনও বিষয়ের যথাযথ বর্ণনা। বি। তৎসম। স্বভাব [স্ব+ভূ+অ] + উক্তি [বচ্ + তি]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [বো]। ২।৫।ক স্বভাব বর্ণিত উক্তি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + ব্ + অ + ভ্ + আ + ব্ + ও + ক + ত্ + ই। বি. দ্র.: ব্ + ও = বো, ক্ + ত্ + ই = ক্তি।

স্বমত : নিজের মত। বি। তৎসম। স্ব + মত [মন্ + ত]। ৬।১ স্ব-র মত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + ম্ + অ + ত্ + অ।

স্বয়ং : নিজে। অব্য। তৎসম। সু + ই + অম্, অথবা, সু + অয়্ + অম্। ৬।১ [সন্ধি] উ + অ = ব [স্ব]। ২।৮।ক বানান: স্ + ব্ + অ + য়্ + অ + ং।

স্বয়ংকৃত : নিজের দ্বারা কৃত, স্বকৃত, নিজেই প্রকাশিত। বিণ। তৎসম। স্বয়ং [সু + অয়্ + অম্] + কৃত [কৃ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + কৃ = ংকৃ। ২।২৮ স্বয়ং কৃত = সুপ্‌সুপা। বানান: স্ + ব্ + অ + য়্ + অ + ং + ক্ + ঋ + ত্ + অ।

স্বয়ংপ্রধান : যে নিজেকে প্রধান বলে জাহির করে। বিণ। তৎসম। স্বয়ং [সু + অয় + অম্] + প্রধান [প্র + ধা + অন। ৬।১ [সন্ধি] ম্ + প্র = ংপ্র। স্বয়ং প্রধান = সুপ্‌সুপা। বানান: স্ + ব্ + অ + য়্ + অ + ং + প্ + র্ + অ + ধ্ + আ + ন্ + অ। বি. দ্র.: প্ + র্ + অ = প্র।

স্বয়ংপ্রভ : নিজের জ্যোতিতে দীপ্তিশীল। বিণ। তৎসম। স্বয়ং [সু + অয়্ + অম্] + প্রভ [প্র

+ ভা + অ]। ৬।১ [সন্ধি] ম্ + প্র = ংপ্র। ২।২৮ স্বয়ং প্রভ = সুপ্‌সুপা। বানান: স্ + ব্ + অ + য়্ + অ + ং + প্ + র্ + অ + ভ্ + অ। বি. দ্র.: স্ + ব্ + অ = স্ব, প্ + র্ + অ = প্র।

স্বয়ংপ্রভা: নিজের জ্যোতিতে দীপ্তিশীলা। বি। তৎসম। স্বয়ং [সু + অয়্ + অম্] + প্রভা [প্র + ভা + অ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক [সন্ধি] ম্ + প্র = ংপ্র। ২।২৮ স্বয়ং প্রভা = সুপসুপা। বানান: স্ + ব্ + অ + য্ + অ + ং + প্ + র্ + অ + ভ্ + আ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব, প্ + র্ + অ = প্র।

স্বয়ংবর, স্বয়ম্বর [অশুদ্ধ]: স্বয়ং কন্যা কর্তৃক পতি-নির্বাচন। বি। তৎসম। স্বয়ং [স্ব + অয়্ + অম্] + বর [বৃ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ব = ংব। ২।২৮ স্বয়ং বর = সুপ্‌সুপা। বানান: স্ + ব্ + অ + য়্ + অ + ং + ব্ + অ + র্ + অ।

স্বয়ংবরা, স্বয়ংম্বরা [অশুদ্ধ]: স্বয়ংপতি নির্বাচন-কারিণী কন্যা। বি, বিণ। তৎসম। স্বয়ংবর ['স্বয়ংবর' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: স্ + ব্ + অ + য়্ + অ + ং + ব্ + অ + র্ + আ।

স্বয়ংসিদ্ধ: স্বীয় চেষ্টাদ্বারা সিদ্ধিলাভকারী। বিণ। তৎসম। স্বয়ং [সু + অয়্ + অম্] + সিদ্ধ [সিধ্ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + সি = ংসি। ২।২৮ স্বয়ং সিদ্ধ = সুপ্‌সুপা। বানান: স্ + ব্ + অ + য়্ + ং + স্ + ই + দ্ + ধ্ + অ।

স্বয়ম্ভর: স্বয়ংসম্পূর্ণ। বিণ। তৎসম। স্বয়ম্ [স্ব + অয়্ + অম্] + ভর [ভৃ (পালন করা) + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ভ = ম্ভ। ২।২৮ স্বয়ং [নিজেকে] ভরণ করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + য্ + অ + ম্ + ভ্ + অ + র্ + অ। বি.দ্র.: ম্ + ভ = ম্ভ।

স্বয়ম্ভু, স্বয়ম্ভূ: স্বয়ংসৃষ্ট। বিণ। তৎসম। স্বয়ম্ [সু + অয়্ + অম্] + ভু, ভূ [ভূ + উ, ভূ + ক্বিপ্]। ৬।১ [সন্ধি] ম্ + ভু, ভূ = ম্ভু, ম্ভূ। ২।২৮ স্বয়ম ভূ = সুপ্‌সুপা। বানান: স্ + ব্ + অ + য়্ + অ + ম্ + ভ্ + উ, ঊ। বি.দ্র: ম্ + ভ্ + উ = ম্ভু, ভ্ + ঊ = ভূ।

স্বয়ম্ভুব: প্রথম মনু। বি। তৎসম। স্বয়ম্ + ভুব [ভূ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + ভু = ম্ভু। ২।২৮। বানান: স্ + ব্ + অ + য্ + অ + ম্ + ভ্ + উ + ব্ + অ। বি.দ্র: ম্ + ভ্ + উ = ম্ভু।

স্বর: কণ্ঠধ্বনি। বি। তৎসম। স্বৃ [শব্দ করা] অ। ৬।১ বানান: স্ + ব্ + অ + র্ + অ। বি.দ্র: স্ + ব্ + অ = স্ব।

স্বরগ্রাম: সুরসপ্তক বি। তৎসম। স্বব [স্বৃ (শব্দ করা) + অ] + গ্রাম [গ্রাম্ + অ]। ৬।১ স্বরের গ্রাম [সমূহ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + র্ + অ + গ্ + র্ + আ + ম্ + অ। বি.দ্র.: স্ + ব্ + অ = স্ব, গ্ + র্ + আ = গ্রা।

স্বরচিত: নিজের রচিত [সং. স্ব + রচিত]। বিণ। তৎসম। স্ব + রচিত [রচ্ + ত]। ৬।১ স্ব-র দ্বারা রচিত = করণতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + র্ + অ + চ্ + ই + ত্ + অ।

স্বরবর্ণ: স্বয়ং-উচ্চারিত বর্ণ। বি। তৎসম। স্বর [স্বৃ (শব্দ করা) + অ] + বর্ণ [বর্ণ্ + অ]। ৬।১ স্বর রূপবর্ণ = রূপক-কর্মধা। বানান: স্ + ব্ + অ + র্ + অ + ব্ + অ + র্ + ণ্ + অ। বি.দ্র: 'র'-এর পর 'ন' হয়েছে। ৪।১।খ

স্বরভক্তি: বিপ্রকর্ষ। বি। তৎসম। স্বর [স্বৃ (শব্দ করা) + অ] + ভক্তি [ভজ্ + তি]। ৬।১ স্বরের দ্বারা ভক্তি [ভাগ] = করণতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + র্ + অ + ভ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র: ক্+ত্+ই= ক্তি।

স্বরভঙ্গ : কণ্ঠস্বরের বিকৃতি বি। তৎসম। স্বর [স্বৃ (শব্দ করা) + অ]। ভঙ্গ [ভন্জ্ + অ]। ৬।১ স্বরের ভঙ্গ = সম্বন্ধতৎ। ৩।৫ বানান: স্ + ব্ + অ + র্ + অ + ভ্ + অ + ঙ্ + গ্ + অ। বি.দ্র: ঙ্ + গ্ + অ = ঙ্গ।

স্বরলহরী : সুরের ঢেউ। বি। তৎসম। স্বর [স্বৃ (শব্দ করা) + অ] + লহরী [লহর + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।গ স্বরের লহরী = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + র্ + অ + ল্ + অ + হ্ + অ + র্ + ঈ।

স্বরলিপি : গানের সুর তাল প্রভৃতির সাঙ্কেতিক লিপি বি। তৎসম। স্বর [স্বৃ (শব্দ করা) + অ] + লিপি [লিপ্ + ই]। ৬।১ স্বরের [সুরের] লিপি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + র্ + অ + ল্ + ই + প্ + ই।

স্বর-সঙ্গতি : শব্দের মধ্যে আগের বা পূর্বের স্বরধ্বনির পরিবর্তন, ঐকতান। বি। তৎসম। স্বর [স্বৃ (শব্দ করা) + অ] + সঙ্গতি [সম্ + গতি (গম্ + তি)]। ৬।১ [সন্ধি] ম্ + গ = ঙ্গ। ২।২৮ স্বরের সঙ্গতি [সামঞ্জস্য বিধান] = সম্বন্ধতৎ ৩।৩ বানান: স্ + ব্ + অ + র্ + অ + স্ + অ + ঙ্ + গ্ + অ + ত্ + ই। বি.দ্র: ঙ্ + গ = ঙ্গ।

স্বরসন্ধি : স্বরবর্ণের সঙ্গে স্বরবর্ণের মিলন। বি। তৎসম। স্বর [স্বৃ (শব্দ করা) + অ] + সন্ধি [সম্ + ধা + ই]। ৬।১ স্বরের [স্বরবর্ণের] সন্ধি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + র্ + অ + স্ + অ + ন্ + ধ্ + ই। বি.দ্র: ন্ + ধ্ + ই = ন্ধি।

স্বরাজ : স্বায়ত্তশাসন। বি। তৎসম। স্ব + রাজ [শাসন-ব্যবস্থা]। স্ব-র দ্বারা পরিচালিত রাজ বা শাসন-ব্যবস্থা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + ব্ + অ + র্ + আ + জ্ + অ।

স্বরাজ্য : নিজেদের দ্বারা শাসিত স্বাধীন রাজ্য। বি। তৎসম। স্ব + রাজ্য [রাজন্ + য]। ৬।২ স্ব-র [নিজেদের] দ্বারা পরিচালিত রাজ্য = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: স্ + ব্ + অ + র্ + আ + জ্ + য্ + অ। বি.দ্র: জ্ + য্ + অ = জ্য।

স্বরাট্ : স্বয়ংদীপ্ত ঈশ্বর। বি। তৎসম। স্ব + রাজ্ [ট্ = জ্] + ক্বিপ্। ৬।১ স্ব [স্বয়ং] রাজ্ [দীপ্তি প্রকাশ] করেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: স্ + ব্ + অ + র্ + আ + ট্।

স্বরান্ত : স্বরধ্বনিযুক্ত। বিণ। তৎসম। স্বর [স্বৃ + অ] + অন্ত। ৬।২ স্বর অন্তে যার = বহুব্রী। ৩।৫ বানান: স্ + ব্ + অ + র্ + আ + ন্ + ত্ + অ। বি.দ্র: ন্ + ত্ + অ = ন্ত।

হবিষ্যান্ন। বানান: হ্ + অ + ব্ + ই + ষ্ + য্ + আ + ন্ + ন্ + অ। বি.দ্র.: ষ্ + য্ + আ= ষ্যা, ন্ + ন্ + অ= ন্ন।

হবিষ্যাশী: হবিষ্যান্নভোজী। বিণ। তৎসম। হবিষ্য ['হবিষ্য' দ্রষ্টব্য] + আশী [অশ্ (খাওয়া) + ইন্ (ঈ)]। ৬।১ হবিষ্য ভোজন করে যে= উপপদতৎ। ৩।৩ বানান: হ্ + অ + ব্ + ই + ষ্ + য্ + আ + শ্ + ঈ। বি.দ্র.: ষ্ + য্ + আ= ষ্যা, শ্ + ঈ= শী।

হবু: ভাবী। বিণ। তদ্ভব। হব [< হইব [হ + ইব] + উ। ৬।৩ বানান: হ্ + অ + ব্ + উ।

হব্য: হোমের যোগ্য। বি। তৎসম। হু [হোম বা আহুতি করা] + য [যৎ]। ৬।১ বানান: হ্ + অ + ব্ + য্ + অ। বি.দ্র.: ব্ + য্ + অ= ব্য।

হযবরল: বিশৃঙ্খল। বিণ। তদ্ভব। বর্ণানুক্রমিকভাবে হওয়া উচিত: য, র, ল, ব, হ। কিন্তু সেই বর্ণানুক্রম ভেঙে হয়েছে: হ, য, ব, র, ল।

হয়: ঘোড়া। বি। তৎসম। হয়্ + অ। ৬।১ বানান: হ্ + অ + য্ + অ।

হয়: নিত্য বর্তমানের প্রথম পুরুষের রূপ। ক্রি। তদ্ভব। হ + য় < প্রা. হোঅ।

হয়গ্রীব: ঘোড়ার মতো গ্রীবাযুক্ত, বিষ্ণুর হাতে নিহত অশ্বগ্রীবাযুক্ত অসুর। বিণ, বি। তৎসম। হয় [হয়্ + অ] + গ্রীবা [গৃ + ব + আ]। ৬।১ হয়ের [অশ্বের] মতো গ্রীবা যার= বহুব্রী। [হয়গ্রীব]। ৩।৫ বানান: হ্ + অ + য্ + অ + গ্ + র্ + ঈ + ব্ + অ। বি.দ্র.: গ্ + র্ + ঈ= গ্রী।

হয়ত, হয়তো: সম্ভবতঃ। অব্য। তদ্ভব। হয় [নিত্য বর্তমানের প্রথম পুরুষের রূপ] + অব্যয়: ত > তো। বানান: হ্ + অ + য্ + অ + ত্ + অ, ও।

হয়রান: নাকাল। বিণ। বিদেশী< আ. হয়রান্। বাংলা বানান: হ্ + অ + য্ + র্ + আ + ন্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'য়' ও শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

হয়রানি: হয়রান হওয়ার ভাব। বি। বিদেশী। < আ. হয়রান্ + বাং. ই। ৬।৪ বাংলা বানান: হ্ + অ + য্ + র্ + আ + ন্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'য়' হসন্ত-বর্জিত।

হয়-হয়: সংঘটন আসন্ন। বিণ। তদ্ভব। হয় + হয় [নিত্য বর্তমানের প্রথম পুরুষের রূপ]। হয় [হ + য়] < প্রা. হোঅ।

হর: শিব, হরণকারী, অপনোদক। বি। তৎসম। হৃ + অ। ৬।১ বানান: হ + অ + র্ + অ।

হর: প্রত্যেক। বিণ। বিদেশী। < ফা. হর্। বানান: হ + অ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হরকরা: ডাকপিয়ন। বি। বিদেশী। < ফা. হরকারা। বাংলা বানান: হ্ + অ + র্ + ক্ + অ + র্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' হসন্ত-বর্জিত।

হরগৌরী: শিবদুর্গা। বি। তৎসম। হর [হৃ + অ] + গৌরী [গিরি + অ + ঈ (স্ত্রী)। ৬।১, ৬।২, ৭।১।গ হর ও গৌরী= দ্বন্দ্ব। ৩।৪ বানান: হ্ + অ + র্ + অ + গ্ + ঔ + র্ + ঈ। বি.দ্র.: গ্ + ঔ= গৌ, র্ + ঈ= রী।

হরঘড়ি: অনবরত। ক্রি-বিণ। মিশ্র [বিদেশী + তদ্ভব] হর [ফা] + ঘড়ি [< সং. ঘটী]। ঘড়ি ঘড়ি [ঘণ্টায় ঘণ্টায়]= অব্যয়ীভাব। ৩।১ বানান: হ্ + অ + র্ + ঘ্ + অ + ড়্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' হসন্ত-বর্জিত।

হরণ: চুরি। বি। তৎসম। হৃ + অন। ৬।১ বানান: হ্ + অ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

হরণ-পূরণ: যোগ-বিয়োগ, গুণ-ভাগ। বি। তৎসম। হরণ [হৃ + অন] + পূরণ [পূর্ + অন]। ৬।১ হরণ [বিয়োগ বা ভাগ] ও পূরণ

[যোগ বা গুণ]= দ্বন্দ্ব। ৩।৪ বানান: হ্ + অ + র্ + অ + ণ্ + অ + প্ + উ + র্ + অ + ণ + অ। বি.দ্র.: প্ + উ= পু। 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

হরতন: খেলার তাসের রঙ। বি। বিদেশী। < ওলন্দাজ harten. বাংলা বানান: হ্ + অ + র্ + ত্ + অ + ন্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' ও শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

হরতাল: ধর্মঘট। বি। বিদেশী। < গুজরাটী. হরতাল। বাংলা বানান: হ্ + অ + র্ + ত্ + আ + ল্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' ও শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হরদম: অনবরত: ক্রি-বিণ। বিদেশী। হর [ফা] + দম [ফা.]। দম [নিশ্বাস] দম [নিশ্বাস]= অব্যয়ীভাব। ৩।১ বানান: হ্ + অ + র্ + দ্ + অ + ম্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' ও শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

হরপ, হরফ: অক্ষর। বি। বিদেশী। < আ. হর্ফ। বাংলা বানান: হ্ + অ + র্ + অ + প্, + ফ্ + অ।

হরবোলা: নানা প্রকার বোলবোলা। বি। বিদেশী। হর [ফা.] + বোলা [হি. বোল + আ]। বানান: হ্ + অ + র্ + ব্ + ও + ল্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' হসন্ত-বর্জিত।

হররা: আনন্দে অতি উচ্চ কোলাহল। বি। দেশী। বানান: হ্ + অ + র্ + র্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র্' হসন্ত-বর্জিত।

হরষ: হর্ষ। বি। তদ্ভব। [কাব্যে]। হর্ষ [হৃষ্ + অ]= হ্ + অ + র্ [+অ] + ষ্ + অ। স্বরভক্তি'-র ফলে 'অ'—এই মধ্য-স্বরাগম। বি.দ্র.: 'র্'-এর পর 'ষ' হয়েছে। ৪।২।গ

হরষিত: হর্ষযুক্ত। বিণ। তদ্ভব। [কাব্যে] হরষ ['হরষ' দ্রষ্টব্য] + ইত। বানান: হ্ + অ + র্ + অ + ষ্ + ই + ত্ + অ। বি.দ্র.: 'র'-এর পর 'ষ' হয়েছে।

হরা: অপনোদনকারিণী। বিণ। তৎসম। হর [হৃ + অ] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: হ্ + অ + র্ + আ।

হরি: কৃষ্ণ। বি। তৎসম। হৃ + ই। ৬।১ বানান: হ্ + অ + র্ + ই।

হরিচন্দন: দেবতরু। বি। তৎসম। হরি [হৃ + ই] + চন্দন [চন্দ্ (আনন্দ দান করা) + আন]। ৬।১ হলুদরঙের সুগন্ধ চন্দন কাঠ। বানান: হ্ + অ + র্ + ই + চ্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ।

হরিজন: ভারতের অস্পৃশ্য হিন্দু-সম্প্রদায়। বি। তৎসম। হরি [হৃ + ই] + জন [জন্ + অ]। ৬।১ হরির জন= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: হ্ + অ + র্ + ই + জ্ + অ + ন্ + অ।

হরিণ: মৃগ। বি। তৎসম। হৃ + ইন্। ৬।১ বানান: হ্ + অ + র্ + ই + ণ্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

হরিণনয়না: হরিণের মতো সুন্দর চক্ষুযুক্তা। বিণ। তৎসম। হরিণ ['হরিণ' দ্রষ্টব্য] + নয়না [নী + অন + আ (স্ত্রী)]। ৬।১ হরিণের নয়নের মতো নয়ন যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: হ্ + অ + র্ + ই + ণ্ + অ + ন্ + অ + য্ + অ + ন্ + আ।

হরিণাক্ষী: হরিণের মত সুন্দর চক্ষুযুক্তা। বিণ। তৎসম। হরিণ ['হরিণ' দ্রষ্টব্য] + অক্ষি + ঈ [স্ত্রী]। ৬।২ [সন্ধি] অ + আ= আ [ণা]। ২।১।ক হরিণের অক্ষির মতো অক্ষি যার [স্ত্রী]= বহুব্রী। ৩।৫ বানান: হ্ + অ + র্ + ই + ণ্ + আ + ক্ + ষ্ + ঈ। বি.দ্র.: ক্ + ষ্ + ঈ= ক্ষী।

হরিণী: মৃগী। বি। তৎসম। হরিণ [হৃ + ইন] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান: হ্ + অ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে ই, থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

হরিৎ, হরিত : সবুজ রং। বি, বিণ। তৎসম। হৃ + ইৎ, ইত। ৬।১ বানান : হ্ + অ + র্ + ই + ৎ, ত্ + অ।

হরিতাশ্ম : মরকত মণি। বি। তৎসম। হরিত ['হরিত' দ্রষ্টব্য] + অশ্ম [অশ্ + মন]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [তা]। ২।১।ক হরিত [সবুজ রঙের] অশ্ম [মূল্যবান পাথর]= কর্মধা। ৩।২ বানান : হ্ + অ + র্ + ই + ত্ + আ + শ্ + ম্ + অ। বি.দ্র. : শ্ + ম্ + অ= শ্ম।

হরিদশ্ব : সূর্য। বি। তৎসম। হরিৎ ['হরিৎ' দ্রষ্টব্য] + অশ্ব [অশ্ + ব]। [সন্ধি] ৎ + অ= দ। ২।১৫ হরিৎ [সবুজ রঙের] অশ্ব যাঁর= বহুব্রী। ৩।৫ বানান : হ্ + অ + র্ + ই + দ্ + অ + শ্ + ব্ + অ।

হরিদ্বর্ণ : সবুজরঙের। বিণ। তৎসম। হরিৎ ['হরিৎ' দ্রষ্টব্য] + বর্ণ [বর্ণ্ + অ] ৬।১ [সন্ধি] ৎ + ব= দ্ব। ২।১৫ হরিৎ [সবুজ] বর্ণ যার= বহুব্রী। ৩।৫ বানান : হ্ + অ + র্ + ই + দ্ + ব্ + অ + র্ + ণ্ + অ। বি.দ্র. : দ্ + ব্ + অ= দ্ব, র্ + ণ্ + অ= র্ণ।

হরিদ্বার : গঙ্গাবতরণ-স্থান। বি। তৎসম। হরি [হৃ + ই] + দ্বার [দৃ (রোধ কবা) + ণিচ্ + অ]। ৬।১ হরির দ্বার= সম্বন্ধতৎ। ৩।৩ কিন্তু স্থানটির প্রকৃত নাম : হরদুয়ার।

হরিদ্রা : হলুদ। বি। তৎসম। হরি + দ্রু + অ + আ। ৬।১ বানান : হ্ + অ + র্ + ই + দ্ + র্ + আ। বি.দ্র. : দ্ + র্ + আ= দ্রা।

হরিবোল : সমবেত কণ্ঠে ও উচ্চৈঃস্বরে হরির নামোচ্চারণ। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। সং. হরি [হৃ + ই] + হি. বোল। বানান : হ্ + অ + র্ + ই + ব্ + ও + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হরিভক্তি : হরির প্রতি ভক্তি। বি। তৎসম। হরি [হৃ + ই] + ভক্তি [ভজ্ + তি]। ৬।১ হরিকে ভক্তি= কর্মতৎ। ৩।২ বানান : হ্ + অ + র্ + ই + ভ্ + অ + ক্ + ত্ + ই। বি.দ্র. : ক্ + ত্ + ই= ক্তি।

হরিমটর : অনশন। বি। মিশ্র। তৎসম। + বিদেশী]। সং. হরি [হৃ + ই] + হি. মটর। বানান : হ্ + অ + র্ + ই + ম্ + অ + ট্ + অ + র্। বি.দ্র. : শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হরিল্লোট : হরির লুট। বি। তদ্ভব। হরি [হৃ + অ] + লোট [লুঠ্ + অ]। ৬।১ হরির নামে লোট= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + অ + র্ + ই + ল্ + ল্ + ও + ট্। বি.দ্র. : র্ + ল্ + ও > ল্ + ল্ + ও= ল্লো। শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

হরিশ্চন্দ্র : সূর্যবংশীয় দানবীর রাজা। বি। তৎসম। হরি [হৃ + ই] + চন্দ্র [চন্দ্ (আনন্দ দান করা) + র]। [সন্ধি] হরি [শ্] + চন্দ্র [নিপাতনে]। বানান : হ্ + অ + র্ + ই + শ্ + চ্ + অ + ন্ + দ্ + র্ + অ। বি.দ্র. : শ্ + চ্ + অ= শ্চ, ন্ + দ্ + র্ + অ= ন্দ্র।

হরিয়াল : ঘুঘুজাতীয় হলুদ বা সবুজ রঙের পাখি। বি। তদ্ভব। < সং. হরিতাল। বানান : হ্ + অ + র্ + ই + য্ + আ + ল্।

হরিসভা : হরির মহিমা আলোচনার নিমিত্ত সভা। বি। তৎসম। হরি [হৃ + ই] + সভা [স (=সহ) + ভা + অ + আ]। ৬।১ হরির মহিমা আলোচনার্থ সভা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + অ + র্ + ই + স্ + অ + ভ্ + আ।

হরিহর : বিষ্ণু ও শিব। বি। তৎসম। হরি [হৃ + ই] + হর [হৃ + অ]। ৬।১ হরি ও হর= দ্বন্দ্ব। ৩।৪ বানান : হ্ + অ + র্ + ই + হ্ + অ + র্ + অ।

হরিহরাত্মা : একদেহ একপ্রাণ। বি, বিণ। তৎসম। হরি [হৃ + ই] + হর [হৃ + অ] + আত্মা [< আত্মন্] ৬।১ [সন্ধি] অ + আ= আ [রা]। ২।১।খ হরি ও হর= দ্বন্দ্ব, তাদের এক আত্মা= সম্বন্ধতৎ। ৩।৪, ৩।৩ বানান : হ্ + অ + র্ + ই + হ্ + অ + র্ + আ + ত্ + ম্ + আ। বি.দ্র. : ত্ + ম্ + আ= ত্মা।

হরীতকী : হর্তুকী। বি। তৎসম। হরি [হরিত= সবুজ রং] + ইত + ক + ঈ। ৬।১ [সন্ধি] ই + ই= ঈ [রী]। ২।২।ক বানান : হ্ + অ + র্ + ঈ + ত্ + অ + ক্ + ঈ। বি.দ্র. : র্ + ঈ= রী, ক্ + ঈ= কী।

হরেক : নানাপ্রকার। বিণ। মিশ্র [বিদেশী + তদ্ভব]। ফা. হর্ + তদ্ভব. এক। [সন্ধি] র্ + এ= রে।

হরেদরে : গড়পড়তা। ক্রি-বিণ। মিশ্র [বিদেশী + দেশী]। [ফা. হর্ + এ] + [দেশী. দর + এ]। বানান : হ্ + অ + র্ + এ + দ্ + অ + র্ + এ।

হর্তা : হরণকারী। বিণ। তৎসম। হৃ + তা [তৃ= তৃচ্]। বানান : হ্ + অ + র্ + ত্ + আ। বি.দ্র. : র্ + ত্ + আ= র্তা।

হর্তাকর্তা : সর্বময় কর্তা। বি। তৎসম। হর্তা [হৃ + তা + [(তৃ)] কর্তা [কৃ + তা [তৃ)] ৬।১ যিনি হর্তা, তিনিই কর্তা= কর্মধা। ৩।২ বানান : হ্ + অ + র্ + ত্ + আ + ক্ + অ + র্ + ত্ + আ। বি.দ্র. : র্ + ত্ + আ= র্তা।

হর্তা-কর্তা-বিধাতা : সর্বোচ্চ ক্ষমতাসম্পন্ন ব্যক্তি। বি। তৎসম। হর্তা [হৃ + তা] + কর্তা [কৃ + তা] + বিধাতা [বি + ধা + তা] ৬।১ যিনি হর্তা, তিনিই কর্তা, তিনিই বিধাতা= কর্মধা। ৩।২ বানান : হ্ + অ + র্ + ত্ + আ + ক্ + অ + র্ + ত্ + আ + ব্ + ই + ধ্ + আ + ত্ + আ। বি.দ্র. : র্ + ত্ + আ= র্তা।

হর্ম্য : প্রাসাদ। বি। তৎসম। হৃ + ['ম'-আগম] + য [যৎ]। ৬।১ বানান : হ্ + অ + র্ + ম্ + য্ + অ। বি.দ্র. : র্ + ম্ + য্ + অ= র্ম্য।

হর্যক্ষ : সিংহ। বি। তৎসম। হরি [হৃ + ই] + অক্ষি। [সন্ধি] ই + অ= য [র্য]। ২।৭।ক হরি [পিঙ্গল বর্ণ] অক্ষি যার= বহুব্রী ৩।৫ বানান : হ্ + অ + র্ + য্ + অ + ক্ + ষ্ + অ। বি.দ্র. : র্ + য্ + অ= র্য।

হর্ষ : পুলক। বি। তৎসম। হৃষ্ [পুলকিত হওয়া] + অ। ৬।১ বানান : হ্ + অ + র্ + ষ্ + অ। বি.দ্র. : 'র্'-এর পর 'ষ' হয়েছে। র্ + ষ্ + অ= র্ষ।

হর্ষোদয় : আনন্দের সঞ্চার। বি। তৎসম। হর্ষ [হৃষ [হৃষ্ (পুলকিত হওয়া) + অ] + উদয় [উৎ + ই + অ]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [র্ষো]। ২।৫।ক হর্ষের উদয় [উদ্রেক] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + অ + র্ + ষ্ + ও + দ্ + অ + য্ + অ। বি.দ্র. : র্ + ষ্ + ও= র্ষো।

হর্যশ্ব : ইন্দ্র। বি। তৎসম। হরি [হৃ + ই] + অশ্ব [অশ্ + ব]। ৬।১ [সন্ধি] ই + অ= য [র্য]। ২।৭।ক হরি [সবুজ রঙের] অশ্ব যাঁর [ইন্দ্র]= বহুব্রী। ৩।৫ বানান : হ্ + অ + র্ + য্ + অ + শ্ + ব্ + অ। বি.দ্র. : র্ + য্ + অ= র্য, শ্ + ব্ + অ= শ্ব।

হল : বড় ঘর। বি। বিদেশী। < ইং. hall. বাংলা বানান : হ্ + অ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হল : লাঙ্গল। বি। তৎসম। হল্ + অ। ৬।১ বানান : হ্ + অ + ল্ + অ।

হলকর্ষণ : লাঙ্গলদ্বারা জমি চাষ। বি। তৎসম। হল [হল্ + অ] + কর্ষণ। [কৃষ্ + অন]। ৬।১ হলের দ্বারা কর্ষণ [ভূমি]= করণতৎ। ৩।৩ বানান : হ্ + অ + ল্ + অ + ক্ + অ + র্ + ষ্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র্'

এর পর 'ষ' এবং 'ষ' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।২।গ, ৪।১।গ র্ + ষ্ + অ= র্ষ।

হলকা : উত্তপ্ত প্রবাহ। বি। বিদেশী। < আ. হল্ক বা হুল্কহ্] বাংলা বানান : হ্ + অ + ল্ + ক্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ল' হসন্ত-বর্জিত।

হলচালন, হলচালনা : লাঙ্গলদ্বারা জমিচাষ। বি। তৎসম। হল [হল্ + অ] + চালন, চালনা [চল্ + ণিচ্ + অন, + আ]। হলকে [লাঙ্গলকে] চালনা = কর্মতৎ। ৩।২ বানান : হ্ + অ + ল্ + অ + চ্ + আ + ল্ + অ + ন্ + অ, আ।

হলদে : হলুদরঙের। বিণ। তদ্ভব। হলুদ < প্রা. হলিদ্দা < সং. হরিদ্রা] + বাং. এ। ৬।৩ বানান : হ্ + অ + ল্ + দ্ + এ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ল' হসন্ত-বর্জিত।

হলধর : বলরাম। বি। তৎসম। হল [হল্ + অ] + ধর [ধৃ + অ]। ৬।১ হল ধারণ করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান : হ্ + অ + ল্ + অ + ধ্ + অ + র্ + অ।

হলপ, হলফ : সত্য কথনের অঙ্গীকার। বি। বিদেশী। < আ. হলফ্। বাংলা বানান : হ্ + অ + ল্ + অ + প্, ফ্। বি.দ্র. : শব্দান্তের প বা ফ হসন্ত-বর্জিত।

হলভৃৎ : বলরাম। বি। তৎসম। হল [হল্ + অ] + ভৃৎ [ভৃ + ক্বিপ্]। ৬।১ হল বহন করেন যিনি= উপপদতৎ। ৩।৩ বানান : হ্ + অ + ল্ + অ + ভ্ + ঋ + ৎ। বি.দ্র. : ভ্ + ঋ= ভৃ।

হলহল : অত্যন্ত আলগা বা ঢিলা হওয়ার ভাব। অব্য। দেশী। বানান : হ্ + অ + ল্ + হ্ + অ + ল্। বি.দ্র. : শব্দ-মধ্যের এবং শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হলহলে : অত্যন্ত ঢিলা বা আলগা। বিণ। দেশী। হলহল + বাং. এ। ৬।৩ বানান : হ্ + অ + ল্ + হ্ + অ + ল্ + এ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ল' হসন্ত-বর্জিত।

হলায়ুধ : বলরাম। বি। তৎসম। হল [হল্ + অ] + আয়ুধ [আ + যুধ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [লা]। ২।১।খ হল আয়ুধ [যুদ্ধাস্ত্র] যাঁর= বহুব্রী। ৩।৫ বানান : হ্ + অ + ল্ + আ + য্ + উ + ধ্ + অ।

হলাহল : সমুদ্র-মন্থনে উত্থিত পৌরাণিক তীব্র বিষ। বি। তৎসম। হল [হল্ + অ] + আহল [আ + হল্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [লা]। ২।১।খ হলের মতো [প্রাণ] বিদারক= উপমান-কর্মধা। ৩।২ বানান : হ্ + অ + ল্ + আ + হ্ + অ + ল্ + অ।

হলী : বলরাম। বি। তৎসম। হল [হল্ + অ] + ইন্ [ঈ]। ৬।১, ৬।২ হল আছে যাঁর। বানান : হ্ + অ + ল্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

হলুদ : হরিদ্রা। বি, বিণ। তদ্ভব। < প্রা. হলিদ্দ < সং. হরিদ্রা। বানান : হ্ + অ + ল্ + উ + দ্। বি.দ্র. : শব্দান্তের 'দ' হসন্ত-বর্জিত।

হল্লা : গোলমাল, পুলিসের তাড়া। বি। বিদেশী। < হি. হল্লা। বাংলা বানান : হ্ + অ + ল্ + ল্ + আ। বি.দ্র. : ল্ + ল্ + আ= ল্লা।

হসন : হাসি। বি। তৎসম। হস্ + অন। বানান : হ্ + অ + স্ + অ + ন্ + অ।

হসন্ত, হাসন্ত : ব্যঞ্জনান্ত। বিণ। তৎসম। হস্ + অন্ত। [সন্ধি] স্ + অ= স। বানান : হ্ + অ + স্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + অ= ন্ত।

হসন্তিকা, হসন্তী : অগ্নিপাত্র। বি। তৎসম। হস্ + অৎ [শতৃ] + ঈ [স্ত্রী], + ইক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ, ৭।১।ক বানান : হ্ + অ + স্ + অ + ন্ + ত্ + ই + ক্ + আ, হ্ + অ + স্ + অ + ন্ + ত্ + ঈ। বি.দ্র. : ন্ + ত্ + ই= ন্তি, ন্ + ত্ + ঈ= ন্তী।

হসিত : হাসিযুক্ত। বিণ। তৎসম। হস্ + ত। ৬।১ বানান : হ্ + অ + স্ + ই + ত্ + অ।

হস্ত : হাত। বি। তৎসম। হস্ত + অ। ৬।১ বানান : হ্ + অ + স্ + ত্ + অ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত।

হস্তকৌশল : হাত-সাফাই। বি। তৎসম। হস্ত + কৌশল [কুশল + অ]। ৬।২ হস্তের কৌশল= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + অ + স্ + ত্ + অ + ক্ + ঔ + শ্ + অ + ল্ + অ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত, ক্ + ঔ= কৌ।

হস্তক্ষেপ : অন্যের কাজে বাধাদান। বি। তৎসম। হস্ত + ক্ষেপ [ক্ষিপ্ + অ]। ৬।১ হস্তের ক্ষেপ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + অ + স্ + ত্ + অ + ক + ষ্ + এ + প্ + অ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত, ক্ + ষ্ + এ= ক্ষে।

হস্তগত : করায়ত্ত। বিণ। তৎসম। হস্ত + গত [গম্ + ত]। ৬।১ হস্তকে গত= কর্মতৎ। ৩।৩ বানান : হ্ + অ + স্ + ত্ + অ + গ্ + অ + ত্ + অ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত।

হস্তচ্যুত : হাতছাড়া। বিণ। তৎসম। হস্ত + চ্যুত [চ্যু + ত]। ৬।১ হস্ত থেকে চ্যুত= অপাদানতৎ। ৩।৩ বানান : হ্ + অ + স্ + ত্ + অ + চ্ + য্ + উ + ত্ + অ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত, চ্ + য্ + উ= চ্যু।

হস্তধারণ : হাতধরা। বি। তৎসম। হস্ত + ধারণ [ধৃ + অন]। ৬।১ হস্তকে ধারণ= কর্মতৎ। ৩।৩ বানান : হ্ + অ + স্ + ত্ + অ + ধ্ + আ + র্ + অ + ণ্ + অ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত, 'র্' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ

হস্তরেখা : করতলের রেখা। বি। তৎসম। হস্ত + রেখা [লিখ্ (ল্= র্) + অ + আ]। ৬।১ হস্তের রেখা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + অ + স্ + ত্ + অ + র্ + এ + খ্ + আ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত।

হস্তলিখিত : হাতে-লেখা। বিণ। তৎসম। হস্ত + লিখিত [লিখ্ + ত]। ৬।১ হস্তের দ্বারা লিখিত= করণতৎ। ৩।৩ বানান : হ্ + অ + স্ + ত্ + অ + ল্ + ই + খ্ + ই + ত্ + অ। বি.দ্র. : স্ + ত্ + অ= স্ত।

হস্তলিপি : হাতের লেখা। বি। তৎসম। হস্ত + লিপি [লিপ্ + ই]। ৬।১ হস্তের দ্বারা লিখিত লিপি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + অ + স্ + ত্ + অ + ল্ + ই + প্ + ই।

হস্তাক্ষর : হাতের লেখার ছাঁদ। বি। তৎসম। হস্ত + অক্ষর [ন + ক্ষর্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [স্তা]। ২।১।ক হস্তের দ্বারা লিখিত অক্ষর= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + অ + স্ + ত্ + আ + ক্ + ষ্ + অ + র্ + অ। বি.দ্র. : স্ + ত্ + আ= স্তা, ক্ + ষ্ + অ= ক্ষ।

হস্তান্তর : হাত-বদল। বি। তৎসম। হস্ত + অন্তর [অন্ত + রা + অ]। ৬।১ [সন্ধি] অ + অ= আ [স্তা]। ২।১।ক অন্য হাত= নিত্যসমাস। বানান : হ্ + অ + স্ + ত্ + আ + ন্ + ত্ + অ + র্ + অ। বি.দ্র. : স্ + ত্ + আ= স্তা, ন্ + ত্ + অ= ন্ত।

হস্তান্তরিত : অন্যের অধিকারে গত। বিণ। তৎসম। হস্তান্তর ['হস্তান্তর' দ্রষ্টব্য] + ইত। ৬।২ বানান : হ্ + অ + স্ + ত্ + আ + ন্ + ত্ + অ + র্ + ই + ত্ + অ। বি.দ্র. : স্ + ত্ + আ= স্তা, ন্ + ত্ + অ= ন্ত।

হস্তামলক : হাতের আমলকী, সম্পূর্ণ আয়ত্ত বস্তু। বি। তৎসম। হস্ত + আমলক [আমলকী] [সন্ধি] অ + আ= আ [স্তা]। ২।১।খ হস্তের আমলক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + অ + স্ + ত্ + আ + ম্ + অ + ল্ + অ + ক্ + অ। বি.দ্র. : স্ + ত্ + আ= স্তা।

হস্তার্পণ : হস্তক্ষেপ। বি। তৎসম। হস্ত + অর্পণ [অর্পি + অন]। ৬।১ [সন্ধি] অর্পণ= সম্বন্ধতৎ।

৩।৩ বানান : হ্ + অ + স্ + ত্ + আ + র্ + প্ + অ + ণ্ + অ। বি.দ্র. : 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ণ' হয়েছে। ৪।১।গ

হস্তিদন্ত : হাতির দাঁত। বি। তৎসম। হস্তী [হস্ত + ইন্ (ঈ)] + দন্ত [দম্ + ত]। ৬।১ হস্তীর দন্ত= সম্বন্ধতৎ। ৩।৩ সমাসবদ্ধ হওয়ায় 'ইন্'-প্রত্যয়ের 'ই'-র প্রত্যাবর্তন ঘটেছে। বানান : হ্ + অ + স্ + ত্ + ই + দ্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র. : স্ + ত্ + ই= স্তি, ন্ + ত্ + অ= ন্ত।

হস্তিনাপুর : কৌরবদের রাজধানী। বি। তৎসম। < সং. হস্তিনাগপুর। বানান : হ্ + অ + স্ + ত্ + ই + ন্ + আ + প্ + উ + র্ + অ। বি.দ্র. : স্ + ত্ + ই= স্তি।

হস্তিনী : মাদিহাতি। বি। তৎসম। হস্তী [হস্ত + ইন্ (ঈ)] + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান : হ্ + অ + স্ + ত্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : স্ + ত্ + ই= স্তি, ন্ + ঈ= নী। শব্দটি 'ইন্' + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই' পরে 'ঈ'।

হস্তিমদ : মদমত্ত হস্তীর গণ্ডদেশ ও শুণ্ড ইত্যাদি থেকে ক্ষরিত রস। বি। তৎসম। হস্তী [হস্ত + ইন্ (ঈ)] + মদ [মদ্ + অ] ৬।২, ৬।১ হস্তির মদ [গণ্ড ও শুণ্ড থেকে ক্ষরিত রস]= সম্বন্ধতৎ। ৩।৩ সমাসবদ্ধ হওয়ায় 'ইন্'-প্রত্যয়ের 'ই'-র প্রত্যাবর্তন ঘটেছে। বানান : হ্ + অ + স্ + ত্ + ই + ম্ + অ + দ্ + অ।

হস্তিমূর্খ : আকাট মূর্খ। বিণ। তৎসম। হস্তী [হস্ত + ইন্ (ঈ)] + মূর্খ [মুহ্ (জ্ঞানের অভাব থাকা] + খ। ৬।২, ৬।১ হস্তীর মতো [বিশাল] মূর্খ= উপমিত-কর্মধা। ৩।২ সমাসবদ্ধ হওয়ায় 'ইন্'-প্রত্যয়ের 'ই'-র প্রত্যাবর্তন ঘটেছে। বানান : হ্ + অ + স্ + ত্ + ই + ম্ + ঊ + র্ + খ্ + অ। বি.দ্র. : স্ + ত্ + ই= স্তি, ম্ + ঊ= মূ।

হস্তিশালা : পিলখানা। বি। তৎসম। হস্তী [হস্ত + ইন্ (ঈ)] + শালা [শাল্ + অ + আ]। ৬।২, ৬।১ হস্তীর শালা [থাকার স্থান]= সম্বন্ধতৎ। ৩।৩ সমাসবদ্ধ হওয়ায় 'ইন্'-প্রত্যয়ের 'ই'-র প্রত্যাবর্তন ঘটেছে। বানান : হ্ + অ + স্ + ত্ + ই + শ্ + আ + ল্ + আ।

হস্তী : হাতি। বি। তৎসম। হস্ত + ইন্ [ঈ]। ৬।২ বানান : হ্ + অ + স্ + ত্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

হস্ত্যারোহী : হস্তিপৃষ্ঠে আরূঢ়। বিণ। তৎসম। হস্তী [হস্ত + ইন্ (ঈ)] + আরোহী [আ + রুহ্ + ইন্ (ঈ)]। ৬।২, ৬।১ [সন্ধি] ঈ + আ= যা [স্ত্যা]। ২।৭ হস্তীতে আরোহণ করেছে যে= উপপদতৎ। ৩।৩ বানান : হ্ + অ + স্ + ত্ + য্ + আ + র্ + ও + হ্ + ঈ। বি.দ্র. : স্ + ত্ + য্ + আ= স্ত্যা। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

হা : হায়। অব্য। তৎসম। বানান : হ্ + আ।

হাই : আলস্য বা নিদ্রাবেশের কারণে মুখব্যাদান। বি। তদ্ভব। < সং. হাফিকা। বানান : হ্ + আ + ই।

হাইকোর্ট : রাজ্যের সর্বোচ্চ আদালত। বি। বিদেশী। < ইং. high-court বাংলা বানান : হ্ + আ + ই + ক্ + ও + র্ + ট্। বি.দ্র. : শব্দান্তের 'ট্' হসন্ত-বর্জিত।

হাইড্রোজেন : উদজান। বি। বিদেশী। < ইং. hydrogen. বাংলা বানান : হ্ + আ + ই + ড্ + র্ + ও + জ্ + এ + ন্। বি.দ্র. : ড্ + র্ + ও= ড্রো। শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

হাইফেন : সমাস-বোধক যতিচিহ্ন। বি। বিদেশী। < ইং. hyphen. বাংলা বানান : হ্ + আ + ই + ফ্ + এ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

হাইবেঞ্চ : বেঞ্চ-এর মতো লম্বা টেবিল। বি। বিদেশী। < ইং. high bench. বাংলা বানান :

হ্ + আ + ই + ব্ + এ + ঞ্ + চ্। বি.দ্র.: ঞ্ + চ= ঞ্চ। শব্দান্তের 'ঞ্চ' হসন্ত-বর্জিত।

হাইস্কুল: উচ্চ [মাধ্যমিক] বিদ্যালয়। বি। বিদেশী। < ইং. High School. বাংলা বানান: হ্ + আ + ই + স্ + ক্ + উ + ল্। বি.দ্র.: স্ + ক্ + উ= স্কু। শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হাউই: আকাশগামী আতশবাজি। বি। বিদেশী। < ফা. হওয়াঈ। বাংলা বানান: হ্ + আ + উ + ই।

হাউমাউ: ক্রন্দন রোল। অব্য। দেশী। বানান: হ্ + আ + উ + ম্ + আ + উ।

হাউমাউখাউ: প্রাণিগ্রাসের জন্য রূপকথার ক্ষুধার্ত রাক্ষস-রাক্ষসীর গর্জন। অব্য। দেশী। বানান: হ্ + আ + উ + ম্ + আ + উ + খ্ + আ + উ।

হাউস-সার্জন: সন্নিযুক্ত শল্য-চিকিৎসক। বি। বিদেশী। < ইং. House Surgeon. বাংলা বানান: হ্ + আ + উ + স্ + স্ + আ + র্ + জ্ + অ + ন্। বি.দ্র.: র্ + জ্ + অ= র্জ, শব্দ-মধ্যের 'স' ও শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

হাওড়, হাওর: বিল। বি। দেশী। বানান: হ্ + আ + ও + ড় [র্]। বি.দ্র.: শব্দান্তের 'ড়', 'র' হসন্ত-বর্জিত।

হাওদা: হাতির পিঠে বসার আসন। বি। বিদেশী। < আ. হওয়দহ্। বাংলা বানান: হ্ + আ + ও + দ্ + আ।

হাওয়া: বাতাস। বি। বিদেশী। < আ. হওয়া। বাংলা বানান: হ্ + আ + ও + য় + আ।

হাওয়াগাড়ি: মোটরগাড়ি। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। বিদেশী [হাওয়া < আ. হওয়া] + তদ্ভব [গাড়ি < সং. গন্ত্রী]। বানান: হ্ + আ + ও + য় + আ + গ্ + আ + ড় + ই।

হাওলা: জিম্মা। বি। বিদেশী। < আ. হওয়ালা। বাংলা বানান: হ্ + আ + ও + ল্ + আ।

হাওলাজমি: শর্তাধীনে প্রদত্ত নিষ্কর জমি। বি। বিদেশী। আ. হাওলা [< হওয়ালা] + ফা. জমি [< জমীন্]। বাংলা বানান: হ্ + আ + ও + ল্ + আ + জ্ + অ + ম্ + ই।

হাওলাত, হাওলাৎ: ঋণ। বি। বিদেশী। < আ. হয়াহ্। বাংলা বানান: হ্ + আ + ও + ল্ + আ + ত্ [ৎ]। বি.দ্র.: শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

হাওলাতি, হাওলাতী: ঋণরূপে গৃহীত। বিণ। বিদেশী। হাওলাত + বাং ই, ঈ। ৬১৩ বানান: হ্ + আ + ও + ল্ + আ + ত্ + ই, ঈ।

হাওলাদার: হাওলা জমির ভোগকারী। বি। বিদেশী। আ. হাওলা ['হাওলা' দ্রষ্টব্য] + ফা. দার। ৬১৪ বাংলা বানান: হ্ + আ + ও + ল্ + আ + দ্ + আ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হাঁ: মুখব্যাদান। বি। দেশী। বানান: হ্ঁ + আ।

হাঁই-হুঁই, হাঁক: উচ্চকণ্ঠে ডাক, হুঙ্কার। বি। তদ্ভব। < সং. হুঙ্কার। বানান: হ্ঁ + আ + ই + হ্ঁ + উ + ই, হ্ঁ + আ + ক্। বি.দ্র.: শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত। হ্ঁ + উ = হুঁ।

হাঁকডাক: সশব্দ আস্ফালন। বি। মিশ্র [তদ্ভব + দেশী] তদ্ভব. হাঁক [< সং. হুঙ্কার] + দেশী. ডাক। বানান: হ্ঁ + আ + ক্ + ড্ + আ + ক্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ক' এবং শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত।

হাঁকড়া: হাঁকড়ান। ক্রি। দেশী। বানান: হ্ঁ + আ + ক্ + ড় + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ক' হসন্ত-বর্জিত।

হাঁকড়ান, হাঁকড়ানো: সদর্পে চালনা। ক্রি। দেশী। বানান: হ্ঁ + আ + ক্ + ড় + আ + ন্ + অ, ও। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ক' হসন্ত-বর্জিত।

হাঁকপাঁক: অতি ব্যস্ততা বা আগ্রহ-দ্যোতক

ধ্বন্যাত্মক শব্দ। বি। তদ্ভব। হাঁক [< সং. হুঙ্কার] + পাঁক [সহচর শব্দ] বানান: হ্ঁ + আ + ক্ + প্ঁ + আ + ক্। বি.দ্র.: শব্দ-মধ্যের এবং শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত।

হাঁকা: ঘোষণা করা। ক্রি। তদ্ভব। হাঁক [< সং. হুঙ্কার] + আ। ৬।৩ বানান: হ্ঁ + আ + ক্ + আ।

হাঁকান, হাঁকানো: সদর্পে বিতাড়ন। ক্রি। তদ্ভব। হাঁক [< সং. হুঙ্কার] + আন, আনো। ৬।৩ বানান: হ্ঁ + আ + ক্ + আ + ন্ + অ, ও।

হাঁকাহাঁকি: উচ্চৈঃস্বরে ডাকাডাকি। বি। তদ্ভব। হাঁক [< সং. হুঙ্কার] + আ + হাঁক্ + ই। ৬।৩ বানান: হ্ঁ + আ + ক্ + আ + হ্ঁ + আ + ক্ + ই।

হাঁকুনি: হুঙ্কার। বি। তদ্ভব। হাঁক [< সং. হুঙ্কাব] + বাং. উনি। ৬।৩ বানান: হ্ঁ + আ + ক্ + উ + ন্ + ই।

হাঁচি: নাসারন্ধ্রের আক্ষেপহেতু সবেগে নিশ্বাস-বায়ুর নির্গমন। বি। তদ্ভব। < সং. হৃঞ্চি। বানান: হ্ঁ + আ + চ্ + ই।

হাঁটকা: হাঁটকান। ক্রি। তদ্ভব। < সং. উদ্‌ঘাটি। বানান: হ্ঁ + আ + ট্ + ক্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ট' হসন্ত-বর্জিত।

হাঁটকানো: কোন-কিছু খোঁজার জন্য ক্ষিপ্রহাতে নাড়াচাড়া। ক্রি। তদ্ভব। হাঁটকা ['হাঁটকা' দ্রষ্টব্য] + বাং. আনো। বানান: হ্ঁ + আ + ট্ + ক্ + আ + ন্ + ও। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ট্' হসন্ত-বর্জিত।

হাঁটা: পায়ে চলা। ক্রি। বিদেশী। হাঁট্ [< হি হট্] + বাং. আ। বানান: হ্ঁ + আ + ট্ + আ।

হাঁটান, হাঁটানো: হাঁটতে সাহায্য করা। ক্রি। বিদেশী। হাঁটা ['হাঁটা' দ্রষ্টব্য] + বাং. আন, আনো। বানান: হ্ঁ + আ + ট্ + আ + ন্ + অ, ও।

হাঁটাহাঁটি: বারবার হেঁটে যাতায়াত। বি। বিদেশী। হাঁট্ [< হি. হট্] + আ + হাঁট্ + ই। ৬।৩ বানান: হ্ঁ + আ + ট্ + আ + হ্ঁ + আ + ট্ + ই।

হাঁটু: জানু। বি। তদ্ভব। বানান: হ্ঁ + আ + ট্ + উ।

হাঁটুজল: হাঁটু-সমান গভীর জল। বি। তদ্ভব। হাঁটু ['হাঁটু' দ্রষ্টব্য] + জল [জল্ + অ]। বানান: হ্ঁ + আ + ট্ + উ + জ্ + অ + ল্ + অ।

হাঁড়া: বৃহৎ হাঁড়ি। বি। তদ্ভব। < সং. হন্ডা। বানান: হ্ঁ + আ + ড্ + আ।

হাঁড়ি, হাঁড়ী: চওড়ামুখ রন্ধন-পাত্র। বি। তদ্ভব। < সং. হন্ডী। বানান: হ্ঁ + আ + ড্ + ই, ঈ।

হাঁড়ি-কুড়ি, হাঁড়ী-কুড়ি: হাঁড়িকলসি ইত্যাদি। বি। তদ্ভব। হাঁড়ি, হাঁড়ী ['হাঁড়ি' দ্রষ্টব্য] + কুড়ি [সহচর শব্দ]। বানান: হ্ঁ + আ + ড্ + ই, ঈ + ক্ + উ + ড্ + ই।

হাঁড়িচাঁচা: এক রকম পাখি। বি। দেশী। বানান: হ্ঁ + আ + ড্ + ই + চ্ঁ + আ + চ্ + আ।

হাঁড়িফাটা: যে নামের উচ্চারণে অঘটন ঘটে। বি। তদ্ভব। হাঁড়ি ['হাঁড়ি' দ্রষ্টব্য] + ফাট [< সং. স্ফট্] + বাং. আ। বানান: হ্ঁ + আ + ড্ + ই + ফ্ + আ + ট্ + আ।

হাঁড়িভাঙ্গা: গুপ্তকথা প্রকাশ। ক্রি। তদ্ভব। হাঁড়ি ['হাঁড়ি' দ্রষ্টব্য] + ভাঙ্গা [ভন্‌জ্ + বাং. আ]। ৬।৩ বানান: হ্ঁ + আ + ড্ + ই + ভ্ + আ + ঙ্ + গ্ + আ। বি.দ্র.: ঙ্ + গ্ + আ= ঙ্গা।

হাঁড়িয়া: পচাই। বি। বিদেশী। < সাঁওতালী. হাঁড়িয়া। বাংলা বানান: হ্ঁ + আ + ড্ + ই + য্ + আ।

হাঁদা: বোকা। বিণ। দেশী। বানান: হ্ঁ + আ + দ্ + আ।

হাঁদারাম: বোকা। বিণ। মিশ্র [দেশী + তৎসম]।

দেশী. হাঁদা + সং. রাম [রম্ + অ]। ৬।১ বানান: হ্ঁ + আ + দ্ + আ + র্ + আ + ম্ + অ।

হাঁপ, হাঁফ: দম। বি। দেশী। বানান: হ্ঁ + আ + প্, + ফ্। বি.দ্র.: শব্দান্তের 'প' এবং 'ফ' হসন্ত-বর্জিত।

হাঁপান, হাঁপানো, হাঁফানো: কষ্টে ঘনঘন শ্বাসগ্রহণ ও ত্যাগ। ক্রি। দেশী। বানান: হ্ঁ + আ + প্ + [ফ্] + আ + ন্ + অ, ও।

হাঁপানি: শ্বাসকষ্ট-জনিত রোগ। বি। দেশী। বানান: হ্ঁ + আ + প্ + আ + ন্ + ই।

হাঁস: হংস। বি। তদ্ভব। < সং. হংস। বানান: হ্ঁ + আ + স্। বি.দ্র.: শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত।

হাঁসকল: কপাট ঝোলাবার হংসাকৃতি লৌহখণ্ড। বি। মিশ্র [তদ্ভব + দেশী] তদ্ভব হাঁস [< সং. হংস] + দেশী. কল। বানান: হ্ঁ + আ + স্ + ক্ + অ + ল্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'স' ও শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হাঁসফাঁস: খুব কষ্টে শ্বাসগ্রহণ ও নিশ্বাস ত্যাগ। বি। দেশী। বানান: হ্ঁ + আ + স্ + ফ্ঁ + আ + স্। বি.দ্র.: শব্দ-মধ্যের এবং শব্দান্তের 'স'-উভয় ক্ষেত্রেই হসন্ত-বর্জিত।

হাঁসলি, হাঁসুলি: হাঁসের মতো অর্ধবৃত্তাকার কণ্ঠহার। বি। তদ্ভব। হাঁস [< সং. হংস] + বাং. লি, উলি। ৬।৩ বানান: হ্ঁ + আ + স্ অ, উ + ল্ + ই।

হাঁসান, হাঁসানো: হাঁসুয়া দিয়ে কাটা। ক্রি। তদ্ভব। হাঁসা [হাঁসুয়া দিয়ে কাটা] + বাং. আন, আনো। ৬।৩

হাঁসুয়া: হাঁসের মতো অর্ধবৃত্তাকার অস্ত্র। বি। তদ্ভব। হাঁস [< সং. হংস] + বাং. উয়া। ৬।৩ বানান: হ্ঁ + আ + স্ + উ + য় + আ।

হাঁ হাঁ: সহসা নিষেধ-সূচক। অব্য। দেশী। বানান: হ্ঁ + আ + হ্ঁ + আ।

হ্যাঁ: সম্মতি-সূচক সাড়া। অব্য। দেশী। বানান: হ্ঁ + য্ + আ।

হাকিম: বিচারপতি, ইউনানী চিকিৎসক। বি। বিদেশী। < আ. হকীম। বাংলা বানান: হ্ + আ + ক্ + ই + ম্। বি.দ্র.: শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

হাকিমি, হাকিমী: বিচারকের বৃত্তি, ইউনানী চিকিৎসা। বি। বিদেশী। হাকিম [< আ. হকীম] + বাং. ই, ঈ। ৬।৩ বানান: হ্ + আ + ক্ + ই + ম্ + ই, ঈ।

হাগা: মলত্যাগ। ক্রি, বি। তদ্ভব। < সং. হদ্। বাংলা বানান: হ্ + আ + গ্ + আ।

হাগান, হাগানো: মলত্যাগ করানো। ক্রি, বি। তদ্ভব। হাগা ['হাগা' দ্রষ্টব্য] + বাং. আন, আনো।

হাঘর: গৃহহীন ব্যক্তি। বি। তদ্ভব। হা [অব্যয়] + ঘর [< সং. গৃহ]। বানান: হ্ + আ + ঘ্ + অ + র্ + অ।

হাঘরে: গৃহহীন। বিণ। তদ্ভব। হাঘর ['হাঘর' দ্রষ্টব্য] + বাং. এ। ৬।৩ বানান: হ্ + আ + ঘ্ + অ + র্ + এ।

হাঙ্গর, হাঙর: মৎস্য প্রজাতির বৃহদাকার হিংস্র সামুদ্রিক প্রাণী। বি। তৎসম। হাং [ধ্বন্যাত্মক শব্দ] + গর [গৃ + অ]। ৬।১ বানান: হ্ + আ + ঙ্ [+গ্] + অ + র্ + অ।

হাঙ্গাম, হাঙ্গামা: মারামারি, উৎপাত। বি। বিদেশী। < ফা. হঙ্গামহ্। বাংলা বানান: হ্ + আ + ঙ্ + গ্ + আ + মা। বি.দ্র.: ঙ্ + গ্ + আ= ঙ্গা।

হাজত: বিচারাধীন আসামীদের জন্য কারাগার। বি। বিদেশী। < আ. হাজৎ। বাংলা বানান: হ্ + আ + জ্ + অ + ত্। বি.দ্র.: শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

হাজরি: উপস্থিতি। বি। বিদেশী। < আ. হাজ্‌রি। বাংলা বানান: হ্ + আ + জ্ + র্ + ই।

বি.দ্র. : শব্দমধ্যস্থিত 'জ' হসন্ত-বর্জিত।

হাজা : জলকাদায় সৃষ্ট ক্ষত, জলে ভিজে পচন। বি। দেশী। বানান : হ্ + আ + জ্ + আ।

হাজার : ১০০০ সংখ্যক। বি, বিণ। বিদেশী। < ফা. হজার্। বাংলা বানান : হ্ + আ + জ্ + আ + র্। বি.দ্র. : শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হাজারি, হাজারী : হাজার সৈন্যের নায়ক। বি। বিদেশী। হাজার ['হাজার' দ্রষ্টব্য] + বাং. ই, ঈ।

হাজি, হাজী : যে ব্যক্তি মক্কাতীর্থ দর্শন ও হজ করেছে। বি। বিদেশী। < আ. হাজী। বাংলা বানান : হ্ + আ + জ্ + ই, ঈ।

হাজির : উপস্থিত। বিণ। বিদেশী। < আ. হাজীর। বাংলা বানান : হ্ + আ + জ্ + ই + র্। বি.দ্র. : শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হাজিরা, হাজিরি : উপস্থিতি। বি। বিদেশী। < আ. হাজিরী। বি.দ্র. : হ্ + আ + জ্ + ই + র্ + আ, ই।

হাট : ক্রয়-বিক্রয়ের খোলা জায়গা, প্রচুর সমাবেশ। বি। তদ্ভব। < সং. হট্ট। বানান : হ্ + আ + ট্। বি.দ্র. : শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

হাটবার : সপ্তাহের যে দিনে হাট বসে। বি। তদ্ভব। হাট ['হাট' দ্রষ্টব্য] + বার [বৃ + অ]। ৬।১ বানান : হ্ + আ + ট্ + ব্ + আ + র্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ট' এবং শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হাটহদ্দ : খুঁটিনাটি সমস্ত ব্যাপার বা খবর। বি। তদ্ভব। হাট ['হাট' দ্রষ্টব্য] + হদ্দ [< আ. হদ্দ্]। বানান : হ্ + আ + ট্ + হ্ + অ + দ্ + দ্ + অ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ট' হসন্ত-বর্জিত।

হাটুরিয়া, হাটুরে : হাটে বিক্রেয় পণ্যবাহী, হাটে ক্রয়-বিক্রয়কারী। বি, বিণ। তদ্ভব। হাট [< সং. হট্ট] + বাং. উরিয়া > উরে। বানান : হ্ + আ + ট্ + উ + র্ + ই + য্ + আ, হ্ + আ + ট্ + উ + র্ + এ।

হাড় : অস্থি। বি। তদ্ভব। < সং. হড্ড। বানান : হ্ + আ + ড়্। বি.দ্র. : শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

হাড়গিলা, হাড়গিলে : শকুনিজাতীয় মাংসাশী পাখি। বি। তদ্ভব। হাড় [< সং. হড্ড] + গিলা [গৃ + বাং. আ]। ৬।৩ বানান : হ্ + আ + ড়্ + গ্ + ই + ল্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যস্থ 'ড়' হসন্ত-বর্জিত।

হাড়গোড় : ছোট-বড় সমস্ত হাড়-পাঁজরা। বি। তদ্ভব। হাড় [< সং. হড্ড] + গোড় [হি. গোড়]। বানান : হ্ + আ + ড়্ + গ্ + ও + ড়্। বি.দ্র. : শব্দ-মধ্যের ও শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

হাড়-জিরজিরে : কঙ্কালসার। বিণ। তদ্ভব। হাড় [< সং. হড্ড] + জিরজির [< সং. জর্জর]। বাং. এ। ৬।৩ বানান : হ্ + আ + ড়্ + জ্ + ই + র্ + জ্ + ই + র্ + এ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ড়' এবং 'র' হসন্ত-বর্জিত।

হাড়-জ্বালানে : অত্যন্ত জ্বালাতনকারী। বিণ। তদ্ভব। হাড় [< সং. হড্ড] + জ্বাল + বাং. আন + এ < ইয়া। বানান : হ্ + আ + ড়্ + জ্ + ব্ + আ + ল্ + আ + ন্ + এ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ড়' হসন্ত-বর্জিত।

হাড়পাকা : পাকামিতে ওস্তাদ। বিণ। তদ্ভব। হাড় [<সং. হড্ড] [<সং. পক্ব]। বানান : হ্ + আ + ড়্ + প্ + আ + ক্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ড়' হসন্ত-বর্জিত।

হাড়ভাঙা : অতি শ্রমসাধ্য। বিণ। তদ্ভব। হাড় [< সং. হড্ড] + ভাঙা [ভন্জ্ + বাং. আ]। ৬।৩ হাড় ভাঙে যাতে= উপপদতৎ। ৩।৩ বানান : হ্ + আ + ড়্ + ভ্ + আ + ঙ্ + গ্ + আ। বি.দ্র. : ঙ্ + গ্ + আ= ঙা। শব্দ-মধ্যের 'ড়' হসন্ত-বর্জিত।

হাড়মাস : হাড় ও মাংস। বি। তদ্ভব। হাড় [< সং. হড্ড] + মাস [< সং. মাংস]। বানান :

হ্ + আ + ড়্ + ম্ + আ + স্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ড়' এবং শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত।

হাড়হদ্দ: হাড় পর্যন্ত। বি। মিশ্র। [তদ্ভব + বিদেশী]। হাড় [< সং. হড্ড] + হদ্দ [< আ হদ্দ্]। বানান: হ্ + আ + ড়্ + হ্ + অ + দ্ + দ্ + অ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ড়' হসন্ত-বর্জিত।

হাড়-হাভাতে: লক্ষ্মীছাড়া। বিণ। তদ্ভব। হাড় [< সং. হড্ড] + হাভাত [হা + ভাত] + বাং. এ। বানান: হ্ + আ + ড়্ + হ্ + আ + ভ্ + আ + ত্ + এ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ড়' হসন্ত-বর্জিত।

হাড়ি: নিম্নবর্ণের হিন্দু-সম্প্রদায়। বি। তদ্ভব। < সং. হড্ডিক। বানান: হ্ + আ + ড়্ + ই।

হাড়িকাট, হাড়িকাঠ: যূপকাষ্ঠ। বি। তদ্ভব। হাড়ি [< সং. হড়ি] + কাট, কাঠ [< সং. কাষ্ঠ]। বানান: হ্ + আ + ড়্ + ই + ক্ + আ + ট্, ঠ্। বি.দ্র.: শব্দান্তের 'ট' বা 'ঠ' হসন্ত-বর্জিত।

হাড়িনী: হাড়ি-জাতীয়া স্ত্রীলোক। বি। তদ্ভব। হাড়ি [< সং. হড্ডিক] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।গ বানান: হ্ + আ + ড়্ + ই + ন্ + ঈ।

হাড়োল: নেকড়ে ও বাঘের মাঝামাঝি হাঁস-মুরগী খেকো প্রাণী। বি। দেশী। বানান: হ্ + আ + ড়্ + ও + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হাডুডু, হাডু-ডুডু: কপাটি খেলা। বি। দেশী। বানান: হ্ + আ + ড্ + উ + ড্ + উ। হ্ + আ + ড্ + উ + ড্ + উ + ড্ + উ।

হাড্ডি: হাড়। বি। অর্ধ-তৎ। < সং. হড্ড। বানান: হ্ + আ + ড্ + ড্ + ই। বি.দ্র.: ড্ + ড্ + ই= ড্ডি।

হাড্ডিসার: কঙ্কালসার। বিণ। মিশ্র। [অর্ধ-তৎ + তৎসম]। হাড্ডি ['হাড্ডি' দ্রষ্টব্য] + সার [সার + অ]। ৬।১ বানান: হ্ + আ + ড্ + ড্ + ই + স্ + আ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র্' হসন্ত-বর্জিত।

হাত: হস্ত। বি। তদ্ভব। < সং. হস্ত। বানান: হ্ + আ + ত্। শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

হাতকড়ি: কয়েদির দু' হাত বাঁধার জন্যে লোহার বালা। বি। তদ্ভব। হাত [< সং. হস্ত] + কড়ি [< সং. কটক]। বানান: হ্ + আ + ত্ + ক্ + অ + ড়্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতকরাত: একজনের হাত দিয়ে চালাবার করাত। বি। তদ্ভব। হাত [সং. হস্ত] + করাত [< সং. করপত্র]। হাতে চালাবার করাত= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: ক্ + অ + র্ + আ + ত্। বি.দ্র.: শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

হাতকাটা: ছিন্নহস্ত। বিণ। তদ্ভব। হাত [< সং. হস্ত] + কাটা [< সং. কৃৎ + বাং. আ]। ৬।১ হাত কেটেছে যার= বহুব্রী। ৩।৫ বানান: হ্ + আ + ত্ + ক্ + আ + ট্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতখরচ, হাতখরচা: ব্যক্তিগত খুচরা ব্যয়। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। হাত [< সং. হস্ত] + খরচ [< ফা. খরচ্হ্]। হাতে-রাখা তাৎকালিক খরচ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: হ্ + আ + ত্ + খ্ + অ + র্ + অ + চ্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ত' এবং শব্দান্তের 'চ' হসন্ত-বর্জিত।

হাতখালি: রিক্তহস্ত। বিণ। মিশ্র [তদ্ভব + বিদেশী]। হাত [< সং. হস্ত] + খালি [< আ. খালী]। খালি যে হাত= কর্মধা। ৩।২ বানান: হ্ + আ + ত্ + খ্ + আ + ল্ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতখোলা: দানশীল। বিণ। তদ্ভব। হাত [< সং. হস্ত] + খোলা [খুল্ (< সং. স্খল্) + বাং. আ]। ৬।১ হাত খোলা যার= বহুব্রী। ৩।৫

বানান : হ্ + আ + ত্ + খ্ + ও + ল্ + আ। বি.দ্র. : শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

হাতগোনা : ভাগ্য-নির্ণয়ের জন্যে হস্তরেখা-বিচার। বি। তদ্ভব। হাত [< সং. হস্ত] + গোনা [বাং. গুনা]। হাতকে [হাতের রেখা] গোনা= কর্মতৎ। ৩।৩ বানান : হ্ + আ + ত্ + গ্ + ও + ন্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতঘড়ি : কবজিতে পরবার ঘড়ি। বি। তদ্ভব। হাত [< সং. হস্ত] + ঘড়ি [< সং. ঘটী]। হাতে পরবার ঘড়ি= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + আ + ত্ + ঘ্ + অ + ড়্ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতচালা : চোরাই জিনিস বার করার জন্য বা চোর ধরার জন্য মন্ত্রবলে হাত চালনা। বি। তদ্ভব। হাত [< সং. হস্ত] + চালা [< সং. চল্ + ণিচ্ + বাং. আ]। বানান : হ্ + আ + ত্ + চ্ + আ + ল্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতচিটা : ক্ষুদ্র চিঠি, রসিদ। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। হাত [< সং. হস্ত] + চিটা [হি. চিট্‌ঠা]। হাতে করে পাঠাবার চিটা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + আ + ত্ + চ্ + ই + ট্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতছাড়া : বেদখল। বিণ। তদ্ভব। হাত [< সং. হস্ত] + ছাড় [< ছড্ড < সং. ছর্দ] + বাং. আ। ৬।৩ হাত ছেড়ে গেছে যা= উপপদতৎ। ৩।৩ বানান : হ্ + আ + ত্ + ছ্ + আ + ড়্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতছানি : হাত দিয়ে ইশারা। বি। তদ্ভব। হাত [< সং. হস্ত] + ছানি [< সং. শানী]। হাত দিয়ে ছানি [ইশারা]= করণতৎ। ৩।৩ বানান : হ্ + আ + ত্ + ছ্ + আ + ন্ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতজোড় : যুক্ত করে অনুনয়, নমস্কার বা মার্জনা ভিক্ষা। বি। তদ্ভব। হাত [< সং. হস্ত] + জোড় [< সং. যোজিত]। বানান : হ্ + আ + ত্ + জ্ + ও + ড়্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' এবং শব্দান্তের 'ড়্' হসন্ত-বর্জিত।

হাতটান : কৃপণতা, চুরির অভ্যাস। বি। তদ্ভব। হাত [< সং. হস্ত] + টান [< সং. তান (তন্ + অ)]। ৬।১ হাতের টান= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + আ + ত্ + ট্ + আ + ন্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' এবং শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

হাতড়া, হাতড়ান, হাতড়ানো : হাত বুলিয়ে-বুলিয়ে খোঁজা। ক্রি। তদ্ভব। হাত [< সং. হস্ত] + ড়া + ন, আনো। বানান : হ্ + আ + ত্ + ড়্ + আ, + ন্ + অ, ও। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাততালি : দু' হাতের তালু দিয়ে সশব্দে আঘাত। বি। তদ্ভব। হাত [< সং. হস্ত] + তালি [তাল + ই]। ৬।৩ বানান : হ্ + আ + ত্ + ত্ + আ + ল্ + ই। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাত-তোলা : প্রহার বা সমর্থনের জন্য হাত উত্তোলন। ক্রি। তদ্ভব। হাত [< সং. হস্ত] + তোলা [< তুল্ + অ + আ]। বানান : হ্ + আ + ত্ + ত্ + ও + ল্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতধরা : অনুগত। বিণ। তদ্ভব। হাত [< সং. হস্ত] + ধরা [ধৃ + অ + আ]। ৬।১ হাত ধরেছে যে= উপপদতৎ। ৩।৩ বানান : হ্ + আ + ত্ + ধ্ + অ + র্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতপাখা : তালপাতা ইত্যাদির তৈরী পাখা। বি। তদ্ভব। হাত [< সং. হস্ত] + পাখা [< সং. পক্ষ + বাং. আ]। ৬।৩ হাতে ব্যবহার্য পাখা= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + আ + ত্ + প্ + আ + খ্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতবদল : হস্তান্তর। বি। মিশ্র। [তদ্ভব + বিদেশী।

হাত [< হস্ত] + বদল [< আ. বদল]। বানান: হ্ + আ + ত্ + ব্ + অ + দ্ + অ + ল্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ত' এবং শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হাতবাক্স: টাকাকড়ি রাখবার ছোট বাক্স। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী] হাত [< সং. হস্ত] + বাক্স [< ইং. box]। বানান: হ্ + আ + ত্ + ব্ + আ + ক্ + স্ + অ। বি.দ্র. শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতভরা: যা দিয়ে হাতের মুঠি ভরে যায়। বিণ। তদ্ভব। হাত [< সং. হস্ত] + ভরা [ভৃ + অ + বাং. আ]। ৬।৩ বানান: হ্ + আ + ত্ + ভ্ + অ + র্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যে 'ত' হসন্ত-বর্জিত।

হাতভারী: কৃপণস্বভাব। বিণ। তদ্ভব। হাত [< সং. হস্ত] + ভারী [ভৃ + অ + বাং. ঈ]। ৬।৩ বানান: হ্ + আ + ত্ + ভ্ + আ + র্ + ঈ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতমোজা: দস্তানা। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। হাত [< সং. হস্ত] + মোজা [< ফা. মোজহ্]। বানান: হ্ + আ + ত্ + ম্ + ও + জ্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতযশ: চিকিৎসকের পারদর্শিতার সুনাম। বি। তদ্ভব। হাত [< সং. হস্ত] + যশ [< সং. যশস্]। বানান: হ্ + আ + ত্ + য্ + অ + শ্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ত' এবং শব্দান্তের 'শ' হসন্ত-বর্জিত।

হাতল: হাত দিয়ে ধরার উপযোগী লম্বা ডাঁটি। বি। তদ্ভব। হাত [< সং. হস্ত] + বাং. ল। বানান: হ্ + আ + ত্ + অ + ল্। শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হাতলণ্ঠন: হাতে ঝুলিয়ে নিয়ে যাবার লণ্ঠন। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। হাত [< সং. হস্ত] + লণ্ঠন [< ইং. lantern]। বানান: হ্ + আ ত + ল্ + অ + ন্ + ৎ + অ + ন্। বি.দ্র.: বিদেশী শব্দে 'ঠ'-এর আগে 'ন' হয়েছে। শব্দ-মধ্যের 'ত' এবং শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

হাতসই: এক হাত মাপের। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী] হাত [< সং. হস্ত + সই [< হি. সহীহ্] বানান: হ্ + আ + ত্ + স্ + অ + ই। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতসাফাই: চুরি করবার কাজে দক্ষতা। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। হাত [< সং. হস্ত] + সাফাই [< আ. সফাঈ]। বানান: হ্ + আ + ত্ + স্ + আ + ফ্ + আ + ই। বি.দ্র.: শব্দ মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতসুতা: মাছ ধরার কাজে ছিপে ব্যবহৃত লম্বা সুতো। বি। তদ্ভব। হাত [< সং. হস্ত] + সুতা [< সং. সূত্র]। বানান: হ্ + আ + ত্ + স্ + উ + ত্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হাতা: এলাকা, চামচ, জামার হাত। বি। তদ্ভব। হাত [< সং. হস্ত] + বাং. আ। ৬।৩ বানান: হ্ + আ + ত্ + আ।

হাতান, হাতানো: হস্তগত করা। ক্রি। তদ্ভব। হাত + বাং. আন, আনো। ৬।৩ বানান: হ্ + আ + ত্ + আ + ন্ + অ, ও।

হাতাহাতি: হাত দিয়ে পরস্পর মারামারি। বি। তদ্ভব। হাত + আ + হাত + ই। ৬।৩ হাতে হাতে যে মারামারি= ব্যতিহার বহুব্রীহি। ৩।৫ বানান: হ্ + আ + ত্ + আ + হ্ + আ + ত্ + ই।

হাতি: হস্তী। বি। তদ্ভব। < সং. হস্তী। বানান: হ্ + আ + ত্ + ই।

হাতিয়ার: হাতের দ্বারা ব্যবহার-যোগ্য অস্ত্রশস্ত্র। বি। বিদেশী। < হি. হথিয়ার। বাংলা বানান: হ্ + আ + ত্ + ই + য্ + আ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হাতিশাল: হাতির আস্তাবল। বি। তদ্ভব। > সং.

হস্তীশালা। বানান: হ্ + আ + ত্ + ই + শ্ + আ + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হাতিশুঁড়: লম্বা ও বাঁকা পাতাযুক্ত গুল্ম। বি। তদ্ভব। < সং. হস্তীশুণ্ড। বানান: হ্ + আ + ত্ + ই + শঁ্ + উ + ড়্। বি.দ্র.: শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

হাতী: হাতের মাপের। বিণ। তদ্ভব। হাত + বাং. ঈ। ৬।৩ বানান: হ্ + আ + ত্ + ঈ।

হাতুড়ি: হাত দিয়ে লোহা পাথর পেরেক ইত্যাদি ঠোকার যন্ত্র। বি। দেশী। বানান: হ্ + আ + ত্ + উ + ড়্ + ই।

হাতুড়িয়া, হাতুড়ে: অশিক্ষিত চিকিৎসক। বি। তদ্ভব। হাতড়া [হাত + ড়া] + বাং. ইয়া> এ। > হাত [+উ] + ড়্ + ইয়া > এ। বানান: হ্ + আ + ত্ + উ + ড়্ + ই + য্ + আ, হ্ + আ + ত্ + উ + ড়্ + এ।

হাতে কলমে: কেবল বই পড়ে নয়, স্বহস্তে করে। বি। তদ্ভব। তদ্ভব. হাত + এ + তদ্ভব। কলম < সং. কলম্ব। হাতে ও কলমে= অলুক্ দ্বন্দ্ব। ৩।৪ বানান: হ্ + আ + ত্ + এ + ক্ + অ + ল্ + অ + ম্ + এ।

হাতে-খড়ি: কর্মারম্ভ, বিদ্যারম্ভ। বি। তদ্ভব। তদ্ভব. হাত + এ + তদ্ভব. খড়ি [< সং. খটিক]। হাতে খড়ি দেওয়া হয় যে অনুষ্ঠানে= বহুব্রী। ৩।৫ বানান: হ্ + আ + ত্ + এ + খ্ + অ + ড়্ + ই।

হাতে-গড়া: হাত দিয়ে তৈরী। বিণ। তদ্ভব। তদ্ভব. হাত + এ + তদ্ভব. গড়া [গড়্ < সং. গঠ্ + বাং. আ]। বানান: হ্ + আ + ত্ + এ + গ্ + অ + ড়্ + আ।

হাতে-নাতে: বমাল। ক্রি-বিণ। তদ্ভব। হাত + বাং. এ + নাতে [সহচর শব্দ]। বানান: হ্ + আ + ত্ + এ + ন্ + আ + ত্ + এ।

হাতে-পায়ে: একান্ত মিনিতি সহকারে। ক্রি-বিণ। তদ্ভব. হাত + বাং. এ + পা [< সং. পদ] + এ। বানান: হ্ + আ + ত্ + এ + প্ + আ + য্ + এ।

হাতে-হাতে: সঙ্গে সঙ্গে। ক্রি-বিণ। তদ্ভব। তদ্ভব. হাত + বাং. এ + হাত + এ। বানান: হ্ + আ + ত্ + এ + হ্ + আ + ত্ + এ।

হানা: আক্রমণ। বি। তৎসম। < সং. হন্ + অ + আ। ৬।১ বানান: হ্ + আ + ন্ + আ।

হানাদার: আক্রমণকারী। বিণ। মিশ্র [তৎসম + বিদেশী] সং. হানা [হন্ + অ + আ] + ফা. দার। বানান: হ্ + আ + ন্ + আ + দ্ + আ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হানাহানি: দুই বিরুদ্ধ পক্ষের পরস্পর যুদ্ধ। বি। তৎসম। সং. হানা [হন্ + অ + আ] + হানি [হন্ + অ + ই]। ৬।১ হেনে হেনে যে যুদ্ধ= ব্যতিহার বহুব্রী। ৩।৫ বানান: হ্ + আ + ন্ + আ + হ্ + আ + ন্ + ই।

হানি: নাশ। বি। তৎসম। হা + তি। ৬।১ বানান: হ্ + আ + ন্ + ই।

হাপর: হাওয়া দেবার চর্মনির্মিত থলি। বি। দেশী। বানান: হ্ + আ + প্ + অ + র্। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হাপরান, হাপরানো: তরল খাদ্য হাত দিয়ে সশব্দে খাওয়া। ক্রি। দেশী। হাপর + বাং. আন, আনো। বানান: হ্ + আ + প্ + র্ + আ + ন্ + অ, ও। বি.দ্র.: শব্দ-মধ্যবর্তী 'প' হসন্ত-বর্জিত।

হাপিত্যেশ: দীর্ঘপ্রত্যাশা। বি। অর্ধ-তৎ। হা + প্রত্যাশা [প্রতি + আশা]। বানান: হ্ + আ + প্ + ই + ত্ + য্ + এ + শ্। বি.দ্র.: ত্ + য্ + এ = ত্যে। শব্দান্তের 'শ' হসন্ত-বর্জিত।

হাপুস: হাপরাবার শব্দ, অশ্রুপূর্ণ। অব্য, বিণ। তদ্ভব। < সং. বাষ্প। বাষ্প > ভাষ্প > হাস্প [হ্ + আ + স্ + প্ + অ] > হ্ + আ + প্ + উ + স। [বর্ণ-বিপর্যয়]

হাফ: অর্ধ। বিণ। বিদেশী। < ইং. half. বাংলা বানান: হ্ + আ + ফ্। বি.দ্র.: শব্দান্তের 'ফ' হসন্ত-বর্জিত।

হাফ-আখড়াই: স্বল্পস্থায়ীগানের আসর। বি। মিশ্র [বিদেশী + তদ্ভব]। ইং. হাফ + তদ্ভব. আখড়া [< সং. অক্ষবাট] + বাং. আই। ৬।৩ বানান: হ্ + আ + ফ্ + আ + খ্ + ড়্ + আ + ই।

হাফ-টিকিট: অর্ধেক দামের টিকিট। বি। বিদেশী। < ইং. half-ticket. বাংলা বানান: হ্ + আ + ফ্ + ট্ + ই + ক্ + ই + ট্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ফ' এবং শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

হাফটোন: নানা আকারের বিন্দু-সমূহে রচিত আলোকচিত্র। বি। বিদেশী। < ইং. [half-tone]বাংলা বানান: হ্ + আ + ফ্ + ট্ + ও + ন্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ফ' এবং শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

হাফ-ডে: অফিসে বা বিদ্যালয়ে অর্ধদিবস ছুটি। বি। বিদেশী। < ইং. half-day. বাংলা বানান: হ্ + আ + ফ্ + ড্ + এ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ফ' হসন্ত-বর্জিত।

হাফ-হলিডে: অফিসে বা বিদ্যালয়ে অর্ধদিবস ছুটি। বি। বিদেশী। < ইং. half-holiday. বাংলা বানান: হ্ + আ + ফ্ + হ্ + অ + ল্ + ই + ড্ + এ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ফ' হসন্ত-বর্জিত।

হাবড়া: অকর্মণ্য। বিণ। তদ্ভব। হা + বুড়া [< সং. বৃদ্ধ] > হাবড়া। বানান: হ্ + আ + ব্ + ড়্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ব' হসন্ত-বর্জিত।

হাবভাব: ছলাকলা। বি। তৎসম। হাব [হ্বে + অ—সম্প্রসারণ] + ভাব [ভূ + অ]। ৬।১ হাব ও ভাব= দ্বন্দ্ব। ৩।৪ বানান: হ্ + আ + ব্ + অ + ভ্ + আ + ব্ + অ।

হাবলা: বুদ্ধিহীন। বিণ। বিদেশী। < আ. অবলহ্। বাংলা বানান: হ্ + আ + ব্ + ল্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ব' হসন্ত-বর্জিত।

হাবশি, হাবশী: আবিসিনিয়ার অধিবাসী। বি। বিদেশী। < ইং. Abyssinian. বাংলা বানান: হ্ + আ + ব্ + শ্ + ই, ঈ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ব' হসন্ত-বর্জিত।

হাবা: বোবা, বোকা। বিণ। তদ্ভব। < অবাক্। বানান: হ্ + আ + ব্ + আ।

হাবাকালা: মূক ও বধির। বিণ। তদ্ভব। হাবা ['হাবা' দ্রষ্টব্য] + কালা [< সং. কল্ল]। বানান: হ্ + আ + ব্ + আ + ক্ + আ + ল্ + আ।

হাবাগঙ্গারাম, হাবাগবা, হাবাগোবা: মুখচোরা ও বোকা। বিণ। তদ্ভব। হাবা ['হাবা' দ্রষ্টব্য] + গঙ্গারাম, গবা, গোবা [গো + আ]। বানান: হ্ + আ + ব্ + আ, গ্ + অ + ঙ্ + গ্ + আ + র্ + আ + ম্ + অ, গ্ + অ [ও] + ব্ + আ।

হাবিজাবি: আজেবাজে। বিণ। দেশী। বানান: হ্ + আ + ব্ + ই + জ্ + আ + ব্ + ই।

হাবিলদার: সিপাইদের নায়ক। বি। বিদেশী। < আ. হাব্‌লহ্ + ফা. দার্। বাংলা বানান: হ্ + আ + ব্ + ই + ল্ + দ্ + আ + র্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ল' এবং শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হাবুডুবু: অসহায়ভাবে বারবার জলে ডুবে-যাওয়া ও ভেসে-ওঠা। বিণ। তদ্ভব। < হাঁপ + ডুব্ [< মগ্জ] + উ। বানান: হ্ + আ + ব্ + উ + ড্ + উ + ব্ + উ।

হাবেলী: পাকা বাড়ি। বি। বিদেশী। < আ. হবেলী। বাংলা বানান: হ্ + আ + ব্ + এ + ল্ + ঈ।

হাভাত: অন্নহীন দশা। বি। তদ্ভব। হা + ভাত [< সং. ভক্ত]। বানান: হ্ + আ + ভ্ + আ + ত্। বি.দ্র.: শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

হাভাতে, হাবাতে: অন্নসংস্থানহীন। বিণ। তদ্ভব।

হাভাত ['হাভাত' দ্রষ্টব্য] + বাং. এ। বানান: হ্ + আ + ভ্, + ব্ + আ + ত্ + এ।

হামবড়, হামবড়া: আত্মাভিমানী। বিণ, বিদেশী। < হি. হম্‌বড়া। বাংলা বানান: হ্ + আ + ম্ + ব্ + অ + ড়্ + অ, আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ম' হসন্ত-বর্জিত।

হামলা: আক্রমণ। বি। বিদেশী। < আ. হম্‌লা। বাংলা বানান: হ্ + আ + ম্ + ল্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ম' হসন্ত-বর্জিত।

হামলান, হামলানো: গোরুর ডাক। ক্রি। তদ্ভব। হামাল <হাম্বারব [< সং. হম্মা] + বাং. আন, আনো। বানান: হ্ + আ + ম্ + ল্ + আ + ন্ + অ, ও। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ম' হসন্ত-বর্জিত।

হামা: হাঁটু ও হাতের চেটোয় ভর দিয়ে চলাফেরা। বি। দেশী। বানান: হ্ + আ + ম্ + আ।

হামাগুড়ি: হামা দিয়ে চলা। বি। দেশী। বানান: হ্ + আ + ম্ + আ + গ্ + উ + ড়্ + ই।

হামানদিস্তা, হামানদিস্তে: শুষ্কদ্রব্য গুঁড়া করবার কানা-উঁচু লৌহপাত্র ও লৌহদণ্ড। বি। বিদেশী। < ফা. হাওয়ন্‌দস্তহ্। বাংলা বানান: হ্ + আ + ম্ + আ + ন্ + দ্ + ই + স্ + ত্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ন' হসন্ত-বর্জিত।

হামাম: স্নানাগার। বি। বিদেশী। < আ. হাম্মাম্। বাংলা বানান: হ্ + আ + ম্ + আ + ম্। বি.দ্র.: শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

হামি: শিশুদের চুম্বন। বি। দেশী। হ্ + আ + ম্ + ই।

হামেশা: প্রায়ই। ক্রি-বিণ। বিদেশী। < ফা. হামেশা। বাংলা বানান: হ্ + আ + ম্ + এ + শ্ + আ।

হাম্বা: গোরুর ডাক। অব্য। তদ্ভব। < সং. হম্মা। বানান: হ্ + আ + ম্ + ব্ + আ। বি.দ্র.: ম্ + ব্ + আ= ম্বা।

হাম্বির: রাগিণী বিশেষ। বি। বানান: হ্ + আ + ম্ + ব্ + ই + র্। বি.দ্র.: ম্ + ব্ + ই= ম্বি, শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হায়: শোক-সূচক অব্যয়। অব্য। তদ্ভব। < সং. হা। বানান: হ্ + আ + য়্। বি.দ্র.: শব্দান্তের 'য়' হসন্ত-বর্জিত।

হায়ন: বৎসর। বি। তৎসম। হা + অন। ৬।১ বানান: হ্ + আ + য়্ + অ + ন্ + অ। [যেমন: অগ্রহায়ণ]। হায়নের [বছরের] অগ্র [প্রথম] মাস।

হায়া: লজ্জা। বি। বিদেশী। < আ. হয়া। বাংলা বানান: হ্ + আ + য়্ + আ।

হায়ার সেকেন্ডারি: উচ্চ-মাধ্যমিক। বি। বিদেশী। < ইং. higher-secondary. বাংলা বানান: হ্ + আ + য়্ + আ + র্ + স্ + এ + ক্ + এ + ন্ + ড্ + আ + র্ + ই। বি.দ্র.: শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হার: কণ্ঠভূষণ, দর, অনুপাত, পরাজয়। বি। তৎসম। হৃ + অ। বানান: হ্ + আ + র্ + অ।

হারজিত: জয়পরাজয়। বি। তৎসম। হার [হৃ + অ] + জিত [জি + ত]। ৬।১ হার ও জিত= দ্বন্দ্ব। ৩।৪ বানান: হ্ + আ + র্ + অ + জ্ + ই + ত্ + অ।

হারমোনিয়াম: বাদ্যযন্ত্র বিশেষ। বি। বিদেশী। < ইং. harmonium. বাংলা বানান: হ্ + আ + র্ + ম্ + ও + ন্ + ই + য়্ + আ + ম্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'র' এবং শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

হারা: পরাজিত হওয়া, বিহীন। ক্রি। বিণ। তদ্ভব। হার [হৃ + অ] + বাং. আ। ৬।৩ বানান: হ্ + আ + র্ + আ।

হারান, হারানো: খোয়ানো। ক্রি।

হারাম: অপবিত্র বস্তু বা প্রাণী, শূকর। বি। বিদেশী। < আ. হরাম্। বাংলা বানান: হ্ + আ + র্ +

আ + ম্। বি.দ্র. : শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

হারামজাদা : অপবিত্র, শূয়ারের বাচ্ছা। বি, বিণ। বিদেশী। হারাম ['হারাম' দ্রষ্টব্য] + জাদা [< ফা. জাদহ্]। বাংলা বানান : হ্ + আ + র্ + আ + ম্ + জ্ + আ + দ্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ম' হসন্ত-বর্জিত।

হারামজাদী : অপবিত্রা। বি, বিণ। বিদেশী। হারামজাদা ['হারামজাদা' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বাংলা বানান : হ্ + আ + র্ + আ + ম্ + জ্ + আ + দ্ + ঈ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ম' হসন্ত-বর্জিত।

হারাহারি : গড়পড়তা। বিণ। তদ্ভব। হার ['হার' দ্রষ্টব্য] + বাং. আ + হার + বাং. ই। ৬।৩ বানান : হ্ + আ + র্ + আ + হ্ + আ + র্ + ই।

হারিকেন : কাচের আবরণযুক্ত লণ্ঠন। বি। বিদেশী। < ইং. hurricane. বাংলা বানান : হ্ + আ + র্ + ই + ক্ + এ + ন্। বি.দ্র. : শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

হারিণী : হরণকারিণী। বিণ। তৎসম। হৃ + ইন + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান : হ্ + আ + র্ + ই + ণ্ + ঈ। বি.দ্র. : 'র্' ও ন্-এর মধ্যে 'ই' থাকায় 'ন্' 'ণ' হয়েছে। ৪।১।গ শব্দটি 'ইন্' + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

হারিত : সবুজবর্ণ বিশিষ্ট। বিণ। তৎসম। হরিত + অ। ৬।১ বানান : হ্ + আ + র্ + ই + ত্ + অ।

হারী : হরণকারী। বিণ। তৎসম। হৃ + ইন্ [ঈ]। ৬।১ বানান : হ্ + আ + র্ + ঈ। বি.দ্র. : শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

হারেম : অন্দরমহল। বি। বিদেশী। < আ. হরম্। বাংলা বানান : হ্ + আ + র্ + এ + ম্। বি.দ্র. : শব্দান্তের 'ম্' হসন্ত-বর্জিত।

হার্দ : হৃদ্যতা, আন্তরিক। বি, বিণ। তৎসম। হৃদ্ + অ। ৬।১ বানান : হ্ + আ + র্ + দ্ + অ। বি.দ্র. : র্ + দ্ + অ= র্দ।

হার্দিক : আন্তরিক। বিণ। তৎসম। হৃদ্ + ইক। ৬।১ বানান : হ্ + আ + র্ + দ্ + ই + ক্ + অ। বি.দ্র. : র্ + দ্ + ই= র্দি।

হার্দ্য : হৃদ্যতা, আন্তরিক। বি, বিণ। তৎসম। হৃদ্ + য [ষ্ণ্য]। ৬।১ বানান : হ্ + আ + র্ + দ্ + য্ + অ। বি.দ্র. : র্ + দ্ + য্ + অ= র্দ্য।

হাল : লাঙ্গল, গাড়ির চাকার লোহার বেড়। বি। তৎসম। হল + অ [ষ্ণ্য]। ৬।১ বানান : হ্ + আ + ল্ + অ।

হাল : অবস্থা। বি। বিদেশী। < আ. হাল্। বাংলা বানান : হ্ + আ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হাল : নৌকা চালাবার ও ঘোরাবার যন্ত্র। বি। দেশী। বানান : হ্ + আ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হালকা : অল্পভার, গুরুত্বহীন। বিণ। তদ্ভব। < প্রা. বাং. হলুঅ < প্রা. লহুঅ < সং. লঘুক।

হালচাল : বর্তমান অবস্থা, ভাবভঙ্গি। মিশ্র। বি। [বিদেশী + তৎসম]। হাল [< আ. হাল্] + চাল [চল্ + অ]। ৬।১ বানান : হ্ + আ + ল্ + চ্ + আ + ল্ + অ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ল' হসন্ত-বর্জিত।

হালত, হালৎ : অবস্থা। বি। বিদেশী। < আ. হালত্। বাংলা বানান : হ্ + আ + ল্ + অ + ত্ [ৎ]। বি.দ্র. : শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

হালফিল : অধুনা। ক্রি-বিণ। বিদেশী। < আ. ফিল্হাল্। বাংলা বানান : হ্ + আ + ল্ + ফ্ + ই + ল্। বি.দ্র. : শব্দ-মধ্যের ও শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হালাক, হাল্লাক : হয়রান। বি। বিদেশী। < আ. হলাক। বাংলা বানান : হ্ + আ + ল্ [+ল্] + আ + ক। বি.দ্র. : শব্দান্তের 'ক'

হসন্ত-বর্জিত।

হালাল: পবিত্র, জবাই। বিণ, বি। বিদেশী। < আ. হলাল। বাংলা বানান: হ্ + আ + ল্ + আ + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হালিক: হালচাষকারী। বিণ। তৎসম। হাল + ইক। ৬।২ বানান: হ্ + আ + ল্ + ই + ক্ + অ।

হালিয়া, হেলে: হলচাষকারী। বি। তদ্ভব। সং. হাল + বাং. ইয়া > এ। বানান: হ্ + আ + ল্ + ই + য্ + আ, হ্ + এ + ল্ + এ [অভিশ্রুতি]।

হালী: হালচাষকারী। বি, বিণ। তদ্ভব। হাল + বাং. ঈ। বানান: হ্ + আ + ল্ + ঈ।

হালী: নৌকার মাঝি। বি। দেশী। বানান: হ্ + আ + ল্ + ঈ।

হলুইকর: ময়রা। বি। বিদেশী। < আ. হলওয়াঈ + সং. কর। বাংলা বানান: হ্ + আ + ল্ + উ + ই + ক্ + অ + র + অ।

হালুম: বাঘের ডাক। অব্য। দেশী। বানান: হ্ + আ + ল্ + উ + ম্। বি.দ্র.: শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

হালুয়া: সুজি চিনি দুধ প্রভৃতির দ্বারা প্রস্তুত মোহন ভোগ। বি। বিদেশী। < আ. হলওয়া। বানান: হ্ + আ + ল্ + উ + য্ + আ।

হাসকুটে: অত্যন্ত হাস্যপ্রবণ। বিণ। মিশ্র [তৎসম + দেশী]। হাস [সং. হস্ + অ] + কুটে [দেশী]। বানান: হ্ + আ + স্ + ক্ + উ + ট্ + এ।

হাসনুহানা: সুগন্ধযুক্ত জাপানী পদ্মফুল। সাদারঙের ছোট আকারের ফুল। বি। বিদেশী। < জাপানী. হাস্-উ-নো-হানা। বাংলা বানান: হ্ + আ + স্ + ন্ + উ + হ্ + আ + ন্ + আ। বি.দ্র.: শব্দ-মধ্যের 'স' হসন্ত-বর্জিত।

হাসপাতাল: সাধারণের চিকিৎসাগার। বি। বিদেশী। < ইং. hospital. বাংলা বানান: হ্ + আ + স্ + প্ + আ + ত্ + আ + ল্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'স' ও 'শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হাসা: হাস্য করা। ক্রি। তদ্ভব। হাস [হস্ + অ] + বাং. আ। বানান: হ্ + আ + স্ + আ।

হাসান, হাসানো: হাস্য করানো। ক্রি। তদ্ভব। হাসা ['হাসা' দ্রষ্টব্য] + বাং. আন, আনো। বানান: হ্ + আ + স্ + আ + ন্ + অ, ও।

হাসাহাসি: পরস্পর কৌতুকপূর্ণ হাসি ও টিটকারি। বি। তদ্ভব। হাস [হস্ + অ] + বাং. আ + হাস [হস্ + অ] + বাং. ই। ৬।১, ৬।৩ বানান: হ্ + আ + স্ + আ + হ্ + আ + স্ + ই।

হাসি: হাস্য। বি। তদ্ভব। হাস [হস্ + অ] + বাং. ই। ৬।১, ৬।৩

হাসিখুশি, হাসিখুশী: হাসিতে ও আনন্দে পূর্ণ। বি, বিণ। মিশ্র [তদ্ভব + বিদেশী]। হাসি ['হাসি' দ্রষ্টব্য] + খুশি, খুশী [ফা. খুশ্] + বাং. ই, ঈ। ৬।৩ বানান: হ্ + আ + স্ + ই + খ্ + উ + শ্ + ই, ঈ।

হাসিঠাট্টা: সহাস্য রঙ্গরসিকতা। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। তদ্ভব হাসি ['হাসি' দ্রষ্টব্য] + দেশী. ঠাট্টা। বানান: হ্ + আ + স্ + ই + ঠ্ + আ + ট্ + ট্ + আ। বি.দ্র.: ট্ + ট্ + আ= ট্টা।

হাসিতামাশা: সহাস্যরঙ্গরসিকতা। বি। মিশ্র [তদ্ভব + বিদেশী]। হাসি ['হাসি' দ্রষ্টব্য] + তামাশা [< আ. তমাশা]। বানান: হ্ + আ + স্ + ই + ত্ + আ + ম্ + আ + শ্ + আ।

হাসিনী: হাস্যকারিণী। বিণ। তৎসম। হস্ + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১, ৭।১।চ বানান: হ্ + আ + স্ + ই + ন্ + ঈ। শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই ঈ-কারান্ত।

হাসিমুখ: হাসিপূর্ণমুখ। বি। তদ্ভব। হাসি ['হাসি'

দ্রষ্টব্য] + মুখ ['মুখ' দ্রষ্টব্য]। বানান: হ্ + আ + স্ + ই + ম্ + উ + খ্ + অ।

হাসিল: সিদ্ধ। বিণ। বিদেশী। < আ. হাসিল্। বাংলা বানান: হ্ + আ + স্ + ই + ল্। বি.দ্র.: শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হাসিহাসি: ঈষৎ হাস্যযুক্ত। বিণ। তদ্ভব। হাসি ['হাসি' দ্রষ্টব্য] + হাসি। বানান: হ্ + আ + স্ + ই + হ্ + আ + স্ + ই।

হাস্য: হাসি। বি। তৎসম। হস্ + য [যৎ]। ৬।১ বানান: হ্ + আ + স্ + য্ + অ। বি.দ্র.: স্ + য্ + অ= স্য।

হাস্যকর: হাসির উদ্রেককারী। বিণ। তৎসম। হাস্য ['হাস্য' দ্রষ্টব্য] + কর [কৃ + অ]। ৬।১ হাস্য [উদ্রেক] করে যা= উপপদতৎ। ৩।৩ বি.দ্র.: হ্ + আ + স্ + য্ + অ + ক্ + অ + র্ + অ।

হাস্যকৌতুক: হাসি ও রসিকতা। বি। তৎসম। হাস্য ['হাস্য' দ্রষ্টব্য] + কৌতুক [কুতুক + অ]। ৬।২ হাস্য ও কৌতুক= দ্বন্দ্ব। ৩।৪ বানান: হ্ + আ + স্ + য্ + অ + ক্ + ঔ + ত্ + উ + ক্ + অ।

হাস্যজনক: হাসির উদ্রেক কারী। বিণ। তৎসম। হাস্য ['হাস্য' দ্রষ্টব্য] + জনক [জন্ + ণিচ্ + অক]। ৬।১ হাস্যের জন্ম দেয় বা হাস্যের উদ্রেক করে যা= উপপদতৎ। ৩।৩ বানান: হ্ + আ + স্ + য্ + অ + জ্ + অ + ন্ + অ + ক্ + অ।

হাস্য-পরিহাস: হাসি ও রসিকতা। বি। তৎসম। হাস্য ['হাস্য' দ্রষ্টব্য] + পরিহাস [পরি + হস্ + অ]। ৬।১ হাস্য ও পরিহাস= দ্বন্দ্ব। ৩।৪ বানান: হ্ + আ + স্ + য্ + অ + প্ + অ + র্ + ই + হ্ + আ + স্ + অ। বি.দ্র.: স্ + য্ + অ= স্য।

হাস্যময়: সহাস্য। বিণ। তৎসম। হাস্য ['হাস্য' দ্রষ্টব্য] + ময় [ময়ট্]। হাস্যের দ্বারা ময় [পূর্ণ]= করণতৎ। ৩।৩ বানান: হ্ + আ + স্ + য্ + অ + ম্ + অ + য্ + অ।

হাস্যময়ী: সহাস্যা। বি। তৎসম। হাস্য ['হাস্য' দ্রষ্টব্য] + ময় [ময়ট্] + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।গ বানান: হ্ + আ + স্ + য্ + অ + ম্ + অ + য় + ঈ।

হাস্যরসিক: পরিহাস-নিপুণ, হাস্যোদ্রেককারী লেখক বা অভিনেতা। বিণ। তৎসম। হাস্য ['হাস্য' দ্রষ্টব্য] + রসিক [রস + ইক]। ৬।২ বানান: হ্ + আ + স্ + য্ + অ + র্ + অ + স্ + ই + ক্ + অ।

হাস্যালাপ: সহাস্য আলাপ-আলোচনা। বি। তৎসম। হাস্য ['হাস্য' দ্রষ্টব্য] + আলাপ [আ + লপ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [স্যা]। ২।১।খ হাস্যপূর্ণ আলাপ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: হ্ + আ + স্ + য্ + আ + ল্ + আ + প্ + অ।

হাস্যাস্পদ: হাসি আলাপ-আলোচনা ও বিদ্রূপের পাত্র। বিণ। তৎসম। হাস্য ['হাস্য' দ্রষ্টব্য] + আস্পদ [আ + পদ (পদ্ + অ)]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [স্যা]। ২।১।খ আ + প= আ [+স্ —আগম] + প= আস্প। ২।৩২ হাস্যের আস্পদ= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: হ্ + আ + স্ + য্ + আ + স্ + প্ + অ + দ্ + অ। বি.দ্র.: স্ + প্ + অ= স্প।

হাস্যোদ্দীপক: হাস্যরসের সৃষ্টিকারী। বিণ। তৎসম। হাস্য ['হাস্য' দ্রষ্টব্য] + উদ্দীপক [উৎ + দীপক (দীপ্ + অক)]। ৬।১ [সন্ধি] অ + উ= ও [স্যো]। ২।৫।ক, ৎ + দ= দ্দ [দ্দী]। ২।১৫ হাস্যের উদ্দীপক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: হ্ + আ + স্ + য্ + ও + দ্ + দ্ + ঈ + প্ + অ + ক্ + অ। বি.দ্র.: স্ + য্ + ও= স্যো, দ্ + দ্ + ঈ= দ্দী।

হা হা: শোক দুঃখ ও শূন্যতাসূচক, অট্টহাস্যের ধ্বনি। অব্য। তৎসম। বানান: হ্+আ+হ্+আ।

হাহাকার : উচ্চ হাহা- ধ্বনি। বি। তৎসম। হাহা + কার [কৃ + অ]। ৬।১ বানান : হ্ + আ + হ্ + আ + ক্ + আ + র্ + অ।

হা-হুতাশ : অতিশয় আক্ষেপ। বি। তৎসম। হা + হুতাশ [হুত [হু + ত) + অশ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [তা]। ২।১।খ বানান : হ্ + আ + হ্ + উ + ত্ + আ + শ্ + অ।

হিং, হিঙ : ঔষধে বা ব্যঞ্জনের মসলারূপে ব্যবহৃত তীব্র কৃষ্ণনির্যাস। বি। তদ্ভব। < সং. হিঙ্গু। বানান : হ্ + ই + ং + [ঙ]। বি.দ্র.. : শব্দান্তের 'ঙ' হসন্ত-বর্জিত।

হিং টিং ছট্ : অর্থহীন কথা বা কাহিনী। অব্য। দেশী। বানান : হ্ + ই + ং + ট্ + ই + ং + ছ্ + অ + ট্। বি.দ্র.. : শব্দান্তের 'ট্' হসন্তযুক্ত।

হিংসক : হিংসাকারী, হিংস্র প্রাণী। বিণ। তৎসম। হিন্স্ + অক। ৬।১ বানান : হ্ + ই + ং + স্ + অ + ক্ + অ।

হিংসা : হত্যা। বি। তৎসম। হিন্স্ + অ + আ। ৬।১ বানান : হ্ + ই + ং + স্ + আ।

হিংসাত্মক : হিংসার প্রবৃত্তি যুক্ত আচরণ। বিণ। তৎসম। হিংসা [হিন্স্ + অ + আ] + আত্মক [আত্মন্ + ক]। ৬।১, ৬।২ বানান : হ্ + ই + ং + স্ + আ + ত্ + ম্ + অ + ক্ + অ। বি.দ্র.. : ত্ + ম্ + অ= ত্ম।

হিংসাশ্রয়ী : হিংস্র আক্রমণে প্রবৃত্ত। বিণ। তৎসম। হিংসাশ্রয়ী [হিংসা (হিন্স্ + আ)] + আশ্রয়ী [আ + শ্রি + ইন (ঈ)]। [সন্ধি] আ + আ= আ [সা]। ২।১।ঘ হিংসাকে আশ্রয় করে যে= উপপদতৎ। ৩।৩ বানান : হ্ + ই + ং + স্ + আ + শ্ + র্ + অ + য্ + ঈ।

হিংসিত : নিহত, বিনাশিত। বিণ। তৎসম। হিন্স্ + ত। ৬।১ বানান : হ্ + ই + ং + স্ + ই + ত্ + অ।

হিংসুক : ঈর্ষা-বিদ্বেষপরায়ণ। বিণ। তৎসম। হিন্স্ + উক। ৬।১ বানান : হ্ + ই + ং + স্ + উ + ক্ + অ।

হিংসুটে : ঈর্ষাকাতর। বিণ। তদ্ভব। হিংসা [হিন্স্ + অ + আ] + টে <আটিয়া। বানান : হ্ + ই + ং + স্ + উ + ট্ + এ।

হিংস্র, হিংস্রক : হিংসা করে যে। বিণ। তৎসম। হিনস্ + র, হিন্স্ + র + ক। ৬।১ বানান : হ্ + ই + ং + স্ + র্ + অ, হ্ + ই + ং + স্ + র্ + অ + ক্ + অ। বি.দ্র. : স্ + র্ + অ = স্র।

হিংস্রা, হিংস্রিকা : হিংসাকারিণী। বিণ। তৎসম। হিন্স্ + র + আ, [স্ত্রী] হিন্স্ + র্ + ইক + আ [স্ত্রী]। ৬।১, ৭।১।ক বানান : হ্ + ই + ং + স্ + র্ + আ, হ্ + ই + ং + স্ + র্ + ই + ক্ + আ। বি.দ্র.. : স্ + র্ + আ = স্রা, স্ + র্ + ই = স্রি।

হিঁচড়া : হিঁচড়ান। ক্রি। তদ্ভব। হিঁচড় [<হিসড় <ঘিসট <সং. ঘৃষ্ট + বাং. আ। ৬।৩ বানান : হ্ঁ + ই + চ্ + ড্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'চ' হসন্ত-বর্জিত।

হিঁচড়ান, হিঁচড়ানো : জোর করে ঘষটাতে ঘষটাতে টানা। ক্রি। তদ্ভব। হিঁচড়া ['হিঁচড়া' দ্রষ্টব্য] + বাং. আন. আনো। ৬।৩ বানান : হুঁ + ই + চ্ + ড় + আ + ন্ + অ। হঁ + ই + চ্ + চ্ + আ + ন্ + ও।

হিকমত : ক্ষমতা। বি। বিদেশী। <আ. হিক্‌মত্। বাংলা বানান : হ্ + ই + ক্ + ম্ + অ + ত্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ক' এবং শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

হিক্কা : হেঁচকি। বি। তৎসম। হিক্ক্ + অ + আ। ৬।১ বানান : হ্ + ই + ক্ + ক্ + আ। বি.দ্র. : ক্ + ক্ + আ = ক্কা।

হিঙ্গু : হিং। বি। তৎসম। হিম + গম্ + উ। ৬।১ বানান : হ্ + ই + ঙ্ + গ্ + উ। বি.দ্র. : ঙ্ + গ্ + উ = ঙ্গু।

হিঙ্গুল, হিঙুল, হিঙ্গুলী : পারদ ও গন্ধক মিশ্রিত ঘোর রক্তবর্ণ পদার্থ। বি। তৎসম। হিঙ্গু + লা + অ, হিঙ্গু + লা + ই। ৬।১ বানান : হ্ + ই + ঙ্ + গ্ [ঙ] + উ + ল্ + অ, ই। বি.দ্র. : ঙ্ + গ্ + উ = ঙ্গু, ঙ্ + উ = ঙু।

হিজড়া, হিজড়ে : নপুংসক। বি। বিদেশী। <হি. হিজড়া। বাংলা বানান : হ্ + ই + জ্ + ড্ + আ, এ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'জ' হসন্ত-বর্জিত।

হিজরা, হিজরী : আরবী চান্দ্র সাল। বি। বিদেশী। <আ. হিজ্‌রী। বাংলা বানান : হ্ + ই + জ্ + র্ + আ, ঈ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'জ' হসন্ত-বর্জিত।

হিজল : হিজলগাছ। বি। তদ্ভব। <সং. হিজ্জল। বানান : হ্ + ই + জ্ + অ + ল্ + অ।

হিজিবিজি : পরস্পর জড়িত অবোধ্য লেখা। বি,বিণ। দেশী। বানান : হ্ + ই + জ্ + ই + ব্ + ই + জ্ + ই।

হিড়হিড়, হিড়্‌হিড়্ : গড়িয়ে পড়বার বা টানবার শব্দ। অব্য। দেশী। বানান : হ্ + ই + ড্ + হ্ + ই + ড্। বি.দ্র.. : শব্দ-মধ্যের ও শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত বা হসন্তযুক্ত।

হিড়িক : হুজুগ। বি। তদ্ভব। হিড়ি [<সং. হিড়ি] + ক। বানান : হ্ + ই + ড্ + ই + ক্। বি.দ্র. : শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত।

হিত : কল্যাণ। বি। তৎসম। ধা + ত। ৬।১ বানান : হ্ + ই + ত্ + অ।

হিতকথা : সদুপদেশ। বি। তৎসম। হিত [ধা + ত] + কথা [কথ্ + অ + আ]। ৬।১ হিত পূর্ণ কথা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + ই + ত্ + অ + ক্ + অ + থ্ + আ।

হিতকর : উপকারী। বিণ। তৎসম। হিত [ধা + ত] + কর [কৃ + অ]। ৬।১ হিত করে যা = উপপদতৎ। ৩।৩ বানান : হ্ + ই + ত্ + অ + ক্ + অ + র্ + অ।

হিতকারিণী : মঙ্গলকারিণী। বিণ। তৎসম। হিত [ধা + ত] + কারিণী [কৃ + ইন + ঈ (স্ত্রী)]। ৩।৩ বানান : হ্ + ই + ত্ + অ + ক্ + আ + র্ + ই + ণ + ঈ। বি.দ্র. : 'র' ও 'ন'- এর মধ্যে 'ই' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।১।গ।

হিতকারী : মঙ্গলকারী। বিণ। তৎসম। হিত। [ধা + ত] + কারী [কৃ + ইন (ঈ)]। ৬।১ হিত করে যে = উপপদতৎ। ৩।৩ বানান : হ্ + ই + ত্ + অ + ক্ + আ + র + ঈ। বি.দ্র. : শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

হিতবাদী : সদুপদেশক। বিণ। তৎসম। হিত [ধা + ত] + বাদী [বদ্ + ইন্ (ঈ)]। ৬।১ হিত [কথা] বলে যে = উপপদতৎ। ৩।৩ বানান : হ্ + ই + ত্ + অ + ব্ + আ + দ্ + ঈ। বি.দ্র. : শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

হিতসাধন : কল্যাণকর কাজ করা। বি। তৎসম। হিত [ধা + ত]+ সাধন [সাধ্ + অন]। ৬।১ হিতের সাধন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + ই + ত্ + অ + স্ + আ + ধ্ + অ + ন্ + অ।

হিতাকাঙ্ক্ষী : হিতকামী। বিণ। তৎসম। হিত [ধা + ত] + আকাঙ্ক্ষা [আ + কাঙ্ক্ষ্ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [া]। ২।১।খ হিত আকাঙ্ক্ষা করে যে = উপপদতৎ। ৩।৩ বানান : হ্ + ই + ত্ + আ + ক্ + আ + ঙ্ + ক্ + ষ্ + ঈ। বি.দ্র. : ঙ্ + ক্ + ষ্ + ঈ = ঙ্ক্ষী।

হিতার্থী : হিতকামী। বিণ। তৎসম। হিত [ধা + ত] + অর্থী [অর্থ্ + ইন্ (ঈ)]। ৬।১ হিত কামনা করে যে = উপপদতৎ। ৩।৩ বানান : হ্ + ই + ত্ + আ + র্ + থ্ + ঈ। বি.দ্র.. : র্ + থ্ + ঈ = র্থী।

হিতাহিত: ভালোমন্দ। বি। তৎসম। হিত [ধা + ত] + অহিত। ৬।১ [সন্ধি] অ + অ = আ [তা]। ২।১।ক হিত ও অহিত = দ্বন্দ্ব। ৩।৪ বানান: হ্ + ই + ত্ + আ + হ্ + ই + ত্ + অ।

হিতাহিতজ্ঞান: ভালোমন্দবোধ। বি। তৎসম। হিত [ধা + ত] + অহিত + জ্ঞান [জ্ঞা + অন]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [তা]। ২।১।ক হিত ও অহিত = দ্বন্দ্ব। ৩।৪ তার জ্ঞান = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: হ্ + ই + ত্ + আ + হ্ + ই + ত্ + অ + জ্ + ঞ্ + আ +ন্ + অ। বি.দ্র.: জ্ + ঞ্ + আ = জ্ঞা।

হিতৈষণা: হিতসাধনের ইচ্ছা। বি। তৎসম। হিত [ধা + ত] + এষণা [ইষ্ + অন + আ]। ৬।১ [সন্ধি] অ + এ = ঐ [তৈ]। ২।১১।ক হিতের এষণা [কামনা] = সম্বন্ধতৎ। ৩।৩ বি.দ্র.: 'ঐ'- এর পর 'ষ' হয়েছে, 'ষ' ও 'ন'-এর পর 'অ' থাকায় 'ন' 'ণ' হয়েছে। ৪।২।ক, ৪।১।গ

হিতৈষা: হিতসাধনের ইচ্ছা। বি। তৎসম। হিত [ধা + ত]। এষা [ইষ্ + অ + আ]। ৬।১ [সন্ধি] অ + এ = ঐ [তৈ]। ২।১।ক হিত এষা [কামনা] = কর্মধা। ৩।২ বানান: হ্ + ই + ত্ + ঐ + ষ্ + আ। বি.দ্র.: 'ঐ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

হিতৈষিতা: হিতসাধনের ইচ্ছা। বি। তৎসম। হিত [ধা + ত] + এষিত [ইষ্ + ইত (<ইন) + আ]। ৬।১ [সন্ধি] অ + এ = ঐ [তৈ]। ২।১১।ক হিতের এষিতা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: হ্ + ই + ত্ + ঐ + ষ্ + ই + ত্+ আ। বি.দ্র..: এ-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক

হিতৈষিণী: হিতসাধনের ইচ্ছাকারিণী। বিণ। তৎসম। হিত [ধা + ত] + এষি + [ইষ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১, ৭।১।চ, [সন্ধি] অ + এ = ঐ [তৈ]। ২।১১।ক হিত কামনা করে যে (স্ত্রী) = উপপদতৎ। ৩।৩ বানান: হ্ + ই + ত্ + ঐ + ষ্ + ই + ণ্ + ঈ। বি.দ্র.: 'ঐ' র পরে 'ষ' হয়েছে, ষ্ ও ন্ এর মধ্যে ই থাকায় 'ন' 'ণ' হয়েছে, শব্দটি 'ইন্' + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই' পরে 'ঈ'।

হিতৈষী: হিতসাধনে ইচ্ছুক। বি। তৎসম। হিত [ধা + ত] + এষী [ইষ + ইন্ (ঈ)]। ৬।১ [সন্ধি] অ + এ = ঐ [তৈ]। ২।১১।ক হিত কামনা করে যে = উপপদতৎ। ৩।৩ বানান: হ্ + ই + ত্ + ঐ + ষ্ + ঈ। বি.দ্র.: ঐ-র পর 'ষ' হয়েছে, শব্দটি 'ইন' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

হিতোপদেশ: কল্যাণকর উপদেশ। বি। তৎসম। হিত [ধা + ত] + উপদেশ [উপ + দিশ্ + অ। ৬।১ [সন্ধি] অ + উ = ও [তো]। ২।৫।ক হিতকর যে উপদেশ = মধ্যপ -কর্মধা। ৩।২ বানান: হ্ + ই + ত্ + ও + প্ + অ + দ্ + এ + শ্ + অ। বি.দ্র.: ত্ + ও = তো।

হিতোপদেষ্টা: কল্যাণকর উপদেশদাতা বিণ। তৎসম। হিত [ধা + ত] + উপদেষ্টা [উপ + দিশ্ + তা (তৃ = তৃচ্)]। ৬।১ [সন্ধি] অ + উ = ও [তো]। ২।৫।ক হিত উপদেশ দেন যিনি = উপপদতৎ। ৩।৩ বানান: হ্ + ই + ত + ও + প্ + অ + দ্ + এ + ষ্ + ট্ + আ। বি.দ্র.: 'এ'-র র পব 'ষ' হয়েছে এবং 'ষ'-এর সঙ্গে সন্ধির ফলে ত্ [তৃচ্] 'ট' হয়েছে। ৪।২।ক, ২।২৪

হিন্তাল: হেঁতাল গাছ। বি। তদ্ভব। <সং. হীন্তাল। বানান: হ্ + ই + ন + ত্ + আ + ল্ + অ। বি.দ্র.: ন্ + ত্ + আ = ন্তা।

হিন্দি, হিন্দী: উত্তর ভারতের প্রধান ভাষা। বি। বিদেশী। <ফা. হিন্দী। বাংলা বানান: হ্ + ই + ন্ + দ্ + ই, ঈ। বি.দ্র.: ন্ + দ্ + ই = ন্দি, ন্ + দ্ + ঈ = ন্দী।

হিন্দু: ভারতের সিন্ধুতীরে বাসকারী জাতি। বি। বিদেশী। <ফা. হিন্দু <সং. সিন্ধু। বাংলা বানান:

হ্ + ই + ন্ + দ্ + উ। বি.দ্র.: ন্ + দ্ + উ = ন্দু।

হিন্দুত্ব: হিন্দুয়ানি। বি। বিদেশী। হিন্দু [<ফা. হিন্দু <সং. সিন্ধু] + ত্ব। বানান: হ্ + ই + ন্ + দ্ + উ + ত্ + ব্ + অ। বি.দ্র.: ন্ + দ্ + উ = ন্দু, ত্ + ব্ + অ = ত্ব।

হিন্দুয়ানা, হিন্দুয়ানি: হিন্দুসুলভ আচার-আচরণ। বি। বিদেশী। ফা. হিন্দু + বাং. আনা, আনি। ৬।৩ বানান: হ্ + ই + ন্ + দ্ + উ + য় + আ + ন্ + আ, ই। বি.দ্র.: ন্ + দ্ + উ = ন্দু।

হিন্দু-সমাজ: হিন্দুধর্মাবলম্বী সম্প্রদায়। বি। মিশ্র [বিদেশী + তৎসম]। ফা. হিন্দু + সং. সমাজ [সম্ + অজ্ + অ]। ৬।১ হিন্দুদের সমাজ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: হ্ + ই + ন্ + দ্ + উ + স্ + অ + ম্ + আ + জ্ + অ।

হিন্দুস্থান: ভারতবর্ষ। বি। মিশ্র [বিদেশী + তৎসম] ফা. হিন্দু + সং. স্থান [স্থা + অন]। ৬।১ অথবা, <ফা. হিন্দুস্তান্। হিন্দুদের স্থান [দেশ] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: হ্ + ই + ন্ + দ্ + উ + স্ + থ্ + আ + ন্ + অ। বি.দ্র.: স্ + থ্ + আ = স্থা।

হিন্দুস্থানী: উত্তর-ভারতের হিন্দুস্থানের অধিবাসী। বি,বিণ। হিন্দুস্থান ['হিন্দুস্থান' দ্রষ্টব্য]+ ঈ। ৬।২ বানান: হ্ + ই + ন্ + দ্ + উ + স্ + থ্ + আ + ন্ + ঈ। বি.দ্র.: স্ + থ্ + আ = স্থা।

হিন্দোল, হিন্দোলা: ঝুলন, [সঙ্গীতের] রাগ। বি। তৎসম। হিন্দোল + অ, আ। ৬।২ বানান: হ্ + ই + ন্ + দ্ + ও + ল্ + অ, আ। বি.দ্র.: ন্ + দ্ + ও = ন্দো।

হিবা: মুসলমান শাস্ত্রসম্মত দান। বি। বিদেশী। <আ. হিব্‌হ্। বাংলা বানান: হ্ + ই + ব্ + আ।

হিবানামা: দানপত্র। বি। বিদেশী। হিবা [আ] + নামা [<ফা. নামহ্]। বাংলা বানান: হ্ + ই + ব্ + আ + ন্ + আ + ম্ + আ

হিব্রু: ইহুদিদের প্রাচীন ভাষা। বি। বিদেশী। <ইং. Hebrew বাংলা বানান: হ্ + ই + ব্ + র্ + উ। বি.দ্র.: ব্ + র্ + উ = ব্রু।

হিম: শিশির। বি। তৎসম। [হিম + অ]। ৬।২ বানান: হ্ + ই + ম্ + অ।

হিমগিরি: হিমালয়। বি। তৎসম। হিম + গিরি [গৃ + ই]। ৬।১ হিমপূর্ণ গিরি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান: হ্ + ই + ম্ + অ + গ্ + ই + র্ + ই।

হিমপাত: তুষারপাত। বি। তৎসম। হিম + পাত [পত্ + অ]। ৬।১ হিমের পাত = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: হ্ + ই + ম্ + অ + প্ + আ + ত্ + অ।

হিমবান: হিমালয়। বি। তৎসম। হিম + বান [বৎ <বতুপ]। ৬।২ বানান: হ্ + ই + ম্ + অ + ব্ + আ + ন্। বি.দ্র.: বাংলায় শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

হিমবাহ: পর্বতগাত্রে প্রবহমান নিম্নগতি তুষার-স্রোত [glacier]। বি। তৎসম। হিম + বাহ [বহ্ + অ]। ৬।১ বানান: হ্ + ই + ম্ + অ + ব্ + আ + হ্ + অ।

হিমমণ্ডল: দুই মেরুর সন্নিহিত তুষারাচ্ছন্ন ভূ-ভাগ। বি। তৎসম। হিম + মণ্ডল [মণ্ড্ + অল]। ৬।১ হিমের মণ্ডল = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: হ্ + ই + ম্ + অ + ম্ + অ + ণ্ + ড্ + অ + ল্ + অ।

হিমরেখা: পর্বতাদির যে রেখার উপরিস্থিত অংশ সর্বদা তুষারবৃত। বি। তৎসম। হিম + রেখা [লিখ্ (ল = র্) + অ + আ]। ৬।১ হিমের রেখা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: হ্ + ই + ম্ + অ + র্ + এ + খ্ + আ।

হিমসিম: হয়রান অবস্থা। বি। দেশী। বানান: হ্ + ই + ম্ + স্ + ই + ম্। বি.দ্র.: শব্দ-মধ্যের এবং শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

হিমশিলা : করকা। বি। তৎসম। হিম + শিলা [শিল্ + অ + আ]। ৬।১ হিমময় শিলা = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + ই + ম্ + অ + শ্ + ই + ল্ + আ।

হিমশীতল : বরফের মতো ঠাণ্ডা। বিণ। তৎসম। হিম + শীতল [শীত + ল]। ৬।২ হিমের মতো শীতল = উপমান কর্মধা। ৩।২ বানান : হ্ + ই + ম্ + অ + শ্ + ঈ + ত্ + অ + ল্ + অ।

হিমশৈল : হিমালয়। বি। তৎসম। হিম + শৈল [শিলা + অ]। ৬।২ হিমময় শৈল = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + ই + ম্ + অ + শ্ + ঐ + ল্ + অ।

হিমসাগর : তুষার-সমুদ্র, এক প্রকার আম। বি। তৎসম। হিম + সাগর [সগর + অ]। ৬।২ হিমময় সাগর = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + ই + ম্ + অ + স্ + আ + গ্ + অ + র্ + অ।

হিমাংশু : চন্দ্র। বি। তৎসম। হিম + অংশু। [সন্ধি] অ + অ = আ [মা]। ২।১।ক হিম [শীতল] অংশু [কিরণ] যার = বহুব্রী। ৩।৫ বানান : হ্ + ই + ম্ + আ + ং + শ্ + উ।

হিমাগম : হেমন্তকাল। বি। তৎসম। হিম + আগম [আ + গম্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [মা]। ২।১।খ হিমের [শীতের] আগম [আগমন = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + ই + ম্ + আ + গ্ + অ + ম্ + অ।

হিমাঙ্গ : তাপহীন দেহবিশিষ্ট। বিণ। তৎসম। হিম + অঙ্গ [অঙ্গ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [মা]। ২।১।ক হিম [শীতল] অঙ্গ যার = বহুব্রী। ৩।৫ বানান : হ্ + ই + ম্ + আ + ঙ্ + গ্ + অ। ঙ + গ্ + অ = ঙ্গ।

হিমাচল : পাঞ্জাবের উত্তরপূর্বস্থ রাজ্য। বি। তৎসম। হিম + অচল [ন + চল্ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [মা]। ২।১।ক হিমময় অচল [পর্বত] = মধ্যপ -কর্মধা। ৩।২ বানান : হ্ + ই + ম্ + আ + চ্ + অ + ল্ + অ।

হিমাদ্রি : হিমালয়-পর্বত। বি। তৎসম। হিম + অদ্রি [অদ্ + রি]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [মা]। ২।১।ক হিমময় অদ্রি = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + ই + ম্ + আ + দ্ + র্ + ই। বি.দ্র. : দ্ + র্ + ই = দ্রি।

হিমানী : বরফ বি। তৎসম। হিম + আনী। ৬।২ বানান : হ্ + ই + ম্ + আ + ন্ + ঈ।

হিমালয় : হিমগিরি। বি। তৎসম। হিম + আলয় [আলি + অ]। ৬।১ [সন্ধি] অ + আ= আ [মা] ২।১।খ হিমের আলয়= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + ই + ম্ + আ + ল্ + অ + য্ + অ।

হিমালয়-নন্দিনী : দুর্গাদেবী। বি। তৎসম। হিমালয় ['হিমালয়' দ্রষ্টব্য] + নন্দিনী [নন্দ্ + ইন্ + ঈ (স্ত্রী)]। ৬।১ হিমালয়ের নন্দিনী [কন্যা]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + ই + ম্ + আ + ল্ + অ + য্ + অ + ন্ + অ + ন্ + দ্ + ই + ন্ + ঈ। বি.দ্র.. : ন্ + দ্ + ই= ন্দি, ন্ + ঈ= নী। শব্দটি ইন্ + ঈ= 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

হিমেল : হিম-শীতল। বিণ। তদ্ভব। হিম + বাং. এল। ৬।৩ বানান : হ্ + ই + ম্ + এ + ল্ + অ।

হিম্মত, হিম্মৎ : বীরত্ব। বি। বিদেশী। < আ. হিম্মত্। বাংলা বানান : হ্ + ই + ম্ + ম্ = অ + ত্ [ৎ]। বি.দ্র.: ম্ + ম্ + অ= ম্ম। শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

হিয়া : 'হৃদয়'-এর কোমল পদ্য রূপ। বি। তদ্ভব। < সং. হৃদয়। বানান : হ্ + ই + য্ + আ।

হিরণ্ময় : সোনালী। বিণ। তৎসম। হিরণ্য [হর্ (কান্তিময় হওয়া) + অন্য ('অ' লুপ্ত), হর্ (=হির্) + ময় (ময়ট্)। হির্ + অন্ + ময়। ৬।১, ৬।২ হিরণ্য [সোনা] দ্বারা ময় [পূর্ণ]=

করণতৎ। ৩।৩ বানান: হ্ + ই + র্ + অ + ণ্ + ম্ + অ + য্ + অ। বি.দ্র.: 'র' ও 'ন'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

হিরণ্য: স্বর্ণ। বি। তৎসম। হর্য্ [কান্তিময় বা সুন্দর হওয়া] + অন্য। ৬।১ হর্য্= হির্; কাজেই, হির্ + অন্য। বানান: হ্ + ই + র্ + অ + ণ্ + য্ + অ। বি.দ্র.: 'র্' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ ণ্ + য্ + অ= ণ্য।

হিরণ্যকশিপু: দৈত্যরাজ প্রহ্লাদের পিতা। বি। তৎসম। বানান: হ্ + ই + র্ + অ + ণ্ + য্ + অ + ক্ + অ + শ্ + ই + প্ + উ। বি.দ্র.: : 'র' ও 'ন্'-এর মধ্যে 'অ' থাকায় 'ন্' 'ণ্' হয়েছে। ৪।১।গ

হিরণ্যগর্ভ: সৃষ্টির আদি পুরুষ। বি, বিণ। তৎসম। হিরণ্য ['হিরণ্য' দ্রষ্টব্য] + গর্ভ [গৃ + ভ]। ৬।১ হিরণ্য গর্ভে যার= বহুব্রী। ৩।৫ বানান: হ্ + ই + র্ + অ + ণ্ + য্ + অ + গ্ + অ + র্ + ভ্ + অ। বি.দ্র.: ণ্ + য্ + অ= ণ্য, র্ + ভ্ + অ= র্ভ।

হিরাকস: লৌহকষ। বি। বিদেশী। < ফা. হিরাকশ্। বাংলা বানান: হ্ + ই + র্ + আ + ক্ + অ + স্। বি.দ্র.: শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত।

হিল্লা, হিল্লে: ব্যবস্থা। বি। বিদেশী। < আ. হীলা। বাংলা বানান: হ্ + ই + ল্ + ল্ + আ [এ]। বি.দ্র.: ল্ + ল্ + আ= ল্লা, ল্ + ল্ + এ= ল্লে।

হিল্লোল: দোলন। বি। তৎসম। হিল্লোল + অ। ৬।২ বানান: হ্ + ই + ল্ = ল্ + ও + ল্ + অ। বি.দ্র.: ল্ + ল্ + ও= ল্লো।

হিল্লোলিত: আন্দোলিত। বিণ। তৎসম। হিল্লোল + ইত। ৬।২ বানান: হ্ + ই + ল্ + ল্ + ও + ল্ + ই + ত্ + অ। বি.দ্র.: ল্ + ল্ + ও= ল্লো।

হিসাব, হিসেব: জমা-খরচের বিবরণ। বি। বিদেশী। < আ. হিসাব্। বাংলা বানান: হ্ + ই + স্ + আ [এ] + ব্। বি.দ্র.: স্ + আ= সা, স্ + এ= সে। শব্দান্তের 'ব' হসন্ত-বর্জিত।

হিসাবকিতাব, হিসাবকেতাব: আয়-ব্যয়ের লিখিত বিবরণ পত্র। বি। বিদেশী। হিসাব ['হিসাব' দ্রষ্টব্য] + কিতাব [< আ. কিতাব্]। বাংলা বানান: হ্ + ই + স্ + আ + ব্ + ক্ + ই [এ] + ত্ + আ + ব্। বি.দ্র.: শব্দান্তের 'ব' হসন্ত-বর্জিত।

হিসাব-নবিস: জমাখরচ লেখক। বি। বিদেশী। হিসাব ['হিসাব' দ্রষ্টব্য] + নবিস [< ফা. নবীস, নবীশ্]। বাংলা বানান: হ্ + ই + স্ + আ + ব্ + ন্ + অ + ব্ + ই + স্। শব্দ-মধ্যের 'ব' এবং শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত।

হিসাব-নিকাশ: আয়ব্যয়ের চূড়ান্ত নির্ধারণ। বি। মিশ্র [বিদেশী + তৎসম]। হিসাব ['হিসাব' দ্রষ্টব্য] + সং. নিকাশ [নি + কাশ্ + অ]। ৬।১ হিসাবের নিকাশ [সারা]= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: হ্ + ই + স্ + আ + ব্ + ন্ + ই + ক্ + আ + শ্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'প' ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হিসাব-পরীক্ষক: হিসাব পরীক্ষাকারী। [auditor]। বি। মিশ্র [বিদেশী + তৎসম]। হিসাব ['হিসাব' দ্রষ্টব্য] + সং. পরীক্ষক [পরি + ঈক্ষক (ঈক্ষ্ + অক)]। ৬।১ [সন্ধি] ই + ঈ = ঈ [রী]। ২।১।খ হিসাবের পরীক্ষক= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: হ্ + ই + স্ + আ + ব্ + প্ + অ + র্ + ঈ + ক্ + ষ্ + অ + ক্ + অ। বি.দ্র.: র্ + ঈ= রী, ক্ + ষ্ + অ= ক্ষ।

হিসাব-পরীক্ষা: জমাখরচের হিসাবের ভুলত্রুটি পরীক্ষা [audit]। বি। মিশ্র [বিদেশী + তৎসম] + হিসাব ['হিসাব' দ্রষ্টব্য] + পরীক্ষা [পরি

+ ঈক্ষা [ঈক্ষ্ + অ + আ]। ৬।১ [সন্ধি] ই + ঈ= ঈ [রী]। ২।১।খ হিসাবের পরীক্ষা= সম্বন্ধতৎ। ৩।৩ বানান: হ্ + ই + স্ + আ + ব্ + প্ + অ + র্ + ঈ + ক্ + ষ্ + আ। বি.দ্র.. র্ + ঈ= রী, ক্ + ষ্ + আ= ক্ষা।

হিসাবি, হিসাবী, হিসেবি, হিসেবী: আয় বুঝে ব্যয়কারী। বিণ। বিদেশী। হিসাব ['হিসাব' দ্রষ্টব্য] + বাং. ই, ঈ। হিসাবি > হিসেবি, হিসাবী > হিসেবী। বানান: হ্ + ই + স্ + আ, এ + ব্ + ই, ঈ।

হিস্টিরিয়া: মূর্চ্ছারোগ। বি। বিদেশী। < ইং. hysteria বাংলা বানান: হ্ + ই + স্ + ট্ + ই + র্ + ই + য্ + আ। বি.দ্র.: স্ + ট্ + ই= স্টি। বিদেশী শব্দে 'ট'-এর আগে 'স্' হয়েছে।

হিস্যা, হিস্যে: প্রাপ্য ভাগ। বি। বিদেশী। < আ. হিস্‌স। বাংলা বানান: হ্ + ই + স্ + য্ + আ, এ। বি.দ্র.. স্ + য্ + আ= স্যা, স্ + য্ + এ= স্যে।

হিস্‌সা: প্রাপ্য ভাগ। বি। বিদেশী। 'হিস্যা' দ্রষ্টব্য।

হিস্‌সাদার: অংশীদার। বি, বিণ। বিদেশী। হিস্‌সা [< আ. হিস্‌স] + দার [< ফা. দার]।

হিহি: উচ্চহাসি বা শীতে কাঁপার ধ্বনি। অব্য। দেশী। বানান: হ্ + ই + হ্ + ই।

হীন: শূন্য, নীচ। বিণ। তৎসম। হা + ত। ৬।১ বানান: হ্ + ঈ + ন্ + অ। বি.দ্র.: হ্ + ঈ= হী।

হীনতা: শূন্যতা, নীচতা। বি। তৎসম। হীন ['হীন' দ্রষ্টব্য] + তা। ৬।২ বানান: হ + ঈ + ন্ + অ + ত্ + আ। বি.দ্র.: হ্ + ঈ= হী।

হীনম্মন্যতা: নিজের সম্পর্কে হীনতাবোধ [inferiority complex]। বি। তৎসম। হীনম্ + মন্যতা [মন্ + য (যৎ) + তা]। [সন্ধি] ম্ + ম= ম্ম। বানান: হ্ + ঈ + ন্ + অ + ম্ + ম্ + অ + ন্ + য্ + অ + ত্ + আ। বি.দ্র.: হ্ + ঈ= হী, ম্ + ম্ + অ= ম্ম, ন্ + য্ + অ= ন্য।

হীনযান: বৌদ্ধধর্মের প্রাচীন শাখা। বি। তৎসম। হীন [হা + ত] + যান [যা + অন]। ৬।১ হীন যে যান [গমন, যাত্রা]= কর্মধা। ৩।৩ বানান: হ্ + ঈ + ন্ + অ + য্ + আ + ন্ + অ।

হীনা: শূন্যা। বিণ। তৎসম। হীন [হা + ত] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান: হ্ + ঈ + ন্ + আ।

হীনাবস্থ: দুর্দশাগ্রস্ত। বিণ। তৎসম। হীন [হা + ত] + অবস্থ [অব + স্থা + অ]। [সন্ধি] অ + অ= আ [না]। ২।১।ক হীন অবস্থা যার= বহুব্রী। ৩।৫ বানান: হ্ + ঈ + ন্ + আ + ব্ + অ + স্ + থ্ + অ। বি.দ্র.: স্ + থ্ + অ= স্থ।

হীয়মান: ক্ষীয়মাণ, হ্রাসমান। বিণ। তৎসম। হা + মান [শানচ্]। ৬।১ বানান: হ্ + ঈ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: হ্ + ঈ= হী।

হীরক: বহুমূল্য রত্ন। বি। তৎসম। হৃ + অ + ক। ৬।১ বানান: হ্ + ঈ + র্ + অ + ক্ + অ।

হীরক-জয়ন্তী: ষাটবর্ষ পূর্তি উৎসব। হীরক ['হীরক' দ্রষ্টব্য] + জয়ন্তী [জি + অৎ (শতৃ) + ঈ (স্ত্রী)]। ৬।১ Diamond Jubilee-র বাংলা ভাষান্তর। বানান: হ্ + ঈ + র্ + অ + ক্ + অ + জ্ + অ + য্ + অ + ন্ + ত্ + ঈ। বি.দ্র.: ন্ + ত্ + ঈ = ন্তী।

হীরা, হীরে: হীরক। বি। তদ্ভব। <সং হীরক। বানান: হ্ + ঈ + র্ + আ, এ। বি.দ্র.: হ্ + ঈ = হী, র্ + আ = রা, র্ + এ =রে।

হীরামন, হীরেমন: শুক পাখি। বি। বিদেশী। <হি. হীরামন্ + বাংলা বানান: হ্ + ঈ + র্ +

আ, + এ + ম্ + অ + ন্। বি.দ্র.: হ্ + ঈ = হী, র্ + আ = রা, র্ + এ = রে। শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

হুইল: সুতা গুটানোর যুগল-চক্রযুক্ত ছিপ। বি। বিদেশী। <ইং. wheel. বাংলা বানান: হ্ + উ + ই + ল্। বি.দ্র.: হ্ + উ = হু। শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হুংকার: হুঙ্কার। বি। তৎসম। হুম্ + কার [কৃ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + কা = ংকা। ২।২৮ বানান: হ্ + উ + ং + ক্ + আ + র্ + অ। বি.দ্র.: হ্ + উ = হু।

হুঁ: স্বীকৃতি-সূচক শব্দ। অব্য। দেশী। বানান: হুঁ + উ।

হুঁকা, হুঁকো: নলিচা লাগানো নারকেল খোলের তামাক খাওয়ার যন্ত্র [আ. হুক্কা]। বি। বিদেশী। <আ. হুক্কা। বাংলা বানান: হ্ঁ + উ + ক্ + আ, ও। বি.দ্র.: হ্ঁ + উ = হুঁ, ক্ + আ = কা, ক্ + ও = কো।

হুঁকা-বরদার: তামাক সাজার চাকর। বি। বিদেশী। হুঁকা [<আ. হুক্কা] + বরদার [<ফা. বরদার]। বানান: হ্ঁ + উ + ক্ + আ + ব্ + অ + র্ + দ্ + আ + র। বি.দ্র.: হ্ঁ + উ= হুঁ, শব্দ-মধ্যের ও শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হুঁশ: চেতনা। বি। বিদেশী। <ফা. হোশ। বাংলা বানান: হঁ + উ + শ্। বি.দ্র.: হ্ঁ + উ = হুঁ, শব্দান্তের 'শ' হসন্ত-বর্জিত।

হুঁশিয়ার: সতর্ক। বিণ। বিদেশী। <হি. হোশিয়ার। বাংলা বানান: হঁ + উ + শ + ই + য় + আ + র্। বি.দ্র.: হ্ঁ + উ = হুঁ। শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হুঁশিয়ারি: সতর্কতা। বি। বিদেশী। হুঁশিয়ার [<হি. হোশিয়ার] + বাং. ই। ৬।৩ বানান: হ্ঁ + উ + শ্ + ই + য় + আ + র্ + ই। বি.দ্র.: হ্ঁ + উ = হুঁ।

হুক: বাঁকা লোহার অঙ্কুশ। বি। বিদেশী। <ইং. hook বাংলা বানান: হ্ + উ + ক্। বি.দ্র.: হ্ + উ = হু, শব্দান্তের 'ক' হসন্ত-বর্জিত।

হুকুম: আদেশ। বি। বিদেশী। <আ. হুকুম। বাংলা বানান: হ্ + উ + ক্ + উ + ম্। বি.দ্র.: হ্ + উ = হু। শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

হুকুমজারি: হুকুম-প্রচার। বি। বিদেশী। হুকুম [<আ. হুকুম] + জারি [<ফা. যারী]। বাংলা বানান: হ্ + উ + ক্ + উ + ম্ + জ্ + আ + র্ + ই। বি.দ্র.: হ্ + উ = হু। শব্দ-মধ্যের 'ম' হসন্ত-বর্জিত।

হুকুমত, হুকুমৎ, হুকমত, হুকমৎ: সরকার। বি। বিদেশী। <আ. হুকুমৎ। বাংলা বানান: হ্ + উ + ক্ + [উ] + ম্ + অ + ত্ [ৎ]। বি.দ্র.: হ্ + উ = হু। শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

হুকুম-তামিল: আদেশপালন। বি। বিদেশী। হুকুম ['হুকুম' দ্রষ্টব্য] + তামিল [<আ. তা আমীল]। বাংলা বানান: হ্ + উ + ক্ + উ + ম্ + ত্ + আ + ম্ + ই + ল্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ম' এবং শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হুকুমনামা: আদেশপত্র। বি। বিদেশী। হুকুম['হুকুম' দ্রষ্টব্য] + নামা [<ফ. নামহ্]। বাংলা বানান: হ্ + উ + ক্ + উ + ম্ + ন্ + আ + ম্ + আ। বি.দ্র.: হ্ + উ = হু। শব্দ-মধ্যের 'ম' হসন্ত-বর্জিত।

হুকুম-বরদার: হুকুম তামিলকারী। বিণ। বিদেশী। হুকুম ['হুকুম' দ্রষ্টব্য] + বরদার [<ফা. বরদার্]। বাংলা বানান: হ্ + উ + ক্ + উ + ম্ + ব্ + অ + র্ + দ্ + আ + র্। বি.দ্র.: শব্দ-মধ্যের 'ম' ও 'র' এবং শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হুকুমরদ: হুকুম বাতিল। বি। বিদেশী। হুকুম ['হুকুম' দ্রষ্টব্য] + রদ [<আ. রদ্]। বাংলা বানান: হ্ + উ + ক্ + উ + ম্ + র্ + অ + দ্। বি.দ্র.: হ্ + উ = হু, শব্দ-মধ্যের 'ম' এবং শব্দান্তের 'দ' হসন্ত-বর্জিত।

হুঙ্কার: গর্জন। বি। তৎসম। হুম্ + কার [কৃ + অ]। ৬।১ [সন্ধি] ম্ + কা = ঙ্কা। ২।২৮ বানান:

হ্ + উ + ঙ্ + ক্ + আ + র্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + আ = ঙ্কা।

হুঙ্কৃত: গর্জিত। বিণ। তৎসম। হুম্ + কৃত [কৃ + ত]। ৬।১ [সন্ধি] ম্ + ক্ = ঙ্ক। ২।২৮ বানান: হ্ + উ + ঙ্ + ক্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: ঙ্ + ক্ + ঋ = ঙ্কৃ।

হুজুক, হুজুগ: কোনো বিষয়ে ব্যাপক উত্তেজনা। বি। বিদেশী। <আ. হুজুম্। বাংলা বানান: হ্ + উ + জ্ + উ + ক্, গ। বি.দ্র.: হ্ + উ = হু, শব্দান্তের 'ক' বা 'গ' হসন্ত-বর্জিত।

হুজুকে, হুজুগে: হুজুকপ্রিয়। বিণ। বিদেশী। হুজুক, হুজুগ ['হুজুক' বা 'হুজুগ' দ্রষ্টব্য] + বাং. এ। ৬।৩ বাংলা বানান: হ্ + উ + জ্ + উ + ক্, গ্ + এ। বি.দ্র.: হ্ + উ = হু, ক্ + এ = কে, গ্ + এ = গে।

হুজুর: প্রভু। বি। বিদেশী। <আ. হুজুর্। বাংলা বানান: হ্ + উ + জ্ + উ + র্। বি.দ্র.: হ্ + উ = হু, শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হুজ্জত, হুজ্জৎ: গোলমাল। বি। বিদেশী। <আ. হুজ্জত্। বাংলা বানান: হ্ + উ + জ্ + জ্ + অ + ত্, ৎ। বি.দ্র.: হ্ + উ = হু, জ্ + জ্ + অ = জ্জ, শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

হুজ্জতি, হুজ্জতী, হুজ্জুতী: গোলমালকারী। বি। বিদেশী। <আ. হুজ্জত্ + বাং. ই, ঈ। বানান: হ্ + উ + জ্ + জ্ + অ, উ + ত্ + ই, ঈ। বি.দ্র.: হ্ + উ = হু, জ্ + জ্ + অ = জ্জ, জ্ + জ্ + উ = জ্জু, ত্ + ই = তি, ত্ + ঈ = তী।

হুট্: তড়িঘড়ি। অব্য। দেশী। বানান: হ্ + উ + ট্। বি.দ্র.: হ্ + উ = হু, শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

হুটোপাটি: হুড়োহুড়ি। বি। দেশী। বানান: হ্ + উ + ট্ + ও + প্ + আ + ট্ + ই। বি.দ্র.: হ্ + উ = হু।

হুড়: ভিড়। বি। দেশী। বানান: হ্ + উ + ড়্। বি.দ্র.: হ্ + উ = হু। শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

হুড়কা, হুড়কো: কপাটের খিল। বি। তদ্ভব। <সং হুড়ুক্ক। বানান: হ্ + উ + ড়্ + ক্ + আ, ও। বি.দ্র.: হ্ + উ = হু।

হুড়কা, হুড়কো: পতিসংসগভীতা। বিণ। দেশী। বানান: হ্ + উ + ড়্ + ক্ + আ, ও। বি.দ্র.: হ্ + উ = হু, ক্ + আ = কা, ক্ + ও = কো। শব্দ-মধ্যের 'ড়' হসন্ত-বর্জিত।

হুড়মুড়: *ঠেলাঠেলি করে প্রবেশ*, অনেকগুলি বৃহৎ ও ভারী জিনিসের পতনাদির সূচক। অব্য। দেশী। বানান: হ্ + উ + ড়্ + ম্ + উ + ড়্। বি.দ্র.: হ্ + উ = হু, শব্দ-মধ্যের এবং শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

হুড়হুড়: সবেগে জলপতনের শব্দ। অব্য। দেশী। বানান: হ্ + উ + ড়্ + হ্ + উ + ড়্। বি.দ্র.: হ্ + উ = হু। শব্দ-মধ্যের ও শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

হুড়া, হুড়ো: *ঠেলা*। বি। তদ্ভব। <সং. হুড়্ + বাং. আ। ৬।১ বানান: হ্ + উ + ড়্ + আ। বি.দ্র.: হ্ + উ = হু।

হুড়াহুড়ি: *ঠেলাঠেলি*। বি। তদ্ভব। <সং. হুড়্ + বাং. আ + হুড়্ + বাং. ই। বানান: হ্ + উ + ড়্ + আ + হ্ + উ + ড় + ই। বি.দ্র.: হ্ + উ = হু।

হুড়ুম: মুড়ির মতো ফুলিয়ে ভাজা চিঁড়া। বি। তৎসম। <সং. হুড়ুম্ব। বানান: হ্ + উ + ড়্ + উ + ম্ + অ। বি.দ্র.: হ্ + উ = হু, ড়্ + উ = ড়ু।

হুন্ডি: হ্যান্ডনোট। বি। বিদেশী। বাংলা বানান: হ্ + উ + ন্ + ড্ + ই। বি.দ্র.: হ্ + উ = হু, ন্ + ড্ + ই = ডি। বিদেশী শব্দে 'ড'-এর আগে 'ন' হয়েছে।

হুত: হোমাগ্নিতে অর্পিত। বিণ। তৎসম। হু [হোম বা আহুতি করা] + ত। ৬।১ বানান: হ্ + উ + ত্ + অ। বি.দ্র.: হ্ + উ = হু।

হুতাগ্নি: প্রজ্বলিত হোমাগ্নি। বি। তৎসম। হুত [হু (হোম বা আহুতি করা) + ত] + অগ্নি [অগ্ + নি + ক]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [তা]। ২।১।খ হুত যে অগ্নি = কর্মধা। ৩।২ বানান: হ্ + উ + ত্ + আ + গ্ + ন্ + ই। বি.দ্র.: হ্ + উ = হু, গ্ + ন্ + ই = গ্নি।

হুতাশ: হতাশার অভিব্যক্তি। বি। তদ্ভব। <সং. হুতাশ। হুত [<সং. হুত] + আশা [আশ্ + অ + আ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [তা]। ২।১।খ হুত [আহুতি-প্রদত্ত] আশা যার [হুতাশ] = বহুব্রী। ৩।৫ বানান: হ্ + উ + ত্ + আ +শ্ + অ। বি.দ্র.: হ্ + উ = হু।

হুতাশন, হুতাশ: অগ্নি। বি। তৎসম। হুত [হু (হোম বা আহুতি করা) + ত] অশন, আশ [অশ্ *(খাওয়া) + অন, অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [তা]। ২।১।খ হুত [দ্রব্য] অশন, আশ [খাদ্য] যার [অগ্নি] = বহুব্রী। ৩।৫। বানান: হ্ + উ + ত্ + আ + শ্ + অ, + ন্ + অ। বি.দ্র.: হ্ + উ = হু।*

হুতি: হোম। বি। তৎসম। হু [হোম বা আহুতি করা] + তি। ৬।১ বানান: হ্ + উ + ত্ + ই। বি.দ্র.: হ্ + উ = হু।

হুতোম: বিকট রবকারী বৃহদাকার পেঁচা। বি। দেশী। বানান: হ্ + উ + ত্ + ও + ম্। বি.দ্র.: হ্ + উ = হু, ত্ + ও-তো, শব্দান্তের 'ম' হসন্ত-বর্জিত।

হুতোমি, হুতোমী: কালীপ্রসন্ন সিংহ-ব্যবহৃত। বিণ। দেশী। হুতোম ['হুতোম' দ্রষ্টব্য] + বাং. ই, ঈ। বানান: হ্ + উ + ত্ + ও + ম্ + ই , ঈ। বি.দ্র.: হ্ + উ = হু, ত্ + ও = তো, ম্ + ই, ঈ = মি, মী।

হুপ্: বানরের ডাক। অব্য। দেশী। বানান: হ্ + উ + প্। বি.দ্র.: হ্ + উ = হু। শব্দান্তের 'প্' হসন্ত-যুক্ত।

হুপো: এক প্রকার ঝুঁটিওয়ালা পাখি। বি। বিদেশী। <ইং. Hoopoe.বাংলা বানান: হ্ + উ + প্ + ও। বি.দ্র.: হ্ + উ = হু, প্ + ও = পো।

হুবহু: অবিকল। বিণ। বিদেশী। <আ. হু. ব. হু। বাংলা বানান: হ্ + উ + ব্ + অ + হ্ + উ। বি.দ্র.: হ্ + উ = হু।

হুমকি: ভীতি প্রদর্শন। বি। তদ্ভব। <সং. হুঙ্কৃতি। বানান: হ্ + উ + ম্ + ক্ + ই। বি.দ্র.: হ্ + উ = হু। শব্দ-মধ্যের 'ম' হসন্ত-বর্জিত।

হুমড়ি: উপুড়। বি। দেশী। বানান: হ্ + উ + ম্ + ড় + ই। বি.দ্র.: হ্ + উ = হু, শব্দ-মধ্যের 'ড়' হসন্ত-বর্জিত।

হুরি, হুরী: স্বর্গের পরী। বি। বিদেশী। <আ. হুর্। বাংলা বানান: হ্ + উ + র্ + ই, ঈ। বি.দ্র.: হ্ + উ = হু।

হুল: কীটপতঙ্গাদির পেছনের তীক্ষ্ণাগ্র বিষাক্ত কাঁটা। বি। তদ্ভব। <সং. *শূল*। বানান: হ্ + উ + ল্ + অ। বি.দ্র.: হ্ + উ = হু।

হুলস্থুল, হুলস্থূল: হৈ-চৈ। বি। তদ্ভব। <সং. হুলহুলী। বানান: হ্ + উ + ল্ + স্ + থ্ + উ + ল্, হ্ + উ + ল্ + স্ + থ্ +

উ + ল্। বি.দ্র.: হ্ + উ = হু। শব্দ-মধ্যের ও শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হুলা, হুলো: মর্দা বিড়াল। বি। তদ্ভব। সং. হোল বাং. উয়া [= হোলুয়া]। >হুলা, হুলো। বানান: হ্ + উ + ল্ + আ, ও। বি.দ্র.: হ্ + উ = হু।

হুলাহুলি: কোলাহল। বি। তদ্ভব। <সং. হুলহুলী। বানান: হ্ + উ + ল্ + আ + হ্ + উ + ল্ + ই। বি.দ্র.: হ্ + উ = হু।

হুলিয়া: পলাতক আসামীকে ধরবার জন্য তার চেহারার বর্ণনাসহ বিজ্ঞাপন। বি। বিদেশী। <আ. হুল্‌য়হ্। বাংলা বানান: হ্ + উ + ল্ + ই + য্ + আ। বি.দ্র.: হ্ + উ = হু।

হুলু, উলু: জোকাব। বি। তদ্ভব। <সং. হুলহুলী। বানান: হ্ + উ + ল্ + উ, উ + ল্ + উ। বি.দ্র.: হ্ + উ = হু, ল্ + উ = লু।

হুল্লোড়: ভিড় সহকারে হল্লা। বি। দেশী। বানান: হ্ + উ + ল্ + ল্ + ও + ড়। বি.দ্র.: হ্ + উ = হু। ল্ + ল্ + ও = ল্লো। শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

হুস, হুস্: হঠাৎ উড়ে যাওয়ার ভাবসূচক। অব্য। দেশী। বানান: হ্ + উ + স্ + অ। বি.দ্র.: হ্ + উ = হু। শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত বা হসন্তযুক্ত দুই-ই হয়।

হুহু: বেগে বাতাস বইবার শব্দ, শূন্যতাবোধ-সূচক। অব্য। দেশী। বানান: হ্ + উ + হ্ + উ। বি.দ্র.: হ্ + উ = হু।

হুঙ্কার, হুংকার: গর্জন। বি। তৎসম। <সং. হুঙ্কার। বানান: হ্ + উ + ঙ্ + ক্ + আ + র্ + অ। বি.দ্র.: হ্ + উ = হু, ঙ্ + ক্ + আ = ঙ্কা।

হূত: আহূত। বিণ। তৎসম। <হ্বে [ডাকা, আহ্বান করা] + ত। ৬।১ বানান: হ্ + ঊ + ত্ + অ। বি.দ্র.: হ্ + ঊ = হূ।

হূতি: আহ্বান। বিণ। তৎসম। হ্বে [ডাকা, আহ্বান করা] + তি। ৬।১ বানান: হ্ + ঊ = হূ।

হূন: চীনের পার্শ্ববর্তী অঞ্চলবাসী প্রাচীন জাতি [সং.]। বি। তৎসম। <সং. হূন, হূণ। বানান: হ্ + ঊ + ন্ + অ। বি.দ্র.: হ্ + ঊ = হূ।

হূয়মান: যাকে আহ্বান করা হচ্ছে। বিণ। তৎসম। হ্বে [ডাকা, আহ্বান করা] মান [শানচ্]। ৬।১ বানান: হ্ + ঊ + য্ + অ + ম্ + আ + ন্ + অ। বি.দ্র.: হ্ + ঊ = হূ।

হৃত: অপহৃত। বিণ। তৎসম। হৃ [হরণ করা] + ত। ৬।১ বানান: হ্ + ঋ + ত্ + অ। বি.দ্র.: হ্ + ঋ = হৃ।

হৃতসর্বস্ব: যার সর্বস্ব চুরি হয়ে গেছে। বিণ। তৎসম। হৃত [হৃ + ত] + সর্বস্ব [সর্ব + স্ব]। ৬।১ হৃত সর্বস্ব যার = বহুব্রী। ৩।৫ বানান: হ্ + ঋ + ত্ + অ + স্ + অ + র্ + ব্ + অ + স্ + ব্ + অ। বি.দ্র.: হ্ + ঋ = হৃ, র্ + ব্ + অ = র্ব, স্ + ব্ + অ = স্ব।

হৃতাধিকার: ভ্রষ্টপ্রভুত্ব। বিণ। তৎসম। হৃত [হৃ + ত] + অধিকার [অধি + কৃ + অ]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [তা]। ২।১।ক হৃত অধিকার যার = বহুব্রী। ৩।৫ বানান: হ্ + ঋ + ত্ + আ + ধ্ + ই + ক্ + আ + র্ + অ। বি.দ্র.: হ্ + ঋ = হৃ, ত্ + আ।

হৃৎ: হৃদয়। বি। তৎসম। <সং. হৃদ্। বানান: হ্ + ঋ + ৎ। বি.দ্র.: হ্ + ঋ = হৃ।

হৃৎকমল: হৃদয়রূপ পদ্ম। বি। তৎসম। হৃৎ + কমল [কম্ (জলকে) + অল (অলংকৃত

করে)]। ৬৷১ হৃদ্রূপ কমল = রূপক-কর্মধা। ৩৷২ বানান: হ্ + ঋ + ৎ + ক্ + অ + ম্ + অ + ল্ + অ। বি.দ্র.: 'ৎ' অপরিবর্তিত আছে পরবর্তী 'ক'-এর সঙ্গে সন্ধি হয়নি।

হৃৎকম্প: হৃৎপিণ্ডের কম্প [ভয়ে]। বি। তৎসম। কম্প = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: হ্ + ঋ + ৎ + ক্ + অ + ম্ + প্ + অ। বি.দ্র.: হ্ + ঋ = হৃ, ম্ + প্ + অ = ম্প। 'ৎ' অপরিবর্তিত আছে, 'ক'-এর সঙ্গে সন্ধি হয়নি।

হৃৎপিণ্ড: বুকের স্পন্দনশীল রক্ত-সঞ্চালক যন্ত্র [heart] । বি। তৎসম। হৃৎ + পিণ্ড [পিণ্ড্ + অ]। ৬৷১, যা হৃৎ, তাই পিণ্ড = কর্মধা। ৩৷২ বানান: হ্ + ঋ + ৎ + প্ + ই + ণ্ + ড্ + অ। বি.দ্র.: হ্ + ঋ = হৃ, ড-এর আগে 'ণ' হয়েছে 'ৎ' অপরিবর্তিত আছে। 'প'-এর সঙ্গে সন্ধি হয়নি।

হৃৎ-স্পন্দন: হৃৎপিণ্ডের সংকোচন ও প্রসারণ। বি। তৎসম। হৃৎ + স্পন্দন [স্পন্দ্ + অন]। ৬৷১ হৃদয়ের স্পন্দন = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: হ্ + ঋ + ৎ + স্ + প্ + অ + ন্ + দ্ + অ + ন্ + অ। বি.দ্র.: হ্ + ঋ = হৃ, স্ + প্ + অ = স্প, ন্ + দ্ + অ = ন্দ।

হৃদ্যন্ত্র: বুকের স্পন্দনশীল রক্ত-সঞ্চালক যন্ত্র [heart] । বি। তৎসম। হৃৎ + যন্ত্র [যন্ত্র্ + অ]। ৬৷১ [সন্ধি] ৎ + য = দয। ২৷৩৷১ যা হৃৎ তাই যন্ত্র = কর্মধা। ৩৷২ বানান: হ্ + ঋ + দ্ + য্ + অ + ন্ + ত্ + র্ + অ। বি.দ্র.: হ্ + ঋ = হৃ, ন্ + ত্ + র্ + অ = ন্ত্র।

হৃদ্রোগ: বুকের হৃদ্-যন্ত্রের ব্যাধি। বি। তৎসম। হৃৎ + রোগ [রুজ্ + অ]। ৬৷১ [সন্ধি] ৎ + রো = দ্রো। ২৷৩৷১ হৃদয়ের রোগ = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান: হ্ + ঋ + দ্ + র্ + ও + গ্ + অ।

হৃদয়: অন্তঃকরণ। বি। তৎসম। হৃৎ + অয় [ই + অ]। ৬৷১ [সন্ধি] ৎ + অ = দ। ২৷৩৷১ বানান: হ্ + ঋ + দ্ + অ + য্ + অ। বি.দ্র.: হ্ + ঋ = হৃ।

হৃদয়গত: মনোগত। বিণ। তৎসম। হৃদয় ['হৃদয়' দ্রষ্টব্য] + গত [গম্ + ত]। ৬৷১ হৃদয়কে গত = কর্মতৎ। ৩৷২ বানান: হ্ + ঋ + দ্ + অ + য্ + অ + গ্ + অ + ত্ + অ। বি.দ্র.: হ্ + ঋ = হৃ।

হৃদয়গ্রাহী: মনোগ্রাহী। বিণ। তৎসম। হৃদয় ['হৃদয়' দ্রষ্টব্য] + গ্রাহী [গ্রহ্ + ইন্ (ঈ)]। ৬৷১ হৃদয়কে গ্রহণ করে যা = উপপদতৎ। ৩৷৩ বানান: হ্ + ঋ + দ্ + অ + য্ + অ + গ্ + র্ + আ + হ্ + ঈ। বি.দ্র.: হ্ + ঋ = হৃ। গ্ + র্ + অ = গ্রা। হ্ + ঈ = হী।

হৃদয়ঙ্গম: বোধগম্য। বিণ। তৎসম। হৃদয়ম্ ['হৃদয়' দ্রষ্টব্য] + গম [গম্ + অ]। ৬৷১ [সন্ধি] ম্ + গ = ঙ্ + গ = ঙ্গ। হৃদয়ে গমন করে যা = উপপদতৎ। ৩৷৩ বানান: হ্ + ঋ + দ্ + অ + য্ + অ + ঙ্ + গ্ + অ + ম্ + অ। বি.দ্র.: ঙ্ + গ্ + অ = ঙ্গ।

হৃদয়জ: হৃদয়-জাত। বিণ। তৎসম। হৃদয় ['হৃদয়' দ্রষ্টব্য] + জ [জন্ + অ]। ৬৷১ হৃদয় থেকে জন্মে যা = উপপদতৎ। ৩৷৩ বানান: হ্ + ঋ + দ্ + অ + য্ + অ + জ্ + অ।

হৃদয়বল্লভ: প্রাণপ্রিয়। বিণ, বি। তৎসম। হৃদয় ['হৃদয়' দ্রষ্টব্য] + বল্লভ [বল্ল্ + অভ]। ৬৷১ হৃদয়ের বল্লভ [প্রিয়] = সম্বন্ধতৎ। ৩৷৩ বানান:

হ্ + ঋ + দ্ + অ + য়্ + অ + ব্ + অ + ল্ + ল্ + অ + ভ্ + অ।

হৃদয়-বল্লভা : প্রাণপ্রিয়া। বিণ, বি। তৎসম। হৃদয় ['হৃদয়' দ্রষ্টব্য] + বল্লভা [বল্ল্ + অভ + আ (স্ত্রী)]। ৬।১, ৭।১।ক হৃদয়ের বল্লভা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + ঋ + দ্ + অ + য়্ + অ + ব + অ + ল্ + ল্ + অ + ভ্ + আ।

হৃদয়বান : উদারহৃদয়। বিণ। তৎসম। হৃদয় ['হৃদয়' দ্রষ্টব্য] + বান্ [বৎ (বতুপ্)]। ৬।২ বানান : হ্ + ঋ + দ্ + অ + য়্ + অ + ব্ + আ + ন্। বি.দ্র. : আধুনিক বাংলায় শব্দান্তের 'ন' হসন্ত-বর্জিত।

হৃদয়-বিদারক : মর্মভেদী। বিণ। তৎসম। হৃদয় ['হৃদয়' দ্রষ্টব্য] + বিদারক [বি + দৃ + অক]। ৬।১ হৃদয়কে বিদীর্ণ করে যা = উপপদতৎ। ৩।৩ বানান : হ্ + ঋ + দ্ + অ + য়্ + অ + ব্ + ই + দ্ + আ + র্ + অ + ক্ + অ।

হৃদয়বৃত্তি : চিত্তবৃত্তি। বি। তৎসম। হৃদয় ['হৃদয়' দ্রষ্টব্য] + বৃত্তি [বৃৎ + তি]। ৬।১ হৃদয়ের বৃত্তি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + ঋ + দ্ + অ + য়্ + অ + ব্ + ঋ + ত্ + ত্ + ই। বি.দ্র. : ব্ + ঋ = বৃ, ত্ + ত্ + ই = ত্তি।

হৃদয়-বেদনা : মর্মযন্ত্রণা। বি। তৎসম। হৃদয় ['হৃদয়' দ্রষ্টব্য] + বেদনা [বিদ্ + অন + আ]। ৬।১ হৃদয়ের বেদনা = সম্বন্ধপদ। ৩।৩ বানান : হ্ + ঋ + দ্ + অ + য়্ + অ + ব্ + এ + দ্ + অ + ন্ + আ।

হৃদয়-ব্যথা : মর্মযন্ত্রণা। বি। তৎসম। হৃদয় ['হৃদয়' দ্রষ্টব্য] + ব্যথা [ব্যথ্ + অ + আ]। ৬।১ হৃদয়ের ব্যথা = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + ঋ + দ্ + অ + য়্ + অ + ব্ + য্ + অ + থ্ + আ। বি.দ্র. : ব্ + য্ + অ = ব্য।

হৃদয়ভেদী : মর্মান্তিক। বিণ। তৎসম। হৃদয় ['হৃদয়' দ্রষ্টব্য] + ভেদী [ভিদ্ + ইন্ (ঈ)]। ৬।১ হৃদয়কে ভেদ করে যা = উপপদতৎ। ৩।৩ বানান : হ্ + ঋ + দ্ + অ + য়্ + অ + ভ্ + এ + দ্ + ঈ। বি.দ্র. : শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

হৃদয়শূন্য : নির্দয়। বিণ। তৎসম। হৃদয় ['হৃদয়' দ্রষ্টব্য] + শূন্য [সু (=শু) + উন + য।৬।১ হৃদয় [অনুভূতি] দ্বারা শূন্য = করণতৎ। ৩।৩ বানান : হ্ + ঋ + দ্ + অ + য়্ + অ + শ্ + ঊ + ন্ + য্ + অ। বি.দ্র. : শ্ + ঊ = শূ, ন্ + য্ + অ = ন্য।

হৃদয়হীন : নির্দয়। বিণ। তৎসম। হৃদয় ['হৃদয়' দ্রষ্টব্য] + হীন [হা + ত]। ৬।১ হৃদয় [অনুভূতি] দ্বারা হীন = করণতৎ। ৩।৩ বানান : হ্ + ঋ + দ্ + অ + য়্ + অ + হ্ + ঈ + ন্ + অ।

হৃদয়াবেগ : চিত্তের ভাবাবেগ। বি। তৎসম। হৃদয় ['হৃদয়' দ্রষ্টব্য] + আবেগ [আ + বিজ্ + অ]। ৬।১ [সন্ধি] অ + আ = আ [য়া]। ২।১।খ হৃদয়ের আবেগ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + ঋ + দ্ + অ + য়্ + আ + ব্ + এ + গ্ + অ।

হৃদ্য : আন্তরিকতাপূর্ণ। বিণ। তৎসম। হৃদ্ + য [য্য]। ৬।২ বানান : হ্ + ঋ + দ্ + য্ + অ। বি.দ্র. : হ্ + ঋ = হৃ, দ্ + য্ + অ = দ্য।

হৃদ্যতা : সৌহার্দ্য। বি। তৎসম। হৃদ্য ['হৃদ্য' দ্রষ্টব্য]

+ তা। ৬।২ বানান : হ্ + ঋ + দ্ + য্ + অ + ত + আ। বি.দ্র. : দ্ + য্ + অ = দ্য।

হৃষীকেশ : বিষ্ণু। বি। তৎসম। হৃষীক [ইন্দ্রিয়] + ঈশ [ঈশ্ + অ]।৬।১ [সন্ধি] অ + ঈ = এ [কে]। ২।৪।খ হৃষীকের [ইন্দ্রিয়সমূহের] ঈশ = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + ঋ + ষ্ + ঈ + ক্ + এ + শ্ + অ। বি.দ্র. : ষ্ + ঈ = ষী।

হৃষ্ট : প্রীত। বিণ। তৎসম। হৃষ্ + ত। ৬।১ বানান : হ্ + ঋ + ষ্ + ট্ + অ। বি.দ্র. : 'ঋ'-র পর এবং 'ট'-এর আগে 'ষ' হয়েছে। ৪।২।ঙ ষ্ + ট্ + অ = ষ্ট।

হৃষ্টচিত্ত : খোশমেজাজ। বিণ। তৎসম। হৃষ্ট ['হৃষ্ট' দ্রষ্টব্য] চিত্ত [চিত্ + ত]। ৬।১ হৃষ্ট চিত্ত যার = বহুব্রী ৩।৫ বানান : হ্ + ঋ + ষ্ + ট্ + অ + চ্ + ই + ত্ + ত্ + অ। বি.দ্র. : ষ্ + ট্ + অ = ষ্ট, ষ্ + ত = ষ্ট [সন্ধি]। ২।২৪

হৃষ্টপুষ্ট : প্রফুল্ল ও মোটাসোটা। বিণ। তৎসম। ['হৃষ্ট' দ্রষ্টব্য] + পুষ্ট [পুষ্ + ত]। ৬।১ [সন্ধি] ষ্ + ত = ষ্ট। ২।২৪ হৃষ্ট ও পুষ্ট = দ্বন্দ্ব। ৩।৪ বানান : হ্ + ঋ + ষ্ + ট্ + অ + প্ + উ + ষ্ + ট্ + অ। বি.দ্র. : ষ্ + ট্ + অ = ষ্ট।

হৃষ্টা : প্রসন্না। বিণ। তৎসম। হৃষ্ট ['হৃষ্ট' দ্রষ্টব্য] + আ [স্ত্রী]। ৭।১।ক বানান : হ্ + ঋ + ষ্ + ট্ + আ। বি.দ্র. : ষ্ + ট্ + আ = ষ্টা।

হে : সম্বোধনসূচক অব্যয়। অব্য। তৎসম। বানান : হ্ + এ।

হেঁইও, হেঁইয়ো : ভারী জিনিস তোলবার ঠেলবার বা টানবার সময়ে উচ্চারিত আওয়াজ। অব্য। দেশী। বানান : হ্ঁ + এ + ই + ও, য্ + ও। বি.দ্র. : হ্ঁ + এ = হেঁ, য্ + ও = য়ো।

হেঁচকা : হঠাৎ সজোরে টান। বি। দেশী। বানান : হ্ঁ + এ + চ্ + ক্ + আ। বি.দ্র. : হ্ঁ + এ = হেঁ। শব্দ-মধ্যের 'চ' হসন্ত-বর্জিত।

হেঁচকি : হিক্কা। বি। দেশী। হ্ঁ + এ + চ্ + ক্ + ই। বি.দ্র. : হ্ঁ + এ = হেঁ। শব্দ-মধ্যের 'চ' হসন্ত-বর্জিত।

হেঁচড়া, হেঁচড়ান, হেঁচড়ানো : জোর করে ঘষ্‌টিয়ে টানা। ক্রি। তদ্ভব। 'হিঁচড়া' 'হিঁচড়ান', 'হিঁচড়ানো' দ্রষ্টব্য। বানান : হঁ + এ + চ্ + ড্ + আ, + ন্ + অ [ও]। বি.দ্র. : হ্ঁ + এ = হেঁ, শব্দ-মধ্যের 'চ' হসন্ত-বর্জিত।

হেঁজিপেঁজি : নগণ্য। বিণ। দেশী। বানান : হ্ঁ + এ + জ্ + ই + পঁ + এ + জ্ + ই। হ্ঁ + এ= হেঁ, জ্ + ই = জি, পঁ + এ = পেঁ।

হেঁট : অবনত। বিণ। তদ্ভব। <প্রা, হেট্‌ঠা <সং. অধস্তাৎ। বানান : হ্ঁ + এ + ট্ + অ।

হেঁড়ে, হেঁড়েল : হাঁড়ির মতো আকার-বিশিষ্ট। বিণ। তদ্ভব। <হাঁড়ি + এ, এল। ৬।৩ বানান : হ্ঁ + এ + ড্ + এ, + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হেঁতাল : হিন্তাল। বি। তদ্ভব। <সং. হীন্তাল। বানান : হ্ঁ + এ + ত্ + আ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হেঁয়ালি : ধাঁধা। বি। তদ্ভব। <সং. প্রহেলিকা। বানান : হ্ঁ + এ + য্ + আ + ল্ + ই।

হেঁশেল, হেঁসেল : রান্নাঘর। বি। তদ্ভব। <বাং. হাঁড়ি + শাল। বানান : হ্ঁ + এ + শ্, স্ + এ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হেঁসে, হেঁসো : কাস্তের মতো অস্ত্র। বি। তদ্ভব। <বাং. হাঁসিয়া, হাঁসুয়া [হাঁস + ইয়া >এ, উয়া

>ও। বানান : হুঁ + এ + স্ + এ, হুঁ + এ + স্ + ও।

হেড : মাথা, প্রধান। বি। বিদেশী। <ইং. head. বাংলা বানান : হ্ + এ + ড্। বি.দ্র. : শব্দান্তের 'ড' হসন্ত-বর্জিত।

হেডবাবু : অফিসের প্রধান কেরানী। বি। বিদেশী। হেড ['হেড' দ্রষ্টব্য] + বাবু [ফা. 'বাবু' দ্রষ্টব্য]। বানান : হ্ + এ + ড্ + ব্ + আ + ব্ + উ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ড' হসন্ত-বর্জিত।

হেতু : কারণ। বি। তৎসম। হি [কার্যে রূপলাভ করা] + তু। ৬।১ বানান : হ্ + এ + ত্ + উ।

হেতুবাদ : কার্যকারণ-নির্ণায়ক যুক্তিবাদ। বি। তৎসম। হেতু ['হেতু' দ্রষ্টব্য] + বাদ [বদ্ + অ]। ৬।১ হেতু-বিষয়ক বাদ [উক্তি]। মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + এ + ত্ + উ + ব্ + আ + দ্ + অ।

হেতুশাস্ত্র : তর্কশাস্ত্র। বি। তৎসম। হেতু ['হেতু' দ্রষ্টব্য] + শাস্ত্র [শাস্ + ত্র]। ৬।১ হেতু-বিষয়ক শাস্ত্র = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + এ + ত্ + উ + শ্ + আ + স্ + ত্ + র্ + অ। বি.দ্র. : স্ + ত্ + র্ + অ = স্ত্র।

হেত্বাভাস : আপাতদৃষ্টিতে সমর্থনযোগ্য, কিন্তু প্রকৃতপক্ষে, তা নয়। বি। তৎসম। হেতু ['হেতু' দ্রষ্টব্য] + আভাস [আ + ভাস্ + অ]। ৬।১ [সন্ধি] উ + আ = বা [ত্বা]। ২।৮।খ হেতুর আভাস = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + এ + ত্ + ব্ + আ + ভ্ + আ + স্ + অ। বি.দ্র. : ত্ + ব্ + আ = ত্বা।

হেথা, হেথায় : এখানে [প্রা. এথ<সং. অত্র]। ক্রি-বিণ। তদ্ভব। <পালি এথ <সং. অত্র। বানান : হ্ + এ + থ্ + আ, য্ + অ।

হেদা, হেদান, হেদানো : দৈহিক বা মানসিক কষ্টের কারণে কাতর হওয়া। ক্রি। তদ্ভব। হেদ্ [<সং. খেদ] + বাং. আ, আন, আনো।

হেদে, হ্যাদে : ওগো। অব্য। দেশী। হেদে >হ্যাদে, বানান : হ্ + এ + দ্ + এ, হ্ + য্ + আ + দ্ + এ। বি. দ্র : হ্ + য্ + আ = হ্যা।

হেন : এমন। বিণ। তদ্ভব। <এন <সং. অনেন। বানান : হ্ + এ + ন্ + অ।

হেনস্তা, হেনস্থা : নাকাল অবস্থা। বি। তদ্ভব। <সং. হীনাবস্থা। বানান : হ্ + এ + ন্ + অ + স্ + থ্ + আ। বি.দ্র. : স্ + থ্ + আ = স্থা।

হেনা : মেহেদি। বি। বিদেশী। <আ. হিনা। বাংলা বানান : হ্ + এ + ন্ + আ।

হেপা : ঝুঁকি। বি। বিদেশী। <আ. হিফা। বাংলা বানান : হ্ + এ + প্ + আ।

হেপাজত, হেফাজত : দায়িত্ব। বি। বিদেশী। <আ. হিফাজৎ। বাংলা বানান : হ্ + এ + প্, ফ্ + আ + জ্ + অ + ত্। বি.দ্র. : শব্দান্তের 'ত' হসন্ত-বর্জিত।

হেম : সোনা। বি। তৎসম। হি + মন্।৬।২ বানান : হ্ + এ + ম্ + অ।

হেমকূট : সুমেরু পর্বত। বি।তৎসম। হেম ['হেম' দ্রষ্টব্য] + কূট [কূট্ + অ]। ৬। ১ হিমময় কূট [গিরিচূড়া] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + এ + ম্ + অ + ক্ + ঊ + ট্ + অ। বি.দ্র : ক্ + ঊ= কূ।

হেমন্ত : হিমঋতু।বি। তৎসম। হন্ + অন্ত। বানান : হ্ + এ + ম্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + অ = ন্ত।

হেমাঙ্গ : স্বর্ণের কান্তিযুক্ত। বিন। তৎসম। হেম ['হেম' দ্রষ্টব্য] + অঙ্গ [অঙ্গ + অ]।৬।১ [সন্ধি] অ + অ = আ [মা]। ২। ১। ক হিমময় অঙ্গ= মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + এ + ম্ + আ + ঙ্ + গ্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ = ঙ্গ।

হেমাঙ্গিনী : স্বর্ণকান্তিযুক্তা। বিণ। তৎসম। হেমাঙ্গ [হেমাঙ্গ' দ্রষ্টব্য] + ইন্ + ঈ [স্ত্রী]। ৬।১ চ বানান : হ্ + এ + ম্ + আ + ঙ্ + গ্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : ঙ্ + গ্ + ই = ঙ্গি, ন্ + ঈ = নী। শব্দটি ইন্ + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে ঈ।

হেমাঙ্গী : স্বর্ণকান্তিযুক্তা। বিণ। তৎসম। হেমাঙ্গ ['হেমাঙ্গ' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : হ্ + এ + ম্ + আ + ঙ্ + গ্ + ঈ। বি.দ্র. : ঙ্ + গ্ + ঈ = ঙ্গী।

হেমাদ্রি : সুমেরু পর্বত। বি। তৎসম। হেম + অদ্রি [অদ্ + রি]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [মা]। ২।১।ক হেমময় অদ্রি [পর্বত] = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + এ + ম্ + আ + দ্ + র্ + ই। বি.দ্র. : দ্ + র + ই = দ্রি।

হেয় : অবজ্ঞার যোগ্য। বিণ। তৎসম। হা [অবজ্ঞা করা] + য [যৎ]। ৬।১ বানান : হ্ + এ + য় + অ।

হেরফের : পরিবর্তন। বি। বিদেশী। <হি. হের্‌ফের। বাংলা বানান : হ্ + এ + র্ + ফ্ + এ + র্। বি.দ্র. : শব্দ-মধ্যের এবং শব্দান্তের 'র' হসন্ত-বর্জিত।

হেরম্ব : গণেশ। বি। তৎসম। হে [শিব-সন্নিকটে] + রম্ব [অবস্থানকারী]। উপপদতৎ। ৩।৩ বানান : হ্ + এ + র্ + অ + ম্ + ব্ + অ। বি.দ্র. : ম্ + ব্ + অ = ম্ব।

হেলন : হেলে পড়া। বি। তৎসম। হেড্ [তির্যগ্‌ভাবে আশ্রয় গ্রহণ করা] + অন। ৬।১ বানান : হ্ + এ + ল্ + অ + ন্ + অ।

হেলা : অবজ্ঞা। বি। তৎসম। হেড্ [অবজ্ঞা করা] + অ + আ। ৬।১ বানান : হ্ + এ + ল্ + আ।

হেলা : হেলে-পড়া, একপাশে নত হওয়া। ক্রি। বিদেশী। < হি. হেল + আ। ৬।১ বানান : হ্ + এ + ল্ + আ।

হেলান, হেলানো : ঝোঁকানো। ক্রি। বিদেশী। হেলা <হি. হিল্‌না + বাং. আন, আনো।

হেলাফেলা : তুচ্ছ-তাচ্ছল্য। বি। মিশ্র [তৎসম + বিদেশী]। হেলা [<সং. হেড্ + অ + আ] + ফেলা [<হি. ফেকা]। হেলা ও ফেলা = দ্বন্দ্ব। ৩।৪ বানান : হ্ + এ + ল্ + আ + ফ্ + এ + ল্ + আ।

হেলে : নির্বিষ এক প্রকার সাপ। বি। দেশী। বানান : হ্ + এ + ল্ + এ।

হেলে : চাষী। বি। তদ্ভব। সং. হাল + বাং. ইয়া>এ [হেলে <হালিয়া]। বানান : হ্ + এ + ল্ + এ।

হেলেঞ্চা, হিঞ্চা : তিক্তস্বাদ জলজ শাক। বি। তদ্ভব। <সং. হিলমোচিকা। বানান : হ্ + এ + ল্ + এ + ঞ্ + চ্ + আ, হ্ + ই + ঞ্ + চ্ + আ। বি.দ্র. : ঞ্ + চ্ + আ = ঞ্চা।

হেস্তনেস্ত : শেষ নিষ্পত্তি। বি। বিদেশী। <ফা. হস্ত-নীস্ত্‌। বাংলা বানান : হ্ + এ + স্ + ত্ + অ + ন্ + এ + স্ + ত + অ। বি.দ্র. : স্ + ত্ + অ = স্ত।

হৈচৈ : তুমুল গোলমাল। বি। দেশী। বানান : হ্ + ঐ + চ্ + ঐ।

হৈম : স্বর্ণময়। [সং. হেমন্ + অ] বিণ। তৎসম। হেমন্ + অ—'ন' লুপ্ত। ৬।২ বানান : হ্ + ঐ + ম্ + অ।

হৈম : হিম-সম্পর্কিত। বিণ। তৎসম। হিম + অ। ৬।২ বানান : হ্ + ঐ + ম্ + অ।

হৈমন্ত : হেমন্তকালীন। বিণ। তৎসম। হেমন্ত ['হেমন্ত' দ্রষ্টব্য] + অ। ৬।২ বানান : হ্ + ঐ + ম্ + অ + ন্ + ত্ + অ। বি.দ্র. : ন্ + ত্ + অ = ন্ত।

হৈমন্তিক : হেমন্তকালীন [সং. হেমন্ত + ইক] বিণ। তৎসম। হেমন্ত ['হেমন্ত' দ্রষ্টব্য] + ইক। ৬।২ বানান : হ্ + ঐ + ম্ + অ + ন্ + ত্ + ই + ক্ + অ।

হৈমবতী : পার্বতী। বি। তৎসম। হিমবৎ + অ + ঈ [স্ত্রী]। ৬।২, ৭।১।ঝ বানান : হ্ + ঐ + ম্ + অ + ব্ + অ + ত্ + ঈ।

হৈয়ঙ্গবীন : পূর্বদিনের দুগ্ধে জাত ঘৃত। বি। তৎসম। হৈয়ঙ্গব [হিয়ঙ্গু + অ] + ঈন। ৬।২ বানান : হ্ + ঐ + য্ + অ + ঙ্ + গ্ + অ + ব্ + ঈ + ন্ + অ। বি.দ্র. : ঙ্ + গ্ + অ = ঙ্গ।

হৈহয় : প্রাচীন দেশ বা জাতি। বি। তৎসম। বানান : হ্ + ঐ + হ্ + অ + য্ + অ। বি.দ্র. : হ্ + ঐ = হৈ।

হৈহৈ : তুমুল গোলমাল। বি। দেশী। বানান : হ্ + ঐ + হ্ + ঐ। বি.দ্র. : হ্ + ঐ = হৈ।

হোঁচট : চলার সময় হঠাৎ কিছুতে পায়ে ঠোক্কর লাগা। বি। তদ্ভব। <সং. উচ্চাটন। বানান : হঁ + ও + চ্ + অ + ট্ + অ।

হোঁতকা, হোঁৎকা : বিশ্রীভাবে মোটা। বিণ। দেশী। বানান : হঁ + ও + ত্ [ৎ] + ক্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ত' হসন্ত-বর্জিত।

হোঁদড় : গো-বাঘা, গো-খাদক বাঘ। বি। দেশী। বানান : হঁ + ও + দ্ + অ + ড়্। বি.দ্র. : শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

হোঁদল : নাদাপেটা। বি। দেশী। বানান : হঁ + ও + দ্ + অ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হোঁদল-কুতকুত, হোঁদল-কুৎকুৎ : পেটমোটা ও ঘোর কৃষ্ণবর্ণ ব্যক্তি। বি। দেশী। বানান : হঁ + ও + দ্ + অ + ল্ + ক্ + উ + ত্ [ৎ] + ক্ + উ + ত্ [ৎ]। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ক' এবং শব্দান্তের 'ল' ও 'ত' হসন্ত-বর্জিত।

হোগলা : জলাভূমিতে জাত লম্বা ঈষৎ-ত্রি-কোণাকার ও চেপটা উদ্ভিদ। বি। দেশী। বানান : হ্ + ও + গ্ + ল্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যে 'গ' হসন্ত-বর্জিত।

হোটেল : পান-ভোজনশালা। বি। বিদেশী। <ইং. hotel. বাংলা বানান : হ্ + ও + ট্ + এ + ল্। বি.দ্র. : শব্দান্তের 'ল' হসন্ত-বর্জিত।

হোটেলওয়ালা : হোটেলের মালিক বি। বিদেশী। হোটেল [<ইং হোটেল] + ওয়ালা [<হি. বালা]। বাংলা বানান : হ্ + ও + ট্ + এ + ল্ + ও + য্ + আ + ল্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ল' হসন্ত-বর্জিত।

হোটেলওয়ালী : হোটেলের মালিকান। বি। বিদেশী। হোটেলওয়ালা ['হোটেলওয়ালা' দ্রষ্টব্য] + ঈ [স্ত্রী]। ৭।১।গ বানান : হ্ + ও + ট্ + এ + ল্ + ও + য্ + আ + ল্ + ঈ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ল' হসন্ত-বর্জিত।

হোড় : পাঁক। বি। দেশী। বানান : হ্ + ও + ড়্। বি.দ্র. : শব্দান্তের 'ড়' হসন্ত-বর্জিত।

হোতা : যজ্ঞকারী। বি, বিণ। তৎসম। হু [হোম বা আহুতি করা] + তা [তৃ (তৃচ্)]। ৬।১ বানান : হ্ + ও + ত্ + আ।

হোত্র : হোম। বি। তৎসম। হু [হোম বা আহুতি করা] + ত্র। ৬।১ বানান : হ্ + ও + ত্ + র্ + অ। বি.দ্র. : ত্ + র্ + অ = ত্র।

হোত্রী : হোমকর্তা, যজ্ঞকারিণী। বি। বিণ। তৎসম। হোতা ['হোতা' দ্রষ্টব্য] + ঈ। ৭।১।ছ বানান : হ্ + ও + ত্ + র্ + ঈ। বি.দ্র. : ত্ + র্ + ঈ = ত্রী।

হোত্রীয় : হোম-সম্পর্কিত। বিণ। তৎসম। হোত্র ['হোত্র' দ্রষ্টব্য] + ঈয়। ৬।২ বানান : হ্ + ও + ত্ + র্ + ঈ + য্ + অ। বি.দ্র. : ত্ + র্ + ঈ = ত্রী।

হোথা, হোথায় : ওখানে। ক্রি-বিণ। তদ্ভব। ওই

>ও ['হ' আগম] + ধা [স্থান] + য় [অধিকরণ]। বানান : হ্ + ও + থ্ + আ + য্ + অ।

হোম : যজ্ঞাগ্নিতে দেবতার উদ্দেশে মন্ত্র উচ্চারণ-পূর্বক ঘৃতাহুতি। বি। তৎসম। হু [হোম বা আহুতি করা] + ম্। ৬।১ বানান : হ্ + ও + ম্ + অ।

হোমকুণ্ড : যজ্ঞাগ্নি প্রজ্বালনের জন্যে গর্ত বা পাত্র। বি। তৎসম। হোম ['হোম' দ্রষ্টব্য] + কুণ্ড [কুণ্ + অ]। ৬।১ হোমের নিমিত্ত কুণ্ড = মধ্যপ-কর্মধা। ৩।২ বানান : হ্ + ও + ম্ + অ + ক্ + উ + ণ্ + ড্ + অ। বি.দ্র. : 'ড' এর আগে 'ণ' হয়েছে। ৪।১।ক

হোমাগ্নি : যজ্ঞের আগুন। বি। তৎসম। হোম ['হোম' দ্রষ্টব্য] + অগ্নি [অগ্নি দ্রষ্টব্য]। [সন্ধি] অ + অ = আ [া]। ২।১।ক হোমের অগ্নি = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + ও + ম্ + আ + গ্ + ন্ + ই। বি.দ্র. : গ্ + ন্ + ই = গ্নি।

হোমানল : যজ্ঞের আগুন। বি। তৎসম। হোম ['হোম' দ্রষ্টব্য] + অনল [অন্ + অল]। ৬।১ [সন্ধি] অ + অ = আ [া]। ২।১।ক হোমের অনল [অগ্নি] = সম্বন্ধতৎ। ৩।৩ বানান : হ্ + ও + ম্ + আ + ন্ + অ + ল্ + অ।

হোমরাচোমরা : সম্ভ্রান্ত ও খ্যাতি-প্রতিপত্তিবান। বিণ। বিদেশী। <আ. আমির উমরাহ্। বানান : হ্ + ও + ম্ + র্ + আ + চ্ + ও + ম্ + র্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যস্থ 'ম' [দু ক্ষেত্রেই] হসন্ত-বর্জিত।

হোমিওপ্যাথি : হানিম্যান-প্রবর্তিত চিকিৎসা পদ্ধতি। বি। বিদেশী। <ইং (homeopathy.) বাংলা বানান : হ্ + ও + ম্ + ই + ও + প্ + য্ + আ + থ্ + ই। বি.দ্র. : প্ + য্ + আ = প্যা।

হোমিওপ্যাথিক : হোমিওপ্যাথি-অনুসারী। বিণ। বিদেশী। <ইং. homeopathic. বাংলা বানান : হ্ + ও + ম্ + ই + ও + প্ + য্ + আ + থ্ + ই + ক্ + অ। বি.দ্র. : প্ + য্ + আ = প্যা।

হোরা : আড়াই দণ্ডকাল। বি। বিদেশী। <গ্রীক hora. বাংলা বানান : হ্ + ও + র্ + আ।

হোলি, হোলী, হোরি : বসন্তোৎসব। বি। তদ্ভব। <সং. হোলিকা। বানান : হ্ + ও + ল্ [র্] + ই + ঈ।

হোহো : অট্টহাসির শব্দ। বি। দেশী। বানান : হ্ + ও + হ্ + ও।

হৌস : সওদাগরী বাণিজ্যে-কুঠি। বি। বিদেশী। <ইং. house. বাংলা বানান হ্ + ঔ + স্। বর্তমানে 'হাউস' [হ্ + আ + উ + স্]। বি.দ্র. : শব্দান্তের 'স' হসন্ত-বর্জিত

হ্যাংলা : কদর্যভাবে লোভী। বিণ। দেশী। বানান : হ্ + য্ + আ + ং + ল্ + আ। বি.দ্র. : হ্ + য্ + আ = হ্যা।

হ্যাংলাপনা, হ্যাংলামি : অশোভন লোলুপতা। বি। দেশী। হ্যাংলা + বাং + পনা, মি। ৬।৩ বানান : হ্ + য্ + আ + ং + ল্ + আ + প্ + অ + ন্ + আ, হ্ + য্ + আ + ং + ল্ + আ + ম্ + ই।

হ্যাঁ : হাঁ-র রূপভেদ। অব্য। বিদেশী। <দ্রাবিড়.অম্ [am]। বাংলা বানান : হ্ঁ + য্ + আ।

হ্যাঁচকা : হঠাৎ সজোরে টান। বি। দেশী। বানান : হ্ঁ + য্ + আ + চ্ + ক্ + আ। বি.দ্র. : শব্দ-মধ্যের 'চ' হসন্ত-বর্জিত।

হ্যাট : সাহেবী টুপি। বি। বিদেশী। <ইং. hat. বাংলা বানান : হ্ + য্ + আ + ট্। বি.দ্র. : শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত।

হ্যান্ডনোট : ঋণস্বীকার পত্র [handnote]। বি। বিদেশী। বাংলা বানান: হ্ + য্ + আ + ন্ + ড্ + ন্ + ও + ট্। বি.দ্র. : শব্দ-মধ্যের 'ড' এবং শব্দান্তের 'ট' হসন্ত-বর্জিত। বিদেশী শব্দে 'ড'-এর আগে 'ন' হয়েছে।

হ্যাদান, হ্যাদানো : ক্লান্তির কারণে কর্মে শিথিলতা। বি। দেশী। বানান: হ্ + য্ + আ + দ্ + আ + ন্ + অ, ও।

হ্যাপা : হেপা, ঝুঁকি। বি। বিদেশী। <আ. হিফা। বাংলা বানান: হ্ + য্ + আ + প্ + আ। বি.দ্র. : হ্ + য্ + আ =হ্যা।

হ্রদ : চারদিকে স্থলবেষ্টিত বৃহৎ স্বাভাবিক জলাশয়। বি। তৎসম। হ্লাদ্ + অ। ৬।১ বানান: হ্ + র্ + অ + দ্ + অ। বি.দ্র. : হ্ + র্ + অ = হ্র।

হ্রস্ব : খাটো, ক্ষুদ্র। বিণ। তৎসম। হ্রস্ + ব। বানান: হ্ + র্ + অ + স্ + ব্ + অ। বি.দ্র. : হ্ + র্ + অ = হ্র, স্ + ব্ + অ = স্ব।

হ্রস্বতা, হ্রস্বত্ব : ক্ষুদ্রতা। বি। তৎসম। হ্রস্ব ['হ্রস্ব' দ্রষ্টব্য] + তা, ত্ব। ৬।২ বানান হ্ + ব্ + অ + স্ + ব্ + অ + ত্ + আ [ত্ + ব্ + অ]। বি.দ্র. : হ্ + র্ + অ = হ্র, স্ + ব্ + অ = স্ব, ত্ + ব্ + অ = ত্ব।

হ্রস্বদীর্ঘজ্ঞান : লঘুগুরুবোধ। বি। তৎসম। হ্রস্ব ['হ্রস্ব' দ্রষ্টব্য] + দীর্ঘ [দৃ + ঘ] + জ্ঞান [জ্ঞা + অন]। ৬।১ হ্রস্ব ও দীর্ঘ = দ্বন্দ্ব। ৩।৪ তার জ্ঞান = সম্বন্ধতৎ। ৩।৩ বানান: হ্ + ব্ + অ+স্ + ব্ + অ + দ্ + ঈ + র্ + ঘ্ + অ + জ্ + ঞ + আ + ন্ + অ।

হ্রাদ : নিনাদ। বি। তৎসম। হ্রাদ্ + অ। ৬।১ বানান: হ্ + র্ + আ + দ্ + অ। বি.দ্র. : হ্ + র্ + আ = হ্রা।

হ্রাদিনী : নিনাদকারিণী। বিণ। তৎসম। হ্রাদ্ + ইন্ + ঈ। ৬।১, ৭।১।চ বানান: হ্ + র্ + আ + দ্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : হ্ + র্ + আ = হ্রা। শব্দটি ইন্ + ঈ = ইনী-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত। 'র' ও 'ন'-এর মধ্যে 'দ' [ত-বর্গ] থাকায় 'ন' 'ণ' হয়নি। ৪।১।গ

হ্রাদী : নিনাদকারী। বিণ। তৎসম। হ্রাদ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান: হ্ + র্ + আ + দ্ + ঈ। বি.দ্র. : হ্ + র্ + আ, দ্ + ঈ = দী। শব্দটি ইন্ [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

হ্রাস : কমতি, লাঘব। বি। তৎসম। হ্রস্ + অ। ৬।১ বানান: হ্ + র্ + আ + স্ + অ। বি.দ্র. : হ্ + র্ + আ = হ্রা।

হ্রী : লজ্জা। বি। তৎসম। বানান: হ্ + র্ + ঈ।

হ্রেষা : ঘোড়ার ডাক। বি। তৎসম। হ্রেষ্ + অ + আ। ৬।১ বানান: হ্ + র্ + এ + ষ্ + আ। বি.দ্র. : 'এ'-র পর 'ষ' হয়েছে। ৪।২।ক হ্ + র্ + এ = হ্রে।

হ্লাদ, হ্লাদন : আহ্লাদ। বি। তৎসম। হ্লাদ্ + অ, অন। ৬।১ বানান: হ্ + ল্ + আ + দ্ + অ, ন্ + অ। বি.দ্র. : হ্ + ল্ + আ = হ্লা।

হ্লাদিত : আহ্লাদিত। বিণ। তৎসম। হ্লাদ্ + ত। ৬।১ বানান: হ্ + ল্ + আ + দ্ + ই + ত্ + অ। বি.দ্র. : হ্ + ল্ + আ = হ্লা।

হ্লাদিনী : আনন্দদায়িনী। বিণ। তৎসম। হ্লাদ্ + ইন্ + ঈ। ৬।১।চ বানান: হ্ + ল্ + আ + দ্ + ই + ন্ + ঈ। বি.দ্র. : হ্ + ল্ + আ = হ্লা। শব্দটি 'ইন্' + ঈ = 'ইনী'-প্রত্যয়ান্ত, তাই আগে 'ই', পরে 'ঈ'।

হ্লাদী : আহ্লাদিত। বিণ। তৎসম। হ্লাদ্ + ইন্ [ঈ]। ৬।১ বানান: হ্ + ল্ + আ + দ্ + ঈ। বি.দ্র. : হ্ + ল্ + আ = হ্লা, দ্ + ঈ = দী। শব্দটি 'ইন্' [ঈ]-প্রত্যয়ান্ত, তাই 'ঈ'-কারান্ত।

অধ্যাপক পি· আচার্য বাংলা
শিক্ষা-জগতের একটি বহু-উচ্চারিত ন
কৃতী ছাত্র ও কৃতী অধ্যাপক এবং বাং
ভাষা ও সাহিত্যের পঠন-পাঠনের ক্ষে
একটি নতুন স্টাইলের পথিকৃৎ অধ্যাপ
পি· আচার্য বিগত তিন দশক ধরে বাং
ভাষাতত্ত্ব ও সাহিত্যচর্চা—এককথায়,
জ্ঞানগর্ভ বাংলা পুস্তক রচনার জগতে
নতুন নতুন চমক সৃষ্টি করে চলেছেন

জন্ম : ১৯৩১ সালে। বাংলা ভাষ
সাহিত্যের অধ্যাপকরূপে ১৯৫৯ সাে
দক্ষিণ কলকাতা সিটি কলেজে যোগদ
অল্পকাল পরেই বিভাগীয় প্রধান। 'রচ
বিচিন্তা', 'প্রবন্ধ বিচিন্তা', 'ভাষা বিচিন্ত
ইত্যাদি বহু বিখ্যাত গ্রন্থের প্রণেতা।
ভাষাবিজ্ঞানের ক্ষেত্রে দীর্ঘকাল অবাধ
বিচরণের ফলে বাংলা ভাষাবিজ্ঞানের
বর্তমানে একজন স্বনামধন্য ব্যক্তিত্ব।